Vol. 81, No. 4

Assembly Proceedings

Official Report

West Bengal Legislative Assembly

(Eighty-First Session)

(Budget Session, 1984)

(From 16th April, 1984 to 27th April, 1984)

(16th, 17th, 18th, 19th, 23rd, 25th, 26th, 27th April, 1984)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SRI ANANTA PRASAD SHARMA

Members of the Council of Ministers

Shri Jyoti Basu, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails, Transport, Civil Defence and Pariamentary Affairs Branches), Finance Department and Department of Development and Planning (Excluding Sundarban Areas Branch, Jhargram Affairs Branch and Rural Development, viz., Integrated Rural Development Programme and National Rural Employment Programme).

Shri Krishna Pada Ghosh, Minister-in-charge of Department of Labour.

Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land and Land Reforms, Department of Panchayat and Community Development and Rural Development, viz., Integrated Rural Development Programme and National Rural Employment Programme in the Department of Development and Planning.

Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department and Housing Department.

Dr. Kanailal Bhattacharya, Minister-in-charge of Department of Commerce and Industries, Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (excluding matters connected with West Bengal Agro-Industries Corporation Limited).

Shri Kanai Bhowmik, Minister-in-charge of Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro-Iudustries Corporation Ltd. in the Department of Public Undertakings.

Shri Debabrata Bondopadhyay, Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Department and Jails Branch of Home Department.

Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Department of Food and Supplies and Relief Branch of Relief and Welfare Department.

Shri Nani Bhattacharya, Minister-in-charge of Department of Irrigation and Waterways.

Shri Kanti Biswas, Minister-in-charge of Primay and Secondary Education Branches of Department of Education.

Shri Nirmal Bose, Minister-in-charge of Department of Co-operation.

Shri Sambhu Charan Ghose, Minister-in-charge of Department of Education (excluding Sports, Primary, Secondary and Social Education, Non-Formal Education and Library Services Branches).

Shri Kamal Kanti Guha, Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation, Small Irrigation and Command Area Development) and Rural Water Supply and sanitation in the Department of Health and Family Welfare.

Dr. Sambhu Nath Mandi, Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department and Jhargram Affairs Branch of Development and Planning Department.

Shri Amritendu Mukherjee, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services and Department of Refugee Relief and Rehabilitation.

Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Department of Environment.

Shri Rabin Mukherjee, Minister-in-chare of Transport Branch of Home Department.

Shri Parimal Mitra, Minister-in-charge of Department of Forests and Department of Tourism.

Shri Provash Chandra Roy, Minister-in-charge of Sundarban Areas Branch of Development and Planning Department.

Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Development, Metropolitian Development Department and Urban Water Supply and Sanitation in the Department of Health and Family Welfare.

Shri Syed Abul Mansur Habibullah, Minister-in-charge of Legislative Department and Judicial Department.

Shri Md. Abdul Bari, Minister-of-State for Primary and Secondary Education under the Minister-in-charge of Primary and Secondary Education.

Shrimati Chhaya Bera, Minister-of-State-in-charge of Social Education, Non-Formal Education and Library Services of Department of Education.

Shri Subhas Chakraborty, Minister-of-State in-charge of Department of Youth Services and Sports Branch of Department of Education and also Dairy Development Branch under the Minister-in-charge of Animal Husbandry and Veterinary Services Department.

Shrimati Nirupama Chattarjee, Minister-of-State-in-charge of Relief Branch of Relief and Welfare Department.

Shri Ram Chatterjee, Minister-of-State-in-charge of Civil Defence Branch of Home Department.

Shri Shibendra Narayan Chowdhury, Minister-of-State for Transport Branch of Home Department under the Minister-in-charge of Transport Branch of Home Department.

Shri Santi Ranjan Ghatak, Minister-of-State for Labour Department Under the Minister-in-charge of Labour Department.

Shri Ram Narayan Goswami, Minister-of-State-in-charge of Public Health and Programme in the Department of Health and Family Welfare.

Shri Dawa Lama, Minister-of-State for Hill Affairs Branch of Development and Planning Department under the Chief Minister and Minister-in-charge of Development and Planning Department (excluding Sunderban Areas Branch and Jhargram Affairs Branch).

Shri Sunil Kumar Majumdar, Minister-of-State for Land and Land Reforms Department under the Minister-in-charge of Land and Land Reforms Department.

Shri Abdul Razzak Mollah, Minister-of-State for Sunderban Areas Branch of Development and Planning Department under the Minister-in-charge of Sunderban Areas Branch of Development and Planning Department.

Dr. Ambarish Mukherjee, Minister-of-State-in-charge of Medical Education, Equipment and Supplies in the Department of Health and Family Welfare.

Shri Bimalananda Mukherjee, Minister-of-State-in-charge of Excise Department.

Shri Kironmoy Nanda, Minister-of-State-in-charge of Department of Fisheries.

Shri Probhas Chandra Phodikar, Minister-of-State-in-charge of Information and Cultural Affairs Department.

Shri Patit Paban Pathak, Minister-of-State-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

Shri Achintya Krishna Ray, Minister-of-State for Food and Supplies Department under the Minister-in-charge of Food and Supplies Department.

Shri Banamali Roy, Minister-of-State for Scheduled Castes and Tribes Welfare Department under the Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department.

Shri Sailen Sarkar, Minister-of-State for Local Government and Urban Development under the Minister-in-charge of Local Government and Urban Development Department.

Shri Prabir Sengupta, Minister-of-State-in-charge of Power Department.

Shri Pralay Talukdar, Minister-of-State-in-charge of Cottage and Small Scale Industries Department.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS AND OFFICIALS

Speaker—Shri Hashim Abdul Halim

Deputy Speaker—Shri Kalimuddin Shams

Secretary—Shri K. N. Mukherjee

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
ALPHABETICAL LIST OF MEMBERS

A

(1) Abdul Quiyom Molla, Shri (119-Diamond Harbour—24-Parganas)
(2) Abdur Razzak Molla, Shri (106-Canning East—24-Parganas)
(3) Abdus Sattar, Shri (55-Lalgola—Murshidabad)
(4) Abedin, Dr. Zainal (34-Itahar—West Dinajpur)
(5) Abdul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
(6) Abdul Mansur Habibullah, Shri Syed (277-Nadanghat—Burdwan)
(7) Abdul Mannan, Shri (194-Arambag—Hooghly)
(8) Abdul Wahed, Shri (42-Harishchandrapur—Malda)
(9) Abdur Rauf Ansari, Shri (145-Bowbazar—Calcutta)
(10) Abdus Sobhan Gazi, Shri (120-Magrahat West—24-Parganas)
(11) Adak, Shri Gourhari (172-Shyampur—Howrah)
(12) Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
(13) Adhikari, Shri Sisir (211-Contai South—Midnapore)
(14) Anwar Ali Sk., Shri (168-Panchla—Howrah)
(15) Atahar Rahaman, Shri (59-Jalangi—Murshidabad)

B

(16) Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)—Burdwan]
(17) Bagdi, Shri Natabar [241-Raghunathpur (S.C.)—Purulia]
(18) Bandyopadhaya, Shri Balai (184-Haripal—Hooghly)
(19) Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)
(20) Banerjee, Dr. Ambica (163-Howrah Central—Howrah)
(21) Banerjee, Shri Amiya Bhusan (96-Hasnabad—24-Parganas)
(22) Banerjee, Shri Madhu (257-Kulti—Burdwan)
(23) Banerjee, Shri Radhika Ranjan (136-Kamarhati—24-Parganas)
(24) Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—24-Parganas)
(25) Barma, Shri Manindra Nath [9-Tufanganj (S.C.)—Cooch Behar]
(26) Barma, Shri Dipendra [31-Raiganj (S.C.)—West Dinajpur]
(27) Basu, Shri Ajit (120-Naihati—24-Parganas)
(28) Basu, Shri Bimal Kanti (5-Cooch Behar West—Cooch Behar)
(29) Basu, Shri Debi Prosad (77-Nabadwip—Nadia)
(30) Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)
(31) Basu, Shri Jyoti (117-Satgachia—24-Parganas)
(32) Basu, Shri Nihar Kumar (131-Jagatdal—24-Parganas)
(33) Basu, Shri Subhas (82-Chakdah—Nadia)
(34) Bauri, Shri Gobinda [240-Para (S.C.)—Purulia]
(35) Bauri, Shri Madan [247-Indpur (S.C.)—Bankura]
(36) Bera, Shrimati, Chhaya (199-Nandanpur—Midnapore)

(37) Bera, Shri Pulin (203-Moyna—Midnapore)
(38) Bhattacharya, Dr. Kanailal (165-Shibpur—Howrah)
(39) Bhattacharya, Shri Lal Behari (250-Barjora—Bankura)
(40) Bhattacharya, Shri Nani (12-Aliporeduar—Jalpaiguri)
(41) Bhattacharyya, Shri Gopal Krishna (135-Panihati—24-Parganas)
(42) Bhattacharyya, Shri Satyapada (68-Bharatpur—Murshidabad)
(43) Bhowmik, Shri Kanai (228-Dantan—Midnapore)
(44) Bhunia, Dr. Manas (216-Sabong—Midnapore)
(45) Biswas, Shri Anisur Rahaman (93-Swarupnagar—24-Parganas)
(46) Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
(47) Biswas, Shri Hazari [53-Sagardighi (S.C.)—Murshidabad]
(48) Biswas, Shri Jayanta Kumar (61-Naoda—Murshidabad)
(49) Biswas, Shri Jnanendra Nath [74-Krishnaganj (S.C.)—Nadia]
(50) Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (S.C.)—24-Parganas]
(51) Biswas, Shri Kanti (86-Gaighata—24-Parganas)
(52) Biswas, Shri Kumud Ranjan [98-Sandeshkhali (S.C.)—24-Parganas]
(53) Biswas, Shri Satish Chandra [80-Ranaght East (S.C.)—Nadia]
(54) Bora, Shri Badan [255-Indas (S.C.) Bankura]
(55) Bose, Shri Biren (25-Siliguri—Siliguri)
(56) Bose, Shri Nirmal Kumar (20-Jalpaiguri—Jalpaiguri)
(57) Bose, Shri Promode Ranjan (49-Kaliachak—Malda)
(58) Bose, Dr. Sisir Kumar (146-Chowringhee—Calcutta)
(59) Bouri, Shri Nabani [249-Gangajalghati (S.C.)—Bankura]

C

(60) Chakrabarty, Shri Ajit Kumar (258-Barabani—Burdwan)
(61) Chakrabarty, Shri Jatin (151-Dhakuria—Calcutta)
(62) Chakraborty, Shri Shyamal (159-Maniktala—Calcutta)
(63) Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
(64) Chakraborti, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
(65) Chakraborti, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
(66) Chandra, Shri Anup Kumar (148-Alipore—Calcutta)
(67) Chattaraj, Shri Suniti (288-Suri—Birbhum)
(68) Chatterjee, Shri Dhirendra Nath (273-Raina—Burdwan)
(69) Chatterjee, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
(70) Chatterjee, Shri Ram (185-Tarkeshwar—Hooghly)
(71) Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)
(72) Chattopadhyay, Shri Dhrubeswar (236-Arsa—Purulia)
(73) Chattopadhyay, Shri Sadhan (75-Krishnagar East—Nadia)
(74) Chattopadhyay, Shri Sailendra Nath (181-Champdani—Hooghly)
(75) Chattopadhyay, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
(76) Chaudhuri, Dr. Kiran (141-Shyampukur—Calcutta)

(77) Choudhury, Shri Biswanath (38-Balurghat—West Dinajpur)
(78) Choudhury, Shri Gunadhar (254-Kotulpur—Bankura)
(79) Chowdhury, Shri Abdul Karim (28-Islampur—West Dinajpur)
(80) Chowdhury, Shri Benoy Krishna (271-Burdwan South—Burdwan)
(81) Chowdhury, Shri Bikash (262-Jamuria—Burdwan)
(82) Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)

D

(83) Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (S. C.)—Cooch Behar]
(84) Das, Shri Banamali [283-Nanur (S. C.)—Birbhum]
(85) Das, Shri Jagadish Chandra (128-Bijpore—24-Parganas)
(86) Das, Shri Nemai Chandra (118-Falta—24-Parganas)
(87) Das Mahapatra, Shri Kamakshyanandan (215-Pataspur—Midnapore)
(88) Daud Khan, Shri (107-Bhangar—24-Parganas)
(89) De, Shri Bibhuti Bhusan (227-Narayangarh—Midnapore)
(90) De, Shri Sunil (230-Gopiballavpur—Midnapore)
(91) Deb, Shri Saral (90-Barasat—24-Parganas)
(92) Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)

F

(93) Fazle Azim Molla, Shri (114-Garden Reach—24-Parganas)

G

(94) Ghatak, Shri Santi Ranjan (138-Dum-Dum—24-Parganas)
(95) Ghosh, Shri Sambhu Charan (186-Chinsurah—Hooghly)
(96) Ghosh, Shri Asok (162-Howrah North—Howrah)
(97) Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
(98) Ghosh, Shri Debsaran (72-Kaliganj—Nadia)
(99) Ghosh, Shri Kamakhya (223-Midnapore—Midnapore)
(100) Ghosh, Shri Krishna Pada (155-Beliaghata—Calcutta)
(101) Ghosh, Shri Malin (178-Chanditala—Hooghly)
(102) Ghosh, Shri Prafulla Kanti (140-Cossipur—Calcutta)
(103) Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)
(104) Goppi, Shrimoti Aparajita (4-Cooch Behar North—Cooch Behar)
(105) Goswami, Shri Arun Kumar (180-Serampore—Hooghly)
(106) Goswami, Shri Ram Narayan (270-Burdwan Nortn—Burdwan)
(107) Goswami, Shri Subhas (248-Chhatna—Bankura)
(108) Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
(109) Gupta, Shri Jyotsna Kumar (284-Bolpur—Birbhum)
(110) Gupta, Shri Sitaram (130-Bhatpara—24-Parganas)
(111) Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)

H

(112) Habib Mustafa, Shri (44-Araidanga—Malda)
(113) Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)
(114) Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (S. C.)—Hooghly]
(115) Haldar, Shri Krishnadhan [124-Kulpi (S.C.)—24-Parganas]
(116) Hasim Abdul Halim, Shri (89-Amdanga—24-Parganas)
(117) Hazra, Shri Haran [169-Sankrail (S.C.)—Howrah]
(118) Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
(119) Hira, Shri Sumanta Kumar [154-Taltola (S.C).—Calcutta]
(120) Humayoun Chowdhury, Shri (84-Sujapur—Malda)

J

(121) Jana, Shri Haripada (217-Pingla—Midnapore)
(122) Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hoogoly)

K

(123) Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
(124) Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
(125) Kar, Shri Nani (88-Ashokenagar—24-Parganas)
(126) Kazi Hafizur Rahman, Shri (56-Bhagabangola—Murshidabad)
(127) Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
(128) Khan, Shri Sukhendu [256-Sonamukhi (S.C.)—Bankura]
(129) Kisku, Shri Upendra [245-Raipur (S.T.)—Bankura]
(130) Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
(131) Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
(132) Kujur, Shri Sushil [14-Madarihat (S.T.)—Jalpaiguri]
(133) Kunar, Shri Himansu [219-Keshpur (S.C.)—Midnapore]
(134) Kundu, Shri Gour Chandra (81-Ranaghat West—Nadia)

L

(135) Lama, Shri Dawa (23-Darjeeling—Darjeeling)
(136) Let, Shri Dhirendra [290-Mayureswar (S.C.)—Birbhum]
(137) Lutfal Haque, Shri (51-Aurangabad—Murshidabad)

M

(138) M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
(139) Mahata, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
(140) Mahata, Shri Shanti Ram (238-Jaipur—Purulia)
(141) Mahata, Shri Subhas Chandra (237-Jhalda—Purulia)
(142) Mahbubul Haque, Shri (41-Kharba—Malda)
(143) Maity, Shri Bankim Behari (207-Narghat—Midnapore)
(144) Maity, Shri Gunadhar (125-Patharpratima—24-Parganas)

(145) Maity, Shri Hrishikesh (126-Kakdwip—24-Parganas)
(146) Maity, Shri Mukul Bikash (210-Contai North—Midnapore)
(147) Majee, Shri Surendra Nath [249-Kashipur (S.T.)—Purulia]
(148) Majhi, Shri Dinabandhu [66-Khargram (S.C.)—Murshidabad]
(149) Majhi, Shri Raicharan [282-Ketugram (S.C.)—Burdwan]
(150) Majhi, Shri Sudhngsu Sekhar [233-Bandwan (S.T.)—Purulia]
(151) Maji, Shri Pannalal (176-Udayarayanpur—Howrah)
(152) Maji, Shri Swadesranjan (201-Panskura East—Midnapur)
(153) Mal, Shri Trilochan [292-Hansan (S.C.)—Birbhum]
(154) Malakar, Shri Nanigopal (83-Haringhata—Nadia)
(155) Malik, Shri Purna Chandra [272-Khandaghosh (S.C.)—Burdwan]
(156) Malik, Shri Sreedhar [267-Ausgram (S.C.)—Burdwan]
(157) Malik, Shri Shiba Prasad [195-Goghat (S.C.)—Hooghly]
(158) Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
(159) Mandal, Shri Gopal [197-Ghatal (S.C.)—Midnapore]
(160) Mandal, Shri Jokhilal (47-Manikchak—Malda)
(161) Mandal, Shri Prabhanjan Kumar (127-Sagar—24-Parganas)
(162) Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (S.C.)—24-Parganas]
(163) Mandal, Shri Siddheswar [287-Rajnagar (S.C.)—Birbhum]
(164) Mandal, Shri Sukumar [79-Hanskhali (S.C.)—Nadia]
(165) Mandal, Shri Suvendu (220-Garhbeta East—Midnapur)
(166) Mandi, Shri Rampada [246-Ranibandh (S.T.)—Bankura]
(167) Mandi, Shri Sambhu Nath [232-Binpur (S.T.)—Midnapur)
(168) Majumder, Shri Sunil (285-Labhpur—Birbhum)
(169) Majumdar, Shri Dilip (264-Durgapur-I—Burdwan)
(170) Md. Abdul Bari, Shri (60-Domkal—Murshidabad)
(171) Md. Nizamuddin, Shri (153-Entally—Calcutta)
(172) Minz, Shri Patras [26-Phansidewa (S.T.)—Darjeeling]
(173) Mir Abdus Sayeed, Shri (115-Maheshtala—24-Parganas]
(174) Mir Fakir Mohammad, Shri (71-Nakashipara—Nadia)
(175) Mishra, Shri Abanti (212-Ramnagar—Midnapore)
(176) Misra, Shri Kashinath (251-Bankura—Bankura)
(177) Mitra, Dr. Ashok (108-Jadavpur—24-Parganas)
(178) Mitra, Shri Parimal (19-Kranti—Jalpaiguri)
(179) Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
(180) Mohammad Ramjan Ali, Shri (29-Goalpokhar—West Dinajpur)
(181) Mohanta, Shri Madhabendu (70-Palashipara—Nadia)
(182) Mojumdar, Shri Hemen (104-Baruipur—24 Parganas)
(183) Mondal, Shri Dinabandhu (204-Mahisadal—Midnapore)
(184) Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (S.C.)—24-Parganas)
(185) Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (S.C.)—24 Parganas]
(186) Mondal, Shri Rajkumar [170-Uluberia North (S.C.)—Howrah]

(187) Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
(188). Mondal, Shri Sahabuddin (73-Chapra—Nadia)
(189) Mondal, Shri Sudhanshu, [99-Hingalganj (S.C.)—24-Parganas]
(190) Mortaza Hossain, Dr. (92-Deganga—24-Parganas)
(191) Moslehuddin Ahmed, Shri (35-Gangarampur—West Dinajpur)
(192) Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
(193) Malla, Shri Anadi [22-Garhbeta West (S.C.)—Midnapore]
(194) Mirdha, Shri Chitta Ranjan [105-Canning West (S.C.)—24-Parganas]
(195) Mukherjee, Shri Amritendu (76-Krishnagar West—Nadia)
(196) Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
(197) Mukherjee, Shri Bamapada (259-Hirapur—Burdwan)
(198) Mukherjee, Shri Bhabani (182-Chandannagor—Hooghly)
(199) Mukherjee, Shri Bimalananda (78-Santipur—Nadia)
(200) Mukherjee, Shri Biswanath (202-Tamluk—Midnapur)
(201) Mukherjee, Shri Joykesh (166-Domjur—Howrah)
(202) Mukherjee, Shri Narayandas (95-Basirhat—24-Parganas)
(203) Mukherjee, Shri Niranjan (112-Behala East—24-Parganas)
(204) Mukherjee, Shri Rabin (113-Behala West—24-Parganas)
(205) Mukherjee, Shri Samar (43 Ratua—Malda)
(206) Mukhopadhyay, Dr. Ambarish (24-Hura—Purulia)
(207) Mukhopadhyay, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
(208) Munshi, Shri Mahammad Bacha (27-Chopra—West Dinajpur)
(209) Murmu, Shri Maheshwar [226-Keshiari (S.T.)—Midnapore]
(210) Murmu, Shri Sarkar [39-Habibpur (S.T.)—Malda]
(211) Murmu, Shri Sufal [40-Gazole (S.T.)—Malda]
(212) Moazzam Hossain, Shri Syed (218-Debra—Midnapore)

N

(213) Nanda, Shri Kironmoy (214-Mugberia—Midnapore)
(214) Naskar, Shri Gangadhar [109-Sonarpur (S.C.)—24-Parganas]
(215) Naskar, Shri Subhas [101-Basanti (S.C.)—24-Parganas]
(216) Naskar, Shri Sundar [110-Bishnupur East (S.C.)—24-Parganas]
(217) Nath, Shri Monoranjan (279-Purbasthali—Burdwan)
(218) Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)
(219) Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)

O

(220) O'Brien, Shri Neil Aloysius (Nominated)
(221) Omar Ali, Dr. (200-Panskura West—Midnapore)
(222) Oraon, Shri Mohan Lal [18-Mal (S.T.)—Jalpaiguri]

P

(223) Paik, Shri Sunirmal [209-Khajuri (S.C.)—Midnapore]
(224) Pal, Shri Bejoy (260-Asansol—Burdwan)
(225) Panda, Shri Bhupal Chandra (206-Nandigram—Midnapore)
(226) Panda, Shri Mohini Mohan (224-Taldangra—Bankura)
(227) Panja, Shri Ajit Kumar (158-Burtola—Calcutta)
(228) Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)
(229) Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
(230) Poddar, Shri Deokinandan (143-Jorasanko—Calcutta)
(231) Pradhan, Shri Prosanta Kumar (208-Bhagabanpur—Midnapore)
(232) Pramanik, Shri Abinash [188-Balagarh (S.C.)—Hooghly]
(233) Pramanik, Shri Radhika Ranjan [121-Magrahat East (S.C)—24-Parganas]
(234) Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (S C.)—Cooch Behar]
(235) Purkait, Shri Prabodh [102-Kultali (S.C.)—24-Parganas]

Q

(236) Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—24-Parganas)

R

(237) Rai, Shri H. B. (24-Kurseong—Darjeeling)
(238) Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
(239) Ray, Shri Birendra Narayan (57-Nabagram—Murshidabad)
(240) Ray, Shrl Dhirendra Nath [21-Rajganj (S.C.)—Jalpaiguri]
(241) Ray, Shri Dwijendra Nath (37-Kumarganj—West Dinajpur)
(242) Ray, Shai Matish (137-Baranagar—24-Parganas)
(243) Ray, Shri Naba Kumar [32-Kaliaganj (S.C.)—West Dinajpur]
(244) Ray, Shri Subhash Chandra [122-Mandirbazar (S.C.)—24-Parganas]
(245) Roy, Shri Amalendra (67-Burdwan—Murshidabad)
(246) Roy, Shri Banamali [15-Dhupguri (S.C.)—Jalpaiguri]
(247) Roy, Shri Haradhan (261-Raniganj—Burdwan)
(248) Roy, Shri Hemanta (278-Monteswar—Burdwan)
(249) Roy, Shri Phani Bhusan [45-Malda (S.C.)—Malda]
(250) Roy, Shri Provash Chandra (111-Bishnupur West—24-Parganas)
(251) Roy, Shri Rathindra Nath (160-Belgachia West—Calcutta)
(252) Roy, Shri Sadakanta [1-Mekliganj (S.C.)—Cooch Behar]
(253) Roy, Shri Santi Mohan (192-Pursurah—Hooghly)
(254) Roy, Shri Sattik Kumar (293-Nalhati—Birbhum)
(255) Roy, Dr. Sukumar (239-Purulia—Purulia)
(256) Roy, Shri Tarak Bandhu [17-Maynaguri (S.C.)—Jalpaiguri]
(257) Roy Burman, Shri Kshitibhusan (116-Budge Budge—24-Parganas]
(258) Roy Chowdhury, Shri Nirode (87-Habra—24-Parganas)

S

(259) Sadhukhan, Shri Tarapada (181-Singur—Hooghly)
(260) Saha, Shri Jamini Bhusan (132-Noapara—24-Parganas)
(261) Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (S.C.)—Hooghly]
(262) Saha, Shri Lakshi Narayan [266-Kanksa (S.C.)—Burdwan]
(263) Santra, Shri Sunil [274-Jamalpur (S.C.)—Burdwan]
(264) Sar, Shri Nikhilananda (281-Mangalkote—Burdwan)
(265) Saren, Shri Ananta [229-Nayagram (S.T.)—Midnapore]
(266) Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—24-Parganas)
(267) Sarkar, Shri Dhirendranath [33-Kushmandi (S.C.)—West Dinajpur]
(268) Sarkar, Shri Kamal (134-Khardah—24-Parganas)
(269) Sarkar, Shri Sailen (46-Englishbar—Malda)
(270) Satpathy, Shri Abani Bhusan (231-Jhargram—Midnapore)
(271) Sayed Md. Masih, Shri (268-Bhatar—Burdwan)
(272) Sen, Shri Deb Ranjan (269-Galsi—Burdwan)
(273) Sen, Shri Dhirendra Nath (289-Mahammad Bazar—Birbhum)
(274) Sen, Shri Sachin (152-Ballygunge—Calcutta)
(275) Sengupta, Shri Dipak (6-Sutai—Cooch Behar)
(276) Sengupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
(277) Seth, Shri Bhupendra Nath (85-Bongaon—24-Parganas)
(278) Seth, Shri Lakshman Chandra [205-Sutahata (S.C.)—Midnapore]
(279) Sha, Shri Ganga Prosad (133-Titagarh—24 Parganas)
(280) Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)
(281) Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
(282) Sinha, Dr. Haramohan (280-Katwa—Burdwan)
(283) Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
(284) Singha, Shri Suresh (30-Karandighi—West Dinajpur)
(285) Singha Roy, Shri Jogendranath [13-Falakata (S.C.)—Jalpaiguri]
(286) Sk. Imajuddin, Shri (62-Hariharpara—Murshidabad)
(287) Sk. Siraj Ali, Shri (225-Kharagpur Rural—Midnapore)
(288) Soren, Shri Khara [36-Tapan (S.T.)—West Dinajpur]
(289) Subba, Shrimati Renu Leena (22-Kalimpong—Darjeeling)
(290) Sur, Shri Prasanta Kumar (15-Tollygunge—Calcutta)

T

(291) • Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
(292) Tirkey, Shri Manohar [11-Kalchini (S.T.)—Jalpaiguri]
(293) Tudu, Shri Bikram [235-Balarampur (S.T.)—Purulia]

U

(294) Uraon, Shri Punai [16-Nagrakata (S.T.)—Jalpaiguri]
(295) Uraon, Shri Subodh [10-Kumargram (S.T.)—Jalpaiguri]

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta, on Monday, the 16th April 1984 at 1 p.m.

Present

Mr. Speaker (**Shri Hashim Abdul Halim**) in the Chair 14 Ministers, 12 Ministers of State and 128 members.

Held over starred Questions
(To which oral Answers were given)

[1.00—1.10]

রামমোহন রায়ের বাসস্থান অধিগ্রহণ

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৬।) **শ্রীশিবপ্রসাদ মালিক:** শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজা রামমোহন রায়ের (১) পৈতৃক ও (২) নিজ বাসস্থান (আরামবাগ-স্থিত রাধানগর ও লাঙ্গুলপাড়াতে) অধিগ্রহণ করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

(খ) উক্ত স্থানে সংগ্রহশালা করিবার পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীমতী ছায়া বেরা: (ক) আপাততঃ নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

শ্রীসরল দেব: মাননীয়া মন্ত্রী মহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—রাজা রামমোহন রায়ের এই পৈত্রিক বাড়ীটি অধিগ্রহণের জন্য ইতিপূর্বে বহুবার বিধানসভায় আলোচনা হয়েছে। বামফ্রন্ট সরকার অধিগ্রহণের জন্য বিবেচনা

করবেন এই বলে আগের বিধানসভায় ১৯৭৭-৭৮ সালের তৎকালীন মন্ত্রী মহাশ আশ্বাস দিয়েছিলেন, সেই আশ্বাসটিকে বাস্তবে রূপায়িত করার কোন পরিকল্প নেওয়া হয়েছে কি ?

শ্রীমতী ছায়া বেরা ঃ আপাততঃ নেওয়া যাচ্ছে না।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় মন্ত্রী মহোদয়া দয়া করে জানাবেন কি—এই মহ কেন্দ্রীয় সরকারের কাছে কোন অনুরোধ বা সুপারিশ করা হয়েছিল কিনা ?

শ্রীমতী ছায়া বেরা ঃ না।

শ্রীসুমন্ত কুমার হীরা ঃ মাননীয়া মন্ত্রী মহোদয়া দয়া করে জানাবেন কি যে, রামমোহন সরণীতে রামমোহন রায়ের যে বাড়ী আছে সেই বাড়ীটি কি এখন সরকারী তত্ত্বাবধানে আছে ?

শ্রীমতী ছায়া বেরা ঃ না।

শ্রীদীপক সেনগুপ্ত ঃ মাননীয়া মন্ত্রী মহোদয়া একটু আগে বললেন যে, আপাততঃ ইচ্ছা নাই। এই যে ইচ্ছা নাই তার কারণ কি ? বাধাটা কোথায় ?

শ্রীমতী ছায়া বেরা ঃ আর্থিক অসুবিধাই বাধা হয়ে দাঁড়াচ্ছে।

লবণ হ্রদে অনুষ্ঠিত আন্তর্জাতিক ফুটবল খেলার টিকিট বিক্রয়

*৩৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪২ ।) **শ্রীসরল দেব ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) লবণ হ্রদ স্টেডিয়ামে সম্প্রতি অনুষ্ঠিত আন্তর্জাতিক ফুটবল খেলার টিকিটের এক বিরাট অংশ সোসাইটি ফর স্পোর্টস অ্যাণ্ড স্টেডিয়ামের সদস্যদের সহায়তায় / অন্যভাবে কালোবাজারে বিক্রি হয়েছে—এই মর্মে কোন অভিযোগ সরকারের নিকট এসেছে কি ; এবং

(খ) এসে থাকলে—

(১) এ বিষয়ে কোন অনুসন্ধান করা হয়েছে কি, ও

(২) এ বিষয়ে রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রীসুভাষ চক্রবর্তী ঃ (ক) এইরূপ কোন অভিযোগ সরকারের নিকট আসে নি।

(১) এবং (২) নং প্রশ্ন উঠে না।

Starred Questions

(To which oral Answers were given)

Commitment by the State Government for raising resources over and above the approved Plan Assistance

*594. (Admitted question No. *169.) **Shri Somendranath Mitra** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that while finalising the Sixth Five-Year Plan Outlay for West Bengal the State Government had made some commitments about financing the plan by raising resources over and above the approved Central Plan Assistance ;

(b) if so,

(i) what was the Central Plan Assistance approved for the Sixth Plan and the State Government's about raising resources ; and

(ii) to what extent the commitments have so far been fulfilled by the Centre and State Government ?

Dr. Ashok Mitra : (a) Yes.

(b) (i) The amount of Central Assistance originally approved for the sixth Plan was **Rs. 680.26 crores** and the State Government commitment for Additional resource mobilisation for financing the Sixth Plan was **Rs. 512.33 crores.**

(ii) The amount of assistance so far released by the Union Government for financing the Sixth Five Year Plan and also the resources mobilised by the

State Government and State Sponsord Agencies so far during the Sixth Pl Period are shown below :

(Rs. in crores)

Year	Central Assistance for Sixth Plan	Additional resource mobilisation by State Govt./State Sponsored Agencies for Sixth Plan
1980-81 (Actuals)	136.00	31.20
1981-82 (Actuals)	131.05	77.95
1982-83 (Actuals)	291.09**	122.66
1983-84 (Revised Estimate)	124.75*	215.05
Total :	682·89	446.86

*Exclusive of additional Plan assistance of Rs. 32.82 crores.

**Exclusive of advance Plan assistance of Rs. 63.66 crores for programme necessitated by drought, 1982.

*595. Held over.

মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন ক্ষেত্রে কমিটির সুপারিশ গ্রহণ

*৫৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬।) শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন জেলার মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন ক্ষেত্রে কোন কমিটির সুপারিশ গ্রহণ করা হয় কি ;

(খ) হইলে, উক্ত কমিটিতে পঞ্চায়েত সদস্য, পৌর কমিশনার, এম এল এ, এম পি বা বিভিন্ন শিক্ষক ও অশিক্ষক কর্মচারী সংগঠনের প্রতিনিধিরা আছেন কিনা ; এবং

(গ) না থাকলে, তার কারণ কি ?

শ্রীকান্তি বিশ্বাস ঃ (ক) হ্যাঁ, জিলাস্তরে জিলা পরিদর্শন দল (District Level Inspector Team) এবং রাজ্যস্তরে কেন্দ্রীয় নির্বাচন কমিটি (Central Selection Committee)-র।

(খ) না।

(গ) কাজের সুবিধার জন্য জিলা পরিদর্শক (মাধ্যমিক), মধ্যশিক্ষা পর্ষদের মনোনীত ও সরকারের মনোনীত সদস্য এবং শিক্ষা আধিকারিকের কয়েকজন আধিকারিক, এঁদের লইয়া স্বল্প সদস্যের জিলা ও রাজ্যস্তর কমিটিগুলি গঠন করা হয়।

শ্রীসুভাষ গোস্বামী : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—স্কুল অনুমোদনের জন্য আবেদন করতে হলে মাঝখানে ২৫ টাকা দিয়ে ফর্ম পূরণ করে জমা দিতে হোত—সেই নিয়ম এখনও চালু আছে কিনা ?

শ্রীকান্তি বিশ্বাস : চালু নেই। আমরা আসার আগে ১৯৭৫ সাল পর্যন্ত ২৫ টাকা দিয়ে বোর্ডে দরখাস্ত জমা দিতে হত। ১৯৭৭ সালে সিদ্ধান্ত হয় যে-সমস্ত দরখাস্ত বিবেচনাধীন আছে সেগুলো বিচার-বিবেচনার পর নতুন দরখাস্ত জমা নেওয়া হবে। আজ পর্যন্ত কোন নতুন দরখাস্ত পর্ষদ অফিসে জমা নেওয়া হয় নি।

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, জেলার কমিটি সুপারিশ করা সত্ত্বেও বীরভূম জেলার যদু রায় মেমোরিয়াল হাই স্কুলের গার্লস সেকশন-এর অনুমোদন বন্ধ হয়ে আছে কিনা ?

শ্রীকান্তি বিশ্বাস : প্রশ্নটা বুঝতে অসুবিধা হোল। স্কুলের কোন সেকশন করতে হলে সরকারের অনুমোদন ছাড়াই ডি. আই.-র অনুমতি নিয়েই করা যায়। যদি নতুন স্কুল হয় তাহলে বিভিন্ন স্কুল স্যাংশন কালে নিশ্চয়ই বিবেচনা করবো।

শ্রীসুনীতি চট্টরাজ : জেলা কমিটি যদু রায় মেমোরিয়াল হাই স্কুলের বাইফার-কেশন স্কীমে মর্নিং গার্লস সেকশনের সুপারিশ করা সত্ত্বেও অনুমোদন পায় নি—এইরকম ঘটনা জানা আছে কিনা অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রীকান্তি বিশ্বাস : বোঝা গেল যে এটা আলাদা সেকশন নয়, আলাদা স্কুল। যে-সমস্ত সুপারিশ আসে জেলাস্তরের কমিটিগুলির কাছ থেকে তা আমাদের আর্থিক দিক থেকে বিবেচনা করতে হয় অনুমোদন দিতে পারবো কিনা। সেইজন্য আর্থিক কারণে সমস্ত সুপারিশ এখনও গ্রহণ করতে পারিনি।

শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, বর্তমানে যে নতুন স্কুল করা হবে তার পদ্ধতি কি ?

শ্রীকান্তি বিশ্বাস ঃ বিধানসভার আইন বলে পদ্ধতি বলে দেওয়া আছে মধ্যশিক্ষা পর্ষদকে। এই মধ্যশিক্ষা পর্ষদের কাছে যে-সমস্ত দরখাস্ত জমা আছে সেগুলো বিচার-বিবেচনা করবার আগে নতুন দরখাস্ত জমা নেওয়া হচ্ছে না। তা সত্ত্বেও যদি কোন জেলা পরিষদ কিংবা পৌরসভা—তাঁরা যদি কোন বিদ্যালয় সম্পর্কে সুপারিশ করে সরকারের কাছে পাঠান, মধ্যশিক্ষা পর্ষদের কাছে নয়, তাহলে সরকার সেই বিষয়টা নিয়ে বিচার-বিবেচনা করবেন।

শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই নতুন দরখাস্ত কাদের কাছ থেকে নেওয়া হয়, কারা দরখাস্ত করলে পর সেই দরখাস্ত অনুমোদন দেবার জন্য ব্যবস্থা করেন ?

শ্রীকান্তি বিশ্বাস ঃ একটু আগেই বললাম যে, নতুন দরখাস্ত বর্তমানে মধ্যশিক্ষা পর্ষদ গ্রহণ করছে না। যদি জেলা পরিষদ কিংবা পৌরসংস্থার পক্ষ থেকে সরকারের কাছে আবেদন করেন যে, এখানে বিদ্যালয়টা স্থাপন করা যুক্তিযুক্ত, তাহলে তাঁদের দরখাস্ত পেলে সেই ক্ষেত্রে সরকার বিচার-বিবেচনা করবেন।

বইমেলা অনুষ্ঠানে সরকারী অনুদান

*৫৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬৬।) **শ্রীজয়ন্তকুমার** বিশ্বাস ঃ শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মফঃস্বল জেলায় বইমেলা অনুষ্ঠানের জন্য কোন সরকারী অনুদান দেওয়া হয় কিনা; এবং

(খ) দেওয়া হয়ে থাকলে, ১৯৮৩-৮৪ সালে কোন্ কোন্ জেলায় কত টাকা দেওয়া হয়েছে ?

শ্রীমতী ছায়া বেরা ঃ (ক) দেওয়া শুরু হয়।

(খ) পুরুলিয়া জেলায় বইমেলার জন্য ৫০০০ টাকা দেওয়া হয়েছে।

আন্তর্জাতিক মানের বিচারে সল্টলেক স্টেডিয়ামের স্থান

*৫৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬১৪।) **শ্রীনীরোদ রায়চৌধুরীঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আন্তর্জাতিক মানের বিচারে সল্টলেক স্টেডিয়ামের স্থান কোথায় ; এবং

(খ) এই স্টেডিয়ামে খেলোয়াড় ও সংগঠকদের থাকার কোন ব্যবস্থা আছে কি ?

[1.10—1.20 P.M.]

শ্রীসুভাষ চক্রবর্তীঃ (ক) আন্তর্জাতিক বিচারে সল্ট লেক স্টেডিয়ামের স্থান বেশ উচ্চে।

(খ) হ্যাঁ।

শ্রীনীরোদ রায় চৌধুরীঃ স্টেডিয়ামে আবাসী করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের মোট কত অর্থ ব্যয় হয়েছে ?

শ্রীসুভাষ চক্রবর্তীঃ পশ্চিমবঙ্গ সরকার এই প্রকল্পে ৪ কোটি টাকা দিয়েছে।

শ্রীনীরোদ রায় চৌধুরীঃ শুনেছি কেন্দ্রীয় সরকারের কাছে পশ্চিমবঙ্গ সরকার স্টেডিয়ামের আবাসনের জন্য অর্থ চেয়েছিল। কেন্দ্রীয় সরকার কি অর্থ দিয়েছিল ?

শ্রীসুভাষ চক্রবর্তীঃ কেন্দ্রীয় সরকার ব্যাঙ্ক থেকে এই মর্মে ঋণ দিয়েছিলেন। এখন পর্যন্ত সেখান থেকে ৩ কোটি ২৫ লক্ষ টাকা পাওয়া গেছে।

শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই ঋণ পাওয়া গিয়েছে বললেন। এর সুদের হার কত ? না কি বিনা সুদে ঋণ পাওয়া গিয়েছে ?

শ্রীসুভাষ চক্রবর্তীঃ শতকরা ১৮ টাকা হার সুদে ঋণ পাওয়া গিয়েছে।

শ্রীঅম্বিকা ব্যানার্জীঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই আবাসিক

ব্যবস্থায় যারা খেলাধুলা করবে এবং যারা কর্তৃপক্ষ তাদের থাকার ব্যবস্থা আছে? আমি ওনার প্রশ্নটাই করলাম, সঠিক জবাব পাওয়া যায় নি বলে।

শ্রীসুভাষ চক্রবর্তী ঃ উনি যে প্রশ্ন করেছেন আমি তাঁর উত্তরে বলেছি হাঁা, ব্যবস্থা হয়েছে।

শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ আমি জানতে চাই এখানে থাকবার ব্যবস্থা হয়েছে কি না? ব্যবস্থা হয়েছে আর ব্যবস্থা আছে এটা তো এক কথা নয়।

শ্রীসুভাষ চক্রবর্তী ঃ হাঁা, ব্যবস্থা আছে।

শালবনী ফডার ফার্মে সঙ্কর জাতের গাভী

*৫৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩০১৮।) **শ্রীসুন্দর হাজরা ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শালবনী ফডার ফার্মে বর্তমানে সঙ্কর জাতের গাভীর মোট সংখ্যা কত;

(খ) ঐ সকল গাভী থেকে দৈনিক মোট কত লিটার দুধ উৎপাদন হয়; এবং

(গ) উক্ত উৎপাদিত দুধ কোথায় সরবরাহ করা হয়?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ (ক) মেদিনীপুর জেলার শালবনী ফডার ফার্মের আওতায় ডেয়ারী ডিমনেস্ট্রেশান ফার্ম প্রকল্পে প্রতিপালিত সংকর গাভীর মোট সংখ্যা (৩১.৩.৮৪ তারিখ পর্যন্ত) ২৫টি (পঁচিশটি)।

(খ) ঐ সকল সংকর জাতের গাভীর মধ্যে যেগুলি দুধ দিচ্ছে তা থেকে দৈনিক গড় দুধের উৎপাদন পরিমাণ ৮৪ কেজি।

(গ) উক্ত উৎপাদিত দুধ মেদিনীপুর মিল্ক ইউনিয়ন এবং ঐ খামারের কর্মীদেরও সরবরাহ করা হয়।

শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের এই প্রকল্প বাড়াবার কোন ইচ্ছা আছে কি? যদি থাকে সেটা কবে নাগাদ হবে?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ প্রকল্প ক্রমশঃ বাড়ছে। তবে শালবনী এলাকায় বাড়ানো যাবে না। বীরভূম জেলায় একটা প্রকল্প করার কথা ভাবা হচ্ছে।

শ্রীসুমন্ত কুমার হীরা : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই ফডার ফার্মের যে দুধ হয় সেই দুধ সুলভ মূল্যে কেন বিক্রয় করা হয় কর্মচারীদের মধ্যে? এর কারণটা কি?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী : দুধ যা বিক্রয় করা হয় সেটা সুলভ মূল্যে বলছি এই কারণে যে, আগে যে দাম নেওয়া হত এখনও সেটা বাড়ানো হয় নি।

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, বীরভূমে একটা পরিকল্পনার কথা আছে। আমি জানতে চাই এই প্রকল্পটি বীরভূমের কোন্ জায়গায় হবে?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী : এখনও জায়গা ঠিক হয় নি। আমাদের ১০০ একর অর্থাৎ ৩০০ বিঘা জমির দরকার। এই জমির জন্য আমরা খোঁজ নিচ্ছি। জেলা ম্যাজিস্ট্রেটকে বলা হয়েছে, জেলা পরিষদকে বলা হয়েছে জমি দেবার জন্য। মাননীয় সদস্য যদি এই ব্যাপারে আমাকে সাহায্য করেন তাহলে ভাল হয়। এই প্রকল্পের জন্য উপযোগী জলা জমি চাই।

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, বীরভূম জেলার সিউড়ি থানার অন্তর্গত বড়গ্রামে আপনার এই রকম একটা পরিকল্পনা চালু ছিল। কিন্তু সেটাকে মেদিনীপুরে নিয়ে যাওয়া হয়েছে। আমি জানতে চাই পুনরায় এই প্রকল্প এখানে চালু করার কোন পরিকল্পনা আপনার আছে কিনা?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী : আমি আগেই বলেছি এই প্রকল্পের জন্য উপযোগী জায়গা চাই। কারণ এখানে সংকর জাতের গরু থাকবে। এদের স্নান করার জন্য জমির পাশে জলের দরকার, একটু ছাওয়ার দরকার এবং নরম মাটির দরকার। শুষ্ক কাঁকুরে বালি মাটির জায়গা হলে হবে না। বীরভূমে যে জায়গায় ছিল সেটা উপযুক্ত জায়গা নয়। সেইজন্য এটাকে শালবনীতে করা হয়েছে। বীরভূমে জমি খোঁজা হচ্ছে। আর একটা প্রস্তাব ভারত সরকারকে দেওয়া হয়েছে ৫০ পারসেন্ট ম্যাচিং গ্রাণ্ট দেবার জন্য। আমি আশা করি এটা পাওয়া যাবে এবং সাথে সাথে আমরা কাজ শুরু করে দেব।

Recommendation of the National Institute of Public Finance and Policy

***600.** (Admitted question No. *256.) **Dr. Ambika Banerjee :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) what are the recommendations of the National Institute of Public Finance and Policy with regard to simplifying Sales Tax Structure and/or combining the two existing State Sales Tax Acts (The Bengal Sales Tax Act, 1941 and the West Bengal Sales Tax Act, 1954) into one integrated Act so as to remove the anomalies in revenue collection ; and

(b) the contemplation of the State Government in the matter ?

Dr. Ashok Mitra : The National Institute of Public Finance and Policy have since furnished only an interim report which is being studied by the State Government.

The Government contemplates to move legislation later in the year after the final report is received from the Institute.

Abdur Rauf Ansari : Will the Hon'ble Minister enlighten the House within what time the report is expected to be submitted ?

Dr. Ashok Mitra : I have asked them to submit the report within a next couple of months. It all depends on them.

***601.** Held Over.

মাধ্যমিক শিক্ষকদের পেনসন

*৬০২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৭।) **শ্রীগোপাল মণ্ডল :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মাধ্যমিক শিক্ষকদের কতজন পেনসন পাচ্ছেন ; এবং

(খ) কতজনের পেনসন কেস সংশ্লিষ্ট দপ্তরে পড়ে আছে ?

শ্রীকান্তি বিশ্বাস : (ক) ১,৪৯৩ জন শিক্ষকের অবসর ভাতা মঞ্জুর করা হয়েছে।

(খ) ৭২৩ জনের পেনসন সংক্রান্ত কাগজপত্র ঠিক না থাকার জন্যে সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে ফেরৎ পাঠানো হয়েছে। সংশ্লিষ্ট দপ্তরে কোনও পেনসন কেস পড়ে নেই।

শ্রীপ্রশান্ত প্রধান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এমন কেস আছে যে মারা গেছেন, কিন্তু পেনসন এখনো পান নি। তাঁদের ডেথ সার্টিফিকেট আছে, কিন্তু তাঁদের পেনসন কেস এখনো পড়ে আছে, এই রকম কোন কেসের কথা আপনার কি জানা আছে ?

শ্রীকান্তি বিশ্বাস ঃ সুনির্দিষ্ট কোন কেস না বললে আমার পক্ষে বলা অসম্ভব। আমাদের শিক্ষা দপ্তরে কোন কেস পড়ে নেই। ৭২৩টি কেস যেগুলি পড়ে আছে সেগুলির কাগজপত্র বিদ্যালয় কর্তৃপক্ষ দেবে, তারপরে ব্যবস্থা নেওয়া হবে। সুনির্দিষ্ট কেস দিন তা না হলে এগুলি ৭২৩টি কেসের মধ্যে থাকতে পারে। তবে আমি যেগুলির উত্তর দিচ্ছি সেগুলি ১.৪.৮১ তারিখের আগের। ১.৪.৮১ তারিখের পরে যেগুলি সেগুলি এখনো পরিষ্কার করে দেখা হয় নি, সেগুলির বিচার-বিবেচনা করে দেখা হচ্ছে।

শ্রীপ্রশান্ত প্রধান ঃ মেদিনীপুর জেলায় এইরকম একটা কেস আছে যে, মারা গেছেন, কিন্তু তাঁর টাকা পাওয়া যায় নি।

শ্রীকান্তি বিশ্বাস ঃ সুনির্দিষ্টভাবে দেবেন, আমি খোঁজ করে দেখবো।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন যে, পেনসন নিষ্পত্তির যে প্রক্রিয়া এটা সময়সাপেক্ষ এবং এমনো দেখা গেছে যে, জীবনাবসান হয়ে গেছে পেনসন পাওয়ার আগে। সেইজন্য আমার প্রশ্ন এই পেনসন নিষ্পত্তির ক্ষেত্রে রাজ্য সরকার কি কোন চিন্তা-ভাবনা করেছেন, বা কোন পরিকল্পনা গ্রহণ করেছেন।

শ্রীকান্তি বিশ্বাস ঃ আমরা এই ব্যাপারে চিন্তা-ভাবনা করতে চাই, কিন্তু মাননীয় সদস্য জানেন যে, যে-সমস্ত শিক্ষক এখনো আছেন বা কিছুদিন আগে অবসর নিয়েছেন শিক্ষাবৃত্তি থেকে তাঁদের ধারণা ছিল না যে, এমন কোন সরকার হবে যাঁরা এই শিক্ষকদের পেনসন দেবেন এবং অবসরকালীন সুযোগ-সুবিধা দেবেন। এর ফলে আগে যাঁরা শিক্ষাবৃত্তিতে এসেছিলেন তাঁদের নিয়োগপত্র এবং চাকুরির স্থায়ীকরণের কাগজপত্র কিছুই তাঁদের কাছে নেই। এইগুলি না থাকলে পরে

এ. জি. বেঙ্গল পেনসন কেসের ক্ষেত্রে গণ্ডগোল করে এবং অডিট অবজেকশান দেয়, তবে আমরা আপ্রাণ চেষ্টা করছি যাতে আমরা তাদের কাগজপত্র দাখিল করতে পারি। কারণ এই কাগজপত্রের উপর ভিত্তি করে পেনসন কেসের মীমাংসা হবে। তবে আপনার যদি কোন সুনির্দিষ্ট কেস থাকে তবে তার বিচার-বিবেচনা করে দেখবো।

বাঁকুড়া জেলায় অপারেশন ফ্লাড-২ প্রকল্প

*৬০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৭৫।) শ্রীউপেন্দ্র কিস্কুঃ দুগ্ধ উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অপারেশন ফ্লাড-২ প্রকল্পে বাঁকুড়া জেলার জন্য কোন পরিকল্পনা নেওয়া হয়েছে কি; এবং

(খ) নেওয়া হয়ে থাকলে, সেগুলি কি কি?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী: (ক) হ্যাঁ।

(খ) অপারেশন ফ্লাড-২ প্রকল্পে বাঁকুড়া জেলার জন্য যে পরিকল্পনা নেওয়ার প্রস্তাব আছে সেগুলি হলো:

(১) একটি সমবায় দুগ্ধ ইউনিয়ন গঠন;

(২) উক্ত দুগ্ধ ইউনিয়নের অধীনে প্রায় ৪৪০টি প্রাথমিক দুগ্ধ সমবায় সমিতি স্থাপন;

(৩) সমবায় সমিতিগুলির মাধ্যমে সদস্য দুগ্ধ উৎপাদকগণের মধ্যে কৃত্রিম গো-প্রজনন ব্যবস্থা, পশুখাদ্য বিতরণ ও পশুচিকিৎসা ব্যবস্থার সুযোগ পৌঁছে দেওয়া; এবং

(৪) দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র স্থাপন করা। পশুপালন ও পশুচিকিৎসা (দোহ উন্নয়ন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত।

[1.20—1.30 P.M.]

শ্রীউপেন্দ্র কিস্কুঃ এটা কত টাকার পরিকল্পনা এবং এর জন্য কেন্দ্রীয় সরকার কোন গ্র্যাণ্ট দিয়েছেন কি না?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী: এই পরিকল্পনার নাম অপারেশান ফ্লাড পরিকল্পনা।

বিশ্বব্যাঙ্ক টাকা ঋণ দিয়েছে কেন্দ্রীয় সরকারকে। কেন্দ্রীয় সরকার সরাসরি কিছু দিচ্ছেন না, কিন্তু তাঁরা এই টাকার মধ্যে ৩০% গ্র্যাণ্ট দেন। এটা আন্তর্জাতিক পুষ্টি ভাণ্ডার থেকে যে-সমস্ত দ্রব্য বিনামূল্যে ভারতবর্ষে বিলিবণ্টন করবার জন্য আসে সেটা বিক্রি করে যে টাকা হয় সেই টাকা থেকে তহবিল হয়। এইভাবে বিশ্বব্যাঙ্ক তহবিল থেকে টাকা নিয়ে অপারেশান ফ্ল্যাড প্রকল্প তৈরী হয়েছে। এটা দ্বিতীয় প্রকল্প। বাঁকুড়া জেলার জন্য ৩ কোটি ৪৭ লক্ষ ৭৪ হাজার টাকার পরিকল্পনা বরাদ্দ ধার্য করা হয়েছে ৬ বছরের জন্য।

শ্রীউপেন্দ্র কিস্কু: কতদিনে এই মিল্ক ইউনিয়ন পরিকল্পনা কার্যকরী হবে ?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী: ৬ বছরের মধ্যে ৪৪০ টি প্রাথমিক সমিতি গঠন করতে হবে। বছর বছর সাব-প্রজেক্ট প্রকল্প আসে। সেই অনুসারে জেলাস্তরে মিল্ক ইউনিয়ন গঠিত হবে। তাঁরা সেই পরিকল্পনা নিয়ে কাজ করবেন এবং ৬ বছরের মধ্যে এটা হবে।

শ্রীসুমন্ত হীরা: বম্বে মাদার ডেয়ারী এবং অন্যান্য অনেক জায়গায় মাদার ডেয়ারীর পক্ষ থেকে অপারেশান ফ্ল্যাডের টাকা তছরূপের ব্যাপারে অভিযোগ উঠেছে। পশ্চিমবঙ্গ সম্পর্কে সে রকম কোন অভিযোগ উঠেছে কিনা ?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী: মহারাষ্ট্রে যে তছরূপ হয়েছে—একথা আমি মনে করি সত্য নয়। কারণ লোকসভায় এ সম্পর্কে এক প্রশ্নের জবাবে কৃষিমন্ত্রী রাও বীরেন্দ্র সিং বলেছিলেন যে, আমরা এটা তদন্ত করে দেখবো যে, ব্যাপারটা কি। তারপর একটা কমিটিও বসান হয়েছে এবং তিনি পার্লামেন্টে ঘোষণা করেন যে, আই.বি.সি. এবং এন.ডি.ডি. চেয়ারম্যান ডঃ কুরিয়ান একটা প্রচারপত্র প্রকাশ করে বলেছেন যে, ইট ইজ এ ব্ল্যাক লাই (Black lie)। অর্থাৎ নিছক কুৎসা ছাড়া আর কিছু নয়।

মিঃ স্পীকার: মিঃ হীরা প্রশ্ন করলেন এবং মিঃ মুখার্জী তার জবাবও দিলেন, কিন্তু এই প্রশ্ন ঠিক ওঠে না।

শ্রীগোবিন্দ বাউরী: এই মিল্ক ইউনিয়ন কোথায় কোথায় হবে ?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী : গোটা বাঁকুড়া জেলায় ৪৪০টি প্রাথমিক সমিতি কোথা কোথায় হবে এই সম্পর্কে একটা সাধারণ কথা বলতে পারি যে, যেখানে দুধ পাও যাবে, দেশী গরু পাওয়া যাবে, সংকর জাতীয় গরু পাওয়া যাবে, ঘাস পাও যাবে সেখানে হবে। কাজেই গোটা বাঁকুড়ায় ছড়িয়ে ছিটিয়ে হবে

Realisation of arrear Sales Tax

***604.** (Admitted question No. *695.) **Shri Lutfal Haque :** Will t Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the performance of realisation of current and the arrear demands Sales Tax during 1980-81, 1981-82 and 1982-83 ;

(b) the arrears of Sales Tax dues to be realised by the State Governme as on 31st March, 1983 ; and

(c) the steps taken and/or proposed to be taken by the Government improve the realisation of Sales Tax dues ?

Dr. Ashok Mitra : (a) It is not possible from the records to show separat the realisation on account of current and arrear demands for the respect years. However, the amounts collected during the years 1980-81 and 1981- on account of current and arrear demands taken together are respectiv Rs. 27.31 Crores and Rs. 41.37 Crores. This is exclusive of the amount of t paid by dealers while furnishing their returns.

(b) Rs. 164.5 Crores (approximately).

(c) The major portion of the arrears relate to old demands raised ex-parte assessments of nationalised industries and of companies and fir which have gone into liquidation. These arrears are generally not realisab Wherever possible Sales Tax authorities are scrutinising the demands, collecti information about the assets and general whereabouts of the concern assessces, attaching the money from the debtors or banks of the concern assessces. Besides, changes in the law have been made whereby non-submissi of returns by the dealers in time has been made a cognisable offence and t defaulters are also required to pay interest for default.

৬০৫। স্থগিত।

৬০৬। স্থগিত।

১৯৮০ সালে পশ্চিমবঙ্গে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের শাখা প্রতিষ্ঠা

*৬০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৯।) **শ্রীশ্যামল চক্রবর্তী**ঃ অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে এই রাজ্যে বীরভূম ও অন্যান্য জেলায় বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের কোন শাখা প্রতিষ্ঠিত হয়েছে কিনা এ সম্পর্কে রাজ্য সরকারের নিকট কোন তথ্য আছে কি;

(খ) থাকিলে, কতগুলি শাখা প্রতিষ্ঠিত হইয়াছে; এবং

(গ) প্রতিটি জেলায় রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের শাখাপিছু জনসংখ্যার অনুপাত কি?

ডঃ অশোক মিত্রঃ (ক) এবং (খ) ১৯৮০ সালে বীরভূম ও অন্যান্য জেলায় (কলিকাতাসহ) বিভিন্ন বাণিজ্যিক ব্যাঙ্কের মোট ১৬৮টি শাখা প্রতিষ্ঠিত হয়েছে ঃ

জেলা-ওয়ারী হিসাব নিম্নরূপ ঃ

১।	বীরভূম	—	১৪
২।	বাঁকুড়া	—	৮
৩।	বর্ধমান	—	১৩
৪।	কলিকাতা	—	১১
৫।	কুচবিহার	—	১৪
৬।	দার্জিলিং	—	৬
৭।	হুগলী	—	৭
৮।	হাওড়া	—	৮
৯।	জলপাইগুড়ি	—	১৭
১০।	মালদা	—	১৩
১১।	মেদিনীপুর	—	১৯
১২।	মুর্শিদাবাদ	—	৪
১৩।	নদীয়া	—	২
১৪।	পুরুলিয়া	—	৪
১৫।	২৪-পরগণা	—	২২
১৬।	পশ্চিম দিনাজপুর	—	৬

(গ) পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় (কলিকাতাসহ) বাণিজ্যিক ব্যাঙ্কগু শাখাপিছু জনসংখ্যার অনুপাত ১৯৮২ সালের ৩১শে ডিসেম্বর তারিখে নিম্নরূপ ছি

জেলা		শাখাপিছু জনসংখ্যার অনুপাত
১। বাঁকুড়া	—	২৮,০০০
২। বীরভূম	—	১৮,০০০
২। বর্ধমান	—	২৩,০০০
৪। কলিকাতা	—	৫,০০০
৫। কুচবিহার	—	৪০,০০০
৬। দার্জিলিং	—	২৫,০০০
৭। হুগলী	—	২৩,০০০
৮। হাওড়া	—	২২,০০০
৯। জলপাইগুড়ি	—	৩১,০০০
১০। মালদা	—	২৬,০০০
১১। মেদিনীপুর	—	৩৫,০০০
১২। মুর্শিদাবাদ	—	৪০,০০০
১৩। নদীয়া	—	৩০,০০০
১৪। পুরুলিয়া	—	২৯,০০০
১৫। ২৪-পরগনা	—	২৯,০০০
১৬। পশ্চিম দিনাজপুর	—	৪৩,০০০
পশ্চিমবঙ্গ	—	২১,০০০

শ্রীযামিনীভূষণ সাহাঃ সংবাদপত্রের খবর অনুসারে জানতে চাইছি, রাজ সরকার নিজস্ব ব্যাঙ্ক খোলার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে যে অনুমতি চেয়েছে তাতে কেন্দ্রীয় সরকার কি বলেছেন ?

মিঃ স্পীকারঃ এই প্রশ্নে এই প্রসঙ্গ আসে না।

শ্রীজয়কেশ মুখার্জীঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলার গ্রামে গ্রামে বিদেশী ব্যাঙ্কের কোন শাখা খোলা হয়েছে কিনা ?

ডঃ অশোক মিত্রঃ কলকাতা শহরে কয়েকটি বিদেশী ব্যাঙ্কের শাখা খোলার অনুমতি দেওয়া হয়েছে বলে সংবাদ আছে।

শ্রীনীরোদ রায় চৌধুরী : ১৯৮১ সালে আপনি এই বিধানসভায় প্রতিশ্রুতি য়েছিলেন পশ্চিম বাংলায় পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণাধীন ব্যাংক আপনি লবেন। আমার প্রশ্ন হচ্ছে, এটা যে এখনও পর্যন্ত খুলতে পারেন নি তার কারণ ; এবং বাধা কোথায় ?

মিঃ স্পীকার : আমি আগেই বলেছি এই প্রশ্নে এই প্রসঙ্গ আসেনা।

হুগলী জেলা স্কুল বোর্ডের নিজস্ব বাড়ী

*৬০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯৭।) **শ্রীব্রজগোপাল নিয়োগী :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হুগলী জেলার ডি. আই. অফিসের পাশে ঐ জেলা স্কুল বোর্ডের নিজস্ব বাড়ী নির্মাণের কোন প্রস্তাব সরকার পেয়েছেন কিনা ?

শ্রীকান্তি বিশ্বাস : হ্যাঁ।

শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় : মন্ত্রী মহাশয় জানাবেন কি, কোন্ কোন্ জেলায় শিক্ষা পর্ষদের ভবন আছে ?

শ্রীকান্তি বিশ্বাস : নিজস্ব বাড়ী বলতে যা বোঝায় তা নেই। কয়েকটি জলা থেকে প্রস্তাব এসেছে, আমরা বিচার-বিবেচনা করছি যাতে এই প্রস্তাবগুলি ার্যকর করতে পারি।

শ্রীযামিনীভুষণ সাহা : মন্ত্রী মহাশয় জানাবেন কি, প্রাথমিক স্কুলের বাড়ী নির্মাণের জন্য কোন টাকা বরাদ্দ করা হয়েছে কিনা এবং নাহলে তার কারণ কি ?

শ্রীকান্তি বিশ্বাস : প্রাথমিক শিক্ষার ব্যাপার মাননীয় সদস্যগণ উদ্বিগ্ন বলে আমি তাঁদের মনোভাবকে স্বাগত জানাচ্ছি। এই প্রসঙ্গে আপনি ভিন্নভাবে প্রশ্ন করলে আমি উত্তর দেব।

শ্রীনীরোদ রায় চৌধুরী : যে-সমস্ত জেলা থেকে প্রস্তাব এসেছে তার মধ্যে ৪ পরগনা জেলার প্রস্তাব আছে কিনা জানাবেন কি ?

শ্রীকান্তি বিশ্বাস : ঐ জেলা স্কুল বোর্ডের অফিস খোলার প্রস্তাব সরকারের কাছে এখনও আসে নি। তবে এই প্রস্তাব শিক্ষা অধিকারের কাছে এসেছে। আমাদের কাছে এই প্রস্তাব এলে আমি দেখবো।

৬০৯। স্থগিত।

ঝাড়গ্রামে বিনোদমঞ্জরী রাষ্ট্রীয় বালিকা বিদ্যালয়ের স্কুল বাস

*৬১০। (অনুমোদিত প্রশ্ন *১৯৯৪।) **শ্রীঅবনীভূষণ সৎপথি :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ঝাড়গ্রামের বিনোদমঞ্জরী রাষ্ট্রীয় বালিকা বিদ্যালয়ের ব্যবহৃত স্কুল বাসটি দীর্ঘদিন ধরে অচল অবস্থায় আছে ; এবং

(খ) সত্য হলে, কবে নাগাদ ঐ বাসটি চালু হবে বলে আশা করা যায় ?

শ্রীকান্তি বিশ্বাস : (ক) হ্যাঁ।

(খ) শীঘ্র চালু করার চেষ্টা হচ্ছে।

State's Sixth Five-Year Plan investment Programme

***611.** (Admitted question No. *1023.) **Shri Chowdhury Abdul Karim :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state that—

(a) if it is a fact that inflation and inadequate resource mobilisation have hit the State's Sixth Five-Year Plan investment Programmes which were based on the 1979-80 prices ; and

(b) if so, to what extent the Sixth Plan investment cost has pushed up during the first three years of the plan ?

Dr. Ashok Mitra : Inflation has affected the West Bengal State's investment programme in the Sixth Plan period. It has been estimated that in the three years 1980-81, 1981-82 and 1982-83 the cost of investment has increased by 13.30%, 23.95% and 26.54%respectively. However, West Bengal's additional resource mobilisation has been the highest of all States since 1977-78. As per the Economic Review (1983-84), the index of per capita State's own resources (comparing the State's own resource mobilisation to the all-India average for all states taken as 100) increased from 77 in the Fifth Plan to 100 in the Sixth Plan. The State Plan expenditure increased from Rs. 498,24 crore in 1980-81

to Rs. 531.10 crore in 1982-83. A faster acceleration of Plan outlay in West Bengal has not been possible because of the attitude adopted by the Union Government in the matter of devolution of financial powers and resource and grant of Central assistance to West Bengal.

মাধ্যমিক বিদ্যালয়ে নতুন ছাত্র-ছাত্রীদের ভর্তি সমস্যা

*৬১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯৮।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের বহু মাধ্যমিক বিদ্যালয়ে বর্তমান বছরে বহু নূতন ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারে নি; এবং

(খ) সত্য হলে, তার কারণ কি?

শ্রীকান্তি বিশ্বাস: এ রকম কোন তথ্য সরকারের কাছে আসেনি।

(খ) প্রশ্ন ওঠে না।

ক্ষেতমজুরের সংখ্যা

*৬১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৮।) **শ্রীঅনিল মুখার্জী:** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭৬-৭৭ সালে ক্ষেতমজুরের সংখ্যা কত ছিল; এবং

(খ) ১৯৮২-৮৩ সালে ঐ ক্ষেতমজুরের সংখ্যা কত বৃদ্ধি পেয়েছে?

ডঃ অশোক মিত্র: (ক) মোট ৩৫ লক্ষ ৭৮ হাজার।

(খ) ৩ লক্ষ ৬৬ হাজার।

মাধ্যমিক বিদ্যালয়ে ঝাড়ুদারের পদ

*৬১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০২০।) **শ্রীবিমলকান্তি বসু:** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ঝাড়ুদারের (সুইপার) কোন পদ অনুমোদিত আছে কি; এবং

(খ) না থাকিলে, উক্ত পদ অনুমোদনের ব্যাপারে সরকারের কোন প্রস্তাব আছে কিনা?

শ্রীকান্তি বিশ্বাস : (ক) নেই।

(খ) নেই।

প্রফেশন্যাল ট্যাক্স আদায়

*৬১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬২।) **শ্রীশুভেন্দু মণ্ডল :** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে অবস্থিত কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরসমূহের কর্মচারীদের নিকট হইতে প্রফেশন্যাল ট্যাক্স নূতন রেটে আদায় করার জন্য ডিরেক্টর অফ অডিট ও কমিশনার অফ প্রফেশন্যাল ট্যাক্স কর্তৃপক্ষ (পশ্চিমবঙ্গ রাজ্য সরকার) সংশ্লিষ্ট দপ্তরগুলিতে কি আদেশনামা পাঠাইয়াছেন ; এবং

(খ) পাঠানো হইয়া না থাকিলে, তার কারণ কি ?

ডঃ অশোক মিত্র : (ক) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কেন্দ্রীয় সরকারের দপ্তরগুলিতে এ ব্যাপারে আদেশনামা পাঠিয়েছেন।

(খ) প্রশ্ন ওঠে না।

হুগলী জেলায় বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে নিযুক্ত প্রশাসক

*৬১৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৫২১)। **শ্রীমণীন্দ্রনাথ জানা :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকারের পূর্বে কতগুলি মাধ্যমিক বিদ্যালয়ে প্রশাসক নিযুক্ত ছিল ; এবং

(খ) বর্তমানে উক্ত জেলায় কতগুলি মাধ্যমিক বিদ্যালয়ে প্রশাসক নিযুক্ত আছেন ?

শ্রীকান্তি বিশ্বাস : (ক) ১৪টি।

(খ) ৯টি।

শ্রীশৈলেন্দ্র নাথ চ্যাটার্জি : এই যে হুগলী জেলার ৯টি বিদ্যালয়ে প্রশাসক নিযুক্ত আছে, এর কারণ কি বলতে পারেন ?

শ্রীকান্তি বিশ্বাস : এই যে ৯টি বিদ্যালয়ে প্রশাসক নিযুক্ত আছে, একে দুই

ভাগে ভাগ করা যায়। প্রথম হচ্ছে মহামান্য হাইকোর্টের নির্দেশে নির্বাচন করা যায় নি বলে প্রশাসক নিয়োগ করতে হয়েছে, আর দ্বিতীয় হচ্ছে পরিচালকমণ্ডলীর মেয়াদ শেষ হয়ে যাওয়া সত্ত্বেও নির্বাচন হয় নি বলে পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পরিষদ প্রশাসক নিয়োগ করেছেন।

১৯৮২-৮৩ সালে কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীকৃত অর্থ ফেরত

*৬১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২৫।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮২-৮৩ সালে কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীকৃত অর্থ সবটা খরচ করতে না পারার ফলে ফেরত গেছে;

(খ) সত্য হলে,

(১) মোট কত টাকা ফেরত গেছে; এবং

(২) এর কারণ কি?

ডঃ অশোক মিত্র: ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে পরিকল্পনাভুক্ত অথবা পরিকল্পনা বহির্ভূত কোন প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীকৃত অর্থ সবটা খরচ করতে না পারার ফলে ফেরৎ যাবার কোনও ঘটনা আমাদের জানা নেই।

প্রচলিত রীতি অনুসারে কোন বিশেষ প্রকল্পের জন্য কোন নির্দিষ্ট বৎসরে প্রাপ্ত কেন্দ্রীয় সহায়তার টাকা যদি বিশেষ অসুবিধার জন্য ঐ আর্থিক বৎসরের মধ্যে পুরো খরচ করা সম্ভব না হয়, তবে ঐ অব্যয়িত অংশ আবার পরবর্তী আর্থিক বৎসরে কেন্দ্রীয় সরকারের অনুমোদন নিয়ে ঐ প্রকল্পের জন্যই ব্যয় করা হয়। সুতরাং কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীকৃত কোনও অর্থ ফেরৎ যাবার প্রশ্ন ওঠে না।

(খ) (১) এবং (২) 'ক' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

৬১৮। স্থগিত।

Decision of Government of India to provide additional financial assistance

*619. (Admitted question No. *1839.) **Shri Sk. Anwar Ali:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the State Government has any information regarding the decision of the Government of India to provide additional financial assistance during the next fiscal year, to such States who have managed their finances well,

raised additional resources and/or used them effectively to implement adequately sized plans ;

(b) if so,

(i) what are the proposals of the Government of India ; and

(ii) whether West Bengal is likely to be benefited by this dscision ?

Dr. Ashok Mitra : (a) and (b) Apart from a reference in the Union Finance Minister's Budget speech, the State Government has no information in the matter.

নলহাটী বিবেকানন্দ বিদ্যাপীঠের গৃহসংস্কার ও নির্মাণ বাবদ অনুদান

*৬২০। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮৬।) **শ্রীসাত্ত্বিক রায়ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় নলহাটী বিবেকানন্দ বিদ্যাপীঠের গৃহসংস্কার ও গৃহ নির্মাণের জন্য ১৯৮৪-৮৫ সালের আর্থিক বছরে আর্থিক অনুদান মঞ্জুর করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, (১) কবে নাগাদ, এবং (২) কত টাকা মঞ্জুর করা হইবে ; এবং

(গ) পরিকল্পনা না থাকিলে, তাহার কারণ কি ?

শ্রীকান্তি বিশ্বাসঃ (ক) ১৯৮৪-৮৫ আর্থিক বৎসর সবেমাত্র শুরু হইয়াছে। এখনই এ সম্বন্ধে কিছু বলা সম্ভব নয়।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

গ্রামীণ ব্যাঙ্ক স্থাপন

*৬২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭৬। **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নতুন যে ১৭০টি গ্রামীণ ব্যাঙ্ক স্থাপনের কথা কেন্দ্রীয় অর্থমন্ত্রী গত ১-২-৮৪ তারিখ হায়দ্রাবাদে ঘোষণা করেছেন তার মধ্যে এই রাজ্যে কয়টি খোলা হবে তা রাজ্য সরকারের জানা আছে কি ?

ডঃ অশোক মিত্র: পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ ও মেদিনীপুর জেলায় দু'টি গ্রামীণ ব্যাংক খোলা হবে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছেন।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, এই যে দুটি ব্যাংক খোলা হবে, এই দুটি ব্যাংক কি সিকস্থ প্ল্যানের কোটার মধ্যেই হবে ?

ডঃ অশোক মিত্র ঃ আমরা বারবার কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করেছি যাতে বর্তমান আর্থিক বছরের মধ্যেই এই দুটি ব্যাংক খোলা হয়, কিন্তু আপনারা তো সকলেই জানেন যে, কেন্দ্রীয় সরকারের ইচ্ছার উপর সব কিছু নির্ভর করে।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই পর্যন্ত আমাদের এই রাজ্যে কয়টি গ্রামীণ ব্যাংক খোলা হয়েছে এবং বাকি যে কটি জেলায় গ্রামীণ ব্যাংক খোলা হয় নি, সেই সব জায়গায় সেভেনথ প্ল্যানের মধ্যে গ্রামীণ ব্যাংক খোলা হবে কি না ?

ডঃ অশোক মিত্র ঃ এখনও পর্যন্ত যে দুটি ব্যাংক খোলার কথা বলা হয়েছে, এইগুলো ছাড়া পশ্চিমবাংলায় ৬টি গ্রামীণ ব্যাংক খোলা হয়েছে। আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে দাবী করেছি যাতে পশ্চিমবাংলার প্রতি জেলায় অন্ততঃ একটি করে গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠা করা যায়। আমরা এই ব্যাপারে চেষ্টা করছি যাতে আগামী দু/তিন বছরের মধ্যে সেই চেষ্টা সফল হয়, তার ব্যবস্থা করা হচ্ছে।

পুরুলিয়া জেলায় মঞ্জুরীকৃত জুনিয়র হাই ও মাধ্যমিক বিদ্যালয়

*৬২২। (অনুমোদিত প্রশ্ন নং *৩২০৫।) **শ্রীসুধাংশুশেখর মাঝি ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পুরুলিয়া জেলায় ১৯৮৩-৮৪ সালে মোট কতগুলি জুনিয়র হাই ও মাধ্যমিক বিদ্যালয়কে মঞ্জুরী দেওয়া হইয়াছে ?

শ্রীকান্তি বিশ্বাস ঃ ৬.১.৮৪ হতে পুরুলিয়া জেলার ১২টি হাই স্কুল এবং ২৪টি জুনিয়ার হাই স্কুলকে অনুমোদন দেওয়া হচ্ছে।

শ্রীকমলাকান্ত মাহাতো ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পুরুলিয়া জেলার মত শিক্ষায় পিছিয়ে পড়া জেলাতে এই বছর আরও কয়েকটি হাই স্কুল মঞ্জুরী দেওয়ার বিষয়টি আপনার বিবেচনাধীন আছে ?

শ্রীকান্তি বিশ্বাস ঃ মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, এই বছর

যে ৮০০টি বিদ্যালয়কে অনুমোদন, স্বীকৃতি অথবা উন্নত করার জন্য ব্যবস্থা গ্রহণ করেছি, বিভিন্ন জেলার মধ্যে সেইগুলো দেব, আমাদের একটা ফর্মুলা আছে, সেই ফর্মুলাটা হচ্ছে যে ১৯৮১ সালের যে আদমসুমারী রিপোর্ট, সেই রিপোর্টের জনসংখ্যা অনুযায়ী প্রতি স্কুলপিছু কত জনসংখ্যা, সেই ফর্মুলা অনুসারে আমরা অনুমোদন দেব, অথবা উন্নত করবো। এর পরে সরকারের হাতে বিশেষ বিবেচনার জন্য যে দু'/চারটি কোটা আছে সেই কোটা থেকে যে-সমস্ত অনগ্রসর জেলা দীর্ঘদিন ধরে বঞ্চিত হয়ে রয়েছে, যারা শিক্ষার ক্ষেত্রে আরও বেশী বঞ্চিত, সেই জেলার শিক্ষার কথা বিবেচনা করে তাদের জন্য বিশেষ কোটার কথা আমরা ভাবছি।

[1.40—1.50 P.M.]

শ্রীসুধাংশুশেখর মাঝিঃ পুরুলিয়া জেলায় ২৭টি গ্রামপঞ্চায়েতে কোন জুনিয়র হাই, হাই স্কুল নেই এবং এই সমস্ত এলাকায় বিশেষ করে আদিবাসী সম্প্রদায়ের মানুষ বাস করেন। আপনি যে কোটার কথা বললেন সেই কোটা ব্যতিরেকে এইসব গ্রাম পঞ্চায়েতগুলিকে যাতে কভার করা যায় তার ব্যবস্থা করবেন কি ?

শ্রীকান্তি বিশ্বাসঃ পুরুলিয়া জেলার আদিবাসী অধ্যুষিত এলাকার জন্য সরকারী বিশেষ কোটায় বিদ্যালয় স্থাপন করার ব্যবস্থা আমরা নিচ্ছি। আপনি যদি উৎসাহী হয়ে থাকেন তাহলে কিছুদিনের মধ্যেই সেই তথ্য সম্ভবতঃ জানতে পারবেন এবং তাতে আমার মনে হয় আপনার এই উদ্বেগের কারণ যথেষ্ট পরিমাণে দূরীভূত হবে।

শ্রীবিজয় পালঃ পপুলেশন ভিত্তিতে যে স্কুলের কথা আপনি বললেন, হিন্দী, উর্দু ভাষাভাষী এলাকাতেও কি এটা প্রযোজ্য হবে ?

শ্রীকান্তি বিশ্বাসঃ সংখ্যালঘু ভাষাভাষীর মানুষ যাঁরা পশ্চিমবাংলায় আছেন তাঁদের প্রতি এই সরকারের একটা দায়িত্ব আছে। সেই কথা মনে করে তামিল ভাষাভাষী, হিন্দী, উর্দু, ওঁড়িয়া ভাষাভাষী এলাকার জন্য সরকার একটি বিশেষ কোটার ব্যবস্থা করেছেন।

যোজনাবহির্ভূত খাতে ব্যয়

*৬২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪৯।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী**: অর্থ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৯-৮০ ও ১৯৮২-৮৩ সালে যোজনাবহির্ভূত খাতে কত ব্যয় হইয়াছে ; এবং

(খ) ১৯৮২-৮৩ সালে যোজনা খাতে বরাদ্দ অর্থের পরিমাণ কত ছিল ও কত খরচ হইয়াছিল ?

ডঃ অশোক মিত্র: (ক) ১৯৭৯-৮০ সালে এবং ১৯৮২-৮৩ সালে যোজনা বহির্ভূত খাতে যথাক্রমে ১৫৮৭.৩২ কোটি টাকা এবং ২৭৮৪.৬৩ কোটি টাকা ব্যয় হয়েছে। বিশদ বিবরণের জন্য সংযোজিত তালিকা দ্রষ্টব্য।

(খ) ১৯৮২-৮৩ সালে যোজনা খাতে সংশোধিত বরাদ্দ অর্থের পরিমাণ ছিল ৪৯৫.১৫ কোটি টাকা এবং ঐ বছর যোজনা খাতে মোট খরচ হয়েছিল ৪৫২.৭৪ কোটি টাকা।

Statement referred to in reply to (Ka) of Starred question 623.

১৯৭৯-৮০ এবং ১৯৮২-৮৩ সালে যোজনা বহির্ভূত খাতে একীকৃত তহবিল (Consolidated Fund) হইতে খরচের বিবরণ :

(কোটি টাকার হিসাবে)

খরচ	১৯৭৯-৮০	১৯৮২-৮৩
(১) রাজস্ব খাতে	৮১২.৮৬	১৩৪০.২৩
(২) মূলধন খাতে	৫.১৩	১০.০৩
(৩) ঋণ পরিশোধ খাতে	৭১৫.৭০	১৩৮১.২৮
(৪) ঋণ দান খাতে	৫৩.৬৩	৫৩.৫৯
মোট :	১৫৮৭.৩২	২৭৮৪.৬৩

১৯৭৯-৮০ এবং ১৯৮২-৮৩ সালে উন্নয়নমূলক প্রকল্পগুলির জন্য
মোট ব্যয়ের হিসাবে নীচে দেওয়া হল :

(কোটি টাকার হিসাবে)

		১৯৭৯-৮০ (প্রকৃত)	১৯৮২-৮৩ (প্রকৃত)
১।	খরাজনিত ব্যয় সমেত পরিকল্পনা খাতে সরকারী ব্যয়	৩০২.০৮	৪১৪.৬৫
২।	যোজনার অন্তর্ভুক্ত বিশেষ কেন্দ্রীয় সহায়তা প্রাপ্ত প্রকল্প/ পরিপূরক প্রকল্পের জন্য ব্যয়	৬.৯৪	৪১.৬৩
৩।	সেন্ট্রালী স্পনসর্ড প্রকল্পজনিত ব্যয়	১৭.৭০	৩৫.৯৬
৪।	সেন্ট্রাল সেক্টর প্রকল্পজনিত ব্যয়	৫.৪৭	৫.২৬
	মোট :	৩৩২.১৯	৪৯৭.৫০
	একীকৃত তহবিল হইতে ব্যয়		
(ক)	যোজনা বহির্ভূত ব্যয়	১৫৮৭.৩২	২৭৮৪.৬৩
(খ)	উন্নয়ন খাতে ব্যয়	৩৩২.১৯	৪৯৭.৫০
	মোট ব্যয় :	১৯১৯.৫১	৩২৮২.১৩

শ্রীসত্যরঞ্জন বাপুলী : আপনার উত্তর থেকে বোঝা গেল যোজনার টোটাল টাকা খরচ হয় নি। কি কি কারণে খরচ হয় নি, সেটা বলবেন ?

ডঃ অশোক মিত্র : একটা বড় কারণ হচ্ছে আমরা কেন্দ্রীয় সাহায্যের উপর খানিকটা নির্ভর করি এবং কেন্দ্রীয় সাহায্যের শেষ কিস্তি আমরা অনেক সময় মার্চ মাসের শেষ সপ্তাহে পেয়ে থাকি। যেমন এই বছর আমরা মার্চ মাসের ৩০/৩১ তারিখে ১৮ কোটি টাকা পেয়েছি। এই ধরনের কতকগুলি সমস্যার জন্য আমরা টাকাটা পুরো পেয়েও খরচ করতে পারি না।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : এটা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার সময়মত টাকা দিলেও আপনারা ঠিক সেইভাবে প্ল্যান প্রোগ্রাম করে খরচ করতে পারেন না ?

ডঃ অশোক মিত্র : এটা ঠিক নয়।

শ্রীঅমলেন্দ্র রায় : যোজনা বহির্ভূত খাতে রাজভবনের জন্য কত খরচ হয় এবং এই খরচ তুলে দেবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোন সুপারিশ এসেছে কিনা—জানাবেন ?

ডঃ অশোক মিত্র : এই সম্পর্কে আপনি আলাদা প্রশ্ন করুন, আমি জবাব দেব। এই মুহূর্তে আমার কাছে এইরকম তথ্য কিছু নেই।

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ১৯৮২-৮৩ সালে যোজনা বহির্ভূত খাতে যে খরচ করেছেন সেটা কোন্ কোন্ খাতে করেছেন ?

ডঃ অশোক মিত্র : আমি তো খুব বিপদে পড়ে গেলাম, আমি তো খাতগুলি নিয়ে আসি নি। এসব তো বিস্তৃতভাবে লেখা আছে। বিভিন্ন বিভাগে যে খরচ হয় সেইসব বিভাগে খরচ হয়েছে। এখন যদি আপনি চম্বুকটি চান আমাকে লিখবেন, আমি চম্বুকটি দিয়ে দেব।

Curtailment of annual holidays in State Government offices

***624.** (Admitted question No. *2006.) **Shri Suniti Chattaraj :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the State Government has taken, any decision to reduce the number of annual holiday in the State Government's offices ;

(b) if so,

(i) what is the decision of the State Government ;

(ii) which holidays are proposed to be curtailed ; and

(iii) when the decision is likely to be implemented ?

Dr. Ashok Mitra : (a) No. (b) (i), (ii), (iii)—does not arise.

(No Supplementary)

কলিকাতায় কতিপয় সিনেমা হাউস বন্ধ থাকায় সরকারের প্রমোদ কর বাবদ ক্ষতি

*৬২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩০২৬।) **শ্রীনিরঞ্জন মুখার্জী :** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতার মিনার, ছবিঘর ও প্রাচী

সিনেমার শ্রমিক-কর্মচারীদের সরকারী সুপারিশমত বেতনক্রম চালু করার দাবীতে প্রায় বৎসরাধিক কাল যাবৎ ধর্মঘট করে থাকার ফলে প্রমোদ কর বাবদ সরকারের আনুমানিক ক্ষতির পরিমাণ কত ?

ডঃ অশোক মিত্র : কলিকাতার মিনার, ছবিঘর ও প্রাচী সিনেমা প্রায় বৎসরাধিক কাল যাবৎ বন্ধ থাকায় প্রমোদকর বাবদ রাজ্য সরকারের ১৯৮৩-৮৪ সালে আনুমানিক ক্ষতির পরিমাণ তিরিশ লক্ষ টাকা।

শ্রীমীর আবদুস সৈয়দ : মালিকরা যে অনমনীয় মনোভাব নিয়েছেন তার ফলে ওয়ার্কাররা সাফার করছে এবং বাংলা চলচ্চিত্র রিলিজ হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এগুলি টেক ওভার করা হচ্ছে না কেন ?

ডঃ অশোক মিত্র : এটা যদি সমাজতান্ত্রিক দেশ হত বা সরকারের হাতে যদি টাকা থাকতো তাহলে নিশ্চয় এগুলি আমরা অধিগ্রহণ করতাম।

শ্রীমীর আবদুস সৈয়দ : ম্যানেজমেন্ট টেক ওভার তো করতে পারি ?

(নো রিপ্লাই)

Variation between the Actuals and the Budget plus additional taxation

***626.** (Admitted question No. *1044.) **Sk. Imajuddin :** Will the Minister-in-charge of the Finance Departmeut be pleased to state—

(a) what was the Actuals of revenue receipts for 1982-83 as compared with the Budget estimates plus additional taxation levied during the year and the corresponding figures for 1980-81 and 1981.82 ;

(b) what was the variation between the Actuals and Budget plus additional taxation during the periods mentioned above ; and

(c) the main reasons for such variations ?

Dr. Ashok Mitra : The actuals of revenue receipts for 1982-83 was Rs. 1,379.26 crores and the budget estimate plus additiodal taxation levied during that year was Rs. 1,422.57 crores. The corresponding figures for 1980-81 and 1981-82 are given below :

(Rupees in crores)

	B.E. + Addl. Taxation	Actuals
1980-81	1,163.73	1,091.70
1981-82	1,339.57	1,223.75

Details are given in the table placed below.

(b) The variation between the actuals and budget plus additional taxation during 1980-81 to 1982-83 are given below :

(Rupees in crores)

Year	Budget + Additional Taxation	Actuals	Variation Increase Decrease
1980-81	1,163.73	1,091.70	(—) 72.03
1981-82	1,339.57	1,223.75	(—) 115.82
1982-83	1,422.57	1,379.26	(—) 43.31

(c) Such variations are on account of lower realisation of revenue than anticipated at the time of the presentation of the budget estimates.

Shri Abdur Rauf Ansari : Will the Hon'ble Minister-in-charge be pleased to state as to what are the main reasons for such variation ?

Dr. Ashok Mitra : As you know, sometimes, we propose a piece of legislation which is injuncted in the High Court and during 1981-82, this was the main reason for non realisation of the anticiapted revenue.

চায়ের সেস্ বাবদ রাজস্ব আদায়

*৬২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৯।) **শ্রীমনোহর তিরকী :** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮০-৮১ থেকে এ রাজ্যে চায়ের উপর সেস্ বসাবার ফলে ১৯৮৩-৮৪ সালের ১৫ই মার্চ পর্যন্ত কত টাকা রাজস্ব আদায় হয়েছে ?

ডঃ অশোক মিত্র : ওয়েস্ট বেঙ্গল রুরাল এমপ্লয়মেণ্ট এণ্ড প্রোডাকশন অ্যাক্ট, ১৯৭৬-এর আওতাভুক্ত সেস (Cess) চায়ের উপর ১৯৮১-৮২ আর্থিক বর্ষ থেকে কার্যকরী হয়। ঐ আর্থিক বর্ষ থেকে ১৯৮৩-৮৪ আর্থিক বর্ষ পর্যন্ত চায়ের উপর সেস বাবদ প্রায় ৫.৮৩ কোটি টাকা আদায় হয়েছে।

Steps to discourage tax avoidance and tax evasion

***628.** (Admitted question No. *2586.) **Dr. Hoimi Basu :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state the steps taken by the present Government to discourage tax avoidance and tax evasion and with what results ?

[1.50—2.00 P.M]

Dr. Ashok Mitra : A large number of measures have been taken by the present Government to discourage tax avoidance and tax evasion. A two-pronged attack—by amendment of tax laws and by administrative measures has been taken. To illustrate, the Sales Tax and Agricultural Income Tax Laws have been amended to provide for payment of interest of delayed filing of return and also for delayed payment of assessed tax. The power to conduct raids, searches and seizures has been widened to examine relevant, documents with the railways banks, etc. On the administrative side, the tax organisations have been strengthened and searches and seizures have been intensified.

2. The State rèvenues have shown considerable buoyancy on account of the measures taken by the Government.

Shri Abdur Rauf Ansari : Will the Minister-in-Charge be pleased to state as to what extent the measures taken by the State Government has helped in regard to tax evasion ?

ডঃ অশোক মিত্র: ১৯৪৭-৪৮ সাল থেকে ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত এই ৩০ বছরে পশ্চিমবাংলায় বিক্রয় করের সামগ্রিক সংগ্রহ হচ্ছে ১ হাজার ১৭৮ কোটি টাকা। আর ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল এই ৬ বছরে সংগ্রহ হয়েছে মোট ১৮ শত কোটি টাকার মত। সুতরাং হিসাব করলে বোঝা যায় যে কতটা বাড়তি রাজস্ব সংগৃহীত হয়েছে।

Starred Question

(to which answer was laid on the table)

Target for employment generation under Additional Employment Programme durieg Sixth Five-Year Plan

***609.** (Admitted question No. *931.) **Dr. SUKUMAR ROY** : Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) what is the Sixth Five-Year Plan target for generating employment under the Additional Employment Programme, which seeks to generate opportunities of self employment for the jobless by assisting them in setting up small and economically viable ventures through margin money from the State Government ;

(b) what are the Plan provisions for such schemes ; and

(c) what are the achievements in quantifying terms ?

Dr. Ashoke Mitra : (a) The target for employment generation under the Additional Employment Programme during the Sixth Five Year Plan period is 18,520 persons with a total outlay of Rs. 463 lakhs.

(b) The Plan provisions for the scheme is indicated below :

Year	Amount
1980-81	Rs 84.00 lakhs.
1881-82	Rs. 87.55 „
1982-83	Rs. 61.00 „
1983-84	Rs. 85.00 „
	Rs. 317.55 lakhs.

(c) During the years 1980-81, 1981-82 and 1982-83, 2,380 units were given financial assistance in the shape of margin money and employment generation during the same period under the programme is 13,200 approximate.

Adjournment Motion

Mr. Speaker : Today I have received one notice of adjournment Motion from Shri Deoki Nandan Poddar on the subject of alleged attack on Dr. Hoimi Basu, MLA on 14.4.84.

The subject matter of the motion relates to day-to-day administration. Moreover, the Member may raise the matter through Calling Attention, Mention, Question etc.

I, therefore, withheld my consent to the motion.

The Member may, however, read out the text of the motion as amended.

Shri Deoki Nandan Poddar : Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence, namely :

Attack on Congress MLA, Dr. Hoimi Basu in Tollygunge thana area by a group of persons armed with bombs and other lethal weapons on 14.4.84.

Calling Attention Notices to Matters of Urgents Public Importance

Mr. Speaker : I have received three notices of Calling Attention, namely :

1. Alleged attack on Dr. Hoimi Basu, MLA on 14.4.84—Shri Somendra Nath Mitra and Shri Abdul Mannan.

2. Reported two incidents of murder at Malda on 13.4.84—Shri Anil Mukherjee,

3. Demand for overbridge at Railway Crossing, Gate No. 1, near Rupkatha Cinema Hall of Habra—Shri Nirode Roy Chowdhury.

I have selected the notice of Shri Somendra Nath Mitra and Shri Abdul Mannan and Shri Sachin Sen on the subject of alleged attack on Dr. Hoimi Basu, MLA on 14.4.84.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : Sir, on the 19th April, 1984.

মিঃ স্পীকার : আমি একটা কথা এখানে বলছি। আপনি চীফ মিনিষ্টারকে একটু বলবেন। আমি খবরের কাগজে পড়েছি যে, ডাঃ হৈমী বসুর উপরে কি একটা হামলা হয়েছে। কাজেই যাতে স্পেশাল সিকিউরিটির ব্যবস্থা করা যায় তার জন্য বলবেন।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এটা এ্যাকসেপ্ট করেছেন, সে জন্য আপনাকে ধন্যবাদ। এই ব্যাপারে কবে ষ্টেটমেণ্ট দেবেন, উনি একটা ডেট দিয়েছেন। আপনিও স্পেশাল সিকিউরিটি দেবার কথা বলেছেন। কিন্তু এখানে সিকিউরিটির প্রশ্ন নয়। সব চেয়ে বড় প্রশ্ন হচ্ছে, ওখানে একদল সমাজবিরোধী বহুদিন ধরে অত্যাচার করছে এবং শুধু হৈমী বসু নয়, ঐ বস্তি এলাকার লোকদের উপরেও তারা অত্যাচার করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ বস্তিতে কতকগুলি এ্যান্টি-সোসাল আছে। ডঃ হৈমী বসু তাদের বিরুদ্ধে কিছু এ্যাকশান নিয়েছিলেন এবং মাননীয় মুখ্যমন্ত্রীকেও চিঠি দিয়েছেন এবং থানাতেও জানিয়েছিলেন। তারা ওখানকার নামকরা এবং খুব জানাশোনা। এটা করার ফলে যাদের উপরে অত্যাচার হয়েছিল এবং যারা প্রটেকশান দিতে এগিয়ে এসেছিল, তাদের বাড়ি চড়াও হয়ে এই সমস্ত এন্টি-সোসাল এলিমেণ্টসরা অত্যাচার আরম্ভ করেছে। আপনি এটা এ্যাকসেপ্ট করেছেন, আপনাকে ধন্যবাদ দিচ্ছি। আপনি এ্যাডিশন্যাল প্রটেকশন দিতে বলেছেন। আপনার কাছে আমার দাবী, আপনি মুখ্যমন্ত্রীকে বলুন, অবিলম্বে তাদের এ্যারেষ্ট করে হাজতে পুরে দিতে। তা নাহলে শুধু ষ্টেপ নিলেই হবে না। আপনি ২টো পুলিশ দিলেন, কি ৪টে পুলিশ দিলেন, সেটা বড় কথা নয়। বড় কথা হচ্ছে, ইমেডিয়েটলি এটা যদি করতে পারেন তাহলে অনেকটা ভাল হবে।

শ্রীশচীন সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে আমি দু / একটি কথা বলতে চাই। মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলি ঐ সমস্ত সমাজবিরোধীদের এ্যারেষ্ট করার যে দাবী করেছেন, তা তিনি ঠিকই করেছেন এবং আমরাও সেই দাবী করছি। তবে এই প্রসঙ্গে আমার যে বক্তব্য তা হচ্ছে, আমার কাছে বেশ কিছু দিন ধরে একটি দলের লোকেরা বার বার এসে ঐ সমস্ত সমাজবিরোধীদের বিরুদ্ধে নালিশ জানিয়ে গেছেন। আমি বরাবরই তাঁদের বলেছি যে, এটা আপনাদের অন্তর্দলীয় ব্যাপার, আপনারা আমার কাছে বার বার আসছেন কেন। এখন সমস্যাটা হচ্ছে এ্যারেষ্ট করা দরকার, কিন্তু এ্যারেষ্ট করলেই ঐ দলের লোকেদের নিজেদের মধ্যেই মারামারি লেগে যাবে।

শ্রীসত্যরঞ্জন বাপুলি: শচীনবাবু ভুল করছেন, ধরা হলে আপনাদের দলের লোকই ধরা পড়বে।

Mr. Speaker : No further debate will be allowed.

Now I call upon the Minister-in-charge of Power Department to please make a statement on the subject of stoppage in power supply from the 29th March, 1984 in Arambag Sub-Division, attention called by Shri Abdul Mannan on the 4th April, 1984.

শ্রীপ্রবীর সেনগুপ্ত: ২৯-৩-৮৪ তারিখে রাত প্রায় দশটায় ৩৩ কে. ভি. রিষড়া-কৈকালা বিদ্যুৎ সরবরাহ লাইনের ২ নং ফিডারে কামারকুণ্ডু রেলওয়ে ক্রশিং-এর নিকট কেবল্‌-এ মারাত্মক গোলযোগ দেখা দেয়। ইহার ফলে ঐ কেব্‌ল্‌ মারফত বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হয় এবং তার জন্য সমগ্র আরামবাগ মহকুমা ও তৎপার্শ্ববর্তী এলাকায় বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটে। তখন আরামবাগ মহকুমা ও সন্নিহিত এলাকার জনগণের সুবিধার্থে এবং এলাকার কোল্ড স্টোরেজ ও অন্যান্য অত্যাবশ্যকীয় যন্ত্রপাতির ক্ষতি এড়াইবার জন্য উপরিক্ত বিদ্যুৎ সরবরাহ লাইনের ১ নং ফিডারের মাধ্যমে যতটা সম্ভব বিদ্যুৎ সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করা হয়। অত্যধিক চাপের ফলে ২রা এপ্রিল ১ নং কেব্‌ল্‌ও ফাটিয়া যায়। ঐ কেব্‌ল্‌টি কামারকুণ্ডু রেল ষ্টেশনের নীচ দিয়ে যাইবার ফলে ওখানে মেরামতির কাজ স্বাভাবিক ভাবেই প্রতিকূলতার সম্মুখীন হয়।

ঘটনার গুরুত্ব বিবেচনা করিয়া রাজ্য বিদ্যুৎ পর্ষদের চীফ ইঞ্জিনিয়ার (বণ্টন শাখা) ও ডেপুটি চীফ ইঞ্জিনিয়ার (ও এ্যাণ্ড এম) ৩রা এপ্রিল ঘটনাস্থল পরিদর্শন

করেন এবং সরবরাহ চালু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দেন। ডিভিশনাল ইঞ্জিনিয়ার (টেষ্টিং)-কে খবর দেওয়া হইলে তিনি ঘটনাস্থলে যান। ইতিমধ্যে অত্যাবশ্যকীয় চাহিদা মেটাইবার জন্য ৩৩ কে. ভি. আদিসপ্তগ্রাম, মগরা, বেলমুড়ি-কৈকালা বিদ্যুৎ সরবরাহ লাইনের ৩ নং মগরা ফিডারের মাধ্যমে ৪-৪-৮৪ তারিখে রাত্রি ২-৩০ মিনিটে বিদ্যুৎ সরবরাহ চালু করার বন্দোবস্ত করা হয়। অবশ্য এই ফিডারের মাধ্যমে ১০/১৫ এম. ভি.-এর বেশী বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয় নাই।

এই দুর্ঘটনার সংবাদ শোনা মাত্র জোনাল ম্যানেজারও (কলিকাতা) দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হন ও রিষড়া-কৈকালা ১ নং ও ২ নং ফিডার জরুরী ভিত্তিতে সারানোর ব্যবস্থা করেন। প্রসঙ্গতঃ উল্লেখ করা যাইতে পারে জোনাল ম্যানেজার (কলিকাতা), ২ জন ডিভিশনাল ইঞ্জিনিয়ার ও এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ারগণ ঘটনাস্থলে অস্থায়ী শিবির (ক্যাম্প) স্থাপন করিয়া নিজেরা উপস্থিত থাকিয়া ঐ সরবরাহ লাইনের ২টি ফিডার মেরামত ও চালু করার ব্যাপারে সমস্ত কাজের তত্ত্বাবধান করেন।

এই প্রসঙ্গে বলা আবশ্যক ৫ই ও ৬ই এপ্রিল রাত্রে প্রচণ্ড ঝড়-বৃষ্টির জন্য কেব্‌ল মেরামত ও বসানোর কাজে অসুবিধা দেখা দেয় এবং ঐ কাজ সম্পন্ন করতে দেরী হয়।

বিদ্যুৎ পর্ষদের কর্মীদের দিনরাত্রির নিরলস প্রচেষ্টায় ৭-৪-৮৪ তারিখে একটি নতুন কেব্‌ল্ বসাইয়া কৈকালা ২ নং ফিডারের মাধ্যমে চাঁপাডাঙ্গা, মায়াপুর, আরামবাগ অঞ্চলে স্বাভাবিক বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা চালু করা সম্ভব হয়। ১২-৪-৮৪ তারিখে সকালবেলায় কৈকালা ১ নং ফিডারের বিকল কেব্‌লটি মেরামত করা হয় এবং ইহার ফলে সরবরাহ স্বাভাবিক হয়। ভবিষ্যতে প্রয়োজনানুসারে ব্যবহারের জন্য কৈকালা ২ নং ফিডারের বিকল কেব্‌লটিও বসান হইয়াছে এবং এটি বিদ্যুতান্বিত করার কাজও শেষ হইয়াছে।

[2.00—2.10 P.M.]

Mr. Speaker: Now I called upon the Minister-in-charge of Agriculture Department to make a statement on the subject of acute scarcity of drinking water in some districts in West Bengal, attention called by Dr. Motahar Hossain on the 6th April, 1984.

শ্রীকমলকান্তি গুহ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১। বামফ্রন্ট সরকার সমগ্র

পশ্চিমবঙ্গে বিশেষ করে গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহের বিষয়টিকে সর্বদাই বিশেষ অগ্রাধিকার দিয়ে আসছেন।

২। রাজ্য যোজনার অন্তর্গত "ন্যূনতম প্রয়োজন ভিত্তিক কর্মসূচী" এবং সেই সঙ্গে কেন্দ্রে প্রবর্তিত "ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ কর্ম প্রকল্পের" মাধ্যমে সাধারণতঃ এ রাজ্যের জল সরবরাহ প্রকল্পগুলি রূপায়িত হচ্ছে। "ন্যূনতম প্রয়োজন ভিত্তিক" কর্মসূচীর অধীনস্থ প্রকল্পগুলির মধ্যে রয়েছে নলবাহিত জল সরবরাহ প্রকল্প এবং নলকূপ / কূপ খনন, পুনর্বাসন এবং মেরামতী প্রকল্প।

৩। উক্ত প্রকল্পগুলির জন্য রাজ্য সরকার প্রতি বছর বার্ষিক বাজেটে ব্যয়-বরাদ্দ ধার্য করে থাকেন এবং ঐ অর্থ দ্বারা জল সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করে থাকেন। দৃষ্টান্তস্বরূপ বলা যেতে পারে যে, ১৯৮৩-৮৪ আর্থিক বছরে ৩,২৩,৯২,১৯৮.০০ টাকা ব্যয়ে কূপ/নলকূপ খনন, পুনঃখনন, মেরামতি কাজ মঞ্জুর করা হয়েছে। এসব কাজ স্থানীয় পঞ্চায়েতগুলির মাধ্যমে রূপায়িত করার নির্দেশ দেওয়া হয়েছে। ঐ কাজ অন্যান্য জেলার সঙ্গে বীরভূম এবং দার্জিলিং জেলাতেও রূপায়িত হচ্ছে। দার্জিলিং জেলার ৩টি মহকুমাই পার্বত্য এলাকাতে অবস্থিত বলে ঐ ৩টি মহকুমাতে কূপ বা নলকূপ খনন করা সম্ভব নয়। কেবলমাত্র শিলিগুড়ি মহকুমায় কোন কোন স্থানে কূপ খনন সম্ভব। সমগ্র দার্জিলিং জেলার জন্য বিগত আর্থিক বছরে মোট ১১৮টি কূপ খননের নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া পার্বত্য এলাকাগুলির জন্য ছোট ছোট আকারের নলবাহিত জল সরবরাহ প্রকল্প প্রতি বছরই অনুমোদিত হয়ে থাকে। দৃষ্টান্তস্বরূপ বলতে পারি যে, বিগত আর্থিক বছরে ছোট আকারের মোট ৪টি জল সরবরাহ প্রকল্প পার্বত্য এলাকার জন্য মঞ্জুর করা হয়েছে। ঐ প্রকল্পগুলি রূপায়ণের জন্য আনুমানিক ব্যয় হবে মোট ৬.৯৮ লক্ষ টাকা। সমগ্র রাজ্যের প্রসঙ্গে বলতে পারি যে, বর্তমানে ন্যূনতম প্রয়োজন ভিত্তিক কর্মসূচীর মাধ্যমে এরাজ্যে মোট ৮১টি গ্রামীণ নলবাহিত জল সরবরাহ প্রকল্প রূপায়িত হচ্ছে। এর মধ্যে বীরভূম জেলায় ৪টি প্রকল্পের কাজ চলছে। ঐ জেলায় ইতিমধ্যেই অনুরূপ ৮টি প্রকল্প চালু হয়েছে।

৪। কেন্দ্র প্রবর্তিত ত্বরান্বিত কর্মপ্রকল্পের আওতায় রাজ্যের পাথুরে এলাকাগুলিতে রিগযন্ত্রের সাহায্যে নলকূপ খনন করা হয়ে থাকে। তাছাড়া ঐ কর্মসূচীর দ্বারা নলবাহিত জল সরবরাহ প্রকল্পও রূপায়িত করা হয়ে থাকে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, এ বাবদ কেন্দ্রের নিকট থেকে যে আর্থিক সাহায্য পাওয়া যায় তা শর্তাধীন। যেমন ঐ আর্থিক সাহায্যের দ্বারা কেন্দ্রীয় সরকারের অনুমোদিত সমস্যাসঙ্কুল গ্রামগুলিতেই কেবলমাত্র জল সরবরাহের ব্যবস্থা করা সম্ভব। কিন্তু

পানীয় জলের অভাব শুধু সমস্যাসঙ্কুল গ্রামেই সীমাবদ্ধ নয়। কাজেই সমস্যাসঙ্কুল নয় এমন গ্রামের জলাভাব মেটাবার দায়িত্ব রাজ্য সরকার এড়াতে পারেন না। ফলে ঐ সমস্ত গ্রামের জন্য প্রয়োজনীয় অর্থ সাহায্য বামফ্রন্ট সরকারকেই করতে হয়। সুতরাং মাননীয় সদস্যদের আমি পরিষ্কারভাবে জানাতে চাই যে, কেন্দ্রীয় সরকার রাজ্যের সর্বত্র জল সরবরাহের জন্য অর্থ সাহায্য দিয়ে থাকেন এরূপ ধারণা সম্পূর্ণ ভুল। যাইহোক কেন্দ্রীয় সরকারের পরিকল্পনাধীনে রাজ্যের বিভিন্ন গ্রামাঞ্চলে বর্তমানে মোট ১২৩টি নলবাহিত প্রকল্প রূপায়িত হচ্ছে। তাছাড়া এই কর্মসূচীর মাধ্যমে পাথুরে এলাকাগুলিতে এ পর্যন্ত মোট ৯ হাজারেরও বেশী "রিগবোর্ড্ নলকূপ" বসানো হয়েছে এবং গত আর্থিক বছরে আরও ১৬৫০টি নলকূপ খননের কাজ মঞ্জুর করা হয়েছে। তার মধ্যে বীরভূম জেলায় মোট ২৫৫টি ঐরূপ নলকূপ খননের কাজ অন্তর্ভুক্ত আছে।

৫। এ প্রসঙ্গে বিগত মার্চ মাস থেকে বৃষ্টিপাতের অপ্রতুলতাহেতু যে পরিস্থিতির উদ্ভব হয়েছে তা মোকাবিলার জন্য সরকার যে ব্যবস্থাদি গ্রহণ করেছেন সে বিষয়েও আমি মাননীয় সদস্যদের অবগত করতে চাই। জলস্তর নেমে যাওয়া ও খরাজনিত পরিস্থিতির মোকাবিলা করার জন্য সরকার সুপরিকল্পিত পথে অগ্রসর হচ্ছেন এবং সরকারের সীমিত আর্থিক সংগতি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করেছেন। বিগত মার্চ মাসে পানীয় জলাভাব দূরীকরণের জন্য মোট ৪১ লক্ষ ৬২ হাজার টাকা বিভিন্ন জেলাগুলির জন্য মঞ্জুর করা হয়েছে। ঐ জেলাগুলি হল মুর্শিদাবাদ, বীরভূম ২৪ পরগনা, মেদিনীপুর, বর্ধমান, বাঁকুড়া, নদীয়া, হুগলী এবং দার্জিলিং। বিশেষ করে দার্জিলিং এবং কালিম্পং শহরে জলকষ্ট নিবারণের জন্য সরকার ১ লক্ষ ১৫ হাজার টাকা মঞ্জুর করেছেন। ঐ অর্থ দ্বারা ট্যাঙ্কারের সাহায্যে জল সরবরাহ করা হবে। মুখ্যতঃ উক্ত টাকার দ্বারা নূতন নলকূপ খনন, পুরানো নলকূপের সংস্কার, সাধারণ নলকূপগুলির গভীরতা বৃদ্ধি এবং ট্যাঙ্কারের সাহায্যে জল সরবরাহ করার কাজ হবে। ঐ টাকার মধ্যে বীরভূম জেলার জন্য মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ হল ৬ লক্ষ ১৭ হাজার টাকা। এছাড়া মেদিনীপুর জেলার জন্য মোট ২৫ লক্ষ টাকা এবং ২৪ পরগনা জেলার জন্য মোট ৬ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

তাছাড়া পানীয় জলের অভাবের পরিপ্রেক্ষিতে একটি বিশেষ সেলও খোলা হয়েছে যাতে গ্রামঞ্চলের জলকষ্টের বার্তা সঙ্গে সঙ্গে পাওয়া যেতে পারে এবং আপতকালীন ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারা যায়।

৬। যাইহোক মাননীয় সদস্যদের আমি জোরের সাথে বলতে চাই যে, পানীয়

জলাভাবের সমস্যার মোকাবিলা যথাযথভাবেই করা হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থাদিও যথাসময়ে নেওয়া হবে।

Mr. Speaker : Now, the Minister-in-charge of Health and Family Welfare Department will please make a statement on the subject of alleged death of many children from dysentery in Howrah district due to scarcity of drinking water, attention called by Shri Asok Ghosh on the 10th April, 1984.

শ্রীরামনারায়ণ গোস্বামী : হাওড়া জেলার আমতা ২নং ব্লকে রক্ত আমাশয় রোগের প্রাদুর্ভাব দেখা দেয়। ২২৫টি পরিবারের মধ্যে (জনসংখ্যা আনুমানিক ১৫০০) এই রোগ দেখা দেয়। রিপোর্ট পাওয়ার পরই জেলার স্বাস্থ্যকর্মীরা ঐ অঞ্চল পরিদর্শন করেন। বিশেষ করে আজানগাছি, শিরোল, ভাটোরা প্রভৃতি সবকটি গ্রামেই রোগের প্রকোপ দেখা দেয়। এই গ্রামগুলির সবই আমতা ২নং ব্লকের অধীনে। রোগের লক্ষণগুলি ছিল রক্ত আমাশয়, জ্বর, পেটে যন্ত্রণা ইত্যাদি। কিছু ক্ষেত্রে পুকুরের জল ও পচা মাছ খাওয়ার পর ঐ রোগের লক্ষণ প্রকাশ পায়। অন্য কিছু ক্ষেত্রে শিশুদের মধ্যে হামের পরে রক্ত আমাশয় দেখা দেয়।

রোগের প্রথম প্রকাশ হয় ১.১২.৮৩ তারিখে এবং মোট আক্রান্তের সংখ্যা দাঁড়ায় ৬৩৮। এই রোগ দমনের জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি নেওয়া হয়েছে :

জল বিশুদ্ধকরণ	...	পুকুর	...	১৪
		ঘাট	...	৩৩
		নলকূপ	...	৪
ঔষধ বিতরণ	...	সালফাগুয়ানাডিন	...	৬২৬৫
		এন্টেরাকুইনল	...	৫০১৫
		এ্যাম্পিসিলিন	...	১০০
		হ্যালোজেন	...	৮৯৭১
রোগী চিকিৎসিত	...			৬৩৮
কর্মী নিয়োজিত	...	ব্লক স্যানিটারী ইন্সপেক্টর		১
		হেল্‌থ ইন্সপেক্টর	...	১
		হেল্‌থ এ্যাসিসটান্ট	...	৬
		হেল্‌থ গাইড	...	১

এছাড়া বাগনান ব্লকের কিছু এলাকায় শিশুদের মধ্যে রক্ত আমাশয় রোগ দেখা

দেয়। উহাদের মধ্যে কিছু রোগী বাগনান রুরাল হাসপাতালে এবং মুগকল্যাণ হেল্‌থ সেণ্টারে ভর্তি হয়েছে এবং কিছু রোগী বাড়ীতে চিকিৎসিত হয়েছে। হাসপাতালসমূহের ডাক্তার এবং ব্লকের স্যানিটারী ইন্সপেক্টর ঐ অঞ্চলে কাজ করছেন। চিকিৎসা ছাড়াও স্বাস্থ্য সম্বন্ধে বিশেষতঃ বিশুদ্ধ পানীয় জল পানের ব্যাপারে গ্রামবাসীগণকে অবহিত করা হয়েছে। জেলার মুখ্য স্বাস্থ্যাধিকারিক ঐসব অঞ্চল পরিদর্শন করেছেন। রোগ প্রতিরোধের জন্য সব রকম ব্যবস্থা নেওয়া হয়েছে—যথা জল বিশুদ্ধকরণ, রোগীর চিকিৎসা, জনসাধারণের মধ্যে প্রচার ইত্যাদি। বর্তমানে এই রোগ কমের দিকে।

গত ২২শে মার্চ থেকে ১৫ই এপ্রিল '৮৪ তারিখ পর্যন্ত মুগকল্যাণ প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্রের বহির্বিভাগে চিকিৎসিত হয়েছে মোট ৪০২ জন। ১৬ জন রোগীকে একদিনের জন্য হাসপাতালে অবজারভেশন ওয়ার্ডে রাখা হয়েছিল। বেশীর ভাগ ক্ষেত্রে হাম হওয়ার পরবর্তী সময়ে আমাশয় রোগ হয়েছিল। মৃত্যু সংখ্যা—১৬ জন। বাগনান প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে মোট ৩৪জন রোগী ভর্তি হয়েছিল। তার মধ্যে ১ জনের মৃত্যু হয়। ১৫জন রোগী সুস্থ হয়। ১২ জনের চিকিৎসা হচ্ছে এবং ৬ জনকে অন্য হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।

শ্রীদেওকী নন্দন পোদ্দার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২২৬ ধারায় আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের বিরুদ্ধে একটি প্রিভিলেজ মোশন আনতে চাই।

Mr. Speaker: I have alredy passed an order on it. A motion of no-confidence is pending against me and I will give my ruling on all the motions of privilege after the no-confidence motion is disposed of, not before that.

শ্রীসত্যরঞ্জন বাপুলী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় দেওকী পোদ্দার মহাশয় যেটা এনেছেন সেটাতে আপনার কোথাও বার নেই। আপনার বিরুদ্ধে নো-কনফিডেন্স যেটা সেটা ডিসকাশান করার আপনার যখন সময় হবে সেজন্য আপনি ফেলে রেখে দেবেন, এ রকম কোন প্রভিসন বা রুলস নেই।

Mr. Speaker: I am on parliamentary ethics. As there is a no-confidence motion pending against me and as some of grounds of the no-confidenee motion are also the grounds of the motions of privilege, I think, the no-confidence motion should be disposed of first. That is the matter—I am not talking of any bar but I am talking of parliamentary ethics.

[2.10—2.20 P.M.]

I will deal with the Privilege Motions only after the No-confidence Motion moved against me is disposed of.

Shri Satya Ranjan Bapuli : Sir, the other day Hon'ble Chief Minister has passed some remarks against Justice Barua. Shri Poddar has given the Privilege Motion on that issue. So, in my opinion, there is no bar in the rules to dispose of the case now.

Mr. Speaker : Mr. Bapuli, as I told earlier that the Privilege Motions will be considered only after the No-confidence Motion which has been filed against me is disposed of and not before that.

LAYING OF REPORT

Annual Report of the Damodar Vally Corporation and Audit Report for the year 1982-83

Shri Nani Bhattacharyya : Sir, I beg to lay the Annual Report of the Damodar Vally Corporation and Audit Report for the year 1982-83.

Laying of Budget Estimates of Damodar Vally Corporation for the year 1984-85

Shri Nani Bhattacharyya : Sir, I beg to lay the Budget Estimates of Damodar Vally Corporation for the year 1984-85.

Mention Cases

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবাংলার অন্যান্য জেলার মত মুর্শিদাবাদ জেলাতেও জলকষ্ট দিনের পর দিন বাড়ছে, তীব্রতর হয়ে উঠছে। শুনতে পেলাম যে এ-ব্যাপারে জেলার সভাধিপতি এবং জেলা সমাহর্তা সরকারের কাছে এস. ও. এস. পাঠিয়েছেন। তাছাড়া ঐ জেলায় একটা অদ্ভুত রোগের প্রাদুর্ভাব হয়েছে যার আক্রমণে মানুষ মারা যাচ্ছে। ডাক্তাররা বলেছেন এঁদো পুকুরের জল খাওয়ার ফলেই এই রোগ হচ্ছে। আমার কাছে খবর আছে ডোমকল থানার মানিকনগরে এই রোগে ৯ জন ইতিমধ্যে মারা গেছেন। তাছাড়া ভগবানগোলার হরিরামপুরেও এই রোগে ৬ জন মারা গেছেন বলে খবর পেয়েছি। সেখানে যাতে সেণ্ট্রাল টিম' এই রোগের প্রতিকার করতে যায় সেই রকম ব্যবস্থা নিতে অনুরোধ করছি। আমার যে নির্বাচন কেন্দ্র নবগ্রাম, সেখানেও একই জলকষ্ট

চলছে। সমস্ত টিউবওয়েল ড্রাই হয়ে গেছে। যাঁরা শ্যালো টিউবওয়েলের মালি
আজকে তাঁদের টিউবওয়েল থেকে মেয়েরা জল আনতে যাচ্ছেন—কিন্তু তাঁরা জ
দিচ্ছেন না। তাঁদের দাবীতে আড়াই/তিন কিলোমিটার দূর থেকে এঁদো পুকুরে
জল জমিতে ঢালিয়ে তার বদলে ঐ মাপের জল মালিকেরা দিচ্ছেন এবং তখন তাঁ
তা এনে খাচ্ছেন। এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় অধ্যক্ষ মহাশ
আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি কংগ্রেস কর্মী খুনে
ঘটনা বলবার আগে একটি গুরুত্বপূর্ণ ব্যাপার আপনার কাছে বলতে চাই।

মি স্পীকার : অশোকবাবু, একটি মেনশন করতে উঠে দুটি মেনশন করবে
না, আমার কাছে যেটা দিয়েছেন সেটাই বলবেন।

শ্রীঅশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ঘটনার উল্লেখ করে
বলতে চাই যে, শিলিগুড়িতে আমাদের কংগ্রেস কর্মী ভীম সিংকে মহানন্দা নদী
ব্রীজের উপর প্রকাশ্য দিবালোকে খুন করা হয়েছে। যিনি খুন করলেন তি
সি. পি. এম.-এর একজন সমাজবিরোধী, নাম হচ্ছে শিবুয়া, যার বিরুদ্ধে বহু কে
রয়েছে এবং দিনের পর দিন ঐ এলাকায় সন্ত্রাস সৃষ্টি করে রেখেছে। গত ১৩ তারিখে
প্রকাশ্য দিবালোকে সিংকে কুপিয়ে কুপিয়ে খুন করা হোল, কিন্তু আজও খুনীকে
গ্রেপ্তার করা হোল না। আমরা দেখতে পাচ্ছি কংগ্রেসের কেউ খুন হলে আপনার
সেইসব সমাজবিরোধীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নিচ্ছেন না। আমাদের ডাঃ হৈ
বসুর উপর অত্যাচারের বিরুদ্ধে ব্যবস্থা নিতে আপনাদের আজ এত আপত্তি কেন
সত্য বাপুলি মহাশয় মেনশান করেছেন। সমাজবিরোধী—সে কংগ্রেস হোক আ
কমিউনিস্ট পার্টিরই হোক—তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে এই সরকা
পেছিয়ে যাচ্ছে কেন? তাদের এ্যারেষ্ট করা হচ্ছে না কেন? ওনাদের দলের মধ্যে
অনেক কোঁদল আছে জানি। সমাজবিরোধীদের বিরুদ্ধে এ্যাকশান নেওয়ার জ
আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশৈলেন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে
একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, হুগলী জেলায় ডানকুনি খাল না

একটা দীর্ঘ খাল আছে। এই খালটির দুই প্রান্ত হুগলী নদীতে মিশেছে। এর এক প্রান্ত বালিতে এবং অপর প্রান্ত শেওড়াফুলিতে মিশেছে। ১৯৭৭-৭৮ সালে এটা সংস্কার করার জন্য হুগলী জেলার সভায় একটা আলোচনা হয়। এখানে একটা স্লুইস গেট করার কথা হয়। পরবর্তীকালে ১৯৭৯ সালে একটা স্লুইস গেট তৈরী হয় বোঁদেরবিলে। শেওড়াফুলি কাঠের ব্রীজটি ভেঙ্গে গিয়েছে। তাতে করে জল ঠিক মতো নিয়ন্ত্রণে আনা যাচ্ছে না। সেখানে গেট ওঠেও না নামেও না, তার নিয়ন্ত্রণ অবস্থা নেই। সেই জন্য এই বোঁদেরবিল অঞ্চলে এবং শেওড়াফুলিতে দুটি স্লুইস গেট বসানোর জন্য আমি আবেদন জানাচ্ছি। এই খালটি থেকে যাতে ৩/৪ ফুট মাটি কেটে তোলা যায় তার ব্যবস্থা করা হোক।. এই এলাকায় চাষযোগ্য ৩৫ হাজার একর জমি আছে। এখানে জমিতে দু' ফসল/তিন ফসল চাষ হওয়া সম্ভব। এই ডানকুনি খালটি ৫টি বিধানসভা কেন্দ্রের মধ্যে দিয়ে গিয়েছে। এখানে জলের ব্যবস্থা ঠিকমতো করতে পারলে এখানকার জমিতে দু' ফসলী/তিন ফসলী চাষ করা সম্ভব হবে। পশ্চিমবাংলায় ধানের অভাব, গমের অভাব, সেই অবস্থায় এই খাল সংস্কার অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই ব্যাপারে নজর দিলে সেখানে মানুষ উপকৃত হবে এবং সেই সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলার মানুষ উপকৃত হবে।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, through you I want to draw the attention of the Hon'ble Chief Minister who is also the Home Minister to the matter of loss of lives due to violation of traffic rules by the buses both State Transport buses and private buses and lorries. They are moving on the streets of Calcutta so rashly, avoiding all traffic rules and causing loss of lives due to road accidents, that it requires immediate action. It is because the drivers do not care for the traffic rules. Sir, just one day back, on the Nirmal Chandra Street, one such accident happened, and for this the sentiment of the people of the whole area forced them to get the roads blocked. So, I want to draw the attention of the Hon'ble Chief Minister and of the Police Department which has got the Traffic Police section to see that the Traffic Police do not remain missing from the important position. In fact, they are not taking proper action against these violation of rules and against the drivers who drive their vehicles rashly ignoring the traffic rules. The Hon'ble Chief Minister who is also the Police Minister should take such steps that the traffic rules are enforced strictly to minimise the road accidents so that innocent lives are not lost. Thank you.

শ্রীনীরোদ রায়চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জরুরী বিষয়ের প্রতি রাজ্যের মাধ্যমিক এবং প্রাথমিক স্তরের মন্ত্রীদ্বয়ের

দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণে প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্য-পুস্তক বিলি হওয়া সত্ত্বেও পশ্চিমবাংলায় একশ্রেণী শাসক এবং একশ্রেণী শিক্ষক সংগঠকের যোগসাজশে ঐ পাঠ্যপুস্তক বাদ দিয়ে অন্য পুস্তক বিভিন্ন বিদ্যালয়ে পাঠ্য করা হচ্ছে।

[2.20—2.30 P. M.]

এই বইয়ের সংখ্যা হচ্ছে ১২ থেকে ১৪ এবং এক-একটা বইয়ের মূল্য হচ্ছে ২০ থেকে ২৫ টাকা। অথচ সরকার বলে দিয়েছে যে, সরকারী নির্ধারিত বই ছাড়া অন্য কোন বই পাঠ্য করা যাবে না। কিন্তু এক শ্রেণীর লোক এই কাজ করে চলেছে এবং তারাই পুস্তক বিদ্যালয়গুলিতে হাজির করছে। প্রথম শ্রেণীর পাঠ্য হচ্ছে মূল্যায়ন-পত্র। এটি পড়ান হচ্ছে প্রাথমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের, যাদের বয়স ৬ বছর, এই বই ৩০ পাতার বই এবং মূল্য ৪ টাকা ধার্য করা হয়েছে। এছাড়া গ্রামার, রচনা, ব্যাকরণ, শ্রুতিলেখন ইত্যাদি ১৮ খানা বই আছে। আমার কাছে এর লিস্ট আছে, আমি সেগুলি আপনার কাছে হাজির করতে পারি। সুতরাং পশ্চিমবঙ্গে শিক্ষাক্ষেত্রে এই অবস্থা চলছে। এর ফলে গারজেনদের উপর ট্যাক্সেসান বসছে এবং বাচ্চাদের উপর অহেতুক লোড চাপানো হচ্ছে। আমি এই ব্যাপারে আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ধরনের ব্যবসা বন্ধ হয় তার জন্য আপনি ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীসত্যরঞ্জন বাপুলি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি বোধহয় জানেন যে, কলিকাতায় মিউ-নিসিপ্যাল করপোরেশান হওয়ার পরে গণনার কাজ শুরু হয়েছে এবং তাতে বিভিন্ন জায়গাতে সি. পি. এমের এ্যাকটিং ক্যাডার নিযুক্ত করা হয়েছে। বিশেষ করে গার্ডেনরীচ এলাকায় মেহেতার মার্ডার হওয়ার পর থেকে সেখানে হাজার হাজার লোক পুলিশের অত্যাচারে ভয়ে ঘরছাড়া হয়ে চলে গেছেন। ফলে ওই সমস্ত এলাকায় পুরুষ মানুষ বলতে নেই এবং বহু বাড়ীতে পুরুষ নেই। এর ফলে পুলিশের অত্যাচারে যে ভোটার লিষ্ট তৈরী হবে সেটা প্রকৃত ভোটার লিষ্ট হবে না। এতে গণনার কাজ হবে না। সেই জন্য আমি অনুরোধ করছি যতক্ষণ না সেখানে একটা নরম্যাল প্রিভেল্স না করে, যতক্ষণ না সেখানে একটা শান্তি ফিরে আসে এবং যতক্ষণ না একটা স্থিতাবস্থার সৃষ্টি হয় ততক্ষণ ওই সমস্ত এলাকায় একটা/

ছুটো মাস যেন ভোট গণনা বন্ধ থাকে, কারণ তা না হলে এতে বহু লোক বাদ যাবে। আমার দ্বিতীয় কথা হচ্ছে এখানে যেভাবে সি. পি. এম. ক্যাডার নামিয়ে ভোটার লিষ্ট তৈরী করা হচ্ছে সেটা আরো মারাত্মক। সুতরাং এইগুলির প্রতি দৃষ্টি দেবেন এই অনুরোধ আমি আপনার মাধ্যমে রাখছি।

মিঃ স্পীকার: মেহেতা মার্ডার হওয়ার পর থেকে সেখানে পুলিশের অত্যাচারে এই কথাটি বাদ যাবে।

শ্রীবিজয় পাল: মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, আসানসোলে হাসপাতাল, রাস্তাঘাট এবং কলোনী রয়েছে, সেগুলি এনক্রোচমেন্ট হচ্ছে এবং বিচ্ছিরিভাবে এনক্রোচমেন্ট হচ্ছে, যার ফলে যানবাহন চলাচলের অসুবিধার সৃষ্টি হচ্ছে। যেখানে সেখানে মস্তানরা রাস্তা দখল করে বসে থাকছে। এর ফলে কাজকর্মের খুব বাধার সৃষ্টি হচ্ছে এবং এই এনক্রোচমেন্ট যদি বন্ধ না করা যায় তাহলে প্ল্যানের কাজ বা ডেভেলপমেন্টের কাজ করা যাবে না। সুতরাং আমি আপনার মাধ্যমে এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করতে অনুরোধ করছি।

শ্রীঅম্বিকা ব্যানার্জী: স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সংবাদপত্রে একটা খবর বের হয়েছে যে, ১৯৮১ সালে প্রয়াত প্রমোদ দাশগুপ্ত এবং চিফ মিনিষ্টার মিলে একটা সর্ট মেডিকেল কোর্স চালু করেছিলেন। তাঁর আগে ২ বছর বিচার-বিবেচনা করে এই কোর্স চালু হয়। কিন্তু এখন শুনতে পাচ্ছি এই কোর্স বন্ধ করে দেবার সিদ্ধান্ত বামফ্রন্ট কমিটি নিয়েছে। গ্রামে ডাক্তার নেই, ভাল ডাক্তার সেখানে যান না। এখন জানি না কোন্ লবি কাজ করছে। হঠাৎ কেন তাঁরা বলছেন এই কোর্স ব্যর্থ হয়েছে। আমার কথা হচ্ছে ৩০০-র মত ছাত্র-ছাত্রী আজ অসহায় বোধ করছে। এ্যাসেম্বলীর বাইরে নেতৃবৃন্দের সঙ্গে তারা দেখা করছে। ৬টি এই কেন্দ্র খোলা হয়েছে। তাঁদের কোন পরীক্ষাও হয় নি, অতএব তাঁদের বিচার-বিবেচনা করবার সময়ও আসে নি। আমার দাবী হচ্ছে সেই সমস্ত ছাত্র-ছাত্রীদের পরীক্ষা নেওয়া হোক এবং তাঁরা যাতে উচ্চ শিক্ষা পায় এবং ভবিষ্যতে আমাদের কাজে লাগে সেই বিষয়ে ব্যবস্থা করা হোক।

শ্রীআতাহার রহমান: স্যার, মুর্শিদাবাদ জেলার লালগোলা থানায় গতকাল

যে ঘটনা ঘটেছে তাঁর প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। লালগোলা থানার চাটাভূজি গ্রামে সমাজবিরোধীরা বোমা, মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে নিজেদের মধ্যে সংঘর্ষ করে। ওটা একটা সীমান্তবর্তী অঞ্চল। সেখানে একটা ঘাট নিয়ে ডাকা হয়। এ বৎসর সেখানে একটা গোলমাল হয়, যার ফলে ডাকা হয় না। এই কারণে ও. সি.-র উপস্থিতিতে অলিখিত সিদ্ধান্ত হয়। এই ঘাটটির নিলাম যখন হয় তখন সেখানে উপস্থিত ছিলেন আমাদের বিধানসভার বিশেষ দলের একটি নেতা। যখন সংঘর্ষ শুরু হয় তখন নেতা খবর পেয়ে দ্রুত গতিতে সরকারী গাড়ীতে উপস্থিত হন। নেতাকে দেখে উভয়পক্ষের মধ্যে সংঘর্ষ হয় এবং নেতা আক্রমণের ভয়ে সেখানে উপস্থিত না থাকতে পেরে পশ্চাৎ অপসারণ করেন এবং থানায় আশ্রয় গ্রহণ করেন। এই নেতা হচ্ছেন আমাদের বিরোধী পক্ষের নেতা আবদুস সাত্তার। এদের একটি দলে ছিলেন মুসলিম বিশ্বাস এবং আর একটি দলের নেতা হচ্ছেন নিঁয়াজ বিশ্বাস। এই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি অনুরোধ করছি যাতে এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি না ঘটে সেই দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করা দরকার।

[2.30—2.40 P.M.]

শ্রীহবিবুর রহমান ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি শিক্ষা দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য নীরোদবাবু বললেন, বামফ্রন্ট সরকার প্রাথমিক বিদ্যালয়গুলিতে যথাসময়ে পুস্তক সরবরাহ করেছেন। বাজেট বক্তৃতায় মন্ত্রী মহাশয় বলেছিলেন, সমস্ত বিদ্যালয়ে যথাসময়ে পুস্তক সরবরাহ করা হয়েছে। আমার জেলার মন্ত্রী বারি সাহেব জেলার কো-অর্ডিনেশন কমিটির মিটিং-এ বলেছিলেন জানুয়ারী মাসের মধ্যে পঞ্চায়েত সমিতির মাধ্যমে পুস্তক পৌঁছে যাবে এবং সেই মর্মে হুকুমনামা জারি করা হবে। কিন্তু বাস্তবে দেখছি এঁদের সমস্ত কথা অসত্য এবং বারি সাহেব সেই মিটিং-এ বসে যা বলেছিলেন তাও অসত্য। আজকে এপ্রিল মাস শেষ হতে চলল, অথচ একমাত্র অংক বই ছাড়া আর কোন বই সরবরাহ করা হয় নি। অর্থাৎ মন্ত্রী মহাশয় এখানে মিথ্যে ভাষণ দিয়েছেন। আরও শুনলে আশ্চর্য হবেন, বিগত বছরের ভূগোল এবং ইতিহাস বই অদ্যাবধি দেওয়া হয় নি। প্রথম এবং দ্বিতীয় শ্রেণীর সহজপাঠ বইও দেওয়া হয় নি। আমার মনে হয় এক্ষেত্রে বামফ্রন্ট সরকারের একটা চক্রান্ত রয়েছে। তাঁরা রবি ঠাকুরের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন, অথচ তাঁর

বাণী ছেলেদের মধ্যে প্রচার করছেন না। মার্কস্‌কে প্রচার করবার জন্য কিশলয় চালু রেখেছেন, কিন্তু রবি ঠাকুরের বই সরবরাহ করা হচ্ছে না কেন সেদিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীবামাপদ মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৭-৪-৮৪ তারিখে আসানসালের ওধারে মেনধেমো এবং লছীপুরের মাঝে জি. টি. রোডে হায়ার সেকেণ্ডারী পরীক্ষা দিতে যাচ্ছে কুলুটি স্কুলের একটি ছাত্রী ভর্তি বাস্‌-এর সংগে একটি ট্রাকের মুখোমুখি সংঘর্ষ হয় এবং তার ফলে বাস এবং ট্রাকের ড্রাইভার এবং একজন গার্জিয়ান মারা যায়। একজন ছাত্রীও পরে হাসপাতাল মারা যায় এবং ৩০/৩২ জন ছাত্রী ইনজিওর্ড হয়। আমি শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করছি এই সমস্ত ছাত্রীদের ক্ষেত্রে আরও ১ বছর অপেক্ষা না করে একটি বিশেষ পরীক্ষার ব্যবস্থা করুন।

শ্রীসাধন চট্টোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার বিভিন্ন পৌরসভার মত কৃষ্ণনগর পৌরসভাকেও বামফ্রন্ট সরকার প্রতি বছর লক্ষ লক্ষ টাকা দিচ্ছেন। কিন্তু সেখানকার ক্ষমতাসীন কংগ্রেস (আই) এবং জনতা দল সেই টাকা নিয়ে কি করছেন সেটা বোধহয় মন্ত্রী মহাশয়ের জানা নেই। ওখনাকার রাস্তা-ঘাট ভাঙ্গা, অথচ মেরামতের কোন ব্যবস্থা নেই, দু'হাজারের উপর খাটা পায়খানা রয়েছে, যেগুলো দীর্ঘদিন পরিষ্কার করা হয় না। ওখানকার শাসক গোষ্ঠী এবং ঠিকাদারদের একটা চক্র ওই টাকা-পয়সা লুঠপাট করছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটিকে দিয়ে এই ব্যাপারে তদন্ত করান এবং সেখানে যে টাকা-পয়সা দেওয়া হচ্ছে সেটা কিভাবে ব্যয় হচ্ছে সেটাও অনুসন্ধান করান।

শ্রীকমল সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা অঞ্চলের একটি ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। খড়দহের বন্দীপুর অঞ্চল একটি কৃষি এলাকা। ওখানে যে খালটি রয়েছে তার সংস্কার করা হচ্ছে না এবং সেখানকার রাস্তাঘাটেরও সংস্কার করা হচ্ছে না। এটা পি. ডবলিউ. ডি.-র অধীনে রয়েছে। এক সময় বলা হয়েছিল এবং মন্ত্রী মহাশয়ও আশ্বাস দিয়েছিলেন এর সংস্কার করা হবে। কিন্তু দুঃখের সংগে জানাচ্ছি আজ পর্যন্ত সেই সংস্কারের কাজ করা হয় নি। সেটা কেন সংস্কার হচ্ছে না, তাও বুঝতে পারছি না। একদিকে কৃষিজীবীরা জল পাচ্ছে না, জলের অভাব, আবার মানুষ স্বাস্থ্য কেন্দ্রে যাতায়াত করতে পারছে

না। স্বাস্থ্য কেন্দ্রের সঙ্গে যেসব রাস্তাঘাট রয়েছে, সেগুলি একেবারে খারাপ হয়ে গেছে। একদিকে খাল, অন্যদিকে রাস্তাঘাট—এগুলি যে কার বিভাগে পড়বে বুঝতে পারছি না। আগে পি. ডবলিউ ডি.-এর আওতারে ছিল। বর্তমানে এই দায়িত্ব স্বাস্থ্য বিভাগের। অথচ এটা হচ্ছে না। ৫/৬ বছর আগে আমি এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করেছিলাম। তখন যতীনবাবু বলেছিলেন, আমার রাস্তা করে দেবার কথা, আমি করে দিয়েছি। এর পর আমি কিছু করতে পারবো না। তার পর আমি স্বাস্থ্যমন্ত্রীকে বলেছিলাম। তিনি বলেছিলেন যে, এটা করবেন। তবুও এটা হচ্ছে না। সেইজন্য আমি এই বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীদেওকি নন্দন পোদ্দার : মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পৌর-মন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৪শে তারিখে কলেজ ষ্ট্রীটের মার্কেটের একটা ভাগের ছাদ পড়ে গেছে। এই মার্কেটে যেখানে হাজার ক্রেতা বিক্রেতা মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষ বাজার হাট, কেনা-বেচা করে সেখানকার অবস্থা অত্যন্ত শোচনীয়। আমি পৌরমন্ত্রীকে অনুরোধ করছি তিনি দয়া করে নিজে গিয়ে একবার দেখে আসুন যে, সেখানকার কি অবস্থা। ঐ বাজারের কিছু কিছু অংশ এবং গোটা মাছের বাজারের উপর ছাদ নেই। ছয় / সাত বছর ধরে বিনা ছাদে এই মাছের বাজার চলছে। বছরের সমস্ত সময়ে কি বর্ষা, কি শীত, কি গ্রীষ্ম সেখানকার কি অবস্থা হয় সেটা নিশ্চয় আপনি বুঝতে পারছেন। সর্বক্ষেত্রে সেখানে ত্রিপলের পাল দেওয়া হয় এবং সেই পালের ভাড়ার জন্য লক্ষ লক্ষ টাকা কলকাতা করপোরেশনের খরচ হয়ে যায়। তা সত্ত্বেও কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এটা দেখার দায়িত্ব পৌরমন্ত্রী এবং বামফ্রন্ট সরকারের। তিনি নিজে গিয়ে একবার দেখে আসুন যে, সেখানে মানুষের কি রকম কষ্ট হচ্ছে। এখানে মানুষ নিঃশ্বাস ফেলতে পারে না। এই মার্কেট থেকে কর্পোরেশন রিফিটিউ বাবদ ১৫/২০ লক্ষ টাকা পেয়ে থাকে। তাই এই ব্যাপারে আমি পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুভাষ গোস্বামী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে বাঁকুড়া জেলায় ক্ষেত-মজুরদের হাতে কোন কাজ নেই। সম্পূর্ণ বেকার অবস্থায় তাদের দিন কাটাতে হচ্ছে। অন্যান্য বছর যদিও কিছু কিছু কাজ হয়ে থাকে—বর্তমানে সেইভাবে কাজ হচ্ছে না। কিছুদিন পূর্বে গ্রাম পঞ্চায়েতগুলির হাতে ১২ হাজার টাকা করে দেওয়া হয়েছে, কিন্তু এখন ১৫ হাজার টাকা দেওয়া হলেও একদিনের কাজ ঐসব ক্ষেত

মজুরদের দেওয়া যায় না। বাঁকুড়া জেলায় খরা বা বন্যার সময় তো রিলিফ দিতে হয়ই, কিন্তু এই মার্চ থেকে জুন মাস পর্যন্ত যে অবস্থা হয় তার জন্য বিশেষ ত্রাণকার্য একান্ত জরুরী। তাই আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি তিনি যেন অবিলম্বে সেখানে ত্রাণকার্যের পর্যাপ্ত ব্যবস্থা করেন।

শ্রীঅনুপ কুমার চন্দ্রঃ মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে ডেয়ারি ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের মন্ত্রী মহাশয়ের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। গত ৯।৪।৮৪ তারিখে মিল্ক ডিপো নং ১৫৫-তে যেখান থেকে লোককে দুধ দেওয়া হয়—সেই বোতলের মধ্যে একটি ইঁদুর দেখতে পাওয়া গিয়েছে। দুর্ভাগ্যের বিষয় সেখান থেকে এই সব দুধ জনসাধারণকে দেওয়া হচ্ছে।

আমরা বিভিন্ন সময় মন্ত্রী মহাশয়ের কাছে বারবার বলেছি যে, দুধের বোতলে বিভিন্ন রকম জীবাণু থাকে, পোকামাকড় থাকে, অনেক কিছু থাকে, তা সত্ত্বেও তিনি বলেছেন যে, বিজ্ঞানসম্মত উপায়ে এইসব বোতলে দুধ ভরা হয় এবং দুধ বিজ্ঞানসম্মত উপায়ে জনসাধারণের কাছে দেওয়া হয়। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, আমরা সেই জিনিসটা দেখতে পাই না। আমরা বিভিন্ন সময়ে দেখতে পাই, বিভিন্ন রকম জিনিস সেই বোতলের মধ্যে থাকে।

(মাননীয় সদস্য একটি বোতল স্পীকারের উদ্দেশ্যে দেখান।)

[2.40—2.50 P.M.]

মিঃ স্পীকারঃ বোতল দেখানো যাবে না, এটা প্রসিডিংসে রেকর্ড হবে না।

শ্রীঅনুপ কুমার চন্দ্রঃ এই রকমভাবে বিজ্ঞানসম্মত উপায়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দুগ্ধ প্রকল্প থেকে জনসাধারণের কাছে দুধ সরবরাহ করা হয়। এইভাবে জীবাণুযুক্ত দুধ জনসাধারণের কাছে সরবরাহ করা হয়। এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ভবিষ্যতে এই ঘটনার পুনরাবৃত্তি না হয়, এই ব্যবস্থা তিনি আশা করি নেবেন।

শ্রীসুভাষ বসুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর মহাশয়ের একটি জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ

করছি। আপনি জানেন যে, কল্যাণীতে ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশন একটা বটলিং-এর কারখানা করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের কাছে জমি চান, সরকার থেকে সেই জমি দেওয়া হয়েছে এবং সেখানে কারখানাও তৈরী হয়েছে। কিন্তু এখন ঐ কর্তৃপক্ষ বলছেন, যে-কোন বিস্ফোরণ হলে ঐ কারখানার আশেপাশের ঘরবাড়ি উড়ে যাবে, অতএব আরও জমি তাদের দিতে হবে। এটা একটা ভারত সরকারের উদ্যোগ, তাঁরা আগে কি জানতেন না যে, আরও জমির প্রয়োজন? যে জমি তাঁরা চেয়েছিলেন, সেই জমি তাঁদের দেওয়া হয়েছে। এখন বাড়তি জমি তাঁরা যা চাইছেন, তা দিতে গেলে এখন প্রায় ৮০টা ঘরবাড়ি সমেত জমি দিতে হবে, আমি মনে করি এই ব্যাপারে এক্সপার্ট দিয়ে পরীক্ষা করানো হোক এবং যাদের জমি পড়ে যাবে তারা যাতে ক্ষতিপূরণ পায় এবং বিকল্প জমি যাতে তারা পায় সেই ব্যবস্থা আশা করি মন্ত্রী মহাশয়রা করবেন।

শ্রীউপেন্দ্র কিস্কু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার ভুধ্যা গ্রাম পঞ্চায়েতের প্রধান, তাঁকে কয়েকজন ঝাড়খণ্ডী নামধারী লোক সার্টিফিকেট নেবার নাম করে বাড়ি থেকে ডেকে নিয়ে গ্রাম পঞ্চায়েতের অফিসে নিয়ে যায়। ওখানে সেই প্রধান গেলে ঐ পঞ্চায়েত অফিসের পাশ থেকে আরও ৫০/৬০ জন অস্ত্রধারী লোক বেরিয়ে আসে এবং তাকে অকথ্য ভাষায় গালিগালাজ করে এবং তাকে অফিস থেকে টেনে বার করে নিয়ে এসে তার হাত বেঁধে রাস্তা দিয়ে জোর করে হাঁটিয়ে নিয়ে যায় এই ৫০/৬০ জন লোক। আশপাশের লোক দেখতে পেয়ে ছুটে আসে। তখন তারা পালিয়ে যায়। এই ব্যাপারে মাত্র চারজনকে এ্যারেস্ট করা হয়েছে। বাকি যে দোষীরা পালিয়ে রয়েছে তাদেরকে গ্রেপ্তার করার জন্য মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী রেণুলীনা সুব্বা: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি কালিম্পং সাব ডিভিসন্যাল হসপিটাল ভিজিট করে গত রাত্রে ফিরেছি। সেখানে ৪ জন লেপ্রসি রোগী মারা গেছে। সেখানে এ্যানাসথেসিষ্ট নেই, টি. বি. স্পেশালিষ্ট নেই, চেষ্ট স্পেশালিষ্ট নেই, ডাক্তার নেই। ওখানে ব্লাড-ব্যাংক আছে, ফ্রিজ নেই। ভাল করে ফ্রিজিং করে রাখা হচ্ছে না। ব্লাড গ্রুপিং করার ওষুধ দরকার; এজেন্ট দরকার। সেখানে ব্লাড গ্রুপিং করা হচ্ছে না। সেই জন্য লোক মারা যাচ্ছে। দার্জিলিং, কালিপঙ্

সব জায়গায় আমি ভিজিট করেছি। এই এরিয়ায় ভিজিট করে দেখলাম দার্জিলিং সদর হসপিটালের অবস্থা খুব খারাপ হয়ে গেছে। সেখানকার লোকেরা খুব এ্যাজিটেটেড্ হয়ে গেছে। হেল্থ মিনিষ্টারকে সেখানে যাবার জন্য তাঁরা দাবী জানিয়েছেন, কিন্তু তিনি যাচ্ছেন না। আর হিল মিনিষ্টার দাওয়া লামা বাবার ল্যাম্প হয়ে বসে আছেন, কিছুই করেন না। উনি এই সব কিছুই দেখেন না। গত মাসে জ্যোতিবাবু দার্জিলিং গিয়েছিলেন। গোর্খা লীগ পার্টির তরফ থেকে আমরা তার সংগে মিট করেছিলাম। তখন জ্যোতিবাবু দার্জিলিং সদর হাসপাতালের অবস্থা অত্যন্ত খারাপ এটা তিনি এ্যাডমিট করেছিলেন। এই এ্যাডমিট করা সত্বেও এখন পর্যন্ত কোন এ্যাকশান নেওয়া হয় নি। সেখানে অক্সিজেন নেই, ডাক্তার নেই, এক্স-রে প্লেট নেই। কালিম্পং হসপিটালের জন্য ২ কোটি টাকা স্যাংশনড হয়েছিল। কিন্তু এখন পর্যন্ত কাজ শুরু হয় নি। পি. এইচ. ই. ডিপার্টমেন্টকে বললে তারা বলে পি. ডবলিউ. ডি. ডিপার্টমেন্ট করবে, আর পি. ডবলিউ. ডি. ডিপার্টমেন্টকে বললে তারা বলে পি. এইচ. ই. ডিপার্টমেন্ট করবে। এই রকম করে টাকা ফিরে চলে যাচ্ছে। স্যার, এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার, হেল্থ মিনিষ্টারকে এদিকে একটু লক্ষ্য দিতে বলুন। কালিম্পং সাব-ডিভিসনে সাব-সেণ্টার-এর কাজ এখন পর্যন্ত শেষ হয় নি। সেখানকার জানালা-দরজা সব চুরি হয়ে যাচ্ছে। দুটি সাব-সেণ্টার আছে। ১৯৭৮ সালে কন্সট্রাকশান শুরু হয়েছিল, এখন পর্যন্ত খোলা হয় নি, ওপেনলি সমস্ত জিনিসপত্র চুরি হয়ে যাচ্ছে। কনট্রাকশান শেষ হচ্ছে না। এমন কি জলের পাইপ পর্যন্ত চুরি হয়ে যাচ্ছে। মন্ত্রী মহাশয়ের কাছে রিপোর্ট করেছিলাম, উনি নজর দেন নি। কালিম্পং লেপ্রসি হসপিটালে ১২ লক্ষ টাকা খরচ করে একটি লেপ্রসি প্লাসটিক সারজারি খোলা হয়েছিল। এখন পর্যন্ত সেই বাড়ীটি ওপন্ করা হয় নি। এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। মন্ত্রী মহাশয় যদি এদিকে একটু ভিজিট করেন তাহলে মানুষের খুব উপকার হবে। শিলিগুড়ি সাব-ডিভিসন্যাল হসপিটালের লেবার ডিপার্টমেণ্টে ২ বছর কোন ডাক্তার ছিল না। মন্ত্রী মহাশয়ের কাছে রিপোর্ট করেছিলাম। তারপর নর্থ বেঙ্গল মেডিকেল কলেজের অবস্থা খুব খারাপ হয়ে গেছে। সেখানে এক্স-রে, অক্সিজেনের কোন ব্যবস্থা নেই, ডাক্তাররা কাজ করেন না। স্যার, আপনি স্বাস্থ্যমন্ত্রীকে ব্যাপারটা একটু বলে দেবেন। আমি দাবী করছি স্বাস্থ্যমন্ত্রীকে ইমিডিয়েট দার্জিলিং টুর করতে হবে এবং দার্জিলিং জেলার সমস্ত হাসপাতাল ভিজিট করতে হবে। তা না হলে আমরা ওঁকে ঘেরাও করব, এ্যাজিটেশন করব, ছাড়ব না। এক মাস সময় দেব, তার মধ্যে উনি যদি কিছু না করেন তাহলে আমরা ব্যবস্থা নেব।

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় স্পীকার, স্যার, সি. পি. এম. সমাজবিরোধীর যৌথভাবে কংগ্রেসের উপর বিভিন্ন জায়গায় জুলুম ও অত্যাচার চালাচ্ছে এব প্রশাসন ডাইরেকটলি মদত দিচ্ছে বিভিন্ন ক্ষেত্রে কিভাবে সেটাই আমি হাউসের সামনে প্লেস করছি। স্যার, আমি এই বিষয়ে আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি। স্যার, টালিগঞ্জ, যাদবপুর এলাকায় প্রায় অনেক দিন থেকে কংগ্রেস কর্মীদের উপর, বিশিষ্ট সমাজসেবীদের উপর সি. পি. এম. সমাজবিরোধীরা আন্দোলন এবং আক্রমণ চালিয়ে আসছে। জেনারেল ডাইরি, এফ. আই. আর. করেও কোন প্রতিকার পাওয়া যায় নি। ১লা বছরের সূচনার দিনে সি. পি. এম. সমাজবিরোধীরা যৌথভাবে ওখানকার বিশিষ্ট সমাজসেবী সুধীর ঘোষের উপর বোমা, ইট-পাটকেল নিয়ে আক্রমণ চালায়। ওখানকার বিশিষ্ট মহিলাদেরও রেহাই দেয় নি। সেই সমাজবিরোধীরা সুধীর ঘোষের বাড়ীতে ঢুকে আগুন দিয়ে তাঁর বাড়ী পুড়িয়ে ধ্বংস করে দেয়। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই ভাবে কংগ্রেসীদের নিধন করা যায় না, বৃটিশ সাম্রাজ্যবাদ পারেনি. বৃটিশের পুলিশ পারেনি, সি. পি. এম. সমাজবিরোধীরাও পারবে না।

[2.50—3.30 P.M. Including adjournment]

শ্রীমহম্মদ নিজামুদ্দিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও এ সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। স্যার, সুনীতিবাবু যে বক্তব্য এখানে রাখলেন তার একটি পার্টে সত্য কথা বলেছেন এবং আর একটি পার্টে তিনি অসত্য কথা বলেছেন। আমি স্যার, এখানে নাম করে বলতে চাই যে, বুলবুল, মিঠুন, মুন্না, দুলাল, রাণা—এই সমস্ত সমাজবিরোধীরাই ঐ সুধীরবাবুর বাড়ীতে হামলা করেছে। স্যার, ঐ এলাকার সমস্ত মানুষই জানেন যে, এই সমস্ত সমাজবিরোধীরা কংগ্রেসের সঙ্গে যুক্ত আছে। স্যার, আপনার মাধ্যমে একথাও জানাতে চাই যে, ঐ সুধীরবাবুও ভালো লোক নয় এবং বুলবুল প্রমুখরাও ভালো লোক নয়। এরা এই সমস্ত গণ্ডগোল করার পরে আমরা আমাদের পার্টি—মার্কসবাদী কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে সেখানে স্ট্রীট কর্নার মিটিং করেছি, মিছিল করেছি এবং প্রতিবাদ জানিয়েছি। আমরা বলেছি, যারা বিশৃঙ্খলার সৃষ্টি করছে তাদের বিরুদ্ধে সমস্ত রকমের ব্যবস্থা নিতে হবে।

স্যার, সেদিনই সকালবেলায় ১০টার সময় কয়েকজন সমাজবিরোধী—তারা অশোক-নগর থেকে শান্তিগড়ে আসে, তাদের নাম বাবু ঘোষ, শ্যামল দে, যোগা দে এবং খোকন মজুমদার। তারা এসে দেবদাস মজুমদারকে মারধোর করে এবং শাসায় যে, তার প্রাণনাশ করা হবে। স্যার, এই দুটি ঘটনা যা ঘটেছে তাতে যে-সমস্ত সমাজ-বিরোধীরা আছে তারা কংগ্রেস (ই) পার্টি করে। স্যার, এই সমস্ত সমাজবিরোধীরা এই সমস্ত কাজ করছে এবং এখানে বড় বড় কথা বলা হচ্ছে সি. পি. এম.-কে বদনাম দেবার জন্য। আমি স্যার এর প্রতিবাদ জানাচ্ছি।

শ্রীসুব্রত মুখার্জী ঃ স্যার, নিজামুদ্দিন সাহেব যা বলেছেন সেটা ভালো কথা। সুনীতিবাবু একটা অভিযোগ করেছেন এবং উনি কিছু স্পেসিফিক নাম দিয়েছেন বুলবুল ইত্যাদির। আমি স্যার, আপনাকে বলছি এই নামগুলি সম্পর্কে। এই সমাজবিরোধীদের সম্পর্কে আমাদেরও ক্ষোভ আছে। ওঁরা সরকারে রয়েছেন—আমরা বলছি ধরতে, ওঁরাও বলছেন ধরতে, তাহলে ধরবেটা কে? আমি স্যার, ওঁর সাথে একমত হয়ে বলছি যে, এই সমস্ত সমাজবিরোধীরা কিছু কিছু সময়ে রুলিং পার্টির কোন কোন লোকের প্রটেকশানে থাকে। আমরা বিরোধী পক্ষ থেকে অভিযোগ করেছি। এখন এদের ধরলেই তো ব্যাপারটি চুকে যায়। আমার কথা হচ্ছে, জয়েণ্টলি এই এফোর্ট'টা নিন না যাতে সরকার এবং পুলিশ বাধ্য হন এই সমাজবিরোধীদের ধরতে।

শ্রীঅশোক ঘোষ ঃ অন এ পয়েণ্ট অব ক্লারিফিকেশান, স্যার, আমি এই সেসানে গত সপ্তাহে উল্লেখপর্বে বর্তমান বিধানসভার কোন একজন সদস্য মহাশয়ের নাম উল্লেখ না করে কবিতীর্থের এম. এল. এ. বলে উল্লেখ করে বক্তব্য রেখেছিলাম। আপনি স্যার, আমার গোটা বক্তব্যটাকেই এক্সপাঞ্জ করে দিয়েছিলেন। পরে আপনার ঘরে যখন আমি আপনার সঙ্গে এ বিষয়ে কথা বলি তখন আপনি বলেছিলেন যে, কোন সভ্যের বিরুদ্ধে কিছু বলা যাবে না। সাত্তার সাহেব ওঁর বিরুদ্ধে প্রপার এ্যালিগেশান নিয়ে এসেছিলেন।

মিঃ স্পীকার ঃ আমি বলেছিলাম 'এ্যালিগেশান' করা যাবে না। আপনি এ্যালিগেশান কথাটার মানেটা আগে বুঝুন। সাত্তার সাহেবের ব্যাপারটা এবং আপনি যা বলেছেন তার মধ্যে পার্থক্য আছে। No, please take your seat. I will not allow this. Now Shri Satya Bapuli will speak.

শ্রীসত্যরঞ্জন বাপুলী : স্যার, আপনি স্পীকার, আপনি যা বলবেন আমাদের তা মাথা পেতে নিতে হবে। আমি স্যার, আপনাকে একটি অনুরোধ করি—সাত্তার সাহেব এখানে এখন উপস্থিত নেই, থাকলে হয়ত সঙ্গে সঙ্গে······

Mr. Speaker : He has made no allegation against Shri Sattar. Please take your seat. The House stands adjourned till 3-30 P.M.

(At this stage the House was accordingly adjourned till 3-30 P.M.)

(After Adjournment)

FINANCIAL

Budget of the Government of West Bengal for 1984-85

Voting on Demands for Grants

[3.30—3.40 P. M.]

Demand No. 67

Major Heads : 334-Power Projects and 734-Loans for Power Projects

Shri Prabir Sen Gupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 61,26,50,000 be granted for expenditure under Demand No. 67, Major Heads : "334-Projects Power and 734-Loans for Power Projects".

(This is inclusive of a total sum of Rs. 20,42,16,000 already vote on account in March, 1984.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার লিখিত বিবৃতি মাননীয় সদস্যদের মধ্যে পেশ করেছি। কাজেই আমি আর সেটা পাঠ করছি না। মাননীয় সদস্যদের আলোচনার পরে আমি আমার জবাবী ভাষণ দেব।

Printed speech taken as read

২। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই অবগত আছেন যে, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার বিদ্যুৎ ব্যবস্থার অগ্রগতির জন্য ১৯৮৪-৮৫ সালের রাজ্য বাজেটের সবচেয়ে বেশী টাকা অর্থাৎ ১৭০.১২ কোটি টাকা বিদ্যুৎ খাতে ব্যয় করতে চলেছেন এবং

এই দাবির সাথে দুর্গাপুর প্রজেক্টস লিমিটেডের জন্য বরাদ্দকৃত ১২.৮০ কোটি টাকাকে ধরলে তা রাজ্য বাজেটের মোট অনুমিত খরচের শতকরা ২৪ ভাগে দাঁড়ায়।

৩। সদস্যগণ অবগত আছেন, কোনও রাজ্য সরকার নিজের উদ্যোগে প্রয়োজনীয় বিদ্যুৎ প্রকল্প গড়ে তুলতে পারেন না। এ ব্যাপারে প্রাথমিক পর্বে সি. ই. এ. বা সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটির কারিগরি অনুমোদন এবং তারপরে পরিকল্পনা কমিশনের অনুমোদন পাওয়া বাধ্যতামূলক। আমাদের রাজ্যের পক্ষে গুরুত্বপূর্ণ ও আশু প্রয়োজনীয় বিদ্যুৎ প্রকল্পগুলির অনুমোদনের ব্যাপারে গড়িমসি ও পক্ষপাতিত্বের জন্য পশ্চিমবঙ্গে যে অপূরণীয় ক্ষতি হয়েছে এবং হচ্ছে সে সম্পর্কে যে আপনারা অবগত আছেন, তাতে আমি নিঃসন্দেহ।

(খ) ১৯৪৯ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ ভারতের বিদ্যুৎ মানচিত্রে শীর্ষস্থানে ছিল। কেন্দ্রীয় সরকারের পক্ষপাতমূলক দৃষ্টিভঙ্গী এবং তৎকালীন কংগ্রেস পরিচালিত রাজ্য সরকারের দায়িত্বজ্ঞানহীন মনোভাবের জন্য বিদ্যুৎ উৎপাদনে পশ্চিমবঙ্গ এখন ষষ্ঠস্থানে চলে গিয়েছে। ৩০ বছরের বেশীকাল ধরে যে উপেক্ষা ও অবহেলা এ রাজ্যের প্রতি দেখান হয়েছে তা থেকে উঠে আসা সহজসাধ্য না হলেও বামফ্রন্ট সরকার সর্বাধিক গুরুত্ব এই দিকে দিয়ে আসছেন—যাতে শিল্প, কৃষি ও অন্যান্য ব্যবহারকারীদের প্রয়োজন মেটানোর মাধ্যমে সত্বর এ রাজ্য বিদ্যুতের ক্ষেত্রে অগ্রগতি লাভ করতে পারে।

৪। ক) কেন্দ্রীয় সরকারের অনুমোদন না পাওয়া, অর্থের অভাব, ব্যক্তিগত মালিকানায় পরিচালিত ঠিকাদারদের ধীরে কাজ করার প্রবণতা, এক শ্রেণীর ইঞ্জিনীয়ার ও কর্মীর অসহযোগিতা প্রভৃতি সত্ত্বেও ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার গঠিত হওয়ার পর থেকে প্রায় সাতশ মেগাওয়াট অর্থাৎ গড়ে প্রতি বছরে প্রায় ১০০ মেগাওয়াট অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হয়েছে। ব্যাণ্ডেলের পঞ্চম ইউনিট সাফল্যের সাথে বিদ্যুৎ উৎপাদন করছে—যা সম্ভব হয়েছে সেখানকার নিষ্ঠাবান ইঞ্জিনীয়ার এবং কর্মীদের জন্য।

(খ) জলঢাকা জলবিদ্যুৎ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের উৎপাদন সাফল্যের সাথে শুরু হয়েছে। ইতিমধ্যেই ৭৪১ লক্ষ ইউনিট উৎপাদন করেছে। ১৯৮৩-৮৪ আর্থিক বছরে এই উৎপাদন ১০০০ লক্ষ ইউনিট স্পর্শ করবে আশা করা যায়, ১৯৮২-৮৩ সাল পর্যন্ত জলঢাকায় রেকর্ড উৎপাদন ৭৮৬ লক্ষ ইউনিট ছিল। জলঢাকার কাজের পরিবেশের প্রভূত উন্নতি ঘটেছে। আশা করা যায়, জলঢাকার অভিজ্ঞতা তিস্তা প্রকল্প গড়ে তোলার দিক থেকে সাহায্য করবে।

(গ) কোলাঘাটে প্রথম পর্যায়ের তিনটি ইউনিটের কাজই মোটামুটি সন্তোষজনকভাবে হচ্ছে। এর প্রথম ইউনিটটি (৩ নং)-তে বাণিজ্যিক ভাবে উৎপাদন জুন-জুলাই মাস থেকে শুরু হবে বলে আশা করা যাচ্ছে। অপর দুটি ইউনিটের উৎপাদন তার ৬-৭ মাস অন্তর পর্যায়ক্রমে হবে বলে বলা হয়েছে। ব্যক্তিগত মালিকানাধীন কিছু কিছু ঠিকাদার এখনও নানারকম উদ্দেশ্যমূলক অজুহাত দেখিয়ে নির্দিষ্ট সময়ে কাজ শেষ করায় বাধা সৃষ্টি করছেন। সেগুলি সমাধান করে প্রথম পর্যায়ের কাজ শেষ করানোর জন্য সরকার থেকে প্রয়োজনীয় নজর রাখা হচ্ছে। বিভিন্ন ধরনের কাজে সমন্বয় রেখে কোলাঘাট প্রকল্পের জন্য যে সময়সূচী করা হয়েছে—তা কোনওরকম বাধার সম্মুখীন না হলে এই প্রকল্পের দুটি পর্যায়ের সব কটি (ছয়টি) ইউনিট ১৯৮৯ সাল নাগাদ উৎপাদনে সক্ষম হবে বলে আশা করা যায়।

(ঘ) সম্ভবতঃ মাননীয় সদস্যগণ অবগত আছেন—কোলাঘাট দ্বিতীয় পর্যায়ের তিনটি ইউনিট যাতে চার বছরের মধ্যে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হয়, সেজন্য 'টার্ন-কি' ভিত্তিতে বি. এইচ. ই. এল.'কে নিযুক্ত করার সিদ্ধান্ত করা হয়েছে। বিষয়টি চূড়ান্ত করার জন্য কথাবার্তা চলছে। আশা করা যায় এই মাসের মধ্যেই একটি চুক্তি সম্পন্ন করা সম্ভব হবে।

(ঙ) জন্মলগ্ন থেকেই সাঁওতালদি প্রকল্পতে নানা সমস্যা দেখা দিয়েছে। এখনও সাঁওতালদিতে বিদ্যুৎ উৎপাদনে উল্লেখযোগ্য উন্নতি না ঘটলেও নবীকরণ কর্মসূচী হাতে নেওয়া হয়েছে এবং নবীকরণ (রিভ্যাম্পিং) শুরু হওয়ার ফলে আশা করা হচ্ছে কয়েক মাসের মধ্যেই এখানে উৎপাদন ২০০ মেগাওয়াটে পৌঁছাবে।

৫। পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক ও অন্যান্য সহায়তায় এবং সি. ই. এস. সি.'র ইঞ্জিনিয়ার ও কর্মীদের উদ্যোগে মোটামুটি ঠিক সময়েই টিটাগড়ের দুটি ইউনিট বাণিজ্যিক ভাবে উৎপাদন শুরু করেছে। তৃতীয় ইউনিটের কাজও চলছে। এর ফলে টিটাগড়ের সংলগ্ন শিল্পাঞ্চলের বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার প্রভূত উন্নতি ঘটেছে। কিন্তু সি. ই. এস. সি. কর্তৃপক্ষ টিটাগড় থেকে কলকাতাবাসীদের বিদ্যুৎ সরবরাহ করার জন্য প্রয়োজনীয় লাইন না করার ফলে কলকাতাবাসীগণ টিটাগড়ে উৎপাদন বৃদ্ধিজনিত বিশেষ উপকার পান নি বলা চলে। এ অবস্থা না হওয়াই বাঞ্ছনীয় ছিল। অন্য কোনও উপায় না থাকায় রাজ্য বিদ্যুৎ পর্ষদের মাধ্যমে মাত্র ২৫-৩০ মেগাওয়াট বিদ্যুৎ কলকাতার দক্ষিণাঞ্চলে আনার ব্যবস্থা করা গেছে। এটা সম্ভবমতো বাড়ানোর চেষ্টা হচ্ছে। আগামী বছরের প্রথম দিকে প্রস্তাবিত কেবল বসানো সম্ভব হবে বলে সি. ই. এস. সি. কর্তৃপক্ষ আমাদের জানিয়েছেন।

৬। (ক) নিম্নলিখিত কয়েকটি বিষয়ের প্রতি মাননীয় সদস্যগণের দৃষ্টি আকর্ষণের মাধ্যমে আমি ক্ষোভের সাথে জানাতে চাই যে, কেন্দ্রের সহানুভূতি ও সহযোগিতামূলক মনোভাবের অভাবের জন্যই বিদ্যুতে রাজ্য সরকারের স্বয়ম্ভর হওয়ার প্রচেষ্টা অনেকাংশে ব্যাহত হচ্ছে।

(খ) মুর্শিদাবাদ জেলার সাগরদীঘিতে একটি সুবৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্র (প্রথম পর্যায়ে ৫ × ২১০ মেগাওয়াট এবং দ্বিতীয় পর্যায়ে ২ × ৫০০ মেগাওয়াট শক্তিসম্পন্ন) স্থাপনের জন্য ১৯৮২ সালের অক্টোবর মাসে একটি প্রস্তাব সি. ই. এ.'র কাছে দাখিল করা হয়েছে। পরিতাপের বিষয় এই সুদীর্ঘকালের মধ্যেও আমরা উক্ত কর্তৃপক্ষের কাছ থেকে ইতিবাচক কোনওরকম খবর পাইনি।

(গ) বীরভূম জেলার বক্রেশ্বরে একটি তাপ বিদ্যুৎ কেন্দ্র (৩ × ২১০ মেগাওয়াট শক্তি সম্পন্ন) গড়ে তোলার জন্যও অপর একটি প্রস্তাব সি. ই. এ.'র কাছে দাখিল করা হয়েছে, যেটি উক্ত কর্তৃপক্ষের অনুমোদন পেলেও বর্তমানে পরিকল্পনা কমিশনের বিবেচনাধীন রয়েছে। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বলা হয়েছে—এটিকে সপ্তম পঞ্চবার্ষিকী যোজনার অন্তর্ভুক্তির জন্য অনুমোদন দেওয়া যাবে না, পরন্তু অষ্টম পরিকল্পনাকালীন অন্তর্ভুক্তির জন্য এটি বিবেচনা করা যেতে পারে।

(ঘ) বক্রেশ্বর প্রকল্পটি সপ্তম যোজনায় অন্তর্ভুক্ত করা না হলে সপ্তম যোজনাকালীন বছরগুলিতে আমাদের হাতে তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কোনও কাজ থাকছে না—যার ফলশ্রুতিতে অষ্টম যোজনাকালীন সময়ের অতিরিক্ত বিদ্যুৎ চাহিদা মেটানোর জন্য তাপ বিদ্যুৎ উৎপাদন থেমে থাকবে। আমি আশা করব কেন্দ্রীয় সরকার এই পরিস্থিতি সম্যক উপলব্ধি করবেন এবং তাদের সিদ্ধান্ত পুনর্বিবেচনান্তে এই প্রকল্প সপ্তম যোজনার অন্তর্ভুক্ত করবেন।

৭। ক) কেন্দ্রীয় সরকারে আনুষ্ঠানিক সম্মতি না পাওয়া গেলেও তিস্তা নদীর জলাধারা থেকে ৬৬.৫ মেগাওয়াট জলবিদ্যুৎ উৎপাদনের প্রকল্পটির প্রাথমিক কাজ এ বছরই শুরু করা হচ্ছে। এ ব্যাপারে আর্থ-কারিগরী অনুমোদনটি সি. ই. এ. থেকে পাওয়া গিয়েছে।

(খ) সি. ই. এস. সি.'র দক্ষিণাঞ্চলীয় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের (২ × ৬০ মেগাওয়াট) নতুন ভাবে স্থাপনের প্রকল্পটি সি. ই. এ.'র আর্থ-কারিগরী অনুমোদন পেয়েছে। এটির মোট অনুমিত ব্যয়ভারের ২৫ শতাংশ রাজ্য সরকার ঋণ দিচ্ছেন। এছাড়াও এই প্রকল্পে অর্থ সংগ্রহের ব্যাপারে প্রয়োজনীয় সাহায্যও রাজ্য সরকার দিচ্ছেন। পরিতাপের বিষয়, কেন্দ্রীয় সরকার কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে চূড়ান্ত

সিদ্ধান্ত নিতে না পারায় এই প্রকল্পের কাজ ব্যাহত হচ্ছে এবং কাজটি ইতিমধ্যে প্রায় এক বছর পিছিয়ে গেছে।

(গ) প্রসঙ্গতঃ আরও জানাই—রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের (৪ × ১২.৫ মেগাওয়াট) কাজে অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে এবং আশা করা যায় এটিও বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের জন্য ১৯৮৭-৮৮ সালে প্রস্তুত হয়ে যাবে।

৮। (ক) ফরাক্কার সুবৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রথম ২১০ মেগাওয়াটের উৎপাদনপর্ব ১৯৮৫ সালের মার্চ মাসে শুরু হওয়ার কথা। পরবর্তী দুটি ইউনিটও প্রতিটি ছয়মাস অন্তর হিসাবে উৎপাদনে আসবে বলে নির্দিষ্ট হয়েছে। এর সব কটি ইউনিট বাণিজ্যিক ভাবে উৎপাদনে এলে রাজ্য বিদ্যুৎ পর্ষদ এই প্রকল্প থেকে ২০৫ মেগাওয়াট বিদ্যুৎ পাবেন বলে স্থিরীকৃত রয়েছে।

(খ) ভুটানের চুখা জলবিদ্যুৎ প্রকল্পের প্রথম ইউনিটে ১৯৮৫-র মার্চ মাসে উৎপাদন শুরু হওয়ার কথা। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ চুক্তিমতো এই প্রকল্প থেকে বিদ্যুৎ নেবার জন্য তৈরী হচ্ছেন। এ ব্যাপারে বীরপাড়া থেকে শিলিগুড়ি পর্যন্ত ১৩২ কে. ভি. ট্রান্সমিশন লাইন টানার কাজ নির্মাণের চূড়ান্ত পর্যায়ে পৌঁচেছে এবং এ বছরের শেষেই এই কাজ সম্পন্ন হয়ে যাবে বলে আশা করা যাচ্ছে।

(গ) উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির বিদ্যুৎ পর্ষদসমূহের আহুত যৌথ সম্মেলনের জন্য গতমাসে আমন্ত্রণ পেয়ে গৌহাটি যাওয়ার সূত্রে ঐ অঞ্চলগুলি থেকে অতিরিক্ত বিদ্যুৎ এ রাজ্যে আনার বিষয়টি ভালভাবে খতিয়ে দেখার সুযোগ ঘটেছে। এন. এইচ. পি. সি.-এর প্রকল্পভুক্ত লোকটাক এবং কাপিলি জলবিদ্যুৎ কেন্দ্রদ্বয় এ বছরেই বিদ্যুৎ উৎপাদনক্ষম হবে বলে আশা করা যাচ্ছে। আমরা উক্ত সংস্থা এবং উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির বিদ্যুৎ পর্ষদসমূহের সাথে আলোচনা চালাচ্ছি যাতে ওখানকার অতিরিক্ত জলবিদ্যুৎ এন. এইচ. পি. সি.'র ২২০ কে. ভি. ট্রান্সমিশন লাইন মারফত বঙ্গাইগাঁও থেকে উত্তরবঙ্গে আনা যায়। ঐ সম্মেলনে আলোচনাকালে একটা পরিষ্কার ধারণা পাওয়া গেছে, যা মাননীয় সদস্যদের জানানো দরকার—আসামসহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে শুধু জলবিদ্যুৎ প্রকল্প স্থাপনের মাধ্যমেই ৩৮,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব—যা সারা ভারতের আগামী দিনের মোট চাহিদার ৫০ শতাংশ মেটাতে সমক্ষ। এর জন্য যা প্রয়োজন তা হলো কেন্দ্রীয় সরকারের উদ্যোগ এবং অর্থানুকূল্য।

(ঘ) যদিও পূর্বোক্ত বিভিন্ন সংস্থা থেকে বিদ্যুৎ আনার ব্যাপারে আমরা ইতিবাচক প্রচেষ্টা চালাচ্ছি, এ ব্যাপারে পুরোপুরি তাদের ওপর নির্ভরশীল হওয়াটা যুক্তিযুক্ত হবে না। কেননা, ডি. ভি. সি.'র সাথে পূর্বকৃত ব্যবস্থা সম্পর্কে আমাদের

ভিজ্ঞতা আদৌ সুখকর নয়। ডি. ভি. সি. সংস্থাপনের জন্য বিনিয়োগকৃত মূলধনের ক-তৃতীয়াংশ দায়ভাগ পশ্চিমবঙ্গের হওয়া সত্ত্বেও দেখা যাচ্ছে বিদ্যুৎ বণ্টনের ক্ষেত্রে এই কর্তৃপক্ষ বারে বারেই একতরফাভাবে সিদ্ধান্ত নিচ্ছেন। এতে বিশেষ রে বর্ধমান ও মেদিনীপুর জেলার বিদ্যুৎ গ্রাহকগণ দারুণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন বং শিল্পের বিকাশ ব্যাহত হচ্ছে। এই প্রসঙ্গে আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, ডি. ভি. সি. এই বছরে সর্বোচ্চ ৬০৫ মিলিয়ন ইউনিট উৎপাদন করেছে, যা সর্বকালীন রেকর্ড বলে ধরা যায়।

(৬) অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে আমি আপনাদের এটা জানানো দরকার বলে নে করছি যে, বেশ কিছু অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে এবং বিশেষ করে বিদ্যুতে য-কোনও রাজ্যের স্বয়ম্ভর হওয়া দরকার। যাতে আমরা এ রাজ্যের চাহিদা নুযায়ী বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হই, সেভাবে আমাদের বিদ্যুৎ প্রকল্প গড়ে তোলার যোগ কেন্দ্রীয় সরকারের দেওয়া উচিত, এ সম্পর্কে আপনারা নিশ্চয়ই একমত বেন।

৯। (ক) পর্যায়ক্রমে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির সাথে সামঞ্জস্য রেখে সেই বিদ্যুৎ ৎপাদন কেন্দ্রগুলি থেকে আনার জন্য পূর্ববর্ণিত ট্রান্সমিশন লাইনের কাজ ছাড়াও কালাঘাটের প্রথম ইউনিটের উৎপাদিত বিদ্যুৎ পরিবহণের জন্য ২২০ কে. ভি. াইনে হাওড়া-কোলাঘাট সংযুক্ত করা হয়েছে। এর বাকি দুটি ইউনিট উৎপাদনে লে যাতে তা ঠিকমত কাজে লাগান যায় সেজন্য কোলাঘাট থেকে জীরাট পর্যন্ত ০০ কে. ভি. সিঙ্গল ট্রান্সমিশন লাইন দিয়ে সংযুক্তির প্রকল্প হাতে নেওয়া হয়েছে। াজটি অগ্রগতির পথে।

খ) জীরাটে একটি ৪০০ কে. ভি. সাব-ষ্টেশন নির্মাণের কাজ হাতে নেওয়া য়েছে। আগামী বছরে ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে আমাদের বিদ্যুৎ পাওয়ার থা। সেদিকে লক্ষ্য রেখে ঐ সাব-ষ্টেশনের ২২০ কে. ভি. অংশটির কাজ এ বছরের ডিসেম্বরের মধ্যে শেষ করার ব্যবস্থা নেওয়া হয়েছে। এর দ্বারা আমরা ফরাক্কা থেকে কলকাতায় বিদ্যুৎ আনার বিষয়টি কার্যকর করতে পারবো।

গ) মেদিনীপুর-খড়্গপুরে বিদ্যুৎ সরবরাহে অসুবিধার কথা আগেই উল্লেখ করেছি। এই অসুবিধার দূরীকরণের জন্য বিষ্ণুপুর থেকে খড়্গপুর পর্যন্ত একটি ১৩২ কে. ভি. বিদ্যুৎবাহী লাইন আনার ব্যবস্থা হাতে নেওয়া হয়েছে।

১০। বিদ্যুৎ চাহিদা ও উৎপাদন বা যোগানের মধ্যে বেশী ফারাক থাকার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে শিল্পে বিদ্যুৎ ব্যবহারের দিক থেকে কিছু বিধিনিষেধ আরোপ করতে হয়েছে। বিকল্প ব্যবস্থা হিসাবে প্রয়োজনীয় বাকী বিদ্যুৎ যাতে শিল্পপতিগণ

জেনারেটর বসিয়ে পেতে পারেন, তারজন্য নানা ধরনের সুযোগ-সুবিধাও দেওয় হয়। কিন্তু দুঃখের সাথে দেখা যাচ্ছে যে, শিল্পপতিদের একটা বড় অংশ রাজ সরকারের কাছ থেকে সুযোগ-সুবিধা নিলেও বে-আইনীভাবে বিদ্যুৎ চুরি করছেন গত বছর বে-আইনীভাবে বিদ্যুৎ নেওয়ার জন্য ২০টি কারখানার লাইন সাতদিনের জন্য কেটে দিতে হয়। প্রায় ৩০০টি শিল্পসংস্থা তাঁদের জন্য নির্দিষ্ট সর্বোচ্চ সীমার অতিরিক্ত বিদ্যুৎ বে-আইনীভাবে ব্যবহার করেছেন। তাঁদের সতর্ক করে দেওয়া হয়েছে। এরপরও যদি এই বেআইনী কাজ তাঁরা করেন—তবে তাঁদের বিদ্যুৎ সংযোগ লাইন কেটে দেওয়া ছাড়া গত্যন্তর থাকবে না। এর পরিপ্রেক্ষিতে বাধ্য হয়েই সাধারণ গ্রাহকদের স্বার্থে বিদ্যুৎ রেশনিং ব্যবস্থা চালু করতে হয়েছে। রেশনিং ব্যবস্থা চালু করার ফলে ৪০-৫০ মেগাওয়াটের মত বিদ্যুৎ বাঁচানো সম্ভব হয়েছে। যার মধ্য দিয়ে সাধারণ গৃহস্থদের কষ্টের কিছুটা লাঘব করা সম্ভব হয়েছে। আশা করি মাননীয় সদস্যগণ লক্ষ্য করেছেন যে, এই বছর লোডশেডিং-এর প্রকোপ অনেকাংশে কম।

১১। (ক) পশ্চিমবঙ্গ মূলতঃ তাপবিদ্যুতের ওপর নির্ভরশীল। তাপবিদ্যুৎ প্রকল্পগুলিতে রাত্রের উৎপাদন (রাত্রি দশটার পর থেকে সকাল ছয়টা পর্যন্ত) যা প্রায়শঃই প্রয়োজনের অতিরিক্ত থেকে যায়—সেটা নিয়ে সমস্যা থেকে যায়। আমাদের রাজ্যে এই বাড়তি বিদ্যুতের পরিমাণ সময়ে সময়ে ১৫০ থেকে ২০০ মেগাওয়াটেও গিয়ে দাঁড়ায়, যেটা নিয়ন্ত্রণে রাখার জন্য ব্যয়সাপেক্ষ প্রকরণে তেল পুড়িয়ে দামী অতিকায় যন্ত্রগুলিকে ক্ষতির হাত থেকে বাঁচানোর দরকারটা জরুরী হয়ে দাঁড়ায়।

(খ) রাত্রের এই বাড়তি বিদ্যুৎ কিভাবে সদ্ব্যবহার করা যায়, তা নিয়ে আমরা সম্ভাব্য দিকগুলি খতিয়ে দেখছি। শিল্প সংস্থাগুলি রাত্রের শিফ্‌ট চালু করে এই বিদ্যুৎ যদি কাজে লাগান—সেই পরিমাণকে বিদ্যুৎ নিয়ন্ত্রণবিধির আওতা থেকে ছাড় দেওয়া হবে।

(গ) মাননীয় সদস্যগণের স্মরণে থাকতে পারে বিগত বাজেট বক্তৃতার সময়ে গ্রামাঞ্চলে কৃষিজীবীগণকে রাত্রে কৃষিকাজে জল নেওয়ায় উদ্‌বুদ্ধ করার জন্য সদস্যগণকে উদ্যোগ নেওয়ার আবেদন রেখেছিলাম। এ ব্যাপারে সুনির্দিষ্ট কর্মসূচী নেওয়া গেলে কৃষিজীবীগণকে অপেক্ষাকৃত কম মূল্যে রাত্রে বিদ্যুৎ সরবরাহ করার কথাও বিবেচনা করা যেতে পারে। এ বিষয়ে বিভিন্ন কৃষক সংগঠন ও জেলা পরিষদগুলির সভাধিপতিদের ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সাথে আলোচনা হয়েছে। তাঁরা এই ব্যবস্থার অনুকূলে মত দিয়েছেন এবং প্রয়োজনীয় সহযোগিতার

প্রতিশ্রুতি দিয়েছেন। সুখের কথা এ ধরনের কিছু 'পাইলট স্কীম' বর্ধমান ও হুগলী জেলায় এবার নেওয়া হচ্ছে।

(ঘ) ই. আর. ই. বি. বা পূর্বাঞ্চলীয় বিদ্যুৎ পর্ষদসমূহের পক্ষ থেকে এই রাজ্যের রাত্রের বাড়তি বিদ্যুৎ ওড়িশা রাজ্যে ব্যবহারের কথা চিন্তা করা হচ্ছে। এটা দুই রাজ্যের বিদ্যুৎ পর্ষদের পারস্পরিক আলোচনার মাধ্যমে স্থিরীকৃত করা গেলে ওড়িশা রাজ্যের মূল্যবান জলশক্তির বেশ কিছুটা সাশ্রয় হবে।

১২। (ক) গ্রামীণ অর্থনীতিকে চাঙ্গা করে তোলার মাধ্যমেই যে রাজ্যের অগ্রগতি সম্ভব—সে সম্পর্কে বামফ্রণ্ট সরকার পুরোপুরি ওয়াকিবহাল। এ পর্যন্ত মাত্র শতকরা ৪৮ ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছান সম্ভব হয়েছে। সে জন্য এই আর্থিক বছরে গ্রামীণ বিদ্যুতিকরণ কর্মসূচীতে অন্তর্ভুক্তির জন্য আরও ২০০০টি মৌজাকে নেওয়া হবে। সেই সাথে ৩০,০০০ অগভীর নলকূপকে বিদ্যুৎ চালিত করার কর্মসূচীও নেওয়া হয়েছে। যাতে ডিজেল চালিত নলকূপগুলিকে বিদ্যুত চালিত সেট-এ রূপান্তরিত করা যায় সেজন্য বিদ্যুৎ ব্যবহারকে গ্রামে আরও জনপ্রিয় করে তোলার কর্মসূচীও নেওয়া হচ্ছে।

(খ) গত বছর আমরা বিশেষ কর্মসূচী নিয়েছিলাম যাতে গৃহস্থ ব্যবহারকারীগণের ও অগভীর নলকূপগুলির ক্ষেত্রে বিদ্যুৎ সংযোগ দেওয়ার বকেয়া আবেদনগুলি সত্বর নিষ্পত্তি সম্ভব হয়। নলকূপের ক্ষেত্রে এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের নথিভুক্ত সংস্থাগুলিকে অগ্রাধিকারের ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে এবং হচ্ছে। এই বিশেষ কর্মসূচীতে ইতিমধ্যেই যে পরিমাণ সাড়া পাওয়া গেছে—তাতে এপ্রিলের মধ্যেই আনুমানিক ৬০,০০০ গৃহস্থ ব্যবহারকারীকে এবং ৬০০০ নলকূপে বিদ্যুৎ সংযোগ দেওয়া সম্ভব হচ্ছে। যেখানে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত এ রাজ্যে মাত্র ২৭,০০০ নলকূপ বিদ্যুৎ চালিত করা গিয়েছিল—সেখানে এটা অবশ্যই উল্লেখের দাবী রাখে। আমি এ বিষয়ে রাজ্য বিদ্যুৎ পর্ষদের সর্বশ্রেণীর কর্মীর আন্তরিক প্রচেষ্টা ও সর্বাত্মক সহযোগিতাকে সাধুবাদ জানাই এবং আশা করি এ বছরে আমরা গ্রামীণ বিদ্যুতিকরণের ক্ষেত্রে যে ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছি, সেটা সুষ্ঠুভাবে রূপান্তরিত করার জন্য পর্ষদকর্মী ও সর্বস্তরের জনসাধারণের সক্রিয় সহযোগিতা পাবো।

(গ) দুঃখের ব্যাপার, গ্রামীণ বিদ্যুতিকরণের এই সর্বাত্মক প্রচেষ্টা একদল সমাজবিরোধীর বিদ্যুতের তার ও অন্যান্য মূল্যবান সরঞ্জাম চুরির জন্য প্রতিহত হচ্ছে। শুধুমাত্র ১৯৮২-৮৩ সালেই এই বাবদ রাজ্য বিদ্যুৎ পর্ষদের ক্ষতির পরিমাণ আনুমানিক ২ কোটি টাকায় পৌঁচেছে।

(ঘ) এ ধরনের ঘটনাগুলি রোধ করার জন্য শুধু প্রশাসননির্ভর না হয়ে স্থানীয়

জনসাধারণের অংশগ্রহণ ও সহযোগিতার মাধ্যমে অবস্থার উন্নতিবিধানে আমরা সচেষ্ট হয়েছি। পরীক্ষামূলকভাবে উপদ্রুত এলাকাগুলিতে নজরদারির জন্য স্থানীয় স্বেচ্ছাসেবীদের যাতে লাগান সম্ভব হয়—সেজন্য ১৯৮৩-র শেষ দিকে তিন মাসের জন্য ভাতা বাবদ রাজ্য বিদ্যুৎ পর্ষদ থেকে বিভিন্ন জেলায় সভাধিপতিগণকে এগার লক্ষাধিক টাকা দেওয়া হয়েছে। রাজ্যের ছয়টি জেলায় এ ধরনের নজরদারির কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। কিছু কিছু সুফল পাওয়া গেছে। বাকী জেলাগুলিতেও এ ব্যাপারে উদ্যোগ নেওয়া হচ্ছে।

(ঙ) গ্রামীণ বিদ্যুতিকরণ, ইচ্ছুক ব্যবহারকারিগণের বিদ্যুৎ সংযোগ, তার ও সরঞ্জাম চুরি প্রতিরোধ, পর্ষদের আয় বৃদ্ধির সম্ভাব্য ব্যবস্থাদি, বেআইনী বিদ্যুৎ চুরি বন্ধ করা ইত্যাদি বিষয়গুলিতে বিদ্যুৎ পর্ষদের জেলা ও গ্রুপ সাপ্লাই স্তরে কর্মীদের সবরকম সহযোগিতা দেখার অভিপ্রায় নিয়ে জেলা স্তরে বিদ্যুৎ সংক্রান্ত পরামর্শদাতা কমিটি ও গ্রুপ সাপ্লাই স্তরে কো-অর্ডিনেশন কমিটি গঠন করা হয়েছে। কয়েকটি জেলা ছাড়া সর্বত্র এই কমিটিগুলি কার্যকরী ভূমিকা নিয়েছে। পঞ্চায়েত ও অন্যান্য স্তরের জনপ্রতিনিধি ও অফিসারদের সমন্বয়ে এই সকল কমিটি গঠিত হয়েছে।

১৩। বিদ্যুৎ শিল্প একটি গুরুত্বপূর্ণ জনকল্যাণমূলক সংস্থা। সংস্থার সকল পর্যায়ের কর্মীদের শৃংখলাবোধের ওপর এই শিল্পের সাফল্য নির্ভর করছে। পর্ষদ এই শৃংখলা প্রতিষ্ঠার জন্য কয়েকটি সুনির্দিষ্ট কর্মসূচী গ্রহণ করেছে। সাঁওতালদি এবং ব্যাণ্ডেলে 'পাঞ্চিং' ব্যবস্থা চালু করা বিশেষভাবে উল্লেখযোগ্য। সর্বস্তরের কর্মীরা যাতে তাঁদের সময়মতো হাজিরা দেন—তা সুনিশ্চিত করতে ব্যবস্থা নেওয়া হয়েছে।

(খ) পর্ষদকে প্রতি বছর প্রায় ছয় কোটি টাকা (বেতনাদির প্রায় শতকরা ১৮ ভাগ) 'ওভারটাইম' বাবদ ব্যয় করতে হয়। অনেক সময় ওভারটাইম সংক্রান্ত বিধিবদ্ধ আইনও লংঘিত হয়। অভিজ্ঞতায় দেখা যাচ্ছে, ওভারটাইম বাবদ ব্যয়ের সাথে কাজের কোনও সামঞ্জস্য নেই। এই অহেতুক ব্যয় বন্ধ করার জন্য পর্ষদের তরফ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া দরকার। ওভারটাইমের ক্ষেত্রে অপ্রয়োজনীয় ব্যয় বন্ধের জন্য পর্ষদকে বলা হচ্ছে।

(গ) কোনও সংস্থার কর্মদক্ষতা সেখানকার কর্মীগণের চাকুরির পরিবেশগত উন্নতির ওপর বহুলাংশেই নির্ভর করে—এ সম্পর্কে বামফ্রন্ট সরকার পুরোপুরি সচেতন। রাজ্য বিদ্যুৎ পর্ষদের কর্মীদের বিভিন্ন ধরনের যে-সব অসুবিধার সম্মুখীন হতে হয়, সে সম্পর্কে অবগত থাকায় আমরা চেষ্টা চালাচ্ছি, যাতে তাঁদের পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ে কতকগুলি সুনির্দিষ্ট নীতি প্রণয়ন করা যায়।

(ঘ) উপরোক্ত কারণে গঠিত 'পে-কমিশন' ইতোমধ্যে তাঁদের সুপারিশ পেশ করেছেন। এটি সরকারী পর্যায়ে পরীক্ষা করে দেখা হচ্ছে। যেহেতু বিষয়টি পরীক্ষাধীন রয়েছে—এ সম্পর্কে এর বেশী কিছু জানানো থেকে আমি নিবৃত্ত থাকছি।

Mr. Speaker : All the Cut Motions are in order and taken as moved.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

Shri Somendra Nath Mitra : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, উজ্জ্বল হত্যার ঘটনা হয়ত মানুষের স্মৃতি থেকে তলিয়ে যাবে, সঞ্জীব-তীর্থংকরের ঘটনাও মানুষের স্মৃতি থেকে তলিয়ে যাবে, মেহেতার ঘটনাও হয়ত ইতিহাসের পাতা থেকে তলিয়ে যাবে, গার্ডেন রীচের ঘটনার কথাও হয়ত মানুষের স্মৃতি থেকে তলিয়ে যাবে। কিন্তু আজ থেকে ২৭ বছর আগে জনৈক অর্বাচীন দায়িত্বজ্ঞানহীন নেতা বিদ্যুৎ সম্পর্কে কি বলেছিলেন ? ডাঃ বিধানচন্দ্র রায় যখন ডি. পি. এল.-এর 6th ইউনিটের কথা ঘোষণা করেছিলেন তখন সেই অর্বাচীন দায়িত্বজ্ঞানহীন নেতা এই পশ্চিমবাংলায় দাঁড়িয়ে বলেছিলেন যে, বিদ্যুতের কোন প্রয়োজন নেই। বিদ্যুৎ নিয়ে পশ্চিমবাংলার মানুষের পেটের যন্ত্রণা মিটবে না, পেটের ক্ষুধা মিটবে না। এই দায়িত্বজ্ঞানহীন নেতা সেদিন বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়িয়েছিলেন, দারুণ ভাবে আপত্তি তুলেছিলেন। আমি প্রবীরবাবুকে বলছি যে, সেই অর্বাচীন দায়িত্বজ্ঞানহীন নেতা ২৭ বছর আগে যে কথা বলেছিলেন, সেকথা কিন্তু মানুষের স্মৃতির অতলে তলিয়ে যাবে না। আজকে বিদ্যুতের উপরে পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামো দাঁড়িয়ে আছে। বিদ্যুতের উপরে শিল্প দাঁড়িয়ে আছে, কৃষি দাঁড়িয়ে আছে। তাই যে-সমস্ত মানুষ বিদ্যুৎ এবং এই সমস্ত গঠনমূলক কাজে বাধা দেবে, অন্তরায় হয়ে দাঁড়াবে আগামী দিনের মানুষ তাদের কঠোর সমালোচনা করবে।

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যদি ভাল কাজ করেন, তাহলে আপনার প্রশংসা করব। আর যদি খারাপ কাজ করেন, তাহলে নিশ্চয়ই আপনার সমালোচনা করব। আপনাদের ব্রুট মেজরিটি আছে, সুতরাং আপনি ডিমাণ্ড পাশ করিয়ে নেবেন। কিন্তু আমি আপনার বাজেট বিবৃতিতে লক্ষ্য করলাম যে, আপনি

রাজনৈতিক বক্তব্যই বেশী উল্লেখ করেছেন, সমস্যার সমাধানের কথা বেশী উল্লেখ করেন নি। আপনি কেন্দ্রের ওপর, সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটির ওপর দারুণ-ভাবে দোষারোপ করবার চেষ্টা করেছেন। কেন্দ্রের বৈষম্যমুলক আচরণের কথা বিশেষ ভাবে উল্লেখ করবার চেষ্টা করেছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করি (মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়কে) কেন্দ্রের বৈষমামূলক আচরণের জন্য কি কোলাঘাটের কাজ বন্ধ আছে? গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচীতে সি. ই. এ. (সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি) যে কোটি কোটি টাকা দিচ্ছে সে টাকা আপনি খরচ করতে পারছেন না কেন? বৎসরের শেষে সে টাকা সি. ই. এ.-র কাছে ফেরত যাচ্ছে কেন? সেটা কেন্দ্রের দোষ, না আপনাদের অপদার্থতা? এই সমস্ত কিছু ঘটছে আপনাদের অপদার্থতার জন্য, অথচ আপনি আজকে সে কথা স্বীকার করছেন না। আপনি একবারও বলেন নি যে, সি. ই. এ. গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচীতে আমাদের কোটি কোটি টাকা দিচ্ছে, তা দিয়ে লিফল্ট ইরিগেশন হতে পারে, ডীপ টিউবওয়েলে বিদ্যুৎ সরবরাহ করা যেতে পারে, এগ্রিকালচারাল ইউনিটের উন্নতি হতে পারে, কিন্তু আমাদের এ্যাডমিনিষ্ট্রেটিভ লিকেজের জন্য, আমাদের অপদার্থতার জন্য তা হচ্ছে না, কোটি কোটি টাকা ফেরৎ চলে যাচ্ছে। স্যার, অর্থাৎ আমরা দেখছি যে, কেন্দ্র প্রচুর টাকা দিচ্ছে, কিন্তু এই সরকার তা ইউটিলাইজ্ করতে পারছেন না।

মাননীয় স্পীকার স্যার, আমি অত্যন্ত বিনয়ের সংগে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়কে বলছি যে, আপনি চিন্তা করুন, আজকে আপনি আপনার নেতার পদাঙ্ক অনুসরণ না করে পশ্চিমবঙ্গের প্রকৃত বিদ্যুৎ সমস্যার সমাধান করবেন কিনা। কারণ আপনি আপনার বক্তব্যের মধ্যেই উল্লেখ করেছেন, পশ্চিমবাংলার অর্থনীতি ভীষণ-ভাবে বিদ্যুতের ওপর নির্ভরশীল, বিদ্যুৎ পরিস্থিতির উন্নতি না হলে পশ্চিমবাংলার অর্থনীতি এগিয়ে যেতে পারে না, বিদ্যুতের উন্নতি হলেই পশ্চিমবাংলার অর্থনীতি এগিয়ে যাবে। এটা আমার কথা নয়, আমি এ কথা বললে সরকারী পক্ষের সদস্যরা অন্য রকম কথা বলতে পারেন। এ কথা বিদ্যুৎমন্ত্রী স্বয়ং তাঁর বাজেট বিবৃতির মধ্যেই উল্লেখ করেছেন। অথচ তাঁর বক্তব্যের মধ্যেই আমরা লক্ষ্য করছি যে, তিনি বলছেন, পশ্চিমবঙ্গে প্রতি বৎসর গড়ে ১০০ মেগাওয়াট করে বিদ্যুৎ উৎপাদন বাড়ছে। ৯৮, ৯৯ থেকে ১০০ মেগাওয়াট গড়ে বাড়ছে, তার বেশী নয়। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, এই পরিপ্রেক্ষিতে পশ্চিমবাংলার বৎসরে গড়ে ডিমাণ্ড কত বাড়ছে? অবশ্য আমরা দেখছি পশ্চিমবাংলায় এই সরকারের কৃতিত্বের ফলে ডিমাণ্ড ক্রমশঃ কমে যাচ্ছে। এখানে ইণ্ডাষ্ট্রীয়াল এক্সপানসন নেই, ইণ্ডাষ্ট্রীতে লক্-আউট, লে-অফ,

রিট্রেঞ্চমেন্ট চলছে, ইরিগেসনের কাজে বিদ্যুৎ ব্যবহার হচ্ছে না, লিফট ইরিগেসন সমস্ত অকেজো, ঘরে ঘরে লোড্সেডিং, স্বভাবতই ডিমাণ্ড বাড়ছেনা, ডিমাণ্ড কমছে। তবুও আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়কে পশ্চিমবাংলার স্বার্থে জিজ্ঞাসা করছি এই যে বছরে গড়ে ১০০ মেগাওয়াট করে বাড়ছে বলছেন, এটা কেন আরো বেশী বাড়াতে পারছেন না? আপনার বাজেট বিবৃতির মধ্যে এ বিষয়ে কোন বক্তব্য পেলাম না। অবশ্য আপনি কেন্দ্রের ওপর দোষারোপ করেছেন।

মাননীয় স্পীকার স্যার, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয় তাঁর বিবৃতিতে উল্লেখ করেছেন যে, জলঢাকা প্রকল্পের সম্প্রসারণ ঘটিয়ে সেখানে ৭৪১ লক্ষ ইউনিট বেশী প্রডাকসন করতে পেরেছেন এবং আশা প্রকাশ করেছেন ১০০০ লক্ষ ইউনিট উৎপাদন করতে পারবেন। এ ক্ষেত্রেও আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, এখানে উৎপাদন বৃদ্ধির হার এত কম কেন? এখানে তো কয়লার প্রয়োজন হয় না। এখানে তো কেন্দ্র আপনার উৎপাদন বৃদ্ধির পক্ষে কোন রকম অন্তরায় নয়। এখানে তো আপনাকে কয়লার জন্য সেণ্ট্রাল গভর্নমেন্টের কোন অর্গানাইজেশনের ওপর নির্ভর করতে হয় না, এটা তো থার্মাল পাওয়ার ষ্টেসন নয়—থার্মাল পাওয়ার ষ্টেসনের ক্ষেত্রে কয়লা ইত্যাদির কারণে কেন্দ্রের ওপর দোষ দিতে পারেন—এটা তো হাইড্রাল পাওয়ার ষ্টেসন, জল বিদ্যুৎ প্রকল্প! এক্ষেত্রে তো আপনার কেন্দ্রের ওপর দোষ চাপাবার কোন সুযোগ নেই। এক্ষেত্রে আপনি বলতে পারেন না যে, কেন্দ্র কয়লা দিচ্ছে না, বা সেণ্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি টাকা দিচ্ছে না, তাহলে হোয়াই দিস্? কেন ৭৪১ লক্ষ ইউনিট হলো, কেন আরো বাড়ল না? আমি আশা করব মাননীয় বিদ্যুৎমন্ত্রী তাঁর জবাবী ভাষণে এই প্রশ্নের উত্তর দেবেন। তিনি তাঁর বাজেট বিবৃতির মধ্যে এ বিষয়ে কোন বক্তব্য রাখেন নি।

[3.40—3.50 P.M.]

মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়কে আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে জানাচ্ছি, আপনারা কিন্তু এইভাবে লক্ষ্য দেবার চেষ্টা করলেন না। কিভাবে দেশে বিদ্যুৎ বাড়ানো যায় সেই দিকে লক্ষ্য দিলেন না। আমি এখানে রাজনীতির কথা আনবো না, কারণ রাজনীতির কথা আনলে কথার কচকচানি হবে। আপনাদের চিন্তাধারা এক রকম আর আমাদের চিন্তাধারা অন্য রকম, আমরা এগিয়ে নিয়ে যেতে চাই। পশ্চিমবাংলায় এই পরিবেশের মধ্যে আপনাদের প্রডাকসান যখন কমছে, তখন এই

পরিবেশের মধ্যে ডি. ভি. সির বিদ্যুৎ জেনারেসান কি রকম সেটা মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন ? এই পরিবেশের মধ্যে, এই ল এ্যাণ্ড অর্ডারের মধ্যে, এই বৈষম্যমূলক পরিবেশের মধ্যে, এই জঘন্য পরিবেশের মধ্যে যখন ডি. ভি. সি. এগিয়ে নিয়ে যাচ্ছে, তখন আপনারা কেন পিছিয়ে যাচ্ছেন মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই তাঁর বক্তব্যের মধ্যে জানাবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে জানাতে চাই—আপনি লক্ষ্য করেছেন কিনা জানি না কিন্তু আমরা লক্ষ্য করেছি, বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে যখন সি. ই. এস. সি. ফেল করছে, যখন হাইডেল কিম্বা থারমাল হচ্ছে না, তখন এই গ্যাস টারবাইনের জন্য আমরা সাধুবাদ জানিয়েছিলাম, চুরি-জোচ্চুরি করা সত্বেও সাধুবাদ জানিয়েছিলাম। হোয়াট ইজ দি রেজাল্ট ? আমি কাগজের কথা উল্লেখ করছি না—মাননীয় মন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করবেন গ্যাস-টারবাইন অকেজো হয়ে গেছে, ডিউ টু সর্টেজ অফ স্পেয়ার পার্টস। মাননীয় মন্ত্রী মহাশয়ের পরিকল্পনার অভাবের জন্যই এই জিনিস হয়েছে। গ্যাস-টারবাইনের যখন পরিকল্পনা হলো তখন তার স্পেয়ার পার্টস কত লাগবে, কেন লাগবে, কোথায় লাগবে এই পরিকল্পনার অভাবের জন্য অকেজো হয়ে যাচ্ছে। আমাদেরই ব্লু-প্রিণ্ট ওরা এসট্যাবলিশ করলেন। আমি চুরির কথায় যাচ্ছি না। আজকে গ্যাস-টারবাইন অকেজো হতে বসেছে, বন্ধ হতে বসেছে ডিউ টু সর্টেজ অফ স্পেয়ার পার্টস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটি কথা মনে পড়ে গেল। সাঁওতালদিহি, বাণ্ডেল এবং বিভিন্ন যে থারমাল প্রজেক্ট আছে সেখানকার বিভিন্ন ইউনিটের বন্ধুরা যাঁরা পশ্চিমবাংলার উন্নতি চান, তাঁরা একটি কথা লিখেছেন, আমি আপনাদের জানিয়ে দিই। বিদ্যুৎ বিভাগের কোটি কোটি টাকার স্পেয়ার পার্টস খোলা আকাশের তলে নষ্ট হয়েছে, জলে নষ্ট হয়েছে, রোদে নষ্ট হয়েছে, এছাড়া চুরি হচ্ছে। লক্ষ লক্ষ টাকার স্পেয়ার পার্টস মজুত আছে। আবার অপরপক্ষে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড থেকে পার্টস কেনার জন্য টেণ্ডার কল্ করা হয়েছে। উইদাউট টেণ্ডারে কেনা হয়েছে। কোন সদিচ্ছা নেই, কোন সিনসিয়ারিটি নেই। কতকগুলি রাজনৈতিক বক্তব্য রেখে মাননীয় বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় কার্য সমাধান করার চেষ্টা করছেন। এতে কিন্তু বিদ্যুৎ সমস্যার সমাধান হয় না, এতে রাজনীতি হয়। রাজনীতির নামে এগিয়ে যেতে পারবেন, কিন্তু জনসাধারনের সেবা তথা দেশের সেবা হয় না। দেশের মঙ্গল করার যে রাজনীতি সেই রাজনীতি আপনারা করছেন না। আপনারা রাজনীতির নামে রাজনীতি করছেন। এই স্পেয়ার পার্টসের কথায় আমার একটি কথা মনে পড়ে গেল, আমি চুরির কথা বেশী বলবো না—পশ্চিমবাংলার বিদ্যুৎ মন্ত্রী মহাশয়কে

খলাম স্টেট ইলেকট্রিসিটি বোর্ড অথরিটির সঙ্গে একই সুরে সুর মিলিয়ে ঘোষণা রলেন, পশ্চিমবাংলায় ১ কোটি কয়েক লক্ষ টাকার তার চুরি হয়ে গেছে। এক্ষেত্রে তনি কি রাজনীতি করলেন? মন্ত্রী মহাশয় এই ১ কোটি কয়েক লক্ষ টাকার তার রি বন্ধ করার জন্য ১৬ কোটি টাকা ওয়েসটেজ করলেন। হাউ? উনি এক প্রশ্নের ত্তরে বললেন, এই তার চুরি বন্ধ করার জন্য ভলেনটিয়ারস ফোর্স নিয়োগ করেছেন। পুলিশ ইজ ওয়ার্থলেস, পশ্চিমবাংলায় এ্যাডমিনিস্ট্রেশান নেই, সেইজন্য তার চুরি হচ্ছে এবং এই ১ কোটি কয়েক লক্ষ টাকার তার চুরি বন্ধ করার জন্য ১৬ কোটি টাকা দিলেন ঐ ভলেনটিয়ার ফোর্সদের ফিট করার জন্য। এইভাবে তিনি ওয়েসটেজ অফ মানি করলেন। এইভাবে যে গভর্নমেন্ট মানি ওয়েসটেজ করলেন সেই কথার উল্লেখ মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তব্যে রাখলেন না। .

আমি স্যার, ভেবেছিলাম যে, মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের মধ্যে একটা চেতনা আছে। আমি প্রথমে তাঁর বক্তব্য শুনে তাঁকে সাধুবাদ জানিয়েছিলাম। কিন্তু তাঁর আজকের বক্তব্যে দেখছি যে, তিনিও তাঁর নেতার সুরে সুর মিলিয়ে কেন্দ্রের উপর দোষারোপ করেছেন, নিজেদের দোষের কথা বললেন না। আমি মাননীয় বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, উনি যদি বিদ্যুতের উৎপাদন রিয়ালি বাড়াতে চান, যেখানে ঐ বিদ্যুতের উপর পশ্চিমবঙ্গের ভাগ্য জড়িত শিল্পের ক্ষেত্রে, বেকার সমস্যার ক্ষেত্রে, এগ্রিকালচারের ক্ষেত্রে—আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়কে বলছি আপনার বক্তব্যের লাষ্টের দিকে আপনি যা বলেছেন তাতে আমি আপনাকে সাধুবাদ জানাই। আপনি বলেছেন সিনসিয়ার ওয়ার্কার, সিনসিয়ার অর্গানাইজার দ্বারা যদি প্রোডাকশান, জেনারেশান ঠিকমত এস্টাবলিস করা না যায় তাহলে এক্সপ্যানশন, জেনারেশন বাড়তে পারে না। আপনি স্বীকার করেছেন, আমি ইন্‌ডাইরেক্টলি আপনাকে সাজেশান দিচ্ছি, আপনি জানেন কিনা জানি না যেখানে যেখানে উপযুক্ত ফোরম্যান, উপযুক্ত মানুষ ছিল জেনারেশনের ক্ষেত্রে—আপনার কাছে অনেক কমপ্লেন গেছে, পুলিশের লাঠিচার্জ, গুলি এবং সাঁওতালডির কথার মধ্যে আমি যেতে চাই না—একজন মানুষ, একজন ইঞ্জিনীয়ার, সাব-এ্যাসিস্টেন্ট ইঞ্জিনীয়ার যখন প্রোডাকশনের ক্ষেত্রে মন দিচ্ছে, হঠাৎ তাঁর উপর চার্জ এল যে, তিনি কংগ্রেস করেন, জাতীয়তাবাদী মানুষ, আপনি তাঁকে ট্রান্সফার করে দেন। সে ন্যাশানাল ইন্টারেস্ট দেখে, পার্টি ইন্টারেস্ট দেখে না, ন্যাশানাল ইন্টারেস্ট বৃদ্ধি করার চেষ্টা করছে, পার্টি ইন্টারেস্ট সার্ভ করছে না, আপনাকে ডোনেশন দিচ্ছে না, হয়ত ইউনিয়নের মেম্বার নয়, তাকে যদি সরিয়ে দেন, তাহলে কি হবে? আপনি অস্বীকার করেন নি, অস্বীকার করার কোন উপায় নেই, বিদ্যুতের যে অভাব সেটা

দিয়ে বসে থাকবেন না। দয়া করে পশ্চিমবাংলার শিল্পক্ষেত্রে, কৃষিক্ষেত্রের দিকে তাকান, বিশেষ করে গ্রামবাংলার মাঠের দিকে লক্ষ্য করুন এবং সমস্ত দিক লক্ষ্য করে বিদ্যুতের উন্নতি করবার কথা চিন্তা করুন। এই কথা বলে আপনার ব্যয়-বরাদ্দের দাবী উপযুক্তভাবে ব্যয়িত হচ্ছে না বলে সেটা সমর্থন করতে পারছি না। আমাদের পক্ষ থেকে যে-সমস্ত কাট মোশন এসেছে সেগুলোকে সাপোর্ট করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ, ধন্যবাদ।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বিদ্যুৎ-মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি এই সভায় উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, ৭ বছর ধরে পশ্চিমবাংলার এই বিধানসভায় এই বিদ্যুৎ দপ্তর বহু আলোচিত, বহু বিতর্কিত এবং বহু সমালোচিত হয়েছে। বহুদিন থেকে বিদ্যুৎ সমস্যা সমালোচিত। কারণ বিদ্যুতের যে সংকট এটা সারা ভারতবর্ষের সংকট এই কথা আমরা কেউ অস্বীকার করতে পারব না। ভারতবর্ষে যে কটা পরিকল্পনা হয়েছে তার মধ্যে দিয়ে কোন জেনারেশান বাড়েনি, এই কথা স্বীকার করতে পারবো না। নিশ্চয়ই জেনারেশান বেড়েছে। কিন্তু যোগানের তুলনায় চাহিদার পরিমাণ যে পর্যায়ে গিয়েছে তাতে সামঞ্জস্য থাকছে না। তার ফলশ্রুতি হচ্ছে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা এই জায়গায় এসে দাঁড়িয়েছি। ভারতবর্ষের ২ / ৩ টি রাজ্য ছাড়া সমস্ত রাজ্যে ভয়াবহ বিদ্যুৎ সংকট। মাননীয় অধ্যক্ষ মহাশয় গতকালকের সংবাদপত্র লক্ষ্য করলে দেখবেন ফিকির সভাপতি মন্তব্য করেছেন গত বছর সমস্ত ভারতবর্ষে ১০ হাজার কোটি টাকার উৎপাদনের ক্ষতি হয়েছে বিদ্যুৎ সংকটের জন্য আপনি জানেন বিদ্যুতের আর এক নাম ক্ষণপ্রভা। মাইকেলের আত্মবিলাপ কবিতায় আছে "ক্ষণপ্রভা প্রভাদানে বাড়ায় মাত্র আঁধার, পথিকে ধাঁধিতে।" শুধু সুনীতিবাবুর কণ্ঠে নয়, সমস্ত ভারতবর্ষের মানুষের কণ্ঠে এই সুর ধ্বনিত প্রতিধ্বনিত হচ্ছে যে, কেন আজকে এই অবস্থায় এলো ? আমরা যেটাকে প্রস্পেক্টিভ প্ল্যানিং বলি, ফরোয়ার্ড প্ল্যানিং বলি সেই প্রস্পেক্টিভ প্ল্যানিং বা ফরোয়ার্ড প্ল্যানিং বিদ্যুতের জন্য স্বাধীনতার পর থেকে পরিকল্পনাগুলিকে যেভাবে অগ্রসর করার প্রয়োজন ছিল সেটা করা হয় নি। সেই কারণে—যে কথা আমি আগেই বলেছি —জেনারেশান বাড়া সত্ত্বেও চাহিদা যা বেড়েছে তার তুলনায় যোগানের সামঞ্জস্য থাকছে না। কয়েকটি পরিকল্পনার যদি হিসাব দিই তাহলে সেটা বুঝতে পারা যাবে প্রথম পরিকল্পনায় যা লক্ষ্যমাত্রা ছিল তার থেকে ১৫.৪ পারসেন্ট ঘাটতি হয়েছে

দ্বিতীয় পরিকল্পনায় লক্ষ্যমাত্রা যা ছিল তার থেকে ৩৫.৮ পারসেণ্ট ঘাটতি হয়েছে। তৃতীয় পরিকল্পনায় লক্ষ্যমাত্রা যা ছিল তার থেকে ৩৩.১ পারসেণ্ট ঘাটতি হয়েছে। চতুর্থ পরিকল্পনায় লক্ষ্যমাত্রার ৫০.১ পারসেণ্ট ঘাটতি হয়েছে। পঞ্চম পরিকল্পনায় লক্ষ্যমাত্রার ১৮.৪ পারসেণ্ট ঘাটতি হয়েছে। ষষ্ঠ পরিকল্পনায় ডিসেম্বর '৮৩ পর্যন্ত ৫৪ পারসেণ্ট ঘাটতি হয়েছে। ষষ্ঠ পরিকল্পনায় নির্ধারিত ছিল ১৯ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে। সেটাকে ছাঁটকাট করে ১৪ হাজার মেগাওয়াটে নামিয়ে আনা হলো। কিন্তু তা সত্বেও লোকসভার প্রশ্ন-উত্তর পর্বে বলা হয়েছে এই ছাঁটকাট করার পরেও সেটা পূরণ হবে কিনা সেটাও সন্দেহজনক। আমি জানি না বিরোধী পক্ষের সদস্যরা কি তথ্য দিয়ে বক্তৃতা দিয়ে গেলেন। কয়েকটি উদ্দেশ্যপ্রণোদিত ভাবে বক্তৃতা দিয়ে চলে গেলেন। দিল্লীতে এতো দিন ধরে সরকার চালাচ্ছে না তাঁরা? তাঁদের পরিকল্পনায় ঘাটতির জন্য আমাদের দেশে বিদ্যুৎ সংকটের এই রূপ নিয়েছে। প্রাক্তন সদস্য হীরেন চ্যাটার্জী জানিয়েছেন, জনসভায় তিনি বক্তব্য রেখেছেন যে, কেন্দ্রীয় সরকারের পরিকল্পনায় পরি-টা পড়ে আছে কল্পনা-টা নেই। তার হাত থেকে পশ্চিমবাংলা ছাড় পায় নি। ১৯৮২-৮৩ সালে সারা ভারতবর্ষে ঘাটতির শতকরা হিসাব হচ্ছে ১১.৫ ভাগ। ১৯৮২-৮৩ সালে সারা ভারতবর্ষে যে ঘাটতি হয়েছে তার মধ্যে মহারাষ্ট্র, তামিলনাড়ু, বিহার, উড়িষ্যা, রাজস্থান এবং পশ্চিমবাংলাও আছে। এটা অস্বীকার করার ব্যাপার নয়। এখানে অনেক ব্যাপার সমালোচিত হলো। অনেক কথা বলা হলো, তার সব জবাব দেবার দরকার নেই। কার নাম করে বললেন জানি না, আমাদের কোন নেতা নাকি বলেছেন যে, পশ্চিমবাংলায় বিদ্যুতের আর প্রয়োজন নেই। অনেক দিন ধরে শুনছি এই কথা বলা হচ্ছে, ১৯৮২ সালে পশ্চিমবাংলার মানুষ প্রমাণ করেছে বামফ্রণ্ট সরকার এই সংকটকে কিভাবে মোকাবিলা করেছে। আমি ওয়াংচু কমিশনের কথা ছেড়েই দিলাম, পশ্চিমবাংলার মানুষ দেখেছে আমরা কি ভাবে আন্তরিকতার সঙ্গে এই সংকটের মোকাবিলা করার চেষ্টা করছি। সেই সময়কার মতো সিগারেটের বাক্সের ভিতর স্লিপ ইস্যু করে চাকুরি হয় নি।

১৯৭৮ সালে আমরা যখন পশ্চিমবাংলা সরকারে এলাম তখন আমরা কি দেখলাম—দেখলাম যে আমাদের রাজ্য সরকারের বিদ্যুৎ চাহিদা ছিল ১ হাজার ৫ মেগাওয়াট, অথচ সেই সময়ে রাজ্যের উৎপাদন কেন্দ্রগুলিতে ডি. ভি. সি. সহ যা পাওয়া যেত আমরা তার মধ্যে পেতাম ৬৩০ মেগাওয়াট। অর্থাৎ আমাদের বামফ্রণ্ট সরকারের যাত্রা শুরু হল ৩৫০ মেগাওয়াট দিয়ে। সুতরাং বিপর্যস্ত এবং দুর্নীতিপরায়ণ ব্যবস্থাকে ঠিক করবো এই প্রতিজ্ঞা নিয়ে কাজে লেগেছিলাম।

আপনাদেরই রাজত্বে তামিলনাড়ুতে ১৯৪৭ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত সেখানে গ্রামাঞ্চলে ৫০-৬০ ভাগ বিদ্যুৎ যোগান দিতে পেরেছেন, অথচ আপানারা পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের ক্ষেত্রে অপারগ হলেন কি করে? ১৯৪৭ সাল থেকে ১৯৬৭ সালের মধ্যে আপনারা কতটা বিদ্যুৎ দিতে পেরেছিলেন? আমরা ১৯৬৯ সালে এই সরকারের দায়িত্বে যখন এলাম তখন থেকে এবং সেইদিন থেকে আমরা কি দায়িত্ব নিয়েছিলাম আজকে সেটা ভাবা দরকার এবং আপনাদের স্বীকার করার প্রয়োজন আছে। তখন আমরা ১৯৬৯ সালে বিশেষ দক্ষতার সঙ্গে এবং আন্তরিকতার সঙ্গে এর সামাল দিতে প্রস্তুত হয়েছিলাম। বিদ্যুতের যে চাহিদা প্রতিদিনের তার দায়ভার গ্রহণ করতে সরকার বাধ্য হয়েছিলেন। ১৯৪৭ সাল থেকে ১৯৬৭ সাল, তার মধ্যে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় যে গভর্নমেণ্ট ছিল তাকে জন-সাধারণ বেআইনী সরকার এবং পশ্চিমবাংলার লোক সেই সময়ে বিধানসভাকে সাজানো বিধানসভা বলতেন, আমার দুর্ভাগ্য আমি সেই সময়ে মেম্বার ছিলাম, অবশ্যি সেই সময়ে আমি আসিনি, সেই সময়ে অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদন ৯৫ মেগাওয়াট। আর আমাদের সময়ে ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮৩-৮৪ সালে ৯২২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করেছি। অর্থাৎ আপনাদের প্রায় ১০ গুণ বেশী বিদ্যুৎ উৎপাদন করতে সক্ষম হয়েছি। রাজনৈতিক চক্রান্ত এবং স্যাবোটেজ এবং এম. এম. সি. সি. মোকাবিলা করে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত আমরা রেখেছি। আরেকটু শুনুন সুনীতিবাবু—আপনাদের আমলে অর্থাৎ ১৯৪৭ থেকে ১৯৭২ সাল পর্যন্ত, গোটা ২৫-৩০ বছরে ৯২০ মেগাওয়াট করতে সক্ষম হয়েছিলেন, আমরা সেখানে মাত্র ৭ বছরের মধ্যে ৯২২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করেছি। তবে এটা ঠিক যে, চাহিদা যতটুকু আজকে তাতে সামগ্রিকভাবে পরিস্থিতির কিছুটা উন্নতি হলেও, কলকাতা এবং মফঃস্বল এলাকার মধ্যবিত্ত মানুষ একটু সুস্থির হলেও আমরা আত্মসন্তুষ্ট হতে পারি নি। আমরা এর আরও উন্নতি চাই। আপনারা যদি আত্ম-বিশ্বাস নিয়ে এবং বলিষ্ঠতার সঙ্গে এবং সততার সঙ্গে সবরকম রাজনৈতিক চক্রান্ত বর্জন করে আমাদের সাহায্য করেন এবং সহযোগিতা করতে পারেন তাহলে পশ্চিমবাংলার ক্ষেত্রে সর্বভারতের মধ্যে দ্রুত বিদ্যুৎ ব্যবস্থার উন্নতি করতে পারবো। চেয়ে দেখুন শিল্প উৎপাদন অব্যাহত রাখার জন্য আমরা ভরতুকি দিয়েছি। আপনারা গ্যাংস্টারিজিম করে গণ্ডগোল করার চেষ্টা করছেন। তারপরে আমরা এই বিপর্যস্ত অবস্থা মোকাবিলা করার জন্য এবং গ্যাস টারবাইন চালু করার জন্য গ্লোবাল টেণ্ডারের ব্যবস্থা করেছিলাম, যাতে গ্যাস টারবাইন তাড়াতাড়ি চালু হয়। এর জন্য আপনাদের ধন্যবাদ জানানো উচিত, কৃতজ্ঞতা

জানানো উচিত পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারকে, কিন্তু আপনারা তা করবেন না জানি।

আজকে যে ইনস্টল ক্যাপাসিটি তা আগে থেকে বাড়ানো সম্ভব নয়। আগে ওভারহলিং, মেনটেনেন্স ছিল না—আমরা তার ব্যবস্থা করেছি। এই টোটাল পিরিয়ড-এ ৬৮·৬৬ কোটি টাকা আমরা বিদ্যুৎ খাতে বরাদ্দ করেছি এবং এই বছরে সবচেয়ে বেশী বরাদ্দ করা হয়েছে। ১৯৪৭ সাল থেকে ১৯৬৭ সাল—এর মধ্যে কোন সরকার এত খরচ করে'নি। অথচ আমাদের ওঁরা সমালোচনা করছেন। ওঁদের এতটুকু লজ্জা হোল না বিদ্যুৎ-এর টাকা নিয়ে ওঁরা স্টেডিয়াম করলেন। অন্য খাতে ব্যয় করলেন। ১৯৮২ সাল থেকে ১৯৮৯-৯০ ফরোয়ার্ড প্ল্যানিং যদি ঠিকভাবে চলে, কেন্দ্রীয় সরকারের সাহায্য পাওয়া যায় এবং বিরোধী পক্ষ যদি রাজনীতি না করেন তাহলে আগামী ১৯৯০ সালের মধ্যে ২২৩০ মেগাওয়াট অতিরিক্ত উৎপাদন করতে পারব। যে প্রকল্প ওঁরা হাতে নেন নি তার সমস্ত ব্যবস্থা আমাদের ব্যবস্থাপনায়, জনসাধারণ এবং বিদ্যুৎ কর্মীদের সহযোগিতায় আমরা তা করতে পারছি। কৃষির জন্য বিদ্যুৎ-এর ব্যবহার আগে এত ব্যাপক হয় নি। ২ লক্ষ অগভীর নলকূপের মধ্যে মাত্র ৩০ হাজার ছিল বিদ্যুৎচালিত। আমরা ১০ হাজার মতন নূতন কানেকশন দিয়েছি এবং আগামী ৩ মাসে আরও কয়েক হাজায় বাড়াবার পরিকল্পনা নিয়েছি। এখানে লে-অফ, ছাঁটাই, লক-আউট-এর কথা উঠেছে। আমরা লেবার ইন ওয়েস্ট বেঙ্গল থেকে দেখছি পাওয়ার সাপ্লাই-এর জন্য লে-অফ খুব সামান্য। বিদ্যুৎ সরবরাহের জন্য একটা কারখানাও লক-আউট হয় নি। মহারাষ্ট্র, তামিলনাড়ু, গুজরাটে লে-অফ হয় নি বিদ্যুৎ সংকটের জন্য? লক্ষ লক্ষ শ্রমিক মাসের পর মাস খরার বছরে কর্মচ্যুত হয়ে বসেছিল বিদ্যুতের অভাবের জন্য। বিদ্যুৎ প্রকল্পে যে বিশৃংখল অবস্থা ছিল তাতে সেখানে একটা সুশৃংখল অবস্থা আনবার জন্য আমাদের মন্ত্রিসভা চেষ্টা করছেন। এখানে ওভারটাইমের দুর্নীতি প্রচণ্ডভাবে ছিল। সেই অবস্থার মোকাবিলা করা হয়েছে কয়েকজনকে ছাঁটাই করে এবং একটা সুসংবদ্ধ পলিসি সেখানে গ্রহণ করা হয়েছে। বিশ্বকবির কাব্যে 'উপেক্ষিতা'র মতন আমাদের পশ্চিমবাংলা আজ উপেক্ষিতা। ৬ষ্ঠ পরিকল্পনায় প্ল্যান আউটলে-তে মহারাষ্ট্র ২১৫৭ কোটি টাকা পেয়ে ইনস্টল ক্যাপাসিটি করেছে ৬৮৯৬ মেগাওয়াট, উত্তরপ্রদেশ ২১২৫ কোটি টাকা পেয়ে ইনস্টল ক্যাপাসিটি করেছে ৫৩১১.৭৬ মেগাওয়াট, গুজরাট ৯৪১.৫০ কোটি টাকা পেয়ে ইনস্টল ক্যাপাসিটি করেছে ৩৩৯৬.০২ এবং সেখানে পশ্চিমবাংলা সবচেয়ে কম। ১৯৫১ সালের হিসাবে দেখা যাচ্ছে পূর্বাঞ্চলে আমরা ছিলাম সর্বোচ্চ। কিন্তু কেন্দ্রীয় সরকারের অবহেলা,

বিমাতৃসুলভ মনোভাব, উপেক্ষার মনোভাব আজ আমাদের কোথায় নিয়ে গেছে সেটা জানা দরকার। আমাদের রাজ্য ৮৫৫ কোটি টাকা পেয়েছে, আর ২ হাজার ৫৮ ইনস্টল্ ক্যাপাসিটি। সুতরাং আমরা কোথায় কি করবো।

[4.10—4.20 P.M.]

তবুও আমরা মোকাবিলা করবো এই অবস্থায় দাঁড়িয়ে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা শুনছি ন্যাশানাল থার্মাল প্রোজেক্ট কর্পোরেশনের প্রধান কার্যালয় পাটনায় করার প্রস্তাব আছে। মন্ত্রী মহাশয় তাঁর জবাবে বলবেন এটা সঠিক খবর কিনা। এটা যদি কলকাতায় হয় তাহলে ভাল হয়, কারণ এখানে বন্দরের সুযোগ রয়েছে। আমি মনে করি এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে পরামর্শ করা দরকার। একথা বলে এই বাজেট সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

শ্রীসুব্রত মুখার্জীঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কতগুলি জিনিস আছে যার জন্য বক্তৃতা করার প্রয়োজন আছে বলে মনে করিনা, এগুলি চোখে দেখা যায় এবং হাতে ছোঁয়া যায়। এই জিনিসটা আমাদের ওইধারে যাঁরা বসে আছেন তাঁরা হয়ত মানতে রাজী হবেন না, কিন্তু মানুষ প্রতিদিন এই জিনিসটা উপলব্ধি করতে পারছে এবং এর জন্য আমার বা বিদ্যুৎমন্ত্রীর বক্তৃতা দিয়ে বোঝাবার দরকার নেই। বর্তমানের বিদ্যুৎ পরিস্থিতি এমন একটা জিনিস, যে বিষয় নিয়ে বাংলা এবং বাংলার বাইরের আবাল-বৃদ্ধ-বনিতাকে বক্তৃতা দিয়ে বোঝাবার দরকার নেই। আমরা এখানে খুব ভাল অবস্থার মধ্যে রয়েছি—অর্থাৎ এয়ারকণ্ডিশন ঘরে রয়েছি, কিন্তু বাড়ী ফেরার কথা যখন ভাবি তখন দারুণ বিভীষিকা মনে জাগে। আমরা দেখছি প্রতিদিন ২/৪ ঘণ্টা নয়, ঘণ্টার পর ঘণ্টা বাঁধাধরা নিয়মের বাইরে লোডশেডিং চলছে এবং এই অবস্থার মধ্যে আমরা এখানে বিদ্যুৎ নিয়ে আলোচনা করছি। আপনারা যদি আপনাদের পরিবারের লোকদের জিজ্ঞেস করেন বিদ্যুতের অবস্থা কি তাহলে তাঁরাই আপনাদের ঠিক জবাব দেবেন। এই ব্যাপারে আমার বক্তৃতা দেবার বা জবাব দেবার দরকার নেই। মন্ত্রী মহাশয় কি জানেন সাঁওতালদিহির ৪টি ইউনিটের মধ্যে মাত্র ১টি ইউনিট চলছে? এই পরিস্থিতির মধ্যে আমরা বাজেট বরাদ্দ নিয়ে আলোচনা করছি এবং এর জন্য আমাদের সাফাই গাইতে হবে। ব্যাণ্ডেলে দেখছি ৪টি ইউনিটের মধ্যে মাত্র ২টি কোনরকমে চলছে। গ্যাস

টারবাইন এনে কয়েক কোটি টাকা নয়ছয় করা হল, অথচ তার মাত্র দুটি ইউনিট চলছে। স্যার, এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা বিদ্যুৎ নিয়ে আলোচনা করছি। মন্ত্রী মহাশয় বলবেন কি, স্টেট ইলেকট্রিসিটি বোর্ড—যারা সবচেয়ে বড় প্রতিষ্ঠান তাদের সাপ্লাই-এর অবস্থাটা কি? এই স্টেট ইলেকট্রিসিটি বোর্ড তাদের অডিট রিপোর্ট পর্যন্ত দেয় না। আমি মনে করি এই রিপোর্ট না দেওয়া পর্যন্ত মন্ত্রী মহাশয়ের হাউসে বক্তৃতা করা উচিত নয়। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড লক্ষ লক্ষ টাকার বাজেট পেশ করে না। আমরা দেখেছি ওখান থেকে ভাল ভাল এক্সপার্টদের সরিয়ে দেওয়া হয়েছে। এরপরও আমাদের এই ব্যয়বরাদ্দ সমর্থন করতে হবে? বিদ্যুতের কথা বুঝতে হলে আমি সমস্ত মাননীয় সদস্যদের অনুরোধ করব একে দু'ভাগে ভাগ করুন এবং তার মধ্যে ১টি হল নূতন পরিকল্পনা এবং যোজনা এবং আর একটি হল মেনটেনেন্স এবং প্রোডাকশন। নূতন পরিকল্পনা এবং যোজনার ক্ষেত্রে দায়িত্ব হল কেন্দ্রীয় সরকারের। এক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যদি বিমাতৃসুলভ আচরণ করেন বা কোনরকম সাহায্য না করেন, তাহলে চলুন আমরা আমাদের তেরঙ্গা পতাকা নিয়ে আপনাদের সংগে কেন্দ্রীয় সরকারের কাছে যাই। কিন্তু মেন্টেনেন্স এবং প্রোডাকশন যেটা নিয়ে পশ্চিমবাংলা সবচেয়ে বেশী সাফার করছে, আমাদের অর্থনীতি ক্রিপলড হয়ে যাচ্ছে, সেক্ষেত্রে যদি আপনাদের ব্যর্থতা এবং অদূরদর্শিতা থাকে তাহলে তার দায়-দায়িত্ব বহন করতে আপনারা রাজী আছেন?

আমি দ্বিতীয় অংশের কথা বলি। মুখ্যমন্ত্রী চিৎকার করে বলেছিলেন, মন্ত্রী হবার পর এবং সে সম্বন্ধে আমরা আলোচনা করছি তিন বছর পর নয়, ৭ বছর হয়ে গেছে। যদি.আমরা আসবার পরই সমালোচনা করতাম তাহলে আমাদের সে কথা টিকতো না। তিনি কি এখানে বলেন নি যে, কোলাঘাটের টাকা নিয়ে সিদ্ধার্থশঙ্কর রায় টেবিল টেনিস খেলার জন্য ব্যবস্থা করেছেন? এবং তারই জন্য নাকি বিদ্যুৎ হয় নি। সিদ্ধার্থশঙ্কর রায় পাঁচ বছর মুখ্যমন্ত্রী ছিলেন—আজকে জ্যোতি বসুর সাত বছর মন্ত্রিত্ব পার হয়ে গেছে। তিনি বুকে হাত দিয়ে বলুন এই দায়িত্ব কার ছিল? এই দায়িত্ব কি জ্যোতিবাবু এড়িয়ে যেতে পারবেন? পাঁচ বছরের চেয়ে সাত বছর আরও বেশী, না কম? শুধু তাই নয় ডি. পি. এল.-এর ৬নং ইউনিট-এর জন্য আমরা টাকা এ্যালট করে এসেছিলাম, কিন্তু এখনও পর্যন্ত সেই ৬নং ইউনিটটি চালু করার কোন ব্যবস্থা করা হয় নি। ফরোয়ার্ড ব্লকের যিনি মন্ত্রী ছিলেন দুর্ভাগ্যবশতঃ তিনি আজকে হাউসে নেই, তিনি বাইরে সংবাদপত্রে অভিযোগ করেছিলেন যে, এই শরিকি সংঘর্ষের জন্য ঐ ৬ নং ইউনিটটি চালু হতে পারে নি। সেখানে সব যোগ্য ইঞ্জিনীয়ারদের কাজে বাধা সৃষ্টি করা হয়েছে—এমন কি তাদের

ট্রান্সফার করা হয়েছে। আজকে ছয় নং ইউনিটটি যদি তৈরী থাকতো এবং এগুলি যদি ঠিক ঠিক ভাবে চালু থাকতো তাহলে পশ্চিম বাংলার আজকে এই অবস্থা হোত না। একটার পর একটা দেখুন প্রোডাকশন এবং মেনটেনেন্সের অবস্থা কি? আজকে সাঁওতালদিতে একটি মাত্র ইউনিট চালু আছে। যদি সব কয়টি ইউনিট চালু থাকতো তাহলে আজকে আমাদের লোডশেডিং করতে হতো না। এর জন্য দায়ী কে? কেন্দ্র, না রাজ্য? ব্যাণ্ডেলে যে পাঁচটি ইউনিট আছে—সেখানে দুটির বেশী ইউনিট চালু করতে পারেন নি। এর জন্য দায়ী কে? কেন্দ্র, না রাজ্য? আজকে এই সব প্রশ্নের উত্তর দিতে হবে। মেনটেনেন্স হচ্ছে না। উনি নিজেই প্রশ্নের উত্তর দিয়ে বলেছেন যে, কিছু অযোগ্যতা আছে। তার জন্য দায়ী কে? আপনি হাউসে ষ্টেটমেন্ট দিয়ে বলেছেন ছাই সরানো হচ্ছে না। ছাই সরানো হচ্ছে না বলে কি কেন্দ্র দায়ী? আবার বলেছেন ভাল কয়লা পাওয়া যাচ্ছে না—খারাপ কয়লা ঢুকিয়ে দেওয়া হচ্ছে। এর জন্য কি কেন্দ্র দায়ী? যে তেল মেনটেনেন্স করার জন্য দিতে হয় সেই তেল দেওয়া হচ্ছে না। তার জন্য কি কেন্দ্র দায়ী? কেন্দ্র কি বিভিন্ন পরিকল্পনার জন্য টাকা দেয় নি? ৮/১০ বছর আগের কথা ভেবে ২ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করার ব্যবস্থা করে দেয় নি? কিন্তু কোন পরিকল্পনাই নেই। আমরা বলেছি যে শুধু একটা থারমাল-এর উপর ডিপেণ্ড করে থাকা একটা সরকারের বৈজ্ঞানিক চিন্তা হওয়া উচিত নয়। অনেক কিছু চিন্তা করা উচিত। আজকে ডেভেলপমেন্ট কান্ট্রি যে চিন্তা করছে কিছু কিছু হাইড্রো-ইলেকট্রিক তৈরী করার ব্যাপারে—আপনাদেরও তা চিন্তা করা দরকার। আপনারা একটা জায়গায় দেখাতে পারবেন যে, ওঁরা নূতন করে কিছু চিন্তা করেছেন? কিংবা সেটার জন্য সুপারিশ করেছেন দিল্লীতে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবার—এই সব প্রশ্নের উত্তর মানুষের কাছে দিতে হবে—আমাদের কাছে নয়। আমি তখন মন্ত্রী ছিলাম—সি. আই. টি. ইউ. রিপ্রেজেন্টেশন হিসাবে চিঠি লিখেছিল যে, মাল্টিন্যাশনালকে দেওয়া হচ্ছে টিটাগড়ে কারখানা করবার জন্য—বিদ্যুৎ উৎপাদন করবার জন্য। সুতরাং সিদ্ধার্থশঙ্কর রায়—সর্বনাশ হয়ে যাবে। মাল্টিন্যাশনালকে খবরদার দেবেন না। আমরা তা করি নি। আমি তাদের চিঠি উল্লেখ করে বলছি, তাদের নাম উল্লেখ করে বলছি, যদি ক্ষমতা থাকে চ্যালেঞ্জ করতে পারেন। অথচ সেই মাল্টিন্যাশনালকেই ঐ ইউনিট-এর দায়িত্ব দেওয়া হচ্ছে। চার বার দাম বাড়িয়ে দেওয়া হয়েছে এবং মানুষের মধ্যে একটা বিভেদ সৃষ্টি করা হয়েছে। আজকে মাল্টিন্যাশনালকে খোলাখুলিভাবে মদত দেওয়া হচ্ছে। আমি বলে দিতে পারি বৃটিশ পিরিয়ডে দেশ স্বাধীন হবার আগেও এই রকম রেকর্ড নেই।

আমার সাথে বহুবার দেখা হয়েছে, বহু জায়গায় বলেছি। আমরা মানুষের কাছে বলেছি বয়কট করবার জন্য। আপনারা তো বলবেন সরকারের আইন আছে—আইন তো এই—আগে ৫০০/৭০০ টাকা জমা দিতে হবে, তারপর আপনি দরখাস্ত করতে পারবেন, কিন্তু it is our fundamental right protected by our house.

আমাদের কি এর একটা ব্যবস্থা করার দরকার নেই? তিন ডবল/চার ডবল ইউনিট বাড়িয়ে দেওয়া হয়েছে—This is communist party.

স্যার, আপনি তো জানেন যে, পাওয়ার ইউনিটের দাম বাড়িয়ে দেওয়া হয়েছে কিনা।

[4.20—4.30 P.M.]

সোস্যাল সিকিউরিটির নাম করে মাল্টিন্যাশানালকে যদি সমর্থন করা হয় তাহলে আমি জানি না, যাঁরা ট্রেড-ইউনিয়ন করেন, তাঁরা কি বলবেন। উত্তর দেবেন দাম বাড়িয়েছেন কেন। স্যার, গ্যাস টার্বাইনের কথা বড় করে বলা হলো। গ্যাস টার্বাইন একটা মূল সাপ্লাই করতে পারে না। আমরা যখন সরকারে ছিলাম তখন এই নিয়ে ধারাবাহিক ভাবে বিস্তারিত আলোচনা হয়েছে। এক্সপার্টদের মতামত আমরা নিয়েছি এবং এখনও বাইরে যে-সমস্ত এক্সপার্টদের মতামত পাই তাতে দেখা যায় গ্যাস টার্বাইন-এর দ্বারা যে মূল প্রোডাকশনের প্রয়োজন, সেখানে যদি কোথাও ঘাটতি পড়ে গ্যাস টার্বাইন সেখানে গ্র্যাটিস দিতে পারে। ধরুন ৪০০ মেগাওয়াট দরকার, ৫০ মেগাওয়াট ঘাটতি পড়ছে, সেই ৫০ মেগাওয়াট গ্যাস টার্বাইন দিয়ে গ্র্যাটিস দেওয়া যায়। কোন মূল সাপ্লাই কোনওদিন গ্যাস টার্বাইন দিয়ে হতে পারে না। বিশ্বের কোথাও এই জিনিস পাবেন না। ফেলে দেওয়া চারটে গ্যাস টার্বাইন ব্রিটেন থেকে নিয়ে এসেছেন। যেটা নিয়ে আমরা বারবার বলেছি, এই গ্যাস টার্বাইনের ব্যাপারে জুডিসিয়াল এনকোয়ারি করবার জন্য। অরিজিন্যাল সব তথ্য আপনাদের কাছে পেশ করা হয়েছে। ১৫০ পাতার রিপোর্ট, আজকে there is no turbine, one gas is there and also ashes.

শুধু ছাই আছে আর গ্যাস আছে। দুটো তো সম্পূর্ণ বন্ধ, বাকিগুলো ধুঁকছে, কোনও প্রডাকশন হয় না। মেন্টেন্যান্স করতে বিক্রি হয়ে যাচ্ছেন ওনারা। কোন দার্শনিক এসে বললেন যে, গ্যাস টার্বাইন এনে বিরাট কাজ করেছেন, আমরা তো জানি গ্যাস টার্বাইন নিয়ে এইসব কথা হবে। আমরা তো জানি গ্যাস

টার্বাইন কিনতে গিয়ে কোন্ কোম্পানীর কাছে কে ছিলেন। আমরা তো জানি গ্যাস টার্বাইন-এর আরও কেলেঙ্কারির কথা। সেই সমস্ত ভয়ংকর কথা অডিট রিপোর্টের মধ্যে আছে। যদি হিম্মত থাকে সেই অডিট রিপোর্টের উপর আলোচনা হোক। আমি রাজি আছি পদত্যাগ করতে যদি এই সমস্ত কথা অসত্য হয়। এত ম্যালপ্রাকটিস, এত ইররেগুলারিটিজ সেখানে আছে, কৈ সেইসব কথা বলা হচ্ছে না তো? মানুষকে বিদ্যুৎ দিতে হবে, ঠিক কথা। বিদ্যুতের যদি ব্যর্থতা আমাদের কোনও জায়গায় থাকে, সেই ব্যর্থতার জন্য দায়-দায়িত্ব আমরা নিশ্চয়ই স্বীকার করে নেব, আমরা রাজী আছি, অস্বীকার করবার কোন উপায় নেই, কিন্তু যে ব্যর্থতা এবং নৈরাজ্য আজকে সৃষ্টি হয়েছে, তাকে বরদাস্ত করা উচিত নয়। সংখ্যাধিক্যের জোরে আজকে যদি সমস্ত কিছু ধামাচাপা দেবার চেষ্টা করা হয় তাহলে আগামী দিনে ফল ভাল হবে না। সেই ভয়ংকর দিনের জন্য আপনাদের অপেক্ষা করতে হবে। স্যার, বিদ্যুৎ সম্পর্কে আমরা বারবার বলেছি, মন্ত্রী মহাশয়কেও বলেছি যে, বিদ্যুতের রেশন করেছেন ভাল কথা, কিন্তু রেশন করতে গেলে একটা ফাণ্ডামেণ্টাল কোশ্চেন মনে রাখা দরকার যে, রেশনের প্রশ্ন তখনই আসে যখন মিনিমাম প্রোডাকশনটা থাকে। মিনিমাম প্রোডাকশন না থাকলে রেশন মেনটেন করা যায় না। ইন স্পাইট অব দ্যাট, আমরা রেশন এ্যাকসেপ্ট করেছি, ওয়েলকাম জানিয়েছি। কিন্তু আজ কোম্পানীগুলোতে যে-সমস্ত রেশন ব্যবস্থা হয়েছে, যেখানে সিটু ইউনিয়ন সুপারিশ করছে, সেখানে ২/৪/৬ মেগাওয়াট করে বিদ্যুৎ সাপ্লাই হয়ে যাচ্ছে, মন্ত্রী মহাশয়ের সুপারিশ অনুযায়ী হচ্ছে এবং যে-সমস্ত জায়গায় মালিক ওনাদের সমর্থন করেন না বা আই. এন. টি. ইউ. সি'-র ইউনিয়ন আছে বলে মনে করেন সেখানে সাপ্লাই হচ্ছে না, সেখানে জবরদস্ত ভাবে একটা শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে একটা রাজনৈতিক হাতিয়ার হিসাবে ব্যবহার করা হচ্ছে। আজকে অস্বীকার কে করবেন যে, ৪০০ ছোট বড় কোম্পানী বন্ধ হয়ে রয়েছে হাওড়ায়, যে হাওড়াকে এক সময় ইণ্ডিয়ার ম্যানচেস্টার সেফিল্ড বলা হতো, সেখানে আজকে শুধু বিদ্যুতের অভাবে সব নষ্ট হয়ে যাচ্ছে। আজকে এটা অস্বীকার করতে পারবেন? আমি ট্রেড-ইউনিয়নের সঙ্গে যুক্ত, আজকে ১॥ লক্ষ শ্রমিক বেকার এবং সেই ১॥ লক্ষ শ্রমিক আজকে লে-অফ এবং ক্লোজারের বলি হয়েছে। শান্তশ্রীবাবুকে জিজ্ঞাসা করি, লে-অফ এবং ক্লোজার কিসের জন্য হয়েছে? শ্রমিক অসন্তোষের জন্য কি? না অন্যকোন কারণের জন্য? একটি মাত্র লে-অফ এবং ক্লোজারের কারণ, সেটা হলো বিদ্যুতের অভাব। আজকে বিদ্যুৎ হলো fundamental incentive of the low industry.

স্যার আমি এবার স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের দু-একটি দুর্নীতির কথা বলছি। আমাদের ৩ হাজার কর্মীকে গ্রীষ্মকালে বাঁকুড়া এবং পুরুলিয়াতে ট্রান্সফার করা হয় এবং শীতকালে দার্জিলিং ট্রান্সফার করে দেওয়া হয়। সবই ভৌতিক ব্যাপার, আমি বারবার বলেছি, আপনারা পুলিশ পাঠিয়ে দিয়েছেন ইস্টার্ন ফ্রন্টিয়ার রাইফেল বাহিনী পাঠিয়েছেন সাঁওতালডিতে। আমরা বলেছি ফোরম্যানদের দেখুন, ধরুন, এই লিডারদের ধরুন। তা না করে সাধারণ শ্রমিক এবং কর্মচারীদের উপর শাস্তি-মূলক ব্যবস্থা, নৃশংস, অমানবিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন বারবার। এই জন্য বলতে চাই আপনি পুলিশের লাঠি দিয়ে আমাদের শ্রমিকদের শরীর থেকে রক্ত বার করতে পারেন, কিন্তু বিদ্যুৎ বার করতে পারবেন না।

আজকে তাই হয়েছে। বিদ্যুৎ বেরোয় নি, পিঠ দিয়ে রক্ত বেরিয়েছে। আমাদের ছেলেরা রিজাইন করতে বাধ্য হয়েছে। আমাদের ছেলেরা শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে অসুস্থ হয়ে পড়েছে। এমন কি অনেক জায়গায় চাকরি চলে গিয়ে মৃত্যু পর্যন্ত বরণ করেছে, এই হচ্ছে অবস্থা। সুতরাং আজকে একটা সাংঘাতিক অসহনীয় অবস্থার মধ্য দিয়ে এই বিদ্যুৎ পরিস্থিতি চলেছে। এই বিদ্যুৎ বরাদ্দ পাশ হয়ে গেলেই তা নিয়ে মন্ত্রী মহাশয় খুশী হবেন। কিন্তু ওঁদের লজ্জা হওয়া উচিত, সেই লজ্জা নেই, কেন না জাতির উন্নতির জন্য ন্যূনতম প্রয়োজন হল বিদ্যুৎ, অথচ সেই বিদ্যুৎ আজকে নেই। এর জন্য ওঁদের কোন লজ্জা নেই। কংগ্রেসের আমলে উন্নয়নমূলক কাজ হয়েছিল, কিন্তু আজকে বিদ্যুতের অভাবে উন্নয়নমূলক কাজ ব্যাহত হচ্ছে। বিদ্যুৎ মানুষের প্রয়োজনে অপরিহার্য বস্তু হিসাবে পরিগণিত হয়েছে। ৭ বছর পরেও সাপ্লাই দেওয়া দূরে থাক, আপনারা কেন্দ্রের উপর দোষ দিতে চেষ্টা করছেন। তাই আমি আশা করব বিদ্যুৎকে হাতিয়ার হিসাবে না নিয়ে বিদ্যুৎকে বিদ্যুৎ হিসাবে গ্রহণ করে গোটা দেশের অর্থনীতিকে বাঁচাবার চেষ্টা করুন। আপনারা অনেক সময় নিয়েছেন, ৭ বছর পরে এই সত্য কথা বলবার সুযোগ পাচ্ছি, আমরা হলে সাত মাস সময়ও পেতাম না। আপনি বিবৃতি দিয়ে বলেছেন কোলাঘাট-এর একটি ইউনিট সেপ্টেম্বর মাসে চালু হবে, আর একটি ইউনিট ডিসেম্বরে চালু হবে এবং ১৯৮৫ সালে দুটি ইউনিট চালু হবে। আমরা অপেক্ষা করব—কিন্তু আমরা জানি যে অবস্থার মধ্যে পড়ে আছে তাতে চালু হবে না, দ্যাট ইজ অন রেকর্ড বলা রইল, পরবর্তীকালে আরো বলব। কাজেই যে বাজেট বিবৃতি দেওয়া হয়েছে আমি তার প্রতিবাদ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরল দেব: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সমস্যাসঙ্কুল পশ্চিম বাংলায়

বিদ্যুৎ সমস্যা একটা জাতীয় সমস্যা। আমরা ভেবেছিলাম এই জাতীয় সমস্যার সমাধানে বিরোধী দলের সদস্যরা এগিয়ে আসবেন। কেন না তাঁরাই ৩০ বছর ধরে ভারতবর্ষের তখ্‌তে বসে আছেন এবং এই রাজ্যের গদিতেও বসেছিলেন। কাজেই তাঁরা একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে আলোচনা করবেন, আমরা এটা আশা করেছিলাম। কিন্তু আমরা দেখলাম তাঁরা কেবল বিরোধিতা করার জন্যই বিরোধিতা করে গেলেন। ওঁরা দেখতে পেলেন না, ৩০ বছর পশ্চিম বাংলায় কারা ছিলেন? ওঁরা ৩০ বছর পশ্চিম বাংলায় থেকে মাত্র ৯২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন করে গিয়েছিলেন। আর বামফ্রন্ট সরকার ৭ বছরে সেখানে ৯২২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করেছে। এটা ওঁরা দেখতে পেলেন না? কারণ, বামফ্রন্ট সরকার পি. সি. সরকারের জাদু জানেন—ফলে ওঁদের একটু অসুবিধা হচ্ছে। ওঁরা কিন্তু এটা একবারও বললেন না, পূজার ২/২।। মাস আগে ১ লক্ষ গৃহে ডোমেসটিক কানেকশান দেবার আমাদের টার্গেট ছিল, সেখানে প্রায় ৯০ হাজার গৃহে ডোমেসটিক কানেকশান দেওয়া হয়েছে। স্বর্গতঃ ডাঃ বিধানচন্দ্র রায়ের মৃত্যুর পর ওঁরা সরকারে এসে কেবল লুঠেছেন, পশ্চিম বাংলার এই বিদ্যুৎ সংকটের জন্য কিছুই করেন নি। বিধানচন্দ্র রায় ক্ষোভ প্রকাশ করে বলেছিলেন পশ্চিম বাংলার প্রতি অবিচার করা হচ্ছে। বিধানচন্দ্র রায়ের মৃত্যুর পর কি অবস্থা হয়েছে সেটা আমি আপনাদের কাছে তুলে ধরছি। টেবল্‌ ৬/৩টার প্রতি একটু দৃষ্টি দিতে বলছি। ১৯৬৫-৬৬ সালে গুজরাটে ৬১০·৬ মেগাওয়াট, মহারাষ্ট্রে ১৩০৪·৫ মেগা-ওয়াট, তামিলনাড়ুতে ১৩১৪·২ মেগাওয়াট, পশ্চিমবাংলায় ১২৪৩ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হয়েছে। কেন্দ্র-রাজ্য সম্পর্ক পুনর্বিন্যাসের কথা কেন আমরা বারে বারে বলি সেটা একটু শুনুন। ১৯৭৫-৭৬ সালে কেন্দ্রের আনুকূল্যে গুজরাটে ১৩৬১·৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হয়েছে। সুনীতিবাবুরা তো এই কথা শ্রীমতী ইন্দিরা গান্ধীকে বলবেন না—পশ্চিমবাংলা ভারতবর্ষের একটি অঙ্গরাজ্য। সেই একই সময়ে মহারাষ্ট্রে দেখা যাচ্ছে ২৪৮০·৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হয়েছে, প্রায় দ্বিগুণের উপর হয়ে গেছে। তামিলনাড়ুতে ১৯৭৫-৭৬ সালে ১৭৬৩ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হয়েছে। আর পশ্চিমবঙ্গে ১২৪৩ মেগাওয়াটের জায়গায় ১৬৩৯·২ মেগাওয়াট গিয়ে দাঁড়াল। গোটা ভারতবর্ষ জুড়ে এই বিদ্যুৎ সঙ্কট রয়েছে। হরিয়ানায় ১০ থেকে ১৬ ঘণ্টা লোডশেডিং হচ্ছে। কংগ্রেস শাসিত রাজ্যে ৩০ থেকে ৪০% বিদ্যুৎ কাট্‌ হচ্ছে। পাঞ্জাবে তো ডাইরেক্টলি কেন্দ্রের শাসন চলছে, সেখানেও ১২ থেকে ১৬ ঘণ্টা উইদাউট পাওয়ার থাকছে। সেখানে ইণ্ডাষ্ট্রি এবং এগ্রিকালচারে ৫০% পাওয়ার

কাট্ হচ্ছে। উত্তরপ্রদেশে ২৫ থেকে ৬৬·৬৭% পাওয়ার কাট্ ইন ইণ্ডাষ্ট্রি এ্যাণ্ড এগ্রিকালচার হচ্ছে। গুজরাটে পাওয়ার উদ্বৃত্ত হচ্ছে বলা হয়। সেখানেও মাঝে মাঝে ২০ থেকে ৩৫% পাওয়ার কাট হয়। মধ্যপ্রদেশে ২৫ থেকে ৪০% পাওয়ার কাট্ ইন ইণ্ডাষ্ট্রি এ্যাণ্ড এগ্রিকালচার হচ্ছে। মহারাষ্ট্রে ১৫ থেকে ৩০% পাওয়ার কাট্ হচ্ছে। সেই সময় পশ্চিমবাংলায় ইণ্ডাষ্ট্রিতে পাওয়ার কাট হচ্ছে মাত্র ১৫%। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর আমরা এই ৯২২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করেছি। এর সঙ্গে ক্যাপটিভ জেনারেটরের মাধ্যমে যে বিদ্যুৎ উৎপন্ন হচ্ছে, যা নাকি ইণ্ডাষ্ট্রিতে সাবসিডি দেওয়া হয় তার পরিমাণ হল ২৫%—এটা হল ৪৫০ মেগাওয়াট।

[4.30—4.40 P.M.]

ওঁরা বললেন, পশ্চিমবাংলায় আমরা কিছুই করি নি। আমি স্যার, আপনার মাধ্যমে ওঁদের বলতে চাই, মাননীয় সদস্যরা, আপনারা মনে রাখবেন, বিদ্যুতের সমস্যাটা গোটা ভারতবর্ষের সমস্যা। প্রতি বছর যদি ভারতবর্ষে নতুন করে দু' হাজার মেগাওয়াট করে বিদ্যুৎ উৎপাদন হয় তাহলেও কিছু হবে না, সেখানে যদি প্রতি বছর নতুন করে ৫ হাজার মেগাওয়াট করে বিদ্যুৎ উৎপাদন করতে না পারা যায় তাহলে ভারতবর্ষ অন্ধকারে নিমজ্জিত হবে। আজকে আমরা এই অবস্থায় এলাম কেন? এর জন্য দায়ী কারা? ষষ্ঠ পরিকল্পনাতে মহারাষ্ট্রের জন্য যেখানে ৬১৯৬·৩০ মেগাওয়াট মঞ্জুর করা হয়েছে, উত্তরপ্রদেশের জন্য যেখানে ৫৩১১·৭৬ মেগাওয়াট মঞ্জুর করা হয়েছে, গুজরাটের জন্য যেখানে ৩৩৯৬·০২ মেগাওয়াট মঞ্জুর করা হয়েছে, সেখানে পশ্চিমবাংলার জন্য মঞ্জুর করা হয়েছে ২১৭৮·৫৪ মেগাওয়াট। স্যার, যে পশ্চিমবাংলা বৃটিশ আমলে শিল্পে প্রথম ছিল তার ক্ষেত্রে এই বঞ্চনা কেন? তারপর পরিকল্পনার জন্য টাকা কত দেওয়া হয়েছে? মহারাষ্ট্রের জন্য ২১৫৭ কোটি টাকা, উত্তরপ্রদেশের জন্য ২১২৫·৯০ কোটি টাকা, গুজরাট একটা ছোট রাজ্য, তার জন্য ৯৪১·৫০ কোটি টাকা, আর পশ্চিমবাংলার জন্য ৮৮৬·৫৫ কোটি টাকা দেওয়া হচ্ছে। পশ্চিমবাংলার প্রতি এই বঞ্চনা কেন সেকথা ওঁরা একবারও বললেন না। সুনীতিবাবু, যিনি একদা ওয়াঞ্চু কমিশন থেকে অভিযুক্ত হয়ে মন্ত্রিসভা থেকে বরখাস্ত হয়েছিলেন, সুব্রতবাবু যিনি মন্ত্রী ছিলেন তাঁরা কি বলবেন, এই বঞ্চনা কেন? তাঁরা কি বলবেন, পশ্চিমবাংলার প্রতি এই বিমাতৃসুলভ আচরণ কেন? সকলেই বলছেন ভারতবর্ষের ঐক্য চাই। আজকে সারা ভারতবর্ষে বিচ্ছিন্নতাবাদ কেন মাথাচাড়া দিয়ে উঠছে সেটা

কি আপনারা জানেন না? আপনাদের নীতির ফলেই এইসব হচ্ছে। আপনাদের নীতির ফলে গোটা পূর্ব ভারতের প্রতি এই বঞ্চনা চলেছে। এসব কথা তো আপনারা একবারও বললেন না। আমরা বার বার ট্রেড-ইউনিয়ানগুলির পক্ষ থেকে বলেছি, ইকোয়ালাইজেশান অব ফ্রেট এ্যাণ্ড প্রাইস—এসব কথা তো আপনারা একবারও বলেন নি। পূর্ব ভারতের কয়লা এবং 'র' জুট তারজন্য সারা ভারতবর্ষে একই রেট, কিন্তু অন্য ক্ষেত্রে নয়। এ ক্ষেত্রে পশ্চিমবাংলার প্রতি কি রকম অবিচার করা হচ্ছে সেটা আপনারা সকলেই জানেন। কংগ্রেস মাঝখানের দু'বছর বাদ দিয়ে কেন্দ্রে ৩৬ বছর এবং পশ্চিমবাংলায় ৩০ বছর রাজত্ব করেছেন, কিন্তু তাঁরা পশ্চিমবাংলায় বিদ্যুতের সমস্যার সমাধানের চেষ্টা করেন নি। ডাঃ বিধানচন্দ্র রায় চলে যাবার পর যাঁরা কংগ্রেসে ছিলেন বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদার কথা তাঁদের মাথায় আসে নি। তাঁরা শুধু লুঠে নেবার তালেই ব্যস্ত ছিলেন। ওঁরা বললেন, পশ্চিমবাংলায় নতুন শিল্প হচ্ছে না। কোন তথ্য ওঁরা রাখেন না। স্যার, এই কয় বছরের মধ্যে প্রায় ১॥ হাজারের মতন স্মল স্কেল ইউনিটে বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। আমি স্যার, এই প্রসঙ্গে কয়েকটি তথ্য দিচ্ছি। ১৯৭৮ সালে ১৭২০৮টি স্যালোকে এনারজাইস করা হয়েছিল সেখানে ১৯৮৩ সালে হয়েছে ২৪২০৪টি। আর ১৯৮৪ সালের তিন মাসে ৬ হাজার নতুন স্যালোতে এনারজাইস করা হয়েছে। এর জন্য তো বিদ্যুৎ পর্ষদের কর্মীদের ওঁরা একবারও অভিনন্দিত করলেন না। ডিপ টিউবওয়েলে—১৯৭৮ সালে ২৩৮৭টিকে এনারজাইস করা হয়েছিল, সেখানে ১৯৮৩ সালে সেই সংখ্যাটা হচ্ছে ২৮১৭। হেল্থ সেণ্টার—১৯৭৮ সালে ৩৭৩টিকে এনারজাইস করা হয়েছিল, আজকে সেখানে প্রায় ৪০০টিতে করা হয়েছে। বস্তি—১৯৭৮ সালে ১১১টিতে হয়েছিল, আজকে ১২১টি হয়েছে। এগুলি কি কোন সাফল্যই নয়? ১৯৭২—৭৭ সাল পর্যন্ত যখন ওঁরা ক্ষমতায় ছিলেন তখন প্রতি বছর কত মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করেছেন?

বিদ্যুৎকে যদি জাতীয় সমস্যা হিসাবে মনে করতেন তাহলে জরুরী অবস্থার সময়ে সেটার উপরে গুরুত্ব দিতেন। আপনারা এগুলিকে ওভারহলিং করেন নি। ২৪ ঘণ্টা ধরে এগুলিকে চালিয়েছেন। আপনারা সাঁওতালদি, ব্যাণ্ডেল-এর কথা বলেছেন। হ্যাঁ, কিছু ওভারহলিং করা হয়েছে। আজকে ওভারহলিং করার জন্য বন্ধ হবে। এগুলিকে ওভারহলিং করতে হবে না? ওভারহলিং করতে গেলে ইউনিট বন্ধ হবে। তার মানে কি বিদ্যুৎ পর্ষদের ব্যর্থতা? অদ্ভুত কথা আপনারা বলছেন। আজকে বিদ্যুৎকে যদি জাতীয় সংকট বলে মনে করেন তাহলে

পশ্চিমবঙ্গ সরকারের সংগে কাঁধে কাঁধ মিলিয়ে ইন্দিরা গান্ধীকে বলুন যে, যোজনা পর্ষদ থেকে আরো অধিক টাকা যেটা পশ্চিমবঙ্গের ন্যায্য পাওনা সেটা দিন। পশ্চিমবাংলা বারে বারে বঞ্চিত হচ্ছে। সেই বঞ্চনার হাত থেকে যদি তাকে বাঁচাতে হয় তাহলে বিদ্যুৎমন্ত্রীর সংগে সুনীতিবাবু কাঁধে কাঁধ মিলিয়ে ইন্দিরা গান্ধীর কাছে এই দাবী করুন। পশ্চিমবাংলাকে এই বঞ্চনার হাত থেকে রক্ষা করতে গেলে আপনাদেরও বিরোধী পক্ষ হিসাবে একটা দায়িত্ব আছে। আপনাদেরই দায়িত্বশীল সরকার কেন্দ্রে আছে। রাজ্যেও আপনারা অনেকদিন শাসন করেছেন। আমরা আশা করবো যে, আপনারা সেই দায়িত্বশীল বিরোধী দলের ভূমিকা পালন করবেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি আরও কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয়, ১৯৮০ সালে আপনার দপ্তর থেকে একটা সার্কুলার দেওয়া হয়েছে। সার্কুলারের নং হচ্ছে ৮০/১, ডেটেড ১০-৯-৮০। তাতে বলা হয়েছে— The executives of the union holding assignment as the working President, General Secretary and Treasurer should not be transferred.

কিন্তু আমরা দেখছি যে ২/১টি ক্ষেত্রে সেগুলিকে মানা হয় নি। আমার ধারণা আপনার দপ্তরের অফিসারদের গাফিলতির জন্য এটা হচ্ছে। এটা আমলাতান্ত্রিক ব্যবস্থার জন্য হতে পারে। সেখানে দেখা গেছে শ্রমিক-কর্মচারী ইউনিয়নের এক্সিকিউটিভ সেক্রেটারী, উমাশঙ্কর রায়, তাঁকে ট্রান্সফার করা হয়েছে। আমি বিষয়টি বিবেচনা করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি। আপনি নিজেও জানেন যে, কাজকে তাড়াতাড়ি করার জন্য প্রত্যেক জেলাতে ডেমোক্রাটাইজ ওয়েতে কমিটি করা হয়েছে। এই ব্যাপারে সুনীতিবাবুরা অভিনন্দন জানাতে না পারেন, কিন্তু আমরা অভিনন্দন জানাচ্ছি। সেই কমিটিতে অনেকগুলি সিদ্ধান্ত হয়। সেই সিদ্ধান্তগুলি তাড়াতাড়ি যাতে রূপায়িত হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। একটা গ্রুপ ইলেকট্রিসিটি, যার ক্যাপাসিটি হচ্ছে ৪।। হাজার, কিন্তু আমরা দেখেছি কোথাও কোথাও ২০ হাজার বা তারও বেশী ইউনিট কনজিউম হয়েছে। এগুলি প্রায় স্যাচুরেট হয়ে গেছে, তারা কাজ করতে পারছে না। কাজেই সুষ্ঠু এ্যাডমিনিস্ট্রেশানের স্বার্থে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সাজেশান আকারে কিছু বক্তব্য রাখবো। আমার জেলার পক্ষ থেকে পর্ষদের যিনি চেয়ারম্যান, তাঁর কাছে লিখিতভাবে রিপ্রেজেন্টেশান দিয়েছি। যেমন বারাসাতে ২০ হাজারের উপর কনজিউম হয়েছে, ওভার স্যাচুরেটেড হয়ে গেছে। সেখানে কাজ বাস্তবায়িত হচ্ছে না। আমি আশা করবো মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যে, আপনি বারাসাতের গ্রাউণ্ডে ইলেকট্রিসিটির যে ব্যবস্থা হচ্ছে

তাকে বাস্তবায়িত করবেন। সঙ্গে সঙ্গে বিরোধী দলের সদস্যরা যে কথা বলেছেন যে, পশ্চিমবাংলায় বিদ্যুৎ সংকটের জন্য কারখানাগুলিতে একটার পর একটা লে-অফ হতে চলেছে। আমি নিজে ট্রেড-ইউনিয়ন করি, পশ্চিমবাংলায় কোন কারখানা বিদ্যুৎ সংকটের জন্য লে-অফ হয়েছে বলে আমার কাছে কোন সংবাদ নেই। তাঁরা কোথা থেকে এই খবর পেলেন আমি জানি না। আমার কাছে এই ধরনের কোন সংবাদ নেই। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে লে-অফ-এর জন্য বেতন কাটা হয়, কিন্তু পশ্চিমবঙ্গে তা করা হয় না। যে কাজ ওঁরা ৩০ বছরে করতে পারেন নি, সেই কাজ ওঁরা ৭ বছরে চাইছেন। ওঁরা চান প্রবীরবাবু ৭ বছরের মধ্যে পি. সি. সরকারের যাদুর মত পশ্চিমবঙ্গকে অন্ধকার থেকে আলোয় নিয়ে যাবেন। সেটা কি কখনও সম্ভব? সেটা সম্ভব নয়। আমি বলবো যে, বিদ্যুৎ দপ্তরের কর্মীরা আরো দ্রুত গতিতে কাজ করে আমাদের প্রকল্পগুলিকে এগিয়ে নিয়ে যাবেন।

[4.40—4.50 P.M.]

মাত্র ৪ / ৫ মাসের মধ্যে এই প্রকল্পগুলি রূপায়িত করতে পেরেছি। ৬ মাসের মধ্যে ৬ হাজার স্যালো এনারজাইস করেছে, ৭০ হাজার বাড়িতে ডোমেষ্টিক কানেকশান দিয়েছে।

আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় বাস্তব সমস্যাটা উপলব্ধি করে এই কাজে আরো গতিবেগ সঞ্চার করবেন। এই কয়টি কথা বলে, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী আজকে এই হাউসে পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন তার ওপর আমি কয়েকটি কাট মোশান দিয়েছি, সেই কাট মোশানগুলি মুভ করে আমি আমার বক্তব্য রাখছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ সমস্যা আজকে একটি জাতীয় সমস্যা এবং এ কথা সরকার পক্ষের সদস্যরা যেমন স্বীকার করেন, তেমন আমরাও স্বীকার করি। অথচ আমরা খুব উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে, এই সমস্যার সমাধানের দিকে বিশেষ গুরুত্ব না দিয়ে গতানুগতিক ব্যয়বরাদ্দ এখানে উপস্থিত করা হয়েছে। আমরা আশা করেছিলাম ১৯৮২-৮৩ সালের এবং ১৯৮৩-৮৪ সালের ব্যয়বরাদ্দের পরিপ্রেক্ষিতে জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা উপলব্ধি করে মূল সমস্যার প্রতিকারের

দিকে লক্ষ্য রেখে এবারে ১৯৮৪-৮৫ সালের ব্যয়বরাদ্দ পেশ করা হবে। আমরা আশা করেছিলাম এবারের ব্যয় বরাদ্দের মধ্যে সমস্যার সমাধানের নতুন আভাষ পাব। কিন্তু আজকে মাননীয় বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী মহাশয়ের বাজেট বিবৃতি পড়ে আমরা হতাশ হয়েছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু কেন্দ্র-রাজ্য সম্পর্কের মাধ্যমেই এই সমস্যার সমাধান হবে না। আজকে পশ্চিমবাংলার বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিকে গতিশীল করার প্রয়োজন আছে। আজকে সেগুলি যেভাবে চলছে তাতে তাদের ত্রুটিগুলি উপলব্ধি করে মাননীয় মন্ত্রী মহাশয় প্রতিকারের ব্যবস্থা করতে পারছেন না। আমরা লক্ষ্য করছি, মাননীয় মন্ত্রী মহাশয় বার বার বিভিন্ন প্রকল্পের কাজ চালু হবার যে দিন ধার্য করছেন, তা তাঁকে পরিবর্তন করতে হচ্ছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, কি কারণে উৎপাদন কেন্দ্রগুলি বা উৎপাদন কেন্দ্রের নতুন ইউনিটগুলি চালু করতে দেরি হচ্ছে ? কেন আজ পর্যন্ত কোলাঘাট প্রকল্প বাস্তবরূপ লাভ করল না ? কি কারণে এই সমস্ত ঘটছে, তা কি মাননীয় মন্ত্রী মহাশয় উপলব্ধি করছেন ? এখানে প্রশ্নোত্তরের সময়ে মাননীয় সদস্যদের প্রশ্নের উত্তরে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয় বলেছেন যে, নির্মীয়মাণ কোলাঘাট থার্মাল পাওয়ার স্টেশনে মোট ৬টি ইউনিট হবে, কিন্তু বর্তমানে সেখানে কয়লা রাখার জায়গা জলে ভর্তি হয়ে রয়েছে, ফলে সেখানে কোন কয়লা রাখার জায়গা নেই। সেখানে ওয়াগান থেকে কয়লা আনলোড করে রাখার জন্য এখনো কোন জায়গা ঠিক হয় নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যদি অবস্থা হয়, তাহলে কোটি কোটি টাকা ব্যয় করে যে কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্র তৈরী করা হচ্ছে, তা থেকে কোনদিন বিদ্যুৎ হবে না। মাননীয় মন্ত্রী মহাশয় ইতিপূর্বে বলেছিলেন, '৮৪ সালে এই তাপ বিদ্যুৎ কেন্দ্র চালু হবে। কিন্তু এখনো পর্যন্ত আমরা তার কোন আভাষ পাচ্ছি না। জনসাধারণ দীর্ঘদিন ধরে আশা করে আছে, কোলাঘাট বিদ্যুৎ প্রকল্প চালু হলে তাদের বিদ্যুৎ সমস্যার কিছুটা সুরাহা হবে। কিন্তু মন্ত্রী মহাশয় এ বিষয়ে আজকে আমাদের কোন আশার আলো দেখাতে পারছেন না। এমন অবস্থা হয়েছে যে, সেখানে চূড়ান্ত বিপর্যয় ঘটেছে। সেই বিপর্যয় দূর করবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় চেষ্টা করলেও ত্রুটি থাকছে। সেই ত্রুটিগুলিকে উপলব্ধি করে তার প্রতিকারের জন্য যে ব্যবস্থাগুলি নেওয়া দরকার সেই ব্যবস্থা এই দপ্তর নিতে পারলেন না। আমি আমার কাট মোশানে বলেছিলাম, পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির প্রয়োজনে কোলাঘাটের ৬৩০ মেগাওয়াটের তিনটি ইউনিটের কাজের জন্য ভারত হেভি ইলেকট্রিক্যাল সংস্থার মাধ্যমে ৪৮০ কোটি টাকা খরচ করার

পরিকল্পনা অবৈজ্ঞানিক। আইন অনুযায়ী কোন কাজ হয় নি। সেখানে এমন মাটি ভরাট করা হলো যে, জল বেরিয়ে গেল, আর্টিসান কূপ বেরুলো। তাহলে আজকে আমাদের মনে কি সন্দেহ আসে না সরকারের এই যে ৪৮০ কোটি টাকার বরাদ্দ, যেখানে মাননীয় মন্ত্রী মহাশয়ের দপ্তর বিভিন্নভাবে চেষ্টা ও পরিশ্রম করছেন সেই চেষ্টা ব্যর্থ হচ্ছে এবং এই টাকা অপচয় হচ্ছে। কোলাঘাট প্রকল্প বিফল হয়ে যাবে। যাদের উপর কাজের দায়িত্ব দিয়েছেন তারা কাজ করতে পারছে না। এই পরিকল্পনা যে ত্রুটিপূর্ণ হয়েছিল সেটার সংশোধনের কাজ হয় নি। সেখানে যদি কেন্দ্রীয় সরকারের ত্রুটি থেকে থাকে, যদি তদানীন্তন সরকারের ত্রুটি থেকে থাকে—যেমন কংগ্রেস সরকারের অন্যান্য ত্রুটিগুলির পরিবর্তন ঘটিয়েছেন, সেই রকম পরিবর্তন ঘটানো উচিৎ ছিল। কিন্তু এক্ষেত্রে সেই পরিবর্তন ঘটাতে পারেন নি। আমি মনে করি, যে অবস্থা বর্তমানে আছে তাতে মাননীয় মন্ত্রী মহাশয় কথনই ঐ কোলাঘাট প্রকল্প চালু করতে পারবেন না। এ বিষয়টি নিয়ে অবিলম্বে উচ্চ পর্যায়ের তদন্ত করা উচিৎ। অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি তাঁর চেষ্টা আছে। তিনি জেলাভিত্তিক গ্রাম বৈদ্যুতিকরণের যে পরিসংখ্যান দিয়েছেন রাজ্য বিদ্যুৎ পর্ষদের মাধ্যমে তাতে তিনি বলেছেন, গ্রামাঞ্চলে সামাজিক ও অর্থনৈতিক অবস্থা উন্নয়নের জন্য গ্রাম বৈদ্যুতিকরণ একান্ত প্রয়োজন। সেক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, ৩৮ হাজার ৭৪টি গ্রামের মধ্যে ১৭ হাজার ৯৮২টি গ্রামে বৈদ্যুতিকরণের প্রচেষ্টা করেছেন। তিনি বিভিন্ন জেলার যে সংখ্যা দিয়েছেন তাতে দেখা যাচ্ছে, বাঁকুড়া জেলায় ৯৬০টি গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে। বর্ধমানে হয়েছে ১৭৬০, কুচবিহারে হয়েছে ৫৯২, দার্জিলিং-এ হয়েছে ২৬৪, হুগলিতে হয়েছে ১৩৩৩, হাওড়ায় হয়েছে ৫১৪, জলপাইগুড়িতে হয়েছে ৫৬৬টি, মালদায় হয়েছে ১৩৩৪, মেদিনীপুরে হয়েছে ২৭৫৭, মুর্শিদাবাদে হয়েছে ১১৭৯, নদীয়াতে হয়েছে ১২২৯, ২৪ পরগনাতে হয়েছে ১৯৯২, পুরুলিয়াতে হয়েছে ৬০৪, পঃ দিনাজপুরে হয়েছে ১৩৬১। আমি এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি প্রশ্ন জিজ্ঞাসা করি, বাঁকুড়া জেলাতে ৯৬০টি গ্রামে যে বৈদ্যুতিকরণের কথা বলেছেন সেইসব গ্রামে বিদ্যুৎ সরবরাহ হয়েছে কিনা সেটা একটু তদন্ত করে দেখবেন।

[4.50—5.00 P.M.]

আজকে যে ফিগার দিয়েছেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই ১৯৮৪ সালে এই যে ১৭ হাজার ৯৮৩টি গ্রামে যে বিদ্যুৎ সরবরাহ করেছেন তার

অনেকগুলি জায়গায় দয়া করে যদি একটা তদন্ত করেন তাহলে দেখবেন সেগুলি কার্যকরী হয় নি। বিভিন্নভাবে সেগুলিতেও ত্রুটি থেকে যাচ্ছে। আজকে ২৯ হাজার ৫৬২টি নলকূপ আপনারা বৈদ্যুতিকরণ করেছেন, ভাল কথা, আপনি কি সেগুলিকে বাড়াবার জন্য চেষ্টা করছেন? আপনি যে পরিকল্পনা নিয়েছেন ৭ লক্ষ গ্রামে বিদ্যুৎ সরবরাহ করবেন আগামী বছরের মধ্যে, তা ৮ লক্ষ ছাড়িয়ে যাবে। আমি এখানে অন্ততঃ বলি যে, আরও সেচের নলকূপ বৈদ্যুতিকরণ করার যে চিন্তা আপনারা করেছেন, যে ত্রৈমাসিক মিটার রিডিংয়ের নূতন বিলিং সিসটেম করেছেন তাতে যাতে ত্রুটিগুলি না থাকে—মাননীয় সদস্যদের কাছ থেকে আপনি শুনেছেন যে, বহু বিল আপনাদের আদায় হয় নি—রাজ্য সরকারের বহু দপ্তরের কোটি কোটি টাকা আদায় হয় নি। বাঁকুড়া মিউনিসিপ্যালিটির ৭ লক্ষ টাকা এখনও আদায় হয় নি। বি. এস. মেডিকেল কলেজ হাসপাতাল থেকে ৩ লক্ষ টাকা পাবেন। এই রকম ভাবে প্রত্যেকটি পৌরসভা এবং বি. এস. মেডিকেল কলেজ এবং অন্যান্য সংস্থা বিদ্যুৎ দপ্তরকে আজকে বঞ্চিত করেছে। কোটি কোটি টাকা দিচ্ছে না। বিদ্যুৎ দপ্তর কি করে চলবে? এর পর তো বন্ধ হয়ে যাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে নিশ্চয় আমরা আশা করব—এখানে ডি. ভি. সি.-র ব্যাপারে একটা জিনিস পরিষ্কার ভাবে বলতে পারলেন না যে, এখানে ৬৩০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হবে—সেটা তাঁর বক্তব্যের মধ্যে আসা উচিত ছিল। এই সব যে ত্রুটিগুলি রয়েছে তার উল্লেখ মন্ত্রী মহাশয়ের বক্তব্যের মধ্যে না থাকায় আমি আমার যে কাট মোশনগুলি দিয়েছি সেগুলিকে সমর্থন করে এবং মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এনেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅমলেন্দ্র রায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়ের ব্যয়বরাদ্দ সমর্থন করে আমি দু'-একটি কথা বলতে চাই। বিরোধী দলের একাধিক বক্তার বক্তব্য আমরা এখানে শুনেছি, তাতে সমস্যাটার দুটো দিক সম্পর্কে তাঁরা যথেষ্ট সচেতন বলে মনে হল না। সমস্যার একটা দিক হচ্ছে যেটা বেসিক দিক, ক্যাপাসিটির লিমিটেশন, আর একটা হচ্ছে—যেটা নিয়ে তাঁরা বেশী আলোচনা করলেন সেটা জেনারেশন লিমিটেশন। আমার যেটা ক্যাপাসিটি আছে সেই ক্যাপাসিটি অনুসারে জেনারেশনের কম বেশী রিলেটিভলি কিছুটা উন্নতি অথবা অবনতি হতে পারে। কিন্তু যেখানে ক্যাপাসিটির লিমিটেশন, যেটাকে বলা যেতে পারে 'বিসমিল্লায় গলদ,' সেখানে আজকে যে হিসাব দেওয়া হচ্ছে সেখানে দেখা যাচ্ছে যে, ১০০ মেগাওয়াট মত জেনারেশন বাড়ছে এক বছরে, কিন্তু পিক ডিমাণ্ড

এক বছরে দেখা যাচ্ছে ১৫৬ মেগাওয়াট বাড়ছে। ইট ইজ এ রিলেটিভ কোয়েশ্চেন, এখানে কম বেশী হতে পারে। প্রশ্ন সেখানে নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রশ্ন আরও অনেক মূলে, সেটা একজন মাননীয় সদস্য উল্লেখ করে বলেছেন, উনি কি বুঝেছেন আমি অবশ্য বুঝলাম না।

এখানে মাননীয় বিদ্যুৎমন্ত্রী পরিষ্কার করে বলেছেন, ১৯৪৯ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ ভারতের বিদ্যুৎ মানচিত্রে শীর্ষ স্থানে ছিল। হ্যাঁ, ছিল। এখানেই হচ্ছে বেসিক কোয়েশ্চেন। ইন্‌স্টলড ক্যাপাসিটির দিক থেকে আজকে এই প্রশ্নটাই বিচার করতে হবে। কেন নেমে এলো, তথ্যই বলবে যে তার জন্য ওঁরা কতটা দায়ী। আমাদের কাউকে বলতে হবে না যে, এর জন্য কে দায়ী। ভারত সরকারের স্ট্যাটিসটিক্যাল ডিপার্টমেন্ট-এর যে-সব বই বেরোয় তার এস. পি. বুক ১৯৮০, ইণ্ডিয়াতে এ-সমস্ত তথ্যগুলি কোট্‌ করা রয়েছে। যদি ওদিককার কোন মাননীয় সদস্য একে চ্যালেঞ্জ করতে পারেন, করবেন আমার আপত্তি নেই।

(বিরোধী পক্ষ থেকে নানা মন্তব্য)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এইভাবে রানিং কমেন্ট্রি করা বিধানসভায় চলে না। ডিবেটের একটা নিয়ম আছে। এইভাবে অনবরত রানিং কমেন্ট্রি করে গেলে বক্তার বক্তব্য রাখতে অসুবিধা হয়। আমাদের দিক থেকে পার্সেন্টেজের কথা বলেছি। আমি সেটা একটু পরিষ্কার করে বলি, কোথায় বিস্‌মিল্লায় গলদ। সুব্রতবাবু বলছিলেন যে, এটা হয় নি, ওটা হয় নি। হয় নি ঠিক। কিন্তু গলদের ব্যাপারটা একবারও তো বললেন না। আপনারা প্ল্যান করেছেন। কি প্ল্যান করেছেন? প্রথম প্ল্যানে টার্গেট ছিল ৩৬ লক্ষ কিলোওয়াট, সেখানে এ্যাচিভমেণ্ট হয়েছিল ৩৪ লক্ষ কিলোওয়াট, অর্থাৎ শর্ট ফল ২ লক্ষ কিলোওয়াট। সেকেণ্ড প্ল্যানে ১৯৫৬ থেকে ১৯৬১ পর্যন্ত টার্গেট ছিল ৬৯ লক্ষ কিলোওয়াট, এ্যাচিভমেণ্ট ৫৬ লক্ষ কিলোওয়াট, শর্ট ফল ১৩ লক্ষ কিলোওয়াট। এই তো হচ্ছে আপনাদের প্ল্যানের নমুনা। এই তো হচ্ছে অল ইণ্ডিয়া প্ল্যানের ছবি। থার্ড প্ল্যানে ১৯৬১ থেকে ১৯৬৬ পর্যন্ত টার্গেট ছিল ১২৭ লক্ষ কিলোওয়াট, এ্যাচিভমেণ্ট ১০২ লক্ষ কিলোওয়াট, শর্ট ফল ২৫ লক্ষ কিলোওয়াট। আমি শুধু পরিকল্পনার হিসেবটাই দিচ্ছি। ফোর্থ প্ল্যানে ২৩০ লক্ষ কিলোওয়াট ছিল টার্গেট, এ্যাচিভমেণ্ট হয়েছিল ১৮৫ কিলোওয়াট, অর্থাৎ শর্ট ফল ৪৫ লক্ষ কিলোওয়াট। আর ফিফ্‌থ ফাইভ ইয়ার প্ল্যানে যেখানে টার্গেট ছিল ২৭০ লক্ষ কিলোওয়াট, সেখানে ২৬০ লক্ষ কিলোওয়াট হয়েছিল

এ্যাচিভমেন্ট, ১০ লক্ষ কিলোওয়াট ঘাটতি। ৬ষ্ঠ পরিকল্পনার কোন ফিগার পাওয়া যায় নি, কাজেই বলা যাচ্ছে না এ্যাচিভমেন্ট কত, ঘাটতিই বা কত। এই যে বেসিক লিমিটেশন, শুধু পশ্চিমবঙ্গে নয়—সারা ভারতবর্ষে, এই কথা কি অস্বীকার করছেন যে, আমাদের সমস্যা নেই ? সমস্যা আছে, বহু রকম সমস্যা। কিন্তু পারস্পেকটিভটা আপনাদের পরিষ্কার নয়। আপনারা দেখছেন না যে, এই সমস্যার মূল কোথায়। কাজেই এই তরফের উপায় নেই যে তাঁরা সমস্যার সমাধান করতে পারে। শুধু এখানেই নয়। এতদিন এ-রাজ্যে রাজত্ব করে গেলেন, কিন্তু ফলটা কি হোল ? পশ্চিমবঙ্গে কংগ্রেস সরকার যখন ছিলেন সেই সময়ের তিনটি প্ল্যান পিরিওড্ হিসাব করে দেখিয়ে দিচ্ছি যে, সেই ১৯৬৬ থেকে ১৯৭৬ সালের মধ্যে অন্যান্য কয়েকটি রাজ্য ঐ ১০ বছরের মধ্যে ডবল, তিন ডবল, এমন কি ৪/৫ গুণ ইন্‌স্টলড্ ক্যাপাসিটি বাড়িয়েছে।

[5.00—5.10 P.M.]

আর পশ্চিমবাংলায় যে যোগ্যতাসম্পন্ন সরকার অধিষ্ঠিত ছিলেন এই ১০ বছর, তারা কি করলেন ? তারা কতটা বাড়িয়েছেন ? বেসিক প্রবলেমটা কি করে সৃষ্টি হলো এখানে সেটা এই হিসাবগুলি তুলে ধরলেই পরিষ্কার হয়ে যাবে। আমি এখানে কিলোওয়াটের হিসাবটা তুলে ধরছি। পশ্চিমবাংলায় ১৯৬৬ সালে করলেন ১২,৯২,০০০ কিলোওয়াট, ১৯৭১ সালে করলেন ১২,১২,০০০ কিলোওয়াট এবং ১৯৭৬ সালে করলেন ১৩,৯৯,০০০ কিলোওয়াট। অর্থাৎ ১০ বছরে ইনস্টলড ক্যাপাসিটি, বাড়াতে পেরেছিলেন মাত্র একলক্ষ কিলোওয়াট। পশ্চিমবাংলার পার্শ্ববর্তী রাজ্য উত্তরপ্রদেশ তার হিসাবটা এবারে আমি দিচ্ছি। তারা ১৯৬৬ সালে করলো ৯,১৩,০০০ কিলোওয়াট, ১৯৭১ সালে করলো ১৩,৫১,০০০ কিলো-ওয়াট এবং ১৯৭৬ সালে করলো ২০,৮৭,০০০ কিলোওয়াট। অর্থাৎ ডবলেরও বেশী ইনস্টলড ক্যাপাসিটি ১০ বছরে বাড়ালো। সেই জায়গায় আমাদের যোগ্যতা-সম্পন্ন সরকার ১০ বছরে ১ লক্ষ কিলোওয়াট ইনস্টলড ক্যাপাসিটি বাড়াতে পেরেছে। এই কথা ভুলে গেলে চলবে না—কি করে এই সমস্যাটা বাড়লো। শুধু উত্তর প্রদেশ নয়, অন্যান্য সমস্ত রাজ্যের হিসাব আমি এখানে তুলে ধরছি। এতে বিরোধী পক্ষের অযোগ্যতার কথা কেউ অস্বীকার করতে পারবে না। So far as the perspective of the planning is concerned. শুধু উত্তরপ্রদেশ নয়, এবার তামিলনাড়ুর হিসাবটা দিই। তামিলনাড়ুতে ১৯৬৬ সালে হলো ১০,১৪,০০০

কিলোওয়াট, ১৯৭১ সালে হলো ১৩,৬৬,০০০ কিলোওয়াট এবং ১৯৭৬ সালে হবে ১৭,৬৪,০০০ কিলোওয়াট। অর্থাৎ কত বাড়ালো তারা? হিসাব করলে দেখা যায় ১০ বছরে তারা ৭ লক্ষ কিলোওয়াট ইনস্টলড ক্যাপাসিটি বাড়ালো। মহারাষ্ট্র, তার হিসাবটা এবার আমি দিচ্ছি। মহারাষ্ট্র ১৯৬৬ সালে করলে ১১,৬৮,০০০ কিলোওয়াট, ১৯৭১ সালে ১৭,৭৩,০০০ কিলোওয়াট এবং ১৯৭৬ সালে করলো ২৪,৮০,০০০ কিলোওয়াট। দু'গুণেরও বেশী তারা ইনস্টলড ক্যাপাসিটি বাড়াতে পেরেছে। এগারো দু'গুণে বাইশ হয়, সেই জায়গায় তারা করেছে চব্বিশ, অর্থাৎ ডবলেরও বেশী ইনস্টলড ক্যাপাসিটি বাড়ালো। গুজরাটের হিসাবটা এবারে আমি দিচ্ছি। গুজরাট ১৯৬৬ সালে করেছে ৬,৫১,০০০ কিলোওয়াট, ১৯৭১ সালে করেছে ৬,৯৭,০০০ কিলোওয়াট এবং ১৯৭৬ সালে করেছে ১৩,৬১,০০০ কিলোওয়াট। ৬ লক্ষ কিলোওয়াট ছিল, সেখানে তারা ১০ বছরে ১৩ লক্ষ কিলোওয়াটে নিয়ে গেল। এই রকম প্রতিটি রাজ্যের হিসাব দিলে বোঝা যাবে ১০ বছরে ইনস্টলড ক্যাপাসিটি ডবলেরও বেশী বেড়েছে। এই কথা ভুলে গেলে চলবে না—এই যে বেসিক লিমিটেশন, সেই বেসিক লিমিটেশন সেই দিন থেকে শুরু হয়েছে। ১৯৪৯ সালে আমরা টপে ছিলাম। তারপর নিচের দিকে নামতে শুরু করেছে। এই ফিগারগুলির দিকে তাকিয়ে দেখলেই বোঝা যাবে কোন্ সময় থেকে নিচের দিকে নামতে শুরু করেছে। পরিকল্পনার দোষে ইনস্টলড ক্যাপাসিটি নিচের দিকে নামতে শুরু করেছে।

(এই সময় নীল বাতি জ্বলিয়া ওঠে)

আমার আর বেশী সময় নেই। এই সময়ের মধ্যে আমি সমস্ত রাজ্যের হিসাব দিতে পারবো না। এই ১০ বছরের মধ্যে অর্থাৎ ১৯৬৬ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত অন্ধ্র তিন গুণের বেশী, হরিয়ানা দু'গুণের বেশী, কর্ণাটক আড়াই গুণের বেশী, কেরালা সাড়ে তিন গুণের বেশী, মধ্যপ্রদেশ তিনগুণের বেশী, মণিপুর পাঁচ-গুণের বেশী, উড়িষ্যা ও পাঞ্জাব আড়াই গুণের বেশী, রাজস্থান দু'গুণের বেশী এবং ত্রিপুরা আড়াই গুণের বেশী ইনস্টলড ক্যাপাসিটি বাড়িয়েছে। আর সেই জায়গায় ওঁরা সেই সময় বসেছিলেন। আর আজকে এখানে বসে ওনারা চ্যাটাং চ্যাটাং কথা বলছেন যে, এটা হলো না—ওটা হলো না, এই সব জায়গায় দুর্নীতি হয়েছে, ওখানে অমুক করেছেন—এই সব কথা। মূল যে জায়গায় পশ্চিমবাংলা মার খেয়েছে সেই কথাটা ওঁরা স্বীকার করতে রাজি হচ্ছেন না। মূল যে সমস্যা সেই

সমস্যার সমাধান সেই সময় সম্ভব হয় নি। সমস্যার সমাধান করতে গেলে আজকে শুধু জেনারেশান বাড়ালেই হবে না। আমরা জানি এই কয়েকটি বছরে ৬ লক্ষ ৯৫ হাজার মেগাওয়াট বাড়াতে পেরেছি। ওনারা ১০ বছরে ১ লক্ষ কিলোওয়াট বাড়াতে পেরেছিলেন। এই কথা আমরা জানি যে, বাড়ালেই কিছু হবে না। কারণ চাহিদা দিন দিন বেড়ে যাচ্ছে। চাহিদা যে তুলনায় বাড়ছে সেই অনুযায়ী যদি ইনস্টলড ক্যাপাসিটি বাড়ানো না যায় তাহলে সমস্যার সমাধান হবে না।

সুব্রতবাবুর একটি কথার জবাব দিয়ে আমি শেষ করবো। সুব্রতবাবু বললেন যে, ইণ্ডাষ্ট্রিয়াল পাওয়ারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গে একমাত্র সমস্যা দেখা দিয়েছে। জানিনা তিনি কাগজপত্র দেখেন কিনা, সেখানে ভুরি ভুরি নজির পাওয়া যাবে। আমাদের তরফ থেকে সরল দেব মহাশয় সেকথা বলেছেন। আপনি যদি অল ইণ্ডিয়া ফিগারটা দেখেন তাহলে দেখবেন এটা ভারত সরকারের দেওয়া হিসাব— এখানে দেখা যাচ্ছে যে, অল ইণ্ডিয়া পজিশানে সেল অফ ইলেকট্রিসিটি, কর্মাশিয়াল লাইট এ্যাণ্ড স্মল পাওয়ারের ক্ষেত্রে প্রতি কিলোওয়াটে আওয়ার হিসাবে ১৯৭৯ সালে সারা ভারতবর্ষে ৪৩৩ ছিল, সেখানে ১৯৮০ সালে সেটা নেমে গিয়ে ৪১৫-তে হয়ে গেল। এটা তো জ্যোতিবাবু করেন নি বা প্রবীর সেনগুপ্ত মহাশয় করেন নি। এইবার কেন হল নিজের বুকে হাত দিয়ে জিজ্ঞাসা করুন তো। তারপরে ইণ্ডাষ্ট্রিয়াল পাওয়ারের ক্ষেত্রে প্রতি কিলোওয়াট আওয়ারে ১৯৭৯ সালের হিসাব দেখলে দেখা যাবে সেখানে ৪৭৭৩ ছিল, আর ১৯৮০-তে সেটা দাঁড়িয়েছে গিয়ে ২৬৬৮-তে। এইবার বাড়লো না কমলো সুব্রতবাবু তার জবাব দিন। এখানে অল ইণ্ডিয়ার পজিশানটা কি হচ্ছে? ইণ্ডাষ্ট্রিয়াল পাওয়ারের ক্ষেত্রে এ্যাভেলেবেল প্রসপেকটিভটা কি? এবং এই অল ইণ্ডিয়া প্রসপেকটিভ যদি না থাকে তাহলে এই সমস্যার সমাধান করা যাবে না। ইট ইজ এ কোর সেকটর, প্রবলেম থেকে যাবে। আরেকটি হচ্ছে পাবলিক ওয়াটার এ্যাণ্ড সোয়েজ পাম্পিং। এখানে ১৯৭৯ সালে ১৪৩ ছিল, আর ১৯৮০ সালে ১৪১ হল। এখন কার দোষ দেব? নিজেদের তথ্য নিজেরাই দেখুন, ওই সব তথ্য তো আমাদের তৈরী নয়, সবক্ষেত্রে চোখ বুজে থাকলে তো চলবে না। সুতরাং এই সব তথ্যের ভেতর দিয়ে তাদের স্বরূপ দেখা যাচ্ছে। সুতরাং আর কথা না বাড়িয়ে মাননীয় মন্ত্রী মহাশয় যে দৃঢ় পদক্ষেপ নিয়েছেন তাকে সমর্থন করে এবং তাঁর বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় বিদ্যুৎ

মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন তার সম্বন্ধে কিছু কথা বলতে চাই। আমি এই বাজেটের বিরোধিতা করে কিছু বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই কথা সর্বজনস্বীকৃত যে, পশ্চিমবঙ্গের জনজীবন এবং গোটা রাজ্যের অর্থনীতি আজকে যে কারণে বিপর্যস্ত তার অন্যতম কারণ হচ্ছে বিদ্যুৎ সংকট। আজকে বিদ্যুৎ সংকট গোটা রাজ্যের মানুষকে যেভাবে নাজেহাল করছে, যেভাবে কলকারখানায় লক-আউট, লে-অফ ইত্যাদি চলছে তাতে শ্রমিক শ্রেণীর রুজি-রোজগারের পথ বন্ধ হয়ে যাচ্ছে। আজকে গোটা রাজ্যের কাজ বন্ধ হয়ে যাচ্ছে, নাগরিক জীবন বিপর্যস্ত হচ্ছে—তার একমাত্র কারণ হচ্ছে এই বিদ্যুৎ সমস্যা। কিন্তু রাজ্য সরকারের তার জন্য এতটুকু উদ্বেগের মনোভাব নেই। বিগত ৭ বছর ধরে যেভাবে বিদ্যুৎ দপ্তর পরিচালনা করেছেন সেটা যদি পর্যালোচনা করি তাহলে দেখা যাবে এই সরকার ব্যর্থতায় পর্যবসিত হয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে ওঁরা অনেক কথা বলছেন যে, কেন্দ্রীয় সরকারের বৈষম্যমূলক আচরণের জন্য এই অবস্থা। এটা স্বীকৃত গত ৩০ বছরে অতীতের সরকার তাদের ব্যর্থতা দেখিয়েছেন এবং আপনারাও দেখাচ্ছেন। সুতরাং এই সব কথা বলে বিদ্যুৎ সমস্যার সমাধান করা যাবে না।

[5.10—5.20 P.M.]

কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এই ৭ বছরের মধ্যে আপনারা কতটুকুন কি করেছেন তার হিসাব করা দরকার। আজকে বিদ্যুৎমন্ত্রী তাঁর ভাষণে বলেছেন যে, গ্রামীণ বৈদ্যুতিকরণ-এর ব্যাপারে তাঁরা নলকূপ করেছেন এবং আগামী এপ্রিল-এর মধ্যে ৬ হাজার নলকূপ-এর বৈদ্যুতিকরণ করবেন। গ্রামীণ বিদ্যুৎ প্রকল্পের ক্ষেত্রে সিদ্ধার্থ রায়ের আমলে যে পারফরমেন্স, আপনাদের পারফরমেন্স তার চেয়েও খারাপ। আপনাদের দেওয়া ইকনমিক রিভিউ, ১৯৭৮-৭৯ এবং কারেন্ট রিভিউ, ১৯৮৩-৮৪ যা আছে তা থেকে আমরা দেখছি সিদ্ধার্থ রায়ের আমল যখন তাঁরা এই সরকার ছেড়ে গেলেন, তখন ১৯৭৩—৭৭ সালে গভীর নলকূপে বিদ্যুতিকরণ হয়েছিল ১৯৫। আমি কারেন্ট স্ট্যাটিসটিকস বলছি যা পেয়েছি ১৯৮২-৮৩ সালের ইকনমিক রিভিউ থেকে তাতে দেখছি বামফ্রন্ট সরকার গভীর নলকূপ বসিয়েছেন ১১৪টি। অগভীর নলকূপ ১৯৭৬-৭৭ সালে ৬ হাজার ৮২৬, আর আপনাদের সময় ৮২-৮৩ সালে ১৭০৪। পাম্প ১৯৭৬-৭৭ সালে ৩১টা, আপনাদের আমলে ৮২-৮৩ সালে ২২টি। স্বাস্থ্যকেন্দ্র বৈদ্যুতিকরণ ১৯৭৬-৭৭ সালে ৪৮, ১৯৮২-৮৩ সালে আপনাদের আমলে

নিল। গোটা বামফ্রন্টের আমলে টোটাল ২৩। হরিজন বস্তি বৈদ্যুতিকরণ ১৯৭৬-৭৭ সালে ১২টি, আপনাদের সময়ে ৮২-৮৩ সালে নিল। এই সব আমি তথ্যভিত্তিক দেখিয়ে দিলাম যে, ইভেন সিদ্ধার্থ রায়ের আমলের চেয়েও আপনাদের পারফরমেন্স ওয়ার্স্ট। আজকে বিদ্যুৎ সংকটের কারণ কি? মুখ্যমন্ত্রী নিজে সি. ই. এস. সি. টিটাগড় কেন্দ্র উদ্বোধন করতে গিয়ে স্বীকার করেছেন বেসরকারী উদ্যোগ সরকারী উদ্যোগের চেয়ে অনেক তৎপর এবং দক্ষ। রাজ্য বিদ্যুৎ পর্ষদ-এর অবস্থা এই রকম দেখিয়ে তিনি অবশ্য একটা পোজ করতে চেয়েছেন যে, রাজ্য বিদ্যুৎ পর্ষদের পারফরমেন্স-এর জন্য পশ্চিমবঙ্গ সরকার দায়ী নন। বিদ্যুৎ পর্ষদের ব্যর্থতা মানে বামফ্রন্টের ব্যর্থতা যেন নয়। বিদ্যুৎ পর্ষদ একটি স্বয়ংশাসিত প্রতিষ্ঠান। কিন্তু তার খুঁটিনাটি সমস্তই পরিচালনা করেন রাজ্য সরকার। ইতিমধ্যে তাঁরা ক্ষমতায় এসে বিদ্যুৎ পর্ষদকে ৩/৪ বার ঢেলে সাজিয়েছেন। ফলে বিদ্যুৎ পর্ষদের ব্যর্থতার দায়িত্ব বামফ্রন্ট সরকারকে নিতেই হবে। এতবড় একটা সমস্যার সমাধান এর জন্য যে বৃহত্তর সামাজিক দৃষ্টিভঙ্গী, যে ন্যূনতম দায়িত্ববোধের পরিচয় দেওয়া উচিৎ ছিল রাজ্য সরকার তাঁর কার্যকলাপের মধ্যে দিয়ে সেই দৃষ্টিভঙ্গী প্রতিফলিত করতে পারেন নি। বরং ১৯৭৭ সালের পর থেকে আমরা দেখছি বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রগুলিকে কিভাবে সিটু ইউনিয়ন-এর অধীনে আনা যায় সেই চেষ্টা করছেন এবং শ্রমিক-কর্মচারীর মধ্যে বিভেদ সৃষ্টি করার জন্য প্রশাসনকে ব্যবহার করা হচ্ছে বিরোধী ইউনিয়ন-গুলিকে শায়েস্তা করার জন্য। প্রশাসনকে দলীয় কর্তৃত্বে আনবার জন্য তাঁরা কোন সময় ইঞ্জিনিয়ারদের, কোন সময় অন্য কর্মচারীদের মদত দিচ্ছেন। বিদ্যুৎ একটা অত্যাবশ্যকীয় সংস্থা। এই সংস্থার সঙ্গে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ার, শ্রমিক-কর্মচারীদের যে ভূমিকা পালন করা উচিৎ ছিল সেই ভূমিকা পালনে, ট্রেড-ইউনিয়ন-এর মাধ্যমে সি. পি. এম. নেতারা এগিয়ে যান নি।

এক্ষেত্রে আমাদের বক্তব্য হচ্ছে আজকে যেখানে শ্রমিকরা সচেতন সেখানে তাঁরা কাজে ফাঁকি দিতে পারেন না। দাবী আদায়ের জন্য যেখানে তাঁরা তাঁদের জীবনকে কোরবানী করতে পারেন, সেখানে তাঁরা জনসাধারণের অত্যাবশ্যকীয় এই শিল্পে কোনরকমেই অবহেলার মনোভাব দেখাতে পারেন না। কিন্তু এক্ষেত্রে আমরা দেখেছি সি. পি. এম. নেতৃত্ব শুধুমাত্র পাইয়ে দেবার রাজনীতি এবং সুবিধেবাদীর রাজনীতি করেছেন। এর ফলে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে দুর্নীতি ও চরম অব্যবস্থা সৃষ্টি হয়েছে। সেখানে কোন কাজ হয় না, অথচ ৬ কোটি টাকা ওভার-টাইম। আজকে বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রগুলিতে দক্ষ শ্রমিক, ইঞ্জিনিয়ার এবং প্রশাসকের অভাব।

এই সমস্ত জিনিস বিচার না করে—সমস্ত প্রশাসনকে দলীয় স্বার্থে ব্যবহার করছেন। আমরা জানি সিদ্ধার্থ রায়ের আমলে কতকগুলো আজে-বাজে লোক ঢোকানো হয়েছিল এবং এরই ফলে আজকে পশ্চিমবাংলার মানুষ দুর্ভোগ ভোগ করছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি কথা বলে শেষ করবো। আজকে এই সরকার যদি পশ্চিমবাংলার এই জাতীয় সংকটকে সঠিকভাবে ভাবতেন, খোলা মন নিয়ে ভাবতেন তাহলে এই রাজ্যের সমস্ত দলের সাহায্য চাইতেন। স্যার, আপনি জানেন সিদ্ধার্থ শঙ্কর রায়ের আমলে সমস্ত ট্রেড-ইউনিয়নের পক্ষ থেকে একটা প্রস্তাব দেওয়া হয়েছিল, কিন্তু তাঁরা সেই প্রস্তাবে কর্ণপাতও করেন নি। এবারে জ্যোতিবাবুর কাছেও সেই রকম একটা প্রস্তাব উত্থাপন করা হয়েছিল। কিন্তু তিনি সেটি প্রত্যাখ্যান করেছেন। এইভাবে আজকে এই বামফ্রন্ট সরকার বিদ্যুৎ দপ্তর পরিচালনা করছেন এবং এরই ফলে আজকে পশ্চিমবাংলার মানুষ চরম সংকটে পড়েছে। তাই তারা এতো যন্ত্রণা ভোগ করছে। তাই এই বিদ্যুৎ বাজেটকে পরিপূর্ণভাবে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী রেণুলীনা সুব্বা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে উপস্থিত করেছেন, সেই সম্বন্ধে আমি এখানে কিছু আলোচনা করবো। একটা কথা বলি আমাদের দার্জিলিং থেকে ৫ জন এম. এল. এ এবং একজন হিল মিনিষ্টার মিঃ দাওয়া লামা আছেন। কিন্তু এতে দার্জিলিংয়ের কি হচ্ছে? হিল মিনিষ্টার হচ্ছেন একটা রাবার ষ্ট্যাম্প। উনি কখনই এখানে আসেন না। আমরা দেখতে পাচ্ছি দার্জিলিংয়ে এই বিদ্যুৎ সংকট ক্রমশঃ খুব বেড়ে যাচ্ছে।. দার্জিলিংয়ের অবস্থা খুবই খারাপ। ওখান থেকে আমরা এই ব্যাপারে চিঠিপত্র দিই, কিন্তু কিছুই কাজ হয় নি। সেখানে একটা নাগরিক কমিটি হয়েছিল। ওখানে আমরা অনেক সিদ্ধান্তই নিই। কিন্তু বাস্তবে তার কোন ফলই পাই না। আসলে এই মন্ত্রিসভা দার্জিলিংয়ের প্রতি কোন দৃষ্টিই দিচ্ছে না। ওখানকার মানুষ নানাভাবে এ্যাজিটেট করছে। কিন্তু আপনারা এই জায়গার কোনই ইমপ্রুভমেণ্ট করলেন না। আপনারা জানেন দার্জিলিং হচ্ছে একটা ন্যাশন্যাল টুরিষ্ট সেণ্টার। আমরা দেখলাম সিদ্ধার্থবাবু চলে গেলেন। আমরা আশা করেছিলাম জ্যোতিবাবু এলে দার্জিলিংয়ের অনেক সমস্যা সমাধান হয়ে যাবে। কিন্তু জ্যোতিবাবু অন্ধকারবাবু হয়ে গেলেন। এই আলোর অভাবে সেখানে খুন, ছিনতাই, রাহাজানি মার্ডার—এই সব হয়েই চলেছে এবং সেগুলি ঐ রাত্রে লোডশেডিংয়ের সময়েই বেশী হচ্ছে। তারপর হাসপাতালে বিদ্যুতের অভাবে এক্স-রে হচ্ছে না, অপারেশনের সময় দেখা গেল লোডশেডিং হয়ে

গেল। বিভিন্ন জায়গায় যে-সমস্ত বিদেশীরা রয়েছেন সেখানে কোন সময় নেই, অসময় নেই লোডশেডিং হয়ে গেল। গরীব জায়গায় গম ভাঙ্গাতে গেল, গিয়ে দেখলো হাস্কিং মিল বন্ধ। কারণ হচ্ছে লোডশেডিং। এইভাবে এই দার্জিলিংয়ে ইণ্ডাষ্ট্রীরও ক্ষতি হচ্ছে। বিদ্যুতের অভাবে দার্জিলিংয়ের অবস্থা খুবই খারাপ। এই এলাকায় গ্যাস টারবাইন চালাতে পারতেন। এ নিয়ে ওনার চেম্বারে একটা মিটিংও হয়েছে। কিন্তু কিছুই হয় নি।

[5.20—5.30 P. M.]

কিন্তু তিনি কিছুই করছেন না। আমি তাঁকে বলেছিলাম দার্জিলিং-এর অবস্থা খুবই খারাপ, আপনি ব্যবস্থা করুন। আমার এলাকায় উনি একবার যখন গিয়েছিলেন তখন ওখানে একটা ব্যাপার নিয়ে খুব মারপিট হয়েছিল, ইন্সপেকশন বাংলো ভাঙচুর হয়েছিল। কারণটা অবশ্য খুবই গুরুত্বপূর্ণ ছিল, কিন্তু তবুও আমরা এই ঘটনার জন্য দুঃখ প্রকাশ করেছি। স্যার, হাইডাল প্রোজেক্ট কন্সট্রাকশনে কোন কাজ হয় নি এবং তার ফলে সিংকোনা প্ল্যানটেশনে ইলেকট্রিফিকেশনের দিক থেকে খুবই অসুবিধা হচ্ছে। প্রবীরবাবু একটা ভাল কাজ যা করেছেন সেটা আমি না বলে পারছি না। উনি একটা কমিটি ফর্ম করেছেন এবং তার মধ্যে সমস্ত এম. এল. এ.,এম. পি. এবং জেলা পরিষদের সদস্যদের নিয়েছেন। এই কমিটি আগে করলে আরও ভাল হোত, রুরাল ইলেকট্রিফিকেশনের কাজ ভাল হোত। এঁরা প্রথমে দলবাজী করেছেন, কিন্তু প্রবীরবাবু ওই কমিটি করার পর ভাল ফল দিয়েছে। আমরা চাই দার্জিলিংকে উন্নত করতে। তবে মন্ত্রী মহাশয়কে একটা কথা না বলে পারছি না। ওখানে যে-সমস্ত লোককে আপনারা এ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন তারা কোন কাজ করতে পারেনা, কোথায় জেনারেটর ভেঙ্গেছে তা পর্যন্ত বলতে পারে না। এই সমস্ত অযোগ্য লোক দেবার ফলে কাজের অসুবিধা হচ্ছে। ভুটানের চুখা থেকে যে-সমস্ত পাওয়ার আসার কথা ছিল তা আসছে না এবং রামাম হাইড্রো-ইলেকট্রিক প্রোজেক্ট-এর কাজও শেষ হয় নি। ওখানে শুধু ইনক্লাব জিন্দাবাদ হচ্ছে এবং তার ফলে আসল কাজ কিছুই হচ্ছে না। আপনারা যেমন পুলিশের মধ্যে রাজনীতি ঢুকিয়েছেন, ঠিক তেমনি সব জায়গায় ওই রাজনীতি ঢুকিয়েছেন। এই সব কারণে দেখছি চারিদিকে খুন হচ্ছে। আপনারা যে ওয়েষ্ট বেঙ্গল পুলিশ এ্যাসোসিয়েশন করেছেন তার মধ্যেও রাজনীতি ঢুকিয়েছেন এবং ইলেকট্রিসিটি বোর্ড-এর মধ্যেও রাজনীতি ঢুকিয়েছেন। আমি আবার আপনাদের বলছি দার্জিলিং-এর অবস্থা

খুবই খারাপ। আমরা দার্জিলিং-এর ব্যাপার নিয়ে হিল মিনিষ্টারকে বলেছি প্রতিকার না হলে আমরা এ্যাসেম্বলী ঘেরাও করব। আমার মনে হয় তিনি এই ভয়ে হাউসে আসেন নি। আমরা তাঁকে বলেছিলাম এ্যাসেম্বলীতে আমরা অনেক প্রশ্ন করব। তাঁকে না দেখে মনে হচ্ছে উনি ভয়ে এ্যাসেম্বলীতে আসেন নি। তারপর বিদ্যুতের অবস্থা আর কি বলব। আমি এম. এল. এ. হস্টেলে থাকি এবং রান্না করে খাই। কিন্তু দেখছি সব সময় লোডশেডিং চলছে এবং তার ফলে আলো নেই, জল নেই। এম. এল. এ.-দেরই যদি এই অবস্থা হয় তাহলে সাধারণ মানুষের কি অবস্থা সেটা আপনারা একবার চিন্তা করে দেখুন। বামফ্রন্ট সরকার আসার পর আমরা আশা করেছিলাম জনসাধারণের সুবিধা হবে, কিছু কাজ হবে। কিন্তু বাস্তবে দেখছি কোন কাজ হচ্ছে না—শুধু দলবাজী হচ্ছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। তার আগে বঙ্কিমচন্দ্রের কপালকুণ্ডলার একটি ঘটনা এখানে উল্লেখ করতে চাই। নবকুমার যখন মতী বিবির ঘরে প্রবেশ করলেন—বঙ্কিমচন্দ্র লিখছেন যে, প্রদীপ নিভিয়া গেল। ভারতবর্ষে কংগ্রেস শাসনের প্রবেশ কালেও, ভারতবর্ষের সর্বক্ষেত্রে তখন প্রদীপ নিভিয়া গিয়াছিল এবং আজকেও সারা ভারতবর্ষে বিদ্যুতের অবস্থা অত্যন্ত খারাপ। পশ্চিমবঙ্গে নিষ্প্রদীপ অবস্থা কংগ্রেস আমলে ছিল, আমরা কিছুটা প্রদীপ জ্বালাবার চেষ্টা করেছি। ১৯৪৯ সাল পর্যন্ত সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা বিদ্যুতের দিক থেকে শীর্ষ স্থানে ছিল। কিন্তু ওঁদের অবৈজ্ঞানিক পরিকল্পনার ফলে আজকে আমরা ৬ষ্ঠ স্থানে এসে দাঁড়িয়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নিশ্চয়ই আমি এই প্রসঙ্গে একটি কথা উত্থাপন করবো, ১৯৭৪ সালে এই বিধানসভায় কংগ্রেসের এম. এল. এ. শ্রীপঙ্কজ ব্যানার্জী, তিনি তদানীন্তনকালে বিদ্যুৎ সঙ্কটের ঘটনা কি ভাবে উল্লেখ করেছিলেন, আমি সেদিনের বিধানসভার প্রসিডিংসের একটা পাতা পড়ে শোনাচ্ছি। শ্রীপঙ্কজ ব্যানার্জী বলছেন: স্যার, আমি একটি বিষয়ের দিকে দৃষ্টি আকর্ষণ করছি, বিদ্যুৎ সঙ্কট আমাদের দৈনন্দিন জীবনে অপরিহার্য হয়ে দাঁড়িয়েছে। আমাদের দক্ষিণ কলকাতা সর্বকালীন রেকর্ড ম্লান করেছে। জুন-জুলাই মাসে ওখানে ৪৬ বার বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যায় এবং ১২৮ ঘণ্টা বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকে। ওখানকার বিভিন্ন কলকারখানায় ৩০ হাজার শ্রমিক কাজ করে, ১২৮ ঘণ্টা হিসাবে যদি একত্রে

ধরা যায় তাহলে ঘণ্টা হিসাবে ৩৮ লক্ষ ৪০ হাজার ঘণ্টা ওয়ার্কিং আওয়ার্স তাদের ঘাটতি হয়েছে। এর ফলে ওখানকার ৭/৮টি কারখানায় ক্লোজার নোটিশ দিয়েছে, অন্যান্যগুলি বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বক্তব্য কংগ্রেস এম. এল. এ.'র বক্তব্য।

মিঃ ডেপুটি স্পীকার: এই ডিমাণ্ডের জন্য যে টাইম ফিক্স করা ছিল, ৫টা ৩৩ মিনিটে তা শেষ হয়ে যাচ্ছে। এখনও মন্ত্রী মহাশয়ের জবাবী ভাষণ বাকি আছে। সেই জন্য আমি আরও একঘণ্টা টাইম বাড়ানোর জন্য হাউসের কাছে প্রস্তাব রাখছি। আশা করি এতে কারোর অমত হবে না।

(ভয়েসেস—ঠিক আছে)

সুতরাং একঘণ্টা সময় বাড়ানো হলো।

শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শুধু যে পশ্চিমবাংলায় বিদ্যুতের অভাব তা নয়, আমি একটা তথ্য দেখাচ্ছি, এটা আমাদের তথ্য নয়, কেন্দ্রীয় সরকারের তথ্য। সেন্ট্রাল ইলেকট্রিক্যাল অথরিটির তথ্য থেকে আমি সারা ভারতবর্ষের বিদ্যুতের কি অবস্থা তা এখানে উল্লেখ করছি। ১৯৮০-৮১ সালে সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের বিদ্যুতের অবস্থা এবং ঘাটতি যে পরিমাণ তা এখানে উল্লেখ করছি। হরিয়ানাতে ১৯৮০-৮১ সালে বিদ্যুতের ঘাটতি ছিল ২০.৯ মেগাওয়াট, পাঞ্জাবে ছিল ১৬.২ মেগাওয়াট, রাজস্থানে ১৪ মেগাওয়াট, উত্তরপ্রদেশে ছিল ৩৮.৬ মেগাওয়াট, দিল্লীতে ২.৩ মেগাওয়াট, চণ্ডীগড়ে ৭.৭৫ মেগাওয়াট এবং বিহারে ৪৬ ৪ মেগাওয়াট, ওয়েস্ট বেঙ্গলে ১৬.৪, অর্থাৎ এই তথ্য থেকে উপলব্ধি করা যায় যে, বিদ্যুতের সঙ্কট সারা ভারতবর্ষে আরও গভীরতর সংকট হিসাবে পরিণতি লাভ করেছে এবং যদি আমরা হিসাব করে দেখি, ভারতবর্ষের একজন ব্যক্তি মাথাপিছু যে বিদ্যুৎ ব্যবহার করে, তার গড় হিসাব করলে দেখা যাবে আমরা সারা পৃথিবীর মাত্র তিনটি দেশের তুলনায় শীর্ষস্থানে আছি। নেপাল, বাংলাদেশ এবং সিংহল এই তিনটি দেশের উর্ধ্বে ভারতবর্ষ আছে। আর পৃথিবীর সমস্ত দেশের তুলনায় আমরা নিচে আছি বিদ্যুতের ব্যাপারে। মাথাপিছু যে বিদ্যুৎ ব্যবহার করা হয় সেই হিসাবে আমরা নিচে আছি। শুধু তাই নয়, আমার জেলার কোলাঘাটে থার্মাল পাওয়ার প্রজেক্ট হচ্ছে, মাননীয় সদস্য কাশীবাবু বললেন সেই

কোলাঘাট থার্মাল পাওয়ার প্রজেক্ট শুরু হওয়ার কথা ১৯৭৩ সালে, তখন অনুমোদন লাভ করে, কিন্তু কংগ্রেস সরকার কোন ব্যবস্থা করে যান নি। কোন কাজ তারা শুরু করে যান নি। মাত্র পাঁচ কোটি টাকা খরচ করে তাঁরা মালপত্র কেনার অর্ডার দিয়েছিলেন, আর কোন ব্যবস্থা করে যান নি। জমি অধিগ্রহণ করে যান নি এবং জমি অধিগ্রহণ করে উদ্বাস্তু মানুষদের কিভাবে চাকরি দেওয়া হবে, তাঁদের চাকরি দেওয়া যাবে কিনা, তাঁদের পুনর্বাসনের কোন সমস্যা সমাধান করে তারা যান নি।

[5.30—5.40 P.M.]

তারপর ১৯৭৮ সালে এসে আমরা নির্মাণ কাজ শুরু করি। এই নির্মাণ কাজের শুরুতে উদ্বাস্তু মানুষদের কিছু সমস্যা ছিল, সেটার সমাধান করেছি। আমরা প্রতিশ্রুতি দিয়েছি পরিবার পিছু একজন উদ্বাস্তু মানুষ চাকরি পাবেন এবং পুনর্বাসনের ব্যবস্থা করে দিতে পারব। তার ফলে কোলাঘাট বিদ্যুৎ কেন্দ্রের কাজ শুরু হয়েছে এবং কিছুদিনের মধ্যেই সেখান থেকে বিদ্যুৎ পাওয়া যাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটি জিনিস আপনার সামনে তুলে ধরতে চাই। ওঁরা বললেন আমরা নাকি কৃষি ক্ষেত্রে বিদ্যুং দেবার ব্যাপারে খুব অবহেলা করেছি। মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট বক্তৃতা রেখেছেন সেটা বোধহয় ওঁরা পড়ে দেখেন নি। আমরা ১০ হাজার স্যালো টিউবওয়েলে বিদ্যুৎ কানেকশান দিয়েছি এবং ১ লক্ষ বাড়ীতে বিদ্যুৎ কানেকশান দিয়েছি। এক শ্রেণীর কর্মচারীর বিশৃঙ্খলার জন্য বিদ্যুৎ উৎপাদন ক্ষেত্রে যে অব্যবস্থা ছিল সেটা দূর করার জন্য আমরা কয়েকটি ব্যবস্থা গ্রহণ করেছি। অতীতে কোন ট্রান্সফার পলিসি ছিল না। আমরা এই ট্রান্সফার পলিসি চালু করেছি সমস্ত ইউনিয়নগুলির সঙ্গে আলোচনা করে। এক-একটি জায়গায় ১০/১৫ বছর কর্মচারীরা থাকতেন এবং বিভিন্ন সময়ে বিভিন্নভাবে তাঁরা দুর্নীতির সঙ্গে যুক্ত হতেন। আমরা সেটার পরিবর্তন করেছি। মাননীয় সুনীতি চট্টরাজ মহাশয় অসত্য কথা বলে গেলেন যে, আমরা নাকি বিদ্যুতের তার চুরি বন্ধ করার জন্য যে স্বেচ্ছাসেবক নিয়োগ করেছি তাদের পিছনে ১ কোটির উপর টাকা খরচ করেছি। উনি বাজেট বক্তৃতায় বলেছেন, এর জন্য মাত্র ১১ লক্ষ টাকার মত খরচ করতে চেয়েছেন। কেন করতে চেয়েছেন? যদি এই তার চুরিটা বন্ধ করতে পারা যায় তাহলে কিছুটা সমস্যার সমাধান হবে। এই স্বেচ্ছাসেবক নিয়োগ ওঁদের মত হয় নি। ওঁদের আমলে এম. এল. এ.-রা সিগারেটের ঠোঙায়

লিখে দিয়ে ১৭ হাজার লোক নিয়োগ করেছিলেন। সেইভাবে নিয়োগ হয় নি। পঞ্চায়েতের মধ্য দিয়ে স্বেচ্ছাসেবক নিয়োগ হয়েছে। সেখানে সি. পি. এম., কংগ্রেসের পঞ্চায়েত আছে। ওঁদের গাত্রজ্বালার কারণ হচ্ছে যদি এই তার চুরি বন্ধ হয়ে যায় তাহলে ওঁদের ক্যাডাররা কিসে নিযুক্ত থাকবে? ওঁদের ক্যাডাররা সব কাজের সঙ্গে যুক্ত। তাই আমরা যে স্বেচ্ছাসেবক নিয়োগ করে এই তার ...। বন্ধ করার চেষ্টা করছি সেই জন্য ওঁদের গায়ে লাগছে এবং সেই কারণেই এর বিরোধিতা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৪ সালে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ ...টতির জন্য ওঁরা প্রায় ১॥ হাজারের বেশী শ্রমিক নিয়োগ করেছিলেন। আজকে আমরা গর্বের সঙ্গে বলতে পারি এখন কিছুটা বিদ্যুৎ-সঙ্কট আছে, ওঁদের মত অত বেশী সংকট নেই। সারা ভারতবর্ষেই এই বিদ্যুৎ সঙ্কট আছে। সারা ভারতবর্ষে বিদ্যুৎ সঙ্কটের জন্য লে-অফ, লক-আউট হচ্ছে। পশ্চিমবঙ্গে আমরা শিল্প বিকাশ ...ই। শিল্প বিকাশ বিদ্যুৎ সঙ্কট সৃষ্টি করে। এর জন্য পশ্চিমবঙ্গের একজন শ্রমিকও লে-অফ, লক-আউটের মধ্যে পড়ে নি, এটা নিশ্চয় একটা গৌরবজনক দিক।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রের অবিচারের দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সিক্সথ ফাইভ ইয়ার প্ল্যানে বিদ্যুতের লক্ষ্যমাত্রা স্থির হয়। সেই ক্ষেত্রে পশ্চিমবঙ্গকে কিভাবে বঞ্চিত করা হয়েছে, পশ্চিমবঙ্গের প্রতি কিভাবে অবিচার, বৈষম্য করা হয়েছে আমি তার একটি দৃষ্টান্ত আপনার সামনে তুলে ধরতে চাই। মহারাষ্ট্রে ২৬৬৪ মেগাওয়াট স্থির করা হয়েছিল, উত্তরপ্রদেশে ১৯৭২ মেগাওয়াট, গুজরাটে ১৪৮৮ মেগাওয়াট স্থির করা হয়েছিল, অথচ পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ১৩৬৮ মেগাওয়াট স্থির করা হয়। এইভাবে আমি বিভিন্ন অবিচার, বৈষম্যমূলক কথা এখানে তুলে ধরতে পারি। আর এই বিদ্যুৎ উৎপাদনের জন্য কেন্দ্রের আর্থিক বৈষম্য কি রকম দেখা গেছে সেটাও একটু তুলে ধরছি। মহারাষ্ট্রে ২৮৯৭ কোটি টাকা নিয়োগ করেছেন, উত্তরপ্রদেশে ২১২৫ কোটি টাকা নিয়োগ করেছেন, আর পশ্চিমবঙ্গের ক্ষেত্রে মাত্র ৮৪৬ কোটি টাকা নিয়োগ করেছেন। কেন্দ্রের বৈষম্য, অবিচারের ফলে বিদ্যুৎ ক্ষেত্রে উন্নয়ন করার চেষ্টা করা সত্ত্বেও কিছুটা বাধাপ্রাপ্ত হচ্ছে। এই সঙ্গে সঙ্গে আমি আর একটি কথা তুলে ধরতে চাই। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন দক্ষিণাঞ্চলে একটি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র গড়ে তোলার চেষ্টা করছেন এবং পশ্চিমবঙ্গে অনুমোদিত হয়েছে। কেন্দ্রীয় সরকার মুখ্যমন্ত্রীকে বলেন, টাকার অভাব হবে না। কিন্তু ৬ মাস হয়ে গেল আজ পর্যন্ত টাকা বরাদ্দ করেন নি। যার ফলে পরিকল্পনা এগোতে পারছে না। কংগ্রেসী সদস্যরা তো নিজেদের জাতীয়তাবাদী নেতা বলে দাবী করেন। তাঁরা দয়া করে

কেন্দ্রকে এটা একটু বলুন যাতে কেন্দ্র তাড়াতাড়ি টাকাটা দিয়ে দেন। কিন্তু ভারতবর্ষে কোন জাতীয়তাবাদী নেতা আছে? ভারতবর্ষের কোন জাতীয় নীতি আছে? ভারতবর্ষের জাতীয় ক্ষেত্রে বিদ্যুৎ সঙ্কট সমাধানের ক্ষেত্রে কোন জাতীয় নীতি নেই। কোন ন্যাশনন্যাল গ্রিড্ সিস্টেম নেই। প্রতিটি রাজ্যে লিন পিরিয়ড দেখা দিলে, অনিবার্য কারণে কোন বিদ্যুৎ উৎপাদন যন্ত্রাংশে গোলযোগ দেখা দিলে অন্য রাজ্য থেকে ন্যাশন্যাল গ্রিড্ সিস্টেমের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা নেই।

স্যার, স্বাধীনতার ৩৭ বছর পরেও কেন্দ্রীয় সরকার বিদ্যুৎ শিল্প তৈরী করার ব্যাপারে আজও বিদেশের উপর নির্ভরশীল। বিদ্যুৎ শিল্পের ৪০ শতাংশ যন্ত্রপাতি আজও বিদেশ থেকে আমদানি করতে হয় এবং বিদ্যুতের ব্যাপারে প্রযুক্তিবিদ্যার ক্ষেত্রেও অধিকাংশ অংশের জন্য বিদেশের উপর নির্ভর করতে হয়। ভারত হেভি ইলেকট্রিক্যালস যা ভারতবর্ষের একটা রাষ্ট্রায়ত্ত শিল্প সেখানেও বিদেশীদের অনুপ্রবেশের ব্যবস্থা করা হয়েছে। ভারতবর্ষের বিদ্যুতের ক্ষেত্রে স্বনির্ভরতা গড়ে তোলার প্রচেষ্টা কখনও হয় নি, ফলে স্বাভাবিকভাবেই এটা জাতীয় সঙ্কটে পরিণত হয়েছে। স্যার, এই অবস্থার সৃষ্টি হলেও আমরা মনে করি পশ্চিমবাংলার জনসাধারণের আশীর্বাদ নিয়ে এবং শ্রমিক-কর্মচারীদের সহযোগিতা নিয়ে ও কিছু বিশৃঙ্খলা সৃষ্টিকারী কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আমরা কিছুটা সফলতা লাভ করতে পেরেছি এবং আশা করি আগামী দিনে আরো সফলতা লাভ করতে পারবো। স্যার, একথা বলতে কোন বাধা নেই যে, আমরা যে সফলতা লাভ করেছি তাতে আমরা সন্তুষ্ট নই, আমরা আরো উন্নতি করতে চাই, সেখানে কেন্দ্রীয় সরকারের সাহায্য পেলে জনসাধারণের সহযোগিতা নিয়ে আমরা পশ্চিমবাংলার বিদ্যুৎ সমস্যার সমাধান করতে পারবো। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীপ্রবীর সেনগুপ্ত: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের নেতারা যে সমস্ত বক্তব্য রাখলেন তা আমি শুনলাম। এস্. ইউ. সি. আই দলের নেতা, তিনি সিদ্ধার্থ রায় মহাশয়ের প্রশংসা করলেন। তিনি এই কাজটি যদি শ্রীমতী ইন্দিরা গান্ধীর ক্ষেত্রে করতেন তাহলে পরকালে হয়ত তাঁর কিছু সুবিধা হত। কংগ্রেস পক্ষের যে দু'জন বললেন তাঁরা সৌভাগ্যক্রমে দু'জনেই মন্ত্রী ছিলেন এবং খুব দায়িত্বশীল মন্ত্রী। স্যার, আপনি জানেন, কংগ্রেস দীর্ঘদিন এ রাজ্যে রাজত্ব করে গিয়েছেন। আমি স্যার, বলব, ওঁদের বিশ্বাসঘাতকতার জন্য পশ্চিমবঙ্গ শুধু

বিদ্যুতের ক্ষেত্রে নয়, সমস্ত দিক থেকে একটা গভীর সঙ্কটের মধ্যে পড়েছে। শিল্পের দিকে যদি তাকান তাহলে দেখবেন সেখানে আমাদের এই অবস্থা। বিদ্যুতের ক্ষেত্রে যদি তাকান সেখানেও দেখবেন এই অবস্থা। এসব কথা কি কংগ্রেসী বন্ধুরা অস্বীকার করতে পারেন? স্যার, বিদ্যুতের ক্ষেত্রে যে পশ্চিমবঙ্গ প্রথম ছিল কংগ্রেসের রাজত্বের ফলে আজকে বিদ্যুতের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান ৫টি রাজ্যের পরে হয়েছে। এসব কথা কি ওঁরা অস্বীকার করতে পারেন? স্যার, ওঁদের নেতাদের, বিশেষ করে মন্ত্রীদের ব্যক্তিগত স্বার্থে ওঁরা যেভাবে বিদ্যুৎ পর্ষদে ১২।। হাজার লোককে ঢুকিয়ে দিয়ে গিয়েছেন—মস্তান এবং অদক্ষ যুবক—তার ফলে বিদ্যুৎ পর্ষদের যে আসল ভিত্তিটা সেটা ধ্বংস করে দিয়েছেন। এসব কথা কি ওঁরা অস্বীকার করতে পারেন? অস্বীকার করতে পারবেন যে, ১৯৭৭ সাল পর্যন্ত কোলাঘাটের জন্য যে জমি নেওয়ার কথা ছিল, সেই জমি পর্যন্ত তাঁরা নেন নি? তাঁরা কি অস্বীকার করতে পারেন যে, কোটি কোটি টাকা মূল্যের জিনিস বাইরে ঝড়-বৃষ্টির মধ্যে ফেলে রেখে নষ্ট করেছেন? এখন বলা হচ্ছে যে, কোলাঘাটে কয়লা রাখার অসুবিধা ছিল বলে হয় নি। এসব কথা কেন বলেন? যদি না জানেন তাহলে জেনে নিন অথবা কোলাঘাটে গিয়ে দেখে আসতে পারেন। এখন সেখানে কয়লা রাখার ব্যবস্থা করা হয়েছে। সেখানে কয়লা তুলতে হবে এবং যে সমস্যার সৃষ্টি তাঁরা করেছিলেন সেটা সমাধান করার চেষ্টা করা হচ্ছে। আমাদের যে টার্গেট আছে সেই টার্গেটের মধ্যে রাখার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু তাঁরা কি এটা অস্বীকার করতে পারেন যে, শতকরা ৫০টি মিটার তাঁরা খারাপ অবস্থায় রেখে গেছেন? তাঁরা কি অস্বীকার করতে পারেন যে, কোটি কোটি টাকা তাঁরা অনাদায় রেখে গেছেন? সেই সেই টাকা সাধারণ মানুষের কাছে পাওনা নয়, সেই টাকা বড় বড় মিল মালিকের কাছে পাওনা। অনেক কারখানা আছে যেগুলি উঠে গেছে, তাদের কাছ থেকে আর কোনদিন আদায় করা যাবে না। আজকে এই অবস্থা তাঁরা সৃষ্টি করে গেছেন। তাঁরা কি অস্বীকার করতে পারেন যে, অনারারিয়ামের নামে তাঁরা অব্যবস্থার সৃষ্টি করেছেন?

[5.40—5.50 P. M.]

এটা কি তাঁরা অস্বীকার করতে পারেন, যে যুবকদের এখানে নেওয়া হয়েছিল, তাঁদের কোন রকম শিক্ষা দেবার প্রচেষ্টা তাঁরা করেন নি এবং তাঁদের ভিতটাকে নষ্ট করেছেন? এটা কি তাঁরা অস্বীকার করতে পারেন, যে ১২।। হাজার গ্রামে

বৈদ্যুতিকরণের নামে একদল দুর্নীতিপরায়ণ ঠিকাদারের সৃষ্টি করেছেন এবং কিছু বিদ্যুৎ কর্মচারীকে দুর্নীতিপরায়ণ করে তুলেছেন? এটা কি কংগ্রেস অস্বীকার করতে পারেন, যে ওভার টাইমের তাঁরা সমালোচনা করলেন, সেই ওভার টাইমের নামে বিদ্যুৎ পর্ষদের কিছু কর্মীকে তারা পাইয়ে দেবার চেষ্টা করেছেন এবং কার্যতঃ ধীরে কাজ করার প্রবণতা বাড়িয়েছেন? এটা কি কংগ্রেস অস্বীকার করতে পারেন, যে, সিনিয়রিটির ভিত্তিতে বিদ্যুৎ শিল্পের মত একটা শিল্পে, যেখানে অত্যন্ত টেকনিক্যাল কাজ হয়, যেখানে লক্ষ লক্ষ কোটি কোটি টাকার প্রকল্প নিয়ে কাজ করতে হয়, সেখানে সিনিয়রিটিকে প্রধান ভিত্তি করে কিছু অযোগ্য এবং দায়িত্ব-জ্ঞানহীন লোককে বিদ্যুতের যাঁরা ইঞ্জিনীয়ার তাঁদের উপরে বসিয়ে দিয়ে এমন একটা নজীর সৃষ্টি করেছেন যার ফলে বিদ্যুৎ পর্ষদকে বিরাট সমস্যার সম্মুখীন হতে হচ্ছে? এটা কি তাঁরা অস্বীকার করতে পারেন, সময়ে না এসে যখন খুশী আসবো—এই রকম একটা রেওয়াজ সৃষ্টি করে বিদ্যুৎ পর্ষদে বিশৃঙ্খলা সৃষ্টি করেছেন? আমরা দেখেছি যে, এখানে সময়মত আসার যে রেওয়াজ ছিল সেটাকে তাঁরা ধ্বংস করেছেন কিছু মস্তানকে ঢুকিয়ে। তাঁরা কি এটা অস্বীকার করতে পারেন যে, বিদ্যুৎ উৎপাদন হলে, সেই বিদ্যুৎ পরিবহণ এবং বণ্টন করার জন্য যে নেট ওয়ার্ক করার কথা ছিল, সেই নেট ওয়ার্ক তাঁরা করেন নি? তাঁদেরই পুস্তকে আছে কি ভাবে নেট ওয়ার্ক বাড়াবার প্রয়োজন ছিল এবং পরিকল্পনা কি ছিল। তাঁরা এগুলি না করার জন্য আজকে আমাদের অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। ফলে আজকে বিভিন্ন জায়গায় ভোল্টেজ থাকছে না, টিম টিম করে আলো জ্বলছে। তাঁরা কি অস্বীকার করতে পারেন, যে সাব-স্টেশনগুলি করার কথা ছিল, সেই সাব-স্টেশনগুলি তাঁরা করেন নি এবং যে-সমস্ত ট্রান্সফরমারগুলি অগমেণ্টেশান করার কথা ছিল সেগুলি না করার জন্য পরিবহণ এবং বণ্টন ব্যবস্থা একটা সমস্যাসঙ্কুল অবস্থায় এসে দাঁড়িয়েছে? তাঁরা সাঁওতালদির কথা বলেছেন, যে সাঁওতালদি রুগ্ন শিশুর মত বামফ্রন্ট সরকারের ঘাড়ে এসে পড়েছে, যে সাঁওতালদিকে এমন একটা জায়গায় নিয়ে গেছেন এবং একটা সমস্যার সৃষ্টি করেছেন। আজকে আমাদের সেখানে ব্যবস্থা নিতে হচ্ছে। আপনারা অযোগ্য লোককে দিয়ে দেখাশুনা করেছেন এবং তার ফলে যে সমস্যার সৃষ্টি করেছেন তার জন্যদায়ী কে? তার জন্যদায়ী আপনারা। একজন সদস্য কোলাঘাট সম্পর্কে বললেন যে, কোলাঘাট কোনদিন চলবে না। এই রকম দায়িত্বজ্ঞানহীন কথা তাঁদের কাছ থেকে শুনবো বলে আশা করিনি। এই কোলাঘাটের ব্যাপারে তাঁরা কি করেছেন? এটা কি অস্বীকার করতে পারেন যে, টি. এ.'র নামে লক্ষ লক্ষ টাকা তছরূপের ব্যবস্থা করে গেছিলেন কংগ্রেসীরা।

আজকে তাঁরাই আবার বড় বড় কথা বলছেন, আমাদের সমালোচনা করছেন। এই প্রসঙ্গে একটা প্রচলিত কথা আমার মনে পড়ে যাচ্ছে, 'চোরের মায়ের বড় গলা।' ওঁদের ক্ষেত্রে এটা প্রযোজ্য।

আজকে ওঁরা বদলির কথা তুলেছেন। ওঁরা কি অস্বীকার করতে পারেন, ওঁরা এক একজন বিদ্যুৎ পর্ষদের কর্মীকে ১—৫ বছর, ২০ বছর পাহাড়ে জঙ্গলে কাজ করিয়েছেন, কলকাতায় আসার সুযোগ তাঁদের দেন নি, নিজেদের পেটোয়া লোকেদের কলকাতায় থাকার সুযোগ করে দিয়েছিলেন। ওঁরা নিজেদের লোকেদের কলকাতায় থাকার পাকা ব্যবস্থা করে দিয়েছিলেন, একথা কি ওঁরা আজকে অস্বীকার করতে পারেন ?

ওঁরা বিদ্যুৎ উৎপাদনের ব্যাপারে অনেক কথা বললেন। আমাদের পক্ষের সদস্যরা অবশ্য এ ব্যাপারে বিস্তারিতভাবে বলেছেন। তবুও আমি এ ব্যাপারে দু'-একটা কথা বলছি। ১৯৪৭ সালে সারা ভারতবর্ষে যে বিদ্যুৎ উৎপন্ন হত তার শতকরা ৩০ ভাগই পশ্চিমবঙ্গে হত। আর আজকে ভারতবর্ষে মোট যে বিদ্যুৎ উৎপাদন হয় তার শতকরা মাত্র ১০ ভাগ পশ্চিমবঙ্গে উৎপন্ন হয়। এই ঘটনাকে কি ওঁরা অস্বীকার করতে পারেন ? এর জন্য দায়ী কে ? (শ্রীসুব্রত মুখার্জী: কেন্দ্র।) শুধু কেন্দ্র নয়, বিগত দিনে এখানে যাঁরা ক্ষমতায় ছিলেন, তাঁরাও দায়ী। আর কেন্দ্রের কথা বলছেন, আপনারা তো এখানে রাজত্ব করেন নি, কেন্দ্রের চাকরি করেছেন। কেন্দ্রে যাঁরা বসে আছেন, তাঁদের আপনারা সেবা করেছেন এবং তার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গবাসীর সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছেন, তাঁদের স্বার্থ রক্ষা করেন নি। স্যার, ১৯৩৭ সালে এখানে বিদ্যুতের মাথাপিছু ব্যবহারের হার ছিল ২২ শতাংশ, আজকে সেটা কমে হয়েছে ১১ শতাংশ। এটা কি ওঁরা অস্বীকার করতে পারেন ?

এছাড়াও ব্যাণ্ডেল বলুন, সাঁওতালদি বলুন, সর্বত্র যেখানে মেশিনগুলিকে বছর বছর ওভারহলিং করতে হয় সেখানে ওঁরা বছরের পর বছর তা করেন নি। এর ফলে যন্ত্রগুলি সব খারাপ হয়ে গেছে। সেগুলি নতুন করে যে বিদ্যুৎ উৎপন্ন করতে পারত তা পারছে না। ওঁরা মেশিনগুলিকে খুন করেছিলেন, নষ্ট করেছিলেন। (শ্রীসত্যরঞ্জন বাপুলী: মেশিন আবার খুন হয় নাকি, মেশিনের ডেফিনিশন জানেন ?) মেশিন খুন হয়, মেশিন শক্তি, তার জান আছে, আপনারা তার জান নষ্ট করেছিলেন। আর তা ছাড়া আপনার মত বটতলার উকিলের কাছে ডেফিনিশন শুনতে চাই না। স্যার, মেশিনগুলিকে নষ্ট করার ফলে আজকে সেগুলি থেকে বিদ্যুৎ উৎপাদন কমে গেছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যরা ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এব ১৯৮২-৮৩ সালের বিদ্যুৎ উৎপাদনের বিষয়ে বিভিন্ন মন্তব্য করে গেলেন। আমি আপনার মাধ্যমে ওঁদের অবগতির জন্য জানাচ্ছি যে, বিগত এই তিন বছরে ব্যাণ্ডে থার্মাল পাওয়ার স্টেশন ১,৫০০ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপন্ন করে রেকর্ড সৃষ্টি করেছে। এখন আমি ওঁদের জিজ্ঞাসা করছি, এটা কি ওঁরা অস্বীকার করতে পারবেন ?

জলঢাকা নিয়ে এখানে আলোচনা হয়েছে। জলঢাকা সম্বন্ধে আমাদের এক সময়ে মনে হয়েছিল, এটা বোধহয় আর চলবে না। কারণ এক সময়ে ওখানে কিছু সমাজবিরোধী পাথর ফেলে, কাঠ ফেলে সমস্ত যন্ত্রপাতি ধ্বংস করতে চেয়েছিল আজকে সেই জলঢাকা ৮০০ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপন্ন করেছে। এ বছরের রিপোর্ট আমার কাছে নেই, আমি আশা করছি, এ বছর জলঢাকা ১০০০ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপন্ন করবে। আমি ওঁদের জিজ্ঞাসা করি, এটা কি অগ্রগতি নয় এটা বিদ্যুৎ পর্ষদের কর্মীদের এ্যাচিভমেন্ট নয়? পশ্চিমবঙ্গ সরকারের এ্যাচিভমেন্ট নয় ?

ব্যাণ্ডেলের ৫ম ইউনিট নিয়ে এখানে আলোচনা করা হয়েছে। আমার বাড়ি ওখানে, আমি ইতিপূর্বে ওখানে কি হয়েছে তা জানি। আমি দেখেছি ১৯৭৭ সালের আগে ওখানে সিভিল ওয়ার্ক পর্যন্ত শেষ হয় নি। আমি দায়িত্ব নিয়ে বলছি সুনীতিবাবুদের লোকেরা পয়সা নিয়ে সেই অবস্থায় সেখানে বহু লোককে চাকরি দিয়েছিলেন। আমি দেখেছি একটা পরিবারের ৮/১০ জন মানুষকে পয়সা নিয়ে চাকরি দিয়েছেন। যাদের জমি ওখানে নেওয়া হয়েছিল, তাদের সব চাকরি দিয়েছিলেন। আজকে ব্যাণ্ডেলের সেই ৫ম ইউনিট বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে রেকর্ড করেছে। শুধু রেকর্ডই নয়, একটা স্থায়ী রেকর্ড করেছে। ওখানকার বিদ্যুৎ কর্মীরা, ইঞ্জিনিয়াররা যোগ্যতার পরিচয় দিয়েছেন। এ বিষয়ে আমরা এখানকার কংগ্রেসীদের স্বীকৃতি না পেলেও, ওঁদের দিল্লীর নেতারা আমাদের সে স্বীকৃতি দিয়েছেন, সি. ই. এ. আমাদের এ বিষয়ে স্বীকৃতি দিয়েছেন। বিদ্যুৎ উৎপাদনের আজকে এই যে অবস্থা সৃষ্টি হচ্ছে, এতে ১৯৯০ সালে আমাদের ১,১৭৫ মেগাওয়াট বিদ্যুৎ আসার সম্ভাবনা আছে।

[5.50—6.00 P. M.]

এই বিদ্যুৎ শুধু ওখানকার বিদ্যুৎ নয়, উত্তর-পূর্বাঞ্চলে যে রাজ্যগুলি আছে,

আসাম, মেঘালয় প্রভৃতি সেখান থেকে বিদ্যুৎ আসার সম্ভাবনা আছে। এখন এই বিদ্যুৎ আসার ব্যাপারে একটা সমস্যা হচ্ছে। সুব্রতবাবু বললেন যদি যুক্তিসঙ্গত কারণ থাকে তাহলে সহযোগিতা করবেন। ১৯৯০ সালে ১ হাজার ১৭৫ মেগাওয়াট হবে। এখন ঐ সময়ে যে চাহিদা বেড়ে যাবে সেই চাহিদার সাথে এর সঙ্গতি থাকবে না। আজকে যে বিদ্যুৎ সংকট আছে, বিদ্যুতের যে চাহিদা আছে, এই চাহিদা বা এই সমস্যা যদি এইভাবে চলে তাহলে ১৯৯০ সালে এই সমস্যা আরো বেড়ে যাবে। অতএব আরো ঘাটতি বেড়ে যাবে। এটা আমাদের হিসাব নয়। দিল্লীর যে সি. ই. এ তাদের হিসাবে ১৯৯০ সালে ৫৩৮ মেগাওয়াট ঘাটতি হবে। আমাদের পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের হিসাবে—সব কটি ইউনিট থেকে যদি বিদ্যুৎ আসে—যদি ১ হাজার ১৭৫ মেগাওয়াট ১৯৯০ সালের মধ্যে বিদ্যুৎ উৎপন্ন হয় তাহলে সি. ই. এ-র মতে ৫৩৮ মেগাওয়াট ঘাটতি হবে, আর বিদ্যুৎ পর্ষদের মতে সেটা ১ হাজার ৬৩ মেগাওয়াট ঘাটতি হবে। আমাদের জি. পি. পি.-র মতে ৯৯১ মেগাওয়াট ঘাটতি হবে। তবে আমরা কিছু প্রস্তাব দিয়েছি। বক্রেশ্বরের প্রস্তাব দেওয়া হয়েছে, সাগরদিঘির প্রস্তাব দেওয়া হয়েছে, মেজিয়ার প্রস্তাব দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের যে সি. ই. এ এবং প্ল্যানিং কমিশন সেগুলির করার অনুমতি দিচ্ছেন না, প্রয়োজনীয় সাহায্য দিচ্ছেন না। আমি কংগ্রেসীবন্ধুদের বলবো, পশ্চিমবাংলাকে যদি ভালবাসেন, পশ্চিমবাংলায় যদি জন্ম হয়ে থাকে, পশ্চিমবঙ্গের মানুষের প্রতি যদি একটু দরদ থাকে তাহলে এইসব ব্যাপারে সহযোগিতা করুন। বক্রেশ্বরের জন্য সি. ই. এ. মৌখিকভাবে স্বীকৃতি দিয়েছেন। তাঁরা বলেছেন, সপ্তম পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় করার দরকার নেই। অষ্টম পঞ্চবার্ষিকীতে করা হোক। সাগরদিঘি বিবেচনা করছেন। ডি. ভি. সি. ২/৪ বছর ধরে মেজিয়া প্রকল্প করতে চায়, তারা প্রাথমিকভাবে প্রস্তুত। কিন্তু তাও করতে দেওয়া হচ্ছে না। এই ব্যাপারটা আমাদের দেখতে হবে। এখানে কয়লার কথা তুলেছেন। সুনীতিবাবু কিছুই জানেন না। তিনি বললেন, কয়লা আছে, কিন্তু কাজ হচ্ছে না। আপনারা জানেন, পশ্চিমবঙ্গের যে ভাল কয়লা সেই ভাল কয়লা ব্যবহার করার কোন অধিকার আমাদের নেই। টিটাগড়ে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই যখন ইউনিট করছিল তখন কেন্দ্রীয় সরকার লিখিতভাবে বলেছিল রাণীগঞ্জের কয়লা টিটাগড়কে দেওয়া হবে। কিন্তু বাস্তবে দেখতে পাচ্ছি কি? সেই কয়লা দেওয়া হচ্ছে না। সেই কয়লা গুজরাট এবং মহারাষ্ট্রকে দেওয়া হচ্ছে, পশ্চিমবঙ্গকে দেওয়া হচ্ছে না। আমাদের কয়লা টিটাগড়ের জন্য নয়। ব্যাণ্ডেল, ডি. পি. এল, সাঁওতালদিহিতে যে ধরনের কয়লা দেওয়া হয়েছে তাতে শুধু

উৎপাদনই কম হচ্ছে না, তাতে মেশিনগুলি, যন্ত্রপাতিগুলির ক্ষতি হয়ে যাচ্ছে। এ অবস্থা কেন্দ্রীয় সরকার করেছেন এবং এইভাবে আমাদের এখানকার বিদ্যুৎ শিল্পকে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছেন। এছাড়া আমি ডি ভি. সি. সম্পর্কে বলবো। ডি ভি. সি. পশ্চিমবঙ্গ সরকার, বিহার সরকার এবং কেন্দ্রীয় সরকারের যৌথ উদ্যোগে হয়েছিল। ডি. ভি. সি. এ বছর রেকর্ড পরিমাণ বিদ্যুৎ উৎপাদন করেছেন—এটা সত্যিই প্রশংসনীয় কাজ করেছেন। কিন্তু একটা কথা আছে। বেল পাকলে কাকের কি লাভ? বিদ্যুৎ উৎপাদন হলেও কিভাবে বন্টন হবে সেই ব্যাপারে বিহার সরকারের সঙ্গে এবং পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে আলোচনা হবে না, তাঁরাই ঠিক করবেন কি করবেন। ডি. ভি সি.-র বিদ্যুৎ উৎপাদন যদি কম হয় তাহলে প্রথমেই কাটা হবে পশ্চিমবঙ্গকে, কলকাতাকে কম দেওয়া হবে। মেদিনীপুর এবং বর্ধমানে যেখানে ডি. ভি. সি. বিদ্যুৎ দেয় সেখানে বিদ্যুৎ বাড়াচ্ছে না। সেখানে ধান নষ্ট হয়ে যাচ্ছে, মেদিনীপুরে জল পাওয়া যাচ্ছে না। মেদিনীপুরকে বিদ্যুৎ দিতে বলা হয়েছে, কিন্তু তাও তাঁরা দিচ্ছেন না। বিদ্যুৎ পর্ষদের পক্ষ থেকে কোলাঘাটে ২৫ মেগাওয়াট বিদ্যুৎ দিচ্ছে।

এখানে ট্রান্সফারের কথায় বলেছেন যে, তিন হাজার লোককে ট্রান্সফার করা হয়েছে। কংগ্রেস, কমিউনিস্ট, সোস্যালিষ্ট এইসব দেখে তো ট্রান্সফার করা হয় নি। এর একটা নির্দিষ্ট ভিত্তি আছে। পশ্চিমবঙ্গকে সাতটি ভাগে ভাগ করা হয়েছে এবং সকলকেই সব জায়গায় যেতে হবে। তারপর রিটায়ারের আগে যাঁর যেখানে বাড়ী তিনি সেখানে থাকতে পারবেন—এই নীতির ভিত্তিতে করা হয়েছে। এ ছাড়া আপনারা জানেন সেচ এবং ক্ষুদ্র শিল্পকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। এখানে বললেন লে-অফ হয়েছে, লক-আউট হয়েছে। আমার কাছে যে হিসাব আছে তাতে ১৯৭৭ থেকে ১৯৮০ পর্যন্ত বড় শিল্প ৪০৪টিকে বিদ্যুৎ দেওয়া হয়েছে এবং ক্ষুদ্র শিল্প ও কুটির শিল্প—আমার কাছে যা হিসাব আছে—২৬৩১১ টিকে দেওয়া হয়েছে। সুতরাং যে কারখানা চলছে সেখানে এবং নতুন নতুন যে কারখানাগুলি হয়েছে সব জায়গাতেই বিদ্যুৎ দেওয়া হচ্ছে। আজকে বিরোধী দলের সদস্যরা বললেন যে, কারখানা করা হয়েছে, বিদ্যুৎ দেওয়া হচ্ছে না, সেগুলি সম্বন্ধে নির্দিষ্টভাবে বলবেন। আমরা ব্যবস্থা করব। এ ছাড়া গ্যাস টারবাইনের কথা বলেছেন, গ্যাস টারবাইন কিভাবে পরিচালনা করা হচ্ছে। বিদ্যুৎ পরিষদের যারা এটা পরিচালনা করে তারা পাগল নয় যে, ২৪ ঘণ্টা গ্যাস টারবাইন চালাবে, যখন ঘাটতি পড়ে দু-এক জায়গায়, সিস্টেম ব্রেক ডাউন করে তখন গ্যাস টারবাইন ব্যবহার করবে, গ্যাস টারবাইনের একটা লাইফ আছে। গ্যাস টারবাইনকে

ওভার হলিং করতে হবে। গ্যাসটারবাইনকে ওভার হলিং করা হচ্ছে। মাননীয় বিরোধীদলের সদস্য বলেছেন শেষে নাকি বিক্রি করতে হবে, উনি কোথা থেকে এসব কথা শুনেছেন আমি জানি না। আমি আর দু একটি কথা বলে শেষ করব। আমি স্বীকার করি, আমাদের এস. ইউ. সি. নেতা যেটা বলেছেন গ্রামে বৈদ্যুতিকরণের ব্যাপারে আমাদের যেভাবে কাজ করা উচিত ছিল আমরা সেভাবে করতে পারিনি। অনেক কারণের মধ্যে চুরি তার একটা অন্যতম কারণ। যেখানে প্রতি বছর ২ কোটি টাকার তার চুরি যায়, সেখানে কোন কাজ হতে পারে না। সিদ্ধার্থ রায় মহাশয়ের আমলে সাড়ে বারেশো গ্রামে বৈদ্যুতিকরণ হল, কি করে হয়েছিল, আমার সাথে যাবেন, দেখিয়ে দেব, দেখবেন কত সুন্দর হয়েছে। কিছুই হয় নি। সেই সমস্ত পোষ্ট লাগিয়ে কনট্রাকটারদের সাথে কিছু ব্যবস্থা ছিল কিনা জানি না, ট্যান করা হয় নি, খালি দুটো পোষ্টকে যুক্ত করে ছেড়ে দেওয়া হয়েছে। তবু আমি বলব যে গ্রামের বৈদ্যুতিকরণের ব্যাপারে আমাদের যে ভূমিকা পালন করা উচিত ছিল আমরা তা করতে পারিনি। আর. ই. সি. কিছু সাহায্য করেন, আর. ই. সি. অগমেনটেশন হয়েছে এখন এক-একটা ব্যাংকে পরিণত হয়েছে, তারা ধার দেবে, সুদ আসল শোধ করতে হবে। সুদ আসল শোধ না করলে আর ধার পাওয়া যাবে না।

এই হচ্ছে আর. ই. সি.। সুতরাং টাকার প্রশ্নটাই বড় প্রশ্ন। টাকা না থাকলে নেট ওয়ার্ক ঠিকমত করা যাবে না। সব ব্যবস্থাই করা দরকার। এই ৬ বছরে প্রায় ৩০ হাজার শ্যালো, ডিপ টিউবওয়েল, আর. এল. আই. বৈদ্যুতিকরণ হয়েছে। আমরা আগামী এক বছরে ৩০ হাজার শ্যালো বৈদ্যুতিকরণ করার একটা পরিকল্পনা করেছি, ঠিক আশাবাদী পরিকল্পনা।

[6.00—6.10 P.M.]

কিন্তু আমরা দেখছি এই বিদ্যুৎ কর্মীরা দেড়/দুই মাসের মধ্যে পাঁচ হাজার শ্যালো টিউবওয়েলকে বৈদ্যুতিকরণ করেছেন, তাঁরা ৭০ হাজার ব্যাড়ীতে বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন। এর ফলে আমরা দেখতে পাচ্ছি বিদ্যুৎ কর্মীদের মধ্যে আজকে একটা উৎসাহ সৃষ্টি হয়েছে। শুধু সি. আই. টি. ইউ. নয়, আই. এন. টি. ইউ. সি. ভুক্ত কর্মীদের মধ্যেও এটা হয়েছে। আজকে যে মানসিকতা তাঁদের সৃষ্টি হয়েছে সেটা যদি রক্ষা করতে পারি, তাহলে আরো অনেক ভাল কাজ করতে পারবো আশা করি। আজকে দুর্নীতির বিরুদ্ধে অভিযান করা হচ্ছে। এখানে বলা হয়েছে ভাল

কাজ যাঁরা করতেন তাঁদের ট্রান্সফার করে দেওয়া হয়েছে। আমাদের ত্রুটি-বিচু থেকে থাকলে নিশ্চয়ই বলবেন। কিন্তু ওঁরাই তো যত দুর্নীতি সৃষ্টি করে গেছে লক্ষ লক্ষ, কোটি কোটি অভিযোগ আমরা পেয়েছি। তার মধ্যে কয়েকটি অভিযে আমরা খুঁটিয়ে দেখেছি এবং কয়েকটি ক্ষেত্রে ব্যবস্থা নিতে হয়েছে। এব্যাপা কর্মীরা সমর্থন করে বলেছেন যে, ঠিকই করেছেন—এটা করা দরকার। মাননী সদস্যা শ্রীমতী রেণুলীনা সুব্বা যে কথা বলেছেন সেটা ঠিকই। আজকে দার্জিলিং বিদ্যুতের সমস্যা রয়েছে। তবে এর সঙ্গে সঙ্গে আরো বলি যে, এই সমস্যা নিরসনে ব্যাপারে প্রচেষ্টা চালান হচ্ছে। একটি লাইন মিরিক হয়ে দার্জিলিং যাবে। কি মাঝখানে অনেকখানি তার চুরি হয়ে গেছে, সেটা ব্যবস্থা করতে হবে দার্জিলিংয়ের মত একটি শহর, যেখানে বাইরের পর্যটকরা আসেন, সেখানে বিদ্যুতের ক্ষেত্রে যে ত্রুটি-বিচ্যুতিগুলি আছে সেগুলো নিশ্চয়ই সংশোধন করতে হবে। এই বলে যে-সমস্ত ছাঁটাই প্রস্তাব তোলা হয়েছে তাঁর বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker : Now I put to vote all the cut motions excepting Nos. 2, 4, 8, 9, 10 & 13 of Shri Kashinath Misra and 16 and 18 to 20 of Shri Somendra Nath Mitra on which I understand division will be demanded.

The motions that the amount of demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion Nos. 2, 4, 8, 9, 10, 13, 16, 18 to 20 were then put and a division taken with the following result.

NOES

Abdul Quiyam Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Adak, Shri Netai Charan
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahman Shri
Bandopadhyay, Shri Balai
Basu, Shri Debi Prosad
Basu, Shri Nihar Kumar
Basu, Shri Subhas
Bauri, Shri Gobinda
Bera. Shrimati Chhaya
Biswas, Shri Hazari
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kanti Chandra
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chakraborty, Shri Umapati
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das Mahapatra, Shri Kamakshya-nandan

De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Shri Malin
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Habib Mustafa, Shri
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Bankim Behari
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Sambhunath
Mir Abdus Sayeed, Shri
Mitra, Shri Parimal
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Sundar
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Sattik Kumar
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Sk. Siraj Ali, Shri

AYES

Abdul Mannan, Shri
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Biswas, Shri Ananda Mohan
Chattaraj, Shri Suniti
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Subrata
Roy, Shri Sukumar

Abstentions

Sarkar, Shri Debaprasad
Purkait, Shri Probodh

The Ayes being 8 and the Noes being 97, the motions were lost.

The motion of Shri Prabir Sengupta that a sum of Rs. 61,26,50,000 b granted for expenditure under Demand No. 67, Major Heads: "334-Pow Projects and 734-Loans for Power Projects". (This is inclusive of a total su of Rs. 20,42,16,000 already voted on account in March, 1984) was then pu and agreed to.

Demand No. 58

Major Heads: 313-Forest (Excluding Lloyed Botanic Garden, Darjeeling and 513—Capital Outlay of Forest.

শ্রীপরিমল মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৫৮ নং দাবির অধীনে মুখ্যখাত, "৩১৩-বন (লয়েড বটানিক গার্ডেন, দার্জিলিং ব্যতিরেকে)" এবং "৫১৩-বনের মূলধনী ব্যয়" বাবদ মোট ২১,৫৮,১৬,০০০ টাকার (একুশ কোটি আটান্ন লক্ষ ষোল হাজার টাকা) ব্যয়বরাদ্দ করা হোক। (ইতিমধ্যে ভোট অন অ্যাকাউন্টে গৃহীত ৩,৫৯,৭১,০০০ টাকা (তিন কোটি উনষাট লক্ষ একাত্তর হাজার টাকা এই হিসাবে অন্তর্ভুক্ত)। আমি আমার বাজেট ভাষণ সভায় পেশ করলাম অনুমোদনের জন্য।

২। মোট ২১,৫৮,১৬,০০০ টাকার (একুশ কোটি আটান্ন লক্ষ ষোল হাজার টাকা) মধ্যে ২১,১৮,১৬,০০০ টাকা (একুশ কোটি আঠার লক্ষ ষোল হাজার টাকা) উল্লিখিত মুখ্য খাত "৩১৩-বন (লয়েড বটানিক গার্ডেন, দার্জিলিং ব্যতিরেকে)"-এর বরাদ্দ ধরা হয়েছে এবং অবশিষ্ট ৪০,০০,০০০ টাকা (চল্লিশ লক্ষ টাকা) ৫৮ নং দাবির অধীনে অপর মুখ্য খাত "৫১৩-বনের মূলধনী ব্যয়"-এর বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। ২১,১৮,১৬,০০০ টাকার (একুশ কোটি আঠার লক্ষ ষোল হাজার টাকা) মধ্যে ১১,৭৮,১০,০০০ টাকা (এগার কোটি আটাত্তর লক্ষ দশ হাজার টাকা) পরিকল্পনা বহির্ভূত খরচ মেটানোর জন্য এবং পূর্ববর্তী পরিকল্পনাকালে সৃষ্ট সম্পদ রক্ষণাবেক্ষণের প্রতিশ্রুতি পালনের জন্য রাখা হয়েছে। অবশিষ্ট ৯,৪০,০৬,০০০ টাকা (নয় কোটি চল্লিশ লক্ষ ছয় হাজার টাকা) কেন্দ্রীয় সাহায্যপুষ্ট ও কেন্দ্রীয় উদ্যোগের প্রকল্পগুলি সমেত উন্নয়নমূলক কর্মপ্রকল্পগুলির জন্য রাখা হয়েছে।

৩। আমরা সবাই এ বিষয়ে অবহিত আছি যে, যেখানে বনভূমির কাম্য গড় মোট ভৌগোলিক আয়তনের ৩৩ শতাংশ এবং যেখানে সর্বভারতীয় গড় ২৩ শতাংশ

সেখানে এ রাজ্যের বনভূমির পরিমাণ তুলনামূলকভাবে অনেক কম। বনভূমি সংলগ্ন এলাকার দারিদ্র্যসীমার নীচে অবস্থিত অগণিত মানুষের চাপ, বনভূমির এক বিশাল অংশে গোচারণের ক্রমবর্ধমান ব্যাপকতা—এ সবের ফলে বিগত দেড় যুগকালের মধ্যে উৎপাদক বনভূমির সীমা উল্লেখযোগ্যভাবে সঙ্কুচিত হয়েছে। কোনো কোনো জেলায় কাষ্ঠভিত্তিক শিল্প—যেমন চেরাই কারখানা, ভিনিয়ারিং ইউনিট (Veneering Units) ব্যাঙের ছাতার মত গজিয়ে উঠেছে। এর সঙ্গে রয়েছে কাঠের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি। ফলে অমূল্য বনভূমির উপর প্রতিনিয়ত সংগঠিত দুর্বৃত্তদের আক্রমণের আশঙ্কা রয়েছে। এই পরিপ্রেক্ষিতে এবং জ্বালানী কাঠ ও শিল্পে প্রয়োজনীয় কাঠের চাহিদা ও জোগানের ফারাক থাকার জন্য ১৯৮৪-৮৫ সালেও পূর্ণোদ্যমে বনসৃজন কর্মসূচী চালিয়ে যাওয়া প্রয়োজন। অবশ্য এই কর্মসূচীতে চিহ্নিত বনাঞ্চলের বাইরেও বিভিন্ন এলাকার প্রয়োজন অনুযায়ী সমাজ-ভিত্তিক বনসৃজনের কাজও চালিয়ে যেতে হবে। এই রাজ্যের সীমিত বনাঞ্চলের একটি বৃহৎ অংশ অভয়ারণ্য ও ব্যাঘ্র সংরক্ষণ প্রকল্পের জন্য সুনির্দিষ্ট রয়েছে। এই সংরক্ষিত এলাকা মোট বনাঞ্চলের প্রায় শতকরা ৩০ ভাগ। এই আনুপাতিক হার সারা ভারতের মধ্যে সর্বাধিক। প্রাকৃতিক বৈচিত্র্যের দিক থেকেও এই বনাঞ্চলগুলি অগ্রগণ্য—হিমালয়ের উচ্চ পার্বত্য বনভূমি থেকে সুন্দরবনের দ্বীপময় সমতল ভূমির গরাণ অধ্যুষিত বনাঞ্চল। বনসম্পদ সংরক্ষণ ও উন্নতির ক্ষেত্রে বিগত কয়েক বছরে যে সাফল্য অর্জিত হয়েছে, সংরক্ষণ এলাকাগুলির ভবিষ্যৎ কর্মসূচীর রূপায়ণের মাধ্যমে সেই সাফল্যকে আরও সুদৃঢ় করতে হবে।

৪। মৃত্তিকার অবক্ষয় এখনও জমি ও উৎপাদন হানির ক্ষেত্রে প্রধান উদ্বেগের কারণ রয়ে গেছে। ভূমিক্ষয় নিবারণের জন্য, বিভিন্ন অববাহিকায় জলের সর্বোত্তম ব্যবহারের জন্য এবং সম্ভাব্য এলাকাগুলিতে বন্যার প্রকোপ কমানোর জন্য ভূমি সংরক্ষণ ও জল সংরক্ষণের আরও কাজ হাতে নেওয়া হবে এবং এজন্য রাজ্য পরিকল্পনায় ও কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্পগুলিতে অধিক অর্থ বরাদ্দের সুযোগ নেওয়া হবে।

৫। বিভিন্ন ক্ষেত্রে বনবিভাগের প্রকল্পগুলির মূল বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ :

আমাদের সামাজিক বনসৃজন প্রকল্পের লক্ষ্য শহর ও শিল্পাঞ্চলের উচ্চশ্রেণীর মানুষেরা নন—এই প্রকল্পের মূল লক্ষ্য হল গ্রামাঞ্চলের মানুষের ও উপজাতি সম্প্রদায়ের প্রাথমিক প্রয়োজন মেটানো। ১৯৮৪-৮৫ সালে এই প্রকল্পের চতুর্থ বছর শুরু হবে। ১৯৮৩-৮৪ সালে এই প্রকল্পের বরাদ্দ ছিল ৪১০.০০ লক্ষ টাকা। তুলনায় ১৯৮৪-৮৫ সালের বরাদ্দ অনেক বেশি—৬৯৪.৫০ লক্ষ টাকা। এই খরচের

৩২৬.৪২ লক্ষ টাকা বিশ্বব্যাঙ্ক থেকে ফেরৎ পাওয়া যাবে। বিগত তিন বছরে গ্রামাঞ্চলের দরিদ্র মানুষের একটি বিরাট অংশের কাছে এই প্রকল্পটিকে অনেকাংশে পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। এই প্রকল্পের অধীন খামার প্রকল্প (Farm Forestry) বাঁকুড়া, মেদিনীপুর, বীরভূম ও বর্ধমানের মত কয়েকটি জেলায় অগণিত ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর মনে আশার সঞ্চার করেছে। DPAP কর্মসূচীতে পুরুলিয়া জেলাতেও খামার প্রকল্পে আবাদের কাজ ব্যাপকভাবে শুরু হয়েছে। তপসিলী জাতি ও উপজাতির বহু পরিবারও এই প্রকল্পে উপকৃত হয়েছেন। গত বছরের তুলনায় এই বছরে এই প্রকল্পের লক্ষ্যমাত্রা অনেক বেশী ধরা হয়েছে। কিন্তু স্বীকার করা ভালো যে, এই কর্মসূচীর অধীন অন্যান্য কাজ যেমন সারিবদ্ধ বৃক্ষরোপণ, গ্রামীণ জ্বালানী কাঠের আবাদ এবং ক্ষয়িষ্ণু বনের পুনর্নবীকরণ—এগুলির ব্যাপারে সমষ্টিগতভাবে গ্রামীণ মানুষের মধ্যে আশানুরূপ সাড়া জাগান যায় নি। এই তিনটি কর্মসূচীর সার্থক রূপায়ণের জন্য প্রয়োজন ভূমি বণ্টন ব্যবস্থার পরিবর্তন এবং এই কর্মসূচীগুলির সামাজিক উপকারের দিকটি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য সযত্ন প্রয়াস। এই উদ্দেশ্য মনে রেখে সামাজিক বনসৃজন প্রকল্পে নিম্নতম পর্যায়ের সংগঠনকে প্রসারিত করা হচ্ছে। যেহেতু পঞ্চায়েতগুলি এই কাজে একটি বিশেষ ভূমিকা পালন করতে পারে, পঞ্চায়েত পদাধিকারীদের প্রশিক্ষণের কাজেও হাত দেওয়া হয়েছে।

সমাজমুখী বনসৃজন প্রকল্পে 'উড্ ব্যালান্স স্টাডি' (Wood Balance Study) শুরু করা হয়েছে। আশা করা হচ্ছে বর্তমান বছরে এই সমীক্ষা শেষ হবে। এই সমীক্ষান্তে বিভিন্ন জেলায় জ্বালানী কাঠ ও শিল্পে ব্যবহার্য কাঠের বর্তমান ব্যবহারের পরিমাণ সম্পর্কে একটা ধারণা পাওয়া যাবে এবং উৎপাদন ও খরচের মধ্যে বর্তমান ব্যবধান সম্পর্কেও জানা যাবে। সমাজমুখী বনসৃজন প্রকল্পের প্রথম ও দ্বিতীয় পর্যায়ে প্রকল্পের বিভিন্ন অংশের উপর আনুপাতিক গুরুত্ব আরোপ করা এবং বিভিন্ন এলাকার বর্তমান সম্পদের সঙ্গে সমন্বয় সাধন করে প্রকল্প প্রণয়নের কাজেও এই সমীক্ষা সাহায্য করবে।

সমাজমুখী বনসৃজন প্রকল্পের বিভিন্ন অংশের গত তিন বছরের সাফল্য এবং ৯৮৪-৮৫ সালের জন্য ধার্য লক্ষ্যমাত্রা নীচে দেওয়া হল :

[হেক্টরের হিসাবে]

প্রকল্পের বিভিন্ন অংশ	১৯৮১-৮২ সাফল্য	১৯৮২-৮৩ সাফল্য	১৯৮৩-৮৪ লক্ষ্যমাত্রা	১৯৮৩-৮৪ সাফল্য	১৯৮৪-৮৫ লক্ষ্যমাত্রা
১। সারিবদ্ধ বৃক্ষরোপণ	৪৯২·০০	১,৮২১·০০	৩,৩৫৪·০০	৩,৩৮৭·00	8,৩১0·00
২। গ্রামীণ জ্বালানী কাঠের আবাদ	৯৮·০০	৩৫৭·০০	৭০৫·০০	৬৯৫·00	৫১২·00
৩। খামার কর্ম প্রকল্প	২,৯০২·০০	৬,৩৬০·০০	১0,৯0৫·00	১১,৪৪২·00	১৬,১৫৬·00
৪। ক্ষয়িষ্ণু বনের পুনর্নবীকরণ	৫,৭১৫·০	১,৯৭০·০০	৩,১৯0·00	৩,১৫0·00	৩,৫৩৫·00
মোট	৯,২০৭·০০	১০,৫০৮·০০	১৮.১৫৪·00	১৮,৬৭৪·00	২৪,৫১৩·00

৬। ১৯৮৩-৮৪ সালে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষিজীবীদের সাহায্য করার একটি নতুন কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের মোট ব্যয় ১০০.০০ লক্ষ টাকার মধ্যে রাজ্যের অংশ ৫০·০০ লক্ষ টাকা। ১৯৮৪-৮৫ সালে রাজ্যের বরাদ্দ বাড়িয়ে ৭৫.০০ লক্ষ টাকা করা হয়েছে এবং প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ১৫০·০০ লক্ষ টাকা। এই প্রকল্পে প্রতি ব্লকে ফল ও জ্বালানী জাতীয় গাছের চারা উৎপাদন করে কিছু আনুষঙ্গিক যেমন সার সমেত ক্ষুদ্র ও প্রান্তিক চাষীকে দেওয়া হবে। ১৯৮৪-৮৫ সালের বৃক্ষরোপণের উপযুক্ত সময়ে ১৫টি জেলার ২২৫টি সমষ্টি উন্নয়ন ব্লকে ২১০ লক্ষ চারা নির্দিষ্ট জনসমষ্টির মধ্যে বিতরণ করা হবে। এই বছরে ৩০০ ব্লককে এই আওতায় এনে ২৬৪ লক্ষ চারা বিতরণের প্রস্তুতিমূলক কাজকর্মগুলিও ১৯৮৪-৮৫ সালে করা হবে।

৭। গ্রামীণ জ্বালানী কাঠের আবাদ প্রকল্পটিও একটি কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প। এই প্রকল্পে শতকরা ৫০ ভাগ কেন্দ্রীয় অনুদান পাওয়া যায়। ১৯৮৩-৮৪ সালে এই প্রকল্পে রাজ্যের দেয় ৫০% ভাগ বাবদ ব্যয়-বরাদ্দ ছিল ২৭.৫০ লক্ষ টাকা। ১৯৮৪-৮৫ সালে এই বাবদ ৩০.০০ লক্ষ টাকা রাখা হয়েছে। এই প্রকল্পে বাঁকুড়া, বর্ধমান, মেদিনীপুর, বীরভূম ও ২৪ পরগনা—এই পাঁচটি জেলার ১,৮১০

হেক্টর ক্ষয়িষ্ণু বনাঞ্চলে জ্বালানী কাঠের চারা লাগান হবে। চারা বিতরণের লক্ষ্যমাত্রাও ১৯৮৩-৮৪ সালের ৫৮ লক্ষ থেকে বাড়িয়ে ১৯৮৪-৮৫ সালে ৬৩ লক্ষ করা হয়েছে।

৮। অর্থকরী বনাঞ্চল সৃষ্টির প্রকল্পে বনাঞ্চলে গাছ কাটার পর ফাঁকা জায়গায় শাল, সেগুন, ইত্যাদি মূল্যবান গাছ এবং শিল্পে প্রয়োজনীয় বিভিন্ন ধরনের শক্ত কাঠের গাছ লাগান হচ্ছে। বিভিন্ন বনভুক্তির জন্য অনুমোদিত কর্মসূচী অনুযায়ী এই কাজ করা হয়ে থাকে। ১৯৮৩-৮৪ সালে এই কাজের জন্য বরাদ্দ ছিল ৫.০০ লক্ষ টাকা। ১৯৮৪-৮৫ সালে এই কাজের জন্য ৬০'০০ লক্ষ টাকা রাখা হয়েছে। এই টাকায় উত্তর ও মধ্যবঙ্গে ১,৪০০ হেক্টর জমিতে অর্থকরী বৃক্ষরোপণের ব্যয় নির্বাহ হবে। নতুন বৃক্ষরোপণ ছাড়াও ১৯৮১ থেকে ১৯৮৩ সালের মধ্যে লাগান গাছগুলির পরিচর্যার খরচও এই বরাদ্দে ধরা হয়েছে। প্রসঙ্গতঃ উল্লেখ করা যেতে পারে যে, ১৯৮৩-৮৪ সালে এই কর্মসূচীর লক্ষ্যমাত্রা ছিল ২০০ হেক্টর জমিতে কাজ করা। খরাত্রাণ উপলক্ষে প্রাপ্ত অর্থও এই প্রকল্পে আবাদ সৃষ্টির উদ্দেশ্যে ১৯৮৩-৮৪ সালে ব্যয় করা হয়েছিল।

৯। দ্রুত বর্ধনশীল প্রজাতির আবাদ প্রকল্পে ক্ষয়িষ্ণু বনাঞ্চলে মণ্ড ও জ্বালানী কাঠের জন্য ইউক্যালিপটাস, আকাশমণির মত দ্রুত বর্ধনশীল গাছ লাগান হয়। ১৯৮৩-৮৪ সালে এই বাবদ বরাদ্দ ছিল ৫.০০ লক্ষ টাকা। ১৯৮৪-৮৫ সালে ধরা হয়েছে ৫০.০০ লক্ষ টাকা। ১৯৮৪-৮৫ সালে ২,৯৪৫ হেক্টর জমিতে এই আবাদ করা হবে। এ ছাড়াও খরাত্রাণ প্রকল্পে সৃষ্ট আবাদের রক্ষণাবেক্ষণও করা হবে। সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম থেকেই যাতে কাজ ত্বরান্বিত করা যায় এবং ১৯৮৫ সালে ২,০০০ হেক্টর জমিতে যাতে এরকম আবাদ করা যায় তার প্রস্তুতিমূলক কাজও ১৯৮৪-৮৫ সালে হাতে নেওয়া হবে।

১০। 'অরণ্য থেকে কাঠ সংগ্রহের বিভাগীয়করণ' প্রকল্পটি একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। কারণ এই প্রকল্প কাষ্ঠ সংগ্রহে দালালশ্রেণীর বিলুপ্তি ঘটিয়ে বনবাসী ও সংলগ্ন এলাকার মানুষের সঙ্গে এই কাজের সরাসরি যোগাযোগ স্থাপন করবে এবং কাজের মরসুমে তাদের কাজ পেতে ও ন্যায্য মজুরী পেতে সাহায্য করবে। এই প্রকল্পে উত্তরাঞ্চলের পাঁচটি বিভাগে—জলপাইগুড়ি, কুচবিহার, কার্শিয়াং, বক্সা ও বৈকুণ্ঠপুরে ১৯৮৪-৮৫ সালে আনুমানিক ৯০,০০০ কিউবিক মিটার কাঠ সংগ্রহ করা হবে। ১৯৮৩-৮৪'তে এই সংগ্রহ ছিল আনুমানিক ৭০,০ ০ কিউবিক মিটার। প্রসঙ্গতঃ উল্লেখ করা যেতে পারে যে, জলপাইগুড়ি জেলায় ১,০০০ আদিবাসী যুবককে কাষ্ঠ আহরণের কাজে ব্যবহৃত উন্নততর দেশজ যন্ত্রপাতির ব্যবহার সম্পর্কে উপযুক্ত

প্রশিক্ষণ দেওয়া সম্ভব হয়েছে। জলপাইগুড়ি আদিবাসী সমবায়গুলি (LAMPS) সংগ্রহ প্রকল্পের বিভিন্ন স্তরে প্রত্যক্ষভাবে যুক্ত রয়েছে।

১১। মিশ্র কৃষি-বন-মৎস্য চাষ প্রকল্পটি একটি SIDA সাহায্যপুষ্ট প্রকল্প। এই প্রকল্পে জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার বনাঞ্চলে ৪০০ হেক্টর জমিতে তুলা, তৈলবীজ, গোলমরিচ ও সিট্রোনেলা ঘাসের মিশ্র চাষ করা হবে। সুন্দরবন অঞ্চলে এই প্রকল্পে ১৯৮৪-৮৫ সালে ৬টি আরণ্য-মৎস্যচাষ ইউনিট করা হবে। ১৯৮৩-৮৪ সালে এই প্রকল্পে উত্তরবঙ্গে ২০০ হেক্টর বনাঞ্চলে মিশ্র চাষ এবং ৩টি আরণ্য-মৎস্যচাষ ইউনিট করা হয়েছিল। মৎস্য উৎপাদন ছাড়াও সুন্দরবনের এই প্রকল্পাধীন এলাকায় ২৪০ হেক্টর ক্ষয়িষ্ণু বনাঞ্চল বৃক্ষরোপণের মাধ্যমে পুনর্জীবিত হয়ে উঠবে। প্রকল্পের প্রথম বছর ১৯৮৩-৮৪ সালে ১৩.৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল। কিন্তু কাজের মূল্যায়নের ভিত্তিতে ১৯৮৪-৮৫ সালে বরাদ্দ বাড়িয়ে ৪১ লক্ষ টাকা করা হয়েছে। এই প্রকল্পে 'সিডা'র থেকে আদায়যোগ্য অংশ ২০ লক্ষ টাকা।

১২। বিগত দেড় দশক ধরে উত্তরবঙ্গ ও 'ল্যাটেরাইট' অঞ্চলের উৎপাদক বনভূমিতে উদ্বেগজনকভাবে বেআইনী বনধ্বংস ঘটে চলেছে, যার ফলে এই সব বনাঞ্চলের বর্তমান সম্পদ অনেকাংশে হ্রাস পেয়েছে। এই সমস্যার গভীরতা এমন যে, বিজ্ঞানভিত্তিক বনাঞ্চল গড়ে তোলার জন্য আবশ্যিক বনের ক্রমপ্রসার এবং ক্রমবর্ধমান উন্নয়নের উদ্দেশ্যেই ব্যাহত হচ্ছে। এই অবস্থা চলতে থাকলে কৃষিপ্রধান এলাকার স্বাভাবিক পরিবেশ পরিবর্তিত হয়ে যেতে পারে এবং ফলনও কমে যেতে পারে। তাই যে-সমস্ত কারণে বনাঞ্চলের ক্ষতি হচ্ছে সেগুলির মোকাবিলা করা আশু কর্তব্য।

কাঠ ও অন্যান্য বনজসম্পদের ব্যবসায়ে যে বিপুল পরিমাণ টাকা খাটছে, তারই প্রভাবে সংগঠিত গুণ্ডামিও বেড়ে চলেছে। বৃক্ষহানির প্রধান কারণ হিসাবে এটাকেই চিহ্নিত করা হয়েছে। এ ব্যাপারে বনপ্রশাসনের নিম্নপর্যায়ে যে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা রয়েছে তা যথেষ্ট নয়। বিগত কয়েক বছরে রক্ষীবাহিনীর উপর নির্মম শারীরিক নির্যাতন ও ঘৃণ্য হত্যাকাণ্ডগুলি এ বিষয়ে আমাদের দৃষ্টি আকর্ষণ করেছে। উপযুক্ত রক্ষা ব্যবস্থার প্রয়োজনে একটি 'বিশেষ সশস্ত্র বনরক্ষীবাহিনী' গড়ে তোলার কথা ভাবা হয়েছে। এই বাহিনীতে ১০টি ইউনিট থাকবে এবং প্রত্যেক ইউনিটে থাকবে ৫০ জন লোক। এছাড়া থাকবে কিছু তত্ত্বাবধায়ক কর্মী। জলপাইগুড়ি, দার্জিলিং, পুরুলিয়া, মেদিনীপুর ও বাঁকুড়ার অপরাধপ্রবণ অঞ্চলগুলিতে এই বাহিনীকে রাখা হবে। রাজ্য পরিকল্পনায় এই বাহিনীর জন্য প্রয়োজনীয় মূলধনী লগ্নী, টহলদারী গাড়ি, বেতার প্রেরক ব্যবস্থা এবং ইউনিটের কর্মীদের জন্য ব্যারাক ধরনের বাড়ী তৈরীর উদ্দেশ্যে ৬০ লক্ষ টাকা ধরা হয়েছে। ভারত সরকারের

কাছে প্রস্তাব করা হয়েছে যে, এই প্রকল্পটিকে কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প হিসাবে গণ্য করা হোক। ভারত সরকার জানিয়েছেন যে, সপ্তম পরিকল্পনায় এই প্রকল্পটির অন্তর্ভুক্তির কথা তাঁরা বিবেচনা করছেন। ১৯৮৪-৮৫ সালে এই বিশেষ রক্ষীবাহিনী অন্ততঃ আংশিকভাবে কাজ শুরু করবে বলে আশা করা হচ্ছে।

১৩। মৃত্তিকা ও জল সংরক্ষণের ক্ষেত্রে ১৯৮৩-৮৪ সালের আনুমানিক ৬৩ লক্ষ টাকা ব্যয়ের পাশাপাশি ১৯৮৪-৮৫ সালে ৯৩.৮০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে ৬৩.৮০ লক্ষ টাকা নির্দিষ্ট করা হয়েছে "কেলেঘাই ও ময়ূরাক্ষীর অববাহিকায় মৃত্তিকা ও জল সংরক্ষণের পাইলট প্রোজেক্টে"। এই প্রকল্পে ৫৬ লক্ষ টাকা EEC থেকে ফেরৎ পাওয়া যাবে। ১৯৮৪-৮৫ সালে রাজ্য পরিকল্পনার অন্তর্ভুক্ত দুটি চালু প্রকল্পের জন্য নির্ধারিত কাজের ও আর্থিক লক্ষ্যমাত্রা নীচে দেওয়া হোল :

প্রকল্পের নাম	১৯৮৩-৮৪		১৯৮৪-৮৫	
	বাস্তব লক্ষ্যমাত্রা	আর্থিক লক্ষ্যমাত্রা	বাস্তব লক্ষ্যমাত্রা	আর্থিক লক্ষ্যমাত্রা
১। সংরক্ষণমূলক বনসৃজন	(ক) বনসৃজন— ২০০ হেক্টর (খ) প্রস্তুতিমূলক কাজ— ২০০ হেক্টর (গ) আনুষঙ্গিক কাজ (Structural work) ১৩৫ হেক্টর	২৫.০০ লক্ষ টাকা	(ক) বনসৃজন— ২০০ হেক্টর (খ) প্রস্তুতিমূলক কাজ— ২০০ হেক্টর (গ) আনুষঙ্গিক কাজ (Structural work) ৪২০ হেক্টর	৩০.০০ লক্ষ টাকা
২। 'ই. ই. সি' (EEC) সাহায্যপ্রাপ্ত পাইলট প্রোজেক্ট	(ক) বনসৃজন— ১০৮ হেক্টর (খ) প্রস্তুতিমূলক কাজ— ১২০০ হেক্টর (গ) অবক্ষয়িত বনের পুনরুজ্জীবন— ১৫৫০ হেক্টর (ঘ) ভূমিক্ষয় নিবারণ বাঁধ নির্মাণ ৪০ কিঃ মিঃ (ঙ) গ্রাউণ্ড-ওয়াটার রিচার্জিং ৬০০ হেক্টর	৪৩.০০ লক্ষ টাকা	(ক) বনসৃজন— ১২০০ হেক্টর (খ) প্রস্তুতিমূলক কাজ— ১৩০০ হেক্টর (গ) অবক্ষয়িত বনের পুনরুজ্জীবন— ১০০০ হেক্টর (ঘ) ভূমিক্ষয় নিবারণে বাঁধ নির্মাণ— ৪৫ কিঃ মিঃ (ঙ) গ্রাউণ্ড-ওয়াটার রিচার্জিং— ১০০ হেক্টর	৬৩.৩০ লক্ষ টাকা

১৯৮৩-৮৪ সালের লক্ষ্যমাত্রা বহুলাংশে পূর্ণ হয়েছে।

১৪। এ রাজ্যের মৃত্তিকা ও জল সংরক্ষণের অধিকাংশ কাজই অবশ্য কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্পে করা হচ্ছে। শতকরা ১০০ ভাগ কেন্দ্রীয় সাহায্যের মধ্যে ৫০ ভাগ ঋণ ও ৫০ ভাগ অনুদান। বর্তমানে চারটি এরূপ প্রকল্প চালু আছে, এদের আর্থিক বরাদ্দ ও কাজের লক্ষ্যমাত্রা নীচে বিবৃতি হল। এই বিবরণ থেকেই বোঝা যাবে যে, ১৯৮৪-৮৫ সালে ১৯৬.০০ লক্ষ টাক.র বৃহত্তর আর্থিক বরাদ্দ করা হয়েছে যাতে প্রতিটি প্রকল্পের লক্ষ্যমাত্রা পূর্ণ করা যায়।

প্রকল্পের নাম নাম	১৯৮৩-৮৪		১৯৮৪-৮৫	
	কাজের লক্ষ্যমাত্রা	আর্থিক লক্ষ্যমাত্রা	কাজের লক্ষ্যমাত্রা	আর্থিক লক্ষ্যমাত্রা
১। কংসাবতী নদীর অববাহিকায় মৃত্তিকা সংরক্ষণ	বনসৃজন— ৪০০ হেক্টর প্রস্তুতিমূলক কর্মসূচী— ৬৫০ হেক্টর	৩৪·০০ লক্ষ টাকা	বনসৃজন— ৬৫০ হেক্টর	৩৫·০০ লক্ষ টাকা
২। তিস্তা নদীর উপত্যকায় মৃত্তিকা সংরক্ষণ	বনসৃজন— ২৮ হেক্টর প্রস্তুতিমূলক কর্মসূচী ৫০ হেক্টর	১২·৫০ লক্ষ টাকা	বনসৃজন— ৫০ হেক্টর প্রস্তুতিমূলক কর্মসূচী— ১৫০ হেক্টর	১৫·০১ লক্ষ টাকা
৩। হিমালয় অঞ্চলে সুসংহত মৃত্তিকা ও জল সংরক্ষণ	বনসৃজন— ১৭৫ হেক্টর প্রস্তুতিমূলক কর্মসূচী— ৩৯৫ হেক্টর	৬৪·০০ লক্ষ টাকা	বনসৃজন— ৩৯৫ হেক্টর প্রস্তুতিমূলক কর্মসূচী— ২৫০ হেক্টর	৫৯·৯৯ লক্ষ টাকা
৪। গাঙ্গেয় উপত্যকায় বন্যা নিয়ন্ত্রণের সুসংহত কর্মসূচী	বনসৃজন— ১৪৫০ হেক্টর প্রস্তুতিমূলক কর্মসূচী—	৬৭·৫০ লক্ষ টাকা	বনসৃজন— ১৩৫০ হেক্টর প্রস্তুতিমূলক কর্মসূচী—	৮৫·০০ লক্ষ টাকা

সুখের কথা ১৯৮৩-৮৪ সালে সবকটি ক্ষেত্রেই লক্ষ্যমাত্রা পূর্ণ হয়েছে।

১৫। রাজ্যের আরণ্য পরিমণ্ডলের একটি গুরুত্বপূর্ণ অংশ হল বন্যপ্রাণী। এই বন্যপ্রাণী সংরক্ষণ ও উন্নয়নের কাজকে গৌণ মনে করার কোন কারণ নেই, কারণ প্রতিটি গাছ এবং প্রতিটি প্রাণীই প্রকৃতির উদ্দেশ্য সাধনে কোন না কোন ভূমিকা পালন করছে। আমার বিভাগ এই ব্যাপারে সম্পূর্ণরূপে সচেতন এবং সুনির্দিষ্ট

সংরক্ষণ এলাকায় বিশেষ বিশেষ কর্মসূচীতে আর্থিক বরাদ্দ বাড়াবার চেষ্টা করছে। ১৯৮৪-৮৫ সালে এই বাবদ ৪৪.০০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। বিগত বছরে এই বরাদ্দের পরিমাণ ছিল ২৮'৫০ লক্ষ টাকা। রাজ্য বাজেটে এই বরাদ্দ ছাড়াও ১৯৮৪-৮৫ সালে প্রস্তাবিত একটি নতুন প্রকল্প সমেত মোট ৫টি প্রকল্পের জন্যে এ বছর ৩০.৫০ লক্ষ টাকার কেন্দ্রীয় সাহায্য পাবার সম্ভাবনা আছে। সংরক্ষণের কাজকে জোরদার করার জন্যে সংরক্ষিত বনাঞ্চল ও ব্যাঘ্র সংরক্ষণের এলাকার স্টেশনগুলি আরও শক্তিশালী করা হয়েছে। ব্যাঘ্র প্রকল্পের এলাকায় ও নির্বাচিত অভয়ারণ্যে বেতার যোগাযোগ ব্যবস্থা চালু করা হয়েছে। বনকে বন্যপ্রাণীর বসবাসের উপযোগী করে তোলার জন্য সংরক্ষিত এলাকায় প্রাকৃতিক পরিবেশের উন্নতি বিধানের কাজ চালিয়ে যাওয়া হবে। অন্যান্য বছরের মত এ বছরও গণ্ডার, বাঘ, কুমীর, ইত্যাদি বিপন্ন প্রজাতিগুলি বিশেষ মনোযোগ পাবে। 'অলিভ রিড্‌লে (Olive Ridley) প্রজাতির কচ্ছপদের প্রজননভূমি চিহ্নিত করা হয়েছে এবং এই এলাকাকে মানুষের অনুপ্রবেশের হাত থেকে রক্ষা করার জন্য বিশেষ চেষ্টা চালান হবে। ১৯৮৪-৮৫ সালে 'হিমালয়ান নুাট' (Himalayan Newt) প্রজাতির সংরক্ষণের জন্য একটি কর্মসূচী চালু করা হবে। বন্যপ্রাণী বন্যপ্রাণীজাত দ্রব্যাদি নিয়ে অবৈধ ব্যবসার উপর নজরদারীর সুফল পাওয়া গেছে। বাঘ, কুমীর, চিতাবাঘ ইত্যাদির সংখ্যাবৃদ্ধিই এর প্রমাণ। উত্তরবঙ্গে বুনোহাতির এবং সুন্দরবনে বাঘের উপদ্রবে শস্য ও জীবনহানি নিবারণের ব্যবস্থাপনায় ভাল ফল পাওয়া গেছে। বন্যপ্রাণীর সঙ্গে মানুষের সংঘর্ষ নিবারণের প্রচেষ্টার মধ্যে বিদ্যুৎবাহী তারের বেড়া একটি সম্ভাবনাপূর্ণ পদক্ষেপ এবং আশা করা হচ্ছে ১৯৮৪-৮৫ সালে এই কাজটি আরও ব্যাপক ভাবে করা হবে। বন্যপ্রাণী সংরক্ষণের ব্যাপারে জন-সমর্থন না পেলে যেটুকু সুফল পাওয়া গেছে, তা বজায় রাখা সম্ভব নয়। এই উদ্দেশ্য সাধনের জন্য প্রধান প্রধান অভয়ারণ্যে তথ্যকেন্দ্র খোলা হবে। এই সঙ্গে অরণ্যের উপকণ্ঠবর্তী মানুষের আর্থিক উন্নতি বিধানের চেষ্টাও চালিয়ে যাওয়া হচ্ছে। একই সঙ্গে শহর ও আধা-শহর অঞ্চলে বসবাসকারীদের বিনোদনের উদ্দেশ্যে মৃগ-উদ্যান করার প্রচেষ্টাও চালিয়ে যাওয়া হবে।

১৬। পার্ক ও উদ্যান শাখার কাজ অনেক ব্যাপক করা হয়েছে। নির্বাচিত এলাকায় ল্যাণ্ডস্কেপিং ও সৌন্দর্যবৃদ্ধির কাজ বিভিন্ন জেলাতেও সম্প্রসারিত করা হয়েছে। যে উদ্যানগুলি ইতিমধ্যে তৈরী করা হয়েছে, তাদের রক্ষণাবেক্ষণ ও উন্নতি বিধানের কাজ যথারীতি চালান হবে। এইসব কাজের জন্য গত বছর

বরাদ্দ ছিল ১০.০০ লক্ষ টাকা। ১৯৮৪-৮৫'তে এই বরাদ্দ বাড়িয়ে ১৪.৫০ লক্ষ টাকা করা হয়েছে।

১৭। "কর্মচারী ও শ্রমিকদের জন্তে সুযোগ-সুবিধা তৈরী ও বাড়ী নির্মাণ" প্রকল্পে অফিসার, নিম্নতর আধিকারিক, অফিস কর্মচারী ও বনাঞ্চলে বসবাসকারী লোকদের জন্তে যে-সমস্ত নির্মাণকার্য ১৯৮৩-৮৪ সালে আরম্ভ করা হয়েছে, সেগুলি আগে শেষ করা হবে। বাসগৃহের বর্তমান ঘাটতি ক্রমান্বয়ে কমিয়ে আনার জন্ত নতুন কাজেও হাত লাগান হবে। 'কর্মচারী ও শ্রমিকদের জন্য সুযোগ-সুবিধা' প্রকল্পে বরাদ্দ অর্থ প্রধানতঃ আরণ্য গ্রামগুলিতে পানীয় জল সরবরাহ ও নিকাশি ব্যবস্থার জন্যে খরচ করা হবে। ১৯৮৩-৮৪ সালে এই বাবদ বরাদ্দ ছিল ২৪.০০ লক্ষ টাকা। ১৯৮৪-৮৫'তে এই বাবদ ৪১.৫০ লক্ষ টাকা রাখা হয়েছে।

১৮। পশ্চিমবঙ্গ বন উন্নয়ন কর্পোরেশন লিঃ তাদের আরব্ধ কাজগুলি, যেমন—কাষ্ঠ আহরণ, বনসৃজন, কাঠ চেরাই, বিদ্যুৎ পরিবহণে ব্যবহৃত খুঁটির সংরক্ষণমূলক ব্যবস্থাপনা, চেরাই কাঠের 'সিজনিং' এবং বিভিন্ন গুদাম থেকে নীলামে কাঠ বিক্রয়ের কাজ যথারীতি চালিয়ে যাচ্ছে। কর্পোরেশন তাদের উৎপন্ন দ্রব্যাদি বিভিন্ন কল-কারখানায়, রেলওয়ে, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ইত্যাদি সংস্থাকে সরবরাহ করেছে এবং রাজ্যব্যাপী খুচরা বিক্রেতাদের মাধ্যমে ও সল্টলেকে নিজস্ব বিক্রয় কেন্দ্র থেকে ব্যবহারকারীদের কাছে বিক্রয় করেছে। ১৯৮৪-৮৫ সালে কাঠের গুঁড়ি ও চেরাই কাঠ উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫৫,৭৫০ ও ১৮,১৪০ কিউবিক মিটার। অন্যান্য উৎপাদনের লক্ষ্যমাত্রা হল: জ্বালানী কাঠ—৫৬,৩০০ কিউবিক মিটার, কাষ্ঠমণ্ডের উপযোগী বিশেষ কাঠ—২,৪০০ মেট্রিক টন, কাঠকয়লা—১,৮৭,০০০ বস্তা, ট্রিটেড পোল—১৬,০০০, বাঁশ—১,৩৩,০০০, জাভা সিট্রোনেলা তেল—২০০ কেজি এবং অর্কিড পুষ্পদণ্ড—১০,০০০। কর্পোরেশন ১৯৮৩-৮৪ সালে ১,৩৯১ হেক্টর আবাদ সৃষ্টি করেছিল, ১৯৮৪-৮৫ সালে ১,৪৪৭ হেক্টর আবাদ করা হবে।

১৯। মেদিনীপুর জেলায় কাজুবাদাম চাষের প্রকল্পের আওতায় ১৯৮৩-৮৪ সালে ২৫০ হেক্টর জমি আনা হয়েছিল। কর্পোরেশন ১৯৮৪-৮৫ সালে ৩৩০ হেক্টর জমিতে এই চাষ করবে। কলকাতার সল্টলেকে কর্পোরেশনের আসবাবপত্র নির্মাণের কারখানায় তৈরী দরজা-জানালা সরাসরি প্রকৃত ব্যবহারকারীদের কাছে বিক্রয় করা হচ্ছে। কর্পোরেশন বছরে ২৫০ কিউবিক মিটার চেরাই কাঠ 'সিজনিং' করার ক্ষমতাসম্পন্ন দুটি সৌরশক্তি চালিত কাঠ শুকানোর যন্ত্র বসিয়েছে। এর একটি

কালিম্পং মহকুমার ভুট্টাবাড়ী চেরাই কারখানায় ও অপরটি জলপাইগুড়ি জেলার মাদারিহাট চেরাই কারখানায় বসানো হয়েছে। প্রাধিকারপ্রাপ্ত নিয়ামক হিসাবে কর্পোরেশন বজবজে আলোক উদ্যোগ বনস্পতি ও প্লাইউড্ লিঃ কারখানাটি পরিচালনা করছে। আশা করা হচ্ছে যে, ১৯৮৩-৮৪ সালে এই কারখানায় ৮ লক্ষ বর্গমিটার প্লাইউড তৈরী বাবদ বিক্রয়ের পরিমাণ দাঁড়াবে ১৫৯ লক্ষ টাকা।

২০। বিগত বছরগুলির মত ১৯৮৪-৮৫ সালেও কর্পোরেশন লাভ করতে পারবে বলে আশা করা হচ্ছে। কর্পোরেশনের পরিচালনাধীন 'আলোক উদ্যোগ বনস্পতি ও প্লাইউড্ লিঃ'ও গত বছরের মত ১৯৮৪-৮৫ সালেও নীট লাভ করবে বলে মনে করা হচ্ছে।

২১। রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুযায়ী কর্পোরেশন টিটাগড় পেপার মিলস্ লিঃ-এর সঙ্গে একটি যৌথ প্রকল্প রূপায়ণে অংশ নিচ্ছে। এই উদ্দেশ্যে 'পশ্চিমবঙ্গ পাল্প্ উড্ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিঃ' নামে একটি নতুন কোম্পানী প্রতিষ্ঠিত হয়েছে। যৌথ প্রকল্পে ৫০ : ৫০ হারে মূলধন বিনিয়োগ করা হয়েছে। এই কোম্পানীর মূল উদ্দেশ্য হবে রাজ্যের কাগজকলগুলিতে সরবরাহের উদ্দেশ্যে মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া ও উত্তরবঙ্গের জেলাগুলিতে অনাবাদী জমিতে বাঁশ ও কাষ্ঠমণ্ডের উপযোগী বৃক্ষের আবাদ করা। এই কোম্পানীর পরিচালনায় ১৯৮৩-৮৪ সালেই বীরভূম, বর্ধমান ও মেদিনীপুর জেলায় ৫০০ হেক্টর জমিতে গাছ লাগানোর কাজ শুরু হয়েছে।

২২। সম্প্রতি দার্জিলিং-এর পার্বত্য এলাকায় বৃক্ষহানি নিয়ে বিভিন্ন মহলে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। আমার বিভাগও এই বিষয়ে উদ্বিগ্ন এবং বৃক্ষহানির পরিমাণ নির্ণয় ও বৃক্ষহানির কারণগুলি দূর করতে নিবারক ব্যবস্থাদি প্রস্তাব করার জন্য একটি আন্তর্বিভাগীয় কমিটি করার সিদ্ধান্ত নিয়েছে। পার্বত্য এলাকায় বন বিভাগের কর্মধারা সম্পর্কে কোন কোন মহলের সমালোচনাও আমার বিভাগ লক্ষ্য করেছে। কেন্দ্রীয় ও অন্যান্য রাজ্য সরকারের বিশেষজ্ঞদের নিয়ে এ বিষয়ে অনুসন্ধানের জন্যও একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

২৩। আমার বিভাগ আদিবাসী ও অরণ্যের পারস্পরিক সম্পর্কের বিষয়ে সম্যকরূপে অবহিত আছে। আদিবাসীদের অর্থনৈতিক উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্প চালিয়ে যাওয়া হবে। যে-সমস্ত আদিবাসী ও তফসিলী সম্প্রদায়ের লোক বনের উপকণ্ঠে বাস করেন তাঁদের উন্নতির জন্য ১৯৮৪-৮৫ সালে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করা হবে। ইতিপূর্বে আদিবাসীদের যে-সমস্ত সুযোগ দেওয়া হচ্ছিল—

যেমন বিনামূল্যে শালবীজ ও কেন্দুপাতা, ঝাঁটি, ফুল, ফল, গাছ ও কাঠ ইত্যাদি দেওয়া, এগুলি এখনও চালিয়ে যাওয়া হবে।

বনের কাজকর্ম করানোর ব্যাপারে আদিবাসী সমবায়গুলিকে (LAMPS) অগ্রাধিকার দেওয়া হচ্ছে। 'স্পেশাল কম্পোনেন্ট' প্রকল্প ও 'সুসংহত আদিবাসী উন্নয়ন প্রকল্পে' আদিবাসী ও তফসিলী জাতি বসবাসকারী এলাকাগুলিতে পরিবহণ ব্যবস্থার উন্নতি, পানীয় জল সরবরাহ ব্যবস্থার উন্নতি, ক্ষুদ্র সেচ প্রকল্প, বিদ্যালয় গৃহ নির্মাণ, রেশম চাষের বিকাশ ইত্যাদি কাজগুলি হাতে নেওয়া হয়েছে। ১৯৮২-৮৩ সাল থেকে উত্তরবঙ্গে আদিবাসী কল্যাণের জন্য একটি ভ্রাম্যমান চিকিৎসাকেন্দ্র চালান হচ্ছে। আমার বিভাগ অনুরূপ আর একটি কেন্দ্র ১৯৮৪-৮৫ সালে চালু করার প্রস্তাব নিয়েছে।

২৪। গত বছর রাজ্য খরায় প্রবলভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। আমার বিভাগ ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে কর্মসংস্থানমূলক বিভিন্ন কর্মসূচী গ্রহণ করে খরা-পীড়িত মানুষের দুঃখ দূর করার চেষ্টা করেছে। বন বিভাগের অনেক কাজকর্ম DPAP, ITDP, NREP ইত্যাদি বিশেষ প্রকল্পে করা হচ্ছে। আদিবাসী ও দুর্বলতর গ্রামীণ মানুষের কল্যাণে আমার বিভাগে ঐ সমস্ত প্রকল্পে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। এই সমস্ত প্রকল্পে যে শুধু অনেক মানুষের কর্মসংস্থান হয়েছে তাই নয়, অনেক স্থায়ী সম্পদ সৃষ্টিও হয়েছে—যেমন মূল্যবান বৃক্ষাদির আবাদ, বাঁধ, রাস্তা, জল সরবরাহের ব্যবস্থা ইত্যাদি। অন্যান্য সংশ্লিষ্ট বিভাগগুলির সহযোগিতায় আমার বিভাগ ১৯৮৪-৮৫ সালেও এই কাজগুলি চালিয়ে যাবে।

২৫। বনসংক্রান্ত প্রকল্পগুলি নিম্নোক্ত চারটি প্রয়োজনভিত্তিক হওয়া প্রয়োজন—(ক) প্রকৃতি ও পরিবেশের নিরাপত্তা বিধান; (খ) গ্রামীণ মানুষ, বিশেষতঃ আদিবাসীদের খাদ্য, ফল, জ্বালানী, পশুখাদ্য, সুতা, কাঠ ও অন্যান্য প্রাত্যহিক প্রয়োজন মেটানো; (গ) ছোট ও বড় কল-কারখানার প্রয়োজন মেটানো এবং (ঘ) কর্মসংস্থান এবং গ্রামোন্নয়নের সঙ্গে বনোন্নয়নের সমন্বয় সাধন। আমি জোরের সঙ্গে বলতে পারি যে, আর্থিক ও অন্যান্য নানা প্রতিকূলতা সত্ত্বেও আমার বিভাগ এই সমস্ত প্রয়োজন যথাসাধ্য মেটানোর চেষ্টা করে যাচ্ছে এবং এই উদ্দেশ্য-গুলি মনে রেখে আমার বিভাগের কর্মসূচী নির্ধারিত হয়েছে। আনন্দের কথা যে কেবল বিশেষজ্ঞরাই নন, জনসাধারণও ক্রমেই বুঝতে পারছেন যে, বনের ক্ষতির অর্থ প্রাকৃতিক ভারসাম্যহীনতা এবং জাতীয় অর্থনীতির প্রভূত ক্ষতিসাধন। আমি আশা করি যে, সরকার এবং সামগ্রিক ভাবে জনসাধারণের যৌথ প্রচেষ্টায় আমরা

শুধু আমাদের বনসম্পদ যে রক্ষা করতে পারব তাই নয়, সেই সম্পদের আরও শ্রীবৃদ্ধিসাধনও করতে পারব।

২৬। আমি আশা করি যে, ৫৮ নং দাবির অধীন মুখ্যখাত, "৩১৩-বন (লয়েড্ বটানিক গার্ডেন, দার্জিলিং ব্যতিরেকে)" এবং "৫১৩-বনের মূলধনী ব্যয়" বাবদ ২১,৫৮,১৬,০০০ (একুশ কোটি আটান্ন লক্ষ ষোল হাজার) টাকার ব্যয়-মঞ্জুরীর যৌক্তিকতা ব্যাখ্যা করতে সমর্থ হয়েছি।

২৭। এই কথাগুলি বলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ৫৮ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "৩১৩-বন (লয়েড্ বটানিক গার্ডেন, দার্জিলিং ব্যতিরেকে)" এবং "৫১৩-বনের মূলধনী ব্যয়"-এর জন্য মোট ২১,৫৮,১৬,০০০ টাকা (একুশ কোটি আটান্ন লক্ষ ষোল হাজার টাকা) ব্যয়-বরাদ্দের প্রস্তাব পেশ করছি।

Mr. Deputy Speaker : All the cut motions are in order and taken as moved.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be reduced to Re. 1.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

Shri Somendra Nath Mitra : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

[6.10—6.20 P.M.]

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বনদপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ উপস্থাপন করেছেন, আমি তার পরিপ্রেক্ষিতে কয়েকটি কথা আপনার মাধ্যমে অন্ততঃ এই সদস্য সহ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে বনাঞ্চল পশ্চিমবঙ্গে একটি বিশেষ ভূমিকা পালন করছে। বনাঞ্চল একটা সম্পদ হিসাবে বিশেষতঃ পশ্চিমবঙ্গের প্রাকৃতিক সৌন্দর্য সহ গোটা পরিবেশকে সুন্দর করার জন্য তৈরী হয়েছে। এর বৃষ্টিপাত থেকে আরম্ভ করে সব কিছুর মধ্যে যেন একটা সৌন্দর্যের স্পর্শ দেখতে পাওয়া যায়। মাননীয় মন্ত্রী মহাশয় তার বক্তৃতার মধ্যে বিভিন্ন পরিকল্পনার কথা রেখেছেন এবং বনজ সম্পদ সম্পর্কে বনসৃজন থেকে আরম্ভ করে এবং বনজ সংরক্ষণ থেকে আরম্ভ করে বনের

বিভিন্ন যে অবস্থা সেটাকে পর্যবেক্ষণ করে তার মৃত্তিকা এবং জল সংরক্ষণ পর্যন্ত তাঁর বক্তৃতার মধ্যে রেখেছেন এবং তার অস্তিত্বের ক্ষেত্রে কতগুলি পরিকল্পনা এই বক্তৃতার মধ্যে বলেছেন। কিন্তু আজকে যদি প্রকৃত দেখা যায় তাহলে মাননীয় মন্ত্রী মহাশয় উপলব্ধি করবেন যে, এই বন তার অভ্যন্তরে এবং উন্নতির ক্ষেত্রে বন সংরক্ষণের জন্য বনসৃজনের যে পরিকল্পনা তিনি নিয়েছেন সেটা ঠিক নেওয়া হয় নি। কারণ আজকে দুর্ভাগ্যের বিষয় যে, বন আজকে সেখানে মরুভূমিতে পরিণত হয়ে যাচ্ছে। আজকে বনজ সম্পদ রক্ষার জন্য যে সামাজিক ব্যাধি সমাজে আজকে রয়েছে এবং বন সংরক্ষণের যে পরিকল্পনা হওয়া উচিত এবং যেখানে একটা মন্ত্রের মত কাজ হওয়া উচিত সেইদিক থেকে আমরা লক্ষ্য করেছি, সামাজিক দিক থেকেও লক্ষ্য করেছি, বনকে রক্ষা করার পরিকল্পনা ঠিকমত গ্রহণ করতে পারেন নি। আজকে বিভিন্ন বন দপ্তরের বিভিন্ন বনাঞ্চল দেখলেই বোঝা যাবে আজকে বনের কি অবস্থা। আজকে সুন্দরবন থেকে আরম্ভ করে উত্তরবঙ্গের অবস্থা থেকে বিভিন্ন জেলা বা বাঁকুড়া জেলাতে দেখুন, পুরুলিয়া জেলা দেখুন সেখানে বনাঞ্চল একেবারে মরুভূমিতে পরিণত হয়েছে। আমরা জানি সরকার এই ব্যাপারে চেষ্টা করছেন এবং এর প্রতিষেধক ব্যবস্থা হিসাবে যা যা করণীয় এই দপ্তরের কর্মীরা তা করতে সচেষ্ট আছেন। আজকে যারা সমাজবিরোধী তাদের শাস্তি দেওয়ার জন্য বিভিন্ন যে আইন প্রণয়ন করেছেন এবং সেই আইনে যে তথ্য দেওয়ার চেষ্টা করেছেন সেক্ষেত্রে আপনারা বিফল হয়েছেন। সেই ভাবে আজকে যদি বনজ সম্পদ রক্ষা না হয়, দেশের সব সম্পদ যদি ধ্বংস হয়ে যায় সেখানে তাহলে আপনারা প্রকৃতিকে কন্ট্রোল করতে পারবেন না। বৈজ্ঞানিক উপায়ে বিভিন্ন ভাবে সচেষ্ট হওয়া সত্ত্বেও বিফল হতে দেখা গেছে, যার ফলে বনাঞ্চল বলে কিছু থাকবে না, সেটা শূন্য হয়ে যায়। বনাঞ্চল রক্ষা যদি না পায় সেটা শুধু মন্ত্রি-সভার ব্যর্থতা নয়, আজকে সে ব্যর্থতা জাতির ব্যর্থতা, কারণ প্রাকৃতিক সমস্যা সমাধান করতে আমরা ব্যর্থ হয়েছি বলে।

আমরা দেখতে পাচ্ছি আমাদের দেশে খরা হচ্ছে এবং সেই খরা ক্রমশঃ আমাদের ঘিরে ফেলেছে। এর একমাত্র কারণ হচ্ছে বন শেষ হয়ে যাচ্ছে বলে। ৫০ বছরের ইতিহাস যদি আমরা পর্যালোচনা করি তাহলে দেখবো তৎকালীন যে বৃষ্টিপাত হতো আনুপাতিক ভাবে সেই বৃষ্টির পরিমাণ ক্রমশঃ কমে যাচ্ছে। বন সম্পদ আমাদের কাছ থেকে দূরে সরে যাচ্ছে বলে এই অবস্থা হচ্ছে। শুধুমাত্র সরকারী চেষ্টায় বন সম্পদ হয় না। এখানে পঞ্চায়েতের ভূমিকা একেবারে ব্যর্থ। পঞ্চায়েত বনকে রক্ষা করতে পারছে না। সরকার যে পরিমাণ টাকা ব্যয় করেন

তার অনুপাতে বন সৃষ্টি হচ্ছে কিনা সেটা আমাদের দেখা দরকার। আমি আমার বক্তব্যের মধ্যে দিয়ে কোনরকম ভাবেই মন্ত্রীর প্রতি অশ্রদ্ধা জ্ঞাপন করছি না, তবে মাননীয় সদস্যদের অনুরোধ করছি যে, বন রক্ষা করতে আমরা সকলেই ব্যর্থ হয়েছি। সরকারী কর্মচারীদের উপর নির্ভর করে যদি চলতে হয় তাহলে বন রক্ষা হবে না। বন রক্ষা করতে গেলে সামাজিক এবং নৈতিক চেতনাকে আরো উদ্বুদ্ধ করতে হবে। মুখে গণমুখী বললে কোন কাজ হবে না। পঞ্চায়েত গণমুখীর একটা মুখপাত্র। কিন্তু সেই পঞ্চায়েতই এই বিষয়ে ব্যর্থ হয়েছে। ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত যে টাকা আপানারা ব্যয় করেছেন তার দ্বারা কতটা সম্পদ সৃষ্টি হয়েছে, কতটা গাছ হয়েছে এবং কতটা তার নষ্ট হয়েছে সেটা দেখা দরকার। যে পরিমাণ সৃজন করা হয়েছে, বন রক্ষার জন্য যে খরচ করা হয়েছে তার কি সেই ফল পাওয়া গিয়েছে? আজকে এইসব আমাদের চিন্তা করতে হবে। পরিবেশ দূষিত হয়ে গেছে। পরিবেশ শোধন থেকে আরম্ভ করে সমস্ত দিকে যদি শ্রীবৃদ্ধি করতে হয় তাহলে বন আমাদের কাছে একটা সম্পদ। সারা পশ্চিমবাংলায় বিভিন্ন যে পরিকল্পনা তাঁরা নিয়েছেন সেইগুলিকে কার্যকরী করতে গেলে তাঁর দপ্তরকে আরো সজাগ দৃষ্টিভঙ্গী নিয়ে আরো বেশী গণমুখী করতে হবে এবং পঞ্চায়েতকে চেতনাসম্পন্ন করে বন রক্ষার ব্যাপারে সচেষ্ট হতে হবে।

[6.20—6.30 P. M.]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে বন বা অরণ্য সৃষ্টি এবং মৃত্তিকা সংরক্ষণ এটা হচ্ছে প্রধান কাজ। আপনি যদি বনের মধ্যে যান তাহলে দেখবেন সেখানে অনেক পুকুর আছে যেখানে মাছ চাষ হয়। আজকাল বনের মধ্যে অনেক রাস্তাঘাট হয়েছে এবং সরকারী প্রকল্প অনুযায়ী বনের মধ্য থেকে কাঠ সংগ্রহ করা হয়। আমরা লক্ষ্য করছি যে-সমস্ত দুঃস্থ এবং অসহায় লোক আছে, যাদের কোন রকম আর্থিক সামর্থ্য নেই তাদের এই বন বাঁচিয়ে রেখেছে। অনেক অনাথা লোক আছে যারা বন থেকে পাতা সংগ্রহ করে এবং এটাই তাদের একমাত্র জীবনযাপনের পথ। দুঃখের বিষয় আজকে সেই বন শুকিয়ে যাচ্ছে। আজকে যদি সরকারের প্রচেষ্টা বাস্তবায়িত করতে হয় তাহলে বন নিয়ে ভালভাবে চিন্তা করা দরকার। বনের ব্যাপার নিয়ে এই বিভাগের ভারপ্রাপ্ত অফিসাররা যদি অঞ্চলে অঞ্চলে গিয়ে পঞ্চায়েতের সঙ্গে মিটিং করতেন, সাধারণ মানুষের সঙ্গে মিটিং করতেন তাহলে অনেক ফল লাভ করা যেত। আমরা আগে দেখেছি পূর্ত বিভাগের অধীনে এবং বন

বিভাগের অধীনে যে-সমস্ত বড় বড় গাছ ছিল সেগুলি আজ নষ্ট হয়ে যাচ্ছে। গাছ-গুলি কেটে কেটে এই অবস্থার সৃষ্টি করেছে। অথচ এই গাছগুলি কিন্তু সরকারের মস্ত বড় একটা এ্যাসেট। গাছ কাটার দিক থেকে বন দপ্তরের যে নিয়ম আছে সেটা হচ্ছে, একদিকে গাছ কাটা হবে এবং অন্যদিকে পরিকল্পনা মত গাছ লাগান হবে এবং বনের মধ্যে যদি আগাছা এবং ব্যাধিগ্রস্ত গাছ থাকে তাহলে তাকে কেটে বাদ দিয়ে নূতন বন সৃষ্টি করতে হবে। আমার প্রশ্ন হচ্ছে সেটা আজকে কেন হচ্ছে না? এই বনের মাধ্যমে আমাদের প্রচুর আয় হয় এবং বনের উপকারিতার দিক থেকে সবচেয়ে যেটা বড় জিনিস সেটা হচ্ছে আবহাওয়া সৃষ্টি। আর একটা জিনিস যা আছে সেটা হচ্ছে হিংস্র জন্তু-জানোয়ার থেকে আরম্ভ করে অন্যান্য যে-সমস্ত জীবজন্তু এই বনে আশ্রয় গ্রহণ করে সেখানে যদি বন নষ্ট হয়ে যায় তাহলে এই সমস্ত জন্তু-জানোয়ারও নষ্ট হয়ে যাবে এবং তার ফলে সরকারের চিন্তাধারা বাস্তবমুখী হবে না এবং প্রকৃতিকেও বিরূপ মনোভাব নিয়ে চলতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বনের পরিমাণ শতকরা ২৩ শতাংশ হলেও আপনি দেখবেন পশ্চিমবাংলায় যেটা হওয়া উচিত ছিল সেটা কিন্তু তৈরী হতে পারে নি। এর ফলে এই কয়েক বছর ধরে আমরা দেখতে পাচ্ছি সরকারের ক্ষতি হচ্ছে, বন দপ্তর বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে, বন বিভাগ ক্ষত-বিক্ষত হচ্ছে। আমরা অবশ্য জানি এই বনের ব্যাপার নিয়ে নানা রকম চেষ্টা চলছে, বিভিন্ন রকম মিটিং হচ্ছে এবং মন্ত্রী মহাশয় নিজেও চেষ্টা করছেন। দপ্তরের অফিসারদের দিয়ে কিভাবে কাজ করান যায় সেই চেষ্টা তিনি করছেন এটা আমরা জানি। তবে নানা রকম ত্রুটি থাকার জন্য সেখানে ভালভাবে কাজ হচ্ছে না। যে-সমস্ত পরিকল্পনা নেওয়া হয়েছে সেগুলো সব আক্ষরিক দিক থেকে নেওয়া হয়েছে। ১৯৮২-৮৩ সাল থেকে শ্রম-দিবসের পরিমাণ বৃদ্ধি হতে পারে, টাকার বরাদ্দ বৃদ্ধি হতে পারে, কিন্তু বন সৃষ্টি করার দিক থেকে আপনার দপ্তর বিভিন্ন ভাবে যে পিছিয়ে রয়েছে এটা বাস্তব সত্য।

সেগুলিকে কি করলে ত্রুটিমুক্ত করা যায় সেটা আজকে ভেবে দেখতে হবে। আমি আগেই বলেছি পঞ্চায়েতের মাধ্যমে একটা পদক্ষেপ নিতে পারতেন। আজকে সমাজের বিভিন্ন ক্লাব, বিভিন্ন যুব সমাজের মধ্যে, ছাত্র সমাজের মধ্যে বন সম্পদ সম্বন্ধে একটা চেতনাবোধ সৃষ্টি করতে হবে। বন যে আজকে শেষ হতে চলেছে এবং তার পরিণতি কি হবে এই জিনিসটা সকলের মধ্যে সজাগ করে দিতে হবে। এখানে কংগ্রেস কমিউনিস্টদের প্রশ্ন নয়, সমস্ত মানুষকে বিশেষ করে যুব সমাজকে যদি উদ্বুদ্ধ করা না হয় এবং সেই রকম প্রচেষ্টা সরকার থেকে না নেওয়া হয়, বন সম্বন্ধে মানুষের মধ্যে শিক্ষা দেওয়া না হয় তাহলে এই সমস্ত আমাদের দেশে

ক্ষতিগ্রস্ত হবে। বিভিন্নভাবে সেমিনার করে, বিভিন্ন অনুশীলন করে তার প্রচার করতে হবে। এই সব জিনিস ব্যাপকভাবে করা উচিত। সরকার তাতে সচেষ্ট হয়েছে—আমি বলবো আরও কিছু এ সম্বন্ধে ভাবনা-চিন্তা করতে হবে। এইভাবে যদি আমরা চলতে পারি তাহলে আজকে বনভূমি যে মরুভূমি হয়ে যাচ্ছে তার কিছুটা প্রতিকার আমরা করতে পারবো। আমরা দেখতে পাচ্ছি গ্রামে জ্বালানী কাঠের একটা পরিকল্পনা আছে। সেদিক থেকে বন যদি সৃষ্টি করা না হয় তাহলে এই পরিকল্পনা কার্যকরী হবে না। আপনারা যে গ্রামের মানুষের সুবিধা করতে যাচ্ছেন, বন সৃষ্টি করতে না পারলে আপনাদের সেই চিন্তা-ভাবনা কোনদিনই কার্যকরী হবে না। বিভিন্ন জেলায় বিশেষতঃ নর্থ বেঙ্গলে যে ল্যাম্প তৈরী করতে যাচ্ছেন সেখানে এই কাজ তৎপর করতে গেলে যুব সমাজ থেকে আরম্ভ করে অনগ্রসর আদিবাসী তপসিলী জাতীয়দের যুব সম্প্রদায়কে যুক্ত করতে হবে। ল্যাম্প যে কারণে সৃষ্টি করছেন সেদিক থেকে সারা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় এই পরিকল্পনাকে কার্যকরী করতে হবে। এই বিশেষ আবেদন আপনার কাছে রাখছি। আমি দেখতে পাই এই বন দপ্তরের প্রায় কয়েক লক্ষ একর জমি হস্তান্তরিত হয়ে গেছে। সেগুলি ভূমি সংস্কার দপ্তরের অধীনে গেছে কিনা সেদিকে লক্ষ্য রাখতে হবে। বিভিন্ন কোর্টে আমরা দেখতে পাই, আপনাদের দপ্তরের যে রেকর্ড, সেটা সব সময় ঠিক থাকে না এবং আপনাদের দপ্তরের ঔদাসীন্যে কোর্টের বিভিন্ন কেসগুলি ঠিকমত পরিচালিত হয় না। এ সম্বন্ধে ঠিকমত ম্যাপ ও রেকর্ড থাকা দরকার। সেদিক থেকে সজাগ হতে হবে। কোন্ জমি হস্তান্তর হয়েছে, কোন্ জমি বিচারাধীন আছে, কোন্ জমি ক্রমাগত বন দপ্তর থেকে বেরিয়ে যাচ্ছে—এই সব সম্বন্ধে সজাগ হতে হবে। সেখানে বনভূমি আজকে চাষ জমিতে পরিণত হয়ে যাচ্ছে, সেদিকে মাননীয় মন্ত্রী মহাশয় লক্ষ্য রাখবেন। মন্ত্রী মহাশয় বিভিন্ন জেলায় যে পার্ক করার পরিকল্পনা নিয়েছেন, সেইগুলো যাতে সুপরিকল্পিতভাবে গড়ে ওঠে সেদিকে লক্ষ্য দেবেন। আর একটা বিষয়, বন বিভাগের যে-সমস্ত রাস্তাঘাট আছে, সেইগুলো যাতে ঠিকমত সংস্কার করা হয় এবং যেখানে রাস্তা করার দরকার আছে, সেখানে যাতে সেই রাস্তাগুলো হয়, সেইদিকে মন্ত্রী মহাশয়ের সজাগ দৃষ্টি কামনা করি। যারা বনকে রক্ষা করতে পারে, সেই সমস্ত অধিবাসী, যারা বনের ধারে বাস করে তাদের যদি বন দপ্তরের সঙ্গে যুক্ত করতে পারেন তাহলে অনেক সুফল হবে। আমার আর সময় নেই, উপাধ্যক্ষ মহাশয় লাল বাতি জ্বালিয়ে দিয়েছেন, সুতরাং আমি আমার কাট মোশানগুলি মুভ করে এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6.30—6.40 P.M.]

শ্রীকমলাকান্ত মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বন বিভাগের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় সদস্য কাশীবাবু এই ব্যয়বরাদ্দের উপর আলোচনা করতে গিয়ে যে কথা বলেছেন তার উপর দু/একটি কথা বলতে চাই। মাননীয় সদস্য কাশীবাবু বলেছেন সারা পশ্চিমবাংলায় বনভূমি ধ্বংস এবং অনাবৃষ্টি, এই সমস্ত ব্যাপারে বামফ্রন্ট সরকারকে দায়ী করেছেন। উনি বলেছেন বামফ্রন্ট সরকারের আমলে এই বনভূমি ধ্বংস হচ্ছে। কিন্তু উনি ভুলে যাচ্ছেন শুধু পশ্চিম বাংলায় আজকে এই অবস্থা নয়, সারা ভারতবর্ষে আজকে বনভূমি কমে যাচ্ছে। শুধু ভারতবর্ষ কেন, সারা বিশ্বে আজকে শিল্প বিকাশের সঙ্গে সঙ্গে বনভূমির পরিমাণ কমে গেছে। যার ফলে জীব জগতের সঙ্গে প্রাকৃতিক যে ভারসাম্যতা তা কমে যাচ্ছে, তা হারিয়ে ফেলছে। যার ফলে আজকে ভীষণভাবে পরিবেশ দূষণ হচ্ছে। সেই পরিবেশ দূষণ থেকে মানুষ বলুন, বা জীবজগত বলুন, মুক্ত হতে পারছে না। এই অবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মত ছোট্ট একটা রাজ্যকে চলতে হচ্ছে, গোটা দেশের পরিবেশ ভারসাম্যতা যেখানে রক্ষা করা যাচ্ছে না, সেখানে পশ্চিমবঙ্গ একলা কিছু করতে পারে না। এই সম্পর্কে তাঁদেরই চিন্তা-ভাবনা অতীতে করা উচিত ছিল, যারা ৩০ বছর ধরে এখানে রাজত্ব করে গেছেন। দিল্লীতে এখনও আপনাদের সরকার আছে, তারা বনভূমি বাড়ানোর কি পরিকল্পনা নিয়েছেন ? আজকে আপনি নিজেই বলেছেন যে, সারা ভারতের যে গ্রাম্য বনভূমি ৩৩ ভাগ থাকা উচিত, কিন্তু ভারতে রয়েছে ২২ ভাগ, পশ্চিমবাংলায় রয়েছে শতকরা ১৩ ভাগ। এই হচ্ছে সারা ভারতবর্ষের অবস্থা। আপনাদের আমলে আপনারা কি পরিকল্পনা নিয়েছিলেন ? আপনারা কত সম্পদ সৃষ্টি করেছিলেন জঙ্গলের মধ্য দিয়ে? এই পরিসংখ্যান দেখলে দেখা যাবে বিগত ২৫ বছরে আপনারা যে সম্পদ সৃষ্টি করতে পারেন নি, ১৯৮৩-৮৪ সালের মধ্যে আমরা সেই সম্পদ সৃষ্টি করেছি। আপনারা ২৫ বছরে ২ হাজার ৭৫.৭৬ লক্ষ টাকার রাজস্ব সম্পদ বন থেকে সংগ্রহ করেছেন, আর আমরা সেখানে ১০ হাজার ১৮৬.৯৯ লক্ষ টাকার রাজস্ব সম্পদ সংগ্রহ করেছি। আজকে যে বনভূমি আছে তার দ্বারা প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করা যাবে না, মানুষের চাহিদা পূরণ করা যাবে না। সেই জন্য আজকে বিকল্প চিন্তা-ভাবনা করা হচ্ছে। এই বিষয়ে বামফ্রন্ট সরকার যে পরিকল্পনাগুলি গ্রহণ করেছে সেটা আপনারা ভাল ভাবেই জানেন। আপনাদের দায়িত্বের কথা চেপে গিয়ে এই সরকারের উপর দায়িত্ব আরোপ করছেন। পশ্চিমবাংলার যে বনভূমি আছে তার অর্ধেক বনভূমি

বেসরকারী মালিকানাধীনে রয়ে গেছে। পতিত ডাঙ্গা জমিগুলিকে বনাঞ্চলে পরিণত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সমাজভিত্তিক বনসৃজন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই বন সম্পদ সৃষ্টি করতে যদি না পারা যায় তাহলে মানুষের চাহিদা মেটান যাবে না। আর মানুষের চাহিদা মেটাতে না পারলে বনভূমি রক্ষা করাও যাবে না। সরকার যে পরিকল্পনা নিয়েছেন আশা করি আপনারা সহযোগিতা করবেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আমাদের পুরুলিয়া জেলার ব্যাপারে একটু বিশেষ দৃষ্টি দিতে অনুরোধ করব। আমরা লক্ষ্য করেছি পুরুলিয়া জেলায় বেসরকারী মালিকানাধীনে যে জমি আছে সেখানে সামগ্রিকভাবে বনসৃজন করার পরিকল্পনা নিতে হবে এবং এই জমি সরকারী আওতায় নিয়ে আসতে হবে। অযোধ্যা পাহাড় ওরা কেটে সাফ করে দিয়ে গেছে। এই কথা বলে ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসাত্ত্বিক কুমার রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বন বিভাগের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করতে গিয়ে দু/চারটি কথা বলব। বিরোধী পক্ষের মাননীয় কাশীবাবু বলে গেলেন বামফ্রন্টের পঞ্চায়েত নাকি এই ব্যাপারে ব্যর্থ হয়েছে। কিন্তু আমি কাশীবাবুকে বীরভূম জেলায় একটু এসে দেখে যেতে বলি যে, ওখানে পঞ্চায়েতের মাধ্যমে অগ্রসর হয়ে কি রকম বন-জঙ্গল সৃষ্টি করা সম্ভব হয়েছে। আপনি বাঁকুড়া জেলার লোক, বীরভূম কাছাকাছি আছে, আপনি একবার আমাদের জেলাটা দেখে যান। বামফ্রন্ট সরকার উদ্যোগ নিয়ে ওখানে বেশীর ভাগ বনসৃজন করছে এবং বিশেষ গুরুত্ব এই ব্যাপারে দিয়েছে। ওখানে ব্যাপক ভাবে ইউক্যালিপটাস, সোনাঝুরা, আকাশমণি গাছ লাগান হচ্ছে। সেই সঙ্গে সঙ্গে আম, জাম, কাঁঠাল গাছও যাতে ব্যাপক ভাবে লাগান হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। কারণ এই সব গাছ থেকে ফল-টল পাওয়া যায় এবং গরীব মানুষরা খেতে পারে। অর্জুন গাছ লাগানোর জন্য অনুরোধ করছি। আজ বন শেষ হয়ে যাচ্ছে। বে-আইনী ভাবে যে-সমস্ত শ' মিল আছে সেগুলি বন্ধ করতে হবে। এই শ' মিল বন্ধ করতে না পারলে রাতারাতি সব বন শেষ হয়ে যাবে। সুতরাং এই শ' মিল বন্ধ করার জন্য একটা আইন করা দরকার। আমাদের বড় বড় গাছ বিশেষ ভাবে প্রয়োজন। কেননা এই সমস্ত গাছের উপর বৃষ্টির পরিমাণ নির্ভর করে। আজকে বায়ু দূষিত হতে চলেছে। এই গাছ আমাদের অক্সিজেন দিয়ে যাচ্ছে সমানে। ইনটেনসিভ এগ্রিকালচার রিপোর্টে

দেখা যাচ্ছে একটা পাকুড় গাছের ১৬১ স্কোয়ার মিটার ১৭১২ কেজি অক্সিজেন দেয়, আর ২২২১ কেজি কার্বন ডাই অক্সাইড গ্রহণ করে।

[6.40—6.50 P.M.]

সুতরাং এই সমস্ত বড় বড় গাছগুলি পরিবেশ রক্ষার ক্ষেত্রে বিশেষ প্রয়োজনীয়। কথায় আছে :

"আম কাঁঠালের বাগান দেব,
পথে ছায়ায় ছায়ায় যেতে,
আর উলকি ধানের মুড়কি দেব
পথে জল-পান খেতে।"

সুতরাং এই বড় বড় গাছগুলি লাগানোর জন্য মন্ত্রী মহাশয়কে বিশেষ ভাবে অনুরোধ করবো। তারপর স্যার, বীরভূম জেলায় আমার পাশের গ্রাম তাঁতি-পাড়াতে প্রতি বছর প্রায় ৪০ লক্ষ টাকার তসরের গুটি কেনা হয়। এই তসরের গুটি বিহার, উড়িষ্যা ও মধ্য প্রদেশ থেকে নিয়ে আসা হয়। এই তসরের গুটি যাতে বীরভূম জেলাতে যে বন আছে সেখানে তৈরী করা যায় তার জন্য সচেষ্ট হওয়া প্রয়োজন। এই তসরের গুটি চাষ করার জন্য ব্যাপক ভাবে অর্জুন ও শালগাছ রোপণ করা দরকার। এই তসর পাওয়া গেলে গরিব আদিবাসী ও তাঁতিদের কর্ম-সংস্থানের ব্যবস্থা হতে পারবে এবং কুটির শিল্পের মাধ্যমে প্রচুর বৈদেশিক মুদ্রাও আসবে। তারপর পাঞ্জাবের আবাহারে গভর্নমেণ্ট ফার্মে আরব দেশ থেকে খেজুর গাছের চারা এনে লাগানো হয়েছে। আমাদের এখানেও যদি রাস্তার ধারে ধারে এবং ক্যানেলের ধারে ধারে এই খেজুর গাছ লাগানো হয় তাহলে বহু টাকার খেজুর যা আমদানী করতে হয় তা করতে হবে না এবং এর মাধ্যমে কিছু লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হতে পারবে। পরিশেষে আমি বলতে চাই যে, সুন্দরবনকে যাতে সংরক্ষণ করা যায় তার জন্য আমাদের উপযুক্ত দৃষ্টি দিতেই হবে। কাঠ যাতে সেখান থেকে চুরি না হয় তার জন্য ব্যবস্থা অবিলম্বে করতে হবে। প্রয়োজন হলে এর জন্য আলাদা একটা সেল করে এই গাছ চুরি বন্ধ করতে হবে, তা না হলে সুন্দরবন শেষ হয়ে যাবে। এই কথা বলে এই বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করলাম।

শ্রীসুভাষ গোস্বামী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি

কথা বলছি। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় বন দপ্তরের ভার গ্রহণ করার পর থেকে বনসৃজনের ক্ষেত্রে যে উদ্যোগ নেওয়া হয়েছে সে সম্বন্ধে অতি বড় শত্রুও সমালোচনা করতে পারবেন না। স্যার, আজকে যেটা আমাদের সবচেয়ে ভাবিয়ে তুলেছে সেটা হচ্ছে বনসৃজনের উদ্দেশ্য নিছক একটা কমারশিয়াল ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। কমারশিয়াল দৃষ্টিভঙ্গী নিয়ে বনসৃজনের কাজটা চলছে। আকাশমণি, ইউক্যালিপটাস প্রভৃতি যে গাছগুলি খুব অল্প সময়ের মধ্যে বেড়ে ওঠে—তিন/চার বছরের মধ্যে বেড়ে ওঠে এবং যে গাছগুলি কেটে বিক্রি করে মোটা টাকা পাওয়া যায় সেই সমস্ত গাছগুলি লাগানোর উপর বেশী জোর দেওয়া হচ্ছে। এর ফলে স্থানীয় ভাবে বন সম্পদ সৃষ্টি হতে পারছে না। আজকে যেখানে দেখছি বন কালকে সেখানে দেখছি ধু ধু প্রান্তর। স্যার, আমি বিশেষ করে বাঁকুড়া, পুরুলিয়ার মতন ধূসর, কঙ্করময়, রুক্ষ এলাকার কথা বলছি। সেখানে সাম্প্রতিককালে আমরা দেখছি বনভূমির মধ্যে যে-সমস্ত বড় বড় গাছ ছিল সেগুলি আর চোখে পড়ছে না। প্রাইভেট ল্যাণ্ডেও যে-সমস্ত বড় বড় গাছ ছিল সেগুলিকেও নির্বিচারে কাটা হচ্ছে। স্যার, দিনের বেলায় চোখের সামনে গাছ কেটে ট্রাকের পর ট্রাক লোড করে কাঠের গোলাতে সেই কাঠ নিয়ে যাওয়া হচ্ছে এবং সেখানে তা মজুত করা হচ্ছে। কাঠের গোলাগুলি যে কাঠ মজুত করেছে তাতে আগামী ৪/৫ বছরের প্রয়োজন মেটাবার মত সংগ্রহ করে নিয়েছে। হয়ত কোন অজানা আশঙ্কা তাদের এইভাবে গাছ কাটাতে ইন্ধন যোগাচ্ছে। স্যার, যদি এইভাবে এই সমস্ত গাছ ধ্বংস করা হয় তাহলে বাঁকুড়া এবং পুরুলিয়ার মতন রুক্ষ এলাকা অল্প সময়ের মধ্যে মানুষের বসবাসের অযোগ্য হয়ে যাবে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি সক্রিয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি। এই প্রসঙ্গে যে কথাটি একজন মাননীয় সদস্য বললেন যে, শ' মিলগুলিকে সাময়িক ভাবে কয়েক বছরের জন্য যদি বন্ধ করে দেওয়া হয় তাহলে ভালো হয়। আমিও বলছি, এই গাছ কাটা সাময়িক ভাবে কিছুদিনের জন্য বা কয়েক বছরের জন্য বন্ধ করে দেওয়া দরকার, তা না হলে আমাদের সামনে আর কোন উপায় থাকবে না।

বনসৃজনের ক্ষেত্রে জনবসতি এলাকার পাশাপাশি যে-সমস্ত জায়গা আছে সেখানে অনেক সরকারী খাস জমি থাকে। আমার এলাকায় এই রকম অনেক খাস জমি আছে। সেই জমিগুলি চাষবাসের পক্ষে অনুপযুক্ত। এখানে বনসৃজন করলে যথেষ্ট কার্যকরী হবে। সেই সমস্ত জমিগুলি চাষীদের মধ্যে পাট্টা না দিয়ে সেখানে বনসৃজন দপ্তর থেকে যদি প্লানটেশান করতে পারেন তাহলে অনেক ভাল ফল হবে। কাজেই এই বিষয়ে নজর রাখার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ

করছি। এই প্রসঙ্গে আমি আর একটা অনুরোধ করবো সেটা হচ্ছে, আমাদের যে বন সম্পদ সৃজনের ক্ষেত্রে যে আগ্রহ ছিল সেটা যাতে আবার তৈরী হতে পারে তার দিকে আপনি দৃষ্টি দেবেন। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপরিমল মিত্র ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বনসৃজন এবং বনরক্ষা সম্পর্কে বিভিন্ন মাননীয় সদস্যরা তাঁদের বক্তব্য বললেন। বন রক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে আমিও বুঝতে পেরেছি এবং আপনিও নিশ্চয়ই বুঝতে পেরেছেন। আমরা সকলে এটা উপলব্ধি করলেও সেই ব্যাপারে কর্তব্য পালনের ক্ষেত্রে ততটা তৎপরতা দেখছি না। এই বাজেট বরাদ্দ সম্পর্কে যে-সমস্ত বক্তব্য এখানে উত্থাপিত হল, সেই সিরিয়াসনেস হিসাবে আমি আশা করেছিলাম যে, বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা এখানে উপস্থিত থাকবেন। কিন্তু সংখ্যার দিক থেকে তাঁরা খুবই নগণ্য এবং সরকারী দল হিসাবে আমাদের উপস্থিতিও আশানুরূপ নয়। যাইহোক আমি কয়েকটি পরিসংখ্যান দিয়ে আমার বক্তব্য আরম্ভ করছি। আমাদের বন কত হয়েছে সেটা যদি হিসাব করি তাহলে দেখবো যে, ১৯৭৪-৭৫ সাল থেকে ১৯৭৮-৭৯ সাল পর্যন্ত বন ছিল ১০ হাজার ৩ হেক্টর। এটা এ্যাম্নুয়াল এ্যাভারেজ। আর ১৯৮৩-৮৪ সালে সরকার প্রোগ্রাম নিয়েছে ১৯ হাজার ৬৯০ হেক্টর। এই প্রসঙ্গে আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের আর একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই। ১৯৭৯-৮০ সালে ১৪ হাজার, ১৯৮০-৮১ সালে ১৪ হাজার ৭২৫ হেক্টর, ১৯৮১-৮২ সালে ১৬ হাজার ৪২৫ হেক্টর, ১৯৮২-৮৩ সালে ১৬ হাজার ৯৮২ হেক্টর, আর ১৯৮৩-৮৪ সালে ১৯ হাজার ৬৯০ হেক্টর। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের আরো একটা বিষয়ে স্মরণ করিয়ে দিতে চাই। মাননীয় সদস্যরা এখানে সীড প্লানটেশান এবং রুরাল ফিউয়েল প্লানটেশান সম্পর্কে বলেছেন। আমি তাঁদের এই কথা বলতে চাই যে, আমার বিভাগ এই বিষয়ে সচেতন আছে। আমি এখানে একটা পরিসংখ্যান দিয়ে সেটা বুঝিয়ে দিতে চাই। ১৯৮১-৮২ সালে সীড প্লানটেশান হয়েছে ৯৯২ হেক্টর, ১৯৮২-৮৩ সালে ১ হাজার ৮২১ হেক্টর, ১৯৮৩-৮৪ সালে আমরা প্রোগ্রাম নিয়েছি ৩ হাজার ৩৯৪ হেক্টরের। রুরাল ফিউয়েল প্লানটেশানের উপরেও আমার দপ্তর গুরুত্ব দিয়েছে। সেখানে ১৯৮১-৮২ সালে ৬৮৫ হেক্টর, ১৯৮২-৮৩ সালে ১ হাজার ৭৫০ হেক্টর, আর ১৯৮৩-৮৪ সালে ১ হাজার ৭৮০ হেক্টর। এই হচ্ছে সীড প্লানটেশান এবং রুরাল

ফিউয়েল প্লানটেশান-এর হিসাব যা করা হয়েছে। মাননীয় কাশীনাথ মিশ্র মহাশয় যে কাট মোশান দিয়েছেন তার এক জায়গায় বলেছেন যে, আমাদের বন বিভাগ থেকে যে রাজস্ব আদায় হয় তার পরিমাণ কমে যাচ্ছে। আমি সেই সম্পর্কে একটা পরিসংখ্যান দিচ্ছি। ১৯৮০-৮১ সালে আমাদের রেভিনিউ আদায় হয়েছে ১২ কোটি ৩৫ লক্ষ ৩৯ হাজার টাকা।

[6.50—7.00 P.M.]

১৯৮১-৮২ সালের হিসাব হচ্ছে ১৫ কোটি ৫৯ লক্ষ ৯২ হাজার টাকা, সঙ্গে সঙ্গে আউট টার্নও বেশী হয়েছে। ১৯৮২-৮৩ সালের হিসাব হচ্ছে ১৯ কোটি ২৫ লক্ষ ৩৭ হাজার টাকা। ১৯৮৩-৮৪ সালের পুরো হিসাব এখনো তৈরী হয় নি, কিন্তু আমার মনে হচ্ছে এবারের ফিগারটা হবে প্রায় ২০ কোটি ৫০ লক্ষ টাকার মত। আমার বন্ধুবর মনসুর হবিবুল্লাহ বলছেন, কাঠের দাম বেড়ে গেছে। কিন্তু তিনি জানেন এবং সাথে সাথে আমরাও জানি যে, আউট টার্ন বেশী হচ্ছে। কিউবিক মিটারে হিসাব নিলে দেখা যাবে যে, ১৯৮০-৮১ সালে ২ লক্ষ ৩০ হাজার ৪৭০ কিউবিক মিটার হয়েছে, আর ১৯৮৩-৮৪ সালে ২ লক্ষ ৪৪ হাজার ৩০০ কিউবিক মিটার হয়েছে। এর মধ্যে আবার ফুয়েল উড আউট টার্ন প্রতি কিউবিক মিটার ১৯৮২-৮৩ সালের হিসাব হচ্ছে ৪ লক্ষ ৫০ হাজার ৬০৭, আর ১৯৮৩-৮৪ সালের হিসাব হচ্ছে ৭ লক্ষ ৭৩ হাজার ৪১৪।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বিরোধী পক্ষের এবং সরকার পক্ষের সদস্যরা বন ধ্বংস হচ্ছে বলে উদ্বেগ প্রকাশ করেছেন। তাঁদের সেই উদ্বেগের সঙ্গে আমি একমত। আজকে বন যেভাবে রক্ষা করা দরকার সেভাবে সাধারণতঃ রক্ষা করা যাচ্ছে না। এর দুটি প্রধান কারণ। একটা কারণ হচ্ছে সারা পশ্চিমবঙ্গের মোট জমির সাড়ে তের ভাগ জমি হচ্ছে বনাঞ্চল। এই বিস্তীর্ণ এলাকার এক প্রান্ত থেকে অপর প্রান্ত ফরেষ্ট গার্ড দিয়ে বা ফরেষ্ট ডিপার্টমেন্টের কর্মীদের দিয়ে রক্ষা করা সম্ভব নয়। যদিও আমরা সেই চেষ্টাই করছি, কিন্তু বাস্তবে তা সম্ভব হচ্ছে না। সুতরাং এই অবস্থায় আমাদের কি করতে হবে? এই অবস্থায় আমাদের কর্তব্য হচ্ছে বন রক্ষা করার ব্যাপারে পঞ্চায়েতকে এবং বনাঞ্চলের সাধারণ মানুষদের উৎসাহী করে তুলতে হবে। তাঁরা যদি সচেষ্ট হন তাহলেই বন রক্ষা করা সম্ভব। আর একটি বিষয় হচ্ছে, ফরেষ্ট এরিয়ার আশপাশে যে-সমস্ত মানুষরা থাকেন তাঁরা বেশীর ভাগই সাধারণ, গরীব, দুঃস্থ মানুষ। এক শ্রেণীর মহাজন তাঁদের প্রলুব্ধ করে

বনসম্পদ চুরি করতে। তাঁদের দারিদ্র্যের সুযোগ এই সমস্ত অসাধু ব্যবসায়ীরা গ্রহণ করে। অতীতের পুরাতন মহাজনরা আজকে কাঠের ব্যবসা থেকে প্রায় উচ্ছেদ হয়ে গেছেন এবং সে জায়গায় নতুন এক শ্রেণীর ব্যবসায়ী দলের সৃষ্টি হয়েছে, এরা সফিস্টিকেটেড্ আর্মস নিয়ে অস্ত্রসজ্জায় সজ্জিত হয়ে সাধারণ গরীব মানুষদের প্রলুব্ধ করে তাদের মাধ্যমে নিজেদের স্বার্থ চরিতার্থ করছে। অনেক জায়গায় এরা ট্রাক নিয়ে গিয়ে ট্রাক বোঝাই করে অবৈধভাবে কাঠ কেটে নিয়ে যাচ্ছে। ফরেস্ট গার্ডরা বাধা দিতে গিয়ে তাদের হাতে প্রাণ পর্যন্ত হারাচ্ছেন রেঞ্জাররা, ফরেষ্ট গার্ড'রা তাদের বাধা দিতে গিয়ে মৃত্যুমুখে পতিত হচ্ছেন। আমাদের অনেক কর্মী আহত হয়ে দীর্ঘদিন হাসপাতালে ভর্তি হয়ে রয়েছেন। অনেকে হাসপাতাল থেকে হয়ত ছাড়া পেয়েছেন, কিন্তু অঙ্গহানি হয়েছে এবং অনেকে হাসপাতাল থেকে আর ফিরেই আসেন নি, দীর্ঘদিন আহত হয়ে হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়াই করে শেষ হয়ে গেছেন। এই অবস্থায় আমরা বুঝতে পারছি যে, শুধু ফরেষ্ট ডিপার্টমেন্টের কর্মীদের বা ফরেষ্ট গার্ড দিয়ে বন সংরক্ষণ করা কখনই সম্ভব নয়। ফরেষ্ট গার্ড তো থাকবেই, তার পাশাপাশি ফরেষ্ট-এর ফ্রিঞ্জ এরিয়ার মানুষদের ইকনমিক রিহেবিলিটেশনের ব্যবস্থা করা উচিত। কিন্তু আমরা জানি সেই ইকনমিক রিহেবিলিটেশনের পূর্ণ আর্থিক দায়িত্ব আমাদের বন বিভাগের পক্ষে নেওয়া কখনই সম্ভব নয়। সেইজন্য এ ব্যাপারে সমস্ত দপ্তরকে সামগ্রিকভাবে এগিয়ে আসতে হবে। সকলের মিলিত প্রচেষ্টার দ্বারা ঐ সমস্ত এলাকার দুঃস্থ মানুষগুলির মধ্যে একটু অর্থনৈতিক স্বাচ্ছন্দ্য আনতে হবে এবং তা যদি আনা যায় তাহলে তাদের সাহায্য নিয়ে আমরা বনকে রক্ষা করতে পারব। তা না হলে হাজার হাজার অস্ত্রশস্ত্র নিয়েও বনকে রক্ষা করতে পারব না। সেইজন্যই আজকে আমরা বিভিন্ন জায়গায় ঐ সমস্ত দুঃস্থ মানুষদের জীবনযাত্রার প্রতি লক্ষ্য রেখে কিছু কিছু প্রোগ্রাম গ্রহণ করেছি। এ বিষয়ে আদিবাসী কল্যাণ দপ্তর আমাদের সবচেয়ে বেশী সহযোগিতা দিচ্ছে। অবশ্য বনের ফ্রিঞ্জ এরিয়ায় আদিবাসী এবং তপসিলী সম্প্রদায়ের মানুষরাই বেশী বাস করেন। সেই পরিপ্রেক্ষিতে আদিবাসী কল্যাণ দপ্তর তাদের জীবনযাত্রার এবং অর্থনীতির উন্নতি ঘটাবার জন্য যে-সমস্ত পরিকল্পনা গ্রহণ করছে, সেগুলি আমাদের যথেষ্ট সাহায্য করছে। এই পরিপ্রেক্ষিতে আমরা আজকে লক্ষ্য করছি যে, ইলিগ্যাল ফিলিং অনেক পরিমাণে বন্ধ হয়েছে। আমরা আশা করছি এই সমস্ত কাজের দ্বারা বনাঞ্চলের মানুষদের সাহায্যে আস্তে আস্তে সমস্ত ফরেষ্টকে কভার করতে পারব, সমস্ত বনাঞ্চল সংরক্ষিত করতে পারব।

সেই জন্যই আমরা ফরেষ্ট ফ্রিঞ্জ এরিয়া উন্নয়ন পরিকল্পনা ব্যাপকভাবে গ্রহণ করছি।

দ্বিতীয়তঃ আপনারা সকলে জানেন সমাজভিত্তিক বনসৃজনের বিরাট এক পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। এই পরিকল্পনা গ্রহণ করবার কারণ হচ্ছে পশ্চিম-বাংলার সমগ্র ভূমির মাত্র সাড়ে তের ভাগ হচ্ছে বনাঞ্চল, সুতরাং জমি বাড়িয়ে বন সৃষ্টি করা কখনই সম্ভব নয়। সেই জন্য আমাদের এমন পরিকল্পনা নিতে হবে, যে পরিকল্পনার মাধ্যমে সাধারণ মানুষকে সীমাবদ্ধ জমির মধ্যেই বন সৃষ্টি করার কাজে উদ্বুদ্ধ করা যায়। আমাদের এই পরিকল্পনায় কিছু অংশে সাকসেসফুল হয়েছি। আমি যে পরিসংখ্যান দিয়েছি তাতে দেখবেন বিরাট এলাকায় বনসৃজন করেছি সাধারণ মানুষের সহযোগিতায় গরিব মানুষের সহযোগিতায় এবং যাদের কিছু কিছু জমি আছে তাদের নিয়ে এইভাবে বন সৃষ্টির মধ্য দিয়ে এগিয়ে চলেছি। যাদের নিজেদের সন্তান আছে তারা যেরকম তাদের সন্তানদের মায়া-মমতা করে প্রতিপালন করে, অপরের সন্তানদের ঘৃণা করতে পারে না, সেইভাবে যদি তাদের মাধ্যমে গাছ তৈরী করা হয় তাহলে তারা ফরেস্টে গিয়ে গাছ কাটবে না, তারা গাছকে রক্ষণাবেক্ষণ করবে। দৃষ্টান্ত হিসাবে আমি বলতে চাই বাঁকুড়ার একটি জায়গায় বারেবারে ফরেস্ট তৈরী করার চেষ্টা করেছি। সেই ফরেস্ট নষ্ট করে ফেলেছে। তারপর সোস্যাল ফরেস্ট্রির মাধ্যমে কাজ শুরু করা হলো। ঐ আদিবাসীদের ৬৬০টি পরিবারকে নিয়ে এলাম। তাদের ভিতর ঐ গাছ বিলি করে, তাদের আর্থিক সাহায্য দিয়ে সেখানে নার্শারীও করা হলো, এইরকম ভাবে নানারকম পন্থায় তাদের যাতে উদ্বুদ্ধ করা যায় সেই সমস্ত করে সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করলাম। তখন যেখানে ফরেস্ট বারবার সৃষ্টি করার চেষ্টা করা হয়েছে, কিন্তু সম্ভব হয় নি, যেখানে ৩ বার ফরেস্টের গাছ কেটে নিয়ে গেছে সেখানে এখন ভাল ফরেস্ট তৈরী হয়েছে। সুতরাং ফরেস্ট কভার তৈরী করতে হলে সোস্যাল ফরেস্ট্রির যে স্কীম সেটার মধ্য দিয়ে সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করতে হবে। বনরক্ষা, বনসৃজন এবং সোস্যাল ফরেস্ট্রি করতে গিয়ে সমস্ত রাজনৈতিক দলের, সমস্ত মানুষের এবং পঞ্চায়েতের সকলের সহযোগিতা পেয়েছি, যেমন বর্ধমানে, যেমন বীরভূমে, যেমন মেদিনীপুরে সমস্ত জায়গায় পঞ্চায়েতের কাছে যেতে পেরেছি, সাধারণভাবে পঞ্চায়েত সহযোগিতা করেছে। বিভিন্ন রাজনৈতিক পার্টির নেতাদের কাছে, কর্মীদের কাছে আহ্বান করছি বনসৃষ্টির কাজ চালিয়ে যান। বনসৃষ্টি হলে ভূমিক্ষয় রদ হবে, সাধারণ আবহাওয়া ঠিক থাকবে। সাধারণভাবে মৃত্তিকা ক্ষরণ যেটা হয় সেটা হবে না। এখানে দেখছি বন্যা এবং খরা বাৎসরিক উৎসব হয়ে দাঁড়িয়েছে। একবার বন্যা, একবার খরা। এটার

রণ হচ্ছে সাধারণভাবে আমাদের মৃত্তিকা রক্ষা করবার জন্য যে বনের দরকার সেই বন ধ্বংস করা হচ্ছে, গাছ কেটে নেওয়া হচ্ছে, সেইজন্য এই অবস্থা এসে দাঁড়িয়েছে। সেইজন্য বিরাট পরিকল্পনা আমাদের আছে। সাধারণভাবে কেন্দ্রীয় সরকার এবং ই. ই. সি. কর্তৃক সাহায্য পেয়েছি। বিভিন্ন নদী অববাহিকায় সয়েল কনজারভেশানের কাজ করছি। আমার শেষ কথা বন্যপ্রাণী সংরক্ষণ। আজকে এই ওয়াইল্ড লাইফ প্রিসার্ভ করা হচ্ছে কেন? এই বনকে প্রটেকশানের জন্য, প্যাসিভ প্রটেকশানের জন্য যে বন্দোবস্ত করা হয়—সেই এলাকায় জিনিসগুলি রক্ষা করার জন্য সাড়ে ১৩ ভাগ জমি নেওয়া হয়েছে এবং তার শতকরা ৩০ ভাগ জমি ওয়াইল্ড লাইফের জন্য রিজার্ভ করেছি তাদের যাতে প্রটেকশান হয়। এই কথা বলে আমি সমস্ত কাট মোশানের বিরোধিতা করছি এবং যে ব্যয়বরাদ্দের দাবী অনুমোদনের জন্য আপনাদের কাছে পেশ করেছি, সেই ব্যয়বরাদ্দ অনুমোদন করুন।

The motion that the Demand be reduced to Rupee 1 was then put and lost.

The motions that the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Shri Parimal Mitra** that a sum of Rs. 21,58,16,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads : "313—Forest (Excluding Lloyd Botanic Garden, Darjeeling) and 513—Capital Outlay on Forest", was then put and agreed to.

[7.00—7.10 P.M.]

DEMAND No. 4

Major Head : 214-Administration of Justice

শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ : মহাশয়, মাননীয় রাজ্যপালের সুপারিশ-ক্রমে আমি প্রস্তাব করছি যে, ৪ নং দাবীর অন্তর্গত মুখ্যখাত "২১৪-বিচার-সংক্রান্ত প্রশাসন" বাবদ ব্যয় মেটাবার জন্য ৯ কোটি ৭৭ লক্ষ ৪৩ হাজার টাকা মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে বর্তমান বছরে ভোট অন এ্যাকাউন্ট বাজেটে অনুমোদিত ১ কোটি ১২ লক্ষ ৯১ হাজার টাকাও ধরা আছে।

জেলাস্তর থেকে ব্লকস্তর পর্যন্ত সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষদের বিনা ব্যয়ে

আইনগত সাহায্যদানের উদ্দেশ্যে রাজ্য সরকার পশ্চিমবঙ্গ রাজ্য আইনগত সাহায্য ও উপদেশদান পরিকল্পনা, ১৯৮০ নামে একটি পরিকল্পনা চালু করেছেন। ঐ পরিকল্পনা চালু করার আগে ১৯৭৪ সালের দরিদ্র ব্যক্তিদের আইনগত সাহায্য-দানের নিয়মাবলী অনুযায়ী দরিদ্র ব্যক্তিদের আইনের সাহায্য দেওয়া হত। প্রথম-পর্বে ১৯৮০ সালের পরিকল্পনাটি হাওড়া, হুগলী, ২৪-পরগনা, পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি, মালদা এবং বীরভূম জেলাগুলিতে এবং কলিকাতায় প্রবর্তিত হয়েছিল। কলিকাতা হাইকোর্ট কতকগুলি ক্ষেত্রে স্থগিতাদেশ জারি করার ফলে ঐ পরিকল্পনাটি রাজ্যের বাকী জেলাগুলিতে প্রবর্তন করা যায় নি। পরবর্তীকালে পরিকল্পনাটির কিছু সংশোধন করে ঐ অসুবিধা দূর করা হয়েছে এবং বর্তমানে রাজ্যের সমস্ত জেলাতেই ঐ পরিকল্পনাটি চালু করা হয়েছে।

প্রথমদিকে ঐ পরিকল্পনা অনুযায়ী যে-সব লোকের বার্ষিক আয় অনধিক ২৪০০ টাকা ছিল কেবলমাত্র তাঁরাই আইনগত সাহায্যের অধিকারী ছিলেন, কিন্তু বাস্তব অভিজ্ঞতা থেকে দেখা গিয়েছে যে, ক্রমবর্ধমান দ্রব্যমূল্যের পরিপ্রেক্ষিতে উক্ত আয়ের সীমা ঐ পরিকল্পনা কার্যকরী করার পক্ষে খুবই অপ্রতুল। সেইহেতু সমাজের দুর্বলতর শ্রেণীর অধিকতর সংখ্যক লোককে ঐ পরিকল্পনার সুবিধা দেওয়ার উদ্দেশ্যে উক্ত বার্ষিক আয়ের সীমা বাড়িয়ে কর্পোরেশন ও মিউনিসিপ্যাল এলাকার বাসিন্দাদের ক্ষেত্রে ৭০০০ টাকা এবং গ্রামাঞ্চলের বাসিন্দাদের ক্ষেত্রে ৫০০০ টাকা করা হয়েছে। গ্রামাঞ্চলের বাসিন্দাদের মধ্যে ঐ পরিকল্পনাটি জনপ্রিয় করার উদ্দেশ্যে জেলাগুলির বিভিন্ন স্থানে রাজ্য আইনগত সাহায্য ও উপদেশদান পর্ষদ অথবা জেলা আইনগত সাহায্যদান সংস্থার উদ্যোগে আইনগত সাহায্যদান শিবিরের অনুষ্ঠান করার ব্যবস্থা করা হয়েছে। রাজ্য পর্ষদের উদ্যোগে ২৯-১-৮৩ তারিখে ২৪ পরগনা জেলার সাগরে একটি আইনগত সাহায্যদান শিবির অনুষ্ঠিত হয়েছিল। অনুষ্ঠানটি সাফল্যমণ্ডিত হয়েছিল। ১২-২-৮৪ তারিখে ঐ জেলার বাণীপুরে অনুরূপ একটি শিবির অনুষ্ঠিত হয়েছিল।

পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জে ৪-৯-১৯৮৩ তারিখে একটি জেলা আইনগত সাহায্য সম্মেলন হয়েছিল। উপরিউক্ত পরিকল্পনাটির অধিকতর কার্যকরী এবং বহুল প্রচারের সম্ভাব্য উপায়গুলি এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়গুলি সম্বন্ধে আলোচনা করার উদ্দেশ্যে ৮-১-৮৪ তারিখে কলিকাতায় রাজ্য আইনগত সাহায্যদান সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি ৩-৩-৮৪ তারিখে বহরমপুরে মুর্শিদাবাদ জেলা আইনগত সাহায্যদান সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

উক্ত পরিকল্পনার অন্তর্গত সুবিধাগুলি সম্বন্ধে জনসাধারণকে সচেতন করার

জন্য রাজ্য আইনগত সাহায্য ও উপদেশদান পর্ষদ সর্বরকম প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

সমাজের দুর্বলতর মানুষদের আইনগত সাহায্যদানের উদ্দেশ্যে ১৯৮৪-৮৫ সালের বাজেটে সংশ্লিষ্ট খাতে ৩ কোটি টাকার সংস্থান করা হয়েছে।

ডায়মণ্ডহারবার অঞ্চলে মামলাকারী জনসাধারণের সুবিধার্থে এবং জমে যাওয়া দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য ২৩-৯-৮৩ তারিখ থেকে উক্ত স্থানে একটি অস্থায়ী সাব-জজের আদালত স্থাপন করা হয়েছে। উদয়নারায়ণপুর ও আমতা অঞ্চলের মামলাকারী জনসাধারণের দীর্ঘকাল স্থায়ী অসুবিধা দূরীকরণের উদ্দেশ্যে আমতাতেও একটি বিচার বিভাগীয় ম্যাজিষ্ট্রেটের আদালত স্থাপন করা হয়েছে।

রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুযায়ী ১৭-৮-৮৩ তারিখ হইতে নদীয়া জেলার কল্যাণীতে একটি নূতন মহকুমা স্থাপিত হয়েছে। ঐ নূতন মহকুমায় বিচারকার্য পরিচালনার জন্য একটি বিচার বিভাগীয় মহকুমা ম্যাজিষ্ট্রেট এবং একটি বিচার বিভাগীয় ম্যাজিষ্ট্রেটের আদালত ঐ তারিখ হইতে কল্যাণীতে স্থাপিত হয়েছে। ঐ আদালত-গুলির জন্য প্রয়োজনীয় কর্মচারীর পদগুলি ঐ তারিখ হইতে মঞ্জুর করা হয়েছে।

বিচার ব্যবস্থার উন্নতিকল্পে এবং পশ্চিম দিনাজপুর জেলার মামলাকারী জনসাধারণের সুবিধার্থে ১৬-৫-৮৩ তারিখ হইতে পশ্চিম দিনাজপুর-মালদা জেলা আদালতকে বিভক্ত করা হয়েছে এবং পশ্চিম দিনাজপুর জেলার জন্যে একটি পৃথক জেলা ও দায়রা জজের আদালত স্থাপন করা হয়েছে। আশা করা যাচ্ছে যে, শীঘ্রই ঐ জেলার ইসলামপুর ও রায়গঞ্জে অতিরিক্ত জেলা জজের সার্কিট কোর্ট চালু করা যাবে।

বিশেষ আদালতের মামলাগুলির বিচার ত্বরান্বিত করার উদ্দেশ্যে ১৯৪৯ সালের পশ্চিমবঙ্গ আইন সংশোধন (বিশেষ আদালত) আইনটির সংশোধন করা হয়েছে এবং এর দ্বারা সরকার কর্তৃক বিশেষ আদালতের সংশ্লিষ্ট মোকদ্দমাগুলির বিচার করার আদেশদানের পদ্ধতি বাতিল করে দেওয়া হয়েছে।

১৯৮৪-৮৫ সালের বার্ষিক পরিকল্পনার খাতে এই বিভাগের জন্য ৯২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এই টাকা প্রধানতঃ রাণাঘাট, কৃষ্ণনগর, বালুরঘাট, আরামবাগ, রায়গঞ্জ, উলুবেড়িয়া, মেদিনীপুর, বর্ধমান এবং ২৪ পরগনার আলিপুর প্রভৃতি জায়গায় আদালত গৃহনির্মাণের চালু পরিকল্পনাগুলি সম্পন্ন করার উদ্দেশ্যে ব্যয় করা হবে। ফলে ১৯৮৪-৮৫ সালে অর্থের অপ্রতুলতার দরুন নূতন গৃহনির্মাণের পরিকল্পনা গ্রহণ করা যাবে বলে মনে করা যায় না।

এতদিন হাওড়া জিলার আদালতে কোন রেকর্ডরুম ছিল না। একটি নূতন রেকর্ডরুমের নির্মাণকার্য প্রায় শেষ হয়ে এসেছে এবং এটা খুব শীঘ্রই চালু করা হবে বলে আশা করা যাচ্ছে।

এর ফলে মামলাকারী জনসাধারণ অযথা অর্থ ব্যয় এবং বিলম্বের হাত থেকে অব্যাহতি পাবে।

আদালতের মুহুরীগণ, সাক্ষীগণ এবং মামলাকারী জনসাধারণের সুখ-সুবিধার অভাব সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছেন এবং আশা করা যাচ্ছে যে, ভবিষ্যতে আমরা এই বিষয়ে কিছুটা ব্যবস্থা করতে পারব। আদালতগুলির চৌহদ্দির মধ্যে অথবা কাছাকাছি জায়গার অভাব এই ব্যাপারে একটা বড় রকমের বাধা হয়ে আছে।

আইনজীবীগণের জন্য একটি কল্যাণমূলক অর্থভাণ্ডার গড়ে তোলার প্রস্তাব সরকার সক্রিয়ভাবে বিবেচনা করছেন।

উত্তরবঙ্গে মামলাকারী জনসাধারণের সুবিধার্থে জলপাইগুড়িতে কলিকাতা হাইকোর্টে একটি সারকিট বেঞ্চ স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন রয়েছে। এই উদ্দেশ্যে সরকার জলপাইগুড়ির "নবাব বাড়ীতে" প্রয়োজনীয় জায়গার সংস্থান রেখেছেন। সরকার এই ব্যাপারে কলিকাতা হাইকোর্টের সম্মতির অপেক্ষায় রয়েছেন।

মহাশয়, এই কথা বলে আমি আমার প্রস্তাব সভার অনুমোদনের জন্য পেশ করছি।

DEMAND No. 8

Major Head : 230-Stamps and Registration

শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহঃ মহাশয়, মাননীয় রাজ্যপালের সুপারিশ-ক্রমে আমি প্রস্তাব করছি যে, ৮ নং অনুদানের অধীনে মুখ্যখাত "২৩০-স্ট্যাম্পস্ এবং রেজিস্ট্রেশন" বাবদ ব্যয়নির্বাহার্থ ৫ কোটি ৩৮ লক্ষ ৭ হাজার টাকা মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে বর্তমান বছরে ভোট অন অ্যাকাউন্ট বাজেটে অনুমোদিত ৮৯ লক্ষ ৬৮ হাজার টাকাও ধরা আছে।

এই রাজ্যে ১৮৯৯ সালের 'ইণ্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট' এবং ১৯০৮ সালের 'রেজিস্ট্রেশন অ্যাক্ট' প্রশাসন বাবদ যে ব্যয় হয় তা "২৩০-স্ট্যাম্পস্ এবং রেজিস্ট্রেশন" মুখ্যখাতের অন্তর্ভুক্ত। এই রাজ্যে ২১৪টি রেজিস্ট্রেশন অফিসের

মধ্যে ৪৫টি পূর্তবিভাগের সরকারী বাড়ীতে রয়েছে এবং অবশিষ্ট রেজিস্ট্রেশন অফিসগুলি ভাড়া করা বাড়ীতে আছে। জনসাধারণ এবং রেজিস্ট্রি অফিসের কর্মচারীদের সুবিধার্থে গত বছর প্রায় ১০টি সাব-রেজিস্ট্রি অফিস পুরানো ও জীর্ণদশাগ্রস্ত বাড়ী থেকে নতুন বাড়ীতে স্থানান্তরিত করা হয়েছে।

সমস্ত সাব-রেজিস্ট্রি অফিসের জন্য বিভাগীয় নিজস্ব বাড়ী এবং সাব-রেজিস্ট্রার ও কর্মচারীদের জন্য সরকারী বাড়ী তৈরীর পরিকল্পনা রাজ্যের বার্ষিক যোজনাগুলিতে গ্রহণ করা হয়েছে। কোচবিহার ও মেদিনীপুর সদর রেজিস্ট্রি অফিসের রেকর্ডরুম তৈরীর কাজ শেষ হয়েছে। জলপাইগুড়ি, পুরুলিয়া ও বাঁকুড়া সদর রেজিস্ট্রেশন অফিসগুলির রেকর্ডরুম তৈরীর কাজ চলছে। প্রায় ১০টি সাব-রেজিস্ট্রি অফিস ও সাব-রেজিস্ট্রারের বাড়ী তৈরী ও মেরামতের উদ্দেশ্যে প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হয়েছে। পরিকল্পনাটি সম্পূর্ণভাবে কাজে পরিণত হলে এই বিষয়ে বাড়ী ভাড়া বাবদ পৌনঃপুনিক ব্যয়ের প্রয়োজন হবে না।

জনসাধারণের প্রয়োজন মেটাবার জন্য এই রাজ্যে কতকগুলি নতুন সাব-রেজিস্ট্রি অফিস খোলা হয়েছে। ১৯৮৩ সালের আগস্ট মাস থেকে কল্যাণীতে একটি নতুন সাব-রেজিস্ট্রি অফিস কাজ শুরু করেছে। বিধাননগরে একটি নতুন অফিস খোলা হয়েছে। আর একটি সাব-রেজিস্ট্রি অফিস পশ্চিম দিনাজপুর জেলার অন্তর্গত 'তপন' নামক স্থানে খুব সত্বর খোলা হবে।

জনসাধারণকে রেজিস্ট্রিকৃত দলিল ফেরত দেওয়ার কাজ ত্বরান্বিত করার জন্য "ফাইলিং সিস্টেম" নামে একটি নতুন রেজিস্ট্রিকরণ পদ্ধতি পর্যায়ক্রমে এই রাজ্যের রেজিস্ট্রেশন অফিসগুলিতে প্রচলনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই নতুন পদ্ধতি ১৯৮৩ সালের ১লা জানুয়ারী থেকে চালু হবার কথা ছিল। কিন্তু হাইকোর্ট থেকে এ ব্যাপারে কয়েকটি স্থগিতাদেশ জারি হওয়ার দরুন ঐ পদ্ধতি কার্যকর করার ব্যাপারটি স্থগিত রাখতে হয়েছে।

জমে থাকা প্রচুর বকেয়া দলিলগুলি ফেরত দেবার ব্যাপারে এই রাজ্যের কতকগুলি জেলা রেজিস্ট্রেশন অফিসে দলিলসমূহের 'ইলেক্ট্রো-স্ট্যাটিক প্রিন্টিং' (ফটো কপি) পদ্ধতি চালু করা হয়েছে।

অবমূল্যায়ন ও বিভিন্ন প্রকারে স্ট্যাম্প ডিউটি ফাঁকি দেওয়া রোধ করার জন্য বিভিন্ন ব্যবস্থার কথা সরকার ভাবছেন। এই ফাঁকি দমনের জন্য 'স্ট্যাম্প অ্যাক্টের' প্রয়োজনীয় সংশোধন করে সাব-রেজিস্ট্রারদের রাজস্ব-সম্বন্ধীয় ক্ষমতা দানের কথাও চিন্তা করা হচ্ছে। আশা করা যাচ্ছে যে, এই খাতে আয় অনেকাংশে বৃদ্ধি পাবে।

পরিশেষে বক্তব্য এই যে, সমস্ত রেজিস্ট্রেশন অফিসগুলিতে পুরো সময়ের জন্য সাব-রেজিস্ট্রার দিতে না পারার দরুন জনসাধারণের যে অসুবিধা হচ্ছে, সে সম্পর্কে সরকার সচেতন আছেন। উপযুক্ত সংখ্যক অফিসার না থাকায় কোন কোন ক্ষেত্রে একজন সাব-রেজিস্ট্রারকে একাধিক অফিসের দায়িত্ব দেওয়া হচ্ছে। সাব-রেজিস্ট্রারগণ 'পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের' মাধ্যমে নিযুক্ত হয়ে থাকেন। 'পাবলিক সার্ভিস কমিশনের' মাধ্যমে নবনিযুক্ত প্রায় ৪৬ জন সাব-রেজিস্ট্রার, যার মধ্যে আদালত সম্পর্কে অভিজ্ঞতাসম্পন্ন আইনের স্নাতকও রয়েছেন অতি সত্বর কার্যে যোগদান করবেন।

মহাশয়, এই বক্তব্য রেখে আমি আমার প্রস্তাব অনুমোদনের জন্য সভার কাছে পেশ করছি।

আমার একটা কথা এখানে বলার আছে। আপনাদের কাছে প্রচার পুস্তিকা দেওয়া হয়েছে, তার মধ্যে রেজিস্ট্রেশন খাতে একটা জায়গায় বলা হয়েছে আমরা একটা ফাইলিং সিসটেম ইন্ট্রোডিউস করেছিলাম, ১৯৮৩ সালের ১লা জানুয়ারী থেকে সেটা চালু হবার কথা ছিল। সেটা চালু হলে একদিন / দুদিনের মধ্যে রেজিস্ট্রেশন অফিস থেকে মূল দলিলের কপি ফেরত দেবার সম্ভাবনা ছিল, কিন্তু দুর্ভাগ্যের বিষয় এটা ইনজাংশান দিয়ে বন্ধ করা হয়, এটা লেখা আছে। কিন্তু সৌভাগ্যের বিষয় গত ৯ তারিখে এই ইনজাংশান ভেকেট করা হয়, স্থগিতাদেশ আর বহাল নেই। ফলে ১০ তারিখে রাজ্যের ৬টি সাব-রেজিস্ট্রি অফিস আমরা চালু করেছি এবং আশা করছি সমস্ত জায়গায় প্রত্যেক ডিসট্রিক্টে ফাইলিং সিসটেম চালু করতে পারব। আমার বাকী বক্তব্য বিরোধী দলের বক্তব্য শোনার পর বলব।

Mr. Deputy Speaker : All the cut motions are in order and taken as moved.

DEMAND No. 4

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

DEMAND No. 8

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

Sir, I also beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

শ্রীআনন্দমোহন বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় আইন-মন্ত্রী মহাশয় সৈয়দ মনসুর হবিবুল্লাহ সাহেব বিচার বিভাগের জন্য প্রশাসনিক ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন। আমি সেই বিতর্কে অংশ গ্রহণ করছি। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি ব্যক্তিগত ভাবে চিনি, তিনি ব্যবহারিক জীবনে একজন স্বনামধন্য ব্যবহারজীবী ছিলেন। এখানে তিনি নিঃসন্দেহে অনেক ভাল কথা বলেছেন। এখানে যে-সমস্ত মফস্বলে আদালত গৃহ নির্মাণের পরিসংখ্যান দিয়েছেন, লিগ্যাল এইড ফাণ্ডের কথা বলেছেন, অত্যন্ত অপরিহার্য ছিল এটা, বিশেষ করে অশিক্ষিত দরিদ্র মানুষ, আমরা যাদের বলি টলি মাসেস তাদের কাছে আইনের সাহায্য এবং সহযোগিতা পৌঁছে দেওয়া প্রত্যেকটি গণতান্ত্রিক সরকারের দায়িত্ব। সেই দায়িত্ব তিনি পালন করার চেষ্টা করেছেন। এখানে লইয়ারদের পেনসনের কথা বলেছেন, কিন্তু কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণের ইঙ্গিত এখানে নেই। আমি শুধু বলতে চাই লিগ্যাল এইড ফাণ্ড এবং তার সাথে সাথে আদালত গৃহ নির্মাণ এটা আজকের দিনে বিচার ব্যবস্থার মৌলিক সমস্যা নয়। তিনি একজন অভিজ্ঞ আইনজ্ঞ।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ব্যক্তিগত জীবনে একজন আইনজ্ঞ। সেক্ষেত্রে আইনের যে-সমস্ত মৌল প্রশ্ন আছে, সেই সমস্ত মৌল প্রশ্ন সম্পর্কে এখানে আলোকপাত করা হয় নি সেটা দেখতে পাচ্ছেন এবং এটা অত্যন্ত দুঃখের। আমরা জানি শাসনতন্ত্রের এবং গঠনতন্ত্রের বৈচিত্র্যের সঙ্গে বিচার ব্যবস্থার বিভিন্ন জিনিসে থিওক্র্যাটিক সেট আপে ধর্মীয় অনুশাসন আইনে প্রাধান্য লাভ করেছে, সম্প্রসারণ ঘটেছে। আমরা বলতে পারি যে, আইনে বৈপ্লবিক চিন্তাধারা প্রতিফলিত হয়েছে। সেখানে বিচার ব্যবস্থা একটি সাবসার্ভিয়েন্ট টু পার্টি। এর ব্যতিক্রমও আছে। ওয়ান অফ দি গ্রেটেস্ট রুশিয়ান জুরিস্ট কার্কুনভ বলেছেন : মানুষের উপর আইন চাপিয়ে দেবার ব্যাপার নয়, এর ভলেনটারী এ্যাকসেপটেন্স-এর ব্যাপারও আছে এবং জনগণ স্বতঃপ্রণোদিত ভাবে গ্রহণ করে নেবেন। এটা অনেক সময় টোটালিটেরিয়ান সেট-আপে হলেও বিচার ব্যবস্থায় কিছু কিছু গণতান্ত্রিক চিন্তাধারা কার্যকর আছে বলেই মনে করি। আমাদের দেশে গণতান্ত্রিক ব্যবস্থায় বিচার ব্যবস্থা স্বতন্ত্র, নিরপেক্ষ ও দলীয় প্রভাবমুক্ত। ইট ইজ এ কনস্টিটিউশনাল প্রভিশন—দি ইণ্ডিপেনডেন্স অফ জুডিশিয়ারী, অর্থাৎ বিচারের স্বাতন্ত্র্যতা এবং নিরপেক্ষতা, বিচারে দলীয় প্রভাব মুক্তির ব্যাপারটা হচ্ছে সাংবিধানিক বিধান। আজকে এই প্রসঙ্গে

অনেক প্রশ্ন উঠছে। আমি সেই সমস্ত বিতর্কিত প্রশ্নে যেতে চাই না। আজকে আইনসভার সঙ্গে বিচার বিভাগের কি সম্পর্ক হওয়া প্রয়োজন সেটা জানা দরকার। মিঃ স্পীকার স্যার, আপনি নিজে একজন আইনজ্ঞ। আমি এখানে Mains থেকে কোট্ করি। কি বলেছেন তিনি? হোয়াট আর দি সোর্সে'স অফ ল? সেগুলো হচ্ছে—এ্যাডজুডিকেশন, ইউসেস্ এ্যাণ্ড কাস্টমস্ ও আইনসভা হচ্ছে অন্যতম প্রধান সোর্সেস অফ ল। এটা আইনের পীঠস্থান, এখান থেকে আইন তৈরী হয়। প্রশ্নটা হচ্ছে সেই আইনকে কার্যকরী করা এবং আইনকে কার্যকরী করতে গিয়ে যদি কোন অসুবিধা সৃষ্টি হয় তখন আমরা বিচার ব্যবস্থার কাছে যাই। বিচার ব্যবস্থা আইনের কষ্টিপাথরে আইনকে বিচার করেন। কাজেই দেখা যাচ্ছে, বিচার বিভাগ এবং এই বিধানসভা ও সংসদ—একে অন্যের পরিপূরক এবং এ্যাট দি সেম্ টাইম আইনসভা এবং বিচারালয়গুলি স্ট্যাণ্ডিং অন দি সেম্ ফুটিংস, উভয়ের সম্পর্ক অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ বলে মনে করি। এখানে আপনার রুলিংকে কেন্দ্র করে আমাদের দলের মুখ্য সচেতক দল বেঁধে হাইকোর্টে গিয়েছিলেন আপনার রুলিং-এর ক্ল্যারিফিকেশনের জন্য। তাতে অমলেন্দ্রবাবু বলেছিলেন যে, এর ফলে নাকি হাউসের মর্যাদা হানি হয়েছিল। আমরা একমত যে, পশ্চিমবাংলার ৭ কোটি মানুষের আমরাও প্রতিনিধি। এমন কোন কাজ করবো না, যে কাজে হাউসের অবমাননা হবে, জনসাধারণকে ছোট করা হবে। সেই জন্য বলছি অনেক নজির আছে যে, অনেক সময় আইনের ব্যাখ্যা করা সম্ভব না হলে ভলেনটারী সরকারও মহামান্য হাইকোর্টের কাছে অফিসিয়াল পাঠান ওপিনিয়ন চেয়ে। এই রকম প্রিসিডেণ্ট অনেক আছে। গভর্নমেণ্ট এই রকম মতামত চেয়ে পাঠিয়েছেন দেয়ার আর সো মেনি ইনস্ট্যানসেস্। সেপারেশন অফ পাওয়ার সম্বন্ধে বলতে গিয়ে বলছি যে, বিরোধী পক্ষে আপনারাও ছিলেন, এখন আমরাও আছি। এখানে সেপারেশন অফ পাওয়ার-এর নিশ্চয়ই দরকার আছে। একজন ব্যক্তি ফৌজদারী আইনে বিচার চায়।

[7.10—7.20 P.M.]

আমরা জানি একজিকিউটিভ ম্যাজিস্ট্রেট বিচার করছেন এখানে। মাননীয় মন্ত্রী মহাশয় নিজেও জানেন অভিযোগকারী যদি বিচারক হন তাহলে সেই বিচারে নিরপেক্ষতা থাকতে পারে না, সেখানে কোন নিরপেক্ষতা আমরা আশা করতে পারি না। আজকে সেপারেশান অফ পাওয়ার ইট ইজ অলসো এ কন্সটিটিউশন্যাল

প্রভিসান। বহু আন্দোলনের ভেতর দিয়ে তৎকালীন সরকারের সহযোগিতার ভেতর দিয়ে আজকে কমপ্লিট সেপারেশান অফ পাওয়ার আমরা করতে পেরেছি, এটা অত্যন্ত আনন্দের বিষয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত বিনয়ের সংগে আপনার কাছে অনুরোধ করবো এখানে সেপারেশান অফ পাওয়ার হওয়া সত্ত্বেও সত্যিকারের কি আমরা সম্পূর্ণ ভাবে সেপারেশান অফ পাওয়ার করতে পেরেছি? এটা কি সম্পূর্ণ ভাবে ত্রুটিমুক্ত হয়েছে? দিস ইজ মাই হামব্যেল সাজেশান, আপনি দয়া করে এটা একটু ভেবে দেখবেন। এটা এখনো ত্রুটিমুক্ত হয় নি। আমি ছোট্ট একটা উদাহরণ দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন একটা ফৌজদারী কেস অত্যন্ত গুরুত্বপূর্ণ কেস। পুলিশের কিন্তু সেখানে ডুয়াল পার্ট আছে। Police is the part and parcel of Administration. এই ব্যাপারে আশা করি কারো দ্বিমত নেই। পুলিশ এফ. আই. আর. থেকে শুরু করে চার্জশিট বা ফাইনাল রিপোর্ট না দেওয়া পর্যন্ত এই ইনভেষ্টিগেশান পিরিয়ড সেখানে আমরা কি বলতে পারি Police is a part and parcel of the Administration এবং it is my personal opinion that police should be the part and parcel of the Judiciary বলে আমি মনে করি। এর ব্যাখ্যা কি? তার ব্যাখ্যা অত্যন্ত পরিষ্কার। একটা পুলিশ কোন্ কেসের চার্জশিট দেবেন, কোন্ কেসটার ফাইনাল রিপোর্ট দেবেন সেটা কিন্তু তার উপর নির্ভর করে। একটা কেস কিভাবে তিনি গ্রাউণ্ডিং করবেন, কেসটা কিভাবে তিনি নিটিং করবেন সেটা সম্পূর্ণ তাঁর উপর নির্ভর করে। পুলিশের যে রোল, আই. ও. অর্থাৎ ইনভেষ্টিগেশান অফিসার যাকে বলছি সে যে ইনভেষ্টিগেশান করবে সেখানে যদি সাবসারভিয়েন্ট টু দি এ্যাডমিনিষ্ট্রেশান থাকে এবং লয়ালিটি টু দি এডমিনিষ্ট্রেশান থাকে তাহলে কেসের গ্রাউণ্ডিং ঠিকমতো হয় না। তার মধ্যে অনেক এমবিগুয়িটি থাকতে পারে। সেখানে আমরা জানি বেনিফিট অফ ডাউট বলে একটা কথা আছে। তাতে একটা নীতিও সেখানে এসটাবলিষ্ট আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং মাননীয় মন্ত্রী মহাশয়ও জানেন যে, একশো জন অপরাধী যদি খালাস হয়ে যায় তাহলে কোন অসুবিধা হয় না, কিন্তু একজন নিরপরাধী মানুষ শাস্তি যেন না পায়। ইনভেষ্টিগেশান ষ্টেজে তার ভিতর যদি এমবিগুয়িটি থাকে, সেখানে যদি গ্রাউণ্ডিং ঠিকমতো না হয়, যদি নিরপেক্ষ ভাবে না করতে পারেন তাহলে জজ হিসাবে তিনি কি করবেন? এবং বিচারকের কাছে এ্যাভেলেবেল সাক্ষী যদি না পৌঁছায় তাহলে সেখানে ফাইনাল রিপোর্ট দিয়ে একটা গুরুত্বপূর্ণ কেস খালাস হয়ে যাবে। আমার কথা বলতে পারেন—এজ এ এম. এল. এ.—আমার পার্টি যদি সেখানে

পাওয়ারে থাকে, আমি যদি কোন কেসে ইনভল্‌বড হই, আমি যদি পলিটিক্যাল এ্যাসাইলাম পাই সেখানে এ্যাডমিনিষ্ট্রেশান এই ব্যাপারে যদি ডিরেক্‌টিভ দেন পুলিশকে তাহলে পুলিশ ঠিকমতো ভাবে গ্রাউণ্ডিং করতে পারবে না এবং সেখানে সত্যিকারের বিচার পাওয়া যাবে না। আমার কনভিকশান হবে না। অনিলবাবু হয়ত বলবেন রিভিসনাল জুরিসডিকশান আছে। পুলিশ যদি সেখানে এ্যাকটিভ না হয় তাহলে ডিফ্যাক্টো কমপ্লেন্ট আনতে পারেন। আনতে পারেন ঠিকই, কিন্তু সেখানে availability of the witness, evidence and all the papers for that case concerned. সেখানে কিন্তু তার গ্রাউণ্ডিং ঠিক থাকে না। তাই আমি মাননীয় বিচারমন্ত্রীর কাছে অনুরোধ করতে চাই আপনি দয়া করে এই ব্যাপারে একটা আইনের ব্যবস্থা করুন। During the investigation police must not be subservient to the Administration. The police must be independent and it must be treated as a part and parcel of the Judiciary. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা অনেক সময় লক্ষ্য করেছি ক্ষমতাসীন পার্টিতে যাঁরা আছেন, যাঁরা প্রশাসনের হেল্‌ম অফ এ্যাফেয়ার্সে বসে আছেন তাঁদের তরফ থেকে ডিউরিং ইনভেষ্টিগেশান কতকগুলি কমেন্‌টস করা হচ্ছে। থ্রু পাবলিক মিডিয়া, খবর কাগজের মাধ্যমে কমেন্‌ট করা হচ্ছে। এর ফলে কেসের গ্রাউণ্ড নষ্ট করে দিতে পারে। আমি একটা উদাহরণ দিচ্ছি। প্রশাসনের অনেক উচ্চতলায় আমি বসে আছি, আমি যদি ইন এডভান্স কোন কমেন্ট করি যে এক্স কিংবা ওয়াই কোন ব্যক্তি So far this crime is concerned they are not involved. এই কথা যদি এ্যাডভান্স বলি তাহলে পুলিশ এখানে নিজের কথা চিন্তা করে, নিজের চাকুরির কথা চিন্তা করে, তার প্রোমোশানের কথা চিন্তা করে প্রশাসনের দিকে তাকিয়ে কেসে চার্জশীট না দিয়ে ফাইনাল রিপোর্ট দিতে পারে বা চার্জশীট নামকাওয়াস্তে দিতে পারে। অনেক লাকুনা রেখে দিতে পারে, অনেক এ্যামবিগুয়িটি রেখে দিতে পারে। সেই এ্যামবিগুয়িটি আদালতের বেনিফিট অফ ডাউট থাকতে পারে, যার শাস্তি হওয়া দরকার তার হয়ত শাস্তি নাও হতে পারে। সেই জন্য আমি অনুরোধ করবো এমন আইন করা দরকার যাঁরা প্রশাসনের ভেতরে আছেন তাঁরা ডিউরিং ইনভেষ্টিগেশান একটা কথাও না বলতে পারে, During investigation, the law will take its own course. এর বাইরে কোন কথা মাস মিডিয়ার ভেতর দিয়ে, খবরের কাগজের ভেতর দিয়ে কোন কমেণ্ট করা চলবে না। That indirectly gives hints to the investigation officer to do or not to do this. এই ধরনের জিনিসে এ্যামবিগুয়িটি আছে বলে আমি মনে করি। মাননীয়

অধ্যক্ষ মহাশয়, হাউসের ভিতর আপনি হলেন সর্বেসর্বা। আপনার রুলিং দেওয়ার ক্ষমতা আছে। আপনি এই ব্যাপারে একটু চিন্তা করুন এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি উইদিন দি হাউস আপনি এটা পারেন কিনা কোন রুলিং দিতে যাতে পেণ্ডিং ইনভেষ্টিগেশানগুলো এ্যাডমিনিষ্ট্রেশানের তরফ থেকে যাতে এই ব্যাপারে ল উইল টেক ইটস ওন কোর্স। এইটুকু না করতে পারলে আর কোন ভাবেই আমরা নিরপেক্ষ বিচার আশা করতে পারবো না।

আপনি মাননীয় মন্ত্রী মহাশয় অনেক ভালো কথা বলেছেন এই জন্ম আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে এ্যাডমিনিষ্ট্রেটিভ অফ জাসটিসে হিউম্যান মিডিয়ায় সুপ্রীম কোর্ট থেকে শুরু করে শিয়ালদহ কোর্টের একজন এ্যাডভোকেট, রেজিস্টার এবং একজন ডিড রাইটার পর্যন্ত একটা বিরাট চেন। বিরাট একটা ইন্সটিটিউট, একটা রেজিমেণ্টেড ইন্সটিটিউট। আমরা লক্ষ্য করে দেখেছি এমপ্লয়মেণ্ট ওরিয়েণ্টেড ইন্সটিটিউটের মধ্যে দুটি সেক্টর আছে একটি অরগানাইজড সেক্টর, আরেকটা আন-অরগানাইজড্ সেক্টর। অরগানাইজড সেক্টরে যাঁরা আছেন তাঁরা চাকুরি করেন—যেমন এঁরা সুপ্রীম কোর্টের জাজ থেকে শুরু করে হাইকোর্টের জাজ, মুন্সেফ, ম্যাজিষ্ট্রেট, পেশকার—এরা সবাই অরগানাইজড সেক্টরে পড়েন। এঁদের সোস্যাল সিকিউরিটি আছে। রিটায়ারমেণ্টের পরে স্টেট এক্সচেকার পারমিট না করলে ওঁরা নিজেদের ব্যবস্থা করে নিতে পারেন এবং এঁদের প্রভিডেণ্ট ফাণ্ড, পেনসন এবং গ্র্যাচুয়িটির ব্যবস্থা কিছু কিছু আছে নিশ্চয়ই। এ্যাট দি সেম টাইম একটা বিরাট আন-অর্গানাইজড্ সেক্টর এখানে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় একজন স্বনামধন্য এ্যাডভোকেট, মন্ত্রী মহাশয় একজন লব্ধপ্রতিষ্ঠ এ্যাডভোকেট, অনিলবাবু একজন এ্যাডভোকেট—আপনাদের কয়েকটি জিনিস জানা দরকার, কিন্তু আপনারা সে ব্যাপারে বিশেষ নজর দিচ্ছেন না। এটা অত্যন্ত দুঃখের কথা যে এই আন-অর্গা-নাইজড সেক্টরের ভেতরে আমরা দেখি ১০ লক্ষ টাকার ইনকাম গ্রুপের লোকও আছে এবং তাদের হয়ত ইনকামের ব্যবস্থা আছে, সিকিউরিটির ব্যবস্থা আছে। কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায় অনেক মানুষ আছে যারা ইংলিশে ফার্স্ট ক্লাশ ফার্স্ট এবং আমি ব্যক্তিগতভাবে জানি যে অত্যন্ত বিজ্ঞ মানুষও কিন্তু তিনি হয়ত বিজনেসম্যান, ব্যারিস্টার কিংবা এ্যাডভোকেট। আজকে যতক্ষণ তিনি পরিশ্রম করতে পারবেন ততক্ষণই তাঁর ক্ষুন্নিবৃত্তি হবে। যখন আর পরিশ্রম করার অবকাশ থাকে না তখন তাদের কোন সোস্যাল সিকিউরিটি থাকে না। আমি এই ব্যাপারে একটা হিন্স দিচ্ছি। আপনি লইয়ারস পেনসনের ব্যবস্থা করুন। এটা করলে অত্যন্ত আনন্দিত হব এবং সমগ্র লইয়ারস দলের তরফ থেকে অনুরোধ করবো প্রত্যেকটি এ্যাডভোকেট,

ক্লার্ক যাঁরা আছেন—যেমন তাদের ক্লার্ক এ্যাসোসিয়েশন, এ্যাডভোকে এ্যাসোসিয়েশন, মুন্সেফ এ্যাসোসিয়েশনে আছে—এইসব এ্যাসোসিয়েশনগুলি আপনি নিজে একটা রেজিস্ট্রি চালু করুন, এদের গ্রুপ ইনস্যুরেন্সের ব্যবস্থা করুন একটা প্রাইভেট প্রভিডেন্ট ফাণ্ডের ব্যবস্থা করুন। তা না হলে মানসিক পরিশ্র করার কোন ক্যাপাবিলিটি কোন এ্যাডভোকেটের থাকবে না। সেই জন্য গণতান্ত্রি দেশে যাতে সোস্যাল সিকিউরিটি এনস্যুর হয় আপনি তার জন্য চিন্তা করছেন বা জানিয়েছেন, এটা পরিকল্পিত ভাবে যাতে চিন্তা করা যায় এবং এটা যেন বাস্তবায়ি হয় তার জন্য আমি আবেদন রাখছি। এ্যাট দি সেম টাইম আমি দু'টি পয়েন্টে উল্লেখ করছি। আপনি এই জজদের সম্বন্ধে একটু লেনিয়েন্ট হন। আমি জানি আপনি বিশেষ করে মফঃস্বলের দিকে কোর্ট, আদালত করছেন—এটা ভালো কথা কিন্তু এই জজ, মুন্সেফ যাঁরা আছেন তাঁদের মফঃস্বলে কোন বাড়ী নেই, গাড়ী নেই যার ফলে এঁদের খুব অসুবিধা হয় এবং অনেক সময়ে এঁরা লোকাল ইনফ্লুয়েন্সের ভেতরে চলে যান, আমি এ্যাসপারশান করে কথা বলছি না। অনেক সময় দেখা যায় এই লোকাল ইনফ্লুয়েন্স থেকে একটা ব্যক্তিগত গভীর সম্পর্ক গড়ে ওঠে এবং এতে বিচারের ন্যায়দণ্ডের হেরফের যে হবে না এমন গ্যারান্টি দিয়ে কেউ বলতে পারবে না। আপনি এঁদের বাড়ীর ব্যবস্থা করুন, গাড়ীর ব্যবস্থা করুন। এ্যাট দি সেম টাইম এঁদের সফিসটিকেটেড হাউসের ব্যবস্থা করুন। তারা যাতে সন্তান-সন্ততিদের লেখাপড়া সেখানোর ব্যবস্থা করতে পারে সেটা দেখা আপনার দায়িত্ব। এই জজ, মুন্সেফদের জন্য যে ফেসিলিটির প্রয়োজন সেটা দেখা দরকার। এ্যাট দি সেম টাইম, আমি কতগুলি রেসট্রিকশানের কথা বলছি। কিন্তু ইট ইজ আনফরচুনেট যে, এই কলকাতা হাইকোর্টের এবং সারা ভারতবর্ষের হাইকোর্টের জজদের সোস্যাল লাইফ রেসট্রিকটেড এবং সকলের সাথে মেলামেশা করতে পারবেন না। জজ সাহেবরা ক্লাবে যাচ্ছেন। এখানে আমার একটা প্রিভিলেজ আছে যে, এ্যাডভোকেটরা, জজরা ক্লাবে যাচ্ছেন, পার্টি হোস্ট করছেন ইত্যাদি—এই যে আসা-যাওয়া এতে অত্যন্ত হৃদ্যতাকারে, সৌহার্দ্যকারে এবং এতে একটা বন্ধুত্বের সম্পর্ক গড়ে উঠে এবং ব্যক্তিগত সম্পর্ক অত্যন্ত গভীর হয়। এই ব্যক্তিগত সম্পর্ক থেকে বিচারের ন্যায়দণ্ড, মানদণ্ড একটু হেরফের হয়।] সুতরাং আপনি এই ব্যাপারে একটু আইন করুন এবং রেসট্রিকটেড হন। এখানে গণতান্ত্রিক দেশে ১৯৬১ সালে এ্যাডভোকেটস এ্যাক্ট হয়েছিল আপনি নিশ্চয় জানেন। সেখানে একটা ডিসক্রিমিনেশান থাকছে। আজকে হাইকোর্টের জজ হয়তো এ্যাপয়েন্টেড হচ্ছে অথরিটি থেকে, অর্থাৎ সেন্ট্রাল নিয়োগ করছে, কিন্তু এ্যাট দি সেম টাইম স্টেট

গভর্ণমেণ্ট এতে সুপারিশ করেন। আজকে সেখানে যদি ওয়ান থার্ড ব্যারিস্টার থাকে আর ওয়ান থার্ড এ্যাডভোকেট থাকে এবং ওয়ান থার্ড সাব-রেজিস্টার থাকে তাহলে এই ডিসক্রিমিনেশান কেন থাকবে ? আজকে ডাক্তারদের ক্ষেত্রে দেখুন সেখানে এম. আর. সি. পি., এফ. আর. সি. এমের কোন দাম নেই। আজকে যার ফলে ডাক্তাররা কেউ বাইরে পড়তে যাচ্ছেন না। যারা এম. ডি. করছেন, এম. এস. করছেন তারাই ইক্যুইভেলেণ্ট টু এম. আর. সি. পি., এফ. আর. সি. এস. সুতরাং আজকে ব্যারিস্টারদের ক্ষেত্রেও সেই একই জিনিষ দেখা যাচ্ছে।
৫০ পারসেণ্ট এ্যাডভোকেট এবং ব্যারিষ্টার...

মিঃ স্পীকার : এটা স্টেট গভর্নমেণ্টের জুরিসডিকসন নয়।

[7.20—7.30 P. M.]

শ্রীআনন্দ মোহন বিশ্বাস : জুরিসডিকসন যদি না থাকে তাহলে এ সম্বন্ধে কোন মুভমেণ্ট কেন লক্ষ করা যাবে না ? এই জিনিস সম্বন্ধে আমি অনুরোধ করছি যে আপনারা দয়া করে ঐ দিকটা একটু দেখবেন। পরিশেষে আমার একটা নিবেদন হচ্ছে যে সাব-জুডিস সম্পর্কে এখানে বিস্তারিত আলোচনা হয়েছে এবং আপনিও রুলিং দিয়েছেন। কোনটা সাব-জুডিস এবং কোনটা সাব-জুডিস নয় এ সম্বন্ধে আইনেও ঠিক বলা নেই। আইন একটা ইলাসটিক ক্যারেকটার। আমাদের ফিস দিলে আমরা এ পক্ষেও বলতে পারি এবং ফিস দিলে বিপক্ষেও বলতে পারি।

মিঃ স্পীকার : এটা উকিলের চরিত্র, পার্লামেণ্টারিয়ানদের নয়।

শ্রীআনন্দ মোহন বিশ্বাস : এই অবস্থায়-সাব-জুডিস তাঁর এক্তিয়ার কতটুকুন সেটা ডিফাইন করা অত্যন্ত কঠিন এবং এটা বিতর্কের বিষয়। এ সম্পর্কে আমার নিবেদন হচ্ছে—স্পীকারের সম্বন্ধে কোনকিছু আলোচনা এখানে হবে না—রুলিং পার্টি যদি চান তাহলে এখানে অনেক কনভেনশান আছে সেই অনুযায়ী চলা যাবে। কিন্তু চিফ হুইপ যদি বলেন যে ডিউ টু সাম সিক্রেসি এটা আলোচনা করা যাবে না। কিন্তু * * *

মিঃ স্পীকার : এইভাবে বলা যায় না—"স্পীকারকে মাউথপীস করে"—এটা এক্সপাঞ্জ করা হোল।

Note : Expunged as ordered by the Chair.

শ্রীআনন্দ মোহন বিশ্বাস ঃ আমি দুঃখিত। আমরা একটা জিনিস এখানে লক্ষ্য করছি যে বিপ্লবী চিন্তা ধারায় আইনের সংশোধন হচ্ছে না। গণতান্ত্রিক সেট-আপের মধ্যে থাকা সত্বেও বিভিন্ন ভাবে বিচারব্যবস্থাকে চোখা চোখা কথা বলে ব্রাকেট করা হচ্ছে। এর একটা ফার রিচিং কনসিকোয়েন্স আছে। বিপ্লবী চিন্তা ধারায় যদি আইন-ব্যবস্থার পরিবর্তন করতে পারেন তাহলে একটা জিনিস। কিন্তু যতক্ষণ এটা আছে ততক্ষণ আইনের প্রতি শ্রদ্ধা থাকা উচিৎ। যাই হোক এই বাজেট আমি সমর্থন করতে পারছি না এবং আমাদের তরফ থেকে যে-সব কাট মোশান আনা হয়েছে তাকে সমর্থন করে আমি শেষ করছি।

মিঃ স্পীকার ঃ চেয়ার থেকে আমার কোন কমেন্ট করা উচিৎ নয়। কিন্তু উকিলের কথা বললেন বলে শুনতে ভাল লাগল। আমি অনেক সময় বসে বসে ভাবি ক্ষেত মজুরদের কি হবে?

Fortythird Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the Fortythird Report of the Business Advisory Committee which at its meeting held in my Chamber today recommended the revised programme of business for 17th April, 1984 and programme of business for 25th April, 1984.

Tuesday, 17-4-1984 (i) Business remaining from the 12th April, 1984, namely :—

(a) Demand No. 36 (280—Medical and 480—Capital Outlay on Medical) ;

(b) Demand No. 37 (281—Family Welfare) ;

(c) Demand No. 38 [282—Public Health, Sanitation and Water Supply (Excluding Prevention of Air and Water Pollution and Sewerage and Water Supply)] ;

(d) Demand No. 78 [282—Public Health, Sanitation and Water Supply (Sewerage and Water Supply) and 682—Loans for Public Health, Sanitation and Water Supply]—3 hours.

(ii) Demand No. 42 (287—Labour and Employment)—3 hours.

(iii) The National Iron and Steel Company Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984 (Introduction, Consideration and Passing)—½ hour.

(iv) The Sree Saraswaty Press Limited (Acquisition and

Transfer of Undertakings) Bill, 1984 (Introduction, Consideration and Passing)—½ hour.

(v) The Britannia Engineering Company Limited (Titagarh Unit) (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984 (Introduction, Consideration and Passing)—½ hour.

Wednesday, 25-4-1984 (i) The West Bengal Government Premises (Regulation of Occupancy) Bill, 1984 (Introduction, Consideration and Passing)—2 hours.

(ii) The Indian Electricity (West Bengal Amendment Bill, 1984 (Introduction, Consideration and Passing)—1 hour.

There will be no Questions for Oral Answers and Mention Cases on Tuesday, the 17th April, 1984 and the House will sit at 12 noon on that day.

Hon'ble Minister-in-charge of Home (Parliamentary Affairs) will now move the motion for acceptance of the House.

শ্রীপতিত পাবন পাঠক ঃ কার্য্য উপদেষ্টা কমিটি ৪১ তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য আমি অনুরোধ করছি।

মিঃ স্পীকার ঃ আশা করি সকলের এতে মত আছে। এটা গৃহীত হোল।

শ্রীআবদুল কোয়াইয়ুম মোল্লা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিচারমন্ত্রীর ব্যয় বরাদ্দকে সমর্থন করছি। বর্তমান সমাজ-ব্যবস্থায় গরীব মানুষের ক্ষেত্রে কখনও সঠিক বিচার হয় না—এটা হচ্ছে ভারতবর্ষের ৩৬ বছরের ইতিহাস। স্যার, এটা শুধু আমি বলছি না। গরীব মানুষ কোন বিচার পায়না এবং অনেক সময় দেখা যায় বিচারের রায় কেনা যায়—একথা কোলকাতা হাইকোর্টের এক্স চিফ জাষ্টিস্ মিঃ এস্. এস্. দেব এবং সুপ্রিম কোর্টের জাষ্টিস্ মিঃ ভগবতী বলেছেন। কাজেই সমস্ত ভারতবর্ষে এই জুডিসিয়াল বিভাগকে সম্পূর্ণরূপে পাল্টাতে না পারলে দেশের শতকরা ৮০ ভাগ লোক যারা দরিদ্র তাদের প্রতি সুবিচার করা যাবে না। বামফ্রণ্ট সরকার গরীব মানুষের স্বার্থের কথা চিন্তা করে তাদের লিগ্যাল এইড দিচ্ছেন, অর্থনৈতিক ক্ষেত্রে সাহায্য দিচ্ছেন। আমরা ভাগচাষী, গরীব চাষী, জমির প্রতি যাদের টান রয়েছে, জমির প্রতি যাদের অধিকার রয়েছে তাদের এই আইনগত সাহায্য দিচ্ছি এবং ভেস্টেড ল্যাণ্ডের ক্ষেত্রেও গরীব মানুষদের সাহায্য করবার চেষ্টা করছি। আমাদের দেশে যে বিচারব্যবস্থা চলছে তাতে উচ্চ কোর্ট থেকে

সুরু করে নিম্ন কোর্ট পর্যন্ত দুর্নীতির কথা যা শুনছি তার আবর্তে পড়ে ভারতবর্ষের এই অঙ্গরাজ্য পশ্চিমবাংলা কখনই দুর্নীতিমুক্ত থাকতে পারে না।

আমাদের জুডিসিয়াল ডিপার্টমেণ্ট ৩ ভাগে বিভক্ত। বিচার-বিভাগ কনট্রোল করে হাইকোর্ট হাইকোর্টের উর্দ্ধ স্তরে যদি দুর্নীতি থাকে তাহলে সেটা নিম্নকোর্ট পর্যন্ত চলে আসে এবং তার ফলেই বিচার-বিভাগের মধ্যে এত দুর্নীতি দেখা যাচ্ছে। এক্ষেত্রে জুডিসিয়াল ডিপার্টমেণ্ট কিছু করতে পারে না, এক্ষেত্রে প্রধান ভূমিকা নিতে হবে হাইকোর্টকে। তারপর, হাইকোর্টে বহু কেস পড়ে রয়েছে যেগুলোর বিচার হচ্ছে না। মানুষ কোর্টে আসছে, চলে যাচ্ছে—কোন বিচার হচ্ছে না এবং কবে যে হবে তাও কেউ জানেনা। আমরা দেখছি হাইকোর্টে অনেক জজ-এর পোস্ট খালি পড়ে রয়েছে, ফিল আপ করা হচ্ছে না। এর কারণ হচ্ছে, যখন ইন্দিরা গান্ধীর কমিটেড পার্সন পাওয়া যাবে তখন জজ-এর এ্যাপয়েণ্টমেণ্ট দেবে। সংখ্যালঘু সম্প্রদায়ের লোককে আমরা হাইকোর্টের জজ হিসাবে দেখেছি। কিন্তু কোলকাতা হাইকোর্টে সংখ্যালঘু সম্প্রদায়ের বহু যোগ্যতম আইনজীবী থাকা সত্ত্বেও কেন যে অন্তত একজনকেও জজ হিসাবে নেওয়া হচ্ছে না সেটা আমি বুঝতে পারছি না। এক সময় আমরা জজ হিসাবে এখানে মাসুদ সাহেবকে দেখেছিলাম, কিন্তু তারপর আর আমরা সংখ্যালঘু সম্প্রদায়ের লোককে জজ হিসাবে হাইকোর্টে দেখিনি।

বামফ্রণ্ট সরকার আসার পর একজন খৃষ্টান এবং একজন মুসলিম কমিউনিটির লোককে রেকমেণ্ড করা হয়েছে, কিন্তু তাঁদের এখনও নেওয়া হয়নি। গণতান্ত্রিক ভারতবর্ষে বিভিন্ন কমিউনিটির লোক থাকা উচিত এটা আমরা আশা করি। তারপর, লেজিসলেটিভ ডিপার্টমেণ্টে দেখেছি ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত গরীব মানুষ, কৃষক এবং শ্রমিকদের স্বার্থে বহু আইন পাশ করা হয়েছে। কিন্তু দুঃখের বিষয় এর মধ্যে বেশ কয়েকটি আইনে এখনও পর্যন্ত রাষ্ট্রপতি তাঁর কনসেণ্ট দেননি। আমরা আইন পাশ করেছি, কিন্তু আমাদের সংবিধানের নিয়ম হচ্ছে বিধানসভা আইন পাশ করলেও রাষ্ট্রপতির সম্মতি ছাড়া সেটা কার্যকরী হয় না। ড্রাফটিং-এর ব্যাপারে দেখেছি যোগ্য অফিসাররা রিটায়ার করলে এ্যাকচুয়াল ড্রাফটিং-এর খুব অসুবিধা হয়। কাজেই মনে করি এই ড্রাফটিং-এর ব্যাপারে স্পেশ্যাল ড্রাফটিং ট্রেনিং দিলে ভাল হবে। আমাদের আর একটা বিভাগ আছে যার নাম হচ্ছে রেজিস্ট্রেশন বিভাগ। এখানে স্পেশাল ফাইলিং-এর যে ব্যবস্থা ছিল তাতে পশ্চিমবাংলার জনসাধারণ খুবই উপকৃত হয়েছিল। কিন্তু হাইকোর্ট ইংজাংশন দিয়ে কি কারণে যে ১ বছর ৪ মাস ফেলে রেখে দিল বুঝতে পারছি না। অবশ্য এখন আবার

পুনরাদেশ দিয়েছে। এই স্পেশাল ফাইলিং-এর মাধ্যমে দেশের জনসাধারণের খুব উপকার হবে।

বর্তমানে দেখা যাচ্ছে শতকরা ২০ ভাগ অফিস সরকারী বাড়ীতে রয়েছে এবং বাকী ৮০ ভাগ ভাড়া বাড়ীতে রয়েছে। এই অবস্থার পরিবর্তন করে যদি সমস্ত অফিসগুলি সরকারী বাড়ীতে আনা যায় তাহলে সরকারের অর্থের সাশ্রয় হবে এবং জনসাধারণও উপকৃত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে রেজিস্ট্রি ম্যারেজের সংখ্যা যেভাবে বেড়েছে তাতে মনে করি পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় আরও ম্যারেজ রেজিস্ট্রি অফিস খোলা উচিত। সমাজের বিভিন্ন কারণে এবং পণপ্রথার জন্য বর্তমানে ছেলেমেয়েরা যখন সক্রিয়ভাবে এই রেজিস্ট্রি ম্যারেজের দিকে যাচ্ছে তখন তাদের আরও সুবিধা দেবার জন্য পশ্চিমবাংলার সর্বত্র এবং শহরগুলিতে আরও ম্যারেজ রেজিস্ট্রেশন অফিস খোলা উচিত।

[7.30—7.40 P. M.]

আমরা জানি ওয়াকঅফ আপনার ডিপার্টমেণ্টের সঙ্গে যুক্ত, কিন্তু ওয়াকঅফ-এর সম্পত্তি কত যে সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে, বিশেষ করে কংগ্রেস পিরিয়ডে তার কোন হিসাব নেই। এই ওয়াকঅফ সম্পত্তি ভাল করে মেনটেন করতে না পেরে তারা ইন্‌স্পেকশন রিপোর্ট নিয়ে এসে হরদম বিক্রি করেছে। কলকাতা শহরের উপরে বহু সম্পত্তি বিক্রি করে দেওয়া হয়েছে। এই ওয়াকঅফ সম্পত্তিগুলো ঠিকমত রক্ষণাবেক্ষণের জন্য সঠিক দৃষ্টি দেওয়া উচিত। কংগ্রেস আমলে যে ভাবে ওয়াকঅফ সম্পত্তি নিজস্ব ব্যয়ের জন্য, নিজেদের ব্যবহারের কারণে নানাভাবে রিপোর্ট নিয়ে এসে এন্‌টায়ার ওয়াকঅফ সম্পত্তি বিক্রি করে দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলে শেষ করবো, আমাদের এই সরকার আসার পর বহু নতুন নতুন কোর্ট তৈরী করা হয়েছে, অনেক সাবজজকে দেওয়া হয়েছে। আমি বলবো, আরও ব্যাপক পরিমাণে সাবডিভিশন্যাল হেডকোয়ার্টারে সাবজজ দেওয়া উচিত। তাতে অনেক লিটিগ্যান পাবলিকের অনেক উপকার হবে। এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই, আমাদের ডায়মণ্ডহারবারে একটা সাবজজ বসানো হয়েছে, শুধু সাবজজ দিলেই সেটা ঠিক হবে না, তাকে স্পেশাল জুডিশিয়্যাল পাওয়ার দেওয়া হোক। আর সময় নেই, এই কথা বলে, ব্যয়-বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইনমন্ত্রী মহাশয়

আজকে যে ব্যয়বরাদ্দ এখানে রেখেছেন আমি তাঁর ভাষণের উপর খুব সংক্ষেপে দু' একটি কথা বলছি। আজকে মন্ত্রী মহাশয়ের কাছে আমার বক্তব্য, যার উপর ব্যয়বরাদ্দ রাখলেন—এটা একটা খুব বিপজ্জনক লক্ষণ সারা দেশে দেখছি, পশ্চিমবাংলাও সেই লক্ষণ থেকে বিচ্ছিন্ন নয়, সেটা হচ্ছে, তাঁর এই যে দপ্তর, সেই বিচার-বিভাগের এক্তিয়ার এবং তার ক্ষমতা, তাকে খর্ব করার একটা বিপজ্জনক প্রবণতা যেমন সারা দেশে পরিলক্ষিত হয়েছে, পশ্চিমবাংলায়ও সেই জিনিস দেখতে পাচ্ছি।

বর্তমান সমাজব্যবস্থায় বিচার-বিভাগের সীমাবদ্ধতা সম্বন্ধে সচেতন থাকলেও এবং অক্ষরিক অর্থে যোগ্য বিচারের কথা থাকলেও বাস্তবে দেখা যায় শাসক দলের পক্ষ থেকে বিচার-বিভাগের স্বাতন্ত্র্যের প্রতি হস্তক্ষেপ করার একটা প্রবণতা রয়েছে এবং বিচারব্যবস্থাকে বাহ্যতঃ প্রশাসনের আজ্ঞাবহ করার একটা প্রবণতা দেখা যাচ্ছে। জরুরী অবস্থার সময় আমরা দেখেছি ইন্দিরা গান্ধী বিচার-বিভাগের ক্ষমতা খর্ব করে কমিটেড জুডিসিয়ারি ফর্ম করেছিলেন। ক্যালকাটা কর্পোরেশন এ্যাক্ট এবং ঠিকা টেনেন্সী এ্যাক্ট যেটা পাশ হল তাতে আমরা দেখেছি বিচার-বিভাগের ক্ষমতা খর্ব করে ট্রাইবুনালের মাধ্যমে মীমাংসা করার চেষ্টা হচ্ছে। অর্থাৎ দেখা যাচ্ছে বিচার-বিভাগকে একটা আজ্ঞাবহ করার চেষ্টা হচ্ছে। আপাততঃ এটা আপনাদের কাছে একটা প্রাগমেটিক আউটলুক বলে মনে হতে পারে, কিন্তু মনে রাখতে হবে সব সময় তো আপনারা ক্ষমতায় থাকবেন না। এদিক থেকে মনে করি বিচার বিভাগের ক্ষমতা খর্ব করা একটা বিপজ্জনক ব্যাপার। আর একটা জিনিস আমি ইতিপূর্বে যা বলেছিলাম আশা করি আপনি যখন আপনার বক্তব্য রাখবেন তখন সে সম্বন্ধে বলবেন। শিয়ালদহ দেওয়ানি আদালত একটা কর্মব্যস্ত জায়গা। কিন্তু সেখানে যে আদালত গৃহ রয়েছে এবং আইনজীবীদের বসবার জন্য বর্তমানে যে জায়গা রয়েছে সেটা অত্যন্ত খারাপ। আমি অনুরোধ করছি এই ব্যাপারে আপনারা স্থায়ী ব্যবস্থা নিন। ওই গৃহের পশ্চিম দিকে যে আদালত গৃহ হবার কথা সেটা কবে শেষ হবে আমরা জানিনা। সি এম ডি এ যখন অধিগ্রহণ করেছিল তখন বলেছিলেন ৩ বছরের মধ্যে নতুন আদালত গৃহ হবে, আদালত কক্ষ হবে, আইনজীবীদের বসবার ব্যবস্থা হবে। আপনার প্রেডিসেসর, বর্তমানে যিনি বিচারমন্ত্রী তিনি বলেছিলেন রেন্ট কন্ট্রোল অফিস হবে, অতিরিক্ত জেলা জজের অফিস হবে, অতিরিক্ত মুনসেফ কোর্ট হবে। কিন্তু সেই ৩ বছর চলে গেল এবং দেখছি এই সব কার্যকরী হবার কোন লক্ষণই নেই। কি কারণে ওই আদালত গৃহের কাজ বন্ধ হয়ে রয়েছে সেটা আশা করি আপনি জবাবী ভাষণে বলবেন।

ওখানকার আইনজীবীরা আমাকে বলেছেন আপনি তাঁদের কাছে প্রতিশ্রুতিবদ্ধ। আমি আশা করি এর একটা সুষ্ঠু মীমাংসা আপনি করবেন, তাঁদের আপনি আন্দোলনের মুখে ঠেলে দেবেন না। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিল মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যরা যে বক্তব্য রাখলেন তাতে মনে হচ্ছে ওঁরা রাজ্য সরকারের বিচার-বিভাগ সম্পর্কে বুঝতে পারছেন না যে তাঁদের ফাংসন কতটা। বিশেষ করে এখানে এস ইউ সি-র সদস্য বললেন কমিটেড জুডিসিয়ারী, ইণ্ডিপেনডেন্স অব জুডিসিয়ারী চলে যাচ্ছে এবং সেই ব্যাপারে রাজ্য সরকারের জুডিসিয়াল ডিপার্টমেণ্টের কোন ক্ষমতা নেই। উনি বোধ হয় জিনিসটা জানেন না। অর্থাৎ বিচার-বিভাগ বলতে কি বোঝায় সেটা উনি জানেন না এবং বিচারমন্ত্রীর কি কাজ, তাঁর কি এক্তিয়ার আছে সেটাও বুঝতে পারেন নি।

[7.40—7.50 P.M.]

কংগ্রেসী সদস্যদের অনেকেই ক্রিমিন্যাল প্রসিডিওর কোড্ নিয়ে আলোচনা করলেন, ইণ্ডিয়ান পেনাল কোড্ ১৬১ ইনভেস্টিগেসন ইত্যাদি নানারকম বিষয় নিয়ে আলোচনা করলেন। এটা পার্লামেণ্টে করলে ভাল হত, এখানে সেটার এক্তিয়ার নেই, সেটা অনেক দূরের ব্যাপার। অনেক পদ্ধতি আমাদের মধ্যে নেই। তাই মাননীয় মন্ত্রী মহাশয় ঠিকই লিখেছেন যে আমাদের করণীয় কি আছে, কি কি আমরা করতে পারি এই সীমিত ক্ষমতা ও সীমিত অর্থের মধ্যে। এই ১৪ কোটি টাকার ব্যয়-বরাদ্দের মধ্যে লিগ্যাল এডের টাকা আছে, কিভাবে গৃহ নির্মাণ করা যাবে তার টাকাও আছে। অনেকেই ব্যাপারটা জানেন না, বলে দিলেন বিচারকদের সরিয়ে দিচ্ছেন। এই ট্রান্সফার নিয়ে হাউসে অনেক আলোচনা হয়েছে। ম্যাজিস্ট্রেটদের ট্রান্সফার করতে পারেন না, হাইকোর্ট ট্রান্সফার করে, মন্ত্রী কিছু করেন না। এই সব ব্যাপারগুলি জানার দরকার আছে যে, জুডিসিয়াল এ্যাডমিনিস্ট্রেসন হাইকোর্ট চালায়। ব্যাপারটা কি রকম হচ্ছে জানেন? গরুকে খাওয়া-দাওয়া সব দিতে হবে, কিন্তু দুধের অধিকার নেই। বিচার-বিভাগের টাকা দেব, মাইনে ইত্যাদি দেব, বিল্ডিং ইত্যাদি সব করে দেব, কিন্তু বিচার যে পাহাড় প্রমাণ হয়ে জমে আছে সেগুলি তাড়াতাড়ি কি করে হতে পারে হাইকোর্টের সেই

সব ব্যাপারে হাত দেবার ক্ষমতা মন্ত্রী মহাশয়ের নেই। ক'জন জাজ হতে পারে সে সব রেকমেনডেসন ওখান থেকে করে। বহুদিন জাজ ছিল না। জাজ নিয়োগ করা কেন্দ্রের ব্যাপার। অধিকাংশ স্টেট জুডিসিয়্যারির হাইয়েস্ট জুডিসিয়্যারি হচ্ছে হাইকোর্ট। তার মেনলি কাজ কেন্দ্রের. আমরা টাকা কড়ি দিয়ে দিই, এই পর্যন্ত—এটা বুঝতে হবে। পুলিশ এ্যাডমিনিষ্ট্রেসন, জুডিসিয়্যাল ইনভেষ্টিগেসন, সি. আর. পি. সি.র ভিত্তিতে আই. পি. সি.র যে আইন রয়েছে সেই অনুযায়ী করতে হয়। কেন্দ্রীয় সরকার পরিবর্তন করলে সর্ব ভারতীয় ক্ষেত্রে পরিবর্তন হলে তখন সেই প্রশ্ন আসে। এই নিয়ে সি. আর. পি. সি. সিম্পোজিয়াম করা যায়, কিন্তু বাজেট আলোচনা করা যায় না, এই সব ব্যাপারগুলি ভাল করে বোঝা দরকার। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে লিগ্যাল এডের ব্যবস্থা করেছেন তাতে কেন্দ্রীয় সরকার অর্ধেক টাকা দেন, আর রাজ্য সরকার অর্ধেক টাকা দেন। গত বছর লিগ্যাল এডের জন্য ৪ কোটি টাকা বরাদ্দ ছিল। এর মধ্যে ২ কোটি টাকা রাজ্য সরকার দিয়েছে, কেন্দ্র ২ কোটি দিয়েছে। তাও আবার এ্যাডমিনিষ্ট্রেসন, তাদের লোকজন ও অন্যান্য ইনফ্রাষ্ট্রাকচার তৈরী করতে ২ কোটি টাকা খরচ হয়ে গেছে। তাহলে লিগ্যাল এডটা হবে কি করে ? এই গরীব দেশে ২৭০ টাকা থেকে বাড়িয়ে ৫/৭ হাজার টাকা পর্যন্ত যাদের আয় তাদের এর আওতার মধ্যে আনা হয়েছে। কিন্তু আওতার মধ্যে আনা হলেও যে সংখ্যক গরীব মানুষকে লিগ্যাল এড দিতে গেলে আমাদের যে পরিমাণ টাকার দরকার সেই পরিমাণ টাকা রাজ্য সরকারের হাতে নেই। কেন্দ্রীয় সরকার যদি সেই টাকা আমাদের দেন তাহলেই কেবল এই সব গরীব মানুষদের আইনের সাহায্য দেওয়া সম্ভব। রাজ্য সরকারের হাতে সামান্য টাকা আছে, সেই টাকায় সমস্ত গরীব মানুষদের আইনের সাহায্য দেওয়া যায় না। আমাদের বাজেটে সামান্য পরিমাণ অর্থ ধরা আছে। আমাদের অত টাকা কোথায় ? কাজেই আপনারা যেসব ভাল ভাল কথা বললেন সেগুলি পার্লামেন্টে আলোচনা করে কেন্দ্রকে যদি বলেন এই অসুবিধাগুলি আছে, এগুলি আপনারা দূর করুন তাহলেই কেবল এটা সম্ভব হতে পারে। সেই সঙ্গে সঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আর একটি কথা বলব যে, বাড়ী, ঘর নির্মাণ ইত্যাদি সব ঠিক আছে, কিন্তু সরকারী উকিল নিয়োগের যে পুরানো পদ্ধতি আছে, যেটা রাজ্য সরকারের এক্তিয়ার, সেটা পরিবর্তন করার কথা চিন্তা ভাবনা করতে হবে। যেসব সরকারী মামলা হয় সেগুলিতে ঠিকমত যাতে উকিলরা এ্যাপিয়ার করে সেটা দেখতে হবে। বহু কেসেই দেখা যায় যেসব সরকারী উকিল ডিফেণ্ড করেন তাদের এ্যাপিয়ারেন্স ঠিক সময় মত সব সময় হয় না। সব জায়গায় তাদের দেয় অর্থ

অতীত পদ্ধতিতে চলেছে। চিরাচরিত পদ্ধতির পরিবর্তে একে নতুন করে ঢেলে সাজানোর কথা চিন্তা করুন। ইমপ্লিমেনটেসনের দিকে আপনি দৃষ্টি দিন। আগের নিয়ম অনুযায়ী ব্রিফ ডিষ্ট্রিবিউসন থেকে শুরু করে এনগেজমেন্ট, এ্যাপিয়ারেন্স, ডিফেন্স অব দি কেস ইত্যাদি এন্টায়ার প্রসেসটা আপনি নতুন করে ভেবে দেখুন এবং এই চিন্তা-ভাবনার মধ্য দিয়েই কিছু সরকারী মামলা রক্ষা করার কাজে সাহায্য হতে পারে।

তারপর গৃহ নির্মাণের কথা যেটা বলা হয়েছে সে সম্পর্কে আমি বলব, অনেক গৃহ নির্মাণ করা হয়েছে। তারপর এই সরকার প্রচুর অর্থ সাহায্য করেছেন বিভিন্ন আইনজীবীদের লাইব্রেরীতে। আগে সেই টাকা যেত না কিন্তু এই সরকার থেকে তা দেওয়া হয়েছে। লিগ্যাল এডের যে স্কিম সেটা এই সরকার শুরু করেছে। অর্থ-নৈতিক সংকট থাকা সত্ত্বেও এই সরকার এই কাজগুলি করেছেন। পরিশেষে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি কতগুলি সাজেসান বিবেচনা করে দেখতে অনুরোধ করছি। রেজিষ্ট্রেশানের ব্যাপারে সার্টিফায়েড কপি পাবার ব্যাপারে যে বিলম্ব হয় তা দূর করার জন্য মাদ্রাজ এবং অন্য কয়েকটি রাজ্য যা করেছেন সেই রকম জেরক্স কপির ব্যবস্থা যদি করতে পারেন তাহলে ভালো হয়। আপনি একটা ভালো কাজ করেছেন, ফাইলিং সিস্টেম ইনট্রোডিউস করেছেন, সেখানে সার্টিফায়েড কপির জন্য জেরক্স কপির ব্যবস্থা করতে পারেন কিনা সেটা চিন্তা করে দেখুন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীশীশ মহম্মদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইন ও বিচার-বিভাগীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি আজ উত্থাপন করেছেন তাকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট সম্পর্কে বিরোধী দলের মাননীয় সদস্যরা কি বললেন না বললেন আমি সে বিষয়ে যাচ্ছি না, আমি আমার কয়েকটি সাজেসান মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। স্যার, আপনি জানেন, বৃটিশ চলে যাবার পরও আমরা দেখেছি যে তারাই বিচার করতেন যারা শাসন বিভাগের মালিক ছিলেন। এ ব্যাপারে নানান ঘটনাও ঘটেছে। সেখানে সমস্ত কিছুর পরামর্শ দিতেন এস. ডি. ও-রা সেকেণ্ড অফিসাররা যাদের সাব-ডেপুটি বলাহত। আমরা দেখেছি, তাদের নির্দেশেই নিরীহ লোকদের, নির্দোষ লোকদের ঝোলানো হত আবার তারাই তার বিচার করতেন। ফলে নির্দোষ লোকদের অনেক সময় পানিশমেণ্ট হয়ে যেত। আজকে সমাজের পরিবর্তনের সঙ্গে সঙ্গে বিচার-বিভাগীয় ক্ষেত্রেও পরিবর্তন নিয়ে আসা হয়েছে।

এর জন্য গরীব জনসাধারণের আশীর্বাদ আপনাদের উপর বর্ষিত হয়েছে। আজকে যিনি শাসন বিভাগের মালিক তিনি আর বিচার করতে পারেন না। বিচার বিভাগকে সম্পূর্ণ আলাদা করা হয়েছে এবং তাতে বিচার বিভাগের কাজ যে সুষ্ঠু ভাবে হচ্ছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় মন্ত্রী মহাশয় গ্রামের লোক, মাটির সঙ্গে তাঁর যোগাযোগ আছে। আমি তাঁকে বলব, বিচার-বিভাগের ক্ষেত্রে দৃষ্টিভঙ্গির আরো পরিবর্তনের প্রয়োজন আছে। আগে ব্যবস্থা ছিল যে দু' হাজার টাকা পর্যন্ত যাদের বাৎসরিক আয় তাদেরকে বিচারের ক্ষেত্রে সাহায্য দেওয়া হবে, এখন তা পরিবর্তন করে ৫ হাজার টাকা করা হয়েছে এবং কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে ৭ হাজার টাকা করা হয়েছে। এক্ষেত্রে আমার কথা হল এই সাহায্যটা আপনি কাকে দেবেন সেটা বিচার করে দেখতে হবে। কোন গরীব মানুষ সত্যিকারের অন্যায় করে যদি ধরা পড়ে তাহলে তাকে এই সাহায্য দেবেন, না, গরীব মানুষ যারা সত্যিকারের ভালো লোক অথচ কেসে জড়িত হয়ে পড়েছে বা কেউ চক্রান্ত করে জড়িয়ে দিয়েছে তাকে শুধু এই সাহায্য দেবেন সেটা আপনাকে বিচার করে দেখতে হবে। তা না হলে তো ঐ ইন্দ্রিসের ফ্যামিলির লোক সাহায্য পেয়ে যাবে। তারপর স্যার আপনি জানেন, কোলকাতার হাইকোর্ট থেকে উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি এবং পশ্চিমদিনাজপুর অনেক দূরে। স্যার, আপনি এও জানেন সমাজে আমলতান্ত্রিক ব্যবস্থা চালু থাকার জন্য অনেক বড়লোক বর্গাদারদের উপর অত্যাচার চালিয়ে যাচ্ছে। এই সমস্ত বড়লোকরা বর্গাদারদের হাত থেকে জমি ছাড়াবার জন্য যেকোন অজুহাতে আমরা দেখছি হাইকোর্টে একের পর এক কেস করছেন। সেখানে গরিব মানুষদের পক্ষে অতদূর থেকে কোলকাতায় এসে কেস তদ্বির করা সম্ভব হয় না। এক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় যে পদক্ষেপ নিয়েছেন নর্থ বেঙ্গলে হাইকোর্টের একটি বেঞ্চ স্থাপন করার সেজন্য জনসাধারণ নিশ্চয় তাঁকে ধন্যবাদ জানাবে। এই বিষয়ে কোন সন্দেহ নেই।

[7.50—8.00 P. M.]

একটা জিনিস আমি আপনার কাছে অনুরোধ করবো। ১৬০ ধারায় একটা জিনিস আছে। আমরা দেখছি যে এক্সিকিউটিভ ডিপার্টমেণ্টের যিনি এস. ডি. ও. যিনি সেকেণ্ড অফিসার, ইন অ্যাবসেনস্ অব এস. ডি. ও সেকেণ্ড অফিসার কাজ করেন। এখন বিভিন্ন থানায় আমরা দেখছি যে তিনি কেস ঝুলিয়ে দেবার পরামর্শ দিচ্ছেন, আবার ১৬০ ধারায় তার বিচার করা হচ্ছে।

এখানে কিন্তু আপনাকে বিচার করতে হবে। এখানে বিচার ঠিক হচ্ছে না। তারপরে সরকারী পক্ষের উকিল রেখেছেন, সরকারী মোক্তার, এ্যাডভোকেট রেখেছেন, কিন্তু তাদের চরিত্র সংশোধনের জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যেহেতু আপনি গ্রামের মানুষ, গরীব মানুষের মুখপাত্র, কাজেই গরীবের দিকে তাকিয়ে আরো কিছু কিছু আইনের সংশোধন আপনি করবেন এই কথা বলে আপনার বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কাট মোশানগুলি বিরোধী পক্ষ থেকে আনা হয়েছে, আমি সবগুলির বিরোধিতা করছি। আমি লক্ষ্য করেছি যে যাঁরা বক্তব্য রাখলেন তাঁরা কাট মোশানের উপরে কোন বক্তব্য রাখেন নি। এখানে দেখা যাচ্ছে ব্যাতিক্রমটা একটা নিয়ম হয়ে দাঁড়িয়েছে। যাই হোক, আমি যে কথা বলতে চাচ্ছি, মাননীয় সদস্য অনিল মুখার্জী মহাশয়, তিনি যে কথা বলেছেন, আমার মনে হয় একটু বোঝার ভুল হয়েছে। এখন বিচার বিভাগের কার্যতঃ বিচারের কোন কৃতিত্ব নেই। মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় হঠাৎ কমিটেড জুডিসিয়ারীর কথা বললেন। তিনি যদি একটা উদাহরণ কোথা থেকে দিতে পারতেন তাহলে আমি খুশী হতাম যে উনি অন্ততঃ একটা উদাহরণ দিয়েছেন। এই রকম বক্তৃতা দিয়ে এখানে নানা রকম কথা বলা যায় তাতে কোন বাধা নেই। আইন সভা আছে বলে দিলেন। তিনি একটা উদাহরণ দেবার ক্ষমতা রাখেন না, কিন্তু বিলে বক্তব্য রাখার ক্ষমতা রাখেন। আমি বার বার বলেছি যে আমাদের সরকার কোন কমিটেড জুডিসিয়ারীর কথায় বিশ্বাস করেনা। এই কারনে আমাদের কমিটমেন্ট অন্য জায়গায় এবং সেই কমিটমেন্টের লোক খুঁজে পাওয়া যাবে না। আজকের বিচার ব্যবস্থায়, আজকের সমাজ ব্যবস্থায় কয়টা এই রকম লোক পাওয়া যাবে? কাজেই কমিটেড জুডিসিয়ারী আমরা খুঁজতে গেছি—এটা বাস্তব নয়, এটা সম্পূর্ণ অবাস্তব। যাঁরা চেয়েছিলেন তারা পেতে পারেন। যাই হোক, এটা পরিষ্কারভাবে বুঝে নেবার জন্য বলছি যে আমরা এই কমিটেড জুডিসিয়ারিতে বিশ্বাস করি না। তবে আমরা কিছু উকিল চাই যারা সরকারের বক্তব্য রাখবে এবং নিশ্চয়ই তারা সরকারী নীতির সঙ্গে থাকবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে সে ক্ষেত্রেও আমাদের জায়গা খুবই সংকীর্ণ। কারণ উকিল যারা হয় তাদের মধ্যে খুব অল্পসংখ্যক পাওয়া যায় যারা গরিব মানুষের হয়ে কাজ করে। কাজেই তাদের মধ্যে থেকে খুঁজে বের করতে হয়। যাই হোক, এই কথাগুলি আমি বললাম। আর আনন্দবাবু অনেকগুলি মৌলিক কথা বলেছেন। এই মৌলিক সমস্যা আমাদের

এখানে বলার কিছু নেই। ইংরাজীতে একটা কথা আছে। সেটা হচ্ছে, 'চৌকোকে গোলাকারের মধ্যে ফিট করা। অবস্থাটা সেই রকম। আমাদের যে সংবিধান, আমাদের যে সমাজ ব্যবস্থা তাতে ধনী আরো ধনী হতে পারে। এক কোটি টাকা দিয়ে যে বোম্বেতে একটা ফ্ল্যাট কিনতে পারেন, আর বোম্বে শহরের ঝুপড়িতে যে বাস করে তাকে সমবিচার দিতে পারা যাবে এই বিচার ব্যবস্থার মাধ্যমে—এটা কল্পনা করা বৃথা। এটা কল্পনা করার কথা নয়।

এই বিচার ব্যবস্থার মাধ্যমে এটা কল্পনা করা বৃথা, এটা কল্পনা করা যায় না। সবচেয়ে ইনকংগ্রামুয়িটি অফ দি সিচুয়েশন হচ্ছে, ১৯৫২ সালে একটা সংবিধান গৃহীত হয়েছে, কিন্তু সিভিল প্রো সিডিয়র কোড এবং ক্রিমিনাল প্রোসিডিওর কোড, যা ইংরাজ আমলে তদানীন্তন সমাজ ব্যবস্থাকে স্থায়ী করে রাখার জন্য করা হয়েছিল, তা অপরিবর্তিত আছে। আমাদের দেশে নতুন সংবিধান গ্রহণ করার সাথে সাথে এটার পরিবর্তন করা হয় নি। তবুও এর মধ্যে আমরা কিছুটা কাজ করবার চেষ্টা করছি। আমাদের সরকারের একটা নীতি আছে এবং এই ব্যবস্থার মধ্যেও আমরা আমাদের নীতি অনুযায়ী ওপরের দিকের জন্য কাজ না করে, আমাদের কাজ-কর্মকে যতদূর তলার দিকে নিয়ে যাওয়া সম্ভব ততদূর নিয়ে যাবার জন্য চেষ্টা করছি। আমার কাছে লিষ্ট আছে, আমরা ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গে ৮০টি নতুন কোর্ট স্থাপন করেছি। এটা একটা সর্বকালের রেকর্ড। এই রেকর্ড পূর্বেকার ইতিহাসের মধ্যে কেউ দেখাতে পারবেন না। বিরোধী সদস্যরা তাঁদের আমলের এই রকম কোন রেকর্ড দেখাতে পারবেন না। এটা আমরা কেন করেছি? এটা কোন গর্বের জন্য নয়। অত্যন্ত সীমিত ক্ষমতার মধ্যে আমাদের একটা কোর্ট স্থাপন করতে হলে শুধু কোর্টে অফিসার দিলেই হয় না, বিভিন্ন রকম কর্মচারী দিতে হয়, কাগজ-পত্র দিতে হয়, ঘর দিতে হয়। সুতরাং আমাদের সীমিত ক্ষমতার মধ্যেও আমরা সমস্ত কিছুর ব্যবস্থা করে এই কোর্টগুলি স্থাপন করেছি। মাননীয় সদস্যরা জানেন যে, কয়েক মাসের মধ্যে আমরা মালদহ ডিস্ট্রিক্ট থেকে বালুরঘাটকে আলাদা করেছি এবং বালুরঘাট থেকে রায়গঞ্জ, ইসলামপুরকে আলাদা করেছি। আমরা ডায়মণ্ডহারবারে কোর্ট করেছি। আমার কাছে তালিকা আছে, আমরা ৮০টি নতুন কোর্ট পশ্চিমবঙ্গে চালু করেছি। এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে '৭৭ সাল থেকে আজ পর্যন্ত এটা আমরা করেছি। মানুষের আরো নিকটে যাবার জন্য আমরা চেষ্টা করছি। যাতে মানুষ আরো তাড়াতাড়ি বিচার পেতে পারে, তার জন্য আমরা চেষ্টা করছি। কিন্তু বিচার তাড়াতাড়ি হবে কিনা, তা আমি বলতে পারছি না। কারণ সেটা আমার এক্তিয়ারের

মধ্যে নেই। সেটা বিচারকদের এক্তিয়ারে। তবে যদি ব্যবস্থার মধ্যে কোথাও কোন ফাঁক থাকে, তাহলে তাঁরা সেটা দেখবেন।

বিরোধী দলের মাননীয় সদস্য মামলা জমে আছে বলে কাট মোশান দিয়েছেন। এই প্রসঙ্গে তিনি বলছেন যে, অনেক বছর ধরে মামলা জমে আছে। তাই যদি হয়, তাহলে আমি মাননীয় সদস্যকে জিজ্ঞাসা করছি, আগে কেন জমে ছিল? অনেক বছর ধরে কেন আছে, এটা তাঁর বোঝা দরকার। আমি আমার প্রারম্ভিক বাজেট বিবৃতিতে আমাদের সরকারের গৃহীত নতুন পলিসির কথা উল্লেখ করেছি। একটা কথা বলেছি যে, আমরা তলার দিকে বিচারব্যবস্থাকে নিয়ে যাবার চেষ্টা করছি। আর একটা জিনিস আমরা করেছি, সেটা হচ্ছে দরিদ্র, দুঃস্থ মানুষদের লিগ্যাল এড্ দেবার ব্যবস্থা। এই বিষয়ে বলতে গিয়ে মাননীয় সদস্য অনিল মুখার্জী একটা ভুল কথা বলেছেন, তিনি বলেছেন লিগ্যাল এড্ দেওয়ার ব্যাপারে আমরা নাকি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কিছু টাকা পাচ্ছি! আমি তাঁর এই ভুলটা সংশোধন করে দিচ্ছি। আমরা এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোন টাকা পাচ্ছি না, তারা এবিষয়ে আমাদের কিছুই দিচ্ছেন না। লিগ্যাল এড-এর সমস্ত খরচটা আমরা নিজেরাই বহন করছি। রাজ্য সরকার নিজের ব্যয়ে এটা করছে। আমরা এটাকে প্রসারিত করছি। এক্ষেত্রে আমরা যতটা সাফল্য পাব, বিচারব্যবস্থার ওপর জনগণের ততটা আস্থা বৃদ্ধি পাবে।

এখানে রেজিস্ট্রেশন সম্বন্ধে কথা উঠেছে। এ বিষয়ে ফাইলিং সিস্টেম চালু হয়ে গেছে। আমি এর আগেও বলেছি যে, এর দ্বারা অনেক সমস্যার সমাধান হবে বলেই আমি আশা করছি।

কোর্ট-কাছারি, রেজিস্ট্রেশন অফিসে জেরক্স কপি চালু করার চেষ্টা করছি, এটা চালু হলে পশ্চিমবাংলার মানুষ কোর্ট-কাছারি থেকে দ্রুত কপি পাবে, মানুষের সুবিধা হবে। সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে আমরা এই সমস্ত কাজ করার চেষ্টা করছি।

এই কয়টি কথা বলে, আমি সমস্ত কাট মোশানের বিরোধিতা করে আমার বাজেট বরাদ্দকে গ্রহণ করবার জন্য সকল মাননীয় সদস্যদের কাছে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। আমি আশা করছি, সদস্যরা সকলে আমার বাজেটকে সমর্থন করবেন।

Demand No. 4

The motions that the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Shri Syed Abul Mansur Habibullah that a sum of Rs. 9,77,43,000 be granted for expenditure under Demand No. 4, Major Head : "214—Administration of Justice",

(This is inclusive of a total sum of Rs. 1,12,91,000 already voted on account in March, 1984), was then put and agreed to.

Demand No. 8

The motions that the Demand be reduced to Re. 1 and the motion that the Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Shri Syed Abul Mansur Habibullah that a sum of Rs. 5,38,07,000 be granted for expenditure under Demand No. 8, Major Head : "230-Stamps and Registration". (This is inclusive of a total sum of Rs. 89,68,000 already voted on account in March, 1984) was then put and agreed to.

Adjournment

The House was then Adjourned at 8.01 p.m. till 12 noon, Tuesday, the 17th April, 1984, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 17th April, 1984 at 12 noon.

Present

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 14 Ministers of State and 138 Members.

[12.00—12.10 P.M.]

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি প্রিভিলেজের প্রশ্ন এই হাউসের সামনে তুলতে চাই। এটা হচ্ছে লিডার অফ দি অপোজিশন, মাননীয় সদস্য শ্রীআবদুস সাত্তারের বিরুদ্ধে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি রুল অফ সাবজুডিস সম্পর্কে যে রুলিং দিয়েছিলেন সেই রুলিং দেওয়ার পরে এই হাউসের কয়েকজন মাননীয় সদস্য হাইকোর্টে গিয়েছিলেন সংবিধানের আর্টিকেল ২১২-কে উপেক্ষা করে এবং তারপর তাঁরা এখানে ফিরে আসেন। ফিরে আসার পরে লবিতে মাননীয় লীডার অফ দি অপোজিশন আপনার ঐ রুল অফ সাবজুডিস সম্পর্কে আপনার রুলিংয়ের সমালোচনা করে চ্যালেঞ্জ করে কিছু বক্তব্য রেখেছিলেন। সেটা ১২ তারিখের স্টেটসম্যান পত্রিকায় প্রকাশিত হয়েছে, এবং এই বক্তব্যের ভিতর লীডার অফ দি অপোজিশনের মূল কথা হচ্ছে, আপনি যে রুলিং দিয়েছেন সেটা শুধু যে রং তাই নয়, সেটা হাইকোর্টের ডিভিসন বেঞ্চের মাননীয় বিচারপতি পি. সি. বড়ুয়া মহাশয় তাঁর একটা অবজারভেশণ দিয়েছেন। সেই পরিপ্রেক্ষিতে সম্পূর্ণ ইললিগ্যাল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে এই যে, বিধানসভায় মাননীয় অধ্যক্ষের কোন রুলিংকে যেমন বিধানসভার ভিতরে চ্যালেঞ্জ করা যায় না, সমালোচনা করা যায় না, তেমনি হাউসের বাইরে কোথাও বিধান-সভার মাননীয় অধ্যক্ষের রুলিংকে চ্যালেঞ্জ করা বা সমালোচনা করা যায় না। যদি করা হয় তাহলে সেটা অধিকার ভঙ্গের পর্যায়ে পড়বে এবং শুধু অধিকার ভঙ্গের পর্য্যায়েই পড়বে না, সেটাতে সভার অবমাননা করা হচ্ছে বলে ধরা হবে। সুতরাং এই পরিপ্রেক্ষিতে আমি আজকে এই প্রশ্নটি হাউসে উত্থাপন করছি এবং

আমি আশা করি আপনি এই প্রিভিলেজ কোয়েশচেনটা যথাযথ ভাবে বিচার-বিবেচনা করে দেখুন যদি প্রাইমাফেসী কেস থাকে তাহলে এই কেসটিকে অবিলম্বে প্রিভিলেজ কমিটিতে পেশ করুন, এই হচ্ছে হাউসের কাছে আমার নিবেদন।

মিঃ স্পীকারঃ আমি এখন তো প্রিভিলেজের কোন রকম রুলিং দিচ্ছি না। নো কনফিডেন্স রয়েছে, সে জন্যই সব হেল্ড আপ করে রেখেছি। আমি গতকাল মাননীয় সদস্য দেওকীনন্দন পোদ্দার মহাশয়কেও এ কথাই বলেছি। পেনডিং ডিসিশন অফ দি নো কনফিডেন্স আমি এখন কিছু বলব না। এর পরে আই উইল টেক দি ডিসিশন অন দি প্রিভিলেজ মোশনস্ আফটার দ্যাট।

শ্রীঅনিল মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এটা হচ্ছে বাংলার দৈনিক খবরের কাগজে নেতাজী তথ্যচিত্র সম্পর্কে যে ঘটনার খবর বেরিয়েছে—নেতাজী সুভাষ চন্দ্র বোস সম্পর্কে বিতর্কিত তথ্যচিত্র 'ওয়ার অফ দি স্প্রিঙ্গিং টাইগার' সম্পর্কে, সেই তথ্যচিত্রের মূল হোতার পক্ষে যিনি এগ্রিমেন্ট করেছিলেন সেই ডাঃ শিশির বোস এই হাউসে বসে আছেন। আজকে তাঁকে বলতে হবে, পশ্চিমবাংলার মানুষকে বলতে হবে, ভারতবর্ষের জনগণকে বলতে হবে—কি শর্তে কি কি ভাবে নেতাজী চিত্র সম্পর্কে গ্র্যানাডা টেলিভিশনের সঙ্গে তিনি এগ্রিমেন্ট সই করেছেন, কি গোপন চুক্তি করেছেন, কোন্ ট্রাষ্টের মত নিয়ে করেছেন? আজকে তিনি ভারতবর্ষের মানুষকে অপমানিত করেছেন এবং নেতাজীকে অপমানিত করেছেন। আজকে ঐ গ্র্যানাডা টেলিভিশন নেতাজীকে বিকৃত করে যে চিত্র তৈরী করেছে তা ব্রিটিশ টেলিভিশনকে বিক্রি করেছে এবং পৃথিবীর সর্বত্র তা দেখানো হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে মাননীয় মুখ্যমন্ত্রী এ ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন, তা সত্বেও ভারত সরকারের লিখিত আপত্তি সেখানে দেখতে পাচ্ছি না। নেতাজীকে অপমানিত করবার অধিকার বসু পরিবারকে কে দিয়েছে? নেতাজীর সমস্ত তথ্য আজ ভারতের জাতীয় সম্পত্তি এবং নেতাজী ভারতবর্ষের মহান নেতা। আমরা জানতে চাই তাঁকে এই ভাবে ভারতের বাইরে বিকৃত অপমানিত তিনি কিভাবে করেছেন? আমরা এটা তাঁর কাছে জানতে চাই, ভারতের মানুষ জানতে চায়, পশ্চিমবাংলার মানুষ জানতে চায়, কারণ এটা একটা আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয়। এ ব্যাপারে অমিয় বোস মহাশয়ও বিবৃতি দিয়েছেন। তিনি বলেছেন এই ভাবে ট্রাষ্ট প্রপার্টির বিরুদ্ধে গোপন চুক্তি কিভাবে করেছেন? যে সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে অপোষহীন লড়াই করেছিলেন নেতাজী, আজকে

তাদের সঙ্গে গোপন চুক্তি করেছেন তিনি। আজকে আমরা জানতে চাই, পশ্চিম-বাংলার মানুষ জানতে চায়, ভারতবর্ষের মানুষ জানতে চায়—এই ভাবে নেতাজীকে অপমানিত করবার অধিকার কে দিয়েছে তাঁকে—আমরা আজকে জানতে চাই।

ডাঃ শিশির বোস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই এ সম্পর্কে বক্তব্য রেখেছি এবং আমরা বিধানসভার সদস্যরা সকলেই জানি যে, এই সম্পর্কে একটি প্রস্তাবের নোটিশ আগেই দেওয়া হয়েছে এবং সেটা ছেপে আমাদের কাছে সার্কুলেটও করা হয়েছে। আমি আশা করেছিলাম যে, এটা বিধানসভার সামনে আসবে এবং সেই সময় এ বিষয়ে আলোচনা করবার সুযোগ হবে এবং সেই সময় যা বলবার বলবো। কিন্তু আজকে মাননীয় সদস্য অনিলবাবু অনেকগুলো কথা বললেন। আমার যা বক্তব্য তা নিশ্চয়ই রাখবো—সে বিষয়ে সন্দেহ নেই, যখন কিছু বক্তব্য ওঁরা শুনতেই চান। একটি কথা বলি যে মাননীয় বন্ধুবর উত্তেজিত হয়ে অনেকগুলো কথা বলে গেলেন। এই জন্য কতগুলো বিভ্রান্তি সৃষ্টি হতে পারে। আমি দু'একটি কথা বলছি। আমি জানি না যে পরে বলবার অবকাশ পাবো কিনা। এখানে আধ-ঘণ্টা ধরে বলতে পারি, কিন্তু তাহলে আপনার সময় চলে যাবে। এই ছবি করা নিয়ে কারোর সঙ্গে কোন গোপন চুক্তি হয়নি—যে কথা উঠেছে তা সম্পূর্ণ অসত্য কথা। এটা চুক্তির কোন ব্যাপার নয়। টেলিভিশন ডকুমেন্টারী প্রথমত আমার কোন ব্যক্তিগত ব্যাপার নয়। টেলিভিশন ডকুমেন্টারী এর আগে নেতাজী এবং আই. এন. একে নিয়ে অনেক হয়েছে; আমাদের দেশে হয়েছে; জাপান একটি এবং জার্মানী একটি করেছে। তার পর যেটার ফলে কন্ট্রোভার্সি এসেছে, শেষ পর্যন্ত এটা হয়েছে। এতে অনেকেই মনে করবেন না যে গ্র্যানাডা টেলিভিশন বলে একটি কোম্পানী আছে বা তার সঙ্গে যেন বাইল্যাটারাল এগ্রিমেন্টে আমার একটা কোন সংস্থা হয়েছে। এটা সম্পূর্ণ বিভ্রান্তিকর খবর।

বহু সংস্থা, বহু ব্যক্তি এর সঙ্গে জড়িত। যখন কোন একটা কোম্পানী কোন টেলিভিসান ডকুমেন্টারী করতে মনস্থ করেন তখন তাঁরা যেখানে যেখানে যে সব তথ্য আছে সেইগুলির খোঁজ খবর করেন। নেতাজী সম্বন্ধে, আজাদ হিন্দ ফৌজ সম্বন্ধে সারা পৃথিবীব্যাপী তথ্য ছড়িয়ে আছে। যাঁরা যাঁরা এই সব করেন—আমাদের দেশ থেকেও এই সব করা হয়েছে—তাঁরা সারা পৃথিবী থেকে সেই সব তথ্য সংগ্রহ করেন। আমি যে সংস্থার সঙ্গে যুক্ত আছি সেটা একটা মাত্র সংস্থা। মাননীয় সদস্য অনিলবাবু এই ছবি দেখেছেন কিনা জানিনা, নাকি সব কাগজের উপর ভিত্তি করেই এই সব কথা বলছেন? আমি এই ছবি দেখেছি। আমি

আপনাকে বলছি যে যে সংস্থার সঙ্গে আমি যুক্ত তাদের কাছ থেকে যে তথ্য নেওয় হয়েছে তার খুব কম অংশই ব্যবহার করা হয়েছে। একনলেজমেন্ট লিস্ট বলে যে একটা লিস্ট দেওয়া হয় না—কোন ফ্লিম করার আগে একটা লিস্ট দেওয়া হয় সেটাই হলো একনলেজমেন্ট ক্রিস্ট। এটা কোন বাই ল্যাটারাল ব্যাপার নয়, এটা আমি বলেই দিই। যে সংস্থার সঙ্গে আমি যুক্ত সেটা একটা গবেষণামূলক এবং ঐতিহাসিক সংস্থা। তার নাম নিশ্চয়ই অনেকেরই জানা আছে। প্রথম নামটা বি জানেন? গভর্নমেন্ট অব ইণ্ডিয়া ফ্লিম ডিভিসান। তারপর জার্মান, জাপান অন্যান্য দেশের বহু সংস্থার নাম আছে। কেবল একটা ব্যতিক্রম ওদের ক্ষেত্রে আমি করে-ছিলাম। আমাদের যে সংস্থা আছে অন্য কোন টেলিভিসান ডকুমেন্টারী আমরা করি না। এটা সকলের জানা আছে যে, যখন কোন টেলিভিসাল ডকুমেন্টারী কেউ করেন তখন তিনি কি ফ্লিম করছেন, তার কি কি উদ্দেশ্য, তিনি কি ধরনের ছবি করবেন তার একটা আইডিয়া, তার একটা থিম তিনি সকলকে দেন। আমরা ভারতবর্ষের দূরদর্শন থেকে অনেকগুলি ছবি করেছি। এইগুলি কখনও দাবি কর হয় না, মুখের কথাতে যেটা হয়েছে সেটাই গ্রহণ করেছি। সবগুলো যে আমাদের পছন্দ হয়েছে তা নয়। আমাদের কাছে ঐতিহাসিক তথ্য যেগুলি আছে—সব যে আছে তা নয়—আমরা সেইগুলি দিতে পারি যদি কেউ ঐতিহাসিক চিত্র করতে চান। কি চিত্র করবেন তাঁরা সেটা কিন্তু আমাদের দেন নি। এটা পরিষ্কার বলে রাখি এই ক্ষেত্রে একটা ব্যতিক্রম হয়েছিল। আমরা একটা দাবি করেছিলাম—যদি এটা চুক্তি বলতে চান চুক্তি বলতে পারেন, কোন সই করা চুক্তি হয় নি, চিঠি আদান-প্রদানের মাধ্যমে কথা হয়েছে যে, আপনাদের থিম আমাদের দিতে হবে। তাঁরা আমাদের একটা থিম দিয়েছিলেন এবং সেটা যথারীতি আইন অনুযায়ীই কর হয়। আমি সেটা এই সংস্থার কর্মপরিষদের কাছে পাঠিয়ে দিই এবং পরে এট ভারত সরকারের কাছে পাঠাই। স্যার, আপনি যদি থিমটা দেখেন তাহলে সমস্ত ব্যাপারটা ক্লিয়ার হয়ে যাবে। এই ব্যাপারটা যে হাউসে উঠবে এট আমি জানতাম না, তাহলে এর কপি আমি আনতে পারতাম। পরে যদি আলোচন হয় তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়কে দেব। আপনারা যদি সেটা দেখেন তাহলে আপনাদের এতে আপত্তি করার কিছু থাকবে না। তা সত্বেও আমি এটাকে বলেছিলা রেজারভেসান আছে আমাদের। রেজারভেসানের কথা আমি ব্যক্ত করেছিলা এবং বলেছিলাম আমাদের কিছু রেজারভেসান আছে। তোমরা যেটা বলছো তা সঙ্গে আমরা একমত নই। তখন তাঁরা তার জবাবে বলেছিলেন যে তোমরা বে রেজারভেসানের কথা ব্যক্ত করেছো সেইগুলি আমরা যখন ছবিটা করবো নিশ্চয়

we will take them into account certainly we shall take them into account. কিন্তু একটা প্রশ্ন উঠেছে। তাঁরা কিন্তু সেটা করেন নি। তাঁরা বিশ্বাস ভঙ্গ করেছে এই হলো আসল কথা। মাননীয় সদস্য অনিলবাবু যখন ব্যাপারটা জানবেন তখন নিশ্চয়ই তিনি আমাদের পাশে এসে দাঁড়াবেন। যে অন্যায়টা করা হয়েছে সেটা সংস্কার প্রতি করা হয়েছে। আমাদের দেশবাসীর কাছ থেকে আশা করি তারা আমাদের পাশে এসে দাঁড়াবেন এবং আমদের হাত শক্ত করবেন। তা না করে আপনারা উল্টোটা করছেন। তাঁরা আমাদের কাছে যে বিষয়টা বললেন সেটা তাঁরা মানলেন না, না মেনে তার বিকৃতি ঘটালেন।

তার প্রতিবাদে ওরা আমাকে বললেন যে আমার কাছ থেকে নাকি পাওয়া গিয়েছে। কিন্তু আমি জানি এর সঙ্গে আমার কোন সম্পর্ক নেই এবং আমি ওদের সব সময়ে ডিসোসিয়েট করে এসেছিলাম। এমন কি ফ্রেম বাই ফ্রেম রিপোর্ট আমার কাছে আসে। আমি এটা রিভিউ করেছি, তখন এটা দেখান-টেখানো হয়নি। আমি তার একটা রিপোর্ট নিয়ে কালবিলম্ব না করে ভারত সরকারের কাছে যথারীতি যোগাযোগ করি যাতে ভারত সরকার এই ব্যাপারে এ্যাকশান নেয়। কারণ আমি জানি এই ব্যাপারে এ্যাকশান নেওয়া উচিত এবং ভারত সরকারও এই ব্যাপারে এ্যাকশান নেন। সেটা অবশ্য কূটনৈতিক ব্যাপার। সুতরাং এই হল সিচুয়েশান। আর যে কথা উনি বললেন যে এতে জল অনেকদূর গড়িয়েছে সেটা কিন্তু নয়, ভারত সরকার এই স্ক্রিপ্ট পড়েছে। সেখানে একটা সাময়িক পত্রিকা লণ্ডনের লোক এটা ছেপেছে। নানারকম লোক, কিছু কিছু ভারতীয়ও বিলেতে বসবাস করেন। এখানে যেটা আপনারা অন্যায় ভাবে দেখতে পাচ্ছেন সেটা কিন্তু বিলেতবাসীরা সেই স্ক্রিপ্টটা পড়েছেন। তারা অনেকেই বলতে আরম্ভ করেছিলেন যে এর মধ্যে কোন গণ্ডগোল নেই, এটা দেখানো যেতে পারে। এখানে মাননীয় সদস্য ক্ষুব্ধ হচ্ছেন অন্য ভাবে আমার উপর আবার তারা এই বিলেতবাসীরা যারা ভারতে থেকে গেছেন তারা আবার অন্য ভাবে ক্ষুব্ধ হয়ে বক্তৃতা করেছেন।

শ্রীদীপক সেনগুপ্ত: স্যার, এটা উনি যেটা বলছেন তার উপর আমাকেও বলতে দিতে হবে।

ডাঃ শিশির কুমার বোস: তারপরে মিসেস গান্ধীর কাছে সেই ব্যাপারটি নিয়ে মুখ্যমন্ত্রী চিঠি দিয়েছেন তাতে তিনি একটি কথা লিখেছেন এবং সেটা তিনি বিকৃত করে লিখেছেন। তিনি লিখেছেন এতে কয়েকজন ভারতীয় এবং তাতে আমি

একজন ভারতীয় পড়ি যারা একসঙ্গে জড়িত এবং এতে সাহায্য করছি এবং আমরা নাকি তথ্যাদি দিচ্ছি এবং সাক্ষাৎকারও করছি। কেন করছি সেটা যদি জানতেন তাহলে অন্যায় হচ্ছে একথা বলতেন না এবং একথাও বলতেন না যে এতে এ্যান্টি ইন্ডিয়ান লোক আছে। এটা আমি পরিষ্কার করে বলে দিতে চাই যখন এই ব্যাপারটি হল এতে লজ্জার কোন কিছু ছিল না। যখন আমাদের কাছে থিমটি দেওয়া হয়েছিল তখন একটা কথা উঠেছিল যে এই থিমের ক্ষেত্রে আমাদের দিক থেকেও লোক থাকবে এবং ইংরাজদের দিক থেকেও লোক থাকবে। যেমন নাম করছি এই থিমের ইংরাজ পক্ষে ছিলেন ফ্রিলিপ ম্যাসন, সেই সময়ে ভারত সরকার গভর্ণমেন্টের ডিফেন্সে ছিলেন। তারপরে ছিলেন হিউটয় তিনি ব্রিটিশ ইন্টালিজেন্সিতে কাজ করতেন, ডক্টরেট করেছিলেন এবং পরে তিনি ঐতিহাসিক হয়েছিলেন। এই কজন ছিলেন এই ব্যাপারে, তারপরে যিনি ছিলেন তিনি খুবই ভালো লোক ছিলেন, তাঁর নাম হচ্ছে লর্ড ফেনার ব্রকওয়ে—তিনি আমাদের অকৃত্রিম বন্ধু এবং স্বাধীনতা সংগ্রামে তাঁর দান প্রচুর, তিনি এখনো জীবিত আছেন এবং আমার সঙ্গে তাঁর এখনো যোগাযোগ আছে। তাদের সঙ্গে আমাদের এই চুক্তি হয়েছিল যে তাদের পক্ষেও লোক থাকবে এবং আমাদের পক্ষেও লোক থাকবে। তাদের পক্ষে যদি ২ জন থাকে তাহলে আমাদের পক্ষে থাকবে ৪ জন করে। সুতরাং এর মধ্যে তো কোন বিতর্কের সৃষ্টি হওয়ার কারণ নেই।

[1.20—1.30 P.M.]

এতে আমাদের কিছু ভয় নেই। আমি ভেবেছিলাম যে এ বিষয়ে মুখ্যমন্ত্রীকে বলব। একজন বিশেষ কোন ব্যক্তি দিয়েছেন বলে আমরা যাব না। তিনি যে যুক্তি দেবেন তার বিরুদ্ধে আমরা বলব। এখানে আবার আর একটা বিশ্বাসভঙ্গ হল। যখন এসেসমেন্ট হল তখন যাদের যাদের বলা হল ঘটনাগুলো নেতাজী জীবন নিয়ে যাকে বলে রাউণ্ড এসেসমেন্ট হবে তখন ওঁদের পক্ষে থাকবেন দু'জন আর আমাদের পক্ষে থাকবে ৪ জন। আমাদের পক্ষে থাকবেন শানওয়াজ খান, সি. কে. সাইগল, আবির হাসান এবং মাই সেলফ। তাঁরা রাজী হয়েছিলেন। কিন্তু ওঁরাও সবগুলো কেটে দিয়েছেন। এই ভাবে দ্বিতীয়বার বিশ্বাসভঙ্গ করলেন। এখন তারা বলছেন ম্যাথামেটিকাল ব্যালান্স রাখা যায় না। সেই জন্য এই রকম ভাবে তারা করেছেন। এটা আমার মনে হয় একটা আদর্শগত লড়াই। আমরা কেন নেতাজীকে নিয়ে বিতর্কে যাব না

আমাদের কোন ভয় নেই। আপনারা কেন মনে করছেন একজনকে পুরানো ব্রিটিশ সিভিলিয়ান নেতাজীর সম্বন্ধে কি বললেন না বললেন কিংবা একজন আধা সরকারী লোক কি বললেন না বললেন সেটা বড় কথা নয়। আমরা কি বলেছিলাম সে সম্বন্ধে যে ছাপা তথ্যগুলো আছে সেগুলি আমি অধ্যক্ষ মহাশয়ের হাতে দিয়ে দেব। যেদিন আমাদের এ সম্বন্ধে প্রস্তাব উঠবে সেদিন এটা নিয়ে আলোচনা হবে। একটা নন্‌অফিসিয়াল রেজোলিউশান মাননীয় দীপকবাবু দিয়েছেন। উনি রাগ করে যেসব কথা বললেন সেগুলির জবাব দেওয়ার কি আছে জানি না। তথ্যগুলোর, মূল কথাগুলোর জবাব আমি দিয়েছি। এটা জাতির ব্যাপারও নয়, এটা আন্তর্জাতিক ব্যাপার। জাপানী একটা ফিল্ম কোম্পানী একই উদ্দেশ্য নিয়ে তারা এসেছিল। সেখানে তারা ভারতীয় মুক্তি সংগ্রামের উপর ৯০ মিনিটের একটা ফিল্ম করেছে। সেটা এখানে দেখান যায়নি কারণ এর মোটামুটি স্ক্রিপ্ট সব জাপানী ভাষায়, যদিও এর মধ্যে কিছু কিছু ইংরাজীও আছে। কিন্তু ট্রান্সলেট করে যে রিপোর্ট বেরিয়েছে সেটা সত্যিই ভাল ছবি। আবার জার্মান টেলিভিসন তারাও একটা ছবি করেছিল। গ্রানাডারা খুব বেশী আমাদের কাছ থেকে জিনিষপত্র ব্যবহার করেনি। জার্মানীরা যে ছবি করেছিল তাতে নেতাজীর সহযোগী যারা ছিলেন তাদের সকলকেই তারা নিয়েছিলেন। সাম্রাজ্যবাদের কথা বললেন—এ সম্বন্ধে একটা আর একটা ব্যাপার আছে সেটা বলি। যখন ফেস্টিভাল অফ ইণ্ডিয়া ইংল্যাণ্ডে হয়েছিল তখন আমাদের কাছে একটা প্রস্তাব আসে। কমনওয়েলথ ইনষ্টিটিউশন বলে একটা বড় প্রতিষ্ঠান আছে। সেখানে প্রত্যেকটা দেশের একটা করে প্যাভেলিয়ান আছে সেখান থেকে একটা প্রস্তাব আমাদের কাছে আসে যে, তারা একটা ভারতীয় প্রদর্শনী করবে যাতে নেতাজী সম্বন্ধে একটা অনুষ্ঠান থাকবে। চিঠিটা যখন আসে তখন আমরা বিশেষ সাড়া দিইনি কারণ আমরা একটু সন্দিগ্ধ হয়েছিলাম। তার পর তাদের ডেপুটি ডাইরেক্টার এখানে এসে সরাসরি কথা বলেন আমাদের সঙ্গে। যিনি ডেপুটি ডাইরেক্টার ছিলেন তিনি আগে রয়েল এয়ারফোর্সের একজন বড় অফিসার ছিলেন—যিনি আমাদের কাছ থেকে অনেক টিল-পাটকেল খেয়েছিলেন। তিনি বলেছিলেন আপনারা বিশ্বাস করতে পারেন যে শ্রদ্ধার সঙ্গে এইগুলি দেখান হবে এবং তাঁরা কোন জিনিষের কপি দিতে রাজি হলেন না। তাঁরা ওরিজিনাল দিতে চান। গান্ধীজী এবং পণ্ডিত নেহেরুর প্যানেল তৈরী হয়েছিল এবং তার সবগুলি ওরিজিনাল দিতে চেয়েছিলেন।

আমরা শেষ পর্যন্ত রাজী হইনি, এবং এটা সুখের বিষয় যে পরে সেটা আমাদের লণ্ডনস্থ ভারতীয় যারা আছে তারা নিজেরা দেখে সেটা চেক করে। খুব শ্রদ্ধার

সঙ্গে তারা নেতাজীর উপর বিশেষ করে আন এন এ-র উপর প্রদর্শনী করেছিল। সুতরাং সকলেই যে আমাদের বিরোধী তা নয়। আপনারা বিতর্ক করছেন। আমার মনে হয় আমাদের যতটুকু ক্ষমতা আছে এবং দেশবাসী আমাদের পাশে এসে দাঁড়ান। আমারা লড়াই করেছি। এটা একটা বিশেষ টেলিভিসনের ব্যাপার। এটা বৃটিশ ব্রডকাষ্টিং কর্পোরেশন তুলেছে। এটা বোঝা দরকার যে বি বি সি-র সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। বি বি সি আমাদের সময় দিল এর বিরুদ্ধে বলবার জন্য। আপনারা বোধ হয় জানেন, এর নাম হচ্ছে রাইট অব রিপ্‌লাই। আমরা বিশেষ একজন সাংবাদিককে এখান থেকে তথ্যমূলক জিনিসপত্র. সমেত এয়ারে করে পাঠিয়ে দিলাম এবং তিনি খুব ভালভাবে বলতে পেরেছেন। আমাদের পক্ষ থেকে তিনি সেই ছবি দেখেছেন। সব উত্তর আমাদের বলা আছে—সেগুলি তিনি বলেছেন। আমার শেষ কথা হোল আমাদের ভারতীয় যেসব প্রতিষ্ঠান আছে, তাদের সঙ্গে আমি যোগাযোগ করেছি যাতে এই যে আমাদের সংগ্রাম এটা যেন চলতে থাকে। এটা একটা জাতীয় ব্যাপার। তাই আমরা ইতিমধ্যে ছবি পর্যন্ত পাঠিয়ে দিয়েছি যাতে নেতাজীর উপর বিলাতে প্রদর্শনী হয়। এই হোল আমার প্রথম পর্যায়ের বক্তব্য। এরপর প্রয়োজন হলে পরে আলোচনা করা যেতে পারবে।

শ্রীদীপক সেনগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুব একটা সিরিয়াস ম্যাটার। প্রশ্নটা হচ্ছে অনেক সংস্থা এর সঙ্গে জড়িত রয়েছে এবং ভারত সরকারের নাম সর্বোপরি। নেতাজী রিসার্চ ইনষ্টিটিউটের সঙ্গে মাননীয় সদস্য শিশিরবাবু জড়িত রয়েছেন। এই চিত্র সম্পর্কে তাঁর জড়িত থাকাই হচ্ছে একটা গর্হিত কাজ। ভারত সরকারের একটা উদ্দেশ্য থাকতে পারে। ভারত সরকার সব ইতিহাসটাই নেহেরু পরিবারের ইতিহাস বলে চালাচ্ছেন। এতে সুভাষচন্দ্রকে ছোট করানোর চেষ্টা হয়েছে। সেখানে একটা ষড়যন্ত্র রয়েছে, এই আশঙ্কা করার আমাদের একটা কারণ রয়েছে। ভারত সরকার যে সহযোগিতা করেছেন সেটা আন্তর্জাতিক ক্ষেত্রে নেতাজীকে ছোট করার জন্য যে করা হয়নি একথা কে বলতে পারে? কারণ সেই সময় নেহেরুর সেই বক্তৃতার কথা বলা যেতে পারে, যখন তিনি বলেছিলেন সুভাষ-চন্দ্র যদি এদেশে আসে তাহলে তিনি হবেন প্রথম ভারতীয় যিনি তরবারী নিয়ে সুভাষচন্দ্রের বিরোধিতা করবেন। এই কথা সেদিন তিনি বলেছিলেন। এখানে শিশিরবাবু নেতাজী রিসার্চ ইনষ্টিটিউটের সঙ্গে জড়িত এবং বসু পরিবারের লোক জড়িত থেকে যদি একটা তথ্য চিত্র তৈরী হয় তাহলে আন্তর্জাতিক ক্ষেত্রে তার মূল্য

অনেক বেশী এবং বিশ্বাসযোগ্য হয়ে উঠে। এখানেই আমাদের আপত্তি। নেতাজীকে নিয়ে অনেক তথ্য বা ছবি করা হচ্ছে—তাতে কিছু আসে যায় না—অনেক কিছু মূল্যায়ন করার চেষ্টা করা হচ্ছে তাতেও কিছু আসে যায় না। কিন্তু প্রশ্নটা হচ্ছে শিশিরবাবু কংগ্রেসের চক্রান্তের সঙ্গে যুক্ত হয়ে পড়েছেন। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের ক্ষেত্রে নেতাজীকে বিকৃত করবার যে চেষ্টা এবং আন্তর্জাতিক ক্ষেত্রে নেহেরু পরিবারের এবং প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর যে প্রচেষ্টা রয়েছে, যে নেতৃত্ব রয়েছে, তার সঙ্গে নেতাজী রিসার্চ ইনষ্টিটিউট জড়িত হয়ে পড়েছেন শিশিরবাবু জড়িত হয়ে পড়েছেন। আমরা সুভাষচন্দ্রের অনুগামী। তাই এই দিক থেকে আমরা একটু আতঙ্কিত। এই সঙ্গে একটা কথা বলে দিতে চাই যে, এই ছবির সঙ্গে নিরোধ চৌধুরী জড়িত রয়েছেন, যিনি সেই সময় সুভাষচন্দ্রের বিরোধিতা করেছিলেন এবং তার জন্য তিনি অত্যন্ত দুর্নামও অর্জন করেছিলেন। তা সত্বেও এই সব জিনিস হচ্ছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে অনুরোধ করছি এই ব্যাপার নিয়ে এই বিধানসভায় একটা বেসরকারী প্রস্তাব আলোচনা করার সুযোগ দিন এবং এটা হওয়া বিশেষ দরকার। সেই আলোচনায় শিশিরবাবু দ্ব্যর্থহীন মতপ্রকাশ করতে দেখি তাহলে পশ্চিমবাংলার বিধানসভা থেকে এই ধরণের একটা প্রস্তাব ঐ গ্রেনেডা কোম্পানী, বৃটিশের যে এজেন্সি তাদের কাছে এটা পাঠাতে পারি, তাহলে অনেক বেশী এর প্রতিকার হবে। তার জন্য আমি আপনার কাছে অনুরোধ করবো, এই রকম একটা বেসরকারী প্রস্তাব আলোচনা করার সুযোগ আপনি দিন।

[12.30—12.40 P. M.]

Adjournment Motion

Mr. Speaker : Today, I have received two notices of adjournment motion. The first one is from Shri Shamsuddin Ahmed on the subject of deterioration of law and order situation in West Bengal and in Malda District in Particular. The other one is from Shri Kashinath Misra on the subject of unloading of sugar wagons of F.C.I. at Howrah Railway Shed.

The subject matter of the first motion relates to day-to-day administration and that of the other motion is not such which calls for adjournment of the House. Moreover, the Member may raise this matter through Calling Attention, Mention and Questions etc.

I, therefore, withhold my consent to both the motions.

One member of the party may, however, read out the text of the motion, as amended.

Shri Shamsuddin Ahmed : Mr. Speaker, Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and recent occurrence, namely, the law and order situation in the State of West Bengal in general and in Malda District in particular has reached the worst stage. Murders, snatchings, dacoities, lifting of cattles, have become the day to day affairs.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received five notices of Calling Attention, namely :

1. Prolonged closure of Steel and Allied Products, Factory No. 1 at Mominpur, Kidderpur and Factory No. 2 at Behala—from Shri Sumanta Kumar Hira and Shri Md. Nezamuddin.

2. Lathi charge by C. I. S. F. on Coal mine villagers at Barabani—from Shri Bamapada Mukherjee.

3. Reported murder of two persons at Piasbari, Malda followed by a clash between two rival groups—from Shri Shamsuddin Ahmed and Shri Abdul Wahed.

4. Setting many shops to fire and lathi charge by police at Bagnan Railway Station on 16. 4. 84 from Shri Kashinath Misra and Shaid Shish Mohammed.

5. Destruction of the Sluice gate on the river Kotla at Bongaon and on sequential sufferings of the farmers from Shri Bhupendra Nath Seth.

I have selected the notice of Shri Bhupendra Nath Seth on the Subject of destruction of the sluice gate on the river Kotla at Bongaon and consequential sufferings of the farmers.

The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : On the 19th, Sir.

Mr. Speaker : Now, I call upon the Minister-in-charge of Local Government and Urban Development Department to make a statement on the subject of fire that broke out in a multi-storeyed building near Raj Bhavan, Calcutta on the 6th April, 1984, called attention by Shri Kashinath Misra on the 9th April, 1984.

Shri Prasanta Kumar Sur : Sir, on receipt of a fire call at 2-00 P. M. on the 6th April, 1984, the State Fire Service Headquarters immediately sent two fire engines to the Eagle House, 4, Government Place (North), Calcutta-1. On reaching the place, the fire service personnel saw that the entire 8th floor of the building was involved in fire and shooting flames were coming out and

leaping towards the upper floor from the side window. A man was standing at the window in the front portion of the building and was crying for help.

The fire service personnel immediately went to the 8th floor with a fire fighting line in an attempt to rescue the man. It was impossible to rescue the man through the stairs of 8th floor as the entry to the floor had already been engulfed by fire. Meanwhile, another 4 fire fighting engines were requisitioned and a turn table ladder was brought to the spot but the ladder extended to its maximum could not reach the place where the man was standing. Which much difficulty a small aluminium ladder was fitted to the turn table ladder and one fire fighter climbed up the aluminium ladder with a rescue knot and brought down the trapped man to the 7th floor within a few seconds unhurt. The man was removed to the P. G. Hospital for further medical check up.

Senior officers of the fire service rushed to the spot. As there was no water source available in the building, water was brought by close relay from the reservoir of the Head Office of the United Bank of India. Within a few minutes the fire service personnel could force entry inside the involved floor and prevented the spread of fire to the other floors and to the adjacent offices. Fire was completely extinguished at about 6 P. M.

It could be learnt that the front portion of the 8th floor of the building was occupied by the Head Office of HADA Textile. The floor had small cubicles made of highly polished ply woods. Huge quantity of official papers, furniture and fittings were badly damaged and destroyed by fire. The cash vault, however, was saved.

The man who was trapped in the fire and rescued by the fire service personnel returned from the hospital. He disclosed his identity as Shri Dasarath Behara, a Peon of HADA Textile and narrated to the fire service personnel how the 8th floor caught fire. He told that he was busy in preparing tea on the floor at 1-30 P. M. on the day. Kerosene oil from the overhead container of a gravity fed stove spilled on the top of the wooden table and the table on which the stove was burning caught fire. One person of the office in an attempt to put out the fire poured a bucket of water on the table but it had an adverse effect. The fire spread to adjacent inflammable matterials. All the employees went outside the office which was smoke-logged and Shri Dasarath Behara tried to clear out the smoke by opening the windows of the office. The smoke did not go out and the open windows helped the fire to spread further. Shri Dasarath Behara could not retreat as the only entry-cum-exit door of the office was engulfed by fire in the meantime.

The outbreak of the fire was reported to the fire service when the fire already spread and the employees of the office failed to combat it. There was delay in making the fire call. It is also clear that the fire originated due to the inadvertent use of gravity-fed stove which under no circumstances should have been installed inside the office premises. The spillage of kerosene

oil was due to the carelessness of the user. The fire spread to the other side of the building as there was no fire resistence partition. The trapped person Shri Dasarath Behara could fortunately be rescued by the fire service personnel but had there been another staircase and exit in the office he could not have been trapped in such a manner.

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন যে, শিয়ালদহ আদালতের এই স্থান সমস্যা বিশেষ করে উদ্ভব হয় শিয়ালদহে উড়াল পুল গঠনের পর এবং ঐ স্থানে একটা নূতন শিয়ালদহ এলাকা সংগঠন করার প্রস্তাব অনুমোদন করা হয়। আমাদের সি. এম. ডি. এ. কর্তৃপক্ষ প্রথমে প্রস্তাব করেছিলেন যে, ঐ কোর্ট ওখানে থাকা উচিত নয়, ওখানে একটা ব্যবসা কেন্দ্র করা হবে এবং তাঁরা কতকগুলো প্রস্তাব দেন যে ওখান থেকে অন্যত্র, যেমন বেলেঘাটা কিম্বা সল্ট লেকে—এই সব জায়গায় নিয়ে যাবার প্রস্তাব তাঁরা দিয়েছেন। কিন্তু এই ব্যাপারে শিয়ালদহ আদালতের যাঁরা উকিল এবং লিটিগ্যাণ্ট পাবলিক এবং হাইকোর্টের সকলেই এই ব্যাপারে সম্মত হন না। শেষ পর্যন্ত ১৯৮১ সালের মার্চ মাসে একটা চুক্তি হয়েছে সি. এম. ডি. এ.'র সঙ্গে ২৪ পরগনার ডিষ্ট্রিক্ট জাজের, যাতে ঐ এলাকায় ঐ যে ব্যবসা কেন্দ্র, কমার্শিয়াল কমপ্লেক্স হবে, সেই কমার্শিয়াল কমপ্লেক্সের উপর দিকে আদালতের ব্যবস্থা সেখানে একত্রেই থাকবে, এই রকম একটা চুক্তি হয়েছে। এরপর সি. এম. ডি. এ. এই কাজ শুরু করে, পুরান বিল্ডিং-এর কিছুটা অংশ তাদের হাতে নেবার ফলে স্থান সঙ্কুলানের অবস্থাটা অত্যন্ত জটিল ভাবে দেখা দিয়েছে। এই ব্যাপারে সি. এম. ডি. এ.-কে আমাদের বিচার বিভাগের তরফ থেকে বারবার তাগাদা দেওয়া হচ্ছে যাতে দ্রুত এই কাজ সম্পন্ন করা হয়। যত দ্রুত এই কাজ সম্পন্ন করা হবে, তখনই এর স্থানাভাব দূর হবে। তার আগেও অন্যান্য কিছু ব্যবস্থা গ্রহণ করা যায় কি না, তা নিয়ে শিয়ালদহ কোর্টের উকিলদের সঙ্গে সাময়িক কিছু আলাপ-আলোচনা হয়েছে। কিন্তু এটা বেশী দূর অগ্রসর হয় নি।

শ্রীদেবপ্রসাদ সরকার: স্যার, এর কপি আমাদের কাছে সারকুলেট করে দিয়ে দেবেন।

মিঃ স্পীকার: আপনার প্রয়োজন আছে, আপনি কপি পেয়ে যাবেন।

FINANCIAL

Budget of the Government of West Bengal for 1984-85

PART—XV

Voting on Demands for Grants

Business remaining from 12th April, 1984, namely—

(A) Demand No. 36

(B) Demand No. 37

(C) Demand No. 38

(D) Demand No. 78

Mr. Speaker : I now call upon Dr. Sisir Kumar Bose to speak.

ডা: শিশির কুমার বোস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন কোন বাজেট বরাদ্দ আমাদের সামনে আসে আমরা প্রথমেই অর্থনৈতিক পর্যালোচনার দিকটায় একটু তাকাই। কারণ আমরা ধরে নিই যে, সেটাই হল বর্তমান সরকারের অর্থনৈতিক পরিকল্পনার বুনিয়াদ এবং সেখানে এই বিশেষ বিভাগের কি গুরুত্ব সেটা বুঝিয়ে দেওয়া হয়েছে, এটা আমরা ধরে নিই। আপনারা যদি এই বছরের অর্থনৈতিক পর্যালোচনাটা খুলে দেখেন তাহলে দেখবেন ৪৪ পাতায় লেখা আছে, সোসাল সার্ভিস এবং একসঙ্গে বলা আছে এডুকেশন এ্যাণ্ড হেল্থ—শিক্ষা এবং স্বাস্থ্য দুটি যুক্তভাবে দেওয়া হয়েছে। হেল্থ—স্বাস্থ্য বিষয়টিকে শেষের দিকে একটি টেবল এবং একটি প্যারায় শেষ করে দেওয়া হয়েছে। আমি প্রথমেই এই কথা বলতে চাই যে, আজকের অর্থনীতিতে অর্থনীতিবিদরা যে নতুন চিন্তাধারা এনে দিয়েছেন আমাদের সামনে তাতে যে পুরানো চিন্তাধারা ছিল শিক্ষা দেওয়া, কি স্বাস্থ্যের একটু ব্যবস্থা করা, কি সমাজ কল্যাণের কিছু কাজ করাটা—এগুলি যেন বদান্যতার মত, আমাদের একটা সোসাল ডিউটি, সেটা করলেই আমাদের কাজ সমাধা হয়ে গেল—সেই ধরনের একটা মানসিকতা যেন এই পর্যালোচনা, এই ধরনের স্বাস্থ্য এবং শিক্ষা রূপায়ণে প্রকাশ পাচ্ছে। আমি খালি একটি সেনটেন্স-এর থেকে তুলে নিয়ে মাননীয় সদস্যদের মনে রাখতে বলব, সেটা হচ্ছে—The state with the help of health workers are playing a crucial role of bringing the relevant services to the door steps of the common people.

আমার মনে হয় এই কথাগুলি স্বাস্থ্য সম্বন্ধে বলা আছে, এটাই হল মূল কথা।

আমরা ধরে নিচ্ছি যে, আমাদের যারা স্বাস্থ্য নীতি তৈরী করছেন তাঁদের লক্ষ্যই হচ্ছে স্বাস্থ্যকে আমাদের দেশবাসী, এই রাজ্যের জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে হবে। ষ্ট্যাটিসটিক্যাল এ্যাপেনডিক্সে দেখা যাচ্ছে সেখানে স্বাস্থ্যের খালি একটা টেবল আছে, সেটা হচ্ছে ১৪.২ নং টেবল। তাতে ১৯৭০ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত কিছু তথ্য, সংখ্যাতত্ত্ব দেওয়া হয়েছে, আমি সেগুলি পড়ে আপনাদের ধৈর্যচ্যুতি ঘটাতে চাই না। তার মধ্যে কিন্তু ১৯৮১ সাল পর্যন্ত যেসব সংখ্যাতত্ত্ব দেওয়া হয়েছে সেগুলি সবই প্রভিসন্যাল দেওয়া হয়েছে। তবে এটা সুখের কথা মাননীয় স্বাস্থ্যমন্ত্রীদ্বয় যে বাজেট বক্তৃতা আমাদের সামনে রেখেছেন তাতে তাঁরা শেষের দিকে আবার সংখ্যাতত্ত্বের আর একটি লম্বা ফিরিস্তি দিয়েছেন, তার থেকে আমরা আরো কিছু নতুন সংখ্যা পাচ্ছি।

এই দুটি মিলিয়ে এবং তার সঙ্গে আরো কিছু আমি যোগ করে কয়েকটি কথা বলব। আমরা, যারা এই স্বাস্থ্যের ব্যাপারের সঙ্গে জড়িত বা আমরা যারা এই স্বাস্থ্য নিয়ে কাজকর্ম করে থাকি শহরে বা গ্রামে, আমরা আপনাদের সরকারের বিভিন্ন দপ্তরের কাছে এবং ভারত সরকারের বিভিন্ন দপ্তরের কাছে মাঝে মাঝে আবেদন করি যে, আমাদের কিছু তথ্য দিন যাতে আমরা শিখতে পারি। সুখের বিষয় আপনাদের দপ্তর থেকে আমাদের তথ্যাদি সরবরাহ করা হয়, সেগুলি আমি কিছু কিছু ব্যবহার করবো। আমি আবার বলছি যে, আমি বেশী সংখ্যাতত্ত্ব দিয়ে আপনাদের ধৈর্যচ্যুতি ঘটাবো না, কিন্তু যেটুকু দরকার সেটুকু আমি দেব। এই বাজেট বক্তৃতাতে দেখছি কতকগুলি খুব সৎ উদ্দেশ্য এবং নীতির কথা বলে একটা প্যারা আছে, তার মধ্যে আমি যাচ্ছি না। এরকম ধরনের কথা আমরা বহুবার শুনেছি, যে-কোন বক্তৃতাতেই এগুলি বলা হয়ে থাকে। ঐ সেই ঔপনিবেশিক ব্যবস্থা ছিল, সেগুলি আমরা বদলে অন্য ব্যবস্থা করতে চাই ইত্যাদি ইত্যাদি। এ নিয়ে আমি ঝগড়াঝাটির মধ্যে যেতে চাই না, আমার মনে হয় এ বিষয়ে আমরা সবাই একমত, কাজেই আমি অন্য কয়েকটি কথা বলব। হাসপাতাল সার্ভিস সম্পর্কে অনেক কথা এই বাজেট বক্তৃতায় বলা হয়েছে। আমরা দেখছি আমাদের শহরাঞ্চলে যে হাসপাতাল রয়েছে—যদি আমার সংখ্যাতত্ত্বে ভুল হয় মাননীয় মন্ত্রী মহাশয়রা আমাকে শুধরে দেবেন—তার সংখ্যা হচ্ছে ৩৮১ টি। শহরে মোট জনসংখ্যার শতকরা ২৬.৪৭ ভাগ বাস করেন, তাঁদের জন্য এই ৩৮১ টি হাসপাতাল আছে। আর শেষ যে সংখ্যাটা মাননীয় মন্ত্রী মহাশয়রা দিয়েছেন তাতে বলা হচ্ছে গ্রামীণ হাসপাতাল আছে ১৯ টি। মাননীয় সদস্যরা কিন্তু এক্ষেত্রে মনে রাখবেন যে, আমাদের মোট জনসংখ্যার শতকরা ৭৩ ভাগেরও বেশী প্রায় ৭৪ ভাগ এই

গ্রামেই বাস করেন। মাননীয় সদস্যরা এটাও মনে রাখবেন যে, শহরাঞ্চলে জনবসতির হার হচ্ছে প্রতি স্কোয়ার কিলোমিটারে ৫॥ হাজার বা ৫ হাজার ৬ শোর একটু বেশী এবং গ্রামাঞ্চলে এই হার হল বড়জোর ৩৮০ থেকে ৩৯০ জন। আর সেখানে আমাদের হাসপাতালের বিস্তৃতি হচ্ছে শহরাঞ্চলে ৩৮১ টি এবং গ্রামাঞ্চলে ১৯ টি। আরো একটি তথ্য যেটা আপনারা আপনাদের বক্তৃতার মধ্যে দেন নি সেটা হচ্ছে এর মধ্যে কতগুলি সরকারী হাসপাতাল এবং কতগুলি বেসরকারী হাসপাতাল।

শ্রীরামনারায়ণ গোস্বামী: এগুলি সব সরকারী হাসপাতাল, বেসরকারীটা দিই নি।

ডাঃ শিশির কুমার বোস: একটা গুরুত্বপূর্ণ তথ্য জানা গেল যে, এগুলি সবই সরকারী হাসপাতাল। তাহলে দেখা গেল প্রায় ৭২/৭৩ ভাগ জনসংখ্যার জন্য ১৯ টি এবং শহরাঞ্চলের জন্য ৩৮১ টি সরকারী হাসপাতাল আছে। আমি যে জনবসতির কথা বললাম তাতে মনে হতে পারে বা আমরা হয়ত বলতে পারি যে, হসপিট্যাল সার্ভিস বলতে গ্রামাঞ্চলে বিশেষ কিছু ব্যবস্থা নেই। এর উত্তর কি দেবেন সেটাও অবশ্য ধরে নিতে পারি যে, আপনারা বলবেন যে হাসপাতাল ছাড়াও অন্য জিনিস সেখানে আছে। হেল্‌থ সেণ্টার আছে, প্রাথমিক হেল্‌থ সেণ্টার আছে, সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টার আছে। আর একটা জিনিস যেটা অর্থনৈতিক পর্যালোচনার বই-এ ঠিকমত দেওয়া নেই, সেটা হচ্ছে আপনারা বলেছেন সাব-সেণ্টার আছে। এগুলি সব ধরে আপনারা বলতে পারেন যে আমরা তো সম্প্রসারণ করেছি।

[12.50 – 1.00 P.M.]

এখানে প্রাইমারী হেলথ সেণ্টার আমাদের যা আছে তাতে আপনারা বলেছেন যে ৩১৬টি। আমি যদি হিসাব করি, আমি ক্যালকুলেটর ব্যবহার করছি আমার যদি অংকের হিসাবে ভুল না হয়, তাছাড়া আপনাদের দপ্তর থেকে আমাকে কিছু সাহায্য করেছেন তথ্য দেবার জন্য। আমি তা থেকে দেখছি যে ২.৭৫টি গ্রামের জন্য যেটা ২৭৮ বর্গকিলোমিটার ছড়িয়ে রয়েছে এবং ১ লক্ষ হাজার জনসংখ্যার জন্য একটি করে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে। এটা

আপনারা একটু চেক করে নেবেন। আর যদি সাবসিডিয়ারী হেলথ সেণ্টার ধরি তাহলে ৫৮টি গ্রামের জন্য যেটা ১০৬ বর্গ কিলোমিটার ছড়িয়ে রয়েছে এবং জনসংখ্যা হবে ৬৫ হাজারেরও বেশী, তাদের জন্য রয়েছে একটি সাবসিডিয়ারী হেলথ সেণ্টার। বসতি সম্পর্কে আমি আগেও বলেছি। কাজেই সেই সম্পর্কে আর নতুন করে উল্লেখ করতে চাইনা। কিন্তু একটা কথা এখানে খুব প্রাসঙ্গিক হয়ে পড়েছে। আপনারা যদি হিসাব করে দেখেন তাহলে দেখবেন যে, ২৭৮ স্কোয়ার বর্গকিলোমিটারে একটি করে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র হয়েছে এবং ১০৬ বর্গ কিলোমিটারে একটি করে সাবসিডিয়ারী হেলথ সেণ্টার হয়েছে। যদি কোন ব্যক্তিকে, বিশেষ করে কোন গুরুতর অসুস্থ কাউকে এই সুযোগ গ্রহণ করতে হয় তাহলে কম করে তাকে বোধ-হয় ১৫ কিলোমিটার যেতে হবে। শহরাঞ্চলে যানবাহনের কোন অসুবিধা নেই। এখানকার যানবাহন বলতে গেলে কম্পারেটিভলি গ্রামাঞ্চলের চেয়ে অনেক ভাল। কিন্তু গ্রামাঞ্চলের যানবাহনের অবস্থা কি সেটা আমরা সকলেই জানি। আমি দেখেছি যে, নর্থ বেঙ্গল মেডিকেল কলেজে শুধু যানবাহনের অসুবিধার জন্য একটা হাসপাতাল চালাতে কি অসুবিধা হচ্ছে। আমি দিন পনের আগে একটা কনফারেন্স করার জন্য নর্থ বেঙ্গল মেডিকেল কলেজে গিয়েছিলাম। সেখানকার ব্যাপার-স্যাপার দেখে সত্যিই খুবই অনুশোচনা হয়, দুঃখ হয়। এর উপায় কি হতে পারে সে সম্পর্কে একটা কিছু করা দরকার। হসপিট্যাল সার্ভিস সম্পর্কে আমরা যে কথা প্রায়ই বলে থাকি সেটা কিন্তু গ্রামাঞ্চলে নন-এক্সিস্টিং। আপনারা যেটাকে 'হ্যাভ নট' বলছেন, এই 'হ্যাভ নট', এটা সম্পূর্ণ সত্য কথা। এটাকে স্বীকার করে নেওয়া ভাল। এই যে 'হ্যাভ নট', এই ভাবে যদি স্বাস্থ্য ব্যবস্থাকে নিয়ে যাওয়া হয় তাহলে অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়াবে সেটা চিন্তার কথা। ইংরাজীতে ২টো কথা আছে। একটা হচ্ছে সেন্ট্রিপিটাল। আর একটা হচ্ছে সেন্ট্রিফিউজেল। একটা বাইরে থেকে ভিতরের দিকে যায়। আর একটা ভিতরের থেকে বাইরে আসে। এই গতি যদি আমরা একেবারে উল্টে দিতে না পারি, আমাদের স্বাস্থ্য ব্যবস্থা যদি গ্রাম থেকে শুরু না হয় এবং আস্তে আস্তে যদি বাইরের দিকে না আসে, তাহলে এর কোন সমাধান আমরা খুঁজে পাবো বলে মনে হয় না। আপনারা একটা ডিজাইনের কথা বলেছেন। আমি আপনাদের কোট করে বলছি, "We are aiming at redesigning the conventional Westernised, urban oriented, curative biased health system."

এটা আপনারা ভাবছেন। ঐই ডিজাইনটা কি সেই সম্পর্কে আপনার বাজেটে নেই। আপনারা একটা ডিজাইন করেছিলেন, কিন্তু শেষ পর্যন্ত তার কি হল?

আমরা বিগত দিনে দেখেছি যে আপনারা বলেছিলেন যে ৩ বছরে গ্রামাঞ্চলে ডাক্তার তৈরী করবেন। কিন্তু সেটার কি হল? আমি আজকে আপনাদের সকলের সামনে দাঁড়িয়ে স্বীকার করছি, যদিও ইণ্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েশান ঘোরতর আপত্তি তুলেছিলেন, তখন আমি এটার মধ্যে ছিলাম, সে জন্য এটা আমি স্বীকার করছি, যদিও আমি দেখেছিলাম যে এটা ত্রুটিপূর্ণ ডিজাইন এবং যে প্ল্যান ছিল তাতে আশা করেছিলাম যে আমাদের স্বাস্থ্য ব্যবস্থা গ্রামমুখী হতে চলেছে।

এই পদক্ষেপের ফলে আমাদের স্বাস্থ্য ব্যবস্থা জনমুখী হবে চিন্তা করে আমি আপনাদের সমর্থন করেছিলাম, আমি সই করেছিলাম। কিন্তু আমি এখন স্বীকার করছি যে, আমি ভুল করেছিলাম। তখন আই. এম. এ. আপনাদের সমর্থন করেন নি, এখন আমার মনে হচ্ছে, তাঁরা ঠিকই করেছিলেন। কারণ যে ডিজাইন আপনারা করেছিলেন, হ্যাট ওয়াজ এ পলিটিক্যাল ডিজাইন। সম্পূর্ণভাবে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে আপনারা ডিজাইন করেছিলেন। অবশ্য স্বাস্থ্য ব্যবস্থা কেন, সব কিছুর পিছনেই রাজনীতি আছে। এটা আমি অস্বীকার করতে পারি না। কিন্তু তবুও আমি বলতে বাধ্য হচ্ছি পুরোপুরি রাজনৈতিক এক্সপিরিয়েন্স-এর জন্যই একটা ডিজাইন করা হয়েছিল। আমরা এটা পরিষ্কার জানি শুধুমাত্র এই কারণেই যদি একটা ডিজাইন চালু করা হয়, তাহলে সেটা চালু থাকতে পারে না, তার অপমৃত্যু ঘটবেই।

এখানে আজকে বাজেট বিবৃতিতে বলা হয়েছে, কতগুলি বিষয় বিবেচনা করা হচ্ছে। আমি এই বিষয়গুলি সম্বন্ধে আমার মতামত এখানে উল্লেখ করতে চাই। আমি একটি স্বাস্থ্য সংস্থার সঙ্গে যুক্ত, সেই কারণে আমি এখানে শুধুমাত্র একটা দলের পক্ষে কথা বলছি না, যদিও এখানে বিরোধী পক্ষে দাঁড়িয়ে কথা বলছি, তবুও আমি একজন স্বাস্থ্যকর্মী হিসাবেও আমার বক্তব্য পেশ করছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন একটা পরিকল্পনা বা প্রকল্পের কাজ শুরু করার আগে সে বিষয়ে কতগুলি পরীক্ষা-নিরীক্ষার দরকার হয়। সে রকম পরীক্ষা-নিরীক্ষা করে আমরা তাতে কি ফল হয় দেখে আপনাদের হাতে সেটা তুলে দিয়েছিলাম, আপনারা দু'জন মন্ত্রীই সেটা দেখেছেন, কিন্তু আজও সেটা ভারত সরকারের কাছে পৌঁছয় নি। অথচ অন্যান্য রাজ্য থেকেও এই রকম অনেক প্রকল্প সম্বন্ধে সুপারিশ ভারত সরকারের কাছে গিয়ে পৌঁছচ্ছে।

তারপরে এখানে অনেক রকম কথা বলা হয়েছে, যেমন—সাপ্লাই অফ্ পোটেবল ওয়াটার, মেন্টিনেন্স অফ এনভায়রমেণ্টাল স্যানিটেশন, তারপরে আরো

আছে ইন্টার সেক্টরাল কো-অর্ডিনেশন, এ্যাচিভড সোসিও-ইকনমিক ডেভেলপমে এই সব কথা আছে। আমরা এই সব কথা জানি, এসব কথাগুলি খুব চ আছে এবং এখানে বাজেট বিবৃতির মধ্যে ব্যবহার করা হয়েছে। কি আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, এগুলি কোনরকম ভাবেই ডেভেলপ করা না। ডেভেলপ করছে কি? এ্যাকচুয়ালি কতটা ডেভেলপ করছে তা কিন্তু বলা নেই ফলে আমরা এর থেকে কিছুই বুঝতে পারছি না। তা সত্ত্বেও আমি মন্ত্রী মহাশয়কে বলছি, আপনি বলছেন, পানীয় জলের ব্যবস্থা করবেন, কিন্তু আমি আপনাকে জিজ্ঞাসা করি, কিভাবে করবেন? এ বিষয়ে আপনাদের কি পদক্ষেপ আছে আমি একজন সামান্য স্বাস্থ্যকর্মী হিসাবে এ বিষয়ে ১০/১২টি গ্রামে কা করেছি, আমি এই বিধানসভায় দায়িত্ব নিয়ে বলতে পারি যে, আমি আপনাদে পরীক্ষা করে দেখিয়ে দিয়েছি যে, ৬ থেকে ৮ জনের পরিবার পিছু যদি আপনার মাসে ৫ পয়সা খরচ করেন, তাহলে সেই পয়সার ওষুধের মাধ্যমে তারা জীবাণুমুক্ত জল পেতে পারে। এটা পরীক্ষার ভেতর দিয়ে প্রমাণিত হয়েছে যে, এই ব্যবস্থা ফলে আমাদের দেশের সব চেয়ে বড় যে রোগ, সব চেয়ে বেশী মানুষ যে রোগে ভোগে—ডায়েরিয়া বা পেটের অসুখ—তা ব্যাপক পরিমাণে প্রতিরো করা সম্ভব হত। মন্ত্রী মহাশয়, আপনি কি জানেন যত রোগী হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি হয় তার ২৫ থেকে ৩০ ভাগই পেটের অসুখে ভোগে? আপনি কি জানেন জন্ম থেকে ১৪ বছর বয়স পর্যন্ত যত শিশু হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি হয় তাদের মধ্যে শতকরা ৫০ ভাগ পেটের অসুখ নিয়ে হাসপাতালে ভর্তি হয়? জন্ম থেকে ৬ মাস পর্যন্ত যাদের বয়স তাদের অবস্থা আরো করুণ তাদের মধ্যে শতকরা ৭০ ভাগই পেটের অসুখ নিয়ে আসে। সুতরাং এই ভয়াবহ পরিস্থিতির মোকাবিলা করতে হলে একটা কিছু করতে হয়। এ বিষয়ে আমরা স্বাস্থ্যকর্মী হিসাবে একটা পথ দেখাবার চেষ্টা করছি। তেমনি ধরুন, আমরা এনভায়রনমেন্টাল স্যানিটেশনের কথা বলছি, আমাদের দেশে যেটাকে বলি সয়েল বেসড হেলমিন্থস্, আমরা বলি মাটি থেকে নানা রকম পোকা-মাকড় আমাদের শিশুদের আক্রমণ করে, সুতরাং এ ক্ষেত্রে আমাদের একটা এনভায়রনমেন্টাল স্যানিটেশনের দরকার, এটা একটা খুব বড় ব্যাপার। এটা নিয়ে বিস্তারিতভাবে আলোচনা করতে গেলে চার ঘন্টা লেগে যাবে। যাই হোক এ সম্বন্ধে যখন কথা উঠেছে, যখন আপনারা এই কথাটা বাজেট বিবৃতির মধ্যে উল্লেখ রেখেছেন, তখন আপনাদের জিজ্ঞাসা করি, এ বিষয়ে আপনাদের কি প্রোগ্রাম আছে, কি পরিকল্পনা আপনারা গ্রহণ করেছেন?

[1.00—1.10 P.M.]

সেটা যদি খুলে বলেন যে, কি করবেন তাহলে ভাল হয়। এই যে ইণ্টার সেক্টরাল কো-অর্ডিনেশন—দোষ নেবেন না—আমার মনে হয় যাঁরা আপনাদের বাজেট বক্তৃতার খসড়া করে দিয়েছেন, যাঁরা ড্রাফট করেছেন তাঁরা চিন্তা করে দেখেন নি, ভেবে দেখেন নি তাঁরা কি লিখেছেন। তাঁদের যদি জিজ্ঞাসা করা হয়, আপনারা কি মিন্ করছেন, কি মানে করছেন—ইণ্টার সেক্টরাল কো-অর্ডিনেশান মানে কি? ধরুন আপনাদের স্বাস্থ্য দপ্তরের সঙ্গে, স্বাস্থ্য কর্মীদের সঙ্গে—আমি একটা বিভাগের কথা বলছি—সমাজ কল্যাণ দপ্তর, যেখানে আই. সি. ডি. এস্. স্কীম চালু আছে তার কো-অর্ডিনেশান নেই। অন্য কথা ছেড়ে দিন, পি. ডব্লু. ডি. স্যানিটেশান, পাবলিক ওয়ার্কস, ওয়াটার সাপ্লাই, কৃষি, শিল্পের কথা ছেড়ে দিন—এই যে কথা বলা হয়েছে এগুলি কিভাবে আমরা করবো—সেগুলি একটু বলুন—আমরা এই ব্যাপারটা দেশের স্বার্থে জানতে চাইছি। তারপর ধরুন—ডাক্তারী কথা নয়—ইমুনাইজেশানের কথা বলেছেন, অর্থাৎ প্রতিষেধক টিকার কথা বলেছেন—বলেছেন প্রতিষেধক টিকা দেওয়া হয়। এর একটা মাপকাঠি আছে। আমাদের এখানে অর্থাৎ পশ্চিমবঙ্গে ১৪ বছরের যারা শিশু রয়েছে তাদের সংখ্যা ২ কোটি ১৩ লক্ষের মতন হবে। তাদের সবাইকে যদি প্রতিষেধক টিকা দিতে চান সেটা অনেক বড় ব্যাপার। সেকথা ছেড়ে দিন। আপনাকে বলতে হবে—যে প্রতিষেধকের ব্যবস্থা করেছেন—আপনার কত পারসেনটেজ শিশু প্রটেকটেড? হয়তো আপনি আমাকে জিজ্ঞাসা করতে পারেন কিম্বা অন্য কোন সদস্য জিজ্ঞাসা করতে পারেন এর মানে কি? কি জানতে চাইছেন? তার উত্তরে আমি বলছি—আমি জানতে চাইছি শতকরা কতগুলি শিশুকে আপনারা সম্পূর্ণ করেছেন এই টিকাসূচী প্রকল্পে। আপনারা প্রাথমিক টিকা দিয়েছেন, বুষ্টার দিয়েছেন। কত শিশুকে দিয়েছেন? আপনি হয়তো আমাকে জিজ্ঞাসা করবেন—১০/১২ বছর গ্রামে আমি কাজ করেছি—আপনি কি করেছেন, নিশ্চয়ই জিজ্ঞাসা করতে পারেন। আমরা করেছি—আমি দায়িত্ব নিয়ে বলছি, আমাদের এই শিশুদের মধ্যে শতকরা ৯০ জন শিশুকে প্রটেক্ট করতে পেরেছি। আমাদের ক্ষমতা খুবই সীমিত। হয়তো আপনারা বলতে পারেন, হাতে কাজ কম, কিন্তু আমি বলবো না, কাজ অনেক বেশী, তবে হ্যাঁ পয়সা কম, সামর্থ্য কম—আমরা একটা ছোট বেসরকারী প্রতিষ্ঠান। সুতরাং এই গণ্ডীর মধ্য দিয়ে আমরা কাজ করি। অবশ্য এটা আমরা বাড়াতে চাই, আমরা সবার সঙ্গে যুক্ত হয়ে বাড়াতে চাই। সরকারের সঙ্গে যুক্ত হয়ে বাড়াতে

চাই, পঞ্চায়েতের সঙ্গে যুক্ত হয়ে বাড়াতে চাই, বি. ডি. ও.-র সঙ্গে যুক্ত হয়ে বাড়াে চাই। তারপর আপনারা বাজেট বক্তৃতায় ডিহাইড্রেশান থেরাপীর কথা বলেছেন এই ওরাল ডিহাইড্রেশান থেরাপীর ব্যাপারে কতকগুলি বিধি আছে, নিয়ম আছে হু, অর্থাৎ ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশান কতকগুলি নিয়ম করে দিয়েছেন, কোন্‌ট কিসের পরিমাণ কত হবে। এই ব্যাপারে বিস্তৃতভাবে যাবার দরকার নেই সেটা কি মেনে চলছেন? মেনে চললে খুবই ভাল। তাহলে প্রশ্ন হচ্ছে, এই ওরা ডিহাইড্রেশান থেরাপীর ডেমনেষ্ট্রেশান ক্যাম্প কটা চালু আছে—এটা আমাদের জান দরকার। এই নিয়ে আমরা গ্রামে কাজ করেছি, কাজ করিনি যে তা নয়।

তারপর আমরা করেছি এবং এটা নিয়ে হিসাব করে দেখেছি এক লিটার জল তৈরী করতে কত খরচ হয়। সেটা আপনারা বলতে পারবেন? যাই হোব আমি তাড়াতাড়ি শেষ করছি। তবু আলমআটা ডিক্লারেশনের কথা একবার বলি। এটা মন্ত্রীদ্বয়কে বলার দরকার নেই, তাঁরা পড়ে সব অভ্যস্ত হয়ে গেছেন। বিধানসভায় বলার দরকার একটা কথা। আমরা রাষ্ট্র হিসাবে যেটাতে শপথ নিয়েছি তাতে লেখা আছে: The people have the right and duty to participate individually and collectively in the planning and implementation of their health care.

মানে গ্রামবাসীরা নিজেরা তা কার্যকরী করবে, তাদের পরিকল্পনা তারা করবে। আমরা এই বিশ্বাস নিয়ে কাজে নেমেছি। আমরা জানতে চাই আমাদের সরকার এই বিশ্বাস নিয়ে কাজে নেমেছেন কিনা? যে হেলথ সাইডের কথা বলেছেন, আপনারা কি আমাদের জানাবেন এই যে সব ৩২ হাজার বা তার চেয়ে বেশী হেল্‌থ সাইডের কথা বলেছেন এদের ট্রেণ্ড করল কে? এদের ট্রেনিং কোথা থেকে হল? কি ট্রেনিং দেওয়া হল? তিনি বলেছেন তাঁরা তাঁদের রেসপেকটিভ ভিলেজে গিয়ে, গ্রামে গিয়ে কাজ করেছেন, কি কাজ করেছেন এগুলি জানা দরকার। হাসপাতালের খুঁটিনাটির চেয়ে এই সবগুলি আজ আমাদের দেশের পক্ষে খুব বেশী জরুরী। আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারবেন। এগুলি জানা দরকার যে, তারা মোটিভেটেড কি না? তারা যদি মোটিভেটেড হয় তাহলে তারা গ্রামবাসীদের মোটিভেটেড করবার চেষ্টা করবে। যেদিন গ্রামবাসীরা মোটিভেটেড হবে সেদিনই আমাদের কাজ হবে। যে হাসপাতালে সফিস্‌টিকেটেড ইকুইপমেণ্ট বেশী সেখানে তা বেশীই থাকবে। যাই হোক এখন যে নূতন হাসপাতালটা করবেন বলছেন তাকে স্বাগত জানাই। আর ৬টি হাসপাতালের কথা বলেছেন। সেখানকার মান যদি উন্নত করেন তাহলে ভাল। আমার বক্তব্য যে ৬টি হাস-

পাতালের নাম করেছেন তার ৫টি কেন্দ্রই কলকাতা শহরে আছে। একটি একটু দূরে আছে—কল্যাণীতে, অন্য কোথাও কিছু নেই। অবশ্য অপর একটা সেনটেন্স আছে। এর মধ্যে একটু আশার সঞ্চার হয়েছে। হসপিটালের ইকুইপমেণ্ট করা সম্বন্ধে সাধারণভাবে একটা ষ্টেটমেণ্ট করেছেন, কিন্তু কোন কমিটমেণ্ট করেন নি। জেনারেটরের কথা বলেছেন, মাননীয় মন্ত্রী জানেন কিনা জানি না কলকাতা শহরের হাসপাতাল লোডশেডিং থেকে মুক্ত, কিন্তু কলকাতার বাইরের হাসপাতাল লোড-শেডিং থেকে মুক্ত নয়। ১৫ দিন আগে আমি নিজে দেখেছি নর্থ বেঙ্গলে। জেনারেট থাকলেও তার যা অবস্থা, তা নিয়ে কাজ চলে না। বাঁকুড়া, বর্ধমান এবং নর্থ বেঙ্গল মেডিকেল কলেজে লোডশেডিং-এ কষ্ট অস্বীকার করে' কোন লাভ নেই। যাই হোক এখন ডায়েটের সম্বন্ধে খালি একটা কথা বলি। আমরা যখন ছাত্র ছিলাম তখন দেখেছি দু'রকমের ক্লারিফিকেশন ছিল। ডাঃ মুখার্জী বোধহয় সে সম্বন্ধে জানেন। একটা ইউরোপীয়ান ডায়েট, আর একটা ইণ্ডিয়ান ডায়েট; কিন্তু আপনারা এই রকম ডায়েট কেন করেছেন? টি. বি. ডায়েট, নন-টি. বি. ডায়েট, জেনারেল ডায়েট। এই রকম ভিত্তিতে কোন ডায়েট হয় না। তবে যিনি টি. বি.-তে ভুগছেন তাঁর বেশী ডায়েটের ব্যবস্থা করা দরকার। কিন্তু আরো অনেক রোগী আছেন তাঁরা পুষ্টির অভাবে ভুগছেন। হার্টের রোগী, বা যাঁরা রক্তহীনতায় ভুগছেন তাঁদের জন্য পর্যাপ্ত ডায়েটের দরকার।

[1.10—1.20 P.M.]

এটা আমি জোরের সঙ্গে বলতে চাই। আমার মনে হয় সাড়ে চার টাকায় আর চার টাকায় এটা চলতে পারে না। এই যে ব্যয়বরাদ্দ—আমি সব সময়ে দেখেছি ব্যয়বরাদ্দের কাট মোশনের সমর্থনেই বক্তৃতা করেছি। কিন্তু এখানে যেন মনে হচ্ছে মন্ত্রী মহাশয় কাট মোশন এনেছেন এবং আমরা তার বিরোধিতা করছি। হ্যাঁ, অন্য জায়গা থেকে অর্থ কাটুন, এখানে বাড়ান। কারণ এতে মোটেই হয় না। সবই করলাম, কিন্তু সব করেও কিন্তু মন ভরলো না। আজকে হাসপাতালগুলোর মধ্যে যা চলছে তাতে স্বাস্থ্য বিভাগে যে কিছু দুর্নীতি আছে সেটা স্বীকার করুন। এখানে গ্রামের কথা বলতে গিয়ে অস্পষ্টভাবে নানা কথা বলেছেন। এ বিষয়ে কোন স্পষ্ট জবাব নেই, পরিকল্পনা নেই। সেইজন্য মনে হোল আপনার দপ্তর থেকে লিখেটিকে দিয়েছে। এখানে রবীন্দ্রনাথের তোতা কাহিনীর কথা মনে পড়লো—"অনেক শব্দ আছে, অনেক অর্থ আছে—এই যে বললেন মহারাজ, ঐ পাখীটা বেঁচে আছে?" শব্দ

আছে প্রভূত, অর্থও আছে, কিন্তু পাখীটি নেই। বাজেট বরাদ্দের বিরোধিতা ক
শেষ করছি।

শ্রীপ্রশান্ত কুমার শূর: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শহরাঞ্চলে পানী
জল সরবরাহ সম্পর্কে কিছু বলবো। একটু আগে ডাঃ শিশির বোস বলছিলে
যে, স্বাস্থ্যের পক্ষে বিশুদ্ধ পানীয় জল একান্ত প্রয়োজন। এটা আমরাও অনুভ
করি। কিন্তু কংগ্রেস আমলে এটা অনুভব করতেন কিনা সন্দেহ আছে। আমি তথ
দিয়ে বলছি, গত ৩০ বছরে ওঁরা ১৩টি শহরকে পৌরসভায় পরিণত করেছেন, অর্থা
এগুলো যে শহরাঞ্চল তা ওঁরা স্বীকার করেছেন। আর আমরা ৬ বছরে ১৩টি শহ
করেছি। বুঝতেই পারেন যে, শহরের পরিবেশে নানা রকম সুযোগ-সুবিধা দিতে
হয় এবং তার মধ্যে পানীয় জল হচ্ছে সবথেকে গুরুত্বপূর্ণ। আমরা এই শহরাঞ্চলে
পানীয় জলের ব্যবস্থা করেছি। ৩০ বছরের কংগ্রেস শাসনে আমরা দেখলাম যে
১৩টি পৌরসভায় কোন পানীয় জলের ব্যবস্থা নেই। আমরা সেখানে এই কয়েক
বছরে ৮টি পৌরসভায় পানীয় জলের ব্যবস্থা করেছি এবং বর্তমানে ৩৩টি পৌর-
সভায় আমরা পানীয় জলের জন্য কাজ করে যাচ্ছি। আপনারা জানেন যে, পশ্চিম-
বাংলায় ১১৪টি শহর আছে। তার মধ্যে ৩৯টি শহর বৃহত্তর কলকাতার মধ্যে পড়ে
সেখানকার পানীয় জলের ব্যবস্থার বিষয়টা সি. এম. ডি. এ. কর্তৃপক্ষ দেখছে।
বাকি ৭৫টি পৌরসভার পানীয় জলের দায়িত্ব আমাদের এই পাবলিক
হেলথ, ইঞ্জিনীয়ারিংয়ের। সেখানে বর্তমানে ৩৩টি পৌরসভায় পানীয় জল
সরবরাহের জন্য নতুন নতুন প্রকল্পের কাজ চলছে। বর্তমান বাজেটে আপনারা
দেখবেন যে, আমরা শহরাঞ্চলে পানীয় জলের জন্য প্রায় দু'গুণ অর্থ বরাদ্দ
করেছি। যেখানে ৫ কোটি ৪৬ লক্ষ টাকা ছিল, সেখানে বর্তমানে আমরা
১০ কোটি টাকা বরাদ্দ করেছি। তারপর আপনারা জানেন যে, হলদিয়া একটা
নতুন শিল্প-নগরী হিসাবে গড়ে উঠছে। সেখানে যদি পানীয় জলের ব্যবস্থা
না করতে পারি তাহলে নতুন নতুন শিল্প কলকারখানা গড়ে উঠবে না।
সেই জন্য বর্তমানে নোয়াখালি থেকে জল নিতে গিয়ে ৩২ কোটি টাকা
ব্যয় হয়েছে। হলদিয়ায় অনেক প্রকল্প আছে। জানিনা সেইগুলি বাস্তবায়িত
হবে কিনা। এখানে জাহাজ মেরামতের কারখানা, পেট্রোকেমিক্যালস কমপ্লেক্স
হবার কথা আছে। যে পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স থেকে হাজার হাজার বেকার
ছেলে চাকুরী পাবে এবং সেখানে অনেক নূতন নূতন শিল্প গড়ে উঠতে পারবে।
এখানে যাতে পেট্রোকেমিক্যালস কমপ্লেক্স হতে পারে তার জন্য আমাদের সরকারের

পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন চাওয়া হয়েছে। সেখানে আমরা জানি আরো পানীয় জলের ব্যবস্থা করতে হবে। ৫ কোটি গ্যালন জল যাতে উলুবেড়িয়া থেকে নিয়ে যেতে পারি তার জন্য ১৪৮ কোটি টাকার প্রকল্প গ্রহণ করা হচ্ছে। এই ব্যাপারে আলোচনা চলছে, আমাদের প্রকল্প তৈরী হয়েছে। আপনারা জানেন আসানসোল এমন একটা অঞ্চল যে অঞ্চলে বহু শিল্প কারখানা আছে। সেই অঞ্চলে পানীয় জল সরবরাহ করবার জন্য আমরা প্রায় ৯ কোটি টাকার প্রকল্প গ্রহণ করেছি। সেটা এল. আই. সি. থেকে ঋণ নিয়ে করা হবে। কারণ আমাদের সরকারের যা তহবিল সেই তহবিলে বড় প্রকল্প গ্রহণ করতে পারছি না। সেই জন্য এল. আই. সি. থেকে ঋণ নিয়ে প্রকল্প গ্রহণ করার চেষ্টা করা হচ্ছে। রাণীগঞ্জে আপনারা জানেন যে, প্রথম ফেজের কাজ সম্পন্ন হয়েছে। দ্বিতীয় ফেজে ২৮ কোটি টাকা খরচা করে সেই অঞ্চলে পানীয় জলের ব্যবস্থা করা হচ্ছে। আপনারা জানেন এই অঞ্চল একটা খনি অঞ্চল। এখানে বহু শ্রমিক চাষবাস করে। সেই কারণে সেখানে পানীয় জলের ব্যবস্থা করা হচ্ছে। দার্জিলিং-এর কথা আগেই বলা হয়েছে। আপনারা জেনে খুশি হবেন সিনচনে যে রিজারভার আছে তার যে জল সঞ্চয় করার ক্ষমতা সেটা থেকে বাড়িয়ে যাতে ১০ মিলিয়ন গ্যালন করা যায় তার জন্য নূতন করে প্রকল্প তৈরী করা হচ্ছে। কালিম্পং-এ জলের অসুবিধা আছে। সেখানে পানীয় জলের অসুবিধার জন্য——

শ্রীমতী রেণুলীনা সুব্বা ঃ স্যার, আমার একটা পয়েণ্ট অফ অর্ডার আছে। আজকে অমৃতবাজার কাগজে দেখলাম****

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার ঃ Mr. Subba, I will hear your Point of Order afterwards. Please allow the Hon'ble Minister to finish his speech.

শ্রীপ্রশান্ত কুমার শূর : অহেতুক চিৎকার করে কোন লাভ নেই। কালিম্পংয়ের পানীয় জলের অবস্থা আমরা শুনেছি। নোয়াখালি থেকে জল এনে এখানে দেবার চেষ্টা করা হয়েছে। আমরা একটা প্রকল্প তৈরী করেছিলাম। আপনারা জানেন এখানে ভারত সরকারের দুটি সংস্থা আছে, একটি হলো ডিফেন্স এবং অপরটি এনভায়রনমেণ্ট ডিপার্টমেণ্ট। ডিফেন্স থেকে বলা হয়েছে যে, হ্যাঁ নোয়াখালি থেকে

জল আনতে পারেন। এই বিধানসভায় বেসরকারী একটা প্রস্তাব আমরা গ্রহ করেছি এবং সেটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছি। কিন্তু সেখানকার যে এনভায়ারমেন্ট ডিপার্টমেন্ট আছে তাঁরা বলছে যে এখান থেকে জল আনা যাবে না। আমাদের মুখ্যমন্ত্রী কয়েকবার প্রধানমন্ত্রীকে বলেছেন এই নিয়ে যে, এই ধরনের একটা গুরুত্বপূর্ণ জল প্রকল্প আপনাদের অনুমোদনের আপত্তি রয়েছে কেন, আপনারা অনুমোদন দিচ্ছেন না কেন? এখানে জলের হাহাকার রয়েছে, আপনারা অনুমোদন দিচ্ছেন না কেন? তাই আমি মাননীয়া সদস্যকে বলতে চাই আপনি প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করে বলুন না এই ব্যাপারে অনুমোদন দিতে।

আমাদের জলপ্রকল্প দেওয়ার ব্যাপারে কেন্দ্রকে অর্থ বরাদ্দ করতে বলুন। সেখান থেকে অনুমোদন আনার ব্যবস্থা করুন। সুতরাং এইভাবে বলে তো কোন লাভ নেই। আরো আপনারা শুনন প্রধানমন্ত্রীর ২০ দফা কর্মসূচী যেটা আছে, তার ৮ম দফায় বলা আছে ইন্টারন্যাশনাল ফর ড্রিঙ্কিং ওয়াটার এ্যাণ্ড ফর স্যানিটেশান বাই ১৯৯০-৯১—তাতে বলে পাঠালেন ভারত সরকার যে আমাদের ভারতবর্ষের প্রত্যেকটি মানুষ পানীয় জল পাবে এবং শহরাঞ্চলে অন্ততঃ শতকরা ৮০ ভাগ অঞ্চলে এই স্যানিটেশানের ব্যবস্থা হবে তার জন্য আপনারা প্রকল্প তৈরী করুন। আমরা সেই শুনে প্রকল্প তৈরী করেছিলাম এবং সেই প্রকল্প নিয়ে ১৩.২২ কোটি টাকা হবে এবং পানীয় জলের জন্য ৭৬৩ কোটি টাকা হবে। এই প্রকল্প নিয়ে যখন আমরা দিল্লী গেলাম সেখানে ওয়ার্ক্স এ্যাণ্ড হাউসিং মিনিষ্টারের সঙ্গে দেখা করলাম। তিনি সভায় ডাকলেন, আলোচনা শুরু হল এবং তাতে আমরা আমাদের অর্থ বরাদ্দের কথা ঘোষণা করলাম যে, ১৩.২২ কোটি টাকা আমরা প্রকল্পের জন্য ধরেছি। তখন উনি বললেন এই পানীয় জলের জন্য যে অর্থ দরকার তার ব্যবস্থা আপনারা কিছু করুন। সুতরাং ওদের অবস্থা হচ্ছে রেডিও, টেলিভিশনে বলছেন যে, ২০ পয়েন্ট প্রোগ্রামে আমরা ঘরে ঘরে জল পৌছে দিতে পারবো। কিন্তু অর্থ যখন চাওয়া হয় তখন অর্থ আমরা পাই না, তার ক্ষেত্রে বলবেন যে, আপনারা ব্যবস্থা করুন। আপনি শুনুন গ্রামে এবং শহরে আমাদের এই যে প্রকল্পের কথা বললাম তার মাত্র ২০ কোটি টাকা বরাদ্দ করলেন কেন্দ্রীয় সরকার। তাহলে আপনারা ভেবে দেখুন এক দশকে আমরা ২০০ কোটি টাকা পাই তাহলে ৩ দশকে লেগে যাবে ৭০০-৮০০ কোটি টাকা পেতে, অর্থাৎ ১০ ডিকেড লেগে যাবে। তাহলে আমরা ২ হাজার ৩১ সালে ঘরে ঘরে জল পৌছে দিতে পারবো এবং তখন হয়তো পানীয় জলের একটা সুরাহা করতে পারবো। এইভাবে ওরা তো পানীয় জলের গুরুত্ব দিয়েছেন। একদিকে রাজ্য সরকারকে বলছেন যে, পানীয় জলের ব্যবস্থা করুন, কিন্তু যখন রাজ্য সরকার

এর জন্য অর্থ চাইছে তখন অর্থ দিচ্ছেন না। মিনিমাম নিড প্রোগ্রামে আমি বারে বারে বলেছিলাম যে, শহরাঞ্চলে জলের জন্য মিনিমাম নিড প্রোগ্রামে কিছু অর্থ দিন, কিন্তু মিনিমাম নিড প্রোগ্রামে জলের জন্য কোন অর্থ বরাদ্দ করেন নি। শিশিরবাবু একদিকে বলছেন যে, ঘরে ঘরে আপনাদের জল দিতে হবে। তাহলে এটা মিনিমাম নিড প্রোগ্রামের অন্তর্ভুক্ত হবে না কেন? ওঁরা বলছেন যে শহরাঞ্চলের জলের কোন প্রয়োজন নেই। তবে আমরা জানি যে গ্রাম এবং শহরে জলের যে অবস্থা তাতে সংকট সর্বত্র। জলের ব্যবস্থা করার দায়িত্ব আমাদের রয়েছে এবং সেই কাজ আমাদের করা দরকার, কিন্তু আজকে অর্থনৈতিক সংকট সেখানে বাধার সৃষ্টি করেছে। সেখানে কেন্দ্রীয় সরকারের উচিত আমাদের পাশে এসে দাঁড়ানোর। সেইজন্য আপনাদের বলি আপনারা কেন্দ্রীয় সরকারকে বলুন এই সমস্যা সমাধান করার জন্য আরো অনেক অর্থের বরাদ্দ করুন। বর্তমানে আপনারা জানেন যে, পানীয় জলের তীব্র সংকট চলছে। আমি এই ব্যাপারে অবহিত আছি এবং কিছুদিন আগে সমস্ত মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানদের সঙ্গে বসে কথা বলেছিলাম, তাতে আমরা প্রস্তাব নিয়ে ঠিক করেছিলাম কোথাও কোথাও জল আমরা বাড়ী গিয়ে সরবরাহ করবো এবং এর জন্য ২৫ লক্ষ টাকা বরাদ্দ করেছি। আর যেখানে যেখানে কাজ চলছে সেই কাজগুলি সমাপ্ত করার জন্য আমরা অর্থ বরাদ্দ করেছি এবং কোথায় কোথায় নতুন প্রকল্প আমাদের গ্রহণ করতে হবে সেই প্রকল্প আমরা গ্রহণ করেছি। ইতিমধ্যে এল. আই. সি. থেকে ১৭ কোটি টাকা আমরা ঋণ নিয়েছি। এইভাবে ধীরে ধীরে আমরা চেষ্টা করছি আমাদের সঙ্গতির মধ্যে দিয়ে শহরাঞ্চলে পানীয় জল সরবরাহ করার। গ্রামাঞ্চলে জলের যে সমস্যা রয়েছে সেইভাবে আমরা সমাধান করবার চেষ্টা করছি সে বিষয় মন্ত্রী কমলবাবু বলবেন। তবে আমি এই কথা বলতে পারি শহরে যে জল সরবরাহ বর্তমানে আমরা করছি এটা যে-কোন সময় থেকে অনেক বেশী। শুধু তাই নয়, আমরা জানি কোথায় সমস্যা আছে এবং সেই সমস্যার সমাধান করার চেষ্টা আমরা করছি—এই কথা বলে আমি এই বাজেটকে সমর্থন করে শেষ করছি।

শ্রীরেণুলীনা সুব্বা ঃ অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, গতকাল খাবার জল সম্বন্ধে যখন মন্ত্রীমহাশয় বলেন আমি তখন পি. জি. হাসপাতালে ছিলাম। মন্ত্রী মহাশয় বলেছেন কালিম্পং-এ জল ডিস্ট্রিবিউশান হচ্ছে। কিন্তু আমি বলছি যে, সেখানে কোন জল ডিস্ট্রিবিউশান হয় নি। একটা ফল্‌স রিপোর্ট তিনি দিয়েছেন। সেখানকার এস. ডি. ও.-কে প্রস্তাব দিয়েছিলাম, কিন্তু কোন জল

ডিস্ট্রিবিউশান হয় নি। একটা ফল্‌স ইনফরমেশান দিয়ে হাউসকে মিসলি করবেন না।

মিঃ ডেপুটি স্পীকার : এর মধ্যে কোন পয়েন্ট অফ অর্ডার হয় না।

শ্রীঅজিত কুমার পাঁজা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রীকাশীনাথ মিশ্র যে কাট মোশান এনেছেন আমি তার সমর্থনে বক্তব্য রাখছি। গত বছর নূতন মন্ত্রিসভা হবার পর স্বাস্থ্য দপ্তরের কাজ সম্বন্ধে আমি নিজে কোন সমালোচনা করিনি। কারণ একটা বছর সময় দেওয়া প্রয়োজন বলে মনে করি। গত দু' বছরে নিজের কাজে এবং জনসাধারণের ডাকে এবং আমার পার্টির ছেলেদের ডাকে যখন কতকগুলি স্বাস্থ্যকেন্দ্র, জেলা হাসপাতাল, মহকুমা হাসপাতাল এবং কলকাতা হাসপাতালগুলি ঘুরে দেখেছি তখন সেখানকার কতকগুলি জিনিস মাননীয় সদস্যদের কাছে তুলে ধরা উচিৎ বলে মনে করছি। স্বাস্থ্য দপ্তর কার্যতঃ ভেঙে পড়েছে একটি কারণে। আমি এখানে গঠনমূলক সমালোচনা করবো। আপনার দপ্তরে যে হেলথ ইনটেলিজেন্ট আছে সেখানে যাঁরা মনিটারিং করেন সেই দপ্তরটি কার্যতঃ বন্ধ আছে। মন্ত্রী মহাশয় তাঁর অভিজ্ঞতায় জানেন যে, স্বাস্থ্য দপ্তরের সবচেয়ে বড় কাজ হচ্ছে প্রিভেনশান ইজ বেটার ত্থান কিওর এবং ঠিকমতন যদি খবর না আসে তাহলে আপনি যতই শয্যা সংখ্যা বাড়ান, ডাক্তার বাড়ান এবং ঔষধ পাঠান তাতে কোন কাজ হবে না। হেল্‌থ ইনটেলিজেন্স-এর কাজে ফেলিওর হয়েছে কেন সেটা সাধারণ ভাবে আমি বলতে চাই না। বাজেট বক্তৃতার ১১ পাতায় তুলনামূলক অনেক কথা আছে। সেখানে ১৯৭৬ সালের শেষ অবস্থা এবং ১৯৮৩ সালের শেং অবস্থার কথা বলা আছে। পশ্চিমবাংলায় কতজন লোক আছে সেটা যদি না জানি তাহলে কার স্বাস্থ্য আমরা রক্ষা করতে যাচ্ছি? প্রথম খতিয়ান দেখুন ১৯৮৩ সালের লোকসংখ্যা দেওয়া রয়েছে ৫ কোটি ৪৫ লক্ষ। যিনি এই তথ্যগুলো দিয়েছেন মন্ত্রী মহাশয় নিশ্চয় তাঁর কাছ থেকে এক্সপ্লানেশান কল করবেন।

১৯৮১ সালের গভর্নমেন্টের যে সেনসাস তাতে পশ্চিমবাংলার লোকসংখ্যা সর্বসমেত হচ্ছে ৫ কোটি ৪৫ লক্ষ ৮৫ হাজার ৫৬০। ১৯৮৩ সালের শেষে আপনার দপ্তর আপনাকে জানিয়েছে ৩ বছরে মাত্র ২৫ হাজার লোকসংখ্যা বেড়েছে।

এটা সম্পূর্ণ ভুল তথ্য। কারণ আপনি জানেন সারা পশ্চিমবাংলায় বছরে লোকসংখ্যা বাড়ছে ৩৪ লক্ষ ৬৮ হাজার ৯৬০ জন। তা যদি হয় তাহলে ৩ বছরে দাঁড়ায় ১ কোটি ৪ লক্ষ ৬ হাজার ৮৮০। আমাদের সেনসাস-এর ভিত্তি যদি কারেক্ট

হয় তাহলে ওই হিসেবে বলতে পারি বর্তমানে পশ্চিমবঙ্গের লোকসংখ্যা প্রায় ৬ কোটির মত। কাজেই আপনি বাজেটের অঙ্ক ১৩৯ কোটি রাখুন বা ১৫০ কোটি রাখুন কতজন লোক দেশে আছে সেটা যদি নির্দিষ্ট করে বলতে না পারেন তাহলে কোন কাজ করা সম্ভব হবে না এবং আশা করি এই ব্যাপারে আমরা সকলেই একমত। স্যার, আমি ওই হেল্‌থ ইনটেলিজেন্স-এর কথা কেন বার বার বলছি সেটা এবারে শুনুন। আরও কয়েকটি তথ্য রয়েছে এই বইতে এবং আপনি বিশেষ কতকগুলি জিনিসের উপর নজর দেবেন। প্রথমে দেখুন, ১১২ পাতায় লেখা রয়েছে ১০ নং আইটেম। ১৯৭৬ সালের শেষে ৮৬.৫ এবং ১৯৮৩ সালের শেষে লেখা রয়েছে ৮২.৩। এটা আপনি কোথা থেকে পেয়েছেন? আমি আর একটি আপনার কাছে তুলে ধরছি। কলকাতা বি. সি. রায় চিল্‌ড্রেন হাসপাতালের তথ্য দেখলে দেখবেন আপনার হেল্‌থ ইনটেলিজেন্স যারা এগুলি কো-অর্ডিনেট করে, ফিড ব্যাক করে তারা আপনাকে ভুল তথ্য দিয়েছে। বি. সি. রায় হাসপাতালের জেনারেল ডাটা দেওয়া সম্ভব নয়, আমি একটি বিশেষ ঘটনা তুলে ধরছি। বি সি রায় হাসপাতালের ডেথ রেট ১৯৭৬ সালে বলা হচ্ছে ১২.২৮ এবং ১৯৮৩ সালে সেটা দাঁড়িয়েছে ২৭.০৩। অর্থাৎ শতকরা ২৭ জন শিশু সেখানে মারা গেছে। কাজেই বাজেট বক্তৃতায় আপনি যে তথ্য তুলে ধরেছেন সেটা ঠিক নয়। আমি যার ভিত্তিতে এই সব কথা বলছি সেগুলি আপনার কাছে দেব। এবারে আপনি কলকাতা শহরের হাসপাতালে এ্যাডমিশনের অবস্থা দেখুন। আমাদের মেডিকেল কলেজ এশিয়ার মধ্যে বড় মেডিকেল কলেজ এবং সেখানকার দু-একটা উদাহরণ আমি দিচ্ছি। শ্রীমতী সরলা হালদার, বয়স ৩৫ বছর, কিন্তু মেয়ে, প্রফেসর বি. কে. রায়ের আণ্ডারে ভর্তি হলেন এবং তাঁর বেরিয়াম মিল এক্স-রে করা খুবই দরকার। একজন ডাক্তার হিসেবে মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন এই বেরিয়াম মিল এক্স-রে খুব আরজেন্ট জিনিস। এই পেসেন্টকে বেরিয়াম মিল এক্স-রের কথা বলা হয় ২৬শে মার্চ, ১৯৮৪, অথচ এক্স-রের ডেট দিল ১৬ই আগস্ট, ১৯৮৪। একবার চিন্তা করুন মেডিকেল কলেজে কি অবস্থা চলছে। বেরিয়াম মিল এক্স-রে, যেটার খুবই প্রয়োজন সেক্ষেত্রে এই ব্যবস্থা। এবারে আমি ওই মেডিকেল কলেজের আর একটি উদাহরণ দেব। শ্রীমতী সরস্বতী নস্কর, বয়স ১৬ বছর, ১৯৮৩ সালের ১২ই আগস্ট হাসপাতালে ভর্তি হতে এল। কিন্তু তাঁকে বলা হল, রিগ্রেট, নো বেড ভ্যাকান্ট। তার টিকেটে যে ছাপ দেখেছি তাতে দেখা যাচ্ছে ওই ১২ই আগস্টের পর, ৯ই সেপ্টেম্বর, ১৩ই সেপ্টেম্বর, নভেম্বর এবং ডিসেম্বর মাসেও সে হাসপাতালে ভর্তির জন্য এসেছেন, কিন্তু সেই একই কথা—রিগ্রেট, নো বেড ভ্যাকান্ট

এগেন। তাঁর টিকেটে শেষ ছাপ যেটা দেখছি তার তারিখ হচ্ছে ২০শে মার্চ ১৯৮৪।

একটা মেয়ে এ্যাডমিশন পাচ্ছে না—মেডিকেল কলেজের আউটডোর পেসেণ্ট। আমার কাছে তার ফটোষ্টেট কপি আছে। তিনি আমার কাছে এসেছিলেন। ১২ই আগস্ট ১৯৮৩ সাল থেকে ২০শে মার্চ ১৯৮৪ পর্যন্ত ভর্তি হতে পারে নি। আমি আশা করবো মন্ত্রী মহাশয় এই ফটোস্ট্যাট কপি নিয়ে এ সম্বন্ধে এনকোয়ারী করে যথাযথ ভাবে জানাবেন। শুধু যে এই সব হচ্ছে তাই নয়, লক্ষ লক্ষ কোটি কোটি টাকার মেসিন কি অবস্থায় আছে। মন্ত্রী মহাশয় তো মেডিকেল কলেজগুলিতে ঘুরছেন—তিনি যদি হটাৎ হটাৎ গিয়ে হাজির হন তাহলে নিশ্চয় দেখবেন। কৃষ্টপুর গ্রামীণ হাসপাতালে এক্স-রে মেসিন নিয়ে যাওয়া হোল, গ্রামের লোকদের যাতে উপকার হয়, সুবিধা হয়, কলকাতায় বা ডিষ্ট্রিক্ট হাসপাতালে না আসতে হয়। তার জন্য খরচ হোল ৭৫ হাজার টাকা এবং ১৮ হাজার টাকা ট্রান্সফার করার জন্য। তার রেফারেন্স এখানে দিতে চাইছি না। আপনি উত্তর দেবেন কি কি রেফারেন্স নং এবং অর্ডার সিটে গিয়েছে। কিন্তু সেটা এখনও অকেজো হয়ে পড়ে আছে। সেখানে এক্স-রে মেসিন গিয়েছে, অথচ সেটা চালু হয় নি। পড়ে আছে—জনসাধারণ ব্যবহার করতে পারছে না। সুপারিনটেনডেণ্ট মেডিকেল কলেজ—কাগজে পাইনি—লোকের মারফৎ খবর'আসছে—আগে নিয়ম ছিল স্বাধীনতার পর থেকে যে, যদি কোন গরীব পেসেণ্ট হাসপাতালে যায়, ফ্রি বেড খালি না থাকলে তাকে পেইং বেডে নেওয়া হয়। তার সামর্থ্য থাকে না, তবুও তাকে বলা হয় তুমি পেয়িং বেডে ভর্তি হও—তুমি ইমারজেন্সি পেসেণ্ট, তার পর ফ্রি বেড খালি হোলে তোমাকে ট্রান্সফার করে দেবো। আমরা তো সবাই এটা জানি, মেম্বাররা হয়তো জানেন না, মন্ত্রী মহাশয় জানেন কিনা জানি না। এটা ডিপার্টমেন্টের আইন। গরীব মানুষ কষ্টের জন্য, তার শরীর বাঁচাবার জন্য সে যদি একবার পেয়িং বেডে ভর্তি হোল তাহলে ফ্রি বেড খালি হওয়া সত্ত্বেও তাকে ট্রান্সফার করা যাবে না। ডিসচার্জ করিয়ে আবার তাকে নূতন করে এ্যাডমিশন করাতে হবে। ৬ই এপ্রিল, ১৯৮২-সালে মেডিকেল কলেজের সুপারিনটেনডেণ্টকে চিঠি লিখে চেঞ্জ চাইলেন। শ্রীমতী মীরা রায়ের সই করা। আমার কাছে তার ফটোস্ট্যাট কপি আছে। তিনি তাঁর উত্তর দিচ্ছেন: Please, Transfer of bed is not posible because change in hospital rules...Sd/-Superintendent, 6. 4. 84. মন্ত্রী মহাশয় এটা নিশ্চয় এনকোয়ারী করে জানাবেন। আমি এগুলি এনেছি, আপনার হাতে দিয়ে দেবো। মেডিকেল কলেজ হাসপাতালে রোগী ভর্তি হচ্ছে না। আপনারা হয়তো

বাজে কথা বলবেন—কারণ আপনারা সেখানে যান না। আপনারা আজকাল নার্সিং হোমে ভর্তি হচ্ছেন। সুপারিনটেনডেন্ট মেডিকেল কলেজ তাঁকে বলতে নিশ্চয় হচ্ছে। যেকোন রোগী ভর্তি হচ্ছে, তাকে সামান্য ঔষধও বাইরের থেকে কিনে আনবার জন্য প্রেসক্রিপশন দেওয়া হচ্ছে। আর হাসপাতালের চতুর্দিকে নূতন নূতন লাইসেন্স দিয়ে ড্রাগ কেমিষ্ট হাউস তৈরী হয়ে যাচ্ছে। আমার কথা নয়, ম্যাজিষ্ট্রেট চিঠি দিচ্ছে—আপনারা নিশ্চয় জানেন—অনেক ম্যাজিষ্ট্রেট আছেন যাঁরা সত্যিকারের অনেষ্টি নিয়ে জীবনযাপন করেন। তাঁদের মাইনে অত্যন্ত কম। জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট হাওড়া—নামটা আমি হাউসে ডিসক্লোজ করছি না। আমি নিশ্চয় মন্ত্রী মহাশয়কে সেই চিঠি দেবো এবং তার চিঠির ফটোস্ট্যাট কপি আমার কাছে আছে—To The Superintendent, Medical College Hospital. ২।১।৮৪ তারিখে তিনি লিখছেন। বাংলায় তর্জমা করা—শ্রীগৌরহরি দাস জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট হিসাবে বেড নং ২৪ এজরা ওয়ার্ডে ভর্তি আছেন। পর দিন থেকে তাঁকে একজন ডাক্তার—নাম দিয়েছি—তিনি তাঁকে বাইরের থেকে ঔষধ কিনতে বলছেন। আমি ঔষধগুলির নাম দিয়ে দিলাম—Durabolin Ampicilin-500, Netrofurozome, Nebasulf. দয়া করে সাহায্য করুন। সুপারিনটেনডেন্ট নিষেধ করেছে। বাইরের থেকে তাঁকে ঔষধ কিনতে হচ্ছে। ইনি হচ্ছে জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট, হাওড়া।

(এ ভয়েস : লোকটি নিশ্চয় কংগ্রেস)

দেখুন কে কংগ্রেস এবং কে কমিউনিষ্ট এটা ধরবার জন্য কোন এক্স-রে মেসিনের মত মেসিন এখনও বেরোয় নি।

[1.40—1.50 P.M.]

মন্ত্রী মহাশয়, তাঁকে আমি যতদূর জানি, তিনি নিশ্চয়ই এনকোয়ারি করবেন, ধুবুলিয়া টি. বি. হাসপাতালে আপনার রেকমেণ্ডেশন করে পাঠাচ্ছেন, রিগ্রেট, নো বেড। মিটিং হচ্ছে, তাকে নাকি ভর্তি করা যাচ্ছে না। ধুবুলিয়া টি. বি. হাসপাতালে কতজনের ভ্যাকান্সি রয়েছে? ফটোস্ট্যাট কপি, আপনার নিজের গভর্নমেণ্টের অর্ডার-এর, স্টাফ পজিশন এ্যাজ আপ টু ডেট, ৬ই মার্চ, ১৯৮৪, এস. ডি. বি. সি. রায়, সেক্রেটারী, চেষ্ট সেনিটোরিয়াম, ধুবুলিয়া। সাইন কনফার্মড, ৬ই মার্চ, সুপারিণ্টেণ্ডেণ্ট, বি. সি. রায় টি. বি. হাসপাতাল, ধুবুলিয়া। সুপারিণ্টেণ্ডেণ্ট-

এর পোস্ট একটা স্যাংশণ্ড, খালি কটি ? খালি একটি। একটি সেক্রেটারীর পোস্ট স্যাংশণ্ড, খালি কটি ? খালি একটি। মেডিকেল অফিসার ৩৩ জন স্যাংশণ্ড, খালি ১২টি। মেট্রন একটি স্যাংশণ্ড, খালি একটি। আবার নার্সিং স্টাফ ২৬০ স্যাংশণ্ড, খালি কতজন রয়েছে ? ৬২ জন। ভেবে দেখুন আন-এমপ্লয়মেন্ট আমাদের দেশে এত, অথচ ৬২টি খালি রয়েছে। অন্যান্য স্টাফ আর দিতে চাইছেন না। সুইপারের চাকরিতে ভর্তি করতে পারছেন না, ১১৫টি স্যাংশণ্ড পোস্ট, খালি কটি ? ৪৫টি খালি রয়েছে। আমাদের দেশে লোকেরা কাজের অভাবে না খেতে পেয়ে অসুবিধার মধ্যে পড়ছে, অথচ ৪৫টি পোস্ট খালি পড়ে রয়েছে। জি. ডি. এ. স্টাফ, ক্লাস এইট পর্যন্ত পড়লে একজন জি. ডি. এ. হতে পারে, ৩৩৩টি স্যাংশন, খালি কটি আছে ? খালি আছে ১২টি। এইগুলো কি ফিলআপ করা যাচ্ছে না ? পাবলিক সার্ভিস কমিশনের কোন দরকার নেই, কোন কমিশনের দরকার নেই, তার ফলে কি হচ্ছে, হাজারটি বেড সংখ্যা, কিন্তু ৮০০'র বেশী রোগী ভর্তি করা যাচ্ছে না। ২০০টি বেড খালি পড়ে থাকছে। ডাক্তার বলছেন, কি করবো, পোস্ট খালি পড়ে রয়েছে। আমি আবার বলি, এ্যাজ অন আপ টু ডেট, আপনার অফিসাররা সই করে দিয়েছেন, ৬ই মার্চ ১৯৮৪, আমি আপনার কাছে এইগুলো দেব বলে, সেই অফিসারদের আবার ট্রান্সফার বা সাসপেণ্ড করে দেবেন না।

(এ ভয়েস : কোথা থেকে পেলেন অফিসিয়াল ডকুমেণ্ট ?)

অফিসিয়াল ডকুমেণ্ট ওঁরা দিতে বাধ্য, যদি আমরা রিকুইজিশন করি, পাবলিক ডকুমেণ্ট তাঁরা দেন, এটা কোন ডিসক্লোজার অব অফিস সিক্রেসী নয়। শ্রীমতী বিভা ঘোষ, নার্সিং ট্রেনিং-এর জন্য মনোনীত, তাঁকে বলা হলো, তিনি কাজ করুন এবং তিনি কাজ করতে লাগলেন। তাঁর কাজ শেষ হয়ে গেল, তারপর আর তাঁকে এ্যাবজর্বশন করা হচ্ছে না, রাইটার্স বিল্ডিংসে তিনি ডেলি যাতায়াত করছেন। এই রকম অসংখ্য উদাহরণ একটার পর একটা আপনার সামনে তুলে ধরবো। একটি বিশেষ ব্যাপার আপনার সামনে তুলে ধরা দরকার। আমি যতদূর জানি, দপ্তরটি আপনি দেখাশুনো করেন, কিন্তু আমি তো কিছুতেই বুঝতে পারছি না যে, ধুবুলিয়া চেষ্ট সেনিটোরিয়ামে মাননীয় মন্ত্রী মহাশয়, শ্রীঅমৃতেন্দু মুখার্জী মহাশয় একদিন সেখানে চলে গেলেন, ডিরেকশন দিলেন সুপারিনটেনডেণ্টকে, কম্প্যাশনেট গ্রাউণ্ডে যেটা কংগ্রেস আমলে শুরু করা হয়েছিল, আপনারাও রেখেছেন—ধন্যবাদ আপনাদের, যারা কাজ করছে, তারা যদি ইন হারনেস মারা যায় এবং বাড়িতে

যদি অন্য কোন আর্নিং মেমবার না থাকে তাহলে তার পরিবারের একজনকে আপনি চাকরি দেবেন। এটা আপনারা চালু রেখেছেন। হঠাৎ শ্রীঅমৃতেন্দু মুখার্জী মহাশয় হাসপাতালের মধ্যে গেলেন ২০শে অক্টোবর, সুপারিনটেনটেণ্ডকে দিয়ে জোর করে একটা অর্ডার ইস্যু করালেন, এই হচ্ছে তার ফটোস্ট্যাট কপি, তাতে লিখলেন সুপারিনটেনডেন্ট, অনারেবল কেবিনেট মিনিস্টার শ্রীঅমৃতেন্দু মুখার্জী, Paid a visit to the Sanatorium on the 14th October. He categorically ordered me not to give appointment on any case on compassionate ground. Hence appointment stopped. মন্ত্রী মহাশয়ের অর্ডারের ডেট ২০শে অক্টোবর, ১৯৮৩। চিঠিটা লিখেছেন টু সুভাষচন্দ্র সেন, মৃত্যুঞ্জয় দাস এবং বরুণ কুমার, যারা এপ্লাই করেছিল, কম্প্যাশনেট গ্রাউণ্ডে ঐ চাকরির জন্য, আপনাদের দপ্তরের আইন অনুসারে। আমি আশা করি মন্ত্রী মহাশয়, স্বাস্থ্যমন্ত্রী হিসাবে দেখাশুনা করবেন, পশুপালন দপ্তরের মন্ত্রীকে মানুষের হাসপাতালে পাঠাবেন না কখনও। এরপর উদাহরণ একটার পর একটা করে আপনার সামনে আর তুলে ধরতে চাইছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি ঘটনার কথা অত্যন্ত দুঃখের সংগে মর্মাহত হয়ে বলতে বাধ্য হচ্ছি। শুভেন্দু রায়, ১০ বছরের শিশু, হাসপাতালে গিয়েছিল ২২-১২-৮৩ তারিখে, সে গিয়েছিল বাঙ্গুর ইনষ্টিটিউট অব নিউরোলজিতে।

২২-১২-৮৩ তারিখে বাঙ্গুর ইনষ্টিটিউট অব নিউরোলজি হাসপাতালে গিয়েছিলেন ই. ই. জি. করবার জন্য, মাথার মধ্যে কি অসুখ হয়েছে ডাক্তাররা ধরতে পারছেন না। তাঁকে বলা হল ই. ই. জি. করার এখন কোন ভ্যাকেন্সি নেই। Date of E. E. G. Examination fixed for Suvendu Roy, age ten years—30th April, 1984 at 9.30 A. M. তিনি হাসপাতালে গিয়েছিলেন ২২শে ডিসেম্বর ১৯৮৩ তারিখে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুভেন্দু রায় বাবা-মা'র একমাত্র ছেলে। ৭ই মার্চ ১৯৮৪ তারিখে ই ই. জি. আর না করেই সে মারা গেছে। আমি মনে করি এটা হাউসের অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আমার কাছে ফটোস্টাট কপি আছে। ফটোস্টাট কপি ছাড়া আমি কোন এত গুরুত্বপূর্ণ কথা বলি না। আমি আশা করি এই বিষয়ে যদি আজকে নাও বলেন তাহলে অন্য একদিন বলবেন। এটা একটা বিশেষ গুরুত্বপূর্ণ জিনিস কলকাতার কাছেই বাঙ্গুর ইনষ্টিটিউট অব নিউরোলজি হসপিটালে ঘটে গেছে। তার নেফ্রাইটিস হয়েছিল কিনা জানি না, তবে আমি যতদূর জানি ডাক্তার তাকে এমার্জেন্সি ই. ই. জি. করাতে বলেছিলেন। নিশ্চয় এমার্জেন্সি ছিল, ডাক্তার ধরতে পারছিলেন না—মাথার মধ্যে

টিউমার হতে পারে, নানা রকম জিনিস হতে পারে। বাবা-মা'র ১০ বছর একমাত্র ছেলে শুভেন্দু ৭ই মার্চ ১৯৮৪ তারিখে মারা গেল। তার একজামিনেশ ডেট ছিল ৩০শে এপ্রিল, ১৯৮৪। আমি আশা করি আপনি দয়া করে এটার এক ব্যবস্থা করবেন। এই ছেলেটি প্রথম যেদিন ডাঃ সাম্নেঙ্গির কাছে গিয়েছিল এ ছেলেটির প্রেসক্রিপশানে তার ই. ই. জি. করতে বলা হয়েছে এ্যাডভাইস ফোর্থউই এ্যাডমিশন—২২শে ডিসেম্বর ১৯৮৩ তারিখে এটা বলা হয়েছে। এটা আ আপনাকে দিয়ে দিলাম, আপনি নিশ্চয় খোঁজ নিয়ে দেখবেন। আমি কেন একা হাসপাতালকে ধরলাম? কারণ প্রত্যেকটি হাসপাতাল সম্বন্ধে বলবার মত সম আমার নেই। শুধু ধরলাম এই জন্য যে কলকাতা মেডিকেল কলেজের কাছাকা এই বাঙ্গুর ইনষ্টিটিউট অব নিউরোলজি রয়েছে। কলকাতার কাছাকাছি হসপিটা নিউরোলজি ট্রিটমেন্টের ব্যাপারে যদি এই জিনিস হতে পারে তাহলে গ্রামাঞ্চলে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, জেলা হাসপাতালগুলিতে যে কি অবস্থা হচ্ছে সেটা আপ নিশ্চয় বুঝতে পারছেন। তাই আমি প্রথম যে কথা দিয়ে শুরু করেছিলাম সে দিয়েই আবার শেষ করতে চাইছি যে, আপনি দয়া করে হেল্‌থ ইনটেলিজেন্সকে ষ্ট্রং করুন। ম্যালেরিয়ার একটা ফিগার দেওয়া হয়েছে। একটা আশ্চর্যের জিনি আপনি নিশ্চিত খোঁজ করে দেখুন। আজকের খবরের কাগজে রিপোর্টেড হয়েছে শিলিগুড়ির কাছে বসন্ত রোগে ছ'জন মারা গেছে। আপনি জানেন বসন্ত রোগে যদি মৃত্যু হয় তাহলে সেটা কিন্তু স্মল পক্সের মৃত্যু ছাড়া আর কিছু নয়, কেন না চিকেন পক্সে মৃত্যুর ঘটনা আজ পর্যন্ত আমাদের জানা নেই। এই মারিগুটিকায় যাতে কেউ আক্রান্ত না হয় সেই জন্য এটাকে সম্পূর্ণ ভাবে প্রতিরোধ করা হয়েছিল পশ্চিমবাংলা তথা সমস্ত পৃথিবীতে ১৯৭৪-৭৫ সালের মাঝামাঝি সময়ে। তারপর আবার কেন দুজন ব্যক্তি মারা গেল? হেল্‌থ ইনটেলিজেন্স যদি ষ্ট্রং না হয় তাহলে সংবাদ ঠিকমত এসে পৌঁছায় না। আমি আমার নিজের এক্সপেরিয়েন্স থেকে বলছি মাননীয় সভ্যদের কাছে যে, এমনও হয়েছে যখন বসন্ত রোগের সংগে মোকাবিলা চলছিল তখন হেল্‌থ ইনটেলিজেন্সে যিনি আছেন তিনি রোজকার খবর দেন নি। কারণ যে স্যানিটারি ইনসপেক্টর গ্রামের ইনচার্জে আছেন তাঁর প্রথম ডিসিপ্লিনারি এ্যাকশান হবে। সি. এম. ও. এইচ. মেডিকেল অফিসার যাঁরা আছেন তাঁদের প্রতিও ডিসিপ্লিনারি এ্যাকশান হবার ভয়ে তাঁরা বন্ধুত্ব হিসাবে রিপোর্ট করেন না। কাজেই এই জিনিসগুলি যদি ঠিকমত রিপোর্টেড না হয়, যদি ঠিকমত ভাবে ফিট ব্যাক না হয় তাহলে স্বাস্থ্য দপ্তর ভেঙ্গে পড়তে বাধ্য। আমি ক্রিটিসিজম্‌ করছি না, আপনি এই জিনিসগুলি দেখুন। প্রতিদিন লোকের উৎকণ্ঠা বেড়েই চলেছে।

বাজেট স্পীচ ছাড়া বাইরের লোক কিছুই দেখছে না। ভিতরের লোকেরাও গোলমাল করছে। আপনি এগুলির ব্যবস্থা করুন। স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে মানুষকে ওয়াকিবহাল করুন। মানুষ যে বেঁচে আছে, বাঁচার রাইট আছে, স্বাস্থ্য দপ্তরের একটা যে দায়িত্ব আছে সেটা ওয়াকিবহাল করুন। স্বাস্থ্য দপ্তরের সংগে একটা মানসিক প্রস্তুতি তৈরী হয়েছিল ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত। আপনারা সেই প্রস্তুতিকে চুরমার করে ভেঙ্গে ফেলছেন। আজকে এই শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে আপনাদের বাঁচার ব্যবস্থা আছে, তাই এত চেঁচাচ্ছেন, কিন্তু যারা চেঁচাতে পারছে না তারা যেদিন পারবে সেদিন আপনাদের টেনে নামিয়ে ছুড়ে ফেলে দেবে। তাই বলি—

"অন্ন চাই, বস্ত্র চাই, চাই মুক্ত বায়ু,
চাই বল, চাই স্বাস্থ্য,
আনন্দোজ্জ্বল পরমায়ু,
সাহস বিস্তৃত বক্ষপট—"

১০ বছরের ছেলে শুভেন্দুর নামে বলছি—

"আদিম হিংস্র মানবিকতার
আমি যদি কেউ হই,
স্বজন হারান শ্মশানে
তোদের চিতা, আমি তুলবই।"

বন্দেমাতরম্।

[1.50—2.00 P. M.]

ডাঃ হরমোহন সিন্‌হা: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়রা যে-সমস্ত বাজেট আজ উপস্থাপিত করেছেন তা সমর্থন করে আমি কয়েকটি কথা বলব। স্যার, এর আগে বিরোধী দলের দু'জন বক্তা তাঁদের বক্তব্য রেখেছেন। শ্রীঅজিত পাঁজা মহাশয় যে বক্তব্য রাখলেন আমি তাঁর সব কথার জবাব দেব না, মাননীয় মন্ত্রী মহাশয়রা আছেন, তাঁরা সে সব কথার জবাব দেবেন। স্যার, উনি প্রথমেই বললেন যে, তিনি গঠনমূলক সমালোচনা করবেন। সেটা করতে গিয়ে আমরা দেখলাম উনি শেষকালে ঐ ১৯৭২ থেকে ১৯৭৬ সালের কথা বললেন। স্যার, ওঁর কথা শুনে আমার সেই কথাটি মনে পড়ে গেল—'কর্তা, ও কথা কইও না, ও কথা শুনলে ঘোড়াতেও হাসবো'। স্যার, একটি লোক

একটি ঘোড়ার গাড়ী ভাড়া করতে গিয়েছিল। গাড়োয়ানকে জিজ্ঞাসা করলে অমুক জায়গায় যাবে কত ভাড়া লাগবে? গাড়োয়ান বলল ৫ টাকা। সে লোকটি বলল ১ টাকায় যাবে না? তখন গাড়োয়ানটি বলল, বাবু ও কথা বলবে না, ও কথা শুনলে ঘোড়াতেও হাসবে। অজিত পাঁজা মহাশয়ও প্রথম থেকে ঠিক বলছিলেন, কিন্তু শেষে যে কথা বললেন তা শুনে ঘোড়াতেও হাসবে অর্থাৎ কোন লোকই সেকথা বিশ্বাস করবে না। স্যার, আপনি জানেন, ওরা ১৯৭২ থেকে ৭৬ সাল পর্যন্ত যে-সমস্ত অপকর্ম করে গিয়েছিলেন তার খেসারত আজও আমাদের দিতে হচ্ছে। সে সব কথা কিন্তু তিনি একবার বললেন না। ওঁরা হাসপাতাল-গুলিতে যে-সমস্ত গুণ্ডাবাহিনীকে রেখে দিয়ে গিয়েছিলেন তাদের জন্য এখন আমরা হাসপাতালগুলিতে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে হিমসিম খাচ্ছি। তারপর স্যার, ঐ ধুবুলিয়া চেষ্ট ক্লিনিক এবং অন্যান্য বহু জায়গায় যখনই কোন লোক নিয়োগ করার কথা হচ্ছে তখনই দেখছি ওঁদের দোসররা ২২৬ করে হাইকোর্টের আশ্রয় নিচ্ছেন। এসব কিন্তু তিনি একবারও বললেন না। উনি বললেন, আমি গঠন-মূলক সমালোচনা করব, কিন্তু আমরা জানি সমালোচনা করার কিছুই ওদের নেই। স্যার, এই প্রসঙ্গে একটি ঘটনার কথা বলি। স্যার, বর্ধমান জেলার মঙ্গলকোট থানার মাঝি গ্রামে ওর বাড়ীর কাছে একটি মনুমেণ্ট করার উনি স্বপ্ন দেখলেন। সেই মনুমেণ্ট করতে গিয়ে যখন উনি দেখলেন জমি দরকার তখন সেই জমির আশেপাশের লোকেদের বললেন তোমাদের সব হাসপাতালে চাকরি দিয়ে দেব, তোমরা জমি দাও। তারপর সেখানে যখন স্বাস্থ্যমন্ত্রী হয়ে ননী ভট্টাচার্য মহাশয় হাসপাতাল উদ্বোধন করতে গেলেন, দেখা গেল দলে দলে লোক এসে বলল, আমাদের চাকরি দেবার কথা ছিল আমাদের চাকরি দাও; তিনি বললেন, তোমাদের কি করে হাসপাতালে চাকরি দেব? তারা বলল, পাঁজা মহাশয় যখন মন্ত্রী ছিলেন তখন তিনি বলেছিলেন চাকরি হবে, আমরা হাসপাতালে চাকরি করতে পারব না কেন? আমাদের চাকরি দাও। এইসব প্রতিশ্রুতির ফলে হাসপাতালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে আমাদের যে বেগ পেতে হচ্ছে সেটা কি তিনি অস্বীকার করতে পারেন? তারপর বর্ধমান এবং নর্থ বেঙ্গল মেডিকেল কলেজের যে এ্যাফিলিয়েশান দিয়েছে ইণ্ডিয়ান মেডিকেল কাউন্সিল সেকথা একবারও বললেন না।

এই ব্যাপারে অপচেষ্টাগুলি তাদের পক্ষ থেকে করেছিলেন। বর্ধমানের ছেলেদের, নর্থ বেঙ্গলের ছেলেদের তারা উত্তেজিত করেছিলেন। আজকে তিনি বলেছেন যে, তাদের দলের কিছু লোককে নিয়ে তিনি হাসপাতাল দেখে এসেছেন।

আমার তো সন্দেহ হয় যে, তারা হাসপাতাগুলিতে গিয়ে প্রত্যেকটি জায়গায় গণ্ডগোল বাধাবার চেষ্টা করেছিলেন। তাদের যদি সদিচ্ছা থাকে তাহলে আসুন, এখনও সময় আছে, এই হাসপাতালগুলিতে আরো সুষ্ঠু ব্যবস্থা যাতে গড়ে উঠতে পারে তার জন্য ব্যবস্থা করুন। আজকে যদি সেই চিন্তা থাকত তাহলে এই সব কথা বলতেন না। কতকগুলি ফটোস্ট্যাট কপি নিয়ে বাজেট বক্তৃতা দেবার জন্য এসেছেন। আমি ত্রুটি আছে কি নেই সেই কথায় এখন যাচ্ছি না। উনি পক্স-এর কথা বললেন যে, স্মল পক্স ছাড়া মানুষের মৃত্যু হয় না। এতই যদি শিখে থাকেন তাহলে বলার কিছু থাকে না। চিকেন পক্স-এর সেকেণ্ডারী ইনফেকশান হলে কি মানুষ মরতে পারে না? কাজেই না জানলেও সেই ব্যাপারে নাক গলানো চাই। সে জন্য বলছি যা জানেন না তা নিয়ে কখনও নাক গলাতে যাবেন না। যা জানেন না সেটা বুঝবার চেষ্টা করুন। মামলা-মোকদ্দমা করতে গিয়ে নাকখত দিয়ে দিল্লী থেকে ফিরে আসতে হয়—এটাও আমরা জানি। আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন হাসপাতাল সম্পর্কে মানুষের মধ্যে কি ধারণার সৃষ্টি করেছিলেন সেটা কি ভুলে গেছেন? কতকগুলি হেলথ সেন্টার করলেই স্বাস্থ্য ব্যবস্থাকে উন্নত করা যায় না। নিজের গ্রামে পাইপ ওয়াটার সাপ্লাই দেবার কথা বলেছিলেন, কিন্তু একটা পাইপ ওয়াটার সাপ্লাই দিতে পারেন নি। আজও গ্রামে গেলে সেখানে মানুষ জল চাইবে। জল না দিয়ে চলে আসতে পারবেন না। সে জন্য বলছি যে, যা পারেন নি সেটাকে স্বীকার করে নিন। এই সিস্টেমের মধ্যে যা করা যায় না সেকথা বলে কোন লাভ নেই। যদি বিশ্বাস করেন যে স্বাস্থ্যটা কোন দলীয় ব্যাপার নয়, কোন ব্যক্তিগত ব্যাপার নয়, জনস্বাস্থ্যটা হচ্ছে একটা কমিউনিটির, একটা সমাজের, তাহলে সেই স্বাস্থ্য ব্যবস্থাকে বজায় রাখার জন্য সকলকে সহযোগিতা করার জন্য এগিয়ে আসা দরকার। আমি ডাঃ শিশির কুমার বোসকে ধন্যবাদ দেব এবং সঙ্গে সঙ্গে একথাও বলব যে, তিনি আমাকে হতাশ করেছেন। তিনি কি বললেন সেটা আমি ঠিক বুঝতে পারলাম না। তিনি কয়েকটি জিনিস তুলে ধরবার চেষ্টা করছেন। গতবারে তিনি যে কথা বলেছিলেন সেগুলি আমার মনে আছে। গতবারে তিনি কতকগুলি কংক্রিট কথা বলেছিলেন। আমি আশা করেছিলাম বাজেট বক্তৃতায় তিনি কিছু গঠনমূলক বক্তব্য রাখবেন। আমরা জানি তিনি হাতে-কলমে কাজ করেন। আমি তাঁর সঙ্গে ইণ্ডিয়ান ন্যাশানাল ইনসটিটিউটে কাজ করেছি। আমার ধারণা আছে যে, তিনি কিছু কাজ করেন। তাঁর অভিজ্ঞতা যদি হাউসকে দিতে পারতেন তাহলে সেই অভিজ্ঞতা নিয়ে আমাদের স্বাস্থ্য দপ্তর এগিয়ে যেতে পারতো। আমরা আশা করব যে, ভবিষ্যতে তিনি তাঁর অভিজ্ঞতার ভিত্তিতে আমাদের গঠনমূলক পরামর্শ

দেবেন। অবশ্য এটা সকলেই দিতে পারেন। এটা আলাদা ভাবে বলার কিছু নেই। আজকে বাঁকুড়ার হোক, আর পুরুলিয়ার হোক, যেকোন জায়গার হোক না কেন, যাঁরা কাজ করছেন তাঁদের আমরা আহ্বান করছি যে, তাঁদের অভিজ্ঞতা স্বাস্থ্য বিভাগের কাছে রাখুন এবং আলাপ-আলোচনার মাধ্যমে একটা সামগ্রিক স্বাস্থ্য ব্যবস্থা গড়ে উঠুক। আমরা জানি যে, ব্রিটিশ আমলে যখন স্বাস্থ্য ব্যবস্থা ছিল, সেই স্বাস্থ্য ব্যবস্থা ছিল মুষ্টিমেয় কয়েক জনের জন্য। It was a purchaseable commodity. পয়সা থাকলেই সেটা কেনা যায়। যেমন বেশী পয়সা থাকলে বেশী দামে জিনিস কেনা যায়, সেই রকম ছিল। সুতরাং আমার পয়সা থাকলে আই ক্যান পারচেজ হেল্‌থ, এই রকম ব্যবস্থা ছিল। আজকে সেই জায়গাটা ভাঙবার চেষ্টা করা হয়েছে। ইংরেজ আমলের পরে কংগ্রেস আমলে যখন জনসাধারণের চেতনার মান বাড়ে, সেই চেতনার মান বাড়ার পরে সাধারণ মানুষও স্বাস্থ্যর জন্য দাবী করে। যখন তারা স্বাস্থ্য ব্যবস্থার দাবী করে তখন কিছু কিছু কনসেসান তাদের দিতে হল এবং ইংরেজ আমলে ভোর কমিটি প্রথম বলেছিলেন যে, কিভাবে এই সব হেল্‌থ সেন্টারগুলি তৈরী হবে।

[2.00—2.10 P. M.]

দীর্ঘ দিন পরে ১৯৫০ সালে প্রথম প্ল্যানিং কমিশনে সেটা স্বীকৃত হয়, কিন্তু স্বীকৃত হলেও সেটা অনেক হাল্কা ভাবে গৃহীত হয় এবং ১৯৫৩ সালে তার এ্যাফেক্ট শুরু হয়। আজকে অজিতবাবু সমেত যাঁরা বড় বড় কথা বলছেন, তাঁদের জিজ্ঞাসা করি, তাঁদের আমলে দীর্ঘ ৩০ বছর ধরে তাঁরা এ বিষয়ে কি করেছিলেন? তাঁরা যে-সমস্ত হেল্‌থ সেন্টারগুলি চালু করেছিলেন সেগুলি করার ক্ষেত্রে তাঁরা টাকা-পয়সা কিভাবে বরাদ্দ করেছিলেন, না, এক টাকা ৫২ পয়সা তাঁরা ব্যয় করেছিলেন বিল্ডিং-এর জন্য, ৪১ পয়সা ব্যয় করেছিলেন এসটাবলিসমেন্টের জন্য এবং মাত্র ৭ পয়সা মেডিসিনের জন্য। আর মাননীয় সদস্য শিশির বসু বললেন, টি. বি. বা অপুষ্টিতে পশ্চিমবঙ্গের বহু মানুষ ভুগছে। তা এইভাবে যে সিস্টেম তাঁরা চালু করে রেখে গেছেন এর মধ্যে দিয়ে কিভাবে অপুষ্টিজনিত রোগের বিরুদ্ধে সংগ্রাম করা সম্ভব? স্বাস্থ্য বিভাগে এই পরিবেশ তাঁরা দীর্ঘ দিনধরে করে রেখে গেছেন। অথচ আজকে শিশির বসু বলছেন অর্থমন্ত্রীকে, স্বাস্থ্য খাতে বরাদ্দ বাড়াবার দিকে নজর দেওয়া উচিত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসংগে আমি একটি বিষয়ের প্রতি মাননীয়

সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। গোটা ভারতবর্ষের হেল্‌থ বাজেটে মোট বাজেট বরাদ্দের কত ভাগ দেওয়া হচ্ছে ? ১ম পরিকল্পনার বছরে ৩·৩% দেওয়া হয়েছিল, আর ৬ষ্ঠ পরিকল্পনার সময়ে ১৯৮৩-৮৩ সালে সেটা কমে দাঁড়িয়েছে ১·৮৬%। অথচ আমাদের পশ্চিমবাংলায় মোট বাজেটের ৪.৩% স্বাস্থ্য খাতে বরাদ্দ করা হয়েছে। এটা আমরা করতে পেরেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যরা শয্যা সংখ্যার কথা এখানে বার বার উল্লেখ করলেন। আমরা জানি কতগুলি শয্যার ব্যবস্থা করলেই সুস্বাস্থ্যের ব্যবস্থা হয় না। আমাদের দেশের বেশীর ভাগ মানুষের বেশীর ভাগ রোগের কারণই হচ্ছে তাদের দারিদ্র্য। অথচ আজকে বিরোধীবন্ধুরা একজনও সেই দারিদ্র্য দূর করার কথা বললেন না। আজকে যদি আমরা সমস্যাটিকে সামগ্রিকভাবে দেখি, তাহলে আমাদের বহু গভীরে চলে যেতে হবে, একদম ভূমি সংস্কারের পর্যায়ে চলে যেতে হবে। আজকে আমাদের দেশের ৭০ ভাগ মানুষ দারিদ্র্যসীমার নীচে বাস করছে এবং তাদের মধ্যে বেশীর ভাগ মানুষই ক্ষেতমজুর। এই সমস্ত মানুষ অধিকাংশ দিনই দু'বেলা খেতে পায় না। ফলে তারা অপুষ্টিজনিত রোগের শিকার হয়। সুতরাং আমাদের সর্বাগ্রে ভূমিসংস্কারকে সফল করতে হবে। আমি একথা বলছি বলে হয়ত বিরোধীবন্ধুরা এখুনি বলবেন, ধান ভাঙতে শিবের গীত গাইছি। কিন্তু আমি তাঁদের বলব যে, আজকে এ কথা বলার প্রয়োজন আছে। মূল সমস্যাটা না ধরা গেলে তার সমাধান কোন দিনই হবে না। আজকে আমাদের দেশে পভার্টি ইজ্‌ দি ডিসিস্‌, সেই মূল রোগ সারাতে না পারলে, কোন দিন কোন রোগই সারবে না।

স্যার, আজকে আমাদের স্বীকার করতেই হবে যে, পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় আমাদের দেশের মোট বরাদ্দের খুবই সামান্য অংশ স্বাস্থ্য খাতে ব্যয় করা হচ্ছে। পৃথিবীর অন্যান্য দেশের বাজেটে আমরা দেখছি যে, ইউ. এস্‌. এ. ১০.৪৮% স্বাস্থ্যখাতে ব্যয় করছে, ইউ. কে. ১২.৭৮% স্বাস্থ্যখাতে ব্যয় করছে, নেপাল ৫.১৫% ব্যয় করছে, মালয়েশিয়া ৬.৪১% স্বাস্থ্যখাতে ব্যয় করছে। অথচ আমাদের দেশে ইন্দিরা গান্ধীর সরকার স্বাস্থ্য খাতে মোট বরাদ্দের মাত্র ১.৮৬% বরাদ্দ করছে। অপরদিকে কেন্দ্রীয় সরকারের প্ল্যানিং কমিশন আমাদেরও টাকা দিচ্ছেন না। তাহলে আমাদের বরাদ্দ বৃদ্ধি পাবে কি করে ? আজকে এ-সব কথা আমাদের বিরোধীবন্ধুরা এখানে একবারও উল্লেখ করছেন না। তাঁরা বরাদ্দ বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকারকে একবারও বলেন না। অবশ্য আমরা জানি

তাঁরা বলবেন না, কারণ বললে ঐ কংগ্রেসী আসলে বসবার অধিকার হারাবেন।

শয্যা সংখ্যা বৃদ্ধির সম্বন্ধে যে কথা বলা হয়েছে, সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে, আমরা পশ্চিমবাংলায় সব কিছু করতে পেরেছি, আমাদের স্বাস্থ্য দপ্তর সুন্দরভাবে গড়গড় করে এগিয়ে যাচ্ছে, একথা আমরা কখনই দাবী করি না। আমরা শুধু বলছি, অন্যান্য রাজ্যের তুলনায় আমরা নিশ্চয়ই কিছুটা ভাল কাজ করতে পেরেছি। ভারতবর্ষের সামগ্রিক যে অবস্থা সে অবস্থার সংগে তুলনা করলে আমরা বিগত কয়েক বছরে বামফ্রন্ট সরকারের আমলে আমরা গর্ব করবার মত কিছু কাজ নিশ্চয়ই করতে পেরেছি। মাননীয় সদস্য শিশির বসু বললেন, 'আপনারা আর কিছু না করতে পারেন যে, শতকরা ৭০ ভাগ মানুষ গ্রামে থাকে তাদের জন্য অন্ততঃ একটু পানীয় জলের ব্যবস্থা করুন।' এই প্রসংগে আমি তাঁকে বলছি যে, আমরা বিভিন্ন গ্রামে পানীয় জলের জন্য প্রচুর টিউবওয়েলের ব্যবস্থা করেছি। অবশ্য তার মধ্যে শতকরা ৩১ ভাগ নানারকম কারণে অচল হয়ে পড়ে আছে। আমাদের প্রচেষ্টা থাকলেও বর্তমানে মানুষ টিউবওয়েল পাম্প করলেও জল পাচ্ছে না, কারণ মাটির তলা থেকে জল নেমে গেছে। এ বিষয়ে নিশ্চয়ই সামগ্রিক পরিকল্পনার অভাব রয়ে গেছে। এসব কথা আমরা অস্বীকার করি না এবং এসব দিকে আমাদের নিশ্চয়ই লক্ষ্য রাখতে হবে।

হেলথ সেণ্টারের কথা যদি বলা যায় তাহলে বলতে পারি হেলথ সেণ্টার অন্যান্য জায়গায় যা আছে এখানে নিশ্চয়ই তার অনেক বেশী। তারপর বেড স্ট্রেংথের কথায় আসি। সারা ভারতবর্ষে হাজারে যেখানে ০.৬ সেখানে সেই জায়গায় ওয়েস্ট বেঙ্গলে হচ্ছে হাজারে ১.২ পারসেণ্ট। এই হচ্ছে অবস্থা। তারপর এক্সপেণ্ডিচারের কথা যদি বলেন—অজিতবাবু থাকলে ভাল হতো—১৯৭৬-৭৭ সালে ১২.৫০ ক্রোরস খরচ করেছিল, আর ১৯৮৩-৮৪ সালে ৩৭.৪০ ক্রোরস খরচ করেছি। আমি আর একটি কথা বলে শেষ করতে চাই—একথা কই অজিতবাবু বলে গেলেন না—তাঁদের সময়ে ১০০ জন কনট্রাক্ট সার্ভিস ডাক্তারকে ১০০ টাকা মাহিনাতে ঢোকানো হয়েছিল। আপনারা তাঁদের জন্য কিছুই করে যান নি। এই বামফ্রন্ট সরকারের আমলে সেই সব চিকিৎসকদের জন্য কিছু ব্যবস্থা করা হয়েছে, অন্ততঃপক্ষে তাঁরা যাতে স্বীকৃতি পায় তার ব্যবস্থা করা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, বয়সের বার ৪৮—এটা যাতে কনডোন করতে পারেন দেখবেন। এছাড়া আরো একটি কথা বলব, একথা না বলে পারছি না—যে উন্নত স্বাস্থ্য ব্যবস্থা করা হয়েছে সেই সম্পর্কে ওঁদের স্বীকৃতি দেওয়ার দরকার ছিল, সেটা কিন্তু দিলেন না। সুতরাং

বিরোধিরা যেসব বক্তব্য বলেছেন তা অবাস্তব। এই কথা বলে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন ও ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য দপ্তরের যে বাজেট এখানে পেশ করা হয়েছে তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। আমি এতক্ষণ ধরে বিরোধী দলের আলোচনা শুনছিলাম। মাননীয় সদস্য শিশির-বাবু এবং মাননীয় সদস্য শ্রীঅজিত পাঁজা মহাশয় যা আলোচনা করলেন—আমি জানি না এইকথা বললে অপ্রাসঙ্গিক হবে না—আমি বলতে চাই, হ্যাঁ, ঠিক কথা—আজকে আপনারা যে কথাগুলি বললেন—আমি আপনাদের বলি, আজকে ভারত-বর্ষের স্বাস্থ্য কোথায় গিয়ে দাঁড়িয়েছে? আজকে গোটা ভারতবর্ষ যে অবস্থায় আছে সেই অবস্থার মাঝখানে বসে আমরা আংশিক হেলথ বাজেট নিয়ে কথা বলছি। হ্যাঁ, অর্থনীতির প্রশ্ন তো আসে, গোটা ভারতবর্ষের প্রশ্ন তো আসে। আজকে আপনারা এত কথা বললেন—আমি আপনাদের প্রশ্ন করি—সেদিন আমি একটি প্রবন্ধ পড়ছিলাম, ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী যখন ভারতবর্ষে প্রথম আসে তখন তারা কি করে পূর্ব ভারতকে শোষণ করেছিল এবং তার পরবর্তীকালে বৃটিশ সাম্রাজ্যবাদ কিভাবে তারা পূর্ব ভারতে শোষণ অব্যাহত রেখেছিল এবং তার পরবর্তীকালে কংগ্রেস যখন ক্ষমতায় এলেন—যদিও চুক্তিবদ্ধ ক্ষমতা—গোটা ভারত-বর্ষের সাধারণ মানুষের সাথে, স্বাধীনতা আন্দোলনের সংগ্রামী মানুষের সাথে বিশ্বাসঘাতকতা করার জন্য দ্বিখণ্ডিত ভারতবর্ষে ঐ বৃটিশ সাম্রাজ্যবাদের যে দৃষ্টিভঙ্গী সেই দৃষ্টিভঙ্গী নিয়ে তাঁরা গোটা ভারতবর্ষে আইন চালু করেছেন। আজকে সেই অর্থনৈতিক অবস্থার মধ্যে আমরা হেলথ বাজেট নিয়ে আলোচনা করছি। হ্যাঁ, ঠিক কথা, হেলথ কি করে উন্নতি হবে? যে দেশের শতকরা ৭০ ভাগ মানুষ আজকে দারিদ্র্যের শেষ সীমায় দাঁড়িয়ে লড়াই করছে, যাদের পুষ্টি নেই, যারা খেতে পায় না। আজকে সেই অবস্থার মধ্য দিয়ে বামফ্রন্ট সরকার ৬ বছর ধরে চেষ্টা চালিয়ে যাচ্ছে। এতে আত্মতুষ্টির অবকাশ রয়েছে একথা আমি বলব না। কিন্তু এই যে প্রচেষ্টা এই সেই প্রচেষ্টা এই বাজেটের মধ্যে রয়েছে—এটা আমরা দেখতে পাচ্ছি। যেমন আমি অভিনন্দন জানাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে হ্যাঁ ঠিকই কথা, এই পরিবেশের মধ্যে, এই পরিস্থিতিতে, এই পুঁজিবাদী অবস্থার মধ্যে আপনি একটা বিপ্লবী পদক্ষেপ নিশ্চয়ই নিতে পারবেন না, কারণ আর্থিক অনটন রয়েছে এবং এ ছাড়া পশ্চিমবঙ্গ গোটা ভারতবর্ষের মধ্যে একটি অঙ্গ রাজ্য। যে

দেশে শতকরা ৭০ ভাগ মানুষ দারিদ্র্যের সাথে লড়াই করে অপুষ্টি-জনিত রোগে অন্ধ হয়ে যাচ্ছে—এগুলি তাদের জীবনের প্রতিদিনকার সংঘাত—সেই দেশে আপনি বিপ্লবী পদক্ষেপ গ্রহণ করতে পারবেন এই বিশ্বাস আমি করি না।

[2.10—2.20 P. M.]

কিন্তু সেই অবস্থার মধ্যে দিয়েও আপনি যে ব্যবস্থাগুলি গ্রহণ করতে যাচ্ছেন তাকে আমি অভিনন্দন জানাই। আজকে ৩২ বছর ধরে এই হেলথ এই হাসপাতাল-গুলিকে দেখছি, সেখানে নিরাময়ের জন্য রোগী ভর্তি করা হয়, কিন্তু আপনি একটা বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন নিবারণমূলক ব্যবস্থা প্রিভেন্টিভ মেজার থাকে বলে, তার জন্য আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি যে, ম্যালেরিয়া দেশ থেকে চলে গিয়েছিল, হঠাৎ আবার ম্যালেরিয়ার প্রাদুর্ভাব হয়েছে। ১৯৭৯ সালে ম্যালেরিয়া রোগী ছিল ১১৯০৯, ১৯৮০ সালে দেখতে পাচ্ছি যে, সেটা কমে দাঁড়িয়েছে ১০৩২০, এটা নিশ্চয়ই ভাল কথা। শুধু তাই নয়, আমি দেশতে পাচ্ছি ম্যালেরিয়া রোগ প্রতিরোধ করার জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন। ম্যালেরিরা জীবাণু নিয়ে স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনে পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে একটা প্রতিষেধক টিকা বের করার প্রচেষ্টা করেছেন। খুব ভাল কথা, আমি তার জন্য অভিনন্দন জানাই।

তারপর কুষ্ঠ, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কুষ্ঠ আমাদের সমাজজীবনে একটা অভিশাপ। কুষ্ঠ রোগে কেউ যদি আক্রান্ত হয় সমাজ সংসারে সে অপাংক্তেয় হয় পড়ে। সমাজ তাকে গ্রহণ করতে পারে না। তাকে ঘৃণা করে, উপেক্ষা করে, সে সব কিছু থেকে আজও বঞ্চিত হয়। যদিও পৃথিবী সভ্যতায় উত্তীর্ণ হয়েছে সেখানেও আমরা দেখতে পাচ্ছি এই ভারতবর্ষে আরও কুষ্ঠ রোগীকে সামাজিক ক্ষেত্রে আমরা উপেক্ষা করি, তাকে অপাংক্তেয় হিসাবে পরিগণিত করি। সেখানে আমরা দেখতে পাচ্ছি যে, সেই কুষ্ঠ রোগকে প্রতিরোধ করার জন্য তাঁরা চেষ্টা চালিয়ে যাচ্ছেন। বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম এই তিনটি জেলায় কুষ্ঠ রোগ রোগের বেশী প্রাদুর্ভাব বলে এগুলোকে পুরোপুরি কুষ্ঠ রোগের নিয়ন্ত্রণ ইউনিটের আওতায় নিয়ে আসার চেষ্টা করছেন। ভারত সরকারের স্বাস্থ্য সংস্থা সুইডিস আন্তর্জাতিক উন্নয়ন এজেন্সীর সহযোগিতায় পুরুলিয়ায় মালটি ড্রাগ রেজিমেণ্ট প্রোডাক্টের কাজ শুরু করেছেন। এটাও অভিনন্দনযোগ্য এবং শুধু তাই নয়, আমরা দেখতে পাচ্ছি ১৯৮৪ সালের জানুয়ারী মাসের মধ্যে প্রায় ৭৭৬৯টি মানুষকে এই আওতায় এনে প্রিভেন্টিভ মেজার নেবার চেষ্টা করেছেন। আমি আর একটি অনুরোধ আপনাকে করব। উত্তরবঙ্গ এর থেকে রেহাই পায় না। কুচবিহারে কুষ্ঠ রোগের প্রাদুর্ভাব হয়েছে, আপনি এ সম্বন্ধে অনুসন্ধান করবেন এবং একে প্রতিহত যাতে করা যায় সেজন্য গৌরীপুরে

৫৫০ শয্যাবিশিষ্ট কুষ্ঠ হাসপাতাল হয়েছে। এই সম্পর্কে আমি আপনাকে আরও বলি একটা হিসাব আমি দেখতে পাচ্ছি। তারপর যক্ষ্মা, একদিন কারো যক্ষ্মা হলে সে অপাংক্তেয় হিসাবে পরিগণিত হোত। কারো যক্ষ্মা হয়েছে শুনলে আমরা ভাবতাম যে, সে আর ফিরবে না। টি. বি. রোগী সমস্ত সমাজ থেকে বঞ্চিত হোত। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি শুধু হাসপাতালের চিকিৎসা নয়, এখন নিবারণমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন। এতদিন প্রতি হাজারে ১৩ জন ফুসফুসের এই রোগে আক্রান্ত হোত এবং এ দেশে প্রায় শতকরা ৭০ জন মানুষ যেখানে দারিদ্র্যসীমার নীচে বাস করে সেখানে অনাহার ও অপুষ্টিজনিত কারণে যক্ষ্মা রোগ কত বেশী। সরকার এই রোগের প্রতিরোধের জন্য ১২টি ক্লিনিক স্থাপন করেছেন। ফাইলেরিয়া সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করেছেন। ৪টি সমীক্ষক ইউনিট ও একটি ফাইলেরিয়া ক্লিনিক গঠন করা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জানাই যে, কুচবিহারে সেনট্রাল গভর্নমেন্ট ও রাজ্য সরকার মিলে ইউনিট গঠন করেছেন। সেখানকার কাজ যাতে আরও ভালভাবে হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

তারপর কলেরা। গত ৬ বছরে অনেক কমেছে। ১৯৭৭ সালে কলেরায় আক্রান্ত হয়েছিল ১৭৩২ জন, মৃত্যু হয়েছে ২৭ জনের এবং ১৯৮০ সালে ২৬২ জন আক্রান্ত হয়েছিল, মৃত্যু হয়েছে ৬ জনের। এই হিসাব থেকেই দেখতে পাচ্ছি যে আপনি যে বলিষ্ঠ পদক্ষেপগুলি গ্রহণ করেছেন তা অভিনন্দনযোগ্য।

আপনারা এখানে আলোচনা করতে গিয়ে শুধুমাত্র আমাদের ব্যর্থতাই তুলে ধরবার চেষ্টা করছেন। কিন্তু এটা ঠিক যে, এই কাঠামোর মধ্যে, এই অর্থনৈতিক অবস্থার ভেতরে কাজ করা সম্ভবও নয়; তা নিয়ে নিশ্চয়ই আলোচনা হবে। কিন্তু গত ৬ বছরে একটুও কি অগ্রগতি হয় নি? আপনাদের সময় শহরভিত্তিক সব প্রচেষ্টা চলেছে দীর্ঘ ৩২ বছর ধরে। এই কলকাতায় বড় বড় হাসপাতাল হয়েছে এবং প্রিভিলেজড্ মানুষ, প্রিভিলেজড্ একটা শ্রেণী যাঁদের অর্থ আছে—তাঁরাই চিকিৎসার সুযোগ পেতেন। আজ গ্রামভিত্তিক নজর দিয়েছেন। এটা অভিনন্দনযোগ্য পদক্ষেপ। আজকে পঞ্চায়েতের মাধ্যমে সেই চিকিৎসার সুযোগ গরীব মানুষদের মধ্যে ছড়িয়ে দেবার চেষ্টা করেছেন—এই জন্য অভিনন্দন জানাই। আজকে ১৯৮৪-৮৫ সালে কতগুলি নতুন হাসপাতাল করবার পরিকল্পনা গ্রহণ করেছেন এই বামফ্রন্ট সরকার। অশোকনগরে ৩০ শয্যাবিশিষ্ট একটি রাষ্ট্রীয় হাসপাতাল, তুফানগঞ্জে ১২৫ শয্যাবিশিষ্ট হাসপাতাল, বীরপাড়ায় ১০০ শয্যাবিশিষ্ট একটি রাষ্ট্রীয় হাসপাতাল, দক্ষিণ হাওড়ায় ৩০ শয্যার একটি হাসপাতাল এবং বোলপুরে ১২৫ শয্যার একটি রাষ্ট্রীয় সাধারণ হাসপাতাল করবার পরিকল্পনা

গ্রহণ করেছেন। হ্যাঁ, একথা নিশ্চয়ই আমি বলবো, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এই হাসপাতালগুলি ব্লক-ওয়াইজ্ করতে চাচ্ছেন। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে মানুষ দূরে শহরে আসতে পারে না এবং কলকাতায় আসতে না পারার ফলে যাঁরা সেখানে চিকিৎসার সুযোগ পাচ্ছেন না আজকে তাঁদের দিকে দৃষ্টি দিয়েছেন—সেজন্য আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি। এটা ঠিক, যত বেশী গ্রামের গরীব মানুষের চিকিৎসার সুযোগ করে দেবেন তত মানুষের আশীর্বাদ পাবেন। সেইজন্য এই দিকে বেশী নজর দেওয়া উচিত। কলকাতা শহরের উপর বড় বড় মেডিক্যাল কলেজ এবং হাসপাতালগুলি যা রয়েছে, সেখানে সাধারণ মানুষ আসতে পারে না চিকিৎসার জন্য। কাজেই যে-সমস্ত হাসপাতাল মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তৈরী করেছেন সেখানে যদি জীবনদায়ী ওষুধগুলি দিতে পারেন, সাধারণ মানুষ পেতে পারে। আজকে এই ব্যবস্থা সুনিশ্চিত করতে হবে, সেদিকে নজর রাখতে হবে যাতে জীবনদায়ী ওষুধগুলি সব জায়গায় সাধারণ মানুষ পেতে পারে। মাননীয় মন্ত্রী মহাশয় আজকে অনেক হাসপাতালে ব্লাড ব্যাংকের ব্যবস্থা করছেন। বিভিন্ন হাসপাতাল এবং জেলা হাসপাতালগুলিতে ব্লাড ব্যাংক করবার জন্য প্রচেষ্টা চালাচ্ছেন। আমি জানি না এক্ষেত্রে কতদূর সফল হয়েছেন, কিন্তু আপনার দৃষ্টি আকর্ষণ করে বলব যে, কুচবিহারে ব্লাড ব্যাংকের জন্য আবেদন-নিবেদন অনেক করেছি—যাতে সেখানে ব্লাড ব্যাংক হয় তার জন্য দৃষ্টি দেবেন।

(লালবাতি—উপাধ্যক্ষ মহাশয় মাননীয়া সদস্যকে বসতে বলেন)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দুই মিনিট সময় দেবেন। আজকে ওঁরা আমাদের সমালোচনা করছেন। কিন্তু ওঁদের সঙ্গে আমাদের মৌল দৃষ্টিভঙ্গীর পার্থক্য আছে এবং তার জন্যই বামফ্রন্ট সরকার আজকে হোমিওপ্যাথি চিকিৎসার ব্যবস্থা করে দিয়ে গরীব মানুষের জন্য চিকিৎসার সুযোগ করে দিতে চাচ্ছে। যাঁদের হাতে পয়সা নেই—ঐ সাধারণ মানুষ, গরীব চাষী, ক্ষেতমজুর—এঁরা ঐ দামী এ্যালোপ্যাথি ওষুধ কিনতে পারেন না। আজকে এ্যালোপ্যাথি চিকিৎসার পাশাপাশি এই হোমিওপ্যাথি চিকিৎসার সুযোগ করে দিচ্ছেন, এর জন্য অভিনন্দন জানাচ্ছি। গতবার বাজেটের সময় সমাজতান্ত্রিক দেশগুলির কথা উল্লেখ করে চীনের উদাহরণ দিয়ে বলেছিলাম যে, সেখানে গ্রামের লোকেদের চিকিৎসার সুযোগ পৌঁছে দেবার জন্য তাঁরা বেয়ার-ফুট ডাক্তার তৈরী করেছেন। আজকে আপনিও যদি সেই দিকে নজর দেন, জনগণ তার জন্য আপনাকে আশীর্বাদ করবে। আর একটি দিকে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, বড় বড় হাসপাতাল-

গুলিতে যে-সমস্ত ডাক্তার আছেন তাঁদের মধ্যে নন্-প্র্যাকটিশনার অনেকে আছেন। এই ডাক্তারদের সম্পর্কে আগেও বলেছি, আজও বলছি—তাঁরা কিন্তু প্রাইভেট প্র্যাকটিস করেন। এদিকে আপনার দৃষ্টি দিয়ে সতর্কভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে। আর একটি কথা হচ্ছে, হাসপাতালগুলিতে এখনও পর্যন্ত দুর্নীতি রয়ে গেছে। অবশ্য জানি যে বর্তমান সমাজব্যবস্থায় মানুষকে দুর্নীতির মধ্যে টেনে আনে। এও জানি যে এর বিরুদ্ধে আপনি প্রচেষ্টা চালাচ্ছেন, বৈপ্লবিক পদক্ষেপ গ্রহণ করেছেন। তবুও এদিকে আরও এগিয়ে যেতে হবে এবং যাতে দুর্নীতির অবসান ঘটে সেইমত ব্যবস্থা গ্রহণ করতে হবে। আজকে পানীয় জল সম্পর্কে যেটা রয়েছে সেটা সত্যিই অভিনন্দনযোগ্য। আজকে ৩২ বছরে ওঁরা অনুভব করেন নি যে, গ্রাম-বাংলার মানুষ পানীয় জল পাচ্ছেনা।

[2.20—2.30 P.M.]

গ্রাম-বাংলার মানুষ জল পায় না, স্বাধীনতার ৬ বছর পরেও গ্রাম-বাংলার মানুষ পানীয় জল পাচ্ছে না। কিন্তু এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় যথেষ্ট প্রচেষ্টা দেখিয়েছেন। সেই জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার আর সময় নেই, আমার অনেক কথা বলার ছিল। তাই এই বাজেটকে সমর্থন করে একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। অজিত পাঁজা মহাশয় একটা কবিতা এখানে উল্লেখ করেছেন। আমি তাঁকে বলতে চাই আজকে এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা যে লড়াই শুরু করেছি এটা অভিনন্দনযোগ্য। গোটা ভারতবর্ষের মধ্যে যে সমাজ ব্যবস্থা কায়েম আছে পশ্চিমবাংলার বুকের উপর দাঁড়িয়ে এই সমাজ ব্যবস্থার বিরুদ্ধে যে লড়াই করে চলেছি এটা অত্যন্ত কঠিন। এই কঠিন কাজ জেনেও আমরা লড়াই করে চলেছি। আমি অজিত পাঁজা মহাশয়ের কবিতার উত্তরে একটা কবিতা পাঠ করতে চাই, এটা আমি এখানেই বসে লিখেছি। সেটা হলো—

ক্ষমতার দম্ভ নিয়ে,
যারা বার বার মানুষকে করেছে পদদলিত,
যারা বার বার মানুষের ক্ষুধার যন্ত্রণাকে
রক্তের বন্যায় করেছে স্তব্ধ
তাদের মৃত্যুর ঘণ্টা
আকাশে বাতাসে হচ্ছে প্রতিধ্বনিত।

এই কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ মানস ভুঁইয়াঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্য দপ্তরের ৪ জন মন্ত্রী মহাশয় তাঁদের দপ্তরের বাজেট উত্থাপন করেছেন। স্যার আমরা মহাভারতে দ্রৌপদীর কাহিনী জানি, তার পাঁচ জন স্বামী ছিল। পশ্চিমবাংলার স্বাস্থ্য দপ্তর আজকে সেই পঞ্চ পাণ্ডবের কথা মনে করিয়ে দেয়। বিভিন্ন মতাদর্শে বিশ্বাসী ৪ জন রাজনৈতিক নেতা এক দপ্তর নিয়ে কাঁমড়া-কাঁমড়ি করছেন। গত ৬ বছর ধরে এটা আরো ইনটেনসিফ´ায়েড হয়েছে। আমরা দেখছি কি? এই বাজেট বই-এর মাধ্যমে রামনারায়ণবাবু তথ্য দিয়ে অনেক কথা বোঝাতে চেষ্টা করেছেন, আমরা সেটা পাঠ করেছি। কিন্তু কলকাতার মেডিক্যাল কলেজ, এন. আর. এস. হাসপাতাল, এস. এস. কে. এম. হাসপাতাল, ন্যাশানাল মেডিক্যাল কলেজ, চিত্তরঞ্জন হাসপাতালের দিক থেকে চোখ ফিরিয়ে যদি জেলার কোন স্বাস্থ্য কেন্দ্রের দিকে লক্ষ্য করি তাহলে আমরা কি দেখতে পাই? ঘুরিয়ে ফিরিয়ে যে কথাগুলি বলা হয়েছে, তাঁর সত্যিকারের দৃষ্টিভঙ্গী কি সেখানে প্রতিফলিত হয়েছে? না, হয় নি, আমরা কি দেখলাম? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৮৩ সালে আপনি জানেন পশ্চিমবাংলার ইতিহাসে এবং স্বাস্থ্য দপ্তরের ইতিহাসে একটা অন্ধকার এবং কলঙ্কময় যুগ। আমাদের যিনি মুখ্যমন্ত্রী তিনি সাংবাদিকদের ডেকে গর্ব অনুভব করে বলছেন, তাঁর ক্যাবিনেট কলিগসদের এবং ৪ জন স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীকে যে, আপনারা আর হাসপাতালগুলিতে ভর্তি হতে যাবেন না। আপনাদের যদি কিছু হয় তাহলে নার্সিং হোমে ভর্তি হবেন। কারণ হাসপাতালে যা অবস্থা তাতে আপনাদের ভর্তি হওয়া চলে না। পশ্চিমবাংলার ৬ কোটি মানুষ আজ এই সরকারের দিকে তাকিয়ে আছে, ৪ জন জনস্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর দিকে তাকিয়ে আছে। সেখানে তাঁদের নেতা মুখ্যমন্ত্রী তাঁর নিজের মন্ত্রীদের বলছেন হাসপাতালে ভর্তি হবেন না, নারসিং হোমে ভর্তি হবেন। এই হাসপাতালের যে-সমস্ত কর্মচারী এবং ডাক্তার আছে তারা আমাদের বিরুদ্ধে চক্রান্ত করছে। আমাদের মনোভাবাপন্ন যদি কোন সদস্য বা লোক ভর্তি হয় তাহলে ইনজেকশানে বিষ মিশিয়ে আমাদের মেরে দেবে। এই সমস্ত কথা মুখ্যমন্ত্রী তাঁর মন্ত্রীদের বলেছেন। কোথায় আছি আমরা? কিন্তু তার কোন প্রতিবাদ স্বাস্থ্য দপ্তর থেকে করা হয় নি। একবারও বললেন না এটা কি করে হয়। পশ্চিমবাংলার চিকিৎসা শাস্ত্রে যে ঐতিহ্য ছিল সেই ঐতিহ্য ভূ-লুণ্ঠিত হলো, তার কোন প্রতিবাদ হলো না।

আপনারাই গণতন্ত্রের কথা বলেন, আন্দোলনের কথা বলেন। আপনাদের একজন মন্ত্রী বলে বসলেন যে আন্দোলনের সাধ মিটিয়ে দেবো। আপনারা গত ২৮ বছর ধরে আন্দোলনের মধ্য দিয়ে, তথাকথিত আন্দোলনের মধ্য দিয়ে ঠাণ্ডা

ঘরে বসে আজকে নেতা হয়েছেন। অথচ আপনারাই ঘোষণা করলেন আন্দোলনের সাধ মিটিয়ে দেবো। কোথায় আছি আমরা আজকে? স্যার আজকে অবাক হয়ে যাবেন যে, এই দপ্তর আজকে কোথায় এসে দাঁড়িয়েছে? অধ্যক্ষের ঘরে দাবী-দাওয়া নিয়ে কথা বলতে গিয়ে বাচ্চা-বাচ্চা ডাক্তারগুলিকে দরজা বন্ধ করে দু'জন ডি. সি.-কে দিয়ে প্রিন্সিপ্যালের সামনে ১৪ জনের হাত-পা ভেঙ্গে দেওয়া হল। তার মধ্যে ইয়াসমিন খাতুন, যিনি একজন ইন্টারনির ছাত্রী, তাঁর হাত-পা ভেঙ্গে দেওয়া হল এবং তিনি ন্যাশানাল মেডিকেল কলেজ হাসপাতালে হাত-পা ভাঙ্গা অবস্থায় পড়ে থাকেন। আরেকজন ডাক্তার তাঁর হেড ইনজুরি হয়েছিল, তাঁকেও ন্যাশানাল মেডিকেল কলেজ হাসপাতালে রেখে দেওয়া হল। ১৯৮৩ সালে এই মেডিকেল কলেজটিতে রক্তারক্তি কেলেঙ্কারি ঘটে গিয়েছিল। এইতো তথ্য আপনাদের। তারপরে বলেছেন যে, বেডের সংখ্যা বাড়িয়েছেন। এতসব করছেন বলছেন, কিন্তু আজকে শুনলে আশ্চর্য হয়ে যেতে হয় যে, কলকাতার বুকে যে হাসপাতালগুলি আছে সেখানে আজকে পেনিসিলিন, ষ্ট্রেপ্টোমাইসিন পাওয়া যাচ্ছে না। তাহলে আপনারা চিন্তা করুন সুদূর ধুবুলিয়া টি. বি. হাসপাতালের কথা, মেদিনীপুরের সবং হাসপাতালের কথা—সেখানে সামান্য সালফাডাইজিন তো পাওয়া যাবে না। এখন সচিব, অধিকর্তা বসিয়ে রেখেছেন, যাঁরা কেবল মাথার উপর বসেই আছেন। কিন্তু রুর‍্যাল হেল্‌থ সার্ভিস সম্বন্ধে কোন জ্ঞান নেই। কে সেই অধিকর্তা যিনি রুর‍্যাল হেল্‌থ সার্ভিসে থাকবেন, অথচ রুর‍্যাল হেল্‌থ সার্ভিস সম্বন্ধে কোন আইডিয়া যার নেই তাঁকে বসিয়ে দেওয়া হয়েছে এক্সপেরিমেন্টাল ল্যাবরেটরিতে। হি ইজ এ ফেমাস প্রফেসার, এ্যাকাডেমিসিয়ান, একজন শিক্ষানবীশ হিসাবে খ্যাত হতে পারেন, কিন্তু তাঁর দ্বারা রুর‍্যাল হেল্‌থ সার্ভিস চলবে এ আশা আমরা করতে পারি না। এইসব কথা বলার জন্য জানি আপনি বলবেন যে, আমরা পুঁজিবাদী চিন্তাধারায় বিশ্বাসী এবং আপনারা প্রগতিশীল বলে নিজেদের জাহির করবেন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী রামনারায়ণবাবু একটি ভুল তথ্য বলেছেন, আমি সেই উপস্বাস্থ্য কেন্দ্র করার লাইনটি পড়ে দিচ্ছি, দয়া করে আপনি একটু দেখে নেবেন, তাতে লেখা আছে প্রত্যেকটি স্বাস্থ্য কেন্দ্র হবে—এখানে একটা প্রিন্টিং মিসটেক হয়েছে। আমি যেকথা বলতে চাই যে, স্বাস্থ্য দপ্তর এমন একটি দপ্তর যেখানে কংগ্রেস, কমিউনিষ্ট চলবে না। মানুষ যখন যন্ত্রণা নিয়ে আসবে স্বাস্থ্যকেন্দ্রে বা জেলা হাসপাতাল কিংবা মহকুমা হাসপাতালে কিংবা কলকাতা কলেজ হাসপাতালে তখন দলের কথা চিন্তা করলে চলবে না। অবশ্যি আপনি বলবেন যে, আপনারা প্রগতিশীল চিন্তাধারায় বিশ্বাসী এবং নীতিতথ্যে আপনারা

বিশ্বাস করেন না। কিন্তু এখানে বেসিক স্ট্রাকচার বলতে কিছু নেই। উপ-স্বাস্থ্য কেন্দ্র এবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কোন চিকিৎসার ব্যবস্থা নেই। তার পরে আমাদের এখানে কোন ক্যাজুয়েলটি হসপিট্যাল নেই। আজকে মেদিনীপুর থেকে কোন ইনজিয়র্ড রুগীকে নিয়ে কিংবা ২৪ পরগনা থেকে কষ্ট করে পি. জি. হাসপাতালে আনা যাবে বা নীলরতন হাসপাতালে আনা যাবে, কিন্তু ক্যানিং থেকে কোন রুগীকে এতদূর আনা সম্ভব নয়, কারণ একটা বিরাট স্টপ গ্যাপ হয়ে যাচ্ছে। কংগ্রেস আমলে এইরকম ক্যাজুয়েলটি হাসপাতাল কতগুলি হয়েছিল। যেমন বেহালায় বিদ্যাসাগর হাসপাতাল, কল্যাণী হাসপাতাল এবং নৈহাটি হাসপাতাল ইত্যাদি। এই নৈহাটি হাসপাতালটি ১৯৮৩ সালে আপনিই উদ্বোধন করেছেন, এতে ১০১টি বেড থাকার কথা। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতে মাত্র ৩৬টি বেড রান করছে। এখানের এক্সরে মেসিনটি ড্যামেজ হয়ে নষ্ট হয়ে গেছে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন এবং শুনলে আঁতকে উঠবেন যে, আজকে মার্কসবাদী নেতার এক স্ত্রীর নার্সিংহোম ওখানে থাকার জন্যই ওই হাসপাতালের বেড সংখ্যা আর বাড়ছে না, কেননা তাহলে পাছে ওই নার্সিংহোমটি যদি বন্ধ হয়ে যায়। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে এই কথা বলছি, কেননা এখানে এই নৈহাটি হাসপাতালটিতে ১৩১টি বেডের এ্যারেঞ্জমেন্ট থাকা সত্ত্বেও সেখানে ৩৬টি বেড রয়েছে।

[2.30—2.40 P.M.]

আপনি শুনলে অবাক হবেন এতবড় একটা দলিল উপস্থিত করেছেন, যেখানে মেডিকেল চিকিৎসা ব্যবস্থা সম্বন্ধে কোন কথা নেই। কি ভাবে ডাক্তার তৈরী হবে তারও কোন কথা নেই। এঁরা বলেন ডাক্তাররা গ্রামে যান না। পি. এস. সি.-তে ইনটারভিউ চলছে, তাতে ৬০ হাজার এ্যাপ্লিকেশন পড়েছে—পোষ্ট ২৯০ টা। ডাক্তারদের আন্দোলনকে প্রতিহত করবার জন্য ওরা খুব হুঙ্কার ছেড়ে দু'জন মন্ত্রী নিজের দলের ৮৭ জন ডাক্তারকে অন সুপি ডিউটি এ্যাপয়েন্টমেন্ট দিয়েছে। যেখানে ওঁরা বলেন পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে প্রাইমারী হেল্থ সেণ্টারে সাবসিডিয়ারী হেল্থ সেণ্টারে ডাক্তারের অভাব, চিকিৎসা হচ্ছে না, সেখানে আমরা দেখতে পাচ্ছি ৮৭ জনকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে অন সুপি ডিউটি হিসাবে কলকাতা হাসপাতালে। ২৯০ টার পোষ্টের মধ্যে ৬০/৭০টা পোষ্ট রিজার্ভ থাকবে সিডিউল কাষ্ট এবং ট্রাইবস-এর জন্য। কিন্তু তবুও ওঁরা বলেন, ডাক্তাররা ওঁদের বিরুদ্ধে চক্রান্ত

করছে, গ্রামে যেতে চান না। ১৯৮১ সালে ওঁদের একজন প্রয়াত নেতা—যার নাম আমি করছি না—তাঁর উর্বর মস্তিষ্ক থেকে বের হল কমিউনিটি হেল্‌থ সার্ভিস প্রথা চালু করতে হবে। আমরা তখন বলেছিলাম এটা একটা অবৈজ্ঞানিক পদ্ধতি। বিজ্ঞান যখন এগিয়ে চলেছে এবং যেখানে হাজার হাজার ডাক্তার বসে আছে তখন সেখানে এই জিনিস চলতে পারে না। কংগ্রেস আমলে একটা নিয়ম চালু হয়েছিল যাতে ছাত্রদের কাছ থেকে বণ্ড লিখিয়ে নেওয়া হোত যে, পাস করার পর ন্যূনতম ৫ বছর গ্রামে তাঁরা চিকিৎসা করবেন। কিন্তু তাঁর পরিবর্তে তাঁরা গ্রামের জন্য ডাক্তার তৈরী আরম্ভ করলেন যাঁরা শুধু ক্যাপসুল এবং ইঞ্জেকশান দেবেন। এর জন্য তাঁরা ব্লু-প্রিণ্টও ছাপালেন। কিন্তু এখন ওদের ফ্রন্ট বলছেন আমরা চিন্তা করছি এটা তুলে দেবার। এই ভাবে হতভাগ্য ছাত্রদের ভাগ্য নিয়ে ছিনিমিনি তাঁরা খেলছেন। মৌলানা আজাদ, প্রেসিডেন্সী কলেজ ইত্যাদি থেকে ছেলেরা সেখানে গিয়েছিল সেই কমিউনিটি হেল্‌থ সার্ভিসে, কিন্তু এখন সেটা যদি উঠিয়ে দেওয়া হয় তাহলে সেই সমস্ত হতভাগ্য ছাত্র ও ছাত্রীদের ভবিষ্যৎ শিক্ষাজীবন যাতে নষ্ট না হয় সেদিকে লক্ষ্য রাখবেন। এ ক্ষেত্রে আমি দাবি করছি এদের নিয়ে একটা কনডেন্সড এম. বি. বি. এস. কোর্স চালু করে এদের রেগুলারাইজ করবার সুযোগ দিন। আপনার সেক্রেটারিয়েট এবং ডাইরেকটরেটে কি খোঁজ নেবেন যে কোটি কোটি টাকার যন্ত্রপাতি ব্যবহারের অভাবে কেন পড়ে আছে? পি. জি.-তে নিওরোলজি ডিপার্টমেণ্ট যে স্ক্রেনারস বসিয়েছেন তার কাজ আজও চালু হয় নি। অনেক বিলম্বে বসানোর জন্য আপনাদের ক্ষতিপূরণ দিতে হয়েছে। প্রত্যেকটি হাসপাতালে ৫টির মধ্যে ৪টি এক্স-রে মেশিন খারাপ হয়ে পড়ে আছে। এর ফলে বুক, পেটের রুগী এক্স-রে করতে গেলে ৪ বছর অপেক্ষা করতে হয়। জীবনদায়ী ওষুধের জন্য আপনারা একটা প্যানেল করে দিয়েছেন, স্পেশালিষ্ট এ্যাপয়েণ্ট করেছেন। কিন্তু আপনি কি খোঁজ নেবেন ষ্টোর থেকে যে, কতকগুলি গুণ্ডা মস্তানকে দিয়ে ম্যানেজমেণ্টের নামে সেখানে পার্টিবাজী আরম্ভ হয়েছে।

আপনি যা বলেছেন সেটা ভাবতে লজ্জা লাগে, দুঃখ হয়। আপনি আপনার বাজেট বক্তৃতায় বলেছেন বাইরের সমাজবিরোধীদের দমন করা যায়। অর্থাৎ আপনি কথাটা ঘুরিয়ে বলেছেন। পশ্চিমবাংলা একটা সংস্কৃতিপূর্ণ প্রদেশ, অথচ এই প্রদেশের স্বাস্থ্যমন্ত্রী হয়ে আপনি এখানকার ডাক্তারদের প্রতি একটা কুরুচি-পূর্ণ মন্তব্য করেছেন। আপনি প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ডাক্তারদের সমাজবিরোধী বলে আখ্যা দিয়েছেন। মন্ত্রী মহাশয় বলেছেন বাইরের সমাজবিরোধীদের

মোকাবিলা করতে পারি, কিন্তু ভেতরে যারা রয়েছে তাদের সম্বন্ধে কি করব? স্যার, কলকাতা থেকে শুরু করে গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রে, উপ-স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই, নার্সিং স্টাফ নেই, এ্যাম্বুলেন্স নেই, অথচ দুজন মন্ত্রী শুধু চেঁচামেচি করছেন এবং বিপ্লবীদের মত কথা বলছেন আমরা পুঁজিবাদের বিরুদ্ধে লড়াই করতে চাই। আমি এই ব্যয়বরাদ্দের আলোচনায় অংশ গ্রহণ করে এর তীব্র বিরোধিতা করছি, এই অবৈজ্ঞানিক পদ্ধতির বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

শ্রীসুভাষ গোস্বামী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মহাকরণে স্বাস্থ্যমন্ত্রী শ্রীঅম্বরীশ মুখার্জীর ঘরে ঢুকলে ডানদিকে সকলের চোখে একটি প্লেস্টার পড়বে যাতে লেখা আছে, হেল্‌থ ফর অল বাই ২০০০ এ. ডি.। অর্থাৎ ২ হাজার সালের মধ্যে সকলের জন্য স্বাস্থ্য চাই। এটা রামনারায়ণ গোস্বামী, অম্বরীশ মুখার্জী বা ননী ভট্টাচার্যের কথা নয়, ভারতবর্ষ সহ বিশ্বের ১৫০টি দেশ মস্কোতে এই ঘোষণা করেছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এটা কি নিছক একটা নির্বাচনী শ্লোগান? আমি জানতে চাই এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কতটুকু উদ্যোগ নেওয়া হয়েছে? আমরা বাস্তবে দেখছি গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রগুলির অবস্থা জরাজীর্ণ, ছাদ দিয়ে জল পড়ছে, এ্যাম্বুলেন্স নেই, দরজার পাল্লা নেই, হাসপাতালের বাড়ী ভেঙ্গে পড়েছে। কাজেই বলা যায় শুধু নির্বাচনে চমক লাগাবার জন্য এইসব বড় বড় কথা বলা হয়েছে। গ্রামাঞ্চলে বসন্ত রোগে মৃত্যুর কথা জনৈক সদস্য এখানে বলেছেন; ম্যালেরিয়ার প্রকোপ দেখা যাচ্ছে এবং বেশ কয়েকটি মৃত্যুর ঘটনা ঘটেছে এবং আক্রান্তের সংখ্যাও বেড়ে যাচ্ছে। বাঁকুড়ার বিষ্ণুপুর শহরে কয়েকদিন আগে একটি ম্যালেরিয়া রোগীর মৃত্যু ঘটেছে এবং এই রোগে মানুষ যেভাবে আক্রান্ত হচ্ছে তাতে বলা যায় এটা একটা এ্যালার্মিং জায়গায় গেছে। এই প্রসঙ্গে সি. এম. ও. এইচ. স্বাস্থ্য দপ্তরের ডেপুটি ডিরেক্টরকে যে চিঠি দিয়েছেন তাতে তিনি লিখেছেন, It is apprehended that there might be a serious out break of the disease with more deaths not only at Bishnupur Unit but also in other areas of the district alike that of Jalpaiguri District in the past. স্যার, এই হল গ্রামাঞ্চলের জনস্বাস্থ্যের অবস্থা। এক সময় যে-সমস্ত রোগের উপদ্রব আমাদের দেশে ছিল সেগুলি আবার মাথাচাড়া দিয়ে উঠেছে এবং তার জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আমরা জানি স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে "হেলথ ফর অল" এই ঘোষণাকে সফল করবার জন্য কতগুলি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে রাখা হয়েছে এবং ৮ম অর্থ

কমিশনের কাছেও প্রস্তাব রাখা হয়েছে। তার কি ফল হয়েছে এবং তাঁরা কি রকম রেসপন্স করেছেন সেটা আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে জানতে চাই। আজকে চিকিৎসা সম্বন্ধে এখানে নানা কথা বলা হয়েছে। মাননীয় সদস্য অজিত পাঁজা মহাশয়ের কাছ থেকে আমি আরও উন্নত মানের বক্তৃতা আশা করেছিলাম। কিন্তু দেখলাম তিনি কতগুলি খুচরো কথা বলে আধ ঘণ্টা সময় কাটিয়ে দিলেন।

[2 40—2.50 P.M.]

কোন্ রোগী কোথায় ভর্তি হতে পারে নি—কোন্ হাসপাতালে কতগুলি জি. ডি. এ.-র পোষ্ট খালি আছে, এই সব কথা বলে সময় কাটিয়ে চলে গেলেন। কিন্তু এই স্বাস্থ্য রক্ষার যে বিরাট দায়-দায়িত্ব সেটা কি শুধু এই রাজ্য সরকারের? কেন্দ্রীয় সরকারের কি এখানে কিছু করার নেই? কেন্দ্রীয় সরকারের বিরাট সংখ্যক কর্মচারী এই রাজ্যে রয়েছে এবং তাদের দায়-দায়িত্ব রাজ্য সরকারকে নিতে হয়। কোলিয়ারীতে যে-সব শ্রমিক-মজুর রয়েছে, যাদের চিকিৎসা ব্যবস্থা যদিও যথেষ্ট নয়, তবুও এই সব শ্রমিক-মজুরদের চিকিৎসার দায়-দায়িত্ব রাজ্য সরকারকে নিতে হয়। কেবল মাত্র রেলওয়ে বিভাগের কিছু হাসপাতাল আছে এবং তাও প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এই সমস্ত কোলিয়ারী শ্রমিকদের কয়লার গুঁড়ায় বুক ঝাঁঝরা হয়ে যায়, তাদের ফুসফুস নষ্ট হয়ে যায় এবং এইভাবে অনেক শ্রমিকের মৃত্যুও ঘটে। তাদেরও চিকিৎসার দায়-দায়িত্ব এই সরকারকেই নিতে হয়। তাদের সম্বন্ধে ক্ষতিপূরণের কথা কেন্দ্রীয় সরকার চিন্তাই করেন না। ডাঃ মানস ভুঁইয়া কমিউনিটি মেডিক্যাল সার্ভিসের কথা বল্লেন, তিনি নিশ্চয়ই জানেন যে, চিকিৎসা ব্যবস্থার দুটো দিক আছে, প্রিভেনটিভ এবং কিউরেটিভ। আমরা এ কথা আগেই বলেছিলাম যে, এই কোর্সে যারা ভর্তি হবে এবং পাশ করবে তাদের প্রিভেনটিভ দিকটি দেখার জন্য কাজে লাগানো হবে। অর্থাৎ কিউরেটিভ বায়াস সম্পন্ন বর্তমান ডাক্তারদের পরিপূরক হিসাবে তাদের ব্যবহার করার জন্য বামফ্রন্ট একটা সিদ্ধান্ত নিয়েছিলেন। জানি না সরকার সেই সিদ্ধান্ত নিয়েছেন কিনা। আমরা জানি গ্রামাঞ্চলের চিকিৎসা ব্যবস্থা কি রকম চলছে। পি. এস. সি. থেকে পাওয়া লিষ্টে যত সংখ্যক ডাক্তারকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে তার ৪৬% জয়েন করছে না। গ্রামাঞ্চলের বহু স্বাস্থ্যকেন্দ্র আছে, সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার আছে, যেখানে ডাক্তার নেই। কিন্তু কি করা যাবে—এ্যাপয়েন্টমেন্ট দিলেও তো তাঁরা কাজে যোগদান করছেন না। এই অবস্থায় পড়ে আছে।

জনসংখ্যার তুলনায় ডাক্তারের সংখ্যা যদি বিচার করি তাহলে দেখবো, শহরাঞ্চলে ১,১০০ জন লোকের জন্য একটি ডাক্তার, আর গ্রামাঞ্চলে সেখানে প্রতি ১৭ হাজার মানুষের জন্য একজন ডাক্তার। গ্রামাঞ্চলের মানুষ আজকে এই অবস্থায় আছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো এই সি. এম. এস. কোর্স যেটা আগে চালু করা হয়েছে তার সম্বন্ধে ভালভাবে বিভিন্ন দিক থেকে বিচার-বিবেচনা করা হোক। আর একটি অনুরোধ জানাবো বিশুদ্ধ পানীয় জল সরবরাহ সম্বন্ধে। আমরা জানি এ ব্যাপারে আমরা অবশ্য গত কয়েক বছরে বেশ কিছু অগ্রগতি লাভ করেছি। আমি শুধু এই কথা বলবো যে, যে-সমস্ত রুর‍্যাল পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম আমরা ইতিপূর্বে মঞ্জুর করেছি, তার কাজ কিন্তু অতি ধীর গতিতে চলছে। এইদিকে মন্ত্রী মহাশয়কে একটু বিশেষ নজর দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। আপনি জানেন বাঁকুড়া জেলার শালতোড়া এলাকায় একটি পাইপ ওয়াটার স্কীমের কাজ চলছে। ঐ কাজ দ্রুত শেষ করে অন্ততঃ ফার্ষ্ট ফেজে শালতোড়ায় যাতে জল সরবরাহ করা হয় তার ব্যবস্থা করুন। কারণ ওটা পাহাড়ী এলাকা। ওখানে ২/৩ বার চেষ্টা করেও রিগ বোর টিউবওয়েল বসানো সম্ভব হয় নি। আপনি নিশ্চয় জানেন ওখানে পানীয় জলের দারুণ সঙ্কট। গ্রীষ্মকালে এক বালতি জল ৫০ পয়সায় বিক্রী হয়। ছাতনায় এ্যাক্সলারেটেড ওয়াটার সাপ্লাই স্কীম বা ত্বরান্বিত জল সরবরাহ প্রকল্প মঞ্জুর হয়েছে। কিন্তু এ কাজটা মোটেই ত্বরান্বিত হচ্ছে না। পুরুলিয়া এবং বাঁকুড়া জেলা ড্রাউট প্রোন এরিয়া। এখানে পানীয় জলের দারুণ সঙ্কট। ঐ ছাতনা এলাকায় যাতে পানীয় জল সরবরাহ সুনিশ্চিত এবং দ্রুত করা যায় তার ব্যবস্থা করুন। এই সব জায়গায় যে রোগ হচ্ছে তার ৫০ ভাগ এই পানীয় জলের জন্য হচ্ছে। এই দিকে বিশেষভাবে নজর দেওয়া দরকার।

আর একটা হচ্ছে গ্রামীণ জনস্বাস্থ্যের ক্ষেত্রে যে-সমস্ত কমিউনিটি হেল্‌থ গাইড আছে, তাদের একটা বিরাট ভূমিকা আছে। এঁরা গ্রামেগঞ্জে ছড়িয়ে-ছিটিয়ে আছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এঁরা মাসে মাত্র ৫০ টাকা ভাতা পেয়ে থাকেন। যেখানে একজন বেকার যুবককে কোন কাজ না করা সত্বেও আমরা ৫০ টাকা করে দিচ্ছি, সেই ক্ষেত্রে কমিউনিটি হেল্‌থ গাইডদের হাসপাতালের সঙ্গে যোগাযোগ প্রতিদিন রাখতে হয়, গ্রামে গ্রামে ঘোরাঘুরি করে খোঁজখবর রাখতে হয়, ওষুধপত্র দিতে হয়। তা সত্বেও এরা ন্যূনতম তাদের যে প্রয়োজন তাদের কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য, সেইটুকু তারা পাচ্ছে না এবং ওষুধপত্র যে তিন মাস অন্তর অন্তর দেবার কথা, সেইগুলোও যথা সময়ে

তাদের কাছে পৌঁচচ্ছে না। আমি এই প্রসঙ্গে আর একটি বিষয় উল্লেখ করতে চাই, সেটা হচ্ছে ইণ্ডিয়ান রেডক্রশ সোসাইটি থেকে মাঝে মাঝে ব্লাড ডোনেশন ক্যাম্প করা হয়। কিন্তু এই ক্যাম্প থেকে যে রক্ত সংগৃহীত হয়, সেই রক্ত সব সময় সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্কে জমা হয় না। মন্ত্রী মহাশয় বিষয়টি অনুসন্ধান করলেই দেখতে পাবেন যে, সেই সংগৃহীত রক্ত থেকে একটা বিশেষ অংশ খোলা বাজারে মোটা দামে বিক্রি করে মুনাফা অর্জন করা হয়। এই ইণ্ডিয়ান রেডক্রশ সোসাইটির সঙ্গে যুক্ত একজন ডাক্তার তিনি বেআইনী ভাবে আয়া ট্রেনিং-এর সার্টিফিকেট বেপরোয়া ভাবে দিয়ে যাচ্ছেন, যে সার্টিফিকেটকে রাজ্য সরকার রেকগনাইজ করেন না। যে ইণ্ডিয়ান রেডক্রশ সোসাইটির একটা সুনাম আছে এবং একটা ঐতিহ্য আছে, সেই ইণ্ডিয়ান রেডক্রশ সোসাইটির নামে এইভাবে কলিমালিপ্ত করে যাচ্ছে। এইভাবে একটা চক্রান্ত চলছে। সেটা যাতে বন্ধ করা যায়, তার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে স্বাস্থ্য দপ্তরের যে ব্যয়বরাদ্দ এখানে উত্থাপিত হয়েছে, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকারঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আজকে যে বাজেট বরাদ্দ রেখেছেন, আমি জানি যে এই সম্পর্কে আজকে পশ্চিমবাংলার হাসপাতালগুলোর যে করুণ চিত্র, বিতর্কের কোন অবকাশ নেই। আমরা বিরোধী পক্ষের সদস্যরা কেন, সরকার পক্ষের বন্ধুরাও এই সম্পর্কে বিভিন্ন সময়ে হাসপাতালের করুণ অবস্থার কথা বলেছেন। আমি গ্রামের হাসপাতালের কথা ছেড়ে দিলাম, কলকাতার হাসপাতাল, যেগুলো চোখের সামনে রয়েছে, সেইগুলোর যে করুণ চিত্র, সেই হাসপাতালের যে অস্বাস্থ্যকর পরিবেশ, যে স্তূপিকৃত নোংরা, যে দুর্গন্ধময় পরিবেশ, জীবনদায়ী ওষুধ পাওয়া যায় না, ই. সি. জি., এক্স-রে মেশিন—এই সমস্ত অচল হয়ে পড়ে রয়েছে, রোগীদের স্বল্প পরিমাণ খাদ্য, নিম্নমানের খাদ্য, ওষুধ পাচার হয়ে যায় এবং সেখানে সমাজ-বিরোধীদের দৌরাত্ম্য, এই সমস্ত ব্যাপার সকলেই জানেন, এই বিষয়ে বিতর্কের অবকাশ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই রকম একটা অবস্থার অবসান কল্পে পশ্চিমবাংলার জুনিয়ার ডাক্তাররা এই দাবী রাজ্য সরকারের কাছে রেখে-ছিলেন যে, একটা জনস্বাস্থ্যের ব্যবস্থা হোক। এই দাবীতে—তাঁরা নিছক তাঁদের বেতন-ভাতার দাবী নিয়ে আন্দোলন করেন নি, আমি সেই জন্য এই জুনিয়ার ডাক্তারদের যে বিগত আন্দোলন, পশ্চিমবাংলার আপামর সাধারণ মানুষের

সঙ্গে শ্রদ্ধাবনতঃ চিত্তে তাঁদের এই আন্দোলনের প্রতি অভিনন্দন জানাই। অভিনন্দন জানাই এই কারণে, বিশেষ করে বর্তমান একটা পরিস্থিতি, যেখানে জনস্বাস্থ্য নিয়ে গণ-আন্দোলন গড়ে তোলার দৃষ্টান্ত খুবই বিরল, সেখানে জুনিয়ার ডাক্তাররা জনস্বাস্থ্যের দাবীতে তাঁদের রক্তক্ষয়ী সংগ্রাম পরিচালনা করেছেন, এটা হাইলি এথিক্যাল, মোর‍্যাল। সেই জন্য আমি তাঁদের অভিনন্দন জানাচ্ছি। কর্ম-বিরতি আন্দোলনের সময় তাঁরা রোগীদের দিকে দৃষ্টি রেখে বিকল্প আউট ডোর করেছেন, তাঁরা এমার্জেন্সি করেছেন। এও একটা এথিক্যাল স্ট্যাণ্ডার্ড। আমরা দেখেছি যে, অন্যান্য আন্দোলনকে যেমন পর্যুদস্ত করার জন্য রাজ্য সরকার যে ব্যবস্থা গ্রহণ করেন, এই ব্যাপারেও দেখেছি এই আন্দোলনকে পর্যুদস্ত করার জন্য রাজ্য সরকার ১০০ টাকা ভাতা ঘুষ দিয়ে, ভাতা বৃদ্ধি করে এই আন্দোলনকে বন্ধ করবার চেষ্টা করেছিলেন। কিন্তু জুনিয়ার ডাক্তাররা তা সত্বেও জনসাধারণের সেই দাবী থেকে সরে আসেনি। তাঁরা সেই রক্তক্ষয়ী সংগ্রাম পরিচালনা করেছেন।

[2.50—3.00 P.M.]

ফলে এই আন্দোলন অভিনন্দনযোগ্য। অথচ জুনিয়র ডাক্তারদের এই গণতান্ত্রিক আন্দোলনকে ভাঙ্গবার জন্য পাশবিক অত্যাচার চালিয়ে বামফ্রন্ট সরকার এক উজ্জ্বলতম নজির সৃষ্টি করলেন। গণতান্ত্রিক আন্দোলনে এটা একটা কলঙ্কজনক নজির হয়ে রইল। আমরা দেখেছি পুলিশ, ঠ্যাঙাড়ে বাহিনী নিয়ে কিভাবে এই আন্দোলনকে দমন করেছেন। আমরা দেখেছি এই গণতান্ত্রিক আন্দোলন সম্পর্কে কিভাবে কুৎসা, অপপ্রচার দিনের পর দিন গণশক্তিতে করা হয়েছে। সেখানে লেখা হয়েছে ডাক্তাররা নাকি শিশুর নাক থেকে অক্সিজেন নল বের করে নিয়ে শিশুকে হত্যা করেছে। এই সব ঘটনা আমাদের স্মরণ করিয়ে দেয় হিটলারের নাৎসী বাহিনীর কথা। এই নাৎসী বাহিনী রাইখস্টাগে আগুন লাগিয়ে দিয়ে কম্যুনিষ্টরা এই কাজ করেছে বলে কম্যুনিষ্টদের বিরুদ্ধে যেমন ষড়যন্ত্র করেছিল, তেমনি ডাক্তারদের এই গণতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে কুৎসা অপপ্রচার সেই জিনিসের কথাই আমাদের স্মরণ করিয়ে দিচ্ছে। এই আন্দোলন সম্পর্কে দায়িত্বশীল মন্ত্রীর দৃষ্টিভঙ্গী কি ছিল সেটা আমরা দেখেছি। এই দায়িত্বশীল মন্ত্রী উক্তি করেছেন 'প্রয়োজনে বেয়নেটের মুখে এই আন্দোলনের মোকাবিলা করতে হবে।' আমরা শুনেছি তিনি বলেছেন, এখানে যে চিকিৎসার ব্যবস্থা আছে তা নাকি যথেষ্ট এবং

এখানে নাকি ইউরোপ, ভিয়েনার মত চিকিৎসার ব্যবস্থা আছে। আশ্চর্যের কথা হল এই, মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির নেতৃস্থানীয় মন্ত্রীর মুখ থেকে জনসাধারণের স্বাস্থ্য, চিকিৎসা সম্বন্ধে এত অবজ্ঞা, অবহেলার উক্তি প্রকাশ পেয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় স্বাস্থ্যের উন্নতির জন্য তাঁরা কোন প্রচেষ্টা নিচ্ছেন না। আমরা দেখতে পাচ্ছি সর্বত্রই দুর্নীতি প্রশ্রয় দিয়ে চলেছেন, দলবাজী প্রশ্রয় দিয়ে চলেছেন। আমরা জানতাম এই সব দুর্নীতি, দলবাজী, নেপটিজমে কংগ্রেসী মন্ত্রীরা সিদ্ধহস্ত ছিলেন। কিন্তু বামফ্রন্ট সরকারের পক্ষ থেকেও যে এই জিনিস চলে এটা আমাদের ধারণা ছিল না। আমি এই বিষয়ে একটি দৃষ্টান্ত এখানে তুলে ধরছি। আপনি জানেন পশ্চিমবাংলায় ৭৫০ জন ছাত্র এম. বি. বি. এস.-এ ভর্তি হতে পারে। এই ছাত্র ভর্তির ব্যাপারে সি. এস. সি. সেণ্ট্রাল সিলেকশান কমিটি ১৯৭২ সাল থেকে আছে এবং মেরিটের ভিত্তিতে এই ৭৫০ জন ছাত্রের নাম তালিকাভুক্ত হয়। মেরিটের ভিত্তিতে এ্যাডমিশন হয়। যাদের নাম টপে থাকে তারা বেষ্ট কলেজ—ক্যালকাটা মেডিকেল কলেজে স্থান পায়। আর একেবারে নিচের দিকে যাদের নাম থাকে তারা নর্থ বেঙ্গল মেডিকেল কলেজে স্থান পায়। অর্থাৎ সর্বনিম্নে যাদের নাম থাকে তারা নর্থ বেঙ্গল কলেজে স্থান পায়। কিন্তু আমরা দেখলাম সঞ্জয় দত্ত নামে একজন ছাত্রকে এ্যাসিষ্ট্যাণ্ট সেক্রেটারি, মেডিকেল ডিপার্টমেণ্ট থেকে অর্ডার দিয়ে ট্রান্সফার করা হল নর্থ বেঙ্গল কলেজ থেকে এবং গত ৬ই জানুয়ারী সে ক্যালকাটা মেডিকেল কলেজের অন্তর্ভুক্ত হল। এই ভাগ্যবান সঞ্জয় দত্ত কে জানেন? তিনি আমাদের জনৈক সি. পি. এম. দলভুক্ত এম. পি.'র পুত্র। নাম করা যায় না, নাম করতে চাইও না। তিনি আমাদের নো লেস দ্যান দি চীফ মিনিষ্টার অব দি ষ্টেট, তাঁর নিকটআত্মীয়, তাঁর ছেলে। তিনি নোট দিয়ে দিলেন, সঞ্জয় দত্ত সুড বি টেকেন ইন দি ক্যালকাটা মেডিকেল কলেজ এবং এই নোটের ভিত্তিতে এ্যাসিষ্ট্যাণ্ট সেক্রেটারি সি. এস. সি., সেণ্ট্রাল সিলেকশান কমিটির সমস্ত নিয়মকানুন লঙ্ঘন করে ক্যালকাটা মেডিকেল কলেজে ট্রান্সফার অর্ডার দিয়ে দিলেন। এই জিনিস অবাধে চলেছে। এটা কি নেপটিজম নয়? চীফ মিনিষ্টার স্বয়ং এই জিনিস করলেন এবং সি. এস. সি'র মেম্বাররা পরবর্তী পর্যায়ে যখন তাঁরা এটা জানলেন তখন ইউন্যানিমাসলি প্রোটেষ্ট করেছেন। কোন কিছু করবার নেই, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী অম্বরীশবাবুর কিছু বলার নেই। কারণ চীফ মিনিষ্টার ইনভলভ—এই ভাবে নেপটিজম চলছে। ক্যালকাটা মেডিকেল কলেজে দলবাজী করে ২৬ জনকে এ্যাপয়েন্টমেণ্ট দেওয়া হয়েছে, যেখানে ৩৬০০ জনের এ্যাপ্লিকেশন ঝুলছে। পাবলিক সার্ভিস কমিশন রয়েছে, অথচ ক্যালকাটা মেডিকেল

কলেজে ২৬ জনকে এ্যাড-হক এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে, যারা এস. এফ. আই. দলভুক্ত। নাম চাইলে আমি নামও বলে দিতে পারি যে, গত অক্টোবরে যাদের এ্যাড-হক এ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন অন্যায় ভাবে, নিয়মনীতি বহির্ভূত ভাবে। মুভমেন্ট-এর মোকাবিলা করার জন্য এ্যাড-হক এ্যাপয়েন্টমেন্ট দিয়ে দিলেন। পাবলিক সার্ভিস কমিশনের কাছে সুপারিশ যাচ্ছে যে, ঐ ২৬ জনকে এই কলেজে রাখার জন্য। তাহলে এই পাবলিক সার্ভিস কমিশন রাখার মানেটা কি? আজকে এই জিনিস অবাধে চলেছে। আপনারা গণ-আন্দোলনের কথা বলেন। আপনারা কেন্দ্রীয় সরকারের হাসপাতাল বিলের বিরোধিতা করেছেন, অথচ আমরা দেখতে পাচ্ছি বিগত জানুয়ারী মাসে স্বাস্থ্যমন্ত্রী সেক্রেটারি মারফৎ সারকুলার দিয়েছেন বিভিন্ন হাসপাতাল সুপারিনটেনডেন্টের কাছে যে, হাসপাতালগুলিতে কোন বিক্ষোভ দেখান চলবে না, বিক্ষোভ দেখালেই এ্যারেষ্ট করা হবে। এই সমস্ত সারকুলার দেওয়া হয়েছে, অথচ আপনারাই আবার হাসপাতাল বিলের বিরোধিতা করেছেন।

অর্থাৎ ডাক্তারদের যে ন্যায়সঙ্গত এবং নায্য দাবী সেই দাবী তাঁরা রাখতে পারবেন না, তাঁরা আন্দোলন করতে পারবেন না। গণ-আন্দোলনকে এইভাবে আপনারা বিপর্যস্ত করার চেষ্টা করছেন। তারপর প্রিভেনসানের কথা বলা হয়েছে। আমরা জানি, "Prevention is better than cure. প্রিভেনসানের ব্যবস্থা হলে শতকরা ৮০ ভাগ রোগ নিরাময় হতে পারে। কিন্তু প্রিভেনসানের কি ব্যবস্থা হয়েছে? হাসপাতালে মিনিমাম যে ব্যবস্থার দরকার—ক্লিনলিনেস তার কি অবস্থা? কলকাতার হাসপাতালগুলিরই বা কি অবস্থা? এখানে তো কেন্দ্রের কোন ব্যাপার নেই। তাহলে হাসপাতালগুলির পরিচ্ছন্নতার ব্যাপারে এরকম দুরবস্থা কেন? হাসপাতালগুলিতে যে-রকম অস্বাস্থ্যকর পরিবেশ তাতে সুস্থ মানুষ সেখানে গেলে অসুস্থ হয়ে ফিরে আসে। আপনি রেকর্ড নিয়ে দেখুন যে-সমস্ত রোগী হাসপাতালে যাচ্ছে তারা অধিকাংশই ম্যালেরিয়া রোগ নিয়ে ফিরে আসছে। আপনারা ম্যালেরিয়া ইর্যাডিকেট করবেন বলছেন, অথচ আমরা দেখছি হাসপাতালে যে-সমস্ত রোগী যাচ্ছে তারা অধিকাংশই হয় ম্যালেরিয়া না হয় অন্য রোগ নিয়ে ফিরে আসছে। তারপর দুর্নীতির কথা। মুখ্যমন্ত্রীর কোটা বলে একটা কোটা আছে এবং তাতে ১০ জন ছাত্র সেই মুখ্যমন্ত্রীর কোটায় ভর্তি হতে পারেন। আপনারাও সেই অতীতের নিয়মই রেখে দিয়েছেন। মুখ্যমন্ত্রীর সেই কোটা কিভাবে ইউটিলাইজ হয় তা আমরা জানতে পারি না। স্যার, এই হচ্ছে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তরের অবস্থা। এই স্বাস্থ্য দপ্তরে যে অব্যবস্থা চলছে এঁরা তার প্রতিকারের কোন চেষ্টা না করে সেখানে শুধু দলবাজী করে চলেছেন। তারপর

ঔষধ, পথ্য ইত্যাদি নিয়ে অনেক কথা বলা হয়েছে। স্যার, জনস্বাস্থ্য খাতে যে বরাদ্দ তার মধ্যে এই ঔষধ, পথ্য এবং অন্যান্য পরীক্ষা-নিরীক্ষার ব্যাপারে যে খরচ ধরা হয় সেটা তার ১৭ পারসেন্টের বেশী নয়। এতে কি হবে? ৪/৪।। টাকায় কি খাদ্য পাওয়া যাবে? কাজেই আসল জায়গায় আপনারা হাত দিচ্ছেন না। সি. এইচ. ভি.'র নাম করে জনসাধারণের পয়সায় কিছু দলীয় ক্যাডারদের নিযুক্ত করছেন, কিন্তু আসলে এই জনস্বাস্থ্য বিভাগের উন্নতির জন্য কিছুই করছেন না। স্যার, এই সব কারণে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

•

শ্রীনীরোদ রায়চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রী শ্রীরামনারায়ণ গোস্বামী মহাশয় যে বাজেট পেশ করেছেন তা সমর্থন করে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, যখন আমরা এই বিধানসভা কক্ষে এই স্বাস্থ্য বাজেট নিয়ে আলোচনা করছি এবং একে সমর্থন করছি তখন সারা বিশ্বে আন্দোলন উঠেছে যে, দু'হাজার সালের মধ্যে স্বাস্থ্যকে সার্বজনীন করতে হবে। তাই আমরা দেখছি সারা পশ্চিমবাংলায় তার ঢেউ লেগেছে। ষ্টুডেন্টস হেল্‌থ হোমের নেতৃত্বে কলকাতায় শিল্পী, সাহিত্যিক, বিজ্ঞানী, ডাক্তার, মন্ত্রী—এমন কি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী পর্যন্ত হাতে প্ল্যাকার্ড নিয়ে মিছিল করেছেন এই দাবী নিয়ে যে, স্বাস্থ্যকে সার্বজনীন করতে হবে। পশ্চিমবঙ্গে স্বাস্থ্যকে প্রতিষ্ঠিত করতে হবে—এই শ্লোগান দিয়ে সবাই আন্দোলন করছেন, সংগ্রাম করছেন। স্যার, আমি ডাক্তার নই, স্বাস্থ্যকর্মীও নই, একজন সাধারণ মানুষ হিসাবে এবং একজন রোগী হিসাবে বিভিন্ন হাসপাতালগুলিতে যা দেখেছি সেটাই আমি আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, একথা ঠিক যে, যত হাসপাতাল, নার্স, ডাক্তার ও ঔষধের কথা বলা হয়েছে তার থেকে অনেক বেশী করতে পারলে মাননীয় মন্ত্রী মহাশয়রাও যেমন খুশী হতেন, আমরাও তেমনি সকলে খুশী হতাম, কিন্তু সেক্ষেত্রে আমাদের সাধ থাকলেও সাধ্য নেই। আমাদের ইচ্ছা আছে, কিন্তু উপায় নেই। এর কারণ কি? স্যার, কেন্দ্রে যে সরকার আছে সেই সরকার একচেটিয়া পুঁজিপতি, জোতদার, জমিদারদের তোষণকারী সরকার।

[3.00—3.40 P. M. including adjournment]

সেই সরকার বড়লোককে আরো বড়লোক করে, আর গরীবকে আরো গরীব

করে। তাই আমরা দেখছি যে পশ্চিমবাংলার ৭৫ ভাগ মানুষ দারিদ্র্যসীমার নীচে বাস করছে। যেমন ইচ্ছা করলেই কুল গাছে ডাব ফলানো যাবে না, তেমনী মন্ত্রী মহাশয়ের যত ইচ্ছা থাকুক না কেন অর্থের অভাবই এখানে প্রধান অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। তাছাড়া ১৯৭৬ সাল পর্যন্ত যে সরকার এখানে প্রতিষ্ঠিত ছিল, তারা দেশের সর্বনাশ করে গেছে। তাদের যা করণীয় ছিল সেটা তাঁরা করেন নি। তার ফলে আজকে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। আমি একটা ছোট্ট পরিসংখ্যান দেব। সেই পরিসংখ্যান দেখে আপনারা বুঝতে পারবেন যে, ৭ বছরের এই সরকার, আর ওদের ২৯ বছরের সরকারের মধ্যে তফাৎ কোথায় এবং কতটা। নাম্বার অব হসপিটাল আপ টু ১৯৭৬ এবং ১৯৭৭ থেকে ১৯৮৩ সালের একটা হিসাব দেব। ১৯৪৭ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত আর্বান হসপিটাল হয়েছে ৩৪০টি। সেখানে আমাদের এই ৭ বছরে আর্বান হসপিটাল হয়েছে ৩৮১টি। এটা কি বৃদ্ধি নয়? ১৯৭৬ সাল পর্যন্ত রুরাল হসপিটাল ছিল মাত্র ২টি। আমরা ১৯৮৩ সাল পর্যন্ত করেছি ১৯টি পি এইচ. সি—ওদের সময়ে ছিল ২৮১টি। আর আমরা ৭ বছরে করেছি ৩০৯টি। এটা কি বৃদ্ধি নয়? টেনটেটিভ হসপিটাল ওদের সময়ে ছিল ৫৪টি। আমাদের সময়ে এর অনেকগুলি পি. এইচ সি-কে আপগ্রেডেড করে দেওয়া হয়েছে এবং ফলে সংখ্যাটা কমে গেছে। এস. এইচ. সি.—ওদের সময়ে ছিল ৭:৮টি। আমরা ৭ বছরে করেছি ৮০৮টি। এস. সি. (সাব-সেণ্টার) ওদের সময়ে ছিল ১০০৫টি। আর আমরা করেছি ৪৫২৯টি। এটা কি বৃদ্ধি নয়? হেলথ বাজেটে আপ টু ১৯৭৬ পর্যন্ত ওঁরা খরচ করেছেন পার ক্যাপিটা ১৫.৯০ পয়সা। আর আমরা খরচ করেছি ৩৭.৮৬ পয়সা। কাজেই পারসেণ্টেজের দিক থেকে দেখা যাচ্ছে যে, ওঁদের সময়ে হয়েছিল ৩.৬৬ পারসেণ্ট, আর আমাদের সময়ে হয়েছে ৪.৩১ পারসেণ্ট। ফুড ফর জেনারেল পেসেণ্ট—ওঁরা খরচ করেছেন ২.৫০ পয়সা, আর আমরা সেখানে ৪ টাকা করেছি। ফুড ফর টি. বি. পেসেণ্ট - ওঁরা খরচ করেছেন ৩ টাকা, আর আমরা করেছি ৪.৫০ পয়সা। ১৯৭৬-৭৭ সালে ডাক্তার ছিল ৬,১০০, আর ১৯৮৩-৮৪ সাল পর্যন্ত আমরা করেছি ৮ হাজার। ডাক্তারের সংখ্যার উন্নতি হয়েছে। ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত ওঁদের সময়ে নার্স ছিল ১১,৫৬৩ জন, আমরা সেটা বাড়িয়ে করেছি ১৮,৪৩২ জন। ১৯৮২ সালে পি. এস. সি. লিষ্ট ভিত্তিতে ২২৩১ জন ডাক্তারকে নিয়োগপত্র দেওয়া হয়, কিন্তু কাজে যোগদান করেন মাত্র ৬৮০ জন। এই যদি অবস্থা হয় তাহলে কি করে ডাক্তার বাড়ান যাবে? ইচ্ছা করলেও কোন উপায় নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আরো দু' / একটি কথা বলতে

চাই। ১৯৮৩ সালের ১৮ই আগষ্ট সারা পশ্চিমবাংলার সাধারণ মানুষের কাছে একটা স্মরণীয় দিন। এই দিনের কথা আপনার মাধ্যমে না বললে এই বাজেট বক্তৃতা অসম্পূর্ণ থেকে যাবে। মাননীয় মন্ত্রী মহাশয় বিগত বাজেট বক্তৃতায় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, "সুন্দরবনের বুভুক্ষু মানুষ, নিরন্ন মানুষ, যাদের দিকে তাকাবার কেউ নেই, তাদের সুচিকিৎসার ব্যবস্থা করবো।"

১৯৮৩ সালের ১৮ই আগষ্ট থেকে এক্স-রে, ই. সি. জি ইত্যাদি আধুনিক যন্ত্রপাতি-সহ ডাক্তার, নার্স এবং স্বাস্থ্যকর্মীরা দুটি ভাসমান লঞ্চ নিয়ে বিস্তীর্ণ সুন্দরবন এলাকার দরিদ্র জনসাধারণের চিকিৎসার ব্যবস্থা চালিয়ে যাচ্ছে। শত শত মানুষ প্রতিদিন এই চিকিৎসার আওতায় এসে উপকৃত হচ্ছে। আজকে বিরোধী সদস্যরা বড় বড় কথা বলছেন। ওঁদের সময়ে মানুষ ডাক্তারের পিছনে দৌড়াত, আজকে ডাক্তাররা ঐ এলাকায় চিকিৎসার সুযোগ-সুবিধা নিয়ে মানুষের কাছে দৌড়ে যাচ্ছেন।

মাননীয় সদস্য অজিত পাঁজা এখানে বলে গেলেন, বামফ্রন্ট সরকার রাজ্যে চিকিৎসার কোন প্রসার ঘটাতে পারছে না, সবদিক দিয়েই নাকি সর্বনাশ হয়ে যাচ্ছে। মাননীয় সদস্য এই বিভাগের যখন মন্ত্রী ছিলেন তখন তিনি কি সর্বনাশ করে গেছেন, তা আমি একটা মাত্র উদাহরণ দিয়ে এখানে উল্লেখ করে আমার বক্তব্য শেষ করছি। উনি ১৯৭২ সালে গোটা পশ্চিমবাংলার ৩০০ নতুন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র করার নাম করে এক একটির জন্য ৩০,০০০ টাকা করে ধার্য করেছিলেন। কিন্তু তার একটিও আজ পর্যন্ত বাস্তব রূপ লাভ করেনি। সে উপলক্ষে যে ঘরগুলি করেছিলেন সে ঘরগুলিতে চোর-ডাকাতরা বাস করছে, সেখানে মানুষ চিকিৎসার জন্য যায় না। সে সময়ে স্বাস্থ্যমন্ত্রী অজিত পাঁজা প্রতিটি কেন্দ্রে একজন করে ডাক্তার, একজন নার্স এবং কিছু কিছু ওষুধপত্র দেবার কথা ঘোষণা করেছিলেন। বাস্তবে তিনি কিছুই করেন নি, কিন্তু সমস্ত টাকা ঠিকই ব্যয় হয়ে গিয়েছিল। কার স্বার্থে সেই টাকা তিনি খরচ করেছিলেন, সে কথার কি তিনি আজকে জবাব দেবেন? অজিত পাঁজা মহাশয় এইভাবে পশ্চিমবঙ্গের সর্বনাশ করে গেছেন। তাঁর সর্বনাশ করার শেষ নেই। আমার কাছে অনেক পরিসংখ্যান ছিল, আমার সময় থাকলে আমি সবগুলি এখানে উল্লেখ করে দেখাতে পারতাম যে, তিনি কিভাবে গোটা পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তরের সর্বনাশ করে গেছেন। আজকে তিনি বড় বড় কথা বলছেন যে, বামফ্রন্ট সরকার কিছু করে নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের সমস্ত বক্তব্যের বিরোধিতা করে

আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের ব্যয়বরাদ্দকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

(এই সময় সভার কাজ ৩-৪০ মিনিট পর্যন্ত মুলতুবী ঘোষিত হয়।)

[3.40—3.50 P.M.]

(After adjournment)

শ্রীসত্যরঞ্জন বাপুলী : অন এ পয়েন্ট অফ ইনফরমেশান, আমি আপনার কাছে একটি বিষয় রাখতে চাইছি, আপনি অনুগ্রহ করে সংবাদ নিয়ে যে-সমস্ত পুলিশ অফিসাররা এই সমস্ত কাণ্ডগুলি করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য মুখ্যমন্ত্রী মহাশয়কে বলুন। ব্যাপারটি হচ্ছে, জয়কিশোর ঘোষ সি. এ. টু চীফ মিনিষ্টার, জোকাতে একটা পিকনিক পার্টি এ্যারেঞ্জ করেছিল এবং তার খরচা বহন করেছে ও. সি. বিষ্ণুপুর, ও. সি. বেহালা। আমার কাছে তার কপি রয়েছে। আমি সেখান থেকে পড়ে দিচ্ছি : Additional S. P. (D. I. B.) to O. C. Bishnupur—T. M. 214 reads, "C. M., West Bengal will leave Calcutta at 12-30 on 11. 3. 1984 to attend a Picnic party, Joka" তারপর আর একটি টেলিফোন গেল, By this time, the C. M. was informed by a high officer of D. I. B. যে, ঐ জায়গাটা মদ-মাতালের খুব আড্ডা হয়েছে, ওখানে যাওয়া সেফ নয়। সেইজন্য তার পরের টেলিফোন ম্যাসেজ যাচ্ছে "Cancel the programme of chief minister—10-30 P. M." ঐদিন কলকাতার অভিজাত রেস্তোরাঁ থেকে খাবার নিয়ে যাওয়া হয়েছে এবং তার জন্য খরচ হয়েছে ৭ হাজার টাকা। ঐ পুলিশ অফিসাররা এই ব্যবস্থা করেছেন এবং এতে অশোক বোস, পি. এস. গিয়েছিল এবং * * * * পি. এস. টু চীফ মিনিষ্টার গিয়েছিল। পুলিশ অফিসাররা খরচ বহন করেছিল এবং ওরা সবাই মিলে পিকনিক পার্টি এ্যারেঞ্জ করেছিল—এটাই আমাদের কাছে তথ্য এসেছে। আপনি সংবাদ নিন, টেলিফোন নাম্বারগুলি আছে। এটা খুবই দুঃখের কথা, পুলিশ অফিসাররা পিকনিক পার্টি এ্যারেঞ্জ করবে এবং তাতে চীফ্ মিনিষ্টার যাবেন—অবশ্য চীফ্ মিনিষ্টার যান নি, কারণ ডি. আই. বি. থেকে রিপোর্ট গেল জায়গাটা নিরাপদ নয়। আপনি সংবাদ নিন।......

Note : * Expunged as ordered by the Chair.

মিঃ স্পীকার ঃ আপনি বসুন। জয়কিশোর ঘোষের নামটা বাদ যাবে।

ডাঃ সুকুমার রায় ঃ মিঃ স্পীকার স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করতে উঠেছি এবং আমাদের তরফ থেকে যে কাট মোশনগুলি দেওয়া হয়েছে সেগুলিকে সমর্থন করতে উঠেছি। আমি এই মেডিকেল লাইনে জড়িত আছি বলে প্রথমেই মাননীয় মন্ত্রীদ্বয়ের কাছে কতকগুলি বেসিক প্রশ্ন রাখব। আমার মনে হয় যে, ওঁরা ঠিক ঠিক ভাবে তার সদুত্তর দেবেন। কথা হচ্ছে যে আমরা এখন পর্যন্ত বুঝতে পারছি না যে, আমাদের স্বাস্থ্য দপ্তর বা পশ্চিমবঙ্গের স্বাস্থ্য নীতিটা কি? জানি আপনারা বলবেন ইউনিয়ন হেল্‌থ পলিশিই নেই, তা আমাদের কাছে এসপেক্ট করছ কেন? একটা দপ্তর চালাতে গেলে একটা নীতি নিশ্চয়ই আছে। এডইনটারিম কোন নীতি আছে, সেখানে নীতিগুলি মাননীয় সদস্যদের কাছে জানানো উচিত। এর থেকে, এর পরিপ্রেক্ষিতে কার্যগুলি বুঝতে পারি। এর আগে স্যার, আমাদের মাননীয় সদস্য নীরোদবাবু একটা কথা বললেন, সাধ আছে, সাধ্য নেই, ইচ্ছা আছে উপায় নেই। স্বভাবতঃই আমরা মনে করতে পারি যে, আর্থিক সংগতির কথা, সেইদিক থেকে উনি বলছেন। কিন্তু যেখানে অর্থের দরকার নেই সেইসব জায়গায় ওঁরা কি নীতি নিচ্ছেন আমরা এখন বুঝতে পারছি না। ধরুন আমি প্রথমেই বলি নন-প্র্যাকটিসিং টিচিং ক্যাডারের কথা, এই কলকাতার মেডিকেল কলেজগুলো সম্বন্ধে তাঁরা কি ধরনের ভাবনা-চিন্তা করছেন? প্রথমেই তাঁরা এই কথাটা বলেছিলেন যে, প্র্যাকটিসিং তুলে দেবেন। এই তুলে দেওয়ার জন্য সাধারণ মানুষ একটু আশা করেছিল যে, এবার অন্ততঃ তারা বৈপ্লবিক অর্ডারটিকে বজায় রাখতে যাঁরা শিক্ষক এবং চিকিৎসক তাঁরা যাতে শিক্ষা এবং চিকিৎসার কাজেই ব্যাপৃত থাকেন তার প্রয়োজনের জন্য অর্ডার পাশ করেছিলেন। কিন্তু এর মধ্যে মানুষের মনে একটা ধারণা জন্মেছে যে, অন্ততঃ ঐসব লাখ লাখ টাকার মনসবদাররা এই সরকারী দপ্তর কি করে চালান এটা অন্ততঃ জানতে পারতাম। মাননীয় মন্ত্রী অম্বরীশবাবু যখন জুনিয়ার ডাক্তারদের ষ্ট্রাইকের সময় কটাক্ষ করেছিলেন, তিনি বলেছিলেন যাঁরা ১০/১২ হাজার টাকা রোজগার করেন এই রকম সব লোক ঐ ডাক্তারদের ষ্ট্রাইকে ইন্ধন যোগাচ্ছে—এইগুলি আমরা কাগজে দেখেছিলাম। কিন্তু স্যার, কি হচ্ছে? এটার পরেও সেইসব ডাক্তাররা লুটিয়ে প্র্যাকটিস করছে এবং তাদের মিনিমাম শিক্ষা দিয়ে তাঁরা নার্সিং হোমে প্র্যাকটিস করছেন। এইগুলি বন্ধ করতে তো টাকার দরকার লাগে না। মেডিকেল

ডিপার্টমেন্টে যাঁরা আছেন তাঁদের দৃঢ় মনোভাব যদি থাকে—এর আগে যিনি মন্ত্রী ছিলেন তিনি অন্ততঃ একটা কাজ করেছিলেন। জনমানসে তিনি বলেছিলেন সমস্ত প্রাকটিসিং ডক্টরকে থামিয়ে দেব। আজকে দু'জন আছেন, মুখ্যমন্ত্রী সেটাতে সায় দিয়েছিলেন। কিন্তু আমরা এখন দেখছি যে, ডাক্তাররা এখন প্র্যাকটিস করে চলেছেন। তাদের জন্য আমাদের এই সরকার প্রথমেই যে জনগণের জন্য পরিকল্পনা করেছিলেন, যে বিপ্লবের বুলি আওড়েছিলেন সেই বিপ্লবের বুলি আর ওঁদের কাছে নেই। এখন আমাদের মন্তব্য হচ্ছে আমরা যখন এই ডাক্তারদের কথা বলতে যাই সেই ডাক্তার ওঁদের এত ভয় কেন? কিসের জন্য এত ভয়, তাঁরা তো অনেক টাকা রোজগার করেন ননটিচিং স্টাফ যাঁরা আছেন, টিচিং ক্যাডারদের পক্ষে গভর্নমেন্টের অর্ডার বেরিয়ে যাবার পর তাঁরা বলবেন তাঁদের জন্য কোর্ট কেস হয়েছে। কিন্তু কোর্ট কেস হয়েছে, কেস ওঠবার পর তাঁদের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হচ্ছে সেগুলি আমাদের জানা দরকার। আমি আবার বলছি সরকার কি এই প্র্যাকটিসিং ডক্টরদের ভয় পাচ্ছেন? ভয় পাওয়ার কোন কথা নয়, আমরা দেখছি যে যেখানে অবস্থা দাঁড়িয়েছে যে মেডিকেল কলেজ, বাইরের মেডিকেল কলেজে, মফস্বলের মেডিকেল কলেজে যে-সব ছেলেরা পড়ে, তাদের জয়েন্ট এণ্ট্রান্স পরীক্ষা দিতে হয়েছে, জয়েন্ট এণ্ট্রান্সের রেজাল্ট ভাল করেছে কি খারাপ করেছে তা বলছি না। মুখ্যমন্ত্রীর সুপারিশে কেউ কেউ ভর্তি হয়েছে, তার জন্যও আমার আপত্তি নেই। কিন্তু তাদের শিক্ষাটা দেবে কে? বাঁকুড়া মেডিকেল কলেজের যিনি সার্জারির হেড অফ দি ডিপার্টমেন্ট, কার্যভার গ্রহণ করেছেন। কার্যভার গ্রহণ করার পর কলকাতাতে এসে প্র্যাকটিস করছেন। তিনি সেখানে মাত্র একদিন যখন ইন্সপেকশন হয় তখন গিয়েছিলেম, তারপর আর যান নি।

[3.50—4.00 P.M.]

আমার এই কথার সত্যতা যাচাই করতে পারেন, কারণ মাননীয় মন্ত্রীর নিজস্ব লোক ঐ কলেজে পড়ান। তারপর ই. এন. টি. ডিপার্টমেন্টের হেড অফ দি ডিপার্টমেন্ট হিসাবে যিনি জয়েন করেছেন, একদিনও যাননি এবং সার্জারীতে একদিনও পড়ান নি। এর ফলে ছাত্ররাই বঞ্চিত হচ্ছে। নর্থ বেঙ্গলের কথা বলছি না। নর্থ বেঙ্গলের অবস্থা আরো খারাপ। নর্থ বেঙ্গল মেডিকেল কলেজে অনেকে পড়তেও চাচ্ছে না। আজকে সব ছেলেরা যদি সেখান থেকে ফিরে আসতে চান তবে তো উপায় নেই! অবশ্য কিছু প্রতিভাশালী ব্যক্তির ছেলেরা মেডিকেল

কলেজে ট্রান্সফার হয়েছেন, আমি নাম করতে চাই না। গত বছর ঐ কলেজে ফিরে এসেছেন। এরপর ট্রান্সফার পলিসি নিয়ে বলতে চাই। ট্রান্সফার পলিসি আজকে যদি পরিষ্কারভাবে এখানে না বলা হয় তাহলে কিছুই বুঝতে পারছি না। শিক্ষক এবং চিকিৎসক, যাঁদের একটা ভিৎ আছে—তাঁকে ট্রান্সফার করলেই বিপদ। তাঁদের আজকে বাইরে যেতে বললে অর্ডার অর্ডারই থেকে যাচ্ছে, তাঁরা বাইরে যাচ্ছেন না। কেন যাচ্ছেন না? তাঁরা পরবর্তী কালে কি করছেন? প্রথমে লিডারদের ধরছেন; তাতেও যখন হচ্ছে না—তৈল মর্দন করছেন। তাতেও যখন হচ্ছে না—কোর্টে চলে যাচ্ছেন। কিন্তু এক্ষেত্রে ডেফিনিট ট্রান্সফার পলিসি যদি থাকে তাহলে যাঁরা সুপারিশ করবেন তাঁরাও এই ট্রান্সফার পলিসির যাতে ব্যতিক্রম না হয় সেদিকে লক্ষ্য রেখেই সুপারিশ করবেন। আমি বলছিলাম যে, বেসিক এই জিনিসগুলো করতে তো পয়সা-কড়ি লাগে না—এগুলো এ্যাডমিনিষ্ট্রেশনের ব্যাপার। এগুলো অন্ততঃ করা যেতে পারে। আজকে ছাত্রদের জন্য শিক্ষক নেই, মেডিকেল কলেজ-গুলোতে গেলে কিছু লাভ হয় না, কারণ ডাক্তার নেই বলতে গেলে। তারপর দেখতে পাচ্ছি যে, গ্রামাঞ্চলের প্রাইমারী হেল্‌থ সেন্টার, সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টার-গুলোতেও ডাক্তারের অভাব। ডাক্তাররা সেখানে যাচ্ছে না। আজকে সেখানে কুকুর-বেড়াল বাস করছে। আজকের কাগজেই দেখলাম শম্ভুনাথ পণ্ডিত হসপিটালের বেডে বিড়াল শুয়ে আছে। এইভাবে হসপিটালে রোগীর বেডে যদি কুকুর-বিড়াল শুয়ে থাকে সেটা স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর লজ্জার ব্যাপার, মেডিকেল কলেজের সঙ্গে যুক্ত আছি বলে এটা আমাদেরও লজ্জার ব্যাপার। আমরা দেখেছি আমাদের জেলায় ৩৫০ বেডের একটি হাসপাতাল আছে। মুখে সবাই এটা বলি বটে, কিন্তু লাইনের ফাঁকে ৩৪৯টি বেড করা হয়েছে। সেখানে ই. সি. জি. মেশিন থাকতেও ই. সি. জি. করা হচ্ছে না, কলোরিমিটার থাকা সত্ত্বেও ব্লাড সুগার করা হয় না, সীমেন্স কোম্পানীর যে এক্স-রে মেশিন আছে—সেটা দেড় বছর হোল খারাপ হয়ে পড়ে আছে। আর একটা মজার জিনিস হচ্ছে এটা নোটিশ দিয়ে খারাপ হয়। আপনিও দয়া করে নোটিশ দিয়ে আপনার ডিপার্টমেন্টকে ওটা সরাতে বলুন। মাননীয় মন্ত্রী বলছিলেন যে, আরও আর্থিক ক্ষমতা দরকার, পশ্চিমবঙ্গের অধিক ক্ষমতা দরকার। কিন্তু যেগুলো করতে আর্থিক ক্ষমতার প্রয়োজন হয় না সেগুলো কেন হবে না? মাননীয় মন্ত্রী অম্বরীশবাবু কিছুদিন আগে পুরুলিয়ায় আমাকে জানিয়েছেন যে, হসপিটালের বেডের সংখ্যা বাড়ানো হচ্ছে। এজন্য অবশ্যই তাঁকে ধন্যবাদ জানাবো। সঙ্গে সঙ্গে তিনি বিল্ডিং করবার কাজ এগিয়ে দিয়েছেন বলে আমার জেলার তরফ থেকে তাঁকে অভিনন্দন জানাবো।

আমরা যেন দেখতে পাই আপনাদের টার্মের মধ্যে এই বিল্ডিং হয়। স্যার, সি. এইচ. ভি.-তে যে-সব জিনিস চলছে সেটা কোন গণতান্ত্রিক দেশে চলে না। এর ব্যাপারটা কি? সি. এইচ. ভি. যে সিলেক্ট হয় তার মধ্যে একটা আইন আছে যে, কনসারনিং এম. এল. এ.-র সঙ্গে কনসাল্ট করে সি. এম. ও. এইচ.-কে একটা মিটিং করতে হবে। আমার সেটা জানা আছে সেটা আমি পরিষ্কার করে বলছি। বড়োবাজার ব্লকে যে তিনটি অঞ্চল আছে সেটা আমার বিধানসভার কন্সটিটিউন্সির মধ্যে পড়ছে। এখানে ১৬ই সেপ্টেম্বর সি. এইচ. ভি নিয়োগের ব্যাপারে অফিসিয়ালী সি. এম. ও. এইচ.-এর ঘরে একটা মিটিং হয়। এখানে ডিসপিউট আছে বলে এটা চেঞ্জ করা হয়। এম. এল. এ.-কে সেখানে যেতে দেওয়া হলো না। এখানে বলেছেন যে প্রতিটি হাসপাতালে এটা করা আছে। আমি জানি না সেখানে আমি মেম্বার কিনা। সেখানে আমাকে কোন দিন ডাকা হয় নি। সেখানে কিন্তু একজন মেম্বার আছেন। ১৯৮২ সালের নির্বাচনে গ্রামের মানুষ যাকে প্রত্যাখ্যান করেছে। তিনি সেখানকার মেম্বার। লোকাল রিপ্রেজেনটেটিভ সেখানকার মেম্বার, কিন্তু পাবলিক রিপ্রেজেনটেটিভ সেখানকার মেম্বার নয়। এই সমস্ত জিনিস চললেও কি বলতে হবে যে, গণতান্ত্রিক উপায়ে চলছে। পার্টির স্বার্থে সেখানে কাজ করা হচ্ছে। এইভাবে সাধারণ মানুষকে ভুল বোঝানো হচ্ছে। এবার আমি রুরাল ওয়াটার সাপ্লাই সম্বন্ধে বলতে চাই। আমাদের জেলায় পানীয় জলের অবস্থা অত্যন্ত খারাপ। সমস্ত পাইপ লাইন নষ্ট হয়ে গেছে।

(এই সময় স্পীকার আগের মেম্বারের সময় শেষ হয়ে যাবার জন্য পরবর্তী মেম্বরকে বলতে বলেন)

শ্রীননীগোপাল মালাকার: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এই সভায় রেখেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বিরোধী দলের সভ্যরা এই স্বাস্থ্য দপ্তরের বিরোধিতা করে যে বক্তব্য রেখেছেন তাতে আমার মনে হয় তাঁরা কিছু বোঝেন না। দেশ স্বাধীন হয়েছে আজ ৩৭ বছর হলো। এই ৩৭ বছর এক নাগাড়ে কংগ্রেস পার্টি সরকার চালাচ্ছে। কংগ্রেস পার্টি'র নীতির জন্য আজকে ভারতবর্ষের শতকরা ৭০ ভাগ মানুষ নিরক্ষর। লক্ষ লক্ষ যুবক-যুবতী চাকুরী পাচ্ছে না। বেশীর ভাগ মানুষের বাসস্থান নেই, বস্ত্র নেই। এই অবস্থায় স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে তাঁরা যে বক্তব্য রাখলেন তার মানে খুঁজে পাওয়া যায় না। এর থেকে স্বাস্থ্য বিচ্ছিন্ন ব্যাপার

নয়। সমাজে মানুষকে বেঁচে থাকতে গেলে মূল ৪/৫টি জিনিসের দরকার হয়। প্রথম স্বাস্থ্য নয়। প্রথম হচ্ছে অন্ন, দ্বিতীয় হচ্ছে বস্ত্র, তৃতীয় হচ্ছে বাসস্থান এবং চতুর্থ হচ্ছে স্বাস্থ্য, পঞ্চম হচ্ছে শিক্ষা। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই অবস্থায় স্বাস্থ্য দপ্তর কি করে ভালো হবে? মানুষ সেখানে ঠিকভাবে খেয়েপরে বাঁচতে পারে না, ন্যূনতম খাদ্য যেটা দরকার সেটা তারা পাচ্ছে না, সেই সময় স্বাস্থ্য সম্বন্ধে তাঁরা যে-সমস্ত কথা বললেন তাতে মনে হচ্ছে পশ্চিমবাংলাই একমাত্র রাজ্য যেখানে এই অবস্থা। সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের বেশীর ভাগ মানুষ খাদ্য, বস্ত্র, শিক্ষা এবং চিকিৎসার সুযোগ পাচ্ছে না। শিশির বোস মহাশয় এবং অজিত পাঁজা মহাশয় অনেক বক্তব্যই এখানে রেখেছেন। কিন্তু.১৯৭৭ সালের আগে পর্যন্ত কি অবস্থায় ছিল সেটা তো কিছু বললেন না? ১৯৭৭ সালের আগে যে অবস্থায় আপনারা রেখে গিয়েছিলেন তার থেকে অবনতি কিছু হয় নি, বরং উন্নতি হয়েছে। স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আপনারা যে একবারও বললেন না শয্যার সংখ্যা বেড়েছে, পানীয় জলের সরবরাহ বেড়েছে। আজকে ভারতবর্ষের শতকরা ৭১ ভাগ মানুষ পরিস্রুত জল পাচ্ছে না। বিশ্ব স্বাস্থ্য সংস্থা সমস্ত পৃথিবীতে পরিস্রুত জল সরবরাহের কথা বলছেন। এখন শতকরা ৩১ ভাগ মানুষ পরিস্রুত জলের সুযোগ পাচ্ছে।" লজ্জা করা উচিৎ আপনাদের যে, ভারতবর্ষে শিক্ষা দূরের কথা, বাসস্থান তো দূরের কথা, বস্ত্র তো দূরের কথা পরিস্রুত জলের ব্যবস্থা এখনও পর্যন্ত করতে পারেন নি।

[4.00—4.10 P. M.]

এখানে টাটা-বিড়লারা যতদিন থাকবে ততদিন ভারতবর্ষ দারিদ্র্যসীমার নীচে থাকবে। আজকে শিক্ষা এবং স্বাস্থ্যতে তখনই দেশ উন্নতি করতে পারবে যখন দেশে ভূমি সংস্কার হবে। আজকে একচেটিয়া পুঁজিবাদী ব্যবস্থা থাকবে আর দেশে চিকিৎসা ব্যবস্থার উন্নতি হবে—এতো হতে পারে না। সুতরাং এখানে পুঁজিবাদী ব্যবস্থা থাকবে এবং টাটা-বিড়লা থাকবে আর তার মধ্যে সমাজতন্ত্র থাকবে তা হবে না। এর ফলে বেশীর ভাগ মানুষের চাকুরী থাকবে না এবং তাদের স্বাস্থ্যও থাকবে না, এটা আশাও করা যায় না। সেইজন্য আজকে কংগ্রেসবন্ধুরা যেসব কথা বলেছেন সেগুলি বলে কোন লাভ নেই। পশ্চিমবঙ্গের জনগণ তার অভিজ্ঞতার মধ্যে দিয়ে জেনেছে বলেই আজকে বিধানসভায় আমরা আসতে পেরেছি এবং বিধানসভাতে আজকে আপনাদের অবস্থার কথা চিন্তা করুন। জনগণ আপনাদের

চায় না। যাইহোক আজকে স্বাস্থ্য সম্বন্ধে যেকথা বলতে চাইছি সেটা হচ্ছে এই ৫ বছরের অনেক শয্যাসংখ্যা বেড়েছে হাসপাতালগুলিতে। তারপরে শিশিরবাবু বললেন যে, গ্রামাঞ্চলে হাসপাতালের সংখ্যা খুবই কম। কথাটি সত্যি—এই ৭ বছরের মধ্যে গ্রামাঞ্চলে হাসপাতাল বাড়ানো সম্ভব নয়। তার মধ্যে যেটুকু আমরা পেরেছি সেটা যথেষ্ট, কারণ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজ্য সরকার কোন পাওনা টাকা পাচ্ছে না। তাছাড়া সংবিধানের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে, আর্থিক সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে এবং প্রশাসনিক সীমাবদ্ধতার মধ্যে রাজ্য সরকারের পক্ষে যেটুকু করা সম্ভব তা করার চেষ্টা করেছে এবং এর বেশী সরকারের পক্ষে করা সম্ভব নয়। সেইজন্য গোটা রাজ্যের মানুষ গ্রামে গ্রামে যে স্বাস্থ্য ব্যবস্থা করেছেন তাকে সমর্থন করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই যে, আজকে আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে গ্রামাঞ্চলে যে চিকিৎসার সুযোগ করতে পেরেছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এই জিনিস আমরা কংগ্রেসী আমলে দেখতে পাইনি। এখন প্রত্যেকটি গ্রাম-পঞ্চায়েতের মাধ্যমে হোমিওপ্যাথিক চিকিৎসার সুযোগ পাচ্ছে গ্রামের লোকেরা, পানীয় জলের বিশেষ ব্যবস্থা করা হয়েছে। শহরের এবং গ্রামের লোকেরা যাতে পরিস্রুত পানীয় জল খেতে পায় তার জন্য বামফ্রন্ট সরকার আপ্রাণ চেষ্টা করছেন। হাসপাতালগুলি উন্নতির জন্য যে প্রতিষেধক ব্যবস্থা নেওয়া দরকার সেগুলি সরকার নিয়েছেন। এবং সেইদিক থেকে মন্ত্রী মহাশয় যে এইদিকে লক্ষ্য রেখেছেন তার জন্য তাঁকে সমর্থন করছি। আমি মনে করি কংগ্রেস আমলে পশ্চিমবঙ্গের মানুষ এইসব সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত ছিল। কিন্তু আজকে এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে জনগণ যা পাচ্ছে তার জন্য পশ্চিমবঙ্গের জনগণ বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাচ্ছে। কারণ বামফ্রন্ট সরকারের পক্ষে যতটুকু ক্ষমতা ততটুকু করতে পেরেছে। এইকথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকারঃ এই ডিসকাসানে যে সময় ধরা ছিল তাতে ৪-১০ মিঃ শেষ হওয়ার কথা, কিন্তু কিছু বক্তা থাকার জন্য আরো সময় লাগবে বলে আমার মনে হয়। সেইজন্য আমি হাউসের কাছে আরো ১ ঘণ্টা সময় চেয়ে নিচ্ছি। আশা করি এতে সকলের মত আছে।

(হাঁ।)

১ ঘণ্টা সময় বাড়ান হল।

শ্রীমতী রেণুলীনা সুব্বা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে কিছু কথা বলতে চাই। আমাদের দার্জিলিং জেলার কথা বারেবারে বলেছি। ওই জেলাটি হচ্ছে একটি টুরিষ্ট সেণ্টার। কিন্তু ওই অঞ্চলটি একটি রিমোট এরিয়া, খুব নেগলেকটেড এরিয়া। দার্জিলিং জেলায় অনেকগুলি রুর‍্যাল হসপিট্যাল আছে। এখানে বেডের সংখ্যা খুবই কম। এখানে এ্যানেসথেসিষ্ট, চাইল্ড স্পেশালিষ্ট, লেপ্রোলজিষ্ট, প্যাথোলজিষ্ট নেই। ব্লাড ব্যাংক আছে, কিন্তু সেখানে ব্লাড পাওয়া যায় না। ই. এন. টি. স্পেশালিষ্ট নেই। গত মাসে কালিম্পং শহরে ৫ জন লোক মারা গেল। তার কোন ব্যবস্থা নেওয়া হল না। একটি ১০ বছরের ছেলের এ্যাপেনডিসাইটিস হয়েছিল, তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হল, কিন্তু সেখানে এ্যানেসথেসিষ্ট ছিল না। রাত্রে কোন গাড়ী না পাওয়াতে আমার বাড়ীতে তারা আসে এবং আমার ছেলে গাড়ী ড্রাইভ করে তাকে মেডিকেল কলেজে নিয়ে যায়। কিন্তু ছেলেটি রাস্তাতেই মারা যায়। তারপরে সার্জিক্যাল কেসে দু'জন মারা গেল এ্যানেসথেসিষ্ট নেই বলে। এটা খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করেছিলাম এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য, কিন্তু উনি কোন ব্যবস্থা নেন নি।

কালিম্পং-এ কোন ফ্রিজ নেই। কোন ফ্রিজ না থাকায় ব্লাড ওষুধ রাখা যাচ্ছে না। একটা অর্ধ সত্য বাজেট মন্ত্রীরা এখানে পেশ করেছেন। কালিম্পং-এ লেপ্রসি হাসপাতাল নেই। ভুটান, সিকিম, নেপাল থেকে এখানে রুগী আসে, কিন্তু কোন লেপ্রসিষ্ট নেই। ১২ লক্ষ টাকা খরচ করে প্লাষ্টিক সার্জারী করার ব্যবস্থা হয়েছিল, কিন্তু এখনও পর্যন্ত তাঁর উদ্বোধন হল না। কালিম্পং-এ যে একটা হেল্থ সেণ্টার তৈরী হয়েছে সেটা চালু না হওয়ায় তার জানালা, জলের পাইপ, বেড সব চুরি হয়ে যাচ্ছে। টি. বি. হিলের একটা কমন রোগ। কালিম্পং হাসপাতালে টি. বি. উইং আছে, কিন্তু কোন স্পেশালিষ্ট নেই। আমাদের ওখানে রামনারায়ণবাবু একটা মোবাইল ভ্যান দিয়ে বললেন যে, এর মধ্যে এক্স রে মেশিন আছে। কিন্তু আমি নিজে গিয়ে দেখেছি যে, ওর মধ্যে এক্স রে মেশিন নেই। দার্জিলিং থেকে স্বাস্থ্য বিভাগ সম্বন্ধে বহু অভিযোগ আমি যেসব পেয়েছি তা আপনাদের দিয়ে দেব। দার্জিলিং হাসপাতালের ডি. এম. ও. কোন কাজই করেন না, শুধু প্রাকটিস করে বেড়ান। তাঁর সম্বন্ধে বহু কমপ্লেন আছে। সেগুলি আমি আপনার হাতে দেব। কালিম্পং সাব-ডিভিশন-এর জন্য ২ কোটি টাকা স্যাংশান করেছিলেন, কিন্তু সেই জন্য যে বাড়ী করা হবে সেটা পি. এইচ. ই. করবে না পি. ডবলিউ. ডি. করবে তা এখনও ঠিক করা হোল না। এর ফলে আমরা মনে করি যে, টাকাটা হয়ত ল্যাপ্স হয়ে

যাবে। আমাদের ওখানে একটা কমিটি করা হয়েছিল—ভিজিটিং কমিটি এবং কো-অর্ডিনেশন কমিটি—যার মধ্যে এম. এল. এ.,এম.পি. এবং পঞ্চায়েত সমিতির মেম্বাররা থাকবে। এই কমিটির মিটিং করার জন্য আমি এস. ডি. এম. ও.-কে বলায় তিনি বললেন যে, আমি এই রকম কিছু পাইনি। আমি বলছি তার কাছে একটা কিছু পাঠান যাতে আমরা ইন্সপেকশান করে দেখতে পারি যে, সেখানে ডায়েট ঠিকমতন আছে কিনা, লাইফ সেভিং ড্রাগ পাওয়া যায় কিনা। আপনাদের ট্রান্সফার পলিসি চেঞ্জ করতে হবে। এ বিষয়ে আমার মত হচ্ছে যে, ট্রান্সফারের ব্যাপারে লোকাল এম. এল এ.-র সঙ্গে কথা বললে ভাল হয়। ডাক্তারের ব্যাপারে রামনারায়ণবাবুকে ঘেরাও করবো বলায় তিনি তারপর ডাক্তার পাঠালেন।

[4.10—4.20 P.M.]

স্যার, নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ আমাদের উত্তরবঙ্গের একটা গ্লোরি, অথচ সেই মেডিকেল কলেজ দিনের পর দিন নষ্ট হয়ে যাচ্ছে। সেখানে ঔষধ নেই, অক্সিজেন নেই, জল নেই, লোডশেডিং চলছে, লোক মরছে। ওখানে একজন ভাল ডাক্তার পর্যন্ত নেই। আমি একবার ওই মেডিকেল কলেজ ভিজিট করতে গিয়েছিলাম এবং তখন রোগীরা আমাকে বলল ওয়ার্ডের মধ্যে কোবরা সাপ ঢুকে গিয়েছিল এবং রোগীরা কুকুরের সঙ্গে বাস করছে। ইংরেজীতে একটা প্রোবাধ আছে, হেলথ ইজ বেটার দ্যান ওয়েল্থ। ডোন্ট ফরগেট দ্যাট প্রোবার্ব। আপনারা যে-সব কথা বলেন সেগুলি সব অর্ধসত্য। মাস দুয়েক আগে জ্যোতিবাবু আমাদের ওখানে গিয়েছিলেন এবং আমি আমাদের পার্টির তরফ থেকে তাঁর সঙ্গে দেখা করে দার্জিলিং হাসপাতালের অবস্থা বলেছিলাম। জ্যোতিবাবু আমার সমস্ত কথা শুনে বলেছিলেন, স্বীকার করেছিলেন, অবস্থা খুবই খারাপ। কিন্তু দুঃখের বিষয় আমাদের ছিল মিনিষ্টার দাওয়া লামা বা শিলিগুড়ির এম. এল. এ. দিলীপবাবু এ সম্বন্ধে কিছু বললেন না। ওখানকার হাসপাতালে লেবার ওয়ার্ড নেই, সেকথা রামনারায়ণবাবুকে জানাবার পর তিনি ওই হাসপাতালে লেবার ওয়ার্ড খোলার ব্যবস্থা করলেন। আমরা সকলেই জানি দার্জিলিং-এর ক্লাইমেট খারাপ ও এখানে শীত বেশী, ট্রান্সপোর্টের অসুবিধা আছে, যার জন্য অনেক ছাত্র ওখানে যেতে চায় না। আমি একবার জ্যোতিবাবুকে বলেছিলাম, আমি আপনার কাছে কয়েকটি নেপালী ছেলের নাম দেব, আপনি আপনার নিজের কোটা থেকে তাদের মেডিকেল কলেজে ভর্তির ব্যবস্থা করুন। জ্যোতিবাবু আমাকে বলেছিলেন, আমাকে

নেপালী ছেলেদের নাম দিন, আমি আমার কোটা থেকে দেব। দুঃখের সঙ্গে জানাচ্ছি, আমি যে-সমস্ত নেপালী ছেলেদের নাম দিয়েছিলাম তাদের নাম রিজেক্ট করে সি. পি. এম. পার্টির বাঙ্গালী ছেলেদের নেওয়া হল। মন্ত্রী মহাশয় চাইলে আমি তাদের নামও দিতে পারি। একজন মুখ্যমন্ত্রী এরকম অসত্য কথা বলতে পারেন আমি ভাবতেও পারি না। তারপর দার্জিলিং-এর সিনকোনা প্ল্যানটেশনের যে ইউনিয়ন আছে আমি তার প্রেসিডেন্ট। আমি দেখেছি সেখানকার হাসপাতালে ঔষধপত্র নেই, ডাক্তার নেই, রোগীদের খাবার ব্যবস্থা নেই এবং সবচেয়ে লজ্জার কথা পানীয় জলের ব্যবস্থা নেই। সেদিন অমৃতবাজার পত্রিকায় বেরিয়েছে, ওয়াটার স্কেয়ারসিটি ইন হাওড়া। ওরা শুধু হাওড়ার ব্যাপার নয়, দার্জিলিং, কার্শিয়াং-এর আপনাদের লজ্জা করে না মানুষকে খাবার জল দিতে পারেন না? ওখানে যে ২ জন লোক মারা গেছে তার জন্য দায়ী কে? কোথায় চিফ মিনিস্টার? আমি মনে করি এর জন চিফ মিনিস্টারের রিজাইন করা উচিত। আপনারা রোগীদের জন্য খাবারের ব্যবস্থা করতে পারছেন না, এ্যাম্বুলেন্স-এর ব্যবস্থা করতে পারছেন না এবং সবচেয়ে লজ্জার কথা পানীয় জলের ব্যবস্থা করতে পারছেন না। আমার অনেক কিছু আরও বলবার ছিল, কিন্তু সময় অভাবে বলতে পারলাম না।

শ্রীকমলকান্তি গুহ: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার সময় কম বলে বেশী কিছু বলবো না এবং বেশী কিছু বলারও নাই। কারণ আমাদের বিরোধী দলের সদস্যরা এ সম্বন্ধে খুব বেশী কিছু উত্থাপন করেন নি। মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় তাঁর যে ছাঁটাই প্রস্তাব দিয়েছেন, সে সম্বন্ধে আমি দু-একটি কথা বলবো। ১নং হচ্ছে উনি বলেছেন বাঁকুড়া জেলায়, বাঁকুড়া শহরের নিকট লোকপুর ভক্তপাড়ার সংলগ্ন চিরণকাটা, হাঁড়িপাড়াতে পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং বিভাগের দ্বারা নির্মিত পানীয় জলের ট্যাঙ্কটি আজ পর্যন্ত চালু করতে সরকারী ব্যর্থতা। আমি বলছি প্রকল্পটির রূপায়ণ সম্পূর্ণ হয়েছে। পৌরসভা রক্ষণাবেক্ষণের ভার গ্রহণ করলেই জলাধারারটি চালু করা সম্ভব হবে। পৌরসভা আগামী ১লা বৈশাখ থেকে রক্ষণাবেক্ষণের দায়িত্ব গ্রহণ করতে স্বীকৃত হয়েছে। দু নং ছাঁটাই প্রস্তাবে উনি বলেছেন বাঁকুড়া জেলায় আমাদের ৪০/৪৫টি রিগ মেসিন চালু আছে। আমি বলছি আমাদের ২৮টি রিগ মেসিন আছে এবং এর দ্বারা সব কাজ শেষ করা যাবে না। সেইজন্য আমরা বাইরের অন্য রাজ্য থেকে টেণ্ডার দিয়ে তাদের রিগ মেসিন দিয়ে এই সব কাজ করতে হচ্ছে। উনি বলেছেনদূষিত জলের জন্য বসন্ত, ডিপথেরিয়া এই

সমস্ত রোগ হচ্ছে। আমি যতদূর জানি পানীয় জলের জন্য এই সব বসন্তডিপথেরিয়া রোগ হয় না। তারপর আরও যে-সমস্ত ছাঁটাই প্রস্তাব দেওয়া হয়েছে তার মধ্যে ওঁদার কথা বলা হয়েছে। ওঁদার পরিকল্পনাটি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে। আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন পেলেই কাজ শুরু করে দেবো। একটি কথা শুধু এখানে বলতে চাই, যাদের এক কান কাটা তাদের একটু লজ্জা হয়, কিন্তু যাদের দু' কান কাটা তাদের কোন লজ্জা নাই। এই জিনিসটা আপনাদের দেখে বোঝা যাচ্ছে। আপনারা আমাদের সরকারী ব্যর্থতার কথা তুলে ধরেছেন। আমি এখানে বলি ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম ছিল ১০টি। অর্থাৎ ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত কমিশন হয়েছে ১০টি। আর ১৯৭৭ সালের পর থেকে কমিশন হয়েছে ১৬৯টি। ওয়াটার সাপ্লাই স্কীম ইজ গোয়িং অন, অর্থাৎ যেগুলোর কাজ চলছে, আপনাদের সময়ে ৩০টি এবং মোট ধরতে গেলে ৪০টি। আমরা আরও ১৩১ এবং বর্তমানে মোট ৩০০টির কাজ চলছে। তারপর রিগ বোর টিউবওয়েল সম্বন্ধে বলি। আপনারা কয়েকদিন ধরেই বলছেন যে, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া, মেদিনীপুরে ভীষণ জলের অভাব, খুবই জলকষ্ট। ঠিক কথা, খুবই জলকষ্ট, অনেক দিন ধরে বৃষ্টি নাই। কিন্তু আপনারা তার জন্য কি করেছিলেন? ১৯৭৬ সাল পর্যন্ত আপনারা রিগ বোর টিউবওয়েল করেছেন ১৪৬টি। আমরা বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া, মেদিনীপুর, বর্ধমান—এই সব মিলে ১৪,২৫৫টি করেছি এবং খরার সময় আমরা ১৬০০টি করেছি। তবে আমি বলবো না যথেষ্ট হয়েছে। একথা ঠিক জলের অভাব আছে, অসুবিধা আছে—পানীয় জল সরবরাহ আরও দরকার। কিন্তু আপনাদের দলীয় সরকার, আপনাদের এবং আমাদের কেন্দ্রীয় সরকার একটা মাপকাঠি ঠিক করে দিয়েছেন। তারা বলে দিয়েছে যে, ৩০০ পরিবারের প্রতি একটি টিউবওয়েল করে দিতে হবে এবং এই রকম পরিকল্পনা আমরা নিতে পারি। কিন্তু আমরা তাতে সন্তুষ্ট নই। আমি জানি এতে সমস্যা সমাধান হবে না। আমরা গ্রামাঞ্চলের পানীয় জলের অভাব আরও কমিয়ে আনতে চাই। আমরা প্রতিটি পরিবারের জন্য একটি করে টিউবওয়েল করে দিতে চাই এবং এর জন্য আমরা চেষ্টাও করছি। আমি এই কথা বলতে চাই যে, আগামী দু' বছরের মধ্যে এই সমস্যা যাতে সমাধান করা যায় তার চেষ্টা করবো। কাজেই পাবলিক হেল্‌থে পানীয় জলের এই যে অগ্রগতি, এই অগ্রগতি দেখে আশা করি আপনারা আমার এই বাজেটকে সমর্থন জানাবেন। কাশীনাথ মিশ্র মহাশয় যে-সমস্ত ছাঁটাই প্রস্তাব এনেছেন, তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.20 – 4.30 P. M.]

শ্রীসত্যরঞ্জন বাপুলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী কমলবাবুর কাছে জানতে চাইছি, উনি যে ফিগারগুলো দিলেন, এই ফিগারগুলো শুনতে ভাল লাগছে, কিন্তু ঐগুলো এ্যাডমিনিষ্ট্রেটিভ এ্যাপ্রুভ্যাল আমাদের সময় কতগুলো হয়েছিল, সেটা একটু বলে দিলে ভাল হতো।

শ্রীকমলকান্তি গুহ : আপনাদের সময়ে হয় নি।

ডাঃ অম্বরীশ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গভীর মনোযোগের সঙ্গে আমার বিরোধী দলের বন্ধুদের বাজেট বিতর্ক শুনেছি। আমার বলতে দ্বিধা নেই, বিশেষ করে যাঁরা চিকিৎসা জগতের সঙ্গে সংযুক্ত আছেন, চিকিৎসা করেন, ডাক্তার সদস্য যাঁরা, তাঁরা আমাকে হতাশ করেছেন। কারণ আমি ভেবেছিলাম এবং একটা মানসিক প্রস্তুতি নিয়ে এসেছিলাম যে, আজকের আলোচনা একটা বৈজ্ঞানিক স্তরে উন্নীত হবে। কিন্তু আমি দেখলাম খুব সাদামাটা, অর্থাৎ অতি সাধারণ মানের বক্তৃতা ছাড়া আমার কাছে বিশেষ কিছু তুলে ধরতে পারেন নি। আমি শুধু মাননীয় সদস্যদের অবগতির জন্য বলতে চাই, এই বছর ৭ই এপ্রিল আমরা বিশ্ব-স্বাস্থ্য দিবস পালন করেছি। এই যে আমাদের শ্লোগান রয়েছে সবল সুস্থ শিশু জাতির সম্পদ—আমরা শুধু নয়, পশ্চিমবাংলা শুধু নয়, ভারতবর্ষও শুধু নয়, সারা বিশ্বব্যাপী এই শ্লোগানের উপর দাঁড়িয়ে যে প্রস্তাব রাখা হয়েছে যে দু'হাজার সালের মধ্যে আমাদের সকলের জন্য সুস্বাস্থ্য, এই যে অঙ্গীকার করা হয়েছে আলমাআতে, ভারতবর্ষ সহ ১৫০টি দেশ এতে সই করেছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি অনুমতি করেন তাহলে আমি সংবাদপত্র থেকে একটু পড়ে শোনাচ্ছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : অন এ পয়েন্ট অব অর্ডার, আপনি তো বলেছেন যে, খবরের কাগজ থেকে কিছু পড়া যাবে না, আপনি আবদুস সাত্তার মহাশয়কেও পড়তে দেন নি।

Mr. Speaker : Let me hear it first as to what he says.

ডাঃ অম্বরীশ মুখার্জী : Branding child slaves in Bihar-Daltongunj, April 10— "We were branded with hot iron rods and made to work 20 hours a day".

Suraj said haltingly in Maghahi as he pointed out the marks of injuries he had received. He is not more than seven. Child labour is common enough in this country. Child bondage too is not unheard of. But surely, branding of children to coerce them to work could not be happening in India in this day and age when we had just sent a man into space, I thought.

বিহারের ডালটনগঞ্জে ৭ বছরের ছেলেকে বড় গরম করে ছ্যাঁকা দেওয়া হচ্ছে— কি জন্য ? তাকে ২০ ঘণ্টা কাজ করতে হবে, ৭ বছর তার বয়স। বিশ্বের কাছে আমাদের অঙ্গীকার যে, আমরা শিশু মৃত্যুর হার কমিয়ে নিয়ে আসব। আজকে ১২৯ জন হাজারে মরে যাচ্ছে, সেটা ৫০-এ কমিয়ে নিয়ে আসব। আর একটি সংবাদপত্র থেকে আমি একটু পড়ি

Beggar Turns Salesman—The Congress(I) Government has been fooling people all along its rule. It sells out even milk powder and butter oil which the country receives as aid for the poor. When in the Rajya Sabha on March 8, a member asked a question about "the total quantity of milk powder and butter oil, which was received from foreign countries as gift during the last three years and the manner in which it was sold", the following answer was given :

রাজ্যসভায় আপনাদেরই মন্ত্রী উত্তর দিয়েছেন: The World Food Programme and European Economic Community (EEC) supplied 1.33 051,324 tonnes skim milk powder under Operation Flood I and II programmes. The skim milk powder received under Operation Flood I was supplied to metro dairies and Pilot Project Sugam Dairy, Baroda. The S. M. P. and butter oil received from EEC under Operation Flood II programme were pooled with indigenously procured skim powder and issued by the Indian Dairy Corporation to the public and Co-operative dairies. After meeting the requirement of liquid milk plants for regeneration into milk, limited quantity of commodities were issued to the dairies in 1980 and 1981 for manufacture of baby food and ghee. However, from 1982 the commodities have been used by the public and co-operative dairy plants for regeneration into milk only. The butteroil which was unfit for combination into milk but fit for human consumption was sold by Indian dairy corporation through organised outlets. That is how the Government used the aid.

বাইরে থেকে আমরা দুধ পেয়েছি, বাটার অয়েল পেয়েছি, মিল্ক পাউডার পেয়েছি। আর. ই. সি. থেকে সাহায্য পেয়েছি। ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম অনুসারে ইকনমিক কমিউনিটির পক্ষ থেকে পেয়েও ওঁরা সেগুলিকে কো-অপারেটিভ সেকটরের মাধ্যমে বিক্রী করে দিয়েছেন। এগুলি বিলি করার কোন প্রয়োজন বোধ করেন নি। আপনারা সবাই জানেন যে, সারা বিশ্বে বিশেষ করে অনুন্নত এবং উন্নয়নশীল দেশগুলিতে প্রতি সেকেণ্ডে একজন করে অনাহারে মারা যাচ্ছে এবং

১০০ কোটি লোক অপুষ্টিতে ভুগছেন। এর-এক তৃতীয়াংশই হচ্ছে ভারতবর্ষের লোক, যারা অপুষ্টিতে ভুগছেন। আর এই ম্যালনিউট্রিশান, অপুষ্টিজনিত কারণে যে রোগ হচ্ছে সেগুলি ওষুধ দিয়ে সামাল দেওয়া যায় না। আমি অজিতবাবুর দোষ দেব না। আমার বেশী সময় নেই। তাই একটি উদ্ধৃতি দিয়ে আমার বক্তব্য শেষ করতে চাই। হেল্‌থ অব দি ওয়ার্ল্ড'স চিলড্রেন সম্পর্কে যা বলা হয়েছে সেটা একটু পড়ে শোনাচ্ছি। সেখানে বলা হচ্ছে: Needs and Problems—Health cannot be achieved where poverty and misery abound, where food and safe water are scarce, where housing is inadequate, and where public and community services are lacking or rudimentary. In such conditions, faced by two-thirds of the world's people, ill health and premature death are the rule of the day. Most severely affected by such environmental risk factors are the childbearing women and the children themselves. Becasuse of their special vulnerability they pay a heavy price in terms of death, morbidity, retarded growth and disability.

[4.30—4.40 P.M.]

এই যখন অবস্থা, এই যখন এ্যাটিচুড দিল্লীর সরকারের এবং অন্যান্য জায়গায় যেখানে কংগ্রেস সরকার আছে তাদের, তখন আমাদের বলা হচ্ছে, কনসটিটিউসানে আমাদের বলা হয়েছে, তোমরা সোর্স অব ইকনমি, তোমাদের প্রদেশে এটা উন্নত করো। মানুষের যেটা ন্যূনতম প্রয়োজন তা দাও। এর উপরই দাঁড়িয়ে আছে হেল্‌থ। আমি আর বেশী কোটেশান দেব না, as a matter of fact comprehensive health, in terms of positive, promotive prophylactic, restorative and of these descriptions cannot be appo···

আমাদের দেশের অবস্থাটা কি? বেশী তথ্য দেবার দরকার নেই। আপনারা অনেক জানেন, আমাদের জি. এন. পি. তাঁর সঙ্গে যদি পি. কিউ. এল. আই— personal quality of life investigation community of nations করা হয় তাহলে কি হয়। ভারতবর্ষের অবস্থা কমিটি অব নেশানসে ১২৪। এই যদি অবস্থা হয় তাহলে কি হয়? পার ক্যাপিটা কনজামসান—ডাল এবং চালের হিসাব আমার কাছে আছে তাতে দেখা যাচ্ছে সেটা এক ছটাকও বাড়েনি। কাপড় ২০ বছরে এক মিটারও বাড়েনি, বরং কমেছে। ঘরবাড়ী বেশী পাওয়া যায় নি—তাহলে স্বাস্থ্যের উন্নতি হবে কি করে? স্বাস্থ্যের উন্নতি না হবার জন্য যদি কাঠগোড়ায় দাঁড়াতে হয় তাহলে দাঁড়াতে হবে দিল্লীর সরকারকে। কারণ

তারাই আমাদের অর্থনীতিকে পঙ্গু করে দিয়েছেন, বিকলাঙ্গ করে দিয়েছেন। আমি স্যার, আর দু/একটি পয়েন্ট বলে আমার বক্তব্য শেষ করছি। শিশিরবাবু তাঁর বক্তব্যের মধ্যে তাঁর গ্রামের অভিজ্ঞতার কথা বলেছেন। আমি তাঁর গ্রামের অভিজ্ঞতার কাগজপত্র পেয়েছি, আমি দেখেছি তার ভেতরে কিছু ত্রুটি-বিচ্যুতি আছে, কিছু ফাঁক ফারাক আছে, সেগুলি দূর করে নিলে আমরা ভেবে দেখবো কি করে তাঁর সঙ্গে মিলে মিশে কাজ করা যায়। তারপর স্যার, এখানে অনেকে বলেছেন যে, আমরা এ্যাড হক কেন নিলাম। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, শিশুর চিকিৎসা হবে না, সন্তানসম্ভবা নারীর চিকিৎসা হবে না, এমার্জেন্সী কেস দেখা যাবে না, অটোপসি সার্জেনরা তাঁদের ছুরি তুলে নেবেন আর আমরা নীরব দর্শকের ভূমিকা পালন করবো তা হতে পারে না। সেই অবস্থায় যাঁরা কাজ করতে চান তাদের এ্যাড হক এ্যাপয়েন্টমেন্ট দিতে হয়েছে। যদি আবার এই অবস্থা হয় তাহলে আবার আমরা দেব। তারপর ডাক্তারদের ধর্মঘট করা সম্পর্কে এখানে প্রশ্ন তোলা হয়েছে। এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে, এথিকসে পরিষ্কারভাবে লেখা আছে যে ডাক্তাররা ধর্মঘট করতে পারেন না। কাজেই তা যদি করতে চান তাহলে এথিকসের আগে পরিবর্তন করুন। দেশে বিদেশে এই নিয়ম চলে আসছে। তাঁরা যদি মনে করেন তাঁদের সার্ভিস কণ্ডিসান তাঁদের পছন্দমত নয় তাহলে তাঁরা রিজাইন করতে পারেন। এক মাসের নোটিশ দিয়ে সেটা তাঁরা করতে পারেন। এর উপরই দাঁড়িয়ে আমরা বলেছি, ডাক্তারদের ধর্মঘট করার অধিকার নেই। আর অন্যান্য গণতান্ত্রিক অধিকার সে তো তাঁদের আমরাই দিয়েছি। তারপর বলা হয়েছে, অমৃতেন্দু মুখার্জী মহাশয় নাকি বলেছেন, ডায়িং ইন হারনেস। এখানে যাদের আমরা এ্যাপয়েন্টমেন্ট দিতে চাই তাদের যাতে এ্যাপয়েন্টমেন্ট দিতে না পারি তার জন্যই এটা বলা হয়েছে। আমি বলতে চাই, তিনি সে রকম কথা বলেন নি, এটা অসত্য কথা। শেষ করার আগে আমি আর একটি উদ্ধৃতি দিতে চাই। এটা লাইট ভেনে বলবার চেষ্টা করছি।

'Hullo', said the doctor to the mental patient, 'what are you doing?' 'Writing a letter to myself', replied the latest arrival to the Asylum. 'And what have you written to yourself'? 'How the devil do I know, until I get the first post to morrow morning'?'

নতুন এসেছেন মেন্টাল এ্যাসাইলাম-এ, তিনি নিজেই নিজেকে চিঠি লিখছেন। তাকে জিজ্ঞাসা করা হল, কাকে চিঠি লিখছো? উত্তর হল 'আমাকেই'। আবার প্রশ্ন, কি লিখছো উত্তর—'কি করে বলব, যতক্ষণ পর্যন্ত না সকালবেলায় আমি আমার

চিঠিটা পাই।' কাজেই বলব, আপনারা যা বললেন ছেপে যখন বেরুবে তখন পড়ে দেখবেন, এর মধ্যে হেল্‌থ নেই, হেল্‌থ পলিসি নেই, আছে শুধু পশ্চিমবঙ্গ সরকারের প্রতি বিষোদ্গার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা বললেন যে লিখে দেবেন। আমি লিখেই দেব। অজিত পাঁজা মহাশয় আমাকে কাগজ দিয়েছেন, আমি তার জবাব দিয়ে দেব। আমি তাঁকে অপরাধী করিনা। কারণ স্বাস্থ্য সম্বন্ধে তাঁর যে জ্ঞান সেই জ্ঞানের মধ্যে থেকে এই কথাগুলি তিনি বলেছেন। তাঁর যে জ্ঞান, সেই জ্ঞানের জন্য আমাদের উপরে যে দায়-দায়িত্ব পড়েছে, সেটা আমরা হাড়ে হাড়ে বুঝতে পারছি। আমি জবাবটা তাঁকে দিয়ে দেব। আমরা বলেছি যে ন্যাশনাল হেল্‌থ পলিসি এখনও হয়নি এবং কবে হবে তাও জানিনা। আমরা একথাও বলেছি যে আমাদের হেল্‌থ পলিসি আছে এবং তার ইরেগুলারিটিস সম্পর্কেও বলেছি। যাইহোক, আমি আমার জবাব তাঁকে জানিয়ে দেব এবং তিনি তাঁর উপযুক্ত জবাব পাবেন। এই কথা বলে কাট মোশনগুলির বিরোধিতা করে এবং বাজেট বরাদ্দের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরামনারায়ণ গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দীর্ঘক্ষণ ধরে হাউসে মাননীয় সদস্যদের বক্তব্য শুনছিলাম এবংবিশেষ করে বিরোধী বেঞ্চে যাঁরা আছেন—ডাঃ শিশির বোস, ডাঃ মানস ভুঁইয়া, ডাঃ সুকুমার রায়, এঁদের বক্তৃতা শুনলাম। এমন কি ১৯৭২—৭৭ সালের সেই অন্ধকারময় যুগে স্বাস্থ্য দপ্তরের যিনি প্রেতাত্মা, অজিত পাঁজা মহাশয়, তাঁরও বক্তৃতা আমাকে এখানে বসে শুনতে হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্য। এখন ওঁরা এটা মানেন কিনা জানি না। পশ্চিমবাংলাকে সেই ভাবে তাঁরা প্রতারিত করেছেন এবং নানা ভাবে পশ্চিমবাংলা বঞ্চনার স্বীকার হয়েছে। তাঁরা এখন স্বীকার করবেন কিনা যে, অঙ্গ রাজ্য হিসাবে পশ্চিমবঙ্গের বিরুদ্ধে এসব করা উচিত নয়। আমরা মনে করি পশ্চিমবাংলা ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্য এবং স্বভাবতঃই আমাদের স্বাস্থ্য দপ্তর এবং সরকার পরিচালনা করতে হয় ভারতবর্ষের সামগ্রিক সামাজিক, অর্থনৈতিক কাঠামোর পরিপ্রেক্ষিতে। সেই দিক থেকে আমার সহযোগী বন্ধু, ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় বলার চেষ্টা করেছেন। সারা ভারতবর্ষের চিত্রটা কি? ওঁদের একজন বলে গেলেন যে, আমাদের হেল্‌থ পলিসি নেই। তা আমি বলি, দিল্লীশ্বরীকে একটু বলুন না, ৩৬ বছর হয়ে গেল এখনও কেন স্বাস্থ্য নীতি হয় নি? ইনটেগেটেড হেল্‌থ পলিসি তাঁরা আজও পর্যন্ত গ্রহণ করতে পারবেন না। বিগত লোকসভার নির্বাচনে আমাদের কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী একটা পলিস ষ্টেটমেন্ট দিলেন

এবং তিনি বললেন যে, অদূর ভবিষ্যতে একটা স্বাস্থ্য নীতি নিচ্ছেন। তাঁদের কোন স্বাস্থ্য নীতি নেই, ভেষজ নীতি নেই। ১৯৭৪ সালে কেন্দ্রীয় সরকার হাতী কমিটি বসিয়েছিলেন। সেই হাতী কমিটির রেকমেনডেশান নিয়ে ১২ বছর লাগলো। এখনও পর্যন্ত সেই হাতী কমিটির রেকমেনডেশানে তারা কি করবেন সেটা নিয়ে আলাপ-আলোচনা করছেন। অন্যদিকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং মাননীয় সদস্যরাও জানেন যে, গোটা ভারতবর্ষের ভেষজ শিল্পকে বহুজাতিক কর্পোরেশানগুলির হাতে দিয়েছেন। যাঁরা ৩৬ বছর ধরে দিল্লীতে রাজত্ব করেছেন, তাঁরা সেই সমস্ত কাজগুলি করে রেখেছেন। তাছাড়া আপনারা জানেন যে, বেশীর ভাগ রোগ যেটা হচ্ছে গোটা ভারতবর্ষ জুড়ে সেটা হচ্ছে ওয়াটার বর্ন ডিজিস। সেই সম্পর্কে আমাদের মাননীয় মন্ত্রী কমল গুহ এবং ডাঃ অম্বরীশ মুখার্জী বলেছেন। গোটা ভারতবর্ষে ৫ লক্ষ ৭৬ হাজার ৩৭টি গ্রামের মধ্যে ২ লক্ষ ৭১ হাজার গ্রামে এ্যাকিউট ওয়াটার স্কারসিটি। যদি ভুল বলে থাকি তাহলে দিল্লীকে জিজ্ঞাসা করে নেবেন। আজকে গোটা ভারতবর্ষে ঐ জিনিস চলছে। শিশু মৃত্যুর হার একটু লজ্জা করছে না বলতে? অজিতবাবু উঠে গেলেন বলতে। মানুষের তো একটা লজ্জা থাকে। গোটা ভারতবর্ষে প্রতি হাজারে ১২৯টি শিশুর মৃত্যু হয়। আছে কোথায় পৃথিবীতে এই হাই মরটালিটি রেট? ভারতবর্ষের অবস্থাটা এই। শুধু তাই নয়, একদিকে যখন এই অবস্থা চলছে, অন্যদিকে তেমনি কেন্দ্র খেয়াল-খুসি মত কাজ করছেন। আমরা পশ্চিমবঙ্গ সরকার পরিচালনা করছি। ১৯৮১ সালে কেন্দ্রীয় সরকার একটা চিঠি আমাদের কাছে পাঠিয়ে দিলেন এবং তারা বললেন যে, আমরা নর্ম করেছি। কি সেই নর্ম? কোন সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টার থাকবে না, প্রাইমারী হেল্‌থ সেন্টারে কোন বেড থাকবে না, শুধুমাত্র কমিউনিটি হেল্‌থ সেন্টারে কিছু বেড রাখার ব্যবস্থা তাঁরা করলেন।

[4.40—4.50 P. M.]

আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে এক বছর ধরে আলাপ-আলোচনা করেছি। আমাদের দপ্তরের সচিব দিল্লীতে গিয়েছেন। মাননীয় মন্ত্রী অম্বরীশ মুখার্জী গিয়েছেন, অর্থ সচিব গিয়েছেন, কিন্তু কোন ফল হয় নি। তারপরে অনন্যোপায় হয়ে আমি ক্যাবিনেটে গিয়েছি এবং গিয়ে জিজ্ঞাসা করেছি, আপনারা বলুন কি করব? কেন্দ্রীয় সরকার বলে দেবেন, আর আমরা সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার তুলে দেব, প্রাইমারি হেল্‌থ সেন্টারের বেড কমিয়ে দেব? এটা তো হতে পারে না। আমরা

কেন্দ্রীয় সরকারের ঐ প্রস্তাব মেনে নিই নি। তবে আমি চ্যালেঞ্জ রেখে বলতে পারি যে, গোটা ভারতবর্ষে যে চিকিৎসা ব্যবস্থা আছে, হেল্‌থ সেণ্টারে বেড ইত্যাদির যে ব্যবস্থা আছে তাতে পশ্চিমবাংলা যে-কোন রাজ্যের চেয়ে ভাল জায়গায় আছে এবং সবচেয়ে ভাল জায়গায় আছে। এখানে যতটুকু ব্যবস্থা আছে ততটুকুও ভারতবর্ষের কোন রাজ্যে নেই এবং আমি এটা চ্যালেঞ্জ রেখে বলছি। তবে কেন্দ্রীয় সরকার খেয়াল-খুশি মত কাজকর্ম করে আমাদের খানিকটা পিছনে ঠেলে দেবার চেষ্টা করছে।

এখানে ম্যালেরিয়া নিয়ে কথা উঠেছে। আবার নতুন করে ম্যালেরিয়া শুরু হয়েছে। তবে এ কথা ঠিক নয় যে, শুধু পশ্চিম বাংলায় ম্যালেরিয়া নতুন করে দেখা দিয়েছে। আজকে গোটা ভারতবর্ষেই ম্যালেরিয়া দেখা দিয়েছে। এমন কি খোদ দিল্লীতে এবং দিল্লীর চারপাশে যেভাবে ম্যালেরিয়া দেখা দিয়েছে এবং সেখানে ম্যালেরিয়া যে জায়গায় গিয়ে পৌঁছেছে, পশ্চিম বাংলায় এখনো সে জায়গায় যায় নি। এটা আমি পরিসংখ্যান দিয়ে দেখাতে পারি। পাঁচ বছর আগে অবস্থাটা কি ছিল? ন্যাশনাল ম্যালেরিয়া ইরেডিকেশন প্রোগ্রাম তুলে দিয়ে কেন্দ্রীয় সরকার বলেছিলেন যে, না, ম্যালেরিয়া আজকে আর নেই, ম্যালেরিয়া ইরেডিকেট্‌ হয়ে গেছে। কাদের কথায় তাঁরা তুলে দিয়েছিলেন? সে দীর্ঘ বক্তৃতা রাখবার আমার সময় নেই। লোকসভার পাবলিক এ্যাকাউণ্টস্‌ কমিটিতে মাননীয় লোকসভা সদস্য প্রয়াত জ্যোতির্ময় বসু ছিলেন। সে সময়ে দিল্লীতে "হু"-র পরিচালনায় কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধানে একটা পরিকল্পনা চলছিল। মশক নিবারণ ব্যবস্থা চলছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কি কাণ্ড সেখানে হয়েছে। আমেরিকার এজেন্ট হিসাবে জীবাণু যুদ্ধের পরীক্ষা চলছিল। একটা কেমিক্যাল এজেন্ট "থায়টেপা" নিয়ে সেখানে পরীক্ষা চলেছিল। সেটা দিয়ে কি বুঝতে হবে, কেন্দ্রীয় সরকারের উদ্দেশ্য হচ্ছে, মশক নিবারণ করা? আমেরিকা বা মার্কিন সাম্রাজ্যবাদ দুনিয়ায় যে নতুন জীবাণু যুদ্ধ আনবার চেষ্টা করছে তারই মাশুল যুগিয়ে যাচ্ছে ভারতবর্ষের মানুষ। ওঁদের একটুও লজ্জা করছে না!

তারপরে কুষ্ঠ রোগীর সংখ্যা পৃথিবীর মধ্যে ভারতবর্ষে সবচেয়ে বেশী। সেইজন্য কেন্দ্রীয় সরকার পরিকল্পনা নিয়েছিলেন ৫০-৫০ বেসিসে লেপ্রোসি কণ্ট্রোল করবেন। অর্থাৎ মোট খরচের ৫০% দেবেন কেন্দ্রীয় সরকার এবং ৫০% রাজ্য সরকার খরচ করবে। প্রথমে এটাই ঠিক ছিল, কিন্তু পরবর্তীকালে তাঁরা বললেন, না, এ বিষয়ে সেণ্ট পারসেণ্টই কেন্দ্রীয় সরকার দেবেন। কারণ যেহেতু ইন্দিরা

গান্ধীর ২০-দফা কর্মসূচীর মধ্যে এটা আছে, সেহেতু তাঁরা আর মাত্র ৫০% দেবেন না, সেন্ট পারসেন্ট দেবেন। তাহলেই বুঝতে পারছেন, কুষ্ঠ নিবারণ নিয়েও খেয়াল-খুশি মত কাজ কেন্দ্রীয় সরকার আরম্ভ করেছেন।

আমি বিনয়ের সঙ্গে বিরোধী সদস্যদের বলছি, আপনারা তো বলছেন ম্যালেরিয়া বাড়ছে এবং আমরাও আপনাদের সঙ্গে এ বিষয়ে উদ্বিগ্ন, ম্যালেরিয়া নিশ্চয়ই দমন করতে হবে, তা এ ব্যাপারে একটু দিল্লীকে বলুন না আমাদের পাওনা টাকা-পয়সা মিটিয়ে দিতে। আমরা ম্যালেরিয়া ইরেডিকেশন প্রোগ্রামে কেন্দ্রের কাছে ৩ কোটি টাকার বেশী পাব। তাঁরা বলেছিলেন, ৫০% এ্যাসিসটেন্ট দেবেন, কিন্তু সেই টাকা দিচ্ছেন না।

স্যার, আপনি জানেন আজকে গোটা ভারতবর্ষে থাইসিস্ রোগী, যক্ষ্মা রোগী বা টি. বি. রোগীর কি বিরাট সংখ্যা। আমাদের রাজ্যের টি. বি. রোগীদের চিকিৎসার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের এখনো পর্যন্ত পাওনা হচ্ছে ১ কোটি ৩৭ লক্ষ টাকা। এই বিরাট পরিমাণ টাকা এখনো পর্যন্ত আমরা পাইনি। তাঁরা এই টাকাটা দিচ্ছেন না, আমরা বার বার তাঁদের চিঠি দিচ্ছি। তা আমি বিরোধী সদস্যদের বলছি, আপনারা একটু বলুন না যাতে তাঁরা আমাদের এই টাকাটা দিয়ে দেন। স্বভাবতঃই এই অবস্থায় আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার নিজেদের খেয়ালখুশি মত কাজকর্ম করে চলেছেন।

গোটা ভারতবর্ষের সামাজিক এবং রাজনৈতিক কাঠামো যেখানে এই রকম সেখানে ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত অন্ধকারের যুগে হঠাৎ অজিত পাঁজা এখানে স্বাস্থ্যমন্ত্রী হয়েছিলেন এবং মন্ত্রী হবার পরে তাঁর মাথা ঘুরতে আরম্ভ করেছিল—তিনি আজকে এখানে বললেন যে, ওঁর দলের সদস্যদের অনুরোধে উনি কয়েকটি জায়গায় হেল্থ সেন্টার ঘুরে ঘুরে দেখেছেন এবং নতুন সব চিত্র দেখে তিনি অবাক হয়ে গেছেন। আমি ওঁকে জিজ্ঞাসা করি, অজিতবাবু, এর মধ্যেই সব ভুলে গেলেন? স্যার, আপনি জানেন উনি কি করেছিলেন? ১৯৭৩ সালে অজিত পাঁজা হঠাৎ একদিনে ৩৫০টি নন্-ডায়েটরি সাব-সিডিয়ারি হেল্থ সেন্টারকে ডায়েটরি করেছিলেন। এই প্রসঙ্গে আমি শ্রীপাঁজাকে জিজ্ঞাসা করি, সেগুলিতে কিচেন করেছিলেন কি? রান্নাঘরের উনি কোন ব্যবস্থা করেন নি, নাম কেনার ব্যবস্থা করেছিলেন। আমি আবার ওঁকে জিজ্ঞাসা করি, রান্না কোথায় হবে, আপনার বাড়ি থেকে কি রান্না সাপ্লাই হবে? স্যার, এই কাজ উনি করেছিলেন।

তারপরে ১৯৭৫ সালে সেই জরুরী অবস্থার সময়ে হঠাৎ—আমি চ্যালেঞ্জ করে বলছি—৫০ বেডের যে-সমস্ত প্রাইমারি হেল্থ সেন্টারগুলি ছিল সেগুলিকে ৬০

বেডের করে দিয়েছিলেন এবং ২০ বেডের যেগুলি ছিল সেগুলিতে ৫টি করে বেড বাড়িয়ে ২৫ বেডের করে দিয়েছিলেন। অথচ কোন ডাক্তারের নতুন পোষ্ট তিনি স্যাংশন করেন নি, নার্সের পোষ্ট স্যাংশন করেন নি। আমি ওঁকে আবার জিজ্ঞাসা করছি, করেছিলেন কি? স্যার, তাহলেই আপনি বুঝতে পারছেন যে, ইচ্ছাকৃত ভাবে গ্রামাঞ্চলের মানুষদের প্রতারিত করার জন্য এই সব কাজ ওঁরা করে গেছেন। এর পরেও ওঁদের লজ্জা করছে না, এখানে বক্তৃতা করে গেলেন।

এখানে সিংগটের কথা বলা হয়েছে। ডাঃ হরমোহন সিংহ সে বিষয়ে বলেছেন। ওঁরা ওঁদের সময়ে কি করেছিলেন সিংগটে? সেখানে অজিতবাবুর বসত ভূমি, না জন্ম বাটি, কি একটা ছিল, সেখানে তিনি কি করেছিলেন? সেখানকার হেল্থ সেন্টারটিকে রাতারাতি হসপিটাল করে দিয়েছিলেন। সে সময়ে অজিত পাঁজা সেখানকার ছেলেদের কি বলেছিলেন জানেন? তাঁর কথার জের এখন আমাদের সামলাতে হচ্ছে। নতুন হাসপাতাল করার সময়ে সেখানে অজিত পাঁজা মশাই বলেছিলেন, 'যখন হাসপাতালে লোক নিয়োগ করা হবে তখন সেখানে গ্রামের স্থানীয় ছেলেদের নিয়োগ করা হবে।'

আমি চ্যালেঞ্জ করছি—আপনি দাঁড়িয়ে বলুন, আমি অজিত পাঁজা বলছি, গ্রামের লোকদের চাকরি দেওয়ার কোন কথা বলিনি। এই কথা আপনি এখানে বলুন। কি করেছেন আপনি মংপুতে? মংপুতে সিকোনা প্লানটেশান অথরিটির একটি হাসপাতাল আছে। আপনি সেখানে বেড়াতে গিয়েছিলেন। সেখানে আপনার খুশী হলো প্লানটেশান জমিতে—যে জমি আমাদের হেল্থ দপ্তরকে দেওয়া হলো না—সেখানে আমাদের টাকায় কোন রকম এ্যাডমিনিষ্ট্রেটিভ এ্যাপ্রুভাল ডিপার্টমেন্ট থেকে না নিয়ে বে-আইনীভাবে আপনি সেখানে একটি হাসপাতাল তৈরী করলেন। সেখানে আপনি একটা বিলডিং তৈরী করলেন। আপনার লজ্জা করছে না—যেখানে কোন এ্যাডমিনিষ্ট্রেটিভ এ্যাপ্রুভাল নেই, যেখানে কোন পোষ্টিং নেই, যেটা আমাদের জায়গা নয়, সেখানে বেড়াতে যাবার নাম করে আপনার খুশী-মত একটা বিল্ডিং করে চলে এলেন। সুতরাং এই সব জিনিস আপনাদের বুঝতে হবে। শুধু তাই নয়, এই কথা ভুলে গেলে আমাদের চলবে না—১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের অন্ধকার যুগ আমরা পেরিয়ে এসেছি। আজকে বুকের রক্ত ঢেলে পশ্চিমবাংলার মানুষকে সেই জায়গা থেকে আজকে নতুন জায়গায় উত্তরণ ঘটাতে হচ্ছে। কি বলেছিলেন আপনি এই বিধানসভায়? যখন আপনাদের রাজত্ব চলছিল তখন আপনাদেরই দলের মাননীয় সদস্য শ্রীরথীন তালুকদার তাঁর বাজেট ভাষণে বলেছিলেন, "আমরা হাসপাতালে অনশন করবো"। ১৯৭৪ সালে

অজিতবাবু রথীন তালুকদার মহাশয়কে কি বলেছিলেন? "অনশন করবেন না, কাদের জন্য অনশন করছেন?" আমার কাছে কাগজ আছে। আপনি বলেছিলেন "ইন্দিরা গান্ধী যুগ-যুগ জিও, ইন্দিরা গান্ধী জিন্দাবাদ বলে হাসপাতালের বারোটা বাজানো উচিৎ হবে না।" এই কথা আপনি রথীন তালুকদারকে বলেছিলেন। সুতরাং কারা আজকে এই সব নৈরাজ্য সৃষ্টি করেছেন? আপনাদেরই দলবল, যেহেতু আপনাদের বিভিন্ন গ্রুপ আছে, সেহেতু আপনারা এই সব কাণ্ড করেছেন। ডাঃ মানস ভুঁইয়া এখানে স্ট্রাইক সম্পর্কে বলে গেলেন। ডাঃ অম্বরীশ মুখার্জী তার উত্তর দিয়েছেন। ডাঃ মানস ভুঁইয়া বেফাঁসে বলে ফেললেন, আপনারা পুলিশ পাঠিয়ে দিলেন, ডি. সি-কে. পাঠিয়ে দিলেন, ওঁরা তো সুপারিনটেনডেন্টের কাছে ডেপুটেশান দিতে গিয়েছিলেন এবং আরো বললেন যে, ওঁরা নাকি বাচ্ছা ছেলে। বাচ্ছা ছেলেদের উপর এই রকম কাণ্ড করলেন? ওরা কি রকম বাচ্ছা ছেলে সেটা একবার দেখুন। গত ২৩-১-৮৩ তারিখে, ৩১-৫-৮৩ তারিখে মেডিক্যাল কলেজের সুপারিনটেনডেন্টের বাড়ীতে রাত্রি সাড়ে ১২টার সময়ে হঠাৎ পুলিশ গিয়ে হাজির। দরজায় ধাক্কা-ধাক্কি করাতে মেডিক্যাল কলেজের সুপারিনটেনডেন্ট ঘর থেকে বেরিয়ে এলেন। তিনি বললেন, কি ব্যাপার? পুলিশেরা বললো, কয়েকজন জুনিয়ার ডাক্তার আমাদের কাছে ডায়েরী করেছেন যে, সুপারিনটেনডেন্টের ঘর থেকে গোঙানীর শব্দ এবং বিশ্রী গন্ধ বেরুচ্ছে। যারা অভিযোগ করেছিল তারা কারা জানেন? শ্রীঅনিরুদ্ধ ব্যানার্জী, বিনয় কুমার রায়, সুরেশ ঠাকুর, সুষেণ চক্রবর্ত্তী, কান্তি লাল রায়......

শ্রীসত্যরঞ্জন বাপুলী: স্যার, নাম কি উল্লেখ করতে পারে?

মিঃ স্পীকার: নাম বলা যাবে না।

শ্রীরামনারায়ণ গোস্বামী: স্যার, প্লেস করে দেবো আপনার কাছে। এটা স্যার, থানার রিপোর্ট, থানার ডায়েরী, আমার কথা বলছি না, থানার ডায়েরীর কথা বলছি। যাই হোক, এইভাবে হাসপাতালের সুপারিনটেনডেন্টের নামে মিথ্যা কথা বলে থানায় ডায়েরী করে দিয়ে এলেন। তাঁরা কি বাচ্ছা ছেলে? কি করেছিলেন বর্ধমানে? আমি মন্ত্রী হবার পর যখন বর্ধমানে গেলাম—আমাদের অম্বরীশদা বললেন, বর্ধমানে আমরা রেকগনিশান পাইনি, সুতরাং বর্ধমানটা আমাদের ভাল করে দেখতে হবে—আমি বিশেষ আগ্রহ নিয়ে বর্ধমানে গেলাম।

কি কাণ্ড জানেন স্যার, সেই বর্ধমানে গিয়ে আমি সুপারিনটেনডেণ্টকে এবং তার উপরের লোককে বলে এলাম হাসপাতাল পরিষ্কার করতে হবে, সমস্ত বাড়ী-ঘর হোয়াইট-ওয়াশ করতে হবে। পি. ডব্লু. ডি.-র লোকদেরও বলে এলাম, এই সব কাজ আপনারা করুন। এবার যখন সুপারিনটেনডেণ্ট এবং পি. ডব্লু. ডি.'র লোকেরা সুপারিনটেনডেণ্টের ঘর থেকে হোয়াইট-ওয়াশ করবার জন্য ছবিগুলি নামালো সেই সব ছবিগুলির মধ্যে ছিল মহাত্মা গান্ধীর ছবি, জওহরলাল নেহরুর ছবি, বিধানচন্দ্র রায়ের ছবি, তখন এই অজুহাতে ঐ সুব্রতবাবুর লোকেরা এবং ওখানকার হাউস ষ্টাফেরা মিছিল করলেন এবং তাঁরা ওখানকার সেক্রেটারীকে মেরে তাঁর সোলডার ডিসলোকেট করে দিলেন এবং সুপারিন্টেনডেণ্টের গায়েও হাত দিলেন। তাদের দাবী ছিল নতুন একটা ছবি টাঙাতে হবে। কার ছবি জানেন স্যার? জওহরলালের ছবি নয়, মহাত্মা গান্ধীর ছবি নয়, বিধানচন্দ্র রায়ের ছবি নয়—যে ছবিগুলি নামানো হয়েছিল সেগুলো নয়—ইন্দিরা গান্ধীর একটি ছবি বগলে করে নিয়ে গেলেন টাঙাবার জন্য।

[4.50—5.00 P. M.]

মিঃ স্পীকারঃ আমার কাছে কপি পাঠিয়ে দেবেন, এক্সপাঞ্জ করে দেব।

শ্রীরামনারায়ণ গোস্বামীঃ এই জন্য আমি বলছিলাম যাঁরা আন্দোলন করছেন তাঁদের আমি আন্দোলন শিখিয়ে দেব। আজকে ডাক্তার মানস ভুঁইয়া মহাশয় যে কথা বললেন, আমি তাঁকে বলছি যে আমি যে কথা বলেছি সে কথার প্রতিবাদ করিনি, সে কথা প্রত্যাহার করিনি এবং আমি শিখিয়ে দিয়েছি যে, এত বিরোধিতা সত্বেও বর্ধমান কলেজের রেকগনিশন আমরা জানিয়েছি, কারোর ক্ষমতা নেই যে, সে ব্যাপারে আমাদের ঠেকাতে পারে। দিনের পর দিন কলকাতার হাসপাতাল-গুলিকে জাহান্নামে পাঠিয়ে দেবার ব্যবস্থা করেছিলেন। এরকম একটা ব্যবস্থার মধ্যে দাঁড়িয়েও—গর্ব করব না, পশ্চিম বাংলার মানুষের জন্য এবং অগণিত ডাক্তারদের জন্য গর্ব করব না—যেখানে এত রক্তচক্ষুর মধ্যে দিয়ে, এত অসুবিধার মধ্যেও তাঁরা কলকাতার হাসপাতালগুলিকে চালিয়েছেন এবং কংগ্রেসীদের নাকে ঝামা ঘষে দিয়ে দেখিয়ে দিয়েছে যে, পশ্চিম বাংলার মানুষ এখনও বেঁচে আছে। মাননীয় স্পীকার স্যার, দীর্ঘ তথ্যের মধ্যে আমি যাব না। আমি বলতে চাইছি যে, আজকে গায়ে খুব জ্বালা ধরেছে। আমরা নাকি সুপী ডিউটিতে কিছু লোককে

চাকরি দিয়েছি, আমরা কিছু এ্যাডহক এ্যাপয়েন্টমেন্ট দিয়েছি। লজ্জা করছে না, শুনুন, যে বক্তব্য লেখা আছে, মাননীয় সত্য বাপুলী মহাশয়, অসত্য কথা বলেন, আপনি জানেন যে, আমরা পশ্চিম বাংলার ছেলেদের এ্যাডহক এ্যাপয়েন্টমেন্ট দিয়েছি, কোন দল আমরা জানি না। আজ বলতে লজ্জা করছে না, ১৯৭৪ সালে ধর্মঘটের সময় উড়িষ্যার স্বাস্থ্যমন্ত্রী শ্রীবঙ্কুবিহারী মহান্তি মহাশয়কে ফোন করে বলা হয়েছিল যে, আপনারা ডাক্তার পাঠান, উড়িষ্যার ডাক্তার দিয়ে পশ্চিম বাংলার ডাক্তারদের শায়েস্তা করব। সে চিঠি আমাদের হাতে আছে। লজ্জা করছে না? মাননীয় স্পীকার মহাশয়, এই রকম একটা ব্যবস্থার মধ্যে আমরা পশ্চিম বাংলায় যেটুকু স্বাস্থ্য ব্যবস্থা আছে ·তাকে বজায় রাখা এবং আমরা একটা নূতন দৃষ্টিভঙ্গী প্রসারের চেষ্টা করছি এবং সেই দৃষ্টিভঙ্গীর কথা আমরা বলেওছি। আমার বাজেট ভাষণে আমি সেই বিষয়ের উল্লেখ করে দেখিয়ে দিয়েছি। আমরা গ্রামের চিকিৎসা ব্যবস্থার উপর জোর দিতে চাই, আমরা জোর দিতে চাই প্রিভেনটিভ প্রতিষেধক ব্যবস্থার উপর ও আমরা জোর দিতে চাই প্রিভেনটিভ সাইডের উপর। আপনি জানেন এইসব কাজ ওঁরা করেন নি। ওঁরা যা করেছিলেন, শ্মশানে, ঘাটে এখানে ওখানে যেখানে ৩ মাইল রেডিয়াস কোন গ্রাম নেই সেখানে হেল্‌থ সেন্টার করে দিয়েছেন, কাদের নিয়ে হেল্‌থ সেন্টার চলবে? ওঁরা এইসব করেছেন, এখন মাঝে মাঝে হাইকোর্ট করে বামফ্রন্ট সরকারকে উচ্ছেদ করতে চাইছেন। ৩ মাইল রেডিয়াসে কোন গ্রাম নেই, শ্মশানের ধারে হাসপাতাল তৈরী করেছেন। অজিতবাবু এবং তাঁর পূর্বতন যাঁর ছিলেন তাঁরা এগুলি করেছিলেন। এই রকম পরিস্থিতিতে আমরা একটা বাস্তবধর্মী কর্মসূচী নিয়ে চলছি এবং আমরা দৃষ্টিভঙ্গীটা একটু বদল করার চেষ্টা করছি। মাননীয় সদস্য ডাঃ শিশির বসু মহাশয়, উনি যথার্থ কতকগুলি কংক্রিট কথা বলেছেন, আমার খুব ভাল লেগেছে, তিনি বলেছেন, 'আপনি বাজেটে যে কথা বলেছেন সেটা নূতন কোন কথা নয়, এসব কথা আগেই আমরা শুনেছি।' মাননীয় স্পীকার স্যার, আমি বলছি মাননীয় শিশির বসু মহাশয় যেটা জানতে চান, ইমুনাইজেশন প্রোগ্রামের উপর আমরা সবচেয়ে বেশী জোর দিয়েছি। আমার সময় কম, আমার ফিগার এখানে আছে, আমরা দেখাব যে, আমরা ডবল এ্যান্টিজেন ১৪ লক্ষের বেশী শিশুকে দিয়েছি, আমরা ট্রিপিল এ্যান্টিজেন ১০ লক্ষের বেশী বাচ্চাকে প্রোটেক্ট করেছি এবং টিটেনাস টকসাইডে ১৫ লক্ষের বেশী ছেলেকে প্রোটেক্ট করেছি। এ ছাড়া আমাকে যাঁরা জিজ্ঞাসা করছিলেন ওরাল ডিহাইড্রেশন থেরাপী এবং ওরাল ডিহাইড্রেশন সল্টের কথা বলেছেন, তাঁদের অবগতির জন্য জানাচ্ছি যে, ১৯৮৩-৮৪ সালে এই রকম আমরা ৮ লক্ষের বেশী গ্রামে বিলি করেছি।

আপনারা জানেন, আমরা চেষ্টা করছি। মাননীয় সদস্য নীরোদ রায় চৌধুরী মহাশয় বলে গেছেন যে কথা, সেটা তো একটুও বললেন না, আমাদের সভ্য বাপুলি মহাশয়ের বলা উচিত ছিল, এই প্রথম তাঁর কনষ্টিটিউয়েন্সি মথুরাপুরে সুন্দরবনের ধারে আমরা ফ্লোটিং ইউনিট চালু করলাম, যা সারা ভারতবর্ষের মধ্যে কোথাও নেই। আপনারা জানেন আমরা মোবাইল মেডিকেল ইউনিট চালু করেছি, যা ভারতবর্ষের কোথাও নেই। আমি সবশেষে একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব, যে অজিত পাঁজা মহাশয় শেষ কালে একটা কবিতা বললেন, আবার উনি এই বক্তব্য রাখলেন কোথায় বেডে রোগী ভর্তি হয় নি, কোথায় এক্স-রে হয় নি—এইসব খুঁজে খুঁজে আমাদের ত্রুটিগুলিকে দেখিয়ে দিলেন।

আমার মনে পড়ে গেল রবি ঠাকুরের একটি কথা। রবীন্দ্রনাথ বলেছিলেন: "সুন্দরী যুবতী মেয়ের ঝকঝকে দাঁতের হাসি একটি খবর"। কিন্তু একজন বললেন যে, তার দাঁতে পোকা আছে। এই খবর জেনে সে যখন ড্যান্টিষ্টের কাছে গেল তখন ড্যান্টিষ্ট তার দাঁত তুলতে গিয়ে দেখেন যে তার দাঁতে পোকা নেই, যে খবর পরিবেশন করেছিল তার মাথায় পোকা আছে। অজিতবাবুর মাথায়ও পোকা আছে। আমরা প্রচেষ্টা করছি, এই কথা বলে সমস্ত কাট্ মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেকবার আমার নাম উল্লেখ করা হোল। আমি ভাবছিলাম স্বাস্থ্য দপ্তরের আজ এই অবস্থা কেন। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করলেন, আমার মাথায় পোকা আছে, ধরতে পারেন নি। বর্ধমানের সিংগট হাসপাতাল সম্পর্কে তিনি বলেছেন যে, ঐ হাসপাতাল করতে যাঁদের জমি গেছে তাঁদের আমি বলেছিলাম চাকরি পাবেন। হ্যাঁ, আমি কথা দিয়েছিলাম। চাষীর ছেলে, গরীব মানুষ—তাঁদের কথা দেওয়া হয়েছে। দয়া করে তাঁদের চাকরির ব্যবস্থা করে দিন। তিনি বলেছেন ৩০০-র উপরে সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টারে ডায়েটিং-এর অর্ডার দেওয়া হয়েছিল। অসত্য কথা। তিনি যেন অর্ডারটা কালকে হাউসে প্রডিউস করেন। মংপুর হাসপাতালের এ্যাডমিনিষ্ট্রেটিভ অর্ডার পৌঁছতে যদি দেরী হয়, সেই কারণে সেখানে আমি নিজে গিয়ে দিয়ে এসেছি। তাড়াতাড়ি হিল সম্প্রদায় গরীব মানুষের জন্য ঐ মংপু হাসপাতাল উদ্বোধন করে দিয়ে এসেছি। যাতে হিল সম্প্রদায় তাড়াতাড়ি ঐ হাসপাতালে সুযোগ পান—সেই জন্যই এটা করা হয়েছে।

Demand No.—36

Mr. Speaker : I now put all the cut motions to vote.

The motions (Cut Motion Nos. 1 to 25, 26, 27 to 29, 30 and 31 and 32 to 35) that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and a division taken with the following result.

NOES

Abdul Bari, Shri Md.
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Anisur Rahman Biswas, Shri
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Bauri, Shri Gobinda
Bera, Shrimati Chhaya
Bera, Shri Pulin
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas. Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Bose, Shri Biren
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakraborti, Shri Subhas
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Nimai Chandra
Das Mahapatra, Shri Kamakhyanandan
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Shri Malin
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Guha, Shri Kamal Kanti
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Kalimuddin Shams, Shri
Kisku, Shri Upendra
Kundu, Shri Gour Chandra
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Suvendu

Mandi, Shri Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Moazzam Hossain, Shri Syad
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Murmu, Shri Sufal
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Tarak Bandhu
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sayed Md. Masih, Shri
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Khara

AYES

Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Banerjee, Dr. Ambika
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Biswas, Shri Ananda Mohan
Bose, Dr. Sisir Kumar
Chaudhuri, Dr. Kiran
Ghosh, Shri Asok
Misra, Shri Kashinath
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Subrata
Panja, Shri Ajit Kumar
Roy, Shri Sukumar
Sha, Shri Ganga Prosad

The Ayes being 17 and tho Noes 115, the motions were lost.

[5.00—5.10 P. M.]

DEMAND No. 36

The motion of Shri Ram Narayan Goswami that a sum of Rs. 1,39,31,37,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads : "280-Medical and 480-Capital Outlay on Medical".

(This is inclusive of a total sum of Rs. 23,21,90,000 already voted on account in March, 1984)

was then put and a division taken with the following result :

AYES

Abdul Bari, Shri Md.
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Bauri, Shri Gobinda
Bera, Shrimati Chhaya
Bera, Shri Pulin
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Bose, Shri Biren
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakraborti, Shri Subhas
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Nimai Chandra
Das Mahapatra, Shri Kamakshyanandan
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Shri Malin
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Kalimuddin Shams, Shri
Kisku, Shri Upendra
Kumar, Shri Himansu
Kundu, Shri Gour Chandra
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri

Moazzam Hossain, Shri Syad
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Murmu, Shri Sufal
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Tarak Bandhu
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Khara

NOES

Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Banerjee, Dr. Ambika
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendrra
Bhunia, Dr. Manas
Biswas, Shri Ananda Mohan
Bose, Dr. Sisir Kumar
Chattaraj, Shr Suniti
Chaudhuri, Dr. Kiran
Ghosh, Shri Asok
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Subrata
Panja, Shri Ajit Kumar
Roy, Shri Sukumar
Sha, Shri Ganga Prosad
Subba, Shrimati Renu Leena

ABSTENTION

Sarkar, Shri Debaprosad

The Ayes being 116 and the Noes 18, the motion was carried.

DEMAND No. 37

Mr. Speaker : There is no cut motion on this Demand.

The motion of Shri Ram Narayan Goswami that a sum of Rs. 20,19,16,000 be granted for expenditure under Demand No. 37, Major Head : "281-Family Welfare".

(This is inclusive of a total sum of Rs. 3,36,53,000 already voted on account in March, 1984)

was then put and agreed to.

DEMAND No. 38

(Cut Motion No. 1 to 9 and 10)

The motions that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and a division taken with the following results :

NOES

Abdul Bari, Shri Md.
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Ajit
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Bauri, Shri Gobinda
Bera, Shrimati Chhaya
Bera, Shri Pulin
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Bose, Shri Biren
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakraborti, Shri Subhas
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Nimai Chandra
Das Mahapatra, Shri Kamakshyanandan
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Shri Malin
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Kalimuddin Shams, Shri
Kisku, Shri Upendra
Kumar, Shri Himansu
Kundu, Shri Gour Chandra
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majumdar, Shri Sunil Kumar

Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sidheswar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Moazzam Hossain, Shri Syad
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Murmu, Shri Sarkar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Ray, Shri Achinta Krishna
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Khara

AYES

Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Banerjee, Dr. Ambika
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Biswas, Shri Ananda Mohan
Bose, Dr. Sisir Kumar
Chattaraj, Shri Suniti
Chaudhuri, Dr. Kiran
Ghosh, Shri Asok
Misra, Shri Kashinath
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Subrata
Panja, Shri Ajit Kumar
Roy, Shri Sukumar
Sha, Shri Ganga Prosad
Subba, Shrimati Renu Leena

ABSTENTION

Sarkar, Shri Debaprasad

The Ayes being 19 and the Noes 118, the motions were lost.

The motion of Dr. Ambarish Mukhopadhyay that a sum of Rs. 20,10,35,000

be granted for expenditure under Demand No. 38, Major Head : "282-Public Health, Sanitation and Water Supply (Excluding Prevention of Air and Water Pollution and Sewerage and Water Supply)".

(This is inclusive of a total sum of Rs. 3,35,06,000 already voted on account in March, 1984).

was then put and agreed to.

DEMAND No. 78

Mr. Speaker : There is no cut motion. So I put the main motion to vote.

The motion of Shri Prasanta Kumar Sur that a sum of Rs 65,39,80,000 be granted for expenditure under Demand No. 78, Major Heads : "282-Public Health Sanitation and Water Supply (Sewerage and Water Supply) and 682-Loans for Public Health, Sanitation and Water Supply".

(This is inclusive of a total sum of Rs. 11,06,64,000 already voted on account in March, 1984).

was then put and agreed to.

শ্রীশচীন সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রম দপ্তরের ব্যয়বরাদ্দ উত্থাপন করার আগে মাননীয় মন্ত্রী মহাশয় এই খবরটি পেয়ে নিশ্চয় খুশী হবেন যে, ক্যালকাটা কেমিক্যাল বিগত ৫ মাস ১৯ দিন লক-আউট থাকার পরে গতকাল তার পরিসমাপ্তি ঘটেছে। কেন লক-আউট হয়েছিল এবং কিভাবে তার পরিসমাপ্তি ঘটলো আমার মনে হয় সেটা জানানো দরকার। মাননীয় মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর হস্তক্ষেপে এর পরিসমাপ্তি ঘটলো।

DEMAND No. 42

Shri Krishnapada Ghosh : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,49,32,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "287-Labour and Employment".

(This is inclusive of a total sum of Rs. 1,41,56,000 already voted on account in March, 1984).

Mr. Speaker : All the cut motions are in order and are taken as moved.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

Shri Gyansingh Sohanpal : —do—

Shri Satya Ranjan Bapuli : —do—

Shri Abdul Mannan : —do—

Shri Someudranath Mitra : —do—

[5.10—5.20 P.M.]

শ্রীআবদুস সাত্তার : স্যার, সময়টা আপনি ভাগ করে দেন, তাতে অর্ধেক আমাদের দেন আর অর্ধেক সরকার পক্ষকে দেন। কিন্তু তারপর দেখা যায় আপনি সময়টা ওদের বাড়িয়ে দেন।

মিঃ স্পীকার : আপনারা ক্যালকুলেট করে নেবেন। আপনারা বক্তৃতা করবার সময় আমি একাধিকবার সময় বাড়িয়ে দিয়েছে—সুব্রতবাবুকেও দিয়েছি।

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রম দপ্তরের বাজেট বরাদ্দের পরিপ্রেক্ষিতে দু-একটি গুরুত্বপূর্ণ কথা আপনার মাধ্যমে সভায় উপস্থাপিত করছি। এটা ঠিক যে শ্রম দপ্তরের সমস্ত কাজকে যদি আমরা সমালোচনা করতে যাই তাহলে বিরোধী পক্ষ থেকে আমরা গঠনমূলক সমালোচনা করার জন্য তৈরী হয়ে এসেছি। আমাদের একটা বিশেষ জিনিস লক্ষ্য রাখতে হবে যে, সরকারে আজকে যারা বর্তমান এঁরা যখন বিরোধী পক্ষে ছিলেন এবং বামফ্রন্ট শ্রমিক সংগঠন করেছেন তখন এই দুটোকে সম্পূর্ণ আলাদা ভাবে বিচার করা দরকার। আমি এই কথা বলতে চাই না যে, যাঁরা বামফ্রন্টের মধ্যে রয়েছেন এবং শ্রমিক সংগঠনের সঙ্গে যুক্ত তাঁদের দীর্ঘ ৩০ বছরের—বিশেষ করে স্বাধীনোত্তর যুগে শ্রমিক সংগঠনের ক্ষেত্রে কোন অবদান নেই। আমি এই কথা বলতে চাই না যে, শ্রমিক-কর্মচারীদের ক্ষেত্রে তাঁরা কোন কথা বলেন নি। কিন্তু শুধু এইটুকুন বলতে চাই যা বলেছেন এবং পরবর্তী কালে দীর্ঘ ৭ বছর ধরে যা করেছেন তার সঙ্গে আসমান জমিন পার্থক্য রয়েছে এবং সেটাই আজকে এই সভায় বিচার্য বিষয়। এখানকার অনেক মাননীয় সদস্য আছেন, বিশেষ করে শ্রমমন্ত্রী এবং কমলবাবু, যাঁরা ট্রেড ইউনিয়নের সঙ্গে ওতপ্রোত ভাবে যুক্ত। ট্রেড-ইউনিয়ন মুভমেণ্ট করতে গিয়ে অনেকে দেখেছেন শিল্প এবং শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিক-কর্মচারীদের অবস্থা কি সাংঘাতিক হয়েছে। পশ্চিমবাংলায় এই জিনিস তো হবার কথা ছিল না। পশ্চিমবাংলায় অরাজকতা এবং নৈরাজ্য হবার কথা ছিল না। যদি সরকারের উদারতা, বাস্তব চিন্তাধারা এবং ঔদাসীন্য না থাকতো এবং যদি একটা গতিশীল শ্রম দপ্তর তৈরী করতে পারতেন তাহলে পশ্চিমবাংলায় এই ভয়াবহ অবস্থা হতো না। আজকে এমন একটা দিন নেই যেদিন প্রকৃতপক্ষে কোন না কোন জায়গায় শ্রমিক-কর্মচারীরা অত্যাচারিত না হচ্ছে। এমন কোন মাস নেই যে মাসে

লে-অফ, লক-আউট অথবা কয়েক হাজার ছাঁটাই না হচ্ছে। এই ভয়াবহ অবস্থার মধ্যে দিয়ে আমরা লেবার বাজেট আলোচনা করছি। এ বিষয়ে আমি লেবার মিনিষ্টারের বক্তৃতা থেকে কিছু কোট করছি। প্রকৃতপক্ষে আমার বক্তব্যই লেবার মিনিষ্টার বলে দিয়েছেন। তিনি বলেছেন—শ্রম-দিবস অপচয়ের পরিমাণ বেড়েছে, লক-আউট হয়েছে অনেক বেশী, প্রকট ভাবেই হয়েছে চট শিল্পে, ক্লোজারের দরুন শ্রম শক্তির ক্ষতি হয়েছে, চা-বাগিচায় দীর্ঘ মেয়াদী ত্রিপাক্ষিক চুক্তি হওয়া সত্ত্বেও সম্পূর্ণভাবে তা সমাধান সম্ভব হয় নি, মেটাল বক্স এবং পেপার এবং প্লাষ্টিক ইত্যাদি বহু কারখানায় ছাঁটাই হয়েছে। সরকার এই সব স্বীকার করে নিয়ে বাজেট বরাদ্দ পেশ করেছেন এবং স্বীকার করেছেন ঐসব সাংঘাতিক ভাবে বেড়ে গেছে।

এটা আমরা আশা করিনি। আমরা মনে করতাম এবং ওঁরাও দাবী করত শ্রমিকদের প্রতিনিধিত্ব করছে এই সরকার। এঁরা যদি সত্যিই শ্রমিকদের প্রতিনিধিত্ব করে থাকেন তাহলে শ্রমিকদের জীবনযাত্রার মান এত কমেছে কেন, কেন এত বেশী ছাঁটাই, ক্লোজার, লক-আউট, কেন শ্রমিকরা ট্রাইবুন্যালের কাছে গিয়ে বিচার পায় না, কেন ত্রিপাক্ষিক বৈঠক হয় না, কেন এই ডিপার্টমেণ্টের মধ্যে যে দুর্নীতি রয়েছে সেটা বন্ধ হয় না। শুধু তাই নয়, কেন এই সরকার ত্রিপাক্ষিক চুক্তির রিকোমেনডেশনগুলো মালিকদের মানতে বাধ্য করাতে পারে না? মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একথা অস্বীকার করব না বহু জায়গায় আমরা ওঁদের সঙ্গে এক হয়ে ট্রেড ইউনিয়ন মুভমেণ্ট করি। তাঁদের সঙ্গে আমরা এই ব্যাপারেও একমত যে, যতদিন পর্যন্ত ব্যক্তিগত মালিকানা থাকবে ততদিন পর্যন্ত আমাদের লড়াই করেই মীমাংসা করতে হবে এবং কোথাও কোথাও আমাদের সমস্ত রকম সঙ্কীর্ণতা এবং ক্ষুদ্রতার উর্ধ্বে উঠে যৌথভাবে সংগ্রাম করতে হবে। কিন্তু এক্ষেত্রে এই সরকারের সহযোগিতা কোথায়? যদি কোথাও রিসেশন চলে তাহলে আমি দায়িত্ব নিয়ে বলতে পারি একমাত্র ট্রেড-ইউনিয়ন মুভমেণ্ট সত্যিকারের রিসেশন চলছে। এর মূল কারণ আমরা লক্ষ্য করেছি কিছু একচেটিয়া মালিক এবং এই সরকারের সমর্থনে বেশ কিছু রাজনৈতিক দল এবং ট্রেড ইউনিয়ন দল একজোট হয়ে প্রকৃত ট্রেড ইউনিয়ন মুভমেণ্টকে গলা টিপে মারছে এবং পরিকল্পনামাফিক এটা করা হচ্ছে। এটা আজকে আমার একটা বড় রকমের অভিযোগ। এঁদের আসল উদ্দেশ্য হল দেশের অর্থনীতিকে ক্রিপল করা। ইন্দিরা গান্ধীর যে শত্রু আছে সেটা রাজনৈতিক নয়। আমাদের ন্যাশনাল লাইফ শুধু ডিভাইডেড নয়, ফ্রাগমেনটেড। আমি মনে করি আগামী কয়েক বছরের মধ্যে ইন্দিরা গান্ধীর সামনে কোন

রাজনৈতিক চ্যালেঞ্জ নেই, আছে অর্থনৈতিক চ্যালেঞ্জ। যদি দরিদ্র মানুষকে ইন্দিরা গান্ধীর সরকার প্রকৃতপক্ষে কোন রকম ইকনমিক রিলিফ দিতে না পারে তাহলে ইন্দিরা গান্ধীর ক্ষতি হবে, দলের ক্ষতি হবে। ওঁরা সেই জায়গাটাকে টার্গেট করেছে যাতে ইন্দিরা গান্ধী অর্থনৈতিক দিক থেকে স্বয়ংভর হতে না পারে। যখনই প্রয়োজনবোধে ইন্দিরা গান্ধী গরীব মানুষের পাশে দাঁড়িয়েছেন তখন দেখেছি তাঁর বিরুদ্ধে এরা শুধু আক্রমণই করেনি, ওই একচেটিয়া মালিক এবং মাল্টিন্যাশনাল কোম্পানীকে বার করে দিয়েছে। আমি এই ব্যাপারে কয়েকটি উদাহরণ দেব। অস্বীকার করতে পারেন ন্যাশনাল কমিটি, ক্যামপেন কমিটি করা সত্ত্বেও অলরেডি ২টি স্ট্রাইক হয়ে গেছে? স্ট্রাইক করেছে পাবলিক সেক্টর স্ট্রাইক করেছে কোল-এ, স্ট্রাইক করেছে স্টিল-এ। শুধু তাই নয়, স্ট্রাইক করেছে পাবলিক আণ্ডারটেকিংগুলোতে এবং সেনট্রাল পাবলিক আণ্ডারটেকিংগুলোতে। আমরা ইতিপূর্বে দেখেছি এই কমিউনিস্টদের চিন্তাধারা হচ্ছে বেশী করে ন্যাশানালাইজেশন করতে হবে, জাতীয়করণ করতে হবে। অথচ আজকে এঁরাই সমস্ত পাবলিক আণ্ডারটেকিংগুলোকে ক্রিপল করবার জন্য একচেটিয়া মুনাফাখোরদের সঙ্গে পরিকল্পনা মাফিক ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে, তাদের সঙ্গে হাত মিলিয়েছে। আজকে তো টেক্সমাকোতে বা হিন্দ মোটরস্-এ কোন স্ট্রাইক হচ্ছে না, অথচ তার পাশাপাশি কোল, স্টিলে এবং জেসপ-এ স্ট্রাইক হচ্ছে, অন্যান্য পাবলিক সেক্টরে স্ট্রাইক হচ্ছে। সিক্সথ ফাইভ ইয়ার প্ল্যানে ৯৫০ কোটি টাকা বরাদ্দ করেছে কেন্দ্রীয় সরকার এবং তার একটা লায়ন শেয়ার পশ্চিমবাংলায় আসবে। এই সমস্ত জায়গায় যে আঘাত করা হচ্ছে তার কারণ হচ্ছে রাজনৈতিক। কিন্তু এতে ক্ষতি কার হচ্ছে? এতে কংগ্রেস, কমিউনিস্ট বা আই. এন. টি. ইউ. সি, সিটুর কোন ক্ষতি হচ্ছে না, এতে ক্ষতি হচ্ছে দেশের এবং শ্রমিক সমাজের। অর্গানাইজড ইউনিটের শ্রমিকদের বাঁচাতে হবে। এঁরা মরে গেলে কোন উন্নতি হবে বলে মনে হয় না। এই সমস্ত মানুষগুলোকে বাঁচাবার জন্য যে রাজনীতি দরকার সেটা আপনারা শ্রমিক এবং কর্মচারীদের ক্ষেত্রে আমদানী করুন এই নিবেদন আমি করছি। আপনারা দায়িত্বজ্ঞানহীন ট্রেড ইউনিয়ন মুভমেন্ট কেন করছেন এই অর্গানাইজড সেকটরে? এই সমস্ত কাজ করে আপনারা শুধুমাত্র ভোটের সূক্ষ্ম রাজনীতির জন্য একটা ক্ষেত্রে পার্মানেন্ট সর্বনাশ ডেকে এনেছেন এবং বাকী সর্বনাশ করেছেন টেম্পোর‍্যারি এবং এক্সট্রা-টেম্পোর‍্যারি। আপনারা পার্মানেন্ট সর্বনাশ করেছেন সেটা হচ্ছে—ওই লাল ঝাণ্ডা হাতে নিয়ে রেসপনসেবল ট্রেড ইউনিয়ন মুভমেন্টের নাম করে একটা বিরাট অংশের ওয়ার্কিং

ক্লাশকে আপনারা প্রিভিলেজ ক্লাশের ক্যারেকটার দিয়েছেন। আপনারা আজকে প্রোডাকশন করতে বলছেন, অথচ সাঁওতালদিহিতে দেখছি প্রোডাকশন হয় না। এটা হচ্ছে ওই দায়িত্বজ্ঞানহীন ট্রেড ইউনিয়ন মুভমেণ্ট করার ফল। রাইটার্স বিলডিংস্-এ মুখ্যমন্ত্রী কাজ করবার জন্য চীৎকার করছেন, কিন্তু বাস্তবে দেখছি কোন কাজ হয় না। ফুড ডিপার্টমেণ্টের লোকেরা ঠিকমত অফিসে হাজিরা দেন না। এই সমস্ত জিনিস হচ্ছে ওই ইররেসপনসেবল ট্রেড ইউনিয়ন মুভমেণ্ট করার নিট ফল। এই জিনিসটা তাঁরাও উপলব্ধি করতে পারছেন এবং এটাই হচ্ছে পার্মানেণ্ট সর্বনাশ। একটা ডেভলপিং কাণ্ট্রি তখনই ডেভলপ্‌ড হতে পারে, অর্থনৈতিক স্বয়ংম্ভরতার পথে তখনই যেতে পারে যদি শ্রমিক-কর্মচারীরা তার পাইওনিয়ার হয়।

আন্দোলন বলুন বিক্ষোভ বলুন, অথবা কিছু পরিবর্তনের কথাই বলুন, আর যাই বলুন না কেন যদি ওদের নেতৃত্ব না থাকে তাহলে হতে পারে না। আজকে যদি সেই দর্শনে বিশ্বাস করেন তাহলে ওদের এই সব শ্রমিকদের শেষ করে দেবার প্রবণতা কেন? কেন আজকে বোনাস দাবী করলে হাজার হাজার লোকদের পান—অথচ আজকে কোন পজেটিভ হয় নি। শ্লোগান দিয়ে ওরা শুধু যদি কোন লাল পতাকা নিয়ে মিটিং ডাকেন —সেখানে আপনারা লোক পান না। আমরা ট্রেড ইউনিয়ন করি বলে আমাদের ব্যবহারিক দিক থেকে আমাদের অভিজ্ঞতায় আমরা দেখেছি এ জিনিস। আমি শ্রমমন্ত্রী সম্বন্ধে বলি পজেটিভ কোন পলেসি নেই—কোন নীতি নেই। একটা ভ্রষ্ট রাস্তা দিয়ে এই সরকার চলছে। আমি সবচেয়ে বেশী করে দাবী করছি যে, ত্রিপাক্ষিক চুক্তির উপর আপনি বেশী করে গুরুত্ব দিন। বহু দিন থেকে আমি শুনছি—কিন্তু একটা উদাহরণ দেখাতে পারেন মন্ত্রিসভার পক্ষ থেকে যে, বিগত ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ত্রিপাক্ষিক চুক্তি তৎকালীন মন্ত্রীর নেতৃত্বে যা হয়েছিল তার একের চার, একের দশমাংশ এই সরকার করেছে? এই বইটাই তার নজির এবং ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যে কয়টি বই দেখবেন তার সঙ্গে কমপারেটিভ ষ্টাডি করে যদি দেখেন তাহলে বুঝতে পারবেন। এতেই বোঝা যাবে যে, এই সরকার শ্রমিক এবং কর্মচারীদের ক্ষেত্রে কত উদাসীন। শ্রমিকদের যে প্রয়োজন তা মালিকরা মানে না। মালিকরা আইনের দোহাই দেয়। আমি বিশ্বাস করি সেই good money, good Law, good money, good justice. এখনও সেই বড় লোকদের হাতে এবং তাদেরই হাতে সমস্ত ক্ষমতা। এখন যদি এই বড় লোকদের হাত থেকে সমস্ত ক্ষমতা শ্রমিকদের হাতে দিতে হয় এবং মিনিমাম সোস্যাল জাসটিস্ যদি দিতে হয় তাহলে মন্ত্রী

এবং তার দপ্তর ও এই সরকারের সহযোগিতা ছাড়া এই সিসটেমের মধ্যে থেকে সমস্ত সমস্যা সমাধান করা সম্ভব নয়। খুব বিরাট হাই হোপ নিয়ে আমি মন্ত্রী মহাশয়ের কাছে এই দাবী করেছিলাম। কিন্তু নিরাশ হয়েছি, হতাশ হয়েছি। আমি দেখেছি, দিনের পর দিন শ্রমিক-কর্মচারীরা না খেতে পেয়ে মরেছে। ছয় মাস হয়ে গিয়েছে একটি মিটিংয়ের জন্য রাইটার্স বিল্ডিংসের চার পাশে ঘুরে বেড়িয়েছে মেটাল বক্সের শ্রমিকরা দিনের পর দিন। মানুষগুলি না খেতে পেয়ে জর্জরিত হয়ে গিয়েছে। কয়েকজন মারাও গিয়েছে—তবুও তাদের কোন সুরাহা হয় নি এবং তার জন্য একটি মিটিং কি রাইটার্স বিল্ডিংসে হয়েছে? কোলে বিস্কুট চার বছর হয়ে গিয়েছে এবং এটা মন্ত্রী মহাশয়ের কন্ট্রোলের মধ্যে—কিন্তু কেন আজ পর্যন্ত তার সুরাহা হয় নি? আমরা এগুলি চোখের সামনে দেখতে পাচ্ছি। তার বিনিময়ে কি হচ্ছে? ওঁরা চিরকাল বলেছেন সিক ইণ্ডাস্ট্রিগুলি জাতীয়করণ করতে হবে। তাঁরা তা না করে তার বিনিময়ে তাঁরা ভারত চেম্বার অব কমার্সের সাথে একটা এগ্রিমেন্টে আসতে চাইছেন, আবার একটা ব্যক্তিগত মালিকানায় ফিরিয়ে দিতে চান। আপনার কাছে অভিযোগ করে একটা তথ্য দিতে চাই। Bharat Chamber of Commerce, Old Court House Street, dated, June 10, 1982 এবং All Members of the Committee যে বক্তব্য রেখেছিল তার লাষ্ট লাইনটা আমি পড়ে দিচ্ছি: The Government of West Bengal is agreeable to consider specific and viable offers from entrepreneure interested to take over assisted and/or sick units in West Bengal. Sri N. K. Rajgarhia, President and Sri K. L. Dhandhania, distiuguished past President of the Chamber had recently a free and frank discussion with Dr. Kanailal Bhattacharjee, Minister of Commerce and Industries. Industrial Reconstruction and Public Undertakings, in the presence of Sri Shanti Ghatak, Minister of State for Finance, West Bengal, Sri Kalyan Biswas, I.A.S. Secretary and Sri A. Sarkar, Deputy Secretary, Department of Industrial Reconstruction were also present on the occasion. The State Government is primarily iusterested in ensuring that the assisted sick units are properly managed and employment of Labour ensured subject of course, to such adjustment as may be necessary for modernisation and rationalisation. তাহলে বুঝতে পারছেন কি নীতি চলছে। কেন এগুলিকে ওদের হাতে তুলে দিতে চাইছেন? যেগুলি আজকে সরকারী উদ্যোগে নেওয়া উচিত।

কি কি কোম্পানী? ২০টি কোম্পানীর নাম দিয়েছে, আমি সবগুলো বলছি না, তার মধ্যে যেগুলো গুরুত্বপূর্ণ সেই কোম্পানীগুলোর নাম বলছি। ম্যাকিনটশ বার্ন কোম্পানী—ম্যাকিনটশ বার্ন কোম্পানী সিক ইণ্ডাস্ট্রির নাম করে গভর্নমেন্ট

তাকে চালাচ্ছে, এখন তাকে নতুন করে ফেরৎ দেবার চেষ্টা করা হচ্ছে। ইণ্ডিয়ান রাবার ম্যানুফ্যাক্চারিং কোম্পানী—সেটাকে আবার নতুন করে ফেরৎ দেবার চেষ্টা করা হচ্ছে। দি গ্লুকোনেট কোম্পানী—সেটাকে নতুন করে আবার ফেরৎ দেবার চেষ্টা চলছে। এটা একটা খুব গুরুত্বপূর্ণ কোম্পানী। এটা ফেরৎ দেবার জন্য লেখা হয়েছে। কোল আয়রন এ্যাণ্ড ষ্টীল—সেটাকে ফেরৎ দেবার চেষ্টা হচ্ছে। কনটেনার্স এ্যাণ্ড ক্লোজার্স—এটাকে আবার ব্যক্তিগত মালিকানায় ফেরৎ দেবার চেষ্টা হচ্ছে। এ্যাণ্ড দিস ইজ দি ডকুমেন্ট, ওখানে মিটিং হয়ে ক্যাটাগরিক্যালি মিনিষ্টাররা বলছেন যে, এই কোম্পানীগুলো তোমরা নিয়ে নাও। ভারত চেম্বার অব কমার্স কারা করেন, সরকার তা জানেন না? তাঁরা যে একচেটিয়া পুঁজিপতি মালিক শ্রেণী, তাঁরা কি তা জানেন না? শুধু বক্তৃতা করতে হবে একচেটিয়া পুঁজিপতিদের বিরুদ্ধে, আর কার্যক্ষেত্রে একচেটিয়া পুঁজিপতিদের আরও শক্তিশালী করবার জন্য সরকার পক্ষ থেকে মদত দেওয়া হবে। আমরা তো প্রশ্ন করতে চাই মেটাল বক্স সম্পর্কে। আমি মনে করি এই প্রশ্ন আজকে এখানে উত্থাপিত হয়েছে—দরকার আছে। মেটাল বক্সের তিনটি ইউনিট আছে। আপনি অবাক হয়ে যাবেন, আর দে কম্যুনিষ্ট, আর দে বিলিভ ইন কম্যুনিজম? মেটাল বক্সের একটা কোম্পানী সিক হয়ে যাবার নাম করে দিয়ে দিল টাটাকে। বেঙ্গলে বিড়লা বেজ্‌ক ইণ্ডাষ্ট্রিজ হওয়ার ফলে তার অত্যাচারে আমরা অস্থির, তারপর নতুন করে টাটাকে অনুমোদন করবার জন্য আজকে একটা গভীর ষড়যন্ত্র করা হচ্ছে। এই ষড়যন্ত্র এখনই বন্ধ হওয়া দরকার। একে যদি অঙ্কুরে আঘাত না করা হয়, তাহলে একদিন মহীরূহ হয়ে উঠবে। বিড়লাদের অত্যাচারে আজকে আমরা অস্থির, আর একটা কাউণ্টার শোষণ যন্ত্র সৃষ্টি করা হচ্ছে আমাদের বুকের উপর দিয়ে। এটা জেনেশুনে গিলোটিনে মাথা দেওয়া হবে এবং শ্রমিক-কর্মচারীদের পক্ষ থেকে এই প্রতিবাদ শুধু এখানেই সীমাবদ্ধ থাকবে না, এর প্রতিবাদ এবং প্রতিরোধ সারা বাংলাদেশে ছড়িয়ে পড়বে জেনে রাখুন। ভোটাধিক্যে এখান থেকে যতই পাশ করিয়ে নিন তারা। অবাক হয়ে যাবেন মেটাল বক্স দীর্ঘদিন বন্ধ হয়ে থাকবার পর যখন আত্মহত্যা শুরু হয়ে গেছে তখন খড়্গপুরের মেটাল বক্স ইউনিটটা দিয়ে দেওয়া হলো টাটা কোম্পানীকে। কি টার্মস্ কণ্ডিশনে দেওয়া হয়েছে, বারবার এখানে বলা সত্ত্বেও পেশ করা হয় নি। তাহলে আমরা এখানে কেন আছি? যদি মানুষের পক্ষ থেকে টার্মস্ এ্যাণ্ড কণ্ডিশন যেখানে জনস্বার্থে, ইকনমিক্যাল ইস্যু যেখানে যুক্ত রয়েছে, তা যদি জানতে না পারি, তাহলে কিসের জন্য আমরা এখানে রয়েছি? আমরা বলেছিলাম সেদিন, টাটাকে জমি দেওয়া হয়েছে, দিন,

জ্যোতিবাবুর যদি টাটাকে জমি দেওয়ার দরকার থাকে জমি দিন। কিন্তু যেখানকার জমি দেওয়া হয়েছে, সেই জমি দেওয়ার ব্যাপারে পশ্চিমবাংলার অনেক মানুষের আপত্তি আছে। একটা পাঁচ তারা বিশিষ্ট হোটেল হওয়ার জন্য এবং তাও বলেছিলাম, কি টার্মস্-এ এই জায়গা জমি দিচ্ছেন সেটা হাউসের সামনে পেশ করুন। আজ পর্যন্ত তা পেশ করা হয় নি। আর দুটো কোম্পানী কি করলেন? তিন নং যে নতুন ইউনিটটা চালু করা হয়েছিল তার প্রায় ৪০০ ওয়ার্কারকে রাস্তায় বের করে দিয়ে নেগোসিয়েশন দিয়ে এলেন, খুলে দিয়ে এলেন এবং লেবার মিনিষ্টার নিজে গিয়ে সেখানে বিজয়োৎসব করলেন। ৬ মাস ষ্ট্রাইক করবার পর খুলে দিতে গিয়ে সেখানে বিজয়োৎসব করে এলেন। কোন্ শ্রমিকের এক কপর্দক লাভ হয়েছে? সমস্ত ডিউ এ্যাডভান্টেজগুলো পর্যন্ত একের পর এক কার্টেলড্ হয়ে গেছে। ৪০০ শ্রমিককে রাস্তায় বার করে দেওয়া হয়েছে এবং মেটাল বক্সের আর একটা ইউনিট টাটাকে দিয়ে দেওয়া হয়েছে। এই বিজয় হয়ে গেল? এই যদি বিজয় হয়, তাহলে বক্তব্য রাখার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। আজকে এই জিনিস হচ্ছে। প্রতিবাদ আমাদের সেখান থেকেই। স্যার, এরাই এক সময় বলেছিলেন কম্পিউটারের বিরুদ্ধে, চিৎকার করে বলেছিলেন। ভাল কথা, কম্পিউটার কিনলে লোক ছাঁটাই হওয়ার সম্ভাবনা থাকবে। কম্পিউটার চললে এক্ষুণি যদি লোক ছাঁটাই নাও হয়, যারা ট্রেড-ইউনিয়ন করেন তাঁরা জানেন যে, আগামী দিনে লোক নিয়োগের পথ বন্ধ করে দেবে এবং সেটা ছাঁটাই-এর মতই হবে। সরকার পক্ষ থেকে আমি শুধু একটা নমুনা দিচ্ছি কি করা হয়েছে, ট্রামওয়েজ কোম্পানী, সেখানে নোটিশ দিয়ে ২৪শে মার্চ, ১৯৮৪, সেখানে ম্যানেজিং ডিরেক্টার, নোটিশ দিয়ে দিলেন, তার লাস্ট লাইনটা হচ্ছে : Introduction of computer system for accounting in wage Section, Provident Fund Section, Accounts Section, Stores Section and wherever it is possible.

[5.30—5.40 P. M.]

আমাদের পক্ষ থেকে আন্দোলন করা হয়েছিল। আমরা ষড়যন্ত্রকারী, চক্রান্তকারী বলে আখ্যা দিয়ে দেওয়া হয়েছে। আমি শুধু এইটুকু জানাতে চাইছি যে, বর্তমানে আপনারা যা করছেন আর অতীতে যা বলেছেন তার সাথে কোন সামঞ্জস্য নেই। অতীতে সব কথা ভুল বলেছিলেন এটা যেমন সত্য নয়, তেমনি প্রত্যেকটি কাজে

এদের একটা উদ্দেশ্যমূলক লক্ষ্য রয়েছে—সেটা হচ্ছে একটি রাজনৈতিক ছায়াতে নিয়ে আসা। রাজনৈতিক কেন? অর্গানাইজড সেক্টরের লোকের অর্থ, চাঁদার বিনিময়ে, মিছিলের বিনিময়ে আপনারা রাইটার্স বিল্ডিংস দখল করেছেন। আজকাল সেই সব মানুষও আপনাদের আর চায় না, অর্গানাইজ্‌ড সেক্টর আপনাদের বুঝে নিয়েছে, তারা আইসোলেটেড হয়ে গেছে, বিচ্ছিন্ন হয়ে গেছে। তাই আপনারা গ্রামের মানুষদের নিয়ে দ্বিতীয়বার রাইটার্স দখল করবার চেষ্টা করেছেন। কিন্তু ভবিষ্যতে আপনাদের দ্বারা তারাও আর প্রভাবিত হবে বলে আমরা বিশ্বাস করি না—এটা রাজনৈতিক কারণ। মন্ত্রী মহোদয় নিশ্চয় জানেন গত বছর যখন তাঁর কাছে বলতে যাই তখন প্রভিডেন্ট ফাণ্ডের ১৫ কোটি টাকা ছিল, এখন সেটা বেড়ে ৩৫ কোটি টাকায় দাঁড়িয়েছে। এটা একটা ক্রিমিন্যাল অফেন্স সেটা আপনি জানেন। এ্যাকর্ডিং টু বাইপার্টাইট এগ্রিমেণ্ট তিনি নিজে দায়িত্ব নিয়ে করতে পারেন এবং প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা আদায় করার জন্য কেন্দ্রীয় সরকারের আইন আছে। ইণ্ডিয়ান পেনাল কোড, আই. পি. সি. এ্যাক্ট-এর ৪০৯ ধারার মধ্য দিয়ে প্রপার্টি এ্যাটাচ পর্যন্ত করা যায়, এনফোর্সমেণ্টে দিয়ে দেওয়া যায়। প্রভিডেণ্ট ফাণ্ড উদ্ধার করবার জন্য একটি জায়গায়ও আপনি সেই জিনিস করেছেন? সচেষ্ট হয়েছেন? কার টাকা? সরকারের নয়, মালিকের নয়। মালিকের কিছু অংশ থাকে, শ্রমিকের অর্জিত টাকা—৩৫ কোটি টাকা পড়ে রয়েছে। আপনারা তো সব রাজ্যের সঙ্গে বারে বারে তুলনা দেন, ভারতবর্ষের কোন্ রাজ্যে এই বিরাট টাকা পড়ে রয়েছে? সারা ভারতবর্ষের বহু উদাহরণ আমি দেখাতে পারি—সারা ভারতবর্ষে যেখানে ৯০ কোটি টাকা প্রভিডেণ্ট ফাণ্ডে পড়ে রয়েছে তার মধ্যে শুধু পশ্চিমবঙ্গের ৩৫ কোটি টাকা রয়েছে। আপনি ইচ্ছা করলেই আমাদের একজিসটিং আইন দিয়ে এই প্রভিডেণ্ট ফাণ্ডের পেন্ডিং টাকা আদায় করতে পারেন। এর জন্য রাজ্যের হাতে অধিক ক্ষমতা দেবার দরকার নেই, রাজ্যের হাতে যে ক্ষমতা আছে, কেন্দ্রের যে আইন আছে সেই আইন প্রয়োগ করলেই এই গরীব লোকগুলি বাঁচতে পারে। প্রত্যেক বছর প্রায় ১০ টু ১২ পারসেণ্ট লোক রিটায়ার করছে। এই ১০ টু ১২ পারসেণ্ট লোক যখন রিটায়ার করছে তার মেজর পোরশানই প্রভিডেণ্ট ফাণ্ড ছাড়া বাড়ী চলে যেতে বাধ্য হচ্ছে। আমি কংগ্রেস কম্যুনিষ্ট বেছে বলছি না। কিন্তু এই ১০ টু ১২ পারসেণ্ট যারা রিটায়ার করছে তারা প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা পাচ্ছে না। সরকার যদি এই বিষয়ে উদ্যোগ নেন তাহলে আমি দায়িত্ব নিয়ে বলতে পারি ৪০৯ ধারা ঠিকমত ভাবে এনফোর্স করা যায় এবং পুলিশকে এনফোর্স

করতে বাধ্য করলে বিরাট অংশের প্রভিডেণ্ড ফাণ্ড রিকভার্ড হতে পারে। আমরা বারে বারে বলেছি, কিন্তু সিটুর পক্ষ থেকে কেন বলা হয় নি জানি না। ইণ্টারেষ্ট কিছু আছে কিনা জানি না, পার্টি ইণ্টারেষ্ট কিছু আছে কিনা জানি না। সেম আর একটায় দেখুন—ই. এস. আই. স্কীমে ৫ কোটি টাকা পেণ্ডিং রয়েছে। কার টাকা? উনি এটা আদায় করতে পারেন নি। মালিকরা এগুলি নিয়ে সুদে খাটাবে, শ্রমিক দরদী শ্রমমন্ত্রী চুপ করে বসে থাকবেন, কোন চাপ সৃষ্টি করা হবে না। লেবার মিনিষ্টারের ঘরে গিয়ে বার বার বাইপার্টাইট, ট্রিপার্টাইট মিটিং-এর কথা বলেছি তবুও আজ পর্যন্ত হচ্ছে না। অপর দিকে গণশক্তির কথা বললেই আপনারা চেঁচাবেন—এই গণশক্তির কর্মচারীদের ই. এস. আই. স্কীমের জমা দেবার টাকার একটি ফাইল হাফিস করে দেওয়া হয়েছে।

(ভয়েস: ঠিক নয়)

আমি চ্যালেঞ্জ করে বলছি, ই. এস. আই. স্কীমের জমা দেবার টাকার ফাইল হাফিস হয়ে গেছে। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন এডুকেশন্যাল ইন্সটিটিউশনের বিষয় গভর্নমেণ্ট ডাইরেক্টলি নিয়ে নিয়েছেন। প্রভিডেণ্ট ফাণ্ডের বিষয় সরকার ডাইরেক্ট নিয়ে নিয়েছেন। কেন নিয়েছেন? প্রভিডেণ্ট ফাণ্ড কাউন্সিল আছে। সেই প্রভিডেণ্ট ফাণ্ড কাউন্সিলের দায়িত্ব কিছু থাকতে পারে। কিন্তু একটা স্পেশাল পারমিশন, এক্সট্রা-অর্ডিনারি পারমিশন নিয়ে এই লোকগুলির দায়িত্ব সরকার থেকে নিয়ে নিয়েছেন এবং সেখানে প্রায় কয়েক কোটি টাকা পেনডিং হয়ে আছে। এই সমস্ত টাকা ঐ ওভারড্রাফটের দেওয়া নেওয়ার ব্যাপারে খরচ করা হচ্ছে এবং তাকে ম্যানিপুলেট করা হচ্ছে। কার টাকা, কোথায় খরচ হচ্ছে? আমি দাবী করছি ইণ্টারেষ্ট সমেত ঐ টাকা ফেরত দিয়ে দেওয়া উচিত। আমি মনে করি ইট ইজ এ ক্রিমিন্যাল অফেন্স। প্রভিডেণ্ট ফাণ্ডের ব্যাপারে এ্যারেষ্ট করা উচিত। মিনিষ্টার এ্যারেষ্ট হতে পারেন, ৪০৯ ধারায় বিচার করা উচিত। ইণ্ডিয়ান পেনাল কোড অনুসারে বিচার করা উচিত। ওঁকে এ্যারেষ্ট করতে পারব না, আইন অনুযায়ী করা যায়। ওঁকে না করতে পারলেও ওঁর সেক্রেটারিকে করা যায়। আমি আপনার কাছে আর কয়েকটি কারখানার কথা বলব, সেগুলি আরো ভয়ঙ্কর ব্যাপার। আপনি জানেন ভেরি রিসেণ্টলি মিনিষ্টার ক্যালকাটায় একটি মিটিং করেছেন ইঞ্জিনিয়ারিং ফেডারেশনের দীর্ঘদিন পরে। ভাল কথা, অনেকদিন পরে এই মিটিং করলেন। এতে ২॥০ লক্ষ শ্রমিক যুক্ত। তার মানে ১০ লক্ষ শ্রমিক পরিবার তাদের সঙ্গে যুক্ত।

১২ মাসের এরিয়া পেন্ডিং। অনেকদিন পরে মিটিং করে অনেক দর কষাকষি করে ৫ মাসের এরিয়ার দিয়ে মিনিষ্টার ফয়সালা করে দিলেন। আমরা মেনে নিয়েছি। কিন্তু বলতে পারেন মিনিষ্টার যে, ৫ মাসের এরিয়ার কেন শ্রমিকরা নেবেন? এ তো শ্রমিকদের উপার্জিত পয়সা। ইনিসিয়ালি আমরা আমাদের দল থেকে বলে দিয়েছিলাম যে, এরিয়ারের ফয়সালা যেদিন হবে সেদিন টোট্যাল এরিয়ার দিতে হবে, তারপর ফয়সালা হবে, কিন্তু চিফ মিনিষ্টার বা মিনিষ্টার তাদের বাধ্য করতে পারেন নি। ঠিক তার আগেরবার এই জিনিস হয়েছিল। সেটাও একটা বিরাট ব্যাপার। মিনিমাম ৫০/৬০ টাকা করে যদি এক একজনের হয় তাহলে ২॥ লক্ষ শ্রমিকের ৭ মাসের টাকা কত হয় সেটা যদি হিসাব করে দেখেন তাহলে দেখবেন সেটা একটা বিরাট অঙ্কের টাকা হয়ে দাঁড়ায়। এই অঙ্কটা কোথায় যায় আমরা জানি, আর ওঁরা সরকারে আছেন ওঁরা জানেন না? জানেন, কিন্তু কোন অদৃশ্য কারণে এর কোন হিসাব কোনদিন দেবেন না সেটা আমরা জানি। ঠিক তার আগের বছর, আমরা সরকার থেকে চলে যাবার সময় একটা এ্যাওয়ার্ড দেওয়া হয়েছিল জুট ইণ্ডাষ্ট্রিতে। ওঁনারা আসার পর সেই এ্যাওয়ার্ডটা শেষ হয়ে যায়। সেখানে ১৯ মাসের এরিয়ার পেণ্ডিং হয়। কিন্তু এক মাসের এরিয়ার না দিয়ে সেখানে খুলতে বাধ্য করা হয়। এই টাকাটা কোথায় গেল? ৫০/৬০ টাকা করে দু' লক্ষ শ্রমিকের ১৯ মাসে কত টাকা হয় যদি হিসাব করে দেখেন তাহলে দেখবেন সেখানে কয়েক কোটি টাকা হয়ে যায়। যায় কোথায় এই টাকা? আমরা বলেছি এবং এই হাউসে আবার বলছি, কোন সময়ে সরকার পরিবর্তিত হয়ে আমাদের সমর্থিত সরকার যদি হয় তাহলে আমরা এই দুটি ফেডারেশনের সমস্ত শ্রমিককে সুদসহ টাকা ফেরত দিতে মালিকদের বাধ্য করবো। এটা তাদের এরিয়ারের টাকা, এটা তাদের উপার্জিত টাকা। আপনারা রেকর্ড রেখে দিন, আমরা এটা করবো। ওঁরা কিন্তু এটা করতে পারেন নি, তার কারণ সব জায়গায় নিজেদের লোক বসাবার চেষ্টা করছেন, আর কেন্দ্রীয় সরকারের ধুয়ো তুলছেন। কি করবেন কেন্দ্রীয় সরকার? কেন্দ্রীয় সরকারকে জুট ইণ্ডাষ্ট্রিজ ন্যাশানালাইজ করার কথা বলা হচ্ছে। আমি নীতিগতভাবে মনে করি অনেক ব্রড টার্মে ন্যাশানালাইজ করার ডিমাণ্ড চলতে পারে, কিন্তু ইজ ইট পসিবিল ইমিডিয়েটলি? ৬০টা জুট মিলকে ন্যাশানাইজ করে তার সমস্যার সমাধান করা এটা কি খুব বাস্তব এবং বিজ্ঞানসম্মত চিন্তা? সেটা কি ভায়াবল হবে? তার কোন ইনফ্রাষ্ট্রাকচার কেন্দ্রীয় সরকারের আছে কি? নেই, কিন্তু তা সত্ত্বেও চাপ সৃষ্টি করে বলা হচ্ছে জুট মিলগুলিকে ন্যাশানালাইজ করলে সমস্যার সমাধান হয়ে

যাবে। তা কিন্তু নয়। যদি একটু সচেতন হন তাহলে কিছু সমস্যার সমাধান করা যায়। আমরা দেখছি, জুট মিলগুলি থ্রেট করে করে এই সরকারকে দিয়ে কাজ করিয়ে নিয়ে চলে যাচ্ছে। এমন কি যে এগ্রিমেণ্ট হয়েছিল তাও বহু মালিক ইম্পি্লিমেণ্ট করছে না। এর জন্য কি ইন্দিরা গান্ধী দায়ী? তারপর 'র' জুট নেই বলে চিৎকার করা হচ্ছে, আমাদের মুখ্যমন্ত্রী এবং লেবার মিনিষ্টার স্বীকার করে নিয়েছেন যে, 'র' জুটের অভাব রয়েছে, আমরা কিন্তু বলছি 'র' জুটের অভাব নেই। এক্ষেত্রে ফাটকা হচ্ছে। কিছু ফাটকাবাজ 'র' জুট কিনে নিয়ে গিয়ে ষ্টোর করে রেখে দিচ্ছে। এক্ষেত্রে একটি অর্ডিন্যান্সের শুধু দরকার ছিল। আমি বিধানসভায় বলেছিলাম, একটি অর্ডিন্যান্স করুন যে, আগামী ১৯৮৪ সালে এবং ১৯৮৫ সালের বিগিনিং-এ যে কেউ 'র' জুট বিক্রি করবে এবং কিনবে তা সমস্ত ঐ প্রতিষ্ঠানের থ্রু দিয়ে করতে হবে। সেটা কিন্তু করলেন না। আজকে যদি সেটা করা হত তাহলে ফাটকাবাজী চলতো না, সুড় সুড় করে 'র' জুট বেরিয়ে যেত। তারপর আমরা জানি, কার কটা লুম চলে এবং এ্যাকর্ডিং টু দি প্রডাকশান ক্যাপাসিটি সেই অর্গানাইজেশানের থ্রু দি ডিষ্ট্রিবিউট করা যেত। কিন্তু শুধু ফাটকাবাজীর জন্য আমরা দেখলাম লক্ষ লক্ষ জুট মিলের শ্রমিকদের একটা চূড়ান্ত দারিদ্র্যের কষাঘাতের মধ্যে ফেলে দেওয়া হল। অদ্ভুত সব এঁদের কাজকর্ম। তারপর আরো দেখলাম ১৭টিতে লক-আউট হয়ে গেল, কিন্তু সেখানে একটিকেও ইললিগ্যাল লক-আউট বলে ঘোষণা করা হল না। সেখানে ষ্ট্যাণ্ডিং আইন আছে যে, এই রকম লক-আউটকে ইললিগ্যাল লক-আউট বলে ডিক্লেয়ার করা যায়, কিন্তু তা করা হল না। দীর্ঘদিন পরে অনেক কষ্টে ২টিকে না ৪টিকে করলেন এবং তাও করলেন শুক্রবার রাত্রে। তাঁরা জজের বাড়ীতে গিয়ে একটি জাজমেণ্ট নিয়ে সেটাকে ষ্টে অর্ডার করে নাকচ করে দিয়ে চলে এলেন। সেখানে সব ম্যানুপুলেট করে করা হল। এসব কার স্বার্থে হল? সেই মিলগুলিতে কাক-শকুন উঠেছে, মানুষজন সেখান থেকে পালিয়ে গিয়েছে। এমন কি সেখানে অনাহারে মৃত্যুও হয়েছে। আমরা জানি ১২/১৩ জন সেখানে মারা গিয়েছেন। এখন এসব বললেই বলবেন, প্রমাণ দাও, কিন্তু আমরা জানি এই সব ঘটনা ঘটেছে। তারপর একটা সিরিস অব ট্রাইপারটাইট মিটিং মুখ্যমন্ত্রী পরে করেছেন। এটা যদি ১।।/২ মাস আগে করতেন তাহলে আগেই একটা চাপ সৃষ্টি হত, কিন্তু সেটা করলেন না। মালিকরা যখন চাইলো তখন হল। মালিকরা আগেই বলে দিয়েছিলো যে, 'হোলি কা বাদ দেখা যায়গা কেয়া হোগা।' হোলির পর দেখা যাবে কি করা যায়। ঠিক তাই হল, যথারীতি হোলির পর নেগোসিয়েশানের জন্য ট্রাইপারটাইট মিটিং হয়েছে। তার

আগে হবে না এটা আমরা জানতাম। মালিকরা না চাইলে হবে না এটা আমরা জানতাম। ওরা চাইলে ষ্ট্রাইক হবে, আবার ওরা চাইলে ট্রাইপারটাইট মিটিং করে খোলা হবে। এর কারণ হচ্ছে জুটের টাকায় নির্বাচন হয়, কাজেই স্বভাবতঃই জুটের মালিকদের কনসেশান দিতে হয়।

[5.40—5.50 P.M.]

স্যার, আমি এর আগেও বলেছিলাম যে, বেকার ভাতা লেবার ডিপার্টমেন্ট থেকে করেছেন, সেটা তুলে দেবার জন্য। কারণ এটা বেকার ভাতা নয়, এটা চাকরভাতা। অনেকবার বলার পরে এবারে বাজেটে দেখছি যে, বেকার ভাতা উঠে যাচ্ছে। তার পরিবর্তে একটা নির্দিষ্ট পরিকল্পনা না থাকলেও নূতন একটা প্রকল্প চালু করা হবে বলে বলা হয়েছে। আমি এর জন্য সাধুবাদ জানাচ্ছি। তবে কি প্রকল্প নেওয়া হবে সেটা এখনও জানান হয় নি। আমি অনুরোধ করবো যে, এখনি মহারাষ্ট্রের অনুকরণে কমপাল্‌সারি এমপ্লয়মেন্ট স্কীম এখানে ইনট্রোডিউস করা হোক। বেকার ভাতা না দিয়ে, কায়েমী স্বার্থের কথা না বলে একটা পারমানেন্ট রিলিফ-এর কথা, যা কমিউনিষ্টরা বলে থাকেন, সেই ধরনের একটা আইন এখানে চালু করা হোক। এতে লজ্জার কিছু নেই। ভাল জিনিস যদি মহারাষ্ট্র সরকার করে থাকেন তাহলে সেটা নিতে কোন লজ্জা নেই। আর এটা নিশ্চয়ই বেকার ভাতা থেকে ভাল জিনিস। আপনারা অভিজ্ঞতা থেকে বুঝেছেন যে, বেকার ভাতা দিয়ে বা সামান্য টোকেন রিলিফ দিয়ে কোন সমস্যার সমাধান করা যায় না, কোন মৌলিক চিন্তার সৃষ্টি করা যায় না। সে জন্য মৌলিক কিছু যদি করতে হয় তাহলে মহারাষ্ট্র যে পথ আমাদের নির্দিষ্ট করেছে সেই পথে চলুন এবং যে স্কীম তারা নিয়েছে, সেই কমপাল্‌সারি এমপ্লয়মেন্ট স্কীম গ্রামের রুরাল আন-এমপ্লয়মেন্ট ইয়ুথদের জন্য চালু করুন।

স্যার, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর কথা মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে ছোটখাট সব মন্ত্রীরা গর্ব করে বলে থাকেন। যাঁরা ট্রেড ইউনিয়নের সংগে জড়িত, যাঁরা ট্রেড ইউনিয়ন করেন তাঁরা জানেন যে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে প্রত্যেকটি সেন্ট্রাল অর্গানাইজেশানের মেম্বার থাকেন। ৭ বছরের মধ্যে একটি মিটিংও হয়েছে কিনা আপনারা বলুন? অথচ আপনারা সব সময়ে বলে থাকেন যে, আপনাদের যত চাকুরি সব এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে দেওয়া হয়। আর ১৯৭২—৭৭ সাল পর্যন্ত যত চাকুরি দেওয়া হয়েছে সেগুলি সব ট্রামের টিকিটের উপরে দেওয়া হয়েছে। অদ্ভুত কথা। এই সব বস্তাপচা কথা আমরা আপনাদের থেকে শুনছি। (সরকারী

তরফের জনৈক সদস্য: এ্যাডভাইসরি কমিটি তো হয়েছে।) এ্যাডভাইসরি কমিটির কয়টা মিটিং আপনারা করেছেন? আপনারা আমার বলার সময়ে ইন্টারফেয়ার করছেন। আপনারা বলুন কয়টা মিটিং হয়েছে? আমি বলে দিতে পারি যে, কয়টা মিটিং হয়েছে। আমি নিজে দ্বিমুখী সদস্য। এক, এম. এল. এ. হিসাবে সদস্য। স্যার এক, সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন হিসাবে সদস্য। আমি জানি একটা মিটিংও হয় নি। ওখানে দু'নম্বরী খাতা তৈরী হয়ে আছে। বিজনেসে ট্যাক্স ফাঁকি দেবার জন্য যেমন বহু জায়গায় দু'নম্বরী খাতা রাখা আছে তেমনি ওখানেও দু' নম্বরী খাতা রাখা আছে এবং এগুলি প্যাট্রোনাইজড বাই দেম। তাঁদের লোকেরা গিয়ে তৈরী করেন, এল. সি.'র লোকেরা গিয়ে তৈরী করেন। আর একটা লোক দেখানো খাতা সেখানে রাখা আছে। এই দুটো খাতা সেখানে মেনটেন করা হচ্ছে। এই দুটো খাতা মেনটেন করার জন্য এবং তাকে ম্যানুপুলেশান করার জন্য একটা ম্যানুপুলেট যন্ত্র তৈরী করে রাখা হয়েছে। আমরা বারবার এই জিনিসের জন্য লিখিতভাবে চার্জ করেছি। আজও পর্যন্ত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মিটিং ডেকে সিদ্ধান্ত নেবার কোন ব্যবস্থা করা হচ্ছে না।

স্যার, আপনি লিলি বিস্কুট কোম্পানীর কথা জানেন। যে ভদ্রলোক এ্যানড্রিউ লে এসেছেন, তিনি লিলি বিস্কুট থেকে এসেছেন, সেখানে ২৫ পারসেন্ট ইউটিলাই-জেশন-এর জন্য। আপনার লেবার ডিপার্টমেন্টের কাজকর্ম কিভাবে চলছে সেই সম্পর্কে আমি স্পেসিফিক কতকগুলি কথা বলছি। সেই ভদ্রলোককে আবার ইনচেক রাবারের দায়িত্ব দেওয়া হয়েছে। যে ভদ্রলোক এর সঙ্গে যুক্ত আছেন, আমি তাঁর নাম করতে চাই না, নাম করলে আপনি এক্সপাঞ্জ করে দেবেন। তিনি একজন বড় লোকের বড় আত্মীয়। স্যার, আমাদের বড় আত্মীয় বললে সম্পর্কটা কি হয় সেটা আপনি নিশ্চয়ই জানেন। সেই আত্মীয় একজন বড় মন্ত্রীর। সুতরাং তাঁকে বার বার এই সব দায়িত্ব দেওয়া হচ্ছে। লিলি বিস্কুটে দেওয়া হয়েছে, যার ২৫ পারসেন্ট ইউটিলাইজেশান আজও পর্যন্ত হয় নি। তাঁকে আবার এখানে দেওয়া হয়েছে। আজকে ইণ্ডাষ্ট্রিগুলি ডিনোটিফিকেশান হবার জন্য লিষ্ট হয়েছে। তার পরে তিনি চলে গেলেন রাবারে। তিনি রাবারের কোন এক্সপার্ট নন, তাঁর কোন টেকনোলজিক্যাল জ্ঞান নেই। তা সত্বেও তাঁকে এ দায়িত্ব দেওয়া হচ্ছে শুধু আত্মীয়তার খাতিরে। এ্যানড্রিউ ল কোনরকমে ধুঁকছে। যে-কোন সময়ে ভেঙ্গে যেতে পারে। সেই লোককে আবার সিক ইণ্ডাষ্ট্রিতে লাগান হচ্ছে। এইভাবে সিক ইণ্ডাষ্ট্রিগুলিকে আরো ধ্বংস করা হচ্ছে। দমদমে একটা বিরাট এ্যালুমিনিয়ামের কোম্পানী আছে।

স্যার, সিক ইণ্ডাষ্ট্রিগুলি ধ্বংস হচ্ছে। দমদম এ্যালুমিনিয়াম একটা মাথা- ভারি সংগঠনে পরিণত হয়েছে। যখন এটি সিক তখন এখানে শান্তিবাবু ১৫০ জন লোক ঢুকিয়ে দিয়েছেন। এসব কথা কোন পার্টির কথা নয়, এগুলি নিয়ে চিন্তা-ভাবনা করার প্রয়োজন আছে। দমদম এ্যালুমিনিয়াম সম্বন্ধে আমরা কখনো শুনছি রুসি মোদি ওখানে ঘোরাঘুরি করছেন, তাঁকে এটা দিয়ে দেওয়া হবে, আবার কখনো শুনছি তিনি চলে গেছেন, এখন অন্য কোন মালিককে খোঁজা হচ্ছে, তাঁকে দিয়ে দেওয়া হবে। স্যার, ওখানে যে জায়গা আছে সে জায়গাটাই একটা সম্পদ। সরকার যদি ওখানে ন্যূনতম ফিনান্স করতে পারে তাহলে দমদম এ্যালুমিনিয়াম একচেটিয়া ব্যবসা করতে পারে। আমি দায়িত্ব নিয়ে বলছি, সরকার সামান্য কিছু ফিনান্স করলে দমদম এ্যালুমিনিয়াম একচেটিয়া ব্যবসা করতে পারবে। পশ্চিমবঙ্গ সরকার তথা বামফ্রন্ট সরকার আজকে এই সামান্য কাজটুকুও করতে পারছে না। অথচ সরকারী দলের সদস্যরা এখানে "কেন্দ্র দিচ্ছে না, কেন্দ্র দিচ্ছে না" বলে চিৎকার করছেন।

স্যার, কেন্দ্র কি দিয়েছে, না দিয়েছে, সে সম্বন্ধে আমি এখানে দুটো উদাহরণ দিচ্ছি। যে ফাইনানসিয়াল ইন্সটিটিউট থেকে ইণ্ডাষ্ট্রিতে বা ব্যবসায়ে সবচেয়ে বেশী অর্থ লগ্নী হয়—সবচেয়ে বড় ফাইনানসিয়াল ইন্সটিটিউট আই. আর. সি. আই.-র হেড কোয়ার্টার হচ্ছে কলকাতায় এবং তাদের মেজর বা লায়ন্স শেয়ার পশ্চিমবঙ্গের স্বার্থে ব্যয়িত হচ্ছে কিনা সেটা আমি মন্ত্রী মহাশয়ের কাছেই জিজ্ঞেস করছি। আমি আশা করছি মন্ত্রী মহাশয় এই প্রশ্নের জবাব দেবেন। এঁরা কেবল কেন্দ্র দিচ্ছে না, কেন্দ্র দিচ্ছে না বলছে। অথচ সবচেয়ে বড় ইণ্ডাষ্ট্রিয়াল ফিনান্স ইন্সটিটিউটের হেড কোয়ার্টার কলকাতায় করা হয়েছে এবং তাদের সবচেয়ে বেশী— ৬ % ইনভেষ্ট হয় পশ্চিমবাংলায়। তবুও বলছেন কেন্দ্র দিচ্ছে না। জুট শিল্পে কেন্দ্র দিচ্ছে না? ৭৫% এক্সপোর্ট ডিউটি দিল্লী মকুব করে দিয়েছে, কিছুদিন আগে পর্যন্ত র' জুট কেনবার জন্য ২০০ কোটি টাকা দিয়েছে যাতে এখানকার শ্রমিকরা এবং কৃষকরা বাঁচতে পারে এবং ডোমেসটিক কনজামশন তিন গুণ/চার গুণ পর্যন্ত বাড়িয়ে দিয়েছে। গত বছর ডোমেসটিক কনজামশন প্রায় ৭০% পর্যন্ত চলে গেছিল। তা সত্ত্বেও ইণ্ডাষ্ট্রিগুলিকে রাজ্য সরকার বাঁচাতে পারছে না। এর একটাই শুধুমাত্র কারণ এবং সেটা হচ্ছে মালিকদের একটু দাবিয়ে রাখতে পারছে না। যদি রাজ্য সরকার মালিকদের একটু দাবিয়ে রাখতে পারত, তাহলে এই ইণ্ডাষ্ট্রি ঠিকভাবে চলতে পারত। মালিকগুলিকে দাবিয়ে না রেখে যদি রাজনৈতিক কারণে মালিকদের সঙ্গে অন্য ব্যবস্থা হয়, তাহলে জুট শিল্প বাঁচতে পারে না। আমরা যতই শ্লোগান দিই না

কেন, আড়াই লক্ষ শ্রমিকের মৃত্যু অবধারিত, এটা জেনে রাখুন, কেবল কেন্দ্রীয় সরকার কি করেছে, না করেছে বললেই হবে না। ইন্দিরা গান্ধী দ্বিতীয়বার ক্ষমতায় আসার পর ১৯৮২ সালে, মাত্র দু' বছরের মধ্যে তিনি ন্যাশনালাইজড করেছেন ৬টি জুট মিলকে। যেটা সবচেয়ে বড় জুট মিল, যেটা নিয়ে সবচেয়ে বেশী হেড য়্যাক্ ছিল—ন্যাশনাল জুট মিল—সেটাকে ন্যাশনালাইজড করে দিয়েছেন। কেন্দ্রীয় সরকার আর কি করতে পারেন জুট শিল্পের জন্য? এক্সপোর্ট ডিউটি ফ্রি করে দিয়েছেন, ডোমেসটিক কনজামশন বাড়িয়ে দিয়েছেন, র' জুট কেনবার জন্য ২০০ কোটি টাকা দিয়েছেন, বিভিন্ন খাতে ওভার ড্রাফট নেবার ক্ষমতা দিয়েছেন, ৬টি মিলকে ন্যাশনালাইজড করেছেন। এখন শুধু যেটা দরকার সেটা হচ্ছে চটকল মালিকদের একটু ধমক দিয়ে দাবিয়ে রাখতে হবে। 'কিন্তু রাজ্য সরকার এই কাজটুকুও করতে পারছে না। স্যার, আপনি বজবজ জুট মিলের মালিকের স্পর্ধার কথা শুনলে অবাক হয়ে যাবেন। জ্যোতিবাবু নিজে যে এগ্রিমেণ্ট করেছিলেন, সেই এগ্রিমেণ্ট তারা ইমপ্লিমেণ্ট করছে না। তারা আই. জে. এম. এ. দেখাচ্ছে। আজকে সেখানে সি. আই. টি. ইউ., আই. এন. টি. ইউ. সি. সবাই মিলে ষ্ট্রাইকের কথা ভাবতে হচ্ছে, ঐ মালিক সবাইকে নামাতে বাধ্য করেছে। এ লজ্জা কার? শুধু আমার একার? এটা জ্যোতিবাবুর লজ্জা নয়? যে এগ্রিমেণ্ট ভায়োলেট করছে তাকে শাস্তি দেবার জন্য কি রাজ্যের হাতে অধিক ক্ষমতার প্রয়োজন আছে? কেন আজকে বজবজ জুট মিলের মালিককে কোমরে দড়ি বেঁধে নিয়ে আসা হচ্ছে না এবং তাকে এগ্রিমেণ্ট ইমপ্লিমেণ্ট করতে বাধ্য করা হচ্ছে না? কেন দিনের পর দিন মিল বন্ধ হয়ে থাকবে এবং সেখানকার শ্রমিকরা আবার নতুন করে মৃত্যু পথ-যাত্রী হবে? যদি একজন মিল মালিক মুখ্যমন্ত্রীকে ভ্রুকুটি দেখায়, লাল চোখ দেখায়, কলা দেখায়, তাহলে আমরা কোন্ দেশে বাস করছি! এটা আজকে আমাদের বিবেচনা করে দেখতে হবে। আমি সরকার পক্ষকেও এটা বিবেচনা করতে অনুরোধ করছি।

স্যার ওঁরা আমাদের বিরুদ্ধে অভিযোগ করে বলেন যে, আমরা নাকি কিছুই করিনি। আমি এখানে শুধু একটা উদাহরণ দিচ্ছি—আমাদের সময়ের শেষের দিকে, যখন ১৯৭৭ সালে আমরা ক্ষমতা থেকে চলে আসি তখন অর্গানাইজড সেক্টরে এ্যাভারেজ পার-ক্যাপিটা এ্যানুয়াল আরনিং ছিল—যেখানে ১৯৬১ সালে ১৪১০ টাকা ছিল, সেখানে সেটা বেড়ে ১৯৭৭ সালে হয়েছিল ৬৩১২ টাকা। এটা আমরাই করে গিয়েছিলাম। এই সময়ের মধ্যে অবশ্য মাঝে কিছুদিন ওঁরা মন্ত্রী হলেন, কিন্তু তখনো এই অঙ্কটা বৃদ্ধি পায় নি। আমরা ১৯৭৭ সালে এই অঙ্ককে পৌঁছে দিয়েছিলাম। আমি শুধুমাত্র একটা উদাহরণ দিলাম। অথচ এখানে বলা

হয় আমরা ওয়ার্কিং ক্লাশের জন্য নাকি কিছুই করিনি। কিন্তু এটা ঠিক নয়। বরঞ্চ ওয়ার্কিং ক্লাশের জন্য আমরা যত আইন তৈরী করেছি তত আইন অন্য কেউ করেনি। তবে আমরা কখনই দাবী করি না যে, আমরা শুধু ওয়ার্কিং ক্লাশকেই রিপ্রেজেন্ট করি। আমরা সমস্ত ক্লাশকেই রিপ্রেজেন্ট করি বলে আমাদের পলিটিক্যাল দাবী। অথচ শুধুমাত্র ওয়ার্কিং ক্লাশকে রিপ্রেজেন্ট করে বলে যাঁরা দাবী করেন, তাঁরা আমাদের মত ওয়ার্কিং ক্লাশের জন্য কোন নতুন আইন করেন নি।

[5.50—6.00 P.M.]

কিছু কিছু নতুন আইন এখানে করবার চেষ্টা করেছেন, কিন্তু সেগুলি সমস্ত পুরানো আইনকে নতুন করার, নবীকরণ করার চেষ্টা করেছেন, নতুন কোন আইন নয়। আমি নতুন কিছু আইন করবার জন্য সুপারিশ করবো পরে, কিন্তু তার আগে আমি বলতে চাই, পালেকর কমিশনের মাধ্যমে জারনালিষ্টদের জন্য যে অ্যাওয়ার্ড দেওয়া হয়েছিল—তাতে দু'রকম রেকোমেনডেশান ছিল—সেই রেকোমেনডেশানের ইমপ্লিমেণ্ট কিছুই করেন নি। কোন একটি সংবাদপত্রের সঙ্গে নেগোসিয়েশান করে কিছু করেছেন ? কিছুই করেন নি। আপনি একটার পর একটা দেখুন, ওনাদের নিজেদেরই কাগজ বসুমতী, গণশক্তি, সত্যযুগ থেকে আরম্ভ করে সমস্ত বড় কাগজ-গুলি—যারা এই অ্যাওয়ার্ডের ইমপ্লিমেণ্ট করে নি। আজকে সব সংবাদপত্রই এই অ্যাওয়ার্ডকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাচ্ছে। আজকে মন্ত্রীর ক্ষমতা নেই যে, এটাকে স্বীকার করেন। পালেকর অ্যাওয়ার্ডকে ইমপ্লিমেণ্ট করার কোনরকম ব্যবস্থা তিনি করতে পারেন নি। কেন করতে পারেন নি ? তিনি এখানে বড় করে বলেছেন যে, সেই অ্যাওয়ার্ডের রেকোমেনডেশানটাকে ইমপ্লিমেণ্ট করার জন্য ব্যবস্থা করবো। এটার ইমপ্লিমেণ্ট করার সমস্ত দায়িত্ব তাঁরই উপর, অন্য কারোর নয়। কেন্দ্রীয় সরকার যে সুপারিশ গ্রহণ করেছিল তার ইমপ্লিমেণ্ট করার দায়িত্ব ওনার, কিন্তু তিনি করেন নি। কেন করেন নি ? কি ভয় ? ছোট বড় সমস্ত কাগজগুলির নন্-জার্নালিষ্ট এ্যাণ্ড জার্নালিষ্টস তারা তাদের ন্যূনতম ডিউ এ্যাডভান্টেজ থেকে বঞ্চিত হচ্ছে কেন ? কেন বাধ্যতামূলকভাবে তার ব্যবস্থা করছেন না ? শুধু রাজনৈতিক কারণে ? মুখে গালাগালি দেওয়া হবে আর আদতে যারা সত্যিকারের শ্রমিক-কর্মচারী তাদের স্বার্থের দিকে আদৌ দৃষ্টিপাত করা হবে না—এটা করা উচিৎ নয়। আজকে যান না বসুমতীতে। গিয়ে দেখবেন শুধু ছবি। সমস্ত বেআইনী কাজ, ইরেগুলারিটিস কাজ

আর দুর্নীতি সেখানে ভরে গেছে। মেটিরিয়ালস ডকুমেণ্ট এবং বামপন্থী নেতাদের সই করা কাগজ পর্যন্ত আমরা দিয়েছি। এখনও তার কোন ব্যবস্থা হয় নি। শ্রমিক-কর্মচারীদের স্বার্থ দেখা তো দূরের কথা, ইউনিয়ন পর্যন্ত ভেংগে দেওয়া হয়েছে, ডি-রেকগ্‌নাইজ করে দেওয়া হয়েছে একটার পর একটা ইউনিয়নকে। আমরা এইসব করি নি। একটা জায়গা দেখান যে, আমরা ডি-রেকগ্‌নাইজ করে দিয়েছি। অন্যদিকে ডি. পি. এল. দেখুন, আই. ডি. পি. এল. দেখুন, বসুমতী দেখুন, মেটাল বক্স দেখুন—এইরকম বহু জায়গায় আমাদের ইউনিয়নকে ডি-রেকগ্‌নাইজ করে দেওয়া হয়েছে। কিসের জন্য? ন্যূনতম উদারতা যাদের না থাকে তাদের প্রগতিশীল বলা যায় না। ন্যূনতম স্বীকৃতি দেবার মানসিকতা যদি না থাকে তাহলে প্রগতিশীল, গণতান্ত্রিক দল বলা যেতে পারে না, প্রগতিশীল সরকার বলা যেতে পারে না। সেই জন্য বলছি, ন্যূনতম উদারতা ট্রেড ইউনিয়নের ক্ষেত্রে আপনারা দেখাতে পারেন নি। তার জন্য আমি মনে করি এই সরকারের আমলে ট্রেড ইউনিয়নের ক্ষেত্রে সবচেয়ে বেশী আঘাত এসেছে। আজকে একে যদি আপনারা শান্তি বলেন তাহলে বলবো এটা শ্মশানের শান্তি, কবরের শান্তি। এই শান্তি কে চায়? যেখানে কোন কনফ্রনট্রেশান হয় না, যেখানে মালিকের সঙ্গে ব্যক্তিগত সংঘাত কিম্বা সংঘর্ষ হয় না—যেখানে আপনারা বলেন ক্যাপিটালিষ্ট কান্ট্রিতে রয়েছি—সেখানে নিশ্চয়ই কোথাও ত্রুটি আছে জানতে হবে। এই যে সংঘর্ষ হচ্ছে না তার মানে হচ্ছে মালিকের সঙ্গে আঁতাত করে বসে আছেন এবং এই আঁতাত করতে বাধ্য হয়েছেন সরকারের এই দুর্বলতার কারণে। যেখানে যেখানে আক্রমণ হয়েছে সেইসব আক্রমণের কপিগুলি যদি ছাপিয়ে দেন তাহলে দেখা যাবে সমস্ত আক্রমণগুলি নয় মালিকের কাছে বিক্রি করেছেন, আর নয় দাসখৎ লিখে দিয়ে আক্রমণে সই করেছেন। এই জিনিস আমরা দেখেছি লিপটনে। ইণ্ডিয়ান অক্সিজেনে যেখানে জ্যোতিবাবু প্রেসিডেণ্ট—আমাদেরও সেখানে পাল্টা ইউনিয়ন আছে—সেখানে দেখলাম দাসখৎ দিয়ে টাটার সঙ্গে, রুসি মোদির সঙ্গে এগ্রিমেণ্ট করে দিলেন। আমরা লিপটনেরও এগ্রিমেণ্ট দেখেছি। আমরা মেটাল বক্সের এগ্রিমেণ্ট দেখেছি। কিছুদিন আগে ভারতীয় ইলেকট্রিক কোম্পানীর এগ্রিমেণ্ট দেখলাম। এই এগ্রিমেণ্ট পুরো কালো এগ্রিমেণ্ট। সরকার বলে দেয় প্রডাকশানকে কেন্দ্র করে এগ্রিমেণ্ট করতে হবে। আজকে ভাবতে পারেন, পশ্চিমবঙ্গের মত একটা সচেতন জায়গায় মালিক ফেলে দিচ্ছে তার চার্টার অফ ডিমাণ্ড এবং তার উপর ভিত্তি করে কথাবার্তা বলতে হবে। তার চার্টার অফ ডিমাণ্ড যদি ফুল-ফিল হয় তাহলে সে কারখানা খুলবে, নতুবা কারখানা খুলবে না। এইভাবে ট্রেড ইউনিয়ন

মুভমেণ্ট গতিশীল হবে? ট্রেড ইউনিয়ন মুভমেণ্টকে গলা টিপে মারা হচ্ছে গত ৭ বছর ধরে। যেটুকু আমি জানি, কিছু কিছু ফাণ্ডামেণ্টাল জিনিস কিছু কিছু জায়গায় ওনারা দিয়েছেন, কিন্তু কিছু কিছু জায়গায় এখনও দেন নি। আমি মনে করি সেখানে ফাণ্ডামেণ্টাল রাইট হিসাবে দেওয়া উচিৎ—লেবার এণ্ড ইণ্ডাষ্ট্রিয়ালস-এবলেছে—২ পাতায় আছে—তাতে মিনিমাম ফাণ্ডামেণ্টাল রাইটস এণ্ড প্রিভিলেজ দেওয়া হয়েছে ওয়ার্কিং ক্লাসকে। তার একটি জায়গায় আছে, The State can no more be a neutral onlooker, but must interfere as the protector of the social good.

সেখানেই সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন প্রটেকশান দিতে। যদি সরকার প্রটেকশান দিতেন তাহলে সরকারের যে-সমস্ত তাঁবেদার দল আছে তারা একসাথে মুভমেণ্ট করতো এবং সেই মুভমেণ্ট আরো জোরদার হতো এবং এর ফলে একচেটিয়া পুঁজিপতি এবং মুনাফাখোররা কিছুটা দুর্বল হতো। কিন্তু তা হয় নি।

মুভমেণ্ট জোরদার হতো এবং তাতে একচেটিয়া পুঁজিপতি এবং কিছু মুনাফাখোর দুর্বল হতো, কিন্তু তা হয় নি। এই যে দুরবস্থা তার রহস্য আজ আপনাকে উদ্‌ঘাটন করতে হবে। আমি আবেদন করছি একটা আইন আনার জন্য। নূতন নূতন কিছু কিছু আইন আনা হয়েছে এবং আমি তাকে সাপোর্টও করেছি। আমি ওনাকে বলব সোস্যাল জাষ্টিসের উপর কিছু নূতন আইন আনুন। আমি ওনাকে অনুরোধ করছি এটা বিবেচনা করার জন্য একটা নূতন আইন যেন উনি আনবার চেষ্টা করেন। সোসাল জাষ্টিস এখানে পায় না। এখানে দেখবেন ওয়ার্কিং ক্লাস ম্যানেজমেন্টের কাছে ইউনিয়ন ড্রাইভ করতে গিয়ে যদি কালিঝুলি মেখে সামনে গিয়ে দাঁড়ায় বা বসে, মালিক হয়ত তাকে বসতে বলবে, কিন্তু রেগে তার উপর অত্যাচার শুরু করে দেবে। এখনও যে-সমস্ত অত্যাচার মালিকরা করেন সেই সমস্ত আইনগুলো দেখা দরকার। যে আনফেয়ারমিন্সগুলো রয়েছে সেগুলো বন্ধ করার জন্য নূতন নূতন আইন আনুন, আমাদের সমর্থন থাকবে। এ সম্বন্ধে আমি একটা বইয়ের কথা বলছি, বইটা বলে দিই, আনফেয়ার লেবার প্র্যাকটিশ, পাতা ২৫৭, সেখানে আপনি দেখবেন যে টোটাল প্রায় ১৫টা আনফেয়ারমিন্সের কথা বলা আছে। তার মধ্যে অন্ততঃপক্ষে কয়েকটা :

threatening employees with discharge or dismissal, if they join a union ;

threatening a lock-out or closure, if a union should be organised ;

granting wage increase at crucial periods of union organisation with a view to undermining the effects of organisation ;

to dominate, interfere with or contribute support financial or otherwise to any union, that is to say ;

an employer taking active interest in organising a union of his employees ; and

an employer showing partiality or granting favour to one of the several unions attempting to organise or to its members.

to establish employer sponsored unions. এর উপর আইন আনার দরকার আছে। যে ট্রেনিং এখানে চলছে, এখানে ইউনিয়নের যে অধিকারটা দিয়েছেন তারা আইনসঙ্গত সেই অধিকার থেকে বঞ্চিত হচ্ছে।

এই যে-সমস্ত জিনিসগুলি আছে এই আনফেয়ারমিন্সগুলি ডিটেল পড়তে সময় লাগবে। এই সঙ্গত আইনগুলি আপনি আনুন, এইগুলি আনলে আমরা আপনাকে সমর্থন করব। আমরা জানি আপনি কয়েকটা ভাল ভাল জিনিস আনবার চেষ্টা করছেন, ডিটেল আমি পড়ব না, এই সঙ্গত কারণে আইনগুলো আনবার চেষ্টা করছেন এবং আমার শেষ দাবী আপনার কাছে যে, এটা সচল করুন। গতিহীন অবস্থাটা এটা একটা অসুস্থ অবস্থা লেবার দপ্তরে পড়ে রয়েছে এবং আপনার গতিহীনতা চেনওয়াইজ চলে যাচ্ছে, ইলেকট্রিফায়েড হয়ে যাচ্ছে। আপনি অনেক ভাল ভাল কথা বলেন। আপনার দায়িত্ব অস্বীকার করি না, কিন্তু কোথায় দুর্বলতা, কোথায় অক্ষমতা আমি খুঁজে পাচ্ছি না। এটা যদি আপনি খুঁজে বার করতে পারেন তাহলে নিশ্চয় সেটা একটা ভাল জিনিস হবে, নতুবা ভবিষ্যত অন্ধকার। এই কথা বলে আমি প্রতিবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকমল সরকার: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুব্রতবাবু এতক্ষণ ধরে যা বললেন মুশকিল হল যে, কোন পয়েন্ট ধরব তার উপায় নেই। যাই হোক আপনার সামনে যে বাজেট উপস্থিত করা হয়েছে তার উপর পূর্ণ সমর্থন জানিয়ে আমি এই কথা বলতে চাই যে, সুব্রতবাবু মূল ব্যাধিটাই এড়িয়ে গেলেন। উনি জানেন না আমি এই কথা বলছি না। একটা পুঁজিবাদী দুনিয়াতে, ভারতবর্ষের মত পুঁজিবাদী রাষ্ট্রে যেখানেতে ব্যাধিটা সেই পুঁজিবাদটাই, সেখানে মূল ব্যাধি সেটা উৎখাত না হলে শ্রমিকদের ভালর জন্য বলে কিছু হবে না। উনি এতক্ষণ ধরে কোন কথা বললেন না। এই জন্য সুব্রতবাবু—

(গোলমাল)

আপনি ছেলেমানুষের মত বিহেভ করছেন। আশা করি কথাটা রাখবেন। পুঁজিবাদের এই ব্যাধিটা না দেখতে পারলে শুধুমাত্র ছুটকো কথা দিয়ে কোন

সমাধানের দিকে পৌঁছতে পারবেন না। এদিকে পৃথিবীর সমস্ত দেশেতে যেখানে পুঁজিবাদ সেখানে ভয়ঙ্কর ধরণের একটা সঙ্কটের মধ্যে দিয়ে যাচ্ছে এবং সেই সঙ্কটের ফলে সেখানকার ট্রেড ইউনিয়ন আন্দোলন দারুণভাবে ধুঁকছে। এমন এমন দেন আছে যারা অতীতে অনেক বীরত্বপূর্ণ সংগ্রাম করেছেন, যেমন ইংল্যাণ্ড, জার্মানী, ফ্রান্স—এইচ সমস্ত জায়গা সেখানেতে দেখা যাচ্ছে আজকে এমন কি ডবলিউ. এস. টি. বিশ্ব ট্রেডইউনিয়ন কংগ্রেস সেখানে তাদের থমকে দাঁড়াতে হচ্ছে। কোন কৌশল দিয়ে আজকে একে রোখা যায়?

নতুন নতুন কৌশলের কথা ভাবতে হচ্ছে। এই রকম সঙ্কটজনক সময়ের সুযোগ পুঁজিপতিরা নেয়। আজকে আমাদের দেশে ওঁরা লে-অফ, লক-আউট, রিট্রেঞ্চমেণ্টের মধ্যে দিয়ে আক্রমণ করছেন এবং এই আক্রমণের মধ্যে দিয়ে তাঁরা শ্রমিক সংখ্যা কমিয়ে দিচ্ছেন। আজকে ভারত সরকার ডি-নোটিফিকেশনের ব্যবস্থা করেছেন, অর্থাৎ যেসব কারখানাগুলি নিয়েছিলেন সেইসব কারখানাগুলি আজ ছেড়ে দিচ্ছেন পুঁজিপতিদের হাতে। এই অবস্থায় শ্রমিকদেয ভাবতে হচ্ছে কোন পদ্ধতিতে আন্দোলন করবেন তাঁরা। পশ্চিমবাংলায় আমাদের থমকে দাঁড়াতে হয়েছিল যে, কখন আক্রমণ করবে। এর বিরুদ্ধে নিশ্চয়ই আন্দোলন করতে হবে। একমাত্র প্রতিকারের রাস্তা হচ্ছে সাধারণ ধর্মঘট করা। এই সাধারণ ধর্মঘট করা বা কোন্ সময়ে কি পদ্ধতি গ্রহণ করলে পুঁজিপতিদের ঘায়েল করতে পারবো সেটাই আমাদের দেখতে হবে। আমরা বার বার ধর্মঘট করেছি। ধর্মঘট করে ইঞ্জিনিয়ারিংয়ে আমরা মীমাংসা করতে পেরেছি। ধর্মঘটের নোটিশ দিয়ে চা-বাগানে মীমাংসা করতে পেরেছি। ৮৪ দিন ধর্মঘট করে এই ১৯৮৪ সালে চটকলগুলির ব্যাপারে একটি চুক্তি করতে পেরেছি মালিকদের দিয়ে। এ ব্যাপারে ধন্যবাদ দেবো শ্রম-বিভাগকে, বিশেষ করে শ্রমমন্ত্রীকে, কারণ তাঁর প্রত্যক্ষভাবে হস্তক্ষেপের ফলে মালিকরা যেসব কৌশল করতে চেয়েছিলেন তার একটিও করতে পারেন নি। মালিকেরা চেষ্টা করেছিলেন শ্রমিকদের উপর আরও ওয়ার্ক লোড চাপিয়ে দিতে। এব্যাপারে সেখানে একটি কমিটি হয়েছে। আপনার কাছে 'লেবার ইন ওয়েষ্ট বেঙ্গল' বই যেটা আছে তাতে পুরোপুরি চুক্তিটি ছাপা হয়ে গেছে, কিছুই চেপে যাওয়ার চেষ্টা হয় নি। ধন্যবাদ দেবো সুব্রতবাবুকে দুই হাত তুলে সমর্থন করেছিলেন বলে। কিছু কিছু ট্রেড ইউনিয়ন, যাঁদের বাল্যকাল কাটেনি, তাঁরা আপত্তি করেছিলেন, কিন্তু সুব্রতবাবুরা সমর্থন করেছিলেন। আমরা ১৯৮১ সালের তুলনায় ১৯৮২ সালে দেখেছি পশ্চিমবাংলায় কেন্দ্রীয় সরকারের অধীনস্থ যতগুলি কলকারখানা রয়েছে, সেগুলো গুটিয়ে নিচ্ছেন তাঁরা। ফলে সেখানে যে কর্মসংস্থানের

সুযোগ ছিল তাও চলে যাচ্ছে। এর ফলে ১৯৮১ সালে শ্রমিকসংখ্যা যেখানে ৪.৩৮ হাজার ছিল, সেখানে ১৯৮২ সালে সেটা ৪.৩১ হাজারে এসে দাঁড়িয়েছে। এটা ভারত সরকারের ইকনোমিক রিভিউ থেকে তথ্য নেয়া, এটা ছাপা ফিগার। এই-ভাবে অন্যান্য জায়গায়ও দেখছি পশ্চিমবাংলায় বিভিন্ন ভাবে শিল্পসংস্থা বাড়ছে না। আমি অন্য জায়গা থেকে একটি তথ্য দিচ্ছি। সেই তথ্যে বলা হয়েছে : The net value of production in the country was Rs. 15,077 crores in 1951, Rs. 3,966 crores in 1964 and Rs. 8,696 crores in 1978. এই যে ইণ্ডাষ্ট্রিয়াল প্রডাকশন আমরা দেখছি, এই প্রডাকশনের যে রেট তা ১৯৫১ সালে ওয়েষ্ট বেঙ্গলে ছিল ২৩.৯, কিন্তু তা ১৯৮৭ সালে ১১'৯-তে নেমে গেল।

এই কথা হাউসের মধ্যে অনেকবার আলোচনা হয়েছে এবং তথ্যও দেখানো হয়েছে। আমাদের হলদিয়ায় যতগুলি কারখানা হওয়ার কথা ছিল, যাতে লক্ষ লক্ষ বেকার ছেলের চাকুরি হতো, ভারত সরকার সেই কারখানার অনুমোদন দিল না। তাই এখানে কারখানা হতে পারলো না। তার ফলে আমরা দেখছি ইণ্ডাষ্ট্রির ক্ষেত্রে অন্যান্য রাজ্যে ইণ্ডাষ্ট্রি বাড়ছে, আর পশ্চিমবাংলায় কমছে। অন্যান্য রাজ্যে ইণ্ডাষ্ট্রি বাড়ার হার হলো শতকরা ৭'০ ভাগ, আর ওয়েষ্ট বেঙ্গলে বাড়ছে শতকরা ৩'৪ ভাগ। এই যে পজিশানে এসেছে, তার কারণ হলো আমরা যেটা বলি এবং ওনারা তাতে আপত্তি করেন, ভারত সরকারের বিমাতৃসুলভ আচরণের জন্য এটা হয়েছে। ইংরেজ আমলে শিল্পের ক্ষেত্রে এবং তার উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবাংলা প্রথম ছিল। সেটাকে নামাতে নামাতে সপ্তম/অষ্টম স্থানে আনা হয়েছে। এই অবস্থার সৃষ্টি করা হয়েছে। এই অবস্থার মাঝে শ্রমিকদের সমস্যা আছে, আগেও এই সমস্যা ছিল—এখন এটা বেড়েছে। ঐ সমস্যা বেড়ে যাওয়ার ফলে ধর্মঘট হচ্ছে। আমাদের যে ক্ষমতা সেই ক্ষমতার মধ্যে দিয়ে এই সমস্যাগুলি আমরা কমাতে চাই। কমাতে চাই বলে সকলে আপত্তি করেছিল। সকলে আপত্তি করেছিল বুঝলাম যখন চটকলের মালিকদের যতখানি পেরেছে তাতিয়ে দিয়েছে। আমি বিশেষ করে সুব্রতবাবুকে বলছি তিনি যতগুলি অভিযোগ করেছেন সেই অভিযোগগুলি তাঁর বিরুদ্ধেই যায়। শিল্পের সঙ্গে সংযুক্ত ট্রেড ইউনিয়ন তাঁরাও করেন, আই. এন. টি. ইউ. সি.—ভারতবর্ষের সব চেয়ে বড় সংগঠন তাঁরাই করেন। আমরা বার বার ভারত সরকারের কাছে এবং বিশেষ করে কমার্স মিনিষ্টার, যিনি এখন অর্থমন্ত্রী হয়েছেন তাঁর কাছে চটকল জাতীয়করণের কথা বলেছি। তিনি বলেছেন যে, এখন এই শিল্পকে হাতে নেওয়া যাব না, এই শিল্পকে রাষ্ট্রীয়করণ করা যাবে না। কারণ এতে লাভ হচ্ছে। যতক্ষণ লাভ হবে, যতক্ষণ

পর্যন্ত না বন্ধ হয়ে যায়, যতক্ষণ না পর্যন্ত কারখানাটি দুস্থ হয়ে যায়, ততক্ষণ সেই কারখানাকে নেওয়া যাবে না। অর্থাৎ কারখানা লাভে চললে তাকে নেওয়া যাবে না। যখন তাঁর সমস্ত শাঁস বের করে নেওয়া হবে তখন সেই কারখানাকে নেওয়া যেতে পারে। যখন তার চলবার অবস্থা থাকবে না, সেই কারখানার অবশিষ্ট বলতে লোহা-লক্কড় ছাড়া আর কিছুই থাকবে না, তখন সেই কারখানাকে দয়া করে সিক ইণ্ডাষ্ট্রি বলে ঘোষণা করবেন এবং নিয়ে নেবেন। ভারতবর্ষের এবং পশ্চিমবাংলার যা অর্থনৈতিক অবস্থা রয়েছে তাতে সেই শিল্প ভালভাবে বাঁচতে পারে না, ধিক্ ধিক্ করে সেটা চালাবার চেষ্টা করতে হবে। এই হচ্ছে ভারত সরকারের নীতি। এই নীতির বিরুদ্ধে আমরা লড়াই করছি। আমরা বলেছি চটকলকে জাতীয়করণ করতে হবে, রাষ্ট্রীয়করণ করতে হবে। কারণ এটা সম্ভবনাপূর্ণ শিল্প। এই ব্যাপারে আমরা শ্রীমতী ইন্দিরা গান্ধীর সঙ্গে দেখা করি এবং তাঁকে এই ব্যাপারে বলি। তাঁকে আমরা বোঝাবার চেষ্টা করেছিলাম। আমার মনে হয় তিনি এই ব্যাপারটা বুঝতে পেরেছেন। তিনি আমাদের সঙ্গে একমত হয়েছেন। আমরা বলেছিলাম যে, এই শিল্প সারা পৃথিবী জুড়ে উঠছে। আগে চীনে এই শিল্প ছিল না। এখন চীনে এই শিল্পের উৎপাদন বেড়ে গেছে। তারা এখন এমন অবস্থায় আছে যে, সারা বিশ্বের যে চাহিদা সেই চাহিদা পূরণ করবার ক্ষমতা রাখে। সেখানে এই শিল্প বিরাট আকার ধারণ করেছে। অনেকে বলছেন যে, সিনথেটিক গুডস্-এর বাজার নষ্ট করে দিচ্ছে। কিন্তু সিমথেটিক গুডস্-এর বাজার নষ্ট করতে পারবে না। আমরা বলেছিলাম সিনথেটিক জিনিস দিয়ে ঔষধ প্যাক করলে ঔষধ নষ্ট হয়ে যাবে। খাদ্য প্যাক করলে খাদ্য নষ্ট হয়ে যাবে। আমেরিকার নিউজউইক নামে একটি পেপারে এবং অন্যান্য কাগজে তাঁরা এই কথা বলেন। কিন্তু পাটজাত দ্রব্যে সেটা হবে না। এই সমস্ত কারণে এই শিল্পের বিকাশ ঘটানো দরকার। সেই জন্য এই চটকলকে জাতীয়করণ করা দরকার। তা না হলে এই শিল্প একেবারে নষ্ট হয়ে যাবে। এই শিল্প যাতে ভারত সরকারের হাতে থাকে তার জন্য রাষ্ট্রীয়করণ করা হোক। এই শিল্পকে বাঁচালে এর সঙ্গে অনেক শিল্প বাঁচতে পারে। এই কথা আমরা বলেছিলাম।

[6.10—6.20 P.M.]

প্রধানমন্ত্রীর কথা শুনে মনে হয়েছিল তিনি প্রতিশ্রুতি রাখলেন, কিন্তু পরবর্তীকালে কার্যক্ষেত্রে দেখলাম তা হল না। অনেক শিল্প এখন নষ্ট হয়ে যাচ্ছে, ধুঁকছে।

তবে সৌভাগ্যবশতঃ আজকে শুনে আনন্দ পেলাম যে, ক্যালকাটা কেমিক্যাল আবার মরতে মরতে বেঁচে উঠলো। সেটা আবার খুলেছে। সারা পৃথিবীতে যখন এই অবস্থা তখন আমাদের সকলকে ট্রেড ইউনিয়ন করতে হবে, লড়াই করতে হবে এবং অফেনসিভ লড়াই করতে হবে, কখনো ডিফেনসিভ লড়াই করতে হবে। সুতরাং লড়াই আমাদের করতেই হবে, এছাড়া কোন পথ নেই। শ্রমিক, মালিক যতদিন বেঁচে থাকবে ততদিন লড়াই আমাদের করতে হবে। এই লড়াই করতে করতে শ্রমিক যখন শক্তিশালী হয়ে, বিপ্লব করে পুঁজিবাদকে পর্যুদস্ত করতে পারবে সেই দিনই সাম্যবাদের বীজ তৈরী হবে। পৃথিবীর এক ষষ্ঠাংশে সাম্যবাদী রাষ্ট্র তৈরী হয়েছে—যেমন রুশ দেশে তৈরী হয়েছে, চীন দেশে তৈরী হয়েছে এবং ইউরোপের আরো ৮/৯টি দেশে তৈরী হয়েছে। কিউবার মত দেশে এই সাম্যবাদ প্রতিষ্ঠা হয়েছে। তবে এই গতি অনেক কমে গেছে, এর মধ্যে বিশ্বযুদ্ধের আশঙ্কা দেখা দিয়েছে। এই যে বিশ্বযুদ্ধের আশঙ্কা দেখা দিয়েছে এর মধ্যে শ্রমিকশ্রেণীকে আরো শক্তিশালী এবং সংগঠিত হতে হবে। আমি সুব্রতবাবুকে বলবো তিনি যে পদ্ধতিতে চলছিলেন সেই পদ্ধতি ঠিক নয়। আমি রিপোর্ট দেখেছি তিনি যে পদ্ধতিতে ট্রেড ইউনিয়ন করেছেন সেটা আমাদের দেশের ট্রেড ইউনিয়ন পদ্ধতি নয়, এটা বিপরীত পদ্ধতি। আপনারা হল্লা করেন, মারপিট করেন, মারদাঙ্গা করেন এবং শ্রমিক-কর্মচারীদের পেটান এবং তার মধ্যেই ইউনিয়ন তৈরী করেন। এর ফলে যে অবস্থার সৃষ্টি হচ্ছে সেটা ট্রেড ইউনিয়ন পদ্ধতি নয়। আমাদের এখানে ২০০ বছর ধরে ট্রেড ইউনিয়ন চলছে এবং এই ট্রেড ইউনিয়নের মধ্যেই শ্রমিক শ্রেণীর জন্ম। আজকে যদি শ্রমিক শ্রেণী তৈরী করতে না পারেন তাহলে শ্রমিকরা ভয়ে আপনার সঙ্গে থাকতে পারে, কিন্তু কাল তারা আপনার সঙ্গে থাকবে না। তবে সুব্রতবাবুর যে রাস্তা ছিল, সেই রাস্তা তিনি যে স্বাভাবিক ভাবে বর্জন করেছেন এবং সুস্থ ট্রেড ইউনিয়নের কথা বলছেন এবং ভাবছেন এটাই আনন্দের কথা। এই সমস্ত ট্রেড ইউ-নিয়নের মধ্যে দিয়ে আমরা নানা রকম বক্তব্য রাখবো, অন্যের বক্তব্য শুনবো এবং তাঁদের বক্তব্য খণ্ডন করবো দরকার হলে ইত্যাদি এই সমস্তের মধ্যে দিয়ে আমরা এগবো। ভারত সরকারের যে অনিয়মিত পদ্ধতি তার যে অত্যাচার এবং অবিচার তার বিরুদ্ধে আমরা লড়াই করবো। এতে কখনো সুযোগ পাব এবং কখনো পাব না, যদিও অধিকাংশ সময়ে আমরা সুযোগ-সুবিধা পাই না, তবুও আমাদের লড়াই করে যেতে হবে। আমাদের এখানে অনেক যায়গায় অনেক রকম ইউনিয়ন আছে। আমাদের ভারতবর্ষে এস. ইউ. সি. একটি ছোট ইউনিয়ন, এখানে তাঁরা নেই। এই ইউনিয়নটি চটকল শিল্পে যে গণ্ডগোল হয়েছিল এবং বাগ্-বিতণ্ডার সৃষ্টি

হয়েছিল সেগুলি সংবাদপত্রে ছাপিয়েছিল। সমস্ত সংবাদপত্রগুলি নিজেদের ভাষায় তাদের বক্তব্যগুলি ছাপিয়েছিল, এতে অনেক জল ঘোলা হয়েছিল। কিন্তু এই জল ঘোলা করা সত্ত্বেও চটকল শিল্পের শ্রমিকরা একবাক্যে বলেছিল এই রকম জয় আগে কখনো হয় নি। এর মধ্যে যে এগ্রিমেণ্ট ছাপা হয়েছে তাতে দেখা গেছে গত ১৫০ বছর ধরে সেখানে কোন শ্রমিকদের গ্রেড এণ্ড স্কেলের ব্যবস্থা ছিল না। একজন শ্রমিক যে মাইনেতে চাকুরিতে ঢুকতো সেই মাইনেতেই এবং সেই স্কেলে মরবার দিন পর্যন্ত থাকতে হত। কিন্তু এখন তার পরিবর্তন হয়েছে, এটা হচ্ছে এক নম্বর এবং দ্বিতীয় নম্বর হচ্ছে এমপ্লয়মেণ্ট পোটেন-শিয়ালিটি—অর্থাৎ শ্রমিকের সংখ্যা কমবে না। ওঁরা বলেছিলেন যে, ২১০ লক্ষ লেবার আছে এবং তাতে আমি বলেছিলাম যে,চটকল শিল্পে যে ফিগার আমি দিয়েছি তার থেকে একটুও কমানো যাবে না এবং সেই ফিগারটা চটকল শিল্পের মালিকরা মেনে নিয়েছেন। তৃতীয়তঃ অর্থনৈতিক দিক থেকেও আমরা জয়ী হয়েছি—গ্রেড এণ্ড স্কেল ইত্যাদির ব্যাপারে চুক্তি যেগুলি হয়েছে সেগুলি লেবার ইন ওয়েস্ট বেঙ্গল নামক বইতে ছাপান হয়েছে।

সেটা কারুর কাছে আর লুকান নয়। এটা মানিয়ে নিতে লেবার ডিপার্টমেণ্ট এবং সেক্রেটারীকে বিশেষ পরিশ্রম করতে হয়েছে। জ্যোতিবাবুর প্রভাবও সেখানে খুব কাজ করেছে। মালিকরা আগে আগে এটা মানে নি, যেটা তারা পরে মেনেছে। ৮৪ দিনের এই ধর্মঘট, শ্রমিকদের দম ফুরায় নি, দম ফুরিয়ে গেছে মালিকদের। সেখানে দুটো অর্ডার করেছিল—একটা সোভিয়েট ইউনিয়ন এবং আর একটা জাপানে। কিছু কিছু মালিক আমাদের কাছে এসে আলাদা ভাবে চুক্তি করতে চেয়েছিলেন এবং পরে তাঁরা জ্যোতিবাবুর কাছে গিয়েছিলেন যে, আমরা চুক্তি করতে চাই। আগে যেটা ছিল যে মালিকরা চুক্তি করতে না চাইলে তা করা যেত না। শ্রম দপ্তরের পক্ষ থেকে তখন কতকগুলি অন্যায় চুক্তি চাপিয়ে দেওয়া হোত। এটা শ্রমমন্ত্রী গোপালদাস এবং পূর্বেকার কংগ্রেস সরকার করতেন। দীর্ঘদিন ধরে লক-আউট হয়ে পড়ে থাকতো, শ্রমিকরা না খেয়ে পড়ে থাকতেন, তখন তাদের উপর একটা অন্যায় চুক্তি চাপিয়ে দেওয়া হোত। সেই পদ্ধতিটা এখন বন্ধ হয়ে গেছে। ৮৪ দিন ধরে শ্রমিকরা না খেয়ে লড়াই করেছে। শুধু চটকল নয়, এই রকম অনেক জায়গায় হয়েছে। শতকরা ৯৬ ভাগ কারখানা লক-আউট এবং লে-অফ-এর ফলে বন্ধ হয়ে যাচ্ছে। কেন্দ্রীয় সরকার দি নোটি-ফিকেশন-এর নোটিশ দিচ্ছেন না। কিংবা দি নোটিফিকেশন-এর নোটিশ দিয়ে তারা বললেন যে, আমরা ন্যাশানালাইজ করবো। এই রকম করার ফলে

অনেকগুলি কারখানা মাঝপথে মারা পড়ে যায়। আমরা দেখতে পাচ্ছি ইসকো, সিরামিক কারখানা এবং বর্ধমান জেলার আসানসোলে অনেকগুলি কারখানা ধুঁকছে। দুর্গাপুরেরও অনেকগুলি কারখানা ধুঁকছে, অর্থাৎ তাঁদের যে সাহায্য করার কথা ছিল সেটা তাঁরা করছেন না। বরং সেখানে পুলিশ ফোর্স—সি আই এস এফ পাঠান হচ্ছে। তাদের একমাত্র কাজ হচ্ছে মালিকপক্ষ বা ম্যানেজারের কথা শুনে তাদের উপর ডাণ্ডা পেটান ও গ্রেপ্তার করা। বামফ্রন্ট সরকার থাকার ফলে আমাদের রাজ্যে এসমা বা অন্যান্য আইনগুলি প্রয়োগ হয় নি। ফলে আমরা যখন ধর্মঘট করি তখন শ্রমিকদের আর কোন ভয় থাকে না গ্রেপ্তার হবার বা জেলে নিয়ে যাবার। আমরা অতীত কালে আমাদের যৌবনে দেখেছি ইংরাজ আমলে প্রধান হাতিয়ার ছিল গুণ্ডা নিয়ে এসে ধর্মঘট ভাঙার। কিন্তু বর্তমানে কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করছেন আমাদের সরকারের শ্রমনীতি ঠিক তার উল্টো। কেন্দ্রীয় সরকার নিজেদের কারখানাগুলোতে ক্রমাগত যে ভয় দেখাচ্ছেন এবং তাদের সেই নীতি আজ আমাদের কাছে ধরা পড়ে গেছে।

[6.20—6. 0 P. M.]

আই.এন.টি.ইউ.সি'-র নেতা ধর্মঘট থেকে বেরিয়ে এলেন এবং অন্যান্যদের বাধ্য করলেন যাতে তাঁরাও এই ধর্মঘট প্রত্যাহার করে নেন। এই নীতি নিয়ে যদি আই. এন.টি.ইউ.সি চলেন তাহলে সংগঠনের প্রতি তাঁদের 'আনুগত্য কোথায়? আমরা বিধানসভায় একটা প্রস্তাব পাশ করেছিলাম কোন ইউনিয়নকে শ্রমিক মানবে সেটা ব্যালটের মাধ্যমে জানা হবে। কিন্তু সেটা রাষ্ট্রপতির অনুমোদন পায় নি। সেটা আমাদের কাছে ফিরে এসেছে, আমাদের শ্রম দপ্তর সেটা দেখবেন। আমি জিজ্ঞেস করছি কোন একটা কারখানায় কোন্ ইউনিয়নকে শ্রমিকরা মানবে সেটা কি চাপ দিয়ে করা যায়? সেই জন্যই আমরা বলেছিলাম গোপন ব্যালটে ঠিক করা হোক কোন্ ইউনিয়নকে শ্রমিক মানে এবং সেটাকেই মেনে নেওয়া হোক। আমরা মনে করি একটা ভাল শ্রমনীতি, সুষ্ঠু শ্রমনীতি হওয়া দরকার। সুব্রতবাবু ই. এস. আই,-র কথা বলেছেন যে, ওখানে ৩২ কোটি টাকা পড়ে আছে এবং এটা হচ্ছে পি. এফ.-এর টাকা। এই টাকা উদ্ধার করে তাদের ফেরত দিতে হবে একথাও তিনি বলেছেন। এটা ঠিক এই টাকাকে তারা পুঁজি হিসেবে ব্যবহার করতে পারে না এবং সেই অধিকার তাদের নেই। চটকলের সমস্যার মীমাংসার সময় আমরা এই কথা বার বার বলেছিলাম এবং তখন

মালিকরা খুবই কোণঠাসা হয়ে পড়েছিল এবং ই. এস. আই.-র সুযোগ-সুবিধা থেকে যাতে শ্রমিকরা বঞ্চিত না হয় সেই অর্ডারও করেছিল। শ্রমিকদের ঐ টাকা মেরে দেওয়ার বা চুরি করার আইনতঃ তাদের কোন অধিকার নেই। সুব্রতবাবু বললেন জরিমানা কেন করেন নি? চটকলের মালিক যাদের কোটি কোটি টাকার সম্পত্তি রয়েছে তারা কি ২০০/৪০০ টাকা জরিমানাকে ভয় করে? এক্ষেত্রে আইনটা পাল্টান দরকার। কেডিয়াকে যখন কোমরে দড়ি বেঁধে নিয়ে আসা হয়েছিল তখন মালিকরা একটু সন্ত্রস্ত হয়েছিল। কিন্তু পরেই আবার বলা হয়েছে, না এটা করা উচিত নয়। তবে সুব্রতবাবু টাকার কথা যা বলেছেন সেই ব্যাপারে আমি তাঁর সঙ্গে একমত। একথা বলে বক্তব্য শেষ করছি।

শ্রীঅশোক ঘোষঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শ্রমমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। উনি যেখানে শেষ করেছেন আমি সেখান থেকে শুরু করছি। উনি শেষের দিকে যে গালভরা কথাটি বলেছেন সেটি হল, জীবন ও জীবিকার ক্ষেত্রে আমরা শ্রমিক শ্রেণীকে সক্রিয় সাহায্য এবং সমর্থন দেব। স্যার, ১৯৭৭ সালে যখন এই সরকার প্রথম ক্ষমতায় এল তখন কারখানার গেটে গেটে আওয়াজ শুনতাম "বামফ্রন্ট সরকার শ্রমিক শ্রেণীর হাতিয়ার", কিন্তু মাত্র ৭ বছরের মধ্যে দেখছি শ্রমিকদের এখন আওয়াজ হচ্ছে, "বামফ্রন্টের সরকার শ্রমিক মারার হাতিয়ার"। এই অথর্ব লেবার ডিপার্টমেন্ট দিনের পর দিন শ্রমিকদের ভুল পথে নিয়ে যাচ্ছে। আজকে আমরা দেখছি ওয়েজের ক্ষেত্রে, বেকারীর ক্ষেত্রে, চাকুরীর সিকিউরিটির ক্ষেত্রে পশ্চিমবাংলার শ্রমিকদের নাভিশ্বাস উঠেছে। আমরা দেখেছি শ্রমমন্ত্রী খুব বড় বড় কথা বলেছেন এবং সেই সঙ্গে সিটু-র যে-সমস্ত সাঙ্গপাঙ্গরা রয়েছেন তারাও অনেক বড় বড় কথা বলেন। প্রকৃতপক্ষে দেখছি শ্রমিকদের কল্যাণের স্বার্থে, তাদের উন্নতির স্বার্থে, এই সরকার বিগত ৭ বছর ধরে শুধু ভাঁওতা দিয়ে এসেছেন। স্যার একটা কথা মনে পড়ছে, জলবিছুটি গায়ে লাগলে তা থেকে চন্দনের গন্ধ পাওয়া যায় না।

বিগত কয়েক বছর ধরে ওঁরা এতো ভাঁওতা দিয়ে গেছেন, তা আর বলার কথা নয়। আমার মনে হয় ওঁরা এতো তাড়াতাড়ি ক্ষমতায় আসবে সেটা ওঁরা বুঝতে পারেন নি। যখন গোপালদাস নাগ মহাশয় শ্রমমন্ত্রী ছিলেন তখন ওঁরা বলেছিলেন যে, লে-অফ, ক্লোজারে পশ্চিমবাংলার শ্রমিকদের নাভিশ্বাস উঠেছে। আজকে বাজেট বক্তৃতায় শ্রমমন্ত্রী মহাশয় বলেছেন—অর্থাৎ উনি স্বীকার করলেন যে, ক্লোজারের ঠেলায় শ্রমিকরা ভীষণভাবে বিপন্ন হয়ে পড়েছে। এটা সুব্রত মুখার্জীর

কথা নয়। ১৯৮২ সালে ৪১টি ক্লোজারে ৩,৭৮৭ জন শ্রমিক বিপন্ন হয়েছে, ১৯৮৩ সালে ৫২টি ক্লোজারে, ৮১২৯ জন শ্রমিক বিপন্ন হয়েছে। আপনারা শ্রমিকদের স্বার্থে কি করেছেন? আমি একটা কথা বলি হাওড়া জেলায় শ্রমিক স্বার্থে এই সরকার কি রকম কাজ করেছেন। হাওড়া জেলা থেকে চারজন মন্ত্রী পতাকা উড়িয়ে রাইটার্স বিল্ডিংসে আসেন। তাঁরা কি লক্ষ্য করে দেখেছেন যে, হাওড়া জেলায় কত অসংখ্য ছোট ছোট কারখানা বন্ধ হয়ে আছে? হোসিয়ারী কারখানার শ্রমিক-কর্মচারীরা আজকে ভীষণভাবে বিপন্ন। সেখানে শ্রমিকদের দিনের পর দিন মালিকরা ছাঁটাই করে চলেছে এবং তার কোন ফয়সালা হচ্ছে না। শ্রমিকরা বামফ্রন্ট সরকারের মুখ চেয়ে বসে আছে, যে কবে এই ব্যাপারটা ঠিক হবে। হাওড়ায় ভিক্টোরিয়া কটন মিল যেটা বিড়লার কটন মিল, সেখানে মালিক শ্রমিকদের চক্রান্তে লাগিয়ে দিয়ে বন্ধ করে দিয়ে বসে আছে। মালিকরা কারখানার সমস্ত পার্টস বিক্রি করে দিচ্ছে। সেখানে কয়েক হাজার শ্রমিক, তাদের মা-বোনেরা হাওড়া হাটে গামছা বিক্রি করছে, তেলেভাজা বিক্রি করছে। হাওড়া আয়রন বন্ধ হয়ে আছে, হিন্দুস্থান ব্রোন ব্রোভারী বন্ধ হয়ে আছে, ডবলিউ এইচ হাটন বন্ধ হয়ে আছে, ইণ্ডিয়া রাবার ম্যানুফাকচারার দু-এক মাস আগে বন্ধ হয়ে গেল। গ্যাঞ্জেস রোপ অনেক দিন হোল বন্ধ, নস্করপাড়া জুট মিল বন্ধ হয়ে গেছে এবং আশ্চর্যের কথা যে সেখানে কোন পুলিশ পাহারাই নেই, সমস্ত স্পেয়ার পার্টস চুরি করে নিয়ে যাচ্ছে। প্রাক্তন মন্ত্রী* * * * * সিটু ইউনিয়নকে লেলিয়ে দিয়ে চক্রান্ত করে বন্ধ করে দিয়েছে। সেখানে সমস্ত জিনিস চুরি হয়ে যাচ্ছে। ৬ সপ্তাহ হোল কোন পুলিশ নেই, যেখানে আগে হাইকোর্ট থেকে পুলিশ পোষ্টিং ছিল। হুগলী' ডক প্রায় কোনরকমে ধুক ধুক করছে। সেখানে শ্রমিক অশান্তি দিনের পর দিন বেড়েই চলেছে। আজকে সকলেই জানেন বিদ্যুতের অভাবে কারখানার এই রকম দুরবস্থা হওয়ার জন্য শ্রমিকদের নাভিশ্বাস উঠেছে। ব্রীজ এণ্ড রুফ কোম্পানী বন্ধ। কি করবে এই রকম যদি লোড শেডিং চলে, কারখানা চলবে কি করে? সব ব্যাপারে আপনারা দিল্লীর দিকে অঙ্গুলি নির্দেশ করেন। এইসব ক্ষেত্রেও কি তাদের কিছু করণীয় আছে?

মিঃ ডেপুটি স্পীকার: 'চিত্তব্রত মজুমদার' কথাটা এক্সপাঞ্জ হবে।

শ্রীঅশোক ঘোষ: আপনারা সিক ইণ্ডাষ্ট্রির কথা বলেন। আপনাদের আই. আর. সি. আর. কি কাজ করছে? আজকে অবস্থাটা এমন পর্যায়ে এসে দাঁড়িয়েছে

* Expunged as ordered by the Chair.

যে শ্রমিকদের ই. এস. আই.-এর টাকা, প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা পর্যন্ত পড়ছে না। মালিকরা টাকা জমা দিচ্ছে না। এর জন্য কোন আইন কি সরকার করতে পেরেছেন? যাতে সেই আইনের মাধ্যমে ঐ সমস্ত মালিকদের কোমরে দড়ি দিয়ে খোলা রাস্তায় ঘোরানো যেতে পারবে, জেলে পুরে দেওয়া যেতে পারবে। আজকে তাদের জেলের মধ্যে ঢুকিয়ে দেওয়া উচিত। কিন্তু এই রকম আইন আপনারা আজ পর্যন্ত করতে পারেন নি। আজকে বিধানসভায় শ্রমমন্ত্রী শ্রম দপ্তরের বাজেট বরাদ্দ নিয়ে এসে সব বড় বড় কথা বলছেন। বিপ্লবের কথা আপনারা মুখে আনেন কি করে? আপনারা আবার বলেন আপনারা নাকি শ্রমিকদের জন্য লড়াই করছেন। তৎকালীন কংগ্রেস আমলে আমাদের সরকার যা করেছিলেন, সেটাকে আপনারা বজায় রাখতে পারেন নি।

(এ ভয়েস: আহা শ্রমিকদরদী বন্ধু)

তা তো আপনারা বলবেনই।

(গোলমাল)

আপনারা তো নিশ্চয় জানেন যে, ঐ লেবার কমিশনার এবং তার অফিস একটা ফার্সে দাঁড়িয়েছে। সেখানে গিয়ে কিছুই হয় না। শ্রমিকরা অনেক আশা নিয়ে বসে থাকে যে, তাদের কেসের একটা সুরাহা হবে, ফয়সালা হবে। কিন্তু মালিকপক্ষকে ডেকে পাঠালে মালিকরা বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখায়। আপনাদের কোন ক্ষমতা নেই মালিকদের এখানে টেনে আনার।

[6.30—6.40 P. M.]

কোন ক্ষমতা আছে শ্রমমন্ত্রীর তাঁর লেবার দপ্তরে নিয়ে আসার? এই অবস্থাতে দিনের পর দিন শ্রমিকদের ভাঁওতা দিয়ে এঁরা চলছেন, একের পর এক যখন মালিকরা লেবার ডিপার্টমেন্টে গিয়ে তাদের শ্রমিকদের কেস যখন ফয়সালা হয় না, তখন দেখতে পাই, কোনরকম আইন করে মালিকদের জোর করে আনার কোন প্রচেষ্টা করছেন না বা আইন করার প্রচেষ্টা করছেন না। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কথা এঁর আগে সুব্রতবাবু বলে গেলেন, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে, সেখানে আজ পর্যন্ত কমিটির কটা মিটিং হয়েছে? কাগজে-কলমে দেখা যাবে

হয়েছে, কিন্তু প্রকৃতভাবে মিটিং হয় না এবং প্রকৃতপক্ষে দুটো করে খাতা সেখানে মেনটেন করা হয়, কমিটি নামকাওয়াস্তে রাখা হয়েছে। বিরোধী দলের এম. এল. এ.-রা কমিটিতে রয়েছে, ভাল কথা। নাম যেখানে চাওয়া হয়, যে সমস্ত কারখানা থেকে নাম আসে, যখন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে চেয়ে পাঠানো হয়, তখন দেখা যায় বেছে বেছে কমরেডদের নাম কারখানায় চলে যাচ্ছে। বড় বাজারের দু' নং খাতার মত ৭০টি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে আর একটি করে খাতা আছে, যে খাতা ওখানে মেন্‌টেন করে পার্টি ক্যাডারদের চাকরি দেওয়া হয়। এঁরা আবার বলেন যে, আমাদের আমলে নাকি দেশলাই-এর বাক্স, সিগারেটের বাক্সে লিখে চাকরি দেওয়া হয়। নির্লজ্জের মত এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে পার্টির আখড়ায় পরিণত করেছেন। একের পর এক শ্রমিকদের ভাঁওতা দেওয়া হচ্ছে, বেকারদের চাকরি দেবার নাম করে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ খুলে রেখে সেখানেও ভাঁওতা দেওয়া হচ্ছে দিনের পর দিন। বেকারদের ব্যাপারে বলছেন—এই বছর দেখলাম পাল্টেছেন, বেকার ভাতা, লক্ষ লক্ষ বেকার, তরুণ, সবল, বেকাররা দরজায় দরজায় ঘুরছে, ৮ ঘণ্টা সংগ্রাম করতে চাইছে, বলছে আমরা শ্রম দিতে চাই, আপনারা শ্রম নিন, খদ্দের নেই শ্রম নেবার জন্য। পশ্চিম বাংলার অবস্থা কি, খদ্দের নেই শ্রম নেবার, তাদের এতদিন লাল শালুতে মুড়ে ৫০ টাকা করে দিয়ে রকে বসিয়ে মার্কসবাদের বুলি কপচাতে দেওয়া হয়েছে, এই তরুণ সকল যুবককে বিগত সাত বছরে শেষ করে দেওয়া হয়েছে, চাকরির কোন আশা এদের দেওয়া হয় নি। বেকার ভাতার নাম করে তাদের ভুল পথে পরিচালিত করা হয়েছে দিনের পর দিন। ছাঁটাই প্রতিরোধ করার ক্ষমতা কোনও রকম দেখতে পেলাম না। আমাদের আমলে লক-আউট হলে দু' মাস আগে তাকে নোটিশ দিতে হতো, একটা আইন করে দেওয়া হয়েছিল যে, দু' মাস আগে নোটিশ দিতে হবে সরকারকে। সরকার তার মেরিট্স ডিমেরিট্স নিয়ে আলোচনা করতেন। ডাকতেন মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষকে, কি অসুবিধা, সুবিধা, কেন কারখানা বন্ধ করতে চাইছেন, সেই আলোচনার স্কোপ ছিল, আজকে এই বিপ্লবী শ্রমমন্ত্রী—এই বিপ্লবী সরকার যাঁরা বলেন, শ্রমিকশ্রেণীর হাতিয়ার, সেই আইন তুলে দিলেন। কোনও রকম স্কোপ নেই আলোচনার, তাঁরা জোর করে কারখানা বন্ধ করে দিতে পারেন, লক-আউট করতে পারেন, ক্লোজার করতে পারেন। আর উনি হতাশ-ভাবে বলবেন যে, এর জন্য আমাদের শ্রম-দিবস নষ্ট হচ্ছে, ক্লোজারের জন্য শ্রমিকরা বিপন্ন হচ্ছে, তাদের জন্য ভাবলেনটা কি? সাত বছরে করলেন কি? গোটা শ্রম দপ্তরটাকে তো স্যানিটোরিয়ামে পাঠিয়ে দিয়েছেন, গোটা শ্রমিকশ্রেণীর হাতে

তো হারিকেন ধরিয়ে দিয়েছেন। কি অবস্থা করে ফেলেছেন শ্রম দপ্তরের? আমি সব শেষে শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, প্রবেশ করের কর্মচারীরা কাল থেকে আমরণ অনশন করছেন এবং এই প্রবেশ করের কর্মচারীদের জন্য ১৯৭০-৭১ সালে ৩ কোটি ৯ লক্ষ ৬৭ হাজার ৩০০ টাকা, ১৯৮২—৮৪ সালে ৫৫ কোটি ১৭ লক্ষ ১৭ হাজার ৭৮৮ টাকা আয় করেছে, এই অবস্থাতে আজকে আমি শ্রমমন্ত্রীর কাছে অনুরোধ জানাবো যে, এদের ব্যাপারে অবিলম্বে হস্তক্ষেপ করুন যাতে এদের কিছু সুরাহা হয়। এই কথা বলে ব্যয়বরাদ্দ দাবীর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরল দেব ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতার মুখ থেকে দায়িত্বজ্ঞানহীন উক্তি শুনলাম, যেন ভূতের মুখে রামনাম শুনলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা বলছেন পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার মালিক শ্রেণীর দালালি করছেন। আমি স্যার, আপনার কাছে উল্লেখ করতে চাই, রাজ্যসভায় কে কে বিড়লাকে কে নমিনেশন দিয়েছিল? বামপন্থী দলগুলি নমিনেশন দিয়েছিল? ইন্দিরা গান্ধী রাজ্যসভায় নমিনেশন দিয়েছেন। এই বিড়লা পরিবার হচ্ছে ভারতবর্ষের অন্যতম শ্রেষ্ঠ পুঁজিপতি। স্বাধীনতার প্রাক্কালে এই বিড়লার মাত্র ৪৫০ কোটি টাকা ছিল। কিন্তু ওদেরই বদান্যতায় আজকে তাদের সাদা টাকার পরিমাণ হচ্ছে ২ হাজার ৪৭৪ কোটি, কালো টাকা আমাদের অজানা রয়েছে। টাটার ছিল ৫৫০ কোটি টাকা। আজকে সেটা বেড়ে ২ হাজার ৪৩০ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। সুব্রতবাবু অনেক কথা বললেন। ওদের আমলে লক-আউট হলে ব্যবস্থা গ্রহণ করতেন, এই কথা বললেন। ওদের আমলের কথা একটু বলি। ১৯৭৫-৭৬ সাল শ্রীমতী ইন্দিরা গান্ধীর সুবর্ণ যুগ, অর্থাৎ গোলডেন এরা বলা চলে। সেই ১৯৭৬ সালে ১৫২টি লক-আউট হয়েছিল এবং তাতে ১ লক্ষ ৪০ হাজার ১৩৮ জন শ্রমিক ইনভলভড ছিল। সেই সময় একটি লক আউটকেও ওরা বে-আইনী ঘোষণা করেন নি। নিশ্চয় এটা বোঝা উচিত যে, ভারতবর্ষ সমাজতান্ত্রিক রাষ্ট্র নয়, পুঁজিবাদ তার নতুন রূপ পরিগ্রহ করছে। এই পুঁজিবাদী রাষ্ট্র কাঠামোয় পশ্চিমবাংলা ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য এবং নির্বাচনের মধ্য দিয়ে ধনবাদী শাসন ব্যবস্থার সংবিধান মেনে নিয়ে আমরা এখানে এসেছি। স্বাভাবিক ভাবেই পুঁজিবাদ থাকবে। কাজেই তাকে যতক্ষণ পর্যন্ত শেষ করা না যাবে ততক্ষণ পর্যন্ত শ্রমিক শ্রেণীর আমূল কল্যাণ সাধন করা যায় না। ওরা এটা জানবে কি করে? ওদের পক্ষে এটা জানা সম্ভব নয়। স্যার, ওঁরা বলছেন ওঁদের আমলে ক্লোজার হয় নি। আমি আবার তুলনা দিয়ে বলতে পারি ১৯৭৬ সালে ১১৬টি ক্লোজার

হয়েছিল এবং সেখানে ১১ হাজার ৩৯৬ জন শ্রমিক জড়িত ছিল। আর ১৯৮৩ সালে ৫২টি ক্লোজার হয় এবং তাতে ৮ হাজার ১২৯ জন শ্রমিক জড়িত ছিল। ওদের আমলেও ছিল, এই আমলেও হয়েছে। ১৯৭৬ সালে ১৮১টি রিট্রেঞ্চমেনটের কেস হয়েছে এবং সেখানে ৩ হাজার ৬৩৬ জনের রিট্রেঞ্চমেন্ট হয়েছে। অপর পক্ষে ১৯৮৩ সালে ৭৩টি রিট্রেঞ্চমেন্টের কেস হয়েছে এবং সেখানে ১ হাজার ১৭৪ জনের রিট্রেঞ্চমেন্ট হয়েছেন। ওঁরা বলছেন ওঁদের আমল নাকি ভাল ছিল, স্বুবর্ণ যুগ ছিল। এই আমলে নাকি একেবারে মালিক শ্রেণীর প্রচণ্ডভাবে দালালি করা হচ্ছে—এই কথা ওঁরা বলছেন। ১৯৭৪ সালে জরুরী অবস্থার প্রাক্কালে আমরা পশ্চিমবঙ্গে চটকল আন্দোলনে নেমেছিলাম। সেদিন সমস্ত শ্রমিক শ্রেণীকে ডি. আই. আর. এ. গ্রেপ্তার করা হয়েছিল। তারপর ১৯৭৯ সালে এই রাজত্ব কালে চটকলের চুক্তি হয়েছে। সম্প্রতিকালে ৮৪ দিন ধর্মঘটের পরে পশ্চিমবাংলার ট্রাডিশন্যাল ইণ্ডাষ্ট্রির গ্রেড স্কেলের যে ধরনের চুক্তি হল তা ইতিপূর্বে আর যখন হয় নি। ওদের রাজত্বে ওঁরা সেদিন চটকল মালিকদের বাধ্য করাতে পারেন নি। সুব্রতবাবু বললেন ২০০ কোটি টাকা দেওয়া হয়েছে। সেই টাকা দিয়েছিল ওদেরই বন্ধু ৫/৬টি পরিবারকে, যারা এই চটকল পরিচালনা করে। কেন্দ্র এদের চটকল পরিচালনা করেন। যে ২০০ কোটি টাকা দেওয়া হয়েছিল সেই টাকা এরা অন্য খাতে ডাইভার্সিফাই করেছিল। তার বিরুদ্ধে সুব্রতবাবু একটি মামলাও রুজু করেছেন? পারবেন না, কারণ এরাই ওদের বন্ধু। কিন্তু দুর্ভাগ্যের বিষয় চটকলের এই ঐতিহাসিক চুক্তির জন্য পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, শ্রমমন্ত্রীকে একবারও সাধুবাদ জানালেন না। সেদিন চুক্তির প্রাক্কালে ওদের পক্ষ থেকে আই. এন. টি. ইউ. সি.'র নেতারা আমাদের সংগে একসাথে উঠে দাঁড়িয়ে বলেছিলেন—এই ঐতিহাসিক বিজয়কে আমরা অভিনন্দন জানাচ্ছি, অথচ এখানে এসে উল্টো কথা বলছেন। স্যার, সুব্রতবাবুর পশ্চিমবাংলায় আজকে এই হাল হয়েছে। হবে না কেন? সম্প্রতিকালে লোকসভায় ভারতবর্ষের ষ্টীল প্ল্যান্টগুলির জন্য, (ষ্টীল ফ্যাক্টরির জন্য) ৪ হাজার কোটি টাকা ওরা মঞ্জুর করেছেন। পশ্চিমবাংলার ভাগে কত পড়েছে জানেন? মাত্র ৪০০ কোটি টাকা।

[6.40—6.50 P. M.]

সারা ভারতবর্ষের জনসংখ্যার শতকরা ৮ ভাগ এই পশ্চিমবাংলায় বাস করে এবং সারা ভারতবর্ষের মোট বেকারের ২০ ভাগ এই পশ্চিমবাংলায়। ওঁরা

৩৬ বছর কেন্দ্রে এবং ৩০ বছর এই রাজ্যে রাজত্ব করে পশ্চিমবাংলার এই অবস্থা করেছেন, অথচ এর সমস্ত দায়ভার বামফ্রন্ট সরকারের ঘাড়ে চাপিয়ে দিয়ে নিজেরা রেহাই পাবার চেষ্টা করছেন। এন. আর. ই. পি. স্কীমে যে ম্যান ডেজ ক্রিয়েটেড হয়েছে তার জন্য ওঁরা একটি কথাও বললেন না। আই. আর. ডি. পি. স্কীমে ১৯৮১-৮২ সালে ৫৪ হাজার ১১৬ জন লোক বেনিফিটেড হয়েছেন, ১৯৮২-৮৩ সালে ৯৬ হাজার ৬১৬ জন লোক বেনিফিটেড হয়েছেন, ১৯৮৩-৮৪ সালে ৮৫ হাজার ৪৮৬ জন লোক বেনিফিটেড হয়েছেন, কিন্তু তার জন্য একটি প্রশংসার বাণীও তাঁরা উচ্চারণ করলেন না। তারপর ওঁরা স্ট্রাইকের কথা বলেছেন। স্ট্রাইকে ১৯৮২ সালে মাত্র ৮ হাজার ১১৪ জন এ্যাফেকটেড হয়েছেন এবং লক-আউটে ১ লক্ষ ১২ হাজার ৭৩৮ জন এ্যাফেকটেড হয়েছেন। তার পাশাপাশি ওঁদের আমলে আমরা দেখছি ১১৬ টি ক্লোজারের ঘটনা ঘটেছে। তারপর ওঁরা বলেছেন, ওঁদের আমলে নাকি লে-অফ হয় নি। সুব্রতবাবু যখন মন্ত্রী ছিলেন ১৯৭২ সালে তখন লে-অফের জন্য ৩ লক্ষ ৮৪ হাজার ২২৪ জন ক্ষতিগ্রস্ত হয়েছেন। ১৯৭৩ সালে ১ হাজার ৫৫৩ টি লে-অফের কেস হয়েছে এবং তাতে ৬ লক্ষ ৪৫ হাজার ৩২৪ জন এ্যাফেকটেড হয়েছেন। আমি অন্য রাজ্যের কথায় যাচ্ছি না, সুব্রতবাবুরা যে ৫ বছর রাজত্ব করেছেন সেই সময়কার কথা আমি বলছি। ১৯৭৪ সালে ৩৯৬ টি কেস হয়েছে এবং তাতে ৭ লক্ষের উপর শ্রমিক জড়িত হয়ে পড়েন। ১৯৭৫ সালে জরুরী অবস্থার সময় ৭২৭ টি লেঅফের কেস হয়েছে এবং তাতে ২ লক্ষের উপর শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছেন, অথচ সেখানে ১৯৮৩ সালে লে-অফের ঘটনায় মাত্র ৫ হাজার ৬১৭ জন এ্যাফেকটেড। কাজেই কিছুই উন্নতি হয় নি একথা নিশ্চয় বলতে পারেন না। তারপর 'ঘেরাও'-এর ঘটনা। সুব্রতবাবুরা যখন মন্ত্রী ছিলেন তখন ১৯৭৩ সালে ২৮ টি ঘেরাও হয়েছিল। ওঁরা বলেন, আমরাই নাকি ঘেরাও-এর জন্ম দিয়েছি, অথচ দেখা যাচ্ছে ১৯৮৩ সালে ঘেরাও-এর ঘটনা মাত্র ১৩ টি। এই পরিসংখ্যান পাবার পর ওঁরা কি বলবেন আমি জানি না, কিন্তু এটাই হচ্ছে বাস্তব ঘটনা। তারপর ওঁদের আমলে ওঁরা ৬৩ পারসেণ্ট ডিসপিউট ডিসপোজড অফ করেছিলেন, আর ১৯৮৩ সালে ৬২.৭৮ পারসেণ্ট কেস ডিসপোজ অফ করা হয়েছে। তবে তা সত্ত্বেও আমি একথা বলতে চাই যে, একটি পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মধ্যে শ্রমিক শ্রেণীর আমূল কল্যাণ করা যায় না। নির্বাচনের প্রাক্কালে দাঁড়িয়ে আমরা যে কথা বলেছিলাম সেটা হচ্ছে, শ্রমিকরা যে আন্দোলন করবে সেই আন্দোলনকে দমনের জন্য আমরা আমাদের পুলিশকে ব্যবহার করবো না। সেখানে আমরা বলেছিলাম, পুলিশ এবং প্রশাসনকে মালিকদের স্বার্থে ব্যবহার করা হবে না। সুব্রতবাবু

জানেন, কাগজে দেখেছেন, কয়েকদিন আগে কড়েয়া থানার এক দারোগা, যে মালিক কারখানা লক-আউট করে দিয়েছেন তার সঙ্গে বসে মদের বোতলে চুমুক দিচ্ছিলেন। আপনাদের আমল হলে আপনারা পারতেন না, কিন্তু আমাদের আমলে শ্রমিকরা গিয়ে সেই হোটেলে হানা দিয়ে সেই থানার দারোগার বিরুদ্ধে অভিযোগ করেছে। আপনাদের আমল হলে সেই শ্রমিক নেতা গ্রেপ্তার হতেন। আমরা দেখেছি, কর্ণাটকে গত বছর পাবলিক আণ্ডারটেকিং-এর শ্রমিকরা ৭২ দিন ধরে ধর্মঘট করেছিল, সেখানে গুলি করে ৮ জন শ্রমিককে হত্যা করা হয়েছিল। আর তার পাশাপাশি দেখুন ৮৪ দিন ধরে এখানে চটকলের শ্রমিকরা ঐতিহাসিক আন্দোলন করলেন, কিন্তু সেখানে সেটাকে দমন করার জন্য মালিকদের স্বার্থে পুলিশকে লাগানো হয় নি। এইসব ঘটনা ঘটছে, ওঁদের চোখে ন্যাবা হয়েছে, সেইজন্য ওঁরা এইসব দেখতে পাচ্ছেন না। কাজেই কথা হচ্ছে, সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যতটুকু করা সম্ভব সেটুকু আমরা করতে চেষ্টা করছি। আমরা কখনই বলি নি যে, পশ্চিমবাংলায় আমরা শ্রমিক-রাজ কায়েম করেছি। আমরা বলেছি, বামফ্রন্টকে শ্রমিক শ্রেণীর একটি হাতিয়ার হিসাবে ব্যবহার করার চেষ্টা করা হচ্ছে এবং এখানে সেই পরীক্ষা-নিরীক্ষার কাজ চলছে। স্যার, একটি পুঁজিবাদী সমাজব্যবস্থার মধ্যে থেকেও যাঁরা শ্রেণী সংগ্রামে বিশ্বাস করেন তাঁরা দু'-দুবার নির্বাচনের মাধ্যমে এখানে ক্ষমতায় এসেছেন—এটা পৃথিবীর ইতিহাসে একটি অনন্য ঘটনা।

এটা একটা অত্যাশ্চর্য ঘটনা। সেজন্য আমি আপনাদের বলবো যে, ওদের আমল থেকে আমরা শ্রমিক শ্রেণীর কিছুটা উন্নতি করার চেষ্টা করেছি। স্যার, আমি কতকগুলি কথা এখানে সাজেশানাকারে রাখতে চাই। আমাদের মন্ত্রী মহাশয় ব্লকে ব্লকে যে-সমস্ত ইন্সপেক্টর পাঠিয়েছেন, সেই ইন্সপেক্টররা এ. এল. সি.'র আণ্ডারে না বি. ডি. ও.'র আণ্ডারে? কারণ এটা নিয়ে একটা কনফিউশান দেখা দিয়েছে। যদি এ্যাডমিনিষ্ট্রেটিভ ষ্ট্রিম লাইন করতে হয় তাহলে ওদের এ. এল. সি.'র আণ্ডারে আনতে হবে। এটা আপনার কাছে আমার সাজেশান। এ. এল. সি.'দের ট্রান্সফারের ব্যাপারে একটা র‍্যাশান্যাল পলিসি হওয়া দরকার। আপনার দপ্তরে দেখবেন যে, ষ্টাফের অভাব আছে। আমরা যখন কনসিলিয়েশানে গেছি তখন আমরা দেখেছি একটা এগ্রিমেন্ট যখন হয় তখন সঙ্গে সঙ্গে তাকে ষ্টেনোগ্রাফি করার জন্য উপযুক্ত সংখ্যক ষ্টেনোগ্রাফার পাওয়া যায় না। তাছাড়া যে ৩৫০ জন ইন্সপেক্টর আছে আজও তাদের জন্য কোন সার্ভিস বুক নেই। এটা অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। সুতরাং এইসব কাজগুলি যাতে তাড়াতাড়ি করা হয় সে জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করবো। তারপরে এ্যাডজুরিডিকশান আপনি দেখেছেন যে, টুয়েলথ

রিপোর্ট যেটা পাঠিয়েছেন, সেটা রাইটার্স বিল্ডিংস-এর লাল ফিতার বন্ধনে আটকে যায়। সেখান থেকে রেফার হতে প্রচুর সময় লেগে যায়। তারপরে যে-সমস্ত ফ্যাক্টরি ইন্সপেক্টর আছে, তারা সময় মত বিভিন্ন ফ্যাক্টরিতে যেখানে ইরেগুলারিটিজ আছে সেখানে যায় না। যদিও যায় তারা মালিকদের সঙ্গে কথা বলে। সেখানে যে রেকগনাইজড ইউনিয়ন আছে, তাদের সঙ্গে তাঁরা কথাবার্তা বলেন না যে, কোথায় কোথায় ইররেগুলারিটিজ আছে আমাদের দেখিয়ে দিন। এই জিনিসগুলি তাঁরা করেন না। কাজেই এগুলির দিকে নজর দেবার জন্য অনুরোধ করছি। সঙ্গে সঙ্গে বিরোধী দলের বন্ধু, যাঁরা বলেছেন যেমন পশ্চিমবঙ্গে শ্রমিক অসন্তোষের জন্য এখানে শিল্প সম্প্রসারণ হচ্ছে না,' তাঁদের এই কথা ঠিক নয়। রিজার্ভ ব্যাঙ্ককে পশ্চিমবঙ্গ সরকার পরিচালনা করেন না। শ্রমিক অশান্তির জন্য হয়ত ২ পারসেন্ট, কিন্তু বাকীটার জন্য ম্যানেজমেন্ট, ফিনান্স এবং 'র' ম্যাটেরিয়াল দায়ী। ওঁরা বলেছেন যে, পশ্চিমবাংলায় জুট পারচেজকে কেন আমরা মনোপলি পারচেজ ফ্রম দি গভর্নমেন্ট করতে পারলাম না? এই ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে বার বার বলা হয়েছে। যেমন মহারাষ্ট্রে তুলো চাষের জন্য তুলো ক্রয় করবার অধিকার সেখানে দেওয়া হয়েছে, তেমনি আমাদের রাজ্যকেও সেই রকম অধিকার দেওয়া হোক। কিন্তু কেন্দ্রীয় সরকার সেই অধিকার দিতে রাজি নন। কারণ আমরা জানি এই কাঁচা পাটের সঙ্গে জড়িত পূর্ব ভারতের ৪০ লক্ষ মানুষ। আমরা তাদের স্বার্থে এটা চেয়েছি, কিন্তু দুর্ভাগ্য হচ্ছে যে কেন্দ্রীয় সরকার আমাদের অনুমোদন দেন নি। আমরা ইন্দিরা গান্ধীকে বলেছি। কিন্তু পরে আমরা বুঝেছি যে, ঐ ৫/৬টি পরিবার যারা একচেটিয়া পুঁজিপতির প্রতিভূ তাদের স্বার্থে একাজ করা যাবে না। ওঁরা বলেছেন যে পশ্চিমবঙ্গ সরকার ডিনোটিফিকেশান করেছেন। তা ওরা করছেন না? কেন্দ্রীয় সরকারও তো ডিনোটিফিকেশান করছেন। কেন্দ্রীয় সরকার যেভাবে শিল্পকে ন্যাশানালাইজ করছেন, সাব-সিকোয়েনটলি বহু শিল্পকে আবার ডিনোটিফাই করেছেন। রাজ্য করলেই যত দোষ। আর ওরা করলে কোন দোষ নেই। আমি এই কথা বলতে চাই যে, আমরা যে পুঁজিবাদী সমাজ ব্যবস্থার উপরে বাস করছি তার মধ্যে দিয়ে আমরা পশ্চিমবঙ্গে নির্বাচিত হয়ে এসেছি। আজকে এই সরকার সীমিত ক্ষমতার মধ্যে শ্রমিক শ্রেণীর কিছু উপকার করার চেষ্টা করছেন। কিন্তু আপনি জানেন যে আমাদের হাত বাঁধা। ওঁরা প্রভিডেন্ট ফাণ্ডের কথা, ই. এস. আই,-এর কথা বলেছেন। আমি বিরোধী দলের সঙ্গে এই বিষয়ে নিশ্চয়ই সহমত পোষণ করি। কিন্তু প্রভিডেন্ট ফাণ্ড কারা পরিচালনা করেন? কেন্দ্রীয় সরকারের কি ই. এস. আই.

সম্পর্কে কোন দায়-দায়িত্ব নেই ? ওঁরা একটু কেন্দ্রীয় সরকারকে বলুন না। প্রভিডেন্ট ফাণ্ডের অফিসে কাজ হয় না। সেখানে গরীব মানুষরা গেলে তাদের হয়রানি হতে হয়। ই. এস. আই.-তে আমরা দেখছি যে, শ্রমিকদের কোন অঙ্গহানি হলে তার কমপেনসেশান-এর জন্য তাদের দিনের পর দিন ঘুরতে হয়। সেখানে পয়সা না দিলে কাজ হয় না। যতই মেডিকেল সার্টিফিকেট থাকুক তাতে কাজ হয় না। কাজেই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ই. এস. আই. এবং প্রভিডেন্ট ফাণ্ডের প্রায় ৩৫ কোটি টাকা গরীব শ্রমিকদের আটকে আছে। মালিকদের কোমরে দড়ি দেবার কথা ওঁরাবলেছেন। আমি ওঁদের জিজ্ঞাসা করি যে, কংগ্রেস শাসিত রাজ্যে কোথায় কোথায় মালিকদের কোমরে দড়ি ওঁরা দিয়েছেন, তার একটা নজির আমাদের দেখান।

[6.50—7.00 P. M]

একটা নজির অন্ততঃ আমাদের দেখান ? একটাও নজির ওঁরা দেখাতে পারবেন না যে, কোন একটি কংগ্রেস শাসিত রাজ্যে মালিকের কোমরে তারা দড়ি দিয়েছে। তারা তা পারে না, মালিকরা তাদের বন্ধু, সুতরাং বন্ধুর গায়ে কি করে হাত দেবে ! আমি আগেই বলেছি কে. কে. বিড়লা ভারতবর্ষের পুঁজিপতিদের শ্রেষ্ঠ মনিব, তাকে কংগ্রেসীরা রাজ্যসভায় মনোনীত করেছে। আর আজকে এখানে শুনছি ভূতের মুখে রামনাম। আজকে ওঁরা এখানে কোন কিছুই আমাদের ভাল দেখতে পাচ্ছেন না, দেখবেন কি করে, ওঁদের চোখে যে ন্যাবা হয়েছে, তাই সব কিছু হলুদ দেখছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার সময় শেষ হয়ে এসেছে, আমি আর দু'-একটি কথা মাননীয় শ্রমমন্ত্রীর কাছে নিবেদন করে আমার বক্তব্য শেষ করব। রাজ্য সরকার এই রাজ্যে বেশ কয়েকটি শ্রমিক মঙ্গল কেন্দ্র স্থাপন করেছেন, কিন্তু শ্রমিকরা সেগুলি থেকে প্রকৃতপক্ষে ঠিকমত সহযোগিতা পাচ্ছে না। যাতে শ্রমিকরা শ্রমিক মঙ্গল কেন্দ্রগুলি থেকে ঠিকমত সহযোগিতা পায় এবং এগুলির আরো সম্প্রসারণ ঘটে, তার জন্য আমি এই বিষয়টির প্রতি মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেননা মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়, তাঁর বাজেট বিবৃতিতে উল্লেখ করেছেন যে, "১৯৬৯ সালে এই বিধানসভায় গৃহীত দি ট্রেড ইউনিয়ন (ওয়েস্ট বেঙ্গল এ্যামেণ্ডমেন্ট) বিলটিতে রাষ্ট্রপতি সম্মতি জ্ঞাপন করেন নি। বিলটি আমাদের কাছে ফিরিয়ে দেয়া হয়েছে। পরে এ ব্যাপারে আমরা স্টেট লেবার এ্যাড্‌ভাইসরী বোর্ডের সংগে

পরামর্শ করে ১৯৮৩ সালে দি ট্রেড ইউনিয়ন (ওয়েস্ট বেঙ্গল এ্যামেণ্ডমেণ্ট) বিলটি বিধানসভায় উপস্থাপিত করি। এই বিলে গোপন ব্যালটের মাধ্যমে শ্রমিক প্রতিনিধি স্থির করার ব্যবস্থা রাখা হয়েছে। বিলটি যথাসময়ে এই বিধানসভায় পাশ হয় বটে, কিন্তু এখন পর্যন্ত রাষ্ট্রপতির সম্মতি পাওয়া যায় নি। মনে হয়, এই গোপন ব্যালটের যে আয়োজন এই বিলটিতে রাখা হয়েছে সে বিষয়েই ভারত সরকারের অনীহা আছে। গোপন ভোট এবং 'চেক অফ'—এই দুই রকমের ব্যবস্থার ভাল-মন্দ দিক নিয়ে দীর্ঘদিন ধরে দেশে প্রকট মতানৈক্য আছে। এ ব্যাপারে একমত হওয়া সম্ভব হয়ে ওঠে নি। আমাদের বিবেচনায় গোপন ব্যালট ব্যবস্থাই উৎকর্ষের দিক থেকে শ্রেষ্ঠ ও অধিকতর গ্রহণযোগ্য। কাজেই আমরা মনে করি যে, শিল্পে সম্প্রীতি বজায় রাখতে হলে এবং প্রয়োজনের অতিরিক্ত অযথা বেশি সংখ্যক ইউনিয়নকে প্রশ্রয় না দিতে গেলে আর দেরি না করে এখনই এ সম্পর্কে স্পষ্ট পদক্ষেপ নেওয়া দরকার।" মন্ত্রী মহাশয়ের এই বক্তব্যের পরিপ্রেক্ষিতে সুব্রতবাবু আজকে বিধানসভায় একটা কথাও বললেন না। আমরা এটা আশ্চর্য হয়ে লক্ষ্য করলাম। অবশ্য এ বিষয়ে ওঁদের মনোভাব আমাদের কাছে খুব একটা অস্পষ্ট নয় এবং সে কথা মাননীয় মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন।

(এই সময়ে লাল আলো জ্বলে)

আমার আরো অনেক কিছু বলার ছিল, কিন্তু সময় শেষ হয়ে যাওয়ার জন্য আমি আর সে-সব কথা এখানে উল্লেখ করছি না। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় এই সভায় যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন করে, আমি যে সাজেশন-গুলি রাখলাম সেগুলির প্রতি আর একবার মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি। তবে আমি আমার সাজেশনগুলির বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তব্য স্পষ্টভাবে জানতে চাইছি। আমি আশা করব তিনি তাঁর জবাবী ভাষণের মধ্যে তা উল্লেখ করবেন।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় তাঁর দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবী (৮ কোটি ৪৯ লক্ষ ৩২ হাজার টাকা) এখানে উপস্থিত করেছেন এবং তার পরিপ্রেক্ষিতে যে বিবৃতি দিয়েছেন তাতে তিনি একটা জিনিস খুব স্পষ্ট করে এখানে প্রকাশ করেছেন যে, বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে তিনি পরাজিত। এটা স্বীকার করে নিয়েও তিনি তাঁর দপ্তরের মাধ্যমে শ্রমিকদের কল্যাণ করতে চাইছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় সদস্য সরল দেব মহাশয় বক্তৃতা রাখতে গিয়ে বললেন যে, টাটার প্রতিনিধিদের নির্বাচিত করছে। যখন বামফ্রন্টের একজন মাননীয় সদস্য একথা বলছেন, তখন আমরা লক্ষ্য করছি, বামফ্রন্টের শ্রমমন্ত্রী মহাশয় তাঁর বিবৃতিতে উল্লেখ করছেন, খড়্গপুরে অবস্থিত একটি কারখানা টাটারা অধিগ্রহণ করেছে। টাটাদের কারখানা অধিগ্রহণ করবার সুযোগ দিচ্ছে কারা? বামফ্রন্ট সরকার। ইন্দিরা গান্ধী তাদের প্রতিনিধিকে নির্দল প্রার্থী হিসাবে নির্বাচিত হবার সুযোগ দিলে দোষ হয়, অথচ বামফ্রন্ট সরকার তাদের কারখানা অধিগ্রহণ করবার সুযোগ দিলে কোন দোষ হয় না।

আজকে এই অবস্থার পরিপ্রেক্ষিতে সরকার তার নিজস্ব ক্ষমতাবলে যদি পরিচালনা করতে না পারে তাহলে আজকে ধন্যবাদ দিই মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে, ধন্যবাদ দিই শ্রম দপ্তরকে। আজকে যখন পরিচালনা করতে পারছেন না তখন ধন্যবাদ দিই শিল্পমন্ত্রী মহাশয়কে। আজকে আপনারা পরিচালনা করতে পারছেন না বলেই বেসরকারী প্রতিষ্ঠানকে ডেকেছেন। যে দেশে লক্ষ লক্ষ বেকার যুবক-যুবতী রয়েছে, তার সমস্যার সমাধান করতে পারছেন না। সরকারের ঘোষিত নীতি হচ্ছে বেকারভাতা। ১৯৭৯-৮০ সালের বাজেটে মাননীয় মন্ত্রী মহাশয় প্রকাশ্যভাবে বলেছিলেন, ১৯৭৮ সালের ১ লা এপ্রিল থেকে বেকারভাতা প্রকল্প প্রবর্তনের মাধ্যমে সরকার সে দাবি পূরণ করেছেন। বর্তমান আর্থিক বৎসরে প্রদেয় বেকারভাতা প্রদানের কাজ আগামী ৩১ মার্চের মধ্যে শেষ করা যাবে বলে আশা করা যাচ্ছে। ১৯৭৮-৭৯ সালে বেকারভাতা প্রাপকের সংখ্যা দাঁড়িয়েছে ১,৪৪,২৭৪ জন। আর আজকে মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন কি? বলছেন বেকারভাতা আর দেওয়া যাবে না। তাহলে এটা কি প্রশংসনীয় নয়? আজকে বেকারত্ব দূরীকরণের জন্য বেসরকারী প্রতিষ্ঠানকে আহ্বান তাঁরা করছেন এই সমস্যার সমাধান করার জন্য। আজকে তাদেরকে অর্থ নিয়োগ করার জন্য আবেদন জানিয়েছেন। সমস্যার সমাধানের জন্য সরকারের চিন্তা-ভাবনা করা উচিৎ, সেখানে মান-সম্মান নয়, সেখানে কোন রকম ইজ্‌ম নয়, সেখানে জনসাধারণের উপকারার্থে চিন্তা-ভাবনা করতে হবে, তবেই প্রকৃত জনদরদী চিন্তাধারার কাজ হবে। আজকে মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তৃতার মধ্যে দেখছি চটকল সমস্যার সমাধান হয়েছে। আবার অপরপক্ষে দেখতে পাই চটকল ধর্মঘট মীমাংসার যে চুক্তি হয়েছে সেই চুক্তি মালিকরা ভঙ্গ করে চলেছেন। এখনও পর্যন্ত সার্বিকভাবে সমস্যার সমাধান হয় নি। তারপর সুতী বস্ত্রশিল্পের কথা বলি। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন সুতী বস্ত্রশিল্পে আলাপ-আলোচনার মাধ্যমে একটি সুষ্ঠু ও সঙ্গত মীমাংসায় পৌঁছানোর

চেষ্টা অব্যাহত রাখা হয়েছে। আমি তাঁকে আবেদন জানাবো, সুতী বস্ত্রশিল্প হচ্ছে গোটা পশ্চিমবাংলায় একটি গুরুত্বপূর্ণ শিল্প, সুতরাং এই সমস্যার সমাধান দ্রুত করা দরকার। আবার এর সাথে যুক্ত পাশাপাশি যে হোসিয়ারী শিল্প সেটাও পশ্চিমবাংলা থেকে উঠে যাবার উপক্রম হয়েছে। এর সাথে লক্ষ লক্ষ শ্রমিক যুক্ত আছেন। এই সমস্যার সমাধানের জন্য আশু চেষ্টা করা দরকার। শুধু মীমাংসায় পৌঁছানোর চেষ্টা করলেই হবে না। সেখানে বিভিন্নভাবে দ্বি-পাক্ষিক বৈঠক হোক, ত্রিপাক্ষিক বৈঠক হোক। এইসব বৈঠক করে একটা কনসিলিয়েশানের মধ্যে নিয়ে আসবার প্রচেষ্টা করতে হবে। আমি মনে করি এই ব্যাপারে গুরুত্ব দেওয়া দরকার যাতে মীমাংসাটা ত্বরান্বিত হয়। তারপর মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট বক্তৃতার মধ্যে ক্লোজার, লক-আউট, লে-অফ-এর কথা বলেছেন।

[7.00—7.10 P.M.]

আমরা বক্তব্যের মধ্যে দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গে যে সরকারী এবং বেসরকারী শ্রমদিবস নষ্ট হয়েছে মন্ত্রী মহাশয়ের বক্তব্যের মধ্যে তিনি তা বলেছেন। ফোর্থ লিষ্ট, টুইসডে, ২৭শে মার্চ ১৯৮৪ আমার একটা প্রশ্নের উত্তরে তিনি বলেছেন। আমার অনুমোদিত প্রশ্নটা ছিল ১৯৮২ সালের জানুয়ারী থেকে ১৯৮৪ সালের জানুয়ারী পর্যন্ত সারা পশ্চিমবঙ্গে ছোট, বড়, মাঝারি সরকারী পরিচালিত কারখানাতে কত শ্রম-দিবস নষ্ট হয়েছে? সেখানে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বিস্তারিত রিপোর্টে বলেছেন ধর্মঘটের জন্য কত, লক-আউটের জন্য কত, ক্লোজার এবং লে-অফের জন্য কত। তাঁর বিস্তারিত রিপোর্টে যেটা তিনি দিয়েছেন সেটা মোটামুটিভাবে তিনি স্বীকারোক্তি দিয়েছেন যে, হ্যাঁ, প্রকৃতভাবে শ্রম-দিবস নষ্ট হয়েছে। তিনি যে লেবার ইন ওয়েস্ট বেঙ্গল তাতে দিয়েছেন। আজকে দেখুন যে তার প্রত্যেকটি ঘটনা, তাঁর বক্তব্যের সাথে অন্তত: অবস্থাটা প্রকাশ পাচ্ছে। অতএব সমালোচনা আমরা যে করছি, তাতে ওনারা কথাটা প্রকাশ করবার চেষ্টা করছেন। আমরা দেখতে পাচ্ছি লেবার ইন ওয়েস্ট বেঙ্গল সেখানে ইণ্ডাষ্ট্রিয়াল রিলেশনস থেকে আরম্ভ করে enforcement of labour laws, employment, relevant statistical information.

আরম্ভ করে যে রিলিভেণ্ট স্ট্যাটিসটিক্যাল ইনফরমেশনটা আছে তার মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে, প্রকৃতভাবে এখানে বিভিন্ন সমস্যাগুলির প্রত্যেকটির অবস্থা দেওয়া আছে এবং সেগুলিতে-যেমন বিভিন্ন প্রবলেম আছে ইনট্রোডাকশান আছে As required under the Bonded Labour Abolition Act, as advised by the

Government of India, District-level Committees have been appointed. A State-level Committee on Agricultural Labour to consider enforcement of agricultural minimum wages and other matters was appointed under the chairmanship of the Labour Minister.

আজকে আমরা বলব বনডেড লেবার, এগ্রিকালচার লেবার তাদের যে প্রকৃত মিনিমাম ওয়েজ তা ঠিক হয়নি। এইসবগুলি ত্বরান্বিত করার জন্য— আপনাকে নিয়ে যে কমিটি হয়েছে—চেষ্টা করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইণ্ডাষ্ট্রিয়াল রিলেসন-এর মধ্যে আপনি দেখুন, সেখানে পারসেনটেজ ৫২.৭৮

During the year under review the conciliation machinery handled 10,020 cases as against 9,490 in the previous year. Out of the total disputes dealt with, 5,289 (52.78 per cent) cases were disposed of during the year 1983 against 4,925 (51.90 per cent) during the previous year.

In 1983 there were 171 cases of work-stoppage against 146 during the year 1982. অর্থাৎ During the year under review 8129 men were affected by closure of 52 units against 3,287 men of 41 units in 1982. Of the 52 units, 11 units employing 580 persons re-opened during 1983. Besides these 11 units, 8 other units closed prior to 1983 were re-opened during the year under review benefitting 459 men.

এখানে একটা হিসাব দেখলেই বোঝা যাবে ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট ১৯৭৪ থেকে ১৯৮৩ পর্যন্ত কতগুলো হয়েছে এবং আপনাদের সময়েই বা নাম্বার অফ ডিসপিউট কত। In 1974—Number of disputes brought forward from previous year 4,168, Number of disputes raised during the year—6,872, Total number of disputes handled during the year 11,040, Number of disputes disposed of during the year—7,052, Percentage of disposal to total disputes handled 63.88 তারপর দেখুন In 1977—Number of disputes brought forward from previous year—2,959, Number of disputes raised during the year—6,209, Total Number of disputes handled during the year 9,168, Number of disputes disposed of during the year—5,218, Percentage of disposal to total disputes handled—56.92. তারপর আপনাদের সময়ে এসে কত হয়েছে? In 1983—Number of disputes brought forward from previous year—4,565, Number of disputes raised during the year—5,455, Total Number of disputes handled during the year—10,020, Number of disputes disposed of during the year—5,289, Percentage of disposal to total disputes handled—52.78. এখানে পার্সেন্টেজ যা দেখতে পাচ্ছি লেবার ইন ওয়েষ্ট বেঙ্গল বইয়েতে ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউটের ব্যাপারে টোটাল নাম্বার অফ ম্যানডেজ লষ্ট ডিউরিং দি ইয়ার ১৯৮৩—১৬,১০৬,০৫৭ এবং টোটাল নাম্বার অফ ম্যানডেজ লষ্ট ডিউরিং দি ইয়ার ১৯৭৭—৮,৯১১,৩০৪ দিন। কাজেই বুঝতেই পারছেন আপনাদের সময়ে কি পরিমাণ কাজের দিন নষ্ট হয়েছে। বেসরকারী প্রতিষ্ঠানে লক-আউটের

সংখ্যার বিষয়ে মাননীয় শ্রীদেবপ্রসাদ সরকারের আনষ্টার্ড কোয়েশ্চেন নাম্বার ১৩১-এর লিখিত উত্তরে ১৯৮২ ও ১৯৮৩ সালে বেসরকারী প্রতিষ্ঠানে লক-আউটের সংখ্যা বলতে গিয়ে মাননীয় শ্রমমন্ত্রী তাঁর লিখিত উত্তরে জানিয়েছেন যে, এই সংখ্যা যথাক্রমে ৭৭টি এবং ৯৪টি। কাজেই আপনাদের দেওয়া সংখ্যা থেকেই এখানে আমরা দেখতে পাচ্ছি যে, ঐ দুই বছরে আপনাদের রাজত্বে মোট ১৭১টি বেসরকারী প্রতিষ্ঠানে লক-আউট হয়েছে এবং ফলে হাজার হাজার শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছে। এইরকম ভাবেই সংখ্যাগুলি ক্রমাগতভাবে এখানে চলছে। তবে একটি ভাল জিনিস দেখতে পাচ্ছি যে, চটকল শ্রমিকদের ধর্মঘট মিটেছে এবং একটি চুক্তি সম্পাদন হয়েছে। তবে মালিকরা যাতে এই চুক্তি মানতে বাধ্য হন সেটা আজকে দেখতে হবে। শিশু-শ্রমিক এবং বণ্ডেড লেবারদের জন্য যে আইন আছে সেটা পরিবর্তন করবার কথা আজকে চিন্তা করুন, কারণ এখনও এখানে অনেক শিশু-শ্রমিক এবং বণ্ডেড লেবার রয়েছে। কাজেই এদিকটা বিশেষভাবে ভাবতে হবে।

[7.10—7.20 P. M.]

এই সরকার আজকে বেকারভাতা দেওয়া বন্ধ করে দিচ্ছেন। বেকারদের সামান্য কিছু আশা-ভরসা ছিল সেটাও আপনারা তুলে নিলেন। আপনারা যে বেকারভাতা চালু করেছিলেন এর মাধ্যমে বেকারদের মধ্যে সামান্য কিছু আশার আলো জেগেছিল সেটাও আপনাদের বর্তমান সিদ্ধান্তের ফলে নিরাশায় পরিণত হবে। এতো দিন পর্যন্ত যারা পেয়েছে তারপরে যাঁরা দরখাস্ত করেছেন তাদের কার্যকরী হবে কিনা সেটা জানাবেন। অনেক বেকারকে কিছু কিছু টাকা দেওয়ার পর বন্ধ করে দেওয়া হয়েছিল। তাদের আর দেওয়া হবে কিনা এবং সেটা কোন পর্যায়ে আছে সেটা আপনি জানাবেন। এইসবগুলিকে অতি যত্ন সহকারে দেখতে হবে। এই ব্যাপারে অনেক সমস্যা আছে।

Mr. Deputy Speaker : Mr. Misra, please take your seat. Your time is over. Shri Matish Ray will now speak.

(Shri Matish Ray rose to speak)

Shri Kashinath Misra : স্যার, আমাকে একটু সময় দিন। অনেক সময়ে তো আপনি টাইম বাড়ান।

Mr. Deputy Speaker : No. Please take your seat. I have already given you three minutes more.

শ্রীসতীশ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। আজকে বিরোধী দলের বন্ধুরা বলেছেন যে, বামফ্রণ্ট সরকারের তরফ থেকে শ্রমমন্ত্রী যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা কার্যকরী করতে পারেন নি। আমি বিরোধী বন্ধুদের বলতে চাই আগে আপনারা ভারতবর্ষের সংবিধানের কথা খেয়াল করুন। একদিকে বলবেন শ্রমিকদের উন্নতি করতে হবে, আর অন্যদিকে ভারতবর্ষের সংবিধান অপরিবর্তিত রাখতে বলবেন—এটা চলতে পারে না। সংবিধানের মাধ্যমে ব্যক্তিগত মালিকানায় কারখানা রেখে শ্রমিকদের শোষণ করবে, কারাখানা খেয়াল-খুশিমতো বন্ধ করে দেবে এবং লক-আউট করে দেবে এটা চলতে পারে না। এটা আপনাদের বিচার করা দরকার। এই অধিকার সংবিধানে রেখে আবার অন্যদিকে রাজ্যস্তরে শ্রমিকদের সহায়তার কথা বলে এবং সরকার তার দায়িত্ব পালন করতে পারছেন না, এই সব বলে সমস্যার সমাধান হবে না। সেইজন্য আমি বলতে চাই বাধাটা কোথায়। রাজ্য সরকার কোন জায়গায় হাত দিলেই, শ্রমিকদের জন্য কোন কিছু করতে গেলেই—বিগত ৭ বছরের অভিজ্ঞতার মধ্য দিয়ে আমরা লক্ষ্য করেছি প্রতিটি স্তরে সংবিধানের সুযোগ নিয়ে মালিক শ্রেণী কিছু করতে দিচ্ছে না। দেশের যারা মালিক শ্রেণী, যারা কারখানার মালিক তারা সংবিধানের আশ্রয় নিয়ে রাজ্য সরকার যে আইন পাশ করছে সেটা কার্যকরী করতে দিচ্ছে না। আমরা এই বিধানসভায় যে আইন পাশ করেছি তার মধ্যে কতকগুলো রাষ্ট্রপতির সম্মতি পায় নি। আজকে এই কথা ওনাদের স্বীকার করতে হবে। আমাদের এই রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি হচ্ছে যে, সংগঠিত অর্থাৎ অরগানাইজড ইণ্ডাষ্ট্রিতে যে-সমস্ত শ্রমিক আছে, যারা বেতনের দিক থেকে একটু উন্নত স্তরে আছে এবং তার পাশাপাশি যে-সমস্ত অসংগঠিত শিল্প শ্রমিক আছে তাদের জন্য রাজ্য সরকার একটা সুস্পষ্ট নীতি পেশ করেছেন। সেই সুস্পষ্ট নীতিটা কি? ন্যূনতম বেতন আইনকে কার্যকারী করে পশ্চিমবাংলায় যতগুলি শিল্প আছে, যাদের নিজস্ব কিছু শ্রমিক আছে তাদের বেতন আইনগত ভাবে নির্ধারণ করে দেওয়া।

আজকে আমার বলতে লজ্জা হচ্ছে এই বিরোধী দলের যাঁরা বসে আছেন তাঁদের মধ্যে ভালো নামী নামী ব্যারিষ্টার, এ্যাডভোকেট আছেন, যাঁরা মালিক পক্ষের হয়ে এই মিনিমাম ওয়েজেস যাতে কার্যকরী করা না যায় এবং যাতে শ্রমিক

শ্রেণীকে আরো মিনিমাম ওয়েজেস থেকে বঞ্চিত করা যায় তার জন্য হাইকোর্টে ২২৬ ধারায় নিষেধাজ্ঞা জারি করে বসে আছেন। আজকে লেবার ইন ওয়েষ্ট বেঙ্গলে তাদের সুবিধার জন্য যতগুলি মিনিমাম ওয়েজ করেছি তার প্রায় আড়াই ভাগ ইণ্ডাষ্ট্রির ক্ষেত্রে আজকে নিষেধাজ্ঞা জারি হওয়ার ফলে আমরা তা কার্যকরী করতে পারছি না। যার ফলে মালিকদের অত্যাচার বাড়বে, ধনবাদী সংকট বাড়বে, অর্থাৎ অর্থনৈতিক সংকট বাড়বে এবং সেই সংকট শ্রমিক শ্রেণীর উপর চাপবে, কারণ মালিক তার মুনাফা অক্ষুণ্ণ রাখার চেষ্টা করবে। আপনারা তো ইন্দিরা গান্ধীকে বলতে পারেন যে, সংবিধানের যে ক্ষমতা আছে সেটা লোকসভাতে সংশোধন করুন। ভারতবর্ষের শোষিত, বঞ্চিত মানুষদের জন্য যে আইন পেশ করেছেন সেটা পাল্টানোর জন্য ইন্দিরা গান্ধীকে বলুন। তা আপনারা বলবেন না, কারণ আপনারা জানেন যে, ইন্দিরা গান্ধীর বশবর্তী হয়ে না থাকলে তাদের আর টিকিট টিঁকবে না। সেইজন্য আমাদের দৃষ্টিভঙ্গীতে আরো পরিষ্কার ভাবে বলে দেওয়া দরকার যে, বড়লোকদের ব্যবস্থা থাকবে, শোষণ থাকবে এবং শ্রমিকদের চাকুরীর আবার নিরাপত্তা থাকবে তা হতে পারে না। তাই আজকে শ্রমিক শ্রেণীর পক্ষ থেকে এই কথা বলতে চাই যে, আজকে পশ্চিমবঙ্গে যে, দাবী আমরা করতে পেরেছি আগে সেটা করতে পারতাম না। শ্রমিক শ্রেণী আজকে ভরসা নিয়ে আন্দোলনে নামতে পেরেছে। আগেকার দিনে শ্রমিকরা আন্দোলনে নামলেই মালিকপক্ষ তাদের পোষা গুণ্ডা দিয়ে শ্রমিকদের উপর আক্রমণ চালাতো এবং তখন পুলিশও শ্রমিকের বিরুদ্ধে মালিকের হয়ে লাঠি চালাতো, গুলি চালাতো, কিন্তু এখন সেগুলি আমরা আসার পরে বন্ধ করেছি। আজকে চটকল এবং বিভিন্ন শিল্পে যে লক-আউট হচ্ছে তার জন্য আমাদের সকলের সমানভাবে সেই বিরোধ মিটিয়ে ফেলা উচিত। গোটা পশ্চিমবঙ্গের মানুষের কল্যাণের জন্য এটা আমাদের করা উচিত। কিন্তু আপনারা তা না করে হাইকোর্টের সাহায্য নিয়ে যাতে এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যায় এবং যাতে মালিকদের স্বার্থ রক্ষিত হয় তার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন। সুতরাং আপনাদের লজ্জাও করে না। আপনারা ইন্দিরা গান্ধীকে বলুন আজকে ২২৬ ধারায় যে ব্যক্তিগত মালিকানার অধিকার দেওয়া হয়েছে মালিক শ্রেণীর স্বার্থে সেটা তুলে দিন এবং তাকে পদদলিত করতে আপনারা তার বিরুদ্ধে সোচ্চার হন। এর অবসান ঘটাবার জন্য আপনারা সংবিধান সংশোধন করতে বলুন। কিন্তু ওখানে আপনারা কোন কথা বলবেন না। শ্রম দপ্তর সংগঠিত শিল্পে প্রতি বছর বেতন বৃদ্ধি হচ্ছে এবং অসংগঠিত শিল্পের ক্ষেত্রেও তুলনামূকভাবে বেতন বৃদ্ধি হচ্ছে। কিন্তু যে হারে বাজার দর বাড়ছে শ্রমিক শ্রেণীর তার মোকাবিলা করতে পারছে না।

কারণ তাদের প্রকৃত বেতন কমে যাচ্ছে। তার মূল কারণ হচ্ছে ইন্দিরা গান্ধী আজকে যে অর্থনীতি চালু রেখেছেন সেই নীতির জন্যই আজকে এই অবস্থা হচ্ছে। এর ফলে বেতন সেই অনুপাতে বাড়ছে না। কর্মসংস্থানও ব্যাপকভাবে বাড়ছে না। শ্রীমতী ইন্দিরা গান্ধী আবার বিগত লোকসভায় বলেছেন, বর্তমান বছরে ৯ মাসের আগে কোন কর্মী নিয়োগ করা হবে না এবং পাবলিক সেক্টরে কোন কর্মী নিয়োগ করা যাবে না। এর দ্বারা কি হবে? এর ফলে নতুন শিল্প যে গড়ে তুলবো তাতে তো আমরা কর্মী নিয়োগ করতে পারবো না। পশ্চিমবঙ্গে যদি পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স এবং ইলেকট্রনিক কমপ্লেক্সে আমরা কাঁচামাল প্রকৃত সরবরাহ করতে পারতাম এবং এই ব্যাপারে যদি কেন্দ্রীয় সরকার আমাদের সাহায্য করতেন তাহলে পশ্চিমবঙ্গে নতুন শিল্প গড়ে উঠতো এবং এতে কর্মসংস্থানের পথ খুলে যেত। কিন্তু আজকে তা হচ্ছে না, যার ফলে বেকারের সংখ্যা আমরা কমাতে পারছি না। তারপরে আপনারা এখানে জাহাজ তৈরী করার কারখানার প্রতিশ্রুতি দিয়েও সেটা পালন করতে পারেন নি। পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স এবং ইলেকট্রনিক কমপ্লেক্সের ক্ষেত্রে প্রতিশ্রুতি দিয়েও আপনারা দায়িত্ব পালন করতে অক্ষম হয়েছেন। এই ব্যাপারে কাশীবাবু তো একটি কথাও বলবেন না। এইগুলি হলে অন্তত: পশ্চিমবঙ্গের বেকার ছেলেদের কর্মসংস্থানের ব্যবস্থা হত। ধনবাদী সংকটের ফলে আজকে শ্রমিক শ্রেণীর যে অর্থনৈতিক সংকট সেটা আমরা সঙ্কুচিত করতে পারছি না। কিন্তু আমরা এর সংকোচ করতে চাই।

[7.20—7.30 P.M.]

আমেরিকা, সাম্রাজ্যবাদীর পীঠস্থান, কিন্তু সে দেশেও অটোমোবাইল ইণ্ডাষ্ট্রিতে হাজার হাজার লোক বেকার হয়ে যাচ্ছে এবং তাদের খাওয়াবার জন্য লঙ্গরখানা খুলতে হয়েছে। ভারতবর্ষও অর্থনৈতিক দিক থেকে অনেক দুর্বল। সেই দিক থেকে আমাদের চিন্তা করতে হবে বড়লোকী ব্যবস্থার মধ্যে থেকে কি করা যায়। কিন্তু আমরা জানি বড়লোকী ব্যবস্থা থাকলে শ্রমিক শ্রেণীর কল্যাণ করা যাবে না এবং যতদিন না পর্যন্ত এই সংবিধানের আমরা পরিবর্তন করতে পারছি ততদিন শ্রমিক শ্রেণীর কিছু উন্নতি হবে না। শ্রমমন্ত্রী বলেছেন আমরা কতকগুলি নূতন জায়গায় হাত দিয়েছি। সেই জায়গাগুলোর মধ্যে একটি হচ্ছে ন্যূনতম মজুরী। ই. এস. আই. এর কতটুকুন ক্ষমতা ছিল? রাজ্য সরকারের দায়িত্ব কি শুধু হাসপাতাল পরিচালনা করা? বিগত ৭ বছরে কতগুলি হাসপাতাল আমরা তৈরী করেছি এবং

কাজের দিক থেকে কত ভাল উন্নতি করতে পেরেছি তার মূল্যায়ন করা দরকার। গোপালদাস নাগের আমলে যে ব্যবস্থা ছিল আজকে তার কি হয়েছে তার তুলনামূলক বিচার আপনারা করুন। ই. এস. আই.-এর যে ত্রুটি তা কারুর অজানা নয় এবং মালিকপক্ষের টাকা ফাঁকি দেবার প্রবণতা সকলেরই জানা আছে। শুধু চটশিল্পেই পি. এফ.-এর তেত্রিশ কোটি টাকা ফাঁকি দিয়ে মালিকরা বসে আছে। এদের বিরুদ্ধে আইনগত কোন ব্যবস্থা নিতে গেলেই হাইকোর্টে তাঁরা হাজির হন এবং ইনজাংশান নিয়ে নেন। সেই জন্য বলছি মূল জায়গায় পরিবর্তন করার দাবি করুন যদি পশ্চিমবাংলার শ্রমিক শ্রেণীর জন্য কিছু করতে চান। কিন্তু মূল কথা হচ্ছে বড়লোকী ব্যবস্থার মধ্যে থেকে মূলগত কিছু পরিবর্তন করা যাবে না। মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় একটা জিনিস সম্বন্ধে উল্লেখ করেন নি তা হলো শ্রমিকদের বাসস্থান। পশ্চিমবাংলায় আমরা গত ৭ বছর ধরে এর জন্য কিছু কাজ শুরু করেছিলাম, কিন্তু তার কোন বিবরণ এই বাজেট-এর মধ্যে নেই। আশা করি জবাবী ভাষণে শ্রমমন্ত্রী এ সম্বন্ধে বলবেন। সুব্রতবাবু বললেন শ্রম দপ্তর গতিশীল নয়। গতিশীল করতে গেলে চাকরীর নিরাপত্তা দরকার। আজকে আমাদের এই সরকারের চেষ্টায় অতীতে মালিকদের এ বিষয় যে ধরনের আচরণ ছিল তা অনেকখানি বন্ধ করতে পারা গেছে। তিনি বললেন কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার আর্থিক সুবিধা করার জন্য আই. আর. সি.-র হেড কোয়ার্টার পশ্চিমবাংলায় স্থাপন করেছেন। আই. আর. সি.-র সম্বন্ধে আমাদের অভিজ্ঞতা হচ্ছে যে, যেখানে তারা হাত দিয়েছেন সেইখানে খারাপ হয়ে গেছে এবং নিজেরাও রুগ্ন হয়ে গেছেন। যে পদ্ধতিতে আই. আর. সি. চলে তা দিয়ে কোন শিল্পকে সজীব করা যায় না। সুতরাং লেবার দপ্তরের উপর দোষারোপ করে লাভ নেই। আজকে শ্রম দপ্তরকে তার নিয়মমাফিক কাজের পরিবর্তন করতে হবে। পেমেন্ট অফ ওয়েজেস কোর্টে যেখানে মিনিমাম ওয়েজেস কেস হয়, ওয়ার্কমেন্স কমপেনসেশন কেস হয়, সেই কোর্টে আজ অচলাবস্থা। এর সুদূরপ্রসারী পরিবর্তন করা দরকার। আমরা ইণ্ডাস্ট্রিয়াল ট্রাইবুনালে জাজ ইন চার্জ-র অধীনে অনেক কিছুর দায়িত্ব দিতে পারি।

এ্যাওয়ার্ড ইমপ্লিমেনটেশন করবার জন্য আমরা বিধানসভায় যে আইন পাশ করেছি তাকে কার্যকরী করবার জন্য ট্রাইবুন্যাল জাজদের উপর দায়িত্ব দেওয়া হয়েছে, কিন্তু দেখা যাচ্ছে তার জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী দেওয়া হয় নি। আমি অনুরোধ করব শ্রমমন্ত্রী এই ব্যাপারে উদ্যোগ নিন। ফ্যাক্টরি ডাইরেকটোরেটে ইন্সপেক্টরদের সংখ্যা খুবই নগণ্য। যদি সুষ্ঠুভাবে ফ্যাক্টরি ডাইরেকটোরেটকে গড়ে তুলতে হয় তাহলে অফিসারের ব্যবস্থা করতে হবে। আমাদের টাকা আছে, কিন্তু

কাজের বিস্তৃতি আরও করতে হবে। কিছু কিছু হলিডে হোম যা সৃষ্টি করা হয়েছে তাতে বেশ সুনাম অর্জন করা হয়েছে। এখানে শ্রমিকরা অল্প ভাড়া দিয়ে থাকার সুযোগ পাচ্ছে। আমি মনে করি এই জিনিসগুলো আরও বাড়াতে হবে। তারপর বন্ধ কারখানা খোলার ব্যাপারে রাজ্যস্তরে নূতন দৃষ্টিভঙ্গী নিতে হবে। অনেকে বলেছেন কারখানার মালিকরা অর্থনৈতিক দিক থেকে পঙ্গু হয়েছে। আমি হিসেব করে দেখেছি ব্যক্তিগত মালিকানায় যে টাকা আছে তার শতকরা ৭০ ভাগ সরকারের টাকা। কাজেই ওই টাকায় তারা যাতে হাত না দেয় এবং শ্রমিকদের শোষণের যন্ত্রে পরিণত না করে সেদিকে মন্ত্রী মহাশয়েব দৃষ্টি দিতে হবে। আইনকে কার্যকরী করার ক্ষেত্রে হাইকোর্ট যে বাধা সৃষ্টি করেছেন সেদিকে শ্রমমন্ত্রীকে দৃষ্টি দিতে হবে এবং তার জন্য একটা লিগ্যাল সেল করতে হবে। আমরা দেখছি হাইকোর্টে ইনজাংশনের জন্য বহু কেস আটকে রয়েছে এবং তদারকের অভাবে সেগুলির মীমাংসা হচ্ছে না। যে সমস্ত মামলা চালু রয়েছে তার সঙ্গে লক্ষ লক্ষ শ্রমিক জড়িত রয়েছে, কাজেই এই মামলাগুলি যাতে উপযুক্ত সময়ের মধ্যে হাইকোর্টে মীমাংসা হয় এবং শ্রমিকরা তাদের উপযুক্ত সুযোগ-সুবিধা পেতে পারে তার জন্য শ্রমমন্ত্রীকে উদ্যোগ নিতে হবে। আমি তাঁর বাজেট সমর্থন করছি এবং অনুরোধ করছি শ্রম দপ্তরের কাজ যাতে আরও ত্বরান্বিত হয় সেদিকে তিনি যেন উদ্যোগ নেন।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শ্রমমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সে সম্পর্কে আমরা সচেতন যে, তাঁরা বিপ্লব করে আসেন নি। যে সীমাবদ্ধতার মধ্যে এই সরকারকে কাজ করতে হচ্ছে সে সম্পর্কে আমরা খুবই সচেতন এবং পুঁজিবাদী সমাজব্যবস্থার মধ্যে কাজ করতে হচ্ছে সে সম্পর্কেও আমরা সচেতন। এত সীমাবদ্ধতার মধ্যে কাজ করা সত্ত্বেও একটা শ্রমিক দরদী দলের সরকারকে যেভাবে কাজ করা উচিত পশ্চিমবাংলার শ্রমনীতি সেইভাবে পরিচালিত হচ্ছে কি না এবং শ্রমিকদের স্বার্থে পরিচালিত হচ্ছে কি না সেটা আমাদের দেখা দরকার। আমি বিপ্লবের কথা বলব না। আমরা লক্ষ্য করছি এই সংকটগ্রস্ত পুঁজিবাদী সমাজব্যবস্থায় মালিকের সমস্যার বোঝা, সংকটের বোঝা শ্রমিকদের উপর যে চাপিয়ে দিতে চাচ্ছে এটা বাস্তব সত্য। এই পটভূমিতে দাঁড়িয়ে একটা শ্রমিক-দরদী সরকার শ্রমিকদের জন্য কি করতে পারে সেটা আমাদের দেখা দরকার। আমরা মনে করি মালিকদের আক্রমণকে প্রতিহত করবার জন্য শ্রমিকদের সংগঠিত করতে হবে এবং মালিকদের বিরুদ্ধে আন্দোলনকে জোরদার করবার জন্য সরকারকে মদত দিতে হবে এবং এই সীমিত ক্ষমতার মধ্যেও যতটুকু

আইন হয়েছে সেটা মালিকের বিরুদ্ধে এবং শ্রমিকদের স্বার্থে প্রয়োগ করতে হবে। এখন প্রশ্ন হচ্ছে এটা বামফ্রন্ট সরকার করেছেন কি? ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এল তখন পশ্চিমবাংলার শ্রমিক এবং সাধারণ মানুষ খুবই উৎফুল্ল হয়ে আশায় বুক বেঁধেছিল এবং তারা ভেবেছিল বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এসেছে তখন শ্রমিকদের স্বার্থে তাঁদের নীতিগুলি তাঁরা পরিচালিত করবেন।

[7.30—7.40 P.M.]

আমরা আশা করেছিলাম যে শ্রমিকদের উপর যে, আক্রমণ আসছে সেই আক্রমণ প্রতিরোধ করার ক্ষেত্রে বামফ্রন্ট সরকার শ্রমিকদের হাতিয়ার হিসাবে কাজ করবে। কিন্তু বাস্তবে দেখছি ফ্রম ইয়োর কনফেশন, আপনার ডেটা, আপনার স্ট্যাটিসটিক্স থেকে দেখা যায় যে লক-আউট, লে-অফ ছাঁটাই মারাত্মক ভাবে বেড়ে যাচ্ছে। মালিক-দের আক্রমণ বামফ্রন্টের রাজত্বে আরও তীব্রতর হয়েছে। তীব্রতর কেন হয়েছে? যদি বলি যে কেন্দ্রীয় ইন্দিরা কংগ্রেস সরকার শ্রমিক শ্রেণীর যে স্বার্থ-বিরোধী নীতি এবং মালিকদের যে রকম স্বার্থরক্ষা করার জন্য চেষ্টা করছে, বামফ্রন্ট সরকারের রাজত্বে ঠিক সেই একই জিনিস হচ্ছে, তাহলে কি ভুল হবে? কেন এই রকম হচ্ছে? আজকে জুট মিল স্ট্রাইকের কি ফলশ্রুতি? ৮৩ দিন ধরে ২ লক্ষ শ্রমিক হিরোয়িক স্ট্রাগল করলো—কিন্তু তার বেনিফিট কি হোল? খুবই আনফরচুনেট ঐ আই. জে. এম. এ. যে দাবী তা কি পূরণ হোল? বামফ্রন্ট সরকার এখানে আত্মপ্রকাশ করলেন। শ্রমিকদের দাবীগুলি উপেক্ষিত হোল। এক্সপার্ট কমিটি শ্রমিকদের গ্রেড, স্কেল, ইত্যাদি সম্বন্ধে যে-সব সুপারিশ করলেন এবং মাননীয় শ্রমমন্ত্রী যেগুলি রেকমেণ্ড করলেন সেগুলি মানা হোল না। সেগুলি নাকচ হয়ে গেল। শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ড, গ্রাচুইটি সে সব-কথা কোথায় চলে গেল। শ্রমিকদের সঙ্গে যে এগ্রিমেণ্ট হোল তাও মানা হোল না। ১৯৭২—৭৯ সালের মধ্যে ৪৬ হাজার পাটকল শ্রমিক ছাঁটাই হয়েছিল। আর ১৯৭৯—১৯৮৩ সালের মধ্যে ৪০ হাজার শ্রমিক ছাঁটাই হোল। এই যে মোট ৮০ হাজার ছাঁটাই শ্রমিক তাদের কি হোল—তাদের রেট্রস্পেকটিভ এফেক্ট—তাদের পুনর্বহালের কিছুই হোল না। এই সমস্ত দাবী কোথায় চলে গেল। এছাড়া শ্রমিকদের ৩৫ কোটি প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা যেটা শ্রমিকদের জমানো টাকা সেই টাকা মালিকরা জমা দিলো না। ই. এস. আই. স্কীমের টাকা, গ্রাচুইটির টাকা, এইসব বেনিফিটের টাকা এবং দাবী কোথায় চলে গেল। সব বাতিল করে দেওয়া হোল। আজকে শ্রমিকদের ন্যায্য দাবীর কোনও মর্যাদা দেওয়া হোল

না। তাদের যে রেট্রস্পেকটিভ এফেক্টের কথা হোল সে-সব কোন কিছুই হোল না। ঐ ৬৫ টাকা দিয়ে দেওয়া হোল। এতে মালিক পক্ষেরই বেনিফিট হোল। সস্তায় কাজ হয়ে গেল মালিকদের। আমাদের বামফ্রন্ট সরকার নিশর্ত আত্মসমর্পণ করলেন। আর একটা জিনিস এখানে উল্লেখ করতে চাই। এই যে সব পুঁজিপতি মালিকগোষ্ঠী, বিড়লা প্রমুখ গোষ্ঠী তারা সবাই মিলে একটা অফিস করেছে, ঐ ৯/১ আর এন মুখার্জি রোডে কেশোরাম ইণ্ডাস্ট্রিজ এণ্ড কটন মিলস, টেক্সমেকো, হিন্দুস্থান মোটরস্—এই সমস্ত অফিসগুলি ওখানে সব জমায়েত হয়েছে। এখানে দেখা যাচ্ছে মালিকরা নির্বিচারে শ্রমিকদের স্বার্থে যে-সমস্ত আইন আছে, সেইসব আইনগুলিকে অগ্রাহ্য করে শ্রমিকদের উপর অত্যাচার আরম্ভ করে দিয়েছে।

তার বিরুদ্ধে কি কেন্দ্রীয় সরকার, কি রাজ্য সরকার, তারা রুখে দাঁড়াচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সংবিধানের ৩৯ (ডি) আর্টিক্লে আছে পে ফর ইকোয়েল ওয়ার্ক, এই নীতি লঙ্ঘন করা হচ্ছে বেতন পারিশ্রমিক দেওয়ার ক্ষেত্রে। এই বৈষম্য মারাত্মকভাবে দেখাতে পারি, এই সম্পর্কে ডাটা স্ট্যাটিসটিক্স যদি চান তাহলে আমরা দিতে পারি। এখানে ইণ্ডাস্ট্রিয়াল এমপ্লয়মেন্ট সম্পর্কে যে-সমস্ত স্ট্যাণ্ডিং অর্ডার আছে, সেইগুলোকে ভায়লেট করে সেখানে শ্রমিকদের বঞ্চিত করা হচ্ছে নানারকম ভাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সমস্ত জায়গায় ওদের বিরুদ্ধে নানা অভিযোগ আছে এবং এখানে ইচ্ছামত তাদের খাটানো হচ্ছে, কাজের কোন সময় বাঁধা নেই, পাঁচটা/সাড়ে পাঁচটার পরও তাদের খাটতে হয়, থাকতে হয়। ডিপারচারের কোন টাইম বার রাখা হয় না। এই সমস্ত জায়গায় যারা ইন্সপেক্টার তারা ফাঁকি দেয়। আপনি যদি সারপ্রাইজ ভিজিট দেন তাহলে দেখতে পাবেন কিভাবে এইসব ইন্সপেক্টররা ফাঁকি দিচ্ছে এবং এই জিনিসগুলো ধরা পড়বে। আপনি এখানে লেখেছেন ক্ষেতমজুরদের ন্যূনতম মজুরী বেড়েছে, কৃষক, শ্রমিকরা তাদের ন্যূনতম মজুরী পেয়েছে, এখানে এটা এতদিন পরে হয়েছে, ওদের কথা আপনাদের নজরে পড়ছে না। এটা তো সৌভাগ্যের কথা, পশ্চিমবাংলার কৃষক, ক্ষেতমজুর, তাদের জন্য একটা আইন করবার কথা ভাবছেন, এই কথা লিখেছেন এবং সামগ্রিকভাবে জুরদের কল্যাণের জন্য আপনারা চেষ্টা করছেন। আজকে ৬॥/৭ বছর বাদে ওদের জন্য একটা আইন করবার কথা ভাবছেন, এটা সৌভাগ্যের ব্যাপার। কিন্তু ওদের য ন্যূনতম মজুরী ১৩·৯০ টাকা, বেশীর ভাগ ক্ষেত্রে—সর্বত্রই এই ন্যূনতম মজুরী ফাঁকি দেওয়া হয়। শ্রমিক, কৃষক, ক্ষেতমজুররা, ওরা বঞ্চিত হচ্ছে, ১৩·৯০ টাকা পাওয়া তা দূরের কথা, তাঁরা ন্যূনতম মজুরীর ধার দিয়েও যান না। সুতরাং এই যে ন্যূনতম মজুরী, এটাকে ইমপ্লিমেন্ট করা আজ পর্যন্ত হয় নি এবং কার্যকরী

পদক্ষেপ আজ পর্যন্ত গ্রহণ করেন নি একজিকিউট করার ব্যাপারে। নামকা ওয়াস্তে শুধু ইন্সপেক্টর আছে, কটা ক্ষেতমজুর ন্যূনতম মজুরী থেকে বঞ্চিত হচ্ছে এবং সেই ইন্সপেক্টররা কটা ক্ষেত্রে মামলা রুজু করেছেন এবং এই সরকার ক'জনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন এবং ক'জন ক্ষেতমজুর, কৃষক, শ্রমিককে সাহায্য করেছেন এটা দেখাতে পারবেন কি? অথচ বেশীর ভাগ ক্ষেত্রে ন্যূনতম মজুরী থেকে ক্ষেতমজুররা বঞ্চিত হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা দেখতে পাচ্ছি সকল ক্ষেত্রে শ্রমিকরা মার খাচ্ছে, শুধু চটকল ধর্মঘটেই মার খায় নি, আজকে হোসিয়ারী শিল্প, সেখানেও মার খাচ্ছে, সর্বত্র শ্রমিকরা মার খাচ্ছে এবং আপনারা আজকে একটা কথা বলছেন, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছে, এখন আর আন্দোলন, ধর্মঘট করার কোন প্রয়োজন নেই। ধর্মঘট হচ্ছে শেষ অস্ত্র। এইসব কথা বলছেন, বারবার বলছেন এবং বলছেন শিল্পে শান্তি বজায় রাখতে হবে। আমি বলছি, এই শান্তি কিন্তু শ্রমিকদের কবরের শান্তি, সেই ব্যবস্থা তাঁরা করছেন। সুতরাং এইরকম ভাবে শিল্পে শান্তি বজায় রাখতে বলাটা হচ্ছে এই সরকারের মালিক তোষণ নীতির বহিঃপ্রকাশ, এছাড়া আর কিছু নয়। আজকে এইভাবে তাঁরা মালিকের তোষণ নীতিকে সহযোগিতা করছেন। আজকে শ্রমিকদের উপর আক্রমণ চতুর্দিক থেকে বাড়ছে। আজকে শিল্প বিরোধ চুক্তিগুলি বামফন্ট সরকার মালিকদের স্বার্থে শ্রমিকদের বিরুদ্ধে করছেন। মালিকদের তোষণ নীতি তাঁরা পালন করে যাচ্ছেন, যার বহিঃপ্রকাশ আপনারা অস্বীকার করতে পারবেন না। এই যে হোসিয়ারী শিল্পে ঘর্মঘট চলছে, সেখানে মালিকদের স্বার্থরক্ষা করতে গিয়ে হোসিয়ারী শিল্পের ট্রেড ইউনিয়ন নেতারা পর্যন্ত শেষকালে বেকায়দায় পড়ে গেছেন।

[7.40—7.50 P.M.]

এমন অবস্থা হয়েছে, আজ যা চলেছে। মালিকদের হয়ে ফয়সালা করে দেবার চেষ্টা করছেন। আজকে হোসিয়ারী শিল্প শ্রমিকদের মধ্যে সর্বাত্মক অসন্তোষ সৃষ্টি হয়েছে। এই অসন্তোষ মাইনে বাড়ার ব্যাপার নিয়ে খানিকটা দ্বিধাগ্রস্ত হয়েছে। সর্বত্রই এইরকম হচ্ছে। এইরকম আন্দোলনে কংগ্রেস সরকারের মত পুলিসী হস্তক্ষেপ করা হচ্ছে। ধর্মঘটী ডক শ্রমিকদের হত্যা করার ঘটনা পশ্চিমবাংলার মানুষ ভুলে যাবে না। একই জিনিস সর্বত্রই হচ্ছে। ফলে পশ্চিমবাংলার মানুষ হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। তারা ১৯৬৭—৬৯ সালের কথা ভেবেছিল। বিশেষ করে

১৯৬৭ সালে তখনকার যুক্তফ্রন্ট সরকার যে নীতি নিয়েছিল তা হচ্ছে এই, ন্যায়সঙ্গত গণতান্ত্রিক শ্রমিক আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করবে না। আজকে আপনারা সেখান থেকে দূরে সরে যাচ্ছেন। এটা একটা কমপ্লিট ডিপারচার—বিভিন্ন ক্ষেত্রে আপনারা মালিকদের হয়ে শ্রমিক স্বার্থ-বিরোধী কাজ করছেন। মালিকের হয়ে পুলিশী হস্তক্ষেপ হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের এই সীমাবদ্ধতার মধ্যে তাদের যে শ্রমনীতি ঘোষিত হয়েছে তার সঙ্গে ভারতবর্ষের পুঁজিপতি চিহ্নিত দল ইন্দিরা কংগ্রেস সরকারের মালিক স্বার্থে শ্রমনীতি যে চলে আসছে তার কোন ফারাক নেই। তারা যেমন ক্রমাগত মালিকদের স্বার্থে সমস্ত শ্রমিকদের উপর চাপ দিচ্ছে, বামফ্রন্ট সরকারও তাই করে চলেছে। সর্বত্রই এই জিনিস হচ্ছে। বোনাসের ক্ষেত্রে আমরা দেখছি ডেফার্ড ওয়েজ পলিসি নেওয়া হয়েছে। বিলম্বিত বেতন বৃদ্ধির পলিসি নেওয়া হয়েছে এবং বোনাস কাটছাঁট করবার ব্যবস্থা হচ্ছে। সরকার নিজে উদ্যোগ নিয়ে মজুরী বৃদ্ধি বন্ধ করার চেষ্টা করছেন, কেন্দ্রীয় সরকার করছেন, রাজ্য সরকারও করছেন। আজকে ওয়েজ ফ্রিজ এ্যাক্ট, দানবীয় শক্তি চাপিয়ে দেবার চেষ্টা করা হচ্ছে। কি কেন্দ্রীয় সরকার, কি রাজ্য সরকার এই চেষ্টা করে চলেছেন। ফলে প্রত্যেকটি ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি বামফ্রন্ট সরকারের শ্রমনীতি আর ভারতবর্ষের পুঁজিপতি শ্রেণীর চিহ্নিত দল ইন্দিরা কংগ্রেসের শ্রমনীতির সঙ্গে কোন পার্থক্য নেই। এরা লাল ঝাণ্ডার আড়ালে সেই মালিক শ্রেণীর স্বার্থই রক্ষা করছেন, পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষের স্বার্থ জলাঞ্জলি দিচ্ছেন। ফলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবামাপদ মুখার্জি : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় শ্রমমন্ত্রী কর্তৃক আনীত বাজেট ব্যয় বরাদ্দের অনুমোদন করতে গিয়ে ২/৪ টি কথা বলছি। বামফ্রন্ট সরকার শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষের শ্রমিকদের আত্মমর্যাদায় প্রতিষ্ঠিত করেছে। এর ফলে শুধু পশ্চিমবাংলার শ্রমিকরাই যে উপকৃত হচ্ছে তা নয়, পশ্চিমবাংলার বাইরের লক্ষ লক্ষ শ্রমিকও উপকৃত হচ্ছে এবং বামফ্রন্ট সরকারকে তারা চোখের মণির মত দেখছে। ভারতবর্ষে দুটি শ্রমনীতি চালু আছে। একটি বামফ্রন্ট সরকারের শ্রমনীতি, আর একটি কংগ্রেস শাসিত সরকার, কেন্দ্রীয় সরকারের। চটে যে ঐতিহাতিক ধর্মঘট হয়েছিল, পশ্চিমবাংলায় আমরা একটি জায়গাতেও পুলিশী হস্তক্ষেপ কিম্বা আক্রমণ দেখতে পাইনি। সমস্তিপুরে কি দেখলাম? একজন শ্রমিককে খুন করা হল কংগ্রেস সরকারের সহায়তায়। আবার ঐ কানপুরে দেখা

গেল কংগ্রেস সরকার নির্লজ্জের মত এই ধর্মঘটকে বেআইনী ঘোষণা করলেন এসমা দিয়ে। এই দুটি সমান্তরাল নীতির কোন্‌টা ভাল দেবপ্রসাদবাবুর মত জ্ঞানপাপী লোক যদি বুঝেও না বোঝেন তাহলে বড় মুশকিল হয়। আমার পূর্ববর্তী বক্তা অনেক কিছু বলেছেন। যাই হোক, আমি সেই সবের মধ্যে না গিয়ে শুধু এইটুকু বলতে চাই, বামফ্রণ্ট সরকারের নীতির ফলে চা, জুট, ইঞ্জিনিয়ারিং বা অন্যান্য শিল্প শ্রমিকরাই যে উপকৃত হয়েছে তা নয়, কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধানে যেসব শিল্প আছে—যেমন ইস্পাত, কয়লা ইত্যাদি শিল্পের শ্রমিকরাও অত্যন্ত উপকৃত হয়েছে। কি করে উপকৃত হয়েছে? প্রায় আড়াই লক্ষ ইস্পাত শ্রমিক তাঁরা এখানে ধর্মঘটের হুমকি দিয়েছিলেন। পশ্চিমবাংলার প্রায় ১ লক্ষ ইস্পাত শ্রমিকের দাবী-দাওয়া বামফ্রণ্ট সরকার সমর্থন করেছিলেন। বিনা ধর্মঘটে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আগষ্ট মাসে চুক্তি হয় এবং সেই চুক্তির ফলে তাদের শতকরা ১৪.২ ভাগ বেতন বৃদ্ধি হয়।

আপনারা জানেন, কয়লা শিল্পের ক্ষেত্রে বলা হয়েছিল সেখানে কোন বেতন বৃদ্ধি হবে না। ব্যুরো অব পাবলিক এনটারপ্রাইজ, যাঁরা সরকারের এ ব্যাপারে নীতি নির্ধারণ করেন তাঁরা বলেছিলেন শতকরা ১০ ভাগের বেশী বেতন বৃদ্ধি করা চলবে না। সেখানে কয়লা খনির বাহাদুর শ্রমিকরা, আপনারা জানেন, তিন দিন ধরে সারা ভারতবর্ষে ধর্মঘট করেছিলেন। বামফ্রণ্ট সরকার তাদের পেছনে ছিল। পশ্চিমবঙ্গে একের তিন অংশ কয়লাখনির শ্রমিকরা বাস করেন। সেই কয়লা খনির শ্রমিকরা তাঁদের অনিচ্ছুক হাত থেকে সেখানে ২০.৪৯ ভাগ বেতন বাড়াতে সক্ষম হয়েছিলেন। বামফ্রণ্ট সরকার এখানে ছিল বলেই সেটা সম্ভব হয়েছিল। অপর দিকে আমরা দেখছি, কেন্দ্রীয় সরকার যখন এখানে শ্রমিকদের উপর আক্রমণ চালানোর ব্যাপারে দেখলেন খুব বেশী সাফল্যমণ্ডিত হচ্ছেন না, তখন তাঁরা নানান চোরাপথে শ্রমিকদের উপর আক্রমণ করতে আরম্ভ করলেন। সেখানে নানান গোপন সার্কুলার দিয়ে শ্রমিকদের উপর অত্যাচার চালানো হচ্ছে। আসানসোল, দুর্গাপুর অঞ্চলে আমরা দেখছি, সেখানে কেন্দ্রীয় সরকারের যে-সমস্ত শিল্প সংস্থা আছে সেগুলিকে রুগ্ন করে দেওয়া হচ্ছে। ইণ্ডিয়ান আয়রনে আগে ১০ লক্ষ টন প্রডাকশন হত, আজকে সেটা ৫ লক্ষ টনে নেমে এসেছে। সেখানে অযোগ্য পরিচালনা, নানান রকমের দুর্নীতি এইসবের জন্য এই ঘটনা ঘটছে। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে এ ব্যাপারে বক্তব্য রেখেও কোন সুরাহা করতে পারছি না। তা ছাড়া আমরা আরো দেখছি, কয়লা খনির ব্যাপারে যে-সমস্ত চুক্তি হয়েছিল সেগুলিও মানা হচ্ছে না। কেন্দ্রীয় সরকার জানেন, বামফ্রণ্ট সরকারের পুলিশকে

শ্রমিকদের উপর লেলিয়ে দিয়ে তাদের লাঠিপেটা করা যাবে না। তাই আমরা দেখলাম সেখানে তাঁরা সি. আই. এস. এফ. আমদানী করলেন। স্যার, এটা বামফ্রন্ট সরকারের কাছে একটা চ্যালেঞ্জ হিসাবে আজকে দেখা দিয়েছে। কেন্দ্রীয় সরকার এই বাহিনী আমদানী করে সেখানে নতুন একটা বন্দীশালা গড়ে তুলেছেন। স্যার, আপনি জানেন, সেখানে এমনই ব্যবস্থা করা হয়েছে যে, এই সি. আই. এস. এফ.-এর বিরুদ্ধে কোন মামলা করতে গেলে তার জন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদন প্রয়োজন। তাহলেই স্যার, বুঝতে পারছেন আজকে কি অবস্থার মধ্যে আমাদের কাজ করতে হচ্ছে। তারপর নতুন নতুন কয়লা খনি খুলে বেকারদের চাকরি দেবার জন্য আমরা জানি, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কয়লা খনির কর্তৃপক্ষের সঙ্গে তিন/চার বার আলোচনা করেছিলেন এবং সেখানে তিনি একটা ফরমূলাও দিয়েছিলেন। কিন্তু দুঃখের কথা তাঁরা সেটা মানলেন না। তাঁরা সেটা না মেনে নিজেদের খেয়ালখুশী মতন নিজেদের লোকদের নিয়োগ করছেন। তা ছাড়া আমরা আরো দেখছি, সি. আই. এস. এফ.-এর লোকজন দিয়ে সাধারণ গ্রামবাসীদের পিটিয়ে তাদের উপর নানান রকমের অত্যাচার চালানো হচ্ছে। শ্রমিকশ্রেণী নিশ্চয় এর জবাব দেবেন, এ জিনিস কখনও চলতে পারে না। তারপর ডি-নোটিফিকেশান নিয়ে বড় বড় কথা বলা হল। স্যার, আপনি জানেন, বার্ন স্টাণ্ডার্ড ১৯৭৩ সালে সরকার জাতীয়করণ করেছিল। এটা সিক কারখানা ছিল। ১৩১ লক্ষ টাকা এই কোম্পানীকে দেওয়া হয়েছিল। তারপর আস্তে আস্তে সেই কারখানা লাভ করে। এই কারখানার দুটি সেকশান আছে—ইঞ্জিনিয়ারিং এবং রি-ফ্যাক্টরি। ৭টি রি-ফ্যাক্টরির মধ্যে তিনটি পশ্চিমবঙ্গে অবস্থিত। আমরা দেখলাম গত ৪ঠা এপ্রিল দুম করে সেখানে ক্লোজারের নোটিশ দিলেন কর্তৃপক্ষ। দুর্গাপুর এবং রাণীগঞ্জের দুটি ইউনিটের শ্রমিক সংখ্যা ১১৭২। তাঁরা বললেন, এটা ভ্যায়াবল নয়, কাজেই ১০ই জুন থেকে বন্ধ করে দেওয়া হবে। স্যার, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে কিভাবে মারছেন এটা তার একটা জ্বলন্ত উদাহরণ। কেন্দ্রীয় সরকারের এই শ্রমনীতি সম্পর্কে আজকে আমি এখানকার কংগ্রেসী বন্ধুদের একটু চিন্তা করে দেখতে অনুরোধ করছি। এরপর আমি সেন র‍্যালের কথায় আসছি। এটাও কেন্দ্রীয় সরকারের একটি সংস্থা। এখানে ২ হাজার ৫০০ লোক কাজ করেন। সেখানে কিন্তু উৎপাদন হয় না, লোকজন বসে থাকেন। আমরা বারবার বলেছি সেখানে কাঁচামাল পাঠান, কিন্তু তা পাঠানো হচ্ছে না। কবে আবার সেটা বন্ধ করে দেবেন জানি না। তারপর স্যার, আমি আর একটা কথা বলি। আমরা দেখেছি, ইন্দিরা গান্ধীর স্বার্থে বম্বের যে-সমস্ত সুতাকলের অস্তিত্ব নেই সেগুলিও জাতীয়করণ করা হয়েছে, অথচ

আসানসোলের হিন্দুস্থান পিলকিংটন গ্লাস ওয়ার্কস—যেটা জাতীয়করণ করলে একটা লাভজনক সংস্থায় পরিণত হতে পারে তার জাতীয়করণের কোন ব্যবস্থা করছেন না, সেদিকে কোন দৃষ্টি দিচ্ছেন না।

[7.50—8.00 P.M.]

সেদিকে তাঁরা কান দেন না। এই ভাবে আমরা দেখছি যে, আমাদের উপরে কেন্দ্রীয় সরকারের যে আক্রমণ, সেই আক্রমণ নেমে আসছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বার্ন স্টাণ্ডার্ড সম্পর্কে আমি একটা কথা বলতে চাই। কেন্দ্রীয় মন্ত্রী নারায়ণ দত্ত তেওয়ারী আমাদের সমর মুখার্জীকে চিঠি লিখেছেন, আমি সেটা একটু পড়ে দিচ্ছি—
Govt, of India, vide his letter No. such and such, dated 17.8.83 categorically assured Sri Samar Mukherjee, M.P. that "there is no proposal to close down the Refractory and Ceramic Units of Burn Standard Co. Ltd. at Raniganj মন্ত্রী বললেন যে, হবে না। আর জয়েন্ট সেক্রেটারী কি করলেন, সেটা দেখুন। it Secretary, Shri G. S. Grewal, Heavy Industry, Govt. of India vide his leterr, dated 12. 3. 84 wrote that Fazil Committee recommended that the Refractory Units, Burn Standard and Company should be merged with Bharat Refractory Ltd. আজকে কেন্দ্রে কেমন সরকার চলছে সেটা দেখুন। মন্ত্রী এক রকম বলছেন, আর তাঁর সেক্রেটারী আর এক রকম বলছেন। এই রকম অবস্থার মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কেন্দ্রের একটা সার্কুলার এখানে পড়ে শুনিয়ে দিতে চাই। কেন্দ্র কি ভাবে শ্রমিকদের উপরে আক্রমণ করে আসছে সেটা দেখুন। এটা পাবলিক এণ্টারপ্রাইজ ভবন থেকে বের হয়েছে। আমি পড়ে দিচ্ছি—

Public Enterprise Bhavan, CGO Complex, Lodi Road, dated the 6th January, 1984 on the subject—Economy in Plan and non-plan expenditure. In the context of the present need for economy in expenditure, the Government has decided as follows :

(a) In framing the Plan size for the public sector enterprises for the year 1984-85 any deterioration in revenue position would have to be accommodated by cutting down the plan size. On the non-plan account or in the payment of interest or loans to Govt., any deterioration will be automatically adjusted by reducing disbursements on plan accounts ;

(b) For the year 1983-84 no further financial allocation would be made for financing losses of public sector enterprise including the National Textile

Corporation, beyond amounts already approved. Ministries would have to take effective measures to improve the performance of these enterprises if they are to continue in operation ;

(c) There should be a ban on new starts as well as on expansion of existing activities except where there is a substantial element of external funding. The annual plan 1984-85 would also need to be finalised on realistic basis keeping in view the likely resource position.

(d) All public sector enterprises must observe the utmost economy in revenue expenditure. All ostentatious expenditure and entertainments etc. must be severely restricted. A 3% cut in the revenue expenditure for 1983-84 as a whole must be effected in the last quarter of the current year ;

(e) Except in the most exceptional circumstances, no new posts should be created in the public sector enterprises for recruitment, and those which have not been initiated should not be filled up.

আজকে চিন্তা করে দেখুন কোন্ দেশে আমরা বাস করছি এবং কোন্ সমাজ ব্যবস্থার মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে। কাজেই আজকে বামফ্রন্ট সরকার যে শ্রমনীতি নিয়ে এগিয়ে চলেছেন, সেই শ্রমনীতিকে আমি সমর্থন করে এবং মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Dr. Zainal Abedin : Sir, I invite your attention to rule 14, it is the old book—of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. It says, "Unless the Speaker otherwise directs, sitting of the House on any day shall ordinarily conclude at 6 P.M.". My question is, what is the compulsion to allow the House to prolong beyond 6 P.M. ? If you take it that the Business Advisory Committee has decided so, then my point is, Mr. Speaker happens to be the Chairman of the Business Advisory Committee. What is the compulsion of the Chair while presiding over the Business Advisory Committee to allow the House to prolong beyond 6 P.M. Please explain this. You did not allow our member to speak more than the time allotted in his favour. I draw your attention to this. You are going beyond your limit. You are bound by the rules.

(Noise)

Let the Chair answer what is the compulsion of the Chair to allow such a huge business in such a short time. You know, I am here for the last 23 years. For the Health Budget-এর জন্য একদিন দেওয়া হয়, *for the Labour*

Budget-এর জন্যও পুরো একদিন দেওয়া হয়। The Government is in hurry to pass the Budget and to avoid the number of sittings in the Assembly. You please explain the conduct of the Government and the reason of compulsion of the Chair on this point.

(Noise)

শ্রীঅমলেন্দ্র রায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডাঃ আবেদিন যে পয়েন্ট অফ অর্ডারটি তুলেছেন, সেটির কোন অর্থ আমরা খুঁজে পাচ্ছি না। কারণ বাই এগ্রিমেন্ট সমস্ত জিনিসটি ঠিক হয়েছে এবং আপনি হাউসের মত নিয়েই সময় বাড়িয়েছেন।

মিঃ ডেপুটি স্পীকার: বিজনেস এ্যাডভাইসরি কমিটিতে এটা অলরেডি ডিসাইডেড। বিজনেস এ্যাডভাইসরি কমিটি যা ডিসাইড করেছিল তা হাউসে প্লেস করা হয়েছিল এবং আপনারা সবাই হাউসে তা এ্যাকসেপ্ট করেছেন। সুতরাং সেই অনুযায়ী সেসন চলছে এবং টাইম অনুযায়ীই চলছে। এটা ঠিকই আছে।

শ্রীআনন্দমোহন বিশ্বাস: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় শ্রম বিভাগের ব্যয়বরাদ্দের প্রস্তাব এখানে উত্থাপন করেছেন। আমাকে অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, মাননীয় শ্রমমন্ত্রী মহোদয় আজীবন শ্রমিক সংগঠনের সঙ্গে যুক্ত থেকে কিভাবে যে এই ব্যয়বরাদ্দ আজকে এখানে পেশ করলেন, তা আমি বুঝতে পারছি না। কারণ এই ব্যয়বরাদ্দের ভিতর দিয়ে শ্রমিক কল্যাণের সার্বিক এবং সামগ্রিক উদার নীতি এখানে সম্প্রসারিত হয় নি। বিশেষ করে যেখানে আমাদের অর্থনৈতিক জীবনে শিল্প এবং কৃষি সমান্তরাল সরল রেখার মত বিস্তৃত সেখানে তিনি আজকে শুধু সংগঠিত শিল্প শ্রমিকদের কথাই বলেছেন। গ্রাম বাংলার যে হাজার হাজার লক্ষ লক্ষ গ্রামীণ কৃষি শ্রমিকরা আছেন তাঁদের বিষয়ে এই ব্যয়বরাদ্দের ভিতরে কোনরকম আলোকপাত করা হয় নি। মাননীয় মন্ত্রী মহোদয় নিঃসন্দেহে সংগঠিত শিল্প শ্রমিকদের সম্বন্ধে অনেক ভাল কথা বলেছেন, বিশেষ করে তাঁদের সোসাল সিকিউরিটির কথা বলেছেন। তাঁরা ষ্ট্রাইক করার সুযোগ পাবেন, ই. এস. আই.-র সুযোগ-সুবিধা পাবেন, গ্রাচুইটি, পেনসন, প্রভিডেন্ট ফাণ্ড ইত্যাদির সুযোগ-সুবিধা পাবেন, এ সব কথা তিনি বলেছেন এবং তিনি আরো বলেছেন, শিল্পে যখন লে-অফ, ক্লোজার, ষ্ট্রাইক হবে তখন শ্রমিকদের

আইনের প্রটেকশন দেবার জন্য ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপুটস এ্যাক্ট অনুযায়ী ট্রাইপার্টাইট বৈঠক ইত্যাদি করার কথা তিনি বলেছেন। বিশেষ করে রিকনসিলের যে-সমস্ত প্রভিসন আছে, সে-সবগুলি তিনি উল্লেখ করেছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় শ্রমমন্ত্রী মহোদয় অভিজ্ঞ ব্যক্তি, আমি তাঁকে বলছি যে, শ্রমিক মালিক সংঘাতটা শুধু আজকের ব্যাপার নয়, এই সংঘাত যুগ যুগ ধরে চলে আসছে এবং এই সংঘাতের পরিধি, বৈচিত্র্য, বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্য বিধান করে তিনি আরো বেশী শ্রমিক কল্যাণ আইন পাশ করুন, আমরা তাঁকে সমর্থন জানাব। কিন্তু সাথে সাথে অত্যন্ত দুঃখের সঙ্গে তাঁকে এ কথা বলছি যে, আমাদের রাজ্যের ৩৮ হাজার গ্রামে, ৩৪১টি ব্লকে মোট জনসংখ্যার ৫৪ ভাগ মানুষ দারিদ্র্যসীমার নীচে বাস করছেন, তাঁদের সম্বন্ধেও একটু চিন্তা করুন। আজকে এখানে চিৎকার করে বলা হচ্ছে, বাম্পার হার্ভেষ্টিং হয়েছে, বাম্পার ক্রপস হয়েছে। অথচ আমরা জানি অর্থনীতিতে উৎপাদনের মূল কথাই হচ্ছে ল্যাণ্ড, লেবার, ক্যাপিটাল এ্যাণ্ড অর্গানাইজেশনের সমানভাবে প্রয়োজন। কিন্তু আমাদের এখানে কৃষি শ্রমিকদের জন্য আজ পর্যন্ত কোন নতুন নীতি গৃহীত হয় নি, কোন বৈজ্ঞানিক নীতির এখানে প্রতিফলন দেখছি না। এটা অত্যন্ত দুঃখের। এ বিষয়ে একটু দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। তিনি ইন্সপেক্টরের কথা বলেছেন, এগ্রিকালচারাল মিনিমাম ওয়েজেস এ্যাক্ট-এর কথা বলেছেন, কিন্তু ইট ইজ নাথিং নিউ। মাননীয় সদস্য আইনজ্ঞ অনিলবাবু এখানে উপস্থিত আছেন। তিনি নিশ্চয়ই জানেন যে, বিগত কংগ্রেস সরকার ১৯৭৬ সালে ল্যাণ্ড এ্যালিনিয়েশন এ্যাক্ট এবং এগ্রিকালচারাল মিনিমাম ওয়েজেস এ্যাক্ট পাশ করা হয়েছিল।

[8.00—8.10 P. M.]

৩৪১টি ব্লকে যে একজন করে ইন্সপেকটার দেওয়া হয়েছিল সেটা তো পুরানো ব্যাপার। আমি মন্ত্রী মহাশয়ের কাছে বিনয়ের সাথে জানাচ্ছি অনুগ্রহ করে এদের ব্যাপারটা চিন্তা করুন। অসংগঠিত হাজার হাজার, লক্ষ লক্ষ গ্রামীণ কৃষি শ্রমিকদের সম্বন্ধে কি করতে পারেন সে বিষয়ে চিন্তা করুন। এদের হাউসিং প্রবলেম আছে। এখানে সমবায়মন্ত্রী মহাশয় আছেন। খবরের কাগজে দেখলাম, রুরাল হাউসিং স্কীমের কথা উনি বলেছেন। শ্রমিকদের জন্য রুরাল হাউসিং স্কীম করতে পারেন কিনা, তাদের ই. এস. আই. বেনিফিট দিতে পারবেন কিনা, এদের

জন্য পাবলিক প্রভিডেন্ট ফাণ্ড করতে পারেন কিনা, সর্বোপরি এদের জন্য গ্রুপ ইনস্যুরেন্স চালু করতে পারেন কিনা—এগুলি দয়া করে চিন্তা করবেন। হয়তো বলবেন এরা সংগঠিত শ্রমিক নয়। এদের জন্য ইন্সপেকটর আছেন। ইন্সপেকটররা অপারেটিভ পার্ট। আইনের ফাংশান ডিসচার্জ করছেন। সেই জন্য গ্রামীণ যে-সমস্ত অসংগঠিত কৃষি শ্রমিক আছে তাদের পঞ্চায়েতভিত্তিক সংগঠিত করার জন্য ইন্সপেকটরদের নির্দেশ দেবেন—এটাই আপনার কাছে অনুরোধ রাখছি। তারপর কর্মসংস্থানের কথা নিশ্চয়ই বলতে পারি। আপনি হয়তো বলবেন সীমিত ক্ষমতা কিন্তু তা সত্বেও আমি বলতে পারি ক্যাপিটাল ইনভেস্টমেন্ট করুন প্রাইভেট এবং পাবলিক সেকটারে, ইনফাসট্রাকচার বাড়ান। রোড কমিউনিকেশান রাস্তায়। সর্বোপরি সকলকে মটিভেশানের দিকে নেবার চেষ্টা করুন। এর জন্য সম্পদের দরকার নেই। ইনসেনটিভ বাড়িয়ে দিন। আমি আপনাকে একটি এ্যাচিভমেন্টের কথা বলি। ১৯৬৭ সালে প্রথম যুক্তফ্রন্টের সময়ে আমরা জানি কলকাতায় গভর্নমেন্ট বাস চলতো। ওনাদের উদ্যোগে ১৯৭৭ সালে কলকাতায় প্রথম প্রাইভেট বাস চালু করলেন। আমরা এ্যাডিশন্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামের ভিতর দিয়ে সেই নীতিকে প্রথম অনুসরণ করি ও এই ব্যবস্থার সম্প্রসারণ করি। কিন্তু আজকে সেখানে আপনারা নতুন উদ্যোগ বাড়িয়ে যাচ্ছেন না, সুতরাং কি করে কর্মসংস্থান হবে। নতুন উদ্যোগ না হলে বেকার বেকারই থাকবে। শ্রমিক ও বেকারের মধ্যে পার্থক্য হচ্ছে—যারা কাজ করে তারাই শ্রমিক, আর যারা কাজ করে না তারা বেকার। যারা কাজ করে তারা জীবিত, যারা কাজ করে না তারা জীবিত-মৃত। এবার আমি কমার্স এ্যাণ্ড ট্রেডের কথা বলছি। আপনারা বাণিজ্যের অগ্রগতির কথা বলছেন না। আপনারা সুপার মার্কেট করেছেন, কিন্তু সেখানে দরিদ্র মানুষের কর্মসংস্থানের সুযোগ নেই। সেখানে একচেটিয়া পুঁজিপতিরা সুপার মার্কেট দখল করে নিয়েছে। তারা কালো টাকা খরচ করে সুপার মার্কেটের সব সুবিধা তাদের কব্জার ভিতর নিয়ে এসেছে। গ্রাম বাংলার দরিদ্র মানুষ যারা শহরে বিকি-কিনির জন্য আসে তাদের বিক্রি করবার জন্য বসার সংস্থান নেই, ফলে ফুটপাত এনক্রোচ হচ্ছে। হাজার হাজার মানুষের কর্মসংস্থান হচ্ছে না। সুতরাং এ ব্যাপারে নতুন দৃষ্টিভঙ্গী দিয়ে আলোকপাত করবেন। সর্বোপরি আমি গ্রাম বাংলার হাটের কথা বলবো। গ্রামের হাট অত্যন্ত প্রিমিটিভ, ট্রাডিশন্যাল, পনটেনিয়াস, এ ব্যাপারে আপনার নূতন কোন দৃষ্টিভঙ্গী নেই।

গ্রামের হাজার হাজার দরিদ্র মানুষ—আপনাদের ভাষায় যারা মেহনতী মানুষ তারা আপনাদের কোন ডিসটার্ব করছে না, তারা গ্রামীণ হাটে বসে বিকি-কিনি

করে তাদের জীবন এবং জীবিকার পথ খুঁজে নিয়েছে। এই সব হাটগুলির বিষয় আপনি নতুন দৃষ্টিভঙ্গীতে দেখুন। মডার্ন এ্যামিনিটিস দেবার ব্যবস্থা করুন। হাটগুলিকে রেনোভেট করুন। এগুলিকে এক্সটেণ্ড করুন। এই দাবী আপনার কাছে আমি রাখছি। সর্বোপরি আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে বলছি, আপনি শুধু পুরাতন গতানুগতিক শ্রমিক কল্যাণ নীতি নিয়ে চলবেন না। মার্কসীয় দর্শনের ভাল দিকগুলি নিশ্চয়ই আমরা ভাল বলে সমর্থন করি, কিন্তু তারই মধ্যে শুধু নিবদ্ধ থেকে ইউরোপিয়ান চিন্তাধারায় শিল্প শ্রমিকদের কল্যাণের কথা ভাববেন না। তাই শুধু ঐ চিন্তাধারা প্রসূত ইনডাসট্রিয়াল লেবারের সুযোগ-সুবিধার কথা প্রাধান্যলাভ করেছে। ভারতবর্ষের অর্থনীতির বৃহৎ অংশ গ্রামীণ-ভিত্তিক। সুতরাং গ্রামের কৃষি শ্রমিক অসংগঠিত শ্রমিকের প্রতি আপনার জবাবী ভাষণে নতুন দৃষ্টিভঙ্গীর আলোকপাত করবেন—এটা আমি আশা করবো। আপনার আগামী দিনের গ্রামীণ কৃষি শ্রমিক কল্যাণ-নীতি ঘোষণা করে নতুন বিষয়ে আলোকপাত করবেন। আমাদের চিন্তাধারাকে এগিয়ে নিয়ে যাবেন এটাই আশা করবো। আমি দুঃখিত, বর্তমান শ্রমনীতি সুদূরপ্রসারী না হওয়ার জন্য আমি বিরোধিতা করছি এবং আমাদের তরফ থেকে যে কাটমোশান আনা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার: এখন দেখছি আলোচনা শেষ হতে সময় লাগবে। সুতরাং আরোও ১ ঘন্টা সময় বাড়ানো দরকার। আশা করি সমস্ত সদস্যরা আমার সঙ্গে একমত হবেন। (সদস্যরা সম্মতি জানালো)। অতএব ১ ঘন্টা সময় বাড়ানো হলো।

ডাঃ জয়নাল আবেদিন: অধ্যক্ষ মহাশয়, আপনি আগের মেডিকেল বাজেটে একঘন্টা সময় বাড়িয়েছেন। তার মধ্যে আমাদের ফিফ্‌টি পারসেন্ট পাওয়ার কথা। ৬টার সময় কমপ্লিট করার কথা। এইভাবে একঘন্টা করে সময় বাড়াতে তো রাত্রি ১০ টা বেজে যাবে। You have deprived the Opposition of 50% time. We are under the impression that the House will conclude at a certain time but now we see that you are again extending the time. So, it is difficult for us to maintain other appointments outside the House. The people have sent us to discharge some duties and responsibilities. If you take so much time, then, we will fail to discharge the duties and responsibilities outside the House. If you think that you have the brute majority, you can do whatever you would like—that is not right.

Mr. Speaker : Dr. Zainal Abedin, I would like to draw your attention to one thing. Your Chief Whip has taken 48 minutes in place of 35 minutes' time. Then Shri Kashi Nath Misra has taken 19 minutes in place of 15 minutes. Then Shri Debaprasad Sarkar has taken 3 minutes extra time and Shri Ananda Mohan Biswas also has taken one minutes' extra time. Now, let us make a total of the extra time. It comes to 21 minute's extra time. So opposition members have spoken 21 minutes extra time. There are also other members. They will also speak.. If you want that your members will only speak, that, I think, will be an injustice to other members. Why don't you control your members ? If you can control your members, in that case, you will be able to maintain the time limit.

Now Shri Biren Bose.

Shri Satya Ranjan Bapuli : Mr. Speaker, Sir, there is a rule that Opposition will get more time.

Mr. Speaker : Mr. Bapuli, can you show me the rule that the Opposition will get more time ?

Shri Satya Ranjan Bapuli : There is a convention.

Mr. Speaker : There may be a convention but there is no rule in this regard. The convention is that the time limit will be fifty fifty. That is the thing. I refuse to agree with you on the point that Opposition will get more time.

Now Shri Biren Bose.

শ্রীবীরেন বোস : মানীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী কর্তৃক আনীত ব্যয়-বরাদ্দের দাবীকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। স্যার, ইতিপূর্বে বিরোধী কংগ্রেস নেতারা শ্রমমন্ত্রী মহাশয়ের বাজেটের উপর অনেক কথা বলেছেন এবং আমি জেনে খুশী হলাম যে, ওঁদের মধ্যেও অনেক শ্রমিক নেতা আছেন।

আমি প্রধানতঃ চা-বাগানের বিষয়ের উপর আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব, কারণ আমি চা-বাগানের শ্রমিক আন্দোলনের সঙ্গে যুক্ত আছি। আমি দেখাব ১৯৫৪ সালে একজন চা বাগামের শ্রমিকের মজুরী ছিল দেড় টাকা। ১৯৭৭-এর এপ্রিল, অর্থাৎ বামফ্রণ্ট ক্ষমতায় আসার আগে ছিল ৪'২৪ পয়সা। অর্থাৎ ওঁদের আমলে মজুরী বৃদ্ধি পেল মাত্র ২'৭৫ পয়সা, আর বামফ্রণ্ট সরকারের আমলে ১৯৭৭ সালের জুলাই মাস থেকে একজন চা-বাগানের শ্রমিকের মজুরী হল ৯'৭৩ পয়সা এবং আগামী জুন মাসে আরও '৭৫ পয়সা এ্যাড হবে, অর্থাৎ সাড়ে ১০ টাকা মজুরী

হবে। আপনারা অনেক বড় বড় কথা বললেন, বামফ্রন্টের শ্রমিক নেতাদের সম্পর্কে অনেক বড় বড় কথা বললেন, কিন্তু এ কথাটা তো বললেন না যে, আপনা-দের আমলে শ্রমিকেরা আন্দোলন করতে গিয়ে হাজার হাজার ছাঁটাই হয়েছে, ডি. আই. আর., মিসায় জেলে গিয়েছে, গুলিতে মরেছে।

[8.10—8.20 P.M.]

কিন্তু একটিও উদাহরণ দিতে পারেন নি যে, বামফ্রন্ট সরকারের ৭ বছরের রাজত্বে কয়জন জেলে আছে বা মিসায় কেউ জেলে আটক আছে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষমতায় আসার পরদিন বামফ্রন্ট সরকার ঘোষণা করেছিলেন শ্রমজীবী মানুষের আন্দোলন দমন করবার জন্য পুলিশকে ব্যবহার করবেন না। আজকে পশ্চিমবাংলার মালিকশ্রেণীর একটু অসুবিধা হয়ে গেছে, কারণ কংগ্রেসের রাজত্বকালে তাঁরা এ্যাডমিনিষ্ট্রেশনের যে সাহায্য মালিকরা পেতেন, আজকে সেই সাহায্য তাঁরা পাচ্ছেন না—সেইজন্যই আজকে তাদের যত চিৎকার, তত রাগ। আমি এই প্রসঙ্গে দু-একটি কথা বলতে চাই। কংগ্রেসের ২৫ বছরের শাসনে পশ্চিমবাংলার চা-বাগানগুলির উৎপাদন বেড়েছে, কিন্তু একটিও নতুন শ্রমিক তাঁরা নিয়োজিত করতে পারেন নি। আমাদের বামফ্রন্ট সরকার শুধু মজুরী বৃদ্ধিই নয়, প্রত্যেক বাগানে ২০ থেকে ৩০ জন নতুন শ্রমিক নিযুক্ত করতে পেরেছেন। কংগ্রেস আমলে পাতা তোলার জন্য দেওয়া হোত কেজিতে ৭ পয়সা, সেটা এখন হয়েছে ১৩ পয়সা। কংগ্রেস আমলে কোনদিন সর্বোচ্চ ২০ পারসেন্ট বোনাস পান নি এইসব শ্রমিকেরা, বামফ্রন্ট সরকার-এর আমলে আজকে তাঁরা ২০ পারসেন্ট বোনাস পাচ্ছেন এবং এক্ষেত্রে নতুন ব্যবস্থা হয়েছে যে, ১২ পারসেন্টের নীচে কেউ বোনাস পাবেন না বর্তমানে। সঙ্গে সঙ্গে আর একটি বিষয়ের উল্লেখ করা যায়,—কেন্দ্রীয় সরকারের নীতির ফলে দার্জিলিংয়ের চা-বাগানগুলি, যেগুলি বিশ্বের চা-বাগানগুলির মধ্যে সর্বোচ্চ ইল্ড হোত, আজ ধ্বংসের মুখে এগিয়ে যাচ্ছে। ১০ বছর আগে দার্জিলিংয়ের বাগানগুলিতে এক একরে প্রডাকশন ছিল ৬ থেকে ৮ মন পর্যন্ত। আজ ১০ বছর পরে ইল্ড এক ছটাকও বাড়েনি। যেখানে পাহাড়ে ছিল একরপ্রতি ৬ থেকে ১০ মন এবং তরাই ডুয়ার্সে সেখানে এ্যাভারেজ ইল্ড ছিল ১৫ মন একরে, সেটা আজকে বেড়ে ২৫ মন পর্যন্ত হয়েছে। দার্জিলিংয়ের চা-বাগানের মালিকেরা ব্যাঙ্ক লোন নিয়ে প্রতি বছর মুনাফা করেছে ১০০ গুণ পর্যন্ত, কিন্তু টাকা তাঁরা শোধ দেন নি, বাগানগুলিকে রুগ্ন করে দিয়েছেন। বর্তমানে ১২টি বাগান বন্ধ রয়েছে।

এটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের সাবজেক্ট, রাজ্য সরকারের ক্ষমতা নেই অধিগ্রহণ করার। তা সত্ত্বেও ৪টি বাগান আমরা অধিগ্রহণ করেছি। অবশ্য ৩টি বাগান কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করেছেন। কিন্তু যে বাগানগুলি বন্ধ আছে সেগুলো অধিগ্রহণ করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুনলে অবাক হয়ে যাবেন যে, দার্জিলিংয়ের চা-বাগানগুলির মোট উৎপাদন বছরে ১১ মিলিয়ন কেজি এবং বিদেশের বাজারে বিক্রী হয়েছে ৪৫ মিলিয়ন কেজি। এইসব ব্রকার্স হাউস, যেমন লিপটন, ব্রুকবণ্ড, জে. টমাস—এইসব একচেটিয়া ব্যবসায়ীরা চার্টার্ড প্লেনে বছরে ৪৫ মিলিয়ন কেজি চা বিদেশের বাজারে পাঠিয়ে কোটি কোটি টাকা মুনাফা লুটছে। হঠাৎ শুনতে পেলাম কেন্দ্রীয় সরকার ৪৩ কোটি টাকার একটি স্কীম করেছেন রিজুভেনেশন করবার জন্য। আমরা জানি রিজুভেনেশন হবে না। এইসব মালিকেরা ব্যাঙ্কের টাকা, শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা, গ্র্যাচুইটির টাকা মেরেছে এবং ডেভেলপমেণ্টের টাকা নিয়ে অন্যান্য প্রদেশে নানা শিল্প গড়েছে কিন্তু বাগানের ডেভেলপমেণ্টের জন্য এক পয়সাও খরচ করেনি। আজকে একে রক্ষা করতে হলে দার্জিলিং পাহাড়ের বাগানগুলিকে ন্যাশনালাইজ করতে হবে। যতদিন ন্যাশনালাইজেশন না হচ্ছে—কেন্দ্রীয় সরকার কয়লার দাম বাড়িয়েছেন, পেট্রোলের দাম বাড়িয়েছেন, ফার্টিলাইজারের দাম বাড়িয়েছেন—এগুলির ক্ষেত্রে ভর্তুকী দিতে হবে এবং কেন্দ্রীয় সরকারকে নিজে দার্জিলিং-এর চা কিনে বিদেশের বাজারে ব্যবসা করতে হবে এবং এই হচ্ছে প্রকৃত রক্ষা করবার রাস্তা। এই কথা বলে শ্রমমন্ত্রীর বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রীশান্তিরঞ্জন ঘটক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের বক্তব্য সম্বন্ধে এদিককার অনেক মাননীয় সদস্য বলেছেন, মাননীয় শ্রমমন্ত্রীও বলবেন। তাছাড়া সময় অল্প, সেজন্য কয়েকটি সাধারণ বিষয়ে যা এখানে আলোচনা হয়েছে—আমি সে সম্বন্ধে দু'একটি কথা বলতে চাই।

এইগুলি জানা জিনিস। তবে বিরোধী পক্ষের সদস্য বিশেষ করে সুব্রতবাবু আমার মনে হয় সব ক্ষেত্রে তিনি জানেন, অথবা নিজের বক্তব্য যেভাবে প্রয়োগ করতে হয় সেই ভাবেই প্রয়োগ করেছেন। হ্যাঁ, লক-আউট, ক্লোজার বাড়ছে। পশ্চিমবাংলায় বাড়ছে এবং সারা ভারতবর্ষে বাড়ছে। বাড়ার কারণটা কি? রিজার্ভ ব্যাংকের বুলেটিন পড়ে দেখবেন। তবে সেখানে একটা জিনিস নেই, রিজার্ভ ব্যাংক সেটা লিখতে পারে না, সেটা হচ্ছে অর্থ-নৈতিক কাঠামো যেটা রয়েছে, তার জন্য বাড়ছে। সম্প্রতি শ্রমমন্ত্রীদের একটা বৈঠক হয়েছিল। সেই

বৈঠকে অন্য সমস্ত রাজ্যের শ্রমমন্ত্রীরাও ছিলেন। তাঁরা এই কথা বলেছেন যে লক-আউট, ক্লোজার বাড়ছে সব জায়গাতে এবং তাকে শ্রমিকরা যেমন করে পারে আন্দোলন করে ঠেকাচ্ছে। ওনারা ওই কথা বলেছেন যে এই ব্যাপারে একটা আইন করুন। আমরা এখানে একটা আইন করেছিলাম ক্লোজারের বিরুদ্ধে। হাইকোর্টে সেই আইন ষ্ট্রাইক-অফ হয়েছিল। আবার একটা আইন করার প্রচেষ্টা হচ্ছে। অর্থাৎ এখানে আমরা যতটা সম্ভব শ্রমিক এবং কর্মচারীদের স্বার্থে ফাইট করে যাচ্ছি এবং বামফ্রন্ট সরকার তাদের যতটা সম্ভব সাহায্য করার চেষ্টা করেন। ওনারা এটাকে অপরাধ বলে মনে করতে পারেন। কিন্তু আমরা এটাকে অপরাধ বলে মনে করি না। আমি এই ব্যাপারে একটা পুরানো কথা স্মরণ করিয়ে দিতে চাই। দয়া করে আপনারা এমারজেন্সির কথা স্মরণ করুন। কাজের চাপে কিভাবে লক-আউট, ক্লোজার বাড়তো। রাইটার্স বিল্ডিং থেকে সাইক্লোস্টাইল ফতোয়া দিয়ে দেওয়া হতো বিশেষ করে চটকল শ্রমিকদের যে এই কাজ তোমাদের করতে হবে। পুলিশকে সেখানে লেলিয়ে দেওয়া হতো এই বলে যে শ্রমিকরা যাতে কাজে বাধা না দেয় সেটা দেখবেন। আজকে কিন্তু মালিকদের সেই সুবিধা নেই। আজকে মালিকরা কি করছে সেটা কি ওনারা জানেন না? কেন ইনডাসস্ট্রি রুগ্ন হচ্ছে সে কথা কি আপনারা জানেন না? না জানার তো কোন কারণ নেই। অর্থনৈতিক কাঠামোর কথা বলতে গেলে মাননীয় সত্য বাপুলী মহাশয় বিদ্রূপ করবেন, তাঁদের যা নীতি তাই করবেন। আজকে মালিকদের অসাধুতা, চুরি এবং বিভিন্ন কারণ আছে। অর্থ-নৈতিক ক্রাইসিস বাড়ছে, সিকনেস বাড়ছে। কেন্দ্রীয় সরকার কি করছেন? সুব্রতবাবু বলেছেন যে আমরা এক সময়ে বলতাম রুগ্ন শিল্পকে সরকারকে নিতে হবে। আমরাও এখানে এই কথা বলি এবং আমরা সেটা করার চেষ্টা করি। কেন্দ্রীয় সরকার করছেন কি? এখানে আগে কয়েকজন বলেছেন অনেকগুলি শিল্প নিয়েছিলেন। কয়েকটার নাম সুব্রতবাবু বলেছেন। উনি হয়ত জানেন না কনটেনার ক্লোজার ইত্যাদি ওঁদের হাতে ছিল। ১০ বছর ধরে শুধু লোন বেড়েছে। তারপর শুধু ডিলিকুইডিসান নয়, তাদের কম্পানীজ ল' তাকে বলেছে মামলা করা, লিকুইডিসানের জন্য মামলা করো। কনটেনার ক্লোজার এবং কাটার পুলার এই রকম আরো কয়েকটি আছে। উনি হয়ত জানেন ওঁদের অনুগামী আই. এন. টি. ইউ. সি নেতৃত্বে র‍্যাংক এ্যাণ্ড ফাইল যারা আছে তারা অন্যদের সংগে মিলে ওদের বিরুদ্ধে লড়াই করে যাচ্ছেন। আমরা সেখানে করছি কি? আমরা যখন দেখছি আমরা পারছি না আমাদের ক্ষমতা নেই তখন বার বার ওদের কাছে বলা হয়েছে, চাপ দেওয়া হয়েছে সেখানেও যখন দেখছি হচ্ছে না তখন

আমরা চেষ্টা করছি। ব্যক্তিগত ক্ষেত্রে যদি কোন মালিক দুটি কনডিসান মেনে নেয় যে শ্রমিক ছাঁটাই করবে না, মাইনেপত্র দেবে ঠিক ভাবে, তাহলে ঠিক আছে। কারখানা বন্ধ করে দিয়ে শ্রমিকদের বেকার বানানোর চেয়ে এই চেষ্টা আমরা করে থাকি।

[8.20—8.30 P. M.]

হেলথ ইউনিটের সঙ্গে সিক ইউনিট জুড়ে দেওয়া আমাদের পলিসি নয়, এটা দিল্লীর পলিসি। মেটাল.বক্স নিয়ে অনেক কথা উঠেছে। মেটাল বক্স কারখানার মালিক আমরা নই। টাটা সেই কারখানা কিনেছে। মেটাল বক্সের স্ট্রাইক আজ ৪/৫ মাস ধরে চলছে। তখন টাটা একটা অফার দেয়। ওরা এবং সমস্ত ইউনিয়ন চীফ মিনিষ্টারের কাছে যান এবং তখন দেখা গেল তারা প্লাস্টিক সেকশানটা বন্ধ করে দিয়েছেন কারণ তারা বলেছেন প্লাস্টিক ক্ষেত্রে ভারত সরকার স্মল সেক্টরে অনেকগুলি কারখানা করতে দিয়েছেন বলে তারা এটা রাখবেন না এবং এতে তাদের প্রচুর লোকসান হচ্ছে। টাটা অনেক আলোচনা করে কিনলেন। টাটা যখন কিনছেন তখন ষ্ট্রাইক উইথড্র করে নেওয়া হবে। এর মধ্যে স্টেট গভর্নমেণ্টের যে কি দোষ জানি না, এটাই হচ্ছে আসল ঘটনা। কয়েক দিন আগে সোহান পালের সঙ্গে আমার কথা হল তাতে তিনি বললেন ছাঁটাই হয় নি। ওরা যখন এটাকে বন্ধ করে দিলেন তখন কি করা যাবে? দু'শ আড়াইশ শ্রমিককে তো বাঁচাতে হবে। এ ছাড়া আর কোন পথ ছিল না। সমস্ত শ্রমিকের চাকরী আছে, কেউ ছাঁটাই হয় নি। আমরা শুনেছি সুব্রতবাবুরা মাঝে মাঝে এমন কজে করেছে যা অনেকে অপছন্দ করে। পি. এফ. এবং ই. এস. আই.-র আইন-কানুন সকলের জানা উচিত। পি. এফ. এবং ই. এস. আই. কর্পোরেশনের আইন-কানুন দিল্লীর। এখানে তাদের কমিশনার আছে, ই. এস. আই. কর্পোরেশন আছে এবং তারা যা কিছু করার করেন। আমাদের যদি সাহায্যের দরকার হয়, সেটা আমরা করি। সরাসরি আমাদের কোন ক্ষমতা নেই। ওরা যদি কাউকে গ্রেপ্তার করার কথা, বলেন আমরা তাঁকে ধরার চেষ্টা করি। এমনকি ই. এস. আই. কর্পোরেশনের অফিসাররা কমপ্লেন করেছে পশ্চিমবঙ্গে মালিকরা টাকা মেরে দিচ্ছে। আমরা কিছু করলে তারা সব হাইকোর্টে চলে যাচ্ছে। অর্থাৎ পি. এফ. এবং ই. এস. আই.-র সমস্ত কিছুর ব্যাপারে তারা কোর্টে যাচ্ছেন। এই আইন পরিবর্তন করবার জন্য আন-এমপ্লয়মেণ্ট অ্যালাউন্সের কথা তারা বললেন। এখানে এখনো পর্যন্ত কেন্দ্রীয়

সরকারের বিভিন্ন দপ্তরে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মারফৎ লোক নেওয়া হয় না। সেজন্য এর স্কোপ খুব লিমিটেড এবং যা হচ্ছে তার মধ্যে বেশির ভাগ লোকই ৭:—৭৪ সালের মধ্যে যারা নাম লিখিয়েছেন তাদেরই নেওয়া হচ্ছে। বেকার ভাতা বন্ধ করা হয় নি। আমরা বলেছি এর এ্যামেণ্ডমেন্ট করবো। এই রকম ধরনের বেকার-ভাতা কংগ্রেস শাসিত রাজ্যে আছে। এই জন্য যে সেণ্ট্রাল এ্যাসিসটেন্ট আমরা পাইনি কিন্তু অন্যান্য ষ্টেটগুলি পেয়েছে। তবে আমরা তার এ্যামেণ্ডমেন্ট করার চেষ্টা করছি—পরিকল্পনা যখন হবে তখন সব জানতে পারবেন। ইঞ্জিনীয়ারিং জুট ইত্যাদির সেটেলমেন্টের ব্যাপারে সুব্রতবাবুর ইউনিয়ন এবং অন্যান্য ইউনিয়ন সম্পূর্ণ সন্তুষ্ট হয়ে এক সঙ্গে মিলে চুক্তি করেছেন।

একমাত্র দেবপ্রসাদবাবুদের সংগঠন বি. এম. এস. এবং আর একটা সংগঠন বললেন একেবারে সর্বনাশ হয়ে যাচ্ছে, কাজেই শ্রমিকদের স্বার্থে তাঁরা শেষ পর্যন্ত চুক্তি করেন নি। দু'জনেরই একই রকম কথা, একই রকম সমালোচনা। অবশ্য আমরা জানি যাঁরা যেভাবে ভাবেন সেইভাবেই কথা বলেন। জুট ইণ্ডাস্ট্রী ন্যাশনালাইজ করবার ব্যাপারে সুব্রতবাবুরা সমর্থন করেছিলেন কিন্তু আজকে তিনি যেভাবে কথা বললেন তাতে খুবই বিস্মিত হয়েছি। আমাদের মুখ্যমন্ত্রী একবার বলেছিলেন, আপনাদের গ্যারান্টি কোথায়—আজকে চুক্তি করবেন, কালকেই আবার ধর্মঘট করবেন। দেবপ্রসাদবাবু বললেন অর্গানাইজড সেক্টর আপনাদের ছেড়ে চলে যাবে। মনে রাখবেন আপনাদের এই স্বপ্ন বাস্তবে পরিণত হবে না। আমি আমার কথা আর না বাড়িয়ে এখানেই শেষ করছি।

শ্রীকৃষ্ণপদ ঘোষঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমেই যে-সমস্ত কাটমোশন এসেছে তার বিরোধিতা করছি এবং আমি যে বাজেট বরাদ্দ পেশ করেছি তাকে সমর্থন করবার জন্য অনুরোধ জানাচ্ছি। বিরোধী দলের মাননীয় সদস্যরা এবারে আমার সমালোচনা করতে গিয়ে অর্থাৎ বামফ্রণ্ট সরকারের সমালোচনা করতে গিয়ে শ্রমিকদের মজুরী বৃদ্ধি, বেতন বৃদ্ধি সম্বন্ধে কোন কথা বলেন নি। মনে হয় তাঁরা বিষয়টি ভুলে গেছেন। চা বাগানে শ্রমিকদের সঙ্গে চুক্তি হয়েছে, ইঞ্জিনীয়ারিং-এ চুক্তি হয়েছে। সুব্রতবাবু বললেন রেট্রোস্পেক্টিভ এফেক্টটার মীমাংসা হয় নি। এঁরা যখন গভর্নমেণ্টে আসবেন তখন এটা পূরণ করবেন—ভাল কথা। আমরা ৪ মাস দিয়েছি, ওঁরা ১২ মাস করবেন—ভাল কথা। চা বাগানে হয়েছে, ইঞ্জিনীয়ারিং-এ হয়েছে, অন্যান্য জায়গায় হয়েছে এবং শেষ পর্যন্ত চটকলেও হয়েছে। একজন বক্তা বললেন চটকলের মালিকরা চুক্তি ভঙ্গ

করেছে। ভঙ্গ করেছে সেই খবর নেই, তবে কিছু কিছু জায়গায় ক্ল্যারিফিকেশনের প্রশ্ন উঠেছে এবং সেটা নিয়ে বিক্ষোভ হচ্ছে। আমি তাদের বলেছি বাজেট শেষ হলে বক্তব্য শুনব। আমি একটা প্রশ্ন করি, এই ক্লোজার, লক আউট কংগ্রেসী আমলে কি হয় নি? আমি দেখেছি এইসব আমাদের সময়ে যা হয়েছে তার চেয়ে ঐ আমলে কিছু কম হয় নি। আমার কাছে যে হিসেব আছে সেটা আমি আপনাদের কাছে বলছি, ভুল হলে কারেক্ট করে দেবেন। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যে-সমস্ত ইউনিটে ক্লোজার হয়েছে তার সংখ্যা ছিল ৫৬০ এবং তাতে ম্যান্‌পাওয়ার ইনভল্‌ভড্ ছিল ৫৫ হাজার ৮৬৮। আমাদের সময় অর্থাৎ ১৯৭৮ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত ক্লোজার হয়েছে ৩৮৮টি ইউনিটে এবং তাতে ম্যান্‌পাওয়ার ইনভল্‌ভড ছিল ৩৫ হাজার ৬৭৭। আমি গর্ব করতে বা বড়াই করতে চাই না, কিন্তু ফ্যাক্টস্ রিভিলস্ ট্রুথ। তবে আমি এতে সন্তুষ্ট নই। আমরা লক্ষ্য করেছি ধনতান্ত্রিক অর্থনীতিতে একটা গভীর সঙ্কট সৃষ্টি হয়েছে এবং বহু জায়গায় মালিকরা কারখানা বন্ধ করে দিয়েছে।

বহু জায়গায় লে-অফ করে মালিকশ্রেণী কাজের ভার বৃদ্ধি করছে এবং সেই সংকটের ভারটা শ্রমিকদের উপর চাপিয়ে দিচ্ছে। শ্রমিকরা যতটা পারে বাধা দিচ্ছে। এবং সেই বাধা দেওয়াটাকে আমরা সমর্থন করছি। আর সেইজন্যই তো চটকল ধর্মঘট। ১৯৮১ সালে, ১৯৮২ সালে, ১৯৮৩ সালে পর্যন্ত মালিক-শ্রেণী সেইভাবে শ্রমিকদের উপর আক্রমণ চালিয়েছে। তার জন্য প্রতিবাদ হচ্ছে এবং এই প্রতিবাদের জন্যই ধর্মঘট। এটাই হচ্ছে বড়া কথা এবং এর জন্যই ৮৩ দিন ধরে চটকল ধর্মঘট চললো। সুব্রতবাবুরা থাকলে গুলি চলতো, লাঠি চলতো, ব্যাপক-ভাবে গ্রেপ্তার হোত। আমাদের সময়ে তো তা হয় নি। আমরা শ্রমিক আন্দোলনকে ভেঙ্গে দিই না। আমরা শ্রমিক শ্রেণীকে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম তা অক্ষরে অক্ষরে পালন করেছি। আমরা বলেছিলাম যে শ্রমিকদের গণতান্ত্রিক আন্দোলনের উপর আক্রমণ করবো না। আমাদের একটা শ্রমনীতি আছে, একটা পজেটিভ নীতি আছে এবং তার প্রমাণ হচ্ছে এই চটকল ধর্মঘট। আর একটা কথা বলি, উত্তর প্রদেশে যেখানে আমাদের সরকার নাই, যেখানে ওঁদের কংগ্রেস সরকার আছেন, সেখানে চটকল শ্রমিকরা ধর্মঘট করতে রাজী হয়েছিল। কিন্তু সেই ধর্মঘট বন্ধ করে দেওয়া হোল। সেই ধর্মঘটকে বেআইনী বলে ঘোষণা করা হয়েছিল। বিনা বিচারে গ্রেপ্তার করা হয়েছে। আমাদের এখানে তা হয় নি। আমি এইটুকু বলতে চাই যে এই লে-অফ ক্লোজারের বিরুদ্ধে সমস্ত রকম শ্রমিক, সমস্ত দলের শ্রমিক লড়াই করেছে এবং লড়াই হয়েছে, চটকল ধর্মঘট হয়েছে, আই

এন টি ইউ সি-র তিনটি গ্রুপই সহি করেছে, মালিকদের বিরুদ্ধে সবাই মিলে লড়াই করেছে। ক্লোজার লে-অফ সম্পর্কে এর থেকে বেশী কিছু আর বলার নেই। একটা কাট মোসনে দেখলাম আনএমপ্লয়মেণ্ট প্রব্লেম সল্ভ করার ক্ষেত্রে ব্যর্থতা। আমরা কি ঘোষণা করেছি যে আমাদের সরকার আনএমপ্লয়মেণ্ট প্রব্লেম সল্ভ করে দেবে? এটা সম্ভব নয়। এর থেকে মনে হচ্ছে যে সারা ভারতবর্ষে আনএমপ্লয়মেণ্ট প্রব্লেম সল্ভড্ হয়ে গেছে, কেবল আমাদের এখানে হয় নি। এটা হচ্ছে ধনতন্ত্রের সংকট এবং তার বহিঃপ্রকাশ হচ্ছে আনএমপ্লয়মেণ্ট প্রব্লেম। এই ধনতন্ত্রে বেকারী বাড়বে, কমবে না। আমেরিকায় বাড়ছে, বৃটেনে বাড়ছে, সব জায়গায় বাড়ছে। আমাদের দেশ ধনতান্ত্রিক দেশ—এখানে বেকারী বাড়বে এবং বাড়ছেও।

(শ্রী জয়নাল আবেদিন: জাপানে কি বাড়ছে?)

জাপানে সম্প্রতি কিছু কমেছে।

আমি বলছি আনএমপ্লয়মেণ্ট প্রব্লেম সমাধান করবার দায়িত্ব আমার নয়। আমি বলছি আনএমপ্লয়মেণ্টের বিরুদ্ধে যে সংগ্রাম সেটাও শ্রেণী-সংগ্রাম, গণতান্ত্রিক মানুষের শ্রেণী সংগ্রাম এবং সমাজ ব্যবস্থা পরিবর্তনেরও সংগ্রাম। সেই সংগ্রামে সাধারণ মানুষ সমবেত হচ্ছেন এবং আমরা বামফ্রন্ট সরকার তাকে সমর্থন জানাবো, এর বেশী কথা আমরা বলতে পারবো না। একটা কথা বলা হয়েছে, মিনিমাম ওয়েজেস অব বিড়ি ওয়ার্কার্স। সেটা এখনও পরিবর্তনের সময় আসেনি, বোধ হয় ১৯৮২ সালে মিনিমাম ওয়েজ করা হয়েছিল, তারপর আর এখনও করা হয়নি, সময় হলে আবার পরিবর্তন হবে। তবে ইমপ্লিমেণ্ট করার ব্যাপারে গ্যারান্টি আমরা দিতে পারবো না, কারণ গভর্নমেণ্টের সেই রকম কোন মেশিনারী নেই। একমাত্র ওয়ার্কারদের যদি অর্গানাইজেশন হয় এবং তাকে যদি সকলে সমর্থন জানান তাহলেই কেবলমাত্র ইমপ্লিমেণ্ট হতে পারে। আবার টাইম নেই, এই ব্যাপারে আমি এলাবোরেট করছি না। সময় থাকলে এই ব্যাপারে বিস্তারিত বলতে পারতাম। আমি আর একটা কথা বলি, নস্করপাড়া জুট-মিল নিয়ে একজন মাননীয় সদস্য বলেন, নস্করপাড়া জুট-মিলের দায়িত্ব নিয়েছিলেন গভর্নমেণ্ট অব ওয়েষ্টবেঙ্গল। কিন্তু নস্করপাড়া জুট মিলের মালিক জানান পরিবারের একজন এবং তার সঙ্গে আর এক ভদ্রলোক মিলে তারা ডিরেক্টারের মিটিং করেছিলেন এবং আমাদের যে রিলিফ আণ্ডারটেকিং আছে, তাদের কাছ থেকে ছিনিয়ে নিলেন এবং তারা একটা ইনডিপেনডেণ্ট ইউনিট হিসাবে করলেন। কেন করলেন? এখন কি হয়েছে, খুলতে তো পারলেন না, আমরা কি করবো? নস্করপাড়া ইউনিট লিকুইডেশনে গেছে। এটায় আমাদের দায়িত্ব নেই। যারা লিকুইডেশনে দিয়ে গেছে, তাদের

ধরুন, যে তোমরা কেন নিলে গভর্নমেণ্টের কাছ থেকে ? মেটাল বক্স সম্পর্কে আমি বলবো না, কারণ শান্তিবাবু, রাষ্ট্রমন্ত্রী বলেছেন, একটা ষ্ট্রাইক চলছে, এতদিন গেল, চটকল শ্রমিকদের নেগোশিয়েশন আগে শুরু হয়নি কেন, কেউ জিজ্ঞাসা করেছেন। পরে ইণ্টারভিউ করলেন কেন ? ওরা জানেন এবং আই. এন. টি. ইউ. সি.-র বন্ধু যারা আমাদের সঙ্গে ছিলেন, সিটুর সঙ্গে ছিলেন, তারাও জানেন দু' মাস পর্যন্ত চটকল মালিকরা কোন আলোচনা করতে রাজী হয় নি। ৬০ দিন চলে যাবার পর মালিকরা একটা ইঙ্গিত দিতে শুরু করলেন যে আমরা এখন আলোচনা করতে রাজী আছি। যদি আলোচনা শুরু থেকে করতেন তাহলে এই ধর্মঘটের প্রয়োজনই হতো না। সুতরাং এই যে বললেন, আগে থেকে ইণ্টারভিন করলেন না কেন, ইণ্টারভিন কি করে করবো ? বারবার মিটিং ডাকা হয়েছে, বারবার মিটিং ব্যর্থ হয়েছে। একজন বক্তা বললেন গ্রামীণ শ্রমিক সম্পর্কে আমরা উদাসীন—আমাদের সীমিত ক্ষমতা, এই সীমিত ক্ষমতার মধ্যে আমরা সমস্ত রকম শ্রমিকদের নিয়ে আলোচনা করছি। গ্রামীণ শ্রমিক, অর্থাৎ কৃষি-শ্রমিক, তাদের ন্যূনতম বেতন নির্ধারণ করা হয়েছে। আমার যতদূর মনে পড়ে ১৩.৯০ পয়সা বোধ হয়, এটা যখন পরিবর্তনের সময় আসবে, তখন করবো। এই জিনিসটা কার্যকরী করার জন্ত আমরা চেষ্টা করছি। কিন্তু আমার পাশে যাঁরা বিপ্লবীরা বসে আছেন বলে দাবী করলেন, তাঁদেরও কিছু দায়িত্ব আছে তো ? তাঁরা তো কিছু করবেন আমরা বিপ্লবী সরকার তো কিছু করিনি। . তাঁরা এটাকে চালু করুন না, আমরা সাহায্য করবো। যদি চালু করার জন্ত তাঁরা চেষ্টা করেন, তাহলে নিশ্চয়ই আমরা সাহায্য করবো।

হোসিয়ারী ওয়ার্কার্স'দের সম্বন্ধে বলেছেন। হোসিয়ারী শ্রমিকদের সম্পর্কে আমরা উদাসীন নই। একটা ষ্ট্রাইক চলছে আমি জানি এবং সেই নিয়ে আলোচনা চলছে। এখানকার লেবার কমিশনার অনেকবার আলোচনা করেছেন। আমি ১৯ তারিখে তাদের সাথে আলোচনায় বসব এবং মিটমাটের চেষ্টা করব। ই. এস. আই. এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ সম্পর্কে, রাষ্ট্রমন্ত্রী শান্তিবাবু বলেছেন, আমি সেই বিষয় নিয়ে আর বলতে চাই না। সংক্ষেপে আমি এই কথা কয়টি বললাম। আমি এই কাটমোসানগুলির সম্পূর্ণ বিরোধিতা করছি এবং এই বাজেট গৃহীত হোক আবেদন করছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : I now put to vote all the cut motions except no. 3 and 5—10 on which I understand Division will be demanded.

The Motions (no. 1, 2 & 4) that the amount of Demand be reduced by Rs. 100 were then put and lost.

Mr. Speaker : I now put to vote cut motions no. 3 and 5 to 10.

The Motions (no. 3 and 5 to 10) that the amount of Demand be reduced by Rs. 10 were then put and a Division was taken with the following results :

NOES

Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Anisur Rahman Biswas, Shri
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Debi Prosad
Basu, Shri Nihar Kumar
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Bose, Shri Biren
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakrabortty, Shri Umapati
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Chowdhury, Shri Benoy Krishna
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghosh, Shrimati Chhaya
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Shri Malin
Goswami, Shri Subhas
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kisku, Shri Upendra
Kumar, Shri Himansu
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Maji, Shri Pannalal
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Suvendu
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukhopadhyay, Dr. Ambarish
Murmu, Shri Sufal
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri

Pal, Shri Bijoy
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Tarak Bandhu
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Sarkar, Shri Kamal
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Sk. Siraj Ali, Shri

AYES

Abdus, Sattar, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Bhunia, Dr. Manas
Biswas, Shri Ananda Mohan
Ghosh, Shri Asok
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Subrata
Sha, Shri Ganga Prosad
Subba, Shrimati Renu Leena

ABSTENTION

Sarkar, Shri Debaprasad

The Ayes being 10 and Noes being 87, the motions were lost.

The motion of Shri Krishna Pada Ghosh that a sum of Rs. 8,49,32,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : 287-Labour and Employment".

(This is inclusive of a total sum of Rs. 1,41,56,000 already voted on account in March, 1984)

was then put and agreed to.

Legislation

Mr. Speaker : There are three Bills. I intend to take up the three Bills together. But the voting will be done separately. I think the Members will agree with me.

(Yes, Yes)

The National Iron and Steel Company Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984.

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to introduce the National Iron and Steel Company Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1 84.

(Secretary then read the Title of the Bill)

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to move that the National Iron and

Steel Company Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984, be taken into consideration.

The Shree Saraswati Press Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984.

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to introduce the Shree Saraswati Press Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984.

(Secretary then read the Title of the Bill)

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to move that the Shree Saraswati Press Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984, be taken into consideration.

The Britannia Engineering Company Limited (Titagarh Unit) (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984.

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to introduce the Britannia Engineering Company Limited (Titagarh Unit) (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984.

(Secretary then read the Title of the Bill)

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to move that the Britannia Engineering Company Limited (Titagarh Unit) (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984, be taken into consideration.

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় যে 'দি ন্যাশানাল আয়রন এ্যাণ্ড ষ্টিল কোম্পানী লিমিটেড' (এ্যাকুইজিসান এ্যাণ্ড ট্রান্সফার অব আনডারটেকিংস) বিল, 'দি শ্রীসরস্বতী প্রেস লিমিটেড' (এ্যাকুইজিসান এ্যাণ্ড ট্রান্সফার অব আনডারটেকিংস) বিল এবং 'দি ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানী লিমিটেড' (টিটাগড় ইউনিট) (এ্যাকুইজিসান এ্যাণ্ড ট্রান্সফার অব আনডারটেকিংস) বিল এনেছেন সেটা নিশ্চয় একটা প্রশংসনীয় উদ্যোগ। যখন শিল্প জগতে শিল্পের প্রসারের একটা প্রচেষ্টা চলছে এবং যেখানে এত সমস্যা বিশেষ করে বেকারত্বের সমস্যা সেখানে এই সমস্যা দূরীকরণের জন্য যে উদ্যোগ নিয়েছেন সেটা প্রশংসনীয়। এই তিনটি কোম্পানীতে শ্রমিক আছেন ৩৬০০ মতন। এই শ্রমিক কর্মচারীদের সমস্যার সুরাহা করার জন্য যে প্রচেষ্টা নেওয়া হচ্ছে সেক্ষেত্রে আমি বলব বিলের মধ্যে যে ত্রুটি-বিচ্যুতি আছে সেদিকে লক্ষ্য রাখবেন। স্যার, এই

ন্যাশানাল আয়রন এ্যাণ্ড ষ্টিল কোম্পানী Industrial Development and Regulation Act. '৫১'র সেকসান ১৮ (এ) বলে ২২শে সেপ্টেম্বর ১৯৭৯ সালে এই কোম্পানীর ম্যানেজমেন্ট টেকওভার করা হয়েছিল।

[8.50—9.10 P. M.]

তখন ষ্টেট গভর্নমেন্টকে এই ম্যানেজমেন্ট করার জন্ম অথোরাইজড করা হয়। আজকে দেখা যাচ্ছে সেই অথোরাইজ অনুযায়ী বিল এসেছে। এখন ক্লজ ৫(২) ডিতে কোম্পানীর এমপ্লয়ীদের ওয়েজ, স্যালারী এ্যাণ্ড আদার ডিউজ, এই আদার ডিউজ যেটা ৩১. ৩. ৮৪ পর্যন্ত ৩১২.৪৯ লক্ষ হয়েছে, এই টাকাটা দিতে হবে। এখানে এমপ্লয়ীদের যে ডেফিনেশান, সেই ডেফিনেশানে ঠিক মত তথ্যটা পরিষ্কার হয়নি। এখানে মেনলি দেখা যাচ্ছে যে তদানীন্তন যে কোম্পানী ছিল, তারা তাদের নিজস্ব ক্ষমতা বলে যে নিয়ম মাফিক এমপ্লয়ীদের নিয়োগ করেছিলেন, তখন যে নিয়োগ নিয়ম মাফিক হয়নি, আজকে সেটাকে নিয়ম মাফিক করার জন্ম সচেষ্ট হবেন। এই বিলের মধ্যে আর একটা জিনিস দেখছি। সেটা হচ্ছে, ষ্টেটমেন্ট অব অবজেক্ট এ্যাণ্ড রিজন যেটা আছে, সেখানে যে ফিনান্সিয়াল মেমোরাণ্ডামে যে তথ্য আছে, সেটা রেফারেনসের, সোর্সের যে ডকুমেন্ট, সেই সোর্সেস ডকুমেন্ট কিন্তু আমরা পাইনি। এর ফলে আমাদের কাছে জিনিসটা পরিষ্কার হচ্ছে না। আপনার ষ্টেটমেন্ট অব অবজেক্ট এ্যাণ্ড রিজন এবং ফিনান্সিয়াল মেমোরাণ্ডামে সেটা পরিষ্কার হয়নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা কথা নিবেদন করবো। সরস্বতী প্রেস তিনি নিলেন। এটা ভাল হয়েছে। এখন সরস্বতী প্রেসের মাধ্যমে সরকারের যে-সব কাজ পেণ্ডিং হয়ে আছে বিশেষ করে লেজিসলেশানের কাজগুলি তাড়াতাড়ি হবে। আমরা দেখেছি যে এ্যাসেম্বলী প্রসিডিং থেকে আরম্ভ করে বহু জিনিস এখনও পর্যন্ত ছাপা হয়নি। আজকে সরকার যখন এটাকে নিচ্ছেন তখন এর মাধ্যমে বি. জি. প্রেসের কাজের চাপও অনেক কমে যাবে। আগে বি. জি. প্রেসে যে প্রচণ্ড চাপের সৃষ্টি হত তাতে তাদের কাজ ঠিক মত করা সম্ভব হত না। তারা ঠিক মত কাজ করতে পারছিল না। আমরা জানি যে এ্যাসেম্বলী চলাকালীন এমন অবস্থা হয়েছে যে এ্যাসেম্বলী আরম্ভ হতে চলেছে তখনও বি. জি. প্রেস থেকে কাগজপত্র এসে পৌঁছায়নি। কাজেই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে এই প্রসিডিং সংক্রান্ত ব্যাপার যাতে এই প্রেসের মাধ্যমে তাড়াতাড়ি করা হয় এবং সেটা যাতে সদস্যরা তাড়াতাড়ি

পায় তার ব্যবস্থা করবেন। আর একটি কথা বলবো। সেটা হচ্ছে, ন্যাশানালাই-জেশান করলেই সমস্যার সমাধান হয়না। আমরা দেখছি যে গত সেপ্টেম্বর মাসে সরকার তাদের দায়িত্ব নিয়েছেন কিন্তু সেই পরিপ্রেক্ষিতে সমস্ত কিছুর সুরাহা এখনও পর্যন্ত হয়নি। কাজেই সরকার নিলেই যে সমস্যার সমাধান হয়ে যাবে তা নয়। হয়ত সেখানে দেখা যাবে যে শ্রমিকদের মধ্যে একটা স্থিতিশীল মনোভাব আসবে, তাদের মধ্যে একটা স্থায়ীত্ব আসবে। সেখানে প্রকৃত ভাবে যে সমস্যাগুলি আছে সেটা দেখতে হবে এবং তার যাতে আরো এক্সপ্যানশান হয় এবং বিভিন্ন ভাবে যদি কোন ত্রুটি-বিচ্যুতি থাকে তাহলে সেগুলি দূর করতে হবে। সেই দূর করতে গেলে আপনাকে কঠোর হতে হবে এবং কঠোর মনোভাব নিয়ে এগুলি প্রতিকার করা একান্ত প্রয়োজন হয়ে উঠবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিশ্বাস আছে এই তিনটি কারখানা সরকারের হস্তগত হবার ফলে সেখানকার ৩,৬০০ শ্রমিক আশ্বস্ত হবেন। কিন্তু এই পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী মহাশয়কে লক্ষ্য রাখতে হবে যে, এর ফলে যে ক্ষতিপূরণ পূর্বতন মালিকদের দেওয়া হবে, সেটা কি ভাবে দেওয়া হবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিংকে ৯৩.২৩ লক্ষ টাকা, ন্যাশনাল আয়রন এ্যাণ্ড স্টিল কোম্পানীকে ২৩ ২২ লক্ষ টাকা এবং সরস্বতী প্রেস লিমিটেডকে ৭৪.৬৯ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে হবে। অবশ্য আমরা জানি এই টাকাটা দিলেই সব শেষ হয়ে যাবে না, এর সঙ্গে আনুষঙ্গিক অনেক টাকা ব্যয় করতে হবে। ম্যানেজমেন্ট ইত্যাদির ব্যাপারে যে টাকাটা ব্যয় করতে হবে সেটার পরিমাণ হচ্ছে, ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিং কোম্পানীর ক্ষেত্রে ১৯ হাজার ৮০০ টাকা, ন্যাশনাল আয়রন এ্যাণ্ড স্টিল কোম্পানীর ক্ষেত্রে ৭,৫০০ টাকা এবং সরস্বতী প্রেসের ক্ষেত্রে ৩,৭৫০ টাকা। তবে আমরা জানি এছাড়াও আরো অনেক কিছু আনুষঙ্গিক যুক্ত হবে। মাননীয় মন্ত্রী মহাশয় কিন্তু এখানে বিলের স্টেটমেন্টের মধ্যে পরিষ্কার ভাবে উল্লেখ করেননি যে, ক্ষতিপূরণের টাকাটা তিনি এক সাথে দেবেন, না ইনস্টলমেন্টে দেবেন। এটা একটু পরিষ্কার করে আমাদের কাছে বললে ভাল হয়। এটা আমরা বুঝতে পারছি না। তারপরে এই অধিগ্রহণের পরে সরকার থেকে এই সংস্থাগুলিতে ম্যানেজমেন্ট বোর্ড গঠন করা হবে, সেটা নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে হবে, না সরকার তাঁদের নিজেদের লোকেদের সেখানে বসিয়ে দেবেন? এটা আমরা বুঝতে পারছি না। কারণ এ বিষয়ে আমাদের তিক্ত অতীত অভিজ্ঞতা আছে। যদি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী না থাকে তাহলে জাতীয়করণ করেও সরকার সমস্যার সমাধান করতে পারবেন না। সুতরাং আজকে এ বিষয়ে সরকারকে সতর্ক দৃষ্টি

দিতে হবে। আমরা আজকে এই বিলের মধ্যে এই সমস্ত তথ্যগুলি পাচ্ছি না। এই বিলের উদ্দেশ্য এবং হেতুর মধ্যে এসব কথাগুলি পরিষ্কার করে উল্লেখ করা উচিত ছিল। সে-সব দেখতে পাচ্ছি না বলেই, আজকে আমাকে এইসব কথা বলতে হচ্ছে। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে আমাদের এইসব বিষয়ে আলোকপাত করবেন।

মাননীয় উপাধ্যক্ষ্য মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় আজকে যে উদ্যোগ গ্রহণ করেছেন, এটা একটা প্রশংসনীয় উদ্যোগ। আমাদের সামনে বহু রুগ্ন ইণ্ডাষ্ট্রি আছে, আজকে এক এক করে সেগুলিকে রুগ্ন অবস্থা থেকে সবল অবস্থায় নিয়ে আসবার প্রচেষ্টা নিঃসন্দেহে অভিনন্দনযোগ্য। সেই পরিপ্রেক্ষিতে আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় বিভিন্ন সমস্যা প্রতিকারের চেষ্টা করবেন।

[9.00—9.10 P.M.]

শ্রীপতিতপাবন পাঠক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় যে ৩টি বিল এনেছেন সেই ৩টি বিলকে আমি সর্বোতভাবে সমর্থন করি এবং কিছু বলবার আগে আপনাকে হুঁশিয়ার করে দেব যে কারণে এই ৩টি শিল্প রুগ্ন শিল্পের মধ্যে গিয়েছিল, ভবিষ্যতে সেই কারণে আর যাতে রুগ্ন শিল্পের মধ্যে না যায় সে বিষয়ে আপনি দৃষ্টি রাখবেন। এবার আমি অন্য কথা বলছি। ন্যাশনাল আয়রন এ্যাণ্ড স্টিল কোম্পানী লিমিটেড ১৯৩৪ সালে জাপানী কারিগরী সহযোগিতায় এখানে স্থাপিত হয়েছিল এবং এটা ভারতবর্ষের মধ্যে তো বটেই এশিয়ার মধ্যে বিশেষ শিল্প হিসাবে স্থান লাভ করেছিল। এই কারখানায় এশিয়ার সর্ব বৃহৎ ইলেকট্রিক ফারনেস ছিল এবং সম্পূর্ণ নতুন ধরনের একটা কারিগরী শিল্পের মাধ্যমে এখানে রোলিং মিল তৈরী হয়। এখানে রেলওয়ের যন্ত্রপাতির জন্য স্টিল ফারনেস ছিল কিন্তু ব্যক্তিগত মালিকানায় থাকার ফলে কোটি কোটি টাকা যা লাভ হয়েছিল সেটা অন্য জায়গায় সরিয়ে নিয়ে যাওয়া হয়। তৎকালীন যে মালিক গোষ্ঠী ছিল তারা কলকাতার বিভিন্ন জায়গায় বহুতল বাড়ী তৈরী করেছে এবং অন্যান্য জমিদারী করেছে। তারা অন্যান্য জায়গায় কারখানা করেছে, রাজস্থানে কারখানা করেছে। সেইজন্য লাভটাকে যদি আমরা কোনভাবে সংযত করতে না পারি তাহলে এই শিল্পকে বাঁচানো অসম্ভব। এই সম্ভাবনা অন্যান্য শিল্পেও থাকতে পারে। এই ব্যাপারে আমি মাননীয় শিল্পমন্ত্রীকে নজর রাখবার জন্য বলছি। এই শিল্পকে বাজারে গোল্ড-মাইন বলা হতো। কিন্তু এমন দুরবস্থা

সেখানে সৃষ্টি করেছিল, যেখানে প্রথমে ৪ হাজার শ্রমিক কাজ করতো পরবর্তীকালে সেটা কমতে কমতে ৩ হাজার হয় এবং বর্তমানে সেটা এখন দেড় হাজারে এসে দাঁড়িয়েছে। এই কারখানার সম্ভাবনা এখনও প্রচুর। শিল্প করতে গেলে লেয়িং-এর দরকার আছে। এখানে লেয়িং শিল্পের যন্ত্রপাতি থেকে শুরু করে সমস্ত রকম ব্যবস্থা ছিল, আধুনিক একটা শিল্প ছিল। আজকে যখন এটাকে জাতীয়করণ করা হচ্ছে, এর আগে এটার দায়িত্বভার পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেছিলেন। কিন্তু আমি একটি জিনিস লক্ষ্য করছি এবং এ ব্যাপারে মাননীয় শিল্পমন্ত্রীকে বিশেষভাবে নজর দেবার জন্য বলছি, এক শ্রেণীর অফিসার, যাদের নিয়োগ করেছিলেন, তাঁরা তাদের খেয়াল-খুশীমত লোক নিয়োগ করতে আরম্ভ করলেন। আজকে যখন এই বিলটি আসছে তখন স্বার্থান্বেষী একটি দল তারা সেখানে ক্যাম্প করে লোক ভর্তি করছে এবং বলছে কাল যখন বিল পাশ হবে তখন আমরা ২০০/৩০০ ছেলেকে ঢোকাবো। সেইজন্য আমি বিশেষভাবে সতর্ক করছি এই ৩টি কারখানা সম্পর্কে, কারণ এই শিল্পগুলিকে আরও রুগ্ন করে দেবার চক্রান্ত চলছে। আপনি এই ব্যাপারে সতর্ক থাকবেন। সরস্বতী প্রেস আমাদের এই অঞ্চলে প্রাইভেট ম্যানেজমেণ্টের সবচেয়ে বড় প্রেস্‌। এই প্রেস কিভাবে খারাপ হয়েছে, কিভাবে খারাপ হয়েছে, কিভাবে রুগ্ন হয়েছে তার ইতিহাস বলা দরকার। আপনারা জানেন, ১৯৭৩।৭৪।৭৫ সাল এই প্রেসের একটা কাজই ছিল কংগ্রেসের যাবতীয় ইস্তাহার, পোস্টার বিনা পয়সায় ছাপানো হতো এবং কোটি কোটি টাকা ঐভাবে ব্যয়িত হয়েছে এবং অর্ডার দিয়েছিলেন ডানকান ব্রাদার্স, সেই টাকা দেওয়া হয়নি। আপনি যখন নেবেন তখন খোঁজ করে দেখবেন অনাদায়ী হয়ে পড়ে আছে ডানকান ব্রাদার্সের কোটি কোটি টাকা। আমি আপনাকে অনুরোধ করবো, পুঙ্খানুপুঙ্খভাবে খোঁজ করে যদি এখনই সম্ভব হয় দোষী ব্যক্তিদের শাস্তি দেবেন। এই তথ্য দেবার আগে বটকৃষ্ণ দাস নামে একজন টাইপিষ্টের চাকুরী চলে যায়।

এটা আমি আপনাকে বলছি, যদি প্রয়োজন হয় এ ব্যাপারে আমার নিজস্ব অভিজ্ঞতা আছে, আপনাকে আমি তথ্য দিয়ে সমৃদ্ধ করার চেষ্টা করব। ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিং কোম্পানী সম্পর্কে ঐ একই বক্তব্য। একজন ডাইরেক্টার বেনামীতে আর একটি কারখানা করলেন এবং ঐ কারখানার তৈরী মাল তার উৎপাদন মূল্যের চেয়েও কম দামে বিক্রি করলেন। এইভাবে প্রাইভেট ফার্মগুলি দুর্বল হচ্ছে। এই দিকে নজর রাখবার আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅশোক ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গের মাননীয়

শিল্পমন্ত্রী মহাশয় যে তিনটি বিল এখানে নিয়ে এলেন আমি তাঁর এই প্রচেষ্টাকে স্বাগত জানাই, সমর্থন জানাই যে এতদিনে শিল্পমন্ত্রী হিসাবে একটা ভাল কাজ করলেন। আমি সংক্ষিপ্তভাবে আমার বক্তব্য রাখব। ব্রিটানিয়া কোম্পানীর উপর বক্তব্য রাখতে চাই। কারণ, আমার আগে পণ্ডিতবাবু কাশীবাবু বলেছেন। আমি একটা কথা বলছি গত ৪ বছর আগে এই প্রতিষ্ঠানটি একটি লাভজনক প্রতিষ্ঠান ছিল। এই বিল আরও আগে জানা উচিত ছিল। যাই হোক, বেটার লেট দ্যান নেভার, বিল এসেছে। ১৯৭৬ সালে অধিগ্রহণের পরে প্রথমে এক কোটি পরে ৫০ লক্ষ করে ২ বছরে ২ কোটি টাকা কেন্দ্রীয় সরকার এই প্রতিষ্ঠানটিকে দিয়েছেন। স্যার, যে ওয়ার্কারদের জন্য এই প্রতিষ্ঠানটি লাভজনক হয়েছে সেই শ্রমিক-কর্মচারীদের দিকে আমি একটু দৃষ্টি দিতে বলছি—প্রায় ১৭০০ শ্রমিক কর্মচারী এই ব্রিটানিয়া কোম্পানীতে চাকরি করেন। ওয়েজ বোর্ডের রায় এখন অবধি চালু হয়নি। আমি মাননীয় শিল্পমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন এ ব্যাপারে উল্লেখ করেন বা নজর দেন। ১৯৭০ থেকে ১৯৭৬ এই যে ৭ বছর বন্ধ ছিল শ্রমিকদের গ্রাচুইটি, প্রভিডেন্ট ফাণ্ড-এর কথা বিশেষ করে সার্ভিস কনটিনিউইটির কথা এই বিলে উল্লেখ করেছেন। প্রয়াত শিল্পমন্ত্রী কানাইবাবু প্রাক্তন পরিবহণমন্ত্রী মহঃ আমীন, ওখানে গিয়েছিলেন, গেট-মিটিং করেছিলেন, বলে এসেছিলেন সার্ভিস কনটিনিউইটির ব্যাপারে রাইটার্সের ফতোয়া এখানে চলে এসেছে। ১৯৮১ সালের ১৩ই এপ্রিল জন-সমাবেশে ওখানে গেট-মিটিং-এ তাঁরা সার্ভিস কনটিনিউইটির কথা বলে এসেছিলেন। আজ পর্যন্ত শ্রমিকদের সেই ধরনের প্রতিশ্রুতি সরকারের কাছ থেকে পাওয়া যায়নি। আমি এই ব্যাপারে শিল্পমন্ত্রীকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাব। বিশেষ করে বন্ধ অবস্থায় যে-সমস্ত শ্রমিক মারা গেছেন তাঁদের সন্তানদের একটা চাকরী দেওয়া উচিত। গত ৩ বছর বন্ধ হয়েছিল যাঁরা রিটায়ার করবে, এত বছর নষ্ট হল তাঁদের ক্ষেত্রে ২/১ বছর কনসিডার করা যায় যদি, সার্ভিস এক্সটেনসন করে ৩/৪ বছর বাড়িয়ে কিছুটা মেনটেন করা যায়—এইসব ব্যাপারে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। যাঁরা রিটায়ার হয়ে গেছে তাঁদের টাকা পয়সা গ্রাচুইটি ইত্যাদির ব্যাপারে শিল্পমন্ত্রীকে অনুরোধ করছি। আমার বক্তব্যের শেষে আবার তাঁকে এই বিল আনার জন্য অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[9.10—9.20 P.M.]

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রকৃতপক্ষে দীর্ঘ বক্তৃতা করবার

অবকাশ নেই। যে তিনটি কোম্পানীকে নতুন করে জাতীয়করণ করা হচ্ছে অলরেডি মাননীয় মন্ত্রী শ্রীপতিতপাবন পাঠক মহাশয় বলেছেন যে তাঁর প্রারম্ভিক কাজ কংগ্রেস সরকারই করে দিয়েছিলেন। সুতরাং এটা দেরীতে হচ্ছে বলে বর্তমান মন্ত্রীকে সমালোচনার সম্মুখীন হতেই হবে। কারণ ইতিমধ্যে অনেক ক্ষতি হয়ে গেছে। সরস্বতী প্রেস ইকোনোমিক্যাল ভায়াবিলিটির দিক থেকে যেমন ইকুইপড, তেমনি বাকি দুটিও সেদিক থেকে ওয়েল ইকুইপড। ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্রে বলতে পারি যে সেটা সরকারের এ্যাসেটই হবে, লায়েবিলিটি হবে না। শুধু একটি কথা পুনরাবৃত্তি করি, তিনটি সংগঠনই মাথাভারী হয়ে আছে। কাজেই নতুন করে যাতে মাথাভারী না হয়, যাতে আরও ভালভাবে সংস্থাগুলিকে চালান যায় সেদিকে দৃষ্টি দেবেন। এই পরিপ্রেক্ষিতে একটি কথা বলতে পারি যে আপনারা নিজে থেকে যখন এর ম্যানেজমেন্ট টেক-ওভার করছেন তখন বাসন্তী কটন মিল, যেটা একটি ঐতিহাসিক সংস্থা—সেটারও ম্যানেজমেন্ট টেক-ওভার করুন এবং তারপর যুক্তভাবে সবাই দিল্লীতে গিয়ে লায়েবিলিটির কথা ভেবে পুরোপুরি ন্যাশনালাইজ করবার জন্য দরবার করা যাবে। আজকে ২ হাজার শ্রমিক এর সঙ্গে যুক্ত এবং যাকে ডানকান ব্রাদার্স এক্সপ্লয়েট করে চলেছে। আজকে এই তিনটি সংস্থা যাতে মাথাভারী না হয়, ইকোনোমিক্যালি ভায়াবেল্ হয় সেদিকে দৃষ্টি দেবার জন্য বলছি। এই সঙ্গে বলছি ব্রিটানিয়া কোম্পানীতে যে-সব ওয়ার্কাররা আজকে আই. এন. টি. ইউ. সি-র মুভমেন্টের সঙ্গে যুক্ত, তাঁদের জোর করে রাজনৈতিক কারণে বাইরে রেখে দেওয়া হয়েছে। আমি অনুরোধ করছি, সংকীর্ণ চিন্তা ধারা থেকে মুক্ত হয়ে এই তিনটি সংস্থাকে চালানো হোক, আমাদের পূর্ণ সমর্থন থাকবে।

শ্রীগঙ্গাপ্রসাদ শা: মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সভার দায়িত্বশীল মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় স্পীকার স্যার, আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিং কোম্পানী ন্যাশনালাইজ করবার জন্য যে বিল আনা হয়েছে এবং এর সাথে আরও যে বিল মাননীয় শিল্পমন্ত্রী এনেছেন তাঁকে স্বাগত জানাই এবং সমর্থন করছি। এই সমর্থনের সাথে সাথে আমি একটি কথা বলতে চাই যে ব্রিটানিয়ার কর্মীদের প্রতি যে অবিচার করা হয়েছে সেদিকে যেন উপস্থিত মাননীয় সদস্যগণ এবং মাননীয় মন্ত্রী দৃষ্টি দেন। আমি ব্রিটানিয়া সম্বন্ধে দুই একটি কথা বলবো, কেননা সেটা আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত। তাঁর আগে মাননীয় মন্ত্রী যে স্পিচ ছাপিয়েছেন তাঁর মধ্যে একটি সংশোধন করা দরকার। পেরা ৭, লাইন ৭-এ—এটা টিটাগড় মিউনিসিপ্যালিটি হবে না, হবে

ব্যারাকপুর মিউনিসিপ্যালিটি। পি. এস হচ্ছে টিটাগড়। আমি মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি এই বিলের দুই একটি বিষয়ের প্রতি আকর্ষণ করতে চাই। এই বিলের চ্যাপ্টার ফাইভ, সেকসান ১৩(এ)-এতে আছে "শ্যাল বিকাম্ এ্যান এমপ্লয়ি অফ দি স্টেট গভর্নমেন্ট", এর দ্বারা কি প্রয়াত কানাই ভট্টাচার্যের ১৯৭৮ সালে কারখানাগুলির শ্রমিকদের কনটিনিউইটি অফ সার্ভিস সম্বন্ধে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা কি করা হচ্ছে—এটা মাননীয় শিল্পমন্ত্রী কি আমাকে জানাবেন ? আমি শুধু আর একটি কথা বলতে চাই, ১৯৭০ থেকে ১৯৭৬ পর্যন্ত কারখানাটি বন্ধ ছিল।

তাদের কোন দোষ ছিল না। মালিকরা এক তরফা ভাবে এই মিল বন্ধ করে দিয়েছিল। চ্যাপ্টার II, সেকসান ৫(২) (ডি)-এতে আছে ওয়েজ এ্যাণ্ড স্যালারিজ ইত্যাদি সম্বন্ধে। যে ট্রাইপারটাইট ইঞ্জিনিয়ারিং ওয়েজ সেটেলমেন্ট ১৯৮৩ সালে হয়েছিল কিন্তু আজ পর্যন্ত সেটা সেটলমেন্ট হওয়া সত্ত্বেও ইমপ্লিমেণ্টেড হলো না। আমি জানতে চাই কবে এটা ইমপ্লিমেন্ট করা হবে। কারণ ট্রাইপারটাইট সেটেলমেন্ট-এর সাথে আমাদের সরকার জড়িত, সরকার এই এগ্রিমেন্টে সই করেছেন। এটা কেন হলো না ? ১৯৮৩ সালের মার্চ মাস থেকে শ্রমিকদের যে বকেয়া পাওনা এবং ডি. এ. বাকি আছে সেটা কবে দেওয়া হবে এটা জানতে পারলে খুশি হবো। কারণ মিল তো লোকসানে যাচ্ছে না। ১৯৮২ সালের যে ব্যালেন্স সিট দেওয়া হয়েছিল তাতে দেখেছি নিট প্রফিট হয়েছে ১৬ লক্ষ টাকা।

চ্যাপ্টার III, সেকসান ৩ (৪) (এ)-তে আমরা দেখতে পাচ্ছি যে ৯৩ লক্ষ ১৩ হাজার টাকা ধরা আছে পেমেন্ট অফ এ্যামাউন্টে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ৯৩ লক্ষ ২৩ হাজার টাকাটার ব্রেক-আপ যদি দেয়া হতো তাহলে ভাল হত। কারণ এটা না হলে কোন খাতে কত টাকা সেটা জানতে পারছি না। নিজস্ব পাওনা থেকে শ্রমিকরা বঞ্চিত হচ্ছে।

চ্যাপ্টার III, সেকসান ৯(৪) (এ)-তে লায়েবিলিটি পেমেন্ট এনফোর্স এমপ্লয়মেন্ট এই সম্বন্ধে দেওয়া আছে। আমি আপনার কাছে অনুরোধ করবো যে শ্রমিকদের যে বকেয়া পাওনা লায়েবিলিটিস ফাইনান্সিয়ালের সেটা যেন তাদের একবারে দেওয়া হয়। ক্লজ ৭-এ আছে মিলটাকে মর্ডানাইজ করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় একটা স্কীম নিয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয় নিজে অবগত আছেন যে এই ব্রিটানিয়া কম্পানীর সংলগ্ন প্রায় ৬৪ একর জমি পড়ে রয়েছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি দেওয়া উচিৎ। কারণ এই জমি দখল হয়ে যাচ্ছে। ২ বছরের মধ্যে এই জমি সম্পূর্ণ দখল হয়ে যাবে। এই ৬৪ একর জমি ঘিরে যদি আপনার স্কীমের মধ্যে নেন তাহলে কয়েক হাজার ছেলে চাকুরী পেতে পারে। মাননীয় স্পীকার

স্যার, এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা আমি বলতে চাই, আপনাদের আইন আছে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে লোক নেওয়া হবে। আমি বলতে চাই এই ব্রিটিনিয়া ইঞ্জিনীয়ারিং কম্পানী ৬ বছর বন্ধ ছিল। সেখানকার কর্মীরা অনেক দুঃখ কষ্ট করে দিন নির্বাহ করেছে। ইতিমধ্যে কিছু লোক অবসর গ্রহণ করেছেন। আমি আপনার কাছে জানতে চাই কোন স্পেসাল রিজন দেখিয়ে সেখানকার কর্মীর সন্তানরা আপনার কাছে আশা করে না একটা চাকুরীর? আমি মাননীয় শিল্পমন্ত্রীর কাছে নিবেদন করছি তিনি যেন এই ব্যাপারে দৃষ্টি দেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা আমি বলতে চাই সেটা হল সেখানকার বিরোধী দলের কিছু কর্মীকে ডিসমিস করা হয়েছে। আমি বলতে চাই যে যাদের ডিসমিস করা হয়েছে তাদের অন্যায়ভাবে ডিসমিস করা হয়েছে। ডিসমিস লেটার তারা পেয়েছে, কিন্তু ডিসমিস লেটারে কোন ডিউস কর্তৃপক্ষ দেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডিসমিস লেটারের কপি আপনাকে দেব, আপনি দেখবেন কি অদ্ভুত কাণ্ড—ডিসমিস করা হলো অথচ এরিয়ার সম্বন্ধে কর্তৃপক্ষ নীরব।

বর্তমান চেয়ারম্যান যিনি আছেন তিনি টাকা-পয়সা কিভাবে নয়ছয় করছেন সে বিষয়ে ২।১টি কথা বলবো। সেখানে একজন পারচেজ অফিসার আছেন তাঁর অমতে তিনি ২ লক্ষ টাকার স্ক্র্যাপ দুর্গাপুরের এম. এম. টি. সি. আনলেন। পারচেস অফিসার বললেন এই স্ক্র্যাপ আমি নেব না কারণ এটা তো ধূলার সামিল। সেজন্য সেই পারচেস অফিসারকে তিনি ফোর্সিবলি রিজাইন করতে বাধ্য করালেন। এ বিষয়ে সেখানে একটা তদন্ত কমিটি বসান এবং রাজনৈতিক শিকার যারা হয়েছে তাদের যেন ডিউস, এরিয়ার ইত্যাদি দিয়ে পুনর্বহাল করা হয়। এই বিলকে আবার সমর্থন করে আমি শেষ করছি।

শ্রীলক্ষ্মীকান্ত দে: মাননীয় স্পীকার মহাশয়, যে তিনটি বিল এসেছে তাকে সমর্থন করে আমি ২।১টি কথা বলতে চাই। প্রথম কথা আমি উদ্বেগের সঙ্গে দেখলাম কংগ্রেস তার দায়িত্ব সঠিকভাবে পালন করলেন। অর্থাৎ মালিকদের টাকা সঠিকভাবে যাতে তারা পায় সেই কথা তাঁরা বলে গেলেন। এই মালিকরা শ্রমিকদের শুধু নয় কারখানার টাকা নিয়ে নয়ছয় করে লাভ করছেন। সরস্বতী প্রেসে ৩ বছর ধরে লাভ হচ্ছে। যাঁরা প্রেসের লাইনের সঙ্গে জড়িত তাঁরা জানেন এখানে সমস্ত আধুনিক মেসিন আছে। একমাত্র সংবাদপত্রেই এই জিনিস আছে। আধুনিক মেসিনারী থাকা সত্ত্বেও সেখানে লোকসান হোত। এর কারণ

হচ্ছে যে কংগ্রেসের কাগজপত্র সেখানে ছাপা হত। এইভাবে ওরা একে সিক করে দিলেন এবং ওদের টাকা দেবার ব্যাপারে যে দায়িত্ব সেটা তাঁরা বলে গিয়ে সঠিক দায়িত্ব পালন করে গেলেন। তাঁরা যে সমস্ত লোকসান করে রেখে দিয়ে গেছেন এবং ব্যাঙ্ক ইত্যাদি থেকে লোন রেখে দিয়ে গেছেন সেগুলিকে যদি সাময়িকভাবে স্থগিত রাখা যায় তাহলে শ্রমিকদের কিছু কল্যাণ করা যাবে। সত্যিকারের শ্রমিক দরদী হলে আশা করি ওরা এটা দেখবেন।

শ্রীনির্মল বসু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে-সমস্ত মাননীয় সদস্যরা এই ৩টি বিলের আলোচনায় অংশ গ্রহণ করেছেন আমি সর্ব প্রথম তাদের সকলকে ধন্যবাদ দিচ্ছি। আমি দেখলাম এই বিল সকলেই সমর্থন করেছেন। স্যার, বিধানসভায় এরকম ঘটনা কমই ঘটে সেই জন্য আমি সকলকেই বেশী করে অভিনন্দন জানাচ্ছি, বিশেষ করে বিরোধীদলের সদস্যদের যাঁরা এই বিল সমর্থন করেছেন। আমি লক্ষ্য করেছি সকলেই গঠনমূলক কথা বলেছেন, ভাল পরামর্শ দিয়েছেন যেগুলি জাতীয়করণের পর এটা চালাবার পক্ষে সহায়ক হবে। মাননীয় সদস্য গঙ্গাপ্রসাদ সাহু একটা কথা বলেছেন যে, এটা টিটাগড় মিউনিসিপ্যালিটি হবে, না ব্যারাকপুর মিউনিসিপ্যালিটি হবে? তিনি একটি ভাল কথা স্মরণ করিয়ে দিয়েছেন বলে আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আমি আমাদের প্রয়াত নেতা কানাই ভট্টাচার্য মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি কারণ তিনি এই ৩টি কোম্পানীকে জাতীয়করণ করবার জন্য এবং পশ্চিমবাংলার রুগ্ন এবং বন্ধ কারখানা যাতে চালান যায় তার জন্য অক্লান্ত পরিশ্রম করেছেন এবং তারই ফলশ্রুতি হিসেবে আমরা এগুলি জাতীয়করণ করতে পারছি। তিনি যে নীতি নিয়ে চলেছিলেন আমরা সেই নীতি নিয়েই চলব। মাননীয় বিরোধীদলের সদস্যরা শ্রমিক এবং কর্মচারীদের ব্যাপারে যে-সমস্ত কথা বলেছেন আমি সংক্ষেপে সে সম্বন্ধে কিছু বলতে চাই। আমরা সব সময়ই শ্রমিক-কর্মচারীদের স্বার্থের কথা চিন্তা করব এবং সেই দৃষ্টিভঙ্গী থেকে এইগুলি অধিগ্রহণ করা হয়েছে। এগুলি অধিগ্রহণ করবার পর তাদের স্বার্থ যাতে নিরাপদ থাকে সেদিকে আমরা লক্ষ্য রাখব। তারা যাতে তাদের পাওনা-গণ্ডা পায় সেদিকে আমরা লক্ষ্য রাখব। ক্ষতিপূরণের টাকার কথা যা উঠেছে সেটাও আমি পরিষ্কার করে বলতে চাই। এ ব্যাপারে আমাদের হাত পা বাঁধা। শুধু এই ৩টি প্রতিষ্ঠানই নয়, এই যে কারখানার অবস্থা খারাপ হয়ে যায় তার কারণ হচ্ছে তারা অসৎভাবে চালান বলেই এই অবস্থা হয়। কাজেই তাদের অর্থ দেবার কোন যুক্তি নেই। কিন্তু আমরা এমন একটা সংবিধানের মধ্যে রয়েছি যেখানে কিছু করার নেই।

ক্ষতিপূরণ না দিলে রাষ্ট্রপ্রতির সম্মতি পাওয়া যাবে না। তবে আমরা এক সঙ্গে টাকা দিতে পারব না—ইন্সটলমেন্টে দেব এবং সেই জন্যই ৪টি কিস্তির কথা বলেছি। তবে দরকার হলে আরও কিস্তি করতে হবে। আমাদের পতিতপাবন পাঠক মহাশয় বলেছেন যে, জাতীয়করণ করবার পর অনেক লোক ঢুকিয়ে দেওয়া হবে। যেখানে যে-রকম লোক নেওয়া দরকার সেই ভাবেই নেওয়া হবে এবং অন্যায়ভাবে যাতে লোক নেওয়া না হয় সেটা আমরা দেখব। আমার মূল কথা হচ্ছে, রুগ্ন শিল্প জাতীয়করণ করলেই সমস্যার সমাধান হল না, একে ঠিকঠিক ভাবে চালাতে হবে। এই ৩টি প্রতিষ্ঠানকে ভালভাবে চালাতে গেলে প্রয়োজন শ্রমিক এবং কর্মচারীদের সহযোগিতা, ভাল ভাল কর্মচারী এবং প্রয়োজনীয় টাকা-পয়সা। বিরোধী দলের সদস্যরা বলেছেন অন্যান্য রুগ্ন শিল্প কেন জাতীয়করণ করা হল না, কেন গ্রুকোনেট জাতীয়করণ করা হল না। আমাদের সাধ আছে, কিন্তু সাধ্য নেই। ব্যাঙ্ক সাহায্য করলে ভালভাবে চালান যায় এবং এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারেরও দায়িত্ব রয়েছে। আমরা দেখেছি পশ্চিমবাংলায় এরকম বহু শিল্প পড়ে আছে, নষ্ট হয়ে যাচ্ছে। হিন্দুস্থান পিলকিংটন সম্বন্ধে একাধিক বক্তা বক্তব্য রেখেছেন। আমি জিজ্ঞেস করি, এগুলি কি কেন্দ্রীয় সরকারের করা উচিত নয়? কাজেই কেন্দ্রীয় সরকার, ব্যাঙ্ক এবং অর্থনৈতিক সংস্থাগুলি যদি আমাদের সাহায্য করে তাহলে এই সমস্ত শিল্প আমরা ভালভাবে চালাতে পারব এবং আরও জাতীয়করণ করতে পারব। সুব্রতবাবু বাসন্তী মিলের কথা বললেন। আজকে যেমন আপনারা সকলে মিলে একে সমর্থন করলেন ঠিক সেই ভাবে সকলে মিলে কেন্দ্রীয় সরকারকে বলুন পশ্চিমবাংলায় আরও অনেক শিল্প রয়েছে। কাজেই সেগুলিকে জাতীয়করণ করে সকলকে বাঁচান। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[9.30—9.38 P.M.]

The motion that the National Iron and Steel Company Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

Clause 1 to 33

The question that Clauses 1 to 33 do stand part of the Bill was then put and agreed to.

Schedule

Mr. Speaker : There is an amendment to Schedule by Shri Sumanta Kumar Hira. He may now move his amendment.

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in the Schedule for Category I, the following Category be substituted :

"**Category—I**

(a) Wages, salaries and other dues payable to the employees by the Company.

(b) Deductions made from the salaries and wages of the employees for provident fund, the Employees' State Insurance Fund and premium relating to the Life Insurance Corporation of India.

(c) Arrears in relation to contributions to be made by the Company to Provident Fund, the Employees' State Insurance Fund, premium relating to the Life Insurance Corporation of India and any other arrear under any law for the time being in force".

Shri Nirmal Kumar Bose : I accept it.

The motion was then put and agreed to.

The question that Schedule, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to move that the National Iron and Steel Company Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Sree Saraswati Press Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984.

The motion of Shri Nirmal Kumar Bose that the Sree Saraswati Press Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 33

The question that Clauses 1 to 33 do stand part of the Bill was then put and agreed to.

Schedule

Mr. Speaker : There is an amendment to Schedule by Shri Sumanta Kumar Hira. He may now move his amendment.

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in Schedule, for Category I, the following Category be substituted :

Category—I

(a) Wages, salaries and other dues payable to the employees by the Company.

(b) Deductions made from the salaries and wages of the employees for provident fund, the Employees' State Insurance Fund and premium relating to the Life Insurance Corporation of India.

(c) Arrears in relation to contributions to be made by the Company to provident fund, the Employees' State Insurance Fund, premium relating to the Life Insurance Corporation of India and any other arrear under any law for the time being in force".

Shri Nirmal Kumar Bose : I accept it.

The motion was then put and agreed to.

The question that Schedule, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to move that the Sree Saraswati Press Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Britannia Engineering Company Limited (Titagarh Unit) (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984

The motion of Shri Nirmal Kumar Bose that the Britannia Engineering Company Limited (Titagarh Unit) (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 33

The question that clauses 1 to 33 do stand part of the Bill, was then put and agreed to.

Schedule

Mr. Speaker : There is an amendment to Schedule by Shri Sumanta Kumar Hira. He may now move his motion.

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that the Schedule for Category 1, 1, the following Category be substituted :

Category—I

(a) Wages, salaries and other dues payable to the employees by the Company.

(b) Deductions made from the salaries and wages of the employees for provident fund, the Employees' State Insurance Fund and premium relating to the Life Insurance Corporation of India.

(c) Arrears in relation to contributions to be made by the Company to provident fund, the Employees' State Insurance Fund, premium relating to the Life Insurance Corporation of India and any other arrear under any law for the time being in force".

Shri Nirmal Kumar Bose : I accept it.

The motion of Shri Sumanta Kumar Hira that in the Schedule for Category I, I, the following Category be substituted :

Category—I

(a) Wages, salaries and other dues payable to the employees by the Company.

(b) Deductions made from the salaries and wages of the employees for provident fund, the Employees' State Insurance Fund and premium relating to the Life Insurance Corporation of India.

(c) Arrears in relation to contributions to be made by the Company to provident fund, the Employees' State Insurance Fund, premium relating to the Life Insurance Corporation of India and any other arrear under any law for the time being in force", was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to move that the Britannia Engineering Company Limited (Titagarh Unit) (Acquisition and Transfer of Undertakings) Bill, 1984, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 9.38 P.M. till 1 P.M. on Wednesday, the 18th April, 1984, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 18th April, 1984 at 1 p.m.

Present

Mr. Speaker (**Shri Hashim Abdul Halim**) in the Chair, 9 Ministers, 11 Ministers of State and 175 Members.

[1.00—1.10 P.M.]

Obituary

Mr. Speaker : Honourable Members, before I take up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shreemati Anima Hoare, Ex-Member of this Legislature, who breathed her last on the 14th April, 1984.

Born at Bogra, Shreemati Hoare was educated at Christ Church School, Dum Dum. In her student life she joined politics. She was a well-known social worker. She was the Secretary of Sonali Primary and Junior High Schools, Jalpaiguri. She was closely associated with many Political, Cultural, Co-operative and Tribal Welfare Institutions.

In 1957, Shreemati Hoare was elected to the West Bengal Legislative Assembly on Congress ticket.

We have lost a politician and a social worker at the death of Shreemati Hoare.

Now I request the honourable members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(Pause)

(At this stage the Members rose in their seats and observed two minutes' silence)

Thank you, Ladies and Gentlemen, Secretary will send the message of condolence to the family members of the deceased.

Held Over Starred Questions

(to which oral answers were given)

B.D.Os and A.E.Os assaulted by Panchayat functionaries

*71. (Admitted question No. *359.) **Shri Abdul Mannan** : Will the

Minister-in-charge of the Panchayats and Community Development Department be pleased to state—

(a) whether the State Government has any information about the number of Block Development Officers and Agricultural Extension Officers who were assaulted by Panchayat functionaries during 1982 and 1983 ; and

(b) if so,—

(i) the number of such cases, and

(ii) the steps, if any, taken and/or contemplated by the State Government to prevent such incidents in future?

Sri Benoy Krishna Chowdhury : (a) Yes.

(b) (i) 5

(ii) Criminal cases instituted under appropriate sections against the offender in all cases. Preventive measures have been locally undertaken.

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই যে ঘটনাগুলি ঘটেছে, এর মূল কারণ কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : প্রথমতঃ একটা জিনিস বোঝা দরকার যে ঘটনাগুলির সংখ্যা খুব কম। কারণ ৩৩৯টি ব্লক আছে। সেই ব্লকের ৫ জন মাত্র ইনভল্‌ভড হয়েছে। ২ জন বি. ডি. ও., ২ জন এগ্রিকালচার এক্সটেনশন অফিসার, ১ জন এগ্রিকালচারাল ডেভেলপমেণ্ট অফিসার, এদের এগেন্‌স্টে হয়েছে। ৩৩৯ ইনটু টু হলে ৬৭৮ জন অফিসারের ভিতর মাত্র ৫ জন অফিসার এ্যাসল্টেড হয়েছে। এটা পারসেনটেজেও আসছে না, ১% হয় না, প্রোপোরশানটা একটু বোঝা দরকার। অধিকাংশ জায়গায় হয় নি। ২ নং হচ্ছে ইচ কেস ডিফারেণ্ট—এটা সব সময় নয়, তবে অনেক সময় হয়ত কোন জায়গায় প্রপার ট্যাকলিং-এর অভাব আছে। এমন কেস আছে যেখানে হয়ত চাষের সময় অতীত হয়ে যাচ্ছে, মিনিকিট গেছে, সেখানে হয়ত আর বোনা হবে না, দেরী হয়ে যাবে—এই সব নানা কারণ আছে।

তা না হলেও, কম হলেও সেটাকে লঘু করে দেখছি না। সেখানে ৫টি কেসের

ব্যাপারেই আমরা ক্রিমিন্যাল কেস করেছি। আমরা সেখানে লিগ্যাল ষ্টেপ নিয়েছি এবং অন্যান্য ব্যবস্থাও করেছি। এরকম হলে তো কাজকর্ম চলতে পারে না, কাজেই আমরা সেখানে বোঝানো, মিটিং ডেকে মিটমাটের চেষ্টা এবং সেখানে যাতে একটা প্রপার আণ্ডারষ্ট্যাণ্ডিং থাকে তার জন্য আমরা চেষ্টা করছি। ইচ এ্যাণ্ড এভরি কেসে আমরা সঙ্গে সঙ্গে ষ্টেপ নিয়েছি। মুর্শিদাবাদে এই কেস বেশী হয়েছে, সেখানে আমি নিজে গিয়েছিলাম। সেখানে ডি. এম , এস. ডি. ও.-কে ডেকে মিটিং করে এই ঘটনার যাতে পুনরাবৃত্তি না হয় তার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। এইরকম প্রত্যেকটি কেসে করা হয়েছে। সেখানে যাতে প্রপার আণ্ডারষ্ট্যাণ্ডিং থাকে এবং কাজের ধারাটা যাতে সুষ্ঠুভাবে চালু থাকে সেটা দেখা হচ্ছে।

শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ মাননীয় মন্ত্রী মহাশয় ট্যাকটলেস অফিসারদের কথা বললেন। এই অফিসাররা ট্যাকটলেস সে বিষয়ে কোন সন্দেহ নেই। মুর্শিদাবাদের যে-সমস্ত অফিসারদের কথা বললেন, যাদের সংগে ঘটনাটি ঘটেছিল তাদের বদলি করেছেন কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরীঃ মাননীয় সদস্যরা জানেন যে, এর আগে একটি পার্টিকুলার প্রশ্নের উত্তরে আমি ডিটেলসে জবাব দিয়েছি। যেখানে এইরকম ঘটনা ঘটে সেখানে ঘটনা ঘটার পর পারস্পরিক যে মনোভাবের সৃষ্টি হয় তাতে সেখানে ওয়াইজ কোর্স হচ্ছে কাউকে কোন রকম ব্লেম না দিয়ে নর্মাল কোর্সে ব্যাপারটা মিটিয়ে দেওয়ার এ্যারেঞ্জমেন্ট করা।

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই নিরপেক্ষ বি. ডি. ও. এবং এ. ই. ও.-রা যাদের দ্বারা এ্যাসলটেড হয়েছিলেন তারা কোন দলের সমর্থক ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরীঃ এখানে কোন দল নেই, জেনারেল ভাবে এই সব জিনিস হয়। সেখানে আপনার দলের লোকরাও আছেন, অন্য দলের লোকরাও আছেন। একটা কেসের কথা বলি। সেখানে প্রায় দু'হাজার লোক জড় হয়েছিলেন এবং তাতে সব দলের লোকরা ছিলেন এবং ঘটনাটি ছিল মেনলি মিনিকিট ডিষ্ট্রিবিউশানের ব্যাপার।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, পঞ্চায়েত সমিতির

সভাপতিদের সংগে বি. ডি. ও. এবং এ. ই. ও.-দের বিরোধের মূল কারণ পঞ্চায়েত এ্যাক্টের মধ্যেই আছে এবং সেটা হচ্ছে অধিকারের সীমা নিয়ে বিরোধ। এই পঞ্চায়েত এ্যাক্টের কিছু রুল্‌স যদি পরিবর্ত'ন করেন তাহলে একটা সমন্বয় হতে পারে। মাননীয় মন্ত্রী মহাশয় এ ব্যাপারে চিন্তা করবেন কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ এ্যাক্টের ব্যাপার নয়, প্রশ্নটা অন্য জায়গায়। কালকে পঞ্চায়েতের বাজেট আছে, তখন আমি বিস্তৃতভাবে বলব। এই প্রসঙ্গে আমি আপনাদের একটা কথা বলি। আপনারা জানেন, আগে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট ছিল, ১৫ বছর ধরে সারা ভারতবর্ষে যে জিনিস হয়েছে তাতে আমরা দেখেছি, বি. ডি. ও.-রা তখন They are the monarchs of all they survey.

তাঁরা যা খুশী করতেন। এখন যা হয়েছে সেটা হচ্ছে ইলেকটেড পিপলরা সমস্ত জিনিসটা চালাবেন এবং ওঁরা একজিউটিভ অফিসার হিসাবে থাকবেন। পঞ্চায়েতের সঙ্গে ওঁদের যেটুকু রিলেশান সেটা হচ্ছে এ্যাজ একজিকিউটিভ অফিসার। এখন ব্যাপার হচ্ছে, ১৫/২০ বছর ধরে যাঁরা নিজেদের সর্বেসর্বা ভেবে এসেছেন এবং সেইভাবে কাজ করে এসেছেন তাঁদের এ্যাডজাষ্ট করতে অসুবিধা হচ্ছে। সেই জন্য আমরা কল্যাণীর ট্রেনিং সেন্টারে তাঁদের নিয়ে গিয়ে বোঝাচ্ছি। যাঁরা ইয়ংম্যান, নতুন এসেছেন তাঁরা অনেক সময় এ্যাডজাষ্ট করতে পারছেন, কিন্তু যাঁরা দীর্ঘদিন ধরে ঐভাবে কাজ করে এসেছেন তাদের এ্যাডজাষ্ট করতে একটু সময় লাগছে। কাজেই এখানে লিগ্যাল ফরম্যালিটি:সের প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে কোয়েশ্চেন অব স্পিরিট। অনেকে মনে করেন যত দোষ নন্দ ঘোষের মতন সব দোষ পঞ্চায়েতের, কিন্তু পঞ্চায়েত মানে তো মানুষ।

[1.10—1.20 P.M.]

মেন জিনিস হচ্ছে পার্টি'সিপেশান। মানুষ এই জন্য অনুপ্রাণিত হচ্ছে না যে ৫ বছর অন্তর অন্তর ভোট দিয়ে কিছু লোককে রাজা করে তারা নিজেদের মাথা চাপড়াবে। মেন জিনিস যেটা আমরা পঞ্চায়েতের মাধ্যমে করবার চেষ্টা করছি সেটা হচ্ছে তারা সমস্ত সরকারী কাজে পার্টি'সিপেট করতে পারবে। একটা রিপ্রেজেনটেটিভ ডেমোক্রাসি। জন স্টুয়ার্ট মিল-এর সময়ে এটা হচ্ছে পার্টি'সিপেটিং ডেমোক্র্যাসি। পঞ্চায়েতের ব্যাপারে এখানে যেটা বড় কথা সেটা হচ্ছে পিপল কতখানি নিজেদের পার্টিসিপেট করাতে পারছে ইন ইম্প্লিমেনটিং

ভেরিয়াস গভর্নমেন্ট প্রোগ্রামস এ্যাণ্ড ডেভেলপমেন্টাল এ্যাকটিভিটিজ। একটা করতে গেলে অনেক সময়ে অসুবিধা হয়। করাপশনের যে কথা বলছেন, করাপশনের মূল জিনিস হচ্ছে এটা। যদি বহু লোকের সামনে ফাংশান করতে হয় তাহলে করাপসন কম হয়। সে জন্য এটা করতে অসুবিধা কিছু নেই। তবে একটু সময় লাগবে।

Financial assistance to authors and field cultural workers

*156. (Admitted question No. *855.) **Shri Deokinandan Poddar** : Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) the number of distressed persons who worked in cultural fields and received grant from the State Government during the period between July 1977 and December 1983, under the scheme of financial assistance to distressed persons in the field of culture ;

(b) the number of authors who received financial assistance for publication of their works or whose works were published by the State Government during the period between July 1977 and December 1983 ; and

(c) the number of persons in (a) and (b) belonging to—

(i) Scheduled Castes,
(ii) Scheduled Tribes, and
(iii) Muslim Community?

Shri Prabhas Chandra Phodikar : (a) 517 (The scheme started from 1980-81).

(b) 410 (The scheme started from 1980-81 and no works of any author have yet been published by this Department).

(c) While grant or financial assistance is sanctioned it is not considered whether the grantees belong to (i) Scheduled Caste (ii) Scheduled Tribe and (iii) Muslim Community. The merits, achievements and financial conditions of the gr ntees are only taken into consideration.

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ১৯৭২ সালের মাঝখান থেকে ১৯৭৭ সালের জুন মাস পর্যন্ত এই ধরনের এ্যাসিসট্যান্স কি রকম পাওয়া গেছে ?

মিঃ স্পীকার: How can he say this to day?

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়: I like to know whether the Minister has prepared any such list.

মিঃ স্পীকার: How can he do this?

নদীয়া জেলার গোরাগাংনী স্টুয়ার্ট ক্যানেল স্কীম

*২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮১।) **শ্রীসতীশচন্দ্র বিশ্বাস:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার হাঁসখালি থানার বন্যা প্রতিরোধে ও শুখা মরসুমে সেচের সুবিধার্থে চূর্ণী ও ইছামতী নদীর সংযোগ সাধনকারী গোরাগাংনী স্টুয়ার্ট ক্যানেল স্কীম পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীননী ভট্টাচার্য: (ক) হ্যাঁ, আছে।

(খ) এখনই তা বলা সম্ভব নয়। Technical Committee-এর ৬৩ নং সভার মন্তব্য অনুযায়ী প্রকল্পটিকে পরিশোধিত করা হচ্ছে।

শ্রীমাধবেন্দু মোহান্ত: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এই পরিকল্পনাতে কত টাকা মঞ্জুর করা হয়েছে?

শ্রীননী ভট্টাচার্য: এষ্টিমেটেড কস্ট হচ্ছে ৬০৫৯·৬৪২ কোটি।

বি ডি ও এবং জয়েন্ট বি ডি ও-এর শূন্য পদ

*২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭৫।) **শ্রীশান্তিরাম মাহাতো এবং শ্রীকাশীনাথ মিশ্র:** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলার কতগুলি ব্লকে বি. ডি. ও., ও জয়েন্ট বি. ডি.. ও-এর পদ খালি আছে; এবং

(খ) বাঁকুড়া জেলার ছাতনা ব্লকে গত দুই বছর যাবৎ বি. ডি. ও. না থাকার কারণ কি?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ (ক) বর্তমানে ২৪টি ব্লকে বি. ডি. ও.-র পদ ও ২৩৫টি ব্লকে জয়েন্ট বি. ডি. ও.'র পদ খালি আছে।

(খ) গত ১৩.১০.৮৩ হইতে ঐ ব্লকের বি. ডি. ও. বদলি হইয়া চলিয়া যাওয়ায় ব্লকটি শূন্য হয়। বর্তমানে একজন প্রবেশনার অফিসার জেলাশাসকের নির্দেশে ঐ ব্লকে বি. ডি. ও. হিসাবে কাজ করিতেছেন। ছাতনা ব্লকে একজন বি. ডি. ও. নিয়োগ করা হইয়াছে, প্রশাসনিক কারণে তিনি এখনও যোগদান করেন নি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে বি. ডি. ও. এবং জয়েন্ট বি. ডি. ও. পদগুলি ফাঁকা আছে, এগুলি পূরণ করার জন্য বর্তমানে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ প্রথমতঃ বি. ডি. ও. যেটা আছে, সেটা আমাদের নিতে হয় হোম ডিপার্টমেন্ট থেকে। আমরা সেগুলি চেষ্টা করছি। তবে এটা খুবই কম আছে। আপনারা দেখবেন যে ১৪ জন-এর মধ্যে কিছু আমরা ইতিমধ্যে প্লেস করেছি। আমাদের সবচেয়ে যেটা অসুবিধা হচ্ছে সেটা হচ্ছে জয়েন্ট বি. ডি. ও.। এটা হচ্ছে ২২৫টি। সেখানে বর্তমানে যা ব্যবস্থা হয়েছে তাতে ৪০ পারসেন্ট সরাসরি পি. এ. সি. থেকে আসবে। আর ৬০ পারসেন্ট প্রমোশনের ভিতর দিয়ে আসবে এবং সেই প্রোমোশন হবে এই এই ক্যাডার থেকে—এক্সটেনশান অফিসার, Social Education officer, Accounts-cum-head clerk, Inspector of Process Evaluation—এদের থেকে প্রমোশনের একটা লিষ্ট করে আমরা সম্প্রতি ১০ এপ্রিল তারিখে Home Deptt.-এ এটা পাঠিয়ে দিয়েছি যাতে তাড়াতাড়ি হয়। জয়েন্ট বি. ডি. ও-এর প্রমোশন্যাল পোস্টগুলি আমরা ফিল আপ করতে পারবো। আর বাকী যেটা সেটাও পি. এস. সি. থেকে এসে যাবে।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে শুধু জানতে চাইছি যে, বিভিন্ন ব্লকে বি. ডি. ও. না থাকার জন্য যে অসুবিধাগুলি হচ্ছে সে অসুবিধাগুলি দূর করার জন্য তিনি কত তাড়াতাড়ি সে সমস্ত জায়গায় বি. ডি. ও. নিয়োগ করবেন ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ পাঁচটি ক্যাডার থেকে জয়েন্ট বি. ডি. ও. পোস্টে বিভিন্ন প্রার্থীদের প্রমোশন দিয়ে পাঠাতে হবে, সেই জন্য কিছু দেরি হচ্ছে। তবে সমস্ত

ব্যাপারটা অলরেডি ফাইনালাইজড্ হয়ে গেছে, ১০ই এপ্রিল চিঠি দিয়েছি। বাকি বি. ডি. ও. পোস্টের প্রার্থীদের পি. এস. সি. পাঠাবে এবং তারা দিতে পারবে বলেছে। আমি আগেই বলেছি ৪০% পি. এস. সি. পাঠাচ্ছে, বাকি ৬০% আমরা প্রমোশন দিয়ে জয়েন্ট বি. ডি. ও. পোস্টে নিয়োগ করছি। ১০ই এপ্রিল এটা ঠিক হয়ে গেছে, আজকে ১৮ই এপ্রিল, সুতরাং ইতিমধ্যে কাজ অনেক দূর এগিয়েছে, আর বেশী দেরি হবে না।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া: মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, জয়েন্ট বি. ডি. ও. এবং বি. ডি. ও.-র মধ্যে কাজের কোন তফাৎ আছে কিনা? এবং প্রত্যেক ব্লকেই কি জয়েন্ট বি. ডি. ও. এবং বি. ডি. ও আছে?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: বি. ডি. ও.-রা এত বেশী কাজের দায়িত্বে থাকেন যে, তাঁরা পঞ্চায়েতের কাজকর্ম ঠিকমত দেখাশুনা করতে পারেন না, সেই জন্যই প্রধানতঃ জয়েন্ট বি. ডি. ও. পোস্ট চালু করা হয়েছে। এছাড়া যেখানে বি. ডি. ও. নেই, সেখানে জয়েন্ট বি. ডি. ও.-কে দিয়ে কাজ চালানোর ব্যবস্থা করা হচ্ছে এবং অলরেডি এটা সার্কুলেটেড হয়েছে এবং এ বিষয়ে আইনের দিক থেকে যে অসুবিধাগুলি ছিল, সেগুলিও দূর করা হয়েছে।

শ্রীসুভাষ গোস্বামী: ছাতনার মত একটা বড় ব্লকে অস্থায়ী ভাবে নিযুক্ত প্রবেশনার দিয়ে কাজ চালান মুশকিল, তাই ওখানে বদলি হয়ে যাবার জন্য যে বি. ডি. ও.-কে নির্দেশ দেওয়া হয়েছে, সে কবে ওখানে জয়েন করবে, তা কি মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের জানাবেন?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: তারিখ বলতে পারব না, তবে যত তাড়াতাড়ি যায়, তার জন্য ব্যবস্থা করব।

শ্রীমণীন্দ্রনাথ জানা: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, প্রমোশন দিয়ে জয়েন্ট বি. ডি. ও. করার বিষয় নিয়ে কোন মামলা হয়েছে কি?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: আজকাল সব ব্যাপারেই অধিকারের প্রশ্ন নিয়ে অনেকেই কোর্টে যান।

নদীয়ার হরিণঘাটায় পঞ্চায়েত সমিতির অফিস নির্মাণ

*২৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬৬।) **শ্রীননীগোপাল মালাকার :** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) নদীয়া জেলার হরিণঘাটা থানায় পঞ্চায়েত সমিতি অফিস ভবন নির্মাণের কাজ বর্তমানে শুরু হয়েও বন্ধ হবার কারণ কি ;

(খ) উক্ত কাজ বর্তমান আর্থিক বছরে পুনরায় শুরু করা যাবে কি ; এবং

(গ) উক্ত কাজ কবে নাগাত সম্পূর্ণ করা যাবে বলে আশা করা যায় ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : (ক) গৃহনির্মাণের কাজে নিযুক্ত ঠিকাদার যথাযথ ভাবে কাজ করতে না পারায় ঠিকাদারের সঙ্গে বিরোধের উৎপত্তি হওয়ায় কাজ বন্ধ আছে।

(খ) না।

(গ) ঠিকাদারের সঙ্গে উক্ত বিরোধের নিষ্পত্তি হয়ে গিয়ে কাজ পুনরায় শুরু করতে পারলে ১৯৮৪-৮৫ আর্থিক বছরের মধ্যে নির্মাণকার্য শেষ করা যাবে বলে আশা করা যায়।

246. **Held Over.**

উলুবেড়িয়া থানার বনস্পতি খালের জন্য অধিগৃহীত জমির ক্ষতিপূরণ

*৩৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৭৬।) **শ্রীরাজকুমার মণ্ডল :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার অন্তর্গত উলুবেড়িয়া থানার বনস্পতি খাল যা প্রায় ১৮/২০ বছর পূর্বে সেচ বিভাগ থেকে কাটা হয়েছিল তার জন্য অধিগৃহীত জোয়ারগড়ি অঞ্চলের জমির মালিকরা আজও ক্ষতিপূরণ পান নি ; এবং

(খ) সত্য হলে, কবে এই ক্ষতিপূরণ দেওয়া হবে বলে আশা করা যায় ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধরী : (ক) হ্যাঁ।

(খ) বিষয়টি মামলায় জড়িত থাকায় ক্ষতিপূরণ দিতে বিলম্ব হয়েছে। তবে ৮০ শতাংশ ক্ষতিপূরণের টাকা অগ্রিম মঞ্জুর করার জন্য প্রয়োজনীয় এষ্টিমেট তৈরী করতে কালেকটারকে নির্দেশ দেওয়া হয়েছে। ঐ টাকা সংশ্লিষ্ট জমির মালিকদের প্রতি অল্প সময়ের মধ্যেই দেওয়ার ব্যবস্থা হচ্ছে। বকেয়া ২০ শতাংশ ক্ষতিপূরণের

টাকাও যাহাতে শীঘ্রই দেওয়া যায় তাহার জন্যও প্রয়োজনীয় ব্যবস্থাদি ত্বরান্বিত করা হচ্ছে।

[1.20—1.30 P.M.]

শ্রীরাইচরণ মাঝি: মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, দীর্ঘদিন ক্ষতিপূরণ না দেওয়ার জন্য টাকা প্রাপকদের কোন সুদ দিতে হয়?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: সুদের ব্যাপার নেই। এখানে যেটা হচ্ছে, কতকগুলি প্রসেস আছে এবং সেই প্রসেসের জন্য এটা হয়েছে।

ডাঃ হরমোহন সিন্হা: আপনার দপ্তর বিভিন্ন জায়গায় ল্যাণ্ড অ্যাকুইজিশান করার ফলে দীর্ঘদিন সেই সমস্ত জমির দাম দেওয়া হয় নি। সবচেয়ে বেশী দিন দেওয়া হয় নি—প্রায় ২০ বছর—এইরকম কোন খবর আপনার নজরে আছে কি?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: নোটিশ দিলে বলতে পারবো। তবে আমি আসবার পর অনেক ব্যবস্থা করেছি যেগুলি নজরে এসেছে, আর যেগুলি নজরে আসেনি, যদি আপনাদের কাছে সেরকম কোন খবর থাকে তাহলে পাঠিয়ে দিলে তাড়াতাড়ি ব্যবস্থা করতে পারবো।

শ্রীসরল দেব: মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি, নোয়াই খাল সংস্কার করার জন্য বহু জমি অধিগ্রহণ করা হয়েছে ১৯৬২ থেকে ১৯৬৪ সালের মধ্যে। এর জন্য বহু উদ্বাস্তুর জমি নেওয়া হয়েছে, কিন্তু আজ পর্যন্ত তারা ক্ষতিপূরণ পায় নি। বারে বারে জেলা ম্যাজিস্ট্রেটের কাছে আবেদন করা সত্ত্বেও তারা পাচ্ছে না। এই ব্যাপারটি ত্বরান্বিত করার ব্যবস্থা করবেন কি?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: আপনি এই ব্যাপারে আমাকে খবর দিয়েছিলেন। আমি খবর নিয়েছি, যতদূর স্মরণ আছে তাতে নানারকম জটিলতা আছে, তাড়াতাড়ি যাতে মীমাংসা করে দেওয়া যায় তার ব্যবস্থা করছি। অনেকগুলি ব্যাপার আছে, আইনের ফ্যাকড়া থাকে, যতক্ষণ না নিষ্পত্তি হয় দেওয়া যায় না।

Starred Questions
(to which oral answers were given)

খাদি ও গ্রামীণ শিল্প কমিশন কর্তৃক লোন বা গ্রাণ্ট প্রদান

*৬২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ বর্ষে খাদি ও গ্রামীণ শিল্প কমিশন এই রাজ্যে কি পরিমাণ অর্থ লোন বা গ্রাণ্ট হিসাবে (১) রেজিস্টার্ড প্রতিষ্ঠান, (২) সমবায় সমিতি, (৩) কর্পোরেশান এবং (৪) ব্যক্তিবিশেষদের দিয়েছে ; এবং

(খ) উক্ত অর্থের সাহায্যে কোন্ কোন্ কুটীর শিল্প গড়ে তোলা হয়েছে ?

শ্রীপ্রলয় তালুকদারঃ (ক) রাজ্য সরকারের নিকট এই তথ্য নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ খাদি এবং গ্রামীণ শিল্প কমিশন পশ্চিমবাংলায় যে-সমস্ত কাজকর্ম করেছেন বা করেন সেই সম্বন্ধে রাজ্য সরকারের সঙ্গে কোনরকম পরামর্শ বা সুপারিশ ইত্যাদি কোন সময়ে আলোচনার মধ্যে আসে ?

শ্রীপ্রলয় তালুকদারঃ খাদি কমিশন এই রাজ্যে যে কাজ করেন সেই সম্পর্কে রাজ্য সরকারের সঙ্গে কোন রকম আলোচনা করে না, তাঁরা নিজেরাই কাজ করেন। এমনকি কোন তথ্য আমাদের দেন না। আমরা বহু সময়ে ওদের নজরে এনেছি কিছু কিছু ব্যাপারে—ওরা বিভিন্ন জায়গায় কত টাকা দিচ্ছে, না দিচ্ছে সেই সম্বন্ধে কোন উত্তর পাইনি। ওরা ইনডিপেনডেন্টলি কাজ করে যায়।

ডাঃ মানস ভুঁইয়াঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি, খাদি কমিশন যে-সমস্ত কাজ মালদায় এবং ওয়েস্ট দিনাজপুরে করার জন্য অর্থ লগ্নী করেছেন সেই সব ক্ষেত্রে আপনার দপ্তরকে গ্রহণ করার জন্য, তদারকি করার জন্য কোন সুপারিশ করেছেন কি ?

শ্রীপ্রলয় তালুকদারঃ না, কোন সুপারিশ করেনি। তাঁরা যে অর্থ লগ্নী

করছেন তদারকির ব্যাপারে কোন সুপারিশ করে না। আমরা অনেক সময়ে অনেক খবর পেয়ে তাদের নজরে এনেছি, কিন্তু তাঁরা কোন তথ্য জানান না।

[1.20—1.30 P. M.]

শ্রীআতাহার রহমান: মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই খাদি কমিশন মালদা এবং অন্যান্য জায়গাতে যে-সব প্রতিষ্ঠানকে টাকা দিয়েছেন সেই সব প্রতিষ্ঠানের আদৌ কোন অস্তিত্ব আছে কিনা?

শ্রীপ্রলয় তালুকদার: আমাদের কাছে এরকম অনেক অভিযোগ আছে। খাদি কমিশন বিভিন্ন জায়গাতে—শুধু মালদা, মুর্শিদাবাদ নয়—আরও বহু জেলাতে বহু সমবায় প্রতিষ্ঠানকে টাকা দিচ্ছে—যেগুলি মহাজনী প্রথায় চলছে এবং মজুরী প্রথায় কাজ করছে। আমরা এইসব নিয়ে অনেকবার ওদের নজরে এনেছি কিন্তু ওরা আমাদের কিছু জানাতে রাজী নয়।

শ্রীঅমলেন্দ্র রায়: আমি জানতে চাইছি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি একটা কোশ্চেন করেছি, এটা আমার প্রিভিলেজ, ডিপার্টমেণ্টে কোশ্চেন গেছে সেটা ডিসএ্যালাউ হয় নি। ডিপার্টমেণ্টে যে গেল, ডিপার্টমেণ্টে এই সমস্ত তথ্য খাদি কমিশন থেকে জানতে চাইলে খাদি কমিশন তার কোন জবাব দিয়েছিল কি?

শ্রীপ্রলয় তালুকদার: আমাদের খাদি ভিলেজ ইণ্ডাষ্ট্রিজ যে বোর্ড আছে সেই বোর্ডের পক্ষ থেকে বার বার আমরা জানতে চেয়েছি যে, এখন কোন্ কোন্ সমবায় প্রতিষ্ঠানে কত টাকা লগ্নী করেছে। আমাদের কাছে এমন ঘটনাও আছে যে, এই খাদি বোর্ড কোন একটা সোসাইটিকে টাকা দিয়েছে, পরবর্তীকালে সেই সোসাইটি ডিফলট হয়েছে। তা সত্ত্বেও কমিশন আবার সেই সেখানে টাকা লগ্নী করেছে—এই রকম অভিযোগও আছে।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই এই খাদি কমিশনের এইসব জিনিস জানার ব্যাপারে ক্ষুদ্রশিল্প দপ্তরের কোন এক্তিয়ার আছে কিনা এবং যদি জুরিসডিকশনের মধ্যে থাকে তাহলে কিছু জানতে চাইলে ওরা যদি উত্তর না দেয় সেই অবস্থার প্রতিকারের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করতে পারেন কিনা?

শ্রীপ্রলয় তালুকদার ঃ আমাদের কোন উপায় নেই। আমরা তাঁদের কাছে পাঠিয়ে তাঁদের কাছ থেকে জানতে চেয়েছি, তাঁরা উত্তর দেন নি। আমাদের খাদি কমিশনের কাজের উপর কোনরকম হস্তক্ষেপ চলবে না, তারা চালাও কাজ করে যাবে, আমাদের তা মেনে নিতে হবে।

Investment in West Bengal by Industrialists based in other States

*630. (Admitted question No. *303.) **Shri Soumendra Nath Mitra :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has information about the initiative taken by the Association of Indian Engineering Industry (Eastern Region) to persuade industralists based in other State to invest in West Bengal ; and

(b) if so,—

(i) what steps have been taken by the AIEI and/or the State Government in the matter and

(ii) what is the response from the industrialists based in other States ?

Shri Nirmal Kumar Bose : (a) No.

(b) (i) & (ii) Does not arise.

কৃষ্ণনগরে জলঙ্গী নদীর উপর বাঁধ-কাম রাস্তা-নির্মাণ

*৬৩১। (*অনুমোদিত প্রশ্ন নং *৭৪৭।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলঙ্গী নদীর উপর অবস্থিত সড়ক সেতুর দক্ষিণে ৩৪নং জাতীয় সড়কের কাছ থেকে জলঙ্গী নদীর দক্ষিণ বরাবর কদমতলা পর্যন্ত যে মাটির বাঁধ রয়েছে সেটাকে ঘূর্ণী পর্যন্ত সম্প্রসারিত করে কৃষ্ণনগর-করিমপুর রাস্তার সহিত যুক্ত করার এবং উক্ত বাঁধটি বাঁধ-কাম-রাস্তারূপে যানবাহন চলাচলের উপযোগী করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, এ ব্যাপারে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে ?

শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নের যে শিরোনামা দেওয়া হয়েছে প্রশ্নের সঙ্গে তার কোন সম্বন্ধ নেই।

মিঃ স্পীকার ঃ আগে ওঁকে উত্তরটা দিতে দিন।

শ্রীননী ভট্টাচার্য ঃ (ক) না। (খ) প্রশ্ন ওঠে না।

শ্রীসাধন চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই রকম বাঁধ-কাম-রাস্তা আর কোথাও আছে কিনা ?

শ্রীননী ভট্টাচার্য ঃ বাঁধ-কাম-রাস্তা বিভিন্ন জায়গায় আছে। কিন্তু ওখানে করা সম্ভব পর নয়। তার কারণ হচ্ছে এই যে জায়গায় বাঁধটা আছে তার উত্তর দিকে একেবারে রিটেনিং ওয়াল করা আছে, তারপর ঘন বসতিপূর্ণ এলাকা, অপর দিকে দক্ষিণ খুবই কনজেসটেড। ঘন বসতিপূর্ণ মিউনিসিপ্যাল এরিয়া, আর কৃষ্ণনগর-করিমপুর রোডের দিকে এগিয়ে যাবার উপায়ও পাওয়া যাচ্ছে না। আর দু নম্বর হচ্ছে ভাঙ্গনের হাত থেকে রক্ষা পাবার জন্য বাঁধ দরকার। সুতরাং এতগুলি কারণে বাঁধ-কাম-রাস্তা করার পরিকল্পনা হাতে নেওয়া হয় নি।

[1.30—1.40 P. M.]

শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ আপনি যা বলছেন, ঘনবসতি আছে কিছু কিছু জায়গাতে। কিন্তু ৩৪ নম্বর জাতীয় সড়ক এবং জলঙ্গী নদীর সেতু থেকে কদমতলা পর্যন্ত যে বাঁধ রয়েছে সেখানে কিছু কিছু এলাকায় ঘন বসতি অতিক্রম করতে হয়। কিন্তু সব জায়গায় ঘন বসতি নেই। বহু জায়গায় নদীর পাড় আছে, সেখানে এই বাঁধ-কাম-রাস্তাটি কৃষ্ণনগর-করিমপুর রাস্তার সঙ্গে যুক্ত হলে করিমপুর থেকে গঙ্গার উপর যে চৈতন্য ব্রীজ আছে তা দিয়ে গঙ্গার পশ্চিম পাড়-এর সঙ্গে যুক্ত হবে। মন্ত্রী মহাশয় এ ব্যাপারে কি করছেন জানাবেন কি ?

শ্রীননী ভট্টাচার্য ঃ বাঁধটি লম্বায় ২ কিলোমিটার। ঐখানটাতে বাঁধ-কাম-রাস্তা করবার অসুবিধা হচ্ছে যে, কিছু জায়গায় বাঁধ নেই, রিটেইনিং ওয়াল তুলে ঠেকিয়ে রাখা হয়েছে। ঐ ম্যাসনরি রিটেইনিং ওয়ালের কারণে ওটা সম্ভবপর হচ্ছে না।

কংগ্রেস অধিবেশনে সরকার কর্তৃক ব্যয়িত অর্থের পরিমাণ

*৬৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৩।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** তথ্য ও

সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৩ সালে ডিসেম্বরের শেষ সপ্তাহে কলকাতায় অনুষ্ঠিত নিখিল ভারত কংগ্রেস কমিটির অধিবেশন উপলক্ষে আগত ভি আই পি-দের নিরাপত্তা ও অন্যান্য ব্যবস্থা সম্পন্ন করিতে রাজ্য সরকারের মোট কত অর্থ ব্যয় হইয়াছে ?

শ্রীপ্রভাস ফদিকার ঃ আনুমানিক ছয় লক্ষ ছাপান্ন হাজার নয় শত পঞ্চাশ টাকা।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, কোন্ খাতে কত খরচ হয়েছে ?

শ্রীপ্রভাস ফদিকার : অধিবেশনে যোগদানকারী মুখ্যমন্ত্রী, অন্যান্য মন্ত্রী এবং ভি. আই. পি-দের, যাঁদের আমন্ত্রণ জানান হয়েছিল—তাঁদের গাড়ী বাবদ ১ লক্ষ ৭৫ হাজার টাকা, অতিথিদের হোটেলে থাকা বাবদ ......

মিঃ স্পীকার ঃ আমার যতদূর মনে পড়ে মুখ্যমন্ত্রী এই রকম একটি প্রশ্নের উত্তর দিয়েছিলেন। কাজেই এটা হবে না এখন। ভুলবশতঃ হয়তো এটা এসেছে।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন্য একটি ব্যাপার আছে, আমাকে বলতে দিন। আমি পয়েন্ট অব অর্ডার তুলছি। আপনি এই কোশ্চেন এ্যালাউ করেছেন, এ্যাডমিট করেছেন এবং অনারেবল্ মিনিস্টার উত্তরও দিয়েছেন। কোন কোয়েশ্চেনের সাপ্লিমেন্টারী থাকতেই পারে যা এই হাউসে আগে ওঠে নি।

মিঃ স্পীকার ঃ আমার যতদূর মনে পড়ে মুখ্যমন্ত্রী একটি প্রশ্নের উত্তর দিয়েছেন। I am not debting the question. যদি সাপ্লিমেন্টারী থাকে, অন্য দিন আসবে, I will compare both the questions then I will pass my order. এটা আপাততঃ বন্ধ করুন।

মাথাভাঙ্গা ১নং ও ২নং পঞ্চায়েত সমিতির অফিসগৃহ নির্মাণ

*৬৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩২।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার মাথাভাঙ্গা ১নং ও মাথাভাঙ্গা ২নং পঞ্চায়েত সমিতির অফিসগুলির স্থান নির্ণয়, জমিসংগ্রহ ও গৃহনির্মাণ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ;

(খ) উক্ত প্রত্যেকটি অফিস নির্মাণের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে ; এবং

(গ) উক্ত মঞ্জুরীকৃত অর্থের মধ্যে জমিসংগ্রহ বাবত ব্যয় ধরা আছে কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : (ক) উক্ত দুটি পঞ্চায়েত সমিতির অফিস গৃহের জন্য স্থান নির্ণয় করা হয়েছে। জমি অধিগ্রহণের জন্য প্রয়োজনীয় প্রস্তাব জেলাশাসক মহাশয়ের কাছে চাওয়া হয়েছে। গৃহনির্মাণ-এর কাজ এখনও শুরু হয় নি।

(খ) উক্ত প্রত্যেকটি পঞ্চায়েত সমিতির অফিসগৃহ নির্মাণের জন্য দু' লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

(গ) না।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, ঐ পঞ্চায়েত সমিতি দুটির গৃহনির্মাণের জন্য জমি অধিগ্রহণের ক্ষেত্রে কতদূর কি হয়েছে ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : মাথাভাঙ্গা ১নং ব্লকের অফিসগৃহ নির্মাণের জন্য নির্বাচক কমিটির সুপারিশ অনুসারে শিকারপুর-বারঘরিয়া-মোহনপুর মৌজার অবস্থিত ২ একর জমি সম্প্রতি সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে এবং কুচবিহার জেলাশাসক মহাশয়কে প্রয়োজনীয় জমি অধিগ্রহণের প্রস্তাব পাঠাতে অনুরোধ করা হয়েছে। মাথাভাঙ্গা ২নং ব্লক অফিসগৃহ নির্মাণের জন্য নির্বাচক কমিটি মাটিয়ারকুটি মৌজায় অবস্থিত ২'৬০ একর জমি নির্বাচন করেছেন। সেই জমি সরকার অনুমোদন করেছেন। কুচবিহার জেলাশাসক মহাশয়কে জমি অধিগ্রহণের জন্য প্রয়োজনীয় প্রস্তাব পাঠাতে বলা হয়েছে। প্রস্তাবটি এখনও পাওয়া যায় নি। এই জমিটি দান হিসাবে পাওয়া গেছে। জেলাশাসক মহাশয় অবশ্য আলাদাভাবে জানিয়েছেন যে, বি. ডি. ও. মাথাভাঙ্গা ২নং ঐ জমির দখল নিয়েছেন। এই দপ্তর ব্লক অফিসগৃহ নির্মাণের জন্য ব্লকপিছু ২ লক্ষ টাকা কুচবিহার জেলাশাসক মহাশয়কে দিয়েছে।

৬৩৪। স্থগিত।

৬৩৫। স্থগিত।

Steps for lac cultivation

*636. (Admitted question No. *725.) **Dr. Sukumar Roy** : Will the inister-in-charge of the Cottage and Small Scale Industries Department be ɘased to state—

(a) the steps taken by the State Government to ensure price fixed by Government to primary lac growers, to popularise lac cultivation in the backward districts and to introduce improved techniques for lac production ;

(b) the achievements in the matters since 1980-81 ; and

(c) further steps proposed to be taken by the State Government during the remaining Sixth Five-Year Plan period ?

Shri Pralay Talukdar : (a) The price support scheme for lac growers all the lac producing states i.e. Bihar, West Bengal, M.P., U. P., etc. was ıplemented in 1975-76 by the Govt. of India. The price of sticklac as fixed @ Rs. 3/- per kg. on "chouri-parta" basis. The rate was therefore vised to Rs. 2.25 per kg. in 1978. At the beginning of the scheme, West engal Small Industries Corpn. was appointed as Agent by the State Govt. for ıplementing the scheme. Subsequently the West Bengal Co-operative laıketing Federation replaced the WBSIC. At that time the State Agency ɔpointed 30. D.P. Agents including Lac Artisans Co-operative Societies ır purchase of sticklac from the growers at the price stated above. There are 8,000 lac cultivators in West Bengal, scattered in the districts of Purulia, ankura, Midnapore, Murshidabad and Malda, mostly belonging to the ibal communities. Majority of these growers were given the benefits nder the scheme.

Since 1979 the price of sticklac shot up to very high level ranging rom Rs. 5/- to Rs. 12/- per kg., possibly due to low production of sticklac n the country, draught and increase of petroleum based synthetic resins in the world market.

So since the price of sticklac in the open market is much higher than the supported price, the price support scheme has now been kept in abeyance. To popularise lac cultivation in the backward districts and to introduce improved method of lac production, the State Govt. has implemented the following schemes :

1) Broodlac Farms — To produce good quality broodlac for supply free of cost to the poor lac cultivators, 27 Broodlac farms have so far been set up in Purulia, Bankura, . Midnapore, Murshidabad and Malda Districts.

2) Extension Units — For introducing modern method of lac cultivation and distribution of good quality broodlac free of cost to the lac cultivators of the state, 9 extension units have been set up in the different lac producing districts.

3) Industrial Units — 3 Lac Co-operatives Societies have been formed with the ex-trainees of Industrial Centres at Purulia, Bankura and Murshidabad. These societies have been provided with funds and technical assistance from the Dte. These societies are engaged in manufacturing of lac based products by processing sticklac from local growers.

(b) The achievements since 1980-81 are as follows :

Year	Production of broodlac (in kg)	Qty. of broodlac distributed (in kg)	No. of beneficiaries benefitted
1980-81	50,781	25,131	3,111
1981-82	35,795	9,446	1,174
1982-83	13,787	1,044	194
1983-84	35,660	12,607	2,991

(c) Programme for 1984-85 :

(1) To increase the activities of the Broodlac farms of the State Govt. created under different plan period, with a view to gear up production of farms and to cover the requirement of greater no. of lac cultivators, the proposal for reorganisation of the schemes with setting up of 9 more broodlac farms has been proposed.

(2) To cover larger no. of lac cultivators and demonstration and distribution programme, a proposal to Govt. of India for sanction of a revised scheme under Central Sector is being proposed.

To equip existing 3 lac co-operative societies in Purulia, Bankura and Murshidabad districts with requisite amount of working capital etc. a proposal for sanction of necessary funds has been sent to the Schedule caste & Tribal Welfare Deptt. West Bengal, under Integrated Tribal Development Programme, Khadi & Village Industries Commission and Cottage and Small Scale Industries Deptt.

জয়ন্তীতে ডলোমাইটকে কেন্দ্র করে শিল্প স্থাপন

*৬৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭১।) **শ্রীমনোহর তিড়কী:** শিল্প ও
।ণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জয়ন্তীতে ডলোমাইটকে কেন্দ্র করে শিল্প স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) জয়ন্তী থেকে ডলোমাইট কোথায় কোথায় এবং কি পরিমাণে রপ্তানি হয়ে থাকে?

শ্রীনির্মল কুমার বোস: (ক) জয়ন্তী খনি হতে ডলোমাইট তোলা হচ্ছে। লোমাইটকে কেন্দ্র করে ম্যাগনেসিয়াম মেটাল, ম্যাগনেসিয়াম পাউডার ও ৱফ্যাক্টরী ব্রিকস্ শিল্প স্থাপন করা সম্ভব, এই মর্মে বিশেষজ্ঞগণ অভিমত প্রকাশ ৃরেছেন। এইগুলিকে কেন্দ্র করে পরিকল্পনা করা হচ্ছে।

(খ) উত্তরবঙ্গ ডলোমাইট লিমিটেড কর্তৃক ১৯৮২-৮৩ সালে জয়ন্তী থেকে ১২৮.৯ টন ডলোমাইট এক ব্যবসায়ীর মাধ্যমে বাংলাদেশে রপ্তানী করা হইয়াছে।

[1.40—1.50 P.M.]

শ্রীতারকবন্ধু রায়: মাননীয় মন্ত্রী মহাশয়, দয়া করে জানাবেন কি, ওখানে শিল্প স্থাপনের পরিকল্পনা আছে এবং কতদিনে ওই পরিকল্পনা বাস্তবায়িত হবে?

শ্রীনির্মল কুমার বোস: আমাদের কনসালটেন্সি সরকারের ওয়েবকন এই রিপোর্টগুলি তৈরী করেন এবং তারাই স্থির করে এই জিনিসগুলি করা যায় কিনা এবং তাতে কত কাঁচামাল লাগবে, কত টাকা লাগবে, কত লোক নিয়োগ হবে এবং কোথায় হবে ইত্যাদি। জয়ন্তী, আলিপুরদুয়ারে কিছু এনটারপ্রেনিয়রের বা উদ্যোগব্রতীদের সঙ্গে কথাবার্তা বলেছি। এই উদ্যোগব্রতীরা আমাদের সঙ্গে কয়েক মাস আগে দেখা করেছেন এই ব্যাপার নিয়ে।

শ্রীতারকবন্ধু রায়: এই ডলোমাইট পশ্চিমবঙ্গ থেকে অন্য জায়গায় নিয়ে গিয়ে সেখানে সিমেন্ট তৈরীর কারখানা করা হচ্ছে, এই বিষয়ে আপনার কি কিছু জানা আছে?

শ্রীনির্মল কুমার বোস: এই রকম কোন খবর জানা নেই। তবে আমরা

ডলোমাইট বিশেষজ্ঞদের মত নিয়েছি। তাঁরা বলেছেন এই ডলোমাইট থেকে সিমেন্ট করা মুশকিল, কিন্তু ওই জাতীয় অন্য জিনিস করা যায় কিনা সেটা খোঁজখবর নিয়ে দেখা হচ্ছে।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ডলোমাইটকে কি কি কাজে লাগান যেতে পারে সেটা অনুসন্ধান করে দেখেছেন কি ?

শ্রীনির্মল কুমার বোসঃ এই ডলোমাইট হচ্ছে মূল্যবান সম্পদ। হিসাব করে দেখা গেছে যে, জয়ন্তীর কাছে বিস্তীর্ণ এলাকায় প্রায় ৪৫০ মিলিয়ন ডলোইমাইট রিজার্ভ আছে জিওলজিক্যাল সার্ভের মতে। উত্তরবঙ্গের কুচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, পশ্চিম দিনাজপুরের জমিতে যে এ্যাসিডিটি আছে সেটা নষ্ট করার জন্য ডলোমাইটের গুঁড়ো ব্যবহার করা হচ্ছে। এতে ভাল ফল পাওয়া যাচ্ছে। তাছাড়া ইস্পাত কারখানায় ডলোমাইটের ব্যবহার হয়। স্টিল অথরিটি অফ ইণ্ডিয়া লিমিটেডকে আমরা ডলোমাইট পাঠাচ্ছি। এই ডলোমাইট পাঠানোর ব্যাপারে রেল দপ্তরের সহযোগিতা দরকার। এখানে মিটারগেজ এবং সেটা যদি ব্রডগেজ হয় তাহলে আরো ডলোমাইট পাঠাতে চেষ্টা করবো। আমাদের ডলোমাইটগুলি সাইডিং-এ পড়ে থাকে এবং সেগুলি বেসরকারি ব্যবসায়ীরা দখল করে আছেন। আমাদের ২ লক্ষ মত পাঠাবার কথা, কিন্তু ১৫ হাজারের বেশী পারি না। এই ডলোমাইট যাতে আরো বেশী করে পাঠাতে পারি তার জন্য রেলমন্ত্রীর সাহায্য চাইছি। আমি এই ডলোমাইট পাঠানোর ব্যাপারে রেলমন্ত্রীর কাছে অনুরোধ করেছি যাতে তিনি সহযোগিতা করেন এবং আমরা যাতে আরো বেশী ডলোমাইট পাঠাতে পারি। কারণ এই ডলোমাইটকে কেন্দ্র করে অনেকগুলি কাজ আমরা করতে পারি।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়াঃ ডলোমাইট অতি মূল্যবান সম্পদ। কিন্তু আমরা সব সময় দেখি যে, এই ডলোমাইট ওয়াগান ওয়াগান করে রাজ্যের বাইরে চলে যাচ্ছে। এই ডলোমাইটকে এখানকার শিল্পের কাজে ব্যবহার করা যায় কিনা এবং বাইরে পাঠান বন্ধ করা যায় কিনা সেই ব্যাপারে আপনি কিছু করবেন কি ?

শ্রীনির্মল কুমার বোসঃ বাংলাদেশে রপ্তানি করা হচ্ছে, সেটা আমরা করবো। আর বাইরে ইস্পাত কারখানা যেগুলি আছে সেখানে ডলোমাইট একান্ত প্রয়োজন,

ফলে এটা আমাদের ওখানে দিতে হবে। তাছাড়া আমাদের উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় জমিতে এ্যাসিডিটি নষ্ট করার জন্য এই ডলোমাইট দিতে হবে। এরপর যে ডলোমাইট পাথর থাকে তার থেকে ম্যাগনেসিয়াম মেটাল, ম্যাগনেসিয়াম পাউডার এবং রিফ্র্যাকটারি ব্রিকস্—এই তিনটি জিনিস করা সম্ভব। জয়ন্তী, রাজাভাতখাওয়া, দময়ন্তী এবং আলিপুরদুয়ারের ওখানে এই শিল্প হবে।

শ্রীবামাপদ মুখার্জী ঃ দুর্গাপুর এবং ইণ্ডিয়ান আয়রন ঐ পাহাড় থেকে ডলোমাইট সংগ্রহ করে কি ?

শ্রীনির্মল কুমার বোস ঃ কিছু কিছু।

শ্রীবামাপদ মুখার্জী ঃ কত পরিমাণ ?

শ্রীনির্মল কুমার বোস ঃ নোটিশ চাই।

পঞ্চায়েত কর্মচারীদের ভাতা বৃদ্ধির সিদ্ধান্ত

*৬৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১০।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস** ঃ পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ইহা কি সত্য যে, পঞ্চায়েতের তিন স্তরের (জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত) কর্মকর্তাদের ভাতা বৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হচ্ছে ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ আপাততঃ এরূপ কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নেই।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদের সভাধিপতি এবং সহ-সভাধিপতিদের ভাতা সংক্রান্ত ব্যাপারে কোন নির্দিষ্ট চিন্তা করছেন কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ নির্দিষ্ট চিন্তা করার আগে আর্থিক সঙ্কটের কথা চিন্তা করতে হবে। সেই জন্য শুধু ভাতা নয়, টি. এ.-ও বাড়াতে হবে। এমন কি বহু অভিযোগ আছে যে, কর্মাধ্যক্ষ বা অন্যান্য যাঁরা মিটিং-এ আসেন তাঁদের পক্ষে আসা

সম্ভব হয় না ভাতা পান না বলে। এইসবগুলি আমরা দেখছি এবং এর জন্য কত টাকা প্রয়োজন সেটা বুঝে বিবেচনা করবো।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস: পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত ইত্যাদির যে টাকা মিটিং-এ এ্যাটেণ্ড করবার জন্য ব্যবস্থা আছে সেটা অতি সামান্য এবং তাও আবার পান না—এই বিষয়টার দিকে দৃষ্টি দেবেন কি?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: তাড়াতাড়ি দেবার ব্যবস্থা করবো, তবে বাড়াবার কথাটা ফাইনান্স ডিপার্টমেন্টের সঙ্গে বলে ঠিক করতে হবে। এর জন্য আইন করতে হবে না।

শ্রীপ্রভঞ্জনকুমার মণ্ডল: শিক্ষকরা যাঁরা এখানে আছেন তাঁদের ক্ষেত্রে লিভ উইথ পে করার কথা চিন্তা করছেন কি?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: প্রত্যেকটি প্রতিষ্ঠানে তাদের নিজস্ব একটা নিয়ম আছে। আমি জানি সভাপতি, প্রধান, এমন কি জেলা সভাধিপতি পর্যন্ত হেড মাষ্টার ও এ্যাসিসটেন্ট হেড মাষ্টার পর্যন্ত আছেন যাঁরা দুবার নির্বাচিত হন, তাঁদের লিয়েনের পিরিয়ড শেষ হয়ে গেছে। তাঁদের কথাগুলো বিবেচনা করা হচ্ছে।

*৬৩৯। স্থগিত।

রঘুনাথগঞ্জ ২নং ব্লকে পদ্মানদীর ভাঙ্গন

*৬৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫০।) **শ্রীহাবিবুর রহমান:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ২নং ব্লকে পদ্মানদীর ভাঙ্গন অব্যাহত আছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত ভাঙ্গন প্রতিরোধের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

শ্রীননী ভট্টাচার্য: (ক) হ্যাঁ, সরকার অবগত আছেন।

(খ) ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের নিয়ন্ত্রিত জঙ্গীপুর Afflux Bundh উক্ত

ভাঙ্গনের সন্নিকটে অবস্থিত। এই ভাঙ্গন প্রতিরোধের ব্যাপারে ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা চলছে।

ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ কুতুবপুরে রাজ্য সেচ দপ্তরের স্পারগুলির (spurs) রক্ষণাবেক্ষণের কাজ হাতে নিয়েছেন। মিথিপুরে ধ্বংসপ্রাপ্ত ২টি স্পারের জায়গায় একটি স্পার পুনর্নির্মাণের পরিকল্পনা রাজ্য সরকার করেছেন।

[1.50—2 00 P.M.]

শ্রীদীশ মহম্মদ : ভাঙ্গন প্রতিরোধের ব্যাপারে আপনি যে-সমস্ত ব্যবস্থা গ্রহণ করেছেন—সে ক্ষেত্রে আমি জানতে চাই যে, যে জায়গায় ভাঙ্গন হচ্ছে তার উত্তর দিকটার ভাঙ্গন যদি রোধ করা না হয় তাহলে ঐ জায়গার ভাঙ্গন রোধ করা যাবে না—এ সম্পর্কে মন্ত্রী মহাশয় জানেন কি ?

শ্রীননী ভট্টাচার্য : এটা বিশেষজ্ঞরা বলতে পারেন।

শ্রীঅমলেন্দ্র রায় : মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, পদ্মা নদীর ভাঙ্গন অব্যাহত আছে। কি ব্যবস্থা তার জন্য গ্রহণ করেছেন আপনি সেচ দপ্তর থেকে এবং কোনখান থেকে পদ্মা এবং কোনখান থেকে গঙ্গা সেটা বলবেন কি ?

শ্রীননী ভট্টাচার্য : যে সম্বন্ধে এখানে বলা হয়েছে সেটা গঙ্গা হবে, পদ্মা তার আরও দক্ষিণে। ব্যবস্থা গ্রহণ করার কথা আমি আগেই বলেছি।

শ্রীআবুল হাসনাথ খান : রঘুনাথগঞ্জ ২নং ব্লকে ফরাক্কা ব্যারেজের যে এ্যাফলেক্স বাঁধ আছে, সেটা ভেঙ্গে গেলে পদ্মার সঙ্গে ভাগীরথীর সঙ্গে মিশে যাবে এবং তাতে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। এই বাঁধ রক্ষা করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। এই বাঁধ রক্ষা করার ব্যাপারে রাজ্য সরকার কি কেন্দ্রীয় সরকারকে অবহিত করেছেন বা যোগাযোগ করেছেন ?

শ্রীননী ভট্টাচার্য : এ সম্পর্কে ফরাক্কা ব্যারেজ কন্ট্রোল বোর্ডের গত মাসে একটা মিটিং হয়েছে এবং সেখানে এ সম্বন্ধে বিস্তারিত আলোচনা হয়েছে। তাঁরা

এ সম্বন্ধে বলেছেন এবং ইতিমধ্যে কিছু কাজ আরম্ভ হয়ে গেছে। বলা যেতে পারে তাঁরা এই কাজে হাত দিয়েছেন।

Government advertisements in the 'Ganashakti' daily

*641. (Admitted questions No. *1831.) **Shri Fazle Azim Molla**: Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) whether it is a fact that the value of Government advertisements released to the 'Ganashakti' daily has progressively increased during the past five years ; and

(b) if so, what was the value of advertisements realeased to the 'Ganashakti' during 1979-80, 1930-1931, 1981-32, 1982-83 and 1981-84 (up to February, 1984) ?

Shri Prabhas Chandra Phadikar: (a) No. It did not increase progressively. During the second year of the five year period, it did not increase rather it decreased in comparision with the first year. During the next two years it increased because of the rise in advertisement rates. Figure upto February during the current financial year does not show any increase from the last year.

(b) Value of advertisements released to the "Ganashakti" during 1979-80 –Rs. 4,17,056 00 ; 1980-81—Rs. 3,88,964.00 ; 1981-82—Rs. 6,08,973 00 ; 1982-83—Rs. 6,70,439 00 ; 1933-84—Rs 6,53,950.00 (upto Feb '84)

শ্রীফজলে আজিম মোল্লাঃ পশ্চিমবঙ্গে বহুল প্রচারিত বহু সংবাদপত্র আছে, এই সমস্ত পত্রিকাকে সেইভাবে না দিয়ে গণশক্তিকে এইভাবে দেওয়া হচ্ছে কেন— এটা কি আপনাদের দলের প্রচারপত্র বলে এই রকম বৈষম্য করা হচ্ছে ?

শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকারঃ পশ্চিমবঙ্গে যেসব সংবাদপত্রগুলি আছে, সেগুলিকে তিন ভাগে ভাগ করা যায় একটি হচ্ছে ক্ষুদ্র একটি মাঝারি আর একটি বৃহৎ। আমরা বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন রকমভাবে দিয়ে থাকি—বৃহতের পরিমাণ বৃহৎ, মাঝারির পরিমাণ মাঝারি, ছোটর পরিমাণ ছোট।

শ্রীরবীন মণ্ডলঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি অন্যান্য পত্রিকার তুলনায়

আনন্দবাজার পত্রিকায় বেশী টাকা দেওয়া হয় কিনা এবং দেওয়া হলে তার পরিমাণ কত ? এবং সেটা প্রোগ্রেসিভলি ইনক্রিজ করেছে কিনা ?

শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার: প্রোগ্রেসিভলি নিশ্চয় বেড়েছে। আমি তার ফিগার দিয়ে দিচ্ছি। ১৯৭৯-৮০ সালে দেওয়া হয়েছে ১৮,৪৮,৩৪৭, ১৯৮০-৮১ সালে ২০,৬৩,৪৩২·৫০, ১৯৮১-৮২ সালে ২০,৯৪,০৪০, ১৯৮২-৮৩ সালে ১৪,৭৯,৮৩৫, ১৯৮৩-৮৪ সালে ১৬,৬০,০০০।

শ্রীঅনিল মুখার্জী: আপনি আনন্দবাজার পত্রিকার হিসাব দিলেন। এই রকম আরও যেসব বৃহৎ পত্রিকা রয়েছে তাদের এ্যাডভারটাইজমেন্ট যেটা দেওয়া হয়েছে তার হিসাব দিতে পারেন কি ?

শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার: আপনি কোন্‌টির প্রতি বিশেষ আগ্রহী জানতে পারলে আমি বলে দিতে পারি।

Shri Manas Bhunia: Will the Hon'ble Minister-in-charge be pleased to state whether there is any bar in the regulations and what is the norms of your Department to give advertisement in a newspaper having a particular political view ?

শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার: সংবাদপত্রের নিরপেক্ষতা আমরা বজায় রাখি।

কাঁথি মহকুমায় লবণ শিল্প কারখানার বিষয়ে কেন্দ্রের নির্দেশ

*৬৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৭।) **শ্রীশিশির অধিকারী:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কাঁথি মহকুমায় সমুদ্র-তীরবর্তী অঞ্চলে অবস্থিত হিন্দুস্থান ফার্টিলাইজার-এর লবণ শিল্প কারখানার বিষয়ে কেন্দ্রীয় সরকারের শেষ নির্দেশিকা কি ?

মিঃ স্পীকার: Now starred question No *642.

শ্রীনির্মল কুমার বোস: কাঁথি মহকুমায় হিন্দুস্থান ফার্টিলাইজার কর্তৃক লবণ

শিল্প কারখানার বিষয়ে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কোন নির্দেশিকা রাজ্য সরকারের কাছে নেই।

শ্রীশিশির অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, admitted question No. 1677, স্যার, এতে লেখা আছে হিন্দুস্থান ফার্টিলাইজার কথাটা। ওটা হিন্দুস্থান সল্ট লিমিটেড হবে।

শ্রীনির্মল কুমার বোস : আমার কাছে যেভাবে প্রশ্নটা গেছে আমি সেইভাবে উত্তর দিয়েছি। হিন্দুস্থান ফার্টিলাইজার বলে আছে। তবে মাননীয় সদস্য যে কথা বললেন হিন্দুস্থান সল্ট লিমিটেড—তার উত্তরও আমার কাছে আছে। আমি সেটা দিয়ে দেবো।

মিঃ স্পীকার : নিশ্চয় হিন্দুস্থান ফার্টিলাইজার বলেই গেছে।

শ্রীশিশির অধিকারী : সেইটাই আমি সংশোধন করে দিতে চাইছি।

আলিপুরদুয়ার ১নং পঞ্চায়েত সমিতির অফিসগৃহ নির্মাণ

*৬৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪৫।) **শ্রীমহম্মদ বাচ্চা মুন্সী :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার ১নং পঞ্চায়েত সমিতির অফিসগৃহ নির্মাণ হইয়াছে কিনা ;

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত গৃহে অফিস স্থানান্তরিত হইয়াছে কিনা ;

(গ) (খ) প্রশ্নের উত্তর 'না' হইলে, তাহার কারণ কি ; এবং

(ঘ) উক্ত গৃহে কবে নাগাত অফিস স্থানান্তরিত করা হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : ক) হ্যাঁ।

খ) না।

গ) অফিসগৃহ সংলগ্ন জমি উঁচু করার কাজ, রাস্তা তৈরির কাজ, পয়ঃপ্রণালীর

কাজ, অফিসগৃহ বৈদ্যুতিকরণের কাজ ইত্যাদি এখনও শেষ করতে না পারায় অফিস উক্ত অফিসগৃহে স্থানান্তরিত করা যায় নি।

ঘ) অবশিষ্ট কাজগুলি শেষ হলে অফিস স্থানান্তরিত করার ব্যবস্থা নেওয়া হবে।

[2.00—2.10 P.M.]

শ্রীতারকবন্ধু রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ঐ অফিস স্থানান্তরিত করতে কদিন দেরী হবে?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরীঃ মেন বাড়িটা হয়ে গেছে। আপনি হয়তো লক্ষ্য করেছেন আমি বলেছি অফিস গৃহ সংলগ্ন জমি উঁচু করার কাজ, রাস্তা তৈরীর কাজ, পয়ঃ-প্রণালীর কাজ, বৈদ্যুতিকরণের কাজ, এইগুলো করলেই হয়ে যাবে।

Starred Questions

(to which answers were laid on the table)

আই. এফ. এ. ডি. কর্তৃক পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দকৃত অর্থ

*৬৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৯২।) **শ্রীসত্যরঞ্জন বাপুলিঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৩ মোট আই. এফ. এ. ডি. টাকার মধ্যে পশ্চিমবঙ্গ সরকার কত টাকা দিয়েছে;

(খ) ১৯৮৩-৮৪ মোট আই. এফ. এ. ডি. কত টাকা বরাদ্দ হয়েছে এবং রাজ্য সরকার কত টাকা দিয়েছে; এবং

(গ) ফেব্রুয়ারি ১৯৮৪ পর্যন্ত আই. এফ. এ. ডি, থেকে মোট কত টাকা সাহায্য পাওয়া গেছে?

Minister-in-charge of the Development and Planning (Sunderban Areas) Deptt.:

(ক) ১৯৮২-৮৩ সালে পশ্চিমবঙ্গ সরকার মোট ২২৭·৫৬ লক্ষ টাকা ব্যয় করেছে আই. এফ. এ. ডি.-এর কাজে। (এর মধ্যে আই. এফ. এ. ডি.-এর নিকট হইতে আনুমানিক ১০২·৪০ লক্ষ টাকা ঋণ বাবদ পাওয়া যাইবে।)

(খ) ১৯৮৩-৮৪ সালে পশ্চিমবঙ্গ সরকার আই. এফ. এ. ডি. প্রকল্পের জন্য

২৮৬ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন এবং পরে আরো অতিরিক্ত ৫০ লক্ষ টাকা এই প্রকল্পের ব্যয় অনুমোদন করিয়াছেন। ১৯৮৩-৮৪ সালের আই. এফ. এ. ডি. প্রকল্পের মোট ব্যয়বরাদ্দ দাঁড়িয়েছে ৩৩৬ লক্ষ টাকা।

(গ) ফেব্রুয়ারী ১৯৮৪ পর্যন্ত আই. এফ. এ. ডি. থেকে মোট ১৫৫·৬২ লক্ষ টাকা সাহায্য পাওয়া গেছে।

Urdu as second official language

***644.** (Admitted question No. *2331.) **Shri Sk. ANWAR ALI :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) Whether the State Government has any proposal to make Urdu the second official language of West Bengal ; and

(b) if so, what is the present position in the matter ?

Minister-in-Charge of the Information and Cultural Affairs Deptt. : No, there is no such proposal. Incidentally there is no second official language in the state. However, Nepali has been declared the official language, together with Bengali, for the three hill subdivisions of Darjeeling district. There has been a Govt. decision to use Urdu increasingly for official purposes for the benefit of Urdu-speaking people of the State.

In pursuance of the decision stated above, we have opened Urdu Correspondence Cells, one at the Information and Cultural Affairs Office at Writers' Buildings, one each at Islampur Sub-Divisional office and Asansol Sub-Div. office, and staff deputed for the same. Publicity has been given to the effect that letters received in Urdu at our offices will be answered in Urdu. The Cell at the State Secretariat will serve Calcutta, 24-Parganas & Howrah also.

নদীয়া জেলায় সাম্যালচক ও রায়ডাঙ্গায় গঙ্গার ভাঙ্গন

*৬৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮৬।) **শ্রীসুভাষ বসু :** গত ২১-৯-১৯৮৩ তারিখের প্রশ্ন নং *১৯৪ (এস. এন.) [অনুমোদিত প্রশ্ন নং *৯৩৫ (এস. এন)]-এর উত্তরের পরিপ্রেক্ষিতে সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার সাম্যালচক ও রায়ডাঙ্গায় গঙ্গার ভাঙ্গন রোধের জন্য কোন ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হইয়াছে কিনা ;

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত নির্দেশ অনুযায়ী কাজ শুরু হইয়াছে কিনা ;

(গ) (খ) প্রশ্নের উত্তর 'না' হইলে, উক্ত কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায় ;

(ঘ) উক্ত ভাঙ্গনের ফলে এ পর্যন্ত ক্ষতিগ্রস্ত সম্পত্তির মূল্য কত ; এবং

(ঙ) উক্ত ভাঙ্গনরোধে আনুমানিক কত টাকা ব্যয় হইবে এবং তাহার মধ্যে কেন্দ্রের নিকট হইতে কত টাকা সাহায্য পাওয়া যাইবে ?

Minister-in-charge of the Irrigation and Waterways Deptt. : (ক) সান্যালচক ও রায়ডাঙ্গা-তারিণীপুর অঞ্চলের জন্য দুইটি পৃথক প্রকল্প রচনা করা হইয়াছে।

(খ) প্রকল্প দুইটি বর্তমানে বিবেচনাধীন আছে।

(গ) আশা করা যায় শীঘ্রই আরম্ভ করা যাবে।

(ঘ) এর হিসাব আমাদের নিকট থাকে না।

(ঙ) সান্যালচকের প্রথম অংশের জন্য আনুমানিক ২১ লাখ ৪৫ হাজার টাকা এবং রায়ডাঙ্গা-তারিণীপুরের জন্য আনুমানিক দশ লাখ টাকা ব্যয় হইবে। কেন্দ্রীয় সাহায্য এই ব্যাপারে পাওয়া যায় না।

দুর্গাপুর কেমিক্যালস্ লিমিটেডে আর্থিক লোকসান

*৬৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০৩।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দুর্গাপুর কেমিক্যালস্ লিমিটেডে এখনো আর্থিক লোকসান হচ্ছে ; এবং

(খ) সত্য হলে, ১৯৮০-৮১, ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালের আর্থিক লোকসানের হিসাব কত ?

Minister-in-charge of the Public Undertakings Deptt. : (ক) হ্যাঁ।

(খ) ১৯৮০-৮১ : নীট লোকসান—৩,৪৫,৫৯,৩৭৭ টাকা।

১৯৮১-৮২ : নীট লোকসান—৩,৭৮,৪৫,৬৯৯ টাকা।

১৯৮২-৮৩ : অডিট এখনও করা হয় নাই। তাই লাভ/লোকসানের পরিমাণ জানানো সম্ভব নয়।

পশ্চিমবঙ্গে ছোট সাহিত্য পত্রিকার সংখ্যা

*৬৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬১।) **শ্রীব্রজগোপাল নিয়োগী:** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে লিটল ম্যাগাজিনের (ছোট সাহিত্য পত্রিকার) সংখ্যা কত;

(খ) উক্ত পত্রিকার বিকাশের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

Minister-in-charge of the Information and Cultural Affairs Deptt. (ক) সরকারের কাছে প্রাপ্ত তথ্য অনুযায়ী পশ্চিমবঙ্গে লিটল ম্যাগাজিনের সংখ্যা ৬৬৫।

(খ) হ্যাঁ।

(গ) সুষ্ঠুভাবে বিজ্ঞাপন প্রকাশের জন্য প্রতি জেলায় জেলা শাসককে সভাপতি করে জেলা পত্র-পত্রিকা বিজ্ঞাপন উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। বিজ্ঞাপন বাবদ মোট বার্ষিক ব্যয়বরাদ্দের শতকরা ১৫ ভাগ ক্ষুদ্র পত্র-পত্রিকার জন্য নির্দিষ্ট করা হয়েছে। তাছাড়া পত্র-পত্রিকা বিকাশের জন্য তথ্যানুসন্ধান কমিটির সুপারিশ অনুযায়ী রাজ্য সরকারের পক্ষ থেকে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থা এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করা হয়েছে।

খাস জমির পরিমাণ

*৬৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২৬০৭।) **শ্রীবিভূতিভূষণ দে:** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট খাস জমির পরিমাণ কত; এবং

(খ) ৩১শে ডিসেম্বর, ১৯৮৩ পর্যন্ত কত পরিমাণ জমি ভূমিহীনদের মধ্যে বিলি করা গেছে?

Minister-in-charge of the Land and Land Reforms Deptt.: (ক) মোট ন্যস্ত জমির পরিমাণ ২৮,৬১,২৫৩·১৩ একর। তন্মধ্যে কৃষি জমির পরিমাণ ১২,৬৩,২৫৬·০৩ একর।

(খ) ৭,৭৩,৯১৯ ১৩ একর কৃষি জমি বিলি হয়েছে।

পশ্চিমবঙ্গ চা-উন্নয়ন কর্পোরেশনের ম্যানেজিং ডাইরেক্টরের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

*৬৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭০।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায়:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি পশ্চিমবঙ্গ চা-উন্নয়ন কর্পোরেশনের ম্যানেজিং ডাইরেক্টরের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আসিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, তাহার বিরুদ্ধে কি কি অভিযোগ আসিয়াছে ?

Minister-in-charge of the Commerce and Industries Deptt. : (ক) হ্যাঁ।

(খ) প্রশাসনিক স্বার্থে অভিযোগগুলি এখন প্রকাশ করা সম্ভব নহে।

বসুমতী পত্রিকায় আর্থিক লোকসান

*৬৫২। (অনুমোদিত প্রশ্ন নং *২৪০০।) **শ্রীসরল দেব** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে "বসুমতী পত্রিকায়" আর্থিক লোকসানের পরিমাণ কত ; এবং

(খ) উক্ত লোকসান বন্ধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

Minister-in-charge of the Information and Cultural Affairs Deptt. : (ক) ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরের হিসাব এখনও তৈরী হয় নি, কাজেই লাভ-লোকসানের পরিমাণ এখন বলা সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

মুর্শিদাবাদ জেলায় 'বিল বিষ্ণুপুর' লিজ

*৬৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৮২১।) **শ্রীমতী ছায়া ঘোষ** : ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রচলিত বিধি অনুযায়ী সরকারী খাস জমি, জলা, বিল বা পুকুর কোন ব্যক্তি, সমবায় সমিতি বা সরকারী সংস্থাকে লিজ দেবার বৈধ কর্তৃপক্ষ কি বোর্ড অব রেভিনিউ ;

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, মুর্শিদাবাদ জেলার ২৪০ একর 'বিল বিষ্ণুপুর' কোন্ সংস্থাকে 'বোর্ড অব রেভিনিউ' তাদের কত নম্বর চিঠিতে লিজ দিয়েছেন ; এবং

(গ) এই লিজের শর্তাবলী কি কি ছিল ?

Minister-in-charge of the Land and Land Reforms Deptt. : (ক) সর্বোচ্চ কর্তৃপক্ষ বোর্ড অফ রেভিনিউ। জেলাতে সাধারণতঃ ন্যস্ত কৃষি জমি বিলির বিষয়টি

মহকুমা শাসক দেখেন। অকৃষি জমি, জলা, বিল বা পুকুর বন্দোবস্ত দেন জেলা সমাহর্তা বা অতিরিক্ত জেলা সমাহর্তা।

(খ) ও (গ) ভূমি ও ভূমি সংস্কার বিভাগ বোর্ড অব্ রেভিনিউ-এর সহিত পরামর্শ করিয়া 'বিল বিষ্ণুপুর' জলাটি ১৮-৭-৬৬ তারিখের ১১০৩৫-এল. আর. নম্বর পত্রে মৎস্য চাষের জন্য মৎস্য বিভাগকে হস্তান্তরের অনুমতি দিয়েছেন।

গোপীবল্লভপুর ও সাঁকরাইল থানা এলাকায় সুবর্ণরেখার ভাঙন রোধ

*৬৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৭।) শ্রীসুনীল দে: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) গোপীবল্লভপুর ও সাঁকরাইল থানা এলাকাতে সুবর্ণরেখা নদীর ভাঙন রোধের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, উক্ত থানার কোথায় কোথায় উক্ত পরিকল্পনা কার্যকরী করা হইবে; এবং

(গ) প্রস্তাবিত চোরচিতা-ভামাল স্কীমটি এখনও কার্যকরী না করার কারণ?

Minister-in-charge of the Irrigation and Waterways Deptt.: (ক) ভাঙ্গন রোধের পরিকল্পনা গ্রহণ করার উদ্দেশ্যে এই সকল স্থান বর্তমানে পর্যবেক্ষণ পর্যায়ে আছে।

(খ) পর্যবেক্ষণ শেষ হইলে পরিকল্পনা প্রস্তুত করা সম্ভব হইবে।

(গ) ভাঙ্গন প্রকোপের স্থানগুলি পর্যায়ক্রমে স্থান পরিবর্তন করিতেছে। স্বাভাবিক কারণে এই প্রকল্পটি বর্তমানে পর্যবেক্ষণ পর্যায়ে আছে।

অধিগৃহীত রুগ্ন শিল্প

*৬৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১৯।) শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য: শিল্প পুনর্গঠন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭৭ থেকে এ পর্যন্ত কয়টি রুগ্ন শিল্প অধিগ্রহণ করা হয়েছে;

(খ) তন্মধ্যে কয়টি রাজ্য সরকার করেছেন এবং কয়টি কেন্দ্রীয় সরকার করেছেন; এবং

(গ) অধিগ্রহণের পর কয়টি কারখানাকে ডিনোটিফিকেশন করা হয়েছে এবং তাদের নাম কি?

Minister-in-charge of the Industrial Reconstruction Deptt.: (ক) ১৯৭৭ থেকে এ পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট ১৫টি শিল্প সংস্থা অধিগ্রহণ করা হয়েছে।

(খ) সবগুলিই কেন্দ্রীয় আইনবলে কেন্দ্রীয় সরকার কর্তৃক অধিগৃহীত হয়েছে।

(গ) ১৯৭৭ সালের পরে অধিগৃহীত শিল্প সংস্থার কোনটিকেই ডিনোটিফিকেশন করা হয় নি।

রঙীন ফিল্ম ল্যাবরেটরী নির্মাণ পরিকল্পনা

*৬৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৪৮।) **শ্রীবিমলকান্তি বসু:** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে রঙীন ফিল্ম ল্যাবরেটরী নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, উহা কোথায় নির্মিত হইবে; এবং

(গ) উক্ত বাবদ ব্যয়ের পরিমাণ কত?

Minister-in-charge of the Information and Cultural Affairs Deptt : (ক) আছে।

(খ) সল্টলেকে।

(গ) ৪ কোটি ৯৬ লক্ষ টাকা।

মালদহ জেলায় শিল্প স্থাপন

*৬৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫৩।) **শ্রীযোখীলাল মণ্ডল:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন হইতে ১৯৮৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত সময়ে মালদহ জেলায় কতগুলি শিল্প স্থাপিত হয়েছে; এবং

(খ) উক্ত শিল্পগুলি কি ধরনের?

Minister-in-charge of the Commerce and Industries Deptt. : (ক) ১৯৭৭ সালের জুন হইতে ১৯৮৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত সময়ে মালদহ জেলায় কোন বৃহদায়তন বা মাঝারি ধরনের শিল্প স্থাপিত হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

রবীন্দ্র সদনে রাজ্য সঙ্গীত একাডেমী প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন

*৬৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৫৬।) **শ্রীহিমাংশু কুনার:** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—১৯৮৪ সালের ১৯শে,

২০শে ও ২১শে মার্চ তারিখে রবীন্দ্র সদনে পশ্চিমবঙ্গ রাজ্য সঙ্গীত একাডেমী প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানের জন্য—

(১) মোট কত টাকা ব্যয় হইয়াছে ; এবং

(২) উক্ত অনুষ্ঠানে শ্রীতিমিরবরণ ভট্টাচার্যকে আলাউদ্দিন স্মৃতি পুরস্কার প্রদান বাবদ কত টাকা খরচ হইয়াছে ?

Minister-in-charge of the Information and Cultural Affairs Deptt. : (১) তিন দিনব্যাপী আলোচ্য অনুষ্ঠানের জন্য মোট ব্যয়ের পরিমাণ টাঃ ২৪,৬৭৩.৮৬।

(২) টাঃ ১১,৭৫৭.০০।

Taking over management of Hindusthan Pilkington Glass Works Ltd.

*662. (Admitted question No. *2369) **Shri Suniti Chattaraj :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether it is a fact that M/s. Sree Vallabh Glass Works Ltd., who took over the management of Hindusthan Pilkington Glass Works Ltd., Asansol, on September 1, 1982, after the lifting of the lock out at the Asansol factory, had assured that they would make substantial investments towards working capital for reviving the company ; and

(b) if so, what is the present financial position of the Asansol factory as compared to the position as on September 1, 1982 ?

Minister-in-charge of the Commerce and Industries Deptt. : (a) We have no information on the subject.

(b) Does not arise.

পুরুলিয়া জেলায় পঞ্চায়েত এক্সটেনশন অফিসার ও একাউণ্টস অফিসারের শূন্য পদ

*৬৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৫৯।) **শ্রীকমলাকান্ত মাহাতো :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি বর্তমানে পুরুলিয়া জেলায় পঞ্চায়েত সমিতি স্তরে কতগুলি পঞ্চায়েত এক্সটেনশন অফিসার এবং একাউন্টস্ অফিসারের পদ শূন্য আছে ?

Minister-in-charge of the Panchayats and Community Development Deptt. : পঞ্চায়েত এক্সটেনশন অফিসারের ৫টি এবং পঞ্চায়েত একাউন্টস্ ও অডিট অফিসারের ২টি পদ শূন্য আছে।

দীঘায় লবণ তৈরীর কারখানা স্থাপনের পরিকল্পনা

*৬৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৫০৮।) **শ্রীপ্রশান্তকুমার প্রধান:** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী উদ্যোগে দীঘায় লবণ তৈরীর জন্য কারখানা স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) দীঘায় কতগুলি বে-সরকারী লবণ তৈরীর কারখানা আছে এবং সেগুলিতে মোট কত শ্রমিক কাজ করে সে বিষয়ে সরকারী কোন তথ্য আছে কি?

Minister-in-charge of the Commerce and Industries Deptt. : (ক) নেই।

(খ) একটিও নেই।

গোয়ালপুকুরে মিনি সুগার প্ল্যাণ্ট স্থাপন

*৬৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৫৩।) **শ্রীসুরেশ সিংহ:** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোয়ালপুকুরে (পশ্চিম দিনাজপুর জেলা) মিনি সুগার প্লাণ্ট স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

Minister-in-charge of the Commerce and Industries Deptt. : (ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

কাপড়ের কল

*৬৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৯১।) **শ্রীকমলাক্ষী বিশ্বাস:** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে কতগুলি কাপড়ের কল আছে;

(খ) কয়টি কাপড়ের কলে পশ্চিমবঙ্গ সরকারের শেয়ার আছে;

(গ) (১) পশ্চিমবাংলার কয়টি কাপড়ের কলে কৃত্রিম সুতার শাড়ী তৈয়ারী হ সে বিষয়ে সরকারের কোন তথ্য আছে কি ; এবং

(২) থাকিলে, তাহার সংখ্যা কত ?

Minister-in.charge of the Commerce and Industries Deptt. : (ক) ৪০টি, তন্মধ্যে তিনটি দীর্ঘদিন যাবৎ বন্ধ আছে।

(খ) তিনটি।

(গ) ১। আছে।

২। একটি।

মুর্শিদাবাদ জেলায় চিনি কল স্থাপন

*৬৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮০।) শ্রীশীশ মহম্মদঃ শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার সামসেরগঞ্জ ও ফরাক্কা থানা এলাকায় চিনি কল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

Minister-in charge of the Commerce and Industries Deptt. : না।

Adjournment Motion

Mr. Speaker : To-day I have received four notices of adjournment motion. The first is from Shri Kashinath Misra on the subject of propdsed agitation of a section of non-gazetted police against their superior officers The second is from Shri Asok Ghosh on the suject of acute scarcity of drinking water in West Bengal. The third is from Dr. Manas Bhunia on the subject of outbreak of enteric disease due to acute scarcity of drinking water in the State and the last is from Shri Deba Prosad Sarker on the subject of out break of enteric disease of Cooch Behar, Jalpaiguri and Howrah due to acute scarcity of drinking water.

The subject matter of the first motion relates to day-to-day administration. As regards the other three motions, the Minister concerned has already made statements on the scarcity of drinking water in some districts in West Bengal in this House. However, the members may raise this matter through Calling Attention, Mention etc.

I, therefore, withhold my consent to the motions.

One member of the party may, however, read out the text of the motion as amended.

শ্রীঅশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হলো—পশ্চিমবাংলার সর্বত্র, এমন কি, শিল্পাঞ্চলগুলিতেও ব্যাপকভাবে পানীয় জলের অভাব দেখা দিয়েছে। গোটা কলকাতা শহরেও পানীয় জলের হাহাকার, এমন কি মহাকরণেও পানীয় জল নেই।

শ্রীদেবপ্রসাদ সরকার : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতবী রাখছেন, বিষয়টি হলো—বিশুদ্ধ পানীয় জলের অভাবে কোচবিহার, জলপাইগুড়ি ও হাওড়া জেলায় পেটের রোগে গত কয়েক দিনে ৭২ জনের মৃত্যু হয়েছে। এছাড়া অনেকে আক্রান্ত হয়ে হাসপাতালে। মুর্শিদাবাদ জেলাতেও এই ধরনের মৃত্যুর সংবাদ পাওয়া গেছে। এই রোগ গ্রাম-গ্রামান্তরে দ্রুত ছড়িয়ে পড়ছে। যুদ্ধকালীন গুরুত্ব আরোপ করে আক্রান্ত জেলাগুলিতে আরও ব্যাপক হারে মেডিকেল টিম পাঠানোর এবং প্রতিষেধক ও সতর্কতামূলক ব্যবস্থা আরও জোরদার করার প্রয়োজন।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : স্যার অন এ পয়েন্ট অব অর্ডার, আজকে সংবাদপত্রে আমরা মৃত্যুর সংখ্যা দেখেছি, প্রকৃত সংখ্যা এর থেকে অনেক বেশী হতে পারে, সুতরাং বিষয়টির গুরুত্ব নির্ণয় করে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে এখানে একটি বিবৃতি দিতে বলুন।

Mr. Speaker : I shall discuss with the Health Minister after recess.

Calling Attention to Matters of Urgent Public Importance.

Mr. Speaker : I have received eight notices of Calling Attention namely :

1. Reported death of 72 persons in West Bengal from Gastro-intestinal trouble. : Shri Anil Mukherjee
2. Short-supply of Ration Cards for M.R. Shops of Midnapore District. : Shri Himanshu Kunar
3. Reported offer of some Trade Unions to repair the houses damaged in connection with Garden Reach incident. : Shri Sadhan Chattopadhyay
4. Prolonged closure of Steel and Allied Product factory No. 1 at Mominpur and No. 2 at Behala. : Shri Sumanta Kumar Hira and Shri M. Nezamuddin.

5. Alleged death of 43 children in Cooch-Behar and Jalpaiguri and 16 persons in Howrah from Gastroentities. : Dr Manas Bhunia.
6. Alleged death of many persons at Murshidabad from Dyspopsia. : Shri Satya Pada Bhattacharyya and shri Shish Mohammad.
7. Proposed agitation of a section of non-gazetted Policemen against their superiors. : Shri Kashinath Misra and Shri Asok Ghosh.
8. Acute scarcity of drinking water in Calcutta and other Municipal areas. : Shri Santasri Chattopadhyay.

I have selected the notice of Shri Sumanta Kumar Hira and Shri Md. Nezamuddin on the subject of prolonged closure of Steel and Allied Product factory No. 1 at Mominpur and No. 2 at Behala.

The Minister-in-charge may please make a statement to-day, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : On 23rd April, 1984.

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে অশেষ ধন্যবাদ, আপনি বলবার সুযোগ দিয়েছেন। কালকে স্বাস্থ্য, জল সরবরাহ এবং প্রিভেনটিভ মেজার সম্বন্ধে আলোচনা হয়েছে। আপনি তো সংবাদপত্রে দেখেছেন উত্তরবঙ্গ চিরকালই অবহেলিত হয়ে রয়েছে। স্যার, পশ্চিমবঙ্গের ১৭% পপুলেশন গঙ্গার ওপারে ৫টি জেলায় বাস করে। আমাদের দুর্ভাগ্য জল সরবরাহ দপ্তরের, রুরাল ওয়াটার সাপ্লাই দপ্তরের দায়িত্বে যিনি আছেন তিনি দিনহাটার প্রতিনিধি। আজকের খবরের কাগজে প্রকাশিত হয়েছে সেখানে ৭২ জন মারা গেছে, নোবডি নোজ দি রিয়্যালিটি। বেসরকারী সংবাদে প্রকাশ, সেই মৃত্যু ১০০ ছাড়িয়ে গেছে। আপনি বলেছেন রিসেসের পরে এই বিষয়ে আলোচনা করে ব্যবস্থা করবেন। ছাত্রাবস্থায় আমরা পড়েছি জলের আর এক নাম জীবন। স্যার এরা সেই জল দিতে পারছে না। They have no right to run the administration. স্যার, অবস্থাটা দাঁড়িয়েছে এই, যারা জল দিতে পারে না তারা গতকাল স্বাস্থ্য বাজেটে ১৩১ কোটি টাকা এবং জল সরবরাহ দপ্তরের জন্য ৬৬ কোটি টাকার বরাদ্দ নিয়েছে। এই টাকা যাচ্ছে কোথায় ? এর একটা অডিট হিসাব নেওয়া হোক। জলে যাচ্ছে কি, সেই জন্য জল পাচ্ছে না? আপনাকে ধন্যবাদ, আপনি মহানুভব যে, এই বিষয়ে আলোচনায় অংশ গ্রহণ করতে অনুমতি দিয়েছেন। আজকে এই দপ্তরকে ডাকুন irresponsible Cabinet, irresponsible Council of Ministers—এই লজ্জাকর

পরিস্থিতি—এই অমানবিক এদের দৃষ্টিভঙ্গী। এর প্রতিকার হওয়া বাঞ্ছনীয়। death of many persons for want of drinking water which is seen throughout West Bengal. এরা মানুষকে খাবার জল দিতে পারে না। Jyoti Basu's Government, Council Ministers headed by Jyoti Basu, has no right to stay even for a day if the reported death of many persons in West Bengal is true.

শ্রীবিজয় পাল : মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোলের হিন্দুস্থান পিলকিনটন গ্লাস ফ্যাক্টরি প্রায় আড়াই বছর বন্ধ ছিল। আমার অনেক চেষ্টায়, মুখ্যমন্ত্রীর প্রচেষ্টায় সেই কারখানা খুলেছে। এখন আবার সেটা বন্ধ হতে যাচ্ছে। আমি বলতে চাই এই গ্লাস ফ্যাক্টরিটি শুধু ভারতের নয়, এশিয়ার মধ্যে অন্যতম একটি ফ্যাক্টরি, সেখান থেকে বছরে ৩/৪ কোটি টাকা একসাইজ ডিউটি কেন্দ্রীয় সরকার পেয়ে থাকে। এই ধরনের একটি কারখানা বন্ধ হলে সব দিক থেকেই ক্ষতি হবে। সেখানে দেড় হাজার লোক কাজ করে। অত্যন্ত আনন্দের কথা যে, আমাদের সরকার সেটাকে টেকওভার করার জন্য, অধিগ্রহণ করার জন্য কেন্দ্রীয় সরকারকে লিখেছে। যত তাড়াতাড়ি সম্ভব এটাকে অধিগ্রহণ করার ব্যবস্থা করা হোক এবং অবিলম্বে শ্রমিক-কর্মচারীরা যাতে বেতন পায়, কারখানাটি যাতে খোলা থাকে তার প্রচেষ্টা করা দরকার। কংগ্রেসী মেম্বারদের অনুরোধ করব এটা নিয়ে রাজনীতি না করে দিল্লী গিয়ে তাড়াতাড়ি অধিগ্রহণ করার জন্য বিষয়টি পারস্যু করুন।

[2.10—2 20 P.M.]

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, কলকাতা মহানগরীতে এই দারুণ গরমে প্রচণ্ড জলাভাব দেখা দেওয়ায় গোটা মহানগরীর নাগরিক জীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। স্যার, আপনি এও জানেন যে, গতকাল রাইটার্স বিল্ডিংস-এ পর্যন্ত জলাভাব ঘটেছে। স্যার, চানের জল তো দূরের কথা, পানীয় জলের প্রচণ্ড অভাব দেখা দেওয়ায় মানুষ অসুস্থ হয়ে পড়ছে। কলকাতা মহানগরীর চারিদিকে জলের জন্য হাহাকার পড়ে গিয়েছে। শোনা যাচ্ছে টালা পাম্পিং ষ্টেশনের ভাল্‌ভ নাকি ফেটে গিয়েছে এবং সুবোধ মল্লিক স্কোয়ার ও অকল্যাণ্ডে যে বুষ্টিং পাম্প আছে সেগুলি

অকেজো হয়ে পড়েছে, ফলে গোটা কলকাতায় পর পর তিন দিন ধরে এই মারাত্মক জলাভাব চলেছে এবং এটা আজও আছে। স্যার, আপনি জানেন, গতকাল মাননীয় মন্ত্রী শ্রীপ্রশান্ত শূর মহাশয় কলকাতা মহানগরীতে পানীয় জলের কত সুব্যবস্থা করেছেন তার একটা বিরাট ফিরিস্তি দিয়ে বিবৃতি দিয়েছেন, অথচ গত তিন দিন ধরে এই অবস্থা চলেছে। স্যার, এটা একটা সিরিয়াস ম্যাটার, অবিলম্বে যাতে এর সুরাহা হয় তার ব্যবস্থা করার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Speaker : Now, Shri Anil Mukherjee.

(অনিল মুখার্জী রোজ টু স্পীক)

মিঃ মুখার্জী, আপনি বলার আগে আপনাকে কিছু কথা জিজ্ঞাসা করে নিতে চাই। আপনি আমাকে একটা নোটিশ দিয়েছেন এবং Copy of which you have given to Dr. Sisir Bose. অনারেবল মেম্বার শিশির বোসের ব্যাপারে ঐ নেতাজী ফ্লিম নিয়ে আপনি আলোচনা করতে চান। আপনি আমাকে স্যাটিসফাই করুন—I have got some reservations. You want to refer the matter with regard to the Netaji Film because you think that it is an issue of national importance এটা নিঃসন্দেহে। নেতাজী নিয়ে যে-কোন ব্যাপারই রেফার করুন সেটা ন্যাশানাল ইম্পরটেন্সের ব্যাপার। But the activities of the members not concerning the activities of the House. যদি কোন ম্যাগাজিন বা খবরের কাগজ ছাপে সেটা কি আমরা আলোচনা করতে পারি ? I want to know that, I want clarification on this point.

(নয়েজ)

শ্রীঅনিল মুখার্জী : স্যার, উল্লেখ পর্বে আমি এটা মেনশান করেছি। নেতাজী রিসার্চ ব্যুরো...

Mr Speaker : You can refer the Bureau But can you refer the activities of a member which have not in connection with the activities of the House.

শ্রীঅনিল মুখার্জী : স্যার, মাননীয় সদস্য ডাঃ শিশির বোস মহাশয় সেই নেতাজী রিসার্চ ব্যুরোর এক্সিকিউটিভ ডাইরেক্টার।

Mr. Speaker : It may be. But it is not in connection with his parliamentary activities.

শ্রীঅনিল মুখার্জী : স্যার, আমাকে শেষ করতে দিন, তাহলেই ব্যাপারটা বুঝতে পারবেন। স্যার, এটা একটা জাতীয় ইম্পরটেন্সের ব্যাপার, কোশ্চেন অব ন্যাশনাল অনার…

Mr. Speaker : It may be, I may not denying that. But as regards the activities of a member—what would you say.

শ্রীঅনিল মুখার্জী : স্যার, সেখানে মাননীয় সদস্যের বিরুদ্ধে কিছু অভিযোগ বেরিয়েছে। সেখানে অর্থ নেবার অভিযোগ আছে এবং অন্যান্য অভিযোগ আছে। একটা বাংলা সাপ্তাহিকে সেই তথ্য তাঁর সম্পর্কে বেরিয়েছে। এটা একটা জাতীয় গুরুত্বপূর্ণ ব্যাপার। মাননীয় সদস্য সেখানে নিজে ইনভল্‌ভ সেই রকম একটা অভিযোগ রয়েছে। একটা অর্থ নেবার অভিযোগ রয়েছে। বিদেশী একটা কোম্পানী থেকে ষ্টার্লিং গ্রহণ করার একটা অভিযোগ স্থানীয় একটা সাপ্তাহিক কাগজে বের হয়েছে।

(গোলমাল)

Mr. Speaker : I am not going on the issue now. The very simple question before the House is that the occasion will come in the future also. It has happened in the past. As regards the Deputy Speaker, the questions have been raised. But I did not allow the questions because it did not concern the parliamentary activities of the Deputy Speaker. I have passed a ruling that the questions do not relate to the parliamentary activities of a member and as such cannot be raised in the House, Netaji is of national importance. Netaji is a national issue. I agree with you over that. Something scandalous, something sacrilegious or something bad against him published by any agency can definitely be raised in the House being a question of national issue. The organisation concerned with that may be brought into argument. You may refer about the film on Netaji but you cannot mention something about a member which does not concern the parliamentary activities of a member. You cannot involve the member in a debate or any activities which are not related to his parliamentary duties—that is my point.

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে পয়েন্টের কথা বলছি সেটাও একটা লীগ্যাল পয়েন্ট। আপনি এখানে রুলসের প্রশ্ন তুলেছেন। আমি এই কথা বলতে চাই, যদি কোন মেম্বার একটা কোম্পানীর ডাইরেক্টর হন এবং তিনি যদি এম. এল. এ. হন তাহলে ডাইরেক্টরের ক্যাপাসিটিতে তিনি যদি কোন কাজ করেন তাহলে তাঁর এই পার্লামেন্টারী ওয়ার্ক ডিসচার্জ করা সম্পর্কে ইনভলভমেণ্ট এখানে আসে কি না ?

মিঃ স্পীকার : I will discuss it with all the leaders in my Chamber during recess. Then I will disclose it in the House.

(Noise)

I have ruled it out. There is no question of expunging anything at this stage. I will discuss the matter in my Chamber.

শ্রীকৃপাসিন্ধু সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বললেন যে, আপনার ঘরে আলোচনা করবেন। কিন্তু আলোচনা করার পরে এখানে আলোচনা করার সুযোগ আমাদের দেবেন।

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাদের রাইট কার্টলিং করছেন।

Mr. Speaker : I am not curtailing anybody's right.

(Noise)

Mr. Mukherjee, I have told you that I will discuss the matter in my Chamber. This is not a question of curtailing anybody's right. I have not debarred you. I have over-ruled that. Why are you getting impatient? Tha situation is such that it may arise again. It is a question of future proceedings also. It is not a question of today only. It is a question of the day after tomorrow and also a question for years to come. We have to come to a decision as to what extent the members could be involved in non-parliamentary activities. So let us discuss over the matter in my Chamber and come back to the House. After recess, I will let you know everything.

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সদস্য হিসাবে এই বিষয়ে আলোচনার করার জন্য নোটিশ দিয়েছি। আপনি আমাকে আলোচনা করার জন্য ডেকেছেন। আপনি আমাকে এ্যালাউ করেছেন—

Mr. Speaker : Mr. Mukherjee, that is all right that you have complied with the formalities. But there are other sides too. So let us have a discussion in my Chamber.

(Noise)

You have given notice to me. You have also given notice to Dr. Sisir Bose. You have complied with other formalities. That is all right. I sitting in this Chair have some other responsibilities also. It is not only the question of to-day, but of to-morrow and years to come. We have to settle the norms in this regard. So let us discuss it in my Chamber and take a decision about it. After that it may be discussed in the House. Why are you getting so impatient ?

[2.20—2.30 P. M.]

শ্রীসুব্রত মুখার্জী : স্যার, আমি আপনার বক্তব্যকে পূর্ণ সমর্থন করে একটা কথা বলতে চাই যে, আমি বুঝতে পারছি না মিঃ মুখার্জী কেন এই ভাবে কথা বলছেন! গতকাল আপনি ওঁকে সুযোগ দিয়েছিলেন, উনি পয়েন্ট অফ, অর্ডারের নাম করে কতগুলি চার্জ করেছিলেন এবং তার উত্তর মাননীয় সদস্য শিশিরবাবু যথাযথ ভাবে দিয়েছেন। তারপরেও আজকে উনি আবার একটা সংবাদপত্র নিয়ে এসে সমস্ত সংসদীয় রীতি-নীতি লঙ্ঘন করে এই সব বলছেন। উনি অলরেডি ভায়লেটিং অল নর্মস বক্তব্য রাখছেন। মাননীয় সদস্য শিশিরবাবুর বিরুদ্ধে অভিযোগ করছেন। আপনি ইতিমধ্যে এ বিষয়ে রুলিং দিয়েছেন। ফারদার এটা নিয়ে আলোচনা করবার কোন অবকাশ নেই। এটা ক্লিয়ার হয়ে গেছে, এমন কি এটা নিয়ে আপনার চেম্বারে যাবারও দরকার নেই। তাছাড়া কোন সদস্যের বিরুদ্ধে কোন অভিযোগ করতে হলে, নোটিশ দিয়ে অভিযোগ করতে হয়। অথচ আমরা দেখছি, এভরিডে হি ইজ্ ব্রিংইং দিস ম্যাটার এ্যাণ্ড ম্যালাইনিং দি প্রেসটিজ্ অফ্ দি হাউস। উনি যদি এইভাবে বলেন, তাহলে আমিও বলতে পারি যে, একটা সংবাদে বেরিয়েছে, উনি হাইকোর্টে বিধবার সম্পত্তি আত্মসাৎ করেছেন।

মিঃ স্পীকারঃ উনি আমাকে নোটিশ দিয়েছিলেন। যাই হোক আপনার আমার চেম্বারে আসবেন, সেখানে এ বিষয়ে আলোচনা হবে।

মিঃ সত্য বাপুলি,—আমি আপনার মেনশন কেস এ্যালাউ করতে পারছি না, because it is a matter relating to Garden Reach and is sub-judice and as such I will not allow you to mention the case. You please come to my Chamber and discuss it. Now, Shrimati Chhaya Ghosh.

শ্রীমতী ছায়া ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে হোমগার্ড বিভাগের এবং প্রাথমিক শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীগণের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, যখন বেকারত্বের সমস্যা পশ্চিমবাংলায় আকাশচুম্বী তখন সেই মুহূর্তে মুর্শিদাবাদ জেলার কাপাসডাঙ্গা অঞ্চলের কুরলডাঙ্গা গ্রামের 'কাপাসডাঙ্গা প্রাথমিক বিদ্যালয়ের' শিক্ষক পান্নালাল দাস দীর্ঘদিন ধরে একই সংগে প্রাথমিক শিক্ষক এবং হোমগার্ড হিসাবে কর্মে নিযুক্ত রয়েছেন। যেখানে আজকে লক্ষ লক্ষ ছেলে-মেয়ে চাকরি পাচ্ছে না সেখানে একজন ব্যক্তি একই সংগে দুটি চাকরি করছেন। এ ব্যাপারে পটাশপুর অঞ্চলের গ্রামবাসীরা একটা পাবলিক পিটিশন ইতিমধ্যেই মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে দিয়েছিলেন এবং শিক্ষামন্ত্রী মহাশয় এ বিষয়ে তাঁর দায়িত্ব যথাযথ ভাবে পালন করেছেন, তিনি বিষয়টি এনকোয়ারী করতে দিয়েছেন। কিন্তু সেই এনকোয়ারী রিপোর্ট অনুযায়ী আজ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি, কারণ এক শ্রেণীর পুলিশ কর্মচারী সেই রিপোর্ট পুলিশ ডিপার্টমেন্টে আটকে রেখেছে। ফলে ঐ ব্যক্তি সরকারের দুটি বিভাগে একই সংগে কাজ করে চলেছেন এবং দুটি বিভাগ থেকেই বেতন নিচ্ছেন। এই ঘটনাকে কেন্দ্র করে ঐ এলাকায় প্রচণ্ড বিক্ষোভ দেখা দিয়েছে। ঐ শিক্ষক মহাশয় বামপন্থী শিক্ষক সংগঠন নয়, এমন একটা শিক্ষক সংগঠনের সদস্য। সেই জন্য আমার মনে হয় তাঁর সেই শিক্ষক এ্যাসোসিয়েশনের পক্ষ থেকেও চাপ দিয়ে এনকোয়ারী রিপোর্টটি চেপে রাখা হয়েছে। কাজেই আমি এই বিষয়টির প্রতি হোমগার্ড বিভাগের মন্ত্রী মহাশয়ের এবং প্রাথমিক শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি দাবী করছি, অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রীভুপেন্দ্রনাথ শেঠ: স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, আপনি জানেন বিভিন্ন বিধানসভা কেন্দ্রের মধ্যে অনেক অনুন্নত এলাকা আছে। ২৪ পরগনা জেলার বনগাঁ বিধানসভা কেন্দ্রের বনগাঁ ব্লক একটি অন্যতম অনুন্নত এলাকা। সেখানে প্রায় ১৬টি অঞ্চল আছে, সেই অনুন্নত অঞ্চলগুলির উন্নয়নের জন্য রুরাল ডেভেলপমেন্ট স্কীমে সেন্ট্রাল গভর্নমেন্ট প্রচুর টাকা গ্র্যান্ট হিসাবে দিয়েছেন এবং সেই টাকা দিয়ে ডেভেলপমেন্টের কাজ করার জন্য জেলা পরিষদের মিটিং-এ সমস্ত পঞ্চায়েত সভাপতি এবং বি. ডি. ও.-দের নির্দেশ দেওয়া হয়।

বনগাঁ বিধানসভা কেন্দ্রে এবং বনগাঁ ব্লকে ১ কোটি ৪০ লক্ষ টাকার স্কীম বনগাঁ বি. ডি. ও.-কে এবং পঞ্চায়েত সভাপতির কাছে জমা দেওয়া সত্ত্বেও সেই স্কীম রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে চেপে রাখা হয়েছে এবং অপরপক্ষে ২৪ পরগনা জেলার সমস্ত ব্লকে ২ কোটি ২০ লক্ষ টাকার আর. এল. ই. জি. পি.-র স্কীমের টাকা আসলো। বনগাঁ ব্লককে আউট-অফ সাইড, আউট অফ লিষ্ট করে দিয়েছে। আমার কাছে কাগজপত্র আছে। আমি এই ব্যাপারটি নিয়ে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ৩-১২ তারিখে বি. ডি. ও.-র দেওয়া স্কীম পঞ্চায়েত সভাপতির কাছে জমা দেওয়া সত্ত্বেও সেই স্কীম এস. ডি. ও. এবং ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে কেন যায়নি সেই কারণটা উদঘাটন করা হোক এবং বনগাঁ ব্লকের বি. ডি. ও.-র দেওয়া স্কীমটা পাঠিয়ে দেওয়া হোক। আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছে অনুরোধ করবো এই স্কীমের জন্য যাতে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে টাকা আসে তার ব্যবস্থা করা হোক।

শ্রীহিমাংশু কুনার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। পশ্চিমবঙ্গের অন্যতম বৃহৎ জেলার মেদিনীপুর সদর হাসপাতালে ডায়াথার্মি মেসিন, সিষ্টোস্কেপ মেসিন এবং আরো কয়েকটি গুরুত্বপূর্ণ যন্ত্রপাতির অভাবে চিকিৎসার সংকট দেখা দিয়েছে। বহুবার হাসপাতালের কর্তৃপক্ষ উক্ত দুটি মেসিন পাওয়ার জন্য সরকারের কাছে আবেদন করেছে, কিন্তু অদ্যাবধি কোন কিছুই পাওয়া যায়নি। এই দুটি মেসিনের অভাবে মাস্ল কাটিং, ভেসেল কো-এগুলেশন, প্রোষ্টেটেকটমি অপারেশান এবং ইউরেটারিক্স ক্যাথাটেরাইজেশন ইত্যাদি সদর হাসপাতালে হচ্ছে না। ফলে প্রতি মাসে ২৫/৩০ জন রোগীকে কলকাতায় পাঠানো হচ্ছে। মেদিনী-

পুরের লোকসংখ্যা ১৯৮১ সালের গণনানুযায়ী ৬৭,২৩,৮৬০ জন। তাই আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যেন এই দুইটি মেসিন ভায়াথার্মি এবং সিষ্টোস্কোপ অবিলম্বে মেদিনীপুর সদর হাসপাতালে দিন।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রীরা নেই।

মিঃ স্পীকার : কেন, উনিতো আছেন।

ডাঃ জয়নাল আবেদিন : উনি তো হাফ্ মন্ত্রী স্যার।

শ্রীসুব্রত মুখার্জী : Sir, do you consider it to be a alright ?

মিঃ স্পীকার : It is not satisfactory. More minister should be present here.

শ্রীআতাহর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার লালগোলা থানার লালগোলা পঞ্চায়েত সমিতির ডাকে গত কয়েকদিন আগে আই. আর. ডি. পি. এবং ডি. আর. ডি.-এর একটা সরকারী অনুষ্ঠান ছিল। পঞ্চায়েত সভাপতি এই সভাটি ডেকেছিলেন। আই. আর. ডি. পি. এবং ডি. আর. ডি.-এর যারা বেনিফিসিয়ারী তাদেরকে সেদিন মালপত্র দেওয়া হবে বলে অনুষ্ঠানটি হয়েছিল, আর বাইরে প্রচার হয়েছিল রিকসা এবং মাইকে যে মুর্শিদাবাদ লোকসভার কেন্দ্রের কংগ্রেসের নির্বাচনের উদ্বোধনী সভা হবে। সেখানে মাননীয় বিরোধীদলের নেতা সাত্তার সাহেব উপস্থিত ছিলেন, কিন্তু কোন বেনিফিসিয়ারী উপস্থিত ছিলেন না। কারণ আই. আর. ডি. পি. এবং ডি. আর. ডি.-এর যে মালপত্র দেওয়া হবে সেটা ছিল অত্যন্ত নিম্নমানের এবং কম মূল্যের। সেখানে দেওয়া হয় গরুর গাড়ী, ঘোড়ার গাড়ী, নৌকা, ঢেকী, রিক্সাভ্যান, ছাগল এবং গরু।

[2 30—2.40 P.M.]

স্যার, ৫ হাজার টাকা যাকে দেবার কথা সেখানে সেই মালপত্র কেনা হয়েছে মাত্র এক হাজার টাকা / দেড় হাজার টাকার, প্রচুর টাকা আত্মসাৎ করা হয়েছে। সেই

কারণে সেই যে অনুষ্ঠান সেই অনুষ্ঠানকে প্রত্যাখ্যান করেছে এবং কংগ্রেসের যে নির্বাচনী প্রচার সেই প্রচারকে প্রত্যাখ্যান করেছেন সেখানকার মানুষ।

শ্রীআবদুস সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভদ্রলোক জলঙ্গীর এম. এল. এ.। তিনি উপস্থিত ছিলেন না এবং সেখানে জেলা পরিষদের চেয়ারম্যান সি. পি. এম.-এর নির্মলবাবু তিনিও উপস্থিত ছিলেন। আমি যেহেতু লোকাল এম. এল. এ., তাই আমি উপস্থিত ছিলাম এবং সমস্ত কিছু ডি. এম., বি. ডি. ও. মোটামুটিভাবে প্রধান, জেলা পরিষদের চেয়ারম্যান ওঁরাই সমস্ত ঠিক করেছিলেন কাকে কি দেওয়া হবে না হবে। উই আর নট কনসারণ্ড। উনি বলছেন আত্মসাত করেছেন, অমুক করেছেন। আত্মসাৎ যদি করে থাকে তাহলে ডি. এম. নিজে ইনিসিয়েটিভ নিতে পারতেন। এটা যে আত্মসাৎ করেছেন তাহলে উনি কি করে বুঝলেন? হাউ ক্যান হি নো দ্যাট? এবং উনি যে বক্তব্যটা দিয়েছেন সেটা কোথা থেকে দিয়েছেন? এখন লালাগোলা বলে আজেবাজে কথা বলছেন। সেখানে ডি. আর. ডি. এ.-র ব্যাপারে যে কথা বলছেন উনি তো সেখানকার সভ্য নন, উনি জলঙ্গীর সভ্য। কাজেই যত অবান্তর জিনিস তিনি এখানে বলে যাচ্ছেন ,কিছু জানেন না, অসত্য ভাষণ দিচ্ছেন।

শ্রীনীরোদ রায়চৌধুরী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পরিবহণ মন্ত্রী মহাশয়ের একটি জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। হাবড়া-বসিরহাট এই ৮২ নং বাসে সব সময় একটা গণ্ডোগোল লেগে আছে। বাসের মালিক তারা নিয়মিত বাস চালায় না। যার ফলে শ্রমিকদের উপর যাত্রীদের আক্রোশ। সেই নিয়ে যাত্রীদের সঙ্গে শ্রমিকদের বচসা হয়, সেটাকে কেন্দ্র করে কয়েকদিন আগে মালিকরা ঐ টাইম কীপারকে তুলে নিয়ে যায় এবং শ্রমিকদের উপর গালাগালি করে এবং এই শ্রমিকদের মধ্যে একটা অসন্তোষের সৃষ্টি হয়। এই অবস্থা যখন চলতে থাকে তখন আমি হাবড়া থানার ও. সি.-কে বলি শ্রমিক এবং মালিকপক্ষকে নিয়ে আপনি বসুন, এবং বাস যাতে চালু হয় সেই ব্যবস্থা করুন। কিন্তু দেখা গেল থানা থেকে ডাকা সত্ত্বেও শ্রমিকপক্ষ এলেন কিন্তু মালিকপক্ষ এলেন না। আজ থেকে ঐ রুটের সব বাস তুলে নিয়ে গিয়ে মালিকদের বাড়ীতে রেখেছে। মালিকরা বলছে বাস বন্ধ রেখে শ্রমিকদের একটা ব্যবস্থা করবে। যাতে ইমিডিয়েট বাস চালান যায়, যাত্রীদের কষ্টের লাঘব হয় সেজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅবন্তী মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালকমণ্ডলী নির্বাচনে বামফ্রন্টের শরিক দলের প্রার্থীরা পরাজিত হয়ে যাওয়ার জন্য বামফ্রন্টের বিভিন্ন শরিকদল ঐ বিদ্যালয়ের পরিচালনমণ্ডলীকে নিজের আওতায় আনার জন্য যে অপচেষ্টা চালিয়েছেন তার দৃষ্টান্তস্বরূপ আমি একটা ঘটনার কথা এখানে উল্লেখ করছি। মেদিনীপুর জেলার রামনগর থানা মানিকাবসান হাই স্কুলের পরিচালকমণ্ডলী নির্বাচন ১৩.১২.৮১ তারিখে অনুষ্ঠিত হয়েছিল। এই বিদ্যালয়ের প্রধান শিক্ষক ঐ নির্বাচনের ফলাফল মেদিনীপুর জেলার ডিষ্ট্রিক্ট ইন্সপেক্ট অফ স্কুলস, সেকেণ্ডারী এডুকেশনকে ১৯৮১ সালের ডিসেম্বর মাসে পাঠান সত্ত্বেও অদ্যাবধি গভর্নমেন্ট নমিনি ঐ বিদ্যালয়ে কর্তৃপক্ষকে পাঠান হয় নি। আমি দাবী করছি ঐ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট অবিলম্বে গভর্নমেন্ট নমিনির নাম পাঠান হোক।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুক্ষণ আগে যদিও এই বিধানসভায় এই নিয়ে আলোচনা হয়েছে, তবুও আলোচনা করছি, কারণ আজকে বিভিন্ন সংবাদপত্রে যে সংবাদ বেরিয়েছে যে, কুচবিহার জেলাতে আন্ত্রিক রোগে ৩১ জন মারা গেছেন, তার মধ্যে দিনহাটায় ২০ জন, শীতলকুচিতে ৮ জন এবং সদর হাসপাতালে ৩ জন মারা গেছেন। এখানে কুটির শিল্পমন্ত্রী যে সংবাদ পরিবেশন করছেন যে, এটা মহামারী আকার ধারণ করেছে, তাতে আমরা বিচলিত। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে এর বিরুদ্ধে প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করুন। আমার কাছে ট্রাঙ্ককল এসেছে যে, কুচবিহারে স্যালাইনের অভাব, কিন্তু ওখানেও এই রোগ সংক্রামক আকারে দেখা দিয়েছে। যুদ্ধকালীন অবস্থার ভিত্তিতে এটাকে প্রতিরোধের জন্য মেডিক্যাল টিম পাঠাতে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি। শুধু আমার জেলাতেই যে এই রোগের প্রাদুর্ভাব ঘটেছে তাই নয়, অন্যান্য জায়গায়ও আক্রমণ ঘটেছে। আজকের সংবাদপত্রে যেসব খবর বেরিয়েছে তারপর তিনি এই হাউসে একটি বিবৃতি রাখবেন এই দাবী করছি। আমি আশা করছি তিনি বিবৃতি দিয়ে আমাদের আশ্বস্ত করবেন।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আজ

পশ্চিমবাংলা জলাভাবে জ্বলছে এবং এর মূল কারণ হচ্ছে বিদ্যুৎ ব্যবস্থা। বর্তমানে বিদ্যুতের অবস্থা দেখে রাজ্য সরকারও উদ্বিগ্ন। রাজ্য সরকার যে পরিকল্পনাগুলি গ্রহণ করেছেন সেগুলো বাস্তবমুখী হবে কিনা জানি না। আমরা দেখতে পাচ্ছি বীরভূমের বক্রেশ্বরের বিদ্যুৎ পরিকল্পনাটি, যেটা কেন্দ্রীয় সরকারের কাছে অনুমোদনের জন্য রাজ্য সরকার পাঠিয়েছেন বলছেন এবং এন. টি. পি. সি.-কে দিয়ে যেটা গ্রহণ করার জন্য চেষ্টা চালাচ্ছেন, জানি না তার কতদূর কি হবে। এখন বিদ্যুৎমন্ত্রী হাউসে উপস্থিত নেই, দুজন মাত্র মাননীয় মন্ত্রী বসে আছেন। আজকে পশ্চিমবাংলার বিদ্যুৎ সমস্যার দিকে বিশেষ দৃষ্টি দিতে হবে। কারণ সরকার নিজেরাই এ বিষয়ে আজ উদ্বিগ্ন। বিভিন্ন পরিকল্পনা, বিশেষ করে বাঁকুড়া জেলার মত অনগ্রসর জেলায় যেখানে এন টি. পি. সি.-র মাধ্যমে মেজিয়া-গঙ্গাজলঘাটি সংলগ্ন এলাকাতে যে ৬৩০ মেগাওয়াট-এর বিদ্যুৎ পরিকল্পনাটি যা ডি. ভি. সি. গ্রহণ করেছে সেটা আজকে পরিকল্পনার দিক থেকে এগিয়ে গেছে। আজকে রাজ্যের বিদ্যুতের যা অবস্থা তাতে রাজ্য সরকার যদি সত্বর ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে যে অভাব ঘটছে এবং ঘটবে তা আরও তীব্রতর হবে। সেই কারণে এই বিদ্যুৎ সঙ্কটের অবিলম্বে প্রতিকার করবার জন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীজয়ন্ত বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ১৫ দিন ধরে মুর্শিদাবাদ জেলার সর্বত্র বিদ্যুৎ বিভ্রাট চলছে। এর ফলে গ্রামাঞ্চলের সমস্ত ডিপ টিউবওয়েল এবং শ্যালো টিউবওয়েল প্রায় সমস্তগুলিই অচল হতে চলেছে। ফলে বোরো ধান প্রচণ্ডভাবে মার খাচ্ছে। আমি কয়েকদিন আগে মুর্শিদাবাদের গ্রামাঞ্চলে ছিলাম। দেখেছি যে চাষীদের মধ্যে এ ব্যাপারে ক্ষোভ সৃষ্টি হয়েছে। কারণ এবার বোরো ফলন ভাল ছিল, কিন্তু যেহেতু রিভার লিফট, ডিপ টিউবওয়েল সব খারাপ হয়ে আসছে, বিদ্যুতের অভাবে আজকে সেগুলো সব অচল হয়ে যাচ্ছে। শুধু তাই নয়, বহরমপুর শহরে সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা পর্যন্ত বিদ্যুৎ থাকে না। যখন চলাফেরা করি তখন মনে হয় গোটা শহর যেন কালো অন্ধকারে ডুবে আছে। সকালে উঠে শুনি যে কোথায় কেউ খুন হয়েছে।

[2.40—2.50 P.M.]

গত শনিবার বহরমপুর শহরে বাস স্ট্যাণ্ডে বাসে উঠতে যাবো সেই সময়

দেখতে পেলাম সামনের একটা জলাশয়ে লোক খুন হয়ে ভাসছে। পরের দিন সকাল বেলায় উঠে খবর পেলাম একজন চায়ের দোকানদার খুন হয়েছে। এই রকম ভাবে একদিকে পানীয় জলের সংকট চলেছে সমস্ত অঞ্চল জুড়ে, বিদ্যুতের অভাবে চাষীরা মার খাচ্ছে, অন্যদিকে বহরমপুর শহরে একটা নৈরাজ্য এবং সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। প্রতিদিন কোথাও না কোথাও খুন হচ্ছে। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আপনার মাধ্যমে এই তিনটি বিষয়ে—পানীয় জলের সংকট, সেচের জলের সংকট, বিদ্যুৎ বিভ্রাট এবং বহরমপুর শহরে ধারাবাহিকভাবে খুনের ঘটনা ঘটে চলেছে—আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী এবং বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা নেওয়া দরকার। অবশ্য এই সমস্ত খুন নিয়ে সাধারণ মানুষ উদ্বিগ্ন নয়। কারণ যারা খুন হচ্ছে খোঁজখবর নিয়ে দেখা যাচ্ছে তারা প্রত্যেকেই সমাজবিরোধী।

শ্রীঅশোক ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সংবাদপত্রে প্রায়ই লক্ষ্য করি যে, টাকা ছিনতাই হচ্ছে, ঘড়ি ছিনতাই হচ্ছে এবং নানা রকম জিনিস ছিনতাই হচ্ছে। স্যার, আমি আজকে কিভাবে সি. পি. এম.-এর গুণ্ডারা বাস ছিনতাই করে বাস বন্ধ করে দিয়েছে সেই ঘটনা আপনার কাছে রাখতে চাই। হাওড়ার ৫৭-এ নং রুটের ২৪টি বাস সি. আই. টি. ইউ. ইউনিয়নের মধ্যে ছিল। ওঁনাদের চাঁদার জুলুমের জন্য এবং অত্যাচারে সেই ২৪টি বাসের মধ্যে ২১টি বাস চলে আসে আই. এন. টি. ইউ. সি.-তে। তারপর স্যার, গত ২৩ তারিখে তিনখানি বাস—বাসের নম্বর আমি দিতে পারি—ওনারা ছিনতাই করে জগদীশপুরে রেখে দিয়েছিলেন। হাওড়ার এস. পি. এবং ডি. এম.-কে বলা হলো, লিলুয়া থানায় ডাইরী হলো। জেলা শাসক মিটিং ডাকলেন, কিন্তু তাঁরা নিরুপায়। কারণ এখানে সি. পি. এম.-এর চারজন মন্ত্রী আছেন এবং অনেক জন এম. এল. এ. আছে। সুমন্ত চৌধুরী জেলা শাসক, সুলতান সিং এস. পি., তাঁরা স্যার অসহায় হয়ে বসে আছেন। তারপর এস. পি.-র মিটিং-এ বলা হলো যে তিনটি বাস হাইজ্যাক করে নিয়ে গিয়েছিল সেইগুলি থানায় আনা হয়েছে। আমরা বার বার বলেছি মাধ্যমিক পরীক্ষা চলছে, তোমরা বাস চালাও। আমরা বাসের কর্মচারীদের বলেছি তোমরা রিস্ক নিয়ে বাস চালাও, তারপর যা অবস্থা হয় দেখা যাবে। তখন কিছু হয় নি। মাধ্যমিক পরীক্ষা শেষ হয়েছে, কর্মচারীরা করলে বুঝতাম—নাম করা সি. পি. এম.-এর সমাজবিরোধী বাস চুরি করে নিয়ে জগদীশপুরে রেখে দিয়েছে। এখনও পর্যন্ত সেখানে বাস রুট বন্ধ আছে। এই ব্যাপারে আমি মাননীয় স্বরাষ্ট্র এবং পরিবহণমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রীপ্রভঞ্জন মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যদিও মন্ত্রী মহাশয় এখানে নেই, আপনি এই ব্যাপারটা একটু শুনবেন। দক্ষিণ সুন্দরবনের সাগরদ্বীপ, নামখানা, পাথরপ্রতিমা এবং কাকদ্বীপ এই অঞ্চলে যে-সমস্ত এমব্যাংকমেণ্ট আছে সেইগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে। এখানকার এমব্যাংকমেণ্টগুলি ভেঙে নষ্ট হয়ে গেছে। তার ফলে স্যালাইন ওয়াটার ঢুকে যাচ্ছে জমির মধ্যে। আমরা জানি যে যদি লোনা জল জমিতে ঢোকে তাহলে সেই জমির ফসলহানি ঘটবে।

বিভাগীয় দপ্তরে এই কথা বলা সত্বেও কোন কাজ হচ্ছে না। আমরা চিফ মিনিষ্টারের কাছে ডেপুটেশান দিয়েছি এবং অনেক জায়গায় ডেপুটেশান দিয়েছি, কিন্তু তা সত্বেও কোন ব্যবস্থা নেওয়া হয় নি। এই ব্যাপারে রেডিওগ্রাম করেছি এবং বি. ডি. ও. অফিস থেকে এবং ওখানকার প্রধান, সভাপতির কাছ থেকে টেলিগ্রাম হয়েছে বিভাগীয় মন্ত্রীর কাছে, তা সত্বেও কোন ব্যবস্থা নেওয়া হয় নি। সুতরাং আপনার মাধ্যমে এই ব্যবস্থা গ্রহণ করার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় সদস্য শ্রীভূপেন্দ্রনাথ শেঠ মহাশয় একটি বিষয় নিয়ে আলোচনা করলেন, এটি গুরুত্বপূর্ণ ব্যাপার। বনগাঁয় একটি আর. এল. আই. জি. স্কীম আছে, এটা জেলা পরিষদ পাশ করেন নি বলে উল্লেখ হয়েছে এবং এর মধ্যে কোন রাজনৈতিক উদ্দেশ্য নেই। এটা ভেটিংও পাস হয় নি ডিউ টু লেট সাবমিশান অফ স্কীম। যার ফলে কাজটা আটকে গেছে। এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীপতিতপাবন পাঠক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅশোক ঘোষ মহাশয় বাস বন্ধের ব্যাপারে যে উদ্বেগ প্রকাশ করলেন এবং আমাদের অসহয়তার কথা ইত্যাদি বললেন—আমি খুলে ব্যাপারটি বলছি যে, এই সমস্ত আক্রমণ করা হচ্ছে অশোকবাবুদের যে দল তাদেরই নেতৃত্বে। তার ফলে আমরা ভীষণ অসহায় বোধ করছি। আমি এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Dr. Kiran Choudhuri : Mr. Speaker, Sir, you know semetimes truth is stranger than fiction. Here is an instance. You know that Kamarpukur College was taken over by the West Bengal Government for a temporary period on the grounds of mismanagement. An Administrator was appointed and he was the S. D. O. of Arambagh. One Demonstrator, Shri Ghosh prevailed upon him to get him appointed as a lecturer in Mathematics on the ground that he had appeared in the M. Sc. Examination in Mathematics. S. D. O. on compassionate ground gave him an appointment provisionally

subject to the production of M. Sc. certificate (marksheet) within a specified date. But when he failed to produce the marksheet on repeated requests, the College authority contacted the University and it appeared that the result had already been published. He had failed. He knew that he had failed but he misrepresented the whole thing to the S. D. O. The S. D. O. reverted him to his original post. The West Bengal Government brought a Bill to permanently take over Kamarpukur College but when the Government failed to get the President's assent for taking over the College permanently, Government handed back the College to its original Governing Body. This Governing Body at once reinstated Shri Ghosh to his post as Lecturer in Mathematics and not only that, he has been given a triple crown, namely lectureship in Mathematics, Bursar of the College and Professor-in-charge of the College. A person who should have been hauled up before a court of law has been rewarded in this way. I would request the Minister for Higher Education to haul him up before a court and to appoint an Administrator superseding the present Governing Body.

[2.50—3.00 P.M.]

শ্রীসুভাষ গোস্বামী: স্যার, প্রাচীন বাংলার মানবপ্রেমিক কবি চণ্ডীদাসের জন্মভূমি ছাতনায় অনেক স্মৃতি ছড়িয়ে আছে। সেখানে যে বাসলি মন্দির আছে তার সংলগ্ন দুটি পুকুর আছে—বাসলি পুকুর এবং ধোপা পুকুর, যেগুলি নিয়ে অনেক প্রবাদ, কিংবদন্তী আছে। সেই পুকুর দুটি ব্যক্তিগত মালিকানায় থাকার ফলে বিভিন্ন মানুষের কাছে তা বিক্রী করে দেওয়া হচ্ছে এবং তারা সেখানে ঘরবাড়ী করতে চলেছে। সমগ্র পরিমণ্ডল জুড়েই স্থানটির একটা গাম্ভীর্য গড়ে উঠেছে এবং সাধারণ মানুষের একটা বিশ্বাস গড়ে উঠেছে। সেই জায়গাটি যাতে কোনভাবে বিক্রি না হয় এবং এই পুকুর দুটি অধিগ্রহণ করে সংরক্ষণের ব্যবস্থা করা হয় তার জন্য সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

শ্রীশিশির অধিকারী: স্যার, দীর্ঘদিন ধরে আমরা এবং সরকার পক্ষের লোকেরা বলছি মেদিনীপুরের কাঁথি, মেদিনীপুর সদর এবং ঝাড়গ্রাম প্রভৃতি এলাকায় প্রচণ্ডভাবে জলাভাব দেখা দিয়েছে। জয়নালদা সেদিন বললেন বাজেটে ১০ কোটি টাকা ধরা আছে, যা তাঁরা ২ মাসের মধ্যে খরচ করতে যাচ্ছেন। ইতিমধ্যে মেদিনীপুরে জলের জন্য হাহাকার আরম্ভ হয়েছে। সেখানে ধান শেষ হয়ে যাচ্ছে। অবিলম্বে যদি জল সরবরাহ না করা হয় তাহলে মেদিনীপুরে বিরাট গোলমাল দেখা

দেবে। আমি তাই আপনার মাধ্যমে জল সরবরাহ দপ্তরের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন অবিলম্বে এদিকে দৃষ্টি দেন।

শ্রীশান্তশ্রী চ্যাটার্জী : স্যার, হুগলী জেলার গোঘাট থানার একজন তপসিলী গরীব মানুষ মুখ্যমন্ত্রীর কাছে যে আবেদন পাঠিয়েছে সেই বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনা করে আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। এটা কোন দলীয় ব্যাপার নয়, এর মধ্যে কোন রাজনীতি নেই। আমাদের সমাজজীবনে যে দুষ্ট ব্যাধি আত্মপ্রকাশ করেছে সে সম্পর্কে হাউসে সকলের উদ্বেগ থাকার প্রয়োজন। দরখাস্তকারী এক জায়গায় লিখছেন তাঁর এক ১৭/১৮ বছরের অনূঢ়া কন্যা আছে। গত ১লা এপ্রিল সে যখন পুকুরে যায় তখন দুষ্কৃতকারীরা তাকে ধরে নিয়ে যায়। তারপর তারা থানায় ডায়েরী করে। কিন্তু তার মৃতদেহ ৩ তারিখে কোল্ড ষ্টোরেজের সামনে পাওয়া যায়। তার জামা, কাপড় ঠিকই ছিল। সেই মেয়েটি সাঁতার জানত। তার যে পোষ্ট মর্টেম হয়েছে সে সম্পর্কে সন্দেহ থাকছে বলে হুগলীর এস. টি. দায়িত্ব নিয়েছেন পরিপূর্ণ তদন্ত করার। যার চক্রান্তে এই হত্যাকাণ্ড হয়েছে বলে সন্দেহ হচ্ছে তিনি একটি বড় হিম ঘরের মালিক এবং নারী লিপ্সার ব্যাপারে তিনি প্রসিদ্ধ। আমাদের সমাজজীবনে এর প্রতিক্রিয়া হবে বলে আমি এটা আলোচনা করলাম।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, I want to draw the attention of this House to an important event of Calcutta University which is a celebrated centre of education in the sub-contiment. A condolence meeting was held on the death of two members of the Senate at the Calcutta University last Sunday. The Chairman of the Left Front was also invited and in his speech he stressed the need to democratize Calcutta University. But it is very unfortunate that though he laid stress on democratisation, the present Vice-Chancellor of the said University, Shri Santosh Kumar Bhattacharya, was not invited and the members of the Calcutta University Teachers' Association were also not invited to participate in the said condolence meeting. Is it democratization ? It is not democratization but politicalization to serve the interest of the C. P. M. Party. This thing never occurred in the past. Such a history has been introduced in the Calcutta University which produced many illustrious persons with strong personalities. Now it is going to be ruined by adopting such an inflicting policy.

শ্রীসরল দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পরিবহণ

মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মধ্যমগ্রাম এবং বারাসত রেলওয়ে স্টেশনের কাছে যে রেল গেট আছে সেখানে রোজই হাজার হাজার যাত্রী স্ট্যাগনেন্ট হয়ে যায়। আমি এই ব্যাপার নিয়ে দিল্লীর সঙ্গে কথা বলেছিলাম। তাঁরা বলছেন রাজ্য পরিবহণ দপ্তর যদি পরিকল্পনা করে না পাঠান তাহলে রেলওয়ে দপ্তর এই দায়িত্বভার গ্রহণ করবে না। কাজেই আমি পরিবহণমন্ত্রীকে অনুরোধ করছি, তিনি অবিলম্বে ওই দুটি জায়গায় ফ্লাইওভার করবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠান।

শ্রীশীষ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমগ্র পশ্চিম-বাংলার প্রাথমিক শিক্ষা সম্বন্ধে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যখন থেকে আমাদের প্রাথমিক পর্যায়ে অর্থাৎ ক্লাস ফোর পর্যন্ত ফাইন্যাল পরীক্ষা উঠে গেছে তখন থেকেই গ্রামাঞ্চলে লেখাপড়া একেবারে উঠে গেছে। যে ব্যবস্থা হয়েছে তাতে ওই ক্লাশ ফাইভে যখন ভর্তি হতে যাবে তখন একটা সার্টিফিকেট দেওয়া হবে। প্রাথমিক স্তরে যে ব্যবস্থা হয়েছে তাতে মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন এলাকার লোকেরা কিছু বুঝতে পারছেন না। কিন্তু আমরা যারা গ্রামে থাকি তাদেরই হয়েছে বিপদ। বিধানসভা শেষ হয়ে গেলে যখন গ্রামে ফিরে যাব তখনই আমাদের গ্রামের লোকেরা জিজ্ঞেস করবে, প্রাথমিক পরীক্ষা শুরু হবে তো? আমরা তখন কোন উত্তর দিতে পারব না। প্রাথমিক পর্যায়ে বই পাওয়া যাচ্ছে না। যদিও বা বই পাওয়া যায় পড়াশুনার কোন ব্যবস্থা নেই; কারণ শিক্ষকরা পাউরুটি দেবার সময় আসেন এবং তারপরই চলে যান। চতুর্থ শ্রেণী পর্যন্ত ছেলে-মেয়েরা স্কুলে শুধু যাওয়া আসা করছে—পড়াশুনা করার কোন ব্যবস্থা নেই। প্রাথমিক স্তরে শিক্ষা ব্যবস্থা যদি এইভাবে চলে তাহলে আপনার মাধ্যমে অনুরোধ করছি পশ্চিমবাংলা থেকে এই শিক্ষা ব্যবস্থা একেবারে উঠিয়ে দেওয়া দরকার। ইতিপূর্বে কংগ্রেসের যুগে দেখেছি ৩ বছর প্রাইমারী পরীক্ষা হয় নি। এর ফলে শিক্ষা ব্যবস্থায় যখন চরম অবনতি ঘটল তারপর আবার সেই পরীক্ষা শুরু হয়েছিল। কাজেই আমি আবার অনুরোধ করছি গোড়া যদি ভালভাবে বাঁধতে হয় তাহলে ওই পরীক্ষার ব্যবস্থা অবিলম্বে করুন।

ডাঃ মানস ভুঁইয়া : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীদ্বয় এবং জল সরবরাহ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সংবাদপত্রের খবরে আমরা যতটা না আতঙ্কিত তার চেয়ে বেশী আতঙ্কিত বাস্তব অবস্থা দেখে।

উত্তরবঙ্গে ৩টি জেলায় এবং এখানকার হাওড়া এবং মেদিনীপুরে প্রচণ্ড জলকষ্ট শুরু হয়েছে। আমি মনে করি এটা কোন বিচ্ছিন্ন ঘটনা নয়। ৬৮ জন বা ৭০ জন লোক মারা গেছে। তার জন্ম আমি বেশী আতঙ্কিত নই, আমি চিন্তিত সংবাদ সঠিকভাবে প্রচারিত হচ্ছে না বলে। কমলবাবু বললেন কয়েক লক্ষ টাকা স্যাংশন হয়েছে। আমি তাঁর কথা স্বীকার করি। কিন্তু পরশুর খবর আমার এলাকায় ৮০ হাজার টাকা পাঠান সত্ত্বেও এই ২০ দিনের মধ্যে একটি নলকূপও মেরামত করা হল না। উত্তরবঙ্গে যে জলকষ্ট শুরু হয়েছে তার ফলে সেখানে মহামারি দেখা দিতে পারে।

শ্রীহাজারি বিশ্বাস: স্যার, গত সপ্তাহে আমি আমার কেন্দ্রে গিয়েছিলাম। সাগরদীঘির কাছে মির্জাপুর অঞ্চলে গত ১৮ই এপ্রিল একদল দুর্বৃত্ত যখন ডাকাতি করতে যাচ্ছিল তখন তাদের ধরে ফেলে এবং থানায় জমা দেয়। কিন্তু খবরে প্রকাশ এই ডাকাতের দল নাকি বিশেষ একটি রাজনৈতিক দলের দ্বারা পুষ্ট।

[3.00—3.45 P.M. including adjournment]

এবং যে রাজনৈতিক দল ডাকাতদের মদত দিচ্ছে তাদেরই প্ররোচনায় যারা ডাকাতদের থানায় ধরে নিয়ে গেল, তাদেরই বিরুদ্ধে এফ. আই. আর. করা হোল। এই ব্যাপারে সেখানকার জনসাধারণ খুবই বিক্ষুব্ধ এবং সেখানকার নাগরিক কমিটি রঘুনাথপুর থানায় এবং জঙ্গীপুর আদালতে বিক্ষোভ জানিয়েছে। এই ব্যাপারে দ্রুত মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি।

শ্রীসত্যপদ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন প্রতিটি থানায় হোমগার্ড আছে এবং সেই হোমগার্ডরা মাসে ১০/১২/১৫ দিন মাত্র কাজ পায়, আর বাকী দিনগুলি- তারা বসে থাকে। তাদের কোন স্থায়ী ব্যবস্থা নেই। এই হোডগার্ডরা পুলিশের সাথে ডাকাত ধরতে যায় এবং নানারকম কাজ পুলিশের মতই তাদের করতে হয়। তাদের ১২/১৪ দিন কাজ করার পর ছাড়িয়ে দেওয়া হয়, আবার পুনরায় নিয়োগ করা হয়। এর একটা প্রতিকার হওয়া দরকার। তাই আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন করছি যাতে এরা স্থায়ী চাকুরি পায় তার ব্যবস্থা তিনি যেন করেন।

শ্রীসত্যরঞ্জন বাপুলি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশদের মধ্যে একটা বিক্ষোভ

যে দানা বেঁধে উঠেছে সে সম্বন্ধে আমি আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কসবায় ও. সি. গঙ্গাধর ভট্টাচার্য মহাশয়ের হত্যার পর থেকে এবং পুলিশদের প্রতি নানারকম অত্যাচারের ফলে পুলিশের মধ্যে প্রায় ৪০/৪২ হাজার পুলিশ বিদ্রোহ ঘোষণা করবে বলে জানা গেছে। গার্ডেনরীচ থেকে আরম্ভ করে বিভিন্ন ঘটনার পরিপ্রেক্ষিতে পুলিশ আজ আতঙ্কগ্রস্ত। যারা আজকে সি. পি. এম.-এর সঙ্গে আঁতাত না করছে, তাদের সঙ্গে যুক্ত না হচ্ছে—অমনি তাদের প্রতি অত্যাচার হচ্ছে। এর বিরুদ্ধে পুলিশের এক অংশ সোচ্চার হয়ে উঠেছে। তারা আজকে বিদ্রোহ করবার জন্য প্রস্তুত হচ্ছে। আমি মন্ত্রী মহাশয়কে বলবো আপনি পুলিশদের উপর এই উৎপীড়ন বন্ধ করুন।

LAYING OF REPORT

Twenty-first Annual Report of the Durgapur Projects Limited for the year 1981-82.

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to lay the Twenty-first Annual Report of the Durgapur Projects Limited for the year 1981-82.

LAYING OF RULES

Amendments to the West Bengal Standards of Weights and Measures (Enforcement) Rules, 1959.

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to lay the amendments to the West Bengal Standards of Weights and Measures (Enforcement) Rules, 1959, published under Commerce and Industries Department notification No. 3304-CI/WM, dated the 7th December, 1983 and notification No. 3325-CI/WM, dated the 22nd December, 1983.

(At this stage the House was adjourned till 3.45 p.m.)

[3.45—3.55 P.M.]

(After adjournment)

Mr. Speaker : Honourable members, regarding mention made earlier by the honourable member, Shri Anil Mukherjee it was discussed in my Chamber with the leaders of all parties representing the House and we have

come to a consensus that cannot be allowed to be raised in the House as it is connected with the name of Dr. Sisir Bose, an honourable member of the House. Previously I passed a ruling in the House and I again repeat that reports of any newspaper, periodicals, magazines against any honourable member in connection with his particular activity will not be allowed to be raised in the House. The film shown in T.V. by Grenada is very important issue. A non-official resolution has been filed by some members on this subject and the matter can be discussed under a motion under Rule 185. No member, I think, should discuss in a manner which is derogatory to a particular honourable member and which will cause an insult to the member in the eyes of the public. I hope member will keep this in mind for future guidance also. This should be a cardinal principle.'

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ বিষয়ের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আপনাকে ধন্যবাদ আপনি আমাকে এই ব্যাপারে বলবার জন্য সময় দিয়েছেন বলে। কিছুদিন আগে পার্ক ষ্ট্রীট থানার ও. সি., তিনি একটি রেষ্টুরেন্টে সপরিবারে খেতে গিয়েছিলেন। সেখানে হঠাৎ একদল মানুষ তাঁকে আক্রমণ করে এবং অদ্ভুত ব্যাপার, হোটেলের ভেতর সমস্ত তারা ভেঙ্গে দেয়। ও. সি.-কে মারধোর করে, তাঁর পাঁচ বছরের ছোট্ট মেয়ে, তার খাবার উল্টে ফেলে দেওয়া হয়, তাকে মারধোর করা হয়। এমন কি তাঁর স্ত্রীর খাবার উল্টে ফেলে দেওয়া হয়, তাঁকে অসম্মান করা হয়, শুধু তাই নয়—এমন কি তাঁর গায়ে হাত দেওয়ারও চেষ্টা তারা করে। আপনার মারফৎ আমার বিনীত অনুরোধ, এই রাজ্যে কনষ্টেবল অপরেডি মার্ডার হয়েছে, কনষ্টেবল আক্রান্ত হয়েছে, বিভিন্ন সময়ে নানারকম বিক্ষোভ হয়েছে, ও. সি. মার্ডার হয়েছে এর আগে, তারপর ডি. সি. পোর্ট তো সেদিন মার্ডার হলেন। আবার এর উপর ও. সি. যদি রেষ্টুরেন্টে খেতে যায়—অভিযোগ করা হয়েছে একজন মালিকের সঙ্গে নাকি তিনি খেতে গিয়েছিলেন। কিন্তু তা নয়, আমাদের কাছে খবর আছে, ঐ ও. সি.—তিনি তাঁর পরিবারের কয়েকজনকে নিয়ে সম্পূর্ণ আলাদা টেবিলে বসে খাচ্ছিলেন। আপনি সরকারের যে ইনভেষ্টিগেশন হচ্ছে, তা যদি দেখেন তাহলে দেখতে পাবেন, সেই ইনভেষ্টিগেশনে ষ্ট্রেটওয়ে ডি. সি. সাউথ লিখে দিয়েছেন যে, এটা সম্পূর্ণ ভাবে অসত্য।

যা লিখেছে—এটা সম্পূর্ণভাবে অসত্য যে, মালিকের সাথে একই টেবিলে খাওয়া-দাওয়া করছে। এই কারণে আমি বিশেষ ভাবে উল্লেখ করছি যে, ও. সি. এবং পুলিশের বিভিন্ন বিভাগকে এমনভাবে ব্যবহার করা হচ্ছে, আক্রমণ করা হচ্ছে

—জনগণ থেকে বিচ্ছিন্ন করে দেবার চেষ্টা করা হচ্ছে, যাতে আগামী দিনে ভয়ঙ্কর আকার ধারণ করতে পারে, ওরা যাতে রিভোল্ট করতে পারে। অন্যান্য সদস্যরাও আশঙ্কা প্রকাশ করেছেন। আর সত্যি সত্যিই ওরা যদি রিভোল্ট করে তাহলে অতীতের ঘটনা আমরা জানি, এই হাউস থেকে অনেক মন্ত্রীকে স্পীকারের জানালা দিয়ে দৌড়ে পালাতে হয়েছিল। কাজেই সেই সব ঘটনার পুনরাবৃত্তি যাতে না ঘটে, মানুষের নিরাপত্তা যাতে থাকে সেটা দেখতে হবে। সে সব হলে তো সিভিল ওয়ার চালু হয়ে যাবে। ইট ইজ এ ডেনজারাস সিচুয়েশান। সেটাই চালু করতে যাওয়া হচ্ছে। ও. সি.-র নিরাপত্তা যদি না থাকে—ও. সি. সপরিবারে রেস্তোরাঁয় খেতে গেলে ধাওয়া করা হবে, সব কিছু ভাঙ্গা হবে, তার বাচ্চা মেয়েকে মারা হবে—এর ব্যবস্থা হওয়ার দরকার আছে। যে গল্প তৈরী করা হয়েছে—মালিকের সাথে খাওয়া-দাওয়া হচ্ছিল, সেটা সত্য নয়, আমরা বিস্তারিত ভাবে সংবাদ নিয়েছি এবং সেই সংবাদের ভিত্তিতেই দৃষ্টি আকর্ষণ করলাম।

শ্রীশচীন সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুব্রতবাবু প্রথমেই ভুল করেছেন। থানাটা পার্ক স্ট্রীট নয়, কড়েয়া থানা।

শ্রীসুব্রত মুখার্জী: আমার ভুল হয়ে গেছে, এটা কড়েয়া থানা হবে।

শ্রীশচীন সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টির এনকোয়ারি করা হচ্ছে। আমার কনষ্টিটিউয়েন্সির একটা বড় অংশ এই কড়েয়া থানার অধীন। সি. পি. ডি. সি. সাউথ এনকোয়ারি করছেন। ডি. সি. সাউথকে আমি বিষয়টি জিজ্ঞাসা করেছি। সুব্রতবাবু প্রভোকেশন দেবার উদ্দেশ্য নিয়ে এখানে বক্তব্য রাখলেন। তিনি যে ঘটনা বলছেন ঐ ঘটনার সঙ্গে এই ঘটনা মেলে না।

শ্রীসুমন্তকুমার হীরা: স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। স্যার, আমার বক্তব্য হচ্ছে এই মাননীয় সদস্য সুব্রত মুখার্জী যেটা বললেন, আমি জানি না কাগজে কোন্ খবর বেরিয়েছে সেটা সত্য, না ওরটা সত্য। কোন্‌টা সত্য আমরা কি করে বুঝব? একজন দায়িত্বশীল, সচেতন সদস্যের মুখ থেকে পলিটিক্যাল মোটিভেটেড কথা বেরোচ্ছে। স্যার, আমরা খুব অসুবিধায় পড়েছি, আপনি আমাদের রক্ষা করুন। এইভাবে বিবৃতি দিয়ে হাউসকে কনফিউজ করবেন না। ডকুমেন্ট দলিল থাকলে প্রডিউস করুন, তার ভিত্তিতে কথা বলবেন।

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার রুলিং আমি মাথা পেতে নিয়েছি। কিন্তু একটি সংস্থার হেডের বিরুদ্ধে, কোন কোম্পানী সম্বন্ধে কোন কথা হাউসে উল্লেখ করা যাবে না ?

মিঃ স্পীকার : আপনি যখন উল্লেখ করবেন কোন্ পরিপ্রেক্ষিতে উল্লেখ করছেন বললে তারপর সেটার সিদ্ধান্ত নেওয়া যাবে।

Mr. Speaker : I received yesterday a letter from the Hon'ble Leader of the Opposition, Shri Abdus Sattar regarding the post mortem report of Md. Idrish. The letter is more or less on the line that the Chief Minister during his statement in the House referred to certain portions of the post mortem report. It is the contention of Shri Abdus Sattar that under Rule 343 of the Rules of Procedure of our House, the portion or document from which he has read the post mortem report of portion of it, is a despatch or State Paper. Rule 343 says, "If a Minister quotes in the House a despatch or other State Paper which has not been presented to the House, he shall lay the relevant paper on the Table. Provided that this rule shall not apply to any documents which are stated by the Minister to be of such a nature that their production would be inconsistent with public interest. Provided further that where a Minister gives in his own words a summary or gist of such despatch or State paper it shall not be necessary to lay the relevant papers on the Table."

Now, the only question before us is whether the post mortem report is a despatch or other State Paper. To come to that conclusion we have to understand what a post mortem report is. A post mortem report is in the nature of a statement made by an witness to a police officer under Section 161 of the Criminal Procedure Code which again is covered by Section 161 of the Indian Evidence Act. These documents, even in courts, are not treated as documents. They can only be used for the purposes of omission or contradiction by the accused. A post mortem report is never marked as a document or as an exhibit any time even by the court because it is the result of an examination of a doctor who investigates the dead body and ascertains the cause of death. That is the recording of his findings. But in trial also the prosecution cannot tender the document and say, 'here is the post mortem report' and the contents will go on automatically. At a trial the doctor who carried out the post mortem will have to go to the court to testify it. He can only refresh his memory from the post mortem report.

Dr. Zainal Abedin : Whether it is a despatch or not ?

Mr. Speaker : He can only refer to the post mortem report to refresh

his memory. Now, the question is, supposing an accused made a statement to a Police Officer and a portion of that statement is read in the House—would that be a despatch or State Paper. It is a matter between the witness and the investigating agency. The State Government is not on the scene at the moment. What the post mortem doctor has done is a matter between himself and the investigating agency. So, it is not a despatch or a State Paper and, as such, the Chief Minister is not bound to lay it in the House. As such, I rule that the post mortem report need not be laid in the House.

Now, there is one unfortunate aspect of the whole thing. The letter which Shri Sattar gave me was released to the Press. That matter was pending my ruling but before that it was circulated to the Press. It is most unfortunate. This should not be done. It is not good parliamentary ethics I request you not to do this in future. We must all maintiain the dignity, honour and decorum of the House. We shold all try to maintain these. It is a joint responsibility, cumulative responsibility not individual responsibility. I hope this will be kept in mind in future.

ডাঃ জয়নাল আবেদিন : স্যার, আপনি যে রুলিং দিয়েছেন আমরা মেনে নিচ্ছি, শুধু আমাদের ডিফারেন্স অব ওপিনিয়ানটা আপনার সামনে তুলে ধরছি।

[3.55—4.05 P. M.]

Sir, while the doctor holds the post mortem examination he records it in a prescribed form and that is sent to the investigating authority. The investigating authority happens to be the Police; the investigating authority happens to be the administrative wing of the State apparatus. So it does not mean that it does not belong to State Despatch. I differ there and, possibly, the difference is fundamental. That is one aspect. So the claim of the Leader of the Opposition to have the paper to be laid on the Table is not unjust one and, on the other hand, I do support him that the paper quoted by the Chief Minister in part should be laid on the Table for examination and scrutiny by the members and for the knowledge of the members. That is also one aspect. The other aspect is that the Press of Bengal, as you know, Sir, is an eminent Press, distinguished Press and for whatever information they can scoop out—others should not be held responsible for this.

Mr. Speaker : Have you read the report ?

Dr. Zainal Abedin : Sir, the Press here is expertised one ; journalism here is expertised one.

Mr. Speaker : You read the report and tell me about your views tomorrow.

Dr. Zainal Abedin : Sir, you gave your opinion. Kindly allow me to make my submission. Sir, Press in West Bengal is expertised one. If there is any communication between the Leader of the opposition and the Speaker and if the Press has the opportunity to scoop it out—the Members should not be blamed for that. If it is willfully distributed then that is another aspect, Sir. The Press is competent enough to bring out a scoop news and, for that Sir, you cannot blame the members. As you know, Sir, the Press often does it—the Press here is expertised, is distinguished to scoop out news. This is my simple submission Sir, that for what Panchir Ma has done Golap Sundari should not be held responsible.

Shri Subrata Mukherjee : Sir, I have something to say.

Mr. Speaker : There should not be any debate on Speaker's ruling.

Shri Subrata Mukherjee : Sir, we demanded that the post mortem report be laid in the House. Even the Chief Minister said, 'as soon as I get the report I will place it before the House'.

Mr. Speaker : Will you make a statement on it ?

Shri Subrata Mukherjee : Let me finish, Sir. He said, 'as soon as I get the report I will place it before the House'.

Mr. Speaker : Will you make a statement on it ?

Shri Subrata Mukherjee : Sir, I am only quoting what the Chief Minister said. If he says, 'I will place it before the House' then it is a property of the House. You cannot rule it out.

Mr. Speaker : আপনি proceedingsটা পড়ুন—পড়ে এসে আমাকে বলবেন।

Shri Subrata Mukherjee : Sir, you can go through the records. He said, 'I will personally ask for the post mortem report'.

Mr. Speaker : আপনি proceedingsটা আমাকে দেখিয়ে দেবেন কি ?

Shri Subrata Mukherjee : It is with you Sir. I cannot show you th detailed proceedings. You will agree on the point that had it been in m case then you might have changed your ruling.

Mr. Speaker : I do not think of changing anything. Mr. Mukherjee, i you are entitled to have anything under the rules you will get it, but if yo are not entitled you will not not get it.

Shri Subrata Mukherjee : Then it is allright.

Shri Satya Ranjan Bapuli : Sir, you are perfectly correct regarding the Evidence Act and regarding the post mortem report. You are certainl correct, no doubt. That is the real position of law.

Mr. Speaker : That is not a real document.

Shri Satya Ranjan Bapuli : The queston on which Shri Subrata Mukherjee wanted to submit before you is that the Chief Minister made a categorica statement with regard to that matter—the post mortem report is a part of that Without any post mortem report he cannot make any statement. When the statement is made in the House obviously the post mortem report is a part of that—it is a part and parcel of that statement. If this is a fact, because we have observed that so many discrepancies have already cropped up from the news items published in different Presses and from the statement of the Chief Minister made here that for clarification and to remove all the irregularities, to remove all the clouds that have already been collected inside and outside the Assembly, the post mortem report should be placed in the House. So, you would kindly consider this point on that particular aspect that when the statement is a part of the post mortem report why the post mortem report will not be placed before the House for the appreciation of the members and to establish whether the Chief Minister's report is correct or the reports published in Ananda Bazar Patrika or in some other Presses are correct. That is needed for the benefit of the member to remove all the ambiguities and difficulties in the minds of the Press and Public. You know better than me—I should say, Sir, you know that already some members have formed the opinion that the Chief Minister's statement is not correct as the statement and the report which have already been published are contradictory to each other. That is why, for satisfaction of all the members and to let us know the real facts and the truth, I think, you will consider this and you will ask the Chief Minister to place it before the House

in order to substantiate the statement he made on that particular aspect. So, whether his statement is correct or not, the post mortem report will have to be placed to subtantiate his statement.

Mr. Speaker : Mr. Bapuli, you have agreed that this is not the correct document. Then why do you insist upon it. When the statement was made in the House were you in the House or you remained outside the House ? So, I do not think there is any necessity of any further debate on this issue.

Shri Satya Ranjan Bapuli : Sir, I have heared verything from my chamber.

Mr. Speaker : No further debate on this issue is allowed. I cannot force somebody to place something when it is not a document of this House. I am bound by the rules.

[4.05—4.15 P.M.]

Now there is another letter—I have received a letter from Shri Abdus Sattar, Leader of the Opposition relating to sub-judice. I would be in a very great difficulty if it comes every day. There will be a ruling and then there will be a letter. Then there is another ruling. Then there will be another letter to-morrow. Then there will be another ruling and then there will be another letter. It is becoming a child's play. I have passed a ruling that the matter is sub-judice. He says he went to the Court and the Court has stayed a clarion order—so, it is no longer sub-judice. Has the matter been disposed of in the High Court ? A date has been fixed and it has been called upon to file and affidavit. It is still sub-judice. I have got no further observation—whether it is sub judice or not. The matter is still sub-judice and no question arises. I would only request the Opposition to be more responsible. We are not children. I passed a ruling yesterday, and to-day there is a letter. If I pass another ruling to-day to-morrow there will be another tetter. So, this will go on in this way. You cannot persudade me to allow the matter to continue. I am not willing to do it. You can try your best, Dr. Zainal Abedin, with all your parliamentary promise and legal acumen, but it is not possible to get it out from me. I have gone through the ruling, I have gone through the law, I have gone through the rule and I found that it is subjudice. I cannot change my mind till the matter is disposed of. To uphold the dignity of the House we are to observe the rules. We cannot go beyond the rules.

Dr. Zainal Abedin : Sir, we have no audacity to challenge the ruling of

the Chair. But we must make it absolutely clear that we have every righ to submit before the Chair what we desire, and possibly the Chair will consi der the submission of the members either from the right or from the left and will decide watever is possible to grant to the members. As such we have made our submission and you have given your ruling. Not that we have challenged the ruling—do not take it otherwise. My further submission is whether it is possible to allow a part of the matter for discussion it will no influence the Court or the judgement.

Mr. Speaker: Dr. Abedin, one moment please. You are a very old parlimentarian—very old not in age but as a member of this House—and one of the seniormost members of the House. I can only expect from your party which you belong as one of its member, more responsibility. I cannot expect anything else. What I said is that the matter is sub-judice and the matter has not been disposed of. Certain orders have been modified. One letter comes that this is no longer sub-judice. Then should I change my earlier ruling? The matter is still pending, and that has not been disposed of. There has been certain modification. So, why do I change my ruling? That is why I over rule any further debate on this subject. Now Voting of Demand for grant.

Voting on Demands for Grants

DEMAND NO. 41

Shri Prabhas Chandra Phodikar: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,96,44,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads "285-Information and Publicity, 485-Capital outlay on Information and Publicity and 685-Loans for Information and Publicity".

(This is inclusive of a total sum of Rs. 99,42,000 already voted on account in March, 1984.)

২। গণতান্ত্রিক রাষ্ট্রে সরকারের নীতি, কর্মসূচি এবং বক্তব্য সম্পর্কে জনগণকে অবহিত রাখা সরকারের দায়িত্ব ও কর্তব্য। সরকার ও জনগণের মধ্যে এই একান্ত প্রয়োজনীয় যোগসূত্র রক্ষার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে তথ্য ও সংস্কৃতি বিভাগ। সরকারের নীতি ও কাজকর্মের তথ্যাদি সর্বস্তরের জনগণের কাছে পৌঁছে দেওয়া এবং জনগণের প্রতিক্রিয়া ও মতামতের সঠিক পর্যালোচনা করে সরকারের ভবিষ্যৎ কর্মপদ্ধতি নির্ধারণে সাহায্য করা এই বিভাগের প্রধান কাজ। জনগণের বিশ্বাস ও সহযোগিতা লাভ করে সরকারি কাজ যাতে সুষ্ঠুভাবে পরিচালনা করা যায় সেই দিকে লক্ষ্য রেখেই এই বিভাগ কাজ করছে।

তথ্য ও জনসংযোগ

৩। পশ্চিমবঙ্গের অধিবাসীদের বৃহত্তর অংশের বাস গ্রামে। এজন্য গ্রামীণ তথ্য সংগঠনকে শক্তিশালী করা বিশেষ প্রয়োজন। এদিকে লক্ষ্য রেখেই বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। ষষ্ঠ পরিকল্পনাকালে সমস্ত মহকুমায় একটি করে তথ্য কেন্দ্র খোলার কর্মসূচি অনুযায়ী ১৯৮৩-৮৪ সালে চারটি মহকুমা তথ্যকেন্দ্র মঞ্জুর করা হয়েছে। এই চারটি কেন্দ্র খোলার পর পশ্চিমবঙ্গের সমস্ত মহকুমায় একটি করে তথ্য কেন্দ্র স্থাপনের কাজ প্রায় সম্পূর্ণ হল। এছাড়া দার্জিলিং ও জলপাইগুড়ির চা-বাগিচা এলাকায় তিনটি এবং রানীগঞ্জ-আসানসোলের কয়লাখনি অঞ্চলে দুটি তথ্যকেন্দ্র খোলা হয়েছে। গ্রামীণ তথ্য সংগঠনকে জোরদার করার জন্য ব্লকস্তরে একজন করে কর্মী নিয়োগের পরিকল্পনা নেওয়া হয়েছে। তদনুযায়ী এ পর্যন্ত ৭২ জন কর্মী নিযুক্ত হয়েছে। আরও ১৮ জন কর্মী নিয়োগের ব্যবস্থা নেওয়া হয়েছে। পর্যায়ক্রমে এই কাজটি সম্পূর্ণ হবে। জেলা ও মহকুমা তথ্যসংস্থার সঙ্গে বর্তমানে মোট ৯০টি শ্রুতি-চাক্ষুষী (audio-visual unit) ইউনিট কাজ করছে। এদের যন্ত্রপাতির মেরামতির কাজ দ্রুত নিষ্পন্ন করার জন্য বর্তমানের মেরামতি ব্যবস্থার বিকেন্দ্রীকরণ করে বর্ধমান, মুর্শিদাবাদ ও শিলিগুড়িতে প্রয়োজনীয় কারিগরি কর্মী সহ তিনটি আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কেন্দ্র খোলা হয়েছে।

৪। পল্লীবেতার সম্প্রসারণ কর্মসূচি অনুযায়ী বিভিন্ন জেলায় এ পর্যন্ত ৩,৩৪০টি রেডিও সেট স্থাপন করা হয়েছে। বর্তমান এই বিভাগের পরিচালনায় মোট ৬২২টি পল্লী-বেতারগোষ্ঠী চালু আছে। এদের দৈনন্দিন কাজকর্ম পরিচালনার জন্য নিয়মিত অর্থ মঞ্জুর করা হয়। ১৯৮৪-৮৫ সালে আরো ২৫০টি রেডিও সেট সরবরাহ ও ৭৫টি পল্লী বেতার গোষ্ঠী গঠন করার প্রস্তাব আছে। বিভিন্ন সমাজসেবী ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে এ পর্যন্ত ২১২টি টেলিভিসন সেট বিতরণ করা হয়েছে। এছাড়া নতুন কর্মসূচি অনুযায়ী, সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক এক-তৃতীয়াংশ ব্যয় বহন সাপেক্ষে আরো ২৪টি সাধারণ দূরদর্শন প্রদর্শন কেন্দ্র স্থাপনের কাজ হাতে নেওয়া হয়েছে। ১৯৮৪-৮৫ সালে এইভাবে আরো ৫০টি টেলিভিসন সেট বিতরণের প্রস্তাব আছে।

৫। অন্যান্য রাজ্যের মানুষের কাছে আমাদের সরকারের বক্তব্য এবং পশ্চিমবঙ্গ সম্পর্কে তথ্য পরিবেশনের জন্য বিভিন্ন রাজ্যে তথ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়। ইতিমধ্যে মাদ্রাজ, কটক ও আগরতলায় তিনটি কেন্দ্র চালু হয়েছে।

৬। আমাদের সরকারের নীতি, কর্মসূচি ও বক্তব্য জনগণের কাছে পৌঁছে দেবার জন্য যেসব মাধ্যম ব্যবহার করা হয় তার মধ্যে বিজ্ঞাপনের ভূমিকা বিশেষ

গুরুত্বপূর্ণ। আমাদের বিজ্ঞাপন বণ্টন নীতি সর্বদাই গণতান্ত্রিক মনোভাবের দ্বা পরিচালিত। রাজনৈতিক মতাদর্শ নির্বিশেষে সকল শ্রেণীর সংবাদপত্রে বিজ্ঞাপ দেওয়া হয়েছে। আমাদের এই নীতি ভবিষ্যতেও অব্যাহত থাকবে। তাছাড় জেলার ক্ষুদ্র সংবাদপত্র ও অন্যান্য সাহিত্য ও সংস্কৃতিবিষয়ক পত্রিকাগুলিতে অধি পরিমাণে বিজ্ঞাপন দেওয়ার নীতি আমরা গ্রহণ করেছি। ১৯৮৪-৮৫ সাে বিজ্ঞাপন বাবদ ১ কোটি ১০ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। প্রসঙ্গত বলতে পারি আমরা সংবাদপত্রের স্বাধীনতায় বিশ্বাস করি। তবে আমাদের আশা সংবাদের ভিত্তি হবে প্রকৃত তথ্য। ভ্রান্ত, বিকৃত, অর্ধসত্য বা অসত্য সংবাদে পরিবেশন কখনই বাঞ্ছনীয় নয়।

৭। গত এক বছরে এই বিভাগের প্রদর্শনী শাখা মোট ৯৫টি প্রদর্শনী আয়োজন করেছে। রাজ্যের বাইরে বেজওয়াদা, ত্রিবান্দ্রাম, ভূপাল, দিল্লী ত্রিপুরা, বোকারো, কালিকট প্রভৃতি স্থানে প্রদর্শনীর আয়োজন করা হয়েছিল। প্রদর্শনী বাবদ ১৯৮৪-৮৫ সালে ১৮ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে।

৮। নয়াদিল্লীতে অনুষ্ঠিত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় পশ্চিমবঙ্গ মণ্ডপ গত বছর সকলের প্রশংসা অর্জন করে। মেলা প্রাঙ্গণে একটি স্থায়ী জমি পাওয়া গেছে সেখানে স্থায়ী মণ্ডপ নির্মাণের প্রস্তাব আছে।

৯। গত সেপ্টেম্বর মাস থেকে আজ পর্যন্ত এই সাত মাসে ভারতবর্ষের উত্তর-দক্ষিণ ও পূর্বাঞ্চলের মোট সাতটি রাজ্যে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের ষষ্ঠ বর্ষ পূর্তি উৎসব পালিত হয়। এই উপলক্ষে সভা, প্রদর্শনী, চলচ্চিত্র ও অন্যান্য সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও 'জাতীয় সংহতি' শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়। ত্রিপুরাতে আলোচনার বিষয়বস্তু ছিল কেন্দ্র-রাজ্য সম্পর্ক। আলোচনা-গুলিতে অংশ গ্রহণ করেন পশ্চিমবঙ্গ ও সংশ্লিষ্ট রাজ্যের মন্ত্রীরা, সংশ্লিষ্ট রাজ্যগুলির বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সহ বিভিন্ন শিক্ষাবিদ, আইনজ্ঞ ও সংবাদপত্রের বিশিষ্ট ব্যক্তিগণ। সেই সঙ্গে পশ্চিমবঙ্গের সব জেলায় এই ধরনের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল।

১০। পশ্চিমবঙ্গের বাইরে ভারতের বিভিন্ন রাজ্যের অধিবাসী পশ্চিমবঙ্গ সম্পর্কে, পশ্চিমবঙ্গের মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণে বর্তমান সরকারের প্রচেষ্টা সম্পর্কে জানতে বিশেষ আগ্রহী। বিভিন্ন রাজ্যের মানুষের সঙ্গে পশ্চিমবঙ্গের সম্পর্ক ঘনিষ্ঠতর করা এবং সেসব অঞ্চলের সঙ্গে আমাদের চিন্তার আদান-প্রদান বৃদ্ধিই এইসব অনুষ্ঠানগুলি আয়োজনের মুখ্য উদ্দেশ্য। আমরা নিঃসন্দেহ, এতে জাতীয় সংহতি দৃঢ়তর হবে।

১১। কেন্দ্রীভূত প্রচার ব্যবস্থায় রাজ্য সরকারের পক্ষে বিভিন্ন ভাষায় সাময়িক পত্র-পত্রিকা, প্রচার-পত্র, পুস্তিকা, ইত্যাদি মুদ্রণ ও প্রকাশের দায়িত্ব এই বিভাগের উপর ন্যস্ত। সমস্ত পত্র-পত্রিকা আমরা নিয়মিতভাবে প্রকাশের চেষ্টা করি। ১৯৮৪-৮৫ সালে প্রকাশন বাবদ ৫২ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে।

১২। সরকারি কার্যে বাংলা ও নেপালী ভাষা প্রয়োগের ব্যাপারে কতকগুলি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রতিটি ব্লক অফিসে পর্যায়ক্রমে অন্ততঃপক্ষে একটি করে বাংলা মুদ্রলেখ সরবরাহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আজ পর্যন্ত ৫০টি যন্ত্র বিভিন্ন ব্লক অফিসে সরবরাহ করা হয়েছে। ছয়খণ্ড বাংলা পরিভাষা পুস্তকের পুনর্মুদ্রণের ব্যবস্থা নেওয়া হয়েছে। ইংরাজী মুদ্রলেখকদের বাংলা মুদ্রলেখন প্রশিক্ষণ দেবার ব্যবস্থা অব্যাহত আছে।

১৩। দার্জিলিং জেলায় সরকারি কাজে নেপালী ভাষা প্রয়োগ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য ডেপুটি কমিশনারের অধীনে একটি নেপালী সেল খোলা হয়েছে। দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াং মহকুমায় অ-নেপালী ভাষাভাষী আধিকারিকদের নেপালী ভাষায় প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে এবং সেখানে ইংরাজী মুদ্রলেখকদের নেপালী ভাষায় প্রশিক্ষণ দেবার ব্যবস্থা অব্যাহত আছে।

১৪। এই রাজ্যের যে এলাকায় উল্লেখ্য সংখ্যায় উর্দুভাষী বাস করেন, সেসব এলাকায় সরকারি কাজে অন্যান্য ভাষার সঙ্গে উর্দু ব্যবহারের সিদ্ধান্ত হয়েছে। এজন্য এই বিভাগের সদর দপ্তরে একটি উর্দু সেল এবং আসানসোল ও ইসলামপুর মহকুমায় দুটি উর্দু শাখা গঠন করা হয়েছে। এই শাখাগুলির প্রতিটির সঙ্গে একজন উর্দু অনুবাদক এবং একজন উর্দু মুদ্রলেখক যুক্ত হয়েছেন।

১৫। বসুমতীর পরিচালনভার আমাদের বিভাগের উপর ন্যস্ত। এই পত্রিকার লোকসানের পরিমাণ অনেক কমে এসেছে। আমাদের আশা অদূর ভবিষ্যতে এই পত্রিকা স্বনির্ভর হয়ে উঠবে।

চলচ্চিত্র

১৬। পশ্চিমবঙ্গের চলচ্চিত্র শিল্পের বর্তমান সংকট লাঘব করার জন্য এই দপ্তর বিভিন্ন পরিকল্পনা হাতে নিয়েছে। সরকারের নিজস্ব প্রযোজনায় চলচ্চিত্র নির্মাণ, ক্যালকাটা ফিল্ম সেন্টার স্থাপন, বে-সরকারি প্রযোজনায় বিভিন্ন চলচ্চিত্র নির্মাণের জন্য অনুদান, রঙিন চলচ্চিত্র পরিস্ফুটনাগার নির্মাণ, সিনেমা হল নির্মাণ ইত্যাদি এই সব প্রকল্পের অন্তর্গত। আলোচ্য আর্থিক বৎসরেও এই প্রকল্পগুলি নিয়েই কাজ হবে। তবে সব ক্ষেত্রেই কিছু পরিবর্তন-পরিবর্ধনের পরিকল্পনা আছে।

১৭। চলচ্চিত্র শিল্পের প্রধান সমস্যা অর্থলগ্নির অভাব। সেইসঙ্গে পরিবেশন প্রদর্শনের নানাবিধ অসুবিধা। বে-সরকারি প্রযোজনায় অর্থলগ্নির অভাব হওয়া স্বাভাবিকভাবেই চিত্রনির্মাণের সংখ্যা ক্রমশঃ কমে আসছে। চলচ্চিত্র নির্মাণ সম্প হলেও পরিবেশন ও প্রদর্শনের যথেষ্ট সুযোগ না থাকায় চলচ্চিত্র প্রযোজক নিরুৎসাহ হয়ে পড়ছেন। বাংলা চলচ্চিত্রের আবশ্যিক প্রদর্শন সংক্রান্ত বিল কেন্দ্রীয় সরকারের কাছে অনুমোদনের জন্য ১৯৭৯ সাল থেকে পড়ে আছে।

১৮। সরকারের নিজস্ব প্রযোজনায় তিনটি পূর্ণ দৈর্ঘ্যের চলচ্চিত্র নির্মাণের কা প্রায় শেষ হয়ে এসেছে। এছাড়া স্বল্প দৈর্ঘ্যের দুইটি শিশুচিত্রের নির্মাণ কাজ চলছে ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরের ৫টি তথ্যচিত্র ও ১০টি সংবাদচিত্রের নির্মাণ সম্প হয়েছে এবং ৯টি তথ্যচিত্র ও মাসিক সংবাদচিত্রের কাজ চলছে। বর্তমান বৎসরে এই প্রকল্প চালু থাকবে এবং আরো বেশি তথ্যচিত্র, সংবাদচিত্র নির্মাণের প্রয়া চালিয়ে যাওয়া হবে। অনুদান এবং চিত্রনির্মাণের জন্য ১৯৮৪-৮৫ সালে ৭১ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে।

১৯। সরকারি সংস্থা পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন রঙিন চলচ্চি পরিস্ফুটনাগার নির্মাণের কাজে রত। এই খাতে ১৯৮৪-৮৫ সালে ২৫ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। সরকার প্রযোজিত চলচ্চিত্রের পরিবেশন প্রদর্শনের দায়িত্ব এই সংস্থাকে দেওয়া হয়েছে। এর মধ্যে ঐ সংস্থা ব্যবসায়ি ভিত্তিতে 'চোখ' ও 'গৃহযুদ্ধ' এই দুটি চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা করেছেন। আশা করা যায় এই ভাবে সরকার প্রযোজিত চলচ্চিত্রের প্রদর্শন সম্ভব হবে।

২০। ক্যালকাটা ফিল্ম সেন্টার নির্মাণের কাজ প্রায় শেষ হয়ে এসেছে। আশা করা যায় ১৯৮৪-৮৫ সালের মধ্যেই এই কেন্দ্র চালু করা সম্ভব হবে। এই কেন্দ্রে চলচ্চিত্র প্রদর্শন সহ এই বিষয়ে গবেষণার সুযোগ, চলচ্চিত্র গ্রন্থাগার, ফিল্ম সংরক্ষণ শাখা ইত্যাদির ব্যবস্থা থাকবে। এই বাবদে আগামী আর্থিক বৎসরে ৩৫ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। এই কেন্দ্রে ফিল্ম, বই ইত্যাদি কেনার জন্য ইতিমধ্যেই ব্যবস্থা নেওয়া হয়েছে এবং আগামী বছরে এই বাবদে ২ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

২১। আনোয়ার শাহ রোডে বর্তমানে সরকার চলচ্চিত্র নির্মাণের জন্য সরকারি দপ্তরের নিয়ন্ত্রণে ফিল্ম প্রোডাকশান ইউনিট চালু করেছেন। এই ইউনিটের জন্য এর মধ্যে বিভিন্ন যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে এবং অদূর ভবিষ্যতে আরো যন্ত্রপাতি সংগ্রহ করার প্রস্তাব আছে। এই ইউনিট কেবলমাত্র সরকারি তথ্যচিত্র নির্মাণেই নয়, বে-সরকারি উদ্যোগে চলচ্চিত্র, তথ্যচিত্র নির্মাণেও সাহায্য করছে। এই ইউনিটের

জন্য ১৯৮৪-৮৫ সালে ২.৫০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। বিগত ১৯৭৯ সালে টেকনিশিয়ানস্ স্টুডিওর পরিচালনভার সরকার গ্রহণ করেন। গত ১ মে এই স্টুডিওটি সরকার সম্পূর্ণভাবে অধিগ্রহণ করেছেন।

২২। ১৯৮৩-৮৪ সালে কলকাতায় চিল্ড্রেন্স ফিল্ম সোসাইটির উদ্যোগে এবং আমাদের সহযোগিতায় নব যুবা চলচ্চিত্র উৎসব সাফল্যের সঙ্গে উদ্‌যাপিত হয়। এছাড়া বিভিন্ন জেলায় চলচ্চিত্র উৎসব পালিত হয়েছিল। ১৯৮৪-৮৫ সালেও এধরনের উৎসবের আয়োজন করা হবে। এই খাতে ১ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে।

২৩। পশ্চিমবঙ্গ সরকার গঠিত ফিল্ম ওয়ার্কার্স ওয়েলফেয়ার ফাণ্ড থেকে দুঃস্থ চলচ্চিত্র কলাকুশলীদের এককালীন সাহায্য দেবার ব্যবস্থা ১৯৮৪-৮৫ সালেও চালু থাকবে। প্রয়োজনের তুলনায় কম হলেও ১৯৮৩-৮৪ সালে ঐ ওয়েলফেয়ার ফাণ্ডকে ৫০,০০০ টাকা অনুদান দেওয়া হয়েছে। এর থেকে দুঃস্থ চলচ্চিত্র কলাকুশলীদের সাহায্য করা সম্ভব হয়েছে।

সংস্কৃতি

২৪। প্রগতিশীল, সুস্থ ও জীবনমুখী সংস্কৃতির প্রসারের জন্য এই বিভাগে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। নাটক, যাত্রা, সঙ্গীত, চিত্রকলা ও ভাস্কর্য, সাহিত্য, লোকসংস্কৃতি, উপজাতি-সংস্কৃতি—এই সকল ক্ষেত্রেই আমরা সংশ্লিষ্ট কৃতী ও বিশেষজ্ঞ ব্যক্তিদের পরামর্শ ও উপদেশ নিয়ে বিভিন্ন প্রকল্প রূপায়িত করে চলেছি।

২৫। নাটক, সঙ্গীত, চিত্রকলা ও ভাস্কর্য বিষয়ে উৎসাহদানের জন্য বিভিন্ন ব্যক্তি ও সংগঠনকে অনুদান দেওয়া হয়েছে। নবীন ও প্রবীণ সাহিত্যিকগণ যাতে তাঁদের বিভিন্নমুখী সাহিত্যকর্ম প্রকাশ করতে পারেন সেইজন্য তাঁদের অনুদান মঞ্জুর করা হয়েছে। এছাড়া বিভাগীয় উদ্যোগে মুন্সী প্রেমচন্দের নির্বাচিত রচনাবলী বাংলা ভাষায় অনুবাদ করে প্রকাশ করা হচ্ছে। এর প্রথম খণ্ড শীঘ্রই প্রকাশিত হবে।

২৬। চিত্রকলা ও ভাস্কর্য বিষয়ে বার্ষিক অবনীন্দ্র পুরস্কার দেওয়া হচ্ছে। এছাড়া বিগত আর্থিক বছর থেকে আরো দুটি পুরস্কার প্রবর্তন করা হয়েছে—নাটকের ক্ষেত্রে দীনবন্ধু পুরস্কার, সঙ্গীতের ক্ষেত্রে আলাউদ্দীন স্মৃতি পুরস্কার। পুরস্কারের মূল্য দশ হাজার টাকা।

২৭। কলকাতা তথ্যকেন্দ্রে একটি চিত্রশালা নির্মাণের কাজ সম্পূর্ণ হতে চলেছে। এখানে সারা বছর চিত্র প্রদর্শনের ব্যবস্থা থাকবে। কলকাতার বাগবাজার ও যোধপুর পার্কে দুটি নাট্যমঞ্চ নির্মাণের কাজ চলছে। এইগুলি সম্পূর্ণ হলে কলকাতার

অপেশাদার নাট্য সংস্থাগুলির বহুদিনের চাহিদা অনেকাংশে মিটবে বলে আশা করা যায়। এছাড়া শিলিগুড়ি তথ্যকেন্দ্রের সঙ্গে যুক্ত অনুরূপ একটি প্রেক্ষাগৃহ নির্মাণের কাজও শুরু হয়েছে। একই উদ্দেশ্যে মফঃস্বলে সাধারণের জন্য ব্যবহার্য সভাগৃহগুলির সংস্কার ও নতুন গৃহ নির্মাণের জন্য অনুদান দেওয়া হচ্ছে।

২৮। সঙ্গীত বিষয়ে অনুদান প্রদান, আলোচনা, কর্মশিবির, পঠন-পাঠন ও গবেষণা ইত্যাদির জন্য টালিগঞ্জ এলাকায় এই বিভাগের পরিচালনাধীন রাজ্য সঙ্গীত একাডেমী কাজ শুরু করেছে। এখানে একটি সংগ্রহশালার ব্যবস্থাও থাকবে। অনুরূপভাবে লোকসংস্কৃতি বিষয়ক আলোচনা, সংরক্ষণ ও গবেষণার জন্য বেহালায় রাজ্যস্তরে একটি লোকসংস্কৃতি কেন্দ্র স্থাপন করা হয়েছে। লোকসংস্কৃতির সংগ্রহশালায় বিভিন্ন শিল্পবস্তু সংগ্রহ ও সেগুলির প্রদর্শনের কাজ অব্যাহত আছে। এছাড়া লোক-সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক একটি গ্রন্থাগার স্থাপনে আমরা উদ্যোগী হয়েছি। আদিবাসী-সংস্কৃতি বিষয়েও একই ধরনের কাজের জন্য সিউড়ি ও ঝাড়গ্রামে দুটি সংস্কৃতি চর্চা কেন্দ্র স্থাপন করা হয়েছে। লোকসংস্কৃতি উপদেষ্টা পর্ষদের সুপারিশ অনুযায়ী গত কয়েক বছর ধরে পঞ্চায়েতের আন্তরিক সহযোগিতায় জেলা, বিভাগ ও রাজ্যস্তরে লোকসংস্কৃতি উৎসব ও ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ১৯৮৩-৮৪ সালে ওয়ার্কশপে প্রধানতঃ লোকনাট্য সম্পর্কে সামগ্রিক তথ্য সংগ্রহের ব্যবস্থা হয়েছে। লোকসংস্কৃতি বিষয়ক প্রস্তাবিত 'লোকবঙ্গ' নামক একটি পত্রিকার প্রথম সংকলন ইতিমধ্যেই প্রকাশিত হয়েছে। পরবর্তী সংখ্যাগুলি 'লোকশ্রুতি' নামে প্রকাশিত হবে।

২৯। দার্জিলিঙে স্থাপিত নেপালী একাডেমীর তত্ত্বাবধানে নেপালী সাহিত্য ও সংস্কৃতি বিষয়ে বিভিন্ন প্রকাশনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ক্ষেত্রে যথাসাধ্য আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে। প্রখ্যাত নেপালী কবি ভানুভক্তের নামে একটি বার্ষিক পুরস্কার প্রবর্তিত হয়েছে। গত নভেম্বর মাসে দার্জিলিঙে নেপালী প্রেসের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে এবং কিছু কর্মী ইতিমধ্যে নিয়োগ করা হয়েছে। প্রেসের কাজ শীঘ্রই শুরু হবে বলে আশা করা যাচ্ছে।

৩০। রাজ্যের বিভিন্ন জেলা ও মহকুমা শহরে সরকারি নিয়ন্ত্রণ আইন অনুযায়ী এ পর্যন্ত মোট আটটি রবীন্দ্র ভবনের পরিচালনাভার সরকার গ্রহণ করেছেন। এই ভবনগুলির উন্নয়নের জন্য যথাসাধ্য অর্থ সাহায্য করা হচ্ছে। নতুন নির্মীয়মাণ রবীন্দ্র ভবনগুলিকেও নির্মাণ কাজের জন্য আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে।

৩১। রাজ্য প্রত্নতত্ত্ব অধিকার গত বছর মেদিনীপুর জেলার বিনপুর থানায় অনুসন্ধান কার্য শুরু করে এবং এর ফলে পুরাপ্রস্তর, মধ্যপ্রস্তর ও নব্যপ্রস্তর যুগের

কিছু আয়ুধ আবিষ্কৃত হয়। বিভিন্ন জেলায় নতুন কিছু সংস্কারের কাজ হাতে নেওয়া হয়েছে। বেহালায় রাজ্য প্রত্নতত্ত্ব সংগ্রহশালায় জেলা থেকে সংগৃহীত প্রত্নতত্ত্ব সংযুক্ত হয়েছে। রাজ্যের বিভিন্ন সংগ্রহশালাকে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে।

৩২। পরিশেষে বলতে চাই, তথ্য ও সংস্কৃতি বিভাগের বহুমুখী কার্যাবলী ও গৃহীত প্রকল্পসমূহ রাজ্যের জনগণের মধ্যে সুস্থ সংস্কৃতির পক্ষে বিপুল আশা-আকাঙ্ক্ষার সৃষ্টি করেছে যা নজীরবিহীন। অথচ আমাদের আর্থিক সামর্থ্য সীমাবদ্ধ। এই সীমাবদ্ধ অবস্থার মধ্যেও আন্তরিক প্রয়াস, শিল্প ও সাহিত্য ক্ষেত্রে আত্ম-নিবেদিত বুদ্ধিজীবীদের উপদেশ ও পরামর্শ এবং ব্যাপকতম জনগণের শুভেচ্ছা ও সমালোচনা পাথেয় করে আমরা তথ্য, চলচ্চিত্র ও সংস্কৃতি শাখাগুলির মাধ্যমে সমগ্র পশ্চিমবঙ্গের প্রত্যন্তে আমাদের সুস্থ সাংস্কৃতিক কাজ ও তার সুফলসমূহ ছড়িয়ে দিয়েছি। তাই অসুস্থ সংস্কৃতির শিবিরে আতঙ্ক ও নানা চক্রান্ত। আমরা মনে করি শ্রেণীবিষম সমাজ-ব্যবস্থায় এই চক্রান্ত চূড়ান্তভাবে ব্যর্থ করা দুরূহ, কিন্তু আশা রাখি একে প্রতিহত করে জনগণের জীবন ও সংস্কৃতি ভাবনায় আমাদের মূল্যবান ঐতিহ্যবাহী সুস্থতা প্রসারিত করার জয়যাত্রায় আমরা দৃঢ় পদক্ষেপে এগিয়ে যেতে সক্ষম হব। আমি প্রত্যাশা রাখছি মাননীয় সদস্যরা যুক্তিনিষ্ঠ আলোচনা করবেন এবং তারপর আমি আলোচনার অংশগ্রহণ করবো।

Mr. Speaker : All the cut motions are in order and are taken as moved.]

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of demand be reduced to Re. 1/-.

Sir, I also beg to move that the amont of demand of reduced by Rs. 100/-

Shri Abdul Mannan : Sir, I beg to move that the amount of demand be reduced by Re. 100/-

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এমন একটা দপ্তরের ব্যয়-বরাদ্দের দাবী উত্থাপন করেছেন যে দপ্তরের অস্তিত্ব আছে কিনা সেটা আমাকে খুঁজে বার করতে হবে। ওঁরা বলে থাকেন রাজ্যের হাতে অধিক ক্ষমতা চাই। আমার মনে হয় আমাদের শ্লোগান হওয়া উচিৎ তথ্য দপ্তরের হাতে অধিক ক্ষমতা চাওয়ার। আজকে প্রায় ৭ বছর হয়ে গেল, বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় দ্বিতীয়বার এলেন তখন উনি নতুন মন্ত্রী, তথ্য দপ্তরের দায়িত্ব নিলেন। প্রথমবার আমি যখন বাজেট বক্তৃতায় আলোচনা করেছিলাম তখন আমি কিছু প্রশ্ন রেখেছিলাম, কিন্তু সেই প্রশ্নের

উত্তর আমি পাই নি। আমি ধরে নিয়েছিলাম যে, উনি হয়তো দপ্তরটিকে বুঝে উঠতে পারেন নি। কিন্তু ২ বছর হয়ে যাবার পর উনি নিশ্চয়ই বুঝে উঠতে পেরেছেন, কিন্তু কোন সুস্পষ্ট নীতি এবং লক্ষ্য আমরা দেখতে পাচ্ছি না। তথ্য এবং সংস্কৃতি দপ্তরটিকে সত্যিকারের বলতে কি সম্পূর্ণ অপসংস্কৃতির মধ্যে ডুবিয়ে দেওয়া হয়েছে। সংস্কৃতির উন্নতি তো দূরে থাক—বাংলার ঐতিহ্য এবং তার কৃষ্টি, তার গৌরবময় সংস্কৃতি যেটা আরো ভারতবর্ষের মানুষের কাছে তুলে ধরার কথা সেটা না করে চূড়ান্ত অপসংস্কৃতির মধ্যে আস্তে আস্তে চলে আসছে এবং এইদিকে সরকারের কোন দৃষ্টিভঙ্গী নেই যাতে আমরা মুক্তি পেতে পারি। আমাদের একটি জিনিস মনে রাখা দরকার, একটা জাতির বেঁচে থাকা কিম্বা মরে থাকা নির্ভর করে তার সংস্কৃতি বেঁচে থাকা এবং মরে যাওয়ার মধ্য দিয়ে। সরকারের যদি আনুকূল্য না থাকে তাহলে একটা দেশের সংস্কৃতির এবং তার কৃষ্টির চূড়ান্ত রূপ আরো বেশী করে পরিস্ফুট হতে পারে না। সেই দিক দিয়ে এই দপ্তর সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। এটা একটা পার্টির বেনামে প্রচার বিভাগে রূপান্তরিত হয়েছে। সমস্ত বিভাগটা একটা পার্টির মুখপত্র হিসাবে প্রচার বিভাগে রূপান্তরিত হয়েছে। আমি পার্টির উর্ধ্বে এই কথা বলতে পারি, বিশেষ করে সংস্কৃতি এবং তার কৃষ্টির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা থাকা দরকার, সেক্ষেত্রে পার্টির সংকীর্ণ ক্ষুদ্র দৃষ্টিভঙ্গীর উর্ধ্বে যাওয়া উচিৎ। সেই দিক দিয়ে এই মন্ত্রী সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। অপসংস্কৃতিটা আধা-ফ্যাসিষ্ট কায়দায় বাংলাদেশের মানুষের উপর চাপিয়ে দেবার চেষ্টা করছে। উদাহরণ হিসাবে বলি, আমি বক্তৃতা করবার আগে ভেবেছিলাম উনি লজ্জায় মাথা নিচু করে আসবেন। কারণ যে দপ্তরের মন্ত্রী একটা 'দি ফ্যাক্টস' বই বের করে সমস্ত হাউসকে অবমাননা করেছেন। 'পশ্চিমবঙ্গ' বের করে হাউসকে অবমাননা করেছেন। ওনার হাত থেকে প্রকাশিত হয়েছে পত্র-পত্রিকা। উনি কি করে করেন? আসলে উনি নিয়ন্ত্রণে রাখতে পারছেন না। ওনার ডিপার্টমেন্ট এবং ডাইরেকটর এই দুটোকে নিয়ন্ত্রণে রাখতে পারছেন না। একটা সেক্রেটারিয়েট এবং একটা ডাইরেকটরেট। এই সেক্রেটারিয়েট এবং ডাইরেকটরেটের মধ্যে কোন সদ্ভাব নেই, কোন ঐকমত্য নেই, এমনকি মন্ত্রী মধ্যস্ততা করেও কিছু করতে পারেন না।

[4.15—4.25 P.M.]

সচিবের কথা মন্ত্রী শোনেন না, মন্ত্রীর কথা সচিব শোনেন না, সচিবের কথা ডাইরেক্টর শোনেন না এবং তিনজন মিলে কোন নির্দিষ্ট নীতি নির্ধারণ করতে পারেন

নি। একটা প্লট এ্যাটলিস্ট বার করতে পারেন নি। সবাই নিজের নিজের ক্ষমতায় আসীন রয়েছেন এবং অদৃশ্য ক্ষমতা সকলের। আমি বুদ্ধদেববাবুকে বুঝতাম যিনি অন্ততঃ আমাদের বিরুদ্ধে হলেও কিছু বলেছেন, কিছু জানেন, কিছু ব্যক্তিত্ব, কিছু মেরুদণ্ড আছে, যিনি কিছু মৌলিক চিন্তাভাবনা করেছিলেন। এই মন্ত্রী মহাশয়ের তো সে পর্যন্ত ভাববার অবকাশ নেই। ডাইরেক্টররা অদৃশ্য শক্তির বলে মন্ত্রীকে যা কিছু চাপিয়ে দেন। ওনার ক্ষমতা ডিস্ট্রিক্ট ইনফরমেশান অফিসারকে ট্রান্সফার করা, অথবা নিয়ে এসে রাখা পর্যন্ত। এই ন্যূনতম কিঞ্চিৎ ক্ষমতার অধিকারী না হয়ে একজন মন্ত্রী কি করে একটা দপ্তর চালাচ্ছেন? আমার তো ভাবতে পর্যন্ত অবাক লাগে। তারপর টোটাল মিনিষ্ট্রি ইনফরমেশন এ্যাণ্ড পাবলিসিটি ডিপার্টমেন্ট, মিনিষ্ট্রিটা তো একটা মেষ হয়ে গেছে। যে মিনিষ্ট্রি সরকারের ভাবমূর্তি তুলে ধরে, যে মিনিষ্ট্রি একটা জাতির ভাবমূর্তি তুলে ধরে, শুধু প্রচার নয়, আনুষঙ্গিক অনেক কিছু নির্ভর করে একটা সরকারের, সেখানে সেই সব ব্যাপারটাকে একটা পঙ্গু অবস্থায় ফেলে দিয়েছেন ঔদাসীন্যের এবং অপদার্থতার জন্য। কিছু বললে উনি সংস্কৃত শ্লোক বলবেন, কিন্তু সংস্কৃত শ্লোক বলে সংস্কৃতি রক্ষা করা যাবে না, একটা দপ্তর চালানো যাবে না। সেটা একটু দেখা দরকার। আজকে এঁদের আমলে রবীন্দ্রনাথ, নজরুল কলুষিত হচ্ছে, বিভিন্ন জিনিস কলুষিত হচ্ছে, বঙ্কিমকে ক্ষুদ্র করার চেষ্টা করা হচ্ছে, অপর দিকে বিভিন্ন ভাবে মার্কসের চিন্তাকে জবরদস্ত কায়দায় গ্রাম বাংলায় পর্যন্ত চাপিয়ে দেবার চেষ্টা করা হচ্ছে। আমরা যখন সরকারে ছিলাম তখন পূর্ব ভারত সংস্কৃতি সম্মেলন করেছিলাম। সেটার দরকার ছিল, এটা কিন্তু কংগ্রেস, কমিউনিষ্টের প্রশ্ন নয়, পূর্ব ভারত সংস্কৃতি সম্মেলনের মধ্যে দিয়ে পূর্ব ভারতের একতা, ইন্টিগ্রিটিকে আমরা বজায় রাখবার চেষ্টা করেছিলাম। এমন কিছু বিরাট আর্থিক দায়িত্ব ছিল না। সেটা সম্পূর্ণভাবে বন্ধ করে দিয়েছেন। সেটা পশ্চিমবাংলায় হয়েছে, আসামে হয়েছে। অসমীয়ারা পশ্চিমবাংলায় এসে অংশগ্রহণ করেছেন, আমরা আসামে গিয়ে অংশগ্রহণ করেছি, উড়িষ্যায় গিয়ে অংশগ্রহণ করেছি, আবার উড়িষ্যার লোকেরা এখানে অংশগ্রহণ করেছেন। এই ১০টি ছোট রাজ্য মিলে পূর্ব ভারতের মধ্যে একটা একতা, একটা কালচারাল ইউনিট ইন্টিগ্রিটি আনবার চেষ্টা শুরু হয়েছিল, সেটাকে বন্ধ করে দিয়েছেন কেন? কার ক্ষতি হয়েছিল? কংগ্রেসের ক্ষতি হয় নি। আপনি বক্তৃতা করেন যে, আমরা ঐক্যের পর্যায়ে রক্ষা করবার জন্য রাজনৈতিক দিক থেকে একে সমর্থন করি, কিন্তু বাস্তবে তা করা হয় না। ভোট নেওয়ার জন্য

একে সমর্থন করে একটা কৌশল অবলম্বন করা হচ্ছে। আমি অভিযোগ করি ওনার কাছে—এই অভিযোগের কোন মূল্য নেই—বাংলা ভাষা চালু করার কথা কত বছর ধরে শুনে আসছি—আপনি নিজেই শুনে থাকবেন—আমরা কতবার বলেছি, বাংলা ভাষা এক, দুই, তিন করে বহু রকম ভাবে ঠিক করে এর যে নির্দিষ্ট দিক আছে সেই পথে এগিয়ে যেতে হবে। উনি বলতে পারবেন গত ৭ বছর হয়ে গেল এই সরকার কটা ধাপ এগিয়ে গেছেন? কতজন লোক ট্রেনিং দিতে পেরেছেন, কটা টাইপ মেশিন এসেছে? নতুন করে কটা ফাইল মেন্টেন হচ্ছে? আমলারা বাধ্য হচ্ছে সরকারী কাজে বাংলা ভাষা চালু করবার জন্য? "It is a demand not from the Congress but from the Public". এটা পাবলিক, পিপলের ডিমাণ্ড। আপনারা ভাষার জন্য সাঁওতালী ভাষাকে স্বীকৃতি দিচ্ছেন, আমি আপত্তি করিনি, আজকে নেপালী ভাষাকে স্বীকৃতি দিচ্ছেন, আপত্তি করিনি, অপর দিকে নিজের যে মাতৃভাষা সেটাকে উপেক্ষা করছেন দিনের পর দিন। এক বছর দুবছর নয়, সাত বছর হয়ে গেল এক ইঞ্চি নড়েনি, জগদ্দল পাথরের মত বসে আছে। ১৯৭৭ সালে আমরা যেখানে রেখে এসেছিলাম, আজ এই ১৯৮৪ সালেও একই জায়গায় বসে আছে। কি যুক্তি দেবেন আমি জানি না, এর কোন লজিক নেই। কোন ফ্যালাসী থাকলেও তো থাকতে পারে। একটা মজার ব্যাপার, এই হাউসের মধ্যে বহুবার বাংলা ভাষায় সরকারী কাজ সমস্ত চালু করার ব্যাপারে সবচেয়ে বেশী অভিযোগ উঠেছিল বামপন্থীদের কাছ থেকে। তারপর আপনারা যখন দায়িত্বে আছেন পর্যায়ক্রমে সবকিছু আজকে এগিয়ে নিয়ে যাবার কোন প্রচেষ্টা করছে না। পরবর্তীকালে যে-সমস্ত কাজ এই দপ্তরের হাতে আছে তাদের কয়েকজনের অযোগ্যতার কথা, ঔদাসীন্যের কথা আপনাদের কাছে জানাই। পশ্চিমবঙ্গ পত্রিকা প্রকাশ করা হয়—আপনি শুনলে অবাক হয়ে যাবেন—একটা জেনুইন কোরাপশান, আমি মন্ত্রী মহাশয়ের কাছে অভিযোগ করছি না, মন্ত্রী মহাশয়কে বলছি, আপনার ঔদাসীন্যের ফলে এই ব্যাপক কারচুপি এবং এই অর্থের দুর্নীতি এই পশ্চিমবঙ্গ পত্রিকা ছাপার মধ্যে দিয়ে চলেছে। কি করে চলেছে। পশ্চিমবঙ্গ পত্রিকার অর্ডার দিচ্ছেন, আপনি কি জানেন যত কপি ছাপা হোক, ডিষ্ট্রিবিউটারদের কাছে তার অর্ধেকও এসে পৌঁছায় না। যত সংখ্যা ছাপা হয়, ডিষ্ট্রিবিউশনের জন্য ন্যাশানাল বুক এজেন্সীর কাছে পৌঁছায় তার অর্ধেক। হকারদের কাছে অর্ধেক চলে যায়। মাঝখান থেকে লক্ষ লক্ষ টাকা নয়ছয় হয়ে যায়। পেমেণ্ট কিন্তু রেগুলার হয়ে যায়। এই যে সংখ্যার ব্যবধান, এর ফলে অফিসাররা টাকা করে নিয়ে চলে যায়। মন্ত্রী মহাশয়ের

এ ব্যাপারে একটি কথা বলবার ক্ষমতা নেই কেন? আমি এই কথা বলছি না যে, মন্ত্রী মহাশয় তার অংশীদার। কিন্তু এই দুর্নীতি যদি দিনের পর দিন চলতে থাকে এবং মন্ত্রী যদি চোখ বুজে বসে থাকেন তাহলে আজকে আমাকে অন্য রকম ভাবতে হবে। আমি আশা করবো তিনি এ ব্যাপারে দৃষ্টি দেবেন। এটা একটা পজেটিভ্ ঘটনার কথা বললাম। ওনার সেকশন রয়েছে এব্যাপারে—ডিষ্ট্রিবিউশন সেকশন। ঐ সেকশনের কাজকর্ম কি একবারও তিনি খুঁটিয়ে দেখেছেন? তিনি কি এটা মিলিয়ে দেখেছেন যে, প্রিন্টিং অর্ডারের সঙ্গে ডিষ্ট্রিবিউশন সংখ্যার মিল আছে কিনা? স্যার, আপনি অবাক হয়ে যাবেন, 'পশ্চিমবঙ্গ' পেপার বহু জায়গায় ওজন দরে বিক্রি হয়। এই ব্যাপারে বহু নজির দেখাতে পারি যে, 'পশ্চিমবঙ্গ' বহু জায়গায় ফালতু হিসাবে ওজন দরে বিক্রি হয়ে যাচ্ছে, কিন্তু মাননীয় মন্ত্রী এবং তাঁর দপ্তর এ ব্যাপারে দৃষ্টি দিচ্ছেন না। এতদিন পর্যন্ত 'পশ্চিমবঙ্গ' পত্রিকা বসুমতী কর্পোরেশনে ছাপতে দেওয়া হোত। এই বসুমতী প্রেসে একটি মেসিন আছে, যে মেসিন ঘন্টায় ৩৫ হাজার কপি 'পশ্চিমবঙ্গ' ছাপাবার ক্ষমতা রাখে। এখানে ছাপাতে দেওয়াটা ভালই হয়েছিল, কারণ 'বসুমতী' সরকারের অধিগ্রহণ করা প্রেস যা পাবলিক আণ্ডারটেকিং হয়ে গেছে। কিন্তু দেখতে পাচ্ছি, কোন এক অজ্ঞাত নির্দেশে ডাইরেক্টর এই ছাপাবার ব্যাপারটা বসুমতীর কাছ থেকে তুলে নিয়ে নিজেদের দু/একটি প্রেসে ডিষ্ট্রিবিউট করে দিলেন। মন্ত্রী মহাশয় কেন এটা থামাতে পারলেন না? আমার তো যথেষ্ট সন্দেহ আছে যে, কোন্ প্রেসকে ছাপাতে দেওয়া হয়েছে—এটা মন্ত্রী মহাশয় আদৌ জানেন কিনা? আর এমন এমন প্রেসে এটা ছাপাতে দেওয়া হয়েছে যার অনেক প্রেসের অস্তিত্ব পর্যন্ত নেই। অস্তিত্বহীনই শুধু নয়, তাদের প্যাড তৈরীই আছে—ছাপাতে হবে না। শুধু বিল করে দিতে হবে। বসুমতীর কাছ থেকে এই দায়িত্বটা তুলে নিয়ে এসে এই ধরনের সমস্ত প্রেসে আজকে ছাপতে দেওয়া হয়েছে। এগুলো কি ইরেগুলারিটিজ্ নয়? ইজ্ ইট নট করাপশন? এই প্রশ্ন আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে করছি যে, এগুলোকে করাপশনের আওতার মধ্যে আনবেন কিনা? আজকে বসুমতীর অপরাধ কোথায়? বসুমতী তো কংগ্রেস চালায় না! এটা চালায় সরকার। এটা চালায় তাঁদের ডেপুটেড সব লোকজন। কিন্তু আজকে বসুমতীর কাছ থেকে নিয়ে অস্তিত্বহীন সব প্রাইভেট প্রেসকে প্রিন্টিং অর্ডার দিয়ে দেওয়া হয়েছে শুধুমাত্র তাদের টাকা পাইয়ে দেবার জন্য। যদি নাম জানতে চান—কয়েকটি প্রেসের নামও আমি বলে দিতে পারি, যার মধ্যে ২/৩টি প্রেসের অস্তিত্ব পর্যন্ত নেই। বৈঠকখানায় এমন এমন প্রেস আছে যাদের অস্তিত্ব পর্যন্ত নেই।

শুধু দালান এবং সাইন বোর্ড আছে তাদের। এই ধরনের সব প্রেসকে 'পশ্চিমবঙ্গ' ছাপাবার দায়িত্ব দেওয়া হয়েছে।

মিঃ স্পীকার স্যার, সময় কম আছে বলে এরপর যা বলতে চাচ্ছি তা সংক্ষেপে একজাক্ট পয়েন্টের উপর বলবো। উত্তর পাব না জানি, কারণ আমি বিশ্বাস করিনা যে, উনি সব জেনে এসেছেন। কারণ হি ইজ এ মিনিষ্টার উইদাউট পোর্টফোলিও। হি হ্যাজ নো পোর্টফোলিও এ্যাট অল্। প্রেস এ্যাক্রিডিয়েশন কার্ডের জন্য একটি আইন আছে, স্ট্যাণ্ডিং রুলস্ এ্যাণ্ড লজ্ আছে কেন্দ্রীয় সরকারের। সেই প্রেস এ্যাক্রিডিয়েশন কার্ড ইস্যু করা উনি বন্ধ করে দিয়েছেন। কিন্তু এটা বন্ধ করবার কি অধিকার আছে ওনার? কি অধিকার আছে সরকারের যে, প্রেস এ্যাক্রিডিয়েশন কার্ড ইস্যু করা বন্ধ করে দিলেন? ইট ইজ দেয়ার ফাণ্ডামেণ্টাল রাইট—যখন এ্যাক্ট হয়ে গেছে। তাঁদের অধিকার আছে নিয়ম রক্ষা করে আবেদন করবার এবং সেই আবেদন অনুযায়ী প্রেস এ্যাক্রিডিয়েশন কার্ড পাওয়ার। সেই প্রেস এ্যাক্রিডিয়েশন কার্ড ইস্যু করা আজকে বন্ধ করে দিয়েছেন। এব্যাপারে একটি কমিটি আছে এ্যাকর্ডিং টু ছাট লজ্—সেণ্ট্রাল গভর্নমেণ্ট লজ্। ওঁদের নিজেদের লোকজন ঐ কমিটিতে ঢোকাবার জন্য সেই কমিটিকে ডিফাংট করে দিয়েছেন এবং প্রেস এ্যাক্রিডিয়েশন কার্ড ইস্যু করে বন্ধ করা দিয়েছেন। এই হাউসের মধ্যে মাননীয় স্পীকার একদিন বলেছিলেন—"আমি গর্ব করে বলতে পারি, প্রেসকে কখনও ডিস্এ্যালাউ করি না। যখন তাঁরা এ ব্যাপারে আমার কাছে আবেদন করেন, আমি বলি যে হ্যাঁ, হয়তো দাঁড়িয়ে থাকতে হবে, কিন্তু তাঁদের ঢুকবার ব্যবস্থা করে দিই।" এই হাউসকে যদি বলি—একদিকে মাননীয় স্পীকার বলছেন যে, এই হাউসের ইজ্জত রক্ষা করবার জন্য আমি এত উদার, অপর দিকে সরকার কত সঙ্কীর্ণ দেখুন! যে প্রেস এ্যাক্রিডিয়েশন কার্ড ইস্যু করবার কথা তাঁদের, সেক্ষেত্রে তার কমিটি পর্যন্ত ডিফাংট করে রেখে দিয়ে প্রেসের অধিকারকে খর্ব করছেন, ডিপ্রাইভ করছেন তাঁদের! আমি জানি না, মাননীয় মন্ত্রীর প্রেস এ্যাক্রিডিয়েশন কার্ড সম্বন্ধে কোন আইডিয়া আছে কিনা?

মিঃ স্পীকার স্যার, এরপর আমি চলচ্চিত্র সম্বন্ধে ২/১টি কথা বলতে চাই। একদিন বাংলার চলচ্চিত্রের যে গৌরব ছিল, যারা পায়োনিয়ার অফ ইণ্ডাষ্ট্রিজ ছিল সারা ভারতবর্ষের, আজকে সেই ইণ্ডাষ্ট্রি কোলাপস্ হতে চলেছে। আমরা তবু কিছু কোরামিন দেবার চেষ্টা করেছিলাম। এই সরকার ক্ষমতায় এসে কেবল কিছু অনুদান দেবার চেষ্টা করেছেন। ঐ অনুদানগুলি দেবার পর তার কোন খোঁজখবর পর্যন্ত নেন নি। লক্ষ লক্ষ টাকা, এমনকি কোটি টাকা পর্যন্ত নয়ছয় হয়ে গেছে। আমি

কয়েকটি নাম করছি এবং ক্যাটাগরিক্যালি তাঁর কাছ থেকে উত্তর দাবি করছি। 'মা' বলে একটি চিত্রের জন্য উৎপল দত্তকে টাকা দিয়েছেন, যে কথা আমি এর আগে জেনারেল বাজেটের সময়ও বলেছি। দ্বিতীয় কিস্তিতে তাঁর গ্যারান্টার হয়ে কো-অপারেটিভ থেকে তাঁকে দিয়ে দেওয়া হোল কয়েক লক্ষ টাকা। কিন্তু 'মা' বই আজ পর্যন্ত রিলিজ হোল না। সরকার এটা রিলিজ পর্যন্ত করলেন না। 'মা' যে তৈরি হোল, তার হদিস পর্যন্ত নেই! অপর দিকে উৎপল দত্ত এবং তাঁর স্ত্রী ক্যাটাগরিক্যালি প্রায় প্রতিদিন ষ্টেটমেন্ট দিচ্ছেন যে, এটা আমাদের অধিকার, কারণ আমরা বামফ্রন্ট সরকারের নির্বাচনে অংশ গ্রহণ করেছি, তাঁদের উপকার করেছি। তাঁদের স্বার্থে 'টিনের তলোয়ার', 'দিন বদলের পালা' ইত্যাদিতে অভিনয় করেছি। সুতরাং এটা আমাদের হক যে, আমাদের গ্যারান্টার হয়ে আজকে তাঁদের দাঁড়াতে হবে এবং আমরা টাকা নিয়ে নয়ছয় করবো।

[4.25—4.35 P.M.]

উত্তর দেবেন 'মা' কোথায় গেল। আমি শুধু 'মা'-র কথা বলছি না, বামফ্রন্ট সরকার আরো তিনটি ছবিকে টাকা দিয়েছিল। তিনটি ছবির নাম আমি বলে দিচ্ছি। মধুবন বলে একটা ছবি, কলি বলে একটা ছবি এবং দেবীগর্জন বলে একটা ছবি। এই ছবিগুলিতে একবার টাকা দেওয়া হয় নি। একবার একটা এ্যালাউন্স দেওয়া হলো এবং তাতে সেই ছবি সম্পূর্ণ হলো না। আবার তারা আবেদন করলো, উইদাউট প্রপার ইনভেষ্টিগেশান আবার তাকে এ্যালাউন্স দেওয়া হলো। আজকে ছবি তিনটির হদিস নেই। ছবি তিনটি কোন্ পর্যায়ে আছে, কটা রিল তৈরী হয়েছে, কটা পিস তৈরী হয়েছে, কটা নেগেটিভ তৈরী হয়েছে সেটা উনি জানেন না। জানার চেষ্টা করেছেন ছবি তিনটি কোন্ পর্যায়ে আছে? এটা তো সরকারের টাকা—মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির টাকা নয়, অথবা এটা তো কারোর পৈত্রিক সম্পত্তি নয়। এই হিসাব আপনাকে দিতে হবে। পর্যায়ক্রমে লক্ষ লক্ষ টাকা কেন দেওয়া হচ্ছে? ইনভেষ্টিগেশান না করে কেন ফারদার টাকা দেওয়া হচ্ছে গৌরী সেনের মতো? একটা ছবিও প্রকাশ পাচ্ছে না। আমরা রিপিটেডলি এই কথা বলছি যে, ছবিগুলিতে অনুদান দেওয়া সত্ত্বেও একটা ছবি আমাদের কাছে আসছে না। অথচ আপনি এই ছবিগুলির প্রকাশ করার চেষ্টা করছেন না। আমি যে এই তিনটি ছবির নাম বললাম, যাতে আপনি বারে বারে টাকা দিয়েছেন সেই ছবিগুলির ব্যাপারে আশা করি আপনি উত্তর দেবেন। আপনারা লেখকদের

অনুদান দিচ্ছেন, আমার তাতে আপত্তি নেই। অনেক দুস্থ লেখক আছেন, নূতন লেখক আছেন তাঁদের যদি আপনারা টাকা দেন তাহলে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু দেখেছেন কি লেখকগুলি কারা? কিছু কিছু লেখক আছেন যাঁরা অনুদান পেয়েছেন তাঁরা একটা বিশেষ মতাদর্শে বিশ্বাসী। কেন, মার্কসবাদে বিশ্বাস করেন না এমন কোন লেখক নেই, যাঁরা অনুদান পেতে পারেন? এই রকম একটা মানুষও নেই। আপনারা বলুন যে, মার্কসবাদে বিশ্বাস করে না এমন একজন লেখক সরকারের কাছ থেকে অনুদান পেয়েছে বা সাহায্য পেয়েছে তাদের পুস্তক রচনা করবার জন্য? একটা মানুষও আপনারা দেখাতে পারবেন না। আমি আপত্তি করছি না যে, মার্কসবাদীদের দেবেন না। সঙ্গে সঙ্গে আমি এই দাবি করছি যারা উপযুক্ত লেখক, যারা অনুদান পেলে সত্যিকারের নূতন কিছু সৃষ্টি করতে পারবে তাদের বঞ্চিত করবার অধিকার এই সরকারের থাকতে পারে না। বার বার যেটা বলতে চাই—একটা জঘন্য মানসিকতার জন্য তাঁদের বঞ্চিত করা হচ্ছে। শুধু তাই নয়, মার্কসবাদী বলতে ওনারা শুধু সি. পি. এম. কেই জানেন। যে-সমস্ত বইগুলিতে আপনারা অনুদান দিয়েছেন সেই বইগুলি কি পড়ে দেখেছেন তাতে কি সাপ-ব্যাঙ লেখা আছে? এমন এমন সমস্ত লেখকদের বই ছাপানো হয়েছে যেগুলি কোন পাবলিশার্স নেবে না। একমাত্র তাঁদের টাকা পাইয়ে দেবার জন্যই তাঁদের টাকা দেওয়া হয়েছে এবং পুস্তক ছাপানো হয়েছে। শুধু সরকার ৪শো, ৫শো কপি কিনে নিয়েছে তাঁদের তুলে দেবার জন্য। এইগুলি কি? এই লেখকদের বই-এর ব্যাপারে আরো একটা কথা বলি। স্যার, এই ব্যাপারে একটা কমিটি করা হয়েছে। সেই কমিটিতে কারা রয়েছেন সেটা আপনি একটু দেখবেন। সেই কমিটিতে যাঁরা রয়েছেন সম্পূর্ণভাবে তাঁদেরই দৃষ্টিভঙ্গি সেখানে প্রতিফলিত হচ্ছে। এমনভাবে সেই কমিটি করা হয়েছে যাতে কোন নিরপেক্ষতা থাকতে পারে না। সেই কমিটিতে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদবে। সেই কমিটিতে যোগ্যতার কোন বিচার হবে না। সেই কমিটি এমনভাবে করা হয়েছে যাতে মন্ত্রী মহাশয়ের নির্দেশ মত, তাঁর ইচ্ছা অনুসারে কাজ হবে। শুধু যে তাঁর ইচ্ছামতো কাজ হবে, তা নয় —কারণ তাঁর দপ্তরে তাঁকে চেয়ার থেকে সরিয়ে দিয়ে কো-অর্ডিনেশন কমিটি বসে আছে। কো-অর্ডিনেশন কমিটি যদি কাউকে অনুদান দেওয়ার ইচ্ছা প্রকাশ করেন তাহলে তিনি তাতে চোখ বুজে সই করে দেবেন। আর কিছু করার ক্ষমতা তাঁর নেই। আর ডিরেক্টার যিনি আছেন, তিনি সব কিছু ওভারলুক করছেন। কারণ তিনি একটা পরিবারের সাথে যুক্ত। এই ব্যাপারে আমি যদি কিছু বলি

তাহলে আপনি তো এক্সপাঞ্জ করবেন। যদি বলতে বলেন তাহলে বলে দিই। এই যদি চলতে থাকে তাহলে এটা তো একটা পারিবারিক সম্পত্তিতে পরিণত হবে! বুদ্ধদেববাবু বলেছিলেন যে, এনাকে ডিরেক্টার করো না, এ অযোগ্য। পাবলিক সার্ভিস কমিশান বলে দিল যে, এ অযোগ্য। এই মন্ত্রী চিফ মিনিষ্টারকে নোট দিলেন যে, এই ডিরেক্টারকে নেওয়া যায়। তখন চিফ মিনিষ্টার টার্মস জানলেন না, তিনি বলে দিলেন এ্যাপয়েন্ট দিস পারসন ডিরেক্টলি। কোথায় আছি আমরা! এটা কি নিয়মকানুন? আপনারা বলেন যে, আমরা নাকি সিগারেট বাক্সের মধ্যে লিখে চাকুরি দিয়েছি। আমরা তো কিছু লোককে চাকুরি দিয়েছি। আর জ্যোতিবাবু ডিরেক্টর করছেন পাবলিক সার্ভিস কমিশানকে উপেক্ষা করে। ইরেগুলারেটিস কারা করেছে সেটা আপনি বিচার করবেন। বুদ্ধদেববাবু তাঁকে নাকচ করে দিয়ে গেছেন। আপনি পারলে বুদ্ধদেববাবুর সেই রিমার্কসের ফাইল পড়িয়ে শোনাবেন। স্যার বিধানচন্দ্র রায়ের আমল থেকে আমাদের এখানে তথ্যচিত্র তৈরী হয়ে আসছে। আর এই সরকারে উনি আসার পর থেকে—বুদ্ধদেববাবু অবধি তথ্যচিত্র তৈরী হওয়া চালু ছিল—তথ্যচিত্র নির্মাণ বন্ধ হয়ে গেছে।

আমি প্রতি মাসে তথ্যচিত্র করার জন্য অনুরোধ করেছি। আজকে তথ্যচিত্র বন্ধ হওয়ার একটি মাত্র কারণ হচ্ছে এই তথ্যচিত্র কয়েকটি জায়গায় ব্যাপকভাবে দুর্নীতি করার পরে তথ্যচিত্র করা বন্ধ হয়ে গেল—যেমন ধরা পড়লো পেলের খেলা দেখানোর নাম করে একজন স্বনামধন্য সিনেমা আর্টিষ্ট স্বরূপ দত্তকে বেশ কিছু টাকা পাইয়ে দেওয়া হল। সেন্ট্রাল গভর্নমেন্টের এ্যাক্ট অনুসারে একটি তথ্যচিত্র ১০ মিনিট করে দেখানো যায়, কিন্তু এই তথ্যচিত্রটি ২৫ মিনিট দেখানো হল। এতে টাকা নেওয়া হয়েছিল, যার জন্য এটা ঘটতে পেরেছিল এবং যখন ধরা পড়লো তখন থেকে তথ্যচিত্র করা একেবারে বন্ধ হয়ে গেল। এই তথ্যচিত্র বা ডকুমেন্টারী করলে কিছু গরীব টেকনিসিয়ানদের উপকার হত। এই তথ্যচিত্র করবার সুযোগ নিয়ে কিছু টেকনিসিয়ানদের উপকার হত, তাদের রোজগার হত। আপনারা কিন্তু সেই সুযোগ থেকে বঞ্চিত করলেন এটা বন্ধ করে দিয়ে। আপনারা দারিদ্র্যের কথা বলেন, গরীব মানুষের কথা বলেন, অথচ চলচ্চিত্রে যে অস্থায়ী টেকনিসিয়ান যাঁরা আছেন এটা বন্ধ করার ফলে তাঁদের অর্ধাহারে কাটাতে হচ্ছে, তাঁদের রুজি-রোজগার বন্ধ হয়ে যাচ্ছে। এটা একটা ইম্পরটেন্ট ব্যাপার। স্যার, তারপরে মঞ্চ, সংস্কৃতির কথা বললেন। সেখানে আমি আপনার কাছে অনুরোধ করছি এই মঞ্চে ট্যাক্স আপনি মকুব করুন। ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে এই মঞ্চের ট্যাক্স নেওয়া হত না এবং আমাদের আমলেও আমরা তা কার্যকরী করিনি। কিন্তু আপনি এসেই সিনেমা,

মঞ্চ ইত্যাদির উপর ট্যাক্স বসিয়ে দিলেন, সমস্ত জায়গায় ট্যাক্স বসিয়ে দিলেন। থিয়েটারের নামে অর্থাৎ যাত্রা, থিয়েটার এবং মঞ্চে কি সর্বত্র কংগ্রেস দল রয়েছে —কেবল বিজন থিয়েটার ছাড়া। এই বিজন থিয়েটারটি কি কমিউনিষ্ট দ্বারা পরিচালিত যে, যেখানে সর্বত্র ট্যাক্স বসিয়ে দেওয়া হল অথচ বিজন থিয়েটারের ক্ষেত্রে ট্যাক্স মকুব করা হল কেন? এতে তো ষ্টেট এক্সচেকার বন্ধ হয়ে যাবে, টাকা আসবে না। সুতরাং এই জিনিস কেন করছেন? আমি আপনাকে অনুরোধ করছি এবং সুপারিশ করছি আপনি অবিলম্বে এই ব্যাপারে ট্যাক্স মকুব করুন, মঞ্চের লোকেদের আপনি ইন্‌সপায়ার করুন, প্রমোট করুন এবং বিজন থিয়েটারের ন্যায় সমস্ত পেশাদারী মঞ্চ থেকে আপনি ট্যাক্স মকুব করার ব্যবস্থা করুন এবং তাদের ইনসেনটিভ দেওয়ার ব্যবস্থা করুন। তাছাড়া এই ট্যাক্স ছাড়া করপোরেশানের যে-সমস্ত ট্যাক্স আছে, যে ট্যাক্সগুলি নেওয়া হয়ে থাকে সেগুলি যাতে না নেওয়া হয় তার ব্যবস্থা করুন। স্যার, তারপরে এখানে সঙ্গীত এ্যাকাডেমি করেছেন। এই সঙ্গীত এ্যাকাডেমির কর্মসূচী কি সেটা কিন্তু ঠিক করেন নি এবং এটার নাম আলাউদ্দিন এ্যাকাডেমি নাম দিয়েছেন। আপনারা এখানে কোন ওয়ার্কশপ সৃষ্টি করবেন না এই আমার অনুরোধ। আপনি সমস্ত কাজে গলদ করে রাখছেন। আপনাকে ষ্ট্রেটওয়েজে একটি কথা জিজ্ঞাসা করি, আপনি ক্যাটাগরিক্যালি তার উত্তর দিন। আপনারা কি কি ফাংশান এবং কি কি পরিকল্পনা রূপায়িত করতে পেরেছেন সে বিষয়ে কোন বাস্তব চিন্তাধারা দেখতে পাচ্ছি না। এতে অনেক বাস্তব রূপ দেওয়া সম্ভব হতে পারতো এবং এতে মানসিক ধ্যান-ধারণা দেওয়া যেতে পারতো, কিন্তু কিছুই এর মধ্যে পেলাম না। তারপরে অহীন্দ্র মঞ্চ আপনারা সি. আই. টি. থেকে তুলে নিয়ে সরকারী দপ্তরে আনলেন। এর ফলে লক্ষ লক্ষ টাকা আটকে যায় এবং এখানে একটা প্রজেকটর পর্যন্ত কেনা হয়েছিল, কিন্তু সেটা পড়েই আছে। এখানে যিনি দায়িত্বে আছেন, সরকারী দায়িত্বে আছেন, তাঁর নাম শান্তনু হালদার। ইনি হচ্ছেন এখানকার কেয়ারটেকার। তিনি লেন্স বিক্রি করে কয়েক লক্ষ টাকা চুরি করলেন। কিন্তু তাঁর বিরুদ্ধে কোন শো-কজ করা হল না, সাসপেণ্ড করা তো দূরের কথা, শো-কজ পর্যন্ত করলেন না। এমন কি কৈফিয়ৎ পর্যন্ত তলব করা হল না। লেন্স চুরি হয়ে গেল, লক্ষ টাকার মাল চুরি হয়ে গেল, এমন কি প্রজেক্টর পর্যন্ত চুরি হয়ে গেল, কিন্তু কোন শো-কজ পর্যন্ত করা হল না, যেহেতু তিনি একজন কো-অর্ডিনেশান কমিটির ইনফ্লুয়েনশিয়াল দলের লোক বলে। কো-অর্ডিনেশান কমিটির লোক বলে তাকে যদি ছেড়ে দেওয়া হয় তাহলে এটা তো একটা বিরাট অন্যায় হবে বলে আমি মনে করি। তারপরে ইনফরমেশান দপ্তরের

লোকরঞ্জন শাখাতে আসা যাক—এই লোকরঞ্জন শাখা সম্বন্ধে বলতে গেলে তো আপনারা রেগে যাবেন, চিৎকার করবেন। সেখানে এখন ডিগি-তবলা বাজিয়ে গান করা হচ্ছে, যেটা নাকি এককালে ডাঃ বি. সি. রায়ের মানস কন্যা ছিল। শুধু তাই নয়, সেই লোকরঞ্জন শাখাতে এখন মাও-সে-তুং এবং লেনিনের জীবনী নিয়ে চর্চা চলছে। তারপরে ওখানে আবার সলিল চৌধুরী বম্বের বাজার ডাউন হয়ে যাওয়াতে এখন কলকাতায় এসে ঢোল-করতাল নিয়ে নাচ-গান করে বেড়াচ্ছেন। অতীতে সেখানে যেসব নিদর্শন দেখা গেছিল আজ সেখানে তার কোন চিহ্ন পর্যন্ত নেই, সব বাদ দেওয়া হয়েছে, কার অধিকারে এগুলি বাদ দেওয়া হল, এইগুলি কার সম্পত্তি ?

[4.35 – 4.45 P. M.]

এইগুলি কংগ্রেসের সম্পত্তি নয়। আজকে সেইগুলিকে বাদ দিয়ে অপসংস্কৃতির কিছু কিছু জিনিস আমদানি করবার চেষ্টা করছেন। লোকরঞ্জন শাখার কোন কৃতিত্ব আজ কেউ শুনতে পান না। দিল্লীতে তাঁরা কি করে এসেছেন এটা সকলেই জানেন। লোকরঞ্জন শাখার শিল্পী নিয়োগের জন্য তাঁরা একটা কমিটি করেছেন। কিন্তু সেই কমিটি থেকে রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্তদের বাদ দিয়ে দিয়েছেন। বংশীবাদক হিসাবে যিনি রাষ্ট্রপতি পুরস্কার পেয়েছিলেন তাঁকে বাদ দিয়ে দলের একজন লোক হয়ত তিনি ভেঁপু বাজাতেন তাঁকে রাখা হয়েছে। লোকরঞ্জন এখন সিটুরঞ্জন হয়ে গেছে। উনি এখানে আজকে একটা অসত্য কথা বলেছেন। আমাদের সদস্য ফজলে আলি মোল্লা এক প্রশ্নোত্তরে বলেছেন, আনন্দবাজার ১৮ লক্ষ টাকার মতন এ্যাডভারটাইজমেন্ট পায় এবং গণশক্তি ৮ লক্ষ টাকার মতন পায়। আনন্দবাজার, অমৃতবাজার সম্পর্কে বললে বলেন আনন্দবাজার গ্রুপ অফ পাবলিকেশন, অমৃতবাজার গ্রুপ অফ পাবলিকেশন ৮ লক্ষ টাকা এবং গণশক্তি ৮ লক্ষ টাকার মতন পায়। গণশক্তির সঙ্গে নন্দন এবং দেশহিতৈষী কাগজগুলো রয়েছে। তাদের পাবলিকেশনের সঙ্গে টোটাল এ্যাডভারটাইজমেন্ট কত দয়া করে বলবেন কি ? আনন্দবাজার, অমৃতবাজার-এর ক্ষেত্রে হোল পাবলিকেশন। এই অপকৌশল অপসংস্কৃতির নাম মাত্র। সুতরাং হি ইজ মিসগাইডেড দি হোল হাউস। আজকে বসুমতী কাগজের কি হাল করেছেন ? বসুমতী কাগজকে গণশক্তি মতন তৈরী করছে। চার্চিল যে কথা বলেছিলেন সেই কথার পুনরুক্তি করে বলি যে, বসুমতী আমাদের কথা ছাপে, কিন্তু গালও দেয়। যাইহোক গণশক্তির মর্নিং সংখ্যা হয়ে দাঁড়িয়েছে। গণশক্তিকে আমরা চার্জ করি,

না, কি নিউজ তারা দেয় না দেয় তা আমরা ধরি না। কিন্তু বসুমতীকে চার্জ করি, কারণ এটা জনসাধারণের টাকায় চালিত। বসুমতী আজকে মর্নিং পেপার হয়ে গেছে গণশক্তির। সেইজন্য বলছি এর জন্য একটা আলাদা কর্পোরেশন করে দেওয়া হোক, স্ট্যাটুটারী বোর্ড করে দেওয়া হোক। এটা আলিমুদ্দিন ষ্ট্রীটের কাগজ নয়। এখানে প্রত্যেকদিনই লোক নিয়োগ করা হচ্ছে, ওপরওয়ালা স্টাফেদের অসম্মান করা হচ্ছে ক্লাস ফোর স্টাফ দিয়ে। সুতরাং এই যে ক্ষতি হচ্ছে এটা আমাদের দলের ক্ষতি নয়, এই ক্ষতি আপনাদেরও হবে। রুরাল ইনফরমেশন ডিপার্টমেন্টের কোন কাজ নেই। আগে কিছু কিছু ডকুমেন্টারী সিনেমা দেখান হোত, বহু কিছু প্রচারের ব্যবস্থা ছিল, কিন্তু বর্তমানে রুরাল ইনফরমেশন-র কোন কাজ নেই। রিজিওনাল ইনফরমেশন সেন্টার করা হয়েছিল, সেগুলি সব ডিফাঙ্কট্ হয়ে গেছে। আপনি গ্রাম থেকে এসেছেন, কিন্তু আপনি না বোঝেন গ্রাম আর না বোঝেন শহর। আপনাদেরই মন্ত্রী বুদ্ধদেববাবু ন্যাশনাল থিয়েটার করার জন্য জমি কিনে দিয়ে গেছেন, কিন্তু সেখানে আপনি একটা ইটও ফেলতে পারেন নি। এইভাবে আস্তে আস্তে আপনি এই ডিপার্টমেন্টকে অস্তিত্ব বিলোপ করে দিচ্ছেন। এই দপ্তর একটি প্রেসটিজ ডিপার্টমেন্ট। সি. পি. এম. এখানে একজন অপদার্থ মন্ত্রী বসিয়েছেন। যদি এই রকম অযোগ্য মন্ত্রীকে রাখা যায় তাহলে তার উপর চাপ সৃষ্টি করে অনেক কাজ করা যায়। এই বিভাগে দুর্নীতি ও ঘুষ চলছে বলে এই বরাদ্দের প্রতিবাদ করে এবং কাট মোশান সমর্থন করে শেষ করছি।

শ্রীকমলকান্তি গুহঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিরতির পূর্বে আমি হাউসে ছিলাম না, তবে এসে শুনলাম কিছু কিছু মাননীয় সদস্য এই আন্ত্রিক রোগের যে প্রকোপ দেখা দিয়েছে তা দিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। এ সম্বন্ধে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বিশদভাবে বলবেন। আমি সংক্ষেপে ২/১টা কথা এই ব্যাপারে বলে নিতে চাই। বিভিন্ন জেলায় যেখানে যেখানে এই রোগের প্রকোপ বেশী করে দেখা দিয়েছে সেখানে বিশেষজ্ঞ চিকিৎসক পাঠান হচ্ছে এবং জলপাইগুড়িতে ইতিমধ্যে একজন বিশেষজ্ঞ চিকিৎসক পাঠান হয়েছে। আগামীকাল আর একজন নিয়ে চিফ ইঞ্জিনীয়ার (টু), পাবলিক হেলথ জলপাইগুড়িতে যাচ্ছেন এবং সঙ্গে আমিও যাচ্ছি। আমাদের সঙ্গে ঔষধপত্রও যাচ্ছে। যেখানেই জল খারাপ হবার সংবাদ পাওয়া যাচ্ছে সেখানে জল শুদ্ধ করবার ব্যবস্থা হচ্ছে। আমি অনুরোধ করছি আপনারা সকলেই এই ব্যাপারে সহযোগিতা করুন।

শ্রীঅমিয়ভূষণ ব্যানার্জীঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ইনফরমেশন এ্যাণ্ড

কালচার ডিপার্টমেণ্টের বাজেট বরাদ্দ আমি পরিপূর্ণভাবে সমর্থন করে কয়েকটি কথা বলব। আমি সুব্রতবাবুর বক্তব্য মন দিয়ে শোনবার চেষ্টা করেছি, কিন্তু দেখলাম তাঁর বক্তব্য ফুল অব সাউণ্ড এ্যাণ্ড ফিউরি সিগনিফায়িং নাথিং। তবে উনি একটা কথা কেন বললেন আমি বুঝলাম না। উনি বললেন আমরা নাকি অপসংস্কৃতির দিকে যাচ্ছি। এ সম্বন্ধে আমি পরিপূর্ণভাবে পরে আলোচনা করব। ১৯৭৭ সালে আমরা যখন সরকারে আসি তখন দেখলাম একটা অপসংস্কৃতির ঢেউ দেশের মধ্যে প্রবাহিত হচ্ছে। স্কুল-কলেজের ছেলেমেয়েদের মধ্যে এবং অন্যান্য ক্ষেত্রে এই পরিবেশ ছিল। এই পরিবেশ কিন্তু এখনও আছে,-কারণ এই সমাজব্যবস্থার মধ্যে অপসংস্কৃতির পরিবেশ রোধ করা যায় নি এবং যাবে না। তবে আমরা এর বিরুদ্ধে লড়াই করে যাচ্ছি এবং যাব। আমি আশা করি তাঁরা এই ব্যাপারে আমাদের সঙ্গে সহযোগিতা করবেন। তবে এটা ঠিক কারণে অকারণে, ইচ্ছায়-অনিচ্ছায় এঁরা কিন্তু এই অপসংস্কৃতির ধারক এবং বাহক। সুব্রতবাবু অনেক কথা বলেছেন, তাই তাঁর সম্বন্ধে ২/১টি কথা বলতে চাই। পৃথ্বীশ নিয়োগী নামে এক ভদ্রলোককে তিনি চাকুরি দিয়েছিলেন তাঁর ডিপার্টমেণ্টে। কিন্তু তাঁর চাকুরি রাখা গেল না, কারণ বে-আইনীভাবে চাকুরি দিয়েছিলেন বলে তাঁর দলের মধ্যেই বিক্ষোভ সৃষ্টি হয়েছিল। তবে ওনাদের মধ্যে কে কবে কোন্ দলে আছেন সেটা বোঝা যায় না, কারণ সকাল বিকেল দল বদল হচ্ছে। তবে শুনলাম ওঁদের দলের আর একজনকে তিনি সি. এ. করেছিলেন, তবে তাঁকেও রাখা যায় নি। সুব্রতবাবুরা যখন ছিলেন তখন তাঁরা যা ইচ্ছে তাই করতেন। এখন আর সেই অবস্থা নেই, সেটা দূর হয়েছে। আমরা ৩৬-দফা কর্মসূচী গ্রহণ করে পরিষ্কারভাবেই বলেছিলাম অপসংস্কৃতির বিরুদ্ধে আমরা লড়াই করব এবং সুস্থ চেতনা দেশের মানুষের মনে জাগ্রত করব। আমাদের ওই ৩৬-দফা কর্মসূচীর মধ্যে এটাও ছিল এবং সেইভাবেই আমরা এই দপ্তর পরিচালনা করবার চেষ্টা করেছি। বামফ্রণ্ট সরকারের আর্থিক সীমাবদ্ধতা যা রয়েছে সেটা এই ডিপার্টমেণ্ট পরিচালনার ক্ষেত্রেও রয়েছে। তবে নীতিগতভাবে যদি দেখেন তবে দেখতে পাবেন আমরা কোন্ ডাইরেকশনে যাচ্ছি।

[4·45—4·55 P. M.]

একটু আগে বল্লেন অনেক কথা যে, নাকি সব মার্কসবাদী সাহিত্য চালান হচ্ছে। মার্কসবাদীদের উৎসাহ-উদ্দীপনা দেওয়া হচ্ছে। ৩০ বছর ধরে মার্কসবাদ

গ্রহণযোগ্য নয় বলা হয়েছে, কিন্তু বহু লোকের কাছে গ্রহণযোগ্য। শুধু যে মার্কসবাদীদের দেওয়া হচ্ছে একথা সত্য নয়। যেমন চিত্র সাহিত্য সংগীত, লোকসংস্কৃতি, আদিবাসী সংস্কৃতি—সমস্ত ব্যাপারে আমরা প্রস্তাব নিয়েছি। সেই সাহিত্যের, সেই কলার এবং তার যে উপযুক্ত লোকেরা আছে, তারা কোন্ রাজনৈতিক দলবিশেষ, কোন্ রাজনৈতিক মতে বিশ্বাসী একথা আমরা মোটেই ভাবিনি এবং সেই ভাবেই আমরা প্রস্তাব গ্রহণ করেছি। তাদের পরামর্শ নিয়ে এই সমস্ত কাজকর্ম সমস্ত কিছু চালিয়ে যাওয়া হচ্ছে। গ্রন্থ প্রকাশনের ক্ষেত্রে সেই একই রকম ভাবেই দেখা যাবে আমরা সেই একই নীতিই গ্রহণ করেছি। প্রথম বছরে ৯৯ জন এই সাহায্য পেয়েছে। ১৯৮১-৮২ সালে প্রায় ৮৮ জন এবং তারপর ১০০ জনকে এই সাহায্য দেওয়া হয়েছে। ১৯৮১-৮২ সালে প্রায় ৩ লক্ষ ৭০ হাজার টাকার মত সাহায্য করা হয়েছে। ১৯৮২-৮৩ সালে প্রায় ৪ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছে এবং এই অনুদান শুধু কমিউনিষ্টের লোকেরাই পান নি। এই অনুদান পেয়েছে প্রভাতকুমার মুখার্জি, মন্মথ রায়, নিমাইচন্দ্র ঘোষ, দীনেশ দাস এবং স্বনামধন্য প্রবোধ সেন এবং আরও অনেকের নাম আমি করতে পারি। এটাই কি প্রমাণ করে যে একটা বিশেষ রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে, একটা বিশেষ রাজনৈতিক দলের লোকদের আমরা সরকারী টাকা পাইয়ে দিচ্ছি। এতেই প্রমাণ হচ্ছে না কি যে, এই দেশে যেসব বিভিন্ন ধরনের কালচারাল লোক আছে যাঁদের সংগে আমরা একমত না হলেও কালচারালের বিভিন্ন দিক যাতে সম্পূর্ণ-ভাবে পুষ্প প্রস্ফুটিত হয় তার জন্য আমরা চেষ্টা করছি। এর ফলে জনসাধারণ দেখতে পাবে কোন্‌টা সম্ভব, কোন্‌টা অসম্ভব, কোন্‌টা শেষ পর্যন্ত টিকবে, কোন্‌টা টিকবে না। কারণ কালচার এমন একটা জিনিস যার শেষ কথা দু/একটা দিন কেন ২/৪ বছর বা ২/৪ দশকেও শেষ হবে বলে কিছু নেই। এটা একটা কনটিনিউয়াস প্রসেস এবং সেই অবস্থাতেই এটা চলছে। এছাড়াও আপনারা দৃষ্টিভঙ্গির কথা বলছেন। আমাদের এই বাংলাদেশে আমরা জানি আমরা বাঙালী হলেও এখানে সমস্ত ভাষাভাষী লোকদের একটা মিলনক্ষেত্র আমরা তৈরী করেছি। সমস্ত ভাষাভাষী লোকদের জন্য সমস্ত ভাষার যাতে শ্রীবৃদ্ধি হয় তার চেষ্টা করছি। তাকে উৎসাহ দেবার জন্য প্রেমচাঁদের মত সাহিত্যিক, তাঁর যে বক্তব্য সেটা চার খণ্ডে প্রকাশ করার চেষ্টা হচ্ছে। প্রথম খণ্ড খুব শীঘ্র বেরিয়ে যাবে। কাজেই এখানে প্রমাণ হচ্ছে যে, পশ্চিমবঙ্গ সরকারের একটা দৃষ্টিভঙ্গি আছে এবং সেই দৃষ্টিভঙ্গিকে লক্ষ্য রেখেই আমরা এই সব কাজ করবার চেষ্টা করছি। এই এসেম্বলীর উপরতলায় গেলেই দেখতে পাবেন যে, বিভিন্ন রকমভাবে—কি জ্ঞান-বিজ্ঞানের

বিভিন্ন ক্ষেত্রে এবং নানা ধরনের পুস্তকের প্রকাশন চলছে এবং এই প্রকাশনগুলি অত্যন্ত মূল্যবান হবে নিজেদের ক্ষেত্রে এবং ভারতবর্ষের ক্ষেত্রেও—একথা অস্বীকার করা যাবে না। তারপর দেখুন যেসব শিল্পীরা নানাভাবে অর্থনৈতিক অনটনের মধ্যে পড়েছে তাদের নানাভাবে আর্থিক সাহায্য করা হচ্ছে। রাজ্য সংগীত একাডেমী করা হয়েছে। চারুকলা ভাস্কর্যের ক্ষেত্রেও সরকারী সহায়তা এই প্রথম দেওয়া হচ্ছে। কারণ আমাদের মনে রাখতে হবে পশ্চিমবাংলা শিল্প, ভাস্কর্য, সংগীত চিত্রকলার বিভিন্ন ক্ষেত্রে যথেষ্ট অগ্রসরমান। তাকে আরও একধাপ এগিয়ে নিয়ে যাবার জন্য আমরা চেষ্টা করে যাচ্ছি। তাকে আমরা সংকীর্ণতার দৃষ্টিভঙ্গিতে আচ্ছন্ন করি নি যে, কে আমাদের পার্টির ছাপ নিল বা কে আমাদের পার্টির ছাপ নিল না—এ জিনিস আমরা দেখবার মোটেই চেষ্টা করিনি। আজকে আমরা সেই কথাটাই এখানে বলবার চেষ্টা করেছি। যে-সমস্ত বাঙালী আজকে সংস্কৃতির সাধনায় প্রস্ফুটিত হবে, আজ না হোক কাল জনসাধারণ তাদের দেখে নেবে যে তাদের এই ইন্ধন জুগিয়েছে। অনেক শিল্পীকে ২০ হাজার টাকা পর্যন্ত সাহায্য দেওয়া হয়েছে। এটা কখনই হয় নি। সুব্রতবাবু থাকলে আমি জিজ্ঞাসা করতাম যে, উনি যখন এই দপ্তরের মন্ত্রী ছিলেন কতজন এইভাবে শিল্পীরা সাহায্য পেয়েছে? কোন্ নাট্যকর্মীদের ৩০০ টাকা করে মাসিক ভাতা দেওয়া হয়েছিল?

যদিও ৩০০ টাকা আজকের দিনে যথেষ্ট নয়, তবুও শুরু করা হয়েছে যাতে তারা একটু নিশ্চিন্ত ভাবে এই শিল্পকর্মের দিকে মনোনিবেশ ভালভাবে করতে পারেন। তার জন্য আবার গিরিশ মঞ্চ এবং দক্ষিণে মাইকেল মধুসূদন মঞ্চ নির্মাণ করা হচ্ছে। এই সবের মাধ্যমে আমরা সেই একই কাজ করবার চেষ্টা করছি। আপনারা জানেন, লোকসংস্কৃতি পর্ষদ গঠন করা হচ্ছে এবং সেই লোকসংস্কৃতি পর্ষদের নানা ক্ষেত্রে সিউড়িতে যে সিধু-কানু উপজাতি চর্চা কেন্দ্র এবং ঝাড়গ্রামে একটা উপজাতি চর্চা কেন্দ্র করা হচ্ছে এবং অলচিকি যে ভাষা, সেটাও গ্রহণ করা হয়েছে, এর মাধ্যমে একটা দৃষ্টিভঙ্গীর প্রশ্ন আছে, কারণ এই বাংলাদেশে আমরা জানি যেমন নেতাজীরা আছেন, যেমন আমাদের আদিবাসীরা আছেন, এই আদিবাসীদের ভাষার স্বীকৃতি নিয়ে তাঁদের একটা বিক্ষোভ ছিল, বামফ্রন্ট সরকার সর্বপ্রথম অলচিকি অক্ষরকে স্বীকৃতি দিয়ে একটা নতুন দিগন্তের উন্মোচন করেছেন, এই কথা জোরের সঙ্গে আমরা বলবো, এই সব কাজের মধ্যে দিয়ে দেখা যাচ্ছে, আমরা অগ্রসর হওয়ার চেষ্টা করছি। আবার ওরা রুগ্ন শিল্পের কথা বলেছেন—হ্যাঁ, ঠিকই, বাংলাদেশের শিল্প অনেক পরিমাণে রুগ্ন হয়ে গেছে। এই রুগ্ন শিল্পকে বাঁচাবার জন্য আমাদের বামফ্রন্ট

সরকার যথেষ্ট ভাবে এই শিল্প যাঁরা রচনা করেন, তাঁদের সাহায্য করছেন। কিন্তু বিভিন্ন সিনেমা হলগুলো—মনে রাখতে হবে তাদের এবং সকলকে মনে রাখতে হবে, আমরা একটা ধনতান্ত্রিক অর্থনৈতিক পরিবেশের মধ্যে বাস করছি। কাজেই এই হলগুলো এবং তার নিয়ন্ত্রণকর্তা ধনী লোক, তাঁরা দেখেন কিসে লাভ হয়। যদি হিন্দী ছবিতে অনেক বেশী লাভ হয়, তাহলে সেই ছবি আনবেন, বাংলা ছবি আনবেন না। সেখানে একটা সংশয় দেখা দিচ্ছে। সেই জন্য আজকে কয়েক বছর ধরে প্রেসিডেন্টের কাছ থেকে পার্মিশন নেবার চেষ্টা হচ্ছে যাতে এই সমস্ত হল-গুলো বাংলা ছবি দেখাতে বাধ্য হয় তার ব্যবস্থা করবার জন্য। আইন রচনা করে প্রেসিডেন্টের কাছে পাঠানো হয়েছে, কিন্তু এখনও তার সম্মতি পাওয়া যায় নি। আশা করি এই সম্মতি মিলবে। আর সম্মতি যদি না মেলে তাহলে বুঝতে হবে যে, কোথায় কি হচ্ছে। নিশ্চয়ই আর নতুন করে বলার প্রয়োজন হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সর্বশেষে এই কথা বলবো, আমরা আজকে সংস্কৃতির ক্ষেত্রে যে চেষ্টা করছি, আমরা জানি সমগ্র দেশে নানা ধরনের সংস্কৃতি-বিরোধী শক্তি, সে কখনও সাম্প্রদায়িকতাবাদ, কখনও প্রাদেশিকতাবাদ, কখনও নিয়তিবাদ, নানা রকম ভাবে আত্মপ্রকাশ করে, তার বিরুদ্ধে আমরা সচেতন ভাবে, সক্রিয়ভাবে জনমনে একটা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে অগ্রসর হওয়ার জন্য এই সমস্ত শক্তিকে প্রতিহত করবার জন্য আমরা অগ্রসর হয়েছি এবং সেই অগ্রসর হওয়ার দিকে লক্ষ্য রেখে এই বাজেট বরাদ্দ যা এখানে রাখা হয়েছে, তাকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বর্তমানে পশ্চিম-বাংলার ইনফর্মেশন এ্যাণ্ড কালচারাল এ্যাফেয়ার্সের মিনিষ্টার তাঁর বাজেট বরাদ্দ যা এখানে পেশ করলেন, তার আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে, বর্তমানে ইনফর্মেশন ডিপার্টমেন্ট-এর ইনফর্মেশন হয়েছে অসত্য তথ্যে ভরা, পশ্চিমবাংলার মানুষের কাছে এবং মানুষের স্বার্থ-বিরোধী কতগুলো অসত্য তথ্যে ভরা পুস্তিকা এই ইনফর্মেশন ডিপার্টমেন্টের মাধ্যমে প্রচার করা হয়। আর কালচারাল এ্যাফেয়ার্স হয়ে গেছে একটা অপসংস্কৃতির আড্ডাখানা। তাই ইনফর্মেশন এ্যাণ্ড কালচারাল এ্যাফেয়ার্সের মিনিষ্টার যে অযোগ্যতা দেখিয়েছেন, এই ডিপার্টমেন্ট একটা পার্টির, একটা দলীয় স্বার্থে কাজ করে, সেই জন্য আমি এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করছি।

[4.55—5.05 P. M.]

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এই অপসংস্কৃতির বিরুদ্ধে আমরা যখন এই বিধানসভায় জেহাদ ঘোষণা করছি এবং পশ্চিমবাংলার মাইনরিটি মানুষের ভোটে এখানে এসেছেন, মেজরিটি মানুষ যখন এদের অপসংস্কৃতির বিরুদ্ধে লড়াই করছে ঠিক সেই সময় পশ্চিমবাংলার মহামান্য হাইকোর্টকে আমরা ধন্যবাদ জানাই, আন্তরিক শ্রদ্ধা জানাই যে, হাইকোর্ট সম্পূর্ণভাবে আমাদের সঙ্গে সহযোগিতা ও জাষ্টিস দিয়ে যাচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয় হয়ত জেনে অখুশী হবেন, তিনি যে যাত্রা এবং থিয়েটারের উপর প্রমোদকর বসাবার পরিকল্পনা করেছিলেন মহামান্য হাইকোর্ট তার বিরুদ্ধে ইনজাংশান দিয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, যে অপসংস্কৃতি সংস্কৃতির বিরুদ্ধে কালচার হচ্ছে সেই হিষ্ট্রি সিলেবাসের অবলুপ্তির কথা নিশ্চয় মাননীয় মন্ত্রীর মনে আছে। এটা তাঁর ডিপার্টমেন্টের মধ্যেই পড়ছে। স্যার, হিষ্ট্রি সিলেবাস সম্পর্কে হাইকোর্ট সম্পূর্ণভাবে ইনজাংশান দিয়েছিল, সেখান থেকে আমরা বিচার পাচ্ছি। এই সরকারের তরফ থেকে ইনফর্মেশন এ্যাণ্ড কালচারাল এ্যাফেয়ার্সের যে বাজেট পেশ করা হয়েছে সেই বিষয়ে মাননীয় সুব্রত মুখার্জী কলকাতা কেন্দ্রিক অনেক তথ্য দিয়ে গেলেন। কিন্তু স্যার, আমি গ্রাম বাংলার মানুষ। আমি তাই গ্রাম বাংলার একজন ক্ষুদ্র কংগ্রেস কর্মী হিসাবে গ্রাম বাংলার কথাই বলব। মাননীয় অমিয় ব্যানার্জী একটু আগে সিধু-কানু চর্চার কথা বলে গেলেন, আমি সেখান থেকেই শুরু করছি। সিউড়িতে মফঃস্বলের তথ্য সংস্কৃতি ভবন রয়েছে। মাননীয় অমিয় ব্যানার্জী মহাশয় সিউড়ির সিধু-কানু চর্চার কথা যে বলে গেলেন, আমি তাঁকে বলতে চাই যে সেখানে সিধু-কানুর চর্চা হচ্ছে না, সেটা পি. এম. পলিটব্যুরোতে কনভার্ট হয়ে গেছে। আদিবাসীবন্ধুরা সেই তথ্য কেন্দ্রে গিয়ে তাদের পক্ষে কোন রিপোর্ট পান নি। এই আদিবাসী বন্ধুদের নাম হচ্ছে * * * * । গত ১৬-৩-৮৩ তারিখে সিউড়ি সার্কিট হাউসে এই সিধু-কানু চর্চা কেন্দ্রের অফিসার যিনি আছেন তাঁকে জিজ্ঞাসা করতে গিয়েছিলেন, আমরা আদিবাসী ভাই, আমাদের জন্য কি করা হবে—তার কোন উত্তর দেওয়া হয় নি।

মিঃ ডেপুটি স্পীকার ঃ নামটা করা যাবে না, ওটা এক্সপাঞ্জ হবে।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ এটা কোন এ্যালিগেশন নয়, দুটো লোক এনকোয়ারি করতে

Note ; * Expunged as ordered by the Chair,

গিয়েছিল, তাদের নাম উল্লেখ করলাম। আপনি এই দুটি নাম এক্সপাঞ্জ করে দিলেন ? এদের নাম আপনি এক্সপাঞ্জ করবেন না। ইউ হ্যাভ নো রাইট টু এক্সপাঞ্জ ইট। এই ভাবে এক্সপাঞ্জ করা চলবে না। আজকে গ্রাম বাংলায় অপসংস্কৃতির নাম করে সিধু-কানু চর্চা সেন্টার খোলা হয়েছে। এটার অপব্যবহার হচ্ছে। সিউড়ি সদর হাসপাতালে এখন শয্যার খুব অভাব আছে। আমার সাজেশান হচ্ছে, এই সাইনবোর্ডটিকে খুলে নিয়ে সিধু-কানু চর্চা সেন্টারটিকে হেল্‌থ ডিপার্টমেন্টের কাছে ট্রান্সফার করে দিন, তাতে সিউড়ির মানুষ উপকৃত হবে। ওখানে গরীব মানুষের জন্য কিছু নতুন বেড সৃষ্টি হবে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে জানাচ্ছি গ্রাম বাংলায় এই ইনফর্মেশন এ্যাণ্ড কালচারাল এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট টোটালি ফেলিওর হয়েছে। কলকাতার পাবলিকেশনে লক্ষ লক্ষ টাকা দিচ্ছেন, গণশক্তি ৮ লক্ষ টাকার পাবলিকেশন পেল, কিন্তু গ্রাম বাংলার মানুষের স্বার্থে এক চিলতেও যাবে না। স্যার, গ্রামবাংলার একটি পত্রিকাও ১০ হাজার টাকার বেশী ইয়ারলি এ্যাডভারটাইজমেন্ট পায় না। ওখানে এমন এমন পত্রিকা আছে যারা খরচের অভাবে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে। কিন্তু যাদের এডিটোরিয়াল পড়লে আপনি নিজে কিছু গঠনমূলক কথা পাবেন, সেই সমস্ত পত্রিকা অবহেলিত হয়ে রয়েছে। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি আপনি শহর কেন্দ্রিক হয়েছেন এবং এই সরকার শহরের সরকার হয়েই এসেছে। তিনি যে শহর কেন্দ্রিক হয়েছেন, এটা পরিষ্কার হয়ে গেছে।

কলকাতাকে তিলোত্তমা করার কথা আপনারা বলেছেন, আমরা তার প্রতিবাদ করছি না, কিন্তু গ্রাম বাংলাকে শ্মশানে পাঠিয়ে দিয়ে কলকাতাকে চিরকাল বাঁচিয়ে রাখা যায় না, এ কথাটা আপনাদের জানিয়ে দিতে চাই। স্যার, আপনার মাধ্যমে আমি ইনফরমেশান এ্যাণ্ড কালচারাল এ্যাফেয়ার্সের মিনিষ্টারকে বলছি, বিজ্ঞাপন দেবার ক্ষেত্রে তার বেশ কিছু অংশ মফঃস্বলের পত্রিকার জন্য নির্দিষ্ট করে রাখুন। সেখানে কোন পত্রিকা কংগ্রেস করছে না সি. পি. এম. করছে তা না দেখে মফঃস্বলের সমস্ত পত্রিকাতে বিজ্ঞাপন দেবার ব্যবস্থা করুন। এর পর আমি স্যার, 'রবীন্দ্র ভবনের' প্রসঙ্গে আসছি। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, কলকাতার ব্যাপারে আপনাদের অপদার্থতা তো আছেই, মফঃস্বলের দিকেও যে আপনাদের নজর নেই তারই প্রমাণ দিচ্ছি। স্যার, আমাদের সময় আমরা বিভিন্ন মফঃস্বল শহরে যে সমস্ত রবীন্দ্রভবন করেছিলাম সেখানে আমরা আশা করেছিলাম সেগুলিতে কালচারের ব্যবস্থা করা হবে। কিন্তু স্যার, আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, সেগুলির মেনটেনেন্স ঠিকমত হচ্ছে না। সব জায়গায় সেখানে ষ্টাফ পর্যন্ত

নেই। মফঃস্বলের যে-সমস্ত রবীন্দ্র ভবন অর্ধেক হয়ে পড়েছিল সেগুলির প্রতিও কোন নজর দেওয়া হচ্ছে না। কলকাতাকে তো তিলোত্তমা করতে পারছেনই না, আবার অপর দিকে মফঃস্বলকেও শেষ করে দিচ্ছেন। এই যদি অবস্থা হয় তাহলে ইনফরমেশান এ্যাণ্ড কালচারাল এ্যাফেয়ার্সের মিনিষ্টারের থাকার যৌক্তিকতা কোথায়? - স্যার, আমি আগেই বলেছি, এই রবীন্দ্র ভবনগুলির যথাযথ মেনটেনেন্স নেই এবং সব জায়গায় ষ্টাফ পর্যন্ত নেই। যে-সব জায়গায় ষ্টাফ আছে তারা যখন যে সরকার থাকে তার মন যুগিয়ে চলতে চেষ্টা করে। এটা অবশ্য স্বাভাবিক, আমাদের আমলেও হয়েছে, আপনাদের আমলেও হচ্ছে। আমি এ সম্পর্কে কোন বিতর্কে যাচ্ছি না, কিন্তু আমি বলব, তার মধ্যে একটা লিমিটেশান থাকা দরকার। There should be some limitation. আমরা দেখছি, আপনারা নগ্নভাবে এইসব জিনিস করছেন। স্যার, আমাদের আমলে আমরা মার্কসকে রাখি নি, লেনিনকে রাখি নি, রবীন্দ্রনাথকে রাখি নি, নজরুলকে রাখি নি—একথা কোন দিন কেউ বলতে পারবেন না, কিন্তু এখন কি দেখছি? এখন দেখছি, নগ্নভাবে আপনারা অপসংস্কৃতির আমদানী করছেন। আমরা দেখছি, মার্কসের তথ্যের অপব্যবহার করে তা আপনারা প্রচার করার চেষ্টা করছেন। আমরা দেখছি, সংস্কৃতির নামে মার্কসের ভুল তথ্য সেখানে প্রচার করা হচ্ছে সাধারণ মানুষের কাছে। আমি কনক্রিট এগ্‌জাম্পল দিয়ে বলতে পারি মার্কসের যে তথ্য প্রচার করা হচ্ছে তা ভুলেভরা। মাননীয় মন্ত্রী মহাশয়কে তাই বলব, যেভাবে আপনার দপ্তর চলছে, বিশেষ করে কালচারাল এ্যাফেয়ার্সের ব্যাপারটা, তাতে পশ্চিমবাংলার কৃষ্টি এবং সংস্কৃতি একেবারে বিসর্জন দেওয়া হচ্ছে। পশ্চিমবাংলার কৃষ্টি এবং সংস্কৃতি একেবারে বিসর্জন দিয়ে যদি রাশিয়া এবং চীনের কৃষ্টি পশ্চিমবাংলায় স্থাপন করতে চান তাহলে বলব, কাশ্মীরের আপেল যেমন আউসগ্রামে চাষ করা যায় না, ঠিক এক্ষেত্রেও সেই অবস্থাই হবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে তাই বলব, আপনিও মহাপুরুষ নন, আমিও মহাপুরুষ নই, আপনি যে পার্টিতে বিলং করেন তাতে আপনি মার্কসের তথ্য নিশ্চয় প্রচার করবেন। Don't abolish the national culture. জাতীয় চিন্তাধারা এবং সংস্কৃতিকে এ্যাবলিশ করার চেষ্টা করবেন না। এরপর আমি যাত্রার কথায় আসছি। স্যার, আপনি জানেন, গ্রামবাংলার যুবকরা যাত্রা করেন। এটা হচ্ছে তাদের ইনকামের একটা সোর্স। অনেক যুবক যাদের কোন সোর্স অব ইনকাম নেই তারা গ্রামবাংলার বুকে যাত্রা নিয়ে গিয়ে তার থেকে কিছু ইনকাম করেন এবং তা দিয়ে অনেক সময় তাদের ভরণপোষণ চালান। আমরা

দেখছি, এই যাত্রার উপর আঘাত হানা হচ্ছে। আমরা আশা করেছিলাম ইনফরমেশান এ্যাণ্ড কালচারাল এ্যাফেয়ার্সে'র মিনিষ্টার ফাইনান্স মিনিষ্টারের কাছে এর বিরুদ্ধে প্রতিবাদ জানাবেন।

[5 05—5 15 P.M.]

আপনি প্রতিবাদ জানাবেন ফাইনান্স মিনিষ্টারের কাছে যে, যাত্রার উপর থেকে ট্যাক্স তুলে নাও। ৫ টাকার টিকিট বা ১০ টাকার টিকিটের উপরে কোন ট্যাক্স ধার্য করা চলবে না—এই কথা আপনার বাজেট বক্তৃতায় থাকবে বলে আমরা আশা করেছিলাম। কিন্তু সেটা আমরা দেখলাম না। কারণ গ্রাম বাংলার উন্নতি, গ্রামের সংস্কৃতি, গ্রামের যুবকদের জন্য কোন প্রচার আপনারা চান না। আপনারা নিজেদের দলীয় স্বার্থকেই বড় করে দেখে আসছেন। আপনাকে অনুরোধ করছি যে, আপনি গ্রামবাংলার যুবকদের জন্য, যাত্রার জন্য চিন্তা করুন। তাছাড়া কিছু কিছু পুস্তক মফঃস্বল শহরে প্রচার করার ব্যবস্থা করুন। আপনি ৭০ পারসেণ্ট নিজের চিন্তাধারা, আর ৩০ পারসেণ্ট জাতীয়তাবাদী চিন্তাধারা রেখে পুস্তকগুলি প্রচার করার চেষ্টা করুন। সেই পুস্তকগুলি যাতে গ্রামের যুবকেরা হকারী করে বিক্রয় করতে পারে তার জন্য ব্যবস্থা করুন। সেটা আপনাদের সি. পি. এম. দলের লোকেরাই বিক্রয় করুক। তাতেও কিছু আন-এমপ্লয়মেণ্ট প্রবলেম সলভ হবে। কিছু বেকার মানুষের রুজি-রোজগারের ব্যবস্থা হবে। কিন্তু এই বিষয়ে কোন চিন্তাধারা দেখছি না। সবই সেই পুরানো কথা যে, কংগ্রেস কি করে নি, কেন্দ্র কি করেছে। অমিয়বাবুর বক্তৃতায় শুধু এই কথাই দেখলাম। এই আলোচনা করে লাভ কি? আমরা কি করিনি, আমরা কি করতে পারিনি, সেটা নিয়ে কি আপনারা কম্পিটিশান দেবেন, না, আমরা যা করতে পারিনি সেটাকে নতুনভাবে রূপ দিয়ে পশ্চিমবাংলার সাংস্কৃতিকে, পশ্চিমবাংলার কৃষ্টিকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করবেন? আপনাদের সেই এগিয়ে নিয়ে যাবার কোন পরিকল্পনা দেখছি না। আপনার বাজেট বক্তৃতায় তার কোন উল্লেখ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে, আপনি নিশ্চয়ই দেখেছেন যে আগে গ্রামেগঞ্জে লোকরঞ্জন শাখা একটা স্পেশাল এ্যাট্রাকশান ছিল। বিভিন্ন থিম, বিভিন্ন সাবজেক্টের উপরে এরা প্রোজেকশান করতো এবং সেগুলি গ্রামের মানুষের কাছে তুলে ধরতো। গ্রামের মানুষ-এর থেকে অনেক শিক্ষা পেত এবং অন্য দিকে তাদের মধ্যে একটা এ্যামিউজমেণ্ট হত। আজকে সেই প্রচার সংখ্যা কমে

যাচ্ছে। আপনি সেখানে মার্কসকে দেখান, রবীন্দ্রনাথকে রাখুন, নজরুলের চিন্তাধারা রাখুন। আজকে বাই এনি মিন্স লোকরঞ্জন শাখার পারফরম্যান্স কমে যাচ্ছে। আজকে লোকরঞ্জন শাখার কোন প্রচার গ্রামে-গঞ্জে নেই। আমরা ছোটবেলায় দেখতাম যে, তথ্য বিভাগ থেকে গ্রামে-গঞ্জে ফিল্ম দেখান হচ্ছে। বিভিন্ন এডুকেশনাল প্রোজেক্ট, ইণ্ডাষ্ট্রিয়াল প্রোজেক্ট, এমপ্লয়মেণ্ট ওরিয়েণ্টেড প্রোজেক্ট, তথ্যচিত্র করে গ্রামের মানুষকে দেখান হত। এই সমস্ত তথ্যচিত্র গ্রামের মানুষদের দেখিয়ে তাদের বোঝান হতো যে, এইভাবে তোমরা এগিয়ে যাও। গ্রামের যারা ইললিটারেট মানুষ, যারা লেখাপড়া জানে না, তারা এইসব তথ্যচিত্র দেখে বুঝতে পারত এবং কিছু শিক্ষা পেত। আপনি আসার পরে আপনার বাজেট বক্তৃতায় তার কোন উল্লেখ পেলাম না। সেইরকম কোন স্কীমের কথা সেখানেপেলান না। There is no such specific scheme. এটাকে কি করে বাড়ান যায় তার চেষ্টা আপনি করুন। আজকে লিমিটেড ওয়েতে গ্রামের মানুষের মধ্যে কিভাবে এটাকে বাড়ান যায় তার চেষ্টা করুন। আপনার চিন্তাধারা এবং জাতীয়তাবাদী চিন্তাধারায় টোটাল পশ্চিমবাংলার সংস্কৃতি এবং কৃষ্টির দিকে লক্ষ্য রেখে তথ্যচিত্রের মাধ্যমে গ্রামের মানুষকে কিভাবে শিক্ষিত করা যায় তার কোন চিন্তাধারা আপনার বাজেটে দেখলাম না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর রিপিট করতে চাই না। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে, ছোট ছোট পত্রিকা যেগুলি আছে, সেগুলিকে এ্যাডভারটাইজমেণ্ট দিয়ে বাঁচিয়ে রাখতে হবে। গ্রামে-গঞ্জে এমন জায়গা আছে যেখানে বড় বড় পত্রিকা পৌঁছাতে ৩/৪ দিন সময় লেগে যায়, সেখানে ছোট ছোট পত্রিকাগুলিকে বাঁচাবার জন্য কি পরিকল্পনা আপনি করেছেন? There is no project. There is no scheme in his Budget speech. ছোট ছোট পত্রিকাগুলিকে বাঁচিয়ে রাখার কোন স্কীম বা প্রোজেক্ট বাজেট বক্তৃতায় দেখছি না। তাহলে কি আমরা মেনে নেব যে উনি শহরের উন্নতি করতে পারছেন না, শহরের সিনেমার উন্নতি করতে পারছেন না, মঞ্চের বিকাশ করতে পারছেন না, ওনার ডিপার্টমেণ্ট টোটালি ফেলিওর? তাই যদি হয় তাহলে এই ফেলিওর ডিপার্টমেণ্টকে টাকা দিয়ে কি লাভ? হোয়াট ইজ দি ইউস? এই ডিমাণ্ডকে গ্রাণ্ট করে কোন লাভ নেই। তাই আমি আমার তরফ থেকে টোটাল ডিমাণ্ডকে বর্জন করে এবং আমাদের সমস্ত কাট মোশান যেটা কাশীবাবু দিয়েছেন সেটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী অপরাজিতা গোপ্পীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে ব্যয়-

বরাদ্দের বাজেট এখানে পেশ করা হয়েছে, আমি তাকে সমর্থন করে কয়েকটি কথ বলতে চাই। এতক্ষণ ধরে বিরোধী সদস্যদের বক্তব্য শুনছিলাম। মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ যে কথাগুলি বললেন, আমি তাঁর কথাগুলি শুনছিলাম এবং ভাব ছিলাম। আমরা ভুলে যাই নি ১৯৭২ থেকে ১৯৭৭ সালে অন্ধকারময় দিনগুলি কথা। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা জানি একটা জাতির সংস্কৃতিই হচে তার আসল পরিচয়। আমাদের মনে আছে প্রাক্-স্বাধীনতা যুগে ভারতবর্ষ তা সাংস্কৃতিক ঐতিহ্য এবং চিন্তাধারার মধ্যে দিয়েই বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াইয়ে অবতীর্ণ হয়েছিল এবং মানুষ ঐক্যবদ্ধভাবে যে লড়াই করেছিল ত তৎকালীন ভারতবর্ষের শিল্প, সাহিত্য, সংগীত এবং কবিতার মধ্যে দিয়ে আমর আজও জানতে পারি। আমরা জানি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রসারিত হাত ভারতবর্ষের গণ্ডির মধ্যেই সীমাবদ্ধ ছিল না, ভারতবর্ষের গণ্ডির বাইরেও তা প্রসার লাভ করেছিল, সমগ্র পৃথিবীর দিকে তা এগিয়ে গিয়েছিল। তাই তে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর গেয়েছিলেন "হেথায় আর্য্য, হেথায় অনার্য্য, হেথায় দ্রাবিড় চীন, শক্ হুণ দল, মুঘল পাঠান এক দেহে হল লীন।" তাঁর এই চিন্তা-ধারার মধ্য দিয়ে ভারতবর্ষের সংস্কৃতি পরিস্ফুট হয়েছিল। সুতরাং স্বাধীনতার পরবর্তী যুগে ভারতবর্ষের সংস্কৃতিকে কখনই সীমাবদ্ধ গণ্ডির মধ্যে রাখা উচিত নয়। সংস্কৃতি হচ্ছে একটা জাতির প্রকাশ ভঙ্গী। আমরা জানি যে-কোন সরকারই তাঁর নিজস্ব দৃষ্টিভঙ্গী নিয়ে একটা লক্ষ্যে পৌঁছাবার চেষ্টা করেন এবং তার পাশাপাশি তাঁর নিজস্ব সাংস্কৃতিক বিপ্লবকে ত্বরান্বিত করে, তার সাহায্যে সঙ্গীত, শিল্প, সাহিত্য, কবিতার মধ্যে দিয়ে সমস্ত জাতিকে যদি এগিয়ে নিয়ে যেতে না পারেন, তাহলে সেই জাতি তাঁর চেতনার মধ্য দিয়ে বলিষ্ঠভাবে এগিয়ে যেতে পারে না। 'এটাই আমাদের বিশ্বাস। এই বিশ্বাসের প্রতিফলন আমরা দেখেছিলাম প্রাক্-স্বাধীনতা যুগে। আমরা আজকে স্বাধীনোত্তর যুগেও গোটা ভারতবর্ষে সেটা দেখতে চাই। আমরা নিশ্চয়ই সংস্কৃতিকে শুধুমাত্র পশ্চিমবাংলার মধ্যে সীমাবদ্ধ রাখতে চাই না। কারণ আমরা জানি কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর বলেছিলেন, বিভিন্ন বর্ণের, বিভিন্ন ধর্মের, বিভিন্ন ভাষাভাষী জাতির ঐক্যবদ্ধতার মধ্যে দিয়ে ভারতবর্ষ তার ঐতিহ্যকে বহন করে নিয়ে যাবে।

কিন্তু আজকে আমরা সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে কি দেখছি? আমরা দেখছি আমাদের সেই ঐতিহ্যের প্রসার ব্যাহত হচ্ছে, আমাদের সুস্থ সংস্কৃতির গতিকে ব্যাহত করা হচ্ছে, গোটা ভারতবর্ষের সংস্কৃতির জগৎকে আজকে অপ-সংস্কৃতি গ্রাস করেছে। ফলে আমাদের সুস্থ চিন্তা-ধারার পরিবেশ নষ্ট হতে চলেছে।

মাননীয় সদস্য সুব্রতবাবু যে কথা বললেন, সে কথার পরিপ্রেক্ষিতে আমি তাঁকে বলছি যে, তাঁর জানা উচিত বামফ্রন্ট সরকারের একটা নিজস্ব দৃষ্টিভঙ্গী রয়েছে, তাঁর একটা রাজনৈতিক লক্ষ্য রয়েছে, এবং সেই লক্ষ্যের দিকেই বামফ্রন্ট সরকার তাঁর শিল্প সংস্কৃতিকে এগিয়ে নিয়ে যেতে চান। যে শিল্প সাহিত্যের মধ্যে দিয়ে একটা জাতি, শোষিত, নির্যাতিত জাতি একটা পুঁজিবাদী সমাজব্যবস্থার মধ্যে দিয়ে বলিষ্ঠভাবে এগিয়ে যেতে পারে, বামফ্রন্ট সরকার সেই শিল্প সাহিত্যের প্রসার ঘটাতে চান এবং আজকে সেই ক্ষেত্রে বামফ্রন্ট সরকার একটা আলোড়ন সৃষ্টি করেছেন।

আজকে যাঁরা বামফ্রন্টের সমালোচনা করছেন, তাঁদের আমি জিজ্ঞাসা করি, ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কোথায় সুষ্ঠু সংস্কৃতি ছিল? সে সময়ে আমাদের সমস্ত সাহিত্য, সঙ্গীত, শিল্পকে অপসংস্কৃতি গ্রাস করেছিল। আমরা সে সমস্ত দেখেছি, আমরা সে বিষয়ের কথা জানি। সে সময়ে নগ্নচিত্র, নগ্ন ছবির মধ্যে দিয়ে একটা জাতির গোটা তরুণ সমাজকে বিপথগামী করা হয়েছিল। কি উদ্দেশ্যে, কি কারণে করা হয়েছিল? পুঁজিবাদী সমাজব্যবস্থাকে টিঁকিয়ে রাখার জন্যই করা হয়েছিল। আমরা জানি পুঁজিবাদী সমাজব্যবস্থা তরুণ সমাজকে বিপথগামী করতে চায়। তরুণ সমাজ পুঁজিপতিদের শোষণের পথে যাতে বাধা সৃষ্টি না করতে পারে তার জন্যই তারা সে পথ অনুসরণ করে। তারা তরুণ সমাজকে বলিষ্ঠ হয়ে উঠতে দিতে চায় না। সেই কারণেই তারা শিল্প সাহিত্য সংস্কৃতিকে ধ্বংস করতে চায়। অবশ্য সেইসব শিল্প সাহিত্যের মধ্য দিয়েই তাদের উদ্দেশ্য আমাদের কাছে প্রতিফলিত হয়।

স্যার, গতকালের কাগজেই দেখলাম যে, পার্লামেন্টে প্রশ্ন উঠেছে, টেলিভিসনে যে-সমস্ত নগ্ন ছবি দেখান হচ্ছে তার মধ্যে দিয়ে একটা জাতি কি শিখবে, আগামী দিনের তরুণ সমাজ কি শিক্ষালাভ করবে? আজকে ভারতবর্ষের সংস্কৃতিকে অপসংস্কৃতি যেভাবে গ্রাস করেছে তাতে পার্লামেন্টেও তার বিরুদ্ধে প্রতিবাদ উঠেছে। সেইজন্যই আমরা বলি, আজকে আমরা যদি সুষ্ঠু সংস্কৃতিকে গড়ে তুলতে না পারি, তাহলে আমাদের যে লক্ষ্য—শোষিত নির্যাতিত মানুষের মুক্তি, পুঁজিবাদী সমাজব্যবস্থার বিলোপ তা কখনই হবে না।

[5.15—5.25 P. M.]

আজকে আমি নিশ্চয়ই তথ্য এবং সংস্কৃতি দপ্তরের মাননীয় মন্ত্রীকে অভিনন্দন

জানাই যে, তিনি মনে করেছেন তথ্যকেন্দ্রকে পশ্চিমবাংলার মধ্যে সীমাবদ্ধ না করে ছড়িয়ে দেবার চেষ্টা করেছেন। আজকে সরকারের বক্তব্য, তার জনসংযোগ হচ্ছে দূরদর্শন, রেডিও এবং তথ্যকেন্দ্র—এটা প্রতিবেশী রাজ্যের মধ্যে ছড়িয়ে দেবার চেষ্টা করছেন। যেমন মাদ্রাজে, আগরতলায় এবং কটকে। আজকে রবীন্দ্রনাথের কথায় সারা বিশ্বে ছড়িয়ে দিতে হবে আমাদের দেশের ঐতিহ্য এবং তার সংস্কৃতি। আমি বামফ্রন্ট সরকারকে বলবো আজকে পশ্চিমবাংলার মধ্যে সীমাবদ্ধ না রেখে বাঙালীর সংস্কৃতি, তার ঐতিহ্য, তার শিল্প, তার সঙ্গীত ছড়িয়ে দিন, সমস্ত দেশে ছড়িয়ে দিন এবং প্রতিবেশী রাজ্যে ছড়িয়ে দিন। আজকে বিচ্ছিন্নতাবাদ কেন আসছে? কেন আজকে এ প্রদেশের সাথে ও প্রদেশের বিচ্ছিন্নতাবাদ আন্দোলন সৃষ্টি হচ্ছে? আমরা যদি ক্রমশঃ আমাদের সাহিত্য, শিল্প এবং সঙ্গীতের মধ্য দিয়ে অব্যাহত রাখতে পারি তাহলে বহুলাংশে এই বিচ্ছিন্নতাবাদ আন্দোলন প্রতিহত হবে। তাই আমি অভিনন্দন জানাই যে, এই সরকার সেই পদক্ষেপ নিয়েছেন। শুধু তাই নয়—আজকে যে কথা ওনারা বলেছেন—আমরা কাদের কথা বলবো—শিল্প, সাহিত্য, সংস্কৃতি মুষ্টিমেয় শিক্ষিত মানুষের মধ্যে সীমাবদ্ধ রাখবো? না। সেইজন্য আজকে তথ্য দপ্তর শ্রমিক এলাকার জন্য, যে-সমস্ত এলাকা শ্রমিক অধ্যুষিত—কয়লা, ইঞ্জিনীয়ারিং এবং চা-শিল্পাঞ্চলে তথ্যকেন্দ্র করেছেন। আমি এর জন্য অভিনন্দন জানাই, কারণ আমাদের মনে রাখতে হবে—আমরা যে রাজনৈতিক দৃষ্টিভঙ্গীতে বিশ্বাসী—আমরা শোষিত, নির্যাতিত মানুষের মুক্তি চাই, আমরা পুঁজিপতি সমাজব্যবস্থার উত্তরণ চাই, আমরা সমাজতান্ত্রিক লক্ষ্যে পৌঁছাতে চাই। সেখানে গ্রামে-গঞ্জে, কলকারখানার সেইসব শোষিত নির্যাতিত মানুষকে নিয়ে আসতে হবে আমাদের পাশে এবং সেই নিয়ে আসার জন্য, যোগসূত্রের বন্ধনে আবদ্ধ করবার জন্য ছড়িয়ে দিতে হবে শিল্প, সাহিত্যকে। সেইজন্য এই প্রচেষ্টাকে অভিনন্দন জানাই। আজকে তথ্যকেন্দ্র থেকে ৬টি ভাষায় পুস্তক প্রকাশিত হচ্ছে। ওদের আমলে পত্রিকার এই কলেবর দেখিনি। যুব কল্যাণ থেকে যুবমানস প্রকাশিত হচ্ছে, শিশুদের জন্য আলোর ফুলকি প্রকাশিত হচ্ছে। এখানে লোকরঞ্জন শাখার কথা উঠেছে। ঠিকই কথা। আজকে কলকাতা শহর-ভিত্তিক কিছু মুষ্টিমেয় শিক্ষিত মানুষের জন্য না করে গ্রামে-গঞ্জে ছড়িয়ে দিতে হবে। আজকে সেইদিক থেকে বামফ্রন্ট সরকার পদক্ষেপ নিয়েছেন। লোকরঞ্জন শাখা ছড়িয়ে দেবার জন্য শিলিগুড়িতে, ঝাড়গ্রামে এবং সিউড়ীতে শাখা সংগঠন গড়ে তুলেছেন। আমরা নিজেরাই জানি, সাহিত্য শিল্পে যাঁরা অনুরাগী আছেন তাঁরা কিন্তু কলকাতা শহরে যখন আসেন তখন বুঝতে পারে, কলকাতা শহরে যে-সমস্ত মুষ্টিমেয় সাহিত্যিক

রয়েছে তাদের উন্নাসিকতা। সেই কারণে আমি মনে করি গ্রামে-গঞ্জে সাহিত্য শিল্প বাড়াতে হবে, সংস্কৃতির প্রসার ঘটাতে হবে কলকাতায় টেনে নিয়ে আসার প্রয়োজন নেই। আজকে তথ্য সংস্কৃতি দপ্তর সেই কারণে গ্রামে-গঞ্জে ছড়িয়ে দিচ্ছেন। আমি নিজেই জানি উত্তরবঙ্গে লোকসংস্কৃতি ছড়িয়ে দেবার জন্য, ত্বরান্বিত করার জন্য, জাগরণ সৃষ্টি করবার জন্য ব্লক ওয়াইজ উৎসাহিত করছেন। আমরা দেখেছি, গ্রামে-গঞ্জে যাদের কথা কেউ কোনদিন শোনে না আজ সেখানে তারা তাদের নিজেদের ভাষায়, নিজেদের কথা, নিজেদের লোকসঙ্গীত, সেখানকার কবিতা, সেখানকার বাউল, সেখানকার গানকে এই সরকার আজকে তাদের উজ্জীবিত করছে, সেখানকার জিনিস যাতে সর্বোত্তভাবে বজায় থাকে সেই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এর জন্য আমি অভিনন্দন জানাই।

শুধু তাই নয়, আর একটা জিনিস আমি দেখছি, রবীন্দ্র সদনের পাশে ৮৩ লক্ষ টাকা ব্যয়ে একটা আদর্শ ফিল্ম থিয়েটার কমপ্লেক্স তৈরী হচ্ছে। আপনাদের জিজ্ঞাসা করি ৩২ বছর তো শাসন করলেন পশ্চিমবাংলায়, কেন এগুলো আপনাদের মাথায় আসেনি, কেন আপনারা এ কাজগুলোকে গ্রহণ করেন নি? এগুলো আপনারাই করতে পারতেন। তাহলে কেন করেন নি? বামফ্রন্ট সরকার কিছুই করছেন না, তাহলে এগুলো কি? সেটা আপনারাই বলুন। শুধু তাই নয়, এ রাজ্যে এই সরকার সর্বপ্রথম কালার্ড ফিল্ম ল্যাবরেটরী নির্মাণ করেছেন, এর জন্য একটা কর্পোরেশন তৈরী করেছেন। এগুলো কেন করেন নি? আজকে চলচ্চিত্র শিল্প যেভাবে মার খাচ্ছে—আপনারা জানেন, আজকে সারা ভারতবর্ষে যে অপসংস্কৃতি সেই অপসংস্কৃতির মধ্যে দিয়ে সমস্ত সংস্কৃতিকে অবলুপ্তির পথে নিয়ে যাওয়া হচ্ছে। আমি বিশ্বাস করি যে আমাদের ঐতিহ্য রয়েছে রবীন্দ্রনাথ ঠাকুর, আমাদের ঐতিহ্য রয়েছে মাইকেল মধুসূদন দত্ত, আমাদের ঐতিহ্য নজরুল ইসলাম। তাঁদের কবিতা, তাঁদের কাব্য, এই সবের মধ্যে দিয়ে আমরা এগিয়ে যেতে পারি এবং সেটা আমরা বিশ্বাস করি বলে মনে করি যে, আগামী দিনে ভারতবর্ষে এই সংস্কৃতিকে বাঁচিয়ে সুস্থ সংস্কৃতি গড়ে তুলতে পারি। তার জন্য এই পশ্চিমবাংলার বুক থেকেই আন্দোলন সৃষ্টি হবে। তাই একটা অপসংস্কৃতির মধ্যে দিয়ে অন্যান্য প্রদেশে যে সমস্ত ঘটনা ঘটছে তার প্রতিবাদ পশ্চিমবাংলার বুক থেকেই হবে। কই, আপনারা তো করেন নি? চলচ্চিত্র শিল্প, এটা একটা শিল্প এবং এই শিল্পকে কেন্দ্র করে বহু মানুষের রুজি-রোজগার রয়েছে এবং আজকে বাংলার চলচ্চিত্র পশ্চিমবাংলার বাইরে কোন প্রদেশে এগুলো দেখান হয় না। এইগুলো তো আপনারা চিন্তা করেন নি যে, এই চলচ্চিত্রকে বাঁচিয়ে রাখতে হবে। আজকে আমি দেখতে পাচ্ছি নূতন

নূতন পদক্ষেপ গ্রহণ করছেন, কালার্ড ফিল্ম ল্যাবরেটরী করবার প্রচেষ্টা চালিয়েছেন। যা আমাদের পশ্চিমবাংলায় ছিল না। এর জন্য এখানে কালার্ড ফিল্ম করতে গেলে আগে তামিলনাড়ু, দক্ষিণ ভারতে ছুটতে হোতো। আমি আপনাদের অভিনন্দন জানাই। শুধু তাই নয়, আপনারা যে প্রচেষ্টা করেছেন—আপনারা বলছেন কিছুই হয় নি, হ্যাঁ, সে তো নিশ্চয়, আমাদের ব্যর্থতা, সাফল্য ৬ বছরের মধ্যে কি হতে পারে? আপনারা তো ৩২ বছরের মধ্যে কোন চেষ্টাই করেন নি, আমরা ৬ বছরের মধ্যে রাতারাতি সব করে দেব? সেখানে আমরা দেখতে পাচ্ছি যে, আপনারা চলচ্চিত্র শিল্পকে বাঁচিয়ে রেখেছেন। আপনারা যারা প্রযোজক, সত্যজিৎ রায় থেকে আরম্ভ করে মৃণাল সেন, রাজেন তরফদার, উৎপল দত্ত—এঁদেরকে অনুদান দিয়েছেন এবং ভালভাবে ফিল্ম তৈরী করবার জন্য টাকা দিয়েছেন। শুধু তাই নয়, এই পরিচালক উৎপলেন্দু চক্রবর্তী তাঁকে অনুদান দিয়েছেন। তাঁর যে ময়না তদন্ত এবং চোখ আজকে প্রাইজ পাচ্ছে, সারা বিশ্বে প্রশংসিত হচ্ছে, এটা গর্বের জিনিস এবং আপনারা যে আজকে এইসব মানুষ যাঁদের অর্থ নেই, অর্থের জন্য যাঁরা কিছু করতে পারতেন না, তাঁদের অনুদান দিয়েছেন। এই উৎপলেন্দু চক্রবর্তী—কে তাঁকে চেনে? তাঁর যে এতবড় প্রতিভা আছে সেটা কে জানত? আপনারা যদি তাঁকে সাহায্য না করতেন তাহলে তাঁর প্রতিভার বিকাশ হোতো না।

শুধু তাই নয়, আপনারা নেপালী ভাষাকে আজকে যেভাবে সমৃদ্ধ করবার চেষ্টা করেছেন, দার্জিলিঙে একটা নেপালী প্রেস তৈরী করেছেন এবং নেপালী এ্যাকাডেমী তৈরী করিয়েছেন। এটা অভিনন্দনযোগ্য এবং সেজন্য আমি আপনাদের অভিনন্দন জানাই। আজকে আমাদের পশ্চিমবাংলায় যে-সমস্ত তরুণ সাহিত্যিক, শিল্পী এবং নাট্যকার রয়েছেন, তাঁরা নিজের পয়সা খরচ করে বই প্রকাশ করতে পারতেন না, আপনারা তাঁদের কাছে আপনাদের প্রসারিত হাত বাড়িয়ে দিয়েছেন এবং তাঁদের উৎসাহিত করবার জন্য অনুদান দিয়েছেন তাঁদের সাহিত্য প্রকাশ করবার জন্য, আমি আপনাদের অভিনন্দন জানাই। নাট্যমঞ্চ, এটা আমাদের একটা বহুদিনকার আবেদন। সেখানে আমরা দেখতে পাচ্ছি যে উত্তরে গিরিশ এবং দক্ষিণে মাইকেল নাট্যমঞ্চ আপনারা করেছেন। শুধু তাই নয়, ১৯৮০ সনের ২০শে মার্চ রাজ্যের সঙ্গীত এ্যাকাডেমীর উদ্বোধন হয়েছে। হওয়ার সঙ্গে সঙ্গেই ফল পাওয়া যায় না, দেখা যাক, ১৯৮০ সনে এটা হয়েছে, এর মধ্যে সেখানকার সঙ্গীত, সেখানকার শিল্প কিভাবে রূপায়িত হচ্ছে আমরা বুঝতে পারব। এটা অভিনন্দনযোগ্য, আমি আপনাদের অভিনন্দন জানাই। শুধু তাই নয়, এই কথা আমি বলব,

সাহিত্যের ক্ষেত্রে আপনারা কতগুলি পুরস্কার দিয়েছেন, যেমন রবীন্দ্র পুরস্কার, বঙ্কিম পুরস্কার, বিদ্যাসাগর পুরস্কার—এই সব দিয়ে আপনারা সাহিত্যিকদের উৎসাহিত করেছেন। শুধু তাই নয়, ভাস্কর্যের ক্ষেত্রে আপনারা অবনীন্দ্রনাথ পুরস্কার দিচ্ছেন, এই জন্য আমি আপনাদের অভিনন্দন জানাই। সেই কারণে আমি বলব, আপনারাও জানেন—প্রশংসা নিশ্চয় করব, আপনারা তো ভাল কথা শুনতে পারেন না—কারণ আমি পশ্চিমবাংলার মেয়ে, আমরা দীর্ঘকাল লড়াই করেছি সুস্থ সংস্কৃতির জন্য। কারণ আমরা যে দেশে বাস করি সে দেশে সুস্থ সংস্কৃতি নেই। সেই ঐতিহ্য নিয়ে বড় হতে পারে না, অপসংস্কৃতি তাকে গ্রাস করে।

[5.25—5 35 P.M.]

ঐসব ইয়াংকি কালচারের বিরুদ্ধে লড়াই করে চলছে এই বামফ্রন্ট সরকার। আমি বিশ্বাস করি, আপনি যে পদক্ষেপ গ্রহণ করেছেন, এই পদক্ষেপের মধ্যে দিয়ে আগামী দিনে পশ্চিমবাংলায় সুস্থ সংস্কৃতি কিভাবে গড়ে তোলা যায় সে পথ আমরা নিশ্চয়ই দেখাতে পারবো। একটা সুস্থ সংস্কৃতির মধ্যে দিয়ে গোটা জাতি সমাজতান্ত্রিক সমাজব্যবস্থার দিকে কিভাবে অনুপ্রাণিত হতে পারে আগামী দিনে নিশ্চয়ই সেটা পশ্চিমবঙ্গ দেখাতে পারবে—এই বিশ্বাস রেখে আপনার ব্যয়-বরাদ্দকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, আমি মনে করি এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ সরকারের কার্যপ্রণালীকে এই দপ্তর অব্যাহত রাখে, সরকার তার বার্ষিক যে নীতি নির্ধারণ করে থাকেন তারও বহিঃপ্রকাশ ঘটে এই সংস্কৃতি দপ্তরের মাধ্যমে। মাননীয় মন্ত্রী ১৯৮৩ সালের বাজেট বক্তৃতায় বলেছিলেন যে, সরকারের কর্মসূচী সম্পর্কে জনসাধারণকে অবহিত করা, সরকারের মতামতকে জনসাধারণের কাছে পৌঁছে দেওয়াই হচ্ছে এই দপ্তরের কাজ। আমি মনে করি, এই দপ্তর সেই নীতি থেকে আজকে চ্যুত হয়েছে। সরকারের যদি সত্যিই দেশের মানুষের সমস্যাগুলি উদ্ঘাটিত করবার বাস্তব দৃষ্টিভঙ্গি থেকে থাকতো তাহলে তার বহিঃপ্রকাশ ঘটতো এই দপ্তরের মাধ্যমে। কিন্তু আমরা কি দেখেছি? সরকার টাকা পেয়েছেন। গতবারের চেয়ে এবারে বেশী বরাদ্দ হয়েছে। এই বরাদ্দ বেশী হওয়া সত্ত্বেও সেইসব নীতিগুলি কি কার্যে পরিণত হবে? মাননীয় মন্ত্রী তাঁর নিজের বক্তৃতায় বলেছেন

যে, গ্রামবাংলায় তাঁদের চিন্তাধারাকে প্রকাশ করা, তাঁদের নীতিকে বাস্তবমুখী করাই হচ্ছে তাঁর দপ্তরের আজ। কিন্তু আজকে কি সেটা হচ্ছে ? আজকে গ্রাম-বাংলায় যেসব ইনফরমেশন সেন্টারগুলি আছে সেগুলো সব অকেজো হয়ে গেছে ; তাঁরা কোন কাজ করেন না, কোন তথ্য সংগ্রহ করেন না। আমরা বিগত দিনে দেখেছি, মাননীয় মন্ত্রীরা যখন জেলায় যেতেন তখন ঐসব দপ্তরের পদস্থ অফিসাররা, স্টাফরা উপস্থিত থাকতেন। কিন্তু আজকে আর সেসব লক্ষ্য করা যায় না। আমরা বলবো যে সেটা সরকারের ত্রুটি। সরকারের যে নীতি, যে কর্মসূচী, তা সে মার্কস-বাদী সরকারই থাকুন বা কংগ্রেসী সরকারই থাকুন, নির্বাচনের প্রাক্কালে ঘোষণা করে থাকেন—তাকে বাস্তবে রূপ দেওয়াই হচ্ছে এই দপ্তরের কাজ। কিন্তু সেখান থেকে সরকার সরে গেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একদিকে যেখানে গ্রাম-বাংলার ৩২০টি সংস্কৃতি কেন্দ্রগুলির যখন এই অবস্থা, তখন সেখানে বিভিন্ন ভাবে রবীন্দ্র ভবনগুলির দিকে তাকিয়ে দেখুন—অর্ধ সমাপ্ত হয়ে পড়ে আছে। কোন জায়গায় সমাপ্ত হলেও সেখানে যে স্টাফ নিয়োগ করা উচিত ছিল সেই স্টাফ সেখানে ঠিকভাবে নিয়োগ করা হয় নি। এইসব রবীন্দ্র ভবনগুলি হস্তান্তর করে নিজেদের হাতে নিয়েছেন। আজকে যদি সেগুলোকে ঠিকভাবে মেনটেন করতে না পারেন তাহলে যেগুলো চালু আছে সেগুলোও নষ্ট হয়ে যাবে। অর্ধসমাপ্ত যেগুলি আছে তার কাজ এই সময়ের মধ্যে শেষ করবো এটা জানাতে হবে। কাজ চলছে, কাজ আরম্ভ হয়েছে এবং কাজে হাত দিয়েছি এই সব বললে চলবে না। একটা সময়সীমা নির্ধারণ করে দিতে হবে। এই সময়ের মধ্যে আমরা রবীন্দ্র ভবনের কাজ শেষ করবো—এটা নির্দিষ্ট করে জানিয়ে দিতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলে পত্র-পত্রিকার যে অবস্থা তাতে দেখা যায় সেখানে নিরপেক্ষতা বজায় থাকছে না। পরিকল্পিতভাবে ওইসব পত্র-পত্রিকার নিরপেক্ষতা বজায় রাখা হচ্ছে না। মাসিক, পাক্ষিক, ত্রৈমাসিক যে-সমস্ত পত্র-পত্রিকা আছে সেইগুলির সঠিক মূল্যায়ন হচ্ছে না, তাদের বিকৃতভাবে দেখানো হচ্ছে। গ্রামবাংলায় যে-সমস্ত সাংস্কৃতিক অনুষ্ঠান হয় বা গ্রামের যে প্রকৃত চিত্র সেটা ওই গ্রামীণ পত্র-পত্রিকাগুলি প্রকৃত সত্যকে উদ্‌ঘাটিত করে। গ্রামবাংলায় যে-সমস্ত ঘটনা ঘটে তার সমস্ত কিছু দৈনিক পত্রিকায় প্রকাশিত হয় না। তাই গ্রামবাংলার সমস্ত ঘটনা গ্রামীণ পত্র-পত্রিকায় অনেকটা জানা যায়। এই সমস্ত পত্র-পত্রিকাগুলিকে আপনারা সাহায্য করতে অপারগ। আমরা যে-সমস্ত দাবি আপনাদের সামনে রাখি সেইদিকে আপনারা লক্ষ্য রাখেন না। এইদিকে আপনার দৃষ্টি দেওয়া উচিত। আপনারা কেবল সীমিত ক্ষমতার কথা বলেন। গ্রামীণ পত্র-পত্রিকাগুলি যাতে নিরপেক্ষ থাকে সেই

দিকে আপনাকে লক্ষ্য রাখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাই কি? গ্রামাঞ্চলের লোকেদের শহরে যেতে হয় বিভিন্ন কালচারাল অনুষ্ঠান দেখার জন্য। এখন এই পশ্চিমবাংলায় শহরবাসীরা কেবল আনন্দ অনুষ্ঠানে যোগদান করতে পারে। গ্রামাঞ্চলে একমাত্র আনন্দ অনুষ্ঠানের বস্তু হলো প্রেক্ষাগৃহ। কিন্তু গ্রামাঞ্চলে বেশীর ভাগ প্রেক্ষাগৃহ বন্ধ। প্রায় একশোরও অধিক প্রেক্ষাগৃহ বন্ধ হয়ে পড়ে আছে। এইগুলি খোলার জন্য আপনারা কোন চিন্তা-ভাবনা করেন না। আমরা জানি যে, এই ব্যাপারে শ্রম দপ্তর যুক্ত আছে। এই ব্যাপারে আপনাকে মধ্যস্থতা করতে হবে। আপনি যদি এই ব্যাপারে মধ্যস্থতা না করেন তাহলে সমস্যার সমাধান হতে পারে না। কি কারণে এই সিনেমা হলগুলি বন্ধ আছে, কি কারণে এই হলগুলি খোলা হচ্ছে না—অনেক হল প্রায় ২/৩ বছর বন্ধ হয়ে পড়ে আছে—এইগুলি যদি দেখা না হয় তাহলে সমস্যা মিটবে না। এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় দৃষ্টি নিক্ষেপ করেন না। আমি মনে করি অবিলম্বে যাতে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে সিনেমা হলগুলি খোলা যায় তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় সদস্য এবং সদস্যারা যে বক্তব্য রেখেছেন সেই সম্বন্ধে আমি বলতে চাই যে, কারোর উপর দোষারোপ করে সংস্কৃতিকে ধ্বংস করা উচিত নয়। আমি এই কথা বলতে চাই যে, সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে যেটা করা যেতে পারে সেইদিকে লক্ষ্য রাখা একান্ত প্রয়োজন। সেটা কিন্তু আজকে একেবারে নষ্ট হয়ে যাচ্ছে। আজকে সিনেমা শিল্প এবং অন্যান্য শিল্প যেমন যাত্রা থিয়েটার এইগুলি ভালোভাবে যাতে বাঁচতে পারে সেই দিকে লক্ষ্য রাখা উচিত ছিল। এইগুলি ক্রমশঃ দুর্বল হয়ে পড়ছে। আপনি তথ্য সংগ্রহ করে দেখবেন যাত্রা এবং থিয়েটার ক্রমশঃ দুর্বল হয়ে পড়ছে। এই শিল্প যদি না বাঁচে তাহলে পশ্চিমবাংলার অনেক ক্ষতি হবে। এই যাত্রা এবং থিয়েটারের উপর নির্ভর করে অনেক যুবক এবং যুবতী তাঁদের জীবিকা নির্বাহ করছে। এটা শেষ হয়ে গেলে মানুষ বিপর্যস্ত হয়ে পড়বে।

[5.35—5.45 P.M.]

এর সঙ্গে অনেক যুবক জড়িত, তাঁরা আজকে বেকার হয়ে যাবেন এবং ইতিমধ্যেই অনেকে বেকার হয়ে গেছেন। যার ফলে আপনার কাছে এটা বোঝা হয়ে দাঁড়াবে এবং এতে আপনার লাইবেলিটিস আসবে। অথচ এটাই সরকারের অ্যাসেট ছিল এবং বিনা ব্যয়ে বিভিন্ন ভাবে সরকারকে টাকা পাইয়ে দিত এবং টাকা

ভর্তি করে দিত। আজকে সেই এ্যাসেট আপনার কাছে লাইবেলিটিসে দাঁড়িয়েছে। আপনি এর প্রতিকার করতে ব্যর্থ হয়েছেন। গ্রামবাংলায় তথ্য সংস্কৃতিকে আপনার সরকারের সাথে যোগসূত্র আরো দৃঢ় করা দরকার। এই দপ্তরের সাথে অন্য দপ্তরের যোগসূত্র এমনভাবে স্থাপন করা প্রয়োজন যাতে এই দপ্তরের কাজ ত্বরান্বিত হতে পারে। যেমন ধরুন বিভিন্ন জেলায় এবং বিভিন্ন শহরে মনীষীদের মূর্তি এবং আবক্ষ মূর্তি তৈরী করে পূর্ত দপ্তর। কিন্তু এইগুলি আপনার দপ্তরে আসা উচিত। আজকে সেদিক থেকে মনীষীদের যে মূর্তি তৈরী করছেন সেগুলি যদি আপনার দপ্তরে না আসে তাহলে প্রকৃত তথ্য সংস্কৃতির রূপায়ণ হতে পারে না। এই ব্যাপারে প্রকৃত রূপায়ণ হচ্ছে কিনা সেটা চিন্তার বিষয়। এটা একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়। আপনারা এই ব্যাপারে বিগত সরকারের তুলনা দেবেন, দিল্লীর চিন্তাধারা দেখাবেন, গুজরাট দেখাবেন, আসাম, মহারাষ্ট্র ইত্যাদি দেখাবেন। কিন্তু আমি আপনার, আমার জেলার যে প্রকৃত চিত্র সেটা সম্বন্ধে বলছি। পূর্ত দপ্তর থেকে আপনার দপ্তরে যাতে এটা আসে সেটা আপনার এবং মন্ত্রিসভার চিন্তা-ভাবনা করা উচিত। কিন্তু আপনার তরফ থেকে বা মন্ত্রিসভার তরফ থেকে সেই ব্যাপারে কোন চিন্তা-ভাবনা করা হয় নি। আজকে এই অবস্থার মধ্যে আপনি যদি একটু বাস্তবমুখী হতে পারতেন এবং নিরপেক্ষ হতে পারতেন তাহলে খুব ভালো হত। আজকে গ্রামবাংলার কালচারালের দিক থেকে প্রকৃত চিত্রটা কি সেটা আপনার দেখা উচিত এবং এর সমস্যাগুলির সমাধান করা উচিত। আজকে তপসিলী সম্প্রদায়ই বলুন, আদিবাসী সম্প্রদায়ই বলুন, আর আদিবাসী কল্যাণ সম্প্রদায় বলুন—তথ্য সংস্কৃতির উন্নতির জন্য এঁদের ভ্রাম্যমাণ গাড়ী করুন। আপনি এই ব্যাপারে একটুও নজর দিচ্ছেন না। আপনার জেলার দপ্তরগুলি একেবারে পঙ্গু, সেই দপ্তরগুলিকে যদি সহযোগিতা না করেন তাহলে আপনার প্রকৃত চিন্তা বাস্তবমুখী হতে পারবে না। এই ব্যাপারে আপনি একটু চিন্তা-ভাবনা করুন। আমার কাটমোশানে যে বক্তব্য-গুলি রেখেছি সেগুলির সম্বন্ধে একটু চিন্তা-ভাবনা করবেন এবং তার উত্তর দেবেন। আপনার বক্তব্যের মধ্যে এবং বরাদ্দের মধ্যে সরকারের যে দৃষ্টিভঙ্গি এবং কর্মসূচী সেটা ঠিকমত আপনি রূপায়ণ করতে পারেন নি বলে এই কাটমোশান দিচ্ছি এবং এই বাজেট বরাদ্দকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় তথ্য সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দের দাবী উত্থাপন করেছে আমি তাকে সমর্থন করছি। আমি প্রথাগতভাবে যে সমর্থন করে সেটা করছি না, আমি বিচার-বিশ্লেষণ

করে দেখেছি যে, বিগত ৭ বছরের মধ্যে এই তথ্য সংস্কৃতি দপ্তর উল্লেখযোগ্য ভাবে কিছু কাজ করেছেন, যাতে আমাদের সংস্কৃতি জীবনমানের প্রভূত উন্নতি হয়েছে। আমাদের সাংস্কৃতিক জীবন দুই ভাগে বিভক্ত। মধ্যবিত্ত জীবনের সাংস্কৃতিক মনন কল্পনার যে প্রতিরূপ বিজ্ঞান, সাহিত্য, নন্দন তত্ত্ব ইত্যাদির ক্ষেত্রে ওই অবনীন্দ্র পুরস্কার, জ্ঞানপীঠ পুরস্কার, দীনবন্ধু পুরস্কার, আলাউদ্দীন পুরস্কারের মধ্যে দিয়ে শিল্পী কলাকুশলীদের যে উৎসাহিত করার চেষ্টা করেছেন এবং তার জন্য যে উদ্যোগ নিয়েছেন সেটা সত্যিই অভিনন্দনযোগ্য। ঠিক তেমনি আমাদের গণ-জীবনের যে সংস্কৃতি—লোকায়ত সংস্কৃতি, কবি, বাউল যাতে গ্রাম্যজীবনকে আন্দোলিত করে এবং সাংস্কৃতিক জোয়ার যাকে কেন্দ্র করে পরিচালিত হয় লোকায়ত জীবন তার প্রতিরূপ যে সংস্কৃতি তাকে উন্নত করতে তিনি যথেষ্ট সহযোগিতা করেছেন এবং আজও আমরা বিভিন্ন জেলাতে দেখি যেসব শিল্পী-কলাকুশলী যাঁরা উপেক্ষিত ছিলেন, কোন সময় পাদপ্রদীপের আলোয় আসেন নি, সেই মানুষদের সাংস্কৃতিক জীবনের সঙ্গে যুক্ত করা হয়েছে। এই কাজ শুরু হয়েছে ১৯৭৭ সাল থেকে। আমাদের পূর্বতন যিনি মন্ত্রী ছিলেন তাঁর সুস্থ দৃষ্টিভঙ্গী ছিল বলেই পাদপ্রদীপের আলোয় যাঁরা আসেন নি তাঁদের অধিকাংশকে সাংস্কৃতিক জীবনের সঙ্গে যুক্ত করেছেন—সেই জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। বিরোধী পক্ষের বক্তব্য শুনলাম—ওঁরা বারবার বলেছেন দেশ-বিদেশের চিন্তা-ভাবনা, সাহিত্য শিল্প ইত্যাদি আদান-প্রদান আমরা কেন করছি? ভারতবর্ষের সংস্কৃতি গড়ে উঠেছে দেশ-বিদেশের চিন্তা-ভাবনা আদান-প্রদানের মধ্যে দিয়ে এবং আজকে সেই ধারাকে এই সরকার ধরে রেখেছেন বলে আপনাদের অভিনন্দন জানাচ্ছি। লোকরঞ্জন-এর অনেক জিনিস দেখান হয়—কোরিয়ার গ্রাম্যজীবনের জীবনাদর্শ দেখান হয়। আমি গ্রামের সাধারণ মানুষের সঙ্গে বসে এইসব জিনিস দেখেছি। তাদের জীবনবোধ আমরা দেখেছি। পাত্র-পাত্রী কোরিয়ার হলেও আমাদের দেশের সাধারণ মানুষ তা দেখে অনুপ্রাণিত হয়েছে, নূতন জীবন বোধে উদ্বুদ্ধ হয়েছে। এই কারণেই ওরা আজ আতঙ্কগ্রস্ত। আমরা অন্য দেশের যা কিছু ভাল, যা কিছু গ্রহণীয় তাকে গ্রহণ করেছি আমাদের সাংস্কৃতিক জীবনে। এই গ্রহণ করার মধ্যে আমাদের জীবন আরো বিকশিত হয়েছে, আরো শানিত হয়েছে। কিন্তু তারা সেই অচলায়তনকে ভাঙতে চান না বলে আতঙ্কগ্রস্ত। আমার এই অভিনন্দন সরকারপক্ষীয় সদস্য হিসাবে নয়, বিচার-বিশ্লেষণের মধ্যে দিয়ে আমি মনে করি অনেক অভিনন্দনের কাজ আপনারা করেছেন। আমাদের পত্র-পত্রিকার ক্ষেত্রে আমরা সমতা রক্ষা করছি। বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যাঁরা প্রচার করেন তাঁদেরও

আমরা ব্যাপক ভাবে বিজ্ঞাপন দিয়েছি। অর্থাৎ আমরা চাই শত পুষ্প বিকশিত হোক এবং আমাদের বিরুদ্ধে যে-সমস্ত মতবাদ আছে মানুষের মধ্যে তা প্রচারিত হোক, যার মধ্য দিয়ে সংগ্রামী মানুষ, জীবন সংগ্রামে নিষ্পেষিত মানুষ ঠিক ঠিক পথ বেছে নেবে। সেইজন্য আপনি যে সাহসিকতার সঙ্গে বিজ্ঞাপন দিয়েছেন এবং সেখানেও যে কোনরকম পক্ষপাতিত্ব দেখান নি তার জন্য আপনাকে অভিনন্দন জানাচ্ছি। চলচ্চিত্র হচ্ছে জীবনের দর্পণ। সৎ চলচ্চিত্র আমাদের জীবনকে অনুপ্রাণিত করতে পারে। সেইজন্য আমরা দেখেছি অনেক প্রতিভাবান তরুণকে আপনারা টাকা দিয়ে উৎসাহিত করছেন, কিন্তু সঙ্গে সঙ্গে একটা বিষয় মনে রাখা দরকার যে, ঐগুলি প্রদর্শনের ব্যবস্থা করা দরকার। এই রাজ্যে যে-সমস্ত চলচ্চিত্র প্রদর্শিত হয় সে ব্যাপারে বুদ্ধদেববাবু ঘোষণা করেছিলেন যে বছরে ১২ সপ্তাহ বাংলা ছবিগুলি যাতে এই রাজ্যে প্রদর্শিত হতে পারে তার ব্যবস্থা তিনি করবেন।

[5.45—5.55 P. M.]

কিন্তু নানা কারণে সেটা হয় নি। আপনাকে এখন সেই প্রচেষ্টা করতে হবে। শুধু প্রযোজকদের টাকা দেবার মধ্যে নিজেকে সীমাবদ্ধ রাখলে চলবে না, ছবিগুলি প্রদর্শন করাতে হবে। এগুলি বাক্সবন্দী করে রাখলে হবে না, প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। ভাল ভাল ছবি যা আন্তর্জাতিক পুরস্কার পেয়েছে সেগুলি আমরা দেখতে পাচ্ছি না। এই সমস্ত ছবি যাতে দেখান হয় সেদিকে আপনাকে দৃষ্টি দিতে হবে। মাননীয় তথ্য মন্ত্রী মহাশয়কে অত্যন্ত সাহসিকতার সঙ্গে চলতে হবে সরকারী কাজে বাংলা ভাষা ব্যবহার করার ব্যাপারে। আমি জানি এক্ষেত্রে আপনার মানসিক পক্ষাঘাত আছে। আমরা লক্ষ্য করেছি বাংলা ভাষাকে সরকারী কাজকর্মের ভাষা হিসেবে ব্যবহার করবার জন্য আপনি বিশেষ কোন ভূমিকা গ্রহণ করতে পারছেন না। কিন্তু পাশাপাশি দেখুন বাংলাদেশ কিন্তু এই পক্ষাঘাত থেকে মুক্ত এবং খুব অল্প সময়ের মধ্যে তারা বাংলা ভাষাকে সরকারী কাজে ব্যবহার করার ক্ষেত্রে সফল ভূমিকা নিয়েছে। আমাদের মধ্যে এখনও এরকম একটা দাসসুলভ মনোভাব রয়েছে যে, ইংরেজী ভাষায় না লিখলে বা কথা না বললে মর্যাদা ক্ষুণ্ণ হয়। এই মনোভাব নিয়ে শুধু আমলা, কর্মচারীরা নয়, অনেক মন্ত্রী এবং নেতৃস্থানীয় ব্যক্তিরা চলেন এবং তারই ফলে বাংলা ভাষা সরকারী কাজে ব্যবহার হচ্ছে না। এই পরিস্থিতিতে আপনি যদি বাংলা ভাষা ব্যবহার করার ব্যবস্থা করতে পারেন তাহলে পশ্চিমবাংলার মানুষ আপনাকে অভিনন্দন জানাবে। আমরা লক্ষ্য করেছি

"পশ্চিমবঙ্গ" এবং "ওয়েস্ট বেঙ্গল" গুণগত দিক থেকে অনেক উন্নত হয়েছে। কবিতা লেখা, রচনার মধ্যে একটা গুণগত পরিবর্তন আমরা দেখতে পাচ্ছি। কিন্তু মন্ত্রী মহাশয় লেখকদের পারিশ্রমিকের কথা যেটা ঘোষণা করেছিলেন তাতে দেখছি ২/৪ বছর পূর্বে যাঁরা লিখেছেন তাঁরা কিন্তু এখনও তাঁদের প্রাপ্য টাকা পাচ্ছে না। ভাল ভাল লেখা এবং চিন্তাশীল মানুষ যত এই সমস্ত পত্র-পত্রিকার সঙ্গে যুক্ত হবে ততই এর মান উন্নত হবে। কিন্তু তার জন্য তাঁদের তো পারিশ্রমিক দিতে হবে। তাঁদের অভাব-অভিযোগ সম্বন্ধে আমরা বিধানসভায় প্রশ্ন রেখেছিলাম। তারপর নেপালী জনসমষ্টির সঙ্গে আমাদের সমন্বয় ঘটাবার প্রয়োজন আছে। বিচ্ছিন্নতাবাদ সমস্ত মানুষের ক্ষেত্রে, দেশের ক্ষেত্রে সর্বদাই বর্জনীয়। এই ব্যাপারে আপনি নেপালী এ্যাকাডেমি গঠনের ক্ষেত্রে যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন তার জন্য আপনাকে অভিনন্দন জানাচ্ছি। উর্দু ভাষাকে সরকারী কাজে ব্যবহারের জন্য আপনি যে সিদ্ধান্ত নিয়েছেন সেটাও ভাল প্রস্তাব। পোর্ট এলাকায় যে ঘটনা ঘটেছে তাতে হয়ত সাময়িকভাবে একটা খারাপ অবস্থার সৃষ্টি হয়েছে। কিন্তু উর্দু সাহিত্যকে সরকারী সিদ্ধান্ত অনুযায়ী স্বীকৃতি দিয়ে আপনি ভাল কাজই করেছেন। এখানে উর্দু ভাষাভাষী যে-সমস্ত মানুষ বাস করছে তাদের বাঙ্গালী জীবনের সঙ্গে মেলামেশার যে সুযোগ দিয়েছেন তার জন্য আপনাকে অভিনন্দন জানাই। বসুমতী পত্রিকা সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে, এই পত্রিকা ছাপার দিক থেকে উন্নত হয়েছে, সংবাদ পরিবেশনের ক্ষেত্রে উন্নতি হয়েছে, কিন্তু বসুমতী পত্রিকাকে অন্যান্য পত্রিকার মত বিভিন্ন রকম মত প্রকাশের ভূমিকা গ্রহণ করতে হবে। এই পত্রিকার প্রকাশন কত বাড়ছে আমি ঠিক জানি না। কিন্তু সাধারণ মানুষের ওই যে একটা ধারণা আছে, 'ইজভেস্তিয়া', 'প্রাভদা' এসব কি আর পড়ব—বসুমতীর ক্ষেত্রে ওই ধারণা যেন মানুষের মধ্যে না আসে। সেদিক থেকে আমি মনে করি বসুমতীর সংবাদ পরিবেশনের ক্ষেত্রকে আরও বাড়িয়ে তুলতে হবে।

সেই দৃষ্টি আপনি দেবেন এই প্রত্যাশা আমি করবো। আমি আবার বলি সিনেমা চলচ্চিত্রের ব্যাপারে আপনি যে বোর্ড গঠন করেছেন সেই বোর্ড এখন নিজে ছবি তৈরী করতে চলেছে। তারা নিজেরা ডকুমেন্টারী ফিল্ম তৈরী করতে চলেছে। এটা উচিত হবে না নীতিগত দিক থেকে। এ জিনিস ঠিক নয়। এই কথাটার উপর আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বিষয়টি আপনি দেখবেন এবং আপনি আর একটা কথা ঘোষণা করলেন—সেই ঘোষণাকে আমি সাপোর্ট করি। পশ্চিমবাংলার সিনেমা হলে বেকার যুবকদের অগ্রাধিকার দেওয়া হবে। কিন্তু সেই ঘোষণার ক্ষেত্রে আমরা দেখছি যে, ঘোষণাটি যেভাবে হয়েছে তার

কার্যকরী করার ক্ষেত্রে কিছু ব্যর্থতা দেখতে পাচ্ছি। ১৩ জন আবেদন করেছিল—সেখানে মাত্র তিনজনের কথা আপনি বিবেচনা করেছেন। বাকীগুলি উল্টো ব্যবহার পেয়েছে। ছেলেগুলি অত্যন্ত বিপদগ্রস্ত। এইদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ওঁরা আপনাকে যেভাবে এবং যে রুরিতে সমালোচনা করেছেন, আমি তার তীব্র বিরোধিতা করি। আজকে ওদের কাছ থেকে সংস্কৃতির কথা শুনতে হবে ঐ সুব্রত মুখার্জী এবং সুনীতি চট্টরাজদের কাছ থেকে? আমরা এই বিধানসভায় বসে, আমাদেরই পাশের বেঞ্চ থেকে যেভাবে এবং যে ভাষায় কথা বলে সেই ভাষা বাংলা ভাষায় কোন মানুষের পক্ষে ভদ্র সমাজে কথা বলা যায় কিনা জানি না। বাংলা ভাষায় সেই সব শব্দ আছে কিনা জানি না। আজকে তাঁদের কাছ থেকে সংস্কৃতির কথা শুনতে হবে। তাঁরা এখানে বাগাড়ম্বর করবেন, তাঁরা এখানে সংস্কৃতির কথা বলবেন, আর এখানে আমাদের শুনতে হবে? যে ভাষায় ওঁরা কথা বলেন ভদ্র সমাজে সেই সব কথা অচেনা। তাই তাঁদের সঙ্গে আমি তুলনা করছি না। আমার সমালোচনার দিকগুলি আমি যেহেতু মার্কসবাদে বিশ্বাস করি, যেহেতু একটা প্রগতিশীল ভাবনায় প্রত্যয়শীল, সেই কারণে অত্যন্ত সাহসিকতার সঙ্গে আমাদের ভাল কথা ভালভাবে বলবার যে জোর রয়েছে সেই রকমভাবেই ত্রুটি-বিচ্যুতির দিকগুলি বলবার সাহসিকতা আমাদের আছে। এই কথা বলবো যে যে, কথা আমরা মনে করি এবং যে উপলক্ষে করেছি সেই উপলক্ষ হচ্ছে এই যে আপনারা ব্যর্থ হন নি। আমাদের আশা তীব্র, আমাদের আন্তরিকতা আছে, প্রচেষ্টা আছে এবং এই প্রচেষ্টার সঙ্গে আপনার দপ্তরকে আরও বেশী করে দৃষ্টি দিতে হবে। কোথায় ত্রুটি-বিচ্যুতিগুলি রয়েছে সেগুলি দেখতে হবে। রাজ্য সরকারের পক্ষ থেকে যে-সব উৎসব তথা বর্ষপূর্তি উপলক্ষে হচ্ছে রাজ্যের বাইরে এবং ভিতরে সেগুলি প্রশংসার যোগ্য। আমরা দেখেছি দিল্লীতে আমি ছিলাম, সেখানে এই উপলক্ষের অনুষ্ঠান আমি দেখেছি সেখানে অনুষ্ঠান অত্যন্ত ভাল হলেও কিন্তু আমন্ত্রিতদের তালিকা ঠিকমত হয় নি। আরও ব্যাপক জনসাধারণ যাতে সেখানে ঢুকতে পারে তার ব্যবস্থা থাকা উচিত। সেখানে শ্রমিক প্রতিনিধিরা ছিলেন। কিন্তু বিভিন্ন রাজ্যের যে অনুষ্ঠান হচ্ছে সেখানে রাজ্যের বুদ্ধিজীবী শিল্পী সাহিত্যিক সংবাদপত্রদের ডাকতে হবে। তাদের মধ্য দিয়ে পশ্চিমবাংলার যে জয়যাত্রা চলছে, যে দৃষ্টিভঙ্গি নিয়ে পশ্চিমবাংলা পরিচালিত হচ্ছে সেটা জনসাধারণকে তারা যাতে প্রভাবিত করতে পারে তার জন্য তাদের আমন্ত্রণ করতে হবে। তাই যে

উদ্দেশ্য নিয়ে দিল্লীতে এই সব হচ্ছে সেটা খানিকটা ব্যর্থ হচ্ছে। এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুনীল দে: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, আপনি জানেন যে, গত ১৯৭৭ সালের নির্বাচনের আগে বামফ্রন্টের পক্ষ থেকে যে ৩৬-দফা কর্মসূচীর কথা জনসাধারণের কাছে পেশ করা হয়েছিল, তার মধ্যে একটা অন্যতম কর্মসূচী হিসাবে ছিল অপসংস্কৃতির বিরুদ্ধে সংগ্রাম এবং ভাল সংস্কৃতিকে উৎসাহ দান এবং সুস্থ সংস্কৃতিকে প্রতিষ্ঠা করার ব্যাপারে সচেষ্ট হওয়া। সেই কারণে ১৯৭৭ সালের নির্বাচনের পর বামফ্রন্ট সরকার তথ্য ও সংস্কৃতি বিভাগকে অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখেছে। আগে তথ্য ও জনসংযোগ যে দপ্তর ছিল তার নাম যে শুধু পরিবর্তন করা হয় নি তা নয়, এই দপ্তরকে আরও গুরুত্ব দেবার জন্য সেখানে কর্মী সংখ্যাও বাড়ানো হয়েছে।

[5.55—6.05 P. M.]

নানা বিভাগে নূতন নূতন ধরনের পরিকল্পনা রচনা করা হয়েছে যাতে সুস্থ সংস্কৃতির বিকাশ সাধিত হতে পারে। একটা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকে বামফ্রন্ট সরকার সংস্কৃতির ক্ষেত্রে এক বিরাট সাফল্যের দাবী করতে পারে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন যে মানুষ তার জীবন-জীবিকা সহ সামাজিক অন্যান্য প্রশ্নের সঙ্গে তার সংস্কৃতির প্রশ্নটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই কারণে আমরা বিশ্বাস করি যে, সুস্থ সংস্কৃতি গড়ে তুলতে হলে শুধুমাত্র প্রশাসনিক যন্ত্রের দ্বারা সম্ভবপর নয়, সেই কারণে প্রত্যেকটি বিভাগে যাত্রা, নাটক, সংগীত, চিত্র ভাস্কর্য, সাহিত্য—এই সমস্ত ক্ষেত্রে বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে উপদেষ্টা পর্ষদ গঠন করা হয়েছে এবং সেই সমস্ত ব্যক্তিদের মূল্যবান পরামর্শ এবং কার্যাবলীর মাধ্যমে আজকে সংস্কৃতির ক্ষেত্রে একটা বিরাট আলোড়ন এবং উৎসাহ সৃষ্টি হতে পেরেছে। আপনি জানেন যে সাহিত্যের ক্ষেত্রে সংস্কৃতি বিভাগ থেকে যে-সমস্ত প্রচেষ্টা নেওয়া হয়েছে, সেইগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ। যে-সমস্ত লেখক, সাহিত্যিক তাঁদের গ্রন্থ প্রকাশ করতে অক্ষম, তাঁদের সাহায্য দেওয়া হয়েছে, যে সমস্ত গ্রন্থ প্রকাশ করার ক্ষেত্রে তাঁদের অক্ষমতা ছিল, সরকার তাদের সাহায্য দিয়েছেন। শুধুমাত্র তাই নয়, সঙ্গীতের ক্ষেত্রে আমরা দেখেছি, যারা অনটনক্লিষ্ট, যাদের ক্ষমতা

নেই, সেই সমস্ত প্রবীণ সঙ্গীতজ্ঞদের সাহায্য দেওয়া হয়েছে। নাটকের ক্ষেত্রে দেখেছি, তরুণ নাট্যকারদের ৫০০ টাকা করে বৃত্তি দেওয়া হয়েছে। কেবলমাত্র তাই নয়, যাতে নাট্য জগতে একটা পরিবর্তন হতে পারে, এমন সুস্থ সংস্কৃতিপূর্ণ নাটক যাতে তারা লিখতে পারে এবং মানুষের জন্য বহুলভাবে প্রচার ঘটতে পারে সেই কারণে নাট্যকার এবং নাট্যমঞ্চগুলিকে বহুল পরিমাণে সাহায্য করা হচ্ছে। চলচ্চিত্রের ক্ষেত্রে আমরা দেখেছি এখানে তথ্য এবং সংস্কৃতি বিভাগ এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। চলচ্চিত্রগুলি যাতে সুস্থ চেতনাসম্পন্ন হয়, এই কারণে চলচ্চিত্রকারদের, অভিনেতাদের এবং মঞ্চশিল্পী, আলোকশিল্পী, তাদের পুরস্কার করার ব্যবস্থা করা হয়েছে। আমরা জানি মানুষের ভালবাসা এবং সরকারের ঐকান্তিক প্রচেষ্টা না থাকলে একটা রাজ্যে সুস্থ সংস্কৃতি গড়ে উঠতে পারে না। সেই কারণে সমস্ত মানুষের মধ্যে সুস্থ সংস্কৃতি গড়ে তোলার প্রয়াস এই সরকার চালিয়ে যাচ্ছে। একটা ছোট্ট নজীর তুলে ধরলেই এই ব্যাপারটা পরিষ্কার হবে। কংগ্রেস আমলে 'পশ্চিমবঙ্গ' বলে একটা পত্রিকা এই তথ্য ও সংস্কৃতি বিভাগ থেকে প্রকাশ করা হতো, তখন সেই পত্রিকার প্রকাশন সংখ্যা ছিল মাত্র ৪/৫ হাজার। কিন্তু বামফ্রন্ট সরকার আসার পরে তথ্য ও সংস্কৃতি বিভাগ থেকে অত্যন্ত গুরুত্ব দিয়ে এই পত্রিকাটিকে প্রকাশ করার ফলে আজকে প্রকাশন সংখ্যার পরিমাণ অনেক বেড়েছে। এই পত্রিকাতে খ্যাতনামা লেখকদের এবং খ্যাতনামা সকলকে নিয়ে এই পত্রিকাটি প্রকাশ করা হচ্ছে জনসাধারণের চাহিদা অনুযায়ী, চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে, তাঁদের লেখাগুলো প্রকাশ করার ফলে, আজকে সেই প্রকাশন সংখ্যা আমরা ৭ হাজারে দাঁড় করিয়েছি। এই ভাবে প্রত্যেকটি ক্ষেত্রে আমরা দেখেছি বিরাট এক অগ্রগতি ঘটেছে। লোক সংস্কৃতি এবং আদিবাসী সংস্কৃতির ক্ষেত্রেও এক অভাবনীয় দৃষ্টান্ত আমরা স্থাপন করতে পেরেছি।

এবং সেই কারণে আজকে বিভিন্ন জায়গায় চর্চা কেন্দ্র খোলা হয়েছে। ঝাড়গ্রামে উপজাতি কেন্দ্র খোলা হয়েছে, শিউড়িতে সিধু কানু চর্চা কেন্দ্র খোলা হয়েছে এবং শিলিগুড়িতে চর্চা কেন্দ্র খোলা হয়েছে। এই ভাবে বিভিন্ন জায়গায় এই সমস্ত চর্চা কেন্দ্র খুলে সুস্থ সংস্কৃতি যাতে প্রচার করা যায়, মানুষের সুস্থ চেতনা তুলে ধরতে পারা যায় তার প্রয়াস চালিয়ে যাওয়া হচ্ছে। শুধু তাই নয়, সরকারের লোকরঞ্জন শাখা নামে আর একটি শাখা আছে। এই লোকরঞ্জন শাখা কেবল পশ্চিমবঙ্গের শহর ও গ্রামাঞ্চলেই নয়, পশ্চিমবঙ্গ ছাড়িয়ে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে সুস্থ সংস্কৃতি প্রচারের জন্য একটা বিরাট প্রয়াস চালিয়ে যাচ্ছে। এই সমস্ত দিক দিয়ে আমরা বলতে পারি পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার আসার পরে তথ্য ও

সংস্কৃতি দপ্তর একটা বিরাট সাফল্য অর্জন করেছে। সেই কারণে তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহোদয় যে ব্যয় বরাদ্দ রেখেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, প্রথমেই যে বিষয়গুলি এখানে অবতারণা করতে চাই আমি প্রত্যাশা রাখব বিরোধী পক্ষের বন্ধুরা যে বক্তব্য রেখেছিলেন তারা এখানেই থাকুন বা যেখানেই থাকুন আমার বক্তব্য শুনবেন, সব জায়গাতেই শোনবার ব্যবস্থা আছে। তার্কিক পুঙ্গব সুব্রতবাবু তার্কিক উন্মাদনাতে যে কথাগুলি বলেছেন তাতে আমার সন্দেহ হচ্ছে তিনি প্রকৃতিস্থ ছিলেন কিনা। প্রথমেই তিনি আবিষ্কার করার চেষ্টা করেছেন যে, এই বিভাগের হাতে ক্ষমতা নেই, আমাদের নীতি ও লক্ষ্য নেই, আমরা অপসংস্কৃতির মধ্যে গোটা পশ্চিমবাংলাকে ছেড়ে দিচ্ছি। কথা শুনে আমার মনে হচ্ছে ১৯৭৫ সালের ৪ঠা মার্চ বিধানসভার বাজেট অধিবেশনে অংশগ্রহণ করতে গিয়ে তিনি একটি গল্প শুনিয়েছিলেন তৎকালীন বিরোধী নেতা বিশ্বনাথ মুখার্জীর উদ্দেশ্যে। গল্পটি ছিল, এক কৃষক গরু হারিয়ে ফেলে মাথা চাপড়াতে চাপড়াতে বাড়ী ফিরে এল। বাড়ী আসার পর তার ছেলে তাকে জিজ্ঞাসা করল, বাবা তুমি গরু খুঁজে পেলে? বাবা তখন ছেলেকে বলছে না ভাই, গরু খুঁজে পেলাম না। তখন তার স্ত্রী রান্না ঘর থেকে ছুটে এসে বলল, তুমি ছেলেকে ভাই বললে? তখন বলল কি করব মা, গরু হারিয়ে গেলে এই রকমই মাথা খারাপ হয়ে যায়। এই ভদ্রলোকের মানসিক অবস্থা কোথায়—এটা চিন্তা করতে হবে। তার আশঙ্কা হয়েছে মার্কসীয় সংস্কৃতি আজকে পশ্চিমবাংলাকে অপসংস্কৃতিতে ঠেলে দিচ্ছে। তার ধারণা হচ্ছে সেক্রেটারিয়েট এবং ডাইরেক্টরেটের মধ্যে বিরোধ আছে এবং এই বিরোধ তিনি অনুবীক্ষণ যন্ত্র দিয়ে আবিষ্কার করছেন। এই প্রসঙ্গ তিনি গতবারও রাখার চেষ্টা করেছেন, তার সদুত্তর পেয়েছেন। তিনি পুনর্বার সেই প্রশ্ন রেখেছেন, আমি মনে করি তার আর উত্তর দেবার দরকার নেই। আমরা যৌথ প্রচেষ্টায়, যৌথ সত্তা নিয়ে কাজ করি এবং সেই ভাবেই করে যাব। ডি. আই.-কে ট্রান্সফার করবার ক্ষমতা আছে কিনা এই বিষয়ে ওকালতি করবার দায়িত্ব যদি তিনি গ্রহণ করে থাকেন তাহলে বাহারান্তরে সাক্ষাৎ করবেন কার কতটুকু ক্ষমতা সেটা আমি বুঝিয়ে দিতে পারি। রবীন্দ্রনাথ, নজরুলকে কলুষিত করছি, এই প্রশ্নটা এসেছে। এই কথা তার মুখে যখন শুনছি তখন অবাক হচ্ছি না এবং তার নেত্রী বললেন রবীন্দ্রনাথ আক্রান্ত, সংস্কৃতি আক্রান্ত। পশ্চিমবাংলার

শিক্ষা দপ্তর যখন রবীন্দ্র রচনাবলী প্রকাশ করে মানুষের কাছে সহজভাবে পৌঁছে দেবার দায়িত্ব নেয়, পশ্চিমবঙ্গের তথ্য ও সংস্কৃতি দপ্তর যখন নজরুল, সুকান্ত স্মৃতি সম্মেলন করে তার মধ্যে রবীন্দ্র প্রশস্তি, রবীন্দ্রনাথের নব মূল্যায়ন মানুষের কাছে তুলে ধরছে তখন এটা যে কলুষিত হচ্ছে না, এই বিষয়টা তাদের বোঝা দরকার। কালচারাল ইন্টিগ্রিটির প্রশ্ন তিনি এখানে এনেছেন। পূর্ব ভারতের সংস্কৃতি উৎসব কারা করেছিল? আমরা যখন পূর্ব ভারতের বিভিন্ন রাজ্য নিয়ে সাংস্কৃতিক উৎসব করলাম তখন তার মধ্যে জাতীয় ঐক্য, জাতীয় সংহতির চিত্রটা পরিষ্কার হয়ে উঠছে না? আমি দফায় দফায় উত্তর দিচ্ছি। উত্তর যখন দিই তখন তারা খেয়াল করেন না, স্মরণ থাকে না। তিনি বোধ হয় ভাবেন আমরা সংস্কৃতি নিয়ে কথা বলছি। ১৯৮২তে সংস্কৃতি বলেছিলাম ইংরাজীতে, এবার কিন্তু বাংলাতেই বলছি, আশা করি তিনি শুনবেন এবং মনেও রাখবেন। আমি দফাওয়ারী উত্তর দিলাম। ৫ দফা উত্তর হয়ে গেছে। ৬ দফা—তিনি বাংলা ভাষা ব্যবহারের কথা রেখেছেন। গত কয়েক বছরের বিধানসভার প্রসিডিংসে আমি দেখলাম বাংলা ভাষা সম্বন্ধে একটি কোশ্চেনের উত্তরে অনেক কথা বলে গেছেন, কিন্তু ধারাবাহিক ভাবে কোন কাজ এগোয় নি। বরং আমরা আসার পরে ২৭০টি বাংলা মুদ্র লেখন যন্ত্র বিভিন্ন জায়গায় সরবরাহ করা হয়েছে এবং প্রতিটি ব্লকে বাংলা মুদ্র লেখন যন্ত্র আমরা দেবার ব্যবস্থা করছি। আর সেখানকার ইংরাজী টাইপিষ্টরা যাতে বাংলা টাইপ লিখতে পারেন তার ব্যবস্থা করা হচ্ছে। কিছু স্কুল খোলা হয়েছে, রাইটার্স বিল্ডিংস এবং বালিগঞ্জ গভর্নমেন্ট স্কুলে।

[6.05 – 6.15 P. M.]

আমরা বাংলা ভাষায় প্রতিটি ক্ষেত্রে আমাদের মন্তব্য লিখছি এবং যথাসাধ্য প্রতিটি ক্ষেত্রে বাংলা ভাষা প্রয়োগ করার চেষ্টা করছি। তারপর 'পশ্চিমবঙ্গ' পত্রিকা নিয়ে নানান রকমের দুর্নীতি ও অবিচার হচ্ছে বলা হয়েছে। আমি তাঁকে বলি, সংবাদ যখন পাবেন তখন সঠিক তথ্য সেখানে আবিষ্কার করার চেষ্টা করবেন, সেখানে অর্ধেক সত্য জানার চেষ্টা করবেন না। স্যার, এই প্রসঙ্গে একটি গল্পের কথা মনে পড়ে গেল, সেটা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। "একটি পাড়ায় একটি গলি আছে, সেই গলির এদিকে একটি বাড়ী, ওদিকে একটি বাড়ী। এ দিকের বাড়ীর জানলা খুলে গেল, ও দিকের বাড়ীর জানলা খুলে গেল, দু গিন্নির কথাবার্তা হচ্ছে। এক গিন্নি আর এক গিন্নিকে জিজ্ঞাসা করছে, আচ্ছা

দিদি, তোমার কুকুরের যে অসুখ করেছিল তাতে তুমি তাকে কি খাইয়েছিলে? সেই গিন্নি বলছে, আমি আলকাতরা খাইয়েছিলাম। তিনি অর্ধেকটা শুনলেন, পুরোটা শুনলেন না, নিজের ঘরে গিয়ে তার কুকুরটাকে আলকাতরা খাইয়ে দিলেন। পরের দিন আবার দু' বাড়ীর জানলা খুলে গেল। দু' গিন্নির আবার কথাবার্তা হচ্ছে—একজন বলছে, কি গো দিদি, তোমার কথায় আমি কুকুরকে আলকাতরা খাওয়ালাম, আমার কুকুর যে মরে গেল। অপর গিন্নি বললো, আমারটাও মরে গিয়েছিল।" তিনি যদি পুরোটা শুনতেন যে আলকাতরা খাওয়ালে কুকুর মরে যায় তাহলে তিনি নিশ্চয় কুকুরকে আলকাতরা খাওয়াতেন না। কাজেই আমি বলব, অর্ধেক সত্য বা বিকৃত তথ্য এখানে দেবেন না, সঠিক কথা বলবার চেষ্টা করবেন। 'পশ্চিমবঙ্গ' পত্রিকা যে পরিমাণে আমরা ছাপি তা সঠিকভাবে বিতরণ করার ব্যবস্থা করি। তিনি আশংকা করেছেন, বাইরে থেকে যেটা আমরা ক্যাজুয়াল পাবলিকেসান করি, যা আমরা ছাপতে দিই তা বোধহয় পাই না। আমি উদাহরণ দিয়ে বলতে চাই যে, আমরা দু'হাজার ছাপতে দিয়েছি দু'হাজার পেয়েছি, ১০ হাজার ছাপতে দিয়েছি ১০ হাজার পেয়েছি, এক লক্ষ ছাপতে দিয়েছি এক লক্ষ পেয়েছি, ৪০ হাজার ছাপতে দিয়েছি ৪০ হাজার পেয়েছি, ২৫ হাজার ছাপতে দিয়ে ২৫ হাজার পেয়েছি। সুতারং আমি বলতে পারি যা আমরা ছাপতে দিয়েছিলাম তা আমরা পেয়েছি কাজেই যে তথ্য উনি পরিবেশন করেছেন সেটা সঠিক নয়, সেটা ফার ফ্রম দি ট্রুথ একথা আমি বলতে চাই। তারপর তিনি বলেছেন, ওজন দরে বিক্রি হয় 'পশ্চিমবঙ্গ' পত্রিকা। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে 'পশ্চিমবঙ্গ' পত্রিকা মানুষের কাছে পৌঁছে দিতে হবে সেইজন্য সেখানে আমরা কিছু কমিশনের ব্যবস্থা করেছি। যারা বেশী পরিমাণে বিক্রি করেন তাদের আমরা কমিশন দিই। ২০ পয়সা মাত্র দাম করা হয়েছে, কমিশন বাদ দিলে তার দাম হয় ১২ পয়সা। এটা যখন তা হয়ে যায় তখন ওঁর মতন ভদ্রলোক বা ওঁর কাছাকাছি কোন ভদ্রলোক যদি ওজন দরে সেটা বিক্রি করতে যান তাহলে সেখানে সেই পরামর্শটা কোথা থেকে আসে সেটা ভেবে দেখার দরকার আছে। তারপর বলা হয়েছে বসুমতী পত্রিকা থেকে নিয়ে এসে আমরা নাকি অন্য জায়গায় ছাপতে দিয়েছি এবং যেখানে ছাপতে দেওয়া হয়েছে তাদের নাকি কোন জ্ঞান নেই।

মিঃ ডেপুটি স্পিকার: প্রভাসবাবু, আপনি একটু বসুন। মাননীয় সদস্যগণ, এই ডিবেটের উপর আলোচনার জন্য যে সময় নির্দিষ্ট করা ছিল সেটা ৬টা ৯ মিনিটে শেষ হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় এখন জবাবী ভাষণ দিচ্ছেন, কাজেই আরো

কিছু সময়ের প্রয়োজন, সেজন্য আমি আধঘন্টা সময় আরো বাড়াবার জন্য প্রস্তা করছি। আমি আশা করি মাননীয় সদস্যগণ এতে সম্মত হবেন।

(মাননীয় সদস্যগণ সম্মতি দেবার পর)

এই ডিবেটের উপর আলোচনার সময় আরো আধঘন্টা বাড়ল।

শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে কি সময় দেবার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। বলা হয়েছে, বসুমতী পত্রিকা থেকে নিয়ে এসে আমরা অন্য জায়গায় ছাপতে দিয়েছি। 'ওয়েস্ট বেঙ্গল' বলে একটি পত্রিকা যেখানে ছাপা হত সেখানে হঠাৎ লকআউট হয়ে যায় ফলে সেখানে ছাপান যায় না। সেইজন্য আমরা ব্যবস্থা করি বসুমতীতে ছাপাবার। কিন্তু বসুমতীতে ইংরাজী ছাপার ব্যাপারে অসুবিধা হওয়ায় এবং সময় চলে যাচ্ছিল বলে সেখান থেকে নিয়ে আমরা গতবারে যাদের ছাপার দায়িত্ব দিয়েছিলাম সেই হুগলী প্রিন্টিং প্রেসে ছাপতে দিই। দস্তুর মত যেভাবে টেণ্ডার করে দেওয়া হয় সেইভাবে দেওয়া হয়েছে, সেখানে কোন রকম অন্যায় করা হয় নি। আর হুগলী প্রিন্টিং প্রেসের অস্তিত্ব নেই একথা যদি বলেন তাহলে বলব, স্মরণ রাখবেন, এটা কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রিত একটি সংস্থা। তারপর ৯নং-এ বলা হয়েছে, প্রেস accredition কার্ড নেই। আমরা সংবাদপত্রের নিরপেক্ষতায় বিশ্বাসী। প্রেস accredition কার্ড করার ক্ষেত্রে কিছু কিছু বাধা ছিল। সাংবাদিক বন্ধুদের দুটি সংস্থা আছে। প্রেস accredition কমিটিতে কোন সংস্থার কতজন প্রতিনিধি থাকবেন, কি প্রোপোরসানে থাকবেন এ নিয়ে কিছু কিছু বক্তব্য আছে, ভুল বোঝাবুঝি আছে, সেটা আমরা মীমাংসা করার চেষ্টা করছি। কিন্তু সেখানে কাজটা যাতে বন্ধ হয়ে না যায় তার জন্য আমরা সরকারীভাবে কমিটি করেছি এবং সেই কমিটির মাধ্যমে প্রেস কার্ড যথারীতি দেওয়া হচ্ছে। তাঁরা যদি বিশেষ কোন ব্যক্তিকে দেবার প্রয়োজন অনুভব করে থাকেন তাহলে আমার সঙ্গে যোগাযোগ করবেন আমি সেখানে সহযোগিতা করবো। ১০নং হচ্ছে, বলা হয়েছে, চলচ্চিত্র কোলাপসড হয়ে যাচ্ছে, অনুদান নয়-ছয় হয়ে যাচ্ছে। আমি সেখানে বলতে চাই যে, অনুদানের প্রশ্নটা আমরা কেন করলাম সেটা ভেবে দেখা দরকার। ওঁদের আমলে ঋণ দান প্রকল্প ছিল এবং ঋণ যা দেওয়া হয়েছে তা আর কোনদিন শোধ হবার সম্ভাবনা ছিল না। তাই, ১৯৭৭ সালে আমরা আসার পরে যাতে সুস্থ চলচ্চিত্র গড়ে উঠতে পারে,

চলচ্চিত্র জগতে একটা গতি সঞ্চারিত হতে পারে, সেই উদ্যোগ আমরা গ্রহণ করেছিলাম। আমরা সেখানে অনুদান দিয়েছিলাম বিভিন্ন সর্তের মধ্যে দিয়ে, বিভিন্ন ইনস্টলমেন্টের মধ্যে দিয়ে। আমরা যেমন এম. এস. সথ্যুর মত লোক হলেও অনুদান দেই, তেমনি পুর্ণেন্দু পত্রিকে, বুদ্ধদেব দাশগুপ্তকে, সৈকত ভট্টাচার্যকে, বিভূতি লাহাকে, অসীম ভট্টাচার্যকে, অশোক ঘোষকে, উৎপলেন্দু চক্রবর্তীকেও দেই। এরা সকলেই লব্ধ প্রতিষ্ঠিত লোক। নয় ছয় কাকে বলে? এই সংখ্যার তত্ত্বের সঠিক ধারণা যদি না থাকে তাহলে আমি আর একবার সংখ্যা তত্ত্বের হিসাবটা তাদের করতে বলবো, ধারাপাতটা একটু ঝালিয়ে নিতে বলবো। উৎপল দত্তের ছবি করার কথায় বলা হয়েছে যে উৎপল দত্তকে আমরা কত টাকা অনুদান দিয়েছি। আমি আগেও এর উত্তরে বলেছি এবং আবার বলছি যে উৎপল দত্তকে আমরা কোন অনুদান দেইনি। উৎপল দত্তকে সরকারী হিসাবে যে দায়িত্ব দিয়েছিলাম 'ঝড়' বলে একটি চলচ্চিত্র নির্মাণের জন্য, সেটা অনুদানের পর্যায়ে পড়ে না। 'মা' বইয়ের কথা এখানে বলা হয়েছে। 'মা' বই উৎপল দত্তের নিজস্ব প্রোডাকশান। সেখানে আমরা এক পয়সাও সাহায্য দেইনি, অনুদান দেইনি। তিনি ব্যাংক থেকে যে ঋণ গ্রহণ করেছেন, সেই ঋণের ক্ষেত্রে আমরা গ্যারান্টর হিসাবে দাঁড়িয়েছি মাত্র। সুতরাং নয় ছয় করেছি একথা সঠিক নয়। আমি এই বিষয়ে আপনাকে বিচার করবার জন্য বলছি এবং অন্যান্য মাননীয় সদস্যরাও এটা বিচার করে দেখবেন। তারপরে বলা হয়েছে যে 'মা' বই কবে মুক্তি পাবে? বেসরকারী উদ্যোগে প্রয়োজিত বই কবে মুক্তি পাবে—সে দায়িত্ব আমাদের গ্রহণ করার কথা নয়। অভিযোগ করা হয়েছে যে, 'মধুবন' 'দেবী গর্জন' এবং 'কণি'—ছবিগুলি কবে মুক্তি পাবে তার কোন হদিশ নেই। 'মধুবন', 'দেবী গর্জন' এবং 'কণি'-এর ব্যাপারে আমরা কমার্শিয়াল ফিচার ফিল্ম হিসাবে উদ্যোগ গ্রহণ করি এবং স্বাভাবিক ভাবে যে টাকায় ছবিটি হবার কথা, নানা কারণে তার থেকে খরচ বেড়েছে। কারণ লোকেশান যেগুলি করতে হয় অনেক কারণে সেগুলি হঠাৎ বন্ধ হয়ে যায় ফলে খরচ বেড়ে যায়, এটা ঠিক। এটা যেকোন কারণে বাড়তে পারে। সেই কারণগুলি যারা চলচ্চিত্র করেন, যারা ক্রিয়েটিভ শিল্পী তাদের উপর নির্ভর করে সেই সম্পর্কে আমি কোন বিশ্লেষণ দিতে পারি না। তবে একথা বলতে পারি যে আমরা প্রত্যেকটি জায়গার খবর রাখি। 'কণি' বই তৈরী হয়ে গেছে এবং পরবর্তী পর্যায়ে তার মুক্তির ব্যবস্থা হবে। ঘটনা যখন জানবেন তখন সঠিক তথ্য জানুন। যদি না জানেন জিজ্ঞাসা করে ভেরিফাই করে নিন। ভেরিফাই না করে হঠাৎ কথা শিখে সেটা প্রয়োগ করতে নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে

আমার একটা কথা মনে পড়ে গেল। কথাটা হচ্ছে একজন লোক 'কতিপয়' ব একটা কথা শিখেছিল। তার চিঠি লিখতে গিয়ে মনে পড়ে গেল যে কতিপ কথাটাতো ব্যবহার হলনা অথচ চিঠি লেখা শেষ হয়ে গেছে। সে ভাবলো ে কতিপয় কথাটা যখন শিখেছি তখন সেটা ব্যবহার করতেই হবে। অতএব ে লিখলো, কতিপয় পিতাঠাকুর মহাশয়, আমার প্রণাম গ্রহণ করবেন। সুতরা সঠিক তথ্য না জেনে বললে এই রকম অবস্থা দাঁড়ায়। এর পরে অভিযোগ কর হয়েছে যে যাঁরা মার্কসবাদে বিশ্বাসী এমন লোকেদের অনুদান দেওয়া হচ্ছে, আ কাউকে দেওয়া হচ্ছে না। একথা আদৌ সত্য নয়। আমি বিনীত ভাবে সকলে কাছে নিবেদন করছি যে যাদের অনুদান দিচ্ছি, তাদের মধ্যে এঁরা যদি মার্কসবাদ বিশ্বাসী হয় তাহলে আমি নিজেকে ধন্য মনে করবো। তবে অনেক ব্যক্তি আছেন যারা হয়ত আগামী দিনে মার্কসবাদ করবেন, ওরাও করবেন, এই রকম কি মানুষের নাম উল্লেখ করছি—প্রভাত কুমার মুখার্জী, মন্মথ রায়, বিমল চন্দ্র ঘোষ দীনেশ দাস, প্রবোধ সেন, দ্বিগীন বন্দ্যোপাধ্যায়, ডঃ বীরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায় নবেন্দু ঘোষ, মণীন্দ্র রায়, কিরণ শংকর সেনগুপ্ত কত বলবো। মার্কসবাদে বিশ্বাস বলে এঁদের কোন অনুদান দেওয়া হয়নি। এঁদের পুস্তক মানুষের কাছে পৌঁছা দরকার, সেই মানসিকতাকে আমরা সাহায্য করেছি। অনেক প্রখ্যাত শিল্পী যাদের সম্ভাবনা রয়েছে, প্রকাশ পাচ্ছে তাদের সহযোগিতা করছি। এটা অন্যা করছি বলে মনে করি না। যাদের মধ্যে সম্ভাবনা রয়েছে, তারা সুস্থ সৃষ্টি করছে সম্ভার সৃষ্টি করছে, এটা আমরা জানি। সেই কারণে এটা আমরা মনে রাখি যে শুক্তি দেহে যেমন মুক্তোর জন্ম হয় তেমনি সমাজের থেকে শিল্পীর জন্ম হয়। আর মনে রাখতে বলি যে শ্রেণী বিভক্ত সমাজ ব্যবস্থাতে সংস্কৃতি কর্মশালা কোনদিন শ্রেণীর উর্ধ্বে উঠতে পারে না—এই ধারণা তাদের নেই। যদি তাদের আগ্রহ থাকে তাহলে পরবর্তীকালে আলোচনা করা যাবে। তারপরে বলা হয়েছে যে উপদেষ্ট কমিটিতে কারা আছেন? বাংলার স্ব স্ব ক্ষেত্রে যাঁদের পাণ্ডিত্য রয়েছে, যাঁরা বিচক্ষণ ব্যক্তি, উপযুক্ত আছেন, তাঁদের নিয়ে পরামর্শ করে করা হয়েছে। তাঁদের সৎ পরামর্শ নিয়ে প্রতিটি ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। মাননীয় সদস্য বলেছেন যে তথ্যচিত্র নির্মাণ নাকি বন্ধ হয়ে গেছে এবং উনি স্বরূপ দত্তের কথাও বলেছেন। স্বরূপ দত্তের কথা ১৯৮২ সালেও বলেছিলেন, আবার ১৯৮৩-৮৪ সালেও বলছেন। আমি তাকে এই কথা বলতে চাই যে স্বরূপ দত্ত যদি ক্রিয়েটিভ মানুষ হন তাহলে তাকে দেওয়াতো কোন অন্যায় নয়? আর এবারে আমরা যে তথ্যচিত্র

করছি, প্রতি মাসে প্রায় একটি করে তথ্যচিত্র তৈরী করা হচ্ছে। এই তথ্যচিত্রগুলি বিখ্যাত মনীষী, চলমান ঘটনা এবং প্রতিটি জেলার বিশেষ যে বৈশিষ্ট্য তার উপরে নির্ভর করে তৈরী করা হচ্ছে। উত্তরবঙ্গের সমস্যা, উত্তরবঙ্গের যে সংস্কৃতি, সেই সংস্কৃতিকে তুলে ধরার জন্য উত্তরবঙ্গকে ভিত্তি করে আমরা ডকুমেন্টারি ফিল্ম তৈরী করছি। পুরুলিয়া জেলার উপরে ভিত্তি করেও আমরা ডকুমেন্টারি ফিল্ম তৈরী করছি। বিভিন্ন মানুষের জীবনের উপরে আমরা ডকুমেন্টারি ফিল্ম তৈরী করছি— মানিক বন্দ্যোপাধ্যায় করছি, তিমিরবরণ করছি—কোথায় তাঁরা খবর পান? তাঁদের খবরের সূত্র যদি অন্ধকার হয় তাহলে আমার বলার কিছু নেই।

[6.15—5.25 P.M.]

পেশাদারী মঞ্চে ট্যাক্স হচ্ছে এবং ট্যাক্স বসাবার সময়ে সেটা কোথা থেকে বসান হয়, তা সকলেরই জানার কথা। এই প্রসঙ্গে বলতে গিয়ে উনি বললেন যে, 'পেশাদারী রঙ্গমঞ্চকে ফ্রি করে দেওয়া হোক, যেমন বিজন থিয়েটারকে করে দেওয়া হয়েছে।' বিজন থিয়েটারে অনেক রকমের নাটক হয়, সব নাটককেই সুযোগ-সুবিধা দেওয়া হয় না। সেখানে গ্রুপ থিয়েটার যখন নাটক করে তখন গ্রুপ থিয়েটারের জন্য যে-সব সুযোগ-সুবিধা আছে সেগুলি দেওয়া হয়। কর্পোরেশনের ট্যাক্সের ক্ষেত্রে এবং অন্যান্য ট্যাক্সের ক্ষেত্রে ঠিক করা হয় কিভাবে কি সুযোগ-সুবিধা দেওয়া হবে। বিজন থিয়েটারে যখন গ্রুপ থিয়েটার নাটক করে তখন তার যে মর্যাদা এবং পেশাদারী রঙ্গমঞ্চে বিশেষ বিশেষ যে নাটক দেখান হয় তার মর্যাদা যদি এক হয়, তাহলে উনি কাদের পক্ষে ওকালতি করছেন, তা বুঝতে পারা যায়। সংস্কৃতির প্রভুরা যখন সংস্কৃতিকে পণ্য হিসাবে গ্রহণ করেন এবং তার থেকে মুনাফা করা যদি একমাত্র লক্ষ্য হয় তাহলে আমি মনে করি উনি সেই মুনাফার দিকে লক্ষ্য রেখেই আজকে এ বক্তব্য রেখেছেন। আমরা গ্রুপ থিয়েটারের কথা বলি, কর্পোরেশন ট্যাক্সের ক্ষেত্রে, যতগুলি গ্রুপ থিয়েটার আছে সকলের ক্ষেত্রেই মাত্র এক টাকা করে ট্যাক্সের ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থা আমরা আগেই করেছি, সুতরাং এখানে নতুন পরামর্শের অপেক্ষা থাকছে না।

তারপরে উনি বললেন, 'রাজ্য সংস্কৃতি এ্যাকাডেমির ওয়ার্কশপের কাজের জন্য কোন কিছু করা হয় নি।' এ প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে, দু'বছর পরমায়ু সংস্কৃতি এ্যাকাডেমির এবং সংস্কৃতি এ্যাকাডেমির উপদেষ্টা পর্ষদে সংস্কৃতি জগতের যাঁরা বিশিষ্ট মানুষ তাঁরাই রয়েছেন। সেখানে এক্সিকিউটিভ কমিটিও রয়েছে। সমকালীন বাংলা

গানের প্রভাব, জাতীয় ঐতিহ্যের প্রভাব, চলচ্চিত্রের প্রভাব প্রভৃতি বিভিন্ন প্রভাব নিয়ে সাতদিনব্যাপী ওয়ার্কশপ গঠন করা হয়েছে এবং সঙ্গীত শিল্পে বিশিষ্ট অবদানের জন্য আলাউদ্দিন স্মৃতি পুরস্কার দেওয়া হয়েছে। সেই পুরস্কার পেয়েছেন শ্রীতিমিরবরণ ভট্টাচার্য। সেই অনুষ্ঠান আমরা করেছি। সেখানে গবেষণাগার তৈরী হয়েছে। সেখানে আরকাইভস্ তৈরী হয়েছে, লুপ্তপ্রায় শিল্পকে সেখানে সংগ্রহ করে নিয়ে এসে ক্যাসেট করে রাখা হবে। সেখানে পাঠাগার তৈরী হবে, গবেষণা কেন্দ্র তৈরী হবে। কাজ ধারাবাহিকভাবে হবে। যেমন সাধ্য তেমনভাবে হবে। অনেক কাজই আমরা সেখানে করব বলে রেখেছি।

১৮ নং কথা বলেছেন অহীন্দ্র মঞ্চ প্রসঙ্গে। উনি বলেছেন, 'অহীন্দ্র মঞ্চের লেন্স চুরি গিয়েছে, কিন্তু আপনারা কৈফিয়ত তলব করেন নি'। আমি ওঁকে বিনীতভাবে জিজ্ঞাসা করতে চাই, আইনগতভাবে যে-ব্যবস্থা গ্রহণ করা দরকার, আমরা সেই সেই ব্যবস্থা কি গ্রহণ করি নি? সেখানে থানায় অভিযোগ করা হয়েছে, সেখানে মামলা রুজু করা হয়েছে এবং বিভাগীয় তদন্ত করা হয়েছে। কখন সেখানে লেন্স চুরি হয়েছে? যখন পশ্চিমবাংলায় খরা চলছিল, আমাদের শিল্পীবন্ধুরা যখন সমিতি করে অহীন্দ্র মঞ্চে চলচ্চিত্র উৎসব করছিলেন, তখন হঠাৎ দেখা গেল সেখানে লেন্স চুরি হয়ে গেছে। আজকে উনি ঘোষণা করছেন, 'প্রজেক্টরও নাকি চুরি হয়ে যাবে।' এ কথা শুনে আমার আশঙ্কা হচ্ছে, কারণ পেচক দিনের বেলা দেখতে পায় না, রাত্রিবেলা দেখতে পায় এবং রাত্রিতে অনেক কিছু দেখে মাঝে মাঝে আশঙ্কা করে ফোরকাস্ট করে। সুতরাং প্রজেক্টর যদি চুরি হয়ে যায়, তাহলে কোথা থেকে ষড়যন্ত্র হচ্ছে, তা আপনারাই বিচার করে দেখবেন।

১৯ নং কথা উনি বলতে চেয়েছেন, এফ. ই. এস., লোকরঞ্জন শাখা বিধানচন্দ্র রায়ের আমলে তৈরী হয়েছিল, তা নাকি গণনাট্য সঙ্ঘের আড্ডাখানা হয়ে গেছে! আমি সেখানে বলতে চাই, আমাদের যে চলতি নাটকগুলি আছে তাতে নীলদর্পণের মত নাটক আছে, সে নাটক অভিনীত হয়। ১০০ বছর আগেকার যে নাটক জাতীয় আন্দোলনের মধ্যে জ্বলন্ত একটা অগ্নিময় পরিবেশ সৃষ্টি করেছিল, সেই "নীলদর্পণ"-কে আমরা তুলে ধরব না? আমরা "রাহুমুক্ত"-র মত নাটককে তুলে ধরব না? "রাহুমুক্ত" সাম্রাজ্যবাদ-বিরোধী একটা ঐতিহ্যময় লড়াই-এর নাটক। আমরা চাইছি এই সমস্ত নাটকগুলি অভিনীত হোক। কিন্তু তার সঙ্গে সঙ্গে আমরা "রামমোহন"-কে বাদ দিচ্ছি না। রামমোহন রায়ের ২৫০ বছর পূর্তি উৎসব উদ্‌যাপিত হয়েছে। আমরা এখান থেকে টিম নিয়ে গিয়ে দার্জিলিং-এ ১০ দিনব্যাপী রামমোহনের উপর নাটক করে এসেছি। "রামমোহন" নাটক নিয়ে যাবার জন্য

আমাদের কাছে মধ্যপ্রদেশ থেকে চিঠি এসেছে। আমরা "রামমোহন" নাটককে সেখানে নিয়ে যাব। আমরা "বিদ্যাসাগর" নাটক দেখাই। আমরা "দেবী" নাটক দেখাই। "ফুলওয়ালী" দেখাই। "কংক্রিট" দেখাই। আমরা "মুক্তির ডাক" দেখাই। আমরা "মা"-ও দেখাই। আবার রবি ঠাকুরের "শাস্তি"-ও দেখাই। আমাদের নৃত্যনাট্য আছে "শ্যামা" "চণ্ডালিকা"। এইসব নৃত্যনাট্য রয়েছে, সঙ্গীত আছে, বহু কিছু আছে। এখন প্রশ্ন হচ্ছে কি নাটক উনি করাতে চান? উনি পেশাদারী রঙ্গমঞ্চের ওকালতি করেন। সুতরাং উনি যদি মনে করে থাকেন ঐ রকম নাটক আমরা এফ. ই. এস.-কে দিয়ে করাব, তাহলে আমি বলব যে, উনি ভুল করছেন। আমরা যে নীতি নিয়ে সরকার চালাতে চাই, যে কথা বলে এসেছি মানুষকে তার মধ্যে এই জিনিস পড়ে না, এ সব জিনিস অনেক দূরে থাকে।

উনি আনন্দবাজার গ্রুপের কথা বলেছেন। এখন প্রশ্ন হচ্ছে, আমি আজকে বিধানসভায় প্রশ্নোত্তরের সময়ে বলতে চাইছিলাম যে, কে কত বিজ্ঞাপন পেয়েছে, সেখানে আমি কিন্তু শুধু আনন্দবাজারের কথাই বলেছি এবং শুধু গণশক্তির কথাই বলছি। আমি আনন্দবাজার হাউসের কথা বলিনি। আমি যে সংখ্যাটি বলেছিলাম সেটি হচ্ছে আনন্দবাজার ১৬ লক্ষ ৬০ হাজার ৫০ টাকা। উনি বললেন, '১৮ লক্ষ টাকা'। আমি বললাম, গণশক্তি ৬ লক্ষ ৮১ হাজার টাকা। উনি বললেন, '৮ লক্ষ টাকা'। সংখ্যা এত লাফায় কেন? সংখ্যা তো যা বলা হয় তা থেকে পরিবর্তিত হয় না। তাহলে প্রশ্ন হচ্ছে, ঐ আনন্দবাজার পত্রিকার সঙ্গে যদি টেলিগ্রাফ, বিজনেস স্ট্যাণ্ডার্ডকে যুক্ত করি এবং সাপ্তাহিকী পত্রিকাগুলিকে যদি যুক্ত করি তাহলে নিশ্চয়ই অঙ্কটা অনেক বেড়ে যাবে। আমি সেই প্রসঙ্গে যাচ্ছি না। আমি শুধু বলছি আনন্দবাজার পত্রিকার সংখ্যাটা হচ্ছে ১৬ লক্ষ ৬০ হাজার ৫০ টাকা। আর উনি আবার অমৃতবাজার এবং যুগান্তরের কথাও বলছিলেন। তা আমি যুগান্তরের কথাটা বলে দিই, সে সংখ্যাটা হচ্ছে, ১৪ লক্ষ ৭৯ হাজার ৫০৮ টাকা। সুতরাং সংখ্যা লাফানোর কথা নয়। সংবাদপত্রের নিরপেক্ষতায় আমরা বিশ্বাসী। আমরা বিশ্বাস করি তাঁরা ভ্রান্ত সংবাদ পরিবেশন করবেন না। লোকসেবক নাকি বন্ধ হয়ে যাচ্ছে শুনলাম, না বন্ধ হয়ে গেছে, আমার জানা নেই। এখানে একজন বললেন। আবার তিনি বললেন—আমার অবশ্য ইংরাজী জানা নেই—হি মিসলিডেড দি হাউস। এই কথা শুদ্ধ কি অশুদ্ধ আমার জানা নেই। আপনারাই এটা বিচার-বিবেচনা করে দেখবেন। বসুমতী নাকি গণশক্তি পত্রিকার মর্নিং এডিশান হয়ে গেছে। তাই যদি হতো আমরা খুশী হতাম। কিন্তু আমরা যেখানে আছি—আমি আবার বলছি, এই শ্রেণীবিভক্ত ব্যবস্থাতে আমরা যেভাবে

এগুতে চাই, সেইভাবে এগুতে পারি না। চলচ্চিত্র শিল্পের সংকটের কথা বলেছেন। পশ্চিমবাংলায় নির্মিত চলচ্চিত্র বছরে ন্যূনতম ১২ সপ্তাহ আমরা দেখাতে চাই। সেই আইন করতে গিয়ে আগাম অনুমোদন চেয়ে রাষ্ট্রপতির কাছে পাঠিয়েছিলাম। সেটা ১৯৭৯ সাল থেকে পড়ে আছে। সুতরাং হবেটা কোথা থেকে? তাই যেভাবে এগুতে চাই সেইভাবে এগুনো যায় না। বসুমতী তার নিজস্ব পথে এগুচ্ছে, বসুমতীতে বোর্ড আছে, করপোরেশান আছে। তাঁরা সঠিকভাবে যা চিন্তা-ভাবনা করছেন তাই করছেন। আমরা সেখানে কোনরকম খবরদারি করতে চাই না এবং করিও না। ২১ নম্বর অভিযোগ, সেখানে রুরাল ইনফরমেশানের কাজ তিনি জানেন না। রুরাল ইনফরমেশান-এর ক্ষেত্রে যখন আমরা কোন পরিকল্পনা করি সেখানে কম্পোজিট পরিকল্পনা করি। পঞ্চায়েত সমিতির সঙ্গে কথাবার্তা বলে সেখানে পরিকল্পনা করি, যেমন সেখানে প্রদর্শনী হবে, যেমন সেখানে সেমিনার হবে ঠিক সেই রকম সেখানে চলচ্চিত্র বা তথ্যচিত্র দেখানো হবে। তথ্য শাখার যে কাজ—গ্রামের সঙ্গে শহরের সংযোগের যে কাজ, সরকারের সঙ্গে পরিচিত করার যে কাজ সেই কাজ প্রদর্শনী, চলচ্চিত্র এবং সেমিনারের মধ্য দিয়ে উদ্দেশ সিদ্ধ হবে। আমার মনে হয় আমি একে একে সব কথাগুলি বলতে পারলাম। আগামী বছরে বাজেট সেসানে যেন বলবেন না যে, উত্তরগুলি পেলাম না। এবার আসছি আমার বন্ধু নটরাজের দিকে। নটরাজ আমার পুরানো বন্ধু, এর আগের বিধানসভাতেও ছিলেন। ১৯৭৫ সালের ৩ মার্চ তিনি মেনশান করেছেন, স্যার, রবীন্দ্র ভবনে কি হচ্ছে? সিউড়ির রবীন্দ্র ভবন সি. আর. পি-র উদ্দেশ্যে সেবা করার জন্য নিয়ে যাওয়া হচ্ছে। তৎকালীন যুগে রবীন্দ্র ভবনকে সি. আর. পি. এবং এন. ভি. এফ.-দের সেবা করার জায়গায় পরিণত করা হচ্ছে—সেই কথা তিনি বলেছেন, উনি সেটা মেনশান করেছেন। মেনশান শুধু মেনশানের জন্য নয়, মেনশান ফর এ্যাকশান, এ্যাকশান হ্যাজ রি-এ্যাকশান। আজকে আমি নোটিশ দিচ্ছি, ১৪ মার্চের মধ্যে যদি কোনরকম ব্যবস্থা না হয় তাহলে জবরদখল বলে যে একটা শব্দ ডিকসনারীতে আছে, সেখানে নতুন একটা শব্দ সংযুক্ত হবে জবরখালি। এই কথাটা আমার বন্ধু বলেছিলেন ১৯৭৫ সালের ৩ মার্চ শীততাপনিয়ন্ত্রিত কক্ষে। আজ তিনি ভাবছেন এই ইনফরমেশানে আমি সব অসত্য কথা বলছি, রবীন্দ্র ভবনে যুক্ত হচ্ছে না। রবীন্দ্র ভবন প্রসঙ্গে আমি বলি, ১৯৬১ সালে রবীন্দ্র শতবার্ষিকী যখন আরম্ভ হয় তখন বেসরকারী উদ্যোগে সৃষ্টি হয়েছিল এবং সেদিন থেকে অসম্পূর্ণ অবস্থায় আছে। সরকার বেসরকারী উদ্যোগকে সাহায্য নিশ্চয়ই করবে, আমরা তাদের যথোপযুক্ত-ভাবে সাহায্য নিশ্চয়ই করবো, কিন্তু পরিপূর্ণভাবে দায়-দায়িত্ব নিতে হবে এমন কথা

কি ঠিক করা হয়েছে ? তাই যাঁরা বেসরকারী উদ্যোগে করেছেন আমরা তাঁদের সহযোগিতা করছি। হ্যাঁ, আমরা সমস্ত উদ্যোগ গ্রহণ করবো, কিন্তু বেসরকারী সংস্থাগুলি যদি আমাদের কাছে আবেদন করেন যেগুলি অসম্পূর্ণ রয়েছে সেগুলি সম্পূর্ণ করার জন্য আমরা সরকারের কাছে অর্পণ করছি তাহলে আমরা করবো। আমরা যখন ম্যানেজমেন্ট গ্রহণ করতে চাই তখনই সংস্কৃতি জগতে হস্তক্ষেপ করা হচ্ছে—এই আশংকা তাঁরা করেন। তাই ম্যানেজমেন্ট সবটা নিতে পারি না, নিলেও ২ বছরের জন্য নেওয়া হয়, চিরতরে নিতে পারা যায় না। তাই বেসরকারী সংস্থাগুলো যদি বলেন নিশ্চয়ই আমরা গ্রহণ করবো। যাত্রা-থিয়েটারে ট্যাক্স বসানোর ক্ষেত্রে হাইকোর্টে ইনজাংশান পেয়ে গেছে, এটা আমরা জানি। কিন্তু ইতিহাসের উপর যে ইনজাংশন হয়েছিল তার কি ফলাফল হয়েছে তাঁরা আর একবার খোঁজ নিয়ে দেখবেন। সেটা সরকারের অনুকূলে গেছে এটা আমি জানিয়ে রাখতে চাইছি। সিউড়িতে সিধু-কানু চর্চা কেন্দ্রতে হাসপাতাল করার ব্যবস্থা করা হচ্ছে বলেছেন। সিউড়িতে সিধু-কানু চর্চা কেন্দ্রতে হাসপাতাল তৈরী করতে যাব কেন ? উপজাতি আদিবাসীবন্ধুদের সত্তা যাতে পরিপূর্ণভাবে বিকশিত হতে পারে সেই প্রচেষ্টা আমরা করবো। আমি মনে করি ভারতবর্ষ নানা ফুলে ভরা একটি সাজিপাত্র। প্রত্যেকটি ফুল তার নিজস্ব গন্ধে বিকশিত হয়ে উঠবে এবং তার মধ্য দিয়ে জাতীয় সত্তা নিশ্চিতকামী হবে, যাতে জাতীয় ঐক্য এবং জাতীয় সংহতি সফল হয়ে ওঠে। গ্রামীণ পত্র-পত্রিকার বিজ্ঞাপনের কথা আপনারা বলেছেন। আমি বলতে চাই, সান্যাল কমিটির যে সুপারিশ ছিল সেই সুপারিশ অনুসারে ক্ষুদ্র পত্রিকার জন্য শতকরা ১৫ ভাগ, মাঝারী পত্রিকার জন্য শতকরা ৩৫ ভাগ এবং বৃহৎ দৈনিক সংবাদপত্রের জন্য শতকরা ৫০ ভাগ টাকা দেওয়ার সুপারিশ ছিল। আমরা প্রতিটি জেলাকে গ্রামীণ পত্রিকার জন্য—তারা যে যতই লিখুক না কেন, যেভাবেই তথ্য পরিবেশন করুন না কেন—তাদের জন্য আমরা যেভাবে টাকা দিচ্ছি তা শতকরা হিসাবে ১৬.৫ ভাগ। সান্যাল কমিটির যে রিপোর্ট ছিল তার থেকেও বেশী টাকা আমরা দিচ্ছি।

[6.25—6.35 P. M.]

আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। লোকরঞ্জন শাখার উত্তর আমি দিয়েছি। আমার বন্ধু কাশীবাবুর কথায় একটু আসি। মিশ্র কুলোদ্ভব মাননীয় সদস্য কাশীবাবু, আপনি মিশ্র অর্থনীতির মত গাড্ডায় পড়ে গেছেন। তাই

আপনি চলচ্চিত্রের উন্নতি দেখতে পাচ্ছেন না, রবীন্দ্র ভবনের কথা কিছু বুঝতে পারছেন না। তাই আপনি ভাবছেন, যাত্রা-থিয়েটার যেগুলো আমরা সমর্থন করছি সেগুলো আমাদের দলীয় লোকজনের। আমি আপনাকে বলছি, যদি সত্যিকার কোন বন্ধু আপনার থেকে থাকে, যাঁর সত্যি নাটক-দল আছে, নাটক সম্পর্কে সুস্থ সংস্কৃতি বিকাশের পক্ষে যদি তিনি থেকে থাকেন, তাহলে আমার সঙ্গে যোগাযোগ করবেন, সাহায্য ও সহযোগিতা করবো। উনি মিশ্র মানুষ, শিষ্ট মানুষ, তবুও একটি কথা বলি—আপনি ব্যাসকাশীতে থাকবেন না। ব্যাসকাশীতে থাকলে জীববিশেষে রূপান্তরিত হয়ে যায়—এই সম্পর্কে বহু কিংবদন্তী আছে। তাই বলি, ব্যাসকাশী ছেড়ে সৎকাশীতে আসুন—তাহলে উন্নতি হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় প্রতিটি জিনিসের আমি পুঙ্খানুপুঙ্খরূপে একটি একটি করে সমস্ত কথার উত্তর দিতে পেরেছি এবং শেষে যে কথাটা বলতে পারি যে, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কারো ল্যাবরেটরিতে তৈরী হয় নি। লক্ষ লক্ষ মানুষের আশীর্বাদপুষ্ট হয়ে গতবারও এসেছিলাম, এবারও এসেছি এবং সারা দুনিয়ায় একটি ইতিহাস, একটি নজির সৃষ্টি করেছি। আমাদের বিশ্বাস, আমাদের ক্ষমতামত, আমাদের আদর্শগত, পরিকল্পনামত ধীরে ধীরে আমরা এগিয়ে চলেছি। আমাদের বিশ্বাস, আমরা মানুষের শুধু জৈবিক প্রয়োজনই নয়, তার মানসিক ভাব-সম্পর্ক সুচারুরূপে ফুটিয়ে তোলার ক্ষেত্রে সাধ্যমত ভূমিকা গ্রহণ করবো এবং সেই কাজে সকলের সহযোগিতা আশা করবো—এই কয়েকটি কথা বিনম্র শ্রদ্ধার সঙ্গে নিবেদন করি। আর একটি কথা—মান্নান সাহেবের একটি ছাঁটাই প্রস্তাব ছিল। মান্নান শব্দটা শুনে মনে পড়ছে—নান্ মান, তাইতো যিনি মানেন নি। এমন বন্ধু আবদুল মান্নান সাহেব আঁতুরে দুলালের মত বলেছেন যে, বিজ্ঞাপন নীতিতে সম্ভবতঃ গণশক্তি পত্রিকাকে বেশী করে বিজ্ঞাপন দেওয়া হয়েছে। আশা করি কোথায় কোথায় বিজ্ঞাপন দেওয়া হয়েছে সে ব্যাপারে সঠিকভাবে তথ্য উপস্থাপন করেছি। এই কয়েকটি কথা বলে, ছাঁটাই প্রস্তাবের সর্বাত্মক বিরোধিতা করে এবং আপনাদের কাছে আমার বাজেট প্রস্তাবকে সমর্থন করার যুক্তিনিষ্ঠ আবেদনের প্রস্তাব রেখে আমার কথার ইতি টানছি।

The motion of Shri Prabhas Chandra Phodikar that a sum of Rs. 5,96,44,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads "285—Information and Publicity : · 485—Capital Outlay on Information and Publicity and 685—Loans for Information and Publicity", (This is inclusive of a total sum of Rs. 99,42,000 already voted on account in March, 1984 was put and agreed to.

Demand No. 63

Major Heads : 321—Village and Small Industries (Excluding Public Undertakings), 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 721—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings).

Shri Pralay Talukdar : Sir on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,32,04,000 be granted for expenditure under Demand No. 63, Major Heads : "321-Village and Small Industries (Excluding Public Undertakings), 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 721—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs. 2,38,69,000 already voted on account in March, 1984).

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি সামান্য কারেকশন আছে—সেটা আমি এখানে করে দিতে চাই। সেটা হচ্ছে, আমার বাংলায় যে বিবৃতি রয়েছে তার ৩-এর পাতায় ৭ নং অনুচ্ছেদে শিক্ষিত বেকার যুবকদের জন্য প্রকল্প সম্পর্কে যা বলা হয়েছে, সেখানে একটু কারেকশন আছে। সেখানে "মঞ্জুরীর জন্য প্রায় ৩৫৭৩৯টি প্রস্তাব ব্যাংকের কাছে ইতিমধ্যেই পাঠানো হয়েছিল" বলে যা বলা হয়েছে, সেখানে হবে "মঞ্জুরীর জন্য ৩৭৫৬৮টি প্রস্তাব ব্যাংকের কাছে ইতিমধ্যেই পাঠানো হয়েছিল"। আমি এটা লেটেষ্ট ফিগারের কথা বলছি অর্থাৎ আজ পর্যন্ত যা পাঠানো হয়েছে। ব্যাংকের কাছে পাঠানো হয়েছিল ৩৭,৫৩৮টি শিক্ষিত বেকার প্রকল্পের প্রস্তাব এবং "তার মধ্যে এখনও পর্যন্ত ১৮১১৪টি প্রস্তাব ব্যাংক কর্তৃক অনুমোদিত হয়েছে"—যা লেখা হয়েছে, সেখানে হবে "তার মধ্যে এখনও পর্যন্ত ২২৯০৬টি প্রস্তাব ব্যাংক কর্তৃক অনুমোদিত হয়েছে"। ইংরেজি বিবৃতির ২-এর পাতায়ও এই সম্পর্কিত কারেকশনটুকু করে নেবেন।

২। কুটির ও ক্ষুদ্র শিল্প সেকটর, হস্তচালিত তাঁত সেক্টর, রেশমগুটির চাষ সেকটর এবং খাদি ও গ্রামীণ শিল্প সেকটর কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের কর্ম-পরিধির মধ্যে পড়ছে। পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প কর্পোরেশন লিমিটেড, পশ্চিমবঙ্গ চর্মশিল্প উন্নয়ন কর্পোরেশন লিমিটেড, পশ্চিমবঙ্গ হস্তচালিত তাঁত ও শক্তিচালিত তাঁত উন্নয়ন কর্পোরেশন লিমিটেড, পশ্চিমবঙ্গ হস্তশিল্প উন্নয়ন কর্পোরেশন লিমিটেড, পশ্চিমবঙ্গ হস্তচালিত তাঁত বয়নশিল্পী অ্যাপেক্স সমবায় সমিতি, পশ্চিমবঙ্গ রেশমশিল্পী সমবায় মহাসংঘ এবং পশ্চিমবঙ্গ রাজ্য হস্তশিল্প সমবায় সমিতিইত্যাদি যে চারটি কর্পোরেশন

ও তিনটি অ্যাপেক্স সংস্থা এই বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণে রয়েছে তাদের মাধ্যমে এই বিভাগের কাজকর্ম আরো বিস্তার লাভ করেছে। সারা দেশে আর সেই সঙ্গে এই পশ্চিমবঙ্গে বর্তমানে তীব্র বেকার সমস্যা বিরাজ করছে। তাই শহর ও গ্রাম অঞ্চলের মানুষকে কাজের আওতায় আনতে আরো কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার উদ্দেশ্যে সর্বশক্তি নিয়োগ করতে হবে। আমি আনন্দের সংগে জানাচ্ছি যে, বিভাগীয় কাজকর্মের মাধ্যমে কর্মসংস্থানের যে লক্ষ্য স্থির করা হয়েছিল সেই লক্ষ্যের দিকে অনেকটা অগ্রগতি ঘটেছে। এভাবে আই. আর. ডি. পি. (আই অ্যাণ্ড এস) সেকটর সহ কুটির ও ক্ষুদ্র শিল্প সেকটরে এ বছর ১২,০০০ নূতন ইউনিট গড়ে উঠবে বলে আশা করা যাচ্ছে। তাতে অতিরিক্ত ৩৭,৫০০ লোকের কর্মসংস্থানের সুযোগ হবে। ১৯৮৪-৮৫ সালে এই ধরনের নূতন ইউনিট গড়ে তোলার লক্ষ্যমাত্রা হলো ১৩,৫০০—যা ৪২,০০০ লোকের কর্মসংস্থানের সুযোগ তৈরি করবে। শিক্ষিত বেকার যুবকদের স্ব-নিযুক্তির জন্য যে নূতন কর্মপ্রকল্প রচিত হয়েছে—যার কথা আমি যথাসময়ে উল্লেখ করব—তা ঐ হিসাবের বাইরে। হস্তচালিত তাঁত সেকটরে, ১৯৮৩-৮৪ সাল পর্যন্ত সমবায়গুলির অধীনে সারা বছর টানা কাজ পান এমন বয়ন-শিল্পীর সংখ্যা ৯৩,৩০০-তে দাঁড়াবে বলে আশা করা যাচ্ছে। আর ১৯৮৪-৮৫ সালে সেই লক্ষ্যমাত্রা হলো ১,০৮,০০০। একই ভাবে রেশমগুটির চাষ সেকটরে ১৯৮৩-৮৪ সালে ৯,৬০০ অতিরিক্ত কর্মসংস্থান হবে বলে আশা করা যায় এবং ১৯৮৪-৮৫ সালে এই লক্ষ্যমাত্রা স্থির হয়েছে ২৪ হাজার। খাদি ও গ্রামীণ শিল্প কর্মসূচীর অধীনে সাহায্যপ্রাপ্ত বর্তমান ইউনিটগুলিতে ইতিমধ্যেই যাঁরা কর্মরত তাঁদের ধরে খাদি ও গ্রামীণ কর্মপ্রকল্পের অধীনে পূর্ণসময়, আংশিক সময় এবং ঠিকা ভিত্তিতে কর্মরত ব্যক্তির সংখ্যা ১৯৮৩-৮৪ সালে ৪৫ হাজারেরও বেশি দাঁড়াবে বলে আশা করা যাচ্ছে। আর এই বৎসরের জন্য লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে ৫৫ হাজার।

৩। এখন আমি এই বিভাগের অধীন বিভিন্ন সেকটরের ১৯৮৩-৮৪ সালের কাজকর্মের এবং ১৯৮৪-৮৫ সালের জন্য গৃহীত কর্মসূচীর সংক্ষিপ্ত বিবরণ দিচ্ছি।

৪। উদ্যোক্তা-বিকাশের (এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্টের) সংগে সম্পর্কযুক্ত প্রশিক্ষণ কর্মসূচীর ক্ষেত্রে ১৯৮৩-৮৪ সালে ৬০২ জন উদ্যোক্তাকে প্রশিক্ষিত করে তোলা যাবে বলে আশা করা যায়। ১৯৮৪-৮৫ সালের লক্ষ্য হচ্ছে ৬২৭ জন শিক্ষার্থীকে প্রশিক্ষিত করে তোলা। অনুরূপভাবে চর্মশিল্প, হস্তশিল্প, লাক্ষা ও নারিকেল ছোবড়া সংক্রান্ত শিল্পের কারিগরদের নানা ধরনের কাজকর্মে প্রশিক্ষণ দেওয়ার কর্মসূচী নেওয়া হয়েছে। ১৯৮৩-৮৪ সালে এই সেকটরে ২৯০ জন কারিগরকে প্রশিক্ষিত করে তোলা যাবে বলে আশা করা যাচ্ছে। আর ১৯৮৪-৮৫

সালে এক্ষেত্রে লক্ষ্যমাত্রা হলো ৩০০ জন। ইলেকট্রনিক শিল্পে যাঁরা প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তা তাঁরা যাতে এই বিভাগের অধীনস্থ ইলেকট্রনিক টেষ্টিং অ্যাণ্ড ডেভেলপমেণ্ট সেণ্টার নামক প্রতিষ্ঠানের মাধ্যমে তাঁদের শিল্প ইউনিট গড়ে তুলতে পারেন সেদিকে যথাযোগ্য মনোযোগ দেওয়া হচ্ছে। ইলেক্‌ট্রনিক্‌সে উদ্যোক্তা প্রশিক্ষণ দেওয়ার ফলে বিভিন্ন কর্মপ্রকল্পের আওতায় বেশ কয়েকটি নূতন ইলেকট্রনিক্‌স শিল্প গড়ে উঠেছে এবং আরো কয়েকটি গড়ে উঠছে। আমি আনন্দের সঙ্গে উল্লেখ করছি যে, ক্ষুদ্রশিল্পের আওতায় অধিক সংখ্যক ইলেকট্রনিক্‌স দ্রব্যাদি এখন তৈরী হচ্ছে। ভোল্টেজ স্টেবিলাইজার, ব্যাটারী এলিমিনেটর, ক্যাসেট, টেপ রেকর্ডার প্রভৃতি জিনিস থেকে আরম্ভ করে উন্নত ধরণের ইলেকট্রনিক্‌স দ্রব্যাদি যেমন ষ্টিরিও, ইলেকট্রনিক বায়ো মেডিক্যাল যন্ত্রপাতি, ইলেকট্রনিক পরিমাপক যন্ত্রাদি, মাইক্রো-প্রসেসর, মিনি কম্পিউটার এবং এই ধরনের আরো কয়েকটি অত্যাধুনিক ইলেকট্রনিক যন্ত্রপাতি উৎপাদন করা হচ্ছে। মোট ১০৪০টি ইলেকট্রনিক ইউনিটকে এখনও পর্যন্ত সহায়তা দেওয়ার জন্য অনুমোদন করা হয়েছে এবং মোট ৩০টি টি. ভি. ইউনিটকে অনুমোদন দেওয়া হয়েছে, এর মধ্যে ১৬টি রঙীন টি. ভি. ও ১৪টি সাদা-কালো। এই বিভাগের কর্মপ্রকল্পগুলির অধীনে এই সমস্ত ইউনিটকে সাহায্য করার জন্য নানা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই সমস্ত ইউনিট এবং যেসব ইউনিট ভবিষ্যতে গড়ে উঠবে তাদের ইনফ্রাষ্ট্রাকচারগত সুবিধা দেওয়ার জন্য ট্যাংরায় নির্মিত একটি ইলেক্‌ট্রনিক এষ্টেট খুব শীঘ্র কাজ করতে শুরু করবে। তাছাড়াও এই বিভাগ কলকাতার সল্টলেক অঞ্চলে একটি ইলেকট্রনিক এষ্টেট স্থাপন করার উদ্যোগ নিয়েছেন।

৫। প্রাতিষ্ঠানিক অর্থ বিনিয়োগকে আকৃষ্ট করতে এবং এস. এস. আই. ইউনিট-গুলি স্থাপনে আনুকূল্য দেখাতে প্রান্তিক অর্থ ও প্রেরণা-সঞ্চারী কর্মপ্রকল্পগুলি বিগত বছরগুলির মতোই রূপায়িত করা হচ্ছে। কেন্দ্রীয় প্রান্তিক অর্থকে ধরে মোট ৫৫.৩৪ লক্ষ টাকা ১৯৮৩-৮৪ সালে প্রান্তিক অর্থ হিসাবে বিতরণ করার কথা। এই বছরে এই বিতরণের লক্ষ্যমাত্রা হলো ৬০ লক্ষ টাকা। এই সভায় ১৯৮৩-৮৪ সালের বাজেট ভাষণে আমি যে প্রতিশ্রুতি দিয়েছিলাম সেইমতো আমার বিভাগ প্রেরণা-সঞ্চারী একটি নূতন কর্মপ্রকল্প রচনা করেছেন। এর ফলে নূতন কুটির ও ক্ষুদ্রশিল্প ইউনিট স্থাপনে এবং বর্তমান ইউনিটগুলির সম্প্রসারণে উদ্যোক্তাদের উৎসাহী করার উদ্দেশ্যে সুযোগ প্রশস্ততর হয়েছে এবং বিভিন্ন খাতে প্রেরণা অনুদান আরো বিস্তৃতি-ভিত্তিক করা হয়েছে। অনগ্রসর এলাকা ছাড়াও রাজ্যের অন্যান্য এলাকাগুলিতে যদি ইউনিট স্থাপন করা হয় তাহলে সেই ইউনিটগুলি ইলেকট্রনিক্‌স, ড্রাগ্‌স্ অ্যাণ্ড

ফার্মাসিউটিক্যালস্ এবং বেশ কিছু বৈদ্যুতিক সরঞ্জাম উৎপাদনের কাজের মতো বিশেষ কয়েকটি শিল্প স্থাপনে এই কর্মপ্রকল্পের আওতায় প্রেরণা পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে। নূতন প্রেরণা-সঞ্চারী কর্মপ্রকল্পের এটি একটি বিশিষ্ট দিক। নূতন প্রেরণা-সঞ্চারী কর্মপ্রকল্পটিকে সমস্ত চেম্বার্স অফ্ কমার্স এবং এস. এস. আই. উদ্যোক্তাদের অ্যাসোসিয়েশনগুলি স্বাগত জানিয়েছেন। গত বছরের বাজেটে প্রেরণাসঞ্চারের জন্য যেখানে ৭৫ লক্ষ টাকা রাখা হয়েছিল, প্রস্তাবিত নূতন প্রেরণা-সঞ্চারে বিস্তৃত পরিধির কথা মনে রেখে ১৯৮৪-৮৫ সালের বাজেটে সেখানে এক কোটি পাঁচ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

৬। বিগত বছরের বাজেট ভাষণে ক্ষুদ্রায়তন শিল্পগুলির উন্নয়নে নিযুক্ত যে সমস্ত এজেন্সি আছে তাদের কার্যপ্রবাহকে দ্রুত সুসংহত করে তুলতে একটি "ওয়ান রুফ এজেন্সি" গড়ে তোলার যে প্রতিশ্রুতি আমি দিয়েছিলাম, ১৯৮৩ সালের জুন মাস থেকে সেটি পরীক্ষামূলকভাবে গঠন করা হয়েছে। সেই এজেন্সির নাম দেওয়া হয়েছে "ক্ষুদ্রশিল্প উন্নয়ন এজেন্সি" বা সংক্ষেপে এস. আই. ডি এ.। এই এজেন্সি ২৪-পরগনা, হাওড়া, হুগলী এবং কলকাতায় যেখানে প্ল্যান্ট এবং মিশনারী বাবদ মূলধন বিনিয়োগের পরিমাণ ২ লক্ষ টাকারও বেশি সেখানকার উদ্যোক্তাদের প্রয়োজন মিটিয়ে চলেছে। এস. আই. ডি. এ. ইতিমধ্যেই যথেষ্ট সাড়া জাগিয়েছে এবং ১৯৮৩ সালের জুন থেকে ১৯৮৪ সালের জানুয়ারী পর্যন্ত কালপর্বে ২৩.৯৯ কোটি টাকা প্রকল্প-ব্যয় সমন্বিত ১৪৫টি প্রস্তাবে অনুমোদন দেওয়া সম্ভব হয়েছে। আমি আনন্দের সঙ্গে একথাও উল্লেখ করতে চাই যে, এর মধ্যে অর্থপ্রতিষ্ঠানগুলি ১০ কোটি টাকা প্রকল্প-ব্যয় সমন্বিত ৬১টি প্রস্তাবকে ইতিমধ্যে অনুমোদন দিয়েছেন। এর ফলে প্রায় দু' হাজার আটশ সাতাশ জন মানুষ কাজ পাবেন। এস. আই ডি. এর সাফল্যের পরিপ্রেক্ষিতে একটি পূর্ণাঙ্গ এজেন্সি স্থাপন করার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে এবং এই উদ্দেশ্যে ১৯৮৪-৮৫ সালের বাজেটে ১২ লক্ষ টাকা আলাদা করে রাখা হয়েছে।

৭। আমি এখানে আরো উল্লেখ করতে চাই যে, কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগ শিক্ষিত বেকার যুবকদের জন্য কেন্দ্রীয় সরকার যে-স্বনিযুক্তি কর্মপ্রকল্প চালু করেছেন তার রূপায়ণে কাজ করে চলেছেন।

এ বছরের লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে ২৫,৫০০ জন। জেলা শিল্পকেন্দ্রসমূহ রূপায়ণের মুখ্য মাধ্যম নির্ধারিত হয়েছে। সেখানে জেলা শিল্প কেন্দ্রসমূহের প্রতিনিধি, বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধি ও স্থানীয় কর্মনিয়োগ আধিকারিক ও অন্যান্যদের নিয়ে টাস্ক ফোর্স গঠন করা হয়েছে এবং তাঁরা প্রার্থীদের সাক্ষাৎকার

নেওয়ার পর উপরোক্ত ব্যাংকগুলির কাছে আবেদনগুলি সুপারিশ করছেন। এই কর্মপ্রকল্পের অধীনে আবেদনপত্র জমা নেওয়ার শেষ তারিখ ছিল ১৯৮৩ সালের ৭ই জানুয়ারি এবং মঞ্জুরির জন্য প্রায় ৩৫৪৩৯টি প্রস্তাব ব্যাংকের কাছে ইতিমধ্যেই পাঠানো হয়েছিল এবং তার মধ্যে এখনও পর্যন্ত ১৮১৫৪টি প্রস্তাব ব্যাংক কর্তৃক অনুমোদিত হয়েছে। পরবর্তী বছরেও এই কর্মপ্রকল্পটি চালু থাকবে বলে আশা করা যায়।

৮। এই বিভাগ জেলা শিল্প কেন্দ্রসমূহের মাধ্যমে রূপায়িত করার জন্য আরো কয়েকটি বিশেষ কর্মসূচি গ্রহণ করেছেন। তাদের মধ্যে জাতীয় জৈব-গ্যাস প্রকল্পটির কথা উল্লেখ করা যেতে পারে। পশ্চিম দিনাজপুর, নদীয়া, ২৪ পরগনা, বর্ধমান, মেদিনীপুর ও বীরভূম, রাজ্যের এই ছয়টি নির্ধারিত জেলায় এই প্রকল্পটিকে কাজে রূপায়িত করা হচ্ছে। ভারত সরকার পশ্চিমবঙ্গে বিগত বছরে ১১০০টি অনুরূপ প্ল্যাণ্ট স্থাপনের লক্ষ্যমাত্রা ধার্য করেছিলেন। আমরা ১২০০ প্ল্যাণ্ট স্থাপন করতে পারব বলে আশা করছি এবং পরবর্তী বছরে এর সংখ্যা দেড় হাজারের মতো হতে পারে। এই কর্মপ্রকল্পটি গ্রামাঞ্চলে সস্তা রান্নার জ্বালানি এবং আলো সুনিশ্চিত করবে। তাছাড়া এ থেকে সস্তায় জৈব সারও পাওয়া যাবে। বিগত বছরে এই কর্মপ্রকল্পের অধীনে ৫ হাজারের বেশি লোকের সাময়িক কর্মসংস্থান হয়েছে।

৯। ১৯৮৩-৮৪ সালে যে কর্মপ্রকল্পগুলির রূপায়ণের কাজ চলছিল, ১৯৮৪-৮৫ সালেও সেগুলি আরো গুরুত্বের সংগে ও আরো ব্যাপকভাবে রূপায়িত করা হবে। এস. এস. আই. ইউনিটগুলির গণনার কর্মসূচি পূর্ণ গতিতে চলছে। তফসিলী জাতি ও উপজাতিভুক্ত উপকারভোগী সমেত অন্যান্যদের রাজ্য-সহায়তা, ঋণপ্রদান এবং কর্পোরেশনে ন্যায়সংগত অংশ গ্রহণসংক্রান্ত ব্যবস্থার উপর অধিকতর জোর দেওয়া হচ্ছে। রাজ্য হস্তশিল্প উন্নয়ন কর্পোরেশন এবং রাজ্য হস্তশিল্প সমবায় সমিতির সংগ্রহ বিপণন সংক্রান্ত কাজকর্মকে জোরদার করার জন্য হস্তশিল্প কর্মপ্রকল্প থেকে সহায়তা দেওয়া হবে।

১০। পশ্চিমবঙ্গ ক্ষুদ্রশিল্প কর্পোরেশনের মাধ্যমে শিল্প ও বাণিজ্যিক শেড নির্মাণের কাজ ১৯৮৪-৮৫ সালেও চলবে। এ বছরে কর্পোরেশনের নতুন নির্মাণ কর্মসূচির মধ্যে হাওড়ার উনসানিতে ২২.৫ একর, জলপাইগুড়ি জেলার ডাবগ্রামে ২৬.২৫ একর এবং হাওড়ার সেন্ট্রাল ইঞ্জিনীয়ারিং অর্গানাইজেশন সংলগ্ন ২.২৫ একর শিল্প জমি উন্নয়ন এবং কলকাতার ফীয়ার্স লেনে একটি বহুতল বাণিজ্য-ভবন নির্মাণের প্রস্তাব রয়েছে। উল্লেখ করা যেতে পারে যে কর্পোরেশন কর্তৃক পরিচালিত ৯টি শিল্প এষ্টেটে ২৬০টি শেড এবং কর্পোরেশন যে, ৬টি বাণিজ্য এষ্টেটের উন্নতিসাধন

করেছেন সেখানে ৫৩৪টি ষ্টল কাজ করছে। এর ফলে প্রায় ৮০০০ লোকের কর্ম সংস্থানের সুযোগ ঘটেছে। আই. আর. সি. আই. থেকে ঋণ-ব্যবস্থার মাধ্যমে রুগ্ন ক্ষুদ্রশিল্পগুলির পুনর্বাসন কর্মপ্রকল্পটি রূপায়ণের জন্য সম্প্রতি এই কর্পোরেশন রাজ্য স্তরের একটি প্রতিষ্ঠান হিসাবে নিযুক্ত হয়েছে। ক্ষুদ্রশিল্প কর্পোরেশন এখনও পর্যন্ত ১৬টি আবেদনপত্র পরীক্ষা করে দেখেছে এবং সেগুলি আর্থিক প্রতিষ্ঠানগুলির কাছে পাঠিয়ে দিয়েছে। নির্মাণের ব্যয় তুলে নিতে ও সেই টাকা পুনরায় অন্যত্র শিল্প শেড তৈরি করার কাজে লাগানোর উদ্দেশ্যে কর্পোরেশন সম্প্রতি শিল্পোদ্যোগীদের কাছে শিল্প/বাণিজ্যিক শেডগুলি সরাসরি বিক্রি করার একটি কর্মপ্রকল্প গ্রহণ করেছে।

১১। মাননীয় সদস্যদের জানানো যেতে পারে যে, কর্পোরেশন যে প্যারাফিন মোম, লোহা ও ইস্পাত বণ্টন করে থাকেন বর্তমানে তার কোনো অভাব নেই। বর্তমানে বাজারে লোহা ও ইস্পাতের পর্যাপ্ত সরবরাহ কর্পোরেশনের লগ্নীর উপর প্রভাব ফেলেছে। পুরুলিয়া জেলায় মেসার্স লাইম লাইট ইণ্ডাষ্ট্রিজ নামক একটি সহায়ক কোম্পানির দ্বারা লিম্পো সিমেন্ট প্রোজেক্ট নির্মাণের কাজ কর্পোরেশন চালিয়ে যাচ্ছে। বাঁকুড়া ও বীরভূম জেলায় চীনামাটি ধোতাগারের কাজ এবং বাঁকুড়া জেলায় ফাংশনাল সিরামিক কমপ্লেক্সের কাজ হাতে নেওয়ার জন্য ওয়েষ্ট বেঙ্গল প্রোজেক্টস্ লিমিটেড নামে কর্পোরেশনের আর একটি সহায়ক সংস্থা খোলা হয়েছে। তাপবিদ্যুৎ কেন্দ্রগুলির বর্জ্য ছাই (ফ্লাই-অ্যাশ) দিয়ে ইট তৈরি সম্ভব কিনা কর্পোরেশন তা বিশদভাবে পরীক্ষা করে দেখছে। শিল্পবার্তা প্রিন্টিং প্রেস নামে আর একটি সহায়ক সংস্থার কাজকর্মেরও যথেষ্ট উন্নতি ঘটেছে। যার ফলে মোট বিক্রয় ৩১।৩।৮৩ তারিখে যেখানে ছিল ১·৬৩ লক্ষ টাকা, ৩১।৩।৮৪ তারিখে তা দাঁড়িয়েছে ২৬ লক্ষ টাকায়। আশা করা যাচ্ছে, এ বছরে এই সহায়ক সংস্থার বাণিজ্যিক লেনদেন হবে ৫০ লক্ষ টাকা। এই ছাপাখানার অনুমোদিত শেয়ার মূলধন ৫০ লক্ষ টাকা পর্যন্ত বাড়ানো হয়েছে এবং আশা করা যায়, ১৯৮৪-৮৫ সালে পশ্চিমবঙ্গ ক্ষুদ্রশিল্প কর্পোরেশন এই উদ্দেশ্যে ছাপাখানাটিকে ইকুইটির প্রয়োজনীয় অংশ দেবে।

১২। ডব্লিউ. বি. এস. আই. সি. লিমিটেডের অন্য একটি সহায়ক সংস্থা পশ্চিমবঙ্গ হস্তশিল্প উন্নয়ন কর্পোরেশন কলকাতা ও দার্জিলিংয়ে দুটি কাঁচামালের গুদাম স্থাপন করে, হস্তশিল্পগুলির জন্য, বিশেষতঃ শাঁখ, মাদুরকাঠি ও পশমী সুতোর কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে কাজকর্ম প্রসারিত করবে। ১৯৮৪-৮৫ সালে এই কর্পোরেশনের মোট বিক্রয়ের লক্ষ্যমাত্রা হলো ৩০০ লক্ষ টাকা।

১৩। চর্মশিল্পের ক্ষেত্রে গ্রামাঞ্চলে গ্রামীণ ট্যানিং ইউনিট এবং কমন ফেসিলিটি

সেণ্টার স্থাপন করে পশ্চিমবঙ্গ রাজ্য চর্মশিল্প উন্নয়ন কর্পোরেশন লিমিটেড গ্রামাঞ্চলে চর্মশিল্পের উন্নয়নের জন্য তাদের কাজকর্ম চালিয়ে যাচ্ছে। এস. এস. আই. ইউনিটগুলির সংগে নিজের কাজকর্মের সমন্বয় ঘটিয়ে কর্পোরেশন রাজ্য ষ্টোরস পারচেজ কর্মপ্রকল্পের দায়িত্ব পালন করতে পেরেছে। ১৯৮৪-৮৫ সালে কর্পোরেশনের আর্থিক অবস্থার কিছুটা উন্নতি ঘটবে বলে আশা করা হচ্ছে। কারণ ১৯৮৩-৮৪ সালে প্রসেসড্ চর্ম রপ্তানির কিছু অর্ডার পাওয়া গিয়েছে এবং এই বছরই আরো কিছু অর্ডার পাওয়া যাবে। এর সাহায্যে কর্পোরেশনের সংগে সংযুক্ত কমন ফেসিলিটি সেণ্টারের উৎপাদন সামর্থ্যকে আরো ভালভাবে কাজে লাগানো যাবে।

১৪। এস. এস. আই. ইউনিটগুলির স্থিতিশীলতা অর্জনের অন্যতম উপায় হলো বড় ও মাঝারি ইউনিটগুলির দ্বারা তাদের সহায়ক ইউনিটের মর্যাদা দেওয়া। অতীতে এস. এস. আই. ইউনিটগুলির এই ক্ষেত্রে এক বিরাট ভূমিকা ছিল, কিন্তু গত দশকে এদের যথেষ্ট অবনতি হয়েছে। তাই দুর্গাপুর-আসানসোল, হলদিয়া, হাওড়া-হুগলী এবং কলকাতা অঞ্চলে সহায়ক-করণ কর্মসূচি রূপায়িত করার জন্য সক্রিয় চেষ্টা চালানো হচ্ছে। বিভিন্ন বিভাগের অধীনে রাজ্য সরকারী উদ্যোগগুলিকে ভারত সরকারের ব্যুরো অফ পাবলিক এণ্টারপ্রাইজের নীতিনির্দেশ অনুযায়ী এই সমস্ত অঞ্চলে অবস্থিত ক্ষুদ্রায়তন ইউনিটগুলিকে সহায়ক ইউনিটের মর্যাদা দেওয়ার জন্য বলা হয়েছে। তবে এই ক্ষেত্রে ভারত সরকারের উদ্যোগগুলির ভূমিকা আশাব্যঞ্জক নয় এবং দৃষ্টিভঙ্গিগত সমস্যার দরুন তাঁদের সরকারী প্রতিষ্ঠানগুলি দ্বারা কার্য রূপায়ণের ক্ষেত্রে কোন উল্লেখযোগ্য অগ্রগতি হয় নি। একমাত্র ইস্টার্ন 'কোল ফিল্ডস্ লিমিটেডই এই কাজে আন্তরিকতা দেখিয়েছে এবং তারা ৩৩টি ইউনিটকে ১৫২ লক্ষ টাকার কয়লার টব সরবরাহ করার অর্ডার দিয়েছে। এক্ষেত্রে অন্যান্য কেন্দ্রীয় সরকারি উদ্যোগগুলির ভূমিকা নৈরাশ্যজনক। এছাড়া সাম্প্রতিক বছরগুলিতে রেলওয়ে, ইলেকট্রনিক্স, পেট্রো-কেমিক্যাল্স, জাহাজ মেরামতি ইত্যাদি যেসব সরকারী উদ্যোগ বহু ক্ষুদ্রশিল্পে নিয়মিত অর্ডার যোগাতে পারত, এই রাজ্যে তাদের কোনো সম্প্রসারণ ঘটেনি। কানপুরে ডি. জি. এস. অ্যাণ্ড ডি.-র একটি বড় টেণ্ডার ইস্যু অফিস খোলায় ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে ডি. জি. এস. অ্যাণ্ড ডি.-র পূর্বাঞ্চল থেকে ক্রয়ের পরিমাণ কমে যাচ্ছে, কেননা ওখান থেকেই বেশির ভাগ টেণ্ডার চাওয়া হয়। ক্ষুদ্রশিল্পক্ষেত্র থেকে যেসব 'সেণ্ট্রালাইজড্ আইটেম' সরবরাহ করা হয়ে থাকে, কলকাতা অফিসের বেলা তার সংখ্যা কমিয়ে করা হয়েছে মাত্র ২৮টি। ৩১।১২।৮৩ তারিখে যে ত্রৈমাসিক কালপর্ব শেষ হয়েছিল, সেই কালপর্বে ডি. জি. এস. অ্যাণ্ড ডি.-র কলকাতা অফিস থেকে

পূর্বাঞ্চলের জন্য মোট ৭০৬'৫৫ লক্ষ টাকা মূল্যের মাত্র ১৮৬টি টেণ্ডার প্রকাশ করা হয়েছিল, কিন্তু ডি. জি. এস. অ্যাণ্ড ডি.-র উত্তরাঞ্চলীয় অফিস থেকে ৪১৪৮'৪৬ লক্ষ টাকা মূল্যের ৯২৪টি টেণ্ডার চাওয়া হয়েছিল। ডি. জি. এস. অ্যাণ্ড ডি. অফিস স্থান পরিবর্তন করার ফলে কি ঘটেছে, এ থেকেই তা বোঝা যাবে। এই অবস্থার প্রতিকারের জন্য ডি. জি. এস. অ্যাণ্ড ডি.-র সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করা হবে।

১৯৮৩-৮৪ সালে যেখানে ক্ষুদ্রশিল্পের ক্ষেত্রে বিনিয়োগের পরিমাণ ছিল ৫০২ লক্ষ টাকা, ১৯৮৪-৮৫ সালে তা হচ্ছে ৫৫৬ লক্ষ টাকা।

১৫। হস্তচালিত তাঁত :

মাননীয় সদস্যবৃন্দ ভালোভাবেই জানেন যে, গত কয়েক বছরে এই বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচীর ফলে হস্তচালিত তাঁতশিল্পের বিস্ময়কর উন্নতি ঘটেছে। কি গুণগত বিচারে, কি নকশার বৈচিত্র্যে, কি বুনন ও অনুভূতিতে হস্তচালিত তাঁত নির্মিত পশ্চিমবঙ্গের ধুতি ও শাড়ী সর্বাধিক আকর্ষণ সৃষ্টি করে এবং গত এক্সপো '৮৪-তে প্রায় ৭ কোটি টাকার মোট বিক্রির এক-তৃতীয়াংশই এসেছিল পশ্চিমবঙ্গ তাঁতশিল্প কর্তৃক প্রস্তুত সামগ্রী থেকে। এটা অবশ্যই লক্ষণীয়, কারণ আমাদের উৎপাদনকে অন্যান্য রাজ্যের সর্বোত্তম প্রদর্শিত উৎপাদনের সঙ্গে প্রতিযোগিতা করতে হয়েছিল। হস্তচালিত তাঁত ক্ষেত্রে ভারী কাপড়, যেমন পর্দা, বিছানার চাদর, গৃহসজ্জার জন্য প্রয়োজনীয় কাপড়, ভারী তোয়ালে এবং কম্বল, উৎপাদন করে আমাদের আরো ব্যাপকভাবে বাজারে নামতে হবে। হস্তচালিত তাঁত দ্বারা প্রস্তুত গৃহসজ্জার কাপড়ের ক্ষেত্রে নূতন দিকনির্দেশ করার জন্য তমলুকে একটি গবেষণা কেন্দ্র স্থাপন করা হয়েছে; তদনুসারে তমলুকে একটি গৃহসজ্জার কাপড়ের উৎপাদন কেন্দ্র ও পাঁশকুড়ায় একটি টার্কিশ তোয়ালে উৎপাদন কেন্দ্র স্থাপন করা হয়েছে। আর যেসব নূতন উদ্যোগ নেওয়া হয়েছে তাদের মধ্যে আমরা এখন হস্তচালিত তাঁতে পলিয়েষ্টার স্যুটিং ও শার্টিং এবং ছাপা পলিয়েষ্টার শার্ট উৎপাদন শুরু করেছি। আমরা তাঁতের ছাপা শাড়ি, বিছানার চাদর এবং বালিশের ঢাকনার নূতন নূতন নকশাও গ্রহণ করেছি। বর্ধমান, মুর্শিদাবাদ এবং বাঁকুড়ায় পশমের কম্বল উৎপাদন শুরু করা হয়েছে।

১৬। তাঁতশিল্পীরা যাতে হাল ফ্যাশনের গতি-প্রকৃতি জানতে পারেন এবং নূতন নূতন উৎপাদন সামগ্রীর স্বাদ পান সে উদ্দেশ্যে নদীয়া জেলার শান্তিপুরে একটি হস্তচালিত তাঁতশিল্প গবেষণা-তথ্য-প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হচ্ছে। বয়নশিল্প এবং সেই সঙ্গে হোসিয়ারী শিল্পের সকল রকমের উৎপাদন-সামগ্রীর যথাযথ মান নিয়ন্ত্রণ

বজায় রাখার উদ্দেশ্যে ভারত সরকার রাজ্য সরকারের সহযোগিতায় কলকাতায় হোসিয়ারি শিল্পের জন্য একটি ফিল্ড টেষ্টিং সেণ্টার স্থাপন করছেন। প্রকৃতপক্ষে হস্তচালিত তাঁতশিল্পের ক্ষেত্রে দেশের মধ্যে আমাদের যে প্রথম স্থান রয়েছে তা বজায় রাখার জন্য আমরা সুসংগঠিত। আর সেই সঙ্গে বৃহত্তর জনগোষ্ঠীর কর্মসংস্থানের ব্যবস্থা করা ছাড়াও মানুষের নান্দনিক চেতনায় সাড়া জাগাতে পারে এমন সব অভিনব নকশার নূতন নূতন দ্রব্য-সামগ্রী উৎপাদনেও আমরা এগিয়ে চলেছি।

১৭। এবার আমাদের কর্মসূচীর কথায় আসছি। পূর্ববর্তী বছরের মতো ১৯৮৪-৮৫ সালেও যেসব অঞ্চলে তাঁতশিল্পের ঘাঁটি রয়েছে সেসব অঞ্চলে হস্তচালিত তাঁতশিল্পীদের সমবায় সমিতিসমূহ সংগঠিত করার কাজ অব্যাহত রাখা হবে। এরকম পঞ্চাশটি সমিতি ১৯৮৩-৮৪ সালে গঠিত হয়েছিল। রাজ্য সরকার যোগ্যতা-সম্পন্ন সমিতিগুলিকে অংশীদারী মূলধন সাহায্য, পরিচালন সংক্রান্ত সাহায্য এবং উন্নত ধরনের যন্ত্রপাতি সংগ্রহ করবার জন্য সাহায্য দিয়ে থাকেন। এসমস্ত প্রাথমিক সমিতিকে, ষ্টেট লেভেল (অ্যাপেক্স) বয়নশিল্পী সমবায় সমিতি, পশ্চিমবঙ্গ রেশম-শিল্পী সমবায় মহাসঙ্ঘ ও পশ্চিমবঙ্গ হস্ত এবং শক্তিচালিত তাঁতশিল্প উন্নয়ন কর্পোরেশন লিমিটেড এই সমস্ত প্রতিষ্ঠানকে সংগ্রহ ও বিপণনের জন্য পর্যাপ্ত কার্যকরী মূলধন পেতে সাহায্য করতেই এই বিভাগ এদের অংশীদারী মূলধনে অংশ নিয়ে থাকেন। রাজ্যের বিভিন্ন ব্লকে বৃহদায়তন তাঁত-বয়নশিল্পীদের সমিতি গঠন কর্মসূচীর অধীনে ৯২টি সমিতিও গঠন করা গিয়েছে, আর তাদের বেশির ভাগই উৎপাদন শুরু করে দিয়েছে। একই সঙ্গে এই সমস্ত সমিতিগুলি যাতে ঋণের সুযোগ-সুবিধা পায় সেইজন্য হস্তচালিত তাঁতশিল্পকে পুনঃঅর্থপ্রদানের জন্য নাবার্ড আর. বি. আই. কর্মপ্রকল্পের অধীনে সুবিধাজনক সুদের হারে ঋণের সুবিধাও দেওয়া হচ্ছে। সমবায় প্রতিষ্ঠানগুলিতে কর্মরত তাঁত-বয়নশিল্পীদের বর্তমান মূল্যবৃদ্ধিজনিত দুর্দশা লাঘবের জন্য তাঁদের একটা বেতন-কাঠামো সুপারিশ করবার উদ্দেশ্যে ইতিমধ্যেই একটি বেতন কমিটি গঠিত হয়েছে। ৩০।৬।৮৪ তারিখের মধ্যে এই কমিটিকে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। যে ক্ষেত্রে একটি ধুতি/শাড়ী ইত্যাদি উৎপাদন করার বর্তমান মজুরির হার ২০ টাকার বেশি নয়, সেই ক্ষেত্রে অন্তর্বর্তীকালীন সাহায্যস্বরূপ সমবায় প্রতিষ্ঠানে কর্মরত বয়নশিল্পীদের মজুরি ১।৪।১৯৮৪ তারিখ থেকে শতকরা দশভাগ বৃদ্ধির আদেশ দেওয়া হয়েছে।

১৮। রাজ্য তাঁত-বয়নশিল্পী সমবায় সমিতি (অ্যাপেক্স), হস্তচালিত তাঁতশিল্প উন্নয়ন কর্পোরেশন এবং পশ্চিমবঙ্গ রেশমশিল্পী মহাসংঘের আর্থিক বুনিয়াদ

১৯৮৩-৮৪ সালে মজবুত করা হয়েছে এবং এই কর্মসূচী ১৯৮৪-৮৫ সালেও চালু রাখা হবে। ১৯৮৩-৮৪ সালে প্রায় ৩০০ লক্ষ বর্গমিটার জনতা বস্ত্র উৎপাদন করা হবে বলে স্থির করা হয়েছে। হোসিয়ারী শিল্পের সমস্যাবলীর প্রতি যথাযথ নজর দেওয়া হচ্ছে। হাওড়ার হোসিয়ারী সমবায় সমিতির অংশীদার মূলধন সম্প্রসারণ করবার জন্য রাজ্য সরকার তাদের সাহায্য করবেন, যাতে তারা সিনথেটিক স্পোর্টস শার্ট ও নাইলনের মোজা উৎপাদন করে তাদের কাজকর্মকে বহুমুখী করতে পারে। ১৯৮৪-৮৫ সালে এরকম আরো দু'টি সমিতি গঠন করবার পরিকল্পনা আছে। পশ্চিমবঙ্গ হস্ত ও শক্তিচালিত তাঁতশিল্প উন্নয়ন কর্পোরেশন পশমের কম্বল প্রস্তুত করবার জন্য বর্ধমান জেলার পাটুলীতে ১৯৮৩-৮৪ সালে ৫টি তাঁত সমেত একটি ক্ষুদ্র উৎপাদন-কেন্দ্র স্থাপন করেছে। ১৯৮৪-৮৫ সালে এই উৎপাদনের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে ৩৭ হাজার কম্বল।

১৯। মাননীয় সদস্যবৃন্দ জানেন যে, সুতো সরবরাহের জন্য দক্ষিণ ও পশ্চিম রাজ্যগুলির উপর যাতে সম্পূর্ণ নির্ভর করতে না হয় সেজন্য এই বিভাগ বাঁকুড়া ও মেদিনীপুর জেলায় প্রতিটি ২৫,০০০ টাকু সমন্বিত দু'টি সমবায় সুতাকল স্থাপন করার সিদ্ধান্ত নিয়েছিলেন। এই মিল দু'টির নির্মাণের কাজ ইতিমধ্যেই অনেকটা এগিয়ে গিয়েছে, আর এদের জন্য যন্ত্রপাতির অর্ডার দেওয়া হয়েছে। একইভাবে ঐ কর্মসূচীর অধীনে শ্রীরামপুরের সমবায় সুতাকল লিমিটেডের টাকুর সংখ্যা ৭১৬৮ থেকে বাড়িয়ে ২৫,০০০ করার কাজ পূর্ণোদ্যমে চলছে। ঐ মিলের সুতোর মাসিক উৎপাদন শীঘ্রই বৃদ্ধি পেয়ে বর্তমানের ৪২০০০ কেজির জায়গায় ৬০,০০০ কেজিতে দাঁড়াবে বলে আশা করা যাচ্ছে। রাজ্য হস্তচালিত তাঁতশিল্প সমবায় সমিতি (অ্যাপেক্স) ইতিমধ্যেই ১৯৮৩-৮৪ সাল পর্যন্ত ১১৫টি শোরুম খুলছে। যে বছরের কথা বলছি, সেই বছরে তা বেড়ে গিয়ে ১২৫টি হবে। একই ভাবে হস্ত ও শক্তিচালিত তাঁতশিল্প উন্নয়ন কর্পোরেশন তাদের শোরুমের সংখ্যা বর্তমানের ৫৩ থেকে বাড়িয়ে ৭৫ করবে। এগুলি ও হস্তচালিত তাঁতশিল্প সেক্টরের অন্যান্য কর্মপ্রকল্পগুলির রূপায়ণের জন্য মোট ৫৭০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

২০। রেশমগুটির চাষ :

১৯৮৩-৮৪ সালে রেশমগুটি চাষের ক্ষেত্রে ৯৬০০ ব্যক্তির অতিরিক্ত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছিল। যেসব জেলায় এই চাষ হচ্ছে না সেসব জেলায় যথাযথ বন্দোবস্তের অভাব এবং আর্থিক অপ্রতুলতার জন্য অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টির সুযোগ কিছুটা ব্যাহত হয়েছিল। ২৪-পরগনা, নদীয়া ও কুচবিহারের মতো যেসব জেলাতে তুঁত চাষের রেওয়াজ নেই সেরকম জেলাগুলিতেও

রেশমগুটির চাষের প্রসার ঘটানো হয়েছে। উন্নতমানের তুঁত চাষকে বহুগুণ বাড়ানোর কর্মসূচী চালিয়ে যাওয়া হয়েছে ও ১৯৮৩-৮৪ সালে ১৫০০ একর নূতন জমিকে তুঁত চাষের আওতায় নিয়ে আসা হয়েছে। র-সিল্কের উন্নততর অধিকতর উৎপাদন-ক্ষমতা সুনিশ্চিত করতে নিস্তারি গুটিপোকার চাষ বদলানো হয়েছে এবং গুটিপোকার দ্বিতীয় স্টেজ অবধি পালনের জন্য চৌকি প্রথার প্রবর্তন করা হয়েছে। দুটি টুইষ্টিং প্ল্যান্টও স্থাপন করা হয়েছে। সে দুটি এ-রাজ্যের বয়নশিল্পীদের বহুদিনের প্রয়োজন মেটাতে অনেকটা সাহায্য করবে। তবে এই রাজ্যে রেশম-গুটি সংক্রান্ত সমস্যা থেকেই গিয়েছে। কে. ভি. আই. সি.-র আওতাভুক্ত এক সংস্থা কালেক্‌টিভ ককুন পারচেজ কমিটি (সি. সি. পি. সি.) এগুলোর দাম নির্ধারণ করে। সি. সি. পি. সি.-র কাজকর্ম উন্নতমানের নয়। আইন প্রণয়ন করে গুটিপোকার বিক্রয় নিয়ন্ত্রণ করলে গুটিপোকার বিপণন সমস্যার প্রকৃত সমাধান হতে পারে। আমার বিভাগ এই বিষয়টি নিয়ে গভীরভাবে চিন্তা-ভাবনা করছেন।

২১। তুঁত ছাড়া অন্যান্য ক্ষেত্রে রাজ্যের তসরশিল্পের পুনরুজ্জীবন ও পুনর্গঠন করার ব্যাপারে আমার বিভাগ কাজ শুরু করেছেন। প্রথম পদক্ষেপ হিসাবে বর্তমানে পশ্চিমবঙ্গে তসরের প্রকৃত অবস্থাটা কি তা নির্ণয়ের জন্য বরাবর যেসব জেলাগুলিতে তসরের উৎপাদন হতো—যেমন বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর সেইসব জেলাতে একটি সামাজিক-অর্থনৈতিক সমীক্ষা চালানো হয়েছে। আবার আন্তঃরাজ্য তসর প্রকল্পের অধীনে ১৯৮৩-৮৪ সালে বীরভূম, পুরুলিয়া, মেদিনীপুর ও বাঁকুড়া জেলায় ৬০০ হেক্টর জমি তসর টেষ্ট প্ল্যান্টের আওতায় আনা হয়েছিল। এই প্রকল্পের প্রধান লক্ষ্য হলো তফসিলী উপজাতির লোকদের অর্থনৈতিক উন্নতি।

২২। এসব ছাড়াও ১৯৮৪-৮৫ সালে রেশমগুটি চাষ সেক্টরের আওতায় নানা ধরনের উন্নয়নমূলক কর্মপ্রকল্পও চালিয়ে যাওয়া হবে। এইসব ব্যবস্থা নেওয়ার ফলে ১৯৮৪-৮৫ সালে রেশম চাষের ক্ষেত্রে ২৪০০০ ব্যক্তির অতিরিক্ত কর্মসংস্থান হবে বলে আশা করা যায়। রেশম চাষ সেক্টরের কর্মপ্রকল্পগুলির জন্য ১৯৮৪-৮৫ সালের বাজেটে মোট ৩৩০ লক্ষ টাকা বিনিয়োগের প্রস্তাব করা হয়েছে।

২৩। খাদি ও গ্রামীণ শিল্পসমূহ :

এই সেক্টরে ১৯৮৪-৮৫ সালের বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এক্ষেত্রে যেসব কর্মপ্রকল্প রয়েছে সেগুলি হলো বিপণনে সহায়তা, প্রশিক্ষণ, রেশম ব্যবসা ইত্যাদি। ১৯৮৪-৮৫ সালে খাদি ও গ্রামীণ শিল্প সেক্টরের দিকে বিশেষ নজর দেওয়া হবে। কুটির ও ক্ষুদ্রশিল্প সেক্টরের অধীন বাজেট-বরাদ্দ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদের কাজকর্মকে এগিয়ে নিয়ে যায়। ১৯৫৯ সালে খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ আইনের

আওতায় পর্ষদকে যেসব দায়িত্ব অর্পণ করা হয় সেগুলি যথাযথভাবে পালন করার জন্য এবং এই পর্ষদ যাতে কার্যকরী এক সংস্থায় পরিণত হয়ে ওঠে সেজন্য ১৯৮৩ সালে এই সভায় আইনটির সংশোধন করা হয়। এর ফলে পর্ষদের কাজকর্ম সুবিন্যস্ত করা হবে এবং পর্ষদ তার কাজকর্ম সম্প্রসারণ করতেও সমর্থ হবে। জেলা অফিস খুলে সারা রাজ্যে পর্ষদের কাজকর্ম সুবিন্যস্ত করা হবে, যার ফলে তালিকাভুক্ত ২৭টি গ্রামীণ শিল্প ও সেই সঙ্গে রেশম ও সুতি খাদি শিল্পের উন্নয়নও সুনিশ্চিত করা হবে। এজন্য প্রয়োজনীয় কর্মচারীর পদসৃষ্টি পূর্বেই অনুমোদিত হয়েছে। গ্রামাঞ্চলে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির ক্ষেত্রে এই সেক্টর এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে এবং ১৯৮৪-৮৫ সালে অধিকতর নিষ্ঠার সঙ্গে কাজটি চালিয়ে যাওয়া হবে।

১৯৮৩-৮৪ সালে যেখানে ১১ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ ছিল, সেখানে এই সেক্টরের জন্য এ বছরের বাজেটে ৭০ লক্ষ টাকার বরাদ্দ প্রস্তাবিত হয়েছে।

২৪। বিভিন্ন নির্দিষ্ট কর্মপ্রকল্পের জন্য কি বরাদ্দ করা হয়েছে, "ডিটেল্ড ডিম্যাণ্ডস্ ফর গ্র্যাণ্টস ফর নাইন্টিন এইট্টি ফোর-এইট্টি ফাইভ অ্যাণ্ড এক্সপ্লানেটরী মেমোরেণ্ডাম দেয়ার অন" নামক ৩নং বাজেট প্রকাশন পুস্তিকায় ১১৭ থেকে ১৬৯ পৃষ্ঠায় তার বিস্তৃত বিবরণ পাওয়া যাবে।

২৫। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়েকটি কথা বলে পূর্বোক্ত দাবির অধীনে ব্যয় মঞ্জুরি কামনা করে আমি আমার ভাষণ শেষ করছি।

এই বিবৃতি রাখলাম। আশা করি মাননীয় সদস্যরা বাজেট সম্বন্ধে যুক্তিনিষ্ঠ আলোচনা করবেন। আলোচনার পর আমার জবাব আমি দেবো।

Mr. Deputy Speaker : All the cut motions are in order and taken as moved.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be reduced to Re. 1.

Shri Ambika Banerjee : —do—

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Deman be reduced by Rs. 100.

Shri Abdul Mannan —do—

Shri Satya Ranjan Bapuli : —do—

Shri Somendra Nath Mitra : —do—

শ্রীঅম্বিকা ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্পের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী শ্রীপ্রলয় তালুকদার মহাশয় ১৯৮৪-৮৫ সালের জন্য ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করতে গিয়ে তিনি যে লিখিত বিবৃতি দিয়েছেন সেটা আমি ভাল করে পড়েছি। খুব সুন্দরভাবে এই ভাষণ লেখা হয়েছে। যিনি এই ভাষণ লিখেছেন আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু ইণ্ডাষ্ট্রি এমন একটা সাবজেক্ট শুধু মুখের কথাতেই সব কিছু হবে না। এটা একটা অত্যন্ত কঠিন বস্তু। শুধু ভাষণের মারপ্যাঁচ রাখলেই মানুষের মন ভরবে না। আমি এই ব্যয়বরাদ্দকে সাপোর্ট করতে পারছি না। তার কারণ এমন একটা গুরুত্বপূর্ণ বিষয়ে—যেখানে পশ্চিমবাংলার মানুষ এই অবস্থায় রয়েছে—মাত্র ১৪,৩২,০৪,০০০ টাকা স্যাংশান করা হয়েছে। এর থেকে বোঝা যাচ্ছে যে বামফ্রন্ট সরকার এই ব্যাপারে কতটা উদাসীন। আমরা এখানে শুধু ক্রিটিসিজিম করতে আসিনি। মন্ত্রী মহাশয় এবং আমি একই জায়গাকার মানুষ, সুতরাং আমি তাঁর শুভাকাঙ্খী। আমি জানি তিনি এই ব্যাপারে সম্পূর্ণ সচেষ্ট। তিনি যে-সমস্ত উদ্যোগ নিয়েছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। ইকনমিক রিভিউ যেটা আমাদের দেওয়া হয়েছে তাতে দেখতে পাচ্ছি ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮১-৮২ সাল পর্যন্ত একটা রেজিষ্টার এ্যাকসেসারী ইউনিট দেওয়া আছে। তাতে এমপ্লয়মেণ্ট ফিগার দেওয়া আছে। তাতে দেখতে পাচ্ছি ১৯৭৭-৭৮ সালে ছিল ৮৯৭৮ ইউনিট। ১৯৮১-৮২ সালে তার কিছু উন্নতি হয়েছে এবং ১২,২৬৫ ইউনিটে দাঁড়িয়েছে। সেই অনুযায়ী বেড়েছে—সেখানে হয়েছে ৪২,৭৫১ ইউনিট এবং ৯১,৬৫০ ইউনিট। এই ফিগার যদি সত্যি হয় তাহলে সেটা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। সেই সংগে সংগে বলতে চাই ১৯৮২-৮৩ সালের এবং ১৯৮৩ ৮৪ সালের ফিগার আমরা পাইনি। আমি জানি না এই সময় ফিগার বেড়েছে কিনা। যদি বাড়ার কথা জানতে পারতাম তাহলে নিশ্চই এর জন্য অভিনন্দন জানাতে পারতাম। আজকে পশ্চিমবাংলার সবচেয়ে বড় সমস্যা হলো বেকার সমস্যা। এই যে ভিসিয়াস সমস্যা এখানে রয়েছে সেখানে আমারা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায় বড় বড় শিল্প স্থাপন হচ্ছে না। সেই সংগে সংগে পুরানো শিল্প যেগুলি আছে সেইগুলি ধিক্ ধিক্ করে চলছে। কি কারণে এই সমস্ত ইনভেষ্টররা পশ্চিমবাংলা ছেড়ে চলে যাবার চেষ্টা করছে সেটা বুঝতে হবে। সেই দিকে আমাদের চিন্তা করতে হবে। এটা আমেরিকা নয়।

[6.35—6.45 P.M.]

ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষেত্রে ইনভেষ্টমেন্ট ষ্ট্রাকচার পশ্চিমবঙ্গে অন্যভাবে করতে হবে। ক্ষুদ্র ও কুটির শিল্প সম্বন্ধে আরো গুরুত্ব দেওয়া উচিত ছিল। আমি ক্ষুদ্র ও কুটির শিল্প সম্বন্ধে কিছু বলতে চাইছি। আমি এই ক্ষুদ্র ও কুটির শিল্পের সঙ্গে বরাবরই যুক্ত। এর কতকগুলি প্র্যাকটিক্যাল ডিফিকালটিস্ আছে, আমি যেগুলি বুঝেছি সেগুলি তুলে ধরেছি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যাতে ভবিষ্যতে তিনি এই বিষয়ে সচেষ্ট হন। পশ্চিমবাংলায় যে বেকার সমস্যা আছে ক্ষুদ্র কুটির শিল্পেতে তাতে কিছুটা সমস্যার সমধান সম্ভবপর হবে বলে আশা করা যায়। আমরা জানি ইণ্ডাষ্ট্রিয়াল ইমপ্রুভমেণ্ট করার জন্য ওয়েষ্ট বেঙ্গলে স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিয়াল করপোরেশান গঠিত হয়েছে এবং এটা আগেই গঠিত হয়েছিল সেটাই চলে আসছে। এর একটা বিশেষ উদ্দেশ্য আছে সেটা হল একটা ইণ্ডাষ্ট্রি বাড়াতে গেলে, তার গ্রোথ করতে গেলে কতকগুলি ইনফ্রাষ্ট্রাকচারাল ফেসিলিটিস্ দিতে হয় এই সমস্ত শিল্পপতিদের। যে-সমস্ত এনটারপ্রেনিয়র আছে তাদের অন্ততঃ আহ্বান করতে হবে, তাদের এ্যালুউর করতে হবে যাতে করে টাকা লগ্নী করতে পারেন এবং তার জন্য বিশেষ কতকগুলি সুবিধা দিতে হবে। যেমন ছোট কারখানা করতে গেলে জমি দিতে হবে, সেড করে দিতে হবে, ইলেকট্রিসিটির ব্যবস্থা করতে হবে, র-মেটিরিয়াল ফেসিলিটি এবং সেখানে যাতায়াতের রাস্তা করে দিতে হবে ইত্যাদি কতকগুলি ফেসিলিটি করে দিতে হবে। এই কতকগুলি ক্রাইটেরিয়ান আছে সেগুলি মাননীয় মন্ত্রী মহাশয় খুব ভালো করে জানেন এবং মাননীয় সদস্যরাও ভালো করে জানেন। কারণ শিল্পের উন্নতি করতে গেলে এই সমস্ত জিনিস দরকার আছে। এই করপোরেশানের কাজই হল সেটা। বইতে অনেক কথা লেখা থাকে, কিন্তু অনেক-ক্ষেত্রে সেগুলি দেখা যায় না। আমরা বুকে হাত দিয়ে বলতে পারি আমাদের সরকারের লোকের অভাব নেই, ভালো লোকের অভাব নেই, পরিশ্রমী লোকের অভাব নেই, কিন্তু অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে আমরা সরকারের কাছ থেকে শতকরা ৩০ পার্সেণ্টও এফিসিয়েন্সি পাই না। এটা বাস্তব সত্যকথা। এই করপোরেশান যখন হয়েছিল তখন করপোরেশান যাঁরা চালাবেন, যাঁরা উপরে আছেন, এর যাঁরা মধ্যমণি যথা ম্যানেজিং ডিরেকটর, চেয়ারম্যান এঁদের নিয়োগের ক্ষেত্রে কতকগুলি ক্রাইটেরিয়ান থাকে। অর্থাৎ ইঞ্জিনীয়ারিং ইণ্ডাষ্ট্রি এবং স্মল স্কেল ইণ্ডাষ্ট্রির ক্ষেত্রে টেকনিক্যাল লোক হওয়া চাই এবং তাদের এ্যাকাডেমিক ব্যাকগ্রাউণ্ড এমন হওয়া চাই যাতে করে তাঁরা এ্যাডমিনিষ্ট্রেটর হিসাবে এটাকে পার্ট জব

হিসাবে দেখেন না, ফুল টাইম জব হিসাবে দেখেন। ডাইনামেজিম জবে আছেন এই রকম মানুষ থাকা চাই, কিন্তু পারত পক্ষে আমরা যা দেখছি যে উচ্চতর মানুষ যাঁর অঙ্গুলি হেলনে ডিপার্টমেন্ট চলছে, তিনি হয়তো নামকরা ব্যারিষ্টার হতে পারেন, পার্লামেন্টারীয়ান হতে পারেন, তাতে কোন সন্দেহ নেই, কিন্তু তাঁকে দিয়ে দপ্তর চলে না। আরেকজন মানুষ যিনি শুনেছি আই. পি. এস. অফিসার ছিলেন, সেখান থেকে যেকোন কারণেই হোক সরে যেতে হয়েছিল, আবার তিনি ফিরে এসেছেন। তাঁর কাজের হয়তো নিরাপত্তা আছে, তাঁর সিকিউরিটি সম্বন্ধে আমি কিছু বলতে চাইছি না। তাঁর কাজ অন্য ডিপার্টমেন্টে ছিল, সেখানে তিনি স্কোয়ার, তিনি নিশ্চয় একটা কেউকেটা হতে পারেন, কিন্তু এমন জায়গায় বসিয়ে দেওয়া হয়েছে যাতে করে কোন উপকারে কিছু লাগছে না। সেখানে যে লোক নিয়োগ করা উচিত ছিল সেই লোক নিয়োগ হয় নি। সুতরাং এই রকম জায়গা থেকে খুব বেশী এফিসিয়েন্সি আশা করা যায় না। ডিষ্ট্রিক্টে ডিষ্ট্রিক্টে ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেন্ট করতে গেলে ইণ্ডাষ্ট্রি অফিস করতে হবে। আমি জানি হাওড়ায় এই রকম একটা ইণ্ডাষ্ট্রিয়াল অফিস আছে, আমি তার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত ছিলাম। আপনি আগে বহুবার মিনিষ্টার হবার আগে এই হাওড়া ইণ্ডাষ্ট্রিয়াল অফিসে যেতেন, অবশ্য আপনি যখন এই বাণিজ্যকুঠীর অফিসে গেছেন তখন এর ব্যস্ততা অনেক কমে গেছে। তখন দেখেছিলাম কিছু লোক যারা নিচের থেকে উপরে যাচ্ছেন বহু লোকের সেলাম পাচ্ছেন এবং অফিসাররা তাঁদের সাদর-সম্ভাষণ করেছেন হাসিমুখে, অথচ আমাদের মত সাধারণ মানুষকে সেখানে কোন পাত্তা দিচ্ছে না।

এর একটা বিশেষ কারণ আছে যেটা না বললে নয়। সুতরাং আপনাকে এ বিষয়ে একটু ভিজিলেন্ট হতে হবে। বুরোক্রাটদের মধ্যে কিছু একসেপশন আছে। সরকারী টাকা নিয়ে তছনছ করার অধিকার কারোর নেই। পশ্চিমবাংলায় স্মল স্কেল ইণ্ডাষ্ট্রি যেভাবে উঠেছিল এখন সেটা স্তিমিত হয়ে গেছে। আপনি যে রেকর্ড দিয়েছেন সে বিষয়ে আমি আপনাকে কয়েকটি প্রশ্ন করছি। এস. এস. আই. সম্বন্ধে একটা কথা বলব। দু' বছর আগে এস. এস. আই. রেজিষ্ট্রেশন করা একটা ভীষণ ব্যাপার ছিল। বছরের পর বছর মানুষ ঘুরেছে এস. এস. আই. রেজিষ্ট্রেশন করবার জন্য। রেজিষ্ট্রেশন হলে তার এফিসিয়েন্সি যদি ঠিক হোত তাহলে তার পর থেকে কোটা পাওয়া যেত। আমরা দেখেছি যেখানে র-মেটিরিয়ালের অভাব সেখানে পাঁচগুণ দাম দিয়ে লোহা বাজারে বিক্রী হচ্ছে এবং মাসরুমের মতন কারখানা হয়ে উঠতো। কিন্তু হাওড়ার বিভিন্ন কারখানায় গিয়ে দেখুন সেখানে চিমনি দিয়ে আর ধোঁয়া উঠছে না। বাইরে থেকে কিছু লোক এসে এস. এস. আই.

অফিসারদের হাত করে নানা ভাবে পারমিট বার করে লক্ষ লক্ষ টাকা কামিয়ে নিয়ে চলে গেছে। অথচ সৎ এণ্টারপ্রেনিয়ার যাঁরা তাঁরা এই সুযোগ পান নি। এস. এস. আই. রেজিষ্ট্রেশনের জন্য যে প্রচার করা উচিত ছিল তার খুব অভাব আমরা দেখেছি। যারা এণ্টারপ্রেনিয়ার তারা সরকারী অফিসারদের উদাসিনতায় নিজেদের নাম রেজিষ্ট্রেশন করাতে অনীহা প্রকাশ করছে। এস. এস. আই.-এর রেজিষ্ট্রেশন করার পর সেই ফার্ম থাকলো কিনা তার কে হিসাব রাখে? একটা ফার্ম রেজিষ্ট্রেশন করবার পর নিয়ম আছে বছর বছর তার হিসাব নেওয়া। কিন্তু সেই হিসাবটা যদি বছর বছর না নেন তাহলে জানবেন কিভাবে যে, সেটা বেঁচে আছে কিনা? সেইজন্য বলছি যে এর একটা প্রপার সার্ভে করার ব্যবস্থা থাকা উচিত। এস. এস. আই. ইণ্ডাষ্ট্রিতে আপনাদের এই অধিকারটা আপনারা এক্সার্ট করুন। আমরা শুনেছি এনিউমারেটার যারা তারা নাকি ঘুরে বেড়াচ্ছে এবং তাদের নাকি মারধোর করা হচ্ছে। আমরা তো এসব বিষয়ে কিছু সন্ধান পাই নি। হাওড়ার কয়েকটি ইণ্ডাষ্ট্রিয়াল এলাকার কথা বলছি—যেমন বৃন্দাবন মল্লিক লেন, কালাচাঁদ মল্লিক লেন—যেখানে ঘরে ঘরে কারখানা আছে। আপনার এনিউমারেটার যারা তারা আপনাদের সঠিক সংবাদ দিচ্ছে না।

[6.45—6.55 P.M.]

স্যার, একটা গুরুত্বপূর্ণ কথা বলছি। পশ্চিমবাংলার ওয়াগন ইণ্ডাষ্ট্রিস কত আছে সেটা আমরা জানি। এগুলো বিগ ইণ্ডাষ্ট্রিস এবং এর সংগে এ্যানসিলিয়ারী ইণ্ডাষ্ট্রি হিসাবে পশ্চিমবাংলায় প্রায় ৬০/৭০টি কারখানা যুক্ত রয়েছে। সারা ভারতে যত ওয়াগান ইণ্ডাষ্ট্রি আছে তার বেশীর ভাগই এই পশ্চিমবাংলায় রয়েছে। কিন্তু এই ওয়াগন ইণ্ডাষ্ট্রিতে একটা বিরাট ক্রাইসিস এসেছে এবং তার ফলে স্মল স্কেল ইণ্ডাষ্ট্রি বেশী করে সাফার করছে। স্যার, আমি এই সভায় পূর্বেও বলেছিলাম যে, ওয়াগনের ডিজাইন চেঞ্জ হচ্ছে। এই সমস্ত ওয়াগন ইণ্ডাষ্ট্রিতে যে সমস্ত ছোট ছোট পার্টস লাগত সেগুলোর দ্বারা এই সমস্ত ছোট ছোট ইণ্ডাষ্ট্রিগুলো চলত। পূর্বে ওয়াগনের হোল আণ্ডার ক্যারেজ ফ্যাবরিকেশন হোতো, কিন্তু বর্তমানে ওয়াগনের ডিজাইন চেঞ্জ হবার ফলে এখন সেটা ষ্টীল কাষ্টিং হচ্ছে। এর ফলে আজকে সারা পশ্চিমবাংলার স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিসের উপর একটা অন্ধকার নেমে এসেছে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী এস এম. আনসারউদ্দিন: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ক্ষুদ্র এবং কুটির শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। এর আগে পশ্চিমবাংলার মানুষ এবং বিশেষ করে গ্রামাঞ্চলের সাধারণ মানুষ এবং খেটে খাওয়া মানুষরা কংগ্রেস রাজত্বে জানতই না যে, পশ্চিমবাংলায় ক্ষুদ্র এবং কুটির শিল্প দপ্তর বলে কোন দপ্তর আছে কি না। কারণ সেই সময় ঐ দপ্তরে যে কাজগুলি হোত, কুটির শিল্পের মাধ্যমে যে কাজ হোত সেগুলো ভোগ করত মুষ্টিমেয় কংগ্রেস নেতারা এবং তাঁদের অনুচররা। ১৯৭৭ সালে আমাদের এখানে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার সঙ্গে সঙ্গে বিভিন্ন দপ্তরের জন্য যেমন সুসংবদ্ধ কর্মসূচী রচিত হয়েছে ঠিক তেমনি এই কুটির শিল্প দপ্তরকেও একটা নির্দিষ্ট কর্মসূচীর আওতায় এনে সাধারণ মানুষের কাজে লাগাবার ব্যবস্থা করা হয়েছে। স্যার, আমরা জানি গ্রামীণ অর্থনীতির ক্ষেত্রে এই ক্ষুদ্র এবং কুটির শিল্পের একটা বিশেষ ভূমিকা রয়েছে। কিছুদিন ধরে বিরোধী দলের সদস্যদের বক্তৃতা শুনেছি এবং আজকে আমার জেলার লোক অম্বিকাবাবুর বক্তব্য শুনলাম। তিনি অনেক ভাল ভাল কথা বলেছেন এবং বক্তৃতার শুরুতেই বললেন আমি কিছু গঠনমূলক আলোচনা করতে চাই, সমালোচনা করতে চাই। তিনি কিছু কিছু কথা ভালই বলেছেন বলে আমার মনে হয়েছে। কিন্তু শেষ পর্যন্ত কেন বিরোধিতা করলেন সেটা আমি বুঝতে পারলাম না। বিরোধী দলে আছেন বলেই বোধহয় এই বিরোধিতা করলেন। অম্বিকাবাবু হাওড়ার মানুষ, কাজেই বিভিন্ন গ্রামাঞ্চলে তিনি যান এবং দেখেছি আমার কেন্দ্রেও মাঝে মাঝে ঘুরে বেড়ান। কাজেই ওখানে গিয়ে তিনি যা দেখেছেন সেই সঠিক কথাগুলো যদি বলতেন তাহলে ভাল হোতো। আমরা আজকে দেখছি গ্রামের সাধারণ মানুষ—যে তালপাতা দিয়ে জিনিস তৈরী করে সেও ক্ষুদ্র এবং কুটির শিল্প দপ্তর থেকে আর্থিক সাহায্য পেয়েছে। কুম্ভকাররা এবং আরও অন্যান্য সম্প্রদায়ের লোকেরাও এই দপ্তর থেকে আর্থিক সাহায্য পেয়েছে। আমরা দেখেছি কংগ্রেস রাজত্বে এই কুম্ভকার সমাজ সর্বস্ব হারিয়ে সর্বহারা হয়েছিল। আজকে মন্ত্রী মহাশয় নূতন করে তাদের কুটির শিল্পের ক্ষেত্রে প্রাণ সঞ্চার করবার চেষ্টা করছেন।

তেমনি ভাবেই তন্তুজীবী সমাজকে উন্নত করার চেষ্টা আমরা করেছি। আমার জেলাতে এবং বিভিন্ন এলাকাতে অনেক তন্তুজীবীবন্ধুরা কংগ্রেস রাজত্বে প্রায় শেষ হয়ে গিয়েছিল। বামফ্রন্ট সরকার আসার পর এই তন্তুবায় শিল্পে ক্ষুদ্র কুটির শিল্প দপ্তর সমিতি গঠন করেছেন। অম্বিকাবাবু জানেন আমাদের ডোমজুড় এলাকাতে এই সরকার তন্তুবায় সমবায় সমিতি গঠন করেছেন। এবং এই কাজের বৃদ্ধির

সংগে সংগে ঐসব এলাকায় আরও বেশী মানুষ কাজ পেয়েছে এবং তারা এর মধ্য থেকে নিজেদের জীবিকা অর্জন করবার চেষ্টা করছেন। এ ছাড়াও এই ক্ষুদ্র কুটির শিল্প দপ্তর যে-সব অন্যান্য আরও কি কি কাজ করেছে তার হিসাব মন্ত্রী মহাশয় দেবেন। আমি শুধু একটি বিষয়ে বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন গ্রামাঞ্চলে যে ডি. আর. ডি. এ. স্কীম চালু আছে, তার মারফত ব্যাঙ্কগুলির সহযোগিতায় সাধারণ মানুষদের যে ঋণ দেওয়া হয়, যাঁরা এই সব কুটির শিল্প কাজে নিযুক্ত আছেন তাঁদের সাহায্য করার জন্য। এখানে আমার অভিজ্ঞতায় আমি যা দেখেছি—কলকাতা, ২৪ পরগনা, হাওড়ায় এবং অন্যান্য জায়গায় আমরা যে কর্মসূচী গ্রহণ করেছি, সে সম্পর্কে আমি এখানে কিছু বক্তব্য রাখতে চাই। আমরা যে কর্মসূচী নিয়েছি তার মধ্যে থেকে মাত্র ৩০ শতাংশ লোককে ব্যাঙ্কগুলি ঋণ অনুমোদন করছেন এবং যে-সব ছোট ছোট জেলা আছে সেখানে মাত্র ১৫ শতাংশ ব্যাঙ্কগুলি ঋণ অনুমোদন করছেন। আবার আরও দূরবর্তী এলাকায় কোন ঋণই ব্যাঙ্কগুলি অনুমোদন করছে না। এর ফলে আমরা যেসব স্কীম তৈরী করেছি সেগুলি ব্যাঙ্কগুলির সহযোগিতার অভাবে কার্যকরী হচ্ছে না। তাই সারা পশ্চিমবাংলায় এই ধরনের স্কীমগুলি বাস্তবে রূপায়িত করা সম্ভব হচ্ছে না। এমনও দেখেছি যে, ছোট ছোট শিল্পগুলি রুগ্ন শিল্পে পরিণত হচ্ছে। এতো দেরীতে ব্যাঙ্কগুলি ঋণ অনুমোদন করছে এবং সেই দেরী হবার ফলে সেগুলি রুগ্ন শিল্পে পরিণত হচ্ছে। এই দিকে একটু নজর দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। ব্যাঙ্কগুলির সংগে এই সম্পর্কে কথা বলে যাতে এই ব্যাপারে ব্যাঙ্কগুলি সহযোগিতা করে তার ব্যবস্থা করুন। তা না হলে আপনার যে কর্মসূচী, তা বাস্তবে রূপায়িত করতে পারবেন না। এই দিকে আপনি একটু উদ্যোগ নিন। এই সংগে আর একটা কথা বলতে চাই, আমার অভিজ্ঞতায় দেখেছি যে, সমবায় সমিতির মাধ্যমে যে কাপড় তৈরী করা হচ্ছে এবং তন্তুজীবীরা সমবায় সমিতি করে যেসব কাপড় তৈরী করছে, যেগুলি তন্তুজকে বিক্রয় করা হয়, সেই সমস্ত তন্তুজ ইত্যাদি জায়গা থেকে ঠিক সময়-মত টাকা পাওয়া যায় না। সেইজন্য ঐ সমবায় সমিতিগুলির খুবই অসুবিধা হচ্ছে। মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে দৃষ্টি দেবার জন্য আবেদন রাখছি। এই সমবায় সমিতির মাধ্যমে যেসব কাপড় বিক্রি করা হচ্ছে, তারা যাতে তাড়াতাড়ি টাকা পায় তার ব্যবস্থা করবেন। এটা করতে পারলে সমবায় সমিতিগুলিকে আরও শক্তিশালী করা যাবে। আমি শুধু এইটুকু বলতে চাই যে, আজকে দেখছি নানা রকম সমালোচনা হচ্ছে, অম্বিকাবাবু বললেন, ১৪ কোটি টাকা স্যাংশন করা হচ্ছে। এ সম্বন্ধে আমাদের সরকার পক্ষ থেকে বার বার বলা হয়েছে। যে, সীমাবদ্ধ

[6.55—7.05 P.M.]

ক্ষমতা নিয়ে এই পশ্চিমবঙ্গ সরকার চলছে। তাই স্বাভাবিকভাবে টাকার পরিমাণ কম। কিন্তু এই টাকার পরিমাণ কম হলেও আন্তরিকতার অভাব নেই। এবং সেই আন্তরিক প্রচেষ্টা নিয়ে ক্ষুদ্র ও কুটির শিল্প এগিয়ে চলেছে এবং আগামীদিনে আরও এগিয়ে যাবে। কিন্তু কেন্দ্রের অসহযোগিতা রয়েছে, অম্বিকাবাবু এটা বললেন না। কারণ আমরা জানি লোহা, কয়লা সারা ভারতবর্ষে একই দামে বিক্রি হয়, অথচ পশ্চিমবাংলা থেকে, রাণীগঞ্জ থেকে যখন কয়লা গুজরাটে যায়, ওখানে যা দাম, এখানেও সেই দাম, কিন্তু গুজরাট থেকে যখন তুলো আনার ব্যবস্থা করা হয় তন্তুজীবীদের সুতো দেবার জন্য, তখন কিন্তু অনেক দামের ফারাক হয়ে যায়, কেন্দ্রীয় সরকারের এই যে বৈষম্যমূলক নীতি, অম্বিকাবাবুর যদি আন্তরিকতা থাকে, তিনি বলুন কেন্দ্রীয় সরকারের কাছে যে, আরও বেশী করে টাকা বরাদ্দ করা হোক এবং তুলো এবং যে জিনিসগুলো ক্ষুদ্র ও কুটির শিল্প-এর কাজে লাগবে, সেইগুলো যাতে বেশী করে পশ্চিমবাংলায় আসে সেই ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করুন এবং আগামীদিনে যাতে ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তর আরও অগ্রগতি লাভ করে, সেই ব্যবস্থা করুন। মন্ত্রী মহাশয়ের কাছে আমি শেষ আবেদন রাখতে চাই, অনেক প্রতিকূলতার মধ্যে, অনেক অসুবিধার মধ্যে আপনার দপ্তরকে পরিচালনা করতে হচ্ছে, তবুও আমি এই কথা তাঁর কাছে বলতে চাই, পশ্চিমবাংলার মানুষ, সাধারণ মানুষ, খেটে খাওয়া মানুষ, তারা আপনার দিকে তাকিয়ে আছে, আপনি দৃঢ় পদক্ষেপে আপনার দপ্তরকে আরও জনমুখী দপ্তরে পরিণত করুন এবং পশ্চিমবাংলার মানুষ আপনাকে আশীর্বাদ করবে,' এই কথা বলে আপনার ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Abdur Rauf Ansari : Mr. Deputy Speaker, Sir, the time given to me is very short. So I will not go into details. I am sorry because the budget is very disappointing. So point by point I will go. The first thing that the Cottage and Small Scale Industries is an integral part in the structure of our economy. Now I will tell you that the previous Government Shri Siddhartha Sankar Ray was the Chief Minister in order to encourage the scope of employment among the unemployed youths. He introduced a new small industry. He will get the holiday of sales tax five years in C.M.D.A. area and if outside, that is the rural areas he will get the holiday of sales tax for seven years. That was an encouragement to the young men who want to stand on their own legs. But last year the present Chief Minister who was the then Finance Minister—what he did? He reduced the holiday sales tax

in the C.M.D.A. areas from 5 years to 3 years and in the rural areas from 7 years to 5 years. By introducing this what he has mentioned—this will yeild to good results—because there are some unscrupulous young men. If that is found—punish them. Why they were not allowed to stand on their own legs ?...(In Bengali)...So if five years are allowed, they can stand on their own legs. This is one case. The second thing is, Sir, you have spoken of the village but what have you done for the village industries ? I am telling that. Look here, Sir, you go to Rashom Industry in Malda. Still we have to bring 70% of the raw materials from the South India and then we start industry here. Why don't we start here? So you are not giving any scope—any attention—to the village industries so that more employment can be created here.

Next I come to the Hosiery Industry. More attention should be given to the Hosiery Industry so that they may grow and find place in our economy and may create more employment to our own people.

Next I come to the use of Science and Technology in the Village Industries. You have no organisation there to train up the villagers how to handle advanced technological instruments. So they are unable to produce more materials and to go ahead with small industries.

What is happening in this industry ? The entrepreneurs are not getting raw-materials properly.

Next I come to the cotton bandage industry. Once West Bengal was at the top position in India. West Bengal used to produce huge quantity of best quality cotton bandage and used to export to the Middle East countries. What is happening now? Other States take the place of West Bengal. It is only because you are not encouraging the entrepreneurs. The people of West Bengal are being deprived because of your failure in this regard. Next, I come to the power loom industry. The same thing is happening in this industry also. No machinery of your department is properly functioning. You are all political-minded. You are not encouraging the young entrepreneurs. You must pay attention to this industry. What is happening in this industry ? The yarn, produced in this State is going to Gaya and some other districts of other States and afterwards the finished products are coming from these States to Burrabazar market. Sir, these commodities can be produced here if the young entrepreneurs properly encouraged. Now, Sir, what are the main problems of the village industries ? Sir, there is shortage of power, shortage of basic inputs and there is rapid increase in the price of the raw materials. The village industries are suffering due to these problems. Sir, perhaps you know what is happening in the case of paraffin. The price of paraffin has been increased many times from the year 1971. The price is increasing steadily. Sir, how the soap industry will grow up ? The price of raw material is increasing to such an extent that it has become very much

difficult for the young entrepreneurs to compete in the market. Next, Sir, what is the picture of the Handloom Cooperative Societies ? The number of such societies is decreasing. From the Economic Review, it appears that in the year 1980 there were 1280 such societies and in the year 1983 it decreased to 1215. It shows that the interest of the Government in the cooperative movement and in the handloom sector is decreasing. Sir, as I have said this government has failed to show any performance in the village industries, though the major portion of the people are living in the villages. Sir, there is Khadi and Village Industries, there is also Handloom Board and some other Boards also. Sir, once we used to get numerous handicrafts from the Khadi and Village Industries. It used to exihibit in several exihibitions and those products were proved worthy. And what is happening now? The persons who produce such commodities are not being encouraged properly. The Government is not giving adequate finance to the Khadi and Village Industries and to the Handloom Board. This Government is patronising the big business houses, big industrialists. This Government is not encouraging the new, young entrepreneurs. That is why the young and new entrepreneurs have failed to compete with the big industrialists So. I would request the Minister that the Holiday Sales Tax should be made 5 years instead of 3 years and 7 years instead of 5 years in the CMDA and rural areas respectively. In the interest of the youth generation of our State this should be done.

Sir, you will be surprised to know that the educated youngmen of this soil are taking loan from the banks by even selling their ornament and by this policy, they are going to be ruined. So, I would request you to change your policy and give more attention to the Cottege and Gramin industries so that our 'heriditary industrieis' and other industries could survive for years long to come.

With these words, I an unable to support this Budget.

Thank you.

[7.:5—7.15 P.M.]

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র শিল্প সম্পর্কে বিরোধী দলের মাননীয় সদস্যদের বক্তব্য শুনলাম। অম্বিকাবাবু নিজে একজন শিল্পপতি, শিল্প সম্পর্কে তাঁর যথেষ্ট ধারণা আছে, কিন্তু ধারণা থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গের ক্ষুদ্র শিল্পে যে অবস্থার সৃষ্টি হয়েছে এবং তার জন্য কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র শিল্প সম্পর্কিত নীতি কতটা দায়ী সে সম্পর্কে একটি কথাও বললেন না। স্যার, বহু তথ্য বিরোধী সদস্যরা এখানে রেখেছেন যেগুলি সত্য থেকে বহু দূরে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

ডাইরেকটার জেনারেল—সাপ্লাই এবং ডিস্ট্রিবিউশান তার যে অফিস ছিল কলকাতায় সেই অফিস আজকে ইউ. পি.'র কানপুরে নিয়ে যাওয়া হয়েছে। এটা কেন করা হয়েছে? এটা আনসারি সাহেব না জানতে পারেন, কিন্তু অম্বিকাবাবু নিশ্চয় এটা জানেন। অম্বিকাবাবু এ সম্পর্কে কিছু বলতে পারতেন, কিন্তু তা তিনি বললেন না। স্যার, ১৯৭৭ সাল পর্যন্ত এই ডাইরেক্টার জেনারেল, সাপ্লাই এ্যাণ্ড ডিস্ট্রিবিউশান, তারা পশ্চিমবাংলা থেকে যে পারচেস করত, কেন্দ্রীয় সরকারের যে পারচেস, বিশেষ করে সামরিক এবং নৌ-বিভাগের জন্য যে পারচেস এবং অন্যান্য জিনিসপত্র সেটা ১৯৭৭ সাল পর্যন্ত অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ থেকে সবচেয়ে বেশী কিনতো। এটা কংগ্রেসী সদস্যরা নিশ্চয় জানেন। কিন্তু ১৯৭৭ সালের পর থেকে দেখা যাচ্ছে পশ্চিমবাংলা থেকে সেই পারচেস অনেক কমিয়ে দিয়েছেন। স্যার, আপনি জানেন, পশ্চিমবাংলায় যত ক্ষুদ্র এবং কুটির শিল্প আছে সেটা ভারতের মোট ক্ষুদ্র এবং কুটির শিল্পের এক পঞ্চমাংশ, অথচ দেখা যাচ্ছে এখান থেকে পারচেস কমিয়ে দেওয়া হল। কানপুরে এই অফিস সরিয়ে নিয়ে যাবার পর অন্যান্য রাজ্য থেকে পারচেস বাড়িয়ে দেওয়া হল, আর পশ্চিমবঙ্গ থেকে পারচেস কমিয়ে দেওয়া হল। একটা পরিকল্পিত উপায়ে শুধু অফিসই এখান থেকে সরিয়ে দেওয়া হল না সঙ্গে সঙ্গে পারচেসের সংখ্যাও কমিয়ে দেওয়া হল। যাতে পশ্চিমবঙ্গের ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্প বিপদগ্রস্ত হয় এবং পশ্চিমবঙ্গ সরকার বিপদগ্রস্ত হয় সেজন্য সুপরিকল্পিত উপায়ে এই জিনিস করা হল। স্যার, ১৯৮৩ সালে পশ্চিমবঙ্গ থেকে ওঁরা ক্রয় করেছিলেন ৬ কোটি ৩০ লক্ষ ৩০ হাজার টাকার জিনিস, অথচ সারা ভারতের মোট ক্ষুদ্র শিল্পের এক পঞ্চমাংশ এই পশ্চিমবাংলায় রয়েছে। ওরা এখান থেকে কেনা কমিয়ে দিয়ে করলেন কি? আমরা দেখলাম, দিল্লীতে, যেখানে পশ্চিমবাংলা থেকে অনেক অনেক কম ক্ষুদ্র এবং কুটির শিল্প রয়েছে সেখান থেকে ক্রয় করলেন ৯ কোটি ১৬ লক্ষ ৭৭ হাজার টাকার জিনিস।

আজকে পরিকল্পিত ভাবে পশ্চিমবাংলার প্রতি কেন্দ্র বিমাতৃসুলভ আচরণ করেছেন। এটা একটু কংগ্রেসীবন্ধুদের উপলব্ধি করতে বলছি। ১৯৮২ সালে ইউ. পি.-তে ১৫ কোটি ৭৮ লক্ষ ৬৫ হাজার টাকার পারচেজ করা হয়েছে, যেখানে কুটির শিল্প পশ্চিমবঙ্গের চেয়ে অনেক কম। উত্তর প্রদেশ, দিল্লী এবং অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে ক্ষুদ্র শিল্পের এবং কুটির শিল্পের ব্যাপকতা থাকা সত্ত্বেও, সারা ভারতবর্ষের কুটির শিল্পের ১/৫ অংশ পশ্চিমবাংলায় অবস্থিত থাকা সত্ত্বেও সুপরিকল্পিত ভাবে পশ্চিমবাংলার প্রতি কেন্দ্র বিমাতৃসুলভ আচরণ করেছে এবং এর ফলে সেখানে পারচেজ কমিয়ে দেওয়া হয়েছে। এই পারচেজ কমানোর জন্য

কলকাতা থেকে কানপুরে ডাইরেক্টর জেনারেল, সাপ্লাই এ্যাণ্ড ডিস্ট্রিবিউশানের অফিস সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। এইরকম চক্রান্ত কেন্দ্র দিনের পর দিন পশ্চিমবাংলা এবং ভারতবর্ষের পূর্বাঞ্চলগুলিতে করে চলেছেন। আজকে এটা আমাদের উপবব্ধিতে আসা দরকার, চেতনায় আসা দরকার। যদি আপনারা পশ্চিমবঙ্গের মানুষ হন তাহলে এই আপনাদের আসা দরকার এবং উপলব্ধি করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পূর্বাঞ্চলে অর্থাৎ ইস্টার্ন জোনে মোট ৭ কোটি ৭ লক্ষ ৫ হাজার টাকার পারচেজ হয়েছে। আমি আগেই বলেছি যে, দিল্লীতে পারচেজ হয়েছে ৯ কোটি ১৩ লক্ষ ৭৭ হাজার টাকা এবং ইউ. পি.-তে হয়েছে ১৫ কোটি ৭৮ লক্ষ ৬৫ হাজার টাকা। যদি উত্তর ভারতকে মিলিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে যে, কি ভাবে পূর্বাঞ্চলকে বঞ্চিত করা হয়েছে। যেখানে পূর্ব ভারতের টোটাল পারচেজ ৭ কোটি ৭ লক্ষ ৫ হাজার টাকা, সেখানে দক্ষিণ ভারতের হচ্ছে ৪১ কোটি ৪৮ লক্ষ ৪৬ হাজার। এইভাবে পশ্চিমবঙ্গের কুটির শিল্পকে কেন্দ্র গলাটিপে হত্যা করার পরিকল্পনা রচনা করেছেন। আজকে মানুষের অর্থনীতিকে তাঁরা কোথায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছেন সেটা একটু চিন্তা করতে বলি। আজকে তাঁরা এমপ্লয়মেন্ট জেনারেশানের কথা বলছেন। এমপ্লয়মেন্ট জেনারেশানের কথা কংগ্রেসের মুখে সাজে না। কংগ্রেসের নীতি হচ্ছে পশ্চিমবাংলার কুটির শিল্পকে গলাটিপে হত্যা করা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওদের নিয়ন্ত্রিত যে ব্যাঙ্ক, সেই ব্যাঙ্কগুলি কিভাবে কাজ করছে? শুধু তাই নয়, দক্ষিণ ভারতের দিকে একটু তাকিয়ে দেখুন। দক্ষিণ ভারতে ৫৭ কোটি ৪ লক্ষ ৪০ হাজার টাকার পারচেজ হয়েছে। উত্তর ভারত এবং দক্ষিণ ভারত মিলিয়ে যদি দেখেন তাহলে দেখবেন যে পূর্ব ভারতকে কিভাবে বঞ্চিত করা হচ্ছে। আজকে অন্য ষ্টেটের ব্যাঙ্কগুলি কিভাবে কাজ করছে? আজকে প্রোজেকশান স্যাংশান করা দরকার। কিন্তু ওদের ব্যাঙ্কগুলি সেখানে যেভাবে কাজ করছে তাতে প্রোজেক্ট স্যাংশান হচ্ছে না। ফলে যে এ্যাডিশন্যাল এমপ্লয়মেন্ট জেনারেট করার কথা, সেই এ্যাডিশন্যাল এমপ্লয়মেন্ট জেনারেট হচ্ছে না।

(এই সময়ে লাল বাতী জ্বলে উঠলো)

[7.15—7.25 P. M.]

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় তাঁর বিভাগের যে ব্যয়বরাদ্দের দাবী আজকে এখানে উত্থাপন করেছেন সে সম্পর্কে আমি দু'-একটি কথা বলতে চাই।

স্যার, আমি মনে করি আজকে পশ্চিমবাংলার বেকারত্ব যে জায়গায় এসে পৌঁছেছে এবং গ্রাম-বাংলা তথা গোটা পশ্চিমবাংলার ক্ষুদ্র ও কুটির শিল্পের যে অবস্থা হয়েছে তাতে আমার কাট মোশানগুলি মুভ করে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের অবগতির জন্য কিছু তথ্য উল্লেখ করা প্রয়োজন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অনিল মুখার্জী মহাশয় কেন্দ্রের ওপর দোষারোপ করে যে-সব কথা বললেন, সে সবগুলি আমার মনে হয় ঠিক নয়। আমি আপনার সামনে কতগুলি তথ্য উপস্থিত করলেই আপনি বুঝতে পারবেন যে, মাননীয় সদস্য অনিলবাবু এক্ষেত্রে পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রের বিমাতৃসুলভ আচরণের যে দাবী করছেন, তা তাঁর পক্ষে করা উচিত হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, আগামী দিনে আই. আর. ডি. পি. স্কীমে ১,২০০ নতুন ইউনিট তৈরী হবে। এখন আমি এই স্কীমের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অতীত অবদানের কথাটি এখানে উল্লেখ করছি। কারণ এটা সেন্ট্রাল গভর্নমেন্টের স্কীম, ১৯৭৮-৭৯ সালে ১৬৯টি ক্ষেত্রে সেন্ট্রাল এ্যালোকেশন ছিল ৬০৭.০০ লক্ষ টাকা এবং ১৯৭৯-৮০ সালে ১৮২টি ক্ষেত্রের জন্য সেন্ট্রাল এ্যালোকেশন হচ্ছে ৬৩৭.৭০ লক্ষ টাকা এবং এটায় এ্যাকচুয়াল রিলিজ হয়েছে গভর্নমেন্ট অফ ইণ্ডিয়ার কাছ থেকে ২৪৯.৮৫ লক্ষ টাকা। আর ১৯৭৮-৭৯ সালে এ্যাকচুয়াল রিলিজ হয়েছিল ৪১০.৮০ লক্ষ টাকা। সুতরাং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই তথ্যগুলি থেকে আমি নিশ্চয়ই বলতে পারি যে, কেন্দ্র পশ্চিমবঙ্গের প্রতি বিরূপ নয়। বিশেষতঃ ১৯৮৩-৮৪ সালে ৩৩৬টি ব্লকের জন্য সেন্ট্রাল এ্যালোকেশন হচ্ছে ১৩৪.০০ লক্ষ এবং সেখানে এ্যাকচুয়াল রিলিস্ মেড্ বাই দি গভর্নমেন্ট অফ্ ইণ্ডিয়া ১০২.০০ লক্ষ এই হচ্ছে আসল অবস্থা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আরো শুনলে অবাক হয়ে যাবেন, আমি কেন্দ্রীয় সরকারকে একটা চিঠি লিখেছিলাম, আমার সেই চিঠির জবাবে তাঁরা আমাকে যা লিখেছেন তা আমি এখানে পড়ে দিচ্ছি :

Udyog Bhavan, Ministry of Industry—Please refer to your letter dated 5th February, 1984 asking for information about letters of intent issued for West Bengal and amount of subsidy granted, etc. In this connection, I may inform you that during the last 4 years, i. e. 1980 to 1983, 325 applications for grant of letters of intent for West Bengal were received by my Ministry. 180 letters of intent have been issued during this period for setting up of industrial units in the State. While 50 of these letters of intent have already been converted

into industrial licences, 13 letters of intent have been treated as lapsed and the remaining 117 letters of intent are still under implementation.

With a view to encourage the setting up of industries in backward areas, including backward areas in the State of West Bengal, the Central Government is operating the scheme of Central Investment Subsidy. Under the modified scheme as promulgated on 1.4.1983, backward districts/areas in the country have been divided into 3 categories, viz. category 'A' category 'B' and category 'C', for the purpose of grant of investment subsidy. The amount of subsidy admissible under the scheme is to the extent of 25% subject to a maximum of Rs. 15 lakhs in category 'B' areas and 10% subject to a maximum of Rs 10 lakhs in category 'C' areas. I am enclosing a statement containing state-wise details of re-imbursement made under the Central Investment Subsidy Scheme during the period 1972-73 to 1982-83.

এখানে সাবসিডির ব্যাপারে ওয়েষ্ট বেঙ্গল এবং অন্যান্য রাজ্যের অবস্থাটা একবার দেখুন। যেখানে ১৯৭৭ থেকে ১৯৮২ সাল পর্যন্ত অন্ধ্রপ্রদেশ টোটাল পার্সেণ্টেজ অফ সাবসিডি দিতে পেরেছে ৯.৬৮, গুজরাট ১০.৩৪, কর্ণাটক ৮ ৮২, সেখানে ওয়েস্ট বেঙ্গল দিয়েছে মাত্র ২.০৫। এটা আমার কোন স্ট্যাটিসটিক্স নয়, ভারত সরকারের একটি তথ্য আমার কাছে আছে। সেখানে মাননীয় সদস্য অনিল মুখার্জী মহাশয় বলে গেলেন কেন্দ্র নাকি বিমাতৃসুলভ ব্যবহার করছেন! কাজেই দেখা যাচ্ছে যে, তিনি একটা অবাস্তব কথা বলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কুটির শিল্প থেকে আরম্ভ করে সমস্ত শিল্পই ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং সেটার ম্যাটেরিয়ালের জন্যই বলুন, যে-কোন অবস্থার কারণেই বলুন—ক্ষতিগ্রস্ত হচ্ছে। আজকে এ বিষয়ে চিন্তাভাবনা করতে হবে। আজকে যে রাজ্যগুলিকে আপনারা অনুন্নত বলে জানেন—নাগাল্যাণ্ড, সেখানেও ০.৩৩ হয়েছে। উড়িষ্যাতে হয়েছে ১.৮৬, পাঞ্জাবে হয়েছে ৪.৯১। আমার কাছে তথ্য আছে, মিলিয়ে নেবেন। কাজেই এদিকটা বিশেষভাবে চিন্তা-ভাবনা করুন। আজকে গ্রামবাংলার যে অবস্থা হয়েছে—আজকে গ্রামে বড়, মাঝারী শিল্প পশ্চিমবাংলায় সেইরকমভাবে গড়ে ওঠেনি। কিন্তু ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমেই একমাত্র গ্রামবাংলার আজকের এই ভয়াবহ বেকার সমস্যার সমাধান হতে পারে। আজকে তন্তুজীবীরা এ্যাপেক্স বডি করেছেন, বিভিন্ন কো-অপারেটিভ তাঁরা করেছেন। কিন্তু তাতেও তাঁদের বিভিন্ন সমস্যা থেকে যাচ্ছে। তাঁরা বিভিন্ন ব্যাঙ্ক থেকে টাকা নিয়েছেন, কিন্তু তাঁদের বিভিন্ন কাউণ্টের সুতো নিয়ে অসুবিধা হচ্ছে। তাঁদের এই সমস্যার সুরাহা আজও হয় নি। ছোবড়া শিল্প থেকে আরম্ভ করে বাসন, মৃৎশিল্প এবং অন্যান্য আরও অনেক ধরনের শিল্পের যে দুরবস্থা চলছে সেদিকটার কথা চিন্তা করতে হবে। আই. আর. ডি. পি.'র মাধ্যমে আজকে

টাকা খরচ হচ্ছে। ব্যাঙ্ক তাঁদের টাকা দিচ্ছে। অর্থাৎ মার্জিন মানি ব্যাঙ্ক দিচ্ছে। আই. আর. ডি. পি.'র টাকায়, আপনারা যা ঘোষণা করেছেন, সেগুলো যদি প্রত্যেকটি কার্যকরী হয়ে থাকে তাহলে কিন্তু দেশে কোন অভাব, কোন বেকার থাকতে পারেনা। দেখতেও পাচ্ছি ক্রমাগতভাবে আই. আর. ডি. পি.'র টাকা খরচ হচ্ছে। আপনাদের কোটি কোটি টাকা খরচ হচ্ছে—নীট ফলটা কিন্তু শূন্যই থেকে যাচ্ছে। সেখানে বেকারত্ব থেকে যাচ্ছে। মাননীয় সদস্য দিলীপ মজুমদার মহাশয়কে জিজ্ঞাসা করি, আজ দুর্গাপুরে কতগুলো ইউনিট বন্ধ আছে আপনি কি সেটা বলতে পারেন? এইরকমভাবেই পশ্চিমবাংলার শিল্প ইউনিটগুলি আজ বন্ধ হয়ে গেছে। এটা কোন গল্প কথা নয়! এই সমস্ত সমস্যার প্রতিকারের জন্যই তো আপনারা এসেছেন।

[7.25—7.35 P. M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বেকার সমস্যা দূরীকরণের জন্য একটা বিশেষ ব্যবস্থার কথা চিন্তা করার জন্য অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতারকবন্ধু রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র ও কুঠির শিল্পের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী মহাশয় যে ১৪,১২,০৪,০০০ টাকার ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে সূত্রাকারে কয়েকটি কথা বলতে চাই। আমি অনেকক্ষণ ধরে বিরোধী পক্ষের সদস্যদের বক্তব্য শুনলাম। ওদের বক্তব্যের মধ্যে বিরাট কনট্রাডিকশান রয়েছে। একজন বললেন এখানে শিল্প নষ্ট হয়ে যাচ্ছে। এটা যদি ভাল করতে হয়—অম্বিকাবাবু যে কথা বললেন—তাহলে শিল্পপতিদের ডেকে আনতে হবে। উনি সত্যি কথাই বলেছেন। কারণ ওরা যাদের প্রতিনিধিত্ব করেন তাদের কথাই তো বলবেন। কাশীবাবু নানা রকম তথ্য দিয়ে বললেন—এইসব তথ্য কোথা থেকে পেলেন সেটা বুঝতে পারছি না। পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে ১৯৭৭ সালের পর থেকে তুলনামূলকভাবে কি কি হয়েছে সেই সম্পর্কে কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। গ্রামাঞ্চলে ক্ষুদ্র এবং কুঠির শিল্পের সর্বাঙ্গীন বিকাশের জন্য গুরুত্বপূর্ণ কতকগুলি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এটাকে যদি ভাগ করা যায় তাহলে মোটামুটি এটাকে ৯ ভাগে ভাগ করা যাবে। আমরা গ্রামেগঞ্জে

ঘুরি, সেইজন্য আমরা এটা দেখতে পাই। কিন্তু ওরা সেটা দেখতে পাচ্ছেন না। কারণ গ্রামের সংগে ওদের সংযোগ কম। এই যে ৯টি প্রকল্প গ্রহণ করা হয়েছে সেগুলি হলো সরকারী উদ্যোগের সাথে ক্ষুদ্রশিল্পকে যুক্ত করা। দ্বিতীয় হলো অর্থের ব্যবস্থা করা। তৃতীয় হলো ছুরি নির্মাণ, কাঠশিল্প, খেলাধুলার সাজ-সরঞ্জাম, দড়ি-শিল্প, শৌখিন চামড়া, শিং ও কাঠ খোদাই, কার্পেট, পশমী পোশাক প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ ব্যবস্থা। সারা পশ্চিমবাংলার গ্রামেগঞ্জে এই ব্যবস্থা চালু করা হয়েছে। এই কথা ওরা বললেন না। এর ফলে সারা পশ্চিমবাংলায় ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষেত্রে একটা যুগান্তকারী আন্দোলন সৃষ্টি হয়েছে, এটা ওঁরা দেখতে পাচ্ছেন না। চতুর্থ হলো সহায়ক বিকাশের কর্মসূচী। দুর্গাপুর, আসানসোল এবং হলদিয়ায় চালু আছে। মুর্শিদাবাদ, পশ্চিম দিনাজপুর, মেদিনীপুর, নদীয়া এবং মালদহে চর্ম-কেন্দ্রগুলি খোলা হয়েছে, সেইগুলি ওঁরা দেখতে পাচ্ছেন না। ষষ্ঠ হলো নূতন ইউনিট স্থাপনের উৎসাহ। অনেক নূতন ইউনিট স্থাপন হয়েছে। ওঁরা দু-একটির কথা বলে শুধু বিরোধিতা করে গেলেন। পঞ্চায়েতের মাধ্যমে বিপণন কেন্দ্র স্থাপন করা হয়েছে। এই ধরনের যুগান্তকারী উদ্যোগ ওদের সময় ছিল না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডাক্তার ভবতোষ দত্ত কমিটির যে সুপারিশ, সেই সুপারিশ এই রাজ্যে সুন্দরভাবে প্রতিপালিত হচ্ছে। সেই সুপারিশ ইতিমধ্যে এই বামফ্রন্ট সরকার কার্যকরী করতে চলেছে। আমরা যদি গ্রামেগঞ্জে ক্ষুদ্র ও কুটির শিল্পের দিকে তাকিয়ে দেখি তাহলে দেখতে পাবো সেখানে যে-সমস্ত কুটির শিল্প আছে তার জন্য বিপণন কেন্দ্র খোলার ব্যবস্থা হচ্ছে। কোথাও যদি কুটির শিল্পের বাজার না থাকে তাহলে সেখানে খোলার ব্যবস্থা করা হচ্ছে। এর পাশাপাশি আমরা কি দেখছি? দেখছি যে বামফ্রন্ট সরকার চালিত কুটির শিল্পের জিনিসপত্র বিক্রি করার জন্য পঞ্চায়েতের মাধ্যমে, পঞ্চায়েত সমিতিগুলির মাধ্যমে বিপণন কেন্দ্র খোলা হয়েছে। এই যে ভবতোষ দত্ত কমিটির সুপারিশের কথা যেটা বললাম তাতে যে জিনিস বলা হয়েছে—যা বামফ্রন্ট সরকার ইতিমধ্যেই চালু করেছেন—সেটা হলো বিভিন্ন সরকারী অফিসে কিছু কিছু জিনিস যেন ক্রয় করা হয়।

এবং ডব্লু. বি. এস. আই. সি. ডব্লু. বি. এস. এল. আই. ডি. সি, ডব্লু. বি. কে ও ভি. আই. বোর্ড, ডব্লু. বি. এস. ই. ডেভেলপমেন্ট করপোরেশান হস্তশিল্পের যে এ্যাপেক্স-এর কথা বলা হয়েছে তার মাধ্যমে ক্রয় করার চেষ্টা হচ্ছে। আজকে আমি উত্তরবঙ্গের কথা বলবো। একটা সময়ে এখানে রেশম শিল্প খুব উন্নত শিল্প ছিল। সেই রেশম শিল্পের বাজার বিপণন কেন্দ্রের মাধ্যমে না থাকায় তা নষ্ট হতে বসেছে। সুতরাং সেইদিকে উদ্যোগ নিতে হবে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী-

মহাশয়কে সেইদিকে উদ্যোগ নেওয়ার জন্য অনুরোধ করবো। তারপর তাঁত শিল্পের কথায় আসি। পশ্চিমবঙ্গে তাঁত শিল্পের স্থান কৃষি শিল্পের পরেই। আমাদের দেশে বস্ত্র শিল্পের যা দরকার তার ৪০ পারসেন্ট তাঁত শিল্প কভার করে। রাজ্য সরকার ১৯৮৪-৮৫ সালে ৪০ ভাগ থেকে বাড়িয়ে ৬০ ভাগ সমবায় সমিতির মাধ্যমে পূরণ করবে—এটা তাঁরা চেষ্টা করছেন। আর একটি জিনিসের প্রতি উত্তরবঙ্গের দিকে লক্ষ্য রাখা দরকার। লক্ষ লক্ষ টাকা উত্তরবঙ্গের বাঁশ এবং বেত শিল্প, চা-বাগান থেকে পেত। কিন্তু সেই জায়গায় আজকে চা-বাগিচায় টুকরির বদলে রুমাল ব্যবহার হচ্ছে। আজকে এই বৃহৎ শিল্পের জন্য গ্রামীণ বাঁশ ও বেত শিল্প ধ্বংস হতে বসেছে। সুতরাং এই ধনতান্ত্রিক সমাজব্যবস্থায় আমরা যেভাবে এইসব শিল্পের উন্নতি করতে চাই তা সম্ভব নয়। এই পরিবেশ এবং এই পরিস্থিতির উপর দাঁড়িয়ে আমাদের পদক্ষেপ নিতে হবে। এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন সেই সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে আমি প্রথমেই বলতে চাই—আমি এই সম্পর্কে সচেতন, অন্ততঃ আই ডু নট হারবার এনি ইলিউশান যে এই রকম একটি মুমূর্ষু পুঁজিপতি অর্থনীতির উপর দাঁড়িয়ে যেখানে বাজারে সংকটের জন্য বৃহৎ শিল্প প্রতিষ্ঠানগুলি তাদের অস্তিত্ব রক্ষা করতে হিমসিম খেয়ে যাচ্ছে, সেখানে ক্ষুদ্র ও কুটির শিল্প রাজ্যের অর্থনীতিকে চাঙ্গা করে তুলবে—এই রকম অলীক কল্পনা আমি করিনা। কিন্তু তাহলেও এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে সরকারী সাহায্যে ভরতুকি এগুলির মারফত এই ক্ষুদ্র ও কুটির শিল্পকে বাঁচিয়ে রাখার চেষ্টা করা এবং তার মধ্য দিয়ে কিছুটা কর্মসংস্থানের ব্যবস্থা করা এবং সমাজের দুর্বলতর শ্রেণীর যারা মানুষ তাদের ক্রয়-ক্ষমতা বৃদ্ধি করা-এই দৃষ্টিভঙ্গীতে এই দপ্তর পরিচালনা করা যেতে পারে, প্রোভাইডেড যে অর্থ দপ্তরের জন্য বরাদ্দ হচ্ছে সেই অর্থ যথার্থ জনমুখী অর্থাৎ প্রো-পিপল দৃষ্টিভঙ্গী নিয়ে ব্যয় করা হয়, তবেই এই দুর্নীতিপূর্ণ পরিবেশের মধ্যে, এই পরিস্থিতির মধ্যে তাদের খানিকটা রিলিফ

[7.35—7.45 P. M.]

দেওয়া যায়। কিন্তু আমরা অত্যন্ত পরিতাপের সঙ্গে দেখছি ক্ষুদ্র এবং কুটির শিল্পে যে অর্থ বরাদ্দ হচ্ছে তা সুষ্ঠুভাবে সদ্ব্যবহার হচ্ছে না। সেখানে দুর্নীতি এবং

স্বজোনপোষণ চলছে এবং যে উইকার সেকশনকে আমরা রিলিফ দিতে চাই আজকে তারা সেই সুযোগ নিতে পারছে না—বরং অনেক ক্ষেত্রেই উপরতলার মানুষরা সেই সুযোগ নিচ্ছে। এই জিনিস আমরা তাঁত শিল্পের ক্ষেত্রে দেখি। ধনেখালি, শান্তিপুর, টাঙ্গাইল ইত্যাদি জায়গায় তাঁতীদেরকে কি আমরা বাঁচাতে পেরেছি? তারা কি এক্সপ্লয়েট হচ্ছে না? তাদের যে প্রোডাকশান হচ্ছে তা ধরে রাখার দিকে কোন দৃষ্টি নেই। মজুরীর তুলনায় তারা অনেক কম দাম পাচ্ছে। তাহলে দেখুন ক্ষুদ্র শিল্পের মাধ্যমে আমরা কি করতে পেরেছি। যে দুর্নীতি চলছে সে সম্বন্ধে আমি একটা একস্‌জামপল দিচ্ছি। আমাদের ভারতবর্ষের তিনটি জায়গায় সিল্ক কনডিশনিং এবং টেষ্টিং হাউস আছে—বাঙ্গালোর, কাশ্মীর এবং কলকাতার লেকটাউনে আছে। কিন্তু এখানে একচুয়ালি কোন রিসার্চ ওয়ার্ক হচ্ছে না। সেরিকালচার সম্পর্কে যার বিন্দুমাত্র জ্ঞান নেই এইরকম একজন অডিট অফিসারকে বসিয়ে রাখলে সেখানে কি কাজ হবে। শুধুমাত্র দলবাজী হচ্ছে। গত কয়েক বছরের মধ্যে সিল্ক টেষ্টিং, কোকুন স্যাম্পেল টেষ্টিং কিছু হয়েছি কি? এর কি কিছু এ্যাচিভমেন্ট আছে? তাহলে কিসের জন্য জনসাধারণের অর্থ ব্যয় করে টেষ্টিং হাউস রেখে দিয়েছেন? এর ফলে অপচয় কি হচ্ছে না? সেখানে রিসার্চ ওয়ার্কের মধ্যে দিয়ে প্রোডাকশান বাড়াবার কোন দৃষ্টিভঙ্গী নেই। সেখানে নন-টেকনিকাল লোক রেখে দিয়েছেন। চরকার পরিবর্তে উন্নত রিলিং মেশিন দেবার ব্যবস্থা হয়েছে এবং তার জন্য গ্রাণ্ট দেওয়া হয়েছে। মালদা থেকে এই রকম অভিযোগ হয়েছে যে, গ্রাণ্ট রিসিপেণ্ট যারা তারা কি একচুয়ালি রিলিং মেশিন ব্যবহার করছে? রিলিং মেশিনের জন্য যারা গ্রাণ্ট নিয়েছে তারা কি টেষ্টিং-র সুযোগ পেয়েছে? ক্ষুদ্র শিল্প দফতরের অধীনে যে সংস্থাগুলি গড়ে উঠেছে সেখানে বছরের পর বছর ধরে অডিট ফেস করবার কোন পরিস্থিতি নেই। এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে বাদ দিয়ে নানান কায়দায় লোক নেওয়া হচ্ছে। প্রথমে ক্যাজুয়াল হিসাবে নিয়ে তারপর তাদের রেগুলারাইজ করা হচ্ছে। আমি আর খুব বেশী দীর্ঘায়িত না করে বলতে চাই যে, এই বাজেটের বিরোধিতা করে আমি শেষ করছি।

শ্রীনবীন বাউড়ীঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ক্ষুদ্র এবং কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। বিরোধী দলের মাননীয় সদস্য কাশীবাবু কিছুক্ষণ আগে কেন্দ্রীয় মন্ত্রীর চিঠির কথা উল্লেখ করে বললেন, পশ্চিমবঙ্গ সরকার সেই টাকা ব্যয় করতে পারল না, টাকা কাজে লাগাতে পারল না। তিনি ওই তথ্য পরিবেশন করে

জানাতে চাইলেন, প্রমাণ করতে চাইলেন এখানে কোন কাজকর্ম হচ্ছে না এবং বামফ্রন্ট সরকার এই যে লক্ষ লক্ষ টাকা ব্যয় করছেন তার কোন ফল হচ্ছে না। উনি বাঁকুড়া জেলার এম. এল এ., কিন্তু আমি দেখছি তাঁর নাকের ডগায় যে ঘটনা ঘটছে সেটা তিনি জানেন না। ওখানে যে তন্তুজীবী সম্প্রদায় আছে, যারা একেবারে নষ্ট হয়ে গিয়েছিল, বামফ্রন্ট সরকার তাদের জন্য ব্যাঙ্কের সাহায্যের ব্যবস্থা করেছেন এবং তার ফলে তারা ব্যাঙ্ক থেকে ঋণ পাচ্ছে। এছাড়া ওখানে বিক্রয় কেন্দ্র খোলা হয়েছে এবং তাতে বেশ উন্নতি হয়েছে। কাশীবাবুর নির্বাচনী এলাকায় এরকম অবস্থা হয়েছে, অথচ তিনি বলছেন হাজার হাজার টাকা, লক্ষ লক্ষ টাকা খরচ করা সত্ত্বেও কোন ফল পাওয়া যাচ্ছে না। এই তন্তুজীবীদের ক্ষেত্রে, তুঁত চাষের ক্ষেত্রে কি সাফল্য লাভ করা গেছে সেটা তিনি বলতে পারতেন। আমি দেখলাম তিনি শুধু বিরোধিতা করে গেলেন। তাঁত শিল্পের ক্ষেত্রেও বিপণন কেন্দ্র খোলা হয়েছে পঞ্চায়েতের মাধ্যমে। ১৯৮০-৮১ সালে ১৫২টি কেন্দ্র খোলা হয়েছে এবং ২৬ কোটি ৬৫ লক্ষ টাকার মাল বাজারে ছাড়া হয়েছে। ১৯৮৩-৮৪ সালে ১৭৭টি কেন্দ্র খোলা হয়েছে এবং ৩৫.০৯ কোটি টাকার মাল বাজারে ছাড়া হয়েছে। তুঁত চাষের ক্ষেত্রে দেখছি বামফ্রন্ট সরকার আসার পর বিরাট সাফল্য লাভ করেছে, যেটা পূর্বে কোনদিন হয় নি। ১৯৮০-৮১ সালে ২৫ হাজার ১৮০ একর জমিতে তুঁত চাষ হয়েছে, ১৯৮৩-৮৪ সালে ৩০ হাজার ৬৮০ একর জমিতে তুঁত চাষ হয়েছে এবং তার ফলে ১৯৮০-৮১ সালে ২ লক্ষ লোকের কর্মসংস্থান হয়েছে। আমরা আশা করছি ১৯৮৩-৮৪ সালে ২ লক্ষ ৪২ হাজার লোকের কর্মসংস্থান হবে। ১৯৮১-৮২ সালের পূর্বে কোন বিপণন কেন্দ্র ছিল না, বামফ্রন্ট সরকার আসার পর ১৯৮৩-৮৩ সালে এই বিপণন কেন্দ্র চালু করা হয়েছে। ১৯৮০-৮১ সালে ২৪টি বিপণন কেন্দ্র ছিল এবং ১৯৮৩-৮৪ সালে ৫৮টি বিপণন কেন্দ্র চালু করা হয়েছে। দুঃখের বিষয় এই সমস্ত সাফল্যের কথা উনি উল্লেখ করলেন না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এবারে আমি আমার জেলার প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। আপনারা সকলেই জানেন বাঁকুড়া জেলা শিল্পের দিক থেকে খুবই অনগ্রসর জেলা। কিন্তু ওখানে যে প্রাকৃতিক সম্পদ আছে সেগুলো বাস্তবে কাজে লাগাতে পারলে মহাজনদের হাত থেকে শিল্পীরা বাঁচতে পারে। চীনা মাটির ব্যাপারটা বাজেটে বলেছেন, কিন্তু এছাড়া ওখানে পাথর শিল্প আছে, বেত শিল্প আছে, বেলমালা শিল্প আছে, বড়শী শিল্প আছে, যার কথা বাজেটে বলা হয় নি। এখানকার বড়শী শিল্পের সংগে ৩ হাজার শিল্পী জড়িত রয়েছে এবং এর একটা আন্তর্জাতিক সুনাম আছে। আমি অনুরোধ করব মন্ত্রী মহাশয় এগুলির দিকে নজর দিন। বাঁকুড়া এবং পুরুলিয়ায়

অনেক পাথর কুইরি আছে, যেখানে অনেক আদিবাসী লোক কাজ করে। এখানে মালিকরা মজুরদের দিয়ে পাথর তোলে এবং ভাঙ্গায়। এই কাজ যদি সরকারী উদ্যোগে করা হয় তাহলে এই সমস্ত কুইরির মজুরদের আমরা অর্থনৈতিক দিক থেকে সাহায্য করতে পারি। আমি আশা করি মন্ত্রী মহাশয় এই দিকে নজর দেবেন। একথা বলে বাজেট সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

[7.45—7.55 P. M.]

শ্রীশিশির অধিকারী ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ক্ষুদ্র এবং কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন স্বভাবতঃই তার বিরোধিতা করতে হচ্ছে এবং তার কারণগুলি আপনার মাধ্যমে আমি বলছি। আমরা লক্ষ্য করছি শিল্পের ক্ষেত্রে পশ্চিমবাংলা ৪ দশকের পর থেকেই পিছু হটতে শুরু করেছে এবং এটা অত্যন্ত সত্য কথা। পশ্চিমবাংলার কথা ভাবতে গেলেই মনে পড়ে পশ্চিমবাংলা একটি দেউলিয়া রাজ্যে পরিণত হয়েছে। এই পরিস্থিতিতে রাজ্য সরকার এবং এই দপ্তরের মন্ত্রীর কাছ থেকে আমরা যা আশা করেছিলাম, সেটা দেখছি নিরর্থক হচ্ছে এবং সেটা বাজেট বরাদ্দের মধ্যেই প্রতিফলিত হচ্ছে। মন্ত্রী মহাশয় এই বাজেট পেশ করতে গিয়ে ক্ষুদ্র এবং কুটির শিল্প, তাঁত শিল্প, রেশম শিল্প ইত্যাদি নানা শিল্পের কথা বলেছেন। কিন্তু আমরা বুঝি পশ্চিমবাংলার অর্থনীতি নির্ভর করছে পশ্চিমবাংলার শিল্পীদের উপর। এক এক জায়গায় এক এক রকম শিল্প গড়ে উঠেছে। কোথাও মৃৎশিল্প, কোথাও তাঁতশিল্প, কোথাও বয়ন শিল্প ইত্যাদি সব রয়েছে। বিভিন্ন জেলায় এই যে তাঁতশিল্প ছিল আজকে তারা চরম অর্থনৈতিক সংকটে পড়েছে বলে এই শিল্পের দিকে তারা আর আকৃষ্ট হচ্ছে না। আমি আশা করি মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে বলবেন এঁদের ক্ষেত্রে কি অসুবিধা ঘটল ? আমি আশা করি তিনি এ কথাও বলবেন কেন এই সমস্ত শিল্পীরা তাদের নিজ নিজ ব্যবসায় আর যেতে চায় না। পশ্চিমবাংলা কৃষি নির্ভরশীল হলেও এই রাজ্যে কৃষি ওরিয়েন্টেড ইণ্ডাষ্ট্রি তৈরী করা উচিত ছিল। আমি জানতে চাই কেন সেটা করা হল না ? আপনাকে আজ ভাবতে হবে কৃষি ওরিয়েন্টেড ইণ্ডাষ্ট্রির দিকে কেন লক্ষ্য করেন নি। তারপর ফুড ওরিয়েন্টেড ইণ্ডাষ্ট্রির দিকেও আপনার দৃষ্টি দেওয়া উচিত ছিল এবং এটা করলে বহু আনএমপ্লয়েড ছেলে এ্যাবজর্বড হতে পারত। ইণ্ডাষ্ট্রিয়াল ইউনিট রেজিষ্ট্রেশনের কথা যেটা বলছেন সেখানে দেখছি এই রেজিষ্ট্রেশন করতে গিয়ে দারুণ অসুবিধা দেখা দিয়েছে। আপনি দয়া করে এই অসুবিধার কথাটা অনুভব করুন। আমি

আপনাকে জিজ্ঞেস করছি, কেন বেকার ছেলেরা পয়সা খরচ করে প্ল্যান তৈরী করবে? আপনার যে-সমস্ত অফিসাররা ব্লকে ব্লকে বসে রয়েছেন তাঁরা কেন এই প্ল্যান তৈরী করে দেবেন না? নিজেদের পয়সা খরচ করে কেন এই সমস্ত ছেলেদের প্ল্যান দিতে হয়? আমি দেখেছি ডিস্ট্রিক্ট ইণ্ডায়াল অফিসে একটা চক্র কাজ করছে, যার ফলে ছেলেদের এই অসুবিধা হচ্ছে এবং এই চক্র নানাভাবে ছেলেদের প্রতারিত করছে।

আজকে সেটা ন্যাশানাল প্রোগ্রামে এসেছে, আপনি ২৫ হাজার ৫শোর কথা বলেছেন, এই কথা আপনি প্রশ্নোত্তরেও বলেছেন, তার মধ্যে একটা বিরাট অংশ আজকে টেকনিক্যাল সাইডটা না জানার জন্য বা চিন্তাধারার অভাব থাকার জন্য ঐ বোর্ডের সেই টাকা যেটুকু আপনার আছে, সরকারের কাছ থেকে বরাদ্দ হয়েছে, সেই টাকা আজকে আর শিল্পের দিকে যাচ্ছে না, সেই টাকা নিয়ে লোক খেয়ে ফেলছে। আজকে কেন এই জিনিস সৃষ্টি হচ্ছে? এটা পিছু হটার কথা, এটা সামনের দিকে এগোবার কথা নয়। সুতরাং আপনার কাছে নিবেদন করব আজকে ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটের কথায় আসুন, ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটে দেখা যায়, ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেট যেগুলো তৈরী হয়েছে সেখানে জল দিতে হবে, রাস্তা করতে হবে, কিন্তু ইনডাস্ট্রিয়াল এষ্টেট তৈরী হয়েছে—শিলিগুড়ি ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেট, সেখানে দেখা যাচ্ছে শেডের সংখ্যা হচ্ছে ২০টা, পার স্কোয়ার ফিট একটাকা দশ পয়সা ভাড়ায় দেওয়া হচ্ছে, কিন্তু কল্যাণীতে দেখা যাচ্ছে ৪০ থেকে ৭০ পয়সায় ভাড়া দেওয়া হচ্ছে, আর হলদিয়া, এটা একটা উন্নয়নশীল শহর, সেখানে ১৯টা শেড তৈরী করা হয়েছে, ১.৫০ পয়সা পার স্কোয়ার ফিট সেখানে ভাড়া নেওয়া হচ্ছে। খড়্গপুর ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটে ১.৫৫ পয়সা পার স্কোয়ার ফিট নেওয়া হচ্ছে। খিদিরপুরের মত জায়গায় সেখানে মাত্র ৪৫ পয়সা পার স্কোয়ার ফিট করা হয়েছে। আশ্চর্য লাগে আজকে ট্যাংরার মত জায়গায় একটাকা করা হয়েছে, উলটোডাঙ্গার মত জায়গায় ৬৫ পয়সা পার স্কোয়ার ফিট হয়েছে। অথচ এইসব জায়গায় কোন জলের ফেসিলিটি নেই, রাস্তার ফেসিলিটি নেই, ড্রেনের ফেসিলিটিগুলো উন্নত হওয়া দরকার। বিশেষ করে আজকে যারা আসছে এই ইডাষ্ট্রিয়াল এষ্টেটের মধ্যে মানুষকে আকৃষ্ট করার জায়গা হচ্ছে হলদিয়া, বিশেষ করে হলদিয়ার মত জায়গায় লক্ষ্য করে দেখা যাচ্ছে, সেখানে লোক আসছে না, আপনি শেড তৈরী করেছেন হলদিয়ায় ১৯টা, কিন্তু মাত্র দুজন লোক সেখানে আকৃষ্ট হয়েছে। আমি আশা করি আপনার বাজেট বক্তব্যে এর উত্তর দেবেন কেন এই রকম হল? আজকে যে কথা কাশীবাবু বললেন,

আমাদের অভিযোগ, জনগণের অভিযোগ সাধারণ মানুষের এই একই অভিযোগ। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবঙ্কিম বিহারী মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কুটিরশিল্প মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। শিশিরবাবু যে কথা বললেন, তাঁর বক্তব্যের মধ্যে আছে যে, কুটিরশিল্পী যাঁরা, যাঁরা শিল্প নিয়ে কাজ করেন তাঁরা আজকে বিমুখ হচ্ছেন। আমি বলব তিনি এটা অসত্য বলছেন। কারণ কুটিরে যাঁরা বাস করেন, তাঁরা শিল্প নিয়ে বেঁচে থাকতে চান, অর্থনৈতিক প্রয়োজনে তাঁদের শিল্প প্রয়োজন। সেইজন্য আজকে কুটিরশিল্প ক্রমশঃ ক্রমশঃ বেড়ে যাচ্ছে। সেই বাড়াটাকে যদি আজকে বলেন যে, বিমুখতা এসেছে সেটা ভুল কথা। ওঁরা বলতে পারেন, কারণ কুটিরশিল্প বাড়লে ওঁরা যাঁদের বৃহৎ শিল্প আছে তাঁদের ক্ষতি হবে, বৃহৎ শিল্পের ক্ষতি হবে। বৃহৎ শিল্পের দ্বারা তাঁরা যে লাভবান হন তা আর হবে না। এবারে আমি কয়েকটি কথা বলতে চাই, যেসব তন্তুবায় সমিতি ব্লকে ব্লকে গঠন করা হয়েছে সেই তন্তুবায় সমিতিগুলো ঠিকমত সুতো পাচ্ছে না। বাজার দামে যদি সুতো পায় তাহলে সেই সুতো তাঁতীদের দিয়ে কাপড় বুনে বাজারের সংগে সমতা রাখতে পারবে, সেটার দিকে মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে বলছি এবং যে-সমস্ত রিবেট দেওয়া হয় সেইগুলো বছরের পর বছর তারা পাচ্ছে না। এটা সমিতির পক্ষে অর্থনৈতিক দিক থেকে একটা ক্ষতিকারক এবং যে-সমস্ত তাঁত শিল্পী আছেন তাঁদের বেতনের হার বাড়ানোর জন্য আপনার বক্তব্যের মধ্যে রেখেছেন। হলদিয়াতে যে বাণিজ্যিক শেড তৈরী করেছেন সেই শেডে আজকে জল নেই, জল আসছে না, সেটার দিকে আপনাকে নজর দিতে হবে এবং সেখানে সেই শেডের যে ভাড়া সেটা একটু কম না করলে যে-সমস্ত শিল্পীরা সেখানে কাজ করবেন তাঁরা একটু অসুবিধায় পড়ছেন, সেদিকটা আপনাকে নজর দিতে বলব।

[7.55—8.05 P. M.]

আর একটি জিনিস আমি বলতে চাই, সেখানে একটি সমন্বয় কমিটি গঠন করা হোক। সেখানে যে-সমস্ত বৃহৎ শিল্প আছে তাদের নিয়ে, এম. এল. এ., এম. পি. ও হলদিয়া উন্নয়ন পর্ষদকে নিয়ে একটা উন্নয়ন পর্ষদ সমন্বয় কমিটি গঠন করুন এবং এই ভাবে কমিটি গঠন করলে হলদিয়া উন্নয়নের কাজ ত্বরান্বিত হবে, প্রকৃত উন্নয়ন হবে।

শিক্ষিত বেকার ছেলেদের লোন দেবার জন্য ব্যাংকের কাছে ৩৫৪৩৯টি কেস পাঠান হয়েছিল। তার মধ্যে ১৮১৫৪টি কেস ব্যাংক অনুমোদন করেছে, বাকিগুলি আর অনুমোদন করছে না। এই বাকি কেসগুলি যাতে অনুমোদন দেয় তার জন্য ব্যাংকের উপর চাপ সৃষ্টি করার আবেদন জানাচ্ছি। ক্ষুদ্র শিল্প উন্নয়নের জন্য ক্ষুদ্র শিল্প উন্নয়ন এজেন্সি গঠন করেছেন। এটা কেবল কলকাতা, ২৪ পরগনা, হাওড়ার মধ্যেই সীমাবদ্ধ। মেদিনীপুর, হুগলী, বাঁকুড়াকে এর মধ্যে অন্তর্ভুক্ত করার জন্য আমি আবেদন জানাচ্ছি। শান্তিপুরে তাঁত শিল্প গবেষণা প্রশিক্ষণ কেন্দ্র করেছেন। শান্তিপুরের মত মেদিনীপুরেও এই প্রশিক্ষণ কেন্দ্র করার জন্য আবেদন জানাচ্ছি। এই বলে কুটির শিল্পের যে অগ্রগতি হয়েছে সেই অগ্রগতিকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার আবেদন জানিয়ে ব্যয়বরাদ্দকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

শ্রীপ্রলয় তালুকদার: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জবাব কাকে দেব? কারণ ওদিকে তো দু'জন মাত্র বসে আছেন, আর দেবপ্রসাদ সরকার আছেন। বিরোধী দলের পক্ষ থেকে যে বিতর্ক করা হয়েছে তার কিছু জবাব অনিলবাবু দিয়েছেন। আর বিরোধী দলের যে ক'জন বক্তা এখানে বক্তৃতা দিয়েছেন তাঁরা বোধহয় আমার বাজেট ভাষণটি পড়েন নি। কারণ বাজেটে যে কথাগুলি লেখা আছে সেগুলি যদি পড়তেন তাহলে এই বক্তৃতা দিতেন না। এখানে কাট মোশান এসেছে। কাশীবাবু কাট মোশান দিয়েছেন। দুটি কাট মোশান দেখতে পাচ্ছি। একটি কাট মোশান হচ্ছে, That the amount of demand be reduced to Re. 1/- আর একটি হচ্ছে, That the amount of demand be reduced to Rs. 100/-. যাই হোক উনি এক টাকা, না ১০০ টাকা করতে বলছেন আমি ঠিক জানি না। আমি প্রথমেই সমস্ত কাট মোশানের বিরোধিতা করলাম। কাশীবাবু এখানে দিল্লীর চিঠি নাকি একটা পড়লেন। পড়ার সময় যদি একটু উল্টে দেখতেন তাহলে ভাল হত, কোন্ দপ্তরের চিঠি বুঝতে পারতেন। চিঠিটা হচ্ছে কমার্স এ্যাণ্ড ইণ্ডাষ্ট্রি দপ্তর সম্পর্কে লেখা, আর উনি কটেজ এ্যাণ্ড স্মল স্কেল দপ্তর সম্পর্কে পড়ে দিলেন। আমি আর এই সব বলতে চাচ্ছি না। কাশীবাবু সম্বন্ধে প্রভাস ফদিকার তাঁর বাজেটে জবাব দিয়েছেন। তাঁকে তিনি একটু এ্যালার্ট করে দিয়েছেন। যাই হোক তিনি এ্যালার্ট হন নি, এটা দেখলাম। অম্বিকা ব্যানার্জি মহাশয় এখানে নেই। তবে তিনি তাঁর বক্তব্যে অনেকগুলি কথা খারাপ বলেন নি। তবে এই কথা ঠিক, আমার বাজেটে যে পরিমাণ টাকা বরাদ্দ হওয়া দরকার, সেই পরিমাণ টাকা নেই। কিন্তু এই কথাও ঠিক যে, গত ৫ বছরে যে বাজেট বরাদ্দ ছিল এই

বছর বাজেট বরাদ্দে তার প্রায় ২॥ গুণ বেড়েছে। গত বছর ছিল ৬ কোটি ৭০ লক্ষ টাকা, এই বছর ১৪ কোটির উপর রাখা হয়েছে আমাদের সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে। যদি কংগ্রেসীবন্ধুরা দিল্লী থেকে আমাদের প্ল্যান বাজেটে আরও বেশী টাকা এনে দিতেন তাহলে বাজেট বরাদ্দ আরও বেশী হত। তাঁরা আনতে পারবেন না, বাধা দেবেন। অম্বিকাবাবু বাজেট বরাদ্দ কম বলে গেলেন। আর কাশীবাবু বলছেন বাজেট বরাদ্দ কেটে দেওয়া হোক। এঁদের কে কি বলছেন আমি বুঝতে পারছি না।

একটা প্রশ্ন বার বার উঠেছে—কেউ বুঝে বলেছেন, কেউ না বুঝে বলেছেন, সেটা হচ্ছে, ইণ্ডাষ্ট্রিয়াল ফেসিলিটিসের ব্যাপার এবং সেটা কাট মোশানেও আছে। বলা হচ্ছে, ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটে আমরা ফেসিলিটিস দিই নি। আমাদের যে কয়েকটা ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেট আছে সেখানে আমরা ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটের ফেসিলিটিস দিয়েছি। ফেসিলিটিস বলতে কি বোঝায়? জল, বিদ্যুৎ, রাস্তাঘাট এগুলি বোঝায়। আমরা প্রত্যেকটিতে তা দিয়েছি। যেখানে আমরা এখনও পর্যন্ত ফেসিলিটিস দিতে পারিনি সেখানে সেই ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটগুলি ইনকমপ্লিট। আমরা কখনও বলি নি সেগুলি কমপ্লিট ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেট। শিলিগুড়ির ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটকে আমরা কমপ্লিট ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেট বলি নি, কারণ সেখানে বিদ্যুৎ দিতে পারি নি। আমরা আশা করছি সামনের মাসে দিতে পারবো। সব কিছু হয়ে গিয়েছে, বিদ্যুৎ দপ্তর জানিয়েছেন মে মাসে বিদ্যুৎ দিতে পারবেন। হলদিয়াকেও আমরা কমপ্লিট বলিনি, কারণ সেখানেও সেই অবস্থা। সামনের মাসে অথবা জুন মাসে সেখানে বিদ্যুৎ পাওয়া যাবে। কাজেই যে কয়েকটি ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেট আমাদের আছে তার প্রত্যেকটিতে সব কয়েকটি ফেসিলিটিস রয়েছে। কোন্‌টাতে নেই সেটা যদি ওঁরা দেখিয়ে দিতে পারেন তাহলে ভালো হয়। ওঁদের যদি অসুবিধা হয় যেতে আমাকে বলবেন আমি নিয়ে যাব। শিশিরবাবুর বক্তৃতা শুনলাম, তিনি একটি সত্য কথা বলে ফেলেছেন, বেফাঁস কথা বলে ফেলেছেন। তিনি বলেছেন, চার-এর দশকের পর থেকে পশ্চিমবাংলা পিছু হটছে। চারের দশকের পর একটানা দীর্ঘ ২০ বছর এ রাজ্যে কংগ্রেসের শাসন ছিল—'৪৭ থেকে ৬৭ সাল পর্যন্ত, তারপর মাঝে ব্রেক হয়েছিল, আবার ৭২ থেকে ৭৭ পর্যন্ত কংগ্রেসের শাসন ছিল। কাজেই চার দশক থেকে পশ্চিমবাংলার পিছু হটার জন্য ওঁরাই দায়ী। কিন্তু সেখানে পিছু হটছে কেন সেকথা উনি বললেন না। আমার বাজেট বিবৃতির ১৪ নং প্যারাতে আমি বলেছি যে পশ্চিমবাংলা যে, পিছু হটছে তার কারণ স্বাধীনতার পর পশ্চিমবাংলায় ঐ দুর্গাপুর ষ্টিল এই রকম ২/১ ছাড়া আর কোন বড় প্লান প্রজেক্ট

হয় নি। তাছাড়া পশ্চিমবাংলায় স্বাধীনতার পর রেলের সামান্যতম এক্সপানশান হয় নি। যে ইনফ্রাষ্ট্রাকচারের উপর ভিত্তি করে শিল্প গড়ে উঠবে সেটাই পশ্চিমবাংলায় ১৯৪৭ সালের পর তৈরী করা হয় নি। যে ইনফ্রাষ্ট্রাকচার আছে সেটা হচ্ছে স্বাধীনতার আগের ইনফ্রাষ্ট্রাকচার, তার উপরই আমরা দাঁড়িয়ে আছি। কাজেই ইনফ্রাষ্ট্রাকচার যদি না হয়, রেলের এক্সপানশান যদি না হয় তাহলে উন্নতি হতে পারে না। রেলের এক্সপানসান যদি অন্য রাজ্যে হয় তাহলে পশ্চিমবাংলা পিছু হটবে। পশ্চিমবাংলায় যদি কেমিক্যাল প্ল্যান্ট না হয়, পেট্রো কেমিক্যালস কমপ্লেক্স না হয় তাহলে কেমিক্যাল বেসড যে-সমস্ত স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিজ সেগুলি পিছু হটবে, আর মহারাষ্ট্র, গুজরাট এগুবে, কারণ গুজরাটে পেট্রো কেমিক্যাল কমপ্লেক্স হয়েছে। তারপর সেন্ট্রাল সাবসিডির কথা—কি সেন্ট্রাল সাবসিডি নেবো বলুন তো বাঁকুড়ায় কাশীবাবুর জেলায় ?

[8.05—8.15 P. M.]

কেন্দ্রীয় সরকার কোনও একটা ইনফ্রাষ্ট্রাকচার ওখানে তৈরী করেছিলেন যে শিল্প গড়ে উঠবে, উদ্যোক্তারা যে যাবে, তারা টাকা লাগাবে, ব্যাংক টাকা দেবে। আমরা বারে বারে একথা বলেছি। উদ্যোক্তারা ওখানে যাবে, শিল্প গড়ে উঠবে সেখানে কোন ইনফ্রাষ্ট্রাকচার আছে ? কোন প্ল্যান প্রোজেক্ট আছে ? আমরা দিল্লীতে গিয়ে বারে বারে বলেছি যে, নো ইণ্ডাষ্ট্রি ডিষ্ট্রিক্টে নিউ প্ল্যান্ট করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। তারা এখানে করুন, তারপরে আমরা শিল্প, ক্ষুদ্রশিল্প গড়ে তুলবো। হলদিয়াতে পেট্রো-কেমিকেল কমপ্লেক্স হলে শুধু হলদিয়া, মেদিনীপুর নয়, বাঁকুড়া পর্যন্ত এলাকায় বহু ছোট-ছোট ইণ্ডাষ্ট্রি গড়ে উঠতো এবং সেনট্রাল সাবসিডি নিতে পারতাম। সল্ট লেকে যদি আমাদের ইলেকট্রোনিক কমপ্লেক্স গড়ে উঠতো তাহলে বহু ছোট ছোট কারখানা গড়ে উঠতো। কিন্তু তা হয় নি। এই রকম অনেক আছে। বাঁকুড়া, পুরুলিয়া, জলপাইগুড়ি, কুচবিহার, দার্জিলিং, মালদায় কেন্দ্রীয় সরকার একটাও প্ল্যান প্রোজেক্ট তৈরী করেছেন ? একটাও এক্সপ্যানশান করার কোন চিন্তা করেছেন বা চিন্তা করার কোন পরিকল্পনা আছে ? নেই। কেন ইণ্ডাষ্ট্রির উদ্যোক্তারা যাবে ? ছোট উদ্যোক্তারা টাকা লাগাবে, ব্যাংক টাকা দেবে ? কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে কিছু করেন নি। শুধু তাই নয়, বাঁকুড়া হচ্ছে নো ইণ্ডাষ্ট্রি ডিষ্ট্রিক্ট। তার পাশে দুর্গাপুর আছে। দুর্গাপুরে সেনট্রাল গভর্নমেণ্ট আণ্ডারটেকিংগুলি আছে। তারা কিছুতেই পশ্চিমবঙ্গকে অর্ডার ফ্লোট করছে না। তারা অর্ডার ফ্লোট

করছে অন্য ষ্টেটকে। তবে দুর্গাপুরে যে বি. বি. গাইডলাইন ছিল সেটা এখনও কাগজে-কলমে আছে। কেন্দ্রীয় সরকারের যে প্ল্যান্ট লেভেল কমিটি হবে, সেই প্ল্যান্ট লেভেলে কমিটি তারা রেট কনট্রাক্টগুলি ডিষ্ট্রিবিউট করবে। কিন্তু তাঁরা এগুলি ইমপ্লিমেন্ট করেন নি। এই ব্যাপারে ই. সি. এল. ছাড়া কেউ ইমপ্লিমেন্ট করেন নি। আমরা বারে বারে সেখানে গেছি। কিন্তু ওঁরা একবারও বলেন নি, একবারও ডিম্যাণ্ড করেন নি যে, কেন্দ্রীয় সরকারের যে আণ্ডারটেকিংগুলি আছে তারা বি. বি. গাইডলাইন ফলো করছে না। পশ্চিমবঙ্গকে অর্ডার দিচ্ছে না—সে কথা একবারও বলছেন না। দুর্গাপুরে যে পাবলিক আণ্ডারটেকিংগুলি আছে, তারা যদি অর্ডারগুলি বি. বি. গাইডলাইন অনুযায়ী ঠিকমত দিত তাহলে দুর্গাপুরে এবং তার পাশে বাঁকুড়া, বর্ধমান ইত্যাদি এলাকাতে ইণ্ডাষ্ট্রি গড়ে উঠতো। আমাদের স্মল ইণ্ডাষ্ট্রিজ কর্পোরেশান, তারা বাঁকুড়া, বর্ধমানে বিস্তীর্ণ এলাকায় জমি রেখে দিয়েছে। সেখানে অন্য লোকে ইনফ্রাষ্ট্রাকচার তৈরী করার ব্যবস্থা করছে, কিন্তু হচ্ছে না। দুর্গাপুরে সেনট্রাল পাবলিক আণ্ডারটেকিংগুলি আমাদের সাহায্য করছে না। আমি ১৪নং প্যারাগ্রাফে বলেছি। এই ব্যাপারে আমাদের অমিয়বাবু সুন্দরভাবে বলেছেন যে, পশ্চিমবঙ্গ থেকে ডি. জি. এস. এ্যাণ্ড ডি.-এর ম্যাক্সিমাম অর্ডার যেত। চিরকাল পশ্চিমবঙ্গ একেবারে উপরের সারিতে ছিল। আজকে কি হল? টেণ্ডার ফর্ম ইস্যু কলকাতা ছেড়ে কানপুরকে দেওয়া হবে। আমি পরিসংখ্যান দিতে চাই না। কারণ অমিয়বাবু এই ব্যাপারে বলেছে। আমি আমার লিখিত রিপোর্টে বলেছি। কলকাতা ডি. জি. এস. এ্যাণ্ড ডি-এর পারচেজিং অর্ডারে প্রথম স্থানে ছিল। আজকে একেবারে নিচের দিকে চলে গেছে। অথচ এন. এস.-এর রেজিষ্ট্রেশান ভারতবর্ষের মধ্যে আমাদের পশ্চিমবাংলায় সব চেয়ে বেশী। কারণ টেণ্ডার ফর্ম ওখানে দেওয়া হচ্ছে এবং ডেলিবারেটলি এগুলি করা হচ্ছে। এর ফলে আমাদের অসুবিধা হচ্ছে। আমাদের এখানে মার্কেট নেই। এখানে মার্কেট সীল করে দেওয়া হচ্ছে। এই রকম অবস্থার মধ্যে আমাদের আণ্ডারটেকিংগুলিকে কাজ করতে হচ্ছে। এর মধ্যে নতুনভাবে আমাদের মার্কেট সার্ভে করতে হচ্ছে, ষ্টাডি করতে হচ্ছে। এগুলি করে আমাদের কাজ করতে হচ্ছে। তা সত্ত্বেও আমার রিপোর্টে বলেছি যে, বাঁকুড়া এবং বীরভূমে সিরামিক কমপ্লেক্স আমরা করবো। আর একটা হচ্ছে ব্যাঙ্ক। ব্যাঙ্কের অবস্থা কি? কেন্দ্রীয় সরকারের সাবসিডি আমরা পাবো টাকা খরচ করলে। একটা ইউনিট কেন্দ্রীয় সরকারের সাবসিডি কখন পাবে? প্ল্যান ডেভেলপমেন্ট কমিশন করার পরে সেই ইউনিট কেন্দ্রীয় সাবসিডি পাবে স্মল স্কেলে। প্ল্যানটা কমিশন করতে গেলে ব্যাঙ্কের সাহায্য চাই।

ব্যাঙ্ক কেন্দ্রীয় সরকারের অধীন, সুতরাং আমি কাশীবাবুকে অনুরোধ করছি, তিনি একটু খোঁজ নিয়ে দেখুন বাঁকুড়ায় ব্যাঙ্ক স্যাংশন কত, পুরুলিয়ায় কত, জলপাইগুড়িতে কত, কুচবিহারে কত? শতকরা ১৫ ভাগও নয়। আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, ব্যাঙ্ক ডিস্ট্রিক্টে ডিস্ট্রিক্টে ইণ্ডাস্ট্রি গড়ে উঠুক, তা চায় না। আমাদের ব্যাঙ্কের কাছে যে প্রোপজাল পড়ে আছে তা যদি স্যাংশন হত, তাহলে আরো ১৫,০০০ এমপ্লয়মেন্ট হত। নন-ইণ্ডাস্ট্রি ডিস্ট্রিক্টে ইউনিট তৈরী করার জন্য ব্যাঙ্ক যদি স্যাংশন না দেয়, তাহলে কি করে ইউনিট হবে? অথচ সবচেয়ে আশ্চর্যের বিষয় হচ্ছে, আমাদের বিরোধীবন্ধুরাও একবার ব্যাঙ্কের কাছে এই দাবী রাখেন না। তাঁরা বলেন না যে, আসুন আমরা একসাথে ব্যাঙ্কের কাছে দাবী রাখি বাঁকুড়া, পুরুলিয়া, জলপাইগুড়িতে স্কীম স্যাংশন করতে হবে।

মাননীয় সদস্য শিশিরবাবু বললেন, শিক্ষিত বেকারদের জন্য যে প্রকল্প আছে সেই প্রকল্পের জন্য ব্যাঙ্কের স্যাংশন করা টাকা নাকি খরচ হয় নি। এ বিষয়ে আমি মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, ইতিমধ্যেই ২২,০০০ স্কীম স্যাংশন হয়েছে, আরো ১৫,০০০ পেণ্ডিং আছে। কিন্তু অসুবিধা হচ্ছে, ওঁদের দলের লোকেরাই বলছে, স্কীম দিয়ে স্যাংশন নিয়ে লাভ কি, দিয়েছিলাম ২৫,০০০ টাকার স্কীম, ব্যাঙ্ক ১০,০০০ টাকা দিয়েছে, এখন এই টাকা নিয়ে কি করব! আমরা তাঁদের বলেছি, "আপনাদের দলের নেতাদের বলুন না ব্যাঙ্ককে বলতে।" আমরা তো প্রতিটি টেকনিক্যাল স্কীম ভেটিং করে পাঠিয়ে দিচ্ছি, কিন্তু ব্যাঙ্কগুলিকে তো আমরা নিয়ন্ত্রণ করি না। সুতরাং আমি বিরোধীবন্ধুদের বলছি, ব্যাঙ্কের কাছে আমরা দাবী করছি, কিন্তু আপনারাও একটু করুন। আপনারা সে সব কিছুই করছেন না।

যাই হোক আমি আর আমার বক্তব্য বেশী দীর্ঘ করছি না। মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার সিল্ক কণ্ডিশনিং হাউস সম্বন্ধে যে প্রশ্ন রেখেছেন সে সম্পর্কে আমি তাঁকে বলছি যে, সেখানে এ্যাসিসটেন্ট ডিরেক্টর (টেকনিক্যাল) পোষ্টটি ভ্যাকেন্ট আছে, আমরা শীঘ্রই সেখানে টেকনিক্যাল অফিসার নিয়োগ করব এবং তার জন্য পি. এস. সি. ইত্যাদি করা হচ্ছে। কারণ আমরা কংগ্রেসের মত লোক-জনকে নিয়োগ করি না, সেই জন্যই এখনো নিয়োগ করা সম্ভব হয় নি। একজন ড্রয়িং এ্যাণ্ড ডিসবারসমেন্ট অফিসার সেখানে করা হয়েছে মাইনে ইত্যাদি দেওয়ার জন্য, অর্থাৎ অডিট অফিসারকেই দায়িত্ব দেওয়া হচ্ছে। টেকনিক্যাল অফিসার পাওয়া গেলেই আমরা তাকে সেখানে নিয়োগ করব। আগে যিনি ছিলেন তাঁর প্রমোশন হয়ে গেছে—প্রচলিত সিষ্টেম এবং আইন অনুযায়ী তাঁর প্রমোশন হয়ে

গেছে। ফলে পোষ্টটি এখন খালি আছে, আমরা যত শীঘ্র সম্ভব পূরণ করে নেব। এই কয়টি কথা বলে সমস্ত কাট মোশানের বিরোধিতা করে আমার ব্যয়বরাদ্দকে সমর্থন করবার জন্য সকলের কাছে আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

DEMAND NO. 63

The motion that the amount of demand be reduced to Re. 1, was then put and lost.

The motion that the amount of demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Pralay Talukdar that a sum of Rs. 14,32,04,000 be granted for expenditure under Demand No. 63, Major Heads : "321 Village and Small Industries (Excluding Public Uudertakings), 521-Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 721-Loans for Village and Small Industries (Excluding Public Undertakings)", (This is inclusive of a total sum of Rs. 2,38,69,000 already voted on account in March, 1984), was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 8-15 P.M. till 12 Noon on Thursday the 19th April, 1984 at Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 19th April, 1984 at 12 Noon.

Present

Mr. Speaker (**Shri Hashim Abdul Halim**) in the Chair 13 Ministers, 17 Ministers of State and 170 Members.

Unstarred Questions
(to which written answers were laid on the table)

মৎস্য চাষ উন্নয়ন পরিকল্পনা

২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া ও মেদিনীপুর জেলার মৎস্য চাষের ব্যাপক বিপর্যয় দেখা দিয়াছে ;

(খ) সত্য হইলে ইহার কারণ কি ;

(গ) মাছের রোগ নিরসন ও মাছের পোনাগুলিকে রক্ষণাবেক্ষণের পদ্ধতি কি কি ;

(ঘ) ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালে মৎস্য চাষের উন্নতি ও মাছের বন্দর তৈরি করার জন্য সরকার হইতে কত টাকা খরচ হইয়াছে ; এবং

(ঙ) নিবিড় মাছচাষ পরিকল্পনা সহ মাছ উৎপাদনের জন্য কোন মাস্টার প্ল্যান তৈরি করা হইয়াছে কিনা ?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন আসে না।

(গ) মাছের বিভিন্ন রোগের নিরসন পদ্ধতি বিভিন্ন রকমের। জল ও মাটি দূষণমুক্ত করে বিভিন্ন ঔষধ প্রয়োগে রোগ নিরসন পদ্ধতি সম্পর্কে কুলিয়া গবেষণাগার কর্তৃপক্ষ, জেলা মীনাধিকারিগণ ও ব্লক পর্যায়ে মৎস্য সম্প্রসারণ

আধিকারিকগণ পরামর্শ দিয়া থাকেন। সাধারণভাবে মাছকে কপার সালফেট দ্রবণে বা পটাসিয়াম পারমাঙ্গানেট দ্রবণে ডুবাইয়া কতকগুলি রোগমুক্ত করা হয়। ছত্রাক জাতীয় রোগের ক্ষেত্রে সাধারণ লবণ দ্রবণে ডুবাইয়া রোগমুক্ত করা হয়।

মাছের পোনাগুলিকে রক্ষণাবেক্ষণের পদ্ধতির ক্ষেত্রে আতুড় পুকুর, পালন পুকুর ও মজুত পুকুর পরিচালনা এবং পরিচর্যা সম্পর্কে জেলা মীনাধিকারিক ও ব্লক মৎস্য সম্প্রসারণ আধিকারিকগণ যে সকল পরামর্শ দিয়া থাকেন তাহা হইল আতুড় পুকুর যথাসম্ভব মৎস্যভুক মাছ ও ক্ষতিকারক জলজ উদ্ভিদমুক্ত রাখিতে হইবে। আতুড় পুকুর ও পালন পুকুরকে ধ্বংসাত্মক ও ক্ষতিকারক জলজ পোকামাকড়মুক্ত রাখা দরকার। জলের অম্লত্ব কমাইবার জন্য নিয়মিত ব্যবধানে জলে চুন প্রয়োগ করিতে হইবে। মাছের পরিপূরক খাদ্য দিতে হইবে এবং সঠিক মাত্রায় জলে কাঁচা গোবর এবং মিশ্রসার প্রয়োগ করিতে হইবে।

(ঘ) (১) মাছ চাষের উন্নতির জন্য : ১৯৮২-৮৩—টাঃ ২১৪'৪২ লক্ষ, ১৯৮৩-৮৪—টাঃ ২৮৫ ৮০ লক্ষ।

(২) মৎস্য বন্দর তৈরির জন্য : ১৯৮২-৮৩—টাঃ ৭'৪৬ লক্ষ, ১৯৮৩-৮৪—টাঃ ২৫'৯৬ লক্ষ।

(ঙ) এই সম্পর্কে ১৯৭২ সালে গঠিত মাস্টার প্ল্যান কমিটির সুপারিশগুলি বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে কার্যকর করা হইতেছে।

অঞ্চল প্রধানের বিরুদ্ধে মামলা

২৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫১।) **শ্রীকাশীনাথ মিশ্র :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩ সালের মে মাস হইতে ১৯৮৪ সালের জানুয়ারি মাস পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে কোন অঞ্চল প্রধানের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে কিনা ;

(খ) হলে, উক্ত অভিযুক্ত প্রধানের সংখ্যা কত ;

(গ) উহাদের বিরুদ্ধে কি ধরনের অভিযোগ ছিল ;

(ঘ) উক্ত সময়ে বাঁকুড়া জেলায় দুর্নীতির অভিযোগে কতগুলি মামলা দায়ের করা হয়েছে (ব্লকওয়ারী হিসাব) ; এবং

(ঙ) উক্ত দুর্নীতিগুলি দূর করিবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ।

(খ) ত্রিশ জন।

(গ) তহবিল তছরূপ চার্জ বুঝাইয়া দিতে অস্বীকার এবং দুর্নীতি।

(ঘ) পাঁচটি—বাঁকুড়া ২ নং ব্লকে একটি, ওন্দা ব্লকে তিনটি এবং ইন্দাস ব্লকে একটি।

(ঙ) পঞ্চায়েতের কার্যকলাপের ওপর সতর্ক দৃষ্টি রাখা হয়েছে।

রামপুরহাট থানায় পৌর এলাকা বহির্ভূত মৌজা বৈদ্যুতিকরণ

২৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রামপুরহাট থানার পৌর এলাকার বহির্ভূত কোন্ কোন্ মৌজায় বা তাহার অংশবিশেষে বৈদ্যুতীকরণ কর্মসূচী অনুসারে (১) শুধু খুঁটি পোঁতা, (২) তার খাটানো ও (৩) বিদ্যুৎ সরবরাহের কাজ শুরু হয়েছে; এবং

(খ) তন্মধ্যে কতগুলি ক্ষেত্রে তার চুরির জন্য বিদ্যুৎ সরবরাহ সম্ভবপর হচ্ছে না?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) (১) ও (২) রামপুরহাট থানার অন্তর্গত পৌর এলাকা বহির্ভূত ১২৭টি মৌজা বৈদ্যুতীকৃত হয়েছে। কেবলমাত্র খুঁটি পোঁতা কোন মৌজাতে হয় নাই। কিন্তু খুঁটি পোঁতা, তার খাটানো ও অন্যান্য কাজ উপরোক্ত ১২৭টি মৌজাতে সম্পন্ন হয়েছে। মৌজাগুলির নাম নিম্নের তালিকায় দেওয়া হল:

(৩) ৪০টি মৌজায় বাণিজ্যিক ভিত্তিতে চালু করা হয়েছে। মৌজাগুলির নামের জন্য সংযোজনীর ক্রমিক সংখ্যা ১ হইতে ৪০ দ্রষ্টব্য।

(খ) ৫০টি মৌজা বৈদ্যুতিক সংযোজনের অপেক্ষায় ছিল। কিন্তু বৈদ্যুতিক সরঞ্জাম চুরি যাওয়ার জন্য বর্তমানে বাণিজ্যিক ভিত্তিতে বিদ্যুৎ সরবরাহ চালু করা সম্ভবপর নয়। মৌজাগুলির নামের জন্য সংযোজনীর ক্রমিক সংখ্যা ৪১ থেকে ৯০ দ্রষ্টব্য।

Statement referred to in reply to Clause 'ka' of Question No 268 (Admitted Question No 76)

List of Mauzas Declared Electrified up to date Rampurhat P. S. district Birbhum

Serial No.	Name			Jurisdiction List No.
1.	Nischintapur	...	...	81
2.	Batail	...	...	104
3.	Bagatoi	...	...	109

Serial No.	Name		Jurisdiction List No.
4.	Margrain	... ...	138
5.	Bosoa	... ...	137
6.	Bishnupur	... ...	200
7,	Binodpur	... ...	149
8.	Dalatelpati	... ...	111
9.	Bonogoam	... ...	112
10.	Bundipur	... ...	30
11.	Ramrampur	... ...	79
12.	Kanakpur	... ...	94
13.	Sadinpur	... ...	95
14.	Kabilpur	... ...	100
15.	Narayanpur	... ...	3
16.	Balia Mirtunjoypur	... ...	4
17.	Baidhra	... ...	9
18.	Chakpara	... ...	54
19.	Malsa	... ...	53
20.	Faridpur	... ...	52
21.	Palsa	... ...	55
22.	Laxibati	... ...	92
23.	Kharun	... ...	57
24.	Barsal	... ...	72
25.	Sakirpur	... ...	68
26.	Madhyagopalpur	... ...	69
27.	Kauro	... ...	66
28.	Balia	... ...	67
29.	Satgharia	... ...	65
30.	Dekusia	... ...	116
31.	Udaypur	... ...	64
32.	Magura	... ...	76
33,	Atla	... ...	58
34.	Naisragram	... ...	6
35.	Kanaipur	... ...	8
36.	Asquijulia	... ...	7
37.	Sri Krishnapur	... ...	185
38.	Karkasia	... ...	60
39.	Chandipur	... ...	62
40.	Tarapur	... ...	123
41.	Purbagopalpur	... ...	188
42.	Balsa	... ...	187
43.	Motain	... ...	189

Serial No.	Name			Jurisdiction List No.
44.	Madhupur	...	...	190
45.	Komra	...	...	192
46.	Durgapur	...	...	198
47.	Harirampur	...	...	193
48.	Kayamba	...	...	194
49.	Durigram	...	...	186
50.	Chandpara	...	...	184
51.	Chandpur	...	...	20
52.	Chhora	...	...	5
53.	Singa	...	...	12
54.	Shibdaspur	...	...	13
55.	Balarampur	...	...	14
56.	Chituri	...	...	24
57.	Kalikapur	...	...	82
58.	Jendur	...	...	74
59.	Hazratpur	...	...	93
60.	Parihaspur	...	...	161
61.	Uttarshibpur	...	...	160
62.	Kaluha	...	...	158
63.	Jagadispur	...	...	157
64.	Tapan	...	...	163
65.	Rameswarpur	...	...	164
66.	Malihapur	...	...	165
67.	Malpara	...	...	178
68.	Marabashahar	...	...	156
69.	Kurnia	...	...	154
70.	Ambha	...	...	155
71.	Uttarnarayanpur	...	...	142
72.	Bholadanga	...	...	151
73.	Goytha	...	...	167
74.	Barta	...	...	168
75.	Pobaipur	...	...	175
76.	Chakbati	...	...	169
77.	Belun	...	...	170
78.	Chotokanaipur	...	...	171
79.	Purbaanantapur	...	...	172
80.	Joghra	...	...	176
81.	Hatpura	...	...	166
82.	Bajebujung	...	...	183
83.	Barakartic Chungri	...	...	182

Serial No.	Name			Jurisdiction List No.
84.	Saspur	...	...	126
85.	Santoshpur	...	...	177
86.	Joykrishnapur	...	...	106
87.	Badha	...	...	105
88.	Mahendrapur	...	...	147
89.	Chotokutubpur	...	...	145
90.	Sriharibati	...	...	146
91.	Aldhara	...	...	102
92.	Mullickpur	...	...	99
93.	Chhitaspur	...	...	101
94.	Rajkhanda	...	...	56
95.	Mondala	...	...	16
96.	Chaknipur	...	...	15
97.	Ekdala	...	...	159
98.	Hasan	...	...	181
99.	Bamdebpur	...	...	143
100.	Chotokartickpur	...	...	179
101.	Parkuta	...	...	139
102.	Debipur	...	...	18
103.	Chandpara	...	...	184
104.	Bolgora	...	...	180
105.	Goasper	...	...	140
106.	Kumseka	...	...	70
107.	Chandramenta	...	...	113
108.	Borochowki	...	...	173
109.	Karkaţia	...	...	16
110.	Motha	...	...	189
111.	Sri Krishnapur Pakra	...	...	75
112.	Kamdevpur	...	...	61
113.	Harioka	...	...	73
114.	Ayas	...	...	89
115.	Basuipara	...	...	90
116.	Rangipur	...	...	96
117.	Debagram	...	...	91
118.	Kusumba	...	...	85
119.	Uttarpalsa	...	...	10
120.	Saipur	...	...	88
121.	Panisail	...	...	97
122.	Paschimanantapur	...	...	11
123.	Parakundi	...	...	87

Serial No.	Name			Jurisdiction List No.
124.	Kadasin	...	...	86
125.	Rameswarpur	...	...	165
126.	Pabaipur	...	...	175
127.	Chakbati	...	...	169

টুরিষ্ট লজ

২৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩।) শ্রীঅমলেন্দ্র রায়: পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) ১৯৬৪ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত সময়ে সমগ্র পশ্চিমবঙ্গে কয়টি ট্যুরিষ্ট লজ তৈরী হয়েছে?

(খ) উক্ত লজগুলি কোথায় অবস্থিত?

(গ) উক্ত লজগুলির প্রত্যেকটিতে বেড সংখ্যা কত?

পর্যটন বিভাগে মন্ত্রী মহাশয়:

(ক) উক্ত সময়ে মোট ৩১টি (একত্রিশ) ট্যুরিষ্ট লজ তৈরী হয়েছে।

(খ) উক্ত লজগুলির অবস্থান সংলগ্ন তালিকায় দেওয়া হল।

(গ) উক্ত লজগুলির শয্যা সংখ্যা ঐ সংলগ্ন তালিকায় দেওয়া হল।

Statement referred to in reply to Clauses 'Kha' and 'ga' of question No. 269 (Admitted question No. 133 .

ক্রমিক নং	পর্যটকাবাসের নাম		তালিকা স্থাপনের বছর	যে জেলায় অবস্থিত তাহার নাম	শয্যা সংখ্যা
১	ব্যারাকপুর টুরিষ্ট কটেজ	...	১৯৮২	২৪ পরগনা	১৬
২	কাঁকরাঝোড় টুরিষ্ট হষ্টেল	...	১৯৮২	মেদিনীপুর	১২
৩	মিরিক টুরিষ্ট হষ্টেল	...	১৯৮২	মিরিক, দার্জিলিং	৬০
৪	গাদিয়াড়া টুরিষ্ট লজ	...	১৯৮৩	হাওড়া	১২
৫	মিরিক টুরিষ্ট কটেজ	...	১৯৮৩	মিরিক, দার্জিলিং	২৪
৬	অযোধ্যাহিল টুরিষ্ট হষ্টেল	...	১৯৮৩	পুরুলিয়া	৫০
৭	মুকুটমণিপুর টুরিষ্ট সেণ্টার	...	১৯৮৩	বাঁকুড়া	৮

ক্রমিক নং	পর্যটকাবাসের নাম	স্থাপনের বছর	যে জেলায় অবস্থিত তাহার নাম	শয্যা সংখ্যা
৮	দার্জিলিং ইউথ হষ্টেল	... ১৯৬৬	দার্জিলিং	৪৬
৯	ডায়মণ্ডহারবার টুরিষ্ট সেণ্টার	... ১৯৬৭	২৪ পরগনা	৫০
১০	বকখালি টুরিষ্ট লজ	.. ১৯৭২	২৪ পরগনা	৪৮
১১	দীঘা টুরিষ্ট লজ	... ১৯৬৮	মেদিনীপুর	৪৬
১২	ঝাড়গ্রাম প্যালেস টুরিষ্ট লজ	... ১৯৮২	মেদিনীপুর	৩১
১৩	বিষ্ণুপুর টুরিষ্ট লজ	... ১৯৭০	বাঁকুড়া	২৮
১৪	শান্তিনিকেতন টুরিষ্ট লজ	... ১৯৬৫	বীরভূম	৯৭
১৫	বক্রেশ্বর টুরিষ্ট লজ	... ১৯৭৬	বীরভূম	৪২
১৬	দুর্গাপুর টুরিষ্ট লজ	... ১৯৬৪	বর্ধমান	২৪
১৭	বহরমপুর টুরিষ্ট লজ	... ১৯৬৯	মুর্শিদাবাদ	২৬
১৮	মালদা টুরিজ লজ	... ১৯৬৮	মালদা	২৬
১৯	রায়গঞ্জ টুরিষ্ট লজ	... ১৯৮২	পশ্চিম দিনাজপুর	১৬
১০	মালবাজার টুরিষ্ট লজ	... ১৯৮০	জলপাইগুড়ি	৮
২১	মাদারীহাট টুরিষ্ট লজ	... ১৯৭৭	জলপাইগুড়ি	১৬
২২	দার্জিলিং টুরিষ্ট লজ	... ১৯৬৬	দার্জিলিং	৬৪
২৩	মেপলস টুরিষ্ট লজ	... ১৯৭৩	দার্জিলিং	২৩
২৪	শৈলাবাস টুরিষ্ট লজ	... ১৯৬৬	দার্জিলিং	৫৩
২৫	টাইগারহিল টুরিষ্ট লজ	... ১৯৭১	দার্জিলিং	২০
২৬	কার্শিয়াং টুরিষ্ট লজ	... ১৯৮১	দার্জিলিং	৮
২৭	শিলিগুড়ি টুরিষ্ট লজ	... ১৯৭৭	দার্জিলিং	২১
২৮	কালিম্পং টুরিষ্ট লজ	... ১৯৬৬	দার্জিলিং	১৫
২৯	সংগ্রীলা টুরিষ্ট লজ	... ১৯৬৮	দার্জিলিং	২৩
৩০	হিলটপ টুরিষ্ট লজ	... ১৯৮২	দার্জিলিং	২০
৩১	লুইস জুবিলি স্যানিটরিয়াম (ব্যবস্থাপনা অধিগ্রহণ)	... ১৯৭৫	দার্জিলিং	২০৩

থানা ঘেরাও

২৭০। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৮৩ পর্যন্ত সময়ে থানা ঘেরাও-এর কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হলে এইরূপ ঘটনার সংখ্যা কত ?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) এসেছে।

(খ) একটি পুলিস ফাঁড়ি ঘেরাও-এর ঘটনা সহ মোট পাঁচটি।

Growth rate of industrial output

271. (Admitted question No. 301) **Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has information regarding the growth rate of industrial output in West Bengal during the period between 1978 to 1983 as compared to the growth rate of industrial output in Maharashtra, Tamil Nadu, Gujarat, Karnataka and Andhra Pradesh during the same period ; and

(b) if so, what was the position in the matter?

Minister-in-charge of the Commerce and Industries Department : (a) and (b) Yes, the figure for total industrial output for the years 1978-79 and 1979-80 are available. The State-wise position is as follows :

State	1978-79 Output (Rs. in crores)	1979-80 Output (Rs. in crores)	Growth rate %
West Bengal	4,340	5,126	11.2
Maharashtra	10,598	10,916	3.0
Tamil Nadu	4,694	5,590	19.1
Gujarat	4,842	5,837	2.5
Karnataka	2,055	2,051	—various
Andhra Pradesh	2,345	2,702	17.8

The figures from 1980-81 onward are not presently available.

Industrial growth in some districts

272. (Admitted question No. 436.) **Shri Habibur Rahaman and Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has taken steps for industrial growth of Murshidabad, Malda, Darjeeling, Cooch Behar, West Dinajpur, Jalpaiguri districts ; and

(b) if so,—

(i) what steps have been taken and with what result, and

(ii) what was the share of industrial investments in these districts to the total industrial investments in West Bengal during the period between 1977-78 and 1982-83?

Minister-in-charge of the Commerce and Industries Department : (a) Yes.

(b) (i) At Debgram near Siliguri (Jalpaiguri) 94 acres of land have already ɪeen taken over by the West Bengal Industrial Infrastructure Development :orporation for setting up a new growth centre. Work relating to construction ɪf roads, drainage have already been taken up there. Proposals have been ɪitiated for acquisition of about 145 acres of land in Cooch Behar and 25 acres in Farakka in Murshidabad. Efforts are also being made to find out uitable plots at Malda, Jalpaiguri, West Dinajpur and Darjeeling. While ll these districts have been classified as backward areas, Jalpaiguri, Malda, ooch Behar and Darjeeling have been declared as No-Industry District—its ɔr special treatment for industrialisation. A Task Force has been set up for ach of the "No-Industry Districts" for developing growth centres ɔr industries. Both the State Government and the Central Government have ffered attractive incentives for industries to be set up in these districts. roject reports for possible industries in these districts have also been repared.

(ii) The total industrial investment in West Bengal during the period from 977-78 to 1982-83 was Rs. 170.97 crores. The investments in these districts ɾere as follows :

(1) Darjeeling—Rs. 37.36 lakhs.
(2) West Dinajpur—Rs. 33.02 lakhs.
(3) Jalpaiguri—Rs. 38.75 lakhs.
(4) Murshidabad—Nil.
(5) Malda—Nil.
(6) Cooch Behar—Nil.

Police firing in Bulbulchandi village of Malda

273. (Admitted question No. 552.) **Shri Phani Bhusan Roy :** Will the linister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether it is a fact that some persons were killed or injured as a result

of police firing in Bulbulchandi village of Malda in the month of February 1984 ; and

(b) if so,—

(i) the number of persons killed or injured as a result of such firing,

(ii) the reasons why police had started firing, and

(iii) the steps taken and / or contemplated by the State Government in the matter ?

Minister-in-charge of the Home (Police) Department : (a) Yes.

(b) (i) Killed—4, injured—5.

(ii) A frenzied mob attacked policemen causing injuries to 15 and tried to set fire to Government vehicles.

(iii) An executive enquiry has been ordered.

মেদিনীপুর জেলার বিদ্যালয়গুলির মেরামতির জন্য অর্থ বরাদ্দ

২৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৮।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালে মেদিনীপুর জেলার কোন্ কোন্ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে গৃহনির্মাণ ও মেরামতের জন্য আর্থিক বরাদ্দ দেওয়া হইয়াছে ; এবং

(খ) উক্ত আর্থিক বরাদ্দের পরিমাণ কত (তালিকা সহ) ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রি মহাশয় : (ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে মাধ্যমিক বিদ্যালয় গৃহনির্মাণ বা মেরামতের জন্য কোন অর্থ মঞ্জুর করা হয় নাই। তবে ঐ আর্থিক বৎসরেই মেদিনীপুর জেলার মোট নয়টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে গৃহনির্মাণ বাবদ অর্থ মঞ্জুর করা হয়।

বিদ্যালয়গুলির নামের তালিকা ও আর্থিক বরাদ্দের পরিমাণের হিসাব লাইব্রেরী টেবিলে রাখা হইল।

১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে নতুন গৃহনির্মাণ বাবদ মোট দুই কোটি টাকা ও পুরাতন গৃহ মেরামতের জন্য চল্লিশ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত বরাদ্দ হইতে মেদিনীপুর জেলার ৩৩টি মাধ্যমিক ও জুনিয়ার হাই স্কুলকে মোট ২০ লক্ষ ৪০ হাজার টাকা গৃহনির্মাণের জন্য মঞ্জুর করা হয় এবং মেরামতের জন্য ৪৪টি মাধ্যমিক ও জুনিয়র হাইস্কুলকে মোট ৩ লক্ষ ৪৫ হাজার টাকা মঞ্জুর করা হয়।

(খ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

জাতীয় সড়ক পার্শ্বে বৃক্ষরোপণ

২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৩।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে অবস্থিত জাতীয় সড়কসমূহের উভয় পার্শ্বে বৃক্ষরোপণ তথা "সামাজিক বনসৃজন" বাবদ বিগত তিনটি আর্থিক বৎসরে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কোনও অর্থ দিয়াছেন কিনা;

(খ) দিয়া থাকিলে উক্ত দেয় অর্থের পরিমাণ কত; এবং

(গ) এ পর্যন্ত ৩৪ নং জাতীয় সড়ক-এর উভয় পার্শ্বে কোন্ জেলায় কত কিলোমিটার ঐরূপ বৃক্ষরোপণ/বনসৃজন-এর কাজ শেষ হয়েছে?

বন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) ৩৪নং জাতীয় সড়কের উভয় পার্শ্বে সামাজিক বনসৃজন প্রকল্পে বৃক্ষরোপণ/বনসৃজনের হিসাব নিম্নরূপ:

জেলার নাম	সড়কের উভয় পার্শ্বে বৃক্ষরোপণের এলাকার পরিমাণ কিমি
নদীয়া	৪৫.৮
মুর্শিদাবাদ	৪৩.৭
পশ্চিম দিনাজপুর	৩৯.২
মালদা	৪৩.৩
মোট	১৭২

Strength of Posts in Labour Department

276. (Admitted Question No. 967.) **Shri Jokhilal Mondal:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) Strength of the West Bengal Higher Labour Service, West Bengal Labour Service, West Bengal Subordinate Labour Service, West Bengal National Employment Service and other Services under Labour Department as on 30th June, 1977 and 31st December, 1983.

(b) The number of Scheduled Castes, Scheduled Tribes and Muslims in (a) above.

Minister-in-charge of the Labour Department :

As on June, 1977

(i)	W.B.H.L.S.	...	...	...	12
(ii)	W.B.L.S.	...	...	...	119
(iii)	W.B.S.L.S.	...	...	...	135
(iv)	W.B.N.E.S.	...	...	...	130
(v)	Other Services	...	...	...	2,284

As on 31-12-83

(i)	W.B.H.L.S.	...	...	...	13
(ii)	W.B.L.S.	...	...	...	120
(iii)	W.B.S.L.S.	...	...	...	135
(iv)	W.B.N.E.S.	...	...	...	164
(v)	Other Services	...	...	...	2,623

As on June, 1977

			S.C.	S.T.	Muslims
(i)	W.B.H.L.S.	...	Nil	Nil	Nil
(ii)	W.B.L.S.	...	9	3	3
(iii)	W.B.S.L.S	...	6	1	5
(iv)	W.B.N.E.S.	...	6	1	1
(v)	Other Services	...	24	12	27

As on 31-12-83

			SC	ST	Muslims
(i)	W.B.H.L.S.	...	1	Nil	Nil
(ii)	W.B.L.S.	...	13	3	3
(iii)	W.B.S.L.S.	...	2	Nil	4
(iv)	W.B.N.E.S.	...	6	1	3
(v)	Other Services	...	152	13	31

Actual Plan expenditure and total expenditure on Revenue and Capital account

277. (Admitted Question No. 1002.) **Shri Deoki Nandan Poddar :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) What was the actual plan expenditure as percentage to the approved Plan outlay and total expenditure on Revenue and Capital account in West Bengal during—

(i) 1980-81
(ii) 1981-82
(iii) 1982-83
(iv) 1977-78
(v) 1978-79 ; and
(vi) 1979-80 ?

Minister-in-charge of the Finance Department :

(a) The actual Plan expenditure as percentage to the approved Plan outlay

and total expenditure during the years indicated in the question are as follows :—

Year		Actual Plan Expenditure as percentage to approved Plan outlay (Including expenditure incurred by WBSEB, CMDA etc.)	Actual Plan Expenditure as percentage to total Revenue and Capital Expenditure (on Government account)
(i) 1980-81	...	73.09%	29.53%
(ii) 1981-82	...	71.21%	26.70%
(iii) 1982-83	...	92.39%	21.03%
(iv) 1977-78	...	89-61%	29.21%
(v) 1978-79 and	...	83-16%	25.99%
(vi) 1979-80	...	73-14%	28.56%

Statem:nt referred to in reply to clause (a) of question No. 277 (Admitted question No. 1002)

(Rs. in Crores.)

Year	Actual Plan Expenditure (including Expenditure incurred by WBSEB, CMDA etc.)	Approved Plan outlay	Direct Govt. Expenditure under State Budget	Total Govt. Expenditure on revenue end Capital Account	Percentage of actual Plan Expenditure (2) to approved plan outlay (3)	Actul Plan Expenditure (4) as percentage of total Expenditure on Revenue and Capital Account (5)
1	2	3	4	5	6	7
(i) 1980-81	420.35%	575.10	360.88	1221.91	73 09%	29.53%
(ii) 1981-82	454.33	638.00	383.13	1435 06	71.21%	26.70%
(iii) 1982-83	452.72*	490.00	366.24*	1741.35	92.39%	21.03%
(iv) 1977-78	278.62	310.92	227.41	778.59	89.61%	29.21%
(v) 1978-79	308.87**	371.40	254.88**	980.76	83.16%	25.99%
(vi) 1979-80	350.91	479.80	302 08	1057.71	73.14%	28.56%

* Excluding expenditure of Rs 48.41 crores on account of drought relief.

** Excluding expenditure of Rs. 100.60 crores on account of relief and rehabilitation necessitated by Natural Calamities (Flood, 1978).

Actual Expenditure for Education (Sports)

278. (Admitted question No. 1011.) **Dr. Ambika Banerjee :** Will the Minister-in-charge of the Education (Sports) Department be pleased to refer to the estimated provisions in the Budget Estimates for 1980-81, 1981-82 and 1982-83 in respect of Sixth Five-Year Plan Schemes under the Heads of Account 277/477 Education (Sports) and to state—

(a) the actual exdenditure as percentage to the estimated provisions in the Budget for 1980-81, 1981-82 and 1982-83 ;

(b) (i) it is a fact that a portion of the funds provided in the Budget Estimates for Games and Sports could not be utilised during the periods mentioned above ;

(ii) if so, the reasons there for ?

Minister-in-charge of the Education (Sports) Department :

(a) A statement is furnished below :

Financial Year	Budget Estimates	Actuals	Actual expenditure as percentage to the Estimated Provision
	Rs.	Rs.	
1980-81	1,48,00,000	1,04,00,000	70 27%
1981-82	3,25,00,000	3,08,00,000	94.77%
1982-83	1,25,00,000	97,00,000	77.6 %

(b) (i) Yes.

(ii) The amounts could not be fully utilised due to delay in finalising a few schemes in the relevant financial years.

Recommendations of the Second Pay Commission on the use of Government Pool Vehicles

279. (Admitted question No. 1104) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to refer to the report of the Second Pay Commission (H. B. Bhar Commission) and to state—

(a) what are the recommendations of the Second Pay Commission on the use of Government Pool Vehicles ;

(b) the steps, if any, taken by the State Government to implement these recommendations ; and

(c) what is the present position in the matter ?

Minister-in-charge of the Finance Department : (a) The Pay Commission has generally recommended the adoption of Central Government Staff Car Rules with certain modifications. A copy of the relevant recommendations of the Pay Commission is placed on the Library Table.

(b) The recommendations are still under examination of the Government.

(c) Does not arise.

Appointments to Fisheries Department

280. (Admitted question No. 1302.) **Shri Lutful Haque :** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) the number of persons appointed to Groups A, B, C and D posts under the Department and Directorate of Fisheries during the period between July, 1977 and December, 1983 ;

(b) the number of them belonging to (i) Scheduled Castes, (ii) Scheduled Tribes and (iii) Muslim Community ; and

(c) the post-wise break-up of (a) and (b) above ?

Minister-incharges of the Fisheries Department : (a) Details of appointments (including direct and promotion) are given below :—

Group-A	Group-B	Group-C	Groud-D
Dept./Dte.	Dept./Dte.	Dept./Dte.	Dept./Dte.
6—90	13—249	27—115	8—62

(b)

	Scheduled Castes		Scheduled Tribes		Muslim Community	
	Dept./	Dte.	Dept./	Dte.	Dept./	Dte.
Group-A	Nil	10	Nil	Nil	Nil	Nil
Group-B	2	57	Nil	2	Nil	8
Group-C	3	9	Nil	3	1	2
Group-D	1	13	Nil	3	Nil	Nil

(c) Necessary details are shown below :

Statement referred to in reply to clause 'C' of question No. 280 (Admitted question No. 1302)

Name of the post	No. of persons appointed	No. of Scheduled Castes	No. of Scheduled Tribes	No. of Muslims
I. Department of Fisheries—				
Group—A				
Registrar	1	...	...	...
Officer on Special Duty ...	1	...	...	...
Section Office	4	...	...	...
Total ...	6	...	...	...

Name of of the post	No. of persous appointed	No. of Scheduled Castes	No. of Scheduleu Tribes	No. of Muslims
Group—B				
Head Assistant	4	...	...	...
U.D. Assistant	8	2	...	...
Grade I Typist	1	...	...	...
Total ...	13	2	...	...
Group—C				
L. D. Assistant	19	2	...	...
Typist	6	1	...	...
Typist-Clerk	2	...	...	1
Total ...	27	3	...	1
Group—D				
Jamadar	1	—	—	...
Peon	7	1	...	...
Total ...	8	1	...	...
II. Directorate of Fisheries—				
Group—A				
Jt. Director of Fisheries ...	1	—	—	...
Dy. Director of Fisheries ...	12	2	—	...
Assistant Director of Fisheries	13	1	...	...
P. A. to Director ...	1	—	...	...
Administrative Officer ...	2	—	...	...
West Bengal Junior Fisheries Service Gr. I	58	7	...	...
Assistant Engineer	3	...	...	...
Total ...	90	10	...	...
Group—B				
West Bengal Junior Fisheries Service, Grade II	186	47	2	8
Head Clerk (Head Office & Regional)	8	1	...	...
U. D. Clerk	42	8	...	...
Stenographer... ...	5	1	...	...
Sub-Assistant Engineer ...	8	...	...	...
Total ...	249	57	2	8

Name of the post	No. of persons appointed	No. of Scheduled Casts	No. of Scheduled Tribes	No. of Muslims
Group—C				
Typist-Clerk	82	7	3	2
Typist	5	...	...	...
L. D. Clerk	16	...	...	...
Driver	12	2	...	..
Total ...	115	9	3	2
Group—D				
Fisherman Attendant ...	45	13	3	...
Fisherman-cum-Laskar ...	2	...	...	...
Office Peon	4	...	...	...
Durwan	1	...	...	...
Orderly Peon	9	...	...	...
Class IV Staff	1	...	...	...
Total ...	62	13	3	...

কয়েদীদের সংখ্যা ইত্যাদি

২৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৪।) **শ্রীমনোহর তিরকী ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৯-২-৮৪ তারিখে পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলে অবস্থানরত কয়েদীর সংখ্যা কত;

(খ) কয়েদীদের জন্য মাথাপিছু প্রতিদিন কত টাকা ব্যয় করা হয়; এবং

(গ) কয়েদীদের খাদ্য, চিকিৎসা, শিক্ষাদান ও অন্যান্য ব্যবস্থার উন্নতির জন্য সরকারে কি পরিকল্পনা আছে?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) মোট ৯,৪৫৪ জন।

(খ) মাথাপিছু দৈনিক ১২.৯৯ টাকা ব্যয় করা হয়।

(গ) সরকার নিযুক্ত কারাবিধি সংস্কার কমিটি বিভিন্ন বিষয়ে সুপারিশ করেছেন। বর্তমানে ঐ সুপারিশসমূহ সরকারের বিবেচনাধীন আছে। সুপারিশ-

গুলি গ্রহণ করা হলে কয়েদীদের খাদ্য, চিকিৎসা, শিক্ষাদান ও অন্যান্য ব্যবস্থা আরও উন্নতি হবে।

জুনিয়র হাই ও হাই স্কুল স্থাপন

২৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫১।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ১৯৮৩-৮৪ সালে কোন্ কোন্ জেলায় এবং কোথায় কোথায় জুনিয়ার হাই ও হাই স্কুল স্থাপিত হয়েছে ; এবং

(খ) ঐ সকল স্কুলে কতজন শিক্ষক নিযুক্ত হয়েছেন ?

শিক্ষা মাধ্যমিক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ঃ (ক) রাজ্য সরকারের অর্থানুকূল্যে ১. ১. ৮৪ হতে ৫০০টি জুনিয়ার হাই স্কুল, জুনিয়ার হাই মাদ্রাসা এবং ৩০০টি হাই স্কুল, হাই মাদ্রাসার অনুমোদন, উন্নীতকরণ করা হচ্ছে। জেলাওয়ারী হিসাবের একটি তালিকা নিম্নে দেওয়া হল।

(খ) উক্ত বিদ্যালয়গুলিকে অনুমোদন উন্নীতকরণ করা হলে মোট ২৪০০ জন শিক্ষক নিযুক্ত হবেন।

Statement referred to in reply to clause Ka of Question No. 282 (Admitted question No. 1451)

১. ১. ৮৪ হতে অনুমোদিত বিদ্যালয়ের জিলাওয়ারী হিসাব

	জিলা	জুনিয়র হাই স্কুল	হাই স্কুল
১।	দার্জিলিং	২০টি	১২টি
২।	পুরুলিয়া	২৪টি	১২টি
৩।	বাঁকুড়া	১৬টি	১০টি
৪।	বীরভূম	২৪টি	১২টি
৫।	কলিকাতা	১৬টি	১২টি
৬।	কোচবিহার	২৪টি	১২টি
৭।	হুগলী	২৪টি	১৪টি
৮।	হাওড়া	২৪টি	১৪টি
৯।	জলপাইগুড়ি	২৪টি	১৪টি
১০।	মালদা	২৪টি	১২টি

	জিলা			জুনিয়র হাই স্কুল	হাই স্কুল
১১।	মেদিনীপুর	...	...	৩০টি	১৮টি
১২।	মুর্শিদাবাদ	...	...	২৪টি	১৪টি
১৩।	নদীয়া	...	...	২৪টি	১২টি
১৪।	২৪-পরগনা	...	...	৩৮টি	২০টি
১৫।	পশ্চিম দিনাজপুর	...	...	২৪টি	১২টি
১৬।	বর্ধমান	...	...	৩০টি	২০টি

ইহা ছাড়া

(১) রাজ্যের সংখ্যালঘু সম্প্রদায় দ্বারা চালিত সরকারী স্পনসর্ড বিদ্যালয়, সংখ্যা :—

	জুনিয়র হাই স্কুল	হাই স্কুল
	১০০টি	৫০টি
(২) রাজ্যের মাদ্রাসার জন্য :	জুনিয়র হাই স্কুল	হাই স্কুল
	১০টি	৩০টি

নেহরু গোল্ড কাপ খেলায় কমপ্লিমেণ্টারী কার্ড

২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৫ ।) **শ্রীজয়ন্ত বিশ্বাস :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) 'নেহরু গোল্ড কাপ'-এ রাজ্য সরকারের এক্তিয়ারে কতগুলি 'কমপ্লিমেণ্টারী কার্ড' বণ্টনের জন্য ছিল ;

(খ) ঐ কার্ড কিভাবে এবং কিসের ভিত্তিতে বণ্টন করা হয়েছিল ; এবং

(গ) মন্ত্রীরা কটি করে ঐ কার্ড পেয়েছিলেন ?

শিক্ষা (ক্রীড়া বিভাগের মন্ত্রী মহাশয় : ৪৩৯টি সিজন কার্ড ইডেন গার্ডেন্স-এর খেলাগুলির জন্য এবং ১৩৪টি কার্ড (তিনদিনের) সল্ট লেক স্টেডিয়ামের খেলাগুলির জন্য রাজ্য সরকার বণ্টন করেছিলেন।

(খ) লোকসভার সদস্য, বিধানসভার সদস্য (বিধানসভার সচিবালয় মারফৎ), মন্ত্রী এবং উচ্চপদস্থ সরকারী কর্মচারীদের এই কার্ড দেওয়া হয়েছিল।

(গ) প্রতি মাঠের খেলার জন্য একটি করে।

কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের প্রফেশন্যাল ট্যাক্স

২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬০।) **শ্রীশুভেন্দু মণ্ডলঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে অবস্থিত কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরসমূহে কর্মরত কর্মচারীদের নিকট হইতে রাজ্য সরকার কর্তৃক প্রবর্তিত প্রফেশন্যাল ট্যাক্স কোন্ রেটে আদায় হয়;

(খ) নতুন রেট চালু না হইয়া থাকিলে, তার কারণ কি, এবং

(গ) এ পর্যন্ত পশ্চিমবঙ্গে অবস্থিত কেন্দ্রীয় সরকারের দপ্তরসমূহের কর্মচারীদের নিকট হইতে প্রফেশন্যাল ট্যাক্স বাবদ কত টাকা আদায় হইয়াছে?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৭৮-৭৯ সালের বাজেটে এই রাজ্যে বৃত্তি কর প্রথম চালু করা হয়; ১৯৮৩ সালের পয়লা এপ্রিল থেকে করের হার পুনর্বিন্যাস হয়। বৃত্তিকরের পুরোনো ও নতুন হারের বিবরণ নিচে দেওয়া হলো:

মাসিক মাহিনা বা মজুরীর পরিমাণ	পুরাতন হার	নতুন হার
(১) ১০০১ টাকা বা তার বেশি কিন্তু ১২৫১ টাকার কম	মাসিক ৬ টাঃ	মাসিক ৭ টাঃ
(২) ১২৫১ টাকা বা তার বেশি কিন্তু ১৫০১ টাকার কম	মাসিক ১০ টাঃ	মাসিক ১২ টাঃ
(৩) ১৫০১ টাকা বা তার বেশি কিন্তু ২০০১ টাকার কম	মাসিক ১৫ টাঃ	মাসিক ১৮ টাঃ

(খ) নতুন হার সর্বত্র চালু করার ব্যবস্থা করা হয়েছে।

(গ) পশ্চিমবঙ্গে অবস্থিত কেন্দ্রীয় সরকারের দপ্তরসমূহের কর্মচারীদের কাছ থেকে গত পাঁচ বৎসরে আদায়ীকৃত বৃত্তিকরের পরিমাণ নিম্নরূপ:

বছর			টাকা
১৯৭৯-৮০	...	...	৪৪,৬৩,৭৯৪
১৯৮০-৮১	...	...	৮৪,৮১,৮৯৭
১৯৮১-৮২	...	...	১,১০,১৪,০৭১
১৯৮২-৮৩	...	...	১,৩৮,০৫,৮৫২
১৯৮৩-৮৪	...	...	১,৭৮,২৭,১৬২

(ফেব্রুয়ারী, ১৯৮৪ পর্যন্ত)

ডিফেন্স (এম ই এস) দপ্তরের কর্মচারীদের প্রফেশন্যাল ট্যাক্স

২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬১।) **শ্রীশুভেন্দু মণ্ডল:** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) ভারত সরকারের মিনিষ্ট্রি অফ ডিফেন্স দপ্তরের এম ই এস বিভাগের কলিকাতা অফিসের কর্মচারীদের নিকট হইতে ১৯৮৩ সালে প্রফেশনাল ট্যাক্স বাবত কত টাকা রাজ্য সরকার পাইয়াছেন, ও

(২) উহা পুরাতন না নূতন রেটে পাইয়াছেন; এবং

(খ) হিসাব মত অর্থ রাজ্য সরকার পাইয়াছেন কিনা?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) (১) ১৯৮৩-৮৪ সালে সামরিক ইঞ্জিনিয়ারিং সার্ভিস (এম ই এস) বিভাগের কলিকাতা অফিসের অসামরিক কর্মচারীদের কাছ থেকে এখন পর্যন্ত মোট ২২,২৯৯ টাকা বৃত্তিকর আদায় হয়েছে।

(২) অধিকাংশ ক্ষেত্রেই এই কর নূতন হারে আদায় করা হয়েছে। কলকাতায় অবস্থিত এম ই এস-এর তিনটি দপ্তর নূতন হারে কর দেয় নি।

(খ) না। অজ্ঞতা বা অমনযোগিতাই অধিকাংশ ক্ষেত্রে নূতন হারে কর প্রদান না করার মূল কারণ বলে মনে হয়।

খেলাপী কর্মচারীদের কাছ থেকে বকেয়া বৃত্তিকর আদায় করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। এছাড়া এ ব্যাপারে জি. ও. সি., ইস্টার্ন কম্যাণ্ডের সঙ্গেও যোগাযোগ করা হয়েছে।

মুর্শিদাবাদ জেলায় মৎস্য চাষ বাবদ অর্থ মঞ্জুর

২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭০।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী:** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ সালে মুর্শিদাবাদ জেলায় মৎস্যচাষের জন্য পুকুর খনন বাবদ কত টাকা মঞ্জুর করা হইয়াছে (ব্লকওয়ারী হিসাব);

(খ) উক্ত অর্থে কোন্ ব্লকে কয়টি পুকুর খনন করা হইয়াছে; এবং

(গ) উক্ত মঞ্জুরীকৃত অর্থের কত পরিমাণ খরচ হইয়াছে?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) এবং (খ) প্রশ্নের উত্তর সম্বলিত একটি

তালিকা নিম্নে প্রদত্ত হইল। ১৯৮১-৮২ সালে কোন অর্থ মঞ্জুরীকৃত করা হয় নাই :

ব্লকের নাম	সাল ১৯৮২-৮৩		সাল ১৯৮৩-৮৪	
	মঞ্জুরীকৃত অর্থ	খননকৃত পুকুরের সংখ্যা	মঞ্জুরীকৃত অর্থ	খননকৃত পুকুরের সংখ্যা
মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ	২৮,৩৬০'০০	৪	৫,০০০'০০	১
লালগোলা ...	১২,৩৮৬'১৬	৩	—	—
বহরমপুর ...	৪৬,৮৬৮'৯৮	৯	১৬,০৫০'০০	৩
হরিহরপাড়া ...	৬,০০০'০০	২	—	—
বেলডাঙ্গা-১ ...	৪০,৮৭৮'০০	৬	৩,২৩০'০০	১
ভগবানগোলা-১ ...	১৩,৯৭১'০০	৩	—	—
নবগ্রাম ...	২৪,৮৭৬'৮৬	৪	১৫,০০০'০০	২
ডোমকল ...	১৩,৯৫৪'০০	২	—	—
বেলডাঙ্গা-২ ...	৮,৪৫৮'০০	২	—	—
রঘুনাথগঞ্জ-১ ...	১৩,৯৯২'০০	২	—	—
জলঙ্গী ...	—	—	৫,০০০'০০	১
বড়ঞা ...	৩৪,৩৭২'০০	৫	—	—
খড়গ্রাম ...	১০,০৫৭'০০	২	৯,০০০'০০	১
সাগরদিঘী ...	১০,০০০'০০	২	—	—
ভরতপুর-২ ...	৬,০০০'০০	১	—	—
নোয়াদা ...	২২,৪৫৬'০০	৩	১৩,০০০'০০	১
কান্দি ...	৩,০০০'০০	১	—	—
সাগরদিঘী সরকারী ফার্ম	৯,৫৪০'০০	২	৪৬,১৮০'০০	৮
মোট	৩,০৫,১৭০. ০	৫৩	১,১২,৪৬০.০০	১৮

(গ) উক্ত মঞ্জুরীকৃত অর্থের সমুদয় টাকাই খরচ হয়েছে।

হোসিয়ারী শিল্প ইউনিট

২৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮০।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্ক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতগুলি হোসিয়ারী শিল্প ইউনিট আছে (জেলাওয়ারী হিসাব);

(খ) উক্ত কতগুলি ইউনিট ফ্যাক্টরী আইনের আওতায় পড়ে না;

(গ) উহাদের নাম কি ও কোথায় অবস্থিত; এবং

(ঘ) মুর্শিদাবাদ জেলায় কোন্ কোন্ ব্লকে কোথায় হোসিয়ারী শিল্প ইউনিট আছে?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক). জেলাওয়ারী হোসিয়ারী শিল্প ইউনিটের হিসাব নিম্নে প্রদত্ত হইল :—

কলিকাতা	...	১,৭০০
হাওড়া	...	৭৭
২৪-পরগনা	...	৬৩
নদীয়া	...	১০
বর্ধমান	...	১
অন্যান্য জেলা	...	৫

(খ) এই তথ্য জানা নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) মুর্শিদাবাদ জেলায় কোন হোসিয়ারী শিল্প ইউনিট নাই।

বিভিন্ন ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠানে রেডিও সেট সরবরাহ

২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৭।) **শ্রীসুভাষ গোস্বামী:** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৭ সালে জুন মাস হইতে ১৯৮৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত সময়ে তথ্য ও সংস্কৃতি বিভাগ থেকে সমগ্র পশ্চিমবঙ্গের বিভিন্ন ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য সংস্থাকে কয়টি রেডিও সেট সরবরাহ করা হইয়াছে; এবং

(খ) সরকারী অর্থ সাহায্যে নির্মিত "কমিউনিটি হলগুলিতে" টেলিভিসন সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১৯৭৭ সালের জুন মাস থেকে ১৯৮৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত বিভিন্ন প্রতিষ্ঠানে ৯৯৫টি রেডিও সেট সরবরাহ করা হয়েছে।

(খ) সরকারী সাহায্যে নির্মিত কমিউনিটি হলে টি ভি সেট সরবরাহের কোন নির্দিষ্ট পরিকল্পনা নেই। তবে আগ্রহী প্রতিষ্ঠানে, আবেদনক্রমে এবং শর্তসাপেক্ষে সরবরাহের ব্যবস্থা চালু আছে।

উদ্বাস্তু পরিবারকে নতুন 'লীজ দলিল' বন্টন

২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২২।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়ে মোট কতজন উদ্বাস্তু পরিবারকে নতুন 'লীজ দলিল' দেওয়া হয়েছে এবং এখনও পর্যন্ত কতজনকে দেওয়া বাকী আছে;

(খ) কতদিনের মধ্যে উক্ত বাকী পরিবারদের ঐ দলিল বন্টন করা যাবে বলে আশা করা যায়; এবং

(গ) ঐ দলিল গ্রহণ করেন নি এমন পরিবারের সংখ্যা কত?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ৩১.১২.৮৩ পর্যন্ত সময়ে ১০,০৩৮টি উদ্বাস্তু পরিবারকে নতুন 'লীজ দলিল' দেওয়া হয়েছে। এখনও ৮৪,৭৯০ জনকে এই দলিল দেওয়া বাকী আছে।

(খ) আনুমানিক ৩ বছর সময়ের মধ্যে এই দলিল বন্টন করা যাবে বলে আশা করা যায়।

(গ) এখনও পর্যন্ত দলিল গ্রহণ করেন নি এমন সংখ্যা সরকারের নজরে নেই।

হাওড়া জেলায় কৃষি পেনশন প্রাপকের সংখ্যা

২৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬২।) **শ্রীনিতাই চরণ আদক:** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কৃষি পেনশন চালু হবার পর থেকে এ পর্যন্ত (২৯.২.৮৪) এই পেনশন হাওড়া জেলায় কতজনকে দেওয়া হয়েছে?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়: কৃষি পেনশন চালু করা হয় ১৯৮০-৮১ সালে। বিভিন্ন বৎসরে হাওড়া জেলায় পেনশন প্রাপক কৃষকের সংখ্যা নীচে দেওয়া হল:

১৯৮০-৮১	...	৭৫২ জন
১৯৮১-৮২	...	৭২৪ জন
১৯৮২-৮৩	...	৭৪০ জন

বর্তমান বৎসর অর্থাৎ ১৯৮৩-৮৪ সাল শেষ হওয়ার কিছুদিন বাদে পেনশন প্রাপক কৃষকের সংখ্যা সঠিকভাবে বলা সম্ভব হবে। তবে অনুমান এবছরও পেনশন প্রাপ্ত কৃষকের সংখ্যা প্রায় একই রকম হবে।

Resources from the agricultural sector

291. (Admitted question No. 1865.) **Shri Somendranath Mitra** and **Shri Humayoun Choudhury**: Will the Minister-in-charge of the Finance Department be p'eased to state—

(a) whether it is a fact that the State Government is contemplating to raise further resources from the agricultural sector; and

(b) if so, the contemplation of the State Government in the matter?

Minister-in-charge of the Finance Department: (a) Yes.

(b) The West Bengal Primary Education Act, 1973 has been amended durlng the current session of the Legislative Assembly providing for levy of education cess on tea estates. The said amendment will come into effect with effect from April 14, 1984.

Per Capita income for Calcutta Calcutta Metropolitan District and West Bengal

292. (Admitted question No. 1866.) **Shri Deoki Nandan Poddar**: Will the Minister-in-charge of the Finance Department be pleased to state at what rate the per capita income for Calcutta, Calcutta Metropolitan District and West Bengal has increased during the period between 1976-77 and 1982-83.

Minister-in-charge of the Finance Department: Data on per capita income for Calcutta and Calcutta Metropolition District for the period in question are not available. Per capita income for the State of West Bengal for 1976-77 and 1982-83 was Rs. 1,194.37 and Rs. 1,767.49 respectively at current prices indicating a rise of 48% between these two years.

নন ফরম্যাল বিদ্যালয়

২৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯০।) **শ্রীশীশ মহম্মদ**: শিক্ষা (সামাজিক, অপ্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে নন-ফরম্যাল বিদ্যালয়ের সংখ্যা এবং এ বিদ্যালয়গুলির মোট ছাত্র সংখ্যা কত;

(খ) নন-ফরম্যাল বিদ্যালয়ের শিক্ষকগণকে মাসিক কত টাকা বেতন দেওয়া হয়ে থাকে ;

(গ) ঐ বিদ্যালয়গুলির পরিদর্শন বা দেখাশুনা করার দায়িত্ব কার উপর রয়েছে ; এবং

(ঘ) নন-ফরম্যাল বিদ্যালয়ের শিক্ষকগণকে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হিসাবে নিয়োগ করার কোন পরিকল্পনা আছে কি ?

শিক্ষা (সামাজিক, অপ্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) বর্তমানে পশ্চিমবঙ্গ নন-ফরম্যাল কেন্দ্রের সংখ্যা ১৬,৭৩৩ এবং মোট ছাত্র সংখ্যা ৪,১৬,০০০ ।

(খ) শিক্ষকগণকে মাসিক ১০৫ টাকা শিক্ষকপিছু অনারারিয়াম দেওয়া হয়ে থাকে ।

(গ) প্রধানতঃ পরিদর্শন ও দেখাশুনার দায়িত্ব জেলা পরিদর্শক (মাধ্যমিক বিদ্যালয়)-এর, তবে পরিদর্শনের দায়িত্ব সহকারী পরিদর্শক (মাধ্যমিক বিদ্যালয়) ও এক্সটেনশন অফিসার, সোস্যাল এডুকেশনের উপরও দেওয়া হয়েছে । এছাড়া জেলাভিত্তিক কমিটিও তত্ত্বাবধান করেন ।

(ঘ) না ।

সরকার অনুমোদিত মাধ্যমিক ও জুনিয়ার হাই স্কুল

২৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯২ ।) **শ্রীশীশ মহম্মদ :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালের আর্থিক বছরে পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয় ও জুনিয়ার হাই স্কুলের সংখ্যা কত ;

(খ) ১৯৮৩-৮৪ সালের আর্থিক বছরে কতগুলি জুনিয়ার হাই স্কুলকে হাই স্কুলে পরিণত করার সরকারী অনুমোদন দেওয়া হয়েছে এবং কতগুলি নতুন জুনিয়ার হাই স্কুল সরকারী অনুমোদন লাভ করেছে ; এবং

(গ) মুর্শিদাবাদ জেলায় কোন্ কোন্ নতুন জুনিয়ার হাই স্কুল বর্তমান বছরে সরকারী অনুমোদন লাভ করেছে ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ৯৬৯০টি ।

(খ) আর্থিক বছর হিসাবে বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয় না । তবে ১.১.৮৪ হতে রাজ্যে ৩০০টি জুনিয়ার হাই স্কুল/জুনিয়ার হাই মাদ্রাকে হাই স্কুল/হাই মাদ্রাসা

রূপে এবং ৫০০টি স্কুলকে জুনিয়ার হাই স্কুল/জুনিয়ার হাই মাদ্রাসা রূপে অনুমোদন বা উন্নীতকরণ করা হচ্ছে।

(গ) মুর্শিদাবাদ জেলার এখন পর্যন্ত যে-সমস্ত জুনিয়ার হাই স্কুল ১.১.৮৪ হতে অনুমোদনের জন্য মধ্যশিক্ষা পর্ষদে সরকার সুপারিশ করেছেন সেই সব স্কুলের নাম সম্বলিত একটি তালিকা নিম্নে প্রদত্ত হলো।

Statement referred to in reply to clause (Ga) of question No. 294 (Admitted question No. 1992)

জুনিয়ার হাই স্কুল

১। নতুনগ্রাম হাই স্কুল, মুর্শিদাবাদ।
২। কান্দি শ্রীবিষ্ণু জুনিয়ার হাই স্কুল, কান্দি।
৩। তলগ্রাম জুনিয়ার হাই স্কুল, ভরতপুর।
৪। কানুপুর নবজাগরণ জুনিয়ার হাই স্কুল, রঘুনাথগঞ্জ।
৫। জামুয়ার জুনিয়ার হাই স্কুল, ভারওয়ার।
৬। ভাবননগর জুনিয়ার হাই স্কুল, সুতি।
৭। হিকমপুর জুনিয়ার হাই স্কুল, বহরমপুর।
৮। চামুগ্রাম জুনিয়ার হাই স্কুল, সাগরদিহি।
৯। বহরগাছী জুনিয়ার হাই স্কুল, সামসুগঞ্জ।
১০। একপাহাড়িয়া জুনিয়ার হাই স্কুল, বানওয়াল।
১১। সৈয়দপুর জেঃ এন জুনিয়ার হাই স্কুল, রঘুনাথগঞ্জ।
১২। নোনাডাঙ্গা ও জাফা জুনিয়ার হাই স্কুল, খড়গ্রাম।
১৩। হাড়োয়া জুনিয়ার হাই স্কুল, সুতি।
১৪। রায়পুর জুনিয়ার হাই স্কুল, ডোমকল।
১৫। রানীনগর জুনিয়ার হাই স্কুল, রঘুনাথগঞ্জ।
১৬। মীরজাপুর হাজী সোলেমন চৌধুরী জুনিয়ার হাই স্কুল, বেলডাঙ্গা।
১৭। শ্যামপাড়া ননীবালা চন্দ্র জুনিয়ার হাই স্কুল, বেলডাঙ্গা।
১৮। গোয়ালপাড়া তরুণ সংঘ জুনিয়ার হাই স্কুল, বহরমপুর।
১৯। তারিতিপুর জুনিয়ার হাই স্কুল, হরহরপাড়া।
২০। জোগপুর জুনিয়ার যামিনীনাথ প্রাণকুমার জুনিয়ার হাই স্কুল, সাগরদিহি।
২১। ইমামনগর জুনিয়ার হাই স্কুল, ফরাক্কা।

২২। ধলসা জুনিয়ার হাই স্কুল, সাগরদিঘি।

২৩। পঞ্চগ্রাম জুনিয়ার হাই স্কুল, সামশেরগঞ্জ।

সরকার স্বীকৃতি উদ্বাস্তু কলোনীর সংখ্যা

২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০২৪।) **শ্রীবিমলকান্তি বসু:** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে রাজ্য সরকারের স্বীকৃত উদ্বাস্তু কলোনীর সংখ্যা কত;

(খ) কোচবিহার জেলায় ঐ প্রকার কলোনীর সংখ্যা কত; এবং

(গ) কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত কতগুলি কলোনীকে স্বীকৃতি দিয়াছেন ?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) কোন উদ্বাস্তু কলোনীকে স্বীকৃতি দেবার ক্ষমতা রাজ্য সরকারের নেই। রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কলোনী স্বীকৃতির প্রস্তাব পাঠান।

(খ) কোচবিহার জেলায় কেন্দ্রীয় সরকারের স্বীকৃত কলোনীর সংখ্যা ২৪।

(গ) কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত ৯২৮টি কলোনীকে স্বীকৃতি দিয়েছেন।

Number of persons appointed under the Relief and Welfare (Welfare) Department

296. (Admitted question No. 2109.) **Shri Nurul Islam Chowdhury:** Will the Minister-in-charge of the Relief and Welfare (Welfare) Department be pleased to state—

(a) the number of persons appointed to Group B, C and D posts under the Welfare Branch of the Relief and Welfare Department during the period from July, 1977 to December, 1983.

(b) the number belonging to—

(i) Scheduled Castes

(ii) Scheduled Tribes

(iii) Muslim Community

Minister-in-charge of the Relief and Welfare (Welfare) Department: (a) 1011.

(b) (i) 144, (ii) 27, (iii) 31.

শ্রীরামপুর ও রিষড়া পৌরসভায় কর্মচারী নিয়োগ

২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫১।) **শ্রীঅরুণকুমার গোস্বামী:** স্থানীয়

শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার অন্তর্গত শ্রীরামপুর ও রিষড়া পৌরসভায় ১৯৮০ সালের ১লা জানুয়ারী হইতে ৩১শে ডিসেম্বর পর্যন্ত কতজন কর্মচারীকে কোন্ কোন্ বিভাগে ও কি কি শর্তে নিয়োগ করা হইয়াছে ;

(খ) উক্ত কর্মচারী নিয়োগের জন্য সরকারী অনুমোদন নেওয়া হয়েছে কি না ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় ঃ

(ক) শ্রীরামপুর পৌরসভায়—

	বিভাগ				শর্ত
(১)	সাধারণ	...	...	৫ জন	নির্ধারিত বেতন ভাতা ও অন্যান্য প্রচলিত সুযোগ সুবিধা প্রদানের শর্তে নিয়োগ করা হয়েছে।
(২)	জল সরবরাহ	...	...	১১ জন	
(৩)	শিক্ষা	...	...	৩ জন	
(৪)	কনজারভেন্সী স্টাফ	...	...	৫ জন	
(৫)	কনজারভেন্সী মজদুর	...	...	৩১ জন	
(৬)	আদায়	...	...	৩ জন	
(৭)	সুয়ারেজ	...	...	৩ জন	

রিষড়া পৌরসভা

	বিভাগ				শর্ত
(১)	জলকল	...	...	২ জন	নির্ধারিত বেতন ভাতা ও অন্যান্য প্রচলিত সুযোগ-সুবিধা প্রদানের শর্তে নিয়োগ করা হয়েছে।
(২)	চিকিৎসা	...	...	২ জন	
(৩)	শিক্ষা	...	...	২ জন	
(৪)	সাধারণ	...	...	২ জন	
(৫)	স্বাস্থ্য	...	..	১৮ জন	

(খ) (১) শ্রীরামপুর পৌরসভায় উপরে উল্লিখিত নিয়োগের ক্ষেত্রে সরকারী অনুমোদনের প্রয়োজন নাই, এই নিয়োগগুলি কমিশনারগণের এক্তিয়ারভুক্ত।

(২) কর্মচারীর পিতার মৃত্যুজনিত শূন্যপদে, পিতার অকাল অবসর গ্রহণ হেতু শূন্যপদে, পিতার স্বেচ্ছা অবসর গ্রহণ হেতু এইরূপ শূন্য পদে

রিষড়া পৌরসভায় পদগুলি পূরণ করা হইয়াছে। এক্ষেত্রে সরকারের অনুমোদন গ্রহণ করা হয় নাই।

Development of Kalyani township

298. (Admitted question No. 2194.) **Shri Sk. Anwar Ali :** Will the Minister-in-charge of the Metropolitan Development Department be pleased to state—

(a) whether it is a fact that Kalyani township has not yet developed as fast as was expected ; and

(b) if so—

(i) what are the constraints preventing accelerated growth of this township ; and

(ii) what steps have been taken and/or is contemplated by the State Government in the matter ?

Minister-in-charge of the Metropolitan Development Department : (a) Yes.

(b) (i) Distance from Calcutta and lack of adequate transport facilities ; Absence of an Administrative Centre like subdivisional headquarter for a long time : and hesitation of allottees of residential and industrial land to start construction.

(ii) Barrackpur-Kalyani Expressway is almost complete. This will greatly improve the road transport from Kalyani to Calcutta. Besides, the Kalyani-Bansberia river bridge when completed will connect Kalyani with the industrial centres of district Hooghly. Passenger train service has also been extended within the heart of the township,

A subdivision has been set up in Kalyani in 1983.

Appeals have been made through newspapers to allottees of residential lands to start construction immediately. A detailed study is being made to assess the need of further development.

UNION EXCISE DUTY

299. (Admitted question No. 2584.) **SK. ANWAR ALI :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether it is a fact the share of Union Excise Duty paid to West

Bengal during the tenure of the two Left Front Governments, has progressively increased during the past few years ; and

(b) if so—

(i) what was the total amount received as share in the Union Excise Duty by the Left Front Governments during the period between 1978-79 and 1982-83 ; and

(ii) what was the total amount received as share in the Union Excise Duty by the previous Congress Government during the period between 1972-73 and 1976-77 ;

Minister-in-charge of the Finance Department : (a) The amount of Union Excise Duties paid to West Bengal has increased during the past few years as a result of the recommendations of the Seventh Finance Commission and the rise in price.

(b) The total amount received as share in the Union Excise Duties by the State of West Bengal during the period from 1978-79 to 1982-83 was Rs. 1084.65 crores as detailed below :

(Rs. in crores)

Share of Union Excise Duties	1978-79	98.10
	1979-80	206.95
	1980-81	226.95
	1981-82	265.76
	1982-83	286.89
	Total	1084.65

(ii) The total amount received as share in the Union Excise Duty by the State of West Bengal during the period between 1972-73 and 1976-77 was Rs. 291.15 crores as detailed below :

(Rs. in crores)

Share of Union Excise Duty	1972-73	40.63
	1973-74	45.56
	1974-75	55.80
	1975-76	67.83
	1976-77	81.33
	Total ...	291.15

Union Excise Duty and Income Tax collection

300. (Admitted question No. 2585). **Shri Sk. Anwar Ali:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) what were the variations (percentage of increase/decrease over previous year) in the share of West Bengal in the Union Excise Duty and Income Tax collections during the past five years ; and

(b) the net amount received annually by West Bengal as its share in Union Excise Duty and Income Tax collections during the past five years ?

Minister-in-charge of the Finance Department: (a) and (b):

A statement showing the net amount received annually by West Bengal as its share in Union Excise Duty and Income Tax collections during the past five years and the annual percentage increase over the previous year is shown below :

Statement to referred in reply to clauses (a) and (b) of question No 300 (Admitted question No 2585).

Statement showing the net amount received annually by West Bengal as its share in Union Excise Duty and Income Tax collections during the past five years and the annual percentage increase over the previous year.

(Rupees in crores)

	Actuals				Revised Estimate
	1979-80	1980-81	1981-82	1982-83	1983-84
1. Share of Taxes on Income	69.35	80.07 (15.5)	81.07 (1.2)	91.10 (12.4)	93.94 (3.1)
2. Share of Union Excise Duties					
I. Share of Basic Union Excise Duties	175.66	192.50	223.47	243.16	275.90
II. Share of Additional Excise Duties in lieu of Sale Tax	31.29	34.45	42.29	43.73	58.35
Total—2	206.95	226.95	265.76	286 89	334.25
		(9.7)	(17.1)	(7.9)	(16.5)

N.B. Figures in brackets indicate the percentage increase over the previous year.

বিভিন্ন জেলায় আই. সি. ডি. প্রকল্প

৩০১। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৯১।) **শ্রীধীরেন্দ্রনাথ সেন:** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার যে সব ব্লকে আই. সি. ডি. এস. চালু হয়েছে, সেই ব্লকের অন্তর্গত মিউনিসিপ্যাল শহরে এই প্রকল্প চালু হতে বাধা আছে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে এই বাধাগুলি কি কি ;

(গ) ইহা কি সত্য যে বীরভূম জেলার সাঁইথিয়া ব্লক এই প্রকল্পের অন্তর্ভুক্ত হওয়া সত্ত্বেও সাঁইথিয়া শহরে উক্ত প্রকল্পের কোন কেন্দ্র খোলা হচ্ছে না ; এবং

(ঘ) সত্য হলে এর কারণ কি ?

ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) গ্রামাঞ্চলীয় প্রকল্প বা উপজাতি এলাকাভুক্ত প্রকল্পের সহিত শহরাঞ্চলীয় প্রকল্পের সাংগঠনিক বৈসাদৃশ্য আছে। কাজেই এই সমস্ত ব্লকের অন্তর্গত মিউনিসিপ্যাল শহরে প্রকল্প চালু করিতে হইলে পৃথক ভাবে শহরাঞ্চলীয় প্রকল্প মঞ্জুর করিতে হইবে।

(গ) হ্যাঁ, সত্য।

(ঘ) 'খ' অংশে বর্ণিত কারণগুলি এক্ষেত্রেও প্রযোজ্য।

প্রথাবহির্ভূত শিক্ষাকেন্দ্রগুলির সুষ্ঠু পরিচালনা

৩০২। (অনুমোদিত প্রশ্ন নং ২৬২৪।) **শ্রীনীরোদ রায় চৌধুরী:** শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের প্রথাবহির্ভূত শিক্ষাকেন্দ্রগুলিকে সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা ; এবং

(খ) করে থাকলে, কিরূপ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) প্রথাবহির্ভূত শিক্ষাকেন্দ্রগুলিকে সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য প্রতিটি জেলায় জেলাস্তরে বোর্ডের সভাপতিকে চেয়ারম্যান করে একটি করে জেলা কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি বিভিন্ন অঞ্চলে প্রথাবহির্ভূত কেন্দ্র স্থাপন,

কেন্দ্রগুলির সুষ্ঠু পরিচালনা এবং উন্নতিকরণের জন্য জেলা পরিদর্শকের মাধ্যমে সরকারের নিকট সুপারিশ পাঠান এবং সরকার এই ব্যাপারে সেই সুপারিশ অনুযায়ী যাথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

Number of persons employed under the Directorate of Social Welfare

303. (Admitted question No. 2662.) **Shri ABDUL MANNAN :** will the Minister-in-charge of Relief and Welfare (Welfare) Department be pleased to state—

(a) the number of persons employed in different posts under the Directorate of Social Welfare as on the 31st December, 1983 ; and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes

(ii) Scheduled Tribes and

(iii) Muslim Community

Minister-in-charge of Relief and Welfare (Welfare) Department : (a) 1002.

(b) (i) 149, (ii) 18, (iii) 31.

ভীমগড়ের নিকট অজয় নদের উপর সেতু নির্মাণ

৩০৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৮৯।) **শ্রীসাত্ত্বিক কুমার রায় :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার ভীমগড়ের নিকট অজয় নদের উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা রূপায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Number of Prisoners in Rampurhat Sub-Jail

305. (Admitted question No. 2697). **Shri Sasanka Sekhar Mondal :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state that—

(a) the number of the prisoners in Rampurhat Sub-Jail on 31st December of 1973-1974 to 1982-83 ;

(b) how many of them were (1) criminal and (2) political prisoners (year-wise statement); and

(c) how many of them were undertrial and how many were convicted ?

Minister-in-charge of the Home (Jails) Department :

(a)

Year					
1973	...	...	...	...	121
1974	...	...	...	...	112
1975	...	...	...	...	116
1976	...	...	...	...	194
1977	...	...	...	...	142
1978	...	...	...	...	185
1979	...	...	...	...	76
1980	...	...	...	...	69
1981	...	...	...	...	125
1982	...	...	...	...	106
1983	...	...	...	...	75

(b) (1) Criminal :

Year					
1973	...	...	...	...	121
1974	...	...	...	...	112
1975	...	...	...	...	116
1976	...	...	...	...	194
1977	...	...	...	...	142
1978	...	...	...	...	185
1979	...	...	...	...	76
1980	...	...	...	...	69
1981	...	...	...	...	121
1982	...	...	...	...	106
1983	...	...	...	...	75

(2) There was no political prisoners during 1973-1983

(c)			U.T.	Convicted
1973	...	...	92	29
1974	...	...	85	27
1975	...	...	86	30
1976	...	...	171	20
1977	...	...	121	21
1978	...	...	175	10
1979	...	...	70	6
1980	...	...	65	4
1981	...	...	124	1
1982	...	...	106	Nil
1983	...	...	74	1

[12.00—12.10 P. M.]

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি সিরিয়াস ম্যাটারের প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যেভাবে হাউসকে ইগনোর করা হচ্ছে এটা আন-প্রিসিডেনটেড, it is against the convention of the House, আপনি জানেন, গতকাল এই হাউসে নর্থ বেঙ্গলে এবং পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় পেটের রোগে যে ভয়াবহ মৃত্যুর ঘটনা সেই ব্যাপারে আমি উদ্বেগ প্রকাশ করি। আমি গতকাল এই হাউসে এ্যাডজোরমেন্ট মোশান দিয়েছিলাম এবং এই সম্পর্কে মেনশানও করেছিলাম। অন্যান্য সদস্যরাও এই সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছেন। আমি এই ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রীর বিবৃতি দাবী করেছিলাম। আপনি কথা দিয়েছিলেন স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এই হাউসে বিবৃতি দেবেন এবং আমাদের উদ্বেগের নিরসন করবেন। আমি আপনার কাছে রিমাইনডার দিয়েছি এবং চেম্বারে গিয়ে বলেছি, কিন্তু দুঃখের বিষয় স্বাস্থ্যমন্ত্রী……

(গোলমাল)

Mr. Speaker : Please take your seat. I had contacted the Minister in the evening. He will make a statement to the House today. Unless the Minister gets the message, it is not possible for him to make a statement in this respect. What is the fault with him ? I don't allow that. Please take your seat.

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একই বিষয় বলতে চাই, অন্য কথা বলতে চাই না যে, মন্ত্রী এই ব্যাপারে ষ্টেটমেন্ট দেবেন। আমরা বহুদিন আগে থেকেই বুঝেছিলাম যে পানীয় জলের অভাব সারা পশ্চিমবাংলায় হয়েছে। প্রতি বছরই দেখছি যা টিউবওয়েল হওয়া উচিত ছিল তা হয় নি। এটা নতুন ব্যাপার নয়, হঠাৎ যে এই রকম হলো তা নয়। যে-সমস্ত জায়গায় এই রোগ আরম্ভ হয়েছিল সেই সমস্ত জায়গায় এ্যাডমিনিষ্ট্রেশান এবং হেল্‌থ ডিপার্টমেন্টের যা ডিউটি ছিল তা করেনি। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এখানে থাকলে নিশ্চয়ই বলবেন—তিনি রয়েছেন। তিনি বক্তৃতা দেবার সময় বড় বড় কথা বলেছিলেন—আমি একটি কথা স্মরণ করিয়ে দিয়েছিলাম শুধু বক্তৃতা দিলেই অসুখ সারবে না। সেখানে ওষুধ নেই,

স্যালাইন নেই এবং চিকিৎসার ব্যবস্থা নেই। রোগীরা মারা গেছে ওষুধের অভাবে, চিকিৎসার অভাবে এবং সালাইনের অভাবে।

(গোলমাল)

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মিঃ স্পীকার স্যার, উনি যা বলছেন, উনি কোন্ হাসপাতালের কথা বলছেন আমি জানতে চাই। এই ব্যাপারটার গুরুত্ব সরকার উপলব্ধি করেছেন এবং সরকারের তরফ থেকে কিছু কিছু ব্যবস্থা কালকেই নেওয়া হয়েছে এবং এই হাউসে তা মন্ত্রী ঘোষণাও করেছেন। আপনি নির্দেশ দিয়েছিলেন এবং সেইমত মাননীয় স্বাস্থ্যমন্ত্রী হাউসে উপস্থিতও আছেন—নিশ্চয়ই তিনি বিবৃতি দেবেন। মাননীয় মুখ্যমন্ত্রীও এখানে উপস্থিত আছেন। কিছু না শুনে হঠাৎ তিনি যা নয় তাই বলতে শুরু করে দিলেন!

(গোলমাল)

কোথায় স্যালাইন নেই? কোথায় ওষুধ নেই। আমি ওঁকে জিজ্ঞাসা করছি, উনি বলুন কোন্ হসপিটালে স্যালাইন নেই, নার্স নেই, ডক্টর নেই? কোন্ হসপিটালে রোগী মরেছে? সব কিছু না জেনে এসব কথা বলে লাভ কি? এখানে দাঁড়িয়ে উনি যা খুশী তাই বলে যাবেন-এটা চলতে পারে না।

(গোলমাল)

মিঃ স্পীকারঃ মিঃ সত্যরঞ্জন বাপুলি, প্লিজ্ টেক্ ইওর সিট।

(গোলমাল)

মিঃ স্পীকারঃ মিঃ বাপুলি, প্লিজ্ টেক্ ইওর সিট্। নাউ শ্রীকৃপাসিন্ধু সাহা।

শ্রীকৃপাসিন্ধু সাহাঃ মিঃ স্পীকার স্যার, কিছুক্ষণ আগে সত্যবাবু এবং দেবপ্রসাদবাবু যে ব্যাপারটার উল্লেখ করলেন, আমরা জানি আপনি গতকাল

হাউসকে আশ্বাস দিয়েছেন—এই ব্যাপারে গতকাল মন্ত্রী মহাশয়কে পাওয়া যায়নি বলে আজকে তিনি বিবৃতি দেবেন। সবচেয়ে বড় ব্যাপার হচ্ছে মাননীয় মন্ত্রী শ্রীকমল গুহ গতকালই এই ব্যাপারে একটা বিবৃতি দিয়েছেন এবং তার ভিত্তিতে তিনি হেল্‌থ ইঞ্জিনিয়ারিংয়ের চিফ্‌ ইঞ্জিনিয়ারকে নিয়ে চলে গেছেন। তার পর কেন আলোচনা করছেন ওঁরা ? ওঁরা হাউসে থাকবেন না, পরে হাউসে এসে এই রকম চিৎকার করবেন ! আপনি হাউসকে আশ্বাস দিয়েছেন, কাজেই হাউসে এই আলোচনা করা উচিৎ নয়। সরকার পক্ষ থেকে যে দায়িত্ব নেওয়া উচিৎ ছিল, সেই দায়িত্ব সরকার নিশ্চয়ই পালন করবেন।

(গোলমাল)

শ্রীশচীন সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ঘটনা ঘটেছে—সেটা উদ্বেগের কারণ। গতকালই আপনি মাননীয় মন্ত্রীকে নির্দেশ দিয়েছিলেন, গতকাল থেকেই সরকারের তরফ থেকে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আজকে মাননীয় মন্ত্রী এ ব্যাপারে বিবৃতিও দেবেন। কিন্তু মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় যে ব্যবহার করছেন, মনে হয় এ ব্যাপারে তিনিই একা বিব্রত। মনে হচ্ছে যেন সমস্ত পশ্চিমবাংলার দায়িত্ব ঐ কংগ্রেস দলের।

(গোলমাল)

শ্রীগুণধর মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি ঘটনার প্রতি মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি হোল গত ১০-৪-১৯৮৪ তারিখে পাথরপ্রতিমা থানা এলাকায় অজিত মজুমদার নামে এক ব্যক্তি নিহত হয়েছেন। পুলিশ এ ব্যাপারে তিনজনকে গ্রেফতার করেছে। এই গ্রেফতার হওয়া তিনজনের মধ্যে ইন্দিরা কংগ্রেসের পঞ্চায়েত সদস্য একজন আছেন। সংশ্লিষ্ট ব্যক্তিসহ ঐ তিনজনের যাতে উপযুক্ত শাস্তি হয় সেই জন্য আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর নিকট সেই আবেদন করছি। মাননীয় সত্যরঞ্জন বাপুলি মহাশয় বিধানসভার সদস্য তথা আইনজীবী। আমি তাঁকে অনুরোধ করছি, তাঁর দলের স্বার্থে তিনি যেন খুনী আসামীদের পক্ষ সমর্থন না করেন। আমি আশা করি মাননীয় সদস্য আমার অনুরোধ রাখবেন।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : মিঃ স্পীকার স্যার, অন্ এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্লানেশন—মাননীয় সদস্য গুণধরবাবু গতকালই আমার কাছে এই ঘটনার কথা বলেছেন। অজিত মজুমদার খুন হয়েছে—সে আমাদের দলের কর্মী ছিল। যারা খুন করেছে তারা তারই বাড়ীর লোক। সংসারের জমির ব্যাপারে ৬ মাস আগে মামলাও হয়েছে এবং দুবার ডাকাতিও হয়ে গেছে, তিনি জানেন না? সেখানে পুলিশ যাদের গ্রেফতার করেছে তাদের মধ্যে কংগ্রেসের কেউ নেই। আমি আশ্বাস দিয়েছিলাম, আমরা সকলে গিয়ে সাহায্য করবো এবং যাতে দোষী গ্রেফতার হয় তার চেষ্টা করবো, তিনি যেন থানাতে গিয়ে ছাড়াতে না যান।

[12.10—12.20 P.M.]

শ্রীধীরেন্দ্রনাথ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ঘটনার গতি-প্রকৃতি যে ভাবে রূপ নিচ্ছে তাতে দেখা যাচ্ছে পশ্চিম দিনাজপুরের কুশমণ্ডি থানা দ্বিতীয় গার্ডেনরীচের রূপ নিতে শুরু করেছে। স্যার, গত ৩১শে মার্চ তারিখে কুশমণ্ডি থানার দ্বিতীয় অফিসার জিপ নিয়ে যাচ্ছিলেন। সেই সময় তিনি একটা এ্যাকসিডেণ্ট করেন। সেই এ্যাকসিডেণ্টে ২ জন ব্যক্তি আহত হন। সেই দিন হাটবার ছিল। সেই ব্যক্তিরা আহত হবার পরে সেখানকার জনতা ক্ষেপে যায় এবং অফিসারকে প্রহার করে। ঘটনা সেই পর্যন্ত ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বর্তমানে যে অবস্থা দাঁড়িয়েছে সেটা শুনলে আপনি অবাক হয়ে যাবেন। সেই ঘটনাকে কেন্দ্র করে পুলিশেরা এখন ক্ষিপ্ত হয়ে গেছে। যেহেতু তাদের উপর জনতা হাত দিয়েছে সেইহেতু তারা এখানকার লোককে নির্বিচারে গ্রেপ্তার করছে। বালক, বৃদ্ধ কাউকে তারা বাদ দিচ্ছে না, সকলকে গ্রেপ্তার করছে। তারা সমস্ত এলাকা রেড করে রেখেছে। বেছে বেছে তারা কংগ্রেস কর্মীদের গ্রেপ্তার করছে। এখানে একটা সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

Adjournment Motion

Mr. Speaker : Today I have received two notices of adjournment motion. The one is from Shri Ashok Ghosh on the subject of alarming situation every-

where in West Bengal due to acute scarcity of drinking water and the other is from Shri Kashinath Misra on the subject of outbreak of enteric disease in West Bengal due to acute scarcity of drinking water.

The Minister concerned has already made statements on the scarcity of drinking water in some districts in West Bengal in reply to Calling Attention notices in this House. However, the Members may raise these matters through Calling Attention, Mention etc. In this connection I would say that the Minister concerned is expected to make a statement on this subject to-day.

I, therefore, with held my consent to the motions. The member of the party may, however, read out the text of the motion as amended.

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হলো পানীয় জলের তীব্র অভাবে রাজ্য জুড়ে ব্যাপক আকারে আন্ত্রিক রোগ দেখা দিয়েছে। পশ্চিমবাংলার জেলাগুলিতে ইতিমধ্যে ১৩৩ জনের মৃত্যু ও ২৪৭১ জন আন্ত্রিক রোগে আক্রান্ত হয়েছেন।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 3 notices of Calling Attention namely :

1. Reported repairing of the houses by some Trade Unions damaged due to recent clash at Watgunj—Shri Sadhan Chattopadhyay,

2. Death of many persons from enteric disease due to acute scarcity of drinking water in West Bengal—Shri Kashinath Misra, Shri Ashok Ghosh and Shri Sachin Sen, and

3. Alleged death of one person from Police firing near Asansol town on 16.4.84—Shri Satya Pada Bhattacharya and Shri Shish Mohammad.

I have selected the notice of Shri Kashinath Misra and others on the subject of death of many persons from enteric disease due to acute scarcity of drinking water in West Bengal.

I now call upon the Minister-in-charge to make a statement to-day.

শ্রীরামনারায়ণ গোস্বামী : মিঃ স্পীকার স্যার, আপনার অনুমতি নিয়ে আমি একটি বিবৃতি পাঠ করছি।

পশ্চিমবঙ্গের ২৪ পরগনা, হাওড়া, হুগলী, নদীয়া, মুর্শিদাবাদ, মেদিনীপুর, মালদা, জলপাইগুড়ি, ও কুচবিহার জেলায় রক্ত-আমাশয় রোগের প্রাদুর্ভাব হইয়াছে এবং উহাতে মোট ২৪৭১ জন আক্রান্ত হইয়াছেন এবং তাহার মধ্যে ১২৯ জন অদ্যাবধি মারা গিয়াছেন। এই সঙ্গে একটি বিশদ তালিকা দেওয়া হইল।

স্বাস্থ্য দপ্তরের অনুরোধে "ন্যাশানাল ইনষ্টিটিউট অফ কলেরা এণ্ড এণ্টারিক ডিজিজেস্ (আই. সি. এম. আর.) কলিকাতা" হইতে বিশেষজ্ঞ হুগলী জেলার পাণ্ডুয়া ব্লকের ধামাসিন গ্রামে এই রোগের প্রাদুর্ভাব দেখা দিলে গত ২৬শে হইতে ২৯শে মার্চ অনুসন্ধানে ব্রতী হন। বিশেষজ্ঞদের দেয় (১৬.৪.৮৪) রিপোর্ট হইতে দেখা যায় যে, এই রোগ জীবাণু ঘটিত এবং খাদ্য ও পানীয় দ্বারা বাহিত। মাছিও এই জীবাণুর বাহক। যে বিশেষ জীবাণু Shigella dysenteny type-I বর্তমানে সংক্রমণের কারণ। তাদের বিশেষত্ব এই যে অত্যন্ত অল্প সংখ্যক জীবাণু রোগ ঘটাইতে পারে এবং ব্যক্তি হইতে ব্যক্তিতে এই রোগ সংক্রামিত হয়।

অস্বাস্থ্যকর পারিপার্শ্বিক, যত্রতত্র মলত্যাগ এবং সর্বোপরি দীর্ঘ অনাবৃষ্টির কারণে পানীয় জলের সমস্যা এই রোগ প্রসারের অন্যতম কারণ। প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশেও এই ধরনের সংক্রমণ অনেক হইয়াছে। সেটাও হয়তো আমাদের এখানে সংক্রমণের কারণ হইতে পারে।

এই রোগে ঔষধের কার্যকারিতা নিয়ে পরীক্ষা করে দেখা গেছে, যে প্রচলিত অনেক এ্যান্টিবায়োটিক ঔষধের ক্ষেত্রে উপরে উল্লেখিত জীবাণুর প্রতিরোধ ক্ষমতা (ড্রাগ রেজিষ্টেন্ট্) জন্মেছে। আলোচনায় জানা যায় যে, নির্বিচারে যথেচ্ছ এ্যান্টিবায়োটিক ঔষধের ব্যবহারে এইরূপ অবস্থা হওয়া সম্ভব।

এটা দুর্ভাগ্যজনক যে, Shigella dysentery type-I জীবাণু দ্বারা সৃষ্ট রক্ত-আমাশয় রোগ নিয়ন্ত্রণে আনা সহজ কাজ নয়। কেননা খুবই সংখ্যাল্প জীবাণু দ্বারা রোগ উৎপত্তি হতে পারে এবং ব্যক্তি হইতে ব্যক্তিতে এই রোগ সংক্রামিত হয় বলে একে নিয়ন্ত্রণ করা কঠিন।

বিশেষজ্ঞদের মতে এই বিশেষ জীবাণুর সংক্রমণ রোধের জন্য ব্যক্তিস্বাস্থ্য সচেতনতার ভূমিকাই প্রধান।

বাংলাদেশে ও কলিকাতায় পরীক্ষা-নিরীক্ষা করে দেখা গেছে যে খাওয়ার আগে এবং খাদ্য পরিবেশনের আগে সাবান দিয়ে হাত ধোয়ার এই সামান্য অভ্যাসকে উৎসাহিত করার ফলে এই রোগের প্রাদুর্ভাব কমে গেছে।

রক্ত-আমাশয় রোগ সংক্রমণ রোধের জন্য প্রতি জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিককে ৫ই এপ্রিল, ১৯৮৪ তারিখে সমস্ত রকম প্রয়োজনীয় ঔষধপত্রাদি, পানীয় জল পরিশোধনের ঔষধ যেমন ব্লিচিং পাউডার, হ্যালোজেন ট্যাবলেট এবং ওরাল সল্ট প্যাকেট অবিলম্বে বিলি করিবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে। ঔষধ পত্রের যাহাতে কোন অভাব না ঘটে তার জন্য এক ট্রাক ভর্তি ঔষধপত্রও জলপাইগুড়ি ও কুচবিহারে পাঠান হইয়াছে এবং প্রয়োজনে ব্যবহারের জন্য অতিরিক্ত একটি এ্যাম্বুলেন্সও পাঠানো হইয়াছে। এই রোগ প্রাদুর্ভাবের কারণ বৈজ্ঞানিক অনুসন্ধানের জন্য হাওড়া, হুগলী, নদীয়া, কুচবিহার ও জলপাইগুড়ি জেলায় বিশেষজ্ঞ দল পাঠানো হইয়াছে।

স্বাস্থ্য বিভাগ হইতে একজন এ্যাসিষ্টাণ্ট ডিরেক্টর জলপাইগুড়ি ও কুচবিহারে এই বিষয়ে অনুসন্ধান ও তদারকি করিতেছেন। ইহা ছাড়া আরও একজন মহামারী বিশেষজ্ঞ আজ জলপাইগুড়ি ও কুচবিহারে রওনা হইতেছেন। হাওড়া জেলাতেও একজন মহামারী বিশেষজ্ঞ পাঠানো হইয়াছে। নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হইতে একটি বিশেষজ্ঞ চিকিৎসক দল পাঠাইবার নির্দেশ দেওয়া হইয়াছে।

সমস্ত মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের প্রতি আক্রান্ত ব্লকের ব্লক উন্নয়ন আধিকারিককে ও পঞ্চায়েত সভাপতিদের ও. আর. এস. প্যাকেট, হ্যালোজেন ট্যাবলেট ও ব্লিচিং পাউডার প্রভৃতি প্রয়োজন মত সরবরাহের জন্য নির্দেশ পাঠানো হইয়াছে। গতকাল এই বিষয়ে সংশ্লিষ্ট অফিসারদের এবং জাতীয় কলেরা ও আন্ত্রিক রোগ গবেষণা সংস্থার বিশেষজ্ঞদের সহিত জনস্বাস্থ্য মন্ত্রীর বিস্তারিত আলোচনা হইয়াছে।

বিশেষজ্ঞদের সুপারিশ অনুযায়ী প্রতিষেধক ব্যবস্থাপত্র সহ এই রোগ সম্পর্কিত স্বাস্থ্যবিধি সম্বলিত প্রচারপত্র জনগণের মধ্যে বিলি করার উদ্যোগ নেওয়া হইতেছে। বিশেষজ্ঞদের সুপারিশগুলি মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের কাছে পাঠানো হইয়াছে।

ইহা ছাড়া আকাশবানী, সংবাদপত্র, দূরদর্শন ইত্যাদির মাধ্যমে এ বিষয়ে প্রচার করার ব্যবস্থা হইতেছে।

সমস্ত মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের প্রতি আক্রান্ত এলাকায় সমস্ত খাবারের দোকানে সংক্রমণের বিরুদ্ধে সাবধানতা অবলম্বনের জন্য নির্দেশ দেওয়া হইয়াছে। পানীয় জল সমস্যা সুরাহার জন্য ইতিমধ্যেই রাজ্য সরকার কিছু ব্যবস্থা গ্রহণ

করেছে। এছাড়াও সমস্যার গভীরতা বিবেচনায় মাননীয় মুখ্যমন্ত্রী আজ এক উচ্চ পর্যায় বৈঠক ডেকেছেন।

বর্তমান সরকার এই রোগ সংক্রমণ সম্বন্ধে সম্পূর্ণ সজাগ। প্রতিদিনের রোগ প্রাদুর্ভাব সম্বন্ধে খবরাখবর নেবার প্রয়োজনীয় ব্যবস্থা করা হইয়াছে। এই ব্যাপারে স্বাস্থ্য দপ্তরের একটি বিশেষ সেল গঠন করা হইয়াছে। স্যার, এর সঙ্গে ডিটেল লিষ্টটা কি পড়ে দেব ?

মিঃ স্পীকার : কতখানি আছে ? বেশী থাকলে পড়ার দরকার নেই।

শ্রীরামনারায়ণ গোস্বামী : অন এ পয়েন্ট অফ এক্সপ্লানেশান। গতকাল বিকাল ৪ টার সময় রাইটার্স বিলডিংসে চিফ হুইপের কাছ থেকে জেনেছি যে, এ সম্বন্ধে হাউসে একটা বিবৃতি দেওয়ার জন্য আপনি নির্দেশ দিয়েছেন। সেজন্য গতকালই এই বিবৃতিটি যথা নিয়মে তৈরী করেছি। দ্বিতীয়তঃ আপনি জানেন, আপনারই নির্দেশে গত ১৬ তারিখে হাওড়া জেলায় রক্ত আমাশা রোগ সম্বন্ধে আমি এখানে একটি স্টেটমেন্ট দিয়েছি। মাননীয় সদস্যরা কাল এই রোগ নিয়ে এখানে উদ্বেগ প্রকাশ করেছেন। রাজ্য সরকারও এ বিষয়ে উদ্বিগ্ন। সরকার ইতিমধ্যেই যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছেন। মাননীয় সদস্যদের এ ব্যাপারে আশ্বাস দিতে পারি, সরকার যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ পাঠিয়েছেন ও ব্যবস্থা নিয়েছেন। মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয়কে বলি, তিনি এখানে হেল্‌থ সেন্টারে স্যালাইনের অভাবে রোগী মারা গেছে বলে উল্লেখ করেছেন। তিনি যদি এ রকম কোন সংবাদ দিতে পারেন—কোন ব্যক্তি রক্ত আমাশায় ঔষধের অভাবে মারা গেছেন—তাহলে দয়া করে যেন আপনার মারফৎ আমাকে জানান। তিনি সংবাদ দিলে আমি তদন্ত করে দেখব।

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় রক্তামাশায় রোগের প্রাদুর্ভাবের বিবরণ (১৯৮৪ সালের মার্চ মাস হইতে)

ক্রমিক সংখ্যা	জেলার নাম	মহকুমা	আক্রান্ত ব্লকের সংখ্যা	আক্রান্ত গ্রামের সংখ্যা	প্রথম আক্রমণের তারিখ	মোট সংখ্যা আক্রান্ত	মোট সংখ্যা মৃত	শেষ আক্রমণের তারিখ	শেষ মৃত্যুর তারিখ	আক্রান্ত ব্লকসমূহের নাম
১	২৪ পরগনা	সদর	১	১	২১-৩-৮৪	৫২	৭	১০-৪-৮৪	১০-৪-৮৪	ভাঙ্গর-১
২	জলপাইগুড়ি	সদর	৫	২৯	—	৬৩৭	২৩	—	—	ফালাকাটা, সদর, রায়গঞ্জ
৩	হুগলী	সদর	১	৪	১২-৩-৮৪	১৫০	২	৬-৪-৮৪	২৯-৩-৮৪	পাণ্ডুয়া
৪	হাওড়া	উলুবেড়িয়া	২	—	১-৪-৮৪	৪৩৬	১৭	১৫-৪-৮৪	১৪-৪-৮৪	বাগনান-১, বাগনান-২
৫	নদীয়া	সদর	১	২	২-১-৮৪	৮৫	৮	১৫-৩-৮৪	১৩-৩-৮৪	চাপড়া
৬	মেদিনীপুর	কন্টাই	৭	২৫	১-৩-৮৪	৭৮	৩	২৯-৩-৮৪	—	রামনগর-১, রামনগর-২
৭	মালদহ	সদর	১	১	২-৪-৮৪	৩৮	৩	১০-৪-৮৪	৯-৪-৮৪	কালিয়াচক-১
৮	কুচবিহার	সদর মাথাভাঙ্গা	৫	৩১	১-৪-৮৪	৭২৫	৩২	১৭-৪-৮৪	১৬-৪-৮৪	দিনহাটা-১ দিনহাটা-২ সদর সাউথ শিতলকুচি তুফানগঞ্জ
৯	মুর্শিদাবাদ	বহরমপুর কান্দি	৪	৪	—	২৭০	৩১	—	—	ডোমকল, ভগবানগোলা, ইসলামপুর

শ্রীঅমলেন্দ্র রায়ঃ স্যার, আমার একটা সাবমিশান আছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে ডিটেল লিষ্ট আছে, যার মধ্যে কোথায় কতজন মানুষ এই রোগে আক্রান্ত হয়ে মারা গেছেন। ওঁর ঐ লিষ্টটা যেন আমাদের কাছে সার্কুলেট করা হয় এই আবেদন আমি আপনার কাছে রাখছি।

মিঃ স্পীকারঃ হ্যাঁ, সবটাই সার্কুলেট করা হবে।

[12.20—12.30 P.M.]

Mr. Speaker : Now, the Minister-in-charge of Home (Police) Department will make a statement on the subject of reported attack on Dr. Hoimi Basu, M.L.A. on the 14th April, 1984, attention called by Shri Somendra Nath Mitra, Shri Abdul Mannan and Shri Sachin Sen on the 16th April, 1984.

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, in reply to the Calling Attention Notices given by Shri Somen Mitra, Abdul Mannan and Sachin Sen, M.L.As., regarding alleged attack on Dr. Hoimi Basu, M.L.A., in his chamber on the 14th April, 1984, I rise to make this statement.

At about 12.20 hrs. on the 17th March, 1984, i.e., the day of 'Dol Jatra', a group of anti-social boys of Sree Mohan Lane led by Jhora of Chandra Mondal Lane, all reportedly enjoying the patronage of a section of the Congress(I), wanted to sprinkle coloured water on the daughter of Shri Dhiren Mondal of Chandra Mondal Lane. On being refused, Jhora and his accomplishes picked up a quarrel with Shri Dhiren Mondal and had an encounter with some local boys who gave protection to the daughter. In the encounter, Shri Gopal Mondal and one Chambal sustained injuries. Thereafter, there was brick-batting by both sides causing demage to two taxis. The Police instituted a case in this connection and arrested two persons named Bablu Basu and Bablu Barik. Chambal was treated in hospital for injuries. These incidents gave rise to local commotion between two groups in the area.

On the 14th April, 1984, Sambhu Biswas of Nepal Bhattacharjee First Lane and Chandan Ghosh of Tollygunge Road, known anti-social elements reportedly enjoying the patronage of a section of the Congress(I), went to Chandra Mondal Lane and got involved in a clash with some local people. A case and a counter-case have been registered in this connection. Chandan Ghosh and Sambhu Biswas have been arrested. To prevent further untoward incidents in the locality, the Police posted two pickets—one at Chandra Mondal Lane and the other near the Chamber of Dr. Hoimi Basu. Further on

the 15th April, 1984, the Police conducted a raid in the area and arrested 14 anti-socials for rowdyism.

It is not a fact that there was any assault on Dr. Hoimi Basu or attack on his chamber by some anti-social elements on the 14th April, 1984. D. C., South had personally visited the area including the Chamber of Dr. Hoimi Basu after the incident. He had also met Dr. Hoimi Basu. No allegation was made about assault on the chamber or on himself by Dr. Basu.

Mr. Speaker : Now, the Minister-in-charge of Irrigation and Waterways Department will make a statement on the subject of deplorable condition of the farmers for want of irrigation water due to destruction of the sluice gate on the river Kotla in Bongaon Sub-division, called attention by Shri Bhupendra Nath Seth on the 17th April, 1984.

শ্রীননী ভট্টাচার্য : মাননীয় স্পীকার মহাশয়, ২৪ পরগনা জেলার বনগাঁ মহকুমার বাংলাদেশ সীমান্তের সুতিয়া বি. বি. পি.-র কাছে কোদালিয়া খালের উপর চার দরজা বিশিষ্ট একটি হিউম পাইপ রেগুলেটর নির্মাণ করা হয়েছিল। (১৯৮০-৮১)। এর উদ্দেশ্য ছিল ভারতীয় এলাকার প্রায় ৭০০ একর জমিতে রবি মরশুমে সেচের জল সরবরাহ করার জন্য ঐ খালে উদ্বৃত্ত বর্ষার জল ধরে রাখা।

খবর পাওয়া গেছে গত ১১-২-৮৪ তারিখের মধ্যরাত্রে কিছু দুষ্কৃতকারী রেগুলেটরটির চারটি দরজা খুলে দেয়। ফলে পরদিন সকাল পর্যন্ত বেশ কিছু জল ভারতীয় এলাকার মধ্য থেকে বাংলাদেশে বয়ে যায়। আমাদের অফিসারগণ সঙ্গে সঙ্গে এর মোকাবিলা করেন। জেলা শাসক বর্ডার সিকিউরিটি ফোর্সের জওয়ানদের বিশেষ ব্যবস্থা হিসাবে ঐ স্থানে মোতায়েন করেছেন। আমি এর সঙ্গে একটা যোগ করছি ঐ স্লুইসটি কিছু মেরামত করা হয়, যাতে নদীর জল ধরে রাখা সম্ভব হয়।

উল্লেখযোগ্য বোরো চাষের জন্য ঐ প্রকল্প করা হয় নি। বস্তুতঃ ঐ স্থানীয় খালটিতে শীতের শেষে ও গ্রীষ্মে খুব কম জলই সঞ্চিত থাকে।

রবি ও বোরো চাষের জন্য কৃষি (ক্ষুদ্র সেচ) দপ্তর কর্তৃক নদী জল উত্তোলনকারী পাম্প বসান হয়। খরার বৎসরগুলিতে অবশ্য এই পাম্পগুলি চালু রাখা এমনিতেই অসুবিধাজনক।

বোরো চাষের জন্য অগভীর নলকূপ স্থাপন করে সেচের জল সরবরাহ করা যায় কিনা তার জন্য সমীক্ষা চালানোর ব্যবস্থা হচ্ছে।

LAYING OF REPORT

The Seventh Annual Repoat and Accounts of the West Dinajpur Spinning Mills Limited for the year 1981-82

Shri Patit Paban Pathak : Sir, with your permission, I beg to lay the Seventh Annual Report and Accounts of the West Dinajpur Spinning Mills Limited for the year 1981-82.

FINANCIAL

Budget of the Government of West Bengal for 1984-85

Part—XVII

Voting on Demand for Grant

Mr. Speaker : Today is the last day for Voting on Demands for Grant. There are as many as 20 heads of Demands for grants for disposal. In conformity with the previous practice and in pursuance of rule 209(3) of the Rules of Procedure and Conduct of Business in the Wast Bengal Legislative Assembly I fix that the House will sit today upto 6-30 P.M., and I also fix that the guillotine will fall at 5-80 p.m. Immediately after 5-30 p.m. I shall put all the outstanding questions to vote without any debate. I hope that the members will try to be brief in their speeches.

Demand No. 59

Major Heads : 314-Community Development (Panchayat), 363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat) and 714-Loans for Community Development (Panchayat).

Demand No. 60

Major Heads : 314-Community Development (Excluding Panchayat), and 514-Capital Outlay on Community Developmepment (Excluding Panchayat).

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : ২। বামফ্রন্ট সরকার ক্ষমতার গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের নীতিকে যথার্থই অনুসরণ করে চলেন। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের প্রণয়নে ও রূপায়ণে স্থানীয় জনসাধারণের একটা বৃহৎ অংশের অংশগ্রহণকে বামফ্রন্ট সরকার সুনিশ্চিত করতে চান। সেই জন্যই ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পরই

সরকার ১৯৭৮ সালের জুন মাসের পঞ্চায়েত সাধারণ নির্বাচনের মাধ্যমে পঞ্চায়েত সংস্থাগুলিকে পুনর্গঠিত এবং পুনরুজ্জীবিত করেছিলেন, যাতে গ্রামীণ জীবনের সামাজিক তথা অর্থনৈতিক রূপান্তরে এই সংস্থাগুলি কার্যকরী ভূমিকা পালন করতে পারে।

৩। উক্ত সংস্থাগুলির কার্যকাল শেষ হবার পরই বামফ্রন্ট সরকার তাঁদের নীতিতে আস্থাশীল থেকে ১৯৮৩ সালের মে মাসে দ্বিতীয় পঞ্চায়েত নির্বাচন সম্পন্ন করার মত গুরুদায়িত্ব গ্রহণ করেছিলেন এবং সমস্ত পশ্চিমবঙ্গেই একই দিনে পঞ্চায়েতের তিনটি স্তরেই বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সমর্থ হয়েছেন।

৪। হীরাপুর এবং কুলটি ছাড়া আসানসোল ও দুর্গাপুর মহকুমার অন্যান্য ব্লকগুলিতে এই প্রথম পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ছয়টি ব্লককে দ্বিধা-বিভক্ত করা হয়েছে। এই ব্লকগুলি হল ২৪ পরগনা জেলার ব্যারাকপুর, নদীয়া জেলার করিমপুর, হুগলি জেলার গোঘাট, মেদিনীপুর জেলার পটাশপুর এবং খেজুরি ও কোচবিহার জেলার তুফানগঞ্জ। এর ফলে ছয়টি নতুন পঞ্চায়েত সমিতি সৃষ্টি করা হয়েছে। যাদবপুর মিউনিসিপ্যালিটি সৃষ্ট হওয়ার ফলে আগেকার যাদবপুর-বেহালা ব্লকের দুটি অঞ্চল মহেশতলা-মেটিয়াবুরুজ ব্লকের সঙ্গে যুক্ত করে, এই শেষোক্ত ব্লকটিকে দুটি ব্লকে অর্থাৎ দুটি পঞ্চায়েত সমিতি এলাকায় রূপান্তরিত করা হয়েছে। এই দুটি পঞ্চায়েত সমিতির নাম মহেশতলা এবং ঠাকুরপুকুর-মেটিয়াবুরুজ। প্রশাসনের সুবিধার্থে এই সমস্ত ব্যবস্থা নেওয়ার ফলে বর্তমানে পঞ্চায়েত সমিতির সংখ্যা ৩৩৯ এবং গ্রাম পঞ্চায়েতের সংখ্যা ৩,৩০৫।

দ্বিতীয় বারের পঞ্চায়েত সাধারণ নির্বাচনে যে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদগুলি সৃষ্টি হয়েছে সেগুলির নির্বাচিত প্রতিনিধির মোট সংখ্যা প্রায় ৫৬ হাজার। নির্বাচনের ঠিক পরবর্তীকালেই রাজ্য সরকারকে পঞ্চায়েত সংস্থাগুলির প্রথম অধিবেশনের ব্যবস্থা করতে হয়েছিল। এই প্রথম অধিবেশনে পঞ্চায়েত সংস্থাগুলির কর্মকর্তারা নির্বাচিত হয়েছেন।

৫। স্থানীয় জনসাধারণের ইচ্ছা এবং চাহিদা অনুযায়ী অর্থ ব্যয় যাতে স্থানীয় সম্পদের সঙ্গে সামঞ্জস্য বিধান করে হতে পারে সে জন্য রাজ্য সরকার বহু সংখ্যক প্রকল্প রূপায়ণের ভার এই পঞ্চায়েত সংস্থাগুলির উপর অর্পণ করেছেন এবং প্রয়োজনীয় অর্থনৈতিক ও প্রশাসনিক সাহায্য দিয়েছেন। প্রায় ২৭টি উন্নয়নমূলক পরিকল্পনা সরকারের বিভিন্ন দপ্তর কর্তৃক রূপায়ণের জন্য পঞ্চায়েতের তিনটি স্তরেই ন্যস্ত হয়েছে। এই প্রকল্পগুলির মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য কয়েকটি প্রকল্প হল—

(১) জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প (N. R. E. P.)

(২) কর্মসুযোগ সৃষ্টি প্রকল্প (Employment Generation Works)

(৩) গ্রামের ভূমিহীনদের জন্য কর্মসংস্থান প্রকল্প (Rural Landless Employment Guarantee Scheme)

(৪) সার্বিক গ্রামীণ উন্নয়ন প্রকল্প (I. R. D. P.)

(৫) ভূমিহীন শ্রমিকদের জন্য গৃহ নির্মাণ প্রকল্প (Rural Housing for Landless Labourers) ইত্যাদি। খাস জমি বিতরণের ব্যাপারে, বর্গাদারদের নথিভুক্ত করা এবং ব্যাংক থেকে ঋণ দেওয়ার ব্যাপারে, মিনিকিট বিতরণ, বয়স্ক শিক্ষা বা স্বাস্থ্য সম্পর্কিত নানা প্রকার প্রকল্প রূপায়ণের ব্যাপারে পঞ্চায়েত সংস্থাগুলিকে জড়িত করা হয়েছে। তাছাড়া পঞ্চায়েত সংস্থাগুলি কিছু কিছু প্রকল্প নিজেরাই রূপায়িত করে থাকেন, যেমন পঞ্চায়েত ঘর নির্মাণ, সামাজিক বনসৃজন প্রকল্পের অন্তর্গত অঞ্চল নার্সারী ও সমবায়ভিত্তিক গ্রামীণ রাস্তা নির্মাণ প্রকল্প।

৬। পঞ্চায়েত সংস্থাগুলির সাহায্য নিয়ে ১৯৮৩ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত মোট ৭.৬৯ লক্ষ একর সরকারে ন্যস্ত কৃষি জমি বিলি করা হয়েছে। এতে ১৪.৭৬ লক্ষ লোক উপকৃত হয়েছেন। এঁদের মধ্যে শতকরা ৫৫ ভাগ তফসিলী জাতি বা উপজাতি শ্রেণীভুক্ত। এ সময়ের মধ্যে ১২.৬১ লক্ষ বর্গদারের নাম নথিভুক্ত করা হয়েছে। সার্বিক গ্রামীণ উন্নয়ন প্রকল্পে গত এক বছরে ৬১ হাজার পরিবার উপকৃত হয়েছেন। এঁদের মধ্যে ১৮ হাজার তফসিলী জাতি এবং ৩ হাজার তফসিলী উপজাতি পরিবারভুক্ত। জাতীয় কর্মসংস্থান প্রকল্পে ১৯৮৩ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত ১৭৪.৯৫ লক্ষ-শ্রম-দিবস সৃষ্টি করা হয়েছে।

১৩০০ অফিস ঘর তৈরী করার জন্য গ্রাম পঞ্চায়েতকে সহায়ক অনুদান মঞ্জুর করা হয়েছে। আগামী বছর প্রায় ১৪৫টি অফিস ঘর তৈরী করার জন্য গ্রাম পঞ্চায়েতকে সহায়ক অনুদান দেওয়ার প্রস্তাব আছে। গ্রামীণ জীবনে পরিবেশের সমতা রক্ষা করার ব্যাপারে সাহায্য করার জন্য সামাজিক বন-সৃজন প্রকল্পের মাধ্যমে ২৮টি অঞ্চল নার্সারী প্রকল্প পঞ্চায়েত দপ্তর কর্তৃক গৃহীত হয়েছে। ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে আরও ৫০টি অঞ্চল নার্সারীর প্রকল্প গ্রহণ করা হবে। ১৯৮৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত ভূমিহীন কৃষি শ্রমিকদের জন্য গৃহনির্মাণ প্রকল্পে প্রায় এক লক্ষ চার হাজার তিনশত তেইশটি বাড়ী তৈরী হয়েছে এবং ১৯৭৮ সাল থেকেই পঞ্চায়েত সমিতিগুলি এই প্রকল্পটি রূপায়ণের ব্যাপারে কার্যকরী ভূমিকা গ্রহণ করেছে।

৭। দ্বিতীয় পঞ্চায়েত সাধারণ নির্বাচনের অব্যবহিত পরেই নির্বাচিত জন-

প্রতিনিধিদের প্রশিক্ষণের জন্য রাজ্যস্তরে কল্যাণী প্রশিক্ষণ কেন্দ্রে একটি ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছিল। প্রতি জেলায় ও ব্লক স্তরেও এ রকম প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। রাজ্যস্তরে প্রশিক্ষণ কর্মসূচীতে পঞ্চায়েত সমিতির সভাপতি, সহকারী সভাপতিদের প্রশিক্ষণের বন্দোবস্ত করা হয়েছিল এবং ব্লকস্তরের কর্মসূচীতে গ্রাম পঞ্চায়েতের প্রধান, উপ-প্রধানদের এবং পঞ্চায়েত সমিতির স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। ১৯৮৩-৮৪ সালে রাজ্যস্তরে পঞ্চায়েত সমিতির ৬৫০ জন প্রতিনিধি প্রশিক্ষণ প্রাপ্ত হয়েছিলেন এবং ব্লকস্তরে নয় হাজার প্রতিনিধি প্রশিক্ষণ প্রাপ্ত হয়েছিলেন। জনপ্রতিনিধিদের এই প্রশিক্ষণ প্রদান করেছিলেন প্রায় সাত শত জন সরকারী আধিকারিক। তাছাড়া গ্রাম পঞ্চায়েত সচিবদের এবং কর্মসহায়কদের জন্য সারা বৎসর ধরেই নিয়মিত প্রশিক্ষণ প্রদানের বন্দোবস্ত আছে। ১৯৮৩-৮৪ সালের এ রকমভাবে প্রশিক্ষণপ্রাপ্ত গ্রাম পঞ্চায়েত সচিব ও কর্মসহায়কের সংখ্যা প্রায় সাত শত জন।

৮। পঞ্চায়েত সংস্থাগুলির প্রশাসনে অর্থনৈতিক শৃঙ্খলা আনার জন্য একটি চলমান হিসাব নিরীক্ষা পদ্ধতি অনুসরণ করা হচ্ছে। এই উদ্দেশ্যে ব্লক, মহকুমা, জেলা এবং বিভাগীয় স্তরে হিসাব নিরীক্ষা আধিকারিকদের (Audit and Accounts Officers) নিয়োগ করা হয়েছে। পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের আইনানুগ হিসাব পরীক্ষা করেন স্থানীয় হিসাব পরীক্ষক (Examiner of Local Accounts)। গ্রাম পঞ্চায়েতের আইনানুগ হিসাব পরীক্ষা করেন পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিকেরা। পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিকরা ১৯৮১-৮২ আর্থিক বৎসরে ৩,০৪৫টি গ্রাম পঞ্চায়েতের হিসাব করেছেন এবং ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে ১,৯১৫টি গ্রাম পঞ্চায়েতের হিসাব পরীক্ষা করেছেন।

৯। আমি এখন ১৯৮৪-৮৫ সালের বাজেটে বিভিন্ন খাতে প্রস্তাবিত ব্যয় বরাদ্দের হিসাবগুলি পেশ করছি :

(ক) **পঞ্চায়েত শাখা সম্পর্কিত ৫৯ সংখ্যক অভিযাচন—**

(১) পঞ্চায়েত অধিকার ও বিভিন্ন জেলায় নিযুক্ত এবং ব্লক প্রশাসনে নিযুক্ত কর্মীদের মাহিনা, ভাতা, পাথেয় ইত্যাদি বাবদ এবং বিভিন্ন স্তরে পঞ্চায়েত প্রশাসন যন্ত্রকে সুদৃঢ় করে তোলার জন্য ২ কোটি ৬৮ লক্ষ ৪০ হাজার টাকা ব্যয়-বরাদ্দের জন্য প্রস্তাব করা হচ্ছে। এর মধ্যে হিসাবরক্ষা ও নিরীক্ষা সংস্থার ব্যয়-বরাদ্দ ধরা আছে।

(২) পঞ্চায়েত সংস্থাগুলির বেসরকারি কর্মী প্রতিনিধিদের, গ্রাম পঞ্চায়েতের

সচিবদের, গ্রাম পঞ্চায়েতের কর্মসহায়কদের, হিসাব নিরীক্ষকদের ও সরকারী কর্মচারীদের প্রশিক্ষণ ব্যয় বাবদ ১৪ লক্ষ ২৫ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি।

(৩) গ্রাম পঞ্চায়েত সচিব, চৌকিদার, দফাদার, কর্মসহায়ক এবং কর আদায়-কারীদের বেতন, ভাতা, কমিশন ইত্যাদি বাবদ সরকার বাৎসরিক অনুদান দিয়ে থাকেন। উন্নয়নমূলক কাজের জন্য থোক অনুদান দিয়ে থাকেন গ্রাম পঞ্চায়েতকে প্রতি বৎসর। কর, অভিকর, শুল্ক ইত্যাদি সংগ্রহের পরিমাণের দিকে লক্ষ্য রেখে সমপরিমাণ অনুদান (অনধিক গ্রাম পঞ্চায়েত পিছু ৫০০০ টাকা পর্যন্ত) সরকার গ্রাম পঞ্চায়েতকে দেন প্রতি বৎসর। এ ছাড়াও জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতি কর্তৃক গ্রামীণ স্বাস্থ্য ব্যবস্থা এবং পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যাবলী যেমন পয়ঃপ্রণালী ইত্যাদির সংরক্ষণ, অবদানভিত্তিক গ্রামীণ রাস্তা তৈরী প্রকল্প, জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির কর্মচারীদের বেতন, ভাতা, পাথেয় এবং গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদের সভ্যদের সভায় যোগদান করার জন্য পাথেয় ইত্যাদি বাবদ অনুদানও সরকার দিয়ে থাকেন ফি বছর। অঞ্চল নার্সারী প্রকল্পের জন্য, সামাজিক বন-সৃজন প্রকল্পের জন্য এবং সর্বভারতীয় পঞ্চায়েত পর্ষদকে দেয় ব্যয়ভার সংক্রান্ত অনুদানও বহন করেন প্রতি বৎসর। এই সমস্ত খাতে অনুদান দেবার জন্য মোট ১৮ কোটি ৮৮ লক্ষ ৬৮ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে।

(৪) গ্রাম পঞ্চায়েতের নিজস্ব অফিস বাড়ী তৈরীর জন্য এবং জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির অফিস বাড়ী সম্প্রসারণের জন্য ৩০ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি;

৫। মাসিক পত্রিকা "পঞ্চায়েতী রাজ" প্রকাশনার জন্য, পঞ্চায়েতের কাজের গবেষণা ও মূল্যায়নের জন্য এবং পঞ্চায়েত সংক্রান্ত পরিদর্শনের জন্য মোট একলক্ষ ৭২ হাজার টাকার ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি।

(৬) পঞ্চায়েত নির্বাচনের জন্য পাঁচ লক্ষ টাকার থোক ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে।

(৭) পঞ্চায়েত সংস্থার কর্মচারীদের অতিরিক্ত মহার্ঘ ভাতা দেবার জন্য ১ কোটি ৮৭ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে।

(৮) পথ এবং পূর্ত অভিকরের পরিবর্তে জিলা পরিষদ সরকারের কাছ থেকে অনুদান পান। এ ছাড়াও ভূমি শুল্কের চলতি অভিযাচনের উপর গত তিন বৎসরের

শুল্ক সংগ্রহের পরিমাণের পাঁচ শতাংশ জিলা পরিষদকে অনুদান হিসাবে দেওয়া হয়। এসবের জন্য ২ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি।

(৯) পঞ্চায়েত সংস্থাগুলিকে কোন সংকটের সময় অত্যাবশ্যকীয় ঋণদানের জন্য ১০ হাজার টাকার একটি টোকেন ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে।

(খ) **সমষ্টি উন্নয়ন শাখা সম্পর্কিত ৬০ সংখ্যক অভিযাচন—**

(১) ব্লক প্রশাসনের প্রশাসনিক ব্যয় ববাদ ১৩ কোটি ৭২ লক্ষ ৩৪ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে।

(২) তিনটি প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনার জন্য ৬ লক্ষ ৬ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে।

(৩) মহিলা মণ্ডলের মাধ্যমে পুষ্টি প্রকল্পে শিক্ষাদানের উদ্দেশ্য এবং মহিলা মণ্ডলগুলিকে উন্নততর ও সবলতর করে তোলার উদ্দেশ্যে মোট ১০ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি।

(৪) পঞ্চায়েতের মাধ্যমে গ্রামীণ গৃহনির্মাণ প্রকল্পে ভূমিহীন শ্রমিকদের জন্য গৃহনির্মাণের উদ্দেশ্যে ১ কোটি ৪৪ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি।

(৫) ব্লক/পঞ্চায়েত সমিতির অফিস গৃহ নির্মাণের জন্য ৪২ লক্ষ টাকা ব্যয় মঞ্জুরীর প্রস্তাব রাখা হচ্ছে।

(৬) কর্মচারীদের অতিরিক্ত মহার্ঘ ভাতা দেওয়ার জন্যে ৮২ লক্ষ ২০ হাজার টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

(গ) **৬০ সংখ্যক অভিযানের অন্তর্গত পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন দপ্তর ছাড়া অন্য দপ্তর সংক্রান্ত—**

(১) মৎস্য দপ্তরের অন্তর্ভুক্ত ট্যাংক ফিসারি প্রকল্পের জন্য মোট ৫৪ লক্ষ ৭ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে।

(২) পশুপালন ও পশু চিকিৎসা দপ্তরের অন্তর্গত পশু চিকিৎসা সম্পর্কিত ব্যবস্থাদির জন্য মোট ২৬ লক্ষ ১১ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি।

(৩) কৃষি দপ্তরের প্রশিক্ষণ তথা উন্নয়ন পরিকল্পনার জন্য মোট ৮ লক্ষ ৪২ হাজার টাকা ব্যয় মঞ্জুরীর প্রস্তাব রাখছি।

১০। এখন আমি ১৯৮৪-৮৫ সালের আর্থিক বৎসরে নিম্নোক্ত ব্যয়-বরাদ্দগুলি মঞ্জুর করার জন্য বিধানসভাকে অনুরোধ করছি :

(ক) ৫৯ নং অভিযাচনের অন্তর্ভুক্ত নিম্নোক্ত খাতগুলিতে মোট ২৬ কোটি ১৫ লক্ষ ৯৫ হাজার টাকা :

(১) "314-Community Development (Panchayats)" শীর্ষক বাজেট থেকে ২৩ কোটি ৯২ লক্ষ ৮৫ হাজার টাকা ;

(২) "363-Compensation & Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayats)"—শীর্ষক বাজেট থেকে ২ কোটি ২০ লক্ষ টাকা ; এবং

(৩) "714-Loan for Community Development (Panchayats)" শীর্ষক বাজেট থেকে ১০ হাজার টাকা।

(খ) ৬০ সংখ্যক অভিযাচনের অন্তর্ভুক্ত নিম্নোক্ত বাজেট খাতগুলিতে মোট ১৭ কোটি ৪৫ লক্ষ ২০ হাজার টাকা :

(১) "314-Community Development (Excluding Panchayats)" বাজেট শীর্ষক থেকে ১৭ কোটি ৩ লক্ষ ২০ হাজার টাকা" ; এবং

(২) "514-Capital Outlay on Community Development (Excluding Panchayats)" শীর্ষক বাজেট থেকে ৪২ লক্ষ টাকা।

Mr. Speaker : All the cut motions are in order and taken as moved.

Demand No. 59 (cut motions)

Shri Somendra Nath Mitra : Sir, I beg to move that the amount of Demand be reduced to Re. 1/-.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

Demand No. 60 (cut motions)

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

[12.30—12.40 P.M.]

শ্রীসত্যরঞ্জন বাপুলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত-রাজ কায়েম করতে গিয়ে এই বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় দুর্নীতি-রাজ কায়েম করেছেন। এটা

শুধু বক্তৃতায় নয়, আমি আপনার মারফৎ তথ্য দিয়ে মন্ত্রী মহাশয়কে বুঝিয়ে দেবার চেষ্টা করবো। স্যার, আপনি জানেন যে পঞ্চায়েত নির্বাচনের পরে দেবব্রতবাবু এই বিভাগের মন্ত্রী হয়ে এসেছিলেন। আমরা দেখেছিলাম সেই সময়ে পঞ্চায়েতের মধ্যে গতিবেগ শ্লথ হলেও কিছু কিছু কাজ আরম্ভ হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় দেখতে পাচ্ছি পঞ্চায়েত-রাজের মাধ্যমে কাজ করতে গিয়ে গ্রামের সরল সাধারণ মানুষ, যারা কোন দিন দুর্নীতির কথা ভাবতে পারে নি, এই বামফ্রন্টের কর্মতৎপরতার ফলে, তাদের চেষ্টার ফলে সারা পশ্চিম বাংলায় গ্রামের মানুষ দুর্নীতিপরায়ণ হয়ে পড়ছে। এরাই আজকে গ্রামের সরল মানুষদের দুর্নীতিপরায়ণ করে তুলেছে। তারা চিরাচরিতভাবে এই একটা বড় কীর্তি লাভ করেছে। আমি স্মরণ করিয়ে দিতে চাই যখন মোরারজী দেশাই প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনি এঁদের ২০০ কোটি টাকা দিলেন খরা এবং বন্যা মোকাবিলা করার জন্য—এইসব প্রাকৃতিক দুর্যোগ রোধ করবার জন্য। যেহেতু ওঁরা কেন্দ্রকে সমর্থন করতেন, সেই জন্য শত শত কোটি টাকা তাদের কাছে এলো। সেই টাকা ব্যয় করা হলো পঞ্চায়েতের মাধ্যমে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই যে ঐ যে টাকা ১৯৭৮-৭৯ সালে খরার জন্য এবং ১৯৮০ সালে বন্যার জন্য কেন্দ্র থেকে দেওয়া হলো, সেই টাকার হিসাব এরা ভারত সরকারকে পৌঁছে দিতে পারে নি। আপনারা কোন্ কোন্ খাতে কোন্ কোন্ টাকা খরচ করেছেন তার হিসাব পর্যন্ত দিতে পারেন নি। তার জন্য সেইসব তদারকি করার জন্য একজন মন্ত্রীকে দিল্লীতে গিয়ে দরবার করতে হয়েছিল এবং আরও কিছু নেবার জন্যও তিনি দরবার করতে গিয়েছিলেন, একথা কিন্তু আমাদের জানা আছে। পঞ্চায়েত-রাজ, ভাল কথা, সাধারণ মানুষের হাতে ক্ষমতা আসবে। কিন্তু হলো অন্য জিনিস। এই সব পঞ্চায়েত অফিসগুলি হলো শুধু সি. পি. এম.-দের আড্ডাখানা, সি. পি. এম.-দের পার্টি অফিস। আসলে এদের একটা করে প্রচার কেন্দ্র তৈরী হলো। প্রত্যেকটি সি. পি. এম. পার্টি এই সব পঞ্চায়েতে পার্টি'র কাজ করে। কেন এই জিনিস হলো? আমি এই ব্যাপারে দেবব্রতবাবুকে একটা প্রশ্ন করেছিলাম। তিনি উত্তর দিয়েছিলেন ৫১ জন সি. পি. এম. প্রধান গ্রেপ্তার হয়েছে। গত নির্বাচনের আগে ১০০ জন প্রধানকে বরখাস্ত করেছিলেন। ওনারা নিজেরাই ঢাক পিটিয়েছেন যে দুর্নীতি হয়েছে। আপনারা বলেছিলেন যে, পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের লোক কাজ করবে। আমরা বাস্তবে দেখেছি যে একটি দলের লোক ছাড়া কেউই পঞ্চায়েতের মাধ্যমে কাজ পায় নি। এমনকি সেখানে ফরোয়ার্ড ব্লক, আর. এস. পি. কারও স্থান হয় নি। কি পঞ্চায়েত সমিতিতে, কি জেলা পরিষদে কোন দলের লোক কাজ করতে পারে নি। ওঁদের

যে-সব মাননীয় সদস্য আছেন তাঁদের মাধ্যমে কাজ করা হয়েছে। অন্যান্য কোন জায়গায় কেউ কাজ করতে পারে নি। আমি উদাহরণ দিয়ে পরে সংখ্যাভিত্তিক বলবো। আমি দেখেছি জেলা পরিষদে যে-সব চেয়ারম্যান আছে এবং সেখানে যে-সব স্থায়ী সমিতি আছে সেই এলাকায় যে-সব সি. পি. এম. আছে তাদের নিয়ে কাজ করা হয়েছে। অন্য কেউ সেখানে স্থান পায় নি—এমনকি ফরোয়ার্ড ব্লক, আর. এস. পি. তারাও স্থান পায় নি। স্যার, আমি একটা ছবি আপনার সামনে তুলে ধরতে চাই। মণ্ডলবাজারে যেসব পঞ্চায়েত সমিতিগুলি আছে, ৭টি সমিতি আছে। এই সবগুলিতেই কংগ্রেস প্রধান আছে। একটিতেও সি. পি. এম. আসন গ্রহণ করতে পারে নি। সেই সমস্ত জায়গায় ঐ কংগ্রেসী প্রধানদের দিয়ে কাজ করানো হয় না। ওদের যারা হেরে গেছে তাদের দিয়ে কাজ করানো হচ্ছে। সেখানে নির্বাচিত প্রতিনিধি কাজ করে না। অর্থাৎ বেশ পরিষ্কার দেখা যাচ্ছে এই সব পঞ্চায়েতে কি রকম দলবাজী হচ্ছে। কলকাতায় ব্রিগেড প্যারেড গ্রাউণ্ডে মিছিল আনতে হবে—মিটিং হবে, তার জন্য টাকা ব্যয় কোথা থেকে হবে? মন্ত্রী মহাশয় চিঠি দিয়ে দিলেন ঐ এন. আর. ই. পি.-তে যে টাকা দেওয়া আছে, তার থেকে টাকা খরচ কর। এরচেয়ে দুর্ভাগ্যের বিষয় আর কি হতে পারে! এইভাবে দলবাজী করে আপনারা পশ্চিমবাংলার বুকে এন. আর. ই. পি.-র কাজ করবেন? আমি একটা কথা বলি। দেবব্রতবাবু বলেছিলেন যে, ফ্লাই অডিট সিস্টেম চালু করা হবে। আমি জানতে চাই এই ফ্লাইং অডিট সিস্টেম কি আপনারা চালু করতে পেরেছেন? আপনার কাছে বলে লাভ নেই। কারণ আপনি এইটাই তো চান। আপনি ছিলেন এক জায়গায়, আবার এলেন পঞ্চায়েতমন্ত্রী হয়েও। আপনি কতটা বর্গা রেকর্ড হয়েছে, কত জমি বিলি হয়েছে এইসব তথ্য ভুল দিয়েছেন। জমি বিলি করা আপনাদের আমলে হয় নি। আপনি কংগ্রেস আমলের পরিসংখ্যান দিয়েছেন। আপনি পঞ্চায়েতমন্ত্রী, কতটা জমি ভেষ্টেড হয়েছে, কতটা জমি রেকর্ড হয়েছে, যেটা ল্যাণ্ড রিফর্ম দপ্তরের বাজেট প্লেস করতে গিয়ে তথ্য দিয়েছিলেন, সেই তথ্য আবার এখানেও দিচ্ছেন। কত বর্গা রেকর্ড হয়েছে আমি জানি না। তবে একটি মন্ত্রীর দুটি দপ্তর। সেইজন্য দু' জায়গার বক্তৃতা এক রকম হয়ে যাচ্ছে।

আপনাদের বর্গা রেকর্ড করাবার জন্য যদি ল্যাণ্ড রিফর্মস্ ডিপার্টমেন্টের কোন কাজ না থাকে, আমি জানিনা আপনি পর্যন্ত ক'জন বর্গাদারকে রেকর্ড করিয়েছেন, আর এই একটা পুরান রেকর্ড প্রতি বছরই আপনারা বাজান যে, ১৬ লক্ষ বর্গাদারকে রেকর্ড করিয়েছি। আপনারা বক্তৃতায় বলেন, পঞ্চায়েতের

বক্তৃতায় বলেন, সব জায়গায় বলেন। কিন্তু আমি বুঝতে পারি না, আপনাদের কোন্ বক্তব্যটা কার মাধ্যমে সত্যি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনাকে প্রশ্ন করি, শত শত চৌকিদার দফাদার রিটায়ার করে চলে গেছে, তাদের ছেলেরা চাকরি পাবার জন্য বহু আন্দোলন করেছে, বহুবার এসেছে, কিন্তু আপনি আমাকে বলবেন, কোন্ কারণে শত শত চৌকিদার, দফাদার, যারা সামান্যতম বেতন পেত, গ্রামের মুখ চেয়ে কাজ করতো, আজ পর্যন্ত ৬০০ জন চৌকিদারের পদ আপনার ডিপার্টমেন্টে খালি পড়ে রয়েছে, কিন্তু তাদের এ্যাপয়েন্টমেন্ট করার কোন পদ্ধতিও ঠিক করতে পারলেন না। দুঃখের বিষয় ৭/৮ বছর বামফ্রন্ট সরকার রাজত্ব করলেন, কিন্তু চৌকিদার-দফাদারদের এ্যাপয়েন্টমেন্টের পদ্ধতি আজ পর্যন্ত ঠিক করতে পারেন নি, তাদের এ্যাপয়েন্টমেন্ট দিতে পারেন নি। আপনার কাছে আর একটি কথা বলি, আপনাদের পঞ্চায়েত সেক্রেটারী, তাদের কাজ ফিক্স আপ করার জন্য বহুবার আপনার ডিপার্টমেন্টেই শুধু আবেদন করেনি, আপনার কাছেও বলেছিল, আপনি তখন অবশ্য মন্ত্রী ছিলেন না, আপনি নূতন হয়েছেন, আপনি জানেন না, আমরা দেখতে পাচ্ছি, বারবারই তাঁরা বলেছেন আপনাদের কেবিনেট মেমো হয়েছে, আমার কাছে একটি চিঠি আছে, মিঃ বি. মজুমদার, কমিশনার ফর দি পঞ্চায়েত এ্যাণ্ড এক্স-অফিসিও, সেচ ডিপার্টমেন্ট অব পঞ্চায়েত, তাঁর একটা চিঠির জেরক্স কপি আমার কাছে আছে। তিনি বলছেন, We agreed to the subject for Cabinet's approval. বলতে পারেন কেন আজ পর্যন্ত আপনারা কেবিনেট এ্যাপ্রুভাল করাতে পারলেন না, ৩ হাজার ৫০০ জন সব সমেত পঞ্চায়েত সেক্রেটারী আছে পশ্চিমবাংলায়, এদেরকে আজ পর্যন্ত ক্লাস থ্রি ষ্টাফ করে সরকারী কর্মচারী হিসাবে গণ্য করতে পারলেন না। এদিকে আপনারা চারিদিকে টাকা বাড়িয়ে দিয়ে, মাইনে বাড়িয়ে দিয়ে, ভর্তুকি দিয়ে নানা রকম ভাবে চালাচ্ছেন। আপনি কি করেছেন, লক্ষ লক্ষ টাকা গ্রাম পঞ্চায়েতে পৌঁছে দিয়েছেন, পৌঁছে দিয়ে তাদের চেক্স এ্যাণ্ড ব্যালেন্স-এর ব্যবস্থা করেছেন, অডিটার আছে তাদের ? অডিট করার ব্যবস্থা আছে ? আমরা দেখছি টাকার খেলা, প্রধান মহাশয় নিজে টিপ দেন, গম তোলেন নিজে, টাকা নেন, আমি আপনার কাছে কয়েকবার এই বিধানসভায় তুলে দিয়েছি—আপনি বলুন, যাঁরা হিসাব জানেন না, সেখানে অডিট করার মত কোন ব্যবস্থা নেই, আর আপনাদের অডিট হয় কি রকম ? আমি আপনাকে বলি, ১৯৮২ সাল পর্যন্ত ১৫৬টি গ্রাম পঞ্চায়েতের অডিট হলো না। আপনারা ক্ষুব্ধ হয়েছিলেন কি না জানি না, ৬টি পঞ্চায়েত সমিতির অডিট হয় নি এবং শত শত গ্রাম পঞ্চায়েতে যখন অডিট হলো না, অডিট দাখিল

করতে পারছে না, কি করলেন? গ্রামের লোকেদের কাছে নয়, পঞ্চায়েতের অফিসে বসে ব্যাক ডেটে ভাউচার দিয়ে কোনও রকমে অডিট করে দিলেন। কারণ কেন্দ্রীয় সরকার বারবার চাপ দিতে আরম্ভ করেছিল, অডিট না করলে, খরচের হিসাব না দেখালে তারা আর টাকা দেবে না। আজকে বিনয়বাবু আপনাকে বলি, আপনি মাথাভারী লোক, আপনার একটা বিরাট দপ্তর রয়েছে, তার উপর আপনাকে আর একটা দপ্তর দিয়েছে, সেটা হলো পঞ্চায়েত। কারণ প্রথমে বামফ্রন্ট ঠিক বুঝতে পারেনি যে, পঞ্চায়েত দপ্তরটি রাজনীতি করার একটা তীর্থক্ষেত্র, তাই দিয়েছিল আর. এস. পি.-কে, কিন্তু আর. এস. পি'র মন্ত্রী যিনি সাহসের সংগে একদিন এখানে বললেন ৫৬ জন সি. পি. এম. প্রধানকে গ্রেপ্তার করা হয়েছে, সেদিন আমরা বুঝতে পারলাম যে তাঁর চাকরি আর বেশীদিন নেই। তাই আজকে আপনাকে দিয়েছে, কারণ আজকে পঞ্চায়েতে যত দুর্নীতি আমরা তুলে ধরেছি বা তুলে ধরছি, অফিসাররা তুলে ধরছেন, কিন্তু আপনি যতদিন থাকবেন, সি. পি. এম.-এর প্রধানদের বিরুদ্ধে কোনরকম ব্যবস্থা নেবেন না, সেটা আমাদের জানা আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্ভাগ্যের বিষয়, আপনারা বড় বড় কথা বলেন, আই. আর. ডি. পি.-'র কাজ করছেন, আপনার ভাষণে বলেছেন, আই. আর. ডি. পি.-তে আপনাদের অনুদান কি আছে? আমি আপনাকে বলি, আই. আর. ডি. পি.-তে যে-সমস্ত ব্যাঙ্ককে টাকা দেওয়া হয়েছে, আপনারা স্কীম করতে জানেন না, ব্যাঙ্কের সমস্ত অফিসাররা আমাদের কাছে বলে, আপনাদের টাকা খরচ করতে পারছেন না, কোটি কোটি টাকা ফিরে যাচ্ছে, বিকল্প ভায়েবল স্কীম পঞ্চায়েত থেকে তৈরী করতে পারে না।

[12.40—12.50 P. M.]

আর কি? নতুন যে-সমস্ত স্কীম তৈরী হয় সেখানে আপনাদের বিধানসভার সদস্যরা আছেন। কিন্তু যদি কংগ্রেসের লোক হয়, অন্য লোক হয় তাহলে সেখানে এন. আর. ই. পি., আই. আর. ডি. পি. ইত্যাদি কোন স্কীমই গ্রহণ করা হয় না, শুধু একমাত্র পঞ্চায়েতের মাধ্যমে সি. পি. এম.-এর স্কীমগুলি গ্রহণ করা হয়। আপনি এটাকে দলীয় রাজনীতির একটা তীর্থক্ষেত্র করে ফেলেছেন। আমি আপনাকে পরিসংখ্যান দিয়ে বলতে পারি বি. ডি. ও. অফিসার করেছেন, সেক্রেটারী করেছেন —কিন্তু কো-অর্ডিনেশন কোথায়? There is a lack of co-operation in the Panchayat Samity. আপনি খোঁজ-খবর নেবেন, সেখানে এক্সটেনশান অফিসার,

ফিসারি অফিসার প্রত্যেকেরই ডাইরেকটরেট আলাদা, তাঁদের সার্ভিস রিপ্লেস করে দিয়েছেন। But the B.D.O.'s have no responsibilities. They are being controlled by a separate Directorate and by all the officers. সেপারেট ডাইরেক্টরেট কন্ট্রোল করে, তাঁদের সার্ভিস রিপ্লেস করে দিয়েছেন। আমার কাছে বই রয়েছে, সেই বই থেকে পড়ে আপনাকে জানিয়ে দিতে পারি। কিন্তু কেউ কো-অর্ডিনেট করে না, সেক্রেটারির কথা কেউ শোনে না। পঞ্চায়েতের কথা বললেই আপনি নিশ্চয় লজ্জাবোধ করবেন। গ্রাম পঞ্চায়েত সম্বন্ধে আপনি বলেছেন তাদের বাড়ী করার টাকা দিয়েছেন, কিন্তু ৫৬টি পঞ্চায়েত বাড়ী তৈরী করার সিমেন্ট ব্ল্যাক মার্কেটে বিক্রী করে দিয়ে ঘেঁস, চুন দিয়ে বাড়ী করেছে। আমি নাম করে বলছি মথুরাপুরের দীঘির পাড় বকুলতলা গ্রাম পঞ্চায়েত থেকে ২০০ বস্তা সিমেন্ট তোলা হয়েছে। আপনি খোঁজ নিয়ে দেখবেন সেখানে সিমেন্ট বিক্রী করে দিয়ে ঘেঁস, চুন দিয়ে বাড়ী করা হয়েছে। আপনি বড় বড় কথা বলছেন, আমরা ঘর করার জন্য টাকা দিয়েছি। সেই টাকা নিয়ে কি হয়েছে? গভর্নমেন্টের কাছ থেকে সিমেন্ট নিয়ে ব্ল্যাক মার্কেটে বিক্রী করে দিয়েছে, এটা একটা চুরির বড় কারখানা তৈরী হয়েছে। আপনি হয়ত ভাববেন বিরোধী দলের পক্ষের লোক—কিন্তু আপনি খোঁজ নিয়ে দেখুন। আপনি একটা দুর্নীতি, চুরির কারখানা তৈরী করেছেন। গ্রামের লোকদের সবচেয়ে বেশী প্রশ্রয় দেবার জন্য এই যন্ত্র তৈরী করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডি. এম. জেলা পরিষদের কর্তা। কিন্তু আপনি গিয়ে দেখুন কো-অর্ডিনেশন কোথায় গিয়ে দাঁড়িয়েছে। ডি. এম, এ. ডি. এম. আই. এ. এস. অফিসার, তাদের সার্ভিস দেবার জন্য আপনারা কন্ট্রোল করছেন। কোন কো-অর্ডিনেশন আছে? একটির পর একটি ডিপার্টমেন্টের ফাইল বছরের পর বছর পড়ে আছে, কোন প্ল্যান প্রোগ্রাম নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি পরিসংখ্যান দিচ্ছি। স্যার, The working of Panchayat System in West Bengal—A Review of Main Events and Activities in 1980-81. এটা আমি একটু পড়ে শুনিয়ে দিচ্ছি। এর থেকেই বুঝতে পারবেন কতটা অপদার্থতার পরিচয় আপনি দিয়েছেন। রুরাল ওয়ার্কস প্রোগ্রামে কি আছে? সমস্ত ক্যাশের কথাটাই আমি বলছি। ১৯৭৯-৮০—ক্যাশ এ্যালটমেন্ট ইন টার্মস অব ল্যাক্স এ্যাণ্ড ফুড গ্রেনস ইন টার্মস অব এম. টি.—সেখানে আমরা কি দেখতে পাচ্ছি? রুরাল ওয়ার্কস প্রোগ্রামে ক্যাশ এ্যালটমেন্ট হয়েছিল ৯৮৬'৪০ ল্যাক্স, এক্সপেণ্ডিচার হচ্ছে ৬৭৫'১১ ল্যাক্স। তার মানে প্রায় ৩০০-র উপর আপনারা খরচ করতে পারেন নি। আর ফুড গ্রেনস এ্যালটমেন্ট হয়েছিল ৯৫৭'১২

মেট্রিক টন। ইউটিলাইজেশন হয়েছে ৮৫১'৬৪ এম. টি.। লাষ্টে আর একটি জিনিস আমি বলে দিচ্ছি। স্পেশাল ফুড ফর ওয়ার্কস যেটা আপনারা সো করেছেন, তাতে দেখা যাচ্ছে এক্সপেণ্ডিচার আইটেমস অব ল্যাক্স ইন ক্যাশ ৫৫৮'৫০ ল্যাক্স। আর ফুড গ্রেনসের এ্যালটমেন্ট ছিল ৯০৭'৪০ এম. টি., ইউটিলাইজেশন হয়েছে ৭৫৯'৪১ এম. টি.। আপনারা টাকা খরচ করতে পারেন নি, গম খরচ করতে পারেন নি। দিস ইজ ইউর রিটিন ডকুমেন্ট, এই বই থেকে পড়ে শোনালাম। সেন্ট্রাল গভর্নমেন্ট আপনাদের যে-সমস্ত টাকা, গম ইত্যাদি দিয়েছে সেগুলি খরচ করতে পারেন নি, তার ফ্যাক্টস এ্যাণ্ড ফিগারস দিয়েছি।

আপনারা বার বার বলেন যে, পঞ্চায়েত সেক্রেটারীদের মাধ্যমে আমরা কাজ করার চেষ্টা করছি। কিন্তু আমরা কি দেখছি? আমরা দেখছি, পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান এবং মেম্বারদের স্যাটিসফাই করতে করতেই তাদের সময় চলে যায়। আমি এরই একটা নমুনা আপনার মাধ্যমে স্যার, এই সভায় তুলে ধরছি। পঞ্চায়েত ইন ওয়েষ্ট বেঙ্গল ফ্রম ১৯৭৮-৭৯, ১৯৮০-৮১ তাতে যা বেরিয়েছে সেটাই আমি বলছি। সেখানে ক্যাশ এবং হুইট সম্পর্কে যা তথ্য আছে সে সম্পর্কে আমি কয়েকটি কথা বলছি। আগে যেটা ছিল সেই প্রজেক্টটা—দি প্রজেক্ট হ্যাজ বিন এ্যাবানডণ্ড উইথ এফেক্ট ফ্রম ১৫ই ডিসেম্বর, ১৯৮০। তারপর এন. আর. ই. পি. স্কীম হল। ফুড ফর ওয়ার্কের বদলে এই স্কীমটা হল। সেখানে দুর্ভাগ্যের বিষয় ১৯৭৮-৭৯ সালে যা হয়েছে সেটা অত্যন্ত দুঃখজনক। সেখানে আমি যা হিসাব দিচ্ছি সেটা ক্যাশ ইন টার্মস অব ল্যাক্স এবং গম ইন টার্মস অব মেট্রিক টন এইভাবে হিসাব দিচ্ছি। ১৯৭৮-৭৯ সালে যেখানে ২,৭৫,৩৮৫ টাকা ক্যাশ ছিল এবং গম ছিল ৪৯,০৭২, সেখানে খরচা হয়েছে তার চেয়ে ২০ পারসেণ্ট কম। ১৯৭৯-৮০ সালে ক্যাশ ছিল ৩,৯৪,৮৪৩, আর গম ছিল ৩০,৩৮৮ কিন্তু খরচা হয়েছে তার চেয়ে কম। ১৯৮১-৮২ সালে ক্যাশ ছিল ২,৭৫,১৩৯ আর গম ১৯,৯১০, কিন্তু সেটাও খরচ করতে পারেন নি। ফুড ফর ওয়ার্কের বদলে যে এন. আর. ই. পি. স্কীম হয়েছে তাতে যে টাকা খরচ করার জন্য দেওয়া হয়েছিল সেটাও খরচ হয় নি। তারপর 'পঞ্চায়েতরাজ' বলে একটি মাসিক পত্রিক বের করা হয়। তাতে মাননীয় মন্ত্রী মহাশয়ের একটি বক্তৃতা যা প্রকাশিত হয়েছিল সেটা আমি তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি। তিনি বলেছেন, 'ক্ষমতার মূল উৎস জনগণ, কাজেই মানুষকে নিয়ে কাজ করতে হবে।' অথচ সেখানে আমরা দেখছি, সেখানে যে-সমস্ত কংগ্রেসী পঞ্চায়েত, প্রধানরা আছেন তাঁরা সমান ভাগ পান না। জেলা পরিষদ যেগুলি আপনাদের

দখলে আছে সেখানে আমরা দেখছি, কংগ্রেসীরা ঠিক ঠিক ভাগ পান না। সেখানে আমরা দেখেছি, আপনারা আপনাদের মেম্বারদের দিয়ে কাজ করান। এইভাবে পঞ্চায়েতগুলিকে আপনারা দুর্নীতির আখড়ায় পরিণত করেছেন। আপনারা জানেন, রুর‍্যাল ডেভেলপমেণ্টে পঞ্চায়েতের একটি বড় ভূমিকা আছে। আপনারা খালি টাকা টাকা করেন আর কেন্দ্রের দোষ দেন, কিন্তু সেই টাকা দিলেও তা চুরি হয়ে যায় এটা আমরা দেখেছি। এই যদি অবস্থা হয় তাহলে ডেভেলপমেণ্টের কাজ হবে কি করে? তারপর আমরা আরো দেখেছি, একই স্কীম একই পঞ্চায়েত থেকে তিনবার করে দেওয়া হচ্ছে। এ সম্পর্কে অডিট অবজেকশানও দিয়েছে। এ. জি. বলেছেন, অডিট ঠিকমত হচ্ছে না, কিন্তু তা সত্ত্বেও কোন ব্যবস্থা হচ্ছে না। তাছাড়া আপনারা কোন ভায়াবল স্কীমও তৈরী করতে পারছেন না। আপনারা যদি ভায়াবল স্কীম তৈরী করতে পারতেন তাহলে এন. আর. ই. পি. স্কীমের মাধ্যমে পশ্চিমবাংলার অনেক উন্নতি আপনারা করতে পারতেন। ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচীর একটি কর্মসূচীও আপনারা রূপায়িত করতে পারছেন না, তার কারণ আপনারা সফল স্কীম তৈরী করতে ব্যর্থ হয়েছেন। সেখানে দলবাজী করতে গিয়ে এমন অবস্থা করেছেন যে, কংগ্রেসের লোকরা ২৫ হাজার টাকার স্কীম দিলেও সে স্কীম মঞ্জুর হয় না, অথচ আপনাদের লোক দিলে তা মঞ্জুর হয়। এইভাবে স্কীমের অভাবে আমরা দেখছি কোটি কোটি টাকা খরচ করা যায় না। ২৪ পরগনা জেলাতে কটা এন. আই. ই. পি, আই. আর. ডি. পি. স্কীম করতে পেরেছেন মাননীয় মন্ত্রী মহাশয় আশা করি জবাবী ভাষণে তা বলবেন। তাছাড়া সেখানে কতগুলি স্কীম স্যাংশান করে পাঠাতে পেরেছেন ফর এ্যাপ্রুভাল সেটাও আশা করি বলবেন। তাছাড়া মাননীয় মন্ত্রী মহাশয়কে আরো বলছি, আপনি আপনার ডিপার্টমেণ্টকে প্রশ্ন করবেন, বছরের পর বছর ধরে কেন কোটি কোটি টাকার হিসাব দিতে পারেন নি?

[12.50—1.00 P. M.]

আপনি জানেন যে পঞ্চায়েতের আগে যিনি মন্ত্রী ছিলেন, আমরা তাঁর কাছ থেকে কিছু তথ্য পেয়েছিলাম। কিন্তু আপনার কাছ থেকে কোন তথ্য আমরা পাইনি। গ্রামে যে-সমস্ত পঞ্চায়েতের মেম্বার আগে খেতে পেত না, তারা আজকে প্রত্যেকে টেরিলিনের জামা পরছে, জায়গা-জমি করছে, বাড়ী করছে, এটা মানুষ জানে এবং আপনিও দেখেছেন। এখানে বহু এম. এল. এ. আছেন, যাঁদের পঞ্চায়েতের চেয়ারম্যানের যে ক্ষমতা আছে সেটাও তাঁদের নেই। মাননীয় অধ্যক্ষ

মহাশয়, আপনি জানেন যে আই. আর. ডি. পি. স্কীমের একটা ফর্ম আছে। সে ফর্মে পঞ্চায়েত সমিতির সভাপতির সই করতে হয়। কিন্তু যেখানে পঞ্চায়েত সমিতির সভাপতি কংগ্রেসের আছে সেখানে এম. এল. এ. সই করে দিচ্ছে। সেখানে বলা হচ্ছে যে, এম. এল এ. সই করলেই হবে এবং বি. ডি. ও. একথা বলছে। আমি জানি না কোন্ পদ্ধতিতে এটা হচ্ছে। আমি জানি মন্দির বাজার পঞ্চায়েত সমিতিতে এই রকম হয়েছে। দলবাজী করার জন্য এই ধরনের বেআইনী কাজ করা হচ্ছে, নিজেদের দলকে অগ্রাধিকার দেবার জন্য এগুলি করা হচ্ছে। এবারে কমিউনিটি ডেভেলপমেণ্টের কথা একটু বলি। পশ্চিমবাংলায় মৎস্য ডিপার্টমেণ্টের যে-সমস্ত স্কীম, সেখানে তারা কাজ করতে পারেনি। আমি আপনাকে চিঠি দিয়েছিলাম যে পাথরপ্রতিমা ব্লকটি একটা বড় ব্লক। সেখানে ১৫টি অঞ্চল নিয়ে ২৫০ স্কোয়ার মাইল এলাকা। এটাকে দুটো ভাগে ভাগ করে দিন। এত বড় ব্লক কোথাও নেই। দুটি পাথরপ্রতিমা ব্লক যদি হয় তাহলে ভাল হয়। আপনি জানেন যে সেখানে পঞ্চায়েত সভাপতি জানে না, যেহেতু তিনি কংগ্রেসের সভাপতি, সেখানে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট রাতের অন্ধকারে পুলিশ দিয়ে পঞ্চায়েত অফিস সরিয়ে নিয়ে যান। পাথরপ্রতিমা থেকে অন্য জায়গায় নিয়ে যাওয়া হল। পঞ্চায়েত সমিতির কোন মেম্বার জানে না, আমি জানি না। এই জিনিস সেখানে হয়েছে। আমি আপনাকে বলছি যে পঞ্চায়েত প্রধানরা এক একটি চোরের আড্ডাখানা খুলে বসে আছে এবং তারা বিভিন্ন রকম টাকা নিয়ে পার্টিকে সাহায্য করছে। আজকে বিভিন্ন স্কীম লোকাল কমিটির মাধ্যমে টাকা দিয়ে সেটা স্যাংশান করতে হচ্ছে এবং এর ফলে আপনাদের পার্টিতে টাকা দিতে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়েক বছরে গ্রামের সাধারণ মানুষ—যারা চুরি-জোচ্চুরি জানতো না, তাদের আপনারা চোর তৈরী করেছেন, দুর্নীতিগ্রস্ত তৈরী করেছেন এবং কেন্দ্রের দেওয়া টাকা আপনারা খরচ করতে পারেন নি, নয়ছয় করেছেন। তাই আপনাদের বলি যে এখনও সময় আছে ঠিক ভাবে চলুন। দলবাজী করার জায়গা এটা নয়। আপনারা এখানে দলবাজী করছেন। এবারের পঞ্চায়েতের রেজাল্ট আপনারা নিশ্চয়ই দেখেছেন। আমরা আপনাদের খুব পিছনে নেই। দুর্নীতি যত বেশী করবেন আমাদের তত বেশী সুবিধা হবে। আমি আপনাদের বলবো যে দুর্নীতি করে পশ্চিমবঙ্গের মানুষের ক্ষতি আর করবেন না। অনেক ক্ষতি আপনারা করেছেন। গ্রামের মানুষকে আপনারা চোর তৈরী করেছেন। আজকে রাইটার্স বিল্ডিংস থেকে আরম্ভ করে মন্ত্রী, পার্টির সমর্থন পান বলে সি. পি. এম.-এর

প্রধানরা এই ধরনের কাজ করতে সাহস পান। আজকে অন্য দলের মন্ত্রী যদি থাকতো তাহলে এটা হত না। সেজন্য জ্যোতিবাবু দপ্তরটি কেড়ে নিয়ে আপনাকে দিয়েছেন, যাতে বেশী করে পার্টিবাজী করা যায়। সেজন্য যে-সমস্ত ব্যয়-বরাদ্দ এখানে এনেছেন, সেই ব্যয়-বরাদ্দ আরো চুরি করার জন্য আমি অনুমোদন করতে রাজি নই। উন্নয়নমূলক কাজ হলে দেওয়া যায়। কিন্তু আপনারা দুর্নীতি করছেন। আপনারা চোরকে প্রশ্রয় দিচ্ছেন বলে আমি এটা সমর্থন করতে পারছি না। আর যে-সমস্ত কাট মোশান আমাদের তরফ থেকে দেওয়া হয়েছে সেগুলির সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবলাই বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে উত্থাপন করেছেন, আমি তা সমর্থন করতে উঠে দু'চারটে কথা বলতে চাই। মাননীয় বিরোধী দলের সদস্যরা এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে যে বক্তব্য রাখলেন, সেটা খুবই হতাশাব্যঞ্জক। তাঁদের কথা থেকে যা বোঝা গেল তাতে একথাই তাঁরা বলতে চেয়েছেন যে, সর্বত্র দুর্নীতি হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে দলের সদস্যরা আজকে দুর্নীতির পঙ্কে নিমজ্জমান, যে দলের মুখ্যমন্ত্রী পর্যন্ত আজকে কোর্টে গিয়ে সোপর্দ হয়েছেন দুর্নীতির দায়ে, যে দলের উপমুখ্যমন্ত্রী শালীনতাহানির দায়ে সারা ভারতবর্ষের কাছে নিন্দিত হয়েছেন, সেই দলের সদস্যদের কাছ থেকে আমাদের দুর্নীতির কথা শুনতে হচ্ছে। সেই দলের সদস্য শ্রীসত্যরঞ্জন বাপুলীর কাছ থেকে এই কথা শুনতে হচ্ছে। শ্রীসত্যরঞ্জন বাপুলী—নামটা বোধহয় ওঁর বাবা-মা ভুল করে রেখেছিলেন। অসত্যরঞ্জন বাপুলী রাখলে বোধহয় ভাল হত। কিছু অসত্য বক্তৃতা এরকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর উনি রাখলেন। অবশ্য আমি আর এ বিষয়ের কথা বলে আমার বক্তব্যকে দীর্ঘ করতে চাই না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে বাজেট আজকে এখানে পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই কারণে যে, গ্রাম পঞ্চায়েত আজকে আর জমিদার জোতদারদের মহাজনদের আড্ডাখানা নয়। আজকে গ্রাম পঞ্চায়েত গ্রাম বাংলার সাধারণ মানুষের আস্থাভাজন সংস্থা এবং গ্রাম বাংলার জনপ্রিয় সংস্থা। আজকে পঞ্চায়েতগুলি গ্রামের সাধারণ মানুষের আশা-ভরসার স্থল। আজকে গ্রামের মানুষের মধ্যে পঞ্চায়েত উৎসাহের সঞ্চার করেছে, ফলে গ্রামের মানুষ আজকে জেগে উঠেছে। আমাদের গ্রাম বাংলায় অভাব-অনটন আছে, অর্থনৈতিক সংকট আছে, কিন্তু তা

সত্ত্বেও বিগত ৬ বছর ধরে পঞ্চায়েত সমিতিগুলি গ্রাম বাংলায় বিপুল পরিমাণ কর্ম-উদ্যোগ সৃষ্টি করতে পেরেছে। তারা গ্রামাঞ্চলে বিপুল পরিমাণ কাজ করতে পেরেছে। গ্রামাঞ্চলের অর্থনীতিকে চাঙ্গা করার স্বার্থে পঞ্চায়েত সমিতিগুলি যেভাবে কর্ম-উদ্যোগ শুরু করেছে তা দেখে সত্যিই আশ্চর্য হতে হয়। সারা ভারতবর্ষ ঘুরে এই নজির খুঁজে পাওয়া যায় না। সেই জন্য সি. পি. আই. (এম)-এর লোক নয়, বা অন্য কোন বামপন্থী প্রগতিশীল দলের লোক নয়, কংগ্রেসের লোক এস. কে. দে এবং ভোলা পাশোয়ান শাস্ত্রী পশ্চিমবাংলায় এসে পঞ্চায়েত ব্যবস্থা দেখে প্রশংসায় পঞ্চমুখ হয়েছেন। তাঁদের প্রশংসার নথিপত্র এই বিধানসভার নথিপত্রের মধ্যে আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানকার কংগ্রেসীরা যতই পঞ্চায়েতের নিন্দা করুন না কেন, আমাদের পঞ্চায়েত সম্বন্ধে ওঁদের দিল্লীর নেতৃত্ব কিন্তু অন্য রকম ধারণা পোষণ করেন। বিরোধী সদস্যরা জানেন না পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে আমরা কিভাবে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছি। ওঁদের একটুও লজ্জা নেই, তাই ওঁরা এখানে পঞ্চায়েত সম্বন্ধে ঐসব কথা বলছেন। ওঁরা দীর্ঘ ২৮ বছর রাজত্ব করেছিলেন, মাঝখানের ২০ মাস বাদ দিয়ে, কিন্তু ২৮ বছরের মধ্যে ওঁরা পঞ্চায়েত নির্বাচন করেন নি। ওঁরা গণতন্ত্রের কথা বলেন, অথচ ২৮ বছরের মধ্যে একবারও পঞ্চায়েত নির্বাচন করতে পারেন নি। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে ক্ষমতায় এসেই '৭৮ সালে পঞ্চায়েত নির্বাচন করেছেন এবং '৮৩ সালে দ্বিতীয় বার নির্বাচন করেছেন। ওঁরা গণতন্ত্র সম্বন্ধে বড় বড় কথা বলেন, কিন্তু এই তো ওঁদের গণতন্ত্রের প্রতি আস্থা! গণতন্ত্রের প্রতি যদি ওঁদের বিন্দুমাত্র আস্থা থাকত তাহলে অন্ততঃ নির্বাচনের ব্যবস্থা করে তার পরিচয় দিতেন। কিন্তু আমরা জানি ওঁদের গণতন্ত্রের প্রতি কোনরকম আস্থা নেই, তাই ওঁরা নির্বাচনের ব্যবস্থা করেন নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সত্য বাপুলী নিশ্চয়ই জানেন যে, ইংরেজ সরকার তার সাম্রাজ্যবাদী স্বার্থে ইউনিয়ন বোর্ড গঠন করেছিল এবং ইংরাজকে সমর্থন করত যে-সমস্ত জোতদার, জমিদার, মজুতদাররা, তারাই দীর্ঘ দিন ইউনিয়ন বোর্ডগুলি দখল করে বসেছিল। পরবর্তীকালে কংগ্রেস যখন ক্ষমতায় এসেছিল তখন মানুষ ভেবেছিল পুরোন ব্যবস্থার পরিবর্তন হবে। কারণ কংগ্রেসীরা নিজেদের গান্ধীজীর শিষ্য বলে পরিচয় দেন, গান্ধীজী পঞ্চায়েত-রাজের কথা উচ্চস্বরে চিৎকার করে বলে গেছেন, সুতরাং তাঁরা গান্ধীজীর শিষ্য হিসাবে গ্রামাঞ্চলের মানুষের হাতে নিশ্চয়ই কিছুটা ক্ষমতা দেবেন। কিন্তু পশ্চিমবাংলার

মানুষ দেখেছে এখানকার এই গান্ধীজীর শিষ্যরা গান্ধীজীর সংগে বিশ্বাসঘাতকতা করেছিলেন। এরা পঞ্চায়েত আইন তৈরী করেছিলেন, কিন্তু আইন যাতে কার্যকরী হয়, গ্রামাঞ্চলের মানুষের হাতে যাতে একটু ক্ষমতা যায় তার জন্য কোন ব্যবস্থা করেন নি। গ্রামের কোথায় টিউবওয়েল হবে, গ্রামের কোথায় খাল কাটা হবে, গ্রামের কোথায় নদী সংস্কার হবে, গ্রামের কোথায় রাস্তা হবে, গ্রামের কোথায় পুকুর কাটা হবে ইত্যাদি কাজগুলি গ্রামের লোকেরা নিজেরাই ঠিক করবে। কারণ আমরা জানি বি. ডি. ও. অফিসে বসে বা এস. ডি. ও. অফিসে বসে সুষ্ঠুভাবে এই সমস্ত কাজ করা যায় না। অথচ দীর্ঘদিন ধরে ওঁদের আমলে গ্রামের মানুষ এই সামান্য সুযোগটুকু পায় নি। অথচ বামফ্রন্ট সরকার বিগত ৬ বছরের মধ্যে দুবার পঞ্চায়েতের নির্বাচন করেছেন এবং শুধু তাই নয়, পঞ্চায়েতগুলির হাতে ব্যাপক ক্ষমতা দিয়েছেন। এমন কি বামফ্রন্ট সরকার, তাঁর সামর্থ্য অনুসারে আর্থিক সাহায্য ও সহায়তা পঞ্চায়েতগুলির হাতে তুলে দিয়েছেন। সেই আর্থিক সাহায্য সহযোগিতা নিয়ে গ্রাম পঞ্চায়েতগুলি গ্রামের মানুষের মধ্যে উদ্যোগ সৃষ্টি করতে পেরেছিল বলেই ১৯৭৮ সালের বিধ্বংসী বন্যা, প্রলয়ঙ্করী বন্যায় মানুষ না খেয়ে মরেনি।

[1.00—1.10 P.M.]

বিনা চিকিৎসায় মানুষ মরেনি। এটা একটা পঞ্চায়েতের বিরাট কৃতিত্ব। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন, পঞ্চায়েত গণ-উদ্যোগ সৃষ্টি করতে পেরেছিল বলে ১৯৮২ সালের ভয়ানক খরায় মানুষ না খেয়ে মরেনি। গ্রাম থেকে মানুষ শহরে এসে ফ্যান দাও, ভাত দাও বলে চিৎকার করেনি কলকাতার রাস্তায় রাস্তায়। পঞ্চায়েত গ্রামের মানুষের কাছে বিরাট আস্থাভাজন সংস্থা। আমি দু-একটি উদাহরণ দিলেই বুঝতে পারবেন। হুগলী জেলার পুরশুরা ব্লকে খরার দাপটে মানুষ যখন ধ্বংস হয়ে যাবার দিকে এগিয়ে যাচ্ছে তখন ঐ পঞ্চায়েতের উদ্যোগে গ্রামের মানুষ ৫ মাইল লম্বা একটি খাল ২ দিনে সম্পূর্ণ করলো। ঐ মুণ্ডেশ্বরী থেকে জল নিয়ে যাওয়ার জন্য ৫ মাইল লম্বা খাল কেটে ৪০০/৫০০ একর জমি জলসেচ করে খরার মরসুমে ফসল ফলিয়েছে। এটা কি সম্ভব হতো ঐ বি. ডি. ও.-কে দিয়ে, এটা কি সম্ভব হতো ডি. এম.-কে দিয়ে, কোন আমলাকে দিয়ে? এটা একমাত্র সম্ভব হয়েছিল এই কারণে যেহেতু গ্রামের মানুষের আস্থা ছিল পঞ্চায়েতের প্রতি। বামফ্রন্ট সরকার বলেছিল পঞ্চায়েতের মাধ্যমে কাজ করো, আমরা সাহায্য করবো, তোমরা এগিয়ে চলো। এই এগিয়ে যাওয়ার জন্য গ্রামের মানুষের উদ্যোগ নিয়ে

এই বিরাট কাজ সম্পূর্ণ করেছে তাড়াতাড়ি। আমি আরো একটি উদাহরণ দিচ্ছি, এই খরার মরসুমে হুগলী জেলার পাণ্ডুয়ার রামেশ্বরপুর অঞ্চলে যেখানে ক্ষেত-মজুরদের কোন খাদ্য নেই, গ্রামের কৃষকদের ঘরে খাদ্য নেই, মানুষ যেখানে বুভুক্ষুর মধ্যে নিমজ্জিত, সেই সময় ওখানে একদল লোকের প্ররোচনায় ঐ গ্রামের গরীব মানুষেরা পরিকল্পনা করলো গ্রামে যে ৮/১০টি জোতদার আছে তাদের ধানের গোলা লুঠ করবে। পঞ্চায়েত তখন সিদ্ধান্ত করলো এটা হতে দেওয়া যাবে না। এখানে আইন-শৃঙ্খলার প্রশ্ন এসে যাবে। যদিও বুভুক্ষু মানুষেরা সামনে রয়েছে, তা সত্ত্বেও পঞ্চায়েত ঠিক করলো এই লুঠ করে সমস্যার সমাধান হবে না, তার থেকে তারা ঠিক করলো জোতদারদের কাছে যাওয়া যাক এবং তাদের গিয়ে সব বলা যাক। তখন জোতদারদের ডেকে আনা হলো, সমস্ত মানুষ সামনে দাঁড়িয়ে রইল। জোতদাররা বললো আমরা অন্তত: গ্রামের মানুষের স্বার্থে পঞ্চায়েতকে ধান দিতে রাজি আছি। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, ঐ একই দিনে ১৫০ বস্তা ধান তাদের কাছ থেকে আদায় হলো। পঞ্চায়েত দায়িত্ব নিয়ে এই জিনিস করলো, পরবর্তীকালে অবশ্য এই ধান শোধ করে দেওয়া হয়েছে। সুতরাং এইভাবে পঞ্চায়েত এইসব বুভুক্ষু মানুষের মুখে খাবার দেবার চেষ্টা করেছেন। এইভাবে গণ-উদ্যোগ নিয়ে যেখানে বিরাট আইন-শৃঙ্খলার প্রশ্ন দেখা দিতো সেটা থেকে মানুষ রক্ষা পেল এবং অপরদিকে বুভুক্ষু মানুষ খাদ্য পেল। এইরকম উদাহরণ গোটা পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে দেওয়া যায়, কিন্তু যেখানে প্রতিক্রিয়াশীল শক্তি আছে তারা সেখানে বিশৃঙ্খলা সৃষ্টি করতে চেষ্টা করছে, কিন্তু অধিকাংশ গ্রামাঞ্চলে এই ধরনের গণ-উদ্যোগের মাধ্যমে কাজ করবার চেষ্টা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার পঞ্চায়েতগুলির হাতে শুধু আর্থিক ক্ষমতা দিয়েই দায়িত্ব শেষ করেনি, তারা অন্তত: বিভিন্নভাবে বিভিন্ন ডিপার্টমেন্টকে—কি কৃষি দপ্তর বলুন, কি পানীয় জলের জন্য, কি স্বাস্থ্যের জন্য—বিভিন্ন দপ্তরের বিভিন্ন দায়িত্ব পঞ্চায়েতগুলির হাতে ন্যস্ত করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বিগত ৬ বছরে এই এন. আর. ই. পি. এবং আই. আর. ডি. পি. প্রকল্পের কাজ করে পঞ্চায়েতগুলি ৭১ লক্ষ কিলোমিটার রাস্তা বানিয়েছে। ৭১,৩৫৯ কিলোমিটার রাস্তা এই ৬ বছরে বানিয়েছে এবং এতে অতিরিক্ত ২৫ কোটি শ্রমদিবস সৃষ্টি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গ্রামাঞ্চলের ক্ষেতমজুররা—সারা ভারতবর্ষের কথা ছেড়েই দিন—এই পশ্চিমবঙ্গে ১৯৭৭ সালের আগে বছরে ৫ থেকে ৬ মাসের বেশী কাজ পেতো না। কিন্তু আজকে এই বাড়তি ২৫ কোটি শ্রমদিবস সৃষ্টি হবার ফলে পশ্চিমবাংলার প্রায় ১৫ লক্ষ ক্ষেতমজুর এক আধ মাস নয়, তিন

মাস অতিরিক্ত কাজের সুযোগ পেয়েছে। আগে যেখানে বছরে ৫/৬ মাসের বেশী কাজ পেতো না, আজকে ৮/৯ মাস পর্যন্ত কাজ পাচ্ছে। এটা কি বিরাট একটা কিছু নয়? আজকে যদি ওরা বাড়তি তিন মাস কাজ পেয়ে থাকে—সেটা কি গ্রামের উন্নতি নয়? গ্রামের গরীব মানুষের হাতে যদি অতিরিক্ত পয়সা আসে—সেটা কি উন্নতির লক্ষণ নয়? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, গত ৬ বছরের মধ্যে এই গ্রাম পঞ্চায়েতগুলি কমপক্ষে ৫০০০ স্কুলবাড়ী নির্মাণ করেছে। আজকে এই পঞ্চায়েতগুলি ভূমি সংস্কারের ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আজকে ভূমি সংস্কারের ক্ষেত্রে ১৪ লক্ষ একর জমি সরকারে ভেষ্ট হয়েছে। এই ভেষ্ট জমির ব্যাপারে সত্যরঞ্জন বাপুলি মহাশয় হয়ত জানেন না—ওঁরা আইন করেছিলেন ঠিকই, কিন্তু এক ছটাক জমিও বের করেন নি। মাননীয় হরেকৃষ্ণ কোঙার যখন আমাদের যুক্তফ্রন্টের মন্ত্রী ছিলেন সেই সময়ে গণ-আন্দোলন এবং এই প্রশাসনের সাহায্যে এই বাড়তি জমি বিলির ব্যবস্থা করেছিলেন, ওঁরা জমি বার করেন নি। এই ১৪ লক্ষ একর ভেষ্টেড জমি পরবর্তীকালে পঞ্চায়েতের সহায়তায় আমরা বের করতে পেরেছি। এর মধ্যে ৮ লক্ষ একর জমি ডিষ্ট্রিবিউটেড্ হয়েছে। আজকে এটা কম কথা নয়। হয়ত এক একজন ১০/১৫ কাঠা পেতে পারে, কিন্তু ৮ লক্ষ একর জমি বণ্টন করা হয়েছে। পঞ্চায়েত না থাকলে এটা হতে পারতো না। আজকে ১৩ লক্ষ বর্গাদার রেকর্ডভুক্ত হয়েছে এবং এই ১৩ লক্ষ বর্গাদার আজকে শুধুমাত্র অপারেশন বর্গার মাধ্যমে রেকর্ডভুক্ত হয়েছে। আপনাদের আমলে ঐ ১৯৭৭ সাল পর্যন্ত এই রেকর্ডেড বর্গাদারদের সংখ্যা ছিল কত? ছিল মাত্র আড়াই লক্ষ। কাজেই দেখুন, যে সংখ্যা আপনাদের আমলে ১৯৭৭ সাল পর্যন্ত ছিল মাত্র আড়াই লক্ষ, সেই সংখ্যা আজ ১৯৮২-৮৩ সালে দাঁড়িয়েছে ১৩ লক্ষতে। এই ১৩ লক্ষ বর্গাদারের মধ্যে আবার ৮লক্ষ বর্গাদারকে বিভিন্ন ফিনানসিয়াল ইনষ্টিটিউশন, অর্থাৎ বিভিন্ন সংস্থা থেকে লোন দেবার ব্যবস্থা হয়েছে। আজকে এটা কম কথা নয়। আপনারা গ্রামের উন্নতির কথা বলেন ঠিকই, কিন্তু গ্রামের উন্নতির জন্য আপনারা যে কয়েক হাজার কোটি টাকা ব্যয় করেছেন বলে বলছেন, সেই টাকা কাদের স্বার্থে ব্যয়িত হয়েছে? ঐ টাকা গ্রামের জোতদার, জমিদার এবং গ্রামের যারা মহাজন, তাদের স্বার্থে ব্যয়িত হয়েছে। তারা ঐ টাকা দিয়ে শ্যালো করেছে, ডিপ টিউবওয়েল করেছে, হারভেষ্টার করেছে, ট্রাক্টর করেছে, পাওয়ার টিলার করেছে। এইভাবে পঞ্চবার্ষিকী পরিকল্পনার টাকা গ্রামে খরচ করবার নাম করে কয়েক হাজার কোটি টাকা তাঁরা জলে দিয়েছেন।

[1.1()—1.20 P.M.]

পুঁজিপতি, জোতদার এবং জমিদারদের পেছনে সেই টাকা ব্যয় করেছেন। ফলে ভারতবর্ষের ৭০ কোটি মানুষের মধ্যে ৭০ ভাগ মানুষ গরীব। এই গরীব মানুষেরা কিন্তু উপকৃত হয় নি। কিন্তু এই বামফ্রন্ট সরকার এই ব্যাপারে অনেকখানি এগিয়ে গেছে। পঞ্চায়েতের যে কাজকর্ম, সেই কাজকর্মের মধ্যে দিয়ে অনেক জমি দখল করেছে এবং বর্গাদারদের সেই জমি রেকর্ডভুক্ত করিয়েছে। বর্গাদারদের যে ঋণ দেওয়া হয়েছে তার মধ্যে দিয়ে গ্রামের অর্থনীতির অনেকখানি উন্নতি হয়েছে। সেই জন্য আজকে পশ্চিমবাংলার অর্থনীতি কিছুটা সচল আছে। ভারতবর্ষের অর্থনীতিতে যেখানে টাল-মাটাল অবস্থা এবং অন্যান্য রাজ্যের অর্থনীতি যেখানে টাল-মাটাল সেখানে পশ্চিমবাংলাতে এই সরকারের প্রচেষ্টায় এবং পঞ্চায়েত-গুলির সহযোগিতায় এখনও পর্যন্ত কিছুটা চাঙ্গা আছে। এই পঞ্চায়েতগুলির কর্মোদ্যোগ এবং বামফ্রন্ট সরকারের সহযোগিতায় এই কাজগুলি করা সম্ভব হয়েছে। এইগুলি ওনারা দেখতে পারেন না। এবারে আমি ক্ষেতমজুরদের সম্পর্কে বলতে চাই। আপনারা জানেন যে, ভারতবর্ষের মধ্যে এখানে ক্ষেতমজুরদের মজুরী বেশী। এর জন্য আমরা গর্বিত। এটা এমনিতে এখানে হয় নি। একদিকে পশ্চিম বাংলার মানুষের গণ-সংগ্রাম এবং ক্ষেতমজুরদের সংগ্রাম, অপর দিকে পঞ্চায়েত সাহায্য করেছে ক্ষেতমজুরদের মজুরী বৃদ্ধি করাতে। এইভাবে ক্ষেতমজুররা তাদের ন্যায্য দাবি আদায় করতে পেরেছে। অন্য যে-কোন প্রদেশের চেয়ে অনেক বেশী এখানে বাড়াতে পেরেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়েক বছরের মধ্যেই আমাদের পঞ্চায়েতগুলি প্রায় ৪০ হাজার নলকূপ বসিয়েছে। গ্রামে গ্রামে পানীয় জলের ব্যবস্থা করেছে। এখনও কিছু কিছু জায়গায় জলের সংকট আছে, তবে সেই সংকটকে কি ভাবে মোকাবিলা করা যায় তার জন্য পঞ্চায়েতের মাধ্যমে চেষ্টা করা হচ্ছে। এবারে আমি ক্ষুদ্র সেচ সম্বন্ধে আসি। আপনারা জানেন যে ক্ষুদ্র সেচের ব্যাপারে আগেকার কংগ্রেস সরকার কিভাবে গাফিলতি করেছে এবং তারা পশ্চিমবাংলাকে কোথায় নিয়ে গিয়েছিল। আমাদের দেশ হলো কৃষিপ্রধান দেশ। কৃষির উন্নতি করতে হলে সেচ ব্যবস্থার উন্নতি করতে হবে। কৃষির উন্নতি না করলে কৃষকদের উন্নতি করা সম্ভব হবে না। সেচ ব্যবস্থার উন্নতির জন্য ওনারা কিছু করেন নি। বর্তমানে পশ্চিমবাংলায় ১ লক্ষ ৫ হাজার ক্ষুদ্র সেচ আছে। তার মধ্যে এই ৬ বছরে বামফ্রন্ট সরকার পঞ্চায়েতগুলির মাধ্যমে ডিপ টিউবওয়েল, আর. এল. আই. এইরকম ২৮ হাজার নূতন ক্ষুদ্র সেচের ব্যবস্থা

করেছে। এই কথা বলে মাননীয় পঞ্চায়েতমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআনন্দমোহন বিশ্বাস: মানানীয় অধ্যক্ষ মহাশয়, এখানে পঞ্চায়েত সমষ্টি উন্নয়নের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে আমি বিতর্কিত করে তুলতে চাই। আমরা জানি জাতীয় জীবনে সম্প্রসারণের ক্ষেত্রে পঞ্চায়েতের একটা ভূমিকা আছে। এক কথায় বলা যায় "The Panchayati Raj is the misery of the National expression." সমষ্টি উন্নয়ন বলতে আমরা কোন বিচ্ছিন্ন উন্নয়নের কথা বলছি না। সমষ্টি উন্নয়ন বলতে গ্রামীণ জীবনের অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক উন্নয়নের কথা বলা হয়। আমরা জানি আমাদের অতীতের এই সমাজ ব্যবস্থায় পারমানেন্ট সেটেলমেন্ট, অর্থাৎ চীরস্থায়ী বন্দোবস্ত একদিন কতিপয় ব্যক্তির ধনসম্পদ বৃদ্ধির এক পরিবেশ সৃষ্টি করে দিয়েছিল।

স্বাধীনতা সংগ্রামের পর দেশ যখন স্বাধীন হয়, তখন গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে সাংবিধানিক উপায়ে কায়েমী স্বার্থের সুবিধা ও পরিবেশকে সংকোচন করে গ্রামীণ জীবনের সার্বিক উন্নয়নের একটা চিন্তাধারা আমাদের জাতীয় জীবনে প্রতিফলিত হল। আমরা লক্ষ্য করলাম, বিশেষ করে এই সমস্ত উন্নয়নের বিশেষ উদ্দেশ্যকে। একদিকে যেমন লক্ষ লক্ষ মানুষ, যারা জীবন সংগ্রামে পরাজিত, তাদের কি ভাবে স্বাবলম্বী করে তোলা যায়, সে সম্বন্ধে চিন্তা শুরু হল। চিন্তা শুরু হল তাদের জীবনে তৎকালীন সমাজ ব্যবস্থায় যে অন্ধকারময় পরিবেশ ছিল, যে অবিচার ছিল ও বিশেষ করে যে-সব কুসংস্কারগুলি তাদের জীবনে আবিষ্ট ছিল, তাকে সরিয়ে দিয়ে প্রকৃত মানুষের ব্যক্তিত্ব, যে ব্যক্তিত্ব তাদের জীবন থেকে হারিয়ে গিয়েছিল—যাকে আমরা বলি লষ্ট অফ পারসোনালিটি—তাকে পুনরুজ্জীবিত করে তোলার উদ্যোগ নেওয়া হল। অর্থাৎ তাদের জীবনে ব্যক্তিত্ব ও আত্ম-সচেতনতাকে নতুন করে সৃষ্টি করা হল পঞ্চায়েতের মাধ্যমে। পঞ্চায়েতের সাথে আমাদের সম্পর্ক পরস্পরের মধ্যে সমন্বয় সৃষ্টি করা। পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়নকে বলা যায় একে অপরের পরিপূরক। এক কথায় বলতে পারি, Panchayat without community development has no fruit and community development without Panchayat has no route. পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়নকে আমরা ঠিক এইভাবে ব্যাখ্যা করতে পারি। আমরা দেখলাম প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় জাতীয় জীবনে সমষ্টিগত উন্নয়নের প্রথম

আলোকপাত ঘটল। আমরা একে আখ্যা দিলাম ন্যাশনালিষ্ট Extension Service। ন্যাশনাল এক্সটেনশান সার্ভিসের মাধ্যমে অর্থনৈতিক ও সামাজিক ব্যবস্থাগুলি ও তৎকালীন পরিস্থিতির পর্যালোচনা করে পশ্চিমবঙ্গকে ৩৩৫টি ব্লকে ভাগ করা হয়েছিল। এই ব্লক করার মধ্যে দিয়ে ন্যাশনাল এক্সটেনশান সার্ভিসের প্রবর্তন করা হয়েছে, প্রত্যেকটি ব্লকে একজন ব্লক সমাহর্তা, যাকে আমরা বলি বি. ডি. ও. নিয়োগ করা হল। তাঁকে সেখানে দ্বিমুখী কাজ করতে হয়। একদিকে তিনি বিভিন্ন দপ্তরের সমন্বয় সাধন করবেন, বিশেষ করে গ্রামীণ অর্থনৈতিক সমস্যার মোকাবিলায় গ্রামীণ পরিকল্পনার সমন্বয় সাধন করে গ্রামের বুকে আত্মনির্ভরশীল অর্থনৈতিক কাঠামো গড়ে তুলবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বর্তমান প্রশাসনের পরিধি এমন ভাবে গড়ে তোলা হয়েছে, যেখানে জেলা শাসকের কাজের পরিধি অনেক বিস্তার লাভ করেছে। ব্লক পর্যায়ে বি. ডি. ও., মহকুমা পর্যায়ে মহকুমা শাসক। এই সমস্ত দপ্তরের সঙ্গে যোগাযোগ রাখতে গিয়ে বি. ডি. ও.'র প্রশাসনিক কার্যভার অনেক বেশী হয়ে দাঁড়িয়েছে। যার ফলে ন্যাশনাল এক্সটেনশান সার্ভিস, এর যে মুখ্য উদ্দেশ্য বা আসল কাজ ব্যাহত হচ্ছে। আমরা জানি, বর্তমানে বি. ডি.ও.-কে নানা কাজে ব্যস্ত থাকতে হয়। কখনও দেখি তিনি শিক্ষা প্রতিষ্ঠানে এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত হচ্ছেন, কখনও বা ইলেকশানে এ্যাসিষ্ট্যান্ট রিটার্নিং অফিসার নিযুক্ত হচ্ছেন। আবার কখনও দেখি বিভিন্ন ল্যাণ্ড এ্যালায়েনেশান এ্যাক্ট অনুসারে কুয়াসী জুডিশিয়াল ট্রাইবুন্যাল-এর একজন বিচারক। জাতীয় জীবনে সম্প্রসারণের জন্য তাঁকে যে দায়িত্ব ন্যস্ত করা হয়েছে সে কাজ না করে প্রশাসনিক প্রধান হিসাবে রূপান্তরিত হচ্ছেন। ১৯৫৭ সালে যখন পঞ্চায়েত আইন হয়েছিল, তখন দুটি স্তরে একে ভাগ করা হয়েছিল। একটি হচ্ছে গ্রাম পঞ্চায়েত, অপরটি হচ্ছে অঞ্চল পঞ্চায়েত। ১৯৬৩ সালে এই আইনকে আবার নতুন করে করা হয়। তখন একে ৪টি স্তরে বিভক্ত করার কথা বলা হয়। পূর্বতন ব্যবস্থার সাথে ব্লক স্তরে যুক্ত হয় অঞ্চল পরিষদ এবং জেলা স্তরে জেলা পরিষদ। এটা করা হয় ১৯৫৭ সালের প্লানিং কমিশনের সুপারিশক্রমে। বলবন্ত রাও কমিশন একটা স্টাডি টিম পঞ্চায়েতে ত্রিস্তর করার ব্যাপারে সুপারিশ করেছিলেন। তাঁদের সেই সুপারিশ ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলির মধ্যে রাজস্থান সরকার গ্রহণ করেছিলেন। ১৯৭৩ সালে আবার ঐ আইনকে নতুন ভাবে পরিবর্তিত করা হয়। সেই আইনকে আপনারা অনুসরণ করেছেন, একথা আমরা কখনও অস্বীকার করি না। পঞ্চায়েতের কাজ, তথা গণতান্ত্রিক ক্ষমতার বিকেন্দ্রীকরণ ঘটেছে। আমরা একথা বলতে পারি যে, অর্থনৈতিক যে-সমস্ত কার্যক্রম, তার বাস্তবায়ন,

অর্থাৎ জাতীয় জীবনের মূল প্রবাহের সঙ্গে গ্রামীণ জীবনের অর্থনৈতিক, রাজনৈতিক এবং সামাজিক জীবনের সমন্বয় সাধন এই পঞ্চায়েতের মাধ্যমেই ঘটতে পারে।

[1.20— 1.30 P.M.]

পঞ্চায়েত-এর উদ্দেশ্যকে কার্যকরী করতে গিয়ে আমরা দেখতে পেলাম গ্রাম্য পরিধিতে পঞ্চায়েত অত্যন্ত বিস্তারিত। ক্ষুদ্র কুটির শিল্পকে ত্বরান্বিত করা প্রয়োজন, সম্পদ সৃষ্টি করে গ্রামে কর্মসংস্থান বৃদ্ধি করা প্রয়োজন। গ্রামে যে-সমস্ত অসংগঠিত শ্রমিক আছে তাদের যে-সমস্ত ট্রাডিশনাল ভোকেশনাল ট্রেড আছে তার সমন্বয় করে সমবায়ের আন্দোলনকে সংগঠিত করা প্রয়োজন। আপনি এন. আর. ই. পি. এবং আই. আর. ডি. পি.-র কথা বলেছেন এবং আপনার মতে এগুলি জাতীয় সম্প্রসারণ প্রকল্পের সহায়ক। এ প্রকল্পগুলি কেন্দ্রের স্পনসর্ড স্কীম। এর উদ্দেশ্য হচ্ছে গ্রাম বাংলায় যারা মেহনতী মানুষ তাদের লীন পিরিয়ডে ক্রয়ক্ষমতা থাকেনা, তখন এই স্কীমের মধ্যে দিয়ে তাদের পারচেজিং পাওয়ারকে সাবসিডাইস করা হয়, কিন্তু সম্পদ সৃষ্টি করা করা যায় না। আপনার মতের ও নীতির সাথে আমি একমত হতে পারছি না। আমরা মনে করি এর কোন পারমানেন্সি নেই। পারপেচুয়েটি নেই। দরিদ্র মানুষের এই পারচেজিং পাওয়ারকে সাবসিডাইসড করার জন্য কেন্দ্র একে অনুদান হিসাবে দেন। মাননীয় মন্ত্রী মহাশয় একটা নূতন জিনিসের আলোকপাত করেছেন, সেটা হচ্ছে রুরাল হাউসিং স্কীম। কিন্তু এ ছাড়াও আরো বহু কাজ আছে। এই সংস্থার সংস্কার করা দরকার। সেই জন্য আমি বিনয়ের সঙ্গে এখানে কয়েকটি প্রস্তাব রাখছি। পঞ্চায়েত একটা স্ট্যাটুটারী অথরিটি। এর সঙ্গে বিভিন্ন রাজনৈতিক দলের সদস্য আছেন। এর মধ্যে দিয়ে বিভিন্ন অঞ্চলে বিভিন্ন ভাব, মতবাদ ও রাজনৈতিক চিন্তাধারা পরিস্ফুট হচ্ছে। এ সংস্থা একজিকিউটিং মেশিনারী হিসাবে কাজ করলে হবে না। এই সংস্থার তিনটি স্তর আছে। স্ব স্ব স্তরে এই সংস্থাগুলো শুধু পলিসি মেকিং বডি হিসাবে কাজ করবে। গ্রামের যে সমস্যা আছে সেই সমস্যার পরিপ্রেক্ষিতে বিভিন্ন দপ্তরের অফিসারের উপর পরিকল্পনা ও তা রূপায়ণের দায়িত্বভার ছেড়ে দিতে হবে। সম্ভব হলে ব্লকভিত্তিক রুরাল প্ল্যানিং বোর্ড গঠন করতে হবে। গ্রাম এলাকায় বিভিন্ন রকমের সুযোগ আছে। সেই সুযোগের সদ্ব্যবহারের জন্য ইনফ্রাসট্রাকচার গড়ে তুললে গ্রামীণ অর্থনীতির সহায় ও সম্বল সম্প্রসারিত হতে পারে। রেশম, লাক্ষা, সাবুই, পান, নারকেল, বাঁশ, বেত, মধু—এইগুলি আমাদের নিত্যনৈমিত্তিক গ্রামীণ অর্থনৈতিক জীবনের সঙ্গে

জড়িত। কিন্তু দেখতে পাচ্ছি এসব ক্ষেত্রে ইণ্টারমিডিয়ার সিষ্টেমে কাজ করে চলেছে। গ্রামে যে মধু সংগ্রহ করছে, অথচ আর্থিক সঙ্কটের সে তার সমাধান করতে পারছে না। গ্রামের যে শিল্পী বাঁশ বেতের কাজ করে তাদেরও এক অবস্থা। আপনারা তাদেরকে ইনসেনটিভ দিতে পারছেন না। কোন স্কীমই ভায়াবেল হচ্ছে না। সুতরাং এই সমস্ত অসংগঠিত লোককে সংগঠিত করুন এবং সরকারী সংস্থাগুলোর সঙ্গে এদের যুক্ত করুন। যার ফলে মধ্যস্বত্বভোগী ব্যবস্থার বিলোপ ঘটে। আমার আর একটি প্রস্তাব হচ্ছে বি. ডি. ও. লোয়েষ্ট এ্যাডমিনিষ্ট্রেটিভ ফোরাম হিসাবে গ্রামে কাজ করছেন, এ ক্ষেত্রে আপনার আর্থিক সঙ্গতি যদি অনুমোদন করে তাহলে ৩৩৯ টি ব্লকে ট্রেনড ডেভেলপমেণ্ট, কো-অর্ডিনেটর অফিসার নিয়োগ করুন। এই সমস্ত অফিসাররা গ্রামীণ জীবনের সমস্যার সঙ্গে ওয়াকিবহাল হবেন। মেদিনীপুরের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়-এ এই ধরনের বাস্তবমুখী শিক্ষাক্রমের ব্যবস্থা চালু করেছেন। তাকে সম্প্রসারণ করুন। বিশ্ববিদ্যালয়গুলিতে শুধু সাধারণ শিক্ষা নয়, গ্রাম্য জীবন সম্বন্ধেও তাদের প্রাকটিকাল ট্রেনিং-এর একটা ব্যবস্থা করুন। পঞ্চায়েতভিত্তিক যদি সম্ভব না হয় তাহলে অন্ততঃ ব্লক স্তরে পঞ্চায়েত সমিতিভিত্তিক একটা প্রোডাকশান ওরিয়েণ্টের ভোকেশানাল ট্রেনিং সেণ্টারও করুন। এছাড়াও সাংস্কৃতিক দিকটাও আপনাদের দেখতে হবে। আজকে যাত্রা, থিয়েটার আমরা চিরকাল সবাই ভালোবাসি। জাতীয় জীবনে যে-সমস্ত গণ-সংযোগ মাধ্যম—সংবাদপত্র, রেডিও, টিভি ইত্যাদি এগুলিকে দয়া করে পঞ্চায়েতে সম্প্রসারিত করুন। প্রত্যেকটি পঞ্চায়েতে একটি করে কমিউনিটি হল তৈরী করুন যেখানে পরস্পরে আদান-প্রদানের মাধ্যমে নিজেদের জীবন সম্বন্ধে জানতে পারবে ও অস্পৃশ্যতার কুসংস্কার দূর হবে। লক্ষ্য করছি যে মাদার টেরেসার "নির্মল শিশু হৃদয়" প্রকল্পকে আমরা প্রশংসা করছি। এই প্রশংসা করেই আমরা আমাদের দায়িত্ব এড়িয়ে যেতে পারি না। আপনি গ্রামে গিয়ে দেখুন কত অনাথ শিশু আছে, কত ডিসট্রেস উইমেন আছে। যদি সম্ভব হয় তাহলে এদের জন্য প্রত্যেকটি পঞ্চায়েতে এইরকম ধরনের প্রতিষ্ঠান গড়ে তুলুন এবং তাদের যাতে সামাজিক জীবনের সঙ্গে একসূত্রে বাঁধা যায় ও অর্থনৈতিক জীবনে তাদের প্রতিষ্ঠিত করা যায় সেই ব্যবস্থা করার বিষয়ে আপনারা চিন্তা করুন।

পরিশেষে আমার বক্তব্য হচ্ছে আজকে আমাদের সকলের কাছে রাজনৈতিক সত্তাই হচ্ছে বড় হয়ে দাঁড়িয়েছে। রাজনৈতিক সত্তার বাইরে যে বিচার-বিবেচনা থাকতে পারে সেটা আমরা সবাই ভুলে গেছি। আমি লক্ষ্য করে দেখেছি আজকে এই পঞ্চায়েতের ফাংশনারি অত্যন্ত দুঃখজনক। যাঁরা পঞ্চায়েত দখল করে আছেন,

আমি সেই প্রসঙ্গে কোন বিশেষ রাজনৈতিক দলের কথা বলছি না। আমার বক্তব্য পঞ্চায়েতে তার মূল উদ্দেশ, সত্তা এবং কর্মপরিধি থেকে বিচ্যুত। উদ্দেশ্যহীন পঞ্চায়েত ব্যবস্থাকে পার্টির হাতিয়ার হিসেবে ব্যবহার করা হচ্ছে। শুধু তাই নয়, পঞ্চায়েতকে পার্টির প্রচার মাধ্যম হিসেবে এবং দল গঠনের হাতিয়ার হিসেবে ব্যবহার করা হচ্ছে। এর ফলে পঞ্চায়েতের যেটা আসল উদ্দেশ্য যেটা ব্যর্থ হচ্ছে, যার ফলে সমষ্টিগত গ্রামীণ উন্নয়নও ব্যর্থ হয়েছে। এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করছি। আমার দলের পক্ষ থেকে যে-সমস্ত কাট মোশন আনা হয়েছে তাকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

[1.30—1.40 P. M.]

শ্রীগৌরহরি আদক: মাননীয় স্পীকার স্যার, আজকে পঞ্চায়েত এবং সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। গ্রাম পঞ্চায়েত আজকে যে-সমস্ত কাজগুলি করছে, গ্রামের উন্নয়নের জন্য, ভূমি সংস্কারকে অগ্রাধিকার দিয়ে তারা যে কাজগুলি করছে, পানীয় জলের সমস্যার সমাধান যেভাবে করছে, রাস্তাঘাটের সংস্কার যেভাবে করছে এবং খাল, নালা প্রভৃতির সংস্কার সাধন যেভাবে করছে তার জন্য আমি এই পঞ্চায়েত বাজেটকে সমর্থন করছি। আমরা দেখেছি ভূমিহীন কৃষক এবং ভূমিহীন লোকদের গৃহনির্মাণের ব্যাপারেও পঞ্চায়েত সাহায্য করছে বলে আমি এই বাজেট সমর্থন করছি। মাননীয় সদস্যগণ জানেন যে-সমস্ত ভেস্টেড জমি বহুকাল ধরে পড়েছিল, সেগুলি আজ পঞ্চায়েতের সহায়তায় বন্টনের ব্যবস্থা করা হয়েছে এবং পঞ্চায়েত এই বন্টনের ব্যাপারে সাহায্য করছে। এর ফলে আমরা দেখেছি ১৪ লক্ষ ৭৪ হাজার লোক উপকৃত হয়েছে এবং তার জন্যেও আমি এই বাজেটকে সমর্থন করছি। পঞ্চায়েত আগেও ছিল এবং আমরা দেখেছি গত ১৭ বছর ধরে এই পঞ্চায়েত কংগ্রেস শাসনে পরিচালিত হয়েছে। আমরা যদি সেই পূর্ব ইতিহাস দেখি তাহলে দেখব ১৯৬২-৬৩ সালে যখন ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে নির্বাচন হয়েছিল তখন কংগ্রেস সরকার এই পঞ্চায়েতকে ভোটের যন্ত্র হিসেবে ব্যবহার করেছিল। তখন যে টাকা বরাদ্দ করা হয়েছিল তাতে দেখেছি ওই টাকা দিয়ে গ্রামবাংলার উন্নয়ন করা যায় না। আমরা এটাও দেখেছি তখন তারা গ্রামবাংলার উন্নয়নের দিকে লক্ষ্য না রেখে নিজেদের অনুকূলে টাকা-পয়সা ব্যয় করেছে। তখন যে জেলা পরিষদ ছিল তাদের জন্য উন্নয়ন খাতে যে টাকা বরাদ্দ করা হয়েছিল তা দিয়ে গ্রামবাংলার উন্নয়ন যে করা যায় না সেটা আমরা জানি। ১৯৭২ সালে দেখেছি

এঁরা শ্রমজীবীদের প্রতি খুব দরদ দেখিয়েছিলেন। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি তখন একজন দফাদার পেত ৩২॥ টাকা এবং একজন চৌকিদার পেত ২৭॥ টাকা। তাদের উন্নতির এরা কোন ব্যবস্থা করেনি, অথচ মুখে বলেন এদের প্রতি আমাদের খুব দরদ আছে। আমরা লক্ষ্য করেছি বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর এই পঞ্চায়েতকে বিকেন্দ্রীকরণ করা হয়েছে এবং তাদের হাতে প্রচুর ক্ষমতা দিয়েছে। পঞ্চায়েতের প্রতিনিধি যারা গ্রামের মানুষের দ্বারা নির্বাচিত হয়েছে তাঁরা আজকে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করবেন, গ্রামবাংলার পুনর্গঠনের জন্য কাজ করবেন এবং অগ্রাধিকারের ভিত্তিতে খাল, বিল, নালা প্রভৃতির সংস্কার সাধন করবেন। এইসব কাজ করবার জন্যই পঞ্চায়েতকে ক্ষমতা দেওয়া হয়েছে। কিন্তু কংগ্রেস আমলে দেখেছি তাঁরা পঞ্চায়েতকে ক্ষমতা দিতে ভয় পেতেন, কারণ পঞ্চায়েতকে ক্ষমতা দিলে এম. এল. এ.-দের কদর কমে যাবে এবং এম. এল. এ.-রা আর খবরদারি করার সুযোগ পাবেন না। আমরা দেখেছি কংগ্রেস আমলে উন্নয়নমূলক খাতে এক হাজার টাকা লাম্প গ্রান্ট দেওয়া হোত এবং প্ল্যান, স্কীমের জন্য মাত্র ৩০০ টাকা দেওয়া হোত। এছাড়া পঞ্চায়েতকে আর কোন ক্ষমতাই দেওয়া হয় নি। কংগ্রেস আমলে পঞ্চায়েতকে নিজেদের সামর্থ্যে এবং ট্যাক্স আদায় করে যা কিছু কাজ করতে হোত—অন্য কোন উপায় তাদের সামনে ছিল না। ১৯৭৩ সালে এবং তারপরে যে নির্বাচন হয়েছে তাতে আমরা দেখেছি বামফ্রন্ট সরকার সাধারণ মানুষ, প্রান্তিক চাষী, ক্ষেতমজুর এবং কারিগরদের হাতে ক্ষমতা তুলে দিয়েছে এবং পঞ্চায়েত প্রতিষ্ঠিত করেছে। কিন্তু কংগ্রেস আমলে দেখেছি তাঁরা এই সমস্ত মানুষকে অবহেলা করে ব্যবসাদার, জোতদার প্রভৃতিদের পঞ্চায়েতের মুখপাত্র হিসেবে ব্যবহার করার চেষ্টা করেছে। মাননীয় সদস্যগণ এবং মাননীয় স্পীকার মহাশয় জানেন যে, আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণে বিশ্বাস করি এবং সঙ্গে সঙ্গে এটাও বিশ্বাস করি সাধারণ মানুষের হাতে ক্ষমতা তুলে দিলে তাঁরা ঠিক ঠিকভাবে কাজ করতে পারেন। এই কারণেই আমরা তাঁদের হাতে ক্ষমতা তুলে দিয়েছি গ্রামবাংলার স্বার্থে। ১৯৭৫-৭৬ সালে আমরা দেখেছি পঞ্চায়েতে একটা ষ্ট্যাটুটরি বডি থাকা সত্ত্বেও কংগ্রেস সরকার এম. এল. এ.-দের মাধ্যমে কাজ করবার চেষ্টা করতেন এবং এক একটা ব্লকে ২ থেকে ৩ লক্ষ টাকা পর্যন্ত দেওয়া হয়েছিল এবং সেই সঙ্গে সরকার থেকে নির্দেশ দেওয়া হয়েছে বি. ডি. ও.-কে যে, ইন কনসালটেশন উইথ এম. এল. এ. কাজ করতে হবে এবং এই কাজগুলো করার পর আমরা মনে করি যে, পঞ্চায়েতের যে ক্ষমতা, পঞ্চায়েতকে যে অবহেলা করা হয়েছে এবং অবহেলা করার পর এম. এল. এ.-দের হাতে কাজ তুলে দিয়ে এবং গ্রাম

বাংলার যে কাজ কি ভাবে হচ্ছে সেটা আমরা জানি। একটু আগে মাননীয় কংগ্রেস সদস্যরা চোর চোর বলে উক্তি করলেন, কিন্তু আমরা অন্ততঃ লজ্জা পাই, সেই কথা আমরা বলবো না যে, ওঁরা চুরি করেছিলেন, কিন্তু লোকে বলে এই চুরি ওঁরাই করেছিলেন। এটা আমার কথা নয়, এটা সাধারণ মানুষের কথা। আজকে সাধারণ মানুষের কথাই ঠিক, সেই জন্য তাঁরা আজকে আতঙ্কিত হয়েছেন, এটা আমি মনে করি। এটা আমি তথ্য থেকে দেখতে পাচ্ছি। আপনি জানেন তখন এস. ই. পি. এবং আর. সি. পি.-তে কাজগুলো হয়েছে। এই কাজগুলো হবার পর আমরা দেখেছি—এম. এল. এ.-র মাধ্যমে এই কাজগুলো হয়েছে, এইগুলো হলো লেবার ওরিয়েন্টেড এবং এগ্রিকালচার ওরিয়েন্টেড। সেই কাজগুলো সেই সময় পঞ্চায়েতের মাধ্যমে হতে পারতো, কিন্তু পঞ্চায়েতের হাতে সেই ক্ষমতা না দেবার ফলে সেই কাজ ঠিকমত হয় নি। আপনি জানেন পঞ্চায়েতের মাধ্যমে নিরক্ষরতা দূরীকরণ পরিকল্পনা, স্বাস্থ্যরক্ষা প্রকল্প রূপায়ণ কর্মসূচী ৫২টি ব্লকে চলছে, সেখানে আমরা দেখছি ৮ হাজার ৫০০ শিক্ষা কেন্দ্রের মাধ্যমে প্রায় ২ লক্ষ ৭০ হাজার মানুষ আজকে এই আওতায় এসেছে। ৯ থেকে ১১ বছর ১১ থেকে ১৪ বছর এবং ১৮ থেকে ৩২ বছর বয়স পর্যন্ত এই নিরক্ষরতা দূরীকরণ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে এবং সেখানে আমরা জানি এই নিরক্ষরতা একটা অভিশাপ, সেই অভিশাপ দূর করা উচিত, সেদিকে আমাদের সর্বতোভাবে চেষ্টা করা উচিত। আমি প্রশ্ন করি, আজকে যাঁরা বিরোধিতা করছেন, দীর্ঘ ১৭ বছর যাঁরা পঞ্চায়েত চালিয়েছেন, তখন গ্রাম বাংলার কতটুকু উন্নতি তাঁরা করেছেন ? সুতরাং এই ব্যয়বরাদ্দকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, তার উপর আমার বক্তব্য রাখতে গিয়ে আমি প্রথমে বলতে চাই, এই রাজ্যে যেভাবে পঞ্চায়েত পরিচালনা করা হচ্ছে, বামফ্রন্ট সরকার বলছেন যে গ্রামীণ স্বায়ত্ত শাসন। গ্রামীণ স্বায়ত্ত শাসনের নামে কার্যতঃ যে কাজটা হচ্ছে, সরকারী অর্থ পাইয়ে দেবার রাজনীতি চর্চা করা হচ্ছে এবং সেই পাইয়ে দেবার রাজনীতির চর্চা করতে গিয়ে তাঁরা একদিকে শাসক দলের পক্ষে ভোট ব্যাঙ্ক সৃষ্টি করছেন, আর একদিকে তাঁরা গ্রামের যারা গরীব মানুষ, তাদের একটা সুবিধাবাদী মানসিকতা সৃষ্টি করছেন। আন্দোলন করবার যে মানসিকতা সেই মানসিকতাকে তাঁরা নষ্ট করে দিয়েছেন এবং আন্দোলন করা থেকে তাদের দূরে সরিয়ে দিয়েছেন। যেটা কার্যতঃ গ্রামের মালিক শ্রেণী, ধনিক

শ্রেণীর স্বার্থরক্ষা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এই গ্রাম বাংলায় জোতদার, মহাজন, ধনী চাষী, পুলিশ, প্রশাসন এবং কায়েমী স্বার্থ, এদের এই যে দুষ্টচক্র, যেটা কিনা গ্রামের চাষীদের জীবনের সমস্ত শোষণ বঞ্চনার মূল কারণ, যে দুষ্টচক্রটা গ্রামাঞ্চলে কংগ্রেসী রাজনীতির প্রধান স্তম্ভ এবং হাতিয়ার হিসাবে কাজ করে এসেছে। তারপর বামফ্রন্ট সরকার এসে এই দুষ্ট চক্রটিকে ভাঙ্গা তো দূরের কথা, তারা ইন এ্যাডিশন এই পঞ্চায়েতের মাধ্যমে পাইয়ে দেবার রাজনীতি করতে গিয়ে গ্রামের গরীব মানুষের একটা অংশকে তাদের মধ্যে থেকে, তাঁরা একটা নিউ প্রিভিলেজড্ ক্লাস তৈরী করছেন, একটা নয়া ধনিক গোষ্ঠী তাঁরা সৃষ্টি করছেন।

[1.40—1.50 P. M.]

এবং নয়া ধনিক গোষ্ঠী আজকে গ্রামে দুষ্টচক্রে সৃষ্টি করেছে এবং সেটা করেছে এই পঞ্চায়েতের মাধ্যমে। কংগ্রেসী আমলে পঞ্চায়েতের মধ্যে যে দুর্নীতি ছিল সেই দুর্নীতি এবং দুষ্টচক্র সীমাবদ্ধ ছিল জোতদার, মহাজন এবং পুলিশের মধ্যে। তখন এটা গ্রামের সাধারণ মানুষকে স্পর্শ করত না। কিন্তু বামফ্রন্ট সরকারের দৌলতে এই দুর্নীতি আজকে গ্রামের গরীব মানুষ, সাধারণ মানুষকে স্পর্শ করছে। আজকে আপনারা যে নয়া প্রিভিলেজড্ ক্লাশ সৃষ্টি করেছেন সে সম্বন্ধে আমি আমার কথা বলব না। আমাদের প্রবীণ পঞ্চায়েতমন্ত্রী শ্রদ্ধেয় বিনয়বাবু নিজে বলেছেন পঞ্চায়েত নির্বাচনের আগে—৫ বছর ধরে পঞ্চায়েতের জন্য যে টাকা খরচ করা হয়েছে তার অর্ধেক টাকা পশ্চিমবাংলার ঠিকাদারদের পকেটে গেছে। অর্থাৎ যদি ৫০০ কোটি টাকা খরচ হয়ে থাকে তাহলে তা থেকে ২৫০ কোটি টাকা গত ৫ বছরে ওই সমস্ত ঠিকাদারদের পকেটে গেছে, তারা এটা হাতিয়ে নিয়েছে। তাহলে বোঝা যাচ্ছে ঠিকাদাররা এই যে ২৫০ কোটি টাকা নিল এই ব্যাপারে নিশ্চয়ই তাদের সঙ্গে পঞ্চায়েতের কর্মকর্তাদের যোগাযোগ ছিল এবং এই কর্মকর্তাদের প্রশ্রয় পেয়ে ঠিকাদাররা এই টাকাটা বার করে নিয়েছে। এছাড়া আমরা দেখতে পাচ্ছি খরার কাজে, বন্যার কাজে এবং কর্মসংস্থান প্রকল্পের ক্ষেত্রে এই যে কোটি কোটি টাকা ব্যয় হল তার অর্ধেক হল আত্মসাৎ এবং বাকীটা দলীয় রাজনীতির স্বার্থে ব্যয় করা হয়েছে। এইভাবে দুর্নীতি আজ একটা চরম পর্যায়ে গিয়ে পৌঁছেছে। আজকে বলা হচ্ছে গ্রাসরুট লেভেল পর্যন্ত ক্ষমতা সম্প্রসারণ করা হবে। আমি আপনাদের কাছে নমুনা দিয়ে দেখাব ওই গ্রাসরুট লেভেল পর্যন্ত অর্থাৎ পঞ্চায়েত পর্যন্ত যে

ক্ষমতা গেছে তার ফলে কি বিভীষিকা সৃষ্টি হয়েছে। আজকে দেখছি পঞ্চায়েতে টাকার বখ্‌রা নিয়ে মারাত্মক গণ্ডগোল শুরু হয়েছে এবং এই টাকা বিলি বন্টনের ব্যাপার নিয়ে মাঝখান থেকে বি. ডি. ও. একটা সাংঘাতিক অবস্থায় পড়েছেন। রাণীনগরে মিনিকিট বিতরণের ব্যাপারে একতরফা লিস্ট হয়েছে বলে বি. ডি. ও. এবং এ. ই. ও. আপত্তি করেছিলেন বলে তাঁদের মারতে উদ্যত হয়েছিল এবং তখন সেই সমস্ত অফিসাররা বললেন, ঠিক আছে আপনারা যেভাবে করবেন তাই হবে। জলঙ্গীর বি. ডি. ও.-র মাথায় একটা পাম্প সেট রেখে বলা হল যদি আপনি এই লোককে মনোনয়ন না দেন তাহলে এই পাম্প সেট আপনার মাথায় মারব। এক্ষেত্রে দেখা গেছে পঞ্চায়েত যাকে মনোনয়ন দিতে বলেছিল তিনি হলেন সি. পি. এম.-এর লোক।

আজকে তাই আমাদের অত্যন্ত উদ্বেগের সঙ্গে ইতিহাসের অতীত পাতাগুলি ইতালীর দ্বিতীয় যুদ্ধের পূর্বেকার কথা স্মরণ করিয়ে দিচ্ছে। আজও ঠিক সেই গ্রাম বাংলার দিকে তাকিয়ে আমাদের ইতালীর কথাই মনে হচ্ছে। দ্বিতীয় যুদ্ধের পূর্বে ইতালীতে কি হয়েছিল? তখন ইতালীতে কমুনিস্টদের প্রভাব তুঙ্গে ছিল। সেই সময় সমস্ত স্বায়ত্ত শাসন প্রতিষ্ঠানগুলির অধিকাংশই কমুনিস্ট পার্টির অধীনে ছিল। সেই স্বায়ত্ত শাসন প্রতিষ্ঠানগুলিকে কেন্দ্র করে বাস্তুঘুঘুরা ভালভাবেই আড্ডা জমিয়ে বসেছিল। সেই বাস্তুঘুঘুরা প্রশাসনের সঙ্গে যোগসাজসে গোটা ইতালী দাপিয়ে বেড়াল। তখন সেই সময় কোন শ্রেণীসংগ্রামের আন্দোলন নয়, পাইয়ে দেবার রাজনীতি চলছিল। স্থানীয় প্রশাসন এবং বাস্তুঘুঘুদের আধিপত্যকে ভিত্তি করে ফ্যাসিবাদের জমি তৈরী হল এবং সেই ফ্যাসিবাদের জমি থেকে মুসোলিনীর মত ঘৃণ্য ফ্যাসিবাদ শাসকের সৃষ্টি হল। গোটা ইতালী এই ফ্যাসিবাদ আক্রমণে কোথায় চলে গেল—এই ইতিহাস সমস্ত নবীন সদস্যরা না জানলেও আপনার মত প্রবীণ সদস্যদের না জানার কথা নয়। আজকে আমরা তাই পশ্চিমবাংলার গ্রাম বাংলায় সেই ফ্যাসিবাদের ভয়ঙ্কর পদধ্বনি শুনতে পাচ্ছি। এর পরিণতি অত্যন্ত মারাত্মক। আজকে সি. পি. এম. গ্রামীণ রাজনীতিকে যেভাবে কলুষিত করছে—৩০ বছরে কংগ্রেস যা করতে পারে নি, ৬ বছরে আপনারা তাই করে দিলেন। এটা অত্যন্ত মর্মান্তিক জিনিস। আপনারা যে পাইয়ে দেবার রাজনীতি করছেন তাতে দেশ কোথায় যাবে, সেই চিন্তা করেছেন? আপনারা তো বিপ্লব, আন্দোলনের মেরুদণ্ড ভেঙ্গে চুরমার করে দিচ্ছেন। এই প্রশাসনিক ফ্যাসিবাদ অত্যন্ত ভয়ঙ্কর জিনিস। আজকে তাই আমাদের সেই ইতালীর কথাই বেশী করে স্মরণ করিয়ে দিচ্ছে। আজকে সেই জিনিসই চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়

প্রতিটি স্তরে স্তরে আজকে দুর্নীতি, চুরি চলেছে। পঞ্চায়েতের মাধ্যমে কি কাজ করা হয়েছে সেই কথা আপনি আপনার ভাষণে বলেছেন। আপনি বলেছেন ৭ লক্ষ একর জমি বিলি করা হয়েছে, ১২ লক্ষ একর জমি ভেষ্ট হয়েছে ইত্যাদি। আমি বারংবার বলেছি কেন আপনারা আপনাদের নবীন সদস্যদের ভুল বোঝাচ্ছেন ? ওঁরা বোঝেন না, আপনাকে ডিফেণ্ড করে গেছেন। ৭ লক্ষ জমি আপনি উদ্ধার করেন নি। পশ্চিমবঙ্গ সরকার পত্তন হবার পর থেকে এটা হয়েছে। আপনাদের আমলে ১ লক্ষ সামথিং জমি বিলি করা হয়েছে। বরং আপনাদের ডিসক্রেডিট হচ্ছে ৩ লক্ষ একর জমি হাতে থাকা সত্বেও বিলি করেন নি। দ্যাট ইজ ফর দি ইন্টারেষ্ট অব দি জোতদার। আপনাদের ঐ দেবব্রত কমিশন, ল্যাণ্ড রিফর্মস কমিশন এ্যাক্টে বলে গিয়েছিলেন এই সমস্ত বেনামদাররা ঐ জমি থেকে বছরে ১৪ কোটি টাকা আয় করেছে। আজকে তাদের স্বার্থে ৩ লক্ষ একর জমি বিলি হয় নি। আপনি ক্রেডিট চাইছেন, এই সমস্ত নবীন সদস্যদের ভুল বোঝাচ্ছেন, তারা আপনার হয়ে ডিফেণ্ড করছে। এটা অত্যন্ত লজ্জাকর ব্যাপার। কংগ্রেস আমলের জোতদার, মহাজন, পুলিশ প্রশাসনের দুষ্টচক্র —আপনাদের আমলেও গ্রামের গরীব ক্ষেতমজুর, মেহনতী মানুষের উপর অত্যাচার করছে, আপনারা মদত দিচ্ছেন। এর সঙ্গে বিপ্লবের সম্পর্ক কি, বামপন্থী রাজনীতির সম্পর্ক কি এগুলি ভাববার কথা নয় ? বামপন্থী আন্দোলনের প্রতি, আদর্শের প্রতি যাদের ন্যূনতম শ্রদ্ধা আছে তাদের কাছে আবেদন করছি, হোয়াট ইজ দি ডিফারেন্স ? আজকে যাঁরা বামপন্থী রাজনীতির সঙ্গে যুক্ত আছেন তাঁরা একদিন ফিল করেছিলেন—কিন্তু আজকে নেতৃত্বকে কোথায় নিয়ে যাচ্ছেন ? এটা আমি তাদের একটু ভেবে দেখতে বলছি। আপনাদের আত্মত্যাগ তো কম ছিল না—আপনারা কংগ্রেস রাজত্বে তো জেল খেটেছেন। একটা স্বপ্ন নিয়ে এসেছিলেন শোষণহীন সমাজ ব্যবস্থা প্রবর্তন করবেন। কিন্তু আপনাদেরই নেতৃত্বে যেভাবে সরকার পরিচালনা করছেন, দেশের রাজনীতি পরিচালনা করছেন তাতে বামপন্থী বিপ্লবের রাজনীতি এগিয়ে যাচ্ছে, নাকি বিপ্লবের রাজনীতির কোমর ভেঙ্গে চুরমার করে দিচ্ছেন ? এর মাসুল কিন্তু দিতে হবে। একবার যদি ফ্যাসিবাদ প্রতিষ্ঠিত হয় তাহলে সে কিন্তু কাউকে ক্ষমা করবে না, আপনাদেরও ক্ষমা করবে না। ইতিহাসের দিকে তাকিয়ে দেখুন। যারা একদিন ফ্যাসিবাদ আনতে সাহায্য করেছিল সেই ফ্যাসিবাদ কিন্তু তাদেরকেও ক্ষমা করল না। দেওয়ালের লিখনের দিকে তাকিয়ে দেখুন—আপনাদের দলীয় নেতৃত্বে আজকে বামপন্থী রাজনীতির সর্বনাশ করছে।

[1.50—2.00 P. M.]

আত্মত্যাগের মধ্যে দিয়ে পার্টির ভাবমূর্তি যেভাবে গড়ে উঠেছিল আজকে তাকে যারা বিনষ্ট করছে আপনারা তাকে ক্ষমা করবেন না। এর জন্য আপনারা আপনাদের দলের অভ্যন্তরে ঝড় তুলুন যদি যথার্থই বামপন্থার আদর্শের প্রতি আপনাদের ন্যূনতম আনুগত্য থাকে। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীসত্যপদ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েতমন্ত্রী আজ যে বাজেট উত্থাপন করেছেন তা সমর্থন করে আপনার মাধ্যমে আমি কয়েকটি কথা এই সভায় রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের মাননীয় সদস্য শ্রীআনন্দ মোহন বিশ্বাস মহাশয় যে বক্তব্য রাখলেন তা শুনে আমার ভালো লাগলো, সত্য বাপুলীর মতন লাগলো না। আর বিপ্লবী দলের মাননীয় সদস্য শ্রীদেবপ্রসাদ সরকার মহাশয়ের বক্তব্য শুনে মনে হল, তিনি চুরি ছাড়া আর কিছু দেখলেন না। সারা পশ্চিমবাংলা জুড়ে যে বিরাট কর্মকাণ্ড চলেছে তিনি সেটা দেখতে পেলেন না, খালি তিনি চুরির কথা বললেন। স্যার, আপনি জানেন, ১৯৭৩ সালে পঞ্চায়েত আইন পাশ হবার পর ১৯৭৭ পর্যন্ত কংগ্রেস ভোট করতে পারে নি, বামফ্রন্ট সরকার এসে সেই ভোট করেছেন। আনন্দবাবু এটা স্বীকার করেছেন। তারা ভোট করতে পারেন নি তার কারণ, সেখানে ক্যাণ্ডিডেট ঠিক করতে গেলে তাদের নিজেদের মধ্যেই মারামারি লেগে যেত। সেই জন্য তারা ভোট করতে পারেন নি। ১৮ বছর ধরে একই গ্রামপঞ্চায়েত প্রধান রেখে দিয়েছিলেন। ওরা চোর নয়, এক পয়সাও চুরি করেছে এটা বলতে পারবো না। তাঁরা সৎ লোক ছিলেন এবং সেই জন্যই ১৮ বছর ধরে ঐসব কাজ করে গিয়েছেন। আজকে ওরা সব গেল গেল এই রব তুলেছেন, কারণ ওঁরা বুঝতে পারছেন এই পঞ্চায়েতের মাধ্যমে গ্রামে গ্রামে বিরাট একটা কর্মকাণ্ড চলেছে। মহাত্মা গান্ধী বলেছিলেন, পঞ্চায়েত তৈরী করতে হবে। পঞ্চায়েত আইন ওঁরা করলেন, কিন্তু সেই আইন অনুযায়ী ভোট ওঁরা করলেন না, সেখানে বামফ্রন্ট সরকার এসে তবে ভোটের ব্যবস্থা করলেন এবং সেই ব্যবস্থা করার জন্যই ওঁরা আজকে গেল গেল রব তুলেছেন। বিপ্লবী দলের মাননীয় সদস্য বললেন, কায়েমী স্বার্থের সঙ্গে গাঁটছড়া বাঁধা হয়েছে। পঞ্চায়েত যদি একটা কাজ করেও থাকে সেটা হচ্ছে, পঞ্চায়েত কায়েমীস্বার্থকে আঘাত করেছে, তাকে ধ্বংস করেছে। রামবাবু প্রধান হলেন না, সেখানে রামা কৈবর্ত প্রধান হলেন—রাগটা সেখানেই। তাদের কথা হল, তুই ব্যাটা কে রে

যে তুই প্রধান হবি, তুই ভালো জামা গায়ে দিবি ? পঞ্চায়েত যে একেবারে শুদ্ধ, পবিত্র সে কথা আমি বলছি না। সেখানে অনেক রকমের মানুষরা আছেন, কাজেই সেখানে গণ্ডগোল হতেই পারে। সত্যবাবু কতজনকে তাড়িয়ে দেওয়া হয়েছে সেকথা বললেন। হ্যাঁ, যেখানে আমরা দুর্নীতি আছে বুঝতে পেরেছি সেখানে পার্টিগত ভাবে আমরা তাদের এক্সপেল করেছি। সেখানে এই পন্থা নিয়ে আমরা এগুলি সংশোধন করার চেষ্টা করছি। সব একেবারে সৎ হয়ে যাবে এটা নিশ্চয়ই আপনারা আশা করেন না। এক মাইল মেটাল রোড করতে ৪॥ লক্ষ টাকা খরচ হয় বলে শুনেছি, কিন্তু সত্যিকারের সেই টাকা খরচ হয় তো ? কিছু চুরি নিশ্চয় হয়, কিন্তু যত দোষ একেবারে তার সব কিছুর জন্য পঞ্চায়েত দায়ী একথা নিশ্চয় বলবেন না। একজন বললেন, গ্রামপঞ্চায়েতের একজন প্রধান শুনেছেন দার্জিলিং গিয়েছেন ? আমি বললাম, হ্যাঁ, আমার সঙ্গে দেখা হয়েছিল দার্জিলিং-এ। একজন প্রধান যদি দার্জিলিং-এ গিয়েই থাকেন তাহলে তিনি কি খুব অন্যায় করেছেন ? আমরা দার্জিলিং-এ গেলে ৩॥ টাকা দিয়ে লিভ হোষ্টেলে থাকি। ম্যাজিষ্ট্রেটরাও থাকেন। আমরা গেলে অপরাধ হয় না, আর একজন প্রধান গেলেই যত অপরাধ হয়ে যায়। ওদের কথা হচ্ছে, রামা কৈবত দার্জিলিং যাবে এটা কেমন কথা ? আজকে যে পঞ্চায়েতের মাধ্যমে আমরা কাজকর্ম করছি তাতে কিছু ভুলভ্রান্তি হলেও সেটাই যে মূল বনিয়াদ—এটা সকলকেই স্বীকার করতে হবে। আনন্দবাবু অবশ্য সেটা স্বীকার করেছেন, তবে, আমি বলব, এটা সকলের মনে রাখা দরকার যে, পঞ্চায়েতই হচ্ছে মূল বনিয়াদ। আজকে যদি পঞ্চায়েত না থাকতো তাহলে অতবড় খরা এবং বন্যার মোকাবিলা করা যেত না। ওরা বললেন, বন্যার সময় যে-সমস্ত অনুদান দেওয়া হয়েছে সেগুলি নাকি চুরি হয়ে গিয়েছে। হয়ত কিছু হয়েছে, কিন্তু আমি গ্রামে থাকি, আমার অভিজ্ঞতা হচ্ছে, অনুদান ঠিকমতই বিলি করা হয়েছে। খরা এবং বন্যার সময় আমি গ্রামে ছিলাম, আমি দেখেছি পঞ্চায়েত ব্যবস্থা যদি না থাকতো তাহলে খরা এবং বন্যার মোকাবিলা করা বামফ্রন্ট সরকারের পক্ষে সম্ভব হত না। তারপর ওরা বললেন, কোন এ্যাসেট তৈরি হয় নি। এটাও ঠিক কথা নয়। অনেক মোরাম রোড করা হয়েছে। যেখানে রাস্তা ছিল না সেখানে রাস্তা করা হয়েছে, যেখানে পুকুর ছিল না সেখানে পুকুর কাটা হয়েছে। কত পুকুর কাটা হয়েছে, কত রাস্তা হয়েছে সেটা মন্ত্রী মহাশয় বলতে পারবেন, কিন্তু আমরা জানি এই কাজ অনেক পরিমাণেই হয়েছে। তারপর দেবপ্রসাদবাবু বললেন, পঞ্চায়েতের মাধ্যমে যে কাজ হচ্ছে তাতে সব চুরি করে শেষ করে দিচ্ছে।

এক আধ জায়গায় ভুলত্রুটি হতে পারে, কিন্তু তাতে এটা মনে করার কোন কারণ নেই যে, সব জায়গায় চুরি হচ্ছে।

এই আইন তো আপনারা করেছিলেন। আমরা সেই আইন মত ভোট করতে গিয়েছিলাম। তাতে কংগ্রেস হাইকোর্টে চলে গিয়েছিল এবং যাতে ভোট না হয় তার জন্য আপ্রাণ চেষ্টা করেছিল। আপনাদের আইনেই ভোট হল এবং তার কিছু কিছু সংশোধিত হয়ে এসেছে। আগে যেটা ছিল যে পঞ্চায়েতের বিরুদ্ধে যদি নো-কনফিডেন্স হয় তাহলে ৭ দিনের মধ্যে সে মিটিং ডাকবে। সেখানে মিটিং ১ বছর পরে হতে পারে। সেটা সংশোধিত হয়ে এখন হয়েছে যে ১৪/১৫ দিনের মধ্যে মিটিং করতে হবে। এগুলি সংশোধিত হয়েছে। কাজেই পঞ্চায়েত সমিতি হলেই যে খারাপ হবে, সেটা ঠিক নয়। আজকে ডি. আর. ডি. এ স্কীমে গ্রামের মানুষের মুখে হাসি ফুটেছে। তারা গরু-বাছুর পাচ্ছে, নানা রকম স্কীমে টাকা পাচ্ছে। আজকে ব্যাঙ্ক যদি ডি. আর. ডি. এ, স্কীমে গ্রামের মানুষকে সহযোগিতা করতো তাহলে গ্রামের মানুষের মুখে আরো হাসি ফোটানো যেত। আজকে যে লিষ্ট আমরা পাঠাচ্ছি সেই লিষ্টে সব সময়ে ব্যাঙ্ক সহযোগিতা করছে না। একজন সদস্য বললেন যে, এম. এল. এ.-এর সইতে কি হয়? আমি বলছি হয়। পঞ্চায়েত সমিতির সভাপতি যদি তাকে মনোনীত না করেন, এম. এল. এ.-এর সইতে ব্যাঙ্ক ইনকোয়ারী করে দিতে পারে। ব্যাঙ্ক যদি ইনকোয়ারী করে স্যাটিসফায়েড হয় তাহলে সে দেবেন না কেন। আমরা চাই সেটা হোক। আজকে ব্যাঙ্ক যদি ঠিকমত সহযোগিতা করতো তাহলে গ্রামের মানুষের মুখে হাসি ফুটতো, ডি. আর. ডি. এ. স্কীমে গ্রামের চেহারা ফিরে যেত। আমাদের দুঃখ যে ব্যাঙ্ক ঠিকমত সহযোগিতা করছে না এবং ডি. আর. ডি. এ. স্কীমে সে জন্য ঠিক কাজ হচ্ছে না। আজকে গরীব মানুষকে যদি একটা ঘরের জন্য এক হাজার টাকা দেওয়া হয় তাহলে কি সেই এক হাজার টাকায় একটা ঘর হতে পারে? আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এটা একটু বিচার করতে বলবো। আমরা মানুষকে ঘর দিয়েছি, খাস জমি দিয়েছি। কংগ্রেস আমলে আপনারা খাস জমি বিলি করার জন্য ঢাকঢোল পিটিয়েছিলেন। আপনারা কত জমি বিলি করেছিলেন? যেটুকু বিলি করেছিলেন সেটাও ভুল বিলি করেছিলেন। আজকে আমরা বাড়ী রিকুই-জিশান করে সেগুলি বিলি করার ব্যবস্থা করেছি। কাজেই পাঞ্চয়েত কাজ করেনি, এগুলি ঠিক নয়। আমরা দেখেছি যে, আগে আপনারা কি ভাবে খাস ল্যাণ্ড বিলি করেছেন। আজকে কিছু কিছু আইনের এ্যামেণ্ডমেণ্ট না করলে অসুবিধা হচ্ছে। আপনারা জোতদারদের জমি দিয়েছিলেন, জমির মালিককে জমি

দিয়েছিলেন। আজকে যে-সব খাস জমি বিলি হচ্ছে সেটা সুষ্ঠুভাবেই বিলি হচ্ছে। যদি কোথাও কোন অন্যায় বা ত্রুটি থেকে থাকে তাহলে সেটা আপনারা বলুন। আপনারা যদি বলেন তাহলে সেটা সংশোধন করা যাবে। কিন্তু আপনারা কোন অভিযোগ করেন নি। আর একটা কথা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো। কয়েক বছর ধরে কোন চৌকিদার এ্যাপয়েন্টমেন্ট করা হচ্ছে না। আজকে চৌকিদাররা বলছে যে, কোন বীট খালি রাখা চলবে না। অনেক চৌকিদার মারা গেছে, কিন্তু সেখানে বহুদিন ধরে কোন এ্যাপয়েন্টমেন্ট করা হয় নি। একটা চৌকিদার মারা গেলে ডেথ ইন হারনেস তার ছেলেকে চাকুরী দেওয়া উচিত এবং সেই ব্যবস্থা আইনে রাখা দরকার। আমার আর একটা আবেদন আছে যে, চৌকিদারকে ক্লাশ ফোর ষ্টাফের সম্মান দেবেন। তাদের অনেক রকম কাজ করতে হয়। তাদের খাজনা আদায়, লোন আদায় করতে হয়, দারোগার সংগে থাকতে হয়, থানায় হাজিরা দিতে হয়, প্রধানদের বাড়ী পাহারা দিতে হয়। কাজেই চৌকিদারকে ক্লাশ ফোর করায় কোন অসুবিধা নেই। বর্তমানে এদের সংখ্যাও অনেক কমে গেছে। সে জন্য আমি আপনার কাছে আবেদন করবো যে, চৌকিদারের সার্ভিসটা ক্লাশ ফোর করা হোক এবং সেই মত অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়া হোক। কাগজে একটা খবর বেরিয়েছিল যে, মুর্শিদাবাদের বি. ডি. ও.-দের উপরে অত্যাচার হচ্ছে এবং এটা বামফ্রন্টের লোকেরা করছে। স্যার, বি. ডি. ও.'রা ঠিক ঐ রামা কৈবর্তদের স্বীকার করে নিতে পারছেন না। আমি এখানে একটা কথা বলবো তাতে আপনারা কিছু মনে করবেন না। আমরা এম. এল. এ. হয়েছি বক্তৃতার জোরে। আমি মন্ত্রী হতে পারতাম। সেক্রেটারী হবেন আই. এ. এস. অফিসাররা। আমার মত লোককে নিয়ে যদি তাঁরা কাজ চালাতে পারেন তাহলে ঐ রামা কৈবর্তদের নিয়ে বি. ডি. ও.-দের চলবে না কেন? মুর্শিদাবাদে বি. ডি. ও.'রা কাদের সংগে সহযোগিতা করতেন? পঞ্চায়েত সমিতির সংগে নয়, অন্য লোকের সংগে সহযোগিতা করতেন। তার ফলে সেখানে হয়ত গণ্ডগোল দেখা দিয়েছিল। আজকে বি. ডি. ও.-দের এদের সংগে সহযোগিতা করতে হবে। তারা যদি সহযোগিতার হাত বাড়িয়ে কাজ না করেন তাহলে গ্রামের উন্নতি হবে না।

[2.00—2.10 P.M.]

আমি বি. ডি. ও.-দের বিরুদ্ধে নই, কিন্তু তাঁদেরও আজকে পরিবেশের সংগে নিজেদের মানিয়ে নিতে হবে। এখানে একজন বিরোধী দলের সদস্য জয়েন্ট

বি. ডি. ও. দেওয়ার ব্যাপারের বিরোধিতা করলেন। আমি মন্ত্রী মহাশয়কে বলছি আপনি যে কাজগুলি করছেন, সেগুলি করে যান, আমরা আপনাকে সমর্থন করছি। এছাড়া আমি যে কাজগুলি করার কথা বললাম সেগুলিও করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

(এই সময়ে লাল আলো জ্বলে ওঠে)

আমার সময় শেষ হয়ে গেছে, সুতরাং আমার আরো কয়েকটি কথা বলার থাকলেও আমি আর বলছি না, মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅবন্তী মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করেছেন, আমি সে ব্যয়বরাদ্দের দাবীকে সমর্থন করতে পারছি না, আমি তার বিরোধিতা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সবাই স্বীকার করবেন যে, গ্রামবাংলার কল্যাণ হতে পারে, গ্রামবাংলার মঙ্গল হতে পারে যদি পশ্চায়েতগুলি যথাযথ ভাবে কাজ করে। গ্রামবাংলার শিক্ষা, কৃষি, শিল্প বা স্বাস্থ্যের উন্নতি হতে পারে, পানীয় জলের কষ্টের নিবারণ হতে পারে যদি পঞ্চায়েতগুলি ঠিকভাবে কাজ করে। কিন্তু আমরা দেখছি, ১৯৭৮ সালের জুন মাসে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবার পর বামফ্রন্ট সরকারের বিভিন্ন শরিক দলের নির্বাচিত সদস্যরা জেলা পরিষদ থেকে আরম্ভ করে গ্রাম পঞ্চায়েত পর্যন্ত বিভিন্ন সংস্থাগুলি দখল করে এবং ১৯৮৩ সালের মে মাসের নির্বাচনে বিভিন্ন সংস্থাগুলি দখল করে গত ৬ বছর যে নজির সৃষ্টি করেছে, সে নজির দেখে এই ব্যয়বরাদ্দের দাবীকে আমরা সমর্থন করতে পারছি না।

স্যার, খেটে খাওয়া মানুষের জন্য এন. আর. ই. পি. এবং ফুড ফর ওয়ার্কে কোটি কোটি টাকা, লক্ষ লক্ষ টন চাল এবং গম ব্যবহার করা হয়েছে। কিন্তু যা ব্যবহার করা হয়েছে তার বেশীর ভাগ অংশই পঞ্চায়েত সদস্যরা আত্মসাৎ করেছে। একথা আজকে সরকার পক্ষ অস্বীকার করতে পারবেন না, চিৎকার করে কিছুই বলতে পারবেন না, কারণ There are so many records in my hand which can justify the truth of my statement. এই বিধানসভার চত্বরে আমি আমার বক্তব্য দায়িত্ব নিয়েই রাখছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে গ্রামবাংলার চতুর্দিকে পানীয় জলের

অভাবের ফলে হাহাকার উঠেছে। আজকে এই পানীয় জলের সংকটের জন্য কারা দায়ী? পানীয় জলের ব্যবস্থা করার নাম করে দুর্নীতিপরায়ণ পঞ্চায়েত সমিতিগুলি লক্ষ লক্ষ টাকা খরচ করেছে, কিন্তু পানীয় জলের সংকট আগে যা ছিল তার চেয়েও তীব্র আকার ধারণ করেছে। কারণ তারা সমস্ত টাকা আত্মসাৎ করেছে। There are so many records. এ সমস্ত ব্যাপারে কোর্টে কেস পর্যন্ত হয়েছে। অডিট রিপোর্টই প্রমাণ করে দেবে যে, টাকা চাল এবং গম তারা আত্মসাৎ করেছে কিনা। যে-সমস্ত পঞ্চায়েত সদস্যরা ইতিপূর্বে চালা-ঘরে থাকত, আজকে তারা দোতলা পাকা বাড়ি করেছে। মাকর্সবাদী কমিউনিষ্ট পার্টির পাকা সমস্ত অফিস বাড়ি হয়েছে। আলিমুদ্দিন ষ্ট্রীটে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির প্রধান কার্যালয় তো একটি প্রাসাদ। কাদের টাকায় সেই বাড়ি হয়েছে? সে কি শুধু মেহনতী মানুষের সাহায্যে হয়েছে?

খেটে-খাওয়া মেহনতী মানুষের জন্য কিছু করেন নি। আপনারা ভূমিহীনদের জমি দেওয়ার কথা বলেছেন। কিন্তু ভূমি বিতরণের স্থায়ী কমিটি কাদের জমি দিয়েছেন, যাদের সিলিং-এর বাইরে জমি আছে তাদের জমি দিয়েছেন। ভূমিহীন-দের জমি দেয় নি। অনেক ভূমিহীন কৃষক যারা জমির পাট্টা পেয়েছিল তাদের পাট্টা বাতিল করা হয়েছে। ভূমিহীন লোকেরা সরকারের দেওয়া ঋণ এবং অনুদান পায় নি। অস্বীকার করবেন? অস্বীকার করতে পারবেন না। তাই মাননীয় পঞ্চায়েতমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী এখানে উৎথাপন করেছেন তাকে সমর্থন করতে পারছি না। ইউনিয়ন টাকসেশান ধরেছেন—মাননীয় সদস্য সত্যবাবু বললেন কায়েমী স্বার্থের কথা—আমি মাননীয় সদস্য সত্যবাবুকে জিজ্ঞাসা করছি কায়েমী স্বার্থ কাকে বলে—২০ বিঘা জমির মালিক যারা তাদের ট্যাক্স করেছে ১ টাকা, আর খেটে খাওয়া মানুষ যারা দিন আনে দিন খায় তাদের ট্যাক্স করেছেন ৫ টাকা—অস্বীকার করবেন? অস্বীকার করতে পারবেন না। এ্যাসেসমেন্ট এ্যাপ্রুভ করে নেন নি, নিজেদের খেয়াল-খুশী অনুযায়ী ট্যাক্স এ্যাসেসমেন্ট বছরের পর বছর করে চালিয়ে যাচ্ছেন। বিরোধী দলের সদস্যরা তাদের বক্তব্য গ্রাম পঞ্চায়েতে, পঞ্চায়েত সমিতিতে কিম্বা জেলা পরিষদে রাখলে তাদের নোট অফ ডিসেন্ট রেকর্ড করেন না এবং তাদের নোটিশ না দিয়ে কোন কোন সময়ে পঞ্চায়েতের সভা আপনারা করেন। আপনাদের কৃষক সমিতির সদস্যরা যে কথা বলে সেই কথাগুলি আপনারা কাজে পরিণত করেন। মিনিকিট বিতরণ করেছেন, মিনিকিট দিয়েছেন কাদের? মিনিকিটের বীজ, মিনিকিটের সার আপনারা নিজেরাই আত্মসাৎ করেছেন এবং সেগুলো বাইরের দোকানে বিক্রি হয়েছে। যোগ্য চাষী সেই

মিনিকিট-এর বীজ এবং সার পায় নি। আপনাদের দলীয় স্বার্থ রক্ষা করবার জন্য, দলীয় শক্তি বৃদ্ধি করার জন্য সরকারী অনুদান এবং ঋণ আপনাদের দলীয় লোকদের দিয়েছেন। যারা প্রকৃতপক্ষে অনুদান এবং ঋণ পাওয়ার যোগ্য ব্যক্তি, যোগ্য কৃষক, যোগ্য চাষী তাদের অনুদান দিচ্ছেন না। আমি এই বিধানসভার পবিত্র চত্বরে দাঁড়িয়ে বলছি আমি যেসব তথ্য পেয়েছি সেই তথ্য দিয়ে প্রমাণ করে দেবো। আমি এই দায়িত্ব নিয়ে পবিত্র বিধানসভায় বক্তব্য রাখছি। সুতরাং আমি বলতে পারি যদিও পঞ্চায়েতের মাধ্যমে জনগণের কল্যাণ করা যায়, জল কষ্ট নিবারণ করা যায়, কৃষি, শিল্প এবং শিক্ষা ক্ষেত্রে দেশের উন্নতি করা যায়, জনগনের মঙ্গল করা যায়, কিন্তু এই অপদার্থ দুর্নীতি পরায়ণ জেলা পরিষদের সভাধিপতি, পঞ্চায়েত সভাপতি এবং গ্রাম পঞ্চায়েতের প্রধানদের দিয়ে সেই কাজ হবে না। তাই মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী নিয়ে এসেছেন আমি তার বিরোধিতা করছি এবং করযোড়ে নিবেদন করছি আপনি পঞ্চায়েতগুলিকে নির্দেশ দিন বিরোধী দলের সদস্যরা যে নোট অফ ডিসেন্ট দেন সেই নোট অফ ডিসেন্ট যেন রেকর্ড করা হয়। এই বক্তব্য রেখে আমি এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2.10—2.20 P.M.]

শ্রীধীরেন্দ্রনাথ সেন : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় পঞ্চায়েতমন্ত্রী যে ব্যয়বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করে দু'-একটি কথা বলতে চাই। স্যার, আমি যখন বিরোধী পক্ষের কথা শুনছিলাম, বিশেষ করে সুব্রতবাবু এবং অবন্তী মিশ্র মহাশয়ের কথা, অবশ্য আনন্দবাবু ব্যতিক্রম, তখন মনে হোল যে ওঁদের ঘাড়ে মিস্ মেয়োর প্রেতাত্মা এসে চেপেছে। আপনি জানেন বোধহয়, মিস্ মেয়ো নামে এক ইংরেজ মহিলা ইংরেজ শাসনকালে এই দেশে বেড়াতে এসেছিলেন। তিনি নিজের দেশে ফিরে গিয়ে একটি বই লেখেন। তাতে তিনি বলেছিলেন ভারতবর্ষে একটি অসভ্য জাতির বাস এবং তাতে তিনি আরও সব কুরুচিপূর্ণ তথ্য পরিবেশন করেন। তাঁর সেই বইয়ের লিখিত তথ্য দেখে জনৈক কংগ্রেসী নেতা একটি বিশেষণে তাঁকে ভূষিত করেন, সেই বিশেষণটি হচ্ছে ড্রেন ইনস্পেকটর ; যিনি খারাপ ছাড়া ভাল দেখতে পান না। আজকে সেই বিশেষণে ওঁদেরকে ভূষিত করবো কিনা আপনি বলুন। আজকে পঞ্চায়েত দ্বারা কত কিলোমিটার রাস্তা হয়েছে বা কি কি উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সে সবের মধ্যে না গিয়ে

কেবল বলে গেলেন দুর্নীতি, দুর্নীতি, দুর্নীতি! এছাড়া বক্তৃতা রাখবার চেষ্টা করেন নি। কিন্তু বিগত দিনে গান্ধীজীও পঞ্চায়েতের স্বপ্ন দেখেছিলেন। তিনি বলেছিলেন পঞ্চায়েতের মাধ্যমে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হোক, অর্থাৎ গ্রামের মানুষের হাতে ক্ষমতা তুলে দেওয়া হোক। কিন্তু আপনারা ৩২ বছরেও তা করেন নি। পরবর্তীকালে নমঃ নমঃ করে পঞ্চায়েতের নির্বাচন করেছিলেন মাত্র, কিন্তু ক্ষমতার বিকেন্দ্রীকরণ বলতে যা বোঝায় তা করেন নি। বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেই পঞ্চায়েতের হাতে ক্ষমতা তুলে দিলেন। সঠিক কথাই বলেছেন সত্যপদ ভট্টাচার্য মহাশয়। আগে জোতদার, জমিদাররা হোতেন পঞ্চায়েতের প্রধান, কর্ণধার। সাধারণ মানুষের সেখানে প্রতিবাদ করবার পর্যন্ত সুযোগ ছিল না। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর গরীবের হাতে ক্ষমতা এলো, ফলে আপনাদের উষ্মা বেড়ে গেল। বিগত ৫ বছরের যেসব উন্নয়নমূলক কাজ করেছি তার উল্লেখ করলেন নাতো একবারও? নিশ্চয়ই আমরা উন্নয়নমূলক কাজ করেছি। এই পঞ্চায়েত ক্ষমতা পাবার পর ১৯৮৩ সালের ডিসেম্বর পর্যন্ত ২ লক্ষ শ্রম-দিবস সৃষ্টি করেছি, ৭১,৩৫৯ কিলোমিটার রাস্তা তৈরী করেছি, ১ লক্ষ হেক্টর জমিতে জলসেচের ব্যবস্থা করেছি, ৪৩,৩৭৭ হেক্টর জমি উদ্ধার করেছি, ১০৬২টি কালভার্ট তৈরি করেছি, ৪,৬২০টি বিদ্যালয়গৃহ নির্মাণ করেছি এবং ১ লক্ষ গৃহহীনকে বাড়ী তৈরী করে দিয়েছি। আজকে ব্যর্থতা কোথায়? আজকে একবার এই সমস্ত জিনিষ লক্ষ্য করে দেখবেন। এইসব কথা না বলে শুধু বলে গেলেন দুর্নীতি দুর্নীতি! কারণ দুর্নীতির সঙ্গে আপনারা জড়িত। আর দুর্নীতির সঙ্গে যে কংগ্রেস সহবাস করে সেটা আমরা স্বাধীনতার পর থেকেই দেখে আসছি। আপনি জানেন স্যার, স্বাধীনতার পর দুর্ভিক্ষ দেখা দিয়েছিল। তারপর আমরা কি দেখলাম? দেখলাম শুধু কেলেঙ্কারী। তখন যিনি প্রতিরক্ষামন্ত্রী ছিলেন তিনি জীপ কেলেঙ্কারী করেছিলেন। তারপর মুন্দ্রা কেলেঙ্কারী হোল। পরবর্তী কালে নাগরওয়াল কেলেঙ্কারী করলেন। তারপর দেখলাম ওঁদের মহারাষ্ট্রের প্রাক্তন মুখ্যমন্ত্রীর এক বিরাট কেলেঙ্কারী যা আন্তুলে কেলেঙ্কারী বলে সবাই জানেন। এরপরে কি দেখেছি? তফাৎটা কোথায় সেটা আমি বলছি। দুর্নীতি কিছু কিছু থাকতে পারে। তফাৎটা অন্য জায়গায়। আমি ওয়ানচু কমিসানের কথায় আসছি না, এই রকম বড় বড় কথা বলতে চাই না, এইসব কথা বলার প্রয়োজনীয়তা নেই। এই ব্যাপারটা কোথায় সেটা বলছি। আমাদের যারা দুর্নীতিগ্রস্ত মানুষ তাদের আমরা দল থেকে বার করে দিই। অথবা আমরা তাদের সংশোধনের চেষ্টা করি। আর কংগ্রেস কি করেন? তাঁরা দুর্নীতিগ্রস্ত লোককে পোষণ করেন এবং তার নিদর্শন

আপনারা ভাল ভাবেই জানেন। আমি শুধু এই কথা বলতে চাই, আর বিশেষ কিছু বলতে চাই না। অন্য ব্যাপার বললে ওনারা লজ্জা পাবেন। সুতরাং দুর্নীতির কথা বলে কোন লাভ হবে না। আপনারা ভালভাবে জানেন যে, এই পঞ্চায়েত হবার পর থেকে গ্রামের প্রতিটি মানুষ নিজের পায়ে দাঁড়াবার ক্ষমতা পেয়েছে। আজকে পশ্চিমবাংলায় কোথাও কোন রকমভাবে লোক না খেতে পেয়ে মারা যায় না। গ্রামে না খেতে পেয়ে মারা যাচ্ছে এই রকম গ্রাম নেই বললেই চলে। গত খরায়, গত বন্যায় পঞ্চায়েত যে কাজ করেছে তার দৃষ্টান্ত আপনারা নিশ্চয়ই জানেন। আর এই কথা আপনারা কেন বলছেন, আপনারাও তো পঞ্চায়েতে আছেন। আপনারাদের লোকেরা কি করেন? তাঁরাও তো দুর্নীতির মধ্যে আছে। এই দুর্নীতির মধ্যে তাঁরা কি নেই, নাকি তাঁরা ব্যতিক্রম? ওয়ানচু কমিশান অতীতের ব্যাপার, এই ব্যাপারে আমি আর বলতে চাই না। এখন যেটা দেখা যাচ্ছে সেটা হলো গোটা পঞ্চায়েতের প্রভাব বামফ্রন্ট নিয়ে নিয়েছে। আসল রোগটা হলো আর আপনারা এখানে থাকবেন কিনা সেটা। গ্রামেগঞ্জে গিয়ে দেখুন পঞ্চায়েত কিভাবে কাজ করছে। আপনারা কি করেছেন? সত্যবাবু ঠিকই বলেছেন। আপনারা জমি দিয়েছেন স্কুল মাষ্টারকে, অকৃষিজীবী লোককে। সেখানে আমরা সুষ্ঠভাবে জমি বলি করেছি তার হিসাবটা দেওয়া আছে। সুতরাং আজকে এইভাবে বলা উচিৎ নয়। আমাদের লক্ষ্যটা কোথায়? গ্রামের গরীব মানুষ, শ্রমজীবী মানুষ তাদের অর্থনৈতিক দিক থেকে তুলে ধরার চেষ্টা করছি। আপনারা কি করছেন, কাদের গুণগান গাইছেন? জোরদার, জমিদার এদের গুণগান গাইছেন। আপনাদের হিংসাটা হলো পঞ্চায়েতের প্রভাব যদি আপনাদের হাত থেকে চলে যায়, পঞ্চায়েত প্রধান যদি মার্কসবাদী হয় তাহলে তো আপনাদের পায়ের তলায় মাটি থাকবে না। অতএব আপনাদের দরকার পঞ্চায়েতের নিন্দা করা। এই হলো আপনাদের আসল উদ্দেশ্য। আপনারা জানেন যে, পঞ্চায়েতের মাধ্যমে পশ্চিমবাংলার মানুষ নূতন করে প্রেরণা পেয়েছে। এই প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে তারা নূতনভাবে জীবনযাত্রা শুরু করেছে। এটা অস্বীকার করা যাবে না। আজকে ডি. আর. ডি. এ এবং আই. সি. ডি. এস. প্রকল্প পঞ্চায়েতের মাধ্যমে সুষ্ঠুভাবে চলছে। গ্রামে গিয়ে দেখুন ডি. আর. ডি. এ. এবং আই. সি. ডি.-এস. প্রকল্প আছে এবং তার দায়িত্ব পঞ্চায়েত সুষ্ঠুভাবে পালন করছেন। এই জিনিস আপনারা কল্পনাও করতে পারেন নি। আপনারা অনেক বড় বড় কথা বলেন, এই ধরনের জিনিস আপনারা কোথায় করেছেন? আপনারা যা করেছেন সেটা ইতিহাস জানে।

আজকে আপনারা যেসব জিনিস বলছেন সেটা ঠিক নয়। আর পঞ্চায়েতের অডিটের কথা বলছেন ? পঞ্চায়েতের অডিট শুরু হয়ে গেছে। ১৯৭৮-৭৯ সালের পঞ্চায়েত অডিট ৯৮·২ ভাগ হয়ে গেছে। ১৯৭৯-৮০ সালের পঞ্চায়েত অডিট ৯৪·৩৭ ভাগ হয়ে গেছে এবং ১৯৮১-৮২ সালের পঞ্চায়েত অডিট ৮২·৩ ভাগ শেষ হয়ে গেছে। সুতরাং অডিটের কথা বলে জল ঘোলা করা ঠিক হচ্ছে না। স্থায়ী সম্পদ গ্রামে কি হয়েছে ? এটা আপনারা দেখে থাকবেন প্রতিটি গ্রামে নূতন পুকুর কাটা হয়েছে এবং নূতন রাস্তা করা হয়েছে। যে গ্রাম এককালে অগম্য ছিল সেই সব গ্রামে লোক চলাচলের রাস্তা হয়েছে এবং সেখানে রিক্সা যেতে পারে এবং গাড়ি যেতে পারে। আপনারা এটা কল্পনাও করতে পারেন নি যে, এই কাজ পঞ্চায়েতের মাধ্যমে হতে পারে। সুতরাং আমি এই কথা বলতে চাই পরবর্তী বক্তা যাঁরা এই পঞ্চায়েত সম্বন্ধে বলবেন, পঞ্চায়েতের মাধ্যমে এই বামফ্রন্ট সরকার যে জিনিস করতে চাইছেন সেটা অত্যন্ত ভাল এটা স্বীকার করে নেবেন। আজকে পঞ্চায়েতের মধ্যে কি দেখেছি ? পঞ্চায়েতের অফিসার ছাড়া পঞ্চায়েতের মধ্যে যে-সমস্ত লোক গিয়েছে তারা একেবারে নূতন, তাঁদের মধ্যে অনেকেরই অভিজ্ঞতা নেই। তাঁদের মধ্যে অনেকেরই লেখাপড়া জানা নেই। তাঁরা নিজেদের নীতির দ্বারা আজকে দেশটাকে গড়বার চেষ্টা করছে। সেখানে যদি কোন ভুলভ্রান্তি হয় তাহলে সেটাকে ক্ষমার চোখে দেখতে হবে। এটা না করে আপনারা এটাকে অন্যভাবে দেখছেন। আর একটা আমি অনুরোধ আপনাদের কাছে করবো। রুরাল লেবার এমপ্লয়মেণ্ট প্রোগাম যেটা করেছেন সেই ব্যাপারে আপনারা শ্রীমতী ইন্দিরা গান্ধীকে বলুন যে, সেই টাকাটা যেন স্টেট্ গভর্নমেণ্টের হাতে দিয়ে দেন। আমরা করে পাঠাবো, তারপর ওনারা ভেসটেড করবেন, তারপর স্কীম তৈরী হয়ে যাবে এটা করতে গেলে বহু দেরী হয়ে যাবে।

আপনাদের কাছে অনুরোধ, আপনারা সেন্ট্রাল গভর্নমেণ্টের কাছে গিয়ে বলুন না। পঞ্চায়েতের মাধ্যমে গ্রামীণ কাজকর্ম সুষ্ঠুভাবে রূপায়িত হওয়ার জন্য টাকা দিতে বলুন। আমি মহারাষ্ট্র, বিহার, ওড়িষ্যা এবং কর্ণাটকে গিয়েছিলাম। সেখানে পঞ্চায়েতের লোকেরা উপস্থিত ছিলেন। তাঁরা সকলেই আমাদের কাছে বলেছিলেন, আমাদের যে কাজ এবং লক্ষ্য আছে, তা একমাত্র পশ্চিমবঙ্গেই সুষ্ঠুভাবে হচ্ছে। সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ এব্যাপারে এগিয়ে আছে। ন্যাশানাল রুরাল ডেভেলপমেন্ট স্কীম হায়দ্রাবাদেও আছে। সেখানে তাঁরা বলছেন, আমরা এ ব্যাপারে কিছু করতে পারি না। আসামের প্রতিনিধিরাও বলেছেন, তাঁরা কিছু করতে পারেন না। সমস্ত কাজ অফিসাররাই করেন।

বিহারেও ঐ অবস্থা। তাঁরাও পঞ্চায়েতের মাধ্যমে কিছু করতে পারেন না। সমস্ত কাজকর্ম অফিসাররা ঠিকাদারের মাধ্যমে করে থাকেন। তাঁরা সকলে অভিযোগ করেছেন, অফিসাররা আমাদের কোন ব্যাপারে পাত্তাই দেন না। সেখানে কংগ্রেস দলের—ইন্দিরা কংগ্রেসের এম. এল. এ.-রা স্বীকার করেছেন, এ ব্যাপারে পশ্চিমবঙ্গে অনেক ভাল কাজ হয়েছে। তাঁরা বলেছেন, আমাদের অবস্থার কথা আপনারা ভাল করে লিখে নিন। সেজন্য আমি বলব, পঞ্চায়েত সম্বন্ধে যে-সমস্ত ভাল কাজ হয়েছে, সেগুলির উল্লেখ করবেন, শুধু সমালোচনা করবেন না। আমার হাতে এখন আর সময় নেই। সুতরাং এই ব্যয়বরাদ্দের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিশিরকুমার অধিকারীঃ মাননীয় স্পীকার স্যার, আজকে পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এনেছেন, তার বিরোধিতা ও আমাদের যে কাট মোশানগুলি আছে, তার প্রতি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। চুরির কথা এখানে অনেক হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীও চুরির কথা স্বীকার করেছেন। এ ব্যাপারে আগের মন্ত্রীরাও অনেকে বলেছেন। আমি সেই চুরির কথায় যাচ্ছি না। গাঁয়েগঞ্জে প্রবাদ ছিল যে, 'চুরি যদি শিখবি তবে ফুল বাগানে যা'। এখানে পঞ্চায়েত হয়ে উঠেছে 'ফুলবাগান'। যাই হোক, মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, উনি চুরির কথা অনেক শুনেছেন, অনেক রেকর্ডও ওঁর কাছে আছে। এই চুরি বন্ধ করার জন্য প্রচেষ্টা গ্রহণ করা প্রয়োজন। আমি প্রথমেই শুরু করছি মহাত্মা গান্ধীর কথা দিয়ে। তিনি বলেছিলেন গ্রাম স্বরাজ প্রতিষ্ঠার কথা। তিনি চেয়েছিলেন গ্রামের মানুষের হাতে ক্ষমতা তুলে দিতে। সেই অনুসারে আমরা আইন তৈরী করেছিলাম। আমরা জানি আমার ঘরের ছেলে কখনও অপরের কাছে মানুষ হতে পারে না। আজকে জনগণ সেই কথা বলছেন। আমরাও বলছি সেই কথা। মাননীয় মন্ত্রী মহাশয়, এখনও পর্যন্ত গত ভোটের শতকরা পরিসংখ্যান প্রকাশ করতে পারেন নি। আপনারা বলছেন, বামফ্রন্ট আজ সমস্ত ক্ষেত্রেই ঢুকে পড়েছে, তাঁরা কাজের মধ্যে ঢুকে পড়েছেন। পড়ুন, কোন ক্ষতি নেই। আপনারা ভাল থাকুন। বিগত ছয় বছরে কাজ করে আজ এই অবস্থার সৃষ্টি হয়েছে। আপনারা সব কিছুর মালিক। ভোটের আগে আপনারা বলেছিলেন, সমস্ত ক্ষমতা গ্রামের মানুষের হাতে তুলে দিতে হবে। ভোটের পর কি অবস্থায় গ্রামের মানুষ পড়েছেন তা তাঁরা বুঝতে পারছেন। সম্পূর্ণ অসত্য ভাষণ যে ছিল, তা উপলব্ধি করতে পারছেন। এই প্রসঙ্গে ক্লাইভের দ্বৈত

শাসনের কথা মনে পড়ে। গ্রামের বুকে ধোপা, নাপিত ঘরের লোকেদের হাতে যাতে ক্ষমতা যেতে পারে, সেজন্য এই কংগ্রেসই আইন পাশ করেছিল। কংগ্রেসের তৈরী সেই আইনের সুযোগে আপনারা এখন ক্ষমতা ভোগ করছেন। ক্লাইভের দ্বৈত শাসনের কথা কেন বলছি তা নিয়ে প্রশ্ন উঠতে পারে। বর্তমানে একদল সরকারী কর্মচারী কার্যতঃ ক্ষমতা ভোগ করছেন। একথা মাননীয় সদস্য সত্য বাপুলী ও দেবপ্রসাদ মহাশয় উল্লেখ করেছেন। বিনয়বাবু যে ক্ষমতা গ্রামের মানুষের হাতে তুলে দেওয়ার কথা বলেছেন—যাকে সংক্ষেপে এম. বি. বা মেজারমেণ্ট বুক বলে জানি—সেখানে কার্যতঃ পঞ্চায়েতের কোন কন্ট্রোল নেই। তাহলে ক্ষমতা কাদের হাতে আছে? তা আছে এক শ্রেণীর অফিসারদের হাতে। ঐ ক্ষমতা কার্যতঃ আছে বি. ডি. ও., ওভারসিয়ার, ফিসারী অফিসার এঁদের হাতে। পঞ্চায়েতের লোকেদের ট্রেনিং দেওয়ার কথা বলা হয়েছে। ভোটের আগে বুথ তৈরী করা হবে বলে কোথাও ১৫,০০০ টাকা, কোথাও ১২,০০০ টাকা করে আপনারা দিয়েছেন। প্রতিটি পঞ্চায়েতকে এইভাবে ভোটের আগে অর্থ দিয়েছেন বুথ রিপেয়ারিংয়ের জন্য। খরা মোকাবিলা করার জন্য আমরা সকলেই জানি, অফিসারদের মাধ্যমেই কাজ করা হয়েছে। পঞ্চায়েতের কোন ক্ষমতাই ছিল না তা প্রতিরোধের। আমরা দেখেছি অফিসারদের দিয়ে খরার মোকাবিলা আপনি করেছেন।

একদিকে পঞ্চায়েত রেখে দিলেন, অন্যদিকে সরকারী অফিসারদের হাতে ক্ষমতাও দিলেন। এর ফলে দুজনের মধ্যে একটা সংঘাত দেখা দেবে। সরকারের কর্মচারীরা ফুলেফেঁপে ঢোল হয়ে যাবে। আমরা দেখেছি আরামবাগ থেকে, কাঁথি থেকে গাড়ী করে বি. ডি. ও.-রা—এন আর. ই. পি.'র টাকায় কেনা গাড়ী করে-এখানে ওখানে যাওয়া আসা করেন। এই অবস্থার সৃষ্টি আপনারা করলেন। সুতরাং হয় সাধারণ মানুষের হাতে ক্ষমতা দেওয়া হোক, না হয় অফিসারদের হাতে দেওয়া হোক। বি. ডি. ও.'র আণ্ডারে অনেকগুলি অফিসার আছেন। কিন্তু বি. ডি. ও.'র চেয়ে এগ্রিকালচার এক্সটেনশন অফিসারের ক্ষমতা টাকার ব্যাপারে অনেক বেশী বলে সে বি. ডি. ও. কে কলা দেখায়। আবার পঞ্চায়েত অফিসার বলেন, আমার মালিক হচ্ছেন বিনয়বাবু, সুতরাং আমি গ্রাম প্রধানের উপর ছড়ি ঘোরাব, পঞ্চায়েত সমিতির উপর ছড়ি ঘোরাব। এই রকম একটা অদ্ভুত সংঘর্ষ বি. ডি. ও. এবং অন্যান্য সরকারী অফিসারদের সংগে নির্বাচিত প্রতিনিধিদের আরম্ভ হয়েছে। মন্ত্রী মহাশয়কে এই বিষয়টা ভাবতে অনুরোধ করি। এখানে এম. এল. এ. এম., পি. রেখে দিলে কি অপরাধ হবে? আমরা দেখেছি কেউ কংগ্রেস করলে

তার বউ এক কলসী জল আনতে পারবে না, তার কলসী ভেংগে দেওয়া হবে। এটাই হচ্ছে আজকের ঘটনা। অপর দিকে-আবার দেখছি যিনি দীর্ঘদিনের নেতা, পঞ্চায়েত সমিতির সভাপতি তাঁর ঘরের সামনে দিয়ে লাল মোরামের রাস্তা করে দেওয়া হচ্ছে। এই ভাবেই সেখানে বে-আইনী কাজ সমস্ত চলছে। তারপর দেখলাম খেজুরীর বি. ডি. ও. ফাঁসীতে ঝুলে মরল, তার মুখে এন. বি.-র বুক এবং মেজারমেনটের বই। এই রকম অদ্ভুত অবস্থা যে সৃষ্টি হচ্ছে এটা আপনাদের চিন্তা করা দরকার। এখানে চুরি যে হচ্ছে এটা আপনাদের স্বীকার করতেই হবে। দিল্লীতে একটা ডাইরেকটরেট অফ ভিলেজ রিকনষ্ট্রাকশান বোর্ড করেছে গ্রামীণ পুনর্গঠনের জন্য। আজকে পশ্চিমবাংলার গ্রামীণ উন্নতির জন্য এই রকম একটা বোর্ড আমাদের তৈরী করতে হবে এবং সেখান থেকে গ্রামীন মানুষের উন্নতির কথা চিন্তা করতে হবে। আজকে পঞ্চায়েতের নির্বাচনে কো-অপারেটিভের চোর, শিক্ষক যে পড়াশোনা জানে সেও সেখানে আসে। কিন্তু একটা সাধারণ কর্মচারী, পোষ্ট অফিসের ই. ডি., ব্যাংকের ৩০০০ টাকা মাইনের পিওন সেও নির্বাচনে দাঁড়াতে পারছে না। এইসব কথা আপনাকে চিন্তা করতে হবে। একজন শিক্ষক প্রচুর টাকা রোজগার করছেন বা সমবায়ের একজন চোর তারা কিভাবে আসছে। এম. পি.-রা দিল্লী থেকে টাকা আনছেন, এম. এল. এ.-রা এখান থেকে টাকা নিয়ে যাচ্ছেন, কিন্তু তার কি হচ্ছে ? আপনার এলাকায় যদি কংগ্রেসের কোন বোর্ড হয় তাহলে তারা আপনার কথা শুনবে না। মুখ্যমন্ত্রীর সাতগাছিয়ায় তিনি একটা টিউবওয়েলও বসাতে পারবেন না, যদি সেখানকার জলসরবরাহ কমিটি অ্যাপ্রুভ না করেন। আজকে এইসব চিন্তা করবার দিন এসেছে। আমরা মেম্বার যারা পঞ্চায়েত সমিতিতে আছি সেখানে পঞ্চায়েত সমিতির একটা মিটিং যদি আজকে হয় তাহলে এম. এল. এ.-দের রাইট তারা ঠিকমত প্রয়োগ করতে পারবে না। কারণ তাহলে স্পীকার মহাশয়কে বলতে হবে যে, আপনি বিধানসভা বন্ধ রাখুন, আমরা ভোট দিতে যাব। আজকে গ্রামের মানুষের কথা চিন্তা করতে গেলে এম. এল. এ., এম. পি'র সংযুক্তির কথা ভাবতে হবে।

এমনও দিন আসতে পারে সেদিন যদি সংবিধান পরিবর্তন হয় তাহলে অনেক কিছু হবে। আজকে জেলায় জেলা পরিষদ আছে, গ্রাম প্রধান আছে, ব্লক উন্নয়ন পরিষদ আছে, কিন্তু মহকুমায় কিছু নেই। বি. ডি. ও. মাসে একবার করে পয়লা তারিখে এবং আবার শেষ-তারিখে এস. ডি. ও.'র সংগে কথা বলতে যান, কিন্তু মহকুমায় যে ১১/১২টা ব্লক আছে সেই ১১/১২টা ব্লকে তিনি ছড়ি গোরাচ্ছেন। তিনি ব্লকের টাকা দেন, টিউবওয়েলের টাকা দেন, সেই জন্য বলছি যে মহকুমায় মহকুমায়

কোন কো-অর্ডিনেশন নেই। এ ব্লকে কি হচ্ছে ও ব্লক সেটা জানতে পারছে না। আপনারা বলেছেন কংগ্রেস কিছু করে নি। কিন্তু কংগ্রেস কিছু না করে থাকলে পঞ্চায়েতের এত অফিস, এত স্কুল, এত হাসপাতাল আপনারা কোথা থেকে পেলেন? আপনারা কি করেছেন সেটা বলুন। আজকে পঞ্চায়েত সমিতিগুলো সমস্ত প্রতিক্রিয়াশীল লোকে ভর্তি, যারা সাধারণ মানুষকে বঞ্চিত করে। পঞ্চায়েত হচ্ছে লোকালাইজেশন ইন দি সেন্টার। আজকে কোন পঞ্চায়েত কংগ্রেসের দখলে এলে তাহলে সে কি অফিস অন্য জায়গায় তুলে নিয়ে যাবে? আজকে আমরা দেখছি পঞ্চায়েত সমিতির অফিস তার সভাপতির বাড়ীতেই হচ্ছে। অর্থাৎ এইভাবে লোকালাইজেশন হচ্ছে। ১৯৮১ সালের সেনসাসের পর আপনাদের পুনর্গঠনের কথা চিন্তা করতে হবে। গরীব মানুষ দু-চার টাকা ভাড়া দিয়ে বি. ডি. ও. অফিসে কেন যাবে সামান্য রিলিফের জন্য? সুতরাং আপনারা গ্রাম পঞ্চায়েতের অফিসগুলিকে একটা স্থির জায়গায় আনবার জন্য ব্যবস্থা করুন এবং সম্পদ সৃষ্টি করার জন্য আপনাদের চেষ্টা করতে হবে। এ সম্বন্ধে একটি কথাও এখানে নেই। রাজনৈতিক ভোট সংগ্রহের জন্য যেটুকু প্রয়োজন সেইটুকুই আপনারা করছেন। মন্ত্রী মহাশয়কে বলব আপনি সম্পদ সৃষ্টির জন্য নালাগুলিকে নিন, এবং ইংরেজ আমলে ইঞ্জিনীয়াররা যে বাংলোগুলি ব্যবহার করত সেইগুলিকে গ্রহণ করে সম্পদ সৃষ্টি করার ব্যবস্থা করুন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে সমস্ত কাট মোশনের পক্ষে বক্তব্য রেখে আমি শেষ করছি।

[2.30 – 2.40 P. M.]

শ্রীআতাহার রহমান: মাননীয় স্পীকার মহাশয়, পঞ্চায়েতমন্ত্রী যে ব্যয়বরাদ্দ রেখেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলব। এই ব্যয় বরাদ্দের আলোচনায় অংশ গ্রহণ করে বিরোধী পক্ষের সদস্যগণ যে-সমস্ত কথা বললেন সেকথা শুনে আমার মনে হচ্ছে আমরা এমন একটা দেশে বসবাস করছি যেখানে কোন সমস্যা নেই, কোন সঙ্কট নেই, সমস্ত কিছুর সমাধান হয়ে গেছে—তবে একমাত্র পশ্চিমবাংলায় সমস্ত সমস্যা, সমস্ত দুর্নীতি রয়েছে এবং সমস্ত খারাপ কাজ এই পঞ্চায়েত করে যাচ্ছে। স্যার, পশ্চিমবাংলার পঞ্চায়েত বিভিন্ন গ্রামে বিভিন্ন এলাকায় বা পঞ্চায়েত সমিতির এলাকায় যে ব্যবস্থা গড়ে তুলেছে তাতে দেখছি একটি অংশের মানুষের মধ্যেই প্রচণ্ড হতাশা এসেছে এবং তাদের প্রতিনিধিত্ব করছেন আমাদের

বিরোধী পক্ষের লোকেরা। অপর দিকে চেয়ে দেখুন গ্রামের সাধারণ মানুষের মধ্যে প্রচণ্ড উৎসাহ-উদ্দীপনা দেখা যাচ্ছে, কারণ গ্রামের প্রতিটি সমস্যার সঙ্গে এই পঞ্চায়েত তথা সাধারণ মানুষ যুক্ত হয়েছে। আমরা দেখতে পাচ্ছি রিলিফ বিতরণ, মিনিকীট বিতরণ ইত্যাদি প্রতিটি কাজের সঙ্গে পঞ্চায়েত যুক্ত হয়েছে, অর্থাৎ বলা যায় এইসব কাজে গ্রামের শতকরা ৮০ ভাগ মানুষ যুক্ত হয়েছে। এর ফলে দীর্ঘদিন ধরে একদল মানুষ যারা মোড়লী করত, সুদ খেত এবং কৃষকদের ব্যাগার খাটাত তাদের এখন আর সে সুযোগ নেই এবং সে সুযোগ নেই বলেই তারা প্রচণ্ড হতাশায় ভুগছে। যারা একদিন খেতে পারত না, গায়ে জামা পরতে পারত না তারা এখন যে খেতে পাচ্ছে, গায়ে জামা দিতে পারছে এটাও তারা সহ্য করতে পারছে না। আমাদের সত্যবাবু বললেন 'রামা' এখন বাবু হয়েছে। এটা তারা সহ্য করতে পারছেন না, তাই পঞ্চায়েত সম্বন্ধে ঐ একটা কথাই বলছেন, দুর্নীতি, দুর্নীতি, দুর্নীতি। আমরা যাদের বহিষ্কার করে দিয়েছি, যাদের পুলিশ গ্রেপ্তার করেছে তাদের সঙ্গে আপনারা যুক্ত হয়ে কেন সভামঞ্চ আলোকিত করছেন সেটা বলবেন কি? আমরা রাণীনগর ২নং পঞ্চায়েত সমিতির ৫ জন প্রধানকে ধরেছি, একজন প্রধানকে পুলিশ গ্রেপ্তার করেছে এবং আমরা তাকে বহিষ্কার করে দিয়েছি। ইনি যখন দুর্নীতির সঙ্গে যুক্ত হলেন তখনই তাঁর সঙ্গে আমরা সম্পর্ক ছিন্ন করেছি, কিন্তু আজকে দেখছি আপনারা তাঁর সঙ্গে একসঙ্গে বসে কাজ করছেন।

এর থেকে কি মনে হয় না যে রটনা করা হচ্ছে। আমরা জানি চোরের মায়ের বড়গলা। আমরা এমন একটা সমাজব্যবস্থায় বসবাস করছি, যেখানে যে ক্রটি বিচ্যুতি হবে না, একথা আমরা বলতে পারি না। ওনারা প্রশ্ন তোলেন যে হাজার হাজার লক্ষ লক্ষ টাকা দেওয়া হচ্ছে, যে টাকার কোন হিসাব-নিকাশ নেই। আমি কি জিজ্ঞাসা করতে পারি যে ১৯৬৪ সালে যখন গ্রাম পঞ্চায়েতের নির্বাচন হয়েছিল, তখন কি আপনারা একটি পয়সাও হিসাব দিয়েছিলেন? কোন পঞ্চায়েত প্রধান কোন হিসাব দেয় নি। আমাদের ১৯৭৮ সালে পরবর্তী নির্বাচন হয়েছে এবং আমাদের পঞ্চায়েত হিসাব দিয়েছে, আমি সেই হিসাব আপনাদের সামনে রাখছি এবং এটা সরকারী অডিট রিপোর্ট। ১৯৭৮-৭৯ সালে ৯৮% গ্রাম পঞ্চায়েত হিসাব দিয়েছে, ১৯টি পঞ্চায়েতে গোলমাল ছিল। ১৯৭৯-৮০ সালে ৮২·০ শতাংশ হিসাব দিয়েছে, ১৯৮০-৮১ সালে ৯৪ ৩৭ শতাংশ পঞ্চায়েত হিসাব দিয়েছে। ১৯৭৭ সালের আগে যে পঞ্চায়েত নির্বাচিত হয়েছিল তারা কি এই ধরনের হিসাব দিতে পেরেছিল? সে হিম্মত তাদের ছিল না। আমি জানি আমার বাবা প্রধান ছিলেন। প্রধানকে টাকা-পয়সা দেওয়া হোত, প্রধান অধ্যক্ষদের ভাগ করে দিতো। কিন্তু সেই টাকার

হিসাব আর ফেরত আসতো না। আপনারা এতদিন কেন নির্বাচন করেন নি? তা করলে তো আপনাদের ঘুঁটি উল্টে যেতো। কারণ ওরাই তো ছিলো আপনাদের খুঁটি এবং ওদেরই সাহায্যে এখানে আসতে পেরেছেন। সুতরাং চিৎকার করার কারণ আছে বৈকি। কারণ হচ্ছে আপনারা গ্রামের মানুষের থেকে বিচ্ছিন্ন হয়ে গেছেন। ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর ৫ মাসের মধ্যে পঞ্চায়েত নির্বাচন হয়েছে এবং সেই পঞ্চায়েত নির্বাচন হবার পর থেকে সেই পঞ্চায়েত আজ পর্যন্ত চলছে। কোন বৎসর এই সব পঞ্চায়েতকে সুষ্ঠুভাবে কাজ করতে হয় নি। কোন বৎসর খরা, কোন বৎসর বন্যা, কোন বৎসর অতি বৃষ্টি, এর মধ্য দিয়ে চলতে হয়েছে। স্বাভাবিক আবহাওয়ার মধ্যে তারা কোনদিন চলতে পারে নি। আপনারা এই বিধানসভায় উল্লাস করতে পারেন—কিন্তু এইটাই হোল বাস্তব কথা। বামফ্রন্ট সরকার আসার পর কি ভয়াবহ বন্যা ভয়াবহ খরা হয়েছে সেটা নিশ্চয় আপনারা জানেন। ওঁরা তখন উল্লাস করেছিলেন। ওঁরা ভেবেছিলেন এইবার দেশে মহামারী আসবে, গ্রামের জনসাধারণ শহরের দিকে ছুটে আসবে, ফ্যান দাও ভাত দাও, খেতে দাও ভিক্ষা করবে। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী সেদিন বলেছিলেন জনসাধারণ আমাদের সংগে আছে। পশ্চিমবাংলার মানুষ সেদিন বেঁচেছে। কলকাতায় কেউ ছুটে আসেনি। মহামারীতে কেউ মরেছে এই রকম ঘটনা নেই। অনেক পঞ্চায়েতের প্রধান জীবন দিয়েছে সাধারণ মানুষকে রক্ষা করার জন্য। এসব কথা আপনারা তো বল্লেন না। কেবল কোথায় ত্রুটি হোল সেটারই সমালোচনা করার চেষ্টা করেছেন। আজকে আপনারা গ্রামে ক্ষেত মজুরদের কথা বলছেন, কেন্দ্রের টাকার কথা বলছেন, কিন্তু ১৯৭৭ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত গ্রামের মানুষ না খেয়ে মরেনি বা হতাশায় ভোগেনি। ফুড ফর ওয়ার্কের মাধ্যমে গ্রামের গরীব ক্ষেত মজুররা আজকে তাদের সমস্যার কিছু সমাধান করতে পারছেন। এই বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2.40—3.35 P. M. including adjournment]

শ্রীসাত্ত্বিককুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন, তাকে আমি সমর্থন করতে গিয়ে দু-চারটি কথা বলতে চাই। আমি এখন দেখলাম, বিরোধী পক্ষের নেতা মাননীয় বাপুলি মহাশয় শুধু চুরি চুরি করে বলে গেলেন। কিন্তু আমি আশা করেছিলাম তাঁর

মত একজন সদস্য, তিনি নিশ্চয়ই কিছু সাজেশন রাখবেন। যাইহোক যে-কোন একটা কাজ করতে গেলে ভুলত্রুটি হবেই এবং হয়েওছে। পঞ্চায়েত যেভাবে আরম্ভ হয়েছে, এটা নূতন ভাবে আরম্ভ হয়েছে, সুতরাং কাজ করতে গেলে ভুলত্রুটি হবেই। কথা হচ্ছে এর দ্বারা জনসাধারণ কতটা উপকার পেয়েছে সেটা দেখতে হবে। এই কথা ঠিক আজকে পঞ্চায়েতের কাজকর্ম গ্রাম বাংলায় জোয়ার এনে দিয়েছে, মানুষের মনে একটা আশার সঞ্চার করেছে, এটা ঠিক কথা। আপনারা ত পঞ্চায়েত করেছিলেন, তখন আপনাদের মেম্বাররা আসতেন, নিজেদের স্বার্থসিদ্ধি করার জন্য, ট্যাক্স নিজেদের কি করে কমানো যায়, গরীব মানুষের রেশন কার্ডের চিনি তুলে কি করে নেওয়া যায়, এই আপনাদের একমাত্র ধ্যান-ধারণা ছিল। আমরা পঞ্চায়েতকে মানুষের উপকারে কি করে কাজে লাগানো যায়, সেদিকে চেষ্টা করেছি। এই কথা বলতে গিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যদি পঞ্চায়েতের কাজ সুষ্ঠুভাবে করতে হয় তাহলে প্রথমতঃ এই যে বাজেট বরাদ্দ হয়েছে, এই টাকা অন্ততঃ পক্ষে প্রত্যেকটি জেলা পরিষদের কাছে মে-জুন মাসের মধ্যে এ্যালোকেশন দিতে হবে। কারণ আপনারা বছরের শেষ সময়ে টাকা দেন, ফলে কাজগুলোর জন্য প্ল্যান প্রোগ্রাম করা যায় না। আমাদের যে আর. এল. ই. জি. পি. এবং এন. আর. ই. পি. এই যে স্কীমগুলো আছে এবং আরও অন্যান্য ডেভেলপমেন্টাল ওয়ার্ক যেসব করা হয়, সেইগুলো যাতে সুষ্ঠুভাবে হয় তার জন্য ডিজাইন দরকার এবং এই ডিজাইন করতে গেলে একটা ইঞ্জিনীয়ারিং সেল থাকা দরকার এবং তার জন্য স্টাফ থাকা দরকার। কাজেই একটা ইঞ্জিনীয়ারিং সেল না করতে পারলে সুষ্ঠুভাবে এই টাকাগুলো ইউটিলাইজ করা যায় না। আর একটা জিনিস দেখবেন, প্রত্যেকটি জেলা পরিষদে একজন করে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ার থাকেন, তাঁরা যুগ-যুগান্ত ধরে বসে আছেন, ওরা ভেষ্টেড ইন্টারেষ্টের সঙ্গে জড়িত হয়ে পড়েছে। এই সমস্ত ডি. ই.-দের যাতে ট্রান্সফারেবল সার্ভিস হয়, সেদিকে নজর দেবার জন্য অনুরোধ করছি এবং সেই সঙ্গে যেসব ষ্টাফ আছেন এবং সাব-অ্যাসিষ্ট্যান্ট ইঞ্জিনীয়ার যাঁরা ডেপুটেশনে আসেন, তাঁরা ভাবেন, আমরা তো কিছু দিনের জন্য এসেছি, সুতরাং তাঁরা ঠিকমত কাজ করেন না। সেইজন্য আমি প্রস্তাব করছি, একটা করে ইঞ্জিনিয়ারিং সেল প্রতি ডিষ্ট্রিক্টে করা হোক। সেইসঙ্গে তাঁদের যেসব সুযোগ-সুবিধা আছে, সেইগুলো তাঁদের দেওয়া হোক। তারা যাতে পেনশন এবং অন্যান্য সুযোগ-সুবিধা পায়, সেদিকে নজর দেবেন। আমি এবার আই. আর. ডি. পি'.র কথায় আসছি, এই স্কীমটার ব্যাপারে আপনাকে আমি বিশেষ ভাবে নজর দিতে বলছি। কারণ মনে করুন একটা মৌজায় দু'হাজার লোকের বাস, তাতে

চার/পাঁচটি গ্রাম আছে, সেখানে মনে করুন ১২ শত লোক আছে মধ্যবিত্ত কাষ্ট হিন্দু এবং অন্যান্য সম্প্রদায়ের লোকও আছে, কিন্তু ট্রাইব্যাল সেখানে ঐ দু'হাজারের মধ্যে হয়তো ৮০০ রয়েছে। যেহেতু ঐ ৮০০ জন গ্রামের লোকসংখ্যার ৫০ পার্সেন্ট হচ্ছে না, ফলে তারা সমস্ত সরকারী সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে।

এই ব্যাপারে সেন্ট্রালের সংগে আলোচনা করে আদিবাসী এলাকায় আই. টি. ডি. পি. স্কীম যাতে আনা যায় সেই জন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি কথা আমি বলতে চাই, জেলা পরিষদের কাজের জন্য নিজস্ব কোন ফাণ্ড নেই। জেলা পরিষদের নিজস্ব ফাণ্ড তৈরী করার জন্য যে-সমস্ত সেস আদায় হয়, ডিউটি আদায় হয় সেইগুলি ডাইরেক্টলি জেলা পরিষদের খাতে জমা করুন। কারণ জেলা পরিষদের নিজস্ব ফাণ্ড না হলে কি করে কাজ করবেন? আপনারা জানেন বহু জায়গায় হাট আছে। আমার কেন্দ্র নলহাটিতে গরুর হাট আছে। ওখানকার দুটো গরুর হাটই যদি জেলা পরিষদ টেক আপ করে তাহলে ১।। লক্ষ টাকার মত আয় হতে পারে। এগুলি যাতে হয় সেদিকে আপনাকে অনুরোধ করছি। কারণ বহু রাস্তা জেলা পরিষদের আছে। এই রাস্তাগুলি মেনটিনেন্স ঠিকমত করা দরকার। রাস্তা থাকলেই হবে না, সেগুলি ঠিকমত রক্ষণাবেক্ষণ করা দরকার। সেই জন্য জেলা পরিষদের নিজস্ব ফাণ্ড একান্ত দরকার। আর যাঁরা চাকরি করেন তাঁদের ট্যাক্স যাতে গ্রামে দেওয়া হয় সেই ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ করছি। ফুড, ডি. আর. ডি.এ.'র কোন সমিতি নেই। ফুড এবং ডি. আর. ডি. এ.'র ব্যাপারে একটা স্বয়ংসম্পূর্ণ সমিতি থাকা দরকার। আপনি জানেন ষ্ট্যাণ্ডিং কমিটি যেগুলি আছে সেগুলিকে যদি ক্ষমতা না দেন তাহলে শুধু একা জেলা পরিষদের সভাধিপতি, সহ-সভাধিপতির পক্ষে এগুলি করা সম্ভব নয়। সুতরাং এই জিনিসগুলি আপনি বিবেচনা করুন। এই হচ্ছে আমার সাজেশান। আর পঞ্চায়েতগুলিকে দুর্নীতিমুক্ত করতে হলে টাকা-পয়সা যে-সমস্ত পেমেণ্ট হয়—

(এই সময় হঠাৎ লোডশেডিং হয়ে যাওয়ায় ৪৫ মিনিটের মত হাউস এ্যাডজোর্ন হয়ে যায়)

[3.35—3.45 P.M. After adjournment]

শ্রীপতিতপাবন পাঠক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল এই বিধানসভায় ২টি খুব গুরুত্বপূর্ণ বাজেট পাশ হয়েছে। একটি হচ্ছে তথ্য সংস্কৃতির ব্যাপার, আর একটি হচ্ছে ক্ষুদ্র কুটির শিল্পের ব্যাপার। আপনি লক্ষ্য করে দেখবেন আমাদের

তথাকথিত দুটি বৃহৎ সংবাদপত্র আনন্দবাজার, যুগান্তরে এর কোন উল্লেখ নেই। এই বাজেট পাশের কোন সংবাদ তারা দেয় নি। ২টা পর্যন্ত বিধানসভার গোলমালের ছবি ছাপা যায়, অথচ বাজেট পাশ হওয়ার সংবাদ ছাপা যায় না। সংবাদপত্রের স্বাধীনতা আছে, নিজেদের মত করে সংবাদ ছাপার অধিকার তাদের আছে। কিন্তু কোন সংবাদ না ছাপার অধিকার তাদের আছে কিনা, সেটা আমি আপনার কাছে জানতে চাইছি। তাই আমার অনুরোধ আপনি এই বিষয়ে কোন ব্যবস্থা নেবেন কিনা সেটা আমাদের জানাবেন।

শ্রীআবদুল মান্নান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইমাত্র আমি একটি চিঠি পেলাম, সেই চিঠির বিষয়টি আমি আপনার মাধ্যমে এই বিধানসভায় রাখছি। স্যার, এর আগে আপনি জানেন, বিধানসভার দু'জন মাননীয় সদস্য—দেবী বসু মহাশয় এবং সোমেন মিত্র মহাশয় নবদ্বীপের ঘটনার কথা এখানে উল্লেখ করেছিলেন। আমি এই মাত্র যে চিঠিটি পেয়েছি সেটাও নবদ্বীপের ঘটনা সম্পর্কে। সেই চিঠিতে জানানো হচ্ছে, গত রবিবার দিন রাজ্য পুলিশের ডি. জি., তিনি ওখানে গিয়েছিলেন। তিনি নবদ্বীপ থেকে চলে আসার একঘণ্টা পর থেকেই যে মাফিয়া গ্রুপের কথা মাননীয় সদস্যরা বলেছিলেন তারা ব্যাপক বোমাবাজী শুরু করে। গত পরশুদিন রাত্রিবেলা ওখানকার যুব কংগ্রেসের সহ-সভাপতি শ্রীদুলাল ভজনের বাড়ী তারা আক্রমণ করে। গতকাল সকাল ৭টা থেকে ১০টার মধ্যে তারা ১০ জায়গায় বোমাবাজী করেছে। নবদ্বীপ শহরে এখন শ্মশানের নীরবতা বিরাজ করছে। সেখানে সমস্ত দোকানপাট বন্ধ। সেখানে এস. পি., ডি. এস. পি. সবাই গিয়েছেন, কিন্তু তবুও অবস্থা আয়ত্তে আসছে না। স্যার, আপনার কাছে অনুরোধ, সেখানে যাতে অবিলম্বে শান্তি ফিরে আসে তার জন্য আপনি মুখ্যমন্ত্রী মহাশয়কে কঠোর ব্যবস্থা অবলম্বন করতে বলুন।

শ্রীসাত্বিক কুমার রায়: পঞ্চায়েত থেকে দুর্নীতি দূর করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি সাজেশানস রাখছি। প্রথম হচ্ছে, পঞ্চায়েতের যে সমস্ত সচিবরা আছেন তাদের ক্যাশিয়ার-কাম-সচিব করা হোক। দ্বিতীয়তঃ, জেলা পরিষদের সদস্যরা গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির মিটিংগুলি যাতে এ্যাটেন করেন এবং পঞ্চায়েতের মাধ্যমে যে-সমস্ত কাজকর্ম হচ্ছে সেগুলি যাতে সুপারভাইজ করেন তার ব্যবস্থা করা হোক। তারপর আমরা দেখছি, পঞ্চায়েতের রাস্তা বেআইনীভাবে দখল করে নেওয়া হচ্ছে। মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে যেমন আইন

আছে, এ ক্ষেত্রে উচ্ছেদ করার পঞ্চায়েতের ক্ষেত্রে কিন্তু সেই ব্যবস্থা নেই। পঞ্চায়েতের জায়গা যাতে কেউ বেআইনীভাবে দখল করে না নিতে পারে তার জন্য যথাযথ ব্যবস্থা করা দরকার। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীভূপেন্দ্রনাথ শেঠ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অভিজ্ঞ এবং বর্ষীয়ান মন্ত্রী মহাশয় পঞ্চায়েত দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। বিরোধিতা বা সমর্থনের কথায় আমি পরে আসছি, তার আগে আমি বিধানসভার মাননীয় সদস্যদের কাছে বলতে চাই যে, ১৯৭৭ থেকে ১৯৮৪ সাল—এই ৫ বছর ধরে পঞ্চায়েতের কাজকর্ম ঠিক ঠিক মতন হয়েছে কিনা সেটা আপনারা বিচার করে দেখুন। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে বলেছিলেন যে তাঁরা জনকল্যাণমূলক নানান কাজকর্ম করবেন। পরবর্তীকালে তাঁরা বললেন, তাঁরা খরা এবং বন্যার মোকাবিলা করেছেন। তাঁরা বলেছেন, পঞ্চায়েতের মাধ্যমে তাঁরা আই. আর. ডি. পি.'র কাজ করেছেন, ডি. আর. পি. এ.-এর কাজ করেছেন এবং এইভাবে তাঁরা অনেক সেবামূলক কাজ করেছেন। এই কাজ তাঁরা করেছেন, কাজেই বামফ্রন্টের প্রতি সাধারণ মানুষের আস্থা বেড়েছে, অতএব বামফ্রন্টের প্রশংসা করা উচিত। এই প্রসংগে স্যার, বলতে গিয়ে আমি অংক শাস্ত্রের প্রতি যাঁদের বিশ্বাস আছে তাঁদের একটু অংকটা মিলিয়ে দেখতে বলছি। ১৯৭৪ সালের নির্বাচন এবং ১৯৮২ সালের নির্বাচনের ফলের একটু বিশ্লেষণ করে দেখুন যে অবস্থাটা কি? ১৯৭৮ সালের ৪ঠা জুন যে নির্বাচন হয়েছিল তাতে বামফ্রন্ট ক্যানডিডেট দিয়েছিলেন ৫৭ হাজার ৯১১ জন এবং জয়লাভ করেছিলেন ৩১ হাজার ৬১৭ জন। কংগ্রেসকে সেই সময় ডাষ্টবিনে ফেলে দেওয়া হয়েছিল। কংগ্রেস প্রার্থী দিয়েছিল ৪১ হাজার ৩৯৪, আর জয়লাভ করেছিল ৪ হাজার ৫৩৬।

পঞ্চায়েত সমিতিতে বামফ্রন্ট দিয়েছিলেন ৯,৩১৫, আর জয়লাভ করেছিলেন ৬,২৮০। আর কংগ্রেস সেখানে ৭,৯৭৬টি ক্যাণ্ডিডেট দিয়ে পেয়েছে মাত্র ৬২৩টি। কংগ্রেস সেখানে বিপুল ভাবে পরাজিত হয়েছে। আপনাদের মানুষ আশীর্বাদ করেছে। জেলা পরিষদে ৭০২টি ক্যাণ্ডিডেট আপনারা বামফ্রন্ট থেকে দিয়েছিলেন এবং ৫৬১ জন জয়লাভ করেছিলেন। আর কংগ্রেস ৮৬৮টি ক্যাণ্ডিডেট দিয়ে জয়লাভ করেছে মাত্র ২৩টি। এখানেও মানুষ আপনাদের আশীর্বাদ করেছে। আপনারা তার ৫ বছর পরে আবার নির্বাচন হল এবং ঠিক সময়েই নির্বাচন করেছেন। আপনারা অনেক সেবামূলক কাজ করেছেন এবং তার জন্য আরো আপনাদের

আশীর্বাদ পাওয়া উচিত ছিল। কিন্তু ফল কি হল? লেফ্‌ট ফ্রন্ট ক্যাণ্ডিডেট দিলেন ৬২,৮৫০টি। সেখানে ইলেকটেড হলেন কত? ২৭৫৭০ জন। গত বছর থেকে কমে গেল। ক্যাণ্ডিডেট বেশী দিয়েছিলেন কিন্তু কমে গেল। কংগ্রেস নিশ্চয়ই এর মধ্যে পাওয়ারে ছিল না। তাদের ক্ষেত্রে কি হল? ৪২,৬২৮টি ক্যাণ্ডিডেট দিয়েছিল এবং সেখানে ১৪,৭৩৩ জন এল। মানুষ চাইছে যে কংগ্রেস আসুক। আপনারা চিৎকার করলে কিছু যায় আসে না। সাধারণ মানুষ চাইছে যে কংগ্রেস আসুক। কংগ্রেস ছাড়া বাঁচা যায় না। পঞ্চায়েত প্রতিষ্ঠা হয়েছিল মহাত্মা গান্ধীর আদর্শকে দিকে দিকে ছড়িয়ে দেবার জন্য। গত ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮৩ সাল, এই ৬ বছরে যে-সমস্ত সেবামূলক কাজ আপনারা করেছেন, জনসাধারণ তার জবাব দিয়েছেন। কাজেই শুধু চিৎকার করে লাভ নেই। অঙ্ক যদি বিশ্বাস করেন তাহলে বলতে হবে যে, কাজ আপনারা কিছুই করেন নি। মানুষকে আপনারা আশ্বস্ত করতে পারেন নি। আপনারা পঞ্চায়েত সমিতিতে ১১,৫৮৮ ক্যাণ্ডিডেট দিয়েছিলেন এবং ৫,৫৮৭ জন এলেন। গত বছর থেকে এই বছরে কোথায় গেছেন? কংগ্রেস সেখানে ৮,২৬৭টি ক্যাণ্ডিডেট দিয়েছিল এবং এল ২,৫৪১ জন। এখানে সংখ্যাটা কত বাড়লো? কাজেই মানুষ চাইছে যে কংগ্রেস আসুক। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে ভুল-ত্রুটিগুলি আপনি সংশোধন করবেন। আপনারা আই. আর. ডি. পি.-তে কাজ করেছেন। আপনারা বলেছেন যে বিচ্ছিন্ন লোককে জমি দেওয়া হয়েছে। কিন্তু কাদের জমি কাকে দিয়েছেন? আমি আপনাকে উদাহরণ দিয়ে বলছি, বনগাঁয় বামাচরণ মুন্ড্রা, তিনি ভূমিহীন, তাঁকে পাট্টা দেওয়া হয়েছিল। তাঁর পাট্টার নম্বর সম্বলিত কাগজপত্র আমার কাছে আছে, আমি আপনার কাছে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে দিয়ে দেব। তাঁর পাট্টা কেড়ে নিয়ে অন্য লোককে দেওয়া হয়েছে। আপনারা বর্গা রেকর্ড করেছেন ১২ লক্ষ। যারা স্মল ফারমার, যারা মার্জিন্যাল ফারমার, তাদের জমি কেড়ে নিয়ে যাদের জমি আছে, তাদের আপনারা বিলি করেছেন। এগুলি আপনাদের বিচার করে দেখতে হবে। আপনারা আই. আর. ডি. পি. এবং এন. আর. এ. পি.-তে কাজ করেছেন। আপনারা আই. আর. ডি. পি. এবং এন. আর. এ. পি.-তে পঞ্চায়েতের মাধ্যমে কাজ করেছেন। সেখানে ৫ হাজার টাকা খরচ করার পাওয়ার ভেষ্টিং করেছেন। সেই টাকা কোথায় কিভাবে খরচ হচ্ছে, সেটা দেখার জন্য বা হিসাব নেবার জন্য কি ব্যবস্থা রেখেছেন? কাজেই এগুলি আপনাকে দেখতে হবে। যেখানে আই. আর.ডি. পি.-র কাজ হচ্ছে, এন. আর. এ. পি.র কাজ হচ্ছে ডি. আর. ডি.-এ.'র কাজ হচ্ছে, সেগুলিকে তদন্ত করার জন্য আপনাকে সেই রকম মানুষ নিয়োগ করতে হবে। এটা না করলে

পঞ্চায়েতের মাধ্যমে কোন কাজ সফল হবে না। অনেক জায়গায় রাস্তা নেই, মাটি দেওয়া হয় নি। কিন্তু ৫ হাজার টাকা খরচ দেখান হয়েছে। এন. আর. ই. পি.-তে যে-সমস্ত খাল কাটা হয়েছে, সেগুলি কোন কাজে লাগছে কিনা, রিজার্ভার হিসাবে সেটা ব্যবহার হচ্ছে কিনা, বৃষ্টির জল ধরে রাখা যায় কি না, এগুলি দেখার প্রয়োজন আছে। শুধু আমরা এত কাজ করেছি, এত রাস্তা হয়েছে ইত্যাদি বললেই হয় না। আপনি জানেন যে, আর. এল. আই. প্রোগ্রাম সম্পর্কে আমি আগেও হাউসে বলেছিলাম। এই আর. এল. আই. প্রোগ্রামে বিভিন্ন জায়গায় কাজ হচ্ছে। সাধারণতঃ নিয়ম হচ্ছে, বি. ডি. ও. স্কীম তৈরী করবেন। সেটা অঞ্চল সভাপতির মাধ্যমে এস. ডি. ও. এবং ডি. এম.-এর কাছে যাবে। সেখান থেকে জেলা পরিষদের মাধ্যমে গভর্নমেন্টের কাছে যাবে। সেখানে এই স্কীমগুলি কার্যকরী হচ্ছে কিনা সেটা আপনাকে দেখতে হবে। এখানে আমার সাজেশান হচ্ছে, আপনি পঞ্চায়েতের মাধ্যমে, গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে এক্স-অফিসিও মেম্বার হিসাবে যারা স্থানীয়ভাবে ইলেকটেড তাদের মেম্বার রাখুন।

[3.45—3.55 P. M.]

জেলা পরিষদে যাঁরা আছেন তাঁদের পঞ্চায়েত সমিতিতে এক্স-অফিসিও মেম্বার করুন, তাঁরা পঞ্চায়েত সমিতির কার্যকলাপ সম্পর্কে ওয়াকিবহাল হোন এবং তাঁদের তদারকির ক্ষমতা দিন। জেলা পরিষদের ক্ষেত্রে এম. এল. এ.-দের যেমন রেখেছেন, তেমনি পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে জেলা পরিষদের সদস্যদের রাখুন এবং সমস্ত কাজকর্ম পর্যালোচনার জন্য একটা ডিসকাসনের ব্যবস্থা করুন। স্থায়ী সমিতি আছে, কিন্তু তারা শুধু ইনফরমেশন এ্যাণ্ড কনফারমেশনের কাজ করে আসছে। শিক্ষা ক্ষেত্রে এতগুলি স্কুল তৈরী হবে, সেটা তৈরী করার আগে স্থায়ী সমিতির কাছে কিন্তু আসছে না, তৈরী করে এসে বলছে, 'কনফারম করুন'। কোথায় করল, না করল তা তারা দেখতে পারবে না। Where is the site that was selected by the Panchayat Samity? সেইজন্য আমাদের অভিমত হচ্ছে পঞ্চায়েত সমিতিকে এ্যাপ্রুভাল নিয়ে কাজ করা উচিত। সেই জন্য আমার সাজেশন হচ্ছে সমস্ত কাজ করার আগে ষ্টিয়ারিং কমিটির অনুমতি নিয়ে কাজ করার ব্যবস্থা করুন, তাহলেই পঞ্চায়েতের কাজ ঠিকভাবে হবে এবং সব কাজের বিষয়ে একটা রিপোর্ট প্রস্তুত করার ব্যবস্থা চালু করতে হবে, সেই রিপোর্টের কপি জেলা পরিষদের সদস্যদের কাছে এবং এম. এল. এ.-দের কাছে পাঠাবার ব্যবস্থা করতে হবে। এই ব্যবস্থা করলে পঞ্চায়েতের কাজকর্ম সম্পর্কে সকলে ওয়াকিবহাল হতে পারবেন। তা না হলে বিভিন্ন দিকে শুধু চুরি আর চুরিই হয়ে চলেছে, সমস্ত কিছু অপব্যয় হচ্ছে ম্যাল

প্র্যাকটিস হচ্ছে। তাই যদি না হবে তাহলে পূর্বে বামফ্রন্টের যে-সমস্ত প্রধানরা ছিলেন তাঁদের অনেককেই পরবর্তীকালে আর প্রধান করা হলো না কেন? তারা চুরি করেছিল বলেই তাদের বাদ দিয়েছেন।

(এই সময় লাল আলো জ্বলে ওঠে)

আমার সময় শেষ হয়ে যাবার জন্য, যদিও আমার আরো অনেক কথা বলার ছিল, তবুও আমি আর সে সব কথা বলার সুযোগ পাচ্ছি না। তাই আমি এই ব্যয়বরাদ্দের দাবীর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহেমন্তকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পঞ্চায়েত বিভাগের ব্যয়বরাদ্দের দাবী নিয়ে আলোচনা হচ্ছে। এই আলোচনা থেকেই প্রমাণিত হচ্ছে যে, পঞ্চায়েত আজকে গ্রাম বাংলার একটা বিশিষ্ট ভূমিকা গ্রহণ করেছে। অতীতে যখন কংগ্রেস পশ্চিম বাংলায় ক্ষমতায় ছিল তখন পঞ্চায়েত বিভাগের ব্যয়-বরাদ্দ নিয়ে বিধানসভায় কোন বিতর্ক হয়েছে বলে আমরা শুনিনি। আজকে পঞ্চায়েত বিভাগের বাজেট নিয়ে বিতর্ক হচ্ছে এবং এর দোষক্রটি সম্বন্ধে আলোচনা হচ্ছে। এটা খুবই ভাল কথা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, বিরোধী সদস্যরা এখানে বলে গেলেন যে, তাঁরা ১৯৭৩ সালে পঞ্চায়েত আইন তৈরী করেছিলেন এবং তাঁরা যে ব্যবস্থা করেছিলেন তাতে চার স্তরের পঞ্চায়েত ছিল। কিন্তু বর্তমানে আমরা যে-তিন স্তরের পঞ্চায়েতের নির্বাচন করেছি তা কোন পরোক্ষ পদ্ধতিতে হয় নি। সরাসরি জনসাধারণের ভোটে গ্রাম পঞ্চায়েত থেকে জেলা পরিষদ পর্যন্ত তিন স্তরের সদস্যরা নির্বাচিত হয়েছেন। অতীতে চার স্তরের যে পঞ্চায়েত ছিল সেটা পরোক্ষ নির্বাচনের মধ্যে দিয়ে গঠিত হয়েছিল, সেখানে জনসাধারণের ভোটে অংশগ্রহণের কোন অধিকার ছিল না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের মাননীয় সদস্যদের মধ্যে মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলির দেখলাম পঞ্চায়েতের ওপর সবচেয়ে বেশী রাগ। আমার মনে হয় সত্য বাপুলি মহাশয়ের পেটে বোধহয় পঞ্চায়েত হাত দিয়েছে। কারণ উনি হচ্ছেন একজন আইনজীবী মানুষ, কিন্তু কোর্টে আজকে পঞ্চায়েতের কল্যাণে মামলা-মোকদ্দমা কমে যাচ্ছে। আগে গ্রামে যে-সমস্ত মামলা হত—জল কাটা, গরুর ধান খাওয়া ইত্যাদি বিষয়ে যে মামলা হত—সেগুলি করে সত্য বাপুলীদের মত

আইনজীবীরা টাকা-পয়সা পেতেন। এখন পঞ্চায়েত হওয়ার ফলে সে-সমস্ত মামলা আর হচ্ছে না, পঞ্চায়েত সেগুলি মিটিয়ে দিচ্ছে, ফলে ওঁর পেটে হাত পড়ে গেছে। সেই রাগ উনি চেপে রাখতে পারছেন না, এখানে প্রকাশ করে ফেলছেন। শুধু তাই নয়, উনি নিজের কথার স্ববিরোধিতা করেছেন। স্যার, আপনি লক্ষ্য করে দেখুন, উনি বলেছেন পঞ্চায়েতে সব চোর।

আপনারা জানেন গ্রাম পঞ্চায়েত থেকে টাকা খরচ হয়। ওনারা কংগ্রেসের যেখানে গ্রাম পঞ্চায়েত প্রধান আছেন তাঁদের বাদ দিয়ে বললেন কিনা আমি বুঝতে পারলাম না। ওঁদেরও কিছু কিছু প্রধান হয়েছে তাদের বাদ দিয়ে দুর্নীতির কথা বলবেন কি ? আমরা চুরি করেছি বলে ব্যয়বরাদ্দের বিরোধিতা করলেন। আমার কথা হচ্ছে ওঁদের যেখানে সেখানে গ্রাম পঞ্চায়েত প্রধান আছে সেখানে যে-সমস্ত টাকা পেয়েছেন সেটা সমর্থন করে আর আমাদের প্রধানরা যে টাকা পেয়েছে সেটার বিরোধিতা করতে পারতেন, কিন্তু তা না করে ওনারা সবটাই বিরোধিতা করে বসলেন। আমাদের এলাকায় দুটো গ্রাম পঞ্চায়েত কংগ্রেসীরা পেয়েছে। তাহলে আমি তাদের গিয়ে বলবো তোমাদের নেতারা তোমাদের টাকা দিতে বারণ করেছে। তারা পঞ্চায়েতের ব্যয়বরাদ্দকে সমর্থন করে না। দ্বিতীয় কথা হচ্ছে, ওনারা বলেছেন পঞ্চায়েতের সব টাকা চুরি হয়, আবার বলে গেলেন যে টাকা পেয়েছিল তা খরচ করতে পারেনি। আমার কথা হচ্ছে, চুরি করলে টাকা খরচ করে দেওয়ার কোন অসুবিধা নেই, কিন্তু কাজ করলে খরচ করার অসুবিধা অনেক ক্ষেত্রে হতে পারে। যাইহোক আমি আরো দু-একটা কথা বলতাম, কিন্তু সময় না থাকার জন্য এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের, বিশেষ করে বিরোধী পক্ষের সদস্যদের বক্তব্য খুব মন দিয়ে শুনলাম। আমি একমাত্র আনন্দমোহন বিশ্বাসের কিছু গঠনমূলক কথা ছাড়া অন্য যাঁরা বক্তব্য রাখলেন তাতে আমি বুঝলাম ওদের পুঁজি ফুরিয়ে গেছে, অর্থাৎ একই কথা বলছেন। এখানে আমি বহুবার হিসাব দিয়েছি এবং আবার দিচ্ছি, বোধহয় গোটা ভারতবর্ষে পঞ্চায়েত চালানোর ব্যাপারে অডিট রিপোর্ট যথাসম্ভব আপ-টু-ডেট করার দিক থেকে আমরা ঐকান্তিক প্রচেষ্টা করেছি এবং এতে সাফল্যলাভ করেছি, যেটা সারা ভারতবর্ষে কোথাও হয় নি, ওদের আমলে তো কিছুই হয় নি। যেমন ধরুন, পঞ্চায়েত অডিট রিপোর্ট দেখানো হয়েছে ১৯৭৮-৭৯ সালে ৯৯.৫ পারসেণ্ট, ১৯৭৯-৮০ সালে ৯৭.৭ পারসেণ্ট, ১৯৮০-৮১ সালে ৯৬ পারসেণ্ট, ১৯৮১-৮২ সালে ৯৪.৯ পারসেণ্ট

অডিটেড হয়েছে। আর লেটেষ্ট যেটা হয়েছে সেটা প্রায় ৬৬.৪ পারসেন্ট করেছি। কিছু ত্রুটি-বিচ্যুতি হয় নি, কিছু দুর্নীতি হয় নি এই কথা আমি বলছি না। এই সমাজ ব্যবস্থায় সেটা স্বাভাবিক। ৫৬ হাজার যেখানে নির্বাচিত সদস্য তার ভিতর— আপনি বললেন ১০০ জনের কথা, আমি তার চেয়ে বেশী সংখ্যা বলছি, আমি বলছি ২০০ থেকে ২৫০ জনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছি। ৫৬ হাজারের মধ্যে ১ পারসেন্ট হলে ৫৬০ জন হয় আর এখানে ২৫০ জন হলে .৫ পারসেন্ট হয়। এটা ট্রেণ্ড ইন্সপেকটর'স রিপোর্ট এবং সেইজন্য এত সাকসেসফুলি হয়েছে। তারপর দলবাজির কথা উঠেছে। আপনারা সবাই জানেন, আমরা সরাসরি দলমত নির্বিশেষে সমস্ত গ্রাম পঞ্চায়েতকে টাকা বন্টন করে দিয়েছি। আমাদের খাতাপত্র সব আছে এবং দিল্লীর কর্তাদের কাছে বারবার দেখিয়েছি। আপনারা যেসব চোখা দিয়ে আসেন তার জন্য দেখাতে হয়। গ্রাম পঞ্চায়েতকে ডায়েরেক্টলি ইকুয়াল টাকা আমরা দিয়েছি।

[3.35—4.05 P.M.]

আজকাল সমস্ত কাজই পঞ্চায়েতকে ডাইরেকট দেওয়া হয় এখানে ও-পক্ষের মাননীয় সদস্যরা এই কথা বললেন। আপনারা আসবেন, আমি দেখিয়ে দেবো যে কি রকম কাজ হচ্ছে পঞ্চায়েতে। আপনারা বলছেন কাজ কিছুই হয় না, টাকা-পয়সা সব নাকি চুরি হয়ে গেছে। কিন্তু আপনারা কি জানেন যে ভারতের বাইরে থেকে কেউ এলে যখন গ্রাম উন্নয়নের ব্যাপারটা দেখাতে হয় তখন হতভাগ্য এই পশ্চিমবাংলাতেই আসতে হয়? এ-ব্যাপারে কেন্দ্রীয় রুরাল ডেভেলপমেন্ট মিনিষ্টারকে জিজ্ঞাসা করেছিলাম যে, কেন ঐসব অতিথিকে এ-ব্যাপারে আমাদের এখানে পাঠান? তিনি বলেছিলেন সত্যি কথা বলতে কি, বিহার উত্তরপ্রদেশ বা অন্যান্য ষ্টেটে এ-ব্যাপারে আপনারা যা করতে পেরেছেন তার তুলনায় কিছুই হয় নি। এটাই হচ্ছে পশ্চিমবাংলার ক্ষেত্রে নির্মম সত্য! যদিও আপনারা এখানে বুঝতে চান না যে কিছু হয়েছে বা হতে পারে। আপনাদের দেখবার মত চোখ থাকলে দেখতে পেতেন। একদিকে বলছেন চুরি হয়েছে, অন্য দিকে বলছেন টাকা ফেরৎ গেছে। টাকা যদি ফেরৎই গেলো তো চুরি হোল কি করে? কাজেই ল্যাপস্ কোথায়? কেন্দ্রীয় সরকার লেটেষ্ট তাঁরা অয়েল সিড্স, পালসেস্ প্রডাকশনের উপর জোর দিয়েছেন। তাতে আমাদের এখানে প্রডাকশন অফ পালসেস্ বেড়েছে ১১৭ পারসেন্ট, প্রডাকশন অফ অয়েল সিডস-এর নর্মালী যে টার্গেট ছিল তার মধ্যে

১০৬ পারসেন্ট হয়েছে, এই ভাবে বিভিন্ন দিক থেকে যে-সমস্ত কাজ আছে, তার মধ্যে হাউস সাইট্ এ্যালটমেন্ট আমরা করেছি ১১৬.৬৪ পারসেন্ট, তাতে কনষ্ট্রাকশনের জন্য হেলপ্ই বলুন, আর এ্যাসিস্টেন্সই বলুন দেওয়া হয়েছে ১২০.৪ পারসেন্ট। এই রকম বিভিন্ন খাতে সাহায্য করা হয়েছে। সেই জন্য সত্যটাকে কমিয়ে দেখলে কিছু হবে না। যদিও আপনারা কিছু রাস্তা বা অন্য কিছু করেছিলেন, কিন্তু তা দিয়ে কিছুই হয় নি। মূল কথা হচ্ছে, পৌনে ২০০ বছরের বৃটিশ শাসন কালে তাঁরা এই দেশকে শোষণ করে গেছেন। ফলে প্রশাসনের সাথে জনসাধারণের শাসক এবং শোষিতের সম্পর্ক ছিল। যদিও তাঁরা লোকাল্ সেলফ্ গভর্নমেন্ট করেছিলেন, কিন্তু সেটা ছিল লোক দেখানো। সেইজন্যই তাঁরা জোতদার জমিদারদের ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট, ডিষ্ট্রিক্ট বোর্ডের চেয়ারম্যান করেছিলেন। অর্থাৎ পাওয়ার ষ্ট্রাকচারের পিরামিডে কয়েকজন শোষককে বসিয়ে রেখে গ্রামীণ শোষণকে অব্যাহত রেখে যাতে তার উপর তাঁরা দাঁড়িয়ে থাকতে পারেন, তার জন্যই এটা করেছিলেন। স্বাধীনতার পর অনেকেই আশা করেছিলেন যে, এবারে অন্ততঃ অন্য দৃষ্টিভঙ্গী নেওয়া হবে। সেখানেও কংগ্রেস দুর্ভাগ্যক্রমে ভারতবর্ষের পাওয়ার ষ্ট্রাকচারের টপে বসে তাঁরা পুঁজিপতি, জোতদার জমিদার শ্রেণীর জন্যই কাজ করেছেন, যার ফলে শাসক শ্রেণী বিশ্বাস করে সাধারণ মানুষের হাতে ক্ষমতা তুলে দিতে পারেন নি। ওঁরা মুখে বলেছেন এককথা, কিন্তু কার্যতঃ পুঁজিবাদী স্বার্থই রক্ষা করেছেন। যেমন এখানেও বিরোধী পক্ষ সেই জোতদার জমিদারদের কথাই বলছেন। আজকে যদি রেকর্ড খুঁজে দেখেন, দেখবেন যে, গান্ধীজীও বার বার খোঁজ নিয়েছিলেন যে, সংবিধানে পঞ্চায়েতকে কোন্ স্থানে রাখা হয়েছে। আমাদের জানালেন যে হয় নি, পরে হবে। তারপর স্বাধীনতার ১৫ বছর পরে—আমেরিকার যে নীতি সেই নীতি নিয়ে—সি. এ. ডি. সি. অর্থাৎ কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্ট এ্যাণ্ড এক্সটেনশান সার্ভিসের ভেতর দিয়ে রুরাল ইণ্ডিয়াতে মার্কেট সৃষ্টি করে তাদের ব্যবহার করেছেন। সেখানে মানুষকে ক্ষমতা দেওয়ার কোন কথা ছিল না। তখন যে মুষ্টিমেয় টাকা খরচ করা হয়েছিল তার শতকরা ৬৭ ভাগ টাকা জোতদার শ্রেণীর পিছনে খরচ করা হয়েছিল। পারকোলেট করে নাবে নি। তাই ১৫ বছর পর আজকে এ্যাবানডান করা হয়েছে। পরবর্তীকালে অশোক মেহেতা কমিটির রিপোর্ট পেয়ে তাঁরা বুঝেছেন যে, এই দিয়ে, এই কয়েকজন অফিসারকে দিয়ে ডেভেলপমেন্ট হয় না। পৃথিবীর সর্বত্র যে অভিজ্ঞতা সেটা হচ্ছে যে দেশ গড়ার কাজে অগনিত মানুষকে উৎসাহিত করে, অনুপ্রাণিত করে তাদের যদি উপযুক্তভাবে অংশগ্রহণের সুযোগ করে দেওয়া যায় তাহলেই সম্ভব হবে।

তা না হলে কিছুতেই কোন জিনিস্ গড়ে উঠতে পারে না। এটা হচ্ছে মূল কথা সেটার উপর আমরা বেশী করে জোর দিচ্ছি। এটা আপনারা ডিসেনট্রালাইজ করছেন কেন? আপনারা যাঁরা এম. এল. এ. হয়েছেন, আমরা যাঁরা মন্ত্রী হয়েছি সেট আমাদের নিজস্ব ব্যাপার নয়। আসল জনসাধারণ হচ্ছে ক্ষমতার উৎস। হ্যাঁ, তারাই হচ্ছে ক্ষমতার উৎস। দে আর সভারিন এবং তাদের প্রদত্ত ক্ষমতায় আমরা মন্ত্রী তাদের প্রদত্ত ক্ষমতায় আপনারা এম. এল. এ.। সেই জন্য তাদের ভুলে গেলে চলবে না। তাদের ট্যাক্সের টাকা থেকে এই টাকা খরচ হয়। তাহলে তারাই হলে ক্ষমতার উৎস। তারা টাকা জোগাবে আর যখন গভর্নমেন্টের কাজ হবে, যখন অন্য সমস্ত ডেভেলপমেন্টাল ওয়ার্ক হবে, তখন জনসাধারণকে বলা হবে তোমরা দূর হটো, তোমরা তফাতে থাকো, তোমাদের এখন দরকার নেই। এটা বললে তো চলবে না। সেই মূল কথা হচ্ছে যে জন ষ্টুয়ার্ট মিল যে রিপ্রেজেনটেটিভ ফর অফ গভর্নমেন্টের কথা বলেছিলেন সেটা ভাবতে হবে। দেখা যায় একবার নির্বাচিত হবার পর জনসাধারণকে ভুলে যায়। সেই জন্য মূল কথা হচ্ছে পার্টিসিপেটিং ডেমোক্রেসী করতে হবে। সেইজন্য people participate in executing governmental work. সেই কাজগুলি করতে হবে। সেইজন্য কত রাস্তা হলো এটা কোন ব্যাপার নয়, কি পদ্ধতিতে হলো সেটা দেখতে হবে। জনসাধারণ অনুরোধ করছে কিনা সেটা দেখতে হবে। এটা তাদের সরকার, সুতরাং প্ল্যানিং ফর্ম বিলো এটা করতে হবে। সেই জন্য আমরা নীতি ঠিক করে দিয়েছি গ্রামাঞ্চলের একেবারে লোকাল লেবেল থেকে—লোকাল নীড ডিটারমাইনের ক্ষেত্রে—গ্রাস রুট লেভেলে যে পঞ্চায়েত আছে তাকে আমরা ক্ষমতা দিয়েছি। সেই জন্য অনেকে হয়ত বলতে পারেন যে, আমাদের এম. এল. এ.-দের কি হলো। এম. এল. এ.-রা তাদের সকলের সাথে যুক্ত হয়ে তাঁদের লিডার হতে পারেন না? তাদের সঙ্গে একআত্মা হয়ে যেতে পারেন না? কেন ক্লায়েন্ট এবং বেনিফেক্টর থাকবে? কেন এক-আধজন সব কিছু করবে? প্রসাদ খাবেন আর প্রসাদ বিতরণ করবেন না? সেই জন্য বলতে চাই এরা হচ্ছে পিপল, পিপলের সঙ্গে অঙ্গাঙ্গী হয়ে থাকবেন, জাক্সটাপজিশান দাঁড় করাবেন না। এই হচ্ছে আসল কথা। সেই দিকে আমরা চেষ্টা করছি। তারা যেখানে বাস করে সেই জায়গায় কি উন্নতি দরকার সেটা তারাই ভাল করে জানে। কিন্তু আপনারা সেটা বুঝতে পারবেন না। তারা ভাল করে জানে কোথায় সেচের দরকার আছে, কোথায় জল নিকাশের দরকার আছে, কোথায় রাস্তার দরকার আছে এবং কি হলে সেই জায়গায় উন্নতি হতে পারে। তাদের যেটা দরকার সেটা তারাই ভাল করে বুঝবে, আমরা সেটা বুঝতে পারবো

না। টাকার অভাব যদি থাকে, যদি প্রায়রিটি ঠিক করতে হয় তাহলে সেখানে তো তাদের থাকা দরকার। আমরা সেটা এখান থেকে বসে ঠিক করে দিতে পারি না। রাইটার্স বিল্ডিংস থেকে আগে যেমন হত সেটা করতে চাই না। কেন্দ্র এবং রাজ্যের সম্বন্ধে বলি। একটা কথা আছে "আপনি আচরি ধর্ম পরকে শেখাবে"। তাই আমরা ওদের হাতে ক্ষমতা তুলে দিতে চাই। আমার সংগে অনেক রাজ্যের পঞ্চায়েত মন্ত্রীদের কথা হয়েছে, প্রথমতঃ তাঁরা সংবিধানকে মানতে রাজি নয়। এখানে আপনারা সবাই বলছেন তাদের কি হবে। আজকে সব পঞ্চায়েত এমপ্লয়ী গভর্নমেন্ট এমপ্লয়ী হবার জন্য দাবি করছে। তাহলে পঞ্চায়েত কেন লোকাল গভর্নমেন্ট নয়? Local Self Government is a misnomer and anachronistic. It is the local unit of the Government.

[4.05—4.15 P.M]

ওখানে যেমন ইউনিয়ন গভর্নমেন্ট আছে, তেমনি এখানে আছে স্টেট গভর্নমেন্ট। কনস্টিটিউশান উইদিন দি লোক্যাল গভর্নমেন্ট বলতে স্টেট লেভেলে মিনিষ্ট্রির হাতে যে ধরনের ক্ষমতা থাকে তা থাকে না। রাজ্যের ক্ষেত্রে যেগুলি গুরুত্বপূর্ণ বিষয় সেগুলো স্টেট লেভেলে সরকার করবেন, সারা দেশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয়গুলি যেমন ভাবে সেন্ট্রাল গভর্নমেন্ট করে থাকেন, তেমনি করবেন। কিন্তু বাকি বিষয়গুলো ডিস্ট্রিক্ট লেভেলে ডিস্ট্রিক্ট বোর্ড থেকে আরম্ভ করে বিভিন্ন কাজ পঞ্চায়েত বিভিন্ন লেভেলে করবে। এই প্রসঙ্গে ছেলেবেলার সেই বইয়ের কথা মনে পড়ে যায়। সেখানে একটা প্যাসেজ ছিল, যার মধ্যে আলেকজাণ্ডার এবং রবারের গল্প ছিল। যখন আলেকজাণ্ডারকে রবার একিউসড্ করছেন, তখন রবার বলছেন—ইফ আই হ্যাভ ডেস্ট্রয়েড্ এ সিঙ্গল হ্যামলেট ইউ হ্যাভ্ ডিভ্যাস্টেটেড্ দি হোল এম্পায়ার। তেমনি পঞ্চায়েত যদি ১-১॥ হাজার টাকা তছরূপ করে, সেখানে ক্ষমতার শীর্ষে থেকে কোটি কোটি টাকা তছরূপ করে আপনারা কি করে এই ধরনের অভিযোগের কথা তোলেন? আপনাদেরই দলে আনতুলে, জগন্নাথ মিশ্র এই ধরনের তছরূপের সঙ্গে যুক্ত আছেন। বিরাট এক কেলেংকারির সঙ্গে তাঁরা জড়িত। পৃথিবীর সর্বত্র এই কেলেংকারী হয়েছে। কোথাও কি দেখাতে পারবেন যে, কেউ কেলেংকারির সঙ্গে যুক্ত নন? বুর্জোয়া সমাজ ব্যবস্থায় এই ধরনের কেলেংকারি ঘটে। সেই সমস্ত রাষ্ট্রগুলিতে কোথাও কি কম আছে এই কেলেংকারি? সেখানে বড় চুরি ঘটে, তাই তাদের স্থান অনেক উঁচুতে। পঞ্চায়েতে ক্ষুদে চুরি হয় বলে

কি কোন স্থান নেই তাদের ? তবে একথা আপনাদের জানিয়ে রাখি, এ ব্যাপারে আমরা সজাগ আছি। সত্য বাপুলি মহাশয় এ ব্যাপারে উল্লেখ করেছেন। এ ব্যাপারে আমি বলে রাখি, এই চুরির ব্যাপারে যে দলের লোকই যুক্ত থাকুন না কেন—সি. পি. এম. দলের লোক্যাল হেড্ হোন বা যেই হোন না কেন—সকলকে আমরা ইতিমধ্যে শাস্তি দিয়েছি। সকলকে সেখান থেকে তাড়ানো হয়েছে। আমরা ব্যবস্থা নিয়েছি। যাতে দুর্নীতি চিরকালের জন্য অবসান হয়, তার ব্যবস্থা নিয়েছি। তবে এই সমাজ ব্যবস্থায় দুর্নীতি সম্পূর্ণ দূর করা খুবই শক্ত কাজ। তবে একথা বলতে পারি, দুর্নীতি সারা ভারতবর্ষের মধ্যে যদি কোথাও বন্ধ হয়ে থাকে, তা একমাত্র এখানেই হয়েছে। এ জিনিস শুধুমাত্র পুলিশ দিয়ে, অন্য কোন লোক দিয়ে, পুলিশের এনফোর্সমেন্ট বা তাদের পেছনে ভিজিলেন্স লাগিয়ে দিয়ে কিছু হয় না। তাহলে এর জন্য কি করতে হবে ? এর জন্য প্রত্যেকটি অফিসার, নির্বাচিত জনপ্রতিনিধিকে জনগণের চোখের সামনে কাজ করতে হবে। তাঁদের জনগণকে জানিয়ে দিতে হবে কত টাকা খরচ হয়েছে। সেজন্য আমি আইনের কিছু সংশোধনী আনছি, আগামী ২৩ তারিখে তা নিয়ে আলোচনা হবে। সেখানে আমি বলেছি, গ্রাম পঞ্চায়েতগুলিতে এ্যানুয়াল এ্যাণ্ড মিডটার্ম—অর্থাৎ ৬ মাস পর পর—বছরে ২টি করে মিটিং ডাকতে হবে। সেই মিটিংগুলিতে সমস্ত জিনিস প্লেস করতে হবে। এতদিন যা শুধু কথায় সীমাবদ্ধ ছিল, তা স্ট্যাটুটারিলি ব্যবস্থা করে দিচ্ছি। পঞ্চায়েতগুলিতে আপনাদের বা আমাদের দলের লোক যেই থাকুন না কেন, দুবার করে মিটিং ডাকতেই হবে। পঞ্চায়েতের কাজকর্ম জনসাধারণের সঙ্গে যুক্ত থেকে তবেই সম্পন্ন করতে হবে। এইভাবে কাজ করলে তবেই সেখানে দুর্নীতি দূর করা সম্ভব হবে। পঞ্চায়েতগুলি যাতে দুর্নীতি মুক্ত প্রতিষ্ঠান হিসাবে গড়ে উঠতে পারে, সেজন্য প্রধান বা উপপ্রধানকে মিটিং ডেকে দ্রুত ঐ টাকা বণ্টনের ব্যবস্থা করতে হবে। টাকার ব্যাপারে তিনজন অপারেট করবেন। তাছাড়া এক সঙ্গে দু'জনের সই ছাড়া কোনমতে কাজ হবে না। মনে পাপ থাকলে কোন কাজ হয় না। বিরোধিপক্ষ থেকে এখানে অনেকে দলবাজীর কথা তুলেছেন। এ ব্যাপারে আমাদের যথেষ্ট জ্ঞান আছে। দলবাজী সেখানে করতে গেলে তা চিরকালের জন্য কখনই করা যায় না। কারণ সেখানে গরীবলোক বা সাধারণ মানুষের স্বার্থ জড়িত আছে। তাঁরা আমাদের ভোট দিয়ে পাঠিয়েছেন। সুতরাং এ ব্যাপারে লক্ষ্য আমাদের স্থির করতে হবে, আপনাদের কথায় চললে হবে না। যাতে সেই সমস্ত মানুষকে আরও বেশী করে পঞ্চায়েতের কাজের সঙ্গে যুক্ত করতে পারি, তার জন্য আমরা সর্বদাই চেষ্টা করব। আপনারা তা করেন নি। আপনাদের সঙ্গে আমাদের

পার্থক্যটা তো এইখানেই। মানুষের সঙ্গে বেশী করে যুক্ত আছি, এইটাই বোধহয় আমাদের অপরাধ। সেই জন্য বলছি, যাদের জন্য আমরা কাজ করতে চাই, সে বিষয়ে আপনাদের আরও বোঝা দরকার। মূল জিনিসটা আগে আপনাদের বুঝতে হবে। সেটা হচ্ছে, সারা ভারতবর্ষের মধ্যে একমাত্র পশ্চিমবাংলা ও ত্রিপুরা ছাড়া অন্য কোথাও পঞ্চায়েতের কাজকর্ম বেশীদূর গড়াতে পারে নি। অন্য সমস্ত জায়গায় কায়েমী স্বার্থ জড়িয়ে আছে। মহারাষ্ট্র, গুজরাট—সর্বত্র পঞ্চায়েতগুলিতে কায়েমী স্বার্থ বসে আছে।

এই একমাত্র জায়গা যেখানে আমরা নির্বাচনের ব্যাপার নিয়ে ক্যালকাটার ইউনিভার্সিটির কয়েকজন অফিসারকে নিয়েছিলাম একটা হিসাব করবার জন্য। ৪০ পারসেন্ট নির্বাচিত প্রতিনিধির ৫ একরে নীচে জমি—আগে ছিল অনেক উপরে এবং তারাই সমস্ত কিছু করতো। একটা পাওয়ারস স্ট্রাকচার—অন্য জায়গায় ভোট ব্যাংক বলছে যে জিনিসটা মনে করেন সেটা কিন্তু নয়। একটা পাওয়ারস স্ট্রাকচার পিরামিড-এর মতন খুঁটি তৈরী করবার আপনারা চেষ্টা করেছিলেন। সেই সমস্ত ফেলে দিয়ে একটা নূতন মানুষ, একটা নূতন লিডারশিপ এখানে আসছে। আপনাদের চেয়েও ২০/২৫ গুণ টাকা দিলেও যে কাজ হবে তা আমি মনে করি না। কারণ কাজটাই হচ্ছে আসল, মানুষটাই হচ্ছে আসল, টাকাটা বড় নয়। আমরা প্রয়োজনের তুলনায় টেন পারসেন্ট দিতে পারছি না—নব্বই পারসেন্ট-এর কাছে গিয়ে আপনারা বলবেন ওরা পেল, তোরা পেলি না। সেই জন্য আমরা একটা কঠিন ব্রত নিয়ে কাজ করছি। বাংলাদেশে একটা কথা ছিল যে, অনেক নূতন পথ বাঙালীরাই দেখায়। সেই জন্য জনসাধারণ যদি সত্যিকারের উদ্যোগ গ্রহণ করতে পারে তাহলে একটা নূতন স্বাদ তারা পাবে। টাকা দিয়ে অনেক জিনিস হয়—ফিলিপাইন ইজরায়েলে হয়েছে, কিন্তু তাতে মানুষ হয় না। আমরা এদের একটা মর্যাদা দিয়েছি, সেই জন্যই রাম রামবাবু হয়েছে, টেরিকট পরছে, এটাতেই ওদের আপত্তি। আপনারা শ্রীমতীর কাছে দরবার করে স্টেট গভর্নমেন্টকে ফেলে দিতে পারেন। কিন্তু ৩০৫টা গ্রাম পঞ্চায়েত, ৩৩৯টা পঞ্চায়েত সমিতি, ১৫টা জেলা পরিষদ একটা বটবৃক্ষের ঝুরির মতন মাটিকে আঁকড়ে থাকে। তাকে ফেলা যায় না। সেই জন্য আমাদের এই প্রচেষ্টাকে বাংলার ৫ কোটি মানুষ বুকে আঁকড়ে ধরে রেখেছে, শ্রীমতীকে দিয়েও ফেলাতে পারবেন না। এই কথা বলে সমস্ত কাট মোশানের প্রতিবাদ করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার ঃ আস্তলে আর জগন্নাথ মিশ্রর নাম বাদ যাবে।

DEMAND NO. 59

Mr. Speaker : I now put motions No. 7, 9, 11 and 13 to vote except Motions No. 1 to 6, 8, 10, 12 and 14 on which I understand division will be demanded.

The motions No. 7, 9. 11 and 13 were then put and lost.

The motions No. 1 to 6, 8, 10, 12 and 14 were then put and a division taken with the following results :

Noes

Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abul Hasnat Khan, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Gourhari
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Banerjee, Shri Amiya Bhusan
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Debi Prosad
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bora, Shri Badan
Bose, Shri Biren
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakraborti, Shri Subhas
Chakraborty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghosh, Shrimati Chhaya
Ghosh, Shri Malin
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Gupta, Shri Jyotsna Kumar
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar Shrimati Anju
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kumar, Shri Himansu
Kundu, Shri Gour Chandra

M. Ansar Uddin, Shri
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Maji, Shri Pannalal
Maji, Shri Swadeshranjan
Majumdar, Shri Sunil Kumar
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Moazzam Hossain, Shri Syad
Mohanta, Shri Madhabendu
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Subhas
Nath, Shri Monoranjan
Nezamuddin Md., Shri
Paik, Shri Sunirmal
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Pramanik, Shri Sudhir
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Banamali
Roy, Shri Hemanta Kumar
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shis Mohammad, Shri
Singha, Shri Suresh
Singha Roy, Shri Jogendra Nath
Sinh, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Khara

Ayes

Abdul Mannan, Shri
Abdul Wahed, Shri
Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Banerjee, Dr. Ambika

Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Biswas, Shri Ananda Mohan
Bose, Dr. Sisir Kumar
Chandra, Shri Anup Kumar
Chattaraj, Shri Suniti
Ghosh, Shri Asok
Misra, Shri Kashinath
Ray, Shri Naba Kumar
Roy, Shri Santi Mohan
Sarkar, Shri Dhirendra Nath
Seth, Shri Bhupendra Nath

Abstention

Sarkar, Shri Deba Prasad

The Ayes being 18, the Noes being 141 and the Abstention 1, the motions were lost.

[4.15—4.25 P.M.]

The motion of Shri Benoy Krishna Chowdhury that a sum of Rs. 26,15,95,000 be granted for expenditure under Demand No. 59, Major Heads : "314-Community Development (Panchayat), 363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat) and 714-Loans for Community Development (Panchayat)".

(This is inclusive of a total sum of Rs. 4,36,01,000 already voted on account in March, 1984), was then put and agreed to.

DEMAND NO. 60

The motion that the amount of Demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that a sum of Rs. 17,45,20,000 be granted for expenditure under Demand No. 60, Major Heads : "314-Community Development (Excluding Panchayat) and 514-Capital Outlay on Community Development (Excluding Panchayat)".

(This is inclusive of a total sum of Rs. 2,90,87,000 already voted on account in March, 1984) was then put and agreed to.

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ ইনফরমেশন। আমি এবং আব্দুল মান্নার একটি চিঠি সই করে আপনার কাছে পাঠিয়েছি। আমাদের বক্তব্য হচ্ছে আমরা দার্ঘদিনের হাউসের প্রসিডিংস পাচ্ছি না এবং তার ফলে আমাদের অসুবিধা হচ্ছে ডিবেটে অংশ গ্রহণ করতে গিয়ে কি কি বলেছিলাম তা বুঝতে পারছি না এবং মনেও নেই। আমরা আগে প্রসিডিংস চাইলেই পেতাম, এমন কি ঘরে বসেই পেয়েছি। কিন্তু কিছুদিন যাবৎ দেখছি এটা পাচ্ছি না, প্রসিডিংস না পেলে বলার ব্যাপারে অসুবিধা হয়, কাজেই এই ব্যাপারটা আপনার দৃষ্টিতে আনলাম।

মিঃ স্পীকার ঃ Don't be worried.

শ্রীমতীশ রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি যদি লেবার বাজেটের আলোচনা যা হয়েছিল সেই প্রসিডিংস দেখেন তাহলে দেখবেন আমি বক্তব্য রাখতে গিয়ে বাজেটকে সমর্থনই করেছি, কিন্তু ১৯শে এপ্রিল যুগান্তর কাগজ লিখেছে আমি নাকি বাজেটের বিরোধিতা করেছি। এই যে অসত্য ভাষণ পরিবেশন করা হয়েছে এই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পীকার ঃ ইউ হ্যাভ দি রাইট টু মুভ দি প্রিভিলেজ মোশন।

শ্রীমতীশ রায় ঃ আমি প্রিভিলেজ মোশন মুভ করব এবং আশা করি আপনি এ সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করবেন।

FINANCIAL

Demand No. 32

Major Head : 277—Education (Sports)

শ্রীসুভাষ চক্রবর্তী ঃ

মাননীয় অধ্যক্ষ' মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৩২ নং দাবীর অন্তর্ভুক্ত "২৭৭-শিক্ষা (ক্রীড়া) বিভাগ"-এর অধীনে দু'কোটি উনচল্লিশ লক্ষ বিয়াল্লিশ হাজার টাকা ১৯৮৪-৮৫ সালের জন্য মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে শারীর-শিক্ষা খাতে ব্যয়বরাদ্দ বাহাত্তর লক্ষ তের হাজার টাকা এবং শিক্ষা (ক্রীড়া) দপ্তরের জন্য বরাদ্দ এক কোটি সাতষট্টি লক্ষ উনত্রিশ হাজার টাকা। এ বছর মার্চ মাসে ভোট অন একাউন্টে অনুমোদিত ৩৯,৯১০০০ (উনচল্লিশ লক্ষ একানব্বই হাজার) টাকাও এই মোট টাকার অন্তর্ভুক্ত।

বিগত আর্থিক বছরে এই রাজ্যে খেলাধুলার উন্নতিকল্পে যে-সমস্ত উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, তার একটি সংক্ষিপ্ত পরিচিতি মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে আমি পেশ করছি।

স্টেডিয়াম নির্মাণের চালু প্রকল্পগুলির মধ্যে সতের লক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছে বর্ধমান (ইণ্ডোর এবং আউটডোর), শিলিগুড়ি, কোচবিহার, চন্দননগর, বালুরঘাট এবং হাওড়া স্টেডিয়াম নির্মাণের ক্ষেত্রে। বারাসাত এবং যাদবপুর স্টেডিয়াম নির্মাণের প্রকল্প দুটিতে সরকারী অনুমোদন দেওয়া হচ্ছে। বর্তমান আর্থিক বছরে এই দুটি স্টেডিয়ামের জন্য সরকারী অনুদান দেওয়ার প্রস্তাব রয়েছে।

সল্টলেক স্টেডিয়ামের প্রথম পর্যায়ের কাজ সম্পূর্ণ করার জন্য সোসাইটি ফর স্পোর্টস এ্যাণ্ড স্টেডিয়াম সংস্থাকে বিগত আর্থিক বছরে চল্লিশ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এক লক্ষ কুড়ি হাজার দর্শক আসনবিশিষ্ট এই স্টেডিয়ামের প্রথম পর্যায়ের কাজ শেষ হতে চলেছে। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, এই স্টেডিয়াম (বর্তমানে নব্বই হাজার আসন নিয়ে) গত ২৫ জানুয়ারী, ১৯৮৪ তারিখে উদ্বোধন করা হয়েছে এবং নেহরু গোল্ড কাপের ফাইনালসহ তিনটি গুরুত্বপূর্ণ খেলা অনুষ্ঠিত হয়েছে। নির্মিত হলে এই স্টেডিয়ামটি হবে এশিয়ার বৃহত্তম এবং সারা বিশ্বের সেরা স্টেডিয়াম গুলির একটি। পশ্চিমবঙ্গবাসীর দীর্ঘদিনের আকাঙ্ক্ষার সার্থক রূপায়ণ ঘটবে এই স্টেডিয়ামটি নির্মিত হলে। বর্তমান মূল্য-সূচক অনুযায়ী এই প্রকল্পের অনুমিত ব্যয় প্রায় কুড়ি কোটি টাকা।

বিধাননগরে নবনির্মিত জাতীয় ক্রীড়া শিক্ষায়তনের পূর্বাঞ্চলীয় শাখা কেন্দ্রটিকে পনের লক্ষ টাকা দেওয়া হয়েছে। এখানে বিশেষ উল্লেখযোগ্য এই যে, আগামী জুলাই মাস থেকে এই কেন্দ্রে ফুটবল এবং এ্যাথলেটিক্সের পূর্ণ সময়ের ডিপ্লোমা কোর্স ছাড়াও ভলিবল ও বাস্কেটবলের ডিপ্লোমা কোর্স চালু হবে। ময়দানের তিনটি ঘেরা মাঠের গ্যালারি সারানো এবং তৎসংশ্লিষ্ট কাজের জন্য পূর্ত দপ্তরকে পাঁচ লক্ষ আটান্ন হাজার টাকা দেওয়া হয়েছে। তাছাড়া গত বছরের ফুটবল খেলাগুলির টিকিট বিক্রি বাবদ প্রাপ্ত টাকার শতকরা কুড়ি ভাগ মোহনবাগান, ইস্টবেঙ্গল এবং মহমেডান স্পোর্টিং ক্লাব ছাড়া অন্য সমস্ত প্রথম বিভাগীয় ক্লাবগুলির মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হয়েছে। এই টাকার মোট পরিমাণ বাষট্টি হাজার ছশো সাতান্ন টাকা। বিভিন্ন গুরুত্বপূর্ণ জাতীয় স্তরের প্রতিযোগিতা সফল করার জন্য সরকারের অনুদান দেওয়ার নীতি অনুযায়ী নিম্নলিখিত সংস্থাগুলিকে অনুদান দেওয়া হয়েছে :

(১) নবম জাতীয় জুনিয়র চ্যাম্পিয়নশিপের জন্য হাওড়া জেলা ভলিবল সংস্থাকে তিরিশ হাজার টাকা দেওয়া হয়েছে। (২) ইন্দো-মার্কিন প্রদর্শনী বাস্কেট-বল খেলার আয়োজনের জন্য পশ্চিমবঙ্গ বাস্কেটবল সংস্থাকে দশ হাজার টাকা দেওয়া হয়েছে। (৩) গোর্খা ব্রিগেড গোল্ড কাপ ফুটবল প্রতিযোগিতা সংগঠনের

জন্য দার্জিলিং জেলা ক্রীড়া সংস্থাকে দু'লাখ টাকা দেওয়া হয়েছে। (৪) পঞ্চম এশিয়ান ব্যাডমিন্টন কনফেডারেশন চ্যাম্পিয়নশিপের জন্য পশ্চিমবঙ্গ ব্যাডমিন্টন সংস্থাকে তিন লাখ টাকা দেওয়া হয়েছে। (৫) জাতীয় খো-খো প্রতিযোগিতার জন্য পশ্চিমবঙ্গ খো-খো সংস্থাকে কুড়ি হাজার টাকা দেওয়া হয়েছে। (৬) সর্বভারতীয় সিভিল সার্ভিস ফুটবল প্রতিযোগিতার সংগঠনের জন্য এবং সর্বভারতীয় সিভিল সার্ভিস ব্রীজ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য (উত্তর প্রদেশের লক্ষ্ণৌ শহরে) পশ্চিমবঙ্গের দল পাঠানোর খরচ হিসাবে মহাকরণ ক্লাবকে যথাক্রমে পঁচাত্তর হাজার এবং তিন হাজার সাতশো সাতাত্তর টাকা দেওয়া হয়েছে। (৭) গঙ্গাবক্ষে দূর-পাল্লার সন্তরণ প্রতিযোগিতার আয়োজনের জন্য মুর্শিদাবাদ সন্তরণ সংস্থাকে দশ হাজার টাকা দেওয়া হয়েছে। (৮) ব্যাঙ্ককে অনুষ্ঠিত পঞ্চম মহিলা এশিয়ান কাপ ফুটবল প্রতিযোগিতায় পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত ভারতীয় দলের খেলোয়াড়দের বিমানভাড়া হিসাবে চৌদ্দ হাজার টাকা দেওয়া হয়েছে। (৯) সাবিত্রী দেবী চ্যালেঞ্জ কাপ (আদিবাসী কল্যাণের জন্য) ফুটবল প্রতিযোগিতার সংগঠন ব্যয় হিসাবে ঝাড়গ্রাম ক্রীড়া সংস্থাকে আঠারো হাজার টাকা দেওয়া হয়েছে। (১০) হংকং-এ প্রশিক্ষণ গ্রহণের জন্য বর্তমান জাতীয় জুনিয়র ব্যাডমিন্টন চ্যাম্পিয়ন শ্রীইন্দ্রজিৎ মুখার্জীর যাতায়াতের আংশিক খরচ বাবদ ছ'শো অষ্টাশি টাকা দেওয়া হয়েছে।

অতীতের বিখ্যাত আন্তর্জাতিক ফুটবল খেলোয়াড় শ্রীমহাবীর প্রসাদ এবং শ্রীস্বামী নায়ারকে গত আর্থিক বছর থেকে তাঁদের দুঃস্থ অবস্থার জন্য মাসিক দুশো টাকা করে ভাতা দেওয়া হচ্ছে। আগেকার আরো দশ জন দুঃস্থ খেলোয়াড় অথবা তাঁদের পোষ্যদের জন্য অনুমোদিত ভাতার সঙ্গেই এই দু'জনকে ভাতা দেওয়া হচ্ছে।

পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ প্রশিক্ষণ বিষয়ে বিস্তৃত প্রকল্প গ্রহণ এবং খেলাধুলার সরঞ্জাম সরবরাহ ইত্যাদি কাজ করছে। পর্ষদের বিভিন্ন উপ-সমিতির তত্ত্বাবধানে নানা বয়সের ছেলেমেয়েদের দক্ষতার সঙ্গে সঙ্গতি রেখে ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থা আছে। ষাটজন সম্ভাবনাময় ছেলেমেয়েকে বার্ষিক ন'শো টাকা করে মোট চুয়ান্ন হাজার টাকার ক্রীড়া ভাতা দেওয়া হয়েছে। এ ছাড়া পর্ষদ বেশ কিছু ক্রীড়া সংস্থাকে খেলাধুলার সাজসরঞ্জাম সরবরাহ করেছে। এইসব খাতে পর্ষদকে গত আর্থিক বছরে দশ লক্ষ বাষট্টি হাজার টাকা দেওয়া হয়েছে। রবীন্দ্র সরোবর স্টেডিয়ামের উন্নতি এবং সেখানকার ব্যবস্থাদির যথাযথ ব্যবহারের জন্য স্টেডিয়ামটি কলকাতা উন্নয়ন পর্ষদের হাত থেকে নিয়ে পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া

পর্ষদকে দেওয়া হয়েছে। সুভাষ সরোবরের সুইমিং পুলটিও শীঘ্রই অনুরূপভাবে হস্তান্তর করা হবে।

২৪-পরগনা দক্ষিণ এবং উত্তরের জন্য একটি করে এবং অন্যান্য জেলাগুলির জন্য আরো চৌদ্দটি (কলকাতা বাদে), মোট ষোলটি জেলা ক্রীড়া পর্ষদ গঠন করা হয়েছে। খেলাধুলার সরঞ্জাম সরবরাহ এবং প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য এই জেলা পর্ষদগুলিকে দেয় অনুদান হিসাবে রাজ্য ক্রীড়া পর্ষদকে দশ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

গত আর্থিক বছরে আমরা যা করতে পেরেছি তার একটি সংক্ষিপ্ত রূপরেখা উপস্থাপন করলাম। আমরা জানি যে, আরো অনেক করা বাকী আছে এবং মাননীয় সদস্যগণকে এই আশ্বাস দিতে চাই যে, সীমিত আর্থিক সঙ্গতি সত্ত্বেও আমরা এ ব্যাপারে সাধ্যমত চেষ্টা করবো।

Mr. Speaker : All the cut motions are in order and taken as moved.

(1) **Shri Kashinath Misra :** Sir, I beg to move that the amount of Demand be reduced to Re. 1.

(2—7) **Shri Kashinath Misra :** Sir, I also beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

শ্রীঅম্বিকা ব্যানার্জী : মিঃ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী শ্রীসুভাষ চক্রবর্তী মহাশয় যে ক্রীড়া বিভাগের জন্য যে বাজেট পেশ করেছেন সেই টাকার অঙ্কটা হোল ২ কোটি ৩৯ লক্ষ ৪২ হাজার। অর্থাৎ এই রাজ্যের যে মোট বাজেট বরাদ্দ তার মধ্যে ·০০১% এই ক্রীড়া বিভাগের জন্য খরচ করার কথা বলা হয়েছে। এই অঙ্ক থেকেই বোঝা যাচ্ছে যে, রাজ্য সরকার এই ক্রীড়া সম্বন্ধে কতখানি উদাসীন। আমি বিশেষ করে সেই কথা ভেবেই এই বাজেটের বিরোধিতা করছি। এখানে আমি কিছু কিছু কনষ্ট্রাকটিভ সমালোচনা করবো। এতে মাননীয় মন্ত্রী মহাশয় যেন না ভাবেন যে, ব্যক্তিগতভাবে আমি তাঁকে আঘাত করতে চাইছি বা কোন পার্টির বিরুদ্ধে কথা বলছি। স্পোর্টস এমন একটা জিনিস যা রাজনীতির সঙ্গে বিপথগামী। ক্লিয়ার কাট্ রাস্তায় সে চলে। রাজনীতির বুক দিয়ে স্পোর্টস চলতে পারে না। আজকে কলকাতা শহরে একটি মাত্র খেলার জায়গা গড়ের মাঠ যেখানে এসে মানুষ একটু স্বস্তির

নিঃশ্বাস নিতে পারে, যেখানকার হাওয়া এখনও নোংরা হয়নি, যেখানে রাজনীতির পুঁতিগন্ধ ছড়ায় না। এই কয়েক দিন আগে আমাদের এরিয়ান্স ক্লাবের শতবার্ষিকী উপলক্ষে মুখ্যমন্ত্রী সেখানে গিয়েছিলেন এবং সেখানে আরও মন্ত্রী মহাশয়রা ছিলেন, আমিও ছিলাম। সেখানে মুখ্যমন্ত্রী উদার কণ্ঠে বলেছিলেন স্পোর্টসটাকে রাজনীতির ঊর্ধ্বে রাখতে হবে। আমরা সকলেই তাঁকে এক বাক্যে অভিনন্দন জানিয়েছিলাম এবং এই কথায় সমস্ত ক্রীড়ামোদী উৎসাহিত হয়েছিলেন। আমি বাস্তবে যা দেখতে পাচ্ছি সেটাই আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টিগোচরে আনতে চাইছি। আমি জানি তিনি যুব সমাজকে ভালবাসেন, অত্যন্ত সচেষ্ট লোক এবং অনেক ব্যাপার নিয়ে তিনি সংগ্রাম করে যাচ্ছেন, হয়তো পেরে উঠতে পারছেন না। অনেক কিছু হয়তো তাঁকে কম্প্রোমাইজ করতে হচ্ছে রাজনৈতিক ক্ষেত্রে। তবুও আমি কিছু দৃষ্টান্ত মাননীয় সদস্যদের কাছে রাখতে চাইছি। আমরা জানি রাজ্য সরকার স্পোর্টসের জন্য একটা স্পোর্টস কাউন্সিল করেছেন এবং তার উপর একটা ষ্ট্যাণ্ডিং কাউন্সিল করে দিয়েছেন। সেই ষ্ট্যাণ্ডিং কাউন্সিলে ৪২ জন সদস্য আছেন এবং সেই ৪২ জন সদস্যের মধ্যে মাত্র ১০ জন আছেন যারা গত দিনে খেলাধুলা বা খেলাধুলা সংগঠনের সঙ্গে ছিলেন বা আছেন।

[4.25—4.35 P.M.]

আমি মাননীয় সদস্যদের কাছে জানাতে চাই যে, স্পোর্টস রাজনীতির ক্ষেত্র নয়। রাজনৈতিক লীডারদের দিয়ে সেখানে স্পোর্টসের উন্নতি করা সম্ভব নয়। যেখানে ৪২ জনের ভেতর ১০ জন হচ্ছেন সংগঠক বা খেলাধুলা করেছে যারা তারা যে মতবাদেরই হোক না কেন আমাদের কোন আপত্তি নেই। আমার কাছে পুরোপুরি লিষ্ট একটা আছে, সেটা স্পীকার মহাশয়কে পরে দেব, এই স্পোর্টস কাউন্সিলের আইনে আছে একমাস অন্তর বা দুমাস অন্তর একবার করে মিটিং হওয়া দরকার এটা আইনে লেখা আছে। বহু সদস্য আমার কাছে কমপ্লেন করেছেন যে, সেই মিটিং হয় না। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি আজ পর্যন্ত টোটাল স্পোর্টস কাউন্সিলে কতগুলো মিটিং হয়েছে তা তিনি জবাবী ভাষণে জানাবেন। আর একটা জিনিস, এই স্পোর্টস কাউন্সিলকে উপেক্ষা করে একটা ষ্ট্যাণ্ডিং কমিটি করা হয়েছে, হাই লেভেল কমিটি করা হয়েছে। তাতে থাকার কথা ১০জন। সম্প্রতি আরো দু'জনকে কো-অপ্ট করা হয়েছে। এইসব কমিটিগুলোতে কাদের রাখা হয়েছে দেখুন, আমি পড়ে শোনাচ্ছি, তাদের মধ্যে দু'জন মাত্র মানুষ

আছে যারা সত্যিকারের খেলাধুলার সঙ্গে জড়িত। একজন হচ্ছেন শনিয়াজন, হকি খেলোয়াড় ছিলেন, আর একজন হচ্ছেন, সুজিত সিংহ তিনি এ্যাথলেট ছিলেন। এইমাত্র দু'জন ক্রীড়া জগতের মানুষ ঐ কমিটিতে আছেন। তারপর ধরুন স্নেহাংশু কুমার আচার্য, যিনি ক্রিকেট এ্যাসোসিয়েশনের সেক্রেটারী, তাঁর হয়ত কিছুটা অভিজ্ঞতা রয়েছে, তিনি থাকতে পারেন। কমল বোস, যিনি বয়সের ভারে ভারাক্রান্ত, তাঁকে রাখা হয়েছে। তাঁর দ্বারা কি উপকার হবে আমরা বুঝতে পারছি না। শচীন সেন মহাশয়, তিনি একজন রাজনৈতিক লীডার, তিনি অত্যন্ত ভাল পার্লামেন্টারিয়ান, কিন্তু খেলার মাঠে যোগ্যতা কতখানি তাঁর আছে আমি আপনার মারফৎ তাঁকে জিজ্ঞাসা করছি। সন্তোষ ভট্টাচার্য, রাখাল বোস—আর. এস. পি., শশাঙ্ক বোস—ফরওয়ার্ড ব্লক, অশোক ভট্টাচার্য ডবলিউ. বি. সি. এস., এ্যাডমিনিষ্ট্রেটার তাঁকে রাখা হয়েছে। জ্যোতিষ জোয়ারদার এক্স এম. পি. মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি। জ্যোতিষ জোয়ারদারকে কো-অপ্ট করা হয়েছে। রবীন মণ্ডল মহাশয়কে কো-অপ্ট করা হয়েছে, তিনি মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সদস্য এবং বর্তমান এম. এল. এ.। হরেকৃষ্ণ ঘোষ, তিনি জয়কৃষ্ণ ঘোষের ভাই, এটাই তাঁর কোয়ালিফিকেশন। এরপর অনেকগুলো সাব-কমিটি রয়েছে। যে স্পোর্টস কাউন্সিলের মিটিং হয় না সেখানে সাব-কমিটি করেছেন ভেরিয়াস ব্রাঞ্চের। এখানে কাদের কাদের নিয়ে আসছেন তার একটা নমুনা দিচ্ছি। পরিতোষ চক্রবর্তীর নাম সকলেই শুনেছেন, নামকরা ফুটবলার ছিলেন। তাঁকে বাসকেট বল সাব-কমিটিতে রাখা হয়েছে। শৈলেন মান্নার নাম সকলেই জানেন। ফুটবল জগতে তিনি একজন খ্যাতনামা ব্যক্তি, তাঁকে সফ্‌ট বল কমিটিতে রাখা হয়েছে। আর একজন হচ্ছেন রবীন মণ্ডল, তিনি একজন ভাল পার্লামেন্টারিয়ান। এখানকার অভিজ্ঞতা তাঁর আছে। তিনি এখানেও কিছু ধস্তাধস্তি করেন, তাঁকে রাখা হয়েছে কুস্তি সাব-কমিটিতে। কি কোয়ালিফিকেশনের জন্য তাঁকে কুস্তিতে নেওয়া হয়েছে আমি জানি না। ক্রীড়ামন্ত্রী মহাশয় যদি সত্যিকারের স্পোর্টসের উন্নতি চান তাহলে প্রপার লোককে প্রপার জায়গায় প্লেস করুন। যাঁকে নেবেন তাঁর একমাত্র ক্রাইটেরিয়া হবে তিনি একজন খেলোয়াড়, যোগ্য লোককে যোগ্য জায়গায় বসান।

আমি বলে দিচ্ছি কংগ্রেসের দরকার নেই, প্রয়োজন নেই, যোগ্য স্পোর্টসম্যানদের আসুন। আপনি রিপোর্ট দিয়েছেন বলেই আপনার দৃষ্টিগোচরে বিষয়টি আনতে চাইছি। আপনি জানেন ১৯৬৫ সালে ১২ লক্ষ টাকা ব্যয়ে বেলেঘাটার

সুভাষ সরোবরে সুইমিং পুল করা হয়েছিল, নেভার বিন ইউটিলাইজড। বর্তমানে করতে হলে অন্ততঃ ৫০ লক্ষ টাকা লাগবে। আপনি সেটা অধিগ্রহণ করবার কথা বলেছেন। ৫০ লক্ষ টাকার তৈরী জিনিস নষ্ট হয়ে যাচ্ছে। কিছুদিন আগে পর্যন্ত কিছু কিছু কাজে লাগান হচ্ছিল, কিন্তু এখন একেবারে পড়ে আছে। এই রকম আন্তর্জাতিক মানের সুইমিং পুল ভারতবর্ষে খুব কমই আছে। ফোর্ট উইলিয়ামের ভিতর একটা সুইমিং পুল আছে, সেখানে সাধারণ মানুষ যেতে পারে না। এত বড় একটা ইণ্টারন্যাশন্যাল স্ট্যাণ্ডার্ড-এর ডাইভিং বোর্ড আছে—এই রকম ইণ্টারন্যাশন্যাল মানের সুইমিং পুল এদেশে কমই আছে। সেটা আজকে ডাষ্টবিনে পরিণত হয়েছে। তাড়াতাড়ি অধিগ্রহণ করা দরকার। কিছুদিন আগে সেখানে গিয়ে দেখলেন সেটা বেদখল করে রয়েছে! আপনি দেখে ফিরে এসেছেন, কিন্তু আজ পর্যন্ত ব্যবস্থা করতে পারেন নি। রিপোর্ট দিয়েছেন, নেবার উদ্যোগ নিয়েছেন, কিন্তু নেন নি। আপনি ইমিডিয়েটলি টেক ওভার করুন। কারণ ওখানকার সব দামি দামি যন্ত্রপাতি চুরি হয়ে যাচ্ছে। পাম্প ইত্যাদি চুরি হয়ে যাচ্ছে। এগুলি রিপ্লেস করতে আরো বহু লক্ষ টাকা লেগে যাবে। আপনি নিজে ব্যক্তিগত ভাবে উদ্যোগ নিয়ে এই কাজ তাড়াতাড়ি করলে সরকার লাভবান হবেন। পশ্চিমবঙ্গ সাঁতারের জন্য বিখ্যাত। যেসব জায়গায় সো কল্ড সুইমিং পুল আছে সেগুলি ইণ্টারন্যাশন্যাল স্ট্যাণ্ডার্ডের নয়। সেগুলি প্রপার সুইমিং পুল নয়। এই একটা ভাল সুইমিং পুল, এটাকে আপনি দয়া করে তাড়াতাড়ি অধিগ্রহণ করার ব্যবস্থা করুন এবং এটাকে আমাদের স্পোর্টস্-এর কাজে লাগাবার ব্যবস্থা করুন। মাননীয় মন্ত্রী মহাশয় প্রায়ই বলেন সেণ্টার কিছু দেয় না। এন. আই. এস. কোচ সেণ্ট্রাল গভর্নমেণ্ট থেকে টাকা পায়। তাদের ট্রেনিং দেওয়া হয়েছে। সেণ্ট্রাল এন. আই. এস. কোচ এখানে আছে। কিন্তু আমাদের দুর্ভাগ্য হচ্ছে ক্রীড়া পর্ষদ তাদের ব্যবহার করতে পারছে না। এই সমস্ত কোচেদের সরকারী টাকা দেওয়া হচ্ছে, অথচ বিভিন্ন ক্লাব তাদের ইউটিলাইজ করতে পারছে না। আমি তাই আপনার কাছে অনুরোধ করছি আপনি তাদের বিভিন্ন জেলায় জেলায় পাঠান। এরা সহযোগিতা দিতে বাধ্য, কেননা সরকারী টাকায় এদের শিক্ষিত করে তোলা হয়েছে। আপনার রিপোর্টে দেখতে পাচ্ছি আপনি বিভিন্ন জায়গায় ষ্টেডিয়াম করছেন, বিভিন্ন অর্গানাইজেশনকে টাকা দিচ্ছেন। বিভিন্ন জায়গায় ছোট ছোট ষ্টেডিয়াম করবার চেষ্টা করছেন, বিভিন্ন এক্স-স্পোর্টসম্যানদের অনুদান দিচ্ছেন। এই সবের জন্য আপনাকে প্রথমেই আমার অভিনন্দন জানানো উচিত ছিল। এটা খুব প্রশংসাযোগ্য কাজ। এর পরে আমি সোসাইটির কথায়

আসছি। এখানে কিছু আনপ্লিজ্যান্ট আছে, সেটা নিশ্চয় বলতে হবে। এই সোসাইটি বাই নেম জেনেছিলাম। কিন্তু পরে প্রশ্নের উত্তরে জানতে পারলাম সোসাইটি বাই নেম নয়—এটা আমাদের খানিকটা আশ্বস্ত করেছে। সেখানে আপনি রাজনীতির গন্ধ টেনে এনেছেন। আপনি এনেছেন কিনা জানি না, তবে আপনাকে করতে বাধ্য করেছে। সেখানে আপনি নিয়েছেন কাদের? সেখানে দেখা যাচ্ছে বহু মানুষ আছে যাদের খেলাধুলার সংগে কোন যোগ নেই। আপনারা যাদের ঘৃণা করেন, যাদের কথা প্রায়ই বলেন সেই টাটা, ডালমিয়া ইত্যাদি পুঁজিপতি লোকদের নিয়েছেন। এই জায়গায় আমি সমর্থন করছি। কারণ আপনার টাকার দরকার আছে। কিন্তু আপনি মুখে এক কথা বলবেন, আর কাজে ঠিক করবেন না। আপনি যেকোন মানুষের কাছ থেকে টাকা নিন, স্পোর্টসে নিন, আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এতে লজ্জার কিছু নেই। কিন্তু আপনি দয়া করে যেটা বলবেন সেটা কাজে করবেন। কারণ পশ্চিমবঙ্গে টাকার দরকার আছে।

[4.35—4.45 P.M.]

ক্যালকাটার টেস্টম্যাচের টিকিট সাধারণ মানুষের মধ্যে লটারির মাধ্যমে বিলি করার জন্য সরকারের তরফ থেকে আপনি সি. এ. বি.'র কাছ থেকে ৯॥ হাজার টিকিট নিয়েছিলেন। সেটা ছিল ভারত বনাম ওয়েস্ট ইণ্ডিজের টেস্ট ম্যাচ। সেই টিকিট থেকে কারুকে না জানিয়ে সরকার ২॥ হাজার টিকিট এস. এস. এস.'কে দিয়ে দিয়েছেন। এই এস. এস. এস. সরকারের অনুমোদন না নিয়েই, সি. এ. বি.'র অনুমোদন না নিয়েই এই টিকিটে কমপ্লিমেন্টারি ছাপ দিয়ে সদস্যদের মধ্যে বিলি করেছেন। এটা কি বৈধ? এই টিকিধের টাকা সি. এ. বি.-কে কে দিয়েছে—সরকার দিয়েছে, না এস. এস. এস. দিয়েছে? এই টাকা কে দিয়েছে সেটা আপনি পরিষ্কারভাবে বলুন। তারপর লাস্ট যে গোল্ড কাপের খেলা হয়ে গেল, আমরা খেলার মাঠের লোক, আমরা জানি ঐ খেলা আপনি প্রাকটিক্যালি জোর করে ঐ মাঠে নিয়ে গিয়েছেন। আপনার ভয়ে তারা এই খেলা ঐ মাঠে নিয়ে গিয়েছিল। একটা জায়গায় ভালোভাবে খেলা হচ্ছিল, সেখান থেকে সেই খেলা আপনি জোর করে আর এক জায়গায় নিয়ে গিয়েছেন। যদিও সেটা অটোনমাস বডি, কিন্তু তবুও আমরা জানি, খেলা চালাতে গেলে সরকারের সাহায্যের প্রয়োজন, কাজেই তাঁরা যেতে বাধ্য হয়েছেন। এই গোল্ড কাপের খেলার দু' হাজার টিকিট সরকার আইন ভেঙ্গে

এস. এস. এস.-কে দিতে বাধ্য করেছেন। আমরা জানি, ছোট হোক বা বড় হোক সব ক্লাবকেই নগদ টাকা দিয়ে টিকিট নিয়ে আসতে হয়, অথচ আপনি সেখানে ধারে টিকিট নিয়ে এসেছেন, সেই টাকা আজ পর্যন্ত শোধ করেছেন কিনা জানি না। যদি কাল বা পরশু শোধ করে থাকেন আলাদা কথা, কিন্তু আমি যতদূর জানি তাতে বলতে পারি তার আগে আপনি এই টাকা শোধ করেন নি। সেটা যখন নিয়ে আসেন তখন কোন কথাবার্তা হয় নি। ২০ পারসেণ্ট টাকা সরকারকে দিতে হয়, যখন ওটা নিয়ে আসেন তখন অফিসিয়ালি কোন কথা বলেন নি, আজকে সেই টাকা দিচ্ছেন না, সেখানে আপনি বারগেন করছেন, বলছেন, ২০ পারসেণ্ট কেটে নিয়ে বাকি টাকাটা দেওয়া হবে। সেটা একটা অটোনমাস বডি, তাদেরও টাকার দরকার, মন্ত্রী মহাশয় যদি এই করেন তাহলে খেলাধুলা যারা করে এবং পরিচালনা করে তারা কি এনকারেজড হবে? এবারে আমি গড়াপেটা খেলা সম্পর্কে কয়েকটি কথা বলব। এই গড়াপেটা খেলা নিয়ে চারিদিকে একেবারে ছি ছি পড়ে গিয়েছিল। আপনি সেদিন খুব কড়া বিবৃতি দিয়েছিলেন, কিন্তু আজ পর্যন্ত কি করেছেন সেটা বলবেন কি? এখন আপনি বলছেন, এটা একটা অটোনমাস বডি, আমার কিছু করণীয় নেই, কিন্তু সেদিন আপনি বিবৃতি দিয়ে বলেছিলেন একটা ব্যবস্থা আপনি করবেন। আপনি বলেছেন, রিপোর্ট পাওয়া যায় নি। আজ ৬/৮ মাস ধরে আপনি বসে আছেন, কেন তারা রিপোর্ট দেয় নি তার জন্য কৈফিয়ত তলব করেছেন কি? আজকে পশ্চিমবাংলার খেলাধুলার ক্ষেত্রে যে কলঙ্কজনক অধ্যায় ঘটেছে তার জন্য আজকে পশ্চিমবঙ্গ মাথা উঁচু করে দাঁড়াতে পারছে না। স্যার, আপনি জানেন, ভারতবর্ষের অন্যান্য বড় বড় প্রদেশে সরকার খেলাধুলা থেকে কর আদায় করেন না। দু/একটা জায়গায় করলেও করতে পারে, কিন্তু অধিকাংশ রাজ্যই করে না। পশ্চিমবঙ্গ যেটা খেলাধুলার পীঠস্থান সেখানে আজকে খেলাধুলার উপর কর আদায়ের প্রস্তাব করা হয়েছে। আগে এটাতে ছাড় দিয়েছিলেন, আজকে হঠাৎ আবার মন্ত্রী মহাশয় এত খড়্গহস্ত হলেন কেন তা আমি বুঝতে পারছি না। খেলাধুলা তো শিক্ষারই অঙ্গ, এটা তো ক্যাবারে নয়, নাচগান নয়, কাজেই এটা বিশেষ ভাবে বিবেচনা করে দেখা উচিত বলেই আমি মনে করি। যখন এ রাজ্যে খেলাধুলা থেকে কর ছাড় দেওয়া হয়েছিল তখন আমরা মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানিয়েছিলাম, আজকে আবার দেখছি সেই কর চাপানোর প্রস্তাব করা হয়েছে। আগে দৈনিক ১৫ টাকার বেশী দামের টিকিটের ওপর কর ধার্যের প্রস্তাব ছিল, কিন্তু এখন দৈনিক ৫ টাকার বেশী দামের টিকিটের উপর কর ধার্যের প্রস্তাব

করা হয়েছে। এটা আই. এফ. এ. দেবে না, এ আই. এফ. এফ. দেবে না, সি. এ. বি. দেবে না, কেউ দেবে না, এই টাকা আমাদেরই দিতে হবে। বর্তমানে যে-সব আন্তর্জাতিক খেলা হয় সরকার তার ২০ পারসেন্ট টাকা বরাবরই নেন, কিন্তু এবারে দেখা যাচ্ছে তার উপর আরো ২০ পারসেন্ট টাকা কর ধার্য করে নিয়ে মোট টাকার ৪০ পারসেন্ট নেবেন। মাননীয় সদস্যরা একটু চিন্তা করে দেখুন যে একটা খেলা পরিচালনা করে তার ৪০ পারসেন্ট টাকা যদি সরকারকে দিয়ে দিতে হয় তাহলে কলকাতা শহরে সেই খেলা আর কি হওয়া সম্ভব?

আপনারা জানেন যে কোন ইন্টারন্যাশনাল খেলা হতে গেলে একটা প্যারেন্ট বডি—যেমন আই. এফ. এ.-এর প্যারেন্ট বডি হচ্ছে ফুটবল ফেডারেশান অব ইণ্ডিয়া, তেমনি ক্রিকেটের জন্য ক্রিকেট কন্ট্রোল বোর্ড অব ইণ্ডিয়া, এদের পারমিশান নিতে হয়। এরা কিন্তু প্যারেন্ট বডি নয়। এখানে যে বডি আছে তারা খালি সুপারভাইস করেন। আমরা খবর পেয়েছি যে অন্যান্য প্যারেন্ট বডি বলে দিয়েছে যে কলকাতায় বড় খেলা হবে না। কলকাতায় বড় খেলা হলে ঐ টাকা তারা দিতে পারবেন না। কলকাতা ছাড়া সারা ভারতবর্ষের উন্নতি হচ্ছে। কলকাতার মানুষের এই খেলাধুলা বন্ধ হয়ে গেলে তারা ক্ষমা করবে না। মাননীয় সদস্যরা একটা কথা শুনলে হাসবেন। ১৯৮৩-৮৪ সালে যা বাজেট করা হয়েছিল তাতে প্রায় ১০ লক্ষ টাকার মত খরচ করা হয়েছিল। এই ট্রেনিংয়ের জন্য তারা যে টাকা খরচ করেছিলেন সেটা অঙ্কের দিক থেকে দেখলে মনে হবে খুব বেশী। কিন্তু আমরা যদি ধরি যে পশ্চিমবঙ্গে ৬ কোটি মানুষ আছে, তাহলে কত পারসেন্ট খরচ হচ্ছে? হিসাব করলে দেখা যাবে যে বছরে ২ পয়সা একটা লোকের জন্য স্পোর্টসে খরচ করা হয়েছে। আপনারা হয়ত বলবেন যে সীমিত অবস্থা। নিশ্চয়ই, সীমিত ক্ষমতা আছে। কিন্তু এ সব রাজনৈতিক মতবাদ না ছড়িয়ে সীমিত অবস্থার মধ্যে দিয়ে প্রপার প্ল্যানিং কিছু করলে আপনারা এগিয়ে যেতে পারবেন বলে আমি আশা রাখি।

আমি আর একটা কথা বলি। আপনারা স্পোর্টস স্টেডিয়াম করবেন। সরকার অনুদান দিচ্ছেন, গ্যারান্টি দিয়েছেন। মাননীয় মন্ত্রী প্রণব মুখার্জীর সঙ্গে কথা বলা হয়েছে, তিনি রিজার্ভ ব্যাংকের গ্যারান্টার হয়ে আরো প্রায় ৪ কোটি টাকা দেওয়া হয়েছে। আমাদের একটা হিসাব ছিল তাতে মোটামুটি প্রায় ১৪ কোটি টাকা আপনারা খরচ করেছেন। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের অনুদান এবং আরো এক কোটি টাকা—এই সব নিয়ে প্রায় ১৪ কোটি টাকা খরচ করেছেন। এ ছাড়াও ৫ কোটি টাকা ব্যাংক থেকে আসবে। তারপরে আপনারা গোল্ডেন কার্ড না কি

করে আরো প্রায় ১ কোটি টাকা নিয়েছেন। এই যে এত কোটি টাকা অনুদান—সেটা সেণ্ট্রাল গভর্নমেণ্ট হোক, আর স্টেট গভর্নমেণ্ট হোক—আপনারা নিচ্ছেন। কিন্তু আপনারা নিজেদের ক্ষমতায় এক কোটি ৭৫ লক্ষ টাকার বেশী তুলতে পারেন নি। মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে বিরাট ঋণের বোঝা নিয়ে আপনি স্টেডিয়াম করছেন, এই বিরাট টাকার যে ইণ্টারেস্ট হবে সেটা আপনি কোথা থেকে যোগাড় করবেন আমি বুঝতে পারছি না। আপনি বলেছিলেন যে, এই টাকা আমি তুলবো বিভিন্ন ইণ্টারন্যাশনাল গেম করে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি আবার বলছি যে, যে কোন ইণ্টারন্যাশনাল খেলা করতে গেলে প্যারেণ্ট বডি, যেটা অল ইণ্ডিয়া বডি, তাদের সঙ্গে কথাবার্তা বলা দরকার হয়। আমি একথা বলতে পারি যে, আপনারা তাদের সঙ্গে কথা বলেন নি। ধরুন সাধারণ মানুষ স্টেট বডিকে চাপ দিলেও তারা যদি কোন কারণে এখানে খেলা করতে রাজি না হয় তাহলে আপনি এই টাকা কোথা থেকে তুলবেন? মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে ভাল কাজের জন্য আমি অভিনন্দন জানাচ্ছি। কিন্তু আমি যে কথাগুলি বলেছি, এটা দয়া করে রেকটিফাই করার চেষ্টা করবেন। পশ্চিম বাংলার মানুষ অত্যন্ত খেলোয়াড়সুলভ, তারা অনেক দোষক্রটি সহ্য করে নিয়েছে এবং এখনও করে নেবে। আপনি যদি স্পোর্টস-এর ব্যাপারে একটা স্থায়ী নাম রেখে যেতে চান তাহলে এই ব্যাপারে মনঃসংযোগ করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[4.45—4.55 P. M.]

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল: স্পীকার মহোদয়, ক্রীড়ামন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং যে কাট মোশানগুলি এখানে উপস্থাপিত হয়েছে সেগুলির পূর্ণ বিরোধিতা করছি।

খেলাধুলা সম্পর্কে বলতে গেলে আমাদের প্রথমেই একটি বিষয়ে বলতে হয় যে, সমগ্র দুনিয়ায় ৪০০ বছর ধরে খেলাধুলা চলে আসছে। অতীতে বৃটিশ সাম্রাজ্যে এবং সমগ্র পাশ্চাত্য জগতে খেলাধুলার সংগে উৎপাদনের কোন সম্পর্ক ছিল না। অথচ তাদের বিশাল অবসর বিনোদনের অবকাশ ছিল। সে জন্য তারা খেলাধুলাকে অবসর বিনোদনের বিষয় হিসাবে গ্রহণ করেছিল। পরবর্তীকালে পরিবর্তিত পরিস্থিতি এবং পরিবর্তিত চিন্তা-ভাবনার মধ্যে বহু পাশ্চাত্য দেশে এবং পৃথিবীর আরো কয়েকটি দেশ স্পোর্টসকে এন্‌কারেজ করতে থাকে। এখন আমাদের একটি বিষয় জানতে হবে, সেটি হল ক্রীড়া জগতে দু'ধরনের শ্রম আছে। একটি

মানসিক শ্রম, আর একটি শারীরিক শ্রম। কিন্তু আজকে খেলাধুলা শুধু মানসিক শ্রম বা অবসর বিনোদনের বিষয় হয়ে নেই। সমগ্র বিশ্বে আজকে খেলাধুলাকে উৎপাদনের নিরিখে বিচার-বিশ্লেষণ করা হচ্ছে। কিন্তু আজও পুঁজিবাদী দেশ-গুলিতে এবং অর্থনৈতিক দিক থেকে পশ্চাদপদ দেশগুলিতে খেলাধুলা সম্পর্কে কোন পরিকল্পনা নেই এবং তারা সেভাবে খেলাধুলাকে দেখছে না। ভারতবর্ষেও আমরা সেই চিত্র দেখছি। ভারতবর্ষের স্বাধীনতার ২ বছর পরে যে দেশে বিপ্লব সংগঠিত হয়ে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে, সেই সমাজতান্ত্রিক চীন দেশ, যার অতীতে বিশ্ব খেলাধুলার জগতে কোন স্থান ছিল না, আজকে সে সুষ্ঠু পরিকল্পনার মধ্যে দিয়ে বিশ্ব খেলাধুলার জগতে দুর্ধর্ষ স্থানে এসে পৌঁছেছে। অথচ ৭০ কোটি মানুষের দেশ ভারতবর্ষে খেলাধুলা সম্পর্কে কোন পরিকল্পনা নেই। ফলে বিশ্ব খেলাধুলার জগতে ভারতবর্ষের কোন স্থান নেই। ভারতবর্ষ স্বাধীন হয়েছে আজ ৩৭ বছর, এই দীর্ঘ ৩৭ বছর ধরে আমাদের দেশে জাতীয় স্পোর্টস পলিসি বলে কিছু নেই। বিগত দু'বছরের আগে পর্যন্ত ভারতবর্ষের প্রশাসনে খেলাধুলা সম্পর্কে কোন বিভাগ খোলা ছিল না। বর্তমানে অবশ্য একটা স্পোর্টস ডিপার্টমেন্ট খোলা হয়েছে। আমি প্রশ্ন তুলতে চাই না, বুটা সিং খেলতে জানেন, কি জানেন না। কিন্তু আমাদের ক্রীড়া নীতি বলে কি কিছু আছে? না নেই। একটা জিনিস বুঝতে হবে, আজকে একটা গোটা দেশ, একটা গোটা জাতি যদি খেলাধুলা সম্পর্কে উৎসাহী না হয়, যদি খেলাধুলা সম্পর্কে সে জাতির রাষ্ট্রীয় পরিকল্পনার মধ্যে রাষ্ট্র নায়কদের চিন্তা-ভাবনার প্রতিফলন না ঘটে তাহলে সে দেশকে, সে জাতিকে বিশ্ব খেলাধুলার আসরে জানা যাবে না।

স্পীকার মহোদয়, এখন আমি আন্তর্জাতিক ক্রীড়া ক্ষেত্রে ভারতবর্ষের যে অবস্থিতি এবং ভারতবর্ষের ক্রীড়া ক্ষেত্রের নিরিখে একটি অঙ্গ রাজ্যের খেলাধুলার সীমাবদ্ধতা সম্পর্কে ২/৪টি কথা বলতে চাই। কারণ সমগ্র বিষয়কে বাদ দিয়ে বিচ্ছিন্নভাবে কিছু ভাবা যায় না। একটা রাজ্যের খেলাধুলার ক্ষেত্রেও সীমাবদ্ধতা আছে। কারণ খেলাধুলা জাতীয় উন্নতির অঙ্গ। আজকে খেলাধুলাকে উন্নত জীবনের ইঙ্গিত হিসাবে তুলে ধরা হচ্ছে। সুতরাং আজকে খেলাধুলাকে বাদ দিয়ে উন্নতি বা উন্নত জীবনের কথা ভাবা যায় না। একে বাদ দেওয়া চলে না। অথচ এ সম্পর্কে আমাদের রাষ্ট্রনায়করা নীরব হয়ে রয়েছেন। তবুও তুলনামূলক বিচারে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ১৯৭৮ সাল থেকে '৮২ সাল পর্যন্ত যে উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছেন সে সম্পর্কে আমি ২/১টি কথা বলতে চাই।

মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র আজকে এখানে এই ব্যয়বরাদ্দের ওপরে কাট মোশান এনে বলছেন, "কলকাতার খেলার মাঠগুলিকে রক্ষণাবেক্ষণ করতে সরকার ব্যর্থ হয়েছে।" এই প্রসঙ্গে আমি মাননীয় সদস্যকে প্রশ্ন করি, সুদীর্ঘ কাল ঘেরা মাঠ তিনটির ভেতরে এবং বাইরে যে-সমস্ত কর্মচারীরা ছিলেন, তাঁদের অবস্থা কি ছিল? দীর্ঘদিন ধরে তাঁদের দৈনিক মজুরীর মাধ্যমে দিনমজুর করে রাখা হয়েছিল। বামফ্রন্ট সরকার আজকে তাঁদের সরকারী কর্মচারী হিসাবে গ্রহণ করেছেন। বামফ্রন্ট সরকার এই সমস্ত কর্মীদের সরকারী কর্মচারী হিসাবে গ্রহণ করার যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তা কি কোন উল্লেখযোগ্য পদক্ষেপ নয়? দীর্ঘদিন ধরে আমরা দেখেছি ঘেরা মাঠগুলিতে খেলোয়াড়রা আঘাত পেয়ে আহত হলে তাঁদের জন্য কোন সরকারী চিকিৎসার ব্যবস্থা ছিল না। এমন কি আহত খেলোয়াড়দের জন্য পরবর্তী পর্যায়েও সরকারী উদ্যোগে কোন চিকিৎসার বন্দোবস্ত ছিল না। তিনটি ঘেরা মাঠের ভেতরে এবং বাইরে কোনরকম পানীয় জলের ব্যবস্থা ছিল না। দুঃস্থ খেলোয়াড়দের সরকারের পক্ষ থেকে কোনরকম পেনসন দেবার ব্যবস্থা ছিল না। আজকে বামফ্রন্ট সরকারের আমলে এইসব ব্যবস্থাগুলি করা হয়েছে। স্থায়ী স্টেডিয়ামের নীচে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে, তিনটি ঘেরা মাঠের ভেতরে এবং বাইরে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে। আঘাত প্রাপ্ত খেলোয়াড়দের জন্য চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। দুঃস্থ খেলোয়াড়দের জন্য পেনসনের ব্যবস্থা করা হয়েছে। অতীতে যে ব্যবস্থা কখনো ছিল না। বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে মহাবীর প্রসাদ, নায়ার এবং ভেঙ্কটেশের মত দুঃস্থ অতীতের সুদক্ষ ফুটবল খেলোয়াড়দের জন্য ২০০ টাকা করে মাসিক পেনসনের ব্যবস্থা করা হয়েছে।

আজকে অনেক প্লেয়ারকে এককালীন ভাতা দেওয়া হচ্ছে। আপনারা সেইসব প্লেয়ারদের নাম জানেন কিনা জানি না—যেমন জে. এণ্টনী, শ্রীমতী ইলা ঘোষ, শ্রীসুশীল ঘোষ, আদিনাথ ভট্টাচার্য ইত্যাদি এই রকম কয়েকজনকে এককালীন ভাতা দেওয়া হয়েছে। আজকে অম্বিকাবাবু খেলোয়াড়দের সম্পর্কে বললেন, খেলোয়াড়দের মর্যাদার কথা বললেন। কিন্তু আমি বলতে চাই, আপনাদের আমলে খেলোয়াড়দের বিভিন্ন রকম নৈতিক অবনতি ঘটেছিল। সুতরাং আজকে ওনাদের ইগনোরেন্স কোন জায়গায় গিয়ে পৌঁছেছে। এই বামফ্রন্ট সরকার আসার পর খেলোয়াড়রা যাতে বিভিন্ন ভাবে পয়সা-কড়ি পায় তার জন্য সর্বতোভাবে চেষ্টা করছে। যাঁরা একদিন দুর্ধর্ষ খেলোয়াড় ছিলেন, যাঁরা একদা দুয়ারে-দুয়ারে ভিক্ষা করেছেন,

তাঁরা আমাদের এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও আজকে দেখুন মঙ্গল পুরোকায়স্থ যিনি এককালে বিখ্যাত ফুটবল খেলোয়াড় ছিলেন, যাঁর সঙ্গে আমি খেলেছিলাম—যে একদিন মারা যেত—এই বামফ্রন্ট সরকার ২১ হাজার টাকা দিয়ে ভেলোরে নিয়ে গিয়ে তাঁর হার্টে পেস-মেকার বসিয়ে দিয়েছে। গত বছর যে-সমস্ত ট্যালেন্ট খেলোয়াড় তাদের মনোবল বাড়িয়ে দেওয়ার জন্য ৬০ জনকে ৭৫ টাকা করে ৫৪ হাজার টাকা দিয়েছেন এবং আগামী বছর ১০০ জন ট্যালেন্টকে দেওয়ার জন্য চেষ্টা হচ্ছে এবং এই ধরনের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। আপনারা জানেন, আজকে ক্ষুদিরাম স্টেডিয়ামে বিভিন্ন রকম খেলাধুলার জন্য স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। রবীন্দ্র সরোবর স্টেডিয়াম এককালে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের আণ্ডারে ছিল। তাদের প্রশাসনিক দপ্তর থেকে রাজ্য ক্রীড়া পর্ষদের হাতে চলে এসেছে। সেখানে ৬টি ডিসিপ্লিন—যেমন ফুটবল, এ্যাথলেটিকস, ভলিবল, বাস্কেটবল, হকি এবং সাইক্লিং-এর স্থায়ী প্রশিক্ষণ শিবির হবে। এছাড়া আরও অন্যান্য খেলোয়াড় যারা বাইরে যাচ্ছে তাদের উৎসাহিত করার জন্য অনেককে বহু টাকা দেওয়া হয়েছে। রীতা সেন, মহম্মদ নইমুদ্দিন, মধুমিতা গোস্বামী, ইন্দ্রজিৎ মুখার্জী, শিখা বড়ুয়া, অঞ্জু দে, বুলা চৌধুরী—এই রকম বহু জনকে টাকা-পয়সা দেওয়া হয়েছে। আমি একটি কথা বলতে চাই সেটা হলো এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও আমরা কাজ করার চেষ্টা করছি। এখানে স্পোর্টস কাউন্সিলের কথা বললেন। আজকে বামফ্রন্ট সরকারের যে ক্রীড়ানীতি সেই ক্রীড়ানীতিই স্পোর্টস অফ কাউন্সিলের মাধ্যম দিয়ে ইমপ্লিমেন্ট করা হবে। সুতরাং স্পোর্টস পলিসিতে আমরা ডিটারমাইণ্ড আছি এবং তা ইমপ্লিমেন্ট করার জন্য বিভিন্ন ভাবে চেষ্টা হচ্ছে। আজকে ১৬টি জেলায় ডিষ্ট্রিক্ট স্পোর্টস কাউন্সিল করা হয়েছে খেলাধুলাকে গ্রামেগঞ্জে ছড়িয়ে দেওয়ার জন্য। এতদিন খেলোয়াড়রা মুষ্টিমেয়, সীমাবদ্ধ ছিল। আজকে বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের মধ্য দিয়ে বিভিন্ন জায়গায় ব্লকে ব্লকে সাবডিভিসানে কত স্টেডিয়াম তৈরী করা হচ্ছে, বিভিন্ন জায়গায় স্পোর্টসকে ছড়িয়ে দেওয়া হয়েছে। রুরাল ওরিয়েন্টেড এই যে পলিসি—এর মাধ্যমে ট্যালেন্টেড প্লেয়ারদের ভবিষ্যতের জন্য কালেক্ট করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কোন রাজ্য সরকার আজ পর্যন্ত এই দাবী করতে পারেনি, কিন্তু পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার আজ সেই দাবী করতে পারে। আগামী দিনে প্রকৃতপক্ষে যারা ট্যালেন্টেড প্লেয়ার হবে তাদের চাকরির জন্য দুয়ারে দুয়ারে যাতে না যেতে হয়, তাদের চাকরির গ্যারান্টি করার জন্য এই সরকার চিন্তা-ভাবনা করছেন। আমি নিশ্চয়ই এই দপ্তরের মন্ত্রী মহাশয়কে সেইদিকে দৃষ্টি দিতে অনুরোধ করবো, যেন এইভাবে

খেলোয়াড়দের উৎসাহিত করার চেষ্টা করেন। এখানে একটা কাট মোশান এসেছে। এখন সল্ট লেক স্টেডিয়াম সম্বন্ধে বলতে গেলে আমাকে দিল্লীর কথা বলতে হয়। আপনারা ১৯৮২ সালে নবম এশিয়াড করলেন ১১০০/১২০০ কোটি টাকা খরচ করে। দিল্লীকে নব-সাজে সজ্জিত করলেন কেন? অপদার্থের দল। আমরা চেয়েছিলাম কিছু ডিসিপ্লিন কলকাতাকে দেওয়া হোক। কারণ আজকে ফুটবল জাতীয় খেলা হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে। আমাদের দেশের ক্লাইমেটিক কণ্ডিশান অনুযায়ী বিভিন্ন খেলাধুলা বিভিন্ন রাজ্যে গড়ে উঠেছে—যেমন পাঞ্জাবে হকি, মহারাষ্ট্রে ক্রিকেট এবং আমাদের পশ্চিমবাংলায় ফুটবল। এ. আই. এফ.-এ রাজনীতি হচ্ছে না? শ্রীপ্রিয়রঞ্জন দাশমুন্সী যিনি একজন কংগ্রেস (আই) নেতা, তিনি খেলাধুলার কি জানেন—তিনি সেখানে ভাইস-প্রেসিডেন্ট হয়ে বসে আছেন। অপরপক্ষে পশ্চিমবাংলার ক্রীড়া জগতে যে-সমস্ত খেলোয়াড়রা আছেন তাঁরা আজ সঠিকভাবে সম্মানিত হচ্ছেন না, তাঁরা নির্বাচিত হচ্ছেন না, নেগলেকটেড হচ্ছেন। আমি সর্বশেষে বলতে চাই, আজকে সমগ্র দেশে সাম্প্রদায়িকতাবাদ এবং অসম্প্রীতি যেমনভাবে দানা বেঁধে উঠেছে তাতে এই সাংস্কৃতিক এবং সাম্প্রদায়িক মূল্যবোধকে ফিরিয়ে আনার ক্ষেত্রে সংযোগের সেতু হিসাবে একমাত্র খেলাধুলাই পারে তাকে জোরদার করতে। সেইজন্য কেন্দ্রকে আরও বেশী অর্থ দিয়ে এক্ষেত্রে সাহায্য করতে হবে রাজ্যগুলিকে, যাতে খেলাধুলার মাধ্যমে জাতীয় ঐক্য প্রতিষ্ঠিত হতে পারে। আজকে এই বাজেটে সেই দিকে লক্ষ্য দেওয়া হয়েছে বলে একে পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীপক্ষের কাট মোশনের পরিপূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4.55—5.05 P. M.]

শ্রীমতী ছায়া ঘোষ: মাননীয় স্পীকার স্যার, মাননীয় ক্রীড়ামন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সর্বান্তকরণে গ্রহণ করে কয়েকটি কথা বলতে চাই। উনি যে ব্যয়বরাদ্দ চেয়েছেন, আমার মনে হয় বামফ্রন্ট সরকারের সীমিত ক্ষমতার দিকে লক্ষ্য রেখেই তিনি এত কম টাকা চেয়েছেন। আমাদের যেটা মনে হয়, শুধু খাদ্য খেয়ে সুস্বাস্থ্যর অধিকারী হয়েই একটি জাতি বেঁচে থাকতে পারে না। তার জন্য দরকার মানসিক এবং সাথে সাথে শারীরিক ব্যবস্থাগুলো। কাজেই সেই দিক থেকে আরো বেশী অর্থ এ খাতে চাওয়া উচিত ছিল। আজকে মাননীয় ক্রীড়ামন্ত্রীর এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। হয়ত ওঁরা প্রশ্ন তুলতে পারেন যে, ছায়া ঘোষ একজন মহিলা, তিনি কেন খেলাধুলার উপর বক্তব্য

রাখতে চাইছেন ? ইতিমধ্যেই মাননীয় সদস্য অম্বিকাবাবু প্রশ্নও তুলেছেন যে, স্পোর্টস্ কাউনসিলে যাঁরা ছিলেন তাঁরা খেলাধুলা জানতেন না, কেবল কতগুলো খেলা জানতেন মাত্র ; তাঁদের নিয়ে স্পোর্টস্ কাউনসিল গঠিত হয়েছে। কাজেই এখানে আমার নিজের পরিচয় রাখতে হয়। কিছু খেলাধুলা আমি নিজেও করেছি, কাপ পেয়েছি, মেডেল পেয়েছি। আমাদের সময় এই ধরনের স্পোর্টসের ব্যাপারে যে কোন সরকারী সহযোগিতা পাওয়া যেতে পারে সেটা কিন্তু আমরা জানতাম না। নিজেদের উদ্যোগেই আমরা খেলাধুলা করেছি। সেজন্য মহিলা হিসাবে বক্তব্য রাখবার প্রয়োজনীয়তা আছে বলে মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জগতে যে-সমস্ত সমাজতান্ত্রিক দেশগুলো আছে, সেই সমস্ত দেশগুলোর গলাতেই আজকে খেলাধুলাতে বিজয়মাল্য পড়ছে। বৈজ্ঞানিক সমাজতান্ত্রিক ধাঁচে ভারতবর্ষ গড়ে ওঠেনি। পশ্চিমবঙ্গে লেফট্ ফ্রন্ট সরকার আছেন, সে সরকার একটি নির্দিষ্ট দৃষ্টিভঙ্গী নিয়ে আজকে স্পোর্টসকে পরিচালনা করতে চাচ্ছেন। আমরা কংগ্রেস আমলে দেখেছি যা কিছু খেলাধুলা সব কিছুই কলকাতার বুকে, কলকাতাকে কেন্দ্র করেই হতো। অবশ্য আমি কলকাতার মানুষের বা কলকাতার বিরোধিতা করছি না। কিন্তু আমরা দেখেছি গ্রামের মানুষের জন্য ওঁরা, কংগ্রেস আমলের কথা বলছি, তেমন কিছুই করেন নি। সবচেয়ে অবহেলিত আদিবাসী সমাজের ছেলেরা সবল স্বাস্থ্যের অধিকারী হয়েও বিপথে পরিচালিত হোতেন, সুস্থ সংস্কৃতির অধীনে তাঁরা আসতে পারতেন না। আজকে আমরা দেখতে পাচ্ছি গ্রামে গ্রামে খেলাধুলাকে কেন্দ্র করে একটি সুস্থ মানসিকতা তৈরী করবার প্রবণতা এসেছে। আমরা দেখছি বিশেষ করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলগুলিতে এই ব্যাপারে যেভাবে সরকারের পক্ষ থেকে সহযোগিতা করা হচ্ছে, যেভাবে আদিবাসী ছেলেদের হা-ডু-ডু, কাবাডি—এই সব খেলার সুন্দর প্রবণতা সরকারের সাহায্যে আজ হচ্ছে, তাতে মনে হয় একটি সুস্থ জাতি গঠনের চেষ্টা শুরু হয়ে গেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি তিনি এশিয়ার অন্যতম একটি স্টেডিয়াম করেছেন বলে। বহু জেলায় বড় বড় স্টেডিয়াম করেছেন এবং তার মাধ্যমে খেলোয়াড়দের অনুপ্রাণিত করা হয়েছে। যাঁরা খেলাধুলার আওতার বাইরে থাকতেন সেই সমস্ত ছেলেদের উৎসাহ বাড়িয়ে তাদের খেলাধুলায় অনুপ্রাণিত করা হচ্ছে। বিভিন্ন ক্লাবের মাধ্যমে ছেলেদের সংগঠিত করে খেলাধুলার মাধ্যমে সঠিক পথে আনবার চেষ্টা করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে মেয়েদের খেলাধুলার ব্যাপার নিয়ে কয়েকটা কথা বলতে চাই। আমরা জানি এই সমাজ-

ব্যবস্থায় একটা ছেলে এবং একটা মেয়ের দিক বিচার করলে তাদের বাবা এবং মা তার ছেলের দিকে যতটা নজর দেয় মেয়েদের দিকে সেই নজর দেয় না। একটা মেয়ের পড়াশোনা বলুন, আর খেলাধুলা বলুন তার বাবা-মা ঠিকভাবে নজর দেয় না। মাননীয় মন্ত্রী মহাশয়কে আবেদন করবো তিনি যেন মহিলাদের প্রতি বিশেষ দৃষ্টি দেন। আগের মতো মহিলারা আর কোন জায়গায় পেছিয়ে নেই। সমস্ত ব্যাপারে মহিলারা এগিয়ে চলেছে। কি খেলাধুলায়, কি পড়াশোনায় তারা আজকে পুরুষের পাশাপাশি এগিয়ে চলেছে। এই ব্যাপারে দৃষ্টান্ত দেবার অবকাশ নেই, এটা সকলেরই জানা আছে। তাদের যদি আরো সুযোগ বাড়িয়ে দেওয়া যায় তাহলে তারা আরো দৃষ্টান্ত সৃষ্টি করতে পারবে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার আর একটি আবেদন আছে। তিনি অনেক জায়গায় স্টেডিয়াম করেছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। মুর্শিদাবাদ একটি বিরাট এলাকা, এখানে কোন স্টেডিয়াম নেই। মুর্শিদাবাদে অনেক বিরাট বিরাট মাঠ পড়ে আছে। মুর্শিদাবাদের ছেলে-মেয়েরা যাতে খেলাধুলা করতে পারে তার জন্য এখানে একটি স্টেডিয়াম করা দরকার। নবাব স্টেটের অনেক বড় বড় মাঠ পড়ে রয়েছে। আপনার সীমিত ক্ষমতা আমি জানি, তবুও বলছি অন্যান্য জেলায় যে-রকম স্টেডিয়াম করেছেন সেই ভাবে মুর্শিদাবাদে একটি স্টেডিয়াম করার জন্য অনুরোধ করছি। আমি মুর্শিদাবাদে মানুষ, সেই জন্য লোভ সামলাতে পারলাম না। সেই জন্য আমি অনুরোধ করছি এখানে নবাব স্টেটের অনেক মাঠ পড়ে আছে, আপনার এই ক্ষমতার মধ্যে দিয়ে যদি সেখানে একটা স্টেডিয়াম করে দেন তাহলে এখানকার ছেলে-মেয়েরা উপকৃত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে এবং যে কাট মোশান আনা হয়েছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ক্রীড়ামন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। ইতিপূর্বে আগাম অভিনন্দন এই রাজ্যের প্রতিটি মানুষকে এবং আমরা এই বিধানসভায় জানিয়েছি সল্টলেক স্টেডিয়ামের কাজ সম্পূর্ণ করার জন্য। বামফ্রন্ট সরকারের আমলে এই ধরনের অনন্য সাধারণ কাজের জন্য স্বাভাবতঃই মূল কৃতিত্ব মাননীয় ক্রীড়ামন্ত্রীর প্রাপ্য। এছাড়া আমরা আর একটি জিনিস দেখেছি সেটা হচ্ছে—যে কথা একটু আগে রবীন মণ্ডল মহাশয় বলেছেন—আমাদের দেশে ক্রীড়া প্রতিভার বিকাশের সুযোগ ছিল না—কারণ গোটা ভারতবর্ষে ক্রীড়ার ক্ষেত্রে আমরা দেখেছি

ক্রীড়া বিকাশের কোন প্রয়াস ছিল না। সমস্ত ব্যাপারটা গড়ে উঠেছে বেসরকারী উদ্যোগে, বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে। এইভাবে আমাদের দেশের ক্রীড়া চলে আসছিল। আমাদের এখানে যে-সমস্ত ছেলেদের ক্রীড়া প্রতিভা আছে তাদের আন্তরিকতার সংগে সাহায্য করার চেষ্টা করা হচ্ছে। ভারতবর্ষে যাঁরা প্রতিনিধিত্ব করেন তাঁরা এই ব্যাপারে কোন উদ্যোগ নেন নি।

রাজ্য সরকার তার সীমাবদ্ধ অর্থনৈতিক ক্ষমতার মধ্যে দিয়ে কয়েকটি প্রচেষ্টা নিয়েছেন। ছাত্রদের মধ্যে ক্রীড়া প্রতিভা বিকাশের জন্য রাজ্য সরকার কয়েকটি উদ্যোগ নিয়েছেন। এ ব্যাপারে আমার ব্যক্তিগত একটি অভিজ্ঞতা আছে। আমার এলাকায় হরিহরপাড়াতে একজন যুবক, তার নাম কাসেদ আলি, সে ম্যারাথন দৌড়ায়। দু' বেলা অত্যন্ত কঠোর পরিশ্রম করে, দারিদ্র্যের সঙ্গে লড়াই করে সে তার অনুশীলন চালিয়ে ম্যারাথন দৌড়ে ফার্স্ট হয়েছে। রাজ্যের প্রতিনিধিত্ব করার যোগ্যতা তার আছে। কিন্তু আগে সে আর্থিক দুরবস্থার জন্য কোন সুযোগ-সুবিধা পায় নি। রাজ্য সরকার ক্রীড়া প্রতিভা বিকাশের জন্য আর্থিক সাহায্য দানের যে কর্মসূচী নিয়েছেন, সে জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই। মাননীয় মন্ত্রী মহাশয় অত্যন্ত তৎপরতার সঙ্গে তাঁর দপ্তর মারফৎ কাসেদ আলির জন্য মাসিক কিছু টাকার বন্দোবস্ত করেছেন। আমি তাঁকে অভিনন্দন জানাই। তিনি যদি এইভাবে এগিয়ে না আসতেন, তাহলে কাসেদ আলি হয়ত কোনদিন তার ক্রীড়া প্রতিভার স্বাক্ষর রাখতে পারত না। তিনি এইভাবে রাজ্যের ছাত্রদের মধ্যে ক্রীড়া প্রতিভার বিকাশের জন্য সহযোগিতার হাত প্রসারিত করেছেন। এজন্য তাঁকে আমার অভিনন্দন জানাই। এছাড়া কলকাতার বিভিন্ন ক্লাবে অত্যন্ত সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়েও যে ভাবে সাহায্য করার কর্মসূচী নিয়েছেন, তার ফলে অদূর ভবিষ্যতে অনেক ক্রীড়া প্রতিভার সন্ধান মিলবে। মাননীয় মন্ত্রী মহাশয় কিছু স্টেডিয়াম নির্মাণের কর্মসূচী নিয়েছেন। এ ব্যাপারে আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই রাজ্যে কিছু স্টেডিয়াম নির্মাণ করে জেলায় জেলায় খেলাধুলার পীঠস্থান গড়তে চেয়েছেন। কিন্তু এ ব্যাপারে কাজে অনেক বিলম্ব হচ্ছে। আমাদের বহরমপুরে যে স্টেডিয়াম নির্মাণের কথা ছিল, সেখানে কাজের গতি অতি বিলম্ব হচ্ছে। ওখানকার মানুষ এর ফলে ধৈর্যহীন হয়ে পড়ছেন। এ বিষয়ে তাঁকে দৃষ্টি দিতে হবে। এক সময়ে এই রাজ্যে ভারতবর্ষের মধ্যে ক্রীড়াক্ষেত্রে শীর্ষস্থানে যাঁরা ছিলেন—বিশেষ করে ফুটবলের ক্ষেত্রে অতীতের দিকপাল খেলোয়াড়, মহাবীর প্রসাদ এবং নায়ার—এঁদের খ্যাতির কথা আপনারা

অনেকেই জানেন, এঁদের সুস্থ জীবনযাপনের জন্য মাননীয় মন্ত্রী মহাশয় আর্থিক সংস্থানের ব্যবস্থা করে দিয়েছেন। খেলোয়াড়দের জীবনে যতদিন পর্যন্ত প্রতিভা বজায় থাকে, ততদিন পর্যন্ত মানুষ সংবর্ধনা জানায়, পরে তাঁদের ভুলে যায়। অবশ্য কিছু ব্যতিক্রমও আছে, যাঁরা তাঁদের পূর্ব জীবনকে ভোলেন না। রাজ্য সরকার এদিকে দৃষ্টি দিয়েছেন। এজন্য অভিনন্দন জানাই। মাঝখানে ফারুক ইঞ্জিনিয়ার এবং হেমু অধিকারী এসেছিলেন। তাঁরা আমাদের রাজ্যের ক্রিকেট খেলোয়াড়দের প্রতিভার কথা স্বীকার করেছেন। তাঁরা বলেছেন, এখানে প্রতিভাধর খেলোয়াড়দের খেলাধুলার উপযুক্ত পরিবেশ বা পরিসর নেই। সি. এ. বি.'-এর তরফে যে ব্যবস্থা আছে, তাতে ইণ্ডোর নেট প্রাকটিসের বিশেষ সুযোগ-সুবিধা নেই। রাজ্যের ছেলেরা যাতে ইণ্ডোর নেট প্রাকটিসের সুযোগ-সুবিধা পায় এবং স্কুল-কলেজের ছেলেরা খেলাধুলার যথোপযুক্ত সুযোগ-সুবিধা পায়, তার দিকে যেন মন্ত্রী মহাশয় বিশেষ নজর দেন। আর একটি মারাত্মক বিষয় আমি খুব সংক্ষেপে এখানে উল্লেখ করতে চাই। তা হচ্ছে যে, ফুটবলের ক্ষেত্রে আমাদের রাজ্য গোটা ভারতবর্ষে নেতৃত্ব দিয়ে এসেছে ও আসছে। এই সংখ্যা খুব কম নয়। সম্প্রতি আমাদের রাজ্য জাতীয় ফুটবলে অবশ্য পরাজয়বরণ করেছে। পরাজয় যে-কোন সময়ে ঘটতেই পারে। যে-কোন কারণেই হোক ন্যাশানালে আমাদের পরাজয় ঘটেছে। কিন্তু আই. এফ. এ. যেভাবে চলছে, যেভাবে তাঁরা ফুটবল লীগ এবং শীল্ড খেলা পরিচালনা করছেন, তাতে সমস্ত ক্ষেত্রেই আমরা একটা অব্যবস্থার ছবি দেখছি। বছরের পর বছর ধরে এই অব্যবস্থা চলে আসছে। ভারতবর্ষের মধ্যে অন্যান্য রাজ্য এ ব্যাপারে অনেক এগিয়ে চলেছে। পাঞ্জাব ফুটবল খেলাতে অনেক অগ্রসর হয়েছে। তাঁরা বাস্তব দৃষ্টিভঙ্গী গ্রহণ করে ক্রীড়া পর্ষদে খেলোয়াড়দের বসিয়েছেন। অতীত দিনের খেলোয়াড়দের বসিয়েছেন। অতীত দিনের খেলোয়াড় জার্নাল সিংকে তাঁরা সেখানে বসিয়েছেন। এটা অত্যন্ত বাস্তব দৃষ্টিভঙ্গীর পরিচয় বহন করে। অন্যদিকে আমাদের এখানে রাজনীতির প্রসার ঘটছে। এই সঙ্গে আই. এফ. এ. লীগ ও শীল্ড খেলাগুলি ক্রমশঃ অব্যবস্থার মধ্যে পরিচালনা করে চলেছেন। দিনের পর দিন এখানে এই অবস্থা চলছে। এই অব্যবস্থার অবসানকল্পে আশু হস্তক্ষেপ করার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যের ক্রীড়া প্রসারের স্বার্থে অবিলম্বে একে নিয়ন্ত্রণ করা প্রয়োজন। বর্তমানে ফুটবলের ক্ষেত্রে এ রাজ্যের যে অবস্থা এবং যাদের হাতে এর দায়িত্ব আছে, তার বিচার করে রাজ্যের খেলাধুলার স্বার্থে তথা ফুটবলের

স্বার্থে রাজ্যের ক্রীড়া দপ্তর আই. এফ. এ.-এর খেলাধুলার ক্ষেত্রে সমস্ত দলবাজী যদি দৃঢ়তার সঙ্গে দমন করার জন্য উদ্যোগী হতে পারেন, তাহলে আমাদের রাজ্যের হৃত সম্মান পুনরায় ফিরে আসবে। এই কথা বলে বাজেট বরাদ্দের প্রতি আমার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুভাষ চক্রবর্তী ঃ মিঃ স্পীকার, স্যার, এখানে যে ব্যয়বরাদ্দের দাবী আমি উপস্থিত করেছি আমার ধারণা সকলেই তা সর্বান্তঃকরণে সমর্থন করেছেন, এমন কি অম্বিকাবাবু বলবার সময় দ্বিধাজড়িত কণ্ঠে বিরোধিতার কথা বলতে পারেন নি। স্বাভাবিক ভাবে বামফ্রন্ট সরকারের গত ৬ বছরে ক্রীড়া জগতের যে কার্যকলাপ তার যে প্রত্যক্ষ প্রতিফলন তাকে অস্বীকার করাও তাঁদের পক্ষে সম্ভব হয় নি। অভিযোগের সুরে কয়েকটা কথা তুলেছেন বলে আমি সেই সম্পর্কে দু/একটি কথা বলতে চাই। রাজ্য ক্রীড়া পর্ষদ আমাদের সরকারের একটা প্রধান হাতিয়ার। ক্রীড়া সংগঠন এবং পরিচালনা করার ব্যাপারে এই পর্ষদের সম্পর্কে তিনি উল্লেখ করেছেন—রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নিয়ে একে গঠন করা হয়েছে—এই অভিযোগ অত্যন্ত অমূলক অন্যায়। কিন্তু স্বাভাবিক ভাবে বামফ্রন্ট সরকারের যে ক্রীড়া নীতি সেই ক্রীড়া নীতিকে যাঁরা হৃদয়ঙ্গম করতে পারবেন না তাঁদের মত কোন ব্যক্তিকে নিয়ে অর্থাৎ অম্বিকাবাবুর মত ব্যক্তিকে নিয়ে রাজ্যের ক্রীড়া পর্ষদ গঠন করা সম্ভব নয়। এখানে কংগ্রেস আমলে যখন রাজ্যের ক্রীড়া পর্ষদ ছিল তাদের দু/একটির নাম উল্লেখ করছি। এর থেকেই বুঝতে পারবেন ওঁরা সেই সময় কি করেছিলেন এবং আমরা এখন এখানে যে ক্রীড়া পর্ষদ গঠন করেছি তার সঙ্গে তফাৎ কোথায়। মাননীয় মুখ্যমন্ত্রী এরিয়ান ক্লাবের শতবার্ষিকীতে উদাত্ত কণ্ঠে আহ্বান জানিয়েছিলেন খেলাকে দলীয় রাজনীতির ঊর্ধ্বে রাখতে হবে। ওঁরা এখানে কি করেছিলেন? ১৯৬৫-৬৬ সালের যে ক্রীড়া পর্ষদ তার প্রথম কয়েকজনের নাম হচ্ছে অতুল্য ঘোষ এম. পি., সত্যপ্রসন্ন রায় এম. পি., নন্দকিশোর ঘোষ এম. এম. সি., অশোক কৃষ্ণ ঘোষ এম. এল. এ., বীজেশচন্দ্র সেন এম. এল. এ.। আমি এটা উল্লেখ করছি এই কারণে যে দলীয় রাজনীতির কথা বলা হল এটা ঠিক নয়। ওরা যে রাজনীতির আড্ডা এখানে তৈরী করেছিল আমরা সেটাকে এসে ভেঙেছি। তাই আমরা যেভাবে রাজ্যের ক্রীড়া পর্ষদ গঠন করেছি এটা অত্যন্ত গণতান্ত্রিক। আমাদের সাথী রবীন মণ্ডল আলোচনা করেছেন যে, খেলাধুলার কাউন্সিলর এটা নয়। পশ্চিমবঙ্গ ক্রীড়া সংগঠনের পরিচালনা করার জন্য ক্রীড়া সংগঠকদের নিয়ে এই কমিটি করা হয়েছে। মাননীয় অম্বিকাবাবু কটাক্ষ করলেন কমল বসু যিনি ওয়ার্কিং

চেয়ারম্যান তার সম্পর্কে। তাঁর থাকা সম্পর্কে তিনি চ্যালেঞ্জ করলেন। আমি শুধু এইটুকু আলোচনা করতে চাই সদস্যদের অবগতির জন্য যে, ৩০ বছরের আশা-আকাঙ্ক্ষা পশ্চিমবাংলার যুব জীবনের, ছাত্র জীবনে একটা উন্নতমানের ফুটবল স্টেডিয়াম দীর্ঘদিন ধরে সম্ভব হচ্ছিল না। সেই কমল বসুর দক্ষ পরিচালনায় আজকে পশ্চিমবাংলার বুকে সল্টলেক শহরে এতবড় একটা সুদৃশ্য আন্তর্জাতিক মানের স্টেডিয়াম গঠন করা সম্ভব হয়েছে। আমি জোর দিয়ে বলতে পারি পশ্চিমবঙ্গে যে কয়েকজন ক্রীড়া সংগঠক আছেন তার কারুর সঙ্গে এর তুলনা করা যায় না। তাই ক্রীড়া সংগঠকদের মধ্যে যিনি মধ্যমণি তাঁকে দিয়ে আমরা এই রাজ্যের ক্রীড়া পর্ষদ গঠনের প্রয়াস নিয়েছি।

[5.15—5.25 P.M.]

মাননীয় সদস্য অম্বিকাবাবু বললেন ক্রীড়া দপ্তরের যে বাজেট সেটা অপ্রতুল। এটা ঠিক কথা নয়! ১,৫০০ কোটি টাকার বাজেটের মধ্যে আমাদের ২ কোটি টাকার বাজেট। তবে এটা ঠিক আমাদের সামাজিক, সাংস্কৃতিক চাহিদার তুলনায় এই টাকা যথার্থ নয়। কিন্তু কেন্দ্রীয় সরকারের দিকে যদি তাকান তাহলে দেখবেন তাদের যেখানে ২৫ হাজার কোটি টাকার বাজেট সেখানে তারা মাত্র ৬ কোটি টাকা রেখেছে ক্রীড়া দপ্তরের জন্য। বুটা সিং বললেন, আমরা কোথা থেকে দেব? এরপরও যদি আপনারা বলেন এই ব্যাপারে রাজ্য সরকার গুরুত্ব দিচ্ছে না তাহলে বলব এটা অত্যন্ত বাজে কথা এবং উদ্দেশ্যপ্রণোদিত-ভাবে রাজ্য সরকারের এই মহৎ প্রচেষ্টাকে ছোট করার প্রচেষ্টা। তিনি আরও যে-সমস্ত কথা বলেছেন তার উত্তর দেওয়া শক্ত। তিনি বলেছেন এন. আই. এস কোচদের ঠিকভাবে ব্যবহার করা হয় নি। একথা ঠিক নয়। আমরা ক্রীড়াকে সম্প্রসারিত করতে চাই এবং যে-সমস্ত রিসোর্সেস্ আছে তাকে উন্নত মানের প্রশিক্ষণ দিয়ে আরও উন্নত করতে চাই। রাজ্য ক্রীড়া পর্ষদ সেই উন্নতি করার কাজ করেন এবং গত বছর তাঁরা বিভিন্ন জায়গায় ১৫০টি কোচিং ক্যাম্প করেছেন। আমাদের স্পোর্টস্ কাউনসিলের যে এন. আই. এস. কোচ রয়েছেন তাঁর সহযোগিতা ছাড়া এই কোচিং ক্যাম্প করা সম্ভব হত না। ক্লাবের ক্ষেত্রে যদি কেউ আবেদন করেন তাহলে ওই এন. আই. এস. কোচ পেতে পারেন, কোন আপত্তি নেই। কাজেই আমাদের কিছুই হয় নি, একথা ঠিক নয়। তবে একথা ঠিক আমাদের সামাজিক, আর্থিক এবং সাংস্কৃতিক কাঠামোর মধ্যে আমারা সব খেলাকে এখনও

জনপ্রিয় করতে পারি নি এবং সব খেলা সমানভাবে পারদর্শিতা লাভ করতে পারে নি। আমরা সব রকম খেলাকেই গুরুত্ব দিতে চাই। ফুটবল আমাদের পশ্চিমবাংলার একটা গৌরবের বস্তু, কাজেই একে আমরা অগ্রাধিকার দিতে চাই। ফুটবল ছাড়া ভলি, কাবাডি, বাস্কেট ইত্যাদি যেসব খেলা আছে, যার জন্য কম জায়গা প্রয়োজন তার প্রতিও আমরা গুরুত্ব দিয়েছি। আমরা এখনই সব খেলার প্রসার ঘটাতে পারছি না বটে, কিন্তু খেলার মান উন্নয়নের জন্য কাজকর্ম করতে চেষ্টা করছি এবং করেছিও। আমরা প্রতিটি গ্রামে ফুটবল, ভলিবলের ব্যবস্থা করেছি এবং আমরা চাই গ্রামের ছেলেরা মাঠে নামুক এবং ভাল খেলোয়াড় তৈরী হোক। খেলাধুলা করলে শরীর ভাল হবে, স্বাস্থ্যের উন্নতি হবে। গত বছর এশিয়ান টেবিল টেনিস চ্যাম্পিয়ানশিপে অংশ গ্রহণ করতে চীন দেশ এসেছিল এবং এটি ছিল ২৫ জনের একটি দল। আপনাদের বোধহয় মনে আছে আন্তর্জাতিক ক্ষেত্রে তারা ১২টির মধ্যে ১১টি পুরস্কার পেয়েছিল। আমি তাদের ম্যানেজারকে গ্রেট ইস্টার্ন হোটেলে জিজ্ঞেস করেছিলাম, আপনাদের দেশে এই ধরনের প্লেয়ার কতজন আছে, যারা আন্তর্জাতিক পুরস্কার পেয়েছে ১২টির মধ্যে ১১টি? তিনি বললেন, হাফ এ মিলিয়ন। তারপর জিজ্ঞেস করলাম, কত লোক খেলে? তিনি বললেন, ২ কোটি। এরপর তিনি বললেন আমরা চাই আরও বেশী মানুষ খেলায় অংশ গ্রহণ করুক। আমাদের ও ইচ্ছা যত বেশী খেলোয়াড়কে মাঠে নিতে পারব তত বেশী খেলোয়াড় তৈরী হবে। আমি সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি এবং আমার বাজেট গ্রহণ করার আবেদন জানিয়ে বক্তব্য শেষ করছি।

The motions that the amount of demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Shri Subhas Chakraborty that a sum of Rs. 2,39,42,000 be granted for expenditure under Demand No. 32, Major Head : "277-Education (Sports)"

(This is inclusive of a total sum of Rs. 39,91,000 already voted on account in March, 1934), was then put and agreed to.

DEMAND NO. 33

শ্রীসুভাষ চক্রবর্তী :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৮৪-৮৫ সালের ব্যয়ের জন্য ৩৩নং দাবি প্রধান খাত "২৭৭-শিক্ষা (যুবকল্যাণ)"-এর অধীনে

৫,৫২,৫০,০০০.০০ (৫ কোটি বাহান্ন লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মঞ্জুর করা হোক। (এই দাবির মধ্যে গত মার্চ মাসে যে ৯২,০৯,০০০.০০ টাকা ব্যয় অনুমোদিত হয়েছে তা ধরা হয়েছে)।

২। মাননীয় সদস্যবৃন্দ আমার সঙ্গে একমত হবেন যে, যুব সমাজের সক্রিয় উদ্যোগ ও অংশ গ্রহণের উপরই বহুলাংশে নির্ভর করে যে-কোন দেশের ভবিষ্যৎ। সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুবসমাজের অংশগ্রহণ ছাড়াও তাদের সৃজনশীল প্রতিভা এবং কর্মক্ষমতা দেশের উন্নতি বিধানের সর্বক্ষেত্রে সম্পূর্ণভাবে ব্যবহার করা উচিত। সুযোগের অপ্রতুলতা এবং উপযুক্ত ব্যবস্থার অভাবের ফলে আমাদের দেশের বিভিন্ন উন্নয়নমূলক কর্মধারায় যুবশক্তিকে ব্যবহার করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। যুবসমাজ যাতে বিভিন্ন কর্মযজ্ঞে কার্যকরী ভূমিকা পালন করতে পারে তার জন্য তাদের সর্বনিম্ন চাহিদাগুলি পূরণ করার দিকে আমাদের নজর দেওয়া উচিত।

এই লক্ষ্য সামনে রেখে, সীমাবদ্ধ আর্থিক সঙ্গতি সত্ত্বেও, আমরা যুবসমাজের সমস্যাবলী যতদূর সম্ভব নিরসন করার জন্য সর্বশক্তি ব্যয় করছি। এর জন্য প্রত্যেক ব্লকে ব্লকে যুবকরণ এবং ১৬টি জেলা যুবকরণ প্রতিষ্ঠার মাধ্যমে ব্লকস্তর থেকেই একটি সাংগঠনিক কাঠামো তৈরী করে নেওয়া সম্ভব হয়েছে। এই সাংগঠনিক কাঠামোর সাহায্যে আমরা বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছি এবং এরাজ্যের যুবসমাজের কল্যাণ-সাধনের চেষ্টা করছি। সারা ভারতের মধ্যে পশ্চিমবঙ্গই হচ্ছে একমাত্র রাজ্য যেখানে ব্লকস্তরে পৃথক নিজস্ব ব্লক যুবকরণ প্রতিষ্ঠিত হয়েছে এবং তার মাধ্যমে যুবকল্যাণ-মূলক বিভিন্ন কর্মসূচী রূপায়িত হচ্ছে—যার ফলে গ্রামীণ যুবসমাজ বিভিন্ন সৃজনমূলক কর্মধারায় যুক্ত হতে পারছেন।

এই সুযোগে আমি আমার বিভাগের কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্পের প্রতি মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি আপনারা বিভিন্ন প্রকল্পের উন্নতি বিধানের মূল লক্ষ্য নিয়ে মূল্যবান পরামর্শ দিয়ে আমাকে সাহায্য করবেন।

১। বেকার যুবকদের জন্য অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প

কর্মহীনতা বর্তমান ভারতের সবচেয়ে বড় সমস্যা। এই সমস্যা প্রশমিত করার জন্য যুবকল্যাণ বিভাগ বেকার যুবকদের জন্য অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প রূপায়ণ করছে। এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় মোট অর্থের ৯০ শতাংশ জাতীয়কৃত ব্যাংক ঋণ হিসাবে মঞ্জুর করে এবং বাকী দশ শতাংশ প্রান্তিক ঋণ হিসাবে এই বিভাগ দেয়। সীমাবদ্ধ আর্থিক ভাণ্ডার এবং প্রকল্প অনুমোদন করার ক্ষেত্রে ব্যাংকের বিলম্ব সত্ত্বেও এই বিভাগ যতটা সম্ভব এই প্রকল্প বাস্তবায়িত করছে।

২। **বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রকল্প**

(ক) প্রায়ই দেখা যায় যে, বেকার যুবকরা স্ব-নিযুক্তি প্রকল্প গ্রহণই করতে পারে, না কারণ তাদের প্রয়োজনীয় বৃত্তিমূলক প্রশিক্ষণ নেই। সমস্যার এই দিকটি বিবেচনা করে আমরা প্রয়োজন নির্ভর বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছি, যাতে উৎসাহী যুবকদের মধ্যে প্রয়োজনীয় কারিগরি জ্ঞান সঞ্চার করা সম্ভব হয়।

(খ) **স্পেশ্যাল কম্পোন্যাণ্ট প্লানে তপসিল জাতির যুবকদের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণ**

তপসিল জাতির যুবকদের জন্য আমাদের সুনির্দিষ্ট প্রশিক্ষণ কর্মসূচী রয়েছে, যার মাধ্যমে তারা বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ পেতে পারে। প্রশিক্ষণ সমাপ্তির পর, এইসব তপসিল জাতির যুবকরা ব্যাংক কর্তৃক সাহায্য অনুমোদিত হওয়ার পরে বিভিন্ন স্ব-নির্ভর প্রকল্প গ্রহণ করতে পারে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল তপসিল জাতির যুবকদের স্ব-নিযুক্তি প্রকল্প গ্রহণে সাহায্য করা, যাতে তারা নিজেদের দারিদ্র্যসীমার উর্ধ্বে তুলে আনতে পারে।

৩। **যুব উৎসব**

শিক্ষা সংস্কৃতি ও ক্রীড়ায় যুবসমাজের ব্যাপক অংশগ্রহণ সুনিশ্চিত করার জন্য যুবকল্যাণ বিভাগ ব্লকস্তরে নিয়মিত এবং জেলা ও রাজ্যস্তরে মাঝে মাঝে যুব উৎসব সংগঠিত করে আসছে। প্রতিবছর বিপুল সংখ্যক যুবক-যুবতী যুব উৎসবে অংশগ্রহণ করেন। সংস্কৃতির সুস্থ বিকাশের ক্ষেত্রে এই উৎসব এক নতুন পরিমণ্ডল সৃষ্টি করেছে।

যুব উৎসবের জন্য ৩৮ লক্ষ টাকা নির্দিষ্ট করা হয়েছে। রাষ্ট্রসঙ্ঘ ১৯৮৫ সালকে আন্তর্জাতিক যুববর্ষ হিসাবে পালন করার আহ্বান জানিয়েছে। আন্তর্জাতিক যুববর্ষ যথাযথভাবে উদ্‌যাপন করার জন্য এ বছরই এই বিভাগ কিছু কিছু আগাম কর্মসূচী গ্রহণ করবে। এটাও জানা গেছে যে, আন্তর্জাতিক যুব উৎসব এ বছরই অনুষ্ঠিত হবে। আমাদের পরিকল্পনা ও কর্মসূচী তৈরী করার সময় প্রাসঙ্গিক এই বিষয়টিও মনে রাখা হয়েছে।

৪। **গ্রামীণ ক্রীড়ার উন্নয়ন**

খেলাধুলার প্রতি যুব সমাজের স্বাভাবিক আকর্ষণ আছে। সেই জন্য যুবকল্যাণ বিভাগ দৃঢ়ভাবে মনে করে যে, যুবকদের বিশেষতঃ গ্রামীণ যুবকদের খেলাধুলার সুযোগ সৃষ্টির জন্য এই বিভাগের বিশেষ গুরুত্বপূর্ণ উদ্যোগ নেওয়া প্রয়োজন। আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি গ্রামীণ এলাকায় যুবকদের খেলাধুলার মাঠ ও সরঞ্জামের যথেষ্ট ঘাটতি রয়েছে। এটা মনে রেখেই আমরা গ্রামীণ ক্রীড়ার উন্নয়নের কর্মসূচী

রূপায়ণ করছি গ্রামীণ এলাকায় খেলাধুলার মাঠ উন্নয়ন এবং বিভিন্ন ক্লাব ও সংগঠনকে খেলাধুলার সরঞ্জাম সরবরাহের মাধ্যমে। এর জন্য ৪০ লক্ষ টাকা নির্দিষ্ট করে রাখা হচ্ছে।

৫। যুব আবাস

যুবকল্যাণ বিভাগের পরিচালনাধীনে রয়েছে ২১টি যুব আবাস, যার একটি এরাজ্যের বাইরে বিহারের রাজগীরে অবস্থিত। গঙ্গাসাগর, শিলিগুড়ি এবং বক্রেশ্বরের যুব আবাস নির্মাণের কাজ প্রায় সমাপ্ত হয়ে এসেছে। ঐতিহাসিক এবং গুরুত্বপূর্ণ জায়গাগুলি যুবসমাজ যাতে ঘুরে বেড়িয়ে দেখার সুযোগ পান তার জন্যই যুব আবাসের ব্যবস্থা করা হয়েছে। দেশ ও দেশের জনগণকে জানা বোঝা যুবসমাজের পক্ষে একান্ত জরুরী। যুব আবাস কেন্দ্র করে যুবসমাজের ভ্রমণ দেশ ও জাতি সম্পর্কে সম্যক জ্ঞান অর্জনে সহায়ক হবে। এর মধ্য দিয়েই জাতীয় সংহতি দৃঢ় করার চেতনার বিকাশও ঘটে। যুব আবাসগুলিতে স্বল্প ব্যয়ে থাকার ব্যবস্থা করা হয়। যুব আবাস খাতে ২৩ লক্ষ টাকা নির্দিষ্ট করা হয়েছে।

৬। শিক্ষামূলক ভ্রমণে আর্থিক সাহায্য

এই কর্মসূচীর মাধ্যমে মাধ্যমিক ও উচ্চতর শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকে ভারতের বিভিন্ন প্রান্ত ভ্রমণ করে দেখার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়। এই শিক্ষামূলক ভ্রমণ কর্মসূচীর মাধ্যমে ছাত্রসমাজ এই রাজ্যের ও বাইরের সাধারণ মানুষের জীবন-যাত্রার সঙ্গে পরিচিত হওয়ার সুযোগ পায় এবং স্থানগুলি সম্পর্কে সঠিক ধারণা অর্জন করে। এই কর্মসূচীর জন্য ৬ লক্ষ টাকা ধার্য করা হয়েছে।

৭। পর্বতাভিযান, ট্রেকিং প্রভৃতি

অজানাকে জানা এবং রোমাঞ্চকর অভিযানে সামিল হওয়ার আকাঙ্ক্ষা যুবসমাজের অন্যতম চারিত্রিক বৈশিষ্ট্য। কঠিন কাজ করার ক্ষমতা বৃদ্ধি করা ছাড়াও এর মাধ্যমে যুব সমাজের মধ্যে গড়ে ওঠে কঠোর শৃঙ্খলাবোধ। এই সব বিবেচনা করে যুবকল্যাণ বিভাগ পর্বতাভিযান, স্কীয়িং এবং ট্রেকিং-এর জন্য উৎসাহদান করার কর্মসূচী নিয়েছে। পর্বত অভিযাত্রী ক্লাবগুলিকে অভিযানে সাহায্য করার জন্য মৌলালির রাজ্য যুব কেন্দ্রে একটি পর্বতাভিযান সরঞ্জাম ভাণ্ডার স্থাপন করা হয়েছে। ভাণ্ডারে পর্বতাভিযান সরঞ্জাম পরিকল্পিতভাবে ক্রমশঃই সমৃদ্ধ করা হচ্ছে। এর জন্য ২ লক্ষ টাকা নির্দিষ্ট করা হয়েছে।

৮। যুবসমাজের মধ্যে বৈজ্ঞানিক সচেতনতাবৃদ্ধির প্রকল্পসমূহ

বর্তমান বিশ্ব বৈজ্ঞানিক চেতনায় সমৃদ্ধ। প্রত্যেক দেশেই বিজ্ঞানের বিকাশ দ্রুত গতিতে ঘটছে। দৈনন্দিন জীবনের প্রায় প্রত্যেক ক্ষেত্রেই কার্যতঃ আমরা

বিজ্ঞানের প্রয়োগ করছি। বৈজ্ঞানিক বিকাশের এই পরিমণ্ডলে থেকে বিজ্ঞান চেতনার অভাব ঘটলে যুবসমাজের মধ্যে কুসংস্কার ও অন্ধ বিশ্বাস জন্ম নেয়, যা যুক্তিবাদী যুবমানসকে পেছনের দিকে টানে। এজন্য যুবসমাজকে বিশ্বের বিভিন্ন প্রান্তে যে বিজ্ঞানের বিকাশ ঘটছে তা যথার্থভাবে অবহিত করা প্রয়োজন। এই প্রয়োজনীয়তা বিবেচনা করেই যুবকল্যাণ বিভাগ বি. আই. টি. এমের সঙ্গে যুক্তভাবে প্রতি বছর ব্লক, জেলা, রাজ্য এবং জাতীয় স্তরে মাধ্যমিক স্তর পর্যন্ত ছাত্র-ছাত্রীদের জন্য বিজ্ঞান আলোচনাচক্র সংগঠিত করছে। এছাড়াও জেলা, রাজ্য এবং আন্তঃ রাজ্যস্তরে নিয়মিত বিজ্ঞান মেলা পরিচালনা করা হচ্ছে। নবনির্মিত পুরুলিয়া বিজ্ঞান কেন্দ্র বৈজ্ঞানিক প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্য নিয়ে পরিচালিত হচ্ছে।

৯। **স্কাউট, গাইড, ব্রতচারী মণিমেলাগুলিকে আর্থিক সাহায্য**

যুবসমাজের মধ্যে শৃঙ্খলাবোধ সঞ্চার করে জীবনের মূল্যবোধ সম্পর্কে শ্রদ্ধাশীল করার লক্ষ্য নিয়ে যুব কল্যাণ বিভাগ স্কাউট, গাইড, ব্রতচারী ও মণিমেলা আন্দোলনকে উৎসাহিত করছে। এই আন্দোলনের মাধ্যমে ছোট ছোট ছেলে-মেয়েদের মধ্যে চরিত্র গঠনের প্রক্রিয়া সুসংহত হয়। এই কর্মসূচী রূপায়ণের জন্য ১·৫৫ লক্ষ টাকা নির্দিষ্ট করে রাখা হয়েছে।

১০। **কমিউনিটি হল ও মুক্ত মঞ্চ**

গ্রামীণ এলাকায় সুযোগের অপ্রতুলতা সুস্থ সাংস্কৃতিক কর্মকাণ্ড সংগঠিত করার ক্ষেত্রে প্রধান প্রতিবন্ধকতা সৃষ্টি করে। সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণে সুযোগের অভাব যুবসমাজে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি করে। যুবসমাজের এই চাহিদার কথা বিবেচনা করে যুবকল্যাণ বিভাগ যুবসমাজের সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের সুযোগ সৃষ্টির জন্য গ্রামীণ এলাকায় কমিউনিটি হল ও মুক্তাঙ্গন মঞ্চ নির্মাণ করার পরিকল্পনা বাস্তবায়িত করছে। বর্তমান বছরের ব্যয়বরাদ্দ এই খাতে ১১ লক্ষ টাকা নির্দিষ্ট করা হয়েছে।

১১। **বহুমুখী জেলা যুব কেন্দ্র**

কলকাতার মৌলালিতে আমাদের রাজ্য যুবকেন্দ্র নির্মিত হয়েছে। এই যুবকেন্দ্রে অডিটরিয়াম, গ্রন্থাগার, মিউজিয়াম প্রভৃতি চালু হয়েছে। জেলায় জেলায়ও অনুরূপ জেলা যুবকেন্দ্র স্থাপন করার উদ্যোগ নেওয়া হয়েছে। এই খাতে এ বছর পাঁচ লক্ষ টাকা ধার্য করা হয়েছে।

১২। **ব্লক তথ্য কেন্দ্র**

যুবসমাজের মধ্যে তথ্য ও সংবাদ যথার্থভাবে ছড়িয়ে দেওয়া জরুরী প্রয়োজন। এর জন্য প্রত্যেক ব্লক যুবকরণে তথ্যকেন্দ্র স্থাপন করা হয়েছে।

১৩। **শ্রীঅরবিন্দ বালকেন্দ্র**

কলকাতার বস্তিবাসী শিশুদের শিক্ষা ও সংস্কৃতিগত চাহিদা পূরণ করার জন্য এই কর্মসূচী নেওয়া হয়েছে। শ্রীঅরবিন্দ বালকেন্দ্রগুলির মাধ্যমে শিশুদের শৃংখলাবোধ ও চরিত্রগঠনের কাজ চলছে।

১৪। **যুবমানস**

'যুবমানস' বর্তমানে মাসিক পত্রিকারূপে প্রকাশিত হচ্ছে, কিন্তু এই পত্রিকা যুব সমাজের খুবই গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ করে জনপ্রিয়তা অর্জন করায় পত্রিকাটিকে পাক্ষিক করার কথা বিবেচনা করা হচ্ছে। বিভাগীয় কাজকর্ম যথাযথভাবে তুলে ধরা ছাড়াও এই পত্রিকাটি রাজ্যের যুবসমাজের কর্মকাণ্ডের অন্যতম মুখপত্র হয়ে উঠে'ছ। এই পত্রিকা যুবসমাজের সৃজনশীল চিন্তাকে উৎসাহিত করছে এবং নতুন তরুণ প্রতিভার বিকাশে সহায়তা করছে।

১৫। **গ্রামীণ যুবসমাজের আর্থ-সামাজিক সমীক্ষা**

যুবকল্যাণ বিভাগ যুবসমাজের কল্যাণের জন্য বিগত দশ বছরেরও বেশী সময় ধরে বিভিন্ন কর্মসূচী রূপায়ণ করছে। বস্তুতঃ এই কর্মসূচীগুলি রূপায়িত হচ্ছে পরীক্ষা-নিরীক্ষামূলক (trial and error) পদ্ধতিতে। দেশের ও যুবসমাজের বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে কিছু কিছু প্রকল্প পরীক্ষামূলকভাবে নেওয়া হয়েছে। এখন প্রয়োজন হ'ল প্রকল্পগুলির যথাযথ মূল্যায়ণ করা এবং তাকে সঠিকভাবে পরিচালনা করা। এর জন্য প্রয়োজন আর্থ-সামাজিক অবস্থার বিশেষতঃ যুবসমাজের সমস্যাবলী নিয়ে সমীক্ষা করা। এইজন্য এ বছর আমরা গ্রামীণ যুবসমাজের আর্থ-সামাজিক অবস্থা সমীক্ষণের কাজ পরিচালনা করার সিদ্ধান্ত নিয়েছি। এর ফলে আমাদের অতীতের কর্মসূচীগুলির ফলাফলই শুধু বিচার করা সম্ভব হবে তা নয়, সঠিক নিশানায় আগামী কর্মসূচী গ্রহণ করার ক্ষেত্রেও তা খুবই সহায়ক ভূমিকা পালন করবে। এর জন্য ২ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ নির্দিষ্ট করা হয়েছে।

১৬। **জাতীয় সংহতি রক্ষার প্রকল্প**

ভারত সরকারের অধীন নেহরু যুবকেন্দ্র আমাদের প্রশাসনিক নিয়ন্ত্রণে কাজ করে। এই নেহরু যুবকেন্দ্রগুলির জাতীয় সংহতি সম্প্রসারণের লক্ষ্য নিয়ে কিছু প্রকল্প আছে, কিন্তু নিদারুণ আর্থিক সমস্যার জন্য এই প্রকল্পগুলি প্রতিকূলতার সম্মুখীন হয়েছে। এই প্রকল্পগুলির গুরুত্ব বিবেচনা করে জাতীয় সংহতি রক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্য নিয়ে রাজ্য সরকারের উদ্যোগে আলাদাভাবে এই কর্মসূচী রূপায়ণের জন্য ২ লক্ষ টাকা নির্দিষ্ট করে রাখা হয়েছে।

১৭। এন. সি. সি.

জাতীয় সমর শিক্ষার্থী বাহিনী সুশৃঙ্খল ও দৃঢ়চেতা ছাত্রদের নিয়ে গঠিত একটি বৃহত্তম সংস্থা, যার প্রধান উদ্দেশ্য হোল দেশের প্রতিরক্ষা ব্যবস্থাকে সাহায্য করা। ছাত্র-যুবদের সমরশিক্ষায় শিক্ষা দেওয়ার মাধ্যমে নেতৃত্ববোধ, সংযম, ত্যাগ ও দেশ-সেবার আদর্শে উদ্বুদ্ধ করাই এন. সি. সি.'র প্রধান উদ্দেশ্য। এন. সি. সি. ইউনিট এবং প্রধান কার্যালয়গুলি প্রতিরক্ষা বাহিনীর লোকেদের ও কলেজ ও বিদ্যালয়ের আধা-সামরিক শিক্ষায় শিক্ষিত পার্ট টাইম অধ্যাপক ও শিক্ষকদের দিয়ে সমর শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করে থাকে। পার্ট টাইম এন. সি. সি. অফিসারদের প্রশিক্ষণ দেন প্রতিরক্ষা বাহিনীর সৈনিকরা। মহড়া ও কুচকাওয়াজের মাধ্যমে নিয়মিত প্রশিক্ষণ ছাড়াও পরিশীলিত ও গুরুত্বপূর্ণ প্রশিক্ষণের জন্য এন. সি. সি. স্বেচ্ছাবাহিনীর জন্য দশ-বারো দিনের বিশেষ শিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। সমর শিক্ষার্থীদের প্রতিরক্ষা বাহিনীর যোগ্য করে তোলার ব্যাপারটিও প্রশিক্ষণের একটি গুরুত্বপূর্ণ পর্যায় হিসাবে বিবেচনা করা হয়। এছাড়া এখানে পর্বতারোহণ, ভবিষ্যত দলনেতা নির্বাচন, প্রশিক্ষণ শিবির, স্কি শিক্ষা, প্যারাট্রুপ শিক্ষণ, গ্লাইডিং ইত্যাদি বিষয়ে শিক্ষণের মাধ্যমে সময় শিক্ষার্থীদের সাহসিকতা অর্জনে সহায়তা করা হয়।

আকারে অন্যান্য রাজ্যগুলির চেয়ে খুব ছোট হওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গে সমর শিক্ষার সঙ্গে যুক্ত ছাত্র-শিক্ষকের সংখ্যা দ্বিতীয় বৃহত্তম হিসাবে বিশেষ পরিচিত। প্রাকৃতিক বিপর্যয় ও অন্যান্য অসমসাহসিকতাপূর্ণ খেলাধুলায় এ রাজ্যের সমর শিক্ষার্থী ও অফিসাররা যথেষ্ট যোগ্যতার পরিচয় দিয়েছেন। সবার যৌথ প্রয়াসের মর্যাদাপূর্ণ ফলশ্রুতি এ রাজ্যের এন. সি. সি.'র গুরুত্বপূর্ণ অগ্রগতি।

সমর শিক্ষার সঙ্গে যুক্ত প্রতিরক্ষা বাহিনীর সৈনিকদের বেতন এবং শিক্ষার্থীদের পোশাক-আসাকের খরচ বহন করা ছাড়াও ভারত সরকার বার্ষিক প্রশিক্ষণ শিবির ইত্যাদির পঞ্চাশ ভাগ খরচ বহন করে থাকেন। রাজ্য সরকার পক্ষান্তরে শিক্ষার্থীদের ভ্রমণ ব্যয় এবং মহড়া চলাকালীন পোশাক ধোয়ার ব্যয়, পার্টটাইম অফিসারদের মাসিক ভাতা ও এঁদের প্রশিক্ষণের পুরো ব্যয়ভার ইত্যাদি খরচ-খরচা দিয়ে থাকেন। রাজ্য সরকার এন. সি. সি. ইউনিট অফিসগুলি চালানোর ব্যয়ভার বহন করার সঙ্গে সঙ্গে নানা ধরনের প্রশিক্ষণের পঞ্চাশ ভাগ অর্থ অনুদান হিসাবে মঞ্জুর করে থাকেন।

আর্থিক ক্ষমতার নিদারুণ সীমাবদ্ধতা সত্ত্বেও এ রাজ্যের যুবসমাজের কল্যাণের জন্য রাজ্যের ছাত্র-যুবসমাজের সাহায্য, সহযোগিতা ও পরামর্শ নিয়ে অগ্রসর হয়ে

কিছু গঠনমূলক কাজ করতে আমরা দৃঢ়প্রতিজ্ঞ। আশা করি যুবসমাজের কল্যাণের জন্য বিভাগীয় কর্মসূচী রূপায়ণে আপনাদের সকলের কাছ থেকে সাহায্য, সহযোগিতা ও মূল্যবান পরামর্শ পাব, যা আমাদের কর্মসূচীগুলিকে আরও গঠনমূলক ও কার্যকরী করে তুলবে।

এই ক'টি কথা বলে, আমি আমার যুবকল্যাণ বিভাগের ব্যয়বরাদ্দ অনুমোদন করার জন্য সভার কাছে পেশ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুব কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয় যে দাবী উত্থাপন করেছেন, সে সম্পর্কে আমি কিছু বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটি আবেদন রাখছি। ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত আপনার দপ্তরের অধীনে যেসব কমিটি ছিল সেখানে বিভিন্ন রাজনৈতিক যুবক এবং ছাত্র-ছাত্রীদের প্রতিনিধিত্ব ছিল—আপনি তাদের নিয়েছিলেন। কিন্তু ১৯৮২ সাল থেকে যে নূতন কমিটি হয়েছে সেখানে বিরোধী দলের ছাত্র যুবক সংগঠনকে সংযুক্ত করেন নি। এই ব্যাপার নিয়ে আপনি একটু চিন্তাভাবনা করবেন। আপনার চিন্তাধারা যাতে গণমুখী হয় তার জন্য আবেদন রাখছি। বিশেষ করে বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যাপারে আপনি পড়ে যাওয়া শিল্পের পুনরুজ্জীবনের ব্যাপারে যেভাবে প্রচেষ্টা করছেন, যেভাবে খুঁজে বেড়াচ্ছেন তাতে আপনার এই চেষ্টা গণমুখী হওয়া নিশ্চয় প্রয়োজন। আপনার দপ্তরের সঙ্গে বিভিন্ন দপ্তরকে যেভাবে সংযোজন করতে চাইছেন এবং যে পদক্ষেপ আপনি নিতে চান সেদিকে আপনার অনেক অসুবিধা আসছে এবং আসবে। আপনি ব্যাঙ্কের উপর চাপ সৃষ্টি করুন। কেননা আমরা জানি ব্যাঙ্কগুলি আপনার পরিকল্পনাগুলি কার্যকরী হতে দিচ্ছে না। আপনি বিভিন্ন আইটেম-এ যে পরিকল্পনাগুলি নিয়েছেন, সেগুলি যাতে ত্বরান্বিত হয়, যাতে সেইসব পরিকল্পনাগুলি ফাইলবন্দী অবস্থায় না থাকে তার চেষ্টা আপনাকে নিতে হবে। আমার যতদূর ধারণা, ব্যাঙ্কগুলির উপর আপনার বিশেষ জোর দেওয়া প্রয়োজন। বহু জিনিস আপনার দপ্তরে থেকে যাচ্ছে সেগুলি কার্যকরী হচ্ছে না। এবং স্কীমের মধ্যে বহু ত্রুটি-বিচ্যুতি থাকার জন্য ব্যাঙ্ক থেকে সেগুলি ফিরে আসছে। এইসবগুলি আপনি একটু লক্ষ্য করুন। বহু ব্লকে আপনার দপ্তর থেকে এখনও কোন কিছু খোলা হয় নি। আবার যেখানে এইসব যুব কেন্দ্র খোলা হয়েছে, তাকে ঠিকমত কার্যে পরিণত করা হয়নি—স্টাফ নেই, তাই সেখানে অসুবিধা হয়। এগুলির দিকে রাজ্য সরকারের নজর থাকা দরকার। এই দিক থেকে আপনি একটু চিন্তা-ভাবনা করবেন।

আজকে যুব কল্যাণ দপ্তরের যে দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করা উচিত, সেইভাবে সেই দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করা হচ্ছে না। এই সব দিকে দৃষ্টি দেবার অনুরোধ রেখে আমি যে কাট মোশান এনেছি তা মুভ করে আমার বক্তব্য শেষ করছি।

[5.25—5.35 P.M.]

শ্রীপূর্ণচন্দ্র মালিক : মিঃ স্পীকার স্যার, যুব কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী মহাশয় ১৯৮৪-৮৫ সালের যে ব্যয়বরাদ্দের দাবী সভায় পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় বিরোধী পক্ষের সদস্য এখানে অসত্য ভাষণ দিয়ে গেলেন, তাঁর জবাব দেওয়ার কোন প্রয়োজন আছে বলে মনে করি না। তবুও আমি দু-একটি কথা বলতে চাই, এই যে যুব কল্যাণ দপ্তর—এর একটা বিশেষ লক্ষ্য এবং উদ্দেশ্য আছে। কারণ সমাজের স্পর্শকাতর স্পন্দনশীল অংশ হচ্ছে এই যুব সমাজ। এই যুব সমাজ দেশ গড়ার একটা বড় সম্পদ। কারণ বৃটিশ সাম্রাজ্যবাদের বিরোধিতার সংগ্রামে এঁরা প্রধান ভূমিকা পালন করেছিলেন। আমাদের দেশের যুব সমাজ অনেক শহীদের মৃত্যুবরণ করে গেছেন। তাঁদের সংগ্রামী ঐতিহ্য আমাদের দেশে আছে। কিন্তু বর্তমানে এই রাষ্ট্র সামাজিক কাঠামোয় আজকে আমাদের অন্যান্য মানুষের সঙ্গে যুব জীবনের সমস্যাও বাড়ছে, তাই আজকে এই যুব জীবনের সবচেয়ে বড় যে সমস্যা, বেকার সমস্যা একে কেন্দ্র করে আমাদের দেশের শাসক শ্রেণী, প্রতিক্রিয়াশীল চক্র যুব জীবনের যে ধর্ম, তাদের যে মূল্যবোধ তাকে বিকৃত করা ও তাদের যৌবনকে বিনষ্ট করা, তার অপপ্রয়াস আজকে চালিয়ে যাচ্ছে বিভিন্ন ভাবে আজকে তাই যুব সমাজকে অপসংস্কৃতির বন্যায় ভাসিয়ে দেবার চেষ্টা করা হচ্ছে। বিগত কয়েক বছরে বিশেষ করে ১৯৭০ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আপনারা জানেন আমাদের দেশের এই যুব সমাজের একটা অংশকে ওরা গুণ্ডাতে পরিণত করেছিল। তাদের হাতে পাইপগান, রিভলবার, মদের বোতল তুলে দিয়ে গণ-আন্দোলনের নেতাদের খুন করার কাজে তাদের ব্যবহার করেছিল। তাই ১৯৭৭ সালে যখন পশ্চিমবাংলায় বামফ্রন্ট ক্ষমতায় আসেন তখন এই যুব কল্যাণ দপ্তর মাত্র ২৪টা ব্লককে নিয়ে গড়ে উঠেছিল। কিন্তু পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের জীয়ন কাঠিতে আজকে যুব কল্যাণ দপ্তর জীবন্ত হয়ে উঠেছে। তাই আজকে বামফ্রন্ট সরকার যৌবনকে সম্মানিত করতে চায়। সেইজন্য আজকে আমরা দেখছি যুব কল্যাণ দপ্তর ঘরে ঘরে পরিচিত। আজকে খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান হচ্ছে,

আজকে সাংস্কৃতিক চর্চা বাড়ছে। তাই খেলার মাঠ, মুক্তমঞ্চ, কমিউনিটি হল গড়ে উঠেছে যাতে সুস্থ সংস্কৃতির বিকাশ ঘটতে পারে, যাতে আমাদের দেশের যুবকদের মন, বিজ্ঞানভিত্তিক মন, যুক্তিগ্রাহ্য মন যাতে গড়ে উঠতে পারে তার জন্য বিজ্ঞান মেলা, আলোচনাচক্র এইসব ব্যবস্থা আজকে পশ্চিমবাংলার যুব কল্যাণ দপ্তর করছে। এছাড়া এই দপ্তরের সবচেয়ে বড় যে কর্মসূচী, ছাত্র যুব উৎসব সারা পশ্চিমবাংলার প্রতিটি ব্লকে ব্লকে এই যে ঘরে ঘরে বছরের একটা আকাঙ্ক্ষিত কর্মসূচী, এই কর্মসূচী প্রতি বছর পালিত হয়। এমন কি গ্রাম পঞ্চায়েত থেকে আরম্ভ করে ব্লক স্তরে, জেলা স্তরে, রাজ্য স্তরে, যে-সমস্ত শিক্ষিত যুবসমাজ তারা এইসব খেলাধুলায় অংশগ্রহণ করছেন। আজকে আদিবাসী তপসিলী এসব পেছিয়ে পড়া হাজার হাজার ছাত্র যুবক তারা এগিয়ে আসছে এই ব্লক যুব উৎসবে এবং অঞ্চল যুব উৎসবে তারা অংশগ্রহণ করছে। কিন্তু আমরা জানি যে আমাদের সীমিত ক্ষমতা, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এই যুব উৎসবের জন্য সামান্য অর্থ দেন, কিন্তু আমরা জানি যে বে-সরকারী উদ্যোগে সেখানে হাজার হাজার টাকা সংগৃহীত হচ্ছে। সেই টাকা নিয়ে ব্লকে ব্লকে যুব উৎসব পরিচালিত হচ্ছে এবং সেখানে আমাদের দেশের যে লোকসংস্কৃতি, তরজা গান, কবি গান, টুসু গান, এইসব সংস্কৃতি সেখানে হচ্ছে। তীর-ধনুক খেলা, আদিবাসীদের এইসব কর্মসূচী সেখানে পালিত হচ্ছে। এছাড়া আমাদের আরও অন্যান্য কর্মসূচী আছে, শিক্ষামূলক ভ্রমণের কর্মসূচী, এইসব কর্মসূচীর মাধ্যমে আজকে যুবসমাজকে উদ্বুদ্ধ করার প্রচেষ্টা পশ্চিমবাংলায় চলছে। যুব কল্যাণ দপ্তর আজকে যুব জীবনের সমস্যার মরুভূমির মাঝখানে একটা মরূদ্যান মাত্র। আমরা জানি এই রাষ্ট্র সামাজিক কাঠামোতে যুব কল্যাণ দপ্তর কখনও যুব সমাজের কল্যাণ সম্পন্ন করতে পারে না। তবুও আমরা চাই আগামী দিনে এই সমাজ পরিবর্তনের সংগ্রামে অন্যান্য মানুষের যে সমস্যা তার সঙ্গে যুব সমাজের সমস্যা কোন বিচ্ছিন্ন সমস্যা নয়। সেইজন্য আমরা যুব শক্তিকে প্রতিষ্ঠিত করতে চাই। যে যুব সমাজ আজকে বিশ্বাস হারিয়ে ফেলেছে, আজকে যুব সমাজ হতাশায় ভুগছে, যে যুব সমাজ আজকে কুসংস্কার ধর্মীয় ভাবধারার দিকে ছুটে যাচ্ছে তাকে সঠিক রাস্তায় পরিচালিত করে তাদের বিজ্ঞানভিত্তিক মন, বৈজ্ঞানিক মন, যুক্তিগ্রাহ্য মন এবং তাদের আত্মবিশ্বাস ফিরিয়ে আনার জন্য আজকে এই যুব কল্যাণ দপ্তরকে সেইভাবে পরিচালনা করতে চাই। তাই আজকে প্রতিক্রিয়াশীল চক্র চীৎকার করছে, কাশীবাবু আজকে টাকা নিয়ে দলবাজীর প্রশ্ন এখানে তুলেছেন। আসল প্রশ্নটা হচ্ছে অন্য জায়গায়, আগে আমরা জানি এই যুব দপ্তরের টাকা

ক্লাবে ক্লাবে দেওয়া হোতো, সেখানে পাইপগান এইসব কেনা হোত এবং গণ-আন্দোলনের নেতাদের খুন করা হোত।

(At this stage the guillotine bell was rung)

DEMAND NO. 33

(1—8) The motions of Shri Kashi Nath Misra that the amount of Demand be reduced by Rs. 100 were then put and lost.

(9) The motion of Shri Abdul Mannan that the amount of Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Subhas Chakraborty that a sum of Rs. 5,52,50,000 be granted for expenditure under Demand No. 33, Major Head : 277-Education (Youth Welfare)

(This is inclusive of a total sum of Rs. 92,09,000 already voted on account in March, 1984), was then put and agreed to.

[5.35—5.49 P.M.]

DEMAND NO. 72

Major Head : 339-Tourism

Dr. Ashok Mitra : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that sum of Rs. 1,51,88,000 be granted for expenditure under Demand No. 72, Major Head : "339-Tourism".

(This is inclusive of a total sum of Rs 23,52,000 already voted on account in March, 1984.)

The notice was then put and agreed to.

DEMAND NO. 73

Major Head : 544-Capital Outlay on Other Transport and Communication Services

Dr. Ashok Mitra : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,00,000 be granted for expenditure under Demand No. 73, Major Head : "544-Capital Outlay on Other Transport and Communication Services".

(This is inclusive of a total sum of Rs. 84,000 already voted on account in March, 1984.)

The nation was then put and agreed to.

DEMAND NO. 1

Major Head : 211-State Legislature

Shri Patit Pabon Pathak : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,61,12,000 be granted for expenditure under Demand No. 1, Major Head · "211-State Legislature."

(This is inclusive of a total sum of Rs. 26,85,000 already voted on account in March, 1984.)

The motion was then put and agreed to.

DEMAND NO. 5

Major Head : 215-Elections

Dr. Ashok Mitra : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,94,50,000 be granted for expenditure under Demand No. 5, Major Head ; "215-Elections".

(This is inclusive of a total sum of Rs. 2,82,42,000 already voted on accout in March, 1984.)

The motion was then put and a **Division** taken with the following result :

Ayes

Abdul Bari, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abdul Mansur Habibullah, Shri Syed
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Banerjee, Shri Amiya Bhusan
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Debi Prosad
Basu, Shri Nihar Kumar
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharya, Shri Lal Behari
Bhattachhryya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kanti Chandra
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bora, Shri Badan
Bose, Shri Biren
Bose, Shri Nirmal Kumar
Chakraborti, Shri Subhas
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta

Ghatak, Shri Santi
Ghosh, Shrimati Chhaya
Ghosh, Shri Malin
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Gupta, Shri Jyotsna Kumar
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Khan, Shri Sukhendu
Konar, Shrimati Maharani
Kumar, Shri Himansu
Kundu, Shri Gour Chandra
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Maji, Shri Pannalal
Majumdar, Shri Sunil Kumar
Malakar, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Mitra, Dr. Ashok
Moazzam Hossain, Shri Syad
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mirdha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Subhas
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Pramanik, Shri Sudhir
Ray, Shri Bireadra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Hemanta Kumar
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin

Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Singha, Shri Suresh
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Khara

Noes

Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Biswas, Shri Ananda Mohan
Chattaraj, Shri Suniti
Misra, Shri Kashinath

Abstention

Sarkar, Shri Debaprosad

The Ayes being 132 and the Noes 6, the motion was carried.

DEMAND NO. 6

Major Head : 220-Collection of Taxes on Income and Expenditure

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 68,18,000 be granted for expenditure under Demand No. 6, Major Head : "220-Collection of Taxes on Income and Expenditure".

(This is inclusive of a total sum of Rs. 11,36,000 already voted on account in March. 1984.)

The motion was then put and a Division taken with the following result :

Ayes

Abdul Bari, Shri Md.
Abdul Quiyam, Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Banerjee. Shri Amiya Bhusan
Banerjee, Shri Radhika Ranjan
Basu, Shri Debi Prosad
Basu, Shri Nihar Kumar
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kanti Chandra
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bora, Shri Badan
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghosh, Shrimati Chhaya
Ghosh, Shri Malin
Goppi, Shrimati Aparajita

Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Gupta, Shri Jyotsna Kumar
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Konar, Shrimati Maharani
Kumar, Shri Himansu
Kundu, Shri Gour Chandra
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Gunadhar
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Maji, Shri Pannalal
Majumdar, Shri Sunil Kumar
Malakar, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Mitra, Dr. Ashok
Moazzam Hossain, Shri Syad
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Mandal, Shri Dinabandhu
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Naskar, Shri Subhas
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhasun
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Singha, Shri Suresh
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Khara

Noes

Abdur_Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Biswas, Shri Ananda Mohan
Chattaraj, Shri Suniti
Misra, Shri Kashinath

Abstention

Sarkar, Shri Debaprosad

The Ayes being 126, the Noes 5 the motion was carried.

DEMAND NO. 9

Major Head : 235-Collection of Other Taxes on Property and Capital Transactions.

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,69,000 be granted for expenditure under Demand No. 9, Major Head : "235-Collection of Other Taxes on Property and Capital Transactions".

(This is inclusive of a total sum of Rs. 78,000 already voted on account in March, 1984.)

The motion was then put and agreed to.

DEMAND NO. 11

Major Head : 240-Sales Tax

Dr. Ashok Mitra : sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,55,49,000 be granted for expenditure under Demand No. 11, Major Head : "240-Sales Tax".

(This is inclusive of a total sum of Rs. 1,76,46000 already voted on account in March, 1984.)

The motion was then put and agreed to.

DEMAND NO. 13

Major Head : 245-Other Taxes and Duties on Commodities and Services

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,03,91,000 be granted for expenditure under Demand No. 13, Major Head : "245-Other Taxes and Duties on Commodities and Services".

(This is inclusive of a total sum of Rs. 50,65,000 already voted on account in March, 1984.)

The motion was then put and agreed to.

DEMAND NO. 14

Major Head : 247-Other Fiscal Services

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,35,40,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "247-Other Fiscal Services".

(This is inclusive of a total sum of Rs. 22,57,000 already voted on acconnt in March, 1984.)

The motion was then put and agreed to.

DEMAND NO. 16

Major Head : 249-Interest Payments

Dr. Ashok Mitra : Sir, on the reeommendation of the Governer, I beg to move that a sum of Rs. 60,02,000 be granted for expenditurc under Demaed No. 16, Major Head : "249-Interest Payments".

(This is inclusive of a total sum of Rs. 10,01,000 already voted on account in March, 1984.)

The motion was then put and agreed to.

DEMAND NO. 20

Major Head : 254-Treasury and Accounts Administration

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,59,64,000 be granted for expenditure under Demand No. 20, Major Head : "254-Treasury and Accounts Administration".

(This is inclusive of a total sum of Rs. 76,61,000 already voted on account in March, 1984.)

The motion was then put and agreed to.

DEMAND NO. 28

Major Head : 266-Pensions and Other Retirement Benefits

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 41,60,46,000 be granted for expenditure under Demand No. 28, Major Head : "266-Pensions and Other Retirement Benefits".

(This is inclusive of a total sum of Rs. 6,93,42,000 already voted on account in March, 1984.)

The motion was then put and agreed to.

DEMAND NO. 30

Major Head : 268-Miscellaneous General Services

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Governor, I beg to

move that a sum of Rs. 3,43,78,000 be granted for expenditure under Demand No. 30, Major Head : "268-Miscellaneous General Services".

(This is inclusive of a total sum of Rs. 57,31,000 already voted on account in March, 1984)

The motion was then put and agreed to.

DEMAND NO. 49

Major Head : 296-Secretariat—Economic Services

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,08,92,000 be granted for expenditure under Demand No. 49, Major Head : "296-Secretariat—Economic Services".

(This is inclusive of a total sum of Rs. 84,82,000 already voted on account)

The motion was then put and agreed to.

DEMAND NO. 51

Major Head : 304-Other General Economic Services

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Covernor, I beg to move that a sum of Rs. 2,32,26,000 be granted for expenditure under Demand No. 51, Major Head : "304-Other General Economic Services".

(This is inclusive of a total sum of Rs. 38,71,000 already voted on account in March, 1984.)

The motion was then put and agreed to.

DEMAND NO. 86

Major Heads : 766-Loans to Government Servants, etc.

and 767—Miscellaneous Loans

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 13,50,60,000 be granted for expenditure under Demand No. 86, Major Heads : "766-Loans to Government Servants, etc. and 767-Miscellaneous Loans".

(This is inclusive of a total sum of Rs. 2,25,10,000 already voted on account in March, 1984.)

The motion was then put and agreed to.

Adjournment

The House was the adjourned at 5.49 P.M. till 12 noon on Monday, the 23rd April, 1984, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House Calcutta, on Monday, the 23rd April 1984 at 12 noon.

Present

Mr. Speaker (**Shri Hashim Abdul Halim**) in the Chair, 11 Ministers, 12 Ministers of state and 189 Members.

Unstarred Questions

(to which written answers were laid on the table)

রামপুরহাট-দীঘা, রামপুরহাট-পুরুলিয়া প্রভৃতি পথে বাস রুট প্রবর্তন

৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামপুরহাট মহকুমার জনগণ রামপুরহাট যাত্রী সংঘ গত দশ বৎসর যাবৎ রামপুরহাট-দীঘা, রামপুরহাট-পুরুলিয়া, রামপুরহাট-শিলিগুড়ি রামপুরহাট-দেওঘর প্রভৃতি পথে বাস চলাচল প্রবর্তনের দাবী করে আসছেন;

(খ) সত্য হলে, উক্ত দাবীর বিষয়ে সরকার বিবেচনা করেছেন বা করছেন কি না;

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উপরোক্ত কোন্ কোন্ রুটে বাস চালাবার কথা সরকার বিবেচনা করেছেন বা করছেন; এবং

(ঘ) কবে নাগাদ ইহা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) সাম্প্রতিক কালে এমন কোনও দাবী জনগণের তরফ থেকে করা হয় নি।

(খ) সরকার রামপুরহাট-দেওঘর, রামপুরহাট-দুমকা এবং রামপুরহাট-ভাগলপুর রুট প্রবর্তনের বিষয় বিবেচনা করেছেন।

(গ) 'খ'-এর উত্তরে উল্লেখিত রুটগুলিতে।

(ঘ) বিহার সরকারের সাথে সম্প্রতি যে অতিরিক্ত চুক্তি হয়েছে তার গেজেট বেরুবার পরই যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

প্রাথমিক বিদ্যালয়

৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪) **শ্রীদেবপ্রসাদ সরকার :** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে প্রাথমিক বিদ্যালয়ের মোট সংখ্যা কত (গ্রামাঞ্চল ও শহরাঞ্চল ভাগ করে পৃথক পৃথক হিসাব উল্লেখ করে) ; এবং

(খ) উক্ত বিদ্যালয়সমূহে কর্মরত প্রাথমিক শিক্ষক ও ছাত্রের মোট সংখ্যা কত ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ৩১-১২-৮৩ পর্যন্ত রাজ্যে প্রাথমিক বিদ্যালয়ের মোট সংখ্যা ৪৮,৮৯৮টি। তন্মধ্যে গ্রামাঞ্চলে ৪১,৭৭৩টি, শহরাঞ্চলে ৭,১২৫টি।

(খ) কর্মরত প্রাথমিক শিক্ষকদের সংখ্যা ১,৬১,৭২০জন। মোট ছাত্র সংখ্যা ৭৩,৭৫,০০০ জন। (১ম শ্রেণী হইতে ৫ম শ্রেণী পর্যন্ত)।

Production of Onions in West Bengal

308. (Admitted question No. 745.) **Shri Mahabubul Haque :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) whether it is a fact that West Bengal is heavily dependent on supplies of onions from other onion producing States ; and

(b) if so,—

(i) the estimated annual consumption and actual production of onions in West Bengal, and

(ii) the steps taken by the State Government to minimise dependence of West Bengal on other States in the matter ?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় : (a) হ্যাঁ।

(b) (i) পশ্চিমবঙ্গে পিঁয়াজের ব্যবহার আনুমানিক ৩ লক্ষ টন, সেক্ষেত্রে আনুমানিক উৎপাদন মাত্র ১.৫২ লক্ষ টন।

(ii) আলু ও সব্জীচাষ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে এই রাজ্যে পিঁয়াজের উৎপাদন ও চাষের এলাকা বৃদ্ধির ব্যবস্থা নেওয়া হচ্ছে।

সিউড়ী বিদ্যাসাগর কলেজের ছাত্রদের উপর দুষ্কৃতকারীদের আক্রমণ

৩০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৩।) **শ্রীসুনীতি চট্টোরাজ :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) গত ১০ই জানুয়ারি, ১৯৮১ সিউড়ী বিদ্যাসাগর কলেজের ছাত্রদের প্রতি দুষ্কৃতকারীগণের আক্রমণের কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি না ;

(খ) এসে থাকলে, উক্ত ঘটনায়,—

(১) আহতের সংখ্যা কত,

(২) গুরুতর রূপে আহত ছাত্রদের নাম কি ; ও

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা নিয়েছেন ?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮১ সালের ১০ই জানুয়ারি নয়, ১৯৮৪ সালের ১০ই জানুয়ারি ঐ কলেজে ছাত্র পরিষদ ও ছাত্র ফেডারেশনের ছেলেদের মধ্যে সংঘাতের একটি ঘটনা জানা গিয়েছে।

(খ) (১) ১০-১-৮৪ তারিখের ঘটনায় মোট ছয় জন লোক আহত হয়েছে।

(২) কেহ গুরুতররূপে আহত হয় নি।

(গ) এই ঘটনার জন্য স্থানীয় থানা একটি মামলা লিপিবদ্ধ করেছে। দুই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। তদন্ত চলছে।

পশ্চিমবঙ্গের আবাসন পর্ষদ কর্তৃক আবাসন ইউনিট নির্মাণ

৩১০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯৭।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আবাসন পর্ষদ ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালে পশ্চিমবাংলায় কত সংখ্যক আবাসন ইউনিট (ফ্ল্যাট) নির্মাণ করেছে (জেলাওয়ারী হিসাব)

(খ) উক্ত আবাসন ইউনিটগুলি বিভিন্ন আয়স্তর অনুযায়ী বিভাগ কিরূপ (জেলাওয়ারী হিসাব) ;

(গ) উক্ত বৎসরগুলিতে নদীয়া জেলায় বিভিন্ন আয়স্তরের কতগুলি আবাসন ইউনিট আয়স্তর অনুযায়ী (১) বন্টিত হয়েছে ও (২) অবন্টিত রয়েছে ; এবং

(ঘ) উক্ত ইউনিটগুলি বণ্টন না হওয়ার কারণ কি ?

আবাসন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ ১৯৮১-৮২ সালে মোট ১,৫০৬টি, ১৯৮২-৮৩ সালে মোট ১,১৩২টি এবং ১৯৮৩-৮৪ সালে মোট ২,৩৪৬টি আবাসন ইউনিট (ফ্ল্যাট ও বাড়ী) নির্মাণ করেছে। ঐগুলির জেলাওয়ারী হিসাব এই রকমঃ ১৯৮১-৮২ সালে কেবলমাত্র কলকাতায় ১,৫০৬টি, ১৯৮২-৮৩ সালে কেবলমাত্র কলকাতায় ১,১৩২টি, ১৯৮৩-৮৪ সালে কেবলমাত্র কলকাতায় ২,১৪৬টি এবং ১৯৮৩-৮৪ সালে দক্ষিণ ২৪-পরগনায় ২০০টি।

(খ) ১৯৮১-৮২ সালের ১,৫০৬টি ফ্ল্যাটের হিসাব নিম্নরূপ :

(১) আর্থিকভাবে দুর্বলতর শ্রেণীর লোকের জন্য—নেই

(২) নিম্ন আয়সম্পন্ন লোকের জন্য—২০০টি

(৩) মধ্য আয়সম্পন্ন লোকের জন্য—৯৭৬টি

(৪) উচ্চ আয়সম্পন্ন লোকের জন্য—৩৩০টি

১৯৮২-৮৩ সালের ১,১৩২টি ফ্ল্যাটের হিসাব নিম্নরূপ :

(১) আর্থিকভাবে দুর্বলতর শ্রেণীর লোকের জন্য—নেই

(২) নিম্ন আয়সম্পন্ন লোকের জন্য—নেই

(৩) মধ্য আয়সম্পন্ন লোকের জন্য—৬৪৮টি

(৪) উচ্চ আয়সম্পন্ন লোকের জন্য—৪৮৪টি

১৯৮২-৮৩ সালের ২,৫৪৬টি ফ্ল্যাটের হিসাব নিম্নরূপ :

(১) আর্থিকভাবে দুর্বলতর শ্রেণীর লোকের জন্য—নেই

(২) নিম্ন আয়সম্পন্ন লোকের জন্য—নেই

(৩) মধ্য আয়সম্পন্ন লোকের জন্য—৮১৬টি

(৪) উচ্চ আয়সম্পন্ন লোকের জন্য—১,৬৩০টি

দক্ষিণ ২৪-পরগনায় : আর্থিকভাবে দুর্বলতর শ্রেণীর লোকের জন্য—২০০টি ।

(গ) উক্ত বৎসরগুলিতে আবাসন পর্ষদ নদীয়া জেলায় কোন আবাসন ইউনিট নির্মাণ করেনি ।

(ঘ) প্রশ্ন উঠে না ।

Appointment in Subordinate Health Service

311. (Admitted question No. 914.) **Shri Habibur Rahaman and Shri Tarapada Sadhukhan** : Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) the number of persons appointed during the period between July, 1977 and December, 1983 to posts in the cadre of West Bengal Subordinate Health Service (Non-Medical Technical personnel) ;

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,
(ii) Scheduled Tribes, and
(iii) Muslim Community ; and

(c) the post-wise break-up of (a) and (b) above ?

Minister-in-charge of the Health and Family Welfare Department : (a) 1,463 (b) (i) 98, (ii) 53, (iii) 24.

(c) (a)

Store Keeper/Ward Master	605
T.H.V.	48
Tailor	76
House Keeper	43
Dietician	5
Telephone Operator	16
Linen Keeper	37
Librarian	2
Medical Technologist (X-Ray)	217
Medical Technologist (Lab. Asst.)	268
Medical Technologist (E.C.G.)	53
Physiotherapist	35
Ophthalmic Asst.	58

(b)

	S.C.	S.T.	Muslim Community
Store Keeper/Ward Master ...	47	28	—
T.H.V.	3	2	—
Tailor	5	2	—
Telephone Operator ...	1	—	—
Medical Technologist (X-Ray)	13	13	5
Medical Technologist (Lab. Asst.)	19	8	12
Medical Technologist (E.C.G.)	2	—	4
Physiotherapist	2	—	—
Ophthalmic Assistant ...	6	—	3

Beneficial Programmes for Agricultural Labour

312. (Admitted question No. 966.) **Shri Jokhilal Mondal** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the State Government has launched programmes to benefit agricultural labour ;

(b) if so,—

(i) what are the programmes undertaken since 1980-81 and the result thereof ;

(ii) the actions taken through organised agricultural labour, and

(iii) the total number of agricultural labour benefited during the period from 1980-81 to 1982-83 ?

Minister-in-charge of the Labour Department : (a) Yes.

(b)(i) (1) National Rural Employment Programme was launched in the rural

areas of this State for benefiting rural labourers including agricultural labourers with effect from 15-12-1980.

(2) Minimum Wages for agricultural workers was also revised upwards.

(ii) No such action was taken by the State Government.

(iii) Under the N.R.E. Programme the rural people were given employment for the days as detailed below :

	Lakhs mandays
1980-81	36.28
1981-82	195.38
1982-83	360 00
1983-84, (Up to the end of Dec., 1983)	231.64

Separate figures for agricultural workers are not available.

(2) Figures for agricultural workers in receipt of minimum rates of wages not maintained.

Recovery of Loans by Central Co-operative Bank, etc.

313. (Admitted question No. 1019.) **Shri Rajesh Khaitan** : Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) what was the percentage of amount of recovery to the amount of demand in respect of (i) short and (ii) medium term loans by the (i) Central Co-operative Banks (ii) units of the West Bengal State Co-operative Bank Ltd. during 1982-83 as compared to the percentage of recovery during 1978-79, 1979-80, 1980-81 and 1981-1982 ; and

(b) the reasons for shortfall in recovery, if any ?

Minister-in-charge of the Co-operation Department :

	1978-79	1979-80	1980-81	1981-82	1282-83
	Per cent	Per cent	Per cent	Per cent	Per cent
(a) (i) S T.—C.B Loan	52·6	44·8	48·7	40·4	33·00
Units of SCB ...	23·00	24·00	29·6	38·7	22·3
(ii) M.T. Loan* ...	21·16	20·2	15·3	13·2	12·6

* The above information relates to Central Banks and Units of West Bengal State Co-operative Bank together.

(b) Due to State-wide severe drought there was shortfall in agricultural production resulting in poor recovery during 1982-83 compared to previous years.

জৈব ও রাসায়নিক সার বণ্টন

৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭০।) **শ্রীশান্তিরাম মাহাতো ও শ্রীকাশীনাথ মিশ্র :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

পশ্চিমবাংলাতে গত ১৯৮৩ সালের ১লা জানুয়ারী হতে ১৯৮৪ সালের ৩১ জানুয়ারী পর্যন্ত কত জৈব ও রাসায়নিক সার জেলাওয়ারী কোন্ কোন্ সংস্থা এজেন্ট-এর মাধ্যমে বণ্টন করার দায়িত্ব দেওয়া হয়েছে ?

কৃষি বিভাগের মন্ত্রী মহোদয় : জৈব সার বিতরণের কোন ডিলার নিযুক্ত ক হয় না। কৃষকেরা নিজেরাই স্থানীয়ভাবে উৎপন্ন করে। স্থানীয় ডেয়ারী ফা মিউনিসিপ্যালিটি এবং অ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশনের মেকানিক্যাল কম্পো প্ল্যাণ্ট থেকেও কৃষকেরা জৈব সার সংগ্রহ করে থাকেন। রাসায়নিক সার বিত মূলতঃ কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন। কেন্দ্রীয় সরকারের বর্তমান নীতি অনুসা ভারতে অবস্থিত সার প্রস্তুতকারকগণ তাঁদের প্রস্তুত করা সার নিজ ডিলারদের মাধ্যমে চাহিদা অনুযায়ী বিভিন্ন জেলায় বণ্টন করে থাকেন। আর পু সার কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত হ্যাণ্ডলিং এজেন্টরা প্রধানতঃ তাদের নিযু ডিলারদের মাধ্যমে বিলির ব্যবস্থা করে থাকেন। ঐ সারের খুব সামান্য অংশ রাজ্য সরকার তার নিযুক্ত মুখ্য বণ্টনকারীদের মাধ্যমে জেলায় জেলায় বি করেন। এমতাবস্থায় প্রশ্নানুযায়ী সম্পূর্ণ তথ্য দেওয়া সম্ভব নয়।

নিম্নে জেলাওয়ারী জৈব সার উৎপাদনের তালিকা দেওয়া হইল :

Statement referred to inreply to question No. 314 (Admitted question No. 10'

জেলাওয়ারী জৈব সার উৎপাদনের তালিকা

	জেলার নাম		জৈব সার উৎপাদনের পরিমাণ (মেট্রিক টন)
১।	দার্জিলিং	...	১,৬৯,২০০
২।	জলপাইগুড়ি	...	১,০০,০০০
৩।	কুচবিহার	...	১৬,২০,০০০
৪।	পশ্চিম দিনাজপুর	...	৭,৯৩,৭৬০
৫।	মালদা	...	৩,০২,৫১৭
৬।	মুর্শিদাবাদ	...	৫,২৫,০০০
৭।	নদীয়া	...	৩,৩৫,০০০
৮।	২৪ পরগনা (উত্তর)	..	৬,২০,০০০
৯।	২৪ পরগনা (দক্ষিণ)	...	৪,৩০,০০০
১০।	হাওড়া	...	৩,১০,২৮১
১১।	হুগলী	...	৬,৮০,০০০

জেলার নাম		জৈব সার উৎপাদনের পরিমাণ (মেট্রিক টন)
১২। বর্ধমান	...	১৯,২৮,০৪০
১৩। বীরভূম	...	৭,৫০,০০০
১৪। বাঁকুড়া	...	২,৭৭,৬১৭
১৫। পুরুলিয়া	...	৩,৫৭,০০০
১৬। মেদিনীপুর (পশ্চিম)	...	৩,০০,০০০
১৭। মেদিনীপুর (পূর্ব)	...	৫,৬৩,২৯

Constraints affecting expeditious growth of Industries

315. (Admitted question No. 1127.) **Shri Abdul Mannan:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) what are the major constraints which are affecting the expeditious growth of Industries in West Bengal; and

(b) what steps have been taken to remove these constraints?

Minister-in-charge of the Commerce and Industries Department: (a) The major constraints which have been affecting the expeditious growth of Industries in West Bengal are (i) lack of Central Investment in the key sectors of industry and power in West Bengal, (ii) disproportionately small investment by Banks and Financial Institutions controlled by the Centre, (iii) policy of freight equalisation for Steel and Coal followed by the Centre, (iv) shortage of power, (v) lack of infrastructure facilities and (vi) non-existence of one single authority for extending all types of assistance required by entrepreneurs for setting up new projects.

(b) In regard to the constraints mentioned in items (i) to (iii) above which are due to the policies of the Centre, the State Government has pressed for remedial measures at various forums including Planning Commission, Finance Commission, etc. As regards constraints as at items (iv) to (vi) the State Government has taken action as follows :—

For meeting the shortage of power, additional capacity to the extent of 1788 MW during the 6th Plan Period, 1980-85, is being created. In addition newly installed captive power generators are reported to have been producing about 500 MW at the moment. Emphasis is also being laid on the development of new growth centres with necessary infrastructure facilities. In addition to the 3 growth centres at Kalyani (Nadia), Haldia and Kharagpur (Midnapore), 94 acres of land at Debgram near Siliguri and 162 acres of land at Uluberia (Howrah)

have been taken over by the West Bengal Industrial Infrastructure Development Corporation for setting up new growth centres. Work relating to construction of road, drainage, etc. has already been taken up at Debagram. Similar work at Uluberia will also be taken up shortly. It is also expected that possession of about 76 acres of land will be taken over at Budge Budge during this year. Besides, there are proposals for acquisition of about 145 acres of land in Cooch Behar and 125 acres in Farakka (Murshidabad).

Efforts are also afoot to find out suitable plots in Malda, Jalpaiguri, Bankura and Darjee ing. A Task Force has been set up for each of these districts, as also Cooch-Behar to locate suitable sites for being developed as growth centres. An export processing zone is also being set up at Falta (24-Parganas) over 280 acres of land. This will also develop as a new growth centre not only for the State but for the eastern region as a whole. A monitoring unit has been set up in the Department which has been meeting entrepreneurs regularly with a view to ascertaining the problems experienced by them in the implementation of projects and find solutions expeditiously. The problems so identified are taken up with the concerned departments of the Government and other authorities and also considered by the High Powered Committee of Secretaries for project implementation set up by the Government. Besides, attractive incentives to entrepreneurs are also sanctioned for approved projects.

One window scheme for promotion of small Industries

316. (Admitted question No. 1128.) **Shri Abdul Mannan**: Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to refer to the one window scheme for promotion of small industries with initial investment of more than 2 lakhs, meant to help entrepreneurs in getting over the time consuming the bothersome facilities for starting new units and to ensure that the willing manufacturers get the clearance, technical registration, licence sites for the new projects, and necessary assistance for institutional finance and to state :

(a) the steps taken in the matter and the results thereof;

(b) the number of units which have availed the benefit of the scheme so far ; and

(c) the number of districts in which the one window scheme has been made operative through the District Industries Centres ?

Minister-in-charge of the Cottage and Small Scale Industries : (a) The Agency called Small Industries Development Agency or shortly SIDA was

started on an experimental basis in June, 1983 at a rented premises at 4, Kiron Sankar Roy Road, Calcutta. Adequate publicity was given through the media of the Press. Prospective entrepreneurs are entertained in the Agency Office on the first 4 days of the week and after interview by experts, their applications are processed for various clearances. The work done in a week is reviewed every Friday in a meeting where officers responsible for giving various clearances are present including representatives of Commercial Banks. A Monitoring Committee also reviews the progress.

Response to setting up of SIDA being encouraging and producing tangible results, steps have been taken to make the set-up of SIDA a regular one with required staff and officer support.

(b) During the period June, 1983 to January, 1984, 145 units with project cost of Rs. 23·99 crore have availed themselves of the benefit.

(c) The districts of Calcutta, Howrah, Hooghly and 24-Parganas have been brought under the purview of the scheme.

কল্যাণী স্পিনিং মিলের লোকসানের পরিমাণ

৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১২৩।) **শ্রীসরল দেব:** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ ফেব্রুয়ারী পর্যন্ত আর্থিক বৎসরে কল্যাণী স্পিনিং মিলের লোকসান কত ; এবং

(খ) উক্ত লোকসান বন্ধের জন্যে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে লাভ লোকসানের হিসাব এখনও অডিট হয় নাই। তাই সঠিক লাভ বা লোকসানের পরিমাণ বলা সম্ভব নয়।

(খ) (ক)-এর পরিপ্রেক্ষিতে প্রশ্ন ওঠে না।

Persons employed in Administrative Training Institute

318. (Admitted question No. 1194.) **Shri Abdul Mannan:** Will the Minister-in-charge of the Home (Personnel and Administrative Reforms) Department be pleased to state—

(a) the number of persons employed in different posts in the Administrative Training Institute as on 31st December, 1983 ;

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim Community ; and

(c) the Service/post-wise break-up of (a) and (b) above ?

. **Minister-in-charge of the Home (Personnel and Administrative Reforms) Department :** (a) 87.

(b) (i) 9, (ii) 1 and (iii) 1—total 11.

(c) (i) (on deputation to ATI)—

(1) Director—Indian Administrative Service.

(2) Dy. Director (Economic and Planning)—West Bengal Educational Service.

(3) Dy. Director (Law)—West Bengal Higher Judicial Service.

(4) Administrative Officer—West Bengal Civil Service (Executive).

(ii) Training cell—

Name and No. of the Post

(5) Taperecorder, Transcriber and Documentation Assistant—2.

(6) Junior Programme Supervisor—2

(7) Typist—4

(8) Stenographer—3, (S.C.-1.)

(9) Library Assistant—2

(10) Physical Instructor and Games Master—1

(11) Book Binder—2

(12) Art Assistant—1

(13) Classroom Attendant—4, (S.C.-1.)

Total—21

(iii) Establishment cell—

(14) Head Clerk—1 not yet filled up

(15) Accountant—1

(16) Upper Division Assistant—1

(17) Lower Division Assistant—1

(18) Cashier—I

(19) Store-keeper—1

(20) Driver—2, (S.C.-1.)

(21) Cleaner Attendant—1

(22) Peon—7, (S.T.-1, Muslim-1.)

(23) Orderly Peon—2

(24) Jamadar—1

(25) PBX Operator-cum-Receptionist—1

(26) Receptionist-cum-telephone operator—1

(27) Record Supplier—1

(28) Bus Attendant—1

(29) Messenger Peon—1

(30) Store-helper—1
Total—25

(iv) Maintenance cell—
(31) Electrician-cum-Mechanic—1
(32) Helper to Electrician-cum-Mechanic—1
(33) Plumber-cum-pump operator—1
(34) Helper to Plumber-cum-pump operator—1
(35) Generator operator—2
(36) Mali—3 (one is dead)
Total—9

(v) Equipments cell—
(37) Audio Visual operator—1
(38) Xerox operator—2
(39) Duplicating operator—2
Total—5

(vi) Hostel and Watch and Ward cell—
(40) Caretaker—1
(41) Assistant Caretaker—1
(42) Mess Manager—1
(43) Assistant Mess Manager—1
(44) Wardboy—8
(45) Farash—2
(46) Sweeper—5, (S.C.-4.)
(47) Night Gurd—2, (S.C.-1.)
(48) Darwan—2, (S.C.-1.)
(49) Guest House Attendant—1
(50) Lady Attendant—1
Total—25.

Grand Total—89.

Pending cases in courts in West Bengal

319. (Admitted question No. 1237.) **Shri Abdur Rauf Ansari** : Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether it is a fact that there are huge arrears of cases in many courts in West Bengal and that accumulation of cases in courts is increasing ; and

(b) if so—
(i) what is the present position as compared to the position as on 30th June, 1977 ; and

(ii) the steps taken by the State Government to liquidate the arrears of cases and with what results ?

Minister-in-charge of the Judicial Department : (a) Yes.

(b) (i) Approximately 13,72,735 cases remained pending in the Subordinate Courts of the State of West Bengal at the end of the 30th June, 1983, as compared to 8,95,517 cases at the end of 30th June, 1977.

(ii) State Government takes necessary steps for creation of Additional Courts in different areas of the State to liquidate the arrear of cases on recommendation of the High Court, Calcutta. The results are hopeful.

কম প্ল্যাণ্ট লোড ফ্যাক্টর ইউনিট উন্নয়ন ব্যবস্থা

৩২০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৮।) **শ্রীঅম্বিকা ব্যানার্জী :** বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের চালু বিদ্যুৎ কেন্দ্রগুলির মধ্যে কম প্ল্যাণ্ট লোড ফ্যাক্টরসম্পন্ন ইউনিটগুলির উন্নতিকল্পে কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি ?

(খ) যদি হয়—

(১) কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ;

(২) ব্যবস্থা গ্রহণের পর এ বিষয়ে কি ফল পাওয়া গিয়াছে ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহোদয় : (ক) হ্যাঁ।

(খ) (১) কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ কর্তৃক সাঁওতালডি বিদ্যুৎ কেন্দ্রগুলির পুনর্নবীকরণের প্রস্তাব সম্প্রতি অনুমোদিত হইয়াছে, সাঁওতালডি তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলির উন্নতি অগ্রগতির পথে এবং এই নবীকরণের কাজ শেষ হইতে প্রায় তিন বছর সময় লাগিবে।

ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রগুলির পুনর্নবীকরণের একটি প্রস্তাব কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের কাছে পাঠানো হইয়াছে এবং সেইটি অনুমোদনের অপেক্ষায় আছে।

চালু জলবিদ্যুৎ কেন্দ্রগুলির যথাযথ রক্ষণাবেক্ষণ এবং বার্ষিক মেরামতির কাজ নিয়মিত করা হইতেছে। প্রয়োজনীয় যন্ত্রাংশ সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে এবং প্রয়োজনমত বিদেশ হইতে যন্ত্রাংশ আমদানী করার ব্যবস্থা হইয়াছে।

(২) সাঁওতালডি বিদ্যুৎ কেন্দ্রগুলির পুনর্নবীকরণের ফলে বিদ্যুৎ উৎপাদন ধীরে ধীরে বৃদ্ধি পাইবে বলিয়া আশা করা যায়। এই উন্নতি পুনর্নবীকরণের কাজ শেষ হওয়ার পরেই অনুভব করা যাইবে।

এখন পর্যন্ত জলবিদ্যুৎ প্রকল্পগুলির ক্ষেত্রে বিদ্যুৎ গড় প্ল্যাণ্ট লোড ফ্যাক্টর বৃদ্ধি পাইয়াছে। জলঢাকা জলবিদ্যুৎ কেন্দ্রের প্ল্যাণ্ট লোড ফ্যাক্টর ১৯৮২-৮৩ সালের ৪৬.৩ শতাংশ হইতে ১৯৮৩-৮৪ সালে ৫২.৪ শতাংশ (এই হিসাবে ফেব্রুয়ারী '৮৪ পর্যন্ত) বৃদ্ধি পাইয়াছে।

ঝাড়গ্রাম উন্নয়ন বাবদ ব্যয়

৩২১। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯৩।) **শ্রীগোপাল মণ্ডল ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (ঝাড়গ্রাম উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রাম উন্নয়নের জন্য ১৯৭৭ সালের প্রথম বামফ্রন্ট সরকারের ক্ষমতাসীন হবার পর থেকে ৩১শে জানুয়ারী, ১৯৮৪ পর্যন্ত মোট কত টাকা খরচ করা হয়েছে ;

(খ) কোন্ কোন্ থানায় এই উন্নয়নের কাজ চলছে ; এবং

(গ) কি ধরনের কাজ চলছে ?

উন্নয়ন ও পরিকল্পনা (ঝাড়গ্রাম উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) ঝাড়গ্রাম উন্নয়নের জন্য পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তর যে টাকা খরচ করে থাকে তাছাড়াও অনুন্নত ঝাড়গ্রাম মহকুমার এলাকা উন্নয়ন কর্মসূচীতে উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ অতিরিক্ত টাকা পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরের মাধ্যমে খরচ করে থাকে। ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮৩-৮৪ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত এই এলাকা উন্নয়ন কর্মসূচীতে ঝাড়গ্রাম মহকুমার উন্নয়নের জন্য উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ মোট ৩ কোটি ১২ লক্ষ ৯১ হাজার টাকা খরচ করেছে।

(খ) (১) ঝাড়গ্রাম, (২) জামবনি, (৩) সাঁকরাইল, (৪) নয়াগ্রাম, (৫) গোপীবল্লভপুর, (৬) বিনপুর।

(গ) ঝাড়গ্রাম মহকুমার এলাকা উন্নয়ন কর্মসূচীতে বিভিন্ন সেচ প্রকল্প, রাস্তাঘাট নির্মাণ, পানীয় জল সরবরাহ, বনসৃজন, শিক্ষা ব্যবস্থার উন্নয়ন, কুটীর ও ক্ষুদ্র শিল্পের বিকাশ, পশুচিকিৎসার উন্নতিসাধন প্রভৃতি বিভিন্ন ধরনের উন্নয়ন ও সমাজ কল্যাণমূলক কাজ চলছে।

চাঁচল ডিপোয় চালু বাসের সংখ্যা

৩২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৪।) **শ্রীমহবুবুল হক ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের চাঁচল ডিপোতে বর্তমানে (২৯-২-৮৪) কয়টি চালু বাস আছে;

(খ) বর্তমানে যে বাসগুলি চালু আছে সেগুলি কতদিনের পুরানো; এবং

(গ) ঐ ডিপোতে নূতন কোনও বাস দেওয়ার কথা সরকার চিন্তা করছেন কিনা?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৩টি।

(খ) ১টি ৩ বছরের, ১টি ৪ বছরের, ২টি ৬ বছরের, ৩টি ৭ বছরের, ১টি ৮ বছরের, ২টি ২০ বছরের, ১টি ১৩ বছরের ও ২টি ১৬ বছরের পুরানো।

(গ) নূতন বাস সংগৃহীত হইলে বিবেচনা করা হইবে।

মহানন্দা নদীর উপর ডুমারাইল-চূড়ামনে সেতু নির্মাণ

৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৬।) **শ্রীমহবুবুল হক:** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদা ও পশ্চিম দিনাজপুর জেলার মধ্যে যোগসূত্র স্থাপনের জন্য মহানন্দা নদীর উপর ডুমারাইল-চুড়ামনে সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, সেতু নির্মাণের কাজ কবে নাগাদ শুরু করা যাবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) মালদা এবং পশ্চিম দিনাজপুর জেলার মধ্যে ইটাহার-চূড়ামন-খরবা রাস্তাকে সংযোগ করে মহানন্দা নদীর উপর একটি সেতু নির্মাণের প্রস্তাব বিবেচনাধীন। তবে কারিগরী দিক থেকে অসুবিধাজনক হওয়ায় প্রস্তাবিত সেতুর নির্মাণস্থল চার-পাঁচ কিঃ মিঃ উজানে করার কথা বিবেচনা করা হচ্ছে।

(খ) এইরূপ অবস্থায় সেতুর কাজ কবে নাগাদ শুরু করা যাবে, তা এখনই বলা সম্ভব নয়।

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের চাঁচল ডিপো

৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৭।) **শ্রীমহবুবুল হকঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের চাঁচল ডিপোটি ভাড়া করা জমির উপর অবস্থিত ;

(খ) '(ক)' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে জমি অধিগ্রহণ করে নিজস্ব জায়গায় ডিপো স্থাপন করার পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(গ) '(খ)' প্রশ্নের উত্তর না হলে তার কারণ কি ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) চাঁচল ডিপোর বাসগুলি তুলে দিয়ে মালদা ডিপো থেকে চালাবার পরিকল্পনা উক্ত কর্পোরেশনের আছে, কারণ মালদা ডিপো একটি স্বয়ংসম্পূর্ণ ডিপো যেখানে বাসের যথাযোগ্য রক্ষণাবেক্ষণ সম্ভব। সেইজন্য জমি অধিগ্রহণ করে চাঁচলে নিজস্ব জায়গায় ডিপো স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের নেই।

Report of the National Committee on Development of Backward areas

325. (Admitted question No. 1955.) **Shri Satyaranjan Bapuli :** Will the Minister-in-charge of the Development and Plannlng Department be pleased to state—

(a) whether the State Government has any information about the report submitted by the National Committee on Development of Backward areas set up by the Planning Commission ; and

(b) if so,—

(i) the recommendations of the Committee about the backward areas in West Bengal ; and

(ii) the steps the State Government has taken and/or is contemplating to take in the matter ?

Minister-in-charge of Development and Planning Department : (a) It is understood that National Committee on Development of Backward areas has submitted the report to the Government of India.

(b) (i) A copy of the recommendations on Sunderban Region is placed on the Library table.

(ii) The State Government is taking steps to implement the recommendations through the Sunderban Development Board and other concerned Departments.

জেলে আটক মানসিক রোগাক্রান্ত মহিলা

৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১১৬।) **শ্রীঅনিল মুখার্জী :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১শে মার্চ, ১৯৮৪ পর্যন্ত মানসিক রোগাক্রান্ত কতজন মহিলা প্রেসিডেন্সি জেলে আটক আছেন ;

(খ) প্রেসিডেন্সি জেল ছাড়া আর কোন্ কোন্ জেলে মানসিক রোগাক্রান্ত মহিলারা আটক আছেন ;

(গ) উক্ত মানসিক রোগাক্রান্ত মহিলার মধ্যে কতজন এ যাবৎ সুস্থ হয়েছেন ; এবং

(ঘ) সুস্থ মহিলাদের বাড়ীতে ফেরত পাঠাবার ব্যবস্থা রাজ্য সরকার করেছেন কি ?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ২৪৪ জন।

(খ) মেদিনীপুর কেন্দ্রীয় কারাগার ৪ জন, বহরমপুর কেন্দ্রীয় কারাগার ১ জন, কৃষ্ণনগর কারাগার ৮ জন, দার্জিলিং কারাগার ৮ জন, মালদা কারাগার ১ জন, শিলিগুড়ি কারাগার ১ জন, হুগলী কারাগার ১ জন, কুচবিহার কারাগার ৫ জন, জলপাইগুড়ি কারাগার ১৪ জন।

(গ) ২৭ জন।

(ঘ) যাঁরা সুস্থ হয়ে ওঠেন তাঁদের ফিরিয়ে দেবার জন্য আত্মীয়স্বজন বা পরিবারস্থিত অন্যান্যদের সাথে সংযোগ করা হয়।

মালদহ জেলার কালিয়াচক ৩নং ব্লকে মিনিকিট বিলি

৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪৯।) **শ্রীসামসুদ্দিন আহমেদ :** কৃষি বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি মালদহ জেলার কালিয়াচক ৩ নং ব্লকে ১৯৮৩ ৮৪ (২১শে ফেব্রুয়ারি পর্যন্ত) আর্থিক বৎসরে গ্রাম পঞ্চায়েতওয়ারী কত প্রকারের মিনিকিট বিলি করা হয়েছে ?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় : ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে মালদহ জেলার কালিয়াচক ৩ নং ব্লকে গ্রাম পঞ্চায়েতওয়ারী যত পরিমাণ মিনিকিট বিলি করা হয়েছে তার হিসাব সম্বলিত একটি আলাদা তালিকা সংযোজিত করা হল।

মোট বিলির পরিমাণ : গম—৮০০, কলাই—২০০, সরিষা—৪০০, ছোলা—১৩০০, মুসুর—৭০০ মোট—৩৪০০।

Statement referred to in reply to question No. 327 (Admitted question No. 2149).

১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে মালদহ জেলার কালিয়াচক ৩নং ব্লকের গ্রাম পঞ্চায়েতগুলিতে নিম্নলিখিত মিনিকিটগুলি বিলি করা হইয়াছে :

যে সংখ্যক মিনিকিট বিলি করা হয়েছে

ক্রমিক নং	গ্রাম পঞ্চায়েতের নাম	গম	কলাই	সরিষা	ছোলা	মসুর	মোট
১	বেত্রাবাদ ...	৫০	১৪	২৩	৬৫	৪০	১৯২
২	বীরনগর-১	৫০	১৪	২৩	৭৫	৪০	২০২
৩	বীরনগর-২	৫০	১৪	২২	৬৫	৪০	১৯১
৪	লক্ষীপুর	৫০	১৪	২৩	৭৪	৪০	২০১
৫	গোপালগঞ্জ	৫০	১৪	২২	৬৯	৪০	১৯৫
৬	চারিঅনন্তপুর	৫০	১৪	২২	৬৯	৪০	১৯৫
৭	শাহাবাদপুর	৫০	১৪	২৩	৭৪	৪০	২০১
৮	আকন্দবাড়ি ...	৫০	১৪	২৩	৮০	৪০	২০৭
৯	বাক্রাবাদ	৫০	১৪	২৪	৭৫	৪০	২০৩
১০	কুম্ভীরা	৫০	১৪	২৩	৮৪	৪০	২১১
১১	কৃষ্ণপুর	৬৫	১৪	২৪	৮৩	৪০	২২৬
১২	শাহাবানচক ...	৬৫	১৪	২৩	৮৩	৪০	২২৫
১৩	ভগবানপুর	৬০	১৪	২৩	৮০	৪০	২১৭
১৪	পারদেম্নাপুর-শোভাপুর ...	৪০	১৪	২২	৬৪	৪০	১৮০
১৫	সভাপতির জন্য সংরক্ষিত বরাদ্দ	৭০	৪	৮০	২৬০	১৪০	৫৫৪
	মোট ...	৮০০	২০০	৪০০	১,৩০০	৭০০	৩,৪০০

Loss of human lives and damage of properties by fire

328. (Admitted question No. 2179.) **Shri Satya Ranjan Bapuli : Will the** Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) whether the State Government has information regarding the loss of lives and properties in cases of fires attended by the Fire Brigade during the past three years ; and

(b) if so, the number of human lives lost as a result of burn or other injuries and the value of properties damaged in such fires attended by the Fire Brigade during the past three years ?

Minister-in-charge of the Local Government and Urban Development Department : (a) Yes.

(b)

Year	Human lives lost as a result of burns/other injuries	Value of properties damaged
1981	102/92	Rs: 4,58,03,218 (approximate)
1982	64/95	Rs. 11,91,79,671 (approximate)
1983	73/58	Rs. 13,45,28,082 (approximate)

Deficiencies and disadvantages of Fire Brigade in West Bengal

329. (Admitted question No. 2181). **Shri SUNITI CHATTARAJ :** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) what are the deficiencies and disadvantages of Fire Brigade in West Bengal ; and

(b) what steps the State Government is contemplating for removing the ills Fire Brigade suffers from ?

Minister-in-charge of the Local Government and Urban Development : (a) West Bengal Fire Services have long been deficient in men and materials particularly modern appliences and equipments. Scarcity of water is also a great handicap for fighting fire. The existing number of Fire Stations is inadequate to cover the entire area of the State. The usual communication system also possess problems for the Fire Brigade to act with the promptitude necessary.

(b) The State Government have already recruited adequate number of Fire Service personnel to cope with the increasing volume of work. Old and worn out fire fighting equipments are being replaced. Modern and sophisticated equpiments are being procured indigenously as well as from abord. Wireless communication system has been introduced to cover Calcutta and the neighbouring districts. It is proposed to cover the entire area of the State by Wireless net work in phases. Subject to availability of suitable land and necessary fund, Government, have a programme of opening more and more Fire Stations in differnt places in West Bengal. The problem of scarcity of water for use of the Fire Brigade is a chronic one. For augmentation of static water

source, a proposal for sanction of adequate fund has already been sent to the Government of India. Also some other suggestions for augmenting water supply for the Fire Brigade are under examination of Government.

পশ্চিমবঙ্গে সারের ব্যবহার

৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯৯।) **শ্রীনীরোদ রায়চৌধুরী: কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে সারের ব্যবহার বেড়েছে কি ;

(খ) বেড়ে থাকলে কতভাগ বেড়েছে ; এবং

(গ) গত ৫ বৎসরে সারের ব্যবহার কেমন ছিল ?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) ১৯৮২-৮৩ সালের তুলনায় প্রায় ৩০ শতাংশ বেড়েছে।

(গ) গত ৫ বৎসরে এই রাজ্যে সার ব্যবহারের হিসাবের একটি তালিকা নিম্নে দেওয়া হল।

Statement referred to in reply to clause "(Ga)" of question No. 330 (Admitted question No. 2199)

পশ্চিমবঙ্গে গত পাঁচ বৎসরে সার ব্যবহারের হিসাব নিম্নে প্রদত্ত হল :

		নাইট্রোজেন (এন)	ফসফেট (পি)	পটাস (কে)	মোট
১৯৭৯-৮০	...	১,৪৪,৯৩৬	৬২,৮৯৬	৩২,৮৮৪	২,৪০,৭১৬
১৯৮০-৮১	...	১,৬৭,৩২১	৭০,৮৪৪	৪৪,৬৬৯	২,৮২,৮৩৪
১৯৮১-৮২	...	১,৫৬,৯২৭	৬২,৪৭০	৩৯,০৬০	২,৫৮,৪৫৭
১৯৮২-৮৩	...	১,৬৫,১৬৫	৫৬,২১১	৪০,২৩৩	২,৬১,৬০৯
১৯৮৩-৮৪	...	২,১৮,৬৪৪	৭৪,১৭০	৫১,৪৫২	৩,৪৪,২৬৬

পশ্চিম-দিনাজপুর জেলায় মিনিকিট বিতরণ

৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৪৮।) **শ্রীসুরেশ সিংহ: কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) ১৯৮৩-৮৪ সালে (২৯শে ফেব্রুয়ারি পর্যন্ত) পশ্চিম দিনাজপুর জেলায় ব্লকওয়ারী কত মিনিকিট দেওয়া হয়েছে ; এবং

(খ) এই মিনিকিটগুলি কিসের ?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) পশ্চিম দিনাজপুর জেলায় ১৯৮৩-৮৪ সালে বিভিন্ন প্রকারের মোট ৭২ হাজার ৪ শত ৩৯ টি মিনিকিট বিতরণ করা হয়। ঐ জেলায় বিভিন্ন প্রকার মিনিকিট বিতরণের ব্লকওয়ারী একটি তালিকা নিম্নে দেওয়া হল।

(খ) ঐ মিনিকিটগুলি ধান, কলাই, সরিষা, ছোলা, মসুর, গম ও তিলের।

Statement referred to in reply to clause "(Ka)" of question No. 331 (Admitted question No. 2648)

১৯৮৩-৮৪ সালে পশ্চিম দিনাজপুর জেলার ব্লকওয়ারী বিভিন্ন মিনিকিট বিতরণের তালিকা

নং	ব্লকের নাম	মিনিকিটের নাম						
		খরিফ ধান	ডাল	সরিষা	ছোলা	মসুর	গম	তিল
১	হিলি	৭৬৭	৭৫	৩০০	১০২	২০০	৬৬০	১২০
২	বালুরঘাট	১,৪৫৬	১৫০	৫০০	১৮৭	৩০০	১,০৬০	২২০
৩	কুমারগঞ্জ	১,৪৮৯	১৫০	৫০০	১৮৭	৩৫০	৯৯০	২২০
৪	গঙ্গারামপুর	১,৫৬৬	১৫০	৫০০	১৮৭	৩০০	৯৯৫	২০০
৫	তপন	১,৫৪০	১৭৫	৫৫০	১৮৭	৩৫০	৯৯৫	২৪০
৬	রায়গঞ্জ	২,৫৬৪	১৫০	৯০০	২০০	৫০০	১,১৫০	২০০
৭	হেমতাবাদ	১,৩[illegible]৯	১০০	৫০০	১৫০	৪০০	৮০০	২০০
৮	কালিয়াগঞ্জ	১,৩৯৯	২০০	৩৫০	১৫০	৪০০	১,১০০	২০০
৯	কুশমণ্ডি	১,৭৯৯	১০০	২৫০	১৫০	৪০০	৮০০	২০০
১০	বংশিহারি	১,৬৯৯	১০০	২৫০	১৫০	৪০০	৭০০	১৫০
১১	ইটাহার	৩,৯৬৪	১৫০	৫৬০	১৫০	৪০০	১,১৫০	২০০
১২	ঘোপরা	৩,৩৭১	১০০	৪৬০	৪০	২০০	৯২০	২৫০
১৩	ইসলামপুর	৩,৩৭১	১০০	৪৬০	৪০	২০০	৯২০	২৫০
১৪	গোলপোখার-১	৩,৩৭১	১০০	৪৭০	৪০	২০০	৯২০	২৭৫
১৫	গোলপোখার-২	৩,৩৭১	১০০	৪৭০	৪০	২০০	৯২০	২৭৫
১৬	করণদিঘী	৩,৩৭৩	১০০	৪৮০	৪০	২০০	৯২০	৩০০

উত্তরবঙ্গ উন্নয়ন তহবিল

৩৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৬৪)। শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায়ঃ অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গের উন্নতির জন্য "উত্তরবঙ্গ উন্নয়ন তহবিল" (নর্থ বেঙ্গল ডেভেলপ-মেণ্ট ফাণ্ড) বাবদ উত্তরবঙ্গের জেলাগুলিকে গত ৫ বছরে কোন টাকা দেওয়া হইয়াছিল কি; এবং

(খ) দেওয়া হইয়া থাকিলে, (১) কোন্ বৎসর ও (২) কোন্ জেলায় কত টাকা দেওয়া হইয়াছিল ?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এ বাবদ (১) বৎসর ও (২) জেলাভিত্তিক দেওয়া টাকার হিসাব নিম্নে দেওয়া হইল :

(লক্ষ টাকার হিসাবে)

বৎসর		দার্জিলিং	জলপাইগুড়ি	কোচবিহার	পঃ দিনাজপুর	মালদহ
১৯৭৯-৮০	...	৬.৭৪	৩৯.১০	৩১.৫৯	৪১.৫৫	৫৬.০২
১৯৮০-৮১	...	৬.৫২	৩৭.৮৩	৩০.৫৮	৪০.২১	৩৪.৮৬
১৯৮১-৮২	...	১০.০০	৩৭.৮৩	২৭.১০	৪০.২১	৩৪.৮৬
১৯৮২-৮৩	...	০.৫৮	৩.৩৪	—	—	—
১৯৮৩-৮৪	...	০.৪৪	২.৫৪	২.০৫	২.৬৩	২.৩৪

হুগলী জেলায় তপসিলী জাতি ও উপজাতিদের সার্টিফিকেট প্রদান

৩৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭০।) শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ এবং ৮৩ সালে হুগলী জেলায় কতগুলি তফসিলী জাতি ও উপজাতি সার্টিফিকেট দেওয়া হইয়াছে ;

(খ) এই সংখ্যার ভিত্তিতে মহকুমাগুলিতে কয়টি দেওয়া হইয়াছে ; এবং

(গ) ১৯৮২ এবং ১৯৮৩ এই দুই বৎসরে মোট কতগুলি দরখাস্ত বাতিল হইয়াছে এবং কতগুলি দরখাস্ত এখনও বিবেচনাধীন আছে ?

তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয় :

(ক)		সাল		তফসিলী জাতি	তফসিলী উপজাতি
		১৯৮২	...	২,৬৭০	৩০৪
		১৯৮৩	...	৩,০১৭	৪৭৩

(খ) মহকুমাভিত্তিক হিসাব নিম্নে প্রদত্ত হইল :

		সাল		তফসিলী জাতি	তফসিলী উপজাতি
(১)	সদর	১৯৮২	...	৯৪৪	২৫৬
	মহকুমায়	১৯৮৩	...	১,২৯৫	৪২১
(২)	চন্দননগর	১৯৮২	...	৩৮০	১২
	মহকুমায়	১৯৮৩	...	২৯৫	১৩
(৩)	শ্রীরামপুর	১৯৮২	...	৫৪৪	১৬
	মহকুমায়	১৯৮৩	...	৭৫৯	১৪
(৪)	আরামবাগ	১৯৮২	...	৮০২	১০
	মহকুমায়	১৯৮৩	...	৬৮৮	২৫

(গ) বাতিল ও বিবেচনাধীন দরখাস্তের সংখ্যা নিম্নরূপ :

	সাল		তফসিলী জাতি	তফসিলী উপজাতি
বাতিল :	১৯৮২	...	১১৩	২
	১৯৮৩	...	১৩৬	৪
বিবেচনাধীন :	১৯৮২	...	৯৯০	৫৯
	১৯৮৩	...	১,৭৮৩	১০৫

মিউনিসিপ্যালিটির ঋণের টাকা মঞ্জুর

৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭৯।) **শ্রীসুরেশ সিংহ :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা, হাওড়া সমেত পশ্চিমবঙ্গের অন্যান্য ৮৯টি মিউনিসিপ্যালিটির ঋণের টাকা সরকার মকুব করেছেন ;

(খ) সত্য হইলে এই ঋণের মোট টাকার পরিমাণ কত ; এবং

(গ) কোন্ কোন্ মিউনিসিপ্যালিটিকে কত টাকা মকুব করা হয়েছে ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ, কলকাতা হাওড়া সমেত পশ্চিমবঙ্গের মোট ৯১টি পৌরসংঘের ৩১শে মার্চ, ১৯৮১ পর্যন্ত বকেয়া ঋণ মকুব করা হয়েছে।

(খ) এই ঋণের মোট টাকার পরিমাণ ১৯,৭৩,৭৪,৩৭৫.৩৩ টাকা মাত্র।

(গ) প্রত্যেক মিউনিসিপ্যালিটির টাকার পরিমাণের বিস্তৃত বিবরণের জন্য একটি তালিকা নিম্নে দেওয়া হল।

Statement referred to in reply to clause "(Ga)" of question No. 334 (Admitted question No. 2779)

	মিউনিসিপ্যালিটির নাম	মোট টাকার পরিমাণ
(১)	আসানসোল মিউনিসিপ্যালিটি	৮,৬৯,৬৫১·৮৮
(২)	আরামবাগ মিউনিসিপ্যালিটি	৩,৮৫,৬৩৬·৪৩
(৩)	আলিপুরদুয়ার মিউনিসিপ্যালিটি	২,১১,৭১৮·২০
(৪)	অশোকনগর-কল্যাণগড় মিউনিসিপ্যালিটি	১,২৯,০২৫·০০
(৫)	বরানগর মিউনিসিপ্যালিটি	৯০,৯৯,৩১৮·২৮
(৬)	বাঁকুড়া মিউনিসিপ্যালিটি	৬,৯০,০৬৫·৫৫
(৭)	বহরমপুর মিউনিসিপ্যালিটি	১৮,০৩,৮৩১·৩৪
(৮)	ব্যারাকপুর মিউনিসিপ্যালিটি	৩,৭০,৫৮২·৫০
(৯)	বালি মিউনিসিপ্যালিটি	৬,৮০,০০০·০০
(১০)	বর্ধমান মিউনিসিপ্যালিটি	৩৪,০৭,৭৪১·৩৮
(১১)	বনগাঁ মিউনিসিপ্যালিটি	৬,৪০,০৬১·৮৩
(১২)	বারাসাত মিউনিসিপ্যালিটি	২৫,৭৭৫·০০
(১৩)	বজবজ মিউনিসিপ্যালিটি	৩০,০০০·০০
(১৪)	বোলপুর মিউনিসিপ্যালিটি	২,৬০,১৬৬·১০
(১৫)	বিষ্ণুপুর মিউনিসিপ্যালিটি	২০,০০০·০০
(১৬)	বালুরঘাট মিউনিসিপ্যালিটি	৪,৮১,৫৬০·৬০
(১৭)	বসিরহাট মিউনিসিপ্যালিটি	৩২,১০০·০০
(১৮)	ভাটপাড়া মিউনিসিপ্যালিটি	৬৮,৩১৫·০০
(১৯)	বীরনগর মিউনিসিপ্যালিটি	৮২,৫৮৪·০০
(২০)	বাদুড়িয়া মিউনিসিপ্যালিটি	৭৫,১০০·০০
(২১)	চাঁপদানী মিউনিসিপ্যালিটি	৯,৩৪৯·০২
(২২)	চন্দননগর মিউনিসিপ্যালিটি কর্পোরেশন	৩,০০,০০০·০০
(২৩)	কন্টাই মিউনিসিপ্যালিটি	২,৯৭,৬২৩·০৫
(২৪)	কোচবিহার মিউনিসিপ্যালিটি	৪,৪০,৭৬৩·১৩

	মিউনিসিপ্যালিটির নাম			মোট টাকার পরিমাণ
(২৫)	চাকদহ মিউনিসিপ্যালিটি	...	...	২,৯০,৬৮১·১৮
(২৬)	চন্দ্রকোণা মিউনিসিপ্যালিটি	...	...	৫৫,০৭৬·৮৮
(২৭)	দার্জিলিং মিউনিসিপ্যালিটি	...	...	১৭,৭৮,৫৭৮·৩১
(২৮)	দমদম মিউনিসিপ্যালিটি	...	...	২২,৭৭৫·৪২
(২৯)	দাঁনহাটা মিউনিসিপ্যালিটি	...	...	৭৮,৭৬৯·৬০
(৩০)	ধুলিয়ান মিউনিসিপ্যালিটি	...	...	৬০,০০০·০০
(৩১)	ইংলিশবাজার মিউনিসিপ্যালিটি	...	...	১০,৭৯,৬১৮ ৭২
(৩২)	গার্ডেনরীচ মিউনিসিপ্যালিটি	...	...	৫,৯৭,৮৫৯·০০
(৩৩)	গোবরডাঙ্গা মিউনিসিপ্যালিটি	...	...	২৭,৮০৩·২৬
(৩৪)	ঘাটাল মিউনিসিপ্যালিটি	...	...	২,১৭,৪১২·৯৯
(৩৫)	গাড়ুলিয়া মিউনিসিপ্যালিটি	...	...	৩,৭৪০·০০
(৩৬)	গয়েশপুর নোটিফায়েড এরিয়া অথরিটি	...	..	৩০,০০০·০০
(৩৭)	হুগলি-চুঁচুড়া মিউনিসিপ্যালিটি	...	...	৭,১৫,০৪৯·০০
(৩৮)	হাবড়া মিউনিসিপ্যালিটি	...	...	১,৫০,০০০·০০
(৩৯)	হাওড়া মিউনিসিপ্যালিটি	...	...	৮,৪১,৮৭,৫৭৯·০০
(৪০)	হালিশহর মিউনিসিপ্যালিটি	...	...	২১,৮৭৫·০০
(৪১)	হলদিবাড়ি টাউন কমিটি	...	...	৪,৯৫৬·২৫
(৪২)	জলপাইগুড়ি মিউনিসিপ্যালিটি	...	...	১৩,৪৩,২১৫·৮২
(৪৩)	ঝালদা মিউনিসিপ্যালিটি	...	...	৪,৮২০·০০
(৪৪)	যাদবপুর মিউনিসিপ্যালিটি	...	...	৩,৫০,০০০·০০
(৪৫)	জঙ্গীপুর মিউনিসিপ্যালিটি	...	...	১,২৬,৮০৭·৫০
(৪৬)	জিয়াগঞ্জ-আজিমগঞ্জ মিউনিসিপ্যালিটি	...	...	৩,৫৮,২৬১·৬৩
(৪৭)	জয়নগর-মজিলপুর মিউনিসিপ্যালিটি	...	...	৪৯,৮৯০·০০
(৪৮)	কামারহাটি মিউনিসিপ্যালিটি	...	...	৪,৫১,৪৪২·০০
(৪৯)	কালিম্পং মিউনিসিপ্যালিটি	...	...	৩,৭৮,২২৪·৪৮
(৫০)	কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটি	...	...	৩৬,৫৮,৫৩১·৫৬
(৫১)	খড়দহ মিউনিসিপ্যালিটি	...	...	৫৬,৩২৮·৩৬
(৫২)	খড়্গপুর মিউনিসিপ্যালিটি	...	...	১৯,৪৪,৩৫৯·০০
(৫৩)	কল্যাণী নোটিফায়েড এরিয়া অথরিটি	...	...	৬,৮০০·০০

	মিউনিসিপ্যালিটির নাম			মোট টাকার পরিমাণ
(৫৪)	কাটোয়া মিউনিসিপ্যালিটি	...	...	৬,২৫,৪৩৭'৩৫
(৫৫)	কার্শিয়াং মিউনিসিপ্যালিটি	...	...	৩,৩৭,০১২'৬৩
(৫৬)	কান্দী মিউনিসিপ্যালিটি	...	...	১,৩৮,৪৩৪'৫০
(৫৭)	খড়া মিউনিসিপ্যালিটি	...	...	৮৯,৯৮১'৮১
(৫৮)	খিরপাই মিউনিসিপ্যালিটি	...	...	৩৭,৮৮৫'০০
(৫৯)	কালনা মিউনিসিপ্যালিটি	...	...	৫,১৭,৫৬৭'৬৩
(৬০)	মেদিনীপুর মিউনিসিপ্যালিটি	...	...	৮,৩১,২৭৯'৫০
(৬১)	মুর্শিদাবাদ মিউনিসিপ্যালিটি	...	...	১২,৪১৫'৯০
(৬২)	মেখলীগঞ্জ টাউন কমিটি	...	...	৫০০'২৭
(৬৩)	মাথাভাঙ্গা টাউন কমিটি	...	...	১,৯১৫'০০
(৬৪)	নৈহাটি মিউনিসিপ্যালিটি	...	...	৩৪,৫১০'০০
(৬৫)	নর্থ ব্যারাকপুর মিউনিসিপ্যালিটি	...	...	৩৫,২২৫'০০
(৬৬)	নর্থ দমদম মিউনিসিপ্যালিটি	...	...	৪২,৬৫৭'৫০
(৬৭)	নিউ ব্যারাকপুর মিউনিসিপ্যালিটি	...	...	২০,৬০৫'০০
(৬৮)	নবদ্বীপ মিউনিসিপ্যালিটি	...	...	৭,০৪,৩২৯'৭৮
(৬৯)	ওল্ড মালদহ মিউনিসিপ্যালিটি	...	...	৩,১৬,৫৪২'৬৬
(৭০)	পুরুলিয়া মিউনিসিপ্যালিটি	...	...	৮,০৮,৮৪৯'৬০
(৭১)	পানিহাটী মিউনিসিপ্যালিটি	...	...	৮৩,৩৪০'০০
(৭২)	রামপুরহাট মিউনিসিপ্যালিটি	...	...	২,৩২,৫২০'৪০
(৭৩)	রঘুনাথপুর মিউনিসিপ্যালিটি	...	...	১,৫৩,৩৭৩'৫৬
(৭৪)	রাণাঘাট মিউনিসিপ্যালিটি	...	...	৪,৩৭,৪৯১'৫২
(৭৫)	রামজীবনপুর মিউনিসিপ্যালিটি	...	...	৩০,২৫৬'০০
(৭৬)	রাইগঞ্জ মিউনিসিপ্যালিটি	...	...	২২,৪৬৬'০৯
(৭৭)	রানীগঞ্জ মিউনিসিপ্যালিটি	...	...	৭,৫৭,১০১'৮৮
(৭৮)	শিলিগুড়ি মিউনিসিপ্যালিটি	...	...	৩০,১৬০,'২৬
(৭৯)	সিউড়ি মিউনিসিপ্যালিটি	..	...	১,৪৪,৩৬৫ ৭৯
(৮০)	শান্তিপুর মিউনিসিপ্যালিটি	...	...	২,০১,১৬৫'৩৩
(৮১)	শ্রীরামপুর মিউনিসিপ্যালিটি	...	...	২৭,০০০'০০
(৮২)	সাউথ দমদম মিউনিসিপ্যালিটি	...	...	১,০৪,০৯৩'০৩

	মিউনিসিপ্যালিটির নাম			মোট টাকার পরিমাণ
(৮৩)	সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটি	...	...	৫০,০০০'০৫
(৮৪)	সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি	...	...	১,৫০,০০০'০০
(৮৫)	সোনামুখী মিউনিসিপ্যালিটি	...	...	১,৮২,৮৭৬'৬১
(৮৬)	টাকী মিউনিসিপ্যালিটি	...	...	১,৭৪,৩৪০.০০
(৮৭)	তমলুক মিউনিসিপ্যালিটি	...	...	৬২,৫২৮'৩৬
(৮৮)	টিটাগড় মিউনিসিপ্যালিটি	...	...	৩৮,৮৫৭'৪৯
(৮৯)	তুফানগঞ্জ মিউনিসিপ্যালিটি	...	...	৭১৫'৩৭
(৯০)	তারকেশ্বর মিউনিসিপ্যালিটি	....	...	১,১৭,০০০'০০
(৯১)	ক্যালকাটা কর্পোরেশন	...	...	৮,০৬,৬৮,০৭০'৪১
			সর্বমোট	১৯,৭৩,৭৪,৩৭৫.৩৩

হাড় হইতে সার প্রস্তুতের কারখানার জন্য গঙ্গারামপুরের বায়ু দূষণ

৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৫৪।) **শ্রীরবীন্দ্র ঘোষ:** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া থানার দক্ষিণ গঙ্গারামপুর গ্রামের হাড় হইতে সার প্রস্তুতের কারখানাগুলি কর্তৃক ঐ এলাকার বাতাস দূষিত করার কোন সংবাদ সরকারের নিকট আছে কি; এবং

(খ) থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

পরিবেশ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) এইরূপ কোন সংবাদ সরকারের নথিভুক্ত নাই।

(খ) প্রশ্ন উঠে না।

বিভিন্ন জেলে দণ্ডাজ্ঞাপ্রাপ্ত ও বিচারাধীন বন্দীর সংখ্যা

৩৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৯১৩।) **শ্রীবামাপদ মুখার্জী:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের জেলাগুলিতে ২৯-২-৮৪ তারিখে বিচারাধীন এবং দণ্ডাজ্ঞাপ্রাপ্ত বন্দীদের সংখ্যা কত; এবং

(খ) গত পাঁচ বৎসরে কারার কি কি সংস্কার এবং উন্নতি করা হইয়াছে?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) দণ্ডাজ্ঞাপ্রাপ্ত কয়েদী—২৩৭৫ জন, বিচারাধীন বন্দী—৬৮৭৮ জন, অন্যান্য—১৮১ জন, মোট—৯৩৩৪ জন।

(খ) গত পাঁচ বৎসরে কারাগুলির সংস্কার ও উন্নতির জন্য যে-সব ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে সেগুলি নিম্নরূপ :—

(১) পরিবারের সদস্যদের সহিত বন্দীদের সাক্ষাৎকার এবং যোগাযোগ ব্যবস্থার জন্য যথেষ্ট উদারনীতি গ্রহণ করা হইয়াছে ;

(২) জেলে খাদ্যসামগ্রী গ্রহণ, রন্ধন এবং পরিবেশন, কয়েদীদের আমোদ-প্রমোদ, জেলে স্বাস্থ্যকর পরিবেশ রক্ষা ইত্যাদির ব্যাপারে সমস্ত জেল-গুলিতে কয়েদী পঞ্চায়েতী ব্যবস্থা জোরদার করা হইয়াছে ;

(৩) দুর্নীতিরোধ এবং নিম্নমানের সামগ্রীর সরবরাহ রোধকল্পে বাহিরের কন্ট্রাক্টরদের নিকট হইতে খাদ্য বা অন্যান্য সামগ্রী ক্রয় না করিয়া যতদূর সম্ভব সরকারী সংস্থা বা সরকার অনুমোদিত সমবায়গুলি হইতে উক্ত বস্তুগুলি ক্রয়ের ব্যবস্থা করা হইয়াছে ;

(৪) পরিবারের সদস্যদের সহিত দেখা-সাক্ষাৎ করার জন্য স্বল্পকালীন ছুটি এবং সাময়িক মুক্তির ব্যবস্থা উদার করা হইয়াছে ;

(৫) নিরপরাধ উন্মাদ বন্দীদের জন্য আলিপুর বিশেষ কারাগারে ১৯৮৩ সালের জুন মাসে একটি পৃথক মানসিক চিকিৎসাকেন্দ্র চালু করা হইয়াছে। সেখানে বিশিষ্ট চিকিৎসক, নার্স ইত্যাদির তত্ত্বাবধানে উক্ত বন্দীদের রাখার ব্যবস্থা করা হইয়াছে।

তফসিলভুক্ত ব্যাঙ্কের সংখ্যা

৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৯২১।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায়ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে কতগুলি তফসিলভুক্ত ব্যাঙ্ক আছে ;

(খ) এই ব্যাঙ্কগুলিতে মোট বাৎসরিক আমানতের পরিমাণ কত সে বিষয় রাজ্য সরকারের কোন তথ্য আছে কি ; এবং

(গ) থাকিলে, ঐ ব্যাঙ্কগুলি মোট আমানতের কত শতাংশ পশ্চিমবঙ্গে লগ্নী করেছেন ?

অর্থ বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) রিজার্ভ ব্যাঙ্কের সাম্প্রতিকতম পরিসংখ্যান অনুযায়ী ৩১-৩-৮৩ পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট তফসিলভুক্ত ব্যাঙ্কের সংখ্যা ৬০ (৮টি গ্রামীণ ব্যাঙ্ক সমেত) মোট শাখার সংখ্যা ২৫৭৭।

(খ) ও (গ) এই ব্যাঙ্কগুলিতে ৩১-৩-৮৩ পর্যন্ত মোট আমানতের পরিমাণ ৫,৭৮৭-৮০ কোটি টাকা ছিল এবং ব্যাঙ্কগুলি ঐ আমানতের ৫৮.৬ শতাংশ টাকা পশ্চিমবঙ্গে ঐ তারিখ পর্যন্ত লগ্নী করেছেন।

বেলডাঙ্গা ২নং ব্লকের বি ডি ও নির্যাতনের ঘটনা

৩৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩০২৮।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত ২৩-২-৮৪ তারিখে মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা ২নং ব্লকের বি ডি ও মহাশয় নির্যাতিত হইয়াছেন ও কতিপয় ব্যক্তির বিরুদ্ধে স্থানীয় বেলডাঙ্গা থানায় অভিযোগ দায়ের করিয়াছেন ; ও

(খ) সত্য হলে,

(১) উক্ত ঘটনায় জড়িত কতজনকে এ পর্যন্ত গ্রেপ্তার করা সম্ভব হইয়াছে ; এবং

(২) উহারা কোন রাজনৈতিক দলভুক্ত কিনা ?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রীমহাশয় ঃ (ক) না।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

গাজোলে রেজিষ্ট্রী অফিস স্থাপন

৩৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৫৮।) **শ্রীসুফল মুরমু :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার গাজোলে রেজিস্ট্রি অফিস খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কতদিনের মধ্যে কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

বিচার বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) সুনির্দিষ্ট কোন তারিখ বলা সম্ভব নয়।

বামনগোলায় সেতু নির্মাণের প্রস্তাব

৩৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৩৯।) **শ্রীসুফল মুরমু :** পূর্ত বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার বামনগোলায় সেতু নির্মাণের কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত প্রস্তাব কবে নাগাদ কার্যকরী হবে বলে আশা করা যায় ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) বিষয়টি এখনও পরীক্ষাধীন অবস্থায় রয়েছে।

(খ) এখনই কিছু বলা যাচ্ছে না।

বনগ্রাম পৌরসভায় বিভিন্ন খাতে টাকা খরচের পরিমাণ

৩৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৩১০০।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পৌরসভার পৌরপিতা ব্যক্তিগত ক্ষমতাবলে বিভাগীয় খাতে কত টাকা এককালীন খরচ করিতে পারেন ; এবং

(খ) বনগ্রাম পৌরসভায় ১৯৮২-৮৩ সালে বিভাগীয় কোন্ কোন্ খাতে কত টাকা খরচ করা হইয়াছে ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ৫,০০০ টাকা।

(খ) বিভাগীয় খাতে কোন টাকা খরচ হয় নাই।

বহিরাগতদের আবাসন ব্যবস্থা

৩৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৫৪।) **শ্রীগোপাল মণ্ডল :** পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে বাংলো ছাড়া বহিরাগতদের আবাসনের জন্য কি কি ব্যবস্থা কোথায় কোথায় আছে ?

পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ বহিরাগতদের আবাসনের জন্য বিভিন্ন স্থানে পর্যটন বিভাগ ও পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের অধীনে যেসব আবাস আছে তাহাদের বিবরণ সংবলিত একটি তালিকা নিম্নে দেওয়া হল :

Statement referred to in reply to question No. *342 (Admitted question No. 3254)*

তালিকা

ক্রমিক নং	আবাসনের নাম		জেলার নাম	শয্যা সংখ্যা
১।	ব্যারাকপুর ট্যুরিস্ট কটেজ	—	২৪ পরগনা	১৬
২।	কাঁকড়াঝোর ট্যুরিষ্ট হষ্টেল	—	মেদিনীপুর	১২

ক্রমিক নং	আবাসনের নাম		জেলার নাম	শয্যা সংখ্যা
৩।	মিরিক ট্যুরিস্ট হষ্টেল	—	দার্জিলিং	৬০
৪।	গাদিয়ারা ট্যুরিষ্ট লজ	—	হাওড়া	১২
৫।	মিরিক ট্যুরিষ্ট কটেজ	—	দার্জিলিং	২৪
৬।	অযোধ্যা হিল ট্যুরিষ্ট হষ্টেল	—	পুরুলিয়া	৫০
৭।	মুকুটমণিপুর ট্যুরিষ্ট সেন্টার	—	বাঁকুড়া	৮
৮।	দার্জিলিং ইউথ হষ্টেল	—	দার্জিলিং	৪৬
৯।	ডায়মণ্ডহারবার ট্যুরিষ্ট সেণ্টার	—	২৪ পরগনা	৫০
১০।	বকখালি ট্যুরিষ্ট লজ	—	২৪ পরগনা	৪৮
১১।	দীঘা ট্যুরিষ্ট লজ	—	মেদিনীপুর	৪৬
১২।	ঝাড়গ্রাম প্যালেস ট্যুরিষ্ট লজ	—	মেদিনীপুর	৩১
১৩।	বিষ্ণুপুর ট্যুরিষ্ট লজ	—	বাঁকুড়া	২৮
১৪।	শান্তিনিকেতন ট্যুরিষ্ট লজ	—	বীরভূম	৯৭
১৫।	বক্রেশ্বর ট্যুরিষ্ট লজ	—	বীরভূম	৪২
১৬।	দুর্গাপুর ট্যুরিষ্ট লজ	—	বর্ধমান	২৪
১৭।	বহরমপুর ট্যুরিষ্ট লজ	—	মুর্শিদাবাদ	২৬
১৮।	মালদা ট্যুরিষ্ট লজ	—	মালদা	২৬
১৯।	রায়গঞ্জ ট্যুরিষ্ট লজ	—	পঃ দিনাজপুর	২৬
২০।	মালবাজার ট্যুরিষ্ট লজ	—	জলপাইগুড়ি	৮
২১।	মাদারীহাট ট্যুরিষ্ট লজ	—	জলপাইগুড়ি	১৬
২২।	দার্জিলিং ট্যুরিষ্ট লজ	—	দার্জিলিং	৬৪
২৩।	মেপলস্ ট্যুরিষ্ট লজ	—	দার্জিলিং	২৩
২৪।	শৈলাবাস ট্যুরিষ্ট লজ	—	দার্জিলিং	৫৩
২৫।	টাইগার-হিল ট্যুরিষ্ট লজ	—	দার্জিলিং	২০
২৬।	কার্শিয়াং ট্যুরিষ্ট লজ	—	দার্জিলিং	৮
২৭।	শিলিগুড়ি ট্যুরিষ্ট লজ	—	দার্জিলিং	২১
২৮।	কালিম্পং ট্যুরিষ্ট লজ	—	দার্জিলিং	১৫
২৯।	শাংগ্রিলা ট্যুরিষ্ট লজ	—	দার্জিলিং	২৩
৩০।	হিলটপ্ ট্যুরিষ্ট লজ	—	দার্জিলিং	২০
৩১।	লুইস জুবিলি সেনেটোরিয়াম	—	দার্জিলিং	২০
৩২।	গ্রেট ইষ্টার্ণ হোটেল	—	কলকাতা	

ই. এস. আই. হাসপাতালের স্পেশালিষ্ট ডাক্তার বরখাস্ত

৩৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৬১।) **শ্রীব্রজগোপাল নিয়োগী :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বজবজ ই. এস. আই. হাসপাতালের সিনিয়র আই-স্পেশালিস্ট ডাঃ ডি. কে. গুহ সহ তিনজন স্পেশালিস্ট ডাক্তারকে বরখাস্ত করা হইয়াছে ;

(খ) সত্য হলে তার কারণ কি ;

(গ) (১) ঐ সম্পর্কে উক্ত হাসপাতালের অ্যাডভাইসরি কমিটির কোন সিদ্ধান্ত আছে কি ; এবং

(২) উক্ত হাসপাতালের সুপারিন্‌টেন্‌ডেন্ট অ্যাডভাইসরি কমিটিকে এ ব্যাপারে ওয়াকিবহাল করিয়েছিলেন কি ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ঐ হাসপাতালের ডাঃ ডি. কে. গুহ সহ তিনজন আংশিক সময়ের বিশেষজ্ঞ ডাক্তারের কার্যকাল ৩১-১২-৮৩' এর পর বৃদ্ধি করা হয় নাই। তবে তাঁহারা মহামান্য হাইকোর্টের আদেশ অনুযায়ী এখনও কর্মে নিযুক্ত আছেন।

(খ) পুরা সময়ের বিশেষজ্ঞ ডাক্তারের পদে উপযুক্ত চিকিৎসক না পাওয়া পর্যন্ত আংশিক সময়ের বিশেষজ্ঞ ডাক্তার নিযুক্ত করা হয়। এইরূপে আংশিক সময়ের ডাক্তারদের কার্যকাল ছয়মাস অন্তর সকলদিক বিবেচনা করিয়া বৃদ্ধি করা হয়। বর্তমানে ই. এস. আই. হাসপাতাল বজবজে পুরা সময়ের বিশেষজ্ঞ চিকিৎসক নিযুক্ত হওয়ায় আংশিক সময়ের চক্ষু বিশেষজ্ঞ ডাঃ ডি. কে. গুহ সহ তিনজন ডাক্তারের আর প্রয়োজন না থাকায় তাঁহাদের কার্যকাল ৩১-১২-৮৩'-এর পর আর বৃদ্ধি করা হয় নাই।

(গ) (১) না।

(২) না।

ই. এস. আই. হাসপাতালের অ্যাডভাইসরি কমিটি

৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৬২।) **শ্রীব্রজগোপাল নিয়োগী :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) ই. এস. আই. হাসপাতালগুলির অ্যাডভাইসরি কমিটি কাদের নিয়ে গঠিত হয়েছে ;

(খ) তাদের কাজ কি কি ;

(গ) উক্ত কমিটি বছরে কয়টি সভা করেন ;

(ঘ) উক্ত কমিটির সিদ্ধান্ত বা সুপারিশগুলি সরকারের কাছে নিয়ে আসার পদ্ধতি আছে কিনা ;

(ঙ) উক্ত কমিটির সুপারিশগুলি রাজ্য সরকার কিভাবে কার্যকরী করে থাকেন ; এবং

(চ) ব্যাণ্ডেল ই. এস. আই. হাসপাতালের অ্যাডভাইসরি কমিটির কোন সুপারিশ রাজ্য সরকার পেয়েছেন কি ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ই. এস. আই. হাসপাতালগুলির উপদেষ্টা কমিটি নিম্নরূপভাবে গঠন করা হয়েছে :

(১) সংশ্লিষ্ট ই. এস. আই. হাসপাতালের অধীক্ষক—আহ্বায়ক।

(২) সংশ্লিষ্ট এলাকার লোকসভা সদস্য অথবা তাঁর মনোনীত প্রতিনিধি—সদস্য।

(৩) সংশ্লিষ্ট এলাকার বিধানসভা সদস্য অথবা সদস্যগণ/কোন বিধানসভা সদস্য মন্ত্রী হলে তাঁর মনোনীত প্রতিনিধি—সদস্য।

(৪) সরকার মনোনীত মালিকপক্ষের দুইজন প্রতিনিধি—সদস্য।

(৫) সরকার মনোনীত পাঁচজন শ্রমিক প্রতিনিধি—সদস্য।

(৬) রাজ্যবীমা প্রকল্পে কর্মরত চিকিৎসকদের একজন প্রতিনিধি—সদস্য।

(৭) রিজিওনাল ডেপুটি মেডিক্যাল কমিশনার—সদস্য।

(৮) এলাকার পৌরপ্রধানকে সদস্য হিসাবে কো-অপ্ট করা হবে অথবা তাঁকে বিশেষ আমন্ত্রিত সদস্য হিসাবে নেওয়া হবে।

(৯) পশ্চিমবঙ্গ সরকারের পূর্ত বিভাগের অথবা কনস্ট্রাকশন বোর্ডের নির্বাহী বাস্তুকারকে বিশেষ আমন্ত্রিত সদস্য হিসাবে নেওয়া হবে।

(খ) সামগ্রিকভাবে কমিটির কাজ হল হাসপাতালের কাজকর্ম সম্বন্ধে রাজ্যবীমা অধিকর্তাকে পরামর্শ দেওয়া এবং হাসপাতালের কাজকর্মের উন্নতি বিধানের জন্য ব্যবস্থাদি নির্দেশ করা। এছাড়া উপদেষ্টা কমিটির সদস্যগণ সংশ্লিষ্ট হাসপাতাল পরিদর্শন করতে এবং হাসপাতাল সম্বন্ধে তাঁদের মতামত নির্দিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করতে পারেন।

(গ) উক্ত কমিটি বছরে দশ হইতে বারটি সভা করেন।

(ঘ) হ্যাঁ। নির্দিষ্ট ব্যবস্থা অনুযায়ী উপদেষ্টা কমিটির আহ্বায়ক প্রত্যেক সভার কার্যবিবরণী রাজ্য সরকারের নিকট পাঠিয়ে থাকেন।

(ঙ) রাজ্য সরকার রাজ্যবীমা অধিকর্তার মাধ্যমে সুপারিশকৃত বিষয়গুলি সম্বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থাদি অবলম্বন করে থাকেন।

(চ) সর্বশেষ ১০-৩-১৯৮৪ তারিখে অনুষ্ঠিত উপদেষ্টা কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গিয়াছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাদি নেওয়া হচ্ছে।

Target for beneficiaries under the Integrated Rural Development Programme

345. (Admitted question No. 2587.) **Dr. HOIMI BASU** : Will the Minister-in-charge of the Development and Planning (IRDP) Department be pleased to state—

(a) what was the set target for beneficiaries under the Integrated Rural Development Programme during the period between 1980-81 to 1982-83 and 1983-84 (up to February 1984).

(b) the number of people actually covered by the programme during the period mentioned above ; and

(c) the districtwise break-up of (a) and (b) above ?

Minister-in-Chargc of the Development and Planning (IRDP) Department :

(a) Yearwise targets have been fixed :

Year	Target
1980-81	2,01,000
1981-82	2,01,000
1982-83	2,01,000
1983-84 (Up to March '84)	2,01,000

(b)

Year	
1980-81	28,481
1981-82	54,116
1982-83	96,616
1983-84 (Up to February '84)	1,12,858

(c)

Sl. No.	District	(a) Beneficiaries Traget — Year 1980-81	1981-82	1982-83	1983-84
1.	Bardhaman	19,800	19,800	19,800	19,800
2.	Bankura	13,200	13,200	13,200	13,200
3.	Birbhum	11,400	11,400	11,400	11,400
4.	Cooch Behar	6,600	6,600	6,600	6,600
5.	Darjeeling	6,000	6,000	6,000	6,000
6.	Hooghly	10,200	10,200	10,200	10,200
7.	Howrah	8,400	8,400	8,400	8,400
8.	Jalpaiguri	7,800	7,800	7,800	7,800
9.	Malda	9,000	9,000	9,000	9,000
10.	Midnapur	31,200	31,200	31,200	31,200
11.	Murshidabad	15,600	15,600	15,600	15,600
12.	Nadia	9,600	9,600	9,600	9,600
13.	Purulia	12,000	12,000	12,000	12,000
14.	24-Parganas	30,600	30,600	30,600	30,600
15.	West Dinajpur	9,600	9,600	9,500	9,600

Sl. No.	District	(b) No. of beneficiaries covered 1980-81	1981-82	1982-83	1983-84
1.	Bardhaman	937	1,401	4,380	6,008
2.	Bankura	1,493	2,099	5,043	7,641
3.	Birbhum	4,396	2,057	3,254	3,768
4.	Cooch Behar	5,362	21,465	3,679	9,455
5.	Darjeeling	1,024	2,389	5,699	6,102
6.	Hooghly	1,541	2,525	8,913	9,470
7.	Howrah	345	925	4,436	7,864
8.	Jalpaiguri	1,912	1,147	5,674	1,883
9.	Malda	288	2,078	6,939	5,030
10.	Midnapore	840	1,361	3,811	8,076
11.	Murshidabad	2,661	7,489	10,112	10,818
12.	Nadia	1,276	2,365	11,694	13,373
13.	Purulia	2,113	214	3,496	3,537
14.	24-Parganas	150	1,701	10,721	12,369
15.	West Dinajpur	4,143	4,900	8,765	7,464

[12-00—12-10 P. M.]

Shri Abdus Sattar : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent puhlic impoitance and of recent occurrence, namely: "The outbreak of bacillary dysentery, diarrhoeas and gastro enteritis in an epidemic form resulting in the loss of lives of over 300 persons particularly children in different parts of West Bengal. According to available reports more than 3 lakhs persons have so far been affected by this "Killer Disease" which is spreading to other areas of West Bengal.

Congress Members of West Bengal Legislative Assembly have, during the past one and half months made repeated and frantic efforts, by raising the matter on the floor of the House, to draw attention of the State Government of the acute scarcity of drinking water in rural Bengal and to warn the Government that if timely steps are not taken, delay would give rise to serious complications. The State Government had not paid any heed to the suggestions and demands of Congress M. L. As. The State Government was also forewarned and alerted by a team of Central Medical experts last month about the

possibilities of the spread of such disease in epidemic form. The State Government did not take even this warning seriously and refused to take timely precautionary steps, which were necessary to prevent the out break of the "Killer disease". The State Government has so far miserably failed to gear up the administrative machinery to combat the epidemic. The shortage and non-availability of the medicines are glaring examples of the dismal performance and negligence of the State Government.

It appears that the State Government has not yet realised the dimension and gravity of the situation. The Statement of the Health Minister regarding the number of persons effected by this disease, is inconsistent with the statement of the Minister-in-charge Public Health Engineering.

মিঃ স্পীকার: আপনি তৈরী ষ্টেটমেণ্ট পড়েলেন, পার্লামেণ্টারী নিয়মে এটা হয় না।

শ্রীআবদুস সাত্তার: আপনি বললেন তাই পড়লাম।

মিঃ স্পীকার: আপনি ৫ মিনিট সময় চেয়ে চিঠি দিয়েছিলেন সেইজন্য আপনাকে বলার অনুমতি দিয়েছিলাম, কিন্তু ষ্টেটমেণ্ট পড়া নিয়ম নয়।

শ্রীআবদুস সাত্তার: আমি ভাবলাম আপনি এ্যাডজোর্নমেণ্ট মোশন হিসাবে আমাকে এ্যালাউ করলেন।

মিঃ স্পীকার: আপনি চিঠি দিয়েছিলেন আপনাকে পাঁচ মিনিট সময় দিতে। আপনার সেই চিঠি আমি কনসিড্ করেছিলাম। আমি এখন আর কি বলবো?

শ্রীআবদুস সাত্তার: আমি আপনাকে জিরো আওয়ারে কিছু বলবো বলেছিলাম।

মিঃ স্পীকার: এটা বাদ দিন।

শ্রীআবদুস সাত্তার: আমি জানতাম যে এ্যাডজোর্নমেণ্ট মোশন সিরিয়াসলি নেবেন না। আপনি সংবাদপত্রে দেখেছেন নিশ্চয়ই।

মিঃ স্পীকার: সংবাদপত্র ছাড়া কোন সোর্স নেই আপনার?

শ্রীআবদুস সাত্তার ঃ স্বাস্থ্যমন্ত্রী বলেছেন ৪,৬৪২ জন এই রোগে আক্রান্ত হয়েছেন। রুরাল ওয়াটার সাপলাই মন্ত্রী শ্রীকমল গুহও জেলা থেকে ফিরে এসে বলেছেন যে, কুচবিহারে ৫০ হাজার জন এফেকটেড হয়েছেন। শুধু তাই নয় স্যার, আমার মুর্শিদাবাদের ২ নম্বর ব্লকে বেশ কয়েকজন এই রোগে মারা গেছেন এবং বিনা চিকিৎসায় মারা গেছেন, কারণ সেখানকার প্রাইমারী হেল্‌থ সেণ্টারে ডাক্তার আছে অথচ সেখানে ভর্তি বন্ধ। এর ফলে যাঁরা ডিসেনট্রিতে ভুগছেন তাঁদের ভর্তি করা হয় নি। ভর্তি না হবার ফলেই সেখানে একজন মারা গেছেন। এই ভর্তি না করার মূল কারণ হচ্ছে সেখানকার একজন নার্সকে ট্রান্সফার করা হয়েছিল, কিন্তু সে ট্রান্সফার হবে না। তখন ব্লক অফিসের কো-অর্ডিনেশন কমিটি চাপ সৃষ্টি করেছিলেন। তখন উপর থেকে বলা হোল যে কো-অর্ডিনেশন চাপ দিয়েছে, তাই ওঁকে রিলিজ করে দিয়েছি। এই রিলিজ করবার ফলে ডাক্তাররা বললেন যে, প্রাইমারী হেল্‌থ সেণ্টার বন্ধ করে দিচ্ছি। আজকে এমন একটি জায়গায় প্রাইমারী হেল্‌থ সেণ্টার বন্ধ করে দেওয়া হয়েছে যেখানে শত শত মানুষ এই ডিসেনট্রিতে আক্রান্ত হয়েছেন, ১৬/১৮ জন মারাও গেছেন, অথচ সেখানে হেল্‌থ সেণ্টার বন্ধ। এই অবস্থা আজ সেখানে চলছে। শুধু তাই নয় স্যার, আপনি জানেন যে ১৯৮৯ থেকে ১৯৯০—

শ্রীকমলকান্তি গুহ ঃ মিঃ স্পীকার স্যার, উনি কি পড়ছেন ?

মিঃ স্পীকার : ওঁকে বলতে দিন।

শ্রীআবদুস সাত্তার : আমি পাঁচ মিনিট সময় ওঁর কাছে চেয়েছিলাম কিছু বলবো বলে, উনি আমাকে অ্যালাউ করেছেন। কাজেই বলতে দেবেন। আপনি জানেন স্যার, ১৯৭৭ সালে ইউ.এন.ও.-র ওয়ার্ল্ড কনফারেন্স হয়েছিল আর্জেন্টিনাতে। সেখানে ১৯৮১ থেকে ১৯৯০ পর্যন্ত সময়টাকে ইণ্টারনেশনাল ডিকেড ফর স্যানিটেশন এ্যাণ্ড ওয়াটার সাপ্লাই অর্থাৎ সেখানে প্রতিটি লোকের জন্য পানীয় জলের ব্যবস্থা করবার কথা বলা হয়েছিল। সেই অনুযায়ী আপনি জানেন যে প্ল্যান বাজেটে ওয়াটার সাপ্লাইয়ের জন্য এই পশ্চিমবঙ্গ সরকারকে ১৯৮০-৮১ সালে দেওয়া হয়েছিল ৬ কোটি টাকা।

মিঃ স্পীকার : It is contrary to the zero hour business. Please confine yourself to the subject matter.

শ্রীআবদুস সাত্তার : মিঃ স্পীকার স্যার, আমি বলছি এই কারণে যে ড্রিঙ্কিং ওয়াটার সাপ্লাইয়ের ব্যাপারে এই সরকার বার বার টাকা পাওয়া সত্ত্বেও এক্ষেত্রে অবহেলা করে এসেছেন। এই সরকার এক্ষেত্রে টাকা পেয়েছেন অথচ তা খরচ করেন নি। যে টাকা পেয়েছিলেন তার মধ্যে মাত্র ২ কোটি ৯৪ লক্ষ ৬৫ হাজার টাকা খরচ করেছিলেন ১৯৮০-৮১ সালে।

[12.10—12.20 PM]

মিঃ স্পীকার : If you speak about the original reply, you can make question.

শ্রীআবদুস সাত্তার : নিশ্চয়ই উত্তর দেবেন। যদি আপনি মনে করেন তাহলে উত্তর দেবেন। কিন্তু আমি বলতে চাই স্বাস্থ্য বিভাগের নেগলিজেন্সির কারণে এই অবস্থার সৃষ্টি হয়েছে।

শ্রীপতিতপবন পাঠক : স্যার এই হাউসে সমস্ত জিনিসের উপর টাইম বাউণ্ড থাকে। অন্য প্রসঙ্গে আলোচনা করতে গেলে সময় নষ্ট হয়ে যাবে। এই ব্যাপারে অন্য সময় যুক্ত করা যেতে পারে। স্যার, আপনাকে অনুরোধ করবো নিয়মমতো সভার কাজ চালাবার জন্য।

(গোলমাল)

শ্রীশচীন সেন.: মিঃ স্পীকার স্যার, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আপনার সামনে উপস্থিত করতে চাই। উত্তর ২৪ পরগনার বাগদা থানায় গতকাল এক হাজারের মতো কংগ্রেস কর্মী একজন পরিচিত নেতার নেতৃত্বে এই থানা আক্রমণ করে। শুধু তাই নয়, এই থানার এস. ডি. পি. ও. থানায় ছিলেন এবং ওই আক্রমণকারীদের শান্ত করতে আসেন। কিন্তু সেখানে এস. ডি. পি. ও.-কে তারা প্রচণ্ড মারধোর করে এবং তিনি এখন হাসপাতালে আছেন। এস. ডি. পি. ও,-কে যখন মারধোর করা হচ্ছিল তখন কিছু নিরীহ লোক তাকে রক্ষা করতে আসে। তখন সেই নিরীহ ব্যক্তিদের মারধোর করা হয়। কয়েকজন কংগ্রেস কর্মীকে নেতৃত্ব দিয়ে একজন পরিচিত নেতা বাগদা থানার সামনে প্ররোচনামূলক বক্তৃতা দিতে থাকেন। এর ফলে সেখানে আক্রমণ সংগঠিত হয়। সেখানে এস. ডি. পি. ও. আক্রান্ত হন এবং আরো বেশ কিছু ব্যক্তি আহত হয়েছে এবং তারা হাসপাতালে

আছে। তাছাড়া অনেক পুলিশকে সেখানে মারধোর করা হয়েছে। এই হচ্ছে কংগ্রেস নেতাদের কাজ। এখানে ওনারা আবার বলেন যে, আইন-শৃঙ্খলা নেই। এই ভাবে তাঁরা আইন-শৃঙ্খলাকে নিজেদের হাতে তুলে নিয়েছেন এবং এই ধরনের ব্যবস্থা গ্রহণ করেছেন। আমি আপনার মাধ্যমে এই ঘটনা সম্পর্কে প্রকৃত তথ্য সংগ্রহ করে মাননীয় মুখ্যমন্ত্রী যেন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন তার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার বোধহয় স্মরণ আছে গত বৃহস্পতিবার আমি আপনার কাছে নিবেদন করেছিলাম এবং এই হাউসে মাননীয়া সদস্যা অপরাজিতা গোপ্পী মহাশয়া বলেছিলেন যে, স্যালাইন ওয়াটার পাওয়া যাচ্ছে না হাসপাতালে। আমি বলেছিলাম যে হাসপাতালে ঔষধ পাওয়া যাচ্ছে না এবং তার জন্য আন্ত্রিক রোগের চিকিৎসা হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে স্টেটমেন্ট দিয়েছেন যে সব হাসপাতালে ঔষধ চলে গেছে। এখানে শুধু স্টেটমেন্ট দিলেই চলবে না। হাসপাতালে ঔষধ পাঠানোটা আগে দরকার। স্টেটমেন্ট দিলেই হাসপাতালে ঔষধ পৌঁছে যাবে না। স্যার, আপনাকে বলি ডাক্তারবাবুরা সেখানে গিয়েছে, কিন্তু তাঁরা স্টেটমেন্ট দিচ্ছেন যে স্যালাইন ওয়াটারের জন্য চিকিৎসা করা যাচ্ছে না, তাঁরা ঔষধ পাচ্ছে না। তাঁরা ঔষধ কোন জায়গায় পাচ্ছে না। তাঁরা বলছেন আমরা ঔষধ না পেলে চিকিৎসা করবো কি করে? এইগুলো আমাদের কথা নয়, আপনারা যে ডাক্তারদের পাঠিয়েছেন তাঁরাই এক কথা বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় তাঁর স্টেটমেন্টের এক জায়গায় চ্যালেঞ্জ করে বলেছেন যে, সব জায়গায় ডাক্তার গিয়েছে এবং ঔষধ গিয়েছে। কিন্তু অনেক জায়গায় ঔষধের অভাবে চিকিৎসা হচ্ছে না। মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি বলতে চাই তিনি যে স্টেটমেন্ট দিয়েছেন সেটা অসত্য। এই বিধানসভায় এই ভাবে অসত্য স্টেটমেন্ট দিয়ে ভুল পথে চালিত করা হচ্ছে। আমি এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে এই হাউসে অসত্য ভাষণ তিনি কি করে দিলেন?

শ্রীদীপক সেনগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন গতকাল একটা সংবাদ বেরিয়েছিল। আমাদের শিল্প বাণিজ্য মন্ত্রীর সঙ্গে কেন্দ্রীয় সরকারের মন্ত্রী শ্রীশিবশংকরের সঙ্গে আলোচনা হয়। সেই আলোচনার সময় তিনি বলেন যে, হলদিয়ার পেট্রোক্যামিক্যাল কমপ্লেক্স সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায়

অন্তর্ভুক্ত করা হবে। লোকসভার সদস্য শ্রীঅমর রায় প্রধানের প্রশ্নের জবাবে তিনি এই ধরনের প্রতিশ্রুতি দিয়েছিলেন। পরশু দিন ফরাক্কার একটি অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী শ্রীশিবশংকর এসেছিলেন। সেখানে তিনি একটি অভিযোগ করে গেছেন। তিনি বলেছেন যে, রাজ্য সরকার ঠিকমতো কাগজপত্র পাঠাচ্ছে না বলে সেই কারণে নাকি পশ্চিমবাংলার হলদিয়া পেট্রোকামিক্যাল কমপ্লেক্সের কাজ গ্রহণ করা যাচ্ছে না। এই সমস্ত দায়-দায়িত্ব রাজ্য সরকারের।

এই কথা মন্ত্রী মহাশয় বলেছেন। এ বিষয়ে আমাদের তরফ থেকে একটু পরিষ্কার হওয়া দরকার। রাজ্যের বাণিজ্যমন্ত্রীর এ সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার: স্যার, আমরা আগে বলেছি, আবার বলছি পশ্চিমবাংলায় যখন এই ভাবে ভয়াবহ আকারে মহামারী রোগ দেখা দিয়েছে এবং রাজ্য সরকার যেখানে মুখে বলছেন যুদ্ধকালীন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং তিন দিনের মধ্যে জীবাণু মুক্ত হবে তখন অন্য কোন আলোচনা হতে পারে না। অথচ কার্যক্ষেত্রে দেখতে পাচ্ছি কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না—প্রশাসন চূড়ান্ত ভাবে ব্যর্থ হয়েছে। সরকার মহামারী বলে ঘোষণাও করছেন না। হাসপাতালগুলির চেহারা দেখুন, সেখানে বেড নেই। আমরা দাবী করছি অবিলম্বে ক্যাম্প করে হাসপাতাল করা হোক এবং সমস্ত আলোচনা বন্ধ রেখে এ্যাডজোর্নমেন্ট মোশন গ্রহণ করা হোক। এই সরকার শিশু হত্যাকারী—এদের জবাব দিতে হবে। আমাদের বহু বিষয়ে বলবার আছে। এখন আর অন্য কোন বিষয়ে আলোচনা হতে পারে না।

(গোলমাল)

শ্রীরবীন মণ্ডল: স্যার, বিরোধী দলের দায়িত্বশীল নেতা হিসাবে প্রথমেই আন্ত্রিক রোগের বিষয় নিয়ে যেভাবে শুরু করেছেন সে বিষয় আমরা খুব উদ্বিগ্ন। এই অবস্থার প্রতিরোধ করবার জন্য বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে যুদ্ধকালীন ব্যবস্থা হিসাবে যেভাবে মোকাবিলা করা হচ্ছে তা প্রশংসনীয়। বামফ্রন্টের চেয়ারম্যান সরোজ মুখার্জী ইতিমধ্যে সমস্ত জায়গার বামফ্রন্টের কর্মীদের বলেছেন, আপনারা মাঠে ময়দানে নেমে পড়ুন যাতে এই রোগ থেকে মানুষের প্রতিরোধ হতে পারে। বামফ্রন্টের মুখ্যমন্ত্রী গভীর উদ্বেগের সঙ্গে এই রোগ প্রতিরোধ করবার যে ব্যবস্থা করছেন সেটাও প্রশংসনীয়। ওঁরা এর বিরোধিতা করছেন। গো-মড়কের সময় শকুনদের যেমন উল্লাস দেখা যায় ঠিক তেমনি এখানেও দেখা যাচ্ছে। সে জন্য

আমার বক্তব্য হচ্ছে এই রোগ প্রতিরোধ করবার জন্য দলমত নির্বিশেষে আপনারা এগিয়ে আসুন, এই নিয়ে রাজনীতি করবেন না।

Mr. Speaker : If you speak about the original reply, you can make question.

Dr. Zainal Abedin : Sir, you are a notable jurist. You are a distinguished criminal lawyer. You know, if a person is responsible for murdering other—if it is proved, what punishment is inflicted on him. Sir, it has been proved by records that over five hundred children have been murdered by this dangerous gang of criminals.

[12.20—12.30 P.M.]

Sir, I do demand that you please allow us time to discuss the important issue. It is the worst tragedy. They are * * * * that is why I demand that time should be given to discuss this very important matter. I request you to allow the Adjournment Motion moved by the Leader of the Opposition to discuss this matter.

Mr. Speaker : 'Gang of dangerous criminals' কথাগুলো বাদ যাবে।

শ্রীমতী অঞ্জু কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটা হচ্ছে, গত ১৬।৪।৮৪ তারিখে বোমা, মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে একটি বারোয়ারী পুজোকে কেন্দ্র করে ইন্দিরা কংগ্রেসের কিছু সমাজবিরোধী, তাদেরই কিছু সমর্থকের উপর চড়াও হয়। এতে ওদেরই একজন প্রাক্তন প্রার্থী দেবেন্দ্র বিজয় ঘোষ আহত হয় এবং আর একজন সমর্থক আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। পরে পাড়ার লোক ছুটে এলে সেই সব সমাজবিরোধীরা পালিয়ে যায়। তারপর পুলিশ এসে ইন্দিরা কংগ্রেসের সেই লিডার, যিনি আমাদের কমরেড মহাদেব ব্যানার্জী মহাশয়ের খুনের আসামী, তার বাড়ি সার্চ করে তিনটে পাইপ গান, তিনটে রিভলভার, প্রচুর গুলি, প্রচুর বোমা এবং বোমার মশলা উদ্ধার করে। এই ব্যাপারে একজনকে এ্যারেষ্ট করা হয়েছে। আমি এই জন্য এই ঘটনাটা এখানে উল্লেখ করছি, কারণ ১৯৭২ সালে এরাই এই সব অস্ত্রশস্ত্র নিয়ে শুধু মাত্র কালনারই আমাদের ৪২ জন নেতা এবং কমরেডকে খুন করেছিল। সেই সব অস্ত্রশস্ত্র

Note : * Expunged as ordered by the Chair.

আজকে কিছু পাওয়া গেছে ঐ নেতার বাড়ি থেকে। তাই ঐ এলাকার মানুষ এই ব্যাপারে বিশেষ উদ্বিগ্ন, যাতে অবিলম্বে এই সমস্ত বেআইনী অস্ত্রশস্ত্র উদ্ধার করা হয় এবং অপরাধীরা যাতে ঠিক ভাবে শাস্তি পায় তার জন্য স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়, তথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

(নয়েজ)

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় স্পীকার মহাশয়, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, কারণ চারিদিকে এই রোগ মহামারীর আকার ধারণ করেছে। সবচেয়ে আশ্চর্যের বিষয় এই অবস্থাতেও ঔষধপত্র সরবরাহ করা হচ্ছে না। কাজেই আমি অনুরোধ করছি এই গুরুত্বপূর্ণ ব্যাপার নিয়ে বিধানসভায় আমাদের আলোচনা করার সুযোগ দিন।

(নয়েজ)

Mr. Speaker: প্লীজ সিট ডাউন।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় স্পীকার মহাশয়, আপনি যখন আমাদের এই বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিচ্ছেন না তখন আমরা প্রতিবাদে হাউস পরিত্যাগ করছি।

ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today I have received seven notices of adjournment motions tabled by :—

1. Shri Abdus Sattar.
2. Shis Subrata Mukhopadhyay.
3. Shri Kashinath Misra.
4. Shri Ashok Ghosh.
5. Shri Abdul Mannan.
6. Shri Dhirendra Nath Sarkar and
7. Shri Deba Prasad Sarkar,

On the subject of outbreak of bacillary dysentery, diarrhoea and gastro enteritics in epidemic form resulting in death of hundreds of persons in West Bengal.

The matter has already engaged the attention of the Government and the Minister concerned has already made statement on the subject in the House.

Further, the Hon'ble Members may also draw the attention by calling attention notices and mentions etc.

I, therefore, withhold my consent to the motions. One member of the party may however read out the text of the motion, as amended.

Shri Abdus Sattar : Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely :—

The outbreak of bacillary dysentery, diarrhoea and gastro enteritics in an epidemic form resulting in the loss of lives of over 300 persons particularly children in different parts of West Bengal. According to available reports more than 3 lakhs persons have so far been affected by this 'Killer Disease' which is spreading to other areas of West Bengal.

The statement of the Health Minister regarding the number of persons affected by this disease, is inconsistent with the statement of the Minister-in-Charge, Public Health Engineering.

Mr. Speaker : Please tase your seats. Now Crlling Attention.

(At this stage the SUCI members walked out of the Chamber)

(Noise)

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 7 notices of Calling Attention, namely :

1) Recommendation of Dr. Bhabatosh Dutta Commission regarding transfer of Controlling Authority of some Colleges—From Shri Sadhan Chattopadhyay.

2) Outbreak of enteric disease resulting death of many children in West Bengal—From Shri Kashinath Misra, Shri Asok Ghosh and Shri Sisir Adhikari.

3) Reasons for refusal of U. G. C.'s report to recognise Vidyasagar Univesity, Midnapur as presented to Parliament—From Shri Abanti Mishra, Dr. Manas Bhunia and Shri Probodh Chandra Sinha.

4) Alleged murder of Forest Ranger at Alipurduars, Jalpaiguri on 21. 4. 84—From Shish Mohammad.

5) Death of many people from entreric disease at West Dinajpur—From Shri Dhirendranath Sarkar.

6) Alleged attack by Police on demonstrator of Congress (I) on 21. 4. 84 at Bagda, 24-Parganas—From Shri Humayun Chowdhury aud Shri Abdul Mannan.

7) Alleged attack on Policemen by Congress (I) demonstrators on 21. 4. 84 at Bagda, 24-Parganas—From Sachin Sen.

I have selected the notices of Shri Humayun Chowdhury, Shri Abdul Mannan and Shri Sachin Sen.

The Minister-in-charge may please make a statement to-day, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : On the 25th, Sir,

Mr. Speaker : Now I call upon the Minister-in-charge of Commerce and Industries Department to make a statement on the subject of prolonged closure of Steel and Allied Product Factory No. 1 at Mominpur and Factory No. 2 at Behala, attention called by Shri Sumanta Kumar Hira and Shri Md. Nezamuddin on the 18th April, 1984.

(Shri Nirmal Kumar Bose rose to speak)

(noise)

(Several members rose in their seats)

Shri Subrata Mukherjee : We want the Health Minister not the Commerce Minister

Shri Nirmal Kumar Bose : M/s. Steel and Allied Products Limited (SAP) promoted in 1951 as a p ivate limited company, was coverted into a public limited company in 1954. The company's performance was very good initially as a resultt of which the company was prompted between 1956-1969, to expand by installing certain highly sophisticated plant and equipment in collaboration with a West German Group. More than 1010 worker are in the employ of the company.

2. For varions reasons, this company started developing sickness around 1976-77. Hidnustan Machine Tools Limited, Project Consultancy Division (HMT), at the instance of the leading institution viz., IFCI, was appointed to conduct a viability study and to recommend steps necessary for revival of the company. Unfortunately, action on the Report submitted by HMT was stalled whereby the revival of the company had received a set-back. Ultimately, management of the company had declared a lock-out in April, 1980. The compnny has been virtually lying closed since then.

3. It is true that the financial position of the company is unsatisfactory with accumulated loss of Rs. 859 lakhs and a negative net-work of Rs. 311 lakhs. It is, however, still possible to ievive the company provided the Central and the State Governments make serious and combined efforts. HMT in its report has come to this couclusion that there is no doubt that the company could be made viable if its productive resources are rationalised and aid is forthcoming in time and in the manner suggested in the report.

4. In consideration of the fact that the revival of this company is technically feasible, several attempts were made to re-open this company. In August, 1982 the Chief Minister wrote to the Union Finance Minister requesting him to revive the company by giving certain relief and concessions and fresh input of about Rs. 5 crores during the course of next 3 to 4 years to enable the company to achieve a break-even of production. It is understood that the matter was examined by the Banking Division of the Finance Ministry. The result is not, however, known to the State Government.

5. Recently on 18th April, 1984 the Chief Minister has again written to the Minister of Industry, Steel & Mines requesting him to examine the matter and take necessary steps to revive the company either by laking it over under industries (Development & Regulation) Act or by providing concessional finance on the basis of the condensed scheme which was prepared for the revival of this company. The Chief Minister has also requested the Union Finance Minister to persuade the Industry Ministry to take steps for revival of the unit. The decision of the Central Government in the matter is being awaited.

LEGISLATION

The West Bengal Appropriation (No. 2) Bill, 1984

Mr. Speaker : I now request Dr. Ashok Mitra to introduce the Bill.

(Noise)

(Several Members from Congress (I) Bench rose in their seats)

Dr. Ashok Mitra : Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Appropriation (No. 2) Bill, 1984.

(Noise)

(Secretary then read the Title of the Bill)

(At this stage the Members of Congress (I) walked out of the Chamber)

Dr. Ashok Mitra : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill 1984, be taken into consideration ... মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিতর্কের পরে আমি আমার বক্তব্য রাখবো।

Mr. Speaker : The first speaker is Shri Abdus Sattar. I do not find him in the House. I call upon Shri Sumanta Kumar Hira to speak.

(Shri Sumanta Kumar Hira rose io speak)
(At tihs stage the Members of Congress (I) again entered the Chamber.)

Mr. Speaker : Mr. Sattar, are you going to speak on the Appropriation Bill ?

শ্রীআবদুস সাত্তার : হ্যাঁ বলবো—কিন্তু বলে কি হবে ? আজকে এতো শিশু ছেলের মৃত্যু হতে চলেছে বিনা চিকিৎসায়, সেখানে এই সব শিশু হত্যাকারীদের কি বলবো। স্যার আজকে এ্যাপ্রোপ্রিয়েশন বিল এখানে আনা হয়েছে। বাজেট আজকে শেষ ধাপে এসে পোঁছে গেছে। কিন্তু আমরা এমন সময়ে মিলিত হয়েছি, যখন পশ্চিমবাংলার প্রতিটি জেলায় শত শত শিশু শত শত ছেলেমেয়ে এই আন্ত্রিক রোগে মারা যাচ্ছে বিনা চিকিৎসায়। আজকে ভগবানগোলার ২ নং ব্লকে যে হাসপাতালটা আছে সেটা বন্ধ করে দেওয়া হয়েছে এবং সেখানে সমস্ত শিশু যাদের এই রোগ হয়েছে তারা সবই মারা গেছে। কালকের আনন্দবাজার পত্রিকায় এই সংবাদ বেরিয়েছে। শুধু তাই নয়, আমাদের মাননীয় কৃষি মন্ত্রী কুচবিহার ঘুরে এসেছেন। সেখানে উনি বলেছেন ৫০ হাজার লোক এই রোগে এ্যাফেকটেড হয়েছে। অথচ আমাদের স্বাস্থ্যমন্ত্রী বলছেন চার হাজারের কিছু বেশী এই রোগে পশ্চিমবাংলায় এ্যাফেকটেড হয়েছে।

সুতরাং দুজন মন্ত্রীর কথার মধ্যে আকাশ-পাতাল তফাৎ হয়ে যাচ্ছে। একটি জেলায় ৫০ হাজার আক্রান্ত হয়েছে, এই কথা তিনি বলেছেন, আর স্বাস্থ্যমন্ত্রী ৪ হাজারের মত আক্রান্ত হয়েছে বলছেন। আমি মনে করি দূষিত জল খেয়ে এই অবস্থা হয়েছে। কিন্তু এই সরকারের আজকে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের ক্ষমতা নেই। সুতরাং যে সরকারের বিশুদ্ধ পানীয় জল সরবরাহের ক্ষমতা নেই সেই সরকারের এ্যাপ্রোপ্রিয়েশন বিলকে আমরা কখনই সমর্থন করতে পারি না। স্যার, আপনি জানেন ইন্টারন্যাশন্যাল ড্রিংকিং ওয়াটার সাপ্লাই এ্যাণ্ড স্যানিটেশনের ব্যবস্থা ১৯৮১ সাল থেকে ১৯৯০ সালের মধ্যে করার প্রস্তাব হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী নিশ্চয় জানেন আর্জেন্টিনায় সেফার ওয়াটার সাপ্লাই এ্যাণ্ড স্যানিটেশন ফর দি পিপল্ থ্রু আউট দি ওয়ার্লড্, এই সম্পর্কে ১৯৭৭ সালে একটি সম্মেলন ডাকা হয়েছিল। তাতে বলা হয়েছিল প্রত্যেকটি গ্রামে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করে দিতে হবে। সেখানে বলা হয়েছিল রুরাল ওয়াটার সাপ্লাই হচ্ছে মিনিমাম নিডস্ প্রোগ্রাম এবং এই মিনিমাম নিডস্ প্রোগ্রামে কেন্দ্রীয় সরকার আমাদের ৬ কোটি টাকা দিয়েছিল ১৯৮০-৮১ সালে। প্ল্যানিং কমিশনের দেয় এই ৬ কোটি টাকার মধ্যে ১৯৮০-৮১ সালে খরচ হয়েছিল মাত্র ২ কোটি ৯৪ লক্ষ ৬৫ হাজার টাকা। ৩ কোটি ৫ লক্ষ ৩৫ হাজার টাকা সরকার

খরচ করতে পারেনি। এটা এই সরকারের ব্যর্থতা ছাড়া আর কি হতে পারে? ১৯৮১-৮২ সালে ৮ কোটি ৮১ লক্ষ টাকা ওয়াজ স্যাংশণ্ড বাই দি প্ল্যানিং কমিশন। এ্যাকচুয়াল এক্সপেণ্ডিচার হয়েছে এই সুয়ারেজ এ্যাণ্ড ওয়াটার সাপ্লাই বাবদ মাত্র ৫ কোটি ৯২ লক্ষ ৯১ হাজার টাকা। এখানে দেখা যাচ্ছে ৬৭% ইউটিলাইজ্‌ড্ হয়েছিল। ৫ কোটি ৯২ লক্ষ ৯১ হাজার টাকা বাদ দিলে ২ কোটি ৮৮ লক্ষ ৯ হাজার টাকা খরচ করতে পারেন নি। টাকা দেওয়া সত্ত্বেও এই সরকার খরচ করতে পারছে না, ফেরত চলে যাচ্ছে। ১৯৮২-৮৩ সালে ৭ কোটি ৯০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল প্ল্যানিং কমিশন থেকে সুয়ারেজ এ্যাণ্ড ওয়াটার সাপ্লাই-এর জন্য। কিন্তু সরকার কত খরচ করলেন? মাত্র ৪ কোটি ৬৩ লক্ষ ৭৯ হাজার টাকা। ৫৮·৮% আনইউটিলাইজ্‌ড্ পড়ে রইল। অর্থাৎ ৩ কোটি ২৬ লক্ষ ২১ হাজার টাকা খরচ করতে পারলেন না। এই টাকা খরচ না করার জন্যই আজকে মহামারী দেখা দিয়েছে। এর জন্য দায়ী কে? এই সরকার ছাড়া আর কে হতে পারে? যে টাকা খরচ করার জন্য বরাদ্দ করেছেন এদের অপদার্থতার জন্য সেই টাকা খরচ করতে পারেননি। শুধু তাই নয়, Pipe water supply for rural areas excluding areas under scheduled castes and tribes সেখানে স্পেশাল প্ল্যানে ১৯৮০-৮১ সালে ২ কোটি ৪২ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। সেখানে এ্যাকচুয়াল খরচ হয়েছে ১ কোটি ৩৭ লক্ষ ৬৪ হাজার টাকা, ১ কোটি ৪ লক্ষ ৩৬ হাজার টাকা খরচ করতে পারেন নি। ১৯৮১-৮২ সালে রুরাল ওয়াটার সাপ্লাই স্কীমে ৪ কোটি টাকা দেওয়া হয়েছিল। তার মধ্যে ২ কোটি ৮১ লক্ষ ৩৫ হাজার টাকা খরচ করেছেন। বাকি ১ কোটি ১৮ লক্ষ ৬৫ হাজার টাকা খরচ করতে পারেন নি। ১৯৮২-৮৩ সালে ৩ কোটি ৮০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। ২ কোটি ৯১ লক্ষ ৭৮ হাজার টাকা খরচ হয়েছে। ৮৮ লক্ষ ২২ হাজার আনস্পেণ্ট রয়ে গেছে। সুতরাং দেখা যাচ্ছে এই ভাবে টাকা দেওয়া সত্ত্বেও সরকার খরচ করতে পারেন নি। কাজেই এই মহামারীর জন্য সরকার দায়ী। এই মহামারীর জন্য সরকারের এই বিভাগ দায়ী, স্বাস্থ্য বিভাগ দায়ী। কলকাতায় একটি জায়গায় মহামারী শুরু হয়ে গেছে দেখতে পাচ্ছি আজকে গোটা পশ্চিমবাংলায় মহামারী শুরু হয়ে গেছে, কেবল মন্ত্রীদের বাড়ী ছাড়া। Provision for protection of drinking water supply in the rural areas-এর জন্য প্ল্যানিং কমিশন আপনাদের কত দিয়েছিল? ১৯৮০-৮১ সালে ২ কোটি ৮২ লক্ষ ৬০ হাজার টাকা দিয়েছিল এবং ১ কোটি ৩১ লক্ষ ৩২ হাজার টাকা আপনারা খরচ করেছেন। ১৯৮১-৮২ সালে ৩ কোটি ৮০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। আপনারা ২ কোটি ৭২ লক্ষ ৫৩ হাজার টাকা খরচ করেছেন।

[12.40—12.50 P.M.]

১৯৮২-৮৩ সালে প্ল্যানিং কমিশন থেকে ৩ কোটি ৭৭ লক্ষ টাকা দেওয়া হয়েছিল, কিন্তু আপনারা খরচ করেছেন মাত্র ১ কোটি ৭২ লক্ষ ১ হাজার টাকা। সেখানে ৪৬% ইউটিলাইজড হয়েছে, আর বাকি টাকাটা আনইউটিলাইজড থেকে গিয়েছে। তারপর Schemes under Accelerated rural water supply programmes with 100% central assistance. তাতে দেখা যাচ্ছে ১৯৮০-৮১ সালে আপনাদের দেওয়া হয়েছিল ৭ কোটি ৪৪ লক্ষ ৬২ হাজার টাকা, ১৯৮১-৮২ সালে ৭ কোটি ৮০ লক্ষ ৬৭ হাজার টাকা, ১৯৮২-৮৩ সালে ১০ কোটি ৭৭ লক্ষ ৪২ হাজার টাকা, কিন্তু সেই টাকা আপনারা খরচ করতে পারেন নি। কাজেই আজকে চারদিকে যে মহামারী দেখা দিয়েছে তার জন্য দায়ী এই সরকার। আমি তাই এই সরকারকে 'শিশু হত্যাকারী সরকার' এই আখ্যায় ভূষিত করতে চাই। তারপর আমি আপনাদের আরো অপদার্থতার উদাহরণ তুলে ধরতে চাই। ১৯৭৭-৭৮ সালে দেখা যাচ্ছে আপনাদের এ্যাপ্রুভড প্ল্যান বাজেটে যে টাকা দেওয়া হয়েছিল সেই টাকা আপনারা সম্পূর্ণ খরচ করতে পারেন নি। এ্যাডমিটেড কোয়েশ্চেন নং ১০০২ অব শ্রীদেওকিনন্দন পোদ্দার তাঁর যে লিখিত উত্তর ফাইনান্স মিনিষ্টার দিয়েছেন গত ১৯.৪.৮৪ তারিখে তার থেকেই আমি তথ্য তুলে ধরছি। ১৯৭৭-৭৮ সালে ৩১০'৯২ ক্রোরস দেওয়া হয়েছে, আর আপনারা এ্যাকচুয়ালি খরচ করেছেন ২৭৮'৬২ ক্রোরস। অর্থাৎ যে টাকা দেওয়া হয়েছিল সেটা আপনারা খরচ করতে পারেন নি। ১৯৭৮-৭৯ সালে ৩৭১'৪০ ক্রোরস দেওয়া হয়েছিল, আর খরচ করেছেন ৩০৮'৮৭ ক্রোরস। ১৯৭৯-৮০ সালে ৪৭৯'৮০ ক্রোরস, আর খরচ করেছেন ৩৫০'৯১ ক্রোরস। অর্থাৎ যে টাকা এ্যাপ্রুভড প্ল্যান আউটলে-তে পেয়েছেন, প্রতি বছর সেটা খরচ করতে পারেন নি। ঐ তিন বছরে আনস্পেণ্ড এ্যামাউন্ট হচ্ছে ২২৩ কোটি ৯২ লক্ষ টাকা। আপনি যে লিখিত উত্তর দিয়েছেন তার থেকেই আমি এইসব তথ্য দিলাম, আমি অন্য কোন জায়গা থেকে তথ্য দিই নি। ১৯৮০-৮১ সালে এ্যাপ্রুভড প্ল্যান আউটলে-তে দেওয়া হয়েছিল ৫৭৫'১০ ক্রোরস, আর এ্যাকচুয়ালি খরচ করেছেন ৪২০'৩৫ ক্রোরস। ১৯৮১-৮২-তে ৬৩৮, আর খরচ করেছেন ৪৫৪'৩৩। ১৯৮২-৮৩ সালে প্ল্যান আউটলে ছিল ৫৯০, আর খরচ করেছেন ৪৫২'৭২ ক্রোরস। অর্থাৎ ৩৭৫'৭৭ ক্রোরস টাকা ১৯৮০-৮১ থেকে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত খরচ করতে পারেন নি। এই অবস্থায় আপনারা বড় বড় কথা বলছেন। আপনি একজন বিজ্ঞ লোক, আপনি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অর্থনীতিবিদ, কিন্তু আমরা দেখছি এ্যাপ্রুভড

প্ল্যান আউটলে-তে যে টাকা দেওয়া হয়েছে সেই টাকা দেশের কল্যাণমূলক কাজে আপনারা খরচ করতে পারেন নি।

সুতরাং ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত ৫৯৯ কোটি ৪২ লক্ষ টাকা যেটা প্ল্যাণ্ড আউটলে ছিল, সেটা খরচ করতে পারেন নি। কাজেই আপনি এগিয়ে যাচ্ছেন, কি পিছিয়ে যাচ্ছেন, সেটা নিজেও বলতে পারছেন না। আপনি এই যে এ্যাপ্রোপ্রিয়েশান বিল এনেছেন, নিশ্চয়ই এটা আপনাকে আর্টিকেল ২০৪ ধারা অনুযায়ী আনতে হবে। কিন্তু প্রশ্ন হচ্ছে আপনাকে কেন্দ্র যে টাকা দিচ্ছে, আপনি কেন্দ্র থেকে আরো টাকা নিন, আরও বেশী টাকা যদি নিয়ে আসতে পারেন আসুন, তাতে আমাদের কোন আপত্তি নেই, কিন্তু প্রশ্ন হচ্ছে যে যদি ঠিকমত খরচ করতে না পারেন তাহলে এই টাকা নিয়ে লাভ কি? এই টাকা কোথায় যাচ্ছে? আপনি নিজে বলেছেন যে ১৯৮০-৮১ সালে অনলি খরচ হয়েছে ২৯.৫৩% এ্যাকচুয়াল প্ল্যাণ্ড এক্সপেণ্ডিচারে এবং পার্সেনটেজ অব টোটাল রেভিনিউ এ্যাণ্ড ক্যাপিটাল এক্সপেণ্ডিচার ওয়াজ সো ডিকলাইন—কিভাবে ডিকলাইন করেছে দেখুন, টোটাল রেভিনিউ এবং ক্যাপিটাল এক্সপেণ্ডিচার যদি ধরা হয় তাহলে দেখা যাবে যে ১৯৮০-৮১ সালে ২৯.৪৩% ছিল যেখানে, সেখানে ১৯৮১-৮২ সালে ছিল ২৬.৭৭% অর্থাৎ কমে গেল। ১৯৮২-৮৩ সালে সেটা হল ২১.৩%। অর্থাৎ ক্রমশঃ প্ল্যান আউটলে থেকে কমে যাচ্ছে। এটা আপনার কীর্তি ছাড়া আর কি হতে পারে। আপনার এই মহান কীর্তির জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই ধন্যবাদটা কি রকম ধন্যবাদ সেটা নিশ্চয়ই বুঝতে পারছেন। এই যে ধন্যবাদ জানাচ্ছি, এটা কিন্তু আসল ধন্যবাদ নয়। এটা বিদ্রূপাত্মক ধন্যবাদ জানাচ্ছি। আমি আগে বলেছিলাম যে সিক্সথ ফাইভ ইয়ার প্ল্যানে ৩ হাজার ৫০০ কোটি টাকা ধরা ছিল। আউট অব দিস স্টেট গভর্নমেন্টের ভিউ ছিল যে তারা ৬২% রেইজ করবে। অর্থাৎ ২ হাজার ১৭৮ কোটি টাকা। আর ৬৪২ কোটি টাকা অর্থাৎ ৮০% টাকা আসবে লোন থেকে এবং সেন্ট্রাল এ্যাসিস্ট্যান্স আসবে ৬৮০ কোটি টাকা। কিন্তু দুর্ভাগ্যের বিষয় আপনার ৩ বছরের হিসাবে দেখা যাবে যে যেখানে গভর্নমেন্ট হ্যাজ কমিটেড টু রেইজ ২ হাজার ১৭৮ কোটি টাকা ৫ বছরের মধ্যে, সেখানে ডিউরিং দি লাস্ট থ্রি ইয়ারস ১ হাজার ৩২৩ কোটি টাকা খরচ হয়েছে এবং এর মধ্যে পশ্চিমবঙ্গ সরকার যে টাকা উঠিয়েছেন তার পরিমাণ হচ্ছে মাত্র ৩৩৪ কোটি টাকা। বাকী টাকাটা কেন্দ্রের কাছ থেকে বা কেন্দ্রীয় কোন সংস্থা থেকে আসছে। আজকে ৩ হাজার ৫০০ কোটি টাকা যদি ৫ বছরে খরচ করতে পারতেন তাহলে সেভেন্থ ফাইভ ইয়ার প্ল্যানে আপনি ডবল করতে পারতেন। ৩

হাজার ৫০০ কোটি টাকায় আপনি রাজি হয়েছিলেন যে ২ হাজার ২৭৮ কোটি টাকা ওঠাবেন, কিন্তু সেই ক্ষমতা হয় নি। আপনি বলেছেন যে অনেক টাকা উঠিয়েছেন। আপনি হিসাব দিয়েছেন যে বাইরের অন্যান্য ষ্টেট থেকে অনেক টাকা উঠিয়েছেন। কিন্তু এখানে দেখা যাচ্ছে যে আপনি তা পারেন নি। ১ হাজার ২২৩ কোটি টাকা ৩ বছরে খরচ, তাতে আপনার কনট্রিবিউশান হচ্ছে মাত্র ৩৩৪ কোটি টাকা। In the first four years of the plan the State Govt. has received Rs. 1715 crores from Central Govt., though the allocation, however was for the Sixth Five Year Plan ৫ বছরের জন্য ৬৮০ কোটি টাকা ছিল, কিন্তু ৪ বছরে কেন্দ্রীয় সরকার আপনাকে ১৫ কোটি টাকা দিয়েছেন। অর্থাৎ ৬৮০ কোটির জায়গায় মাত্র ১৫ কোটি টাকা দিয়েছে। তারপরে আসুন লোন ফ্রম দি সেনট্রাল গভর্নমেণ্ট, এ্যাডমিটেড কোশ্চেন নং ১০১৬, আবদুল মান্নান করেছিলেন। সেখানে আপনি উত্তরে বলেছিলেন, the total loan taken from the Central Govt. during the period from 1977 to 1980 is Rs. 2410·2 crores.

[12.50—1.00 P.M.]

মাননীয় মন্ত্রী মহাশয় নিজেই এ্যাডমিটেড কোশ্চেন নং ১০১৬ অফ শ্রীআবদুল মান্নান-এর রিটিন্ রিপ্লাইতে ২৭. ৩. ৮৪ তারিখে বলেছেন ২৪১০·২ কোটি টাকা লোন হিসাবে পেয়েছেন ফ্রম দি সেণ্টার। শেয়ার ইন ইউনিয়ন একসাইজ ডিউটিস বাই দি ষ্টেট গভর্নমেণ্ট—এটা হচ্ছে, দি টোটাল এ্যামাউন্ট রিসিভড এ্যাজ শেয়ার ইন দি ইউনিয়ন একসাইজ ডিউটিস বাই দি ষ্টেট গভর্নমেণ্ট। এ সম্বন্ধে এ্যাটমিটেড কোশ্চেন নং ২৫৮৪। অফ শ্রীশেখ আনোয়ার আলী, ফিনান্স মিনিষ্টার তাঁর রিটিন্ রিপ্লাইতে ১৯ এপ্রিল, ১৯৮৩ তারিখে বলেছেন, ১৯৭২-১৯৭৭ পর্যন্ত শেয়ার ইন ইউনিয়ন একসাইজ ডিউটি হচ্ছে ২৯১.১৫ কোটি টাকা। অর্থাৎ এটা আমাদের সময়ে পাওয়া গিয়েছিল। আর ১৯৭৮-৮৩ সাল পর্যন্ত সেটার পরিমাণ হচ্ছে ১০৮৪·৬৫ কোটি টাকা। এই টাকা আপনারা পেয়েছেন। অর্থাৎ দেখা যাচ্ছে যে, আপনারা প্রচুর টাকা পেয়েছেন। অবশ্য সে টাকা কোথায় যাচ্ছে তা আমরা জানি না। পার্টি ফাণ্ডে যাচ্ছে, না কোথায় যাচ্ছে, জানি না। আপনারা নাকি পঞ্চায়েতকে অনেক টাকা দিয়েছেন। পঞ্চায়েত মন্ত্রী এখানে বসে আছেন, তিনি প্রায়ই বলেন, পঞ্চায়েত নাকি গ্রামে অনেক টাকা খরচ করে অনেক কাজ

করেছে। কিন্তু আমরা তো দেখছি কাজ কিছুই হচ্ছে না, সমস্ত টাকা আত্মসাৎ হচ্ছে, আলিমুদ্দিন ষ্ট্রীটে প্রাসাদ তৈরী হয়েছে। জব সিকারস সম্বন্ধে আপনাদেরই জবাব থেকে আমি এখানে উল্লেখ করছি। কারণ এমপ্লয়মেন্ট প্রব্লেম ইজ এ ভেরি সিরিয়স প্রবলেম, এ্যাকিউট প্রবলেম এবং এই প্রবলেম পশ্চিমবাংলায় যেরকম তা ভারতবর্ষের আর কোথাও নেই। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, আপনারা ক্ষমতায় আসার পর থেকে এই সমস্যা কি ভীষণ আকার ধারণ করেছে। এ্যাডমিটেড কোশ্চেন নং ৫৬১ অফ শ্রীআবদুল মান্নান, ২৭.৩.৮৪ তারিখে লেবার মিনিষ্টার উত্তরে বলেছেন ১২৩% বেকার ইনক্রিস হয়েছে। লিভ রেজিষ্টার বলছে ১৯৭৮ সালের শেষ দিক পর্যন্ত ১৭,৪৯,৫২৯ ; আর ৩৯,০৪,৫২৭ হয়েছে। At the end of December 1983 the number of vacancies notified during a year has fallen by 32% from 46,072 in 1978 to 31,218 in 1983. The number of placements effected during a year has also fallen by 22% from 15,518 in 1978 to 12,068 in 1983. সুতরাং এগুলি আমি আপনাদের প্রশ্নের থেকেই বলছি। লেবার মিনিষ্টার নিজে এই উত্তর দিয়েছেন। আমি অন্য কোন তথ্য থেকে বলছি না। এ সমস্ত আপনাদেরই কথা। তার পরে আরো বলছেন, During the period between July 1977 to December 1982 total employment in the organised sector in West Bengal increased by only 4.25%. অথচ তিনি আরেকটি প্রশ্নের উত্তরে বলছেন যে, The number of unemployed registered job seekers in the State increased by 175·55% during the same period. যেখানে ১৭৫·৫৫% বেকারের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, সেখানে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির হার হচ্ছে ৪·২৫%। এই তো হচ্ছে অবস্থা। During this period total employment in organised sector increased by 1,06,919 from 25,13,093 as on 30th June 1977 to 26,20,012 as on 31st December, 1982. The number of unemployed registered job seekers during this period increased by 22,28,085.

সুতরাং জব সিকারদের সংখ্যা বেড়ে যাচ্ছে, এর সমাধান করার কোন রাস্তা নেই। আপনি হয়তো বলবেন এই পুঁজিবাদী কাঠামোর মধ্যে সম্ভব নয়, সীমিত ক্ষমতার মধ্যে যতদূর পারবো করবো, কারণ কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন না। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, কেন্দ্রীয় সরকার যেগুলি দিচ্ছেন সেগুলি খরচ করতে কেন পারছেন না ? ওয়াটার সাপ্লাই স্কীমের টাকা দিয়েছে, আপনারা খরচ করতে পারেন নি, মিনিমাম নিডস প্রোগ্রামের জন্য টাকা দিয়েছে, আপনারা খরচ করতে পারেন নি, প্লান আউটলের জন্য প্রতি বছর দেওয়া হচ্ছে। আপনারা খরচ করতে পারছেন না আপনাদের ব্যর্থতা এবং আপনাদের অক্ষমতার জন্য। এইসব

লোনের জন্য কত ইনটারেস্ট দিয়েছেন। প্রতি বছর ডেট এ্যাণ্ড আদার অবলিগেশানের জন্য ৫৬৮'৫৪ কোটি টাকা ইন্টারেস্ট দিয়েছেন। এটা এ্যাডমিটেড কোশ্চেন নাম্বার ১০৪৩ অফ শ্রীশেখ ইমাজুদ্দিন বলেছেন। The percentage of net interest to total revenue receipts has increased from 9·74% in 1978-79 to 12·31% in 1982-83. টোটাল রেভেনিউ থেকে এইভাবে লোন নিয়েছেন, আর এদিকে স্থায়ী সম্পদ সৃষ্টি করতে পারছেন না। আপনাদের উত্তর থেকেই আর একটি জিনিস দেখাবো যে পশ্চিমবাংলা কি রকম পিছিয়ে যাচ্ছে। Annual growth rate per capita State Domestic Product (at current prices) during the period between 1976-77 to 1981-82. আপনি নিজেই বলেছেন এ্যানুয়াল গ্রোথ মহারাষ্ট্রে হচ্ছে ১০'৭০ পারসেন্ট, তামিলনাড়ুতে ৭'৭৮ পারসেন্ট, গুজরাটে ৯'৬০ পারসেন্ট, কর্ণাটকে ৭'৮২ পারসেন্ট আর ওয়েষ্ট বেঙ্গলে হচ্ছে ৫'৯৬ পারসেন্ট। আপনিই প্রশ্নের উত্তর দিয়েছেন ৬ এপ্রিল, ১৯৮৪। অর্থাৎ পশ্চিমবাংলায় সবচেয়ে নিম্ন গ্রোথ রেট। পার ক্যাপিটা ডোমেষ্টিক প্রডাকট্ মহারাষ্ট্রে আপনাদের চেয়ে বেশী হচ্ছে, তামিলনাড়ুতে আপনাদের চেয়ে বেশী, গুজরাটে আপনাদের চেয়ে বেশী, সেখানে পশ্চিমবাংলায় হচ্ছে ৫'৯৬ পারসেন্ট। এ্যানুয়াল গ্রোথ রেট অফ পার ক্যাপিটা ষ্টেট ইণ্ডাষ্ট্রিয়াল প্রডাকট্-এর ক্ষেত্রে দেখা যাবে—মহারাষ্ট্রে যেখানে পার ক্যাপিটা ষ্টেট ইণ্ডাষ্ট্রিয়াল প্রডাক্ট হচ্ছে ১'৯৮ পারসেন্ট, তামিলনাড়ু যেখানে ১'৯৪ পারসেন্ট, গুজরাট যেখানে ২'২৩ পারসেন্ট, কর্ণাটক যেখানে ১'০৩ পারসেন্ট, সেখানে ওয়েষ্ট বেঙ্গলে হচ্ছে ০'৮৯ পারসেন্ট। সুতরাং ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ পার ক্যাপিটা মাইনাস। এখানে দেখা যাচ্ছে যখন সব ষ্টেট প্লাস গ্রোথ করছে সেখানে পশ্চিমবাংলা করছে মাইনাস গ্রোথ। আপনি জবরদস্ত অর্থনীতিবিদ হওয়া সত্ত্বেও পশ্চিমবাংলার এই হাল হচ্ছে কেন? পশ্চিমবাংলার এই অবস্থা কেন হচ্ছে? তারপর Collection of Revenue from Agricultural Income Tax has declined from Rs. 881 lakhs in 1978-79 to Rs. 141 lakhs in 1982-83. আপনি দেখেছেন ১৯৭৮-৭৯ সালে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স যেখানে ৮৮১ লক্ষ টাকা ছিল সেখানে ডিক্লাইন করে ১৯৮২-৮৩ সাল হয়েছে ১৪১ লক্ষ টাকা। আপনি টাকা আদায় করতে পারছেন না, অথচ ট্যাকস্ বসাচ্ছেন। যেটা ১৯৭৮-৭৯ সালে ছিল ৮৮১ লক্ষ টাকা সেটা ১৯৮২-৮৩ সালে হলো ১৪১ লক্ষ টাকা। এটা আপনি ৬.৪.৮৪ তারিখে এক প্রশ্নোত্তরে বলেছিলেন। আমি আপনার উত্তর থেকেই বলছি। এখানে ৫০ পারসেন্ট আপনারা, আর ৫০ পারসেন্ট কেন্দ্রীয় সরকার দিচ্ছেন। ১৯৮১-৮২ সালে ফ্যামিলি বেনিফিটের টারগেট ছিল ২ লক্ষ ১ হাজার।

[1.00—1.10 P. M.]

সেখানে মাত্র ৫৪ হাজার ১১৬ জন ফার্মার বেনিফিটেড হয়েছে, অর্থাৎ অনলি ২৬.৯২ পারসেণ্ট। এক্ষেত্রে কেন্দ্র অর্ধেক টাকাটা আপনাদের দিচ্ছে, কিন্তু কেন কাজটা হোল না? এই টাকাটা কেন্দ্র দিয়েছিল ইণ্টিগ্রেটেড রুরাল ডেভেলপমেণ্টের মাধ্যমে গ্রামের মানুষের উন্নতি করবার জন্য। টাকা দেওয়া সত্বেও তা খরচ করতে পারলেন না। যেখানে ২ লক্ষ ১ হাজার ফার্মারকে দেওয়ার কথা, সেখানে ৫৪ হাজার ফার্মারকে দিয়েছেন। ১৯৮২-৮৩ সালে টার্গেট ছিল ২ লক্ষ ১ হাজার, সেখানে ৯৬ হাজার ৬১৬ জন ফার্মার বেনিফিটেড হয়েছে। অর্থাৎ সেখানে হয়েছে ৪৮.৭ পারসেণ্ট। আই. আর. ডি. পি.'র মাধ্যমে নয়া ২০-দফা কর্মসূচীর অধীনে যে টাকা আপনাদের দেওয়া হয়েছে সেটারও প্রপার ইউটিলাইজেশন হয় নি। অর্থাৎ দেখুন পশ্চিমবাংলাকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা, গরীব কৃষকদের সাহায্য করার জন্য যে টাকা কেন্দ্র দিয়েছে—সেই টাকা পেয়েও আপনারা কিছুই করতে পারেন নি। আজকে তিনটি জিনিসের উপর জোর দিতে হবে; এই তিনটি জিনিস হচ্ছে ইরিগেশন, পাওয়ার এবং এগ্রিকালচার। আজকে এই তিনটি জিনিসই আপনাদের হাতে নেগলেকটেড্ হচ্ছে। আজকে পুলিশের বাজেট আপনারা আসার পর এই ৭ বছরে ১২৬ পারসেণ্ট বাড়িয়ে দিয়েছেন। অর্থাৎ আমাদের সময় পুলিশের যে বাজেট ছিল, তার থেকে ১২৬ পারসেণ্ট বাজেট বেড়ে গেছে। কিন্তু আজকে পুলিশের মধ্যে ইনডিসিপ্লিন দেখা দিয়েছে, আজকে পুলিশ রিভোল্ট করছে। আজকে সাধারণ পুলিশ তাঁদের উর্ধ্বতন অফিসারদের বিরুদ্ধে বলছে, নানা ক্ষেত্রেই আজকে তাঁরা ইনডিসিপ্লিন হয়ে উঠেছে। আজকে তাঁদের অধিকার দিন আপত্তি নেই, কিন্তু সাধারণ পুলিশ আজকে যখন আই. পি. এস. অফিসারের বিরুদ্ধে যাচ্ছেন তখনও কোন এ্যাকশন আপনারা নিচ্ছেন না। আজকে সেখানে ডিসিপ্লিনের কোন অস্তিত্ব নেই! আজকে ইনডিসিপ্লিনে সমস্ত দেশ ভরে গেছে। এই কথা বলে যে এ্যাপ্রোপিয়েশন বিল এখানে এনেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আণ্ডার রুল ২১৮ এ্যাণ্ড সাবরুল ৪, আমি আপনাকে অনুরোধ করবো—ওঁরা যে দুটি পয়েণ্ট রেইজ করেছেন তার মধ্যে একটি পয়েণ্ট হচ্ছে—যে টাকাটা সেণ্ট্রাল গভর্নমেণ্ট দিয়েছেন সেটা আমরা খরচ করতে পারিনি। এই যে টাকাটা দিয়েছেন কিন্তু আমরা সবটা

খরচ করতে পারিনি, আমরা জানি যে কেন খরচ হয়নি। আপনি এই টাকার স্যাংশন ডেট দয়া করে এই হাউসকে জানিয়ে দেবেন। তাহলে দেখবেন যে টাকাটা তাঁরা দিয়েছেন ঠিকই, কিন্তু এই উদ্দেশ্যেই দিয়েছেন যাতে টাকাটা খরচ না হয়। সেই জন্য আমি আপনাকে অনুরোধ করছি, আমার কাছে এই ডেটটা নেই, আপনি জানিয়ে দেবেন যে কখন কত টাকা স্যাংশন করেছেন ওঁরা। অর্থাৎ এমন সময় টাকাটা দিয়েছেন যে সুষ্ঠুভাবে খরচ করবার কোন উপায় থাকেনি। ভোট অন এ্যাকাউন্টে মার্চ মাসের ৩১শের পূর্বে সেখানে ঐ টাকায় ৩টি স্কুল বা ৪টি রাস্তা —এই ধরনের কাজ করে ঐ অল্প সময়ের মধ্যে টাকাটা খরচ করা যায় না। আমি সেই জন্য বলছি যে আপনি এটা একটু বলার চেষ্টা করুন, কারণ এটাই হচ্ছে ওঁদের মেজর এ্যালিগেশন।

এটা বললেই মোটামুটি বোঝা যাবে। আমি কিছু কিছু কথা এখানে বলতে চাই। সেটা হচ্ছে যে অন্যান্য ডিপার্টমেণ্টের কিছু কিছু এ্যাপ্রোপিয়েশান বিল প্রাইভেট মেম্বারদের অধিকার আছে এবং সেটা যদি কভার্ড না হয়ে থাকে বাজেট স্পীচে বা বক্তব্যে, আমি একটা কথা বলছি ল্যাণ্ড এ্যাণ্ড ল্যাণ্ড রিফর্মস ডিপার্টমেণ্ট সম্বন্ধে যে সেই ল্যাণ্ড এ্যাণ্ড ল্যাণ্ড রিফর্মস ডিপার্টমেণ্ট—যদিও অনেকটা সিলিং করেছেন—যদি উইদিন হিজ জুরিসডিকশান এবং সেটা যদি কন্সটিটিউশানে এ্যালাউ করে তাহলে সেখানে আমার মনে হয় কো-অপারেটিভ সিস্টেমে এই ডিস্ট্রিবিউশানটা করা উচিৎ। কারণ আমরা জানি যে নর্থ কোরিয়ায় পৃথিবীর মধ্যে সব চেয়ে বেশী উন্নততর চাষ হয়েছে। নর্থ কোরিয়ায় এই কো-অপারেটিভ সিস্টেমে চাষ করার ফলে সেখানে উন্নততর চাষ হয়েছে। এখানে সিলিং হচ্ছে এবং সিলিং-এর পরে যেটা থাকছে সেটা গভর্নমেণ্টের হাতে ন্যস্ত হয়েছে। তারপর সেটাকে ইনডিভিজুয়্যালি মানুষকে দিয়ে দেওয়া হচ্ছে। অনেক দিন ধরে এই জিনিস দেখলাম এবং এতে বিশেষ কিছু ফল হচ্ছে না। কাজেই আমি মনে করি, এটাকে কনসিডার করে দেখবেন যে, এটাকে কো-অপারেটিভ ফর্ম করতে হবে। কো-অপারেটিভ ফর্মিং করে ভেসটেড ল্যাণ্ডগুলি তাদের দিয়ে দেওয়া উচিৎ এবং এ্যাজ এ রিডার আমি বলতে পারি সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইব, গরীব মানুষ যারা আছে, যাদের ২ বিঘা এবং ৪ বিঘার নিচে জমি আছে তাদের মধ্যে কো-অপারেটিভ ফর্ম করে এটা দিয়ে দেওয়া যায় কিনা এটা দেখতে হবে। এটা আপনি কনসিডার করে দেখবেন। এই ব্যাপারে জয়েণ্ট রেসপনসিবিলিটি অফ দি ক্যাবিনেট এবং ল্যাণ্ড রিফর্মস মিনিষ্টার-এর। তাঁকে আপনি এই সম্বন্ধে বলবেন। তারপর আসি পাওয়ারে। পাওয়ারে এবারে আমরা দেখলাম—বাজেট এ্যাট এ

প্লান্স—নাকি প্রায় ১৯ পারসেন্ট পাওয়ারে দেওয়া হয়েছে। এটা সব চেয়ে বেশী। সেকটার ওয়াইজ আউটলে অফ প্ল্যান এক্সপেনডিচার অফ ওয়েষ্ট বেঙ্গল এই ১৯৮৪-৮৫ সালের ভাতে দেখছি ১৯ পারসেন্ট পাওয়ারে দেওয়া হয়েছে। কিন্তু পাওয়ারে মূল যে ঝগড়া সেখানে যদি পলিটিক্যাল সলিউশান না হয় তাহলে যতই বরাদ্দ বাড়ানো হোক না কেন, পাওয়ারের ইমপ্রুভমেন্ট হওয়া অসম্ভব। এটা আপনাকে আমি বলছি, আপনি এটা একটু কনসিডার করবেন। ছুটো জিনিস আপনাকে বলছি। একটা হচ্ছে—ছুটি ইউনিয়নের ভেতর যে রাইভ্যালরি চলছে এই ছুটো ইউনিয়নের ভেতর পলিটিক্যাল একটা কম্প্রোমাইজ, একটা সেটেলমেন্ট করা উচিৎ। এটা যদি না করা যায় তাহলে পাওয়ারে ১৯ পারসেন্ট থাকলেও আমি মনে করি পাওয়ারে আপনারা খুব সুবিধা করতে পারবেন না। আর একটা জিনিস, তার যে ইন্সটল্ড ক্যাপাসিটি সেই ক্যাপাসিটি কতটা করতে পারছে সেটা আপনাকে দেখতে হবে। সেখানে আমরা দেখছি যে, যে ক্যাপাসিটি আছে সেই ক্যাপাসিটি অনেক জায়গায় ৬০ পারসেন্ট, ৫০ পাসেন্টের বেশী করতে পারছে না। কাজেই কতকগুলি টাকা খরচ করে দিলেই প্রবলেমটা সলভ্‌ড হবে না। প্রবলেমটা সলভ্‌ করতে হলে দেখতে হবে ইন্সটল্ড ক্যাপাসিটি কত আছে। ম্যানেজমেন্ট এবং লেবারের মধ্যে একটা কম্বাইন সৃষ্টি করতে হবে। এটা যখন করতে পারা যাবে তখন দেখা যাবে ৯০ পারসেন্ট, ৮০ পারসেন্ট কাজ করতে পারা গেছে এবং তাতে এই টাকার মধ্যে অনেকটা এগিয়ে যেতে পারবেন। সেই জন্য বলছি পাওয়ারের ব্যাপারে ছুটো জিনিস—একটা হচ্ছে পলিটিক্যাল কম্প্রোমাইজ এবং পলিটিক্যাল ডিসকাশান এ্যামং দি ইউনিয়নস করতে হবে। যদি না করা হয় তাহলে কিছুই হবে না। আর একটা হচ্ছে ইন্সটল্ড ক্যাপাসিটি যা আছে সেই ইন্সটল্ড ক্যাপাসিটি আপনাকে বাড়াতে হবে। তৃতীয় আমি হেল্‌থের ব্যাপারে আসছি। হেল্‌থের ব্যাপারে আমি মনে করি আপনি একটু কনসিডার করবেন। হেল্‌থে যে মেথডটা আছে, বৃটিশ আমল থেকে যেটা চলে আসছে, সেই মেথডে আমাদের যে ক্ষমতা আছে তার ভেতর দিয়ে কি ইমপ্রুভ করতে পারি সেটা দেখতে হবে।

[1.10—1.20 P.M.]

আমার বক্তব্য এ্যাজ এ প্রাইভেট মেম্বার অফ দিস হাউস যে, জেলা হাসপাতাল-গুলিকে যদি ওয়েল ইকুয়িপ্ট না করেন এবং সেখানে যদি জীবনদায়ী ঔষধ না দেওয়া যায় তাহলে কিছু হবে না। একটা লিষ্ট করে দিতে হবে এই এই ঔষধগুলি জীবন-

দায়ী। কেবল কলকাতায় কনসেনট্রেট করলে হবে না। রুরাল এলাকার লোক যে আসবে এখানে তাও সম্ভব নয়। সেজন্য এই বিল আলোচনা করতে গিয়ে বলব যে, আপনারা এটা বিবেচনা করবেন। চীন বা অন্যান্য দেশে যেমন আছে ডিষ্ট্রিক্ট হাসপাতালগুলিতে কনসোলিডেট করার, ঠিক সেই রকম এখানেও করতে হবে এবং অভিজ্ঞ ডাক্তারদের সেখানে দিতে হবে। আমাদের প্রাইমারী ইউনিট যদি ডিটেক্ট না করতে পারে তাহলে ডিষ্ট্রিক্ট-এ পাঠাবে। সেখানে যাতে সেই ব্যবস্থা থাকে সেটা আমাদের দেখতে হবে। ডিষ্ট্রিক্ট-এ আমরা দেখেছি এক্স-রে অর্ডার হওয়ার পর দু/তিন মাস হয়ে যায় এক্স-রে হয় না। আমি একবার চীনে অসুস্থ হয়ে পড়ায় সেখানে ডাক্তারকে দেখালাম এবং বোধহয় আধঘণ্টার মধ্যে সমস্ত ক্লিনিকাল একজামিনেশন করে তাঁরা বললেন যে কিছু হয় নি। আমাদের যে ফাইনান্স আছে তা দিয়ে আমরা জিনিসটা করতে পারি কিনা সেটা দেখতে হবে। আমার মনে হয় প্রাইমারী হেল্‌থ সেণ্টারগুলিকে রিসিভিং সেণ্টার হিসাবে ব্যবহার করতে হবে। তারপর ডিষ্ট্রিক্ট-এ আরো কতকগুলি এ্যাম্বুলেন্স দিয়ে ডাক্তারবাবুদের ব্যবহার করার জন্য না দিয়ে সেইগুলিকে ফর দি কজ অফ দি রোগী যদি ব্যবহার করা যায় তাহলে কিছু হবে। কলকাতায় কতকগুলি বড় বড় ডাক্তার থাকলে গ্রামের লোকের তাতে কিছু হবে না। সেই জন্য বলছি ডিষ্ট্রিক্টগুলিকে ইউনিট হিসাবে কনসেনট্রেট করুন এবং সমস্ত স্পেশালিষ্ট সেখানে দিন। প্রাইমারী রিসিভিং সেণ্টার হিসাবে ব্যবহার করে তারা সেখান থেকে পাঠিয়ে দেবে যাতে তাদের বেটার ট্রিটমেণ্ট হয়। এর ফলে কলকাতার হাসপাতালগুলিতে কনজেসান হবার কোন কারণ থাকবে না। শুধু এক্সট্রা-অর্ডিনারী কেসগুলো কলকাতায় তারা পাঠিয়ে দেবে। এই ব্যবস্থা আমাদের সীমিত ক্ষমতার মধ্যে আমরা করতে পারি। এই-গুলি আপনারা বিবেচনা করে দেখবেন। আপনি যে বইগুলি দিয়েছেন তার মধ্যে বাজেট এ্যাট এ গ্লান্স যেটা দিয়েছেন তাতে যে ভাবে আপনি টাকার ব্যবস্থা করে দিয়েছেন সেটা সুষ্ঠুভাবে বিভাগ হয়েছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে, টাকা দিলেই হয় না, সেটা ঠিক মতন পারকোলেট করছে কিনা টু দি লোয়েষ্ট ডাট। সেটা দেখতে হবে। যেমন তপসিলী জাতি ও উপজাতিদের জন্য অনেক টাকা স্যাংশন করলেন। কিন্তু সত্যিকারের যদি গ্রামে গিয়ে দেখেন তাহলে দেখবেন সেই টাকা পারকোলেট করেনি টু দি রিয়াল বেনিফিসিয়ারী।

এটা হচ্ছে এ্যাডমিনিসট্রেটিভ ডিফেক্ট, এটা আপনাকে দেখতে হবে। মাঝে যারা দালাল রয়েছে তারা বলছে তোমাকে টাকা পাইয়ে দেব এবং সেই জন্য তারা টাকা নিয়ে নিচ্ছে। এটা যদি বন্ধ করতে পারি তাহলে মানুষকে আমরা বলতে

পারব, আমরা কিছু করলাম। পঞ্চায়েত সিসটেম যেটা করা হয়েছে সেটা খুবই ভাল হয়েছে, এর চেয়ে ভাল সিসটেম আর হতে পারে না। তবে সেখানে যেসব ডিফেক্ট আছে সেটা আপনাকে এ্যাডমিনিসট্রেটিভলি দেখতে হবে। আপনি বোধহয় দেখেছেন যেখানে কিছু কিছু নূতন প্রধান এসেছেন সেখানে কিছু কিছু গোলমাল যে হচ্ছে সেটা অস্বীকার করা যায় না। তবে ভাল ভাল কাজ যা হয়েছে সেটাও অস্বীকার করা যায় না। আমি ব্যক্তিগতভাবে দেখেছি যে-সমস্ত ছেলেরা খারাপ হবে কল্পনাও করিনি, তারাও খারাপ হয়ে গেছে, কারণ তাদের হাতে টাকা এসেছে। কাজেই এই ডিপার্টমেণ্টে যিনি মিনিষ্টার-ইন-চার্জ আছেন তাঁকে এ্যাডমিনিসট্রেটিভলি কণ্ট্রোল করতে হবে এবং দেখতে হবে কিভাবে এই সমস্ত করাপসন দূর করা যায়। এই জিনিস না করলে এই সিসটেম খারাপ হয়ে যাবে। আপনার উচিত হবে এ্যাডমিনিসট্রেটিভ ভিউ যেগুলো রয়েছে সেগুলো দেখা এবং এই ব্যাপারে এ্যাডমিনিসট্রেটিভলি যা করা দরকার সেটা করা। আমি আশা করি পঞ্চায়েত মন্ত্রী যিনি আছেন তিনি নিশ্চয়ই এটা করতে পারবেন। আমি লক্ষ্য করেছি বারাসতকে নর্থ ২৪ পরগনার হেড কোয়ার্টার্স করার ব্যাপারটা নিয়ে আজ ১৫/২০ বছর ধরে বলা হচ্ছে। আসানসোলকে ডিষ্ট্রিক্ট হেড কোয়ার্টার্স করা হচ্ছে না। বোলপুরকে ফুল ফ্লেজেড সাব-ডিভিসন করা হল না। কাজেই এই ব্যাপারগুলো ভালভাবে দেখে এ্যাডমিনিসট্রেটিভলি যা করা দরকার সেটা আপনি করুন, এই অনুরোধ রেখে এ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

Dr. Jainal Abedin : Mr. Speaker, Sir, my first point which I may ask from the Hon'ble Finance Minister is whether this Government has the right to ask for spending the money which has been approved grantwise and demandwise. The Minister wants our approval at a time when we are worried that more than 500 children have been killed by these [*] outside the House. Sir, we warned them at an appropriate time, and also warned certain other appropriate agencies who are at work to alert this Government to take precaution. But this Government have failed to take precaution to save the lives of those children and to save the millions of people outside from the attack of the disease. There are differences in the Government itself and it suffers from inner contradiction. While the Hon'ble Minister for Rural Water Supply claimed that in Cooch Behar alone more than 50,000 people have been affected, on the other-hand the Hon'ble Minister for Health—of course Minister of State in-charge of Health because it has not been possible for this [*] Government to place a Cabinet rank Minister-in-charge of Health—he contradicts the statement of Rural Water Supply Minister. I have seen it that they contradict themselves.

Note : * Expunged as ordered by the Chair.

Mr. Speaker : Dr. Abedin, is the word 'criminal' a parliamentary word ?

Dr. Jainal Abedin : Absolutely so, Sir.

Mr. Speaker : The word 'criminal' will be expunged.

Dr. Jainal Abedin : Sir, I confer the word because of their behaviour ɟ I am painfully necessiated to use this word because Sir, you are a minal lawyer and you have saved some criminals in the Assembly.

[1.30—1.40 P. M.]

You are a criminal lawyer and so you have faced criminals. But this ng of desperate criminals are now in the Treasury Bench. Who will punish əm ? Are they prepared to face the people outside ? Mr. Benoy ıowdhury, I ask your conscience, as a senior member of the Caninet, are ıu prepared for that ? Let us go to the people and accept the challenge ıd let there be a test of your performance. You claim that the people ıve given you the right but we say that you have come to occupy the ıair by fraudulent means, by rigging, not by mandate.

(Noise)

Sir, I also say that if the Panchayet Election is an index then what is the ference, Mr. Benoy Chowdhury ? You have forfited your right and then ›nourable Doctorate in Economics, the Finance Minister, the honourable əmber from Jadavpur, who is presiding over here, once held over the ıuperisation of Bengal. Why do you think against the data ? Sir, you ıve seen in the Economic Review of 1971. We have seen the number landless labourers are of the order of 3·2 million and in the Economic ›view supplied to us in 1983 84 we have seen the number of paupers West Bengal had increased to 4.5 million. Assuming that there is 25% ›rease in the number of population here because of the rise of population, does not tally with the increase of the pauper, with the increase in the ımber of the landless. So this economic policy has failed because they ə biased. Now Leader of the Oppossion has amply proved that you have iled and, Sir, possibly you have claimed that the Central Government iected the virus here to pollute with the portable water. Neither ey can say—this irresponsible gentleman now occupying the Chair of the easury Bench—that the trouble started at Assansol Industrial belt spread ›re around the dock in the fringe of Calcutta, that it has been injected by

the Central Government or conspired by Congress. It is not a matter of conspiracy. It is because of the lack of conception on the part of the Government to give priority. I have mentioned on a number of occasions. Sir, you remember on the Appropriation Bill, on Vote on Account, I requested the Finance Minister—'Please make a larger provision for the potable water'. But he refused to recognise the word of the Opposition Bench and now the result is millions die outside or they are languishing in the hospital even under the canopy of the sky. This is the supreme irony here.

(Noise and interruption)

You have plenty of funds. These [*] are smilling and barking.

Mr. Speaker : The word rascals will be expunged here.

Dr. Jainal Abedin : Mr. Speaker, Sir, if they behave like this, I have no other language. If they do not listen to the parliamentarion debate, under what circumstances I can oblige them ? Sir, I refuse to oblige them. Sir, in very field the Government has failed miserably. It is in the map of India that West Bengal happens to be a bankrupt State and per capita income here is the lowest in the whole of civilized nations. If we take up 150 nations and if we take up West Bengal as a unit within India, than possibly we are the poorest people. Our consumption of food is poor and they go to Delhi with a beggar's bowl because they have neglected agriculture, they have neglected industry, they have neglected irrigation. Last of all, Sir, this is hot summer. Possibly, you have twice experienced that in this House. This House, the temple of democracy, had to be adjourned for want of power, for load-shedding. They are callous to the extent that they cannot ensure power supply in this House, in this Assembly building. What can they assure ? You know, Sir, which are the creatures who prefer darkness ? They are vultures who prefer darkness. It is the [*] who prefer darkness and they are no better than the [*] because they have preferred darkness.

Mr. Speaker : ক্রিমিনাল কথাটি বাদ যাবে।

Dr. Jainal Abedin : Whatever you say, I have the irony tone of speaking like this. Mr. Speaker, Sir, you know what is the largest problem here ? I would draw your attention to the largest problem which is volcanic and erruptive at the moment—that is the unemployment problem

Note : * Expunged as ordered by the Chair.

of West Bengal and as regards labour, from the Economic Reviews supplied to us during the past years, you will see that the mandays lost is the largest in West Bengal over the last two decades, I mean 20 years mandays lost. Assuming that the Jute Mills have been under strikes, even the Government and the Labour Minister have failed to satisfy why there is the largest mandays lost and the lock-outs and strikes here and further, Sir, which is more alarming ?—there is a growth in sickness in industry located in West Bengal. What is the reason ? Because of loss of discipline in industrial climate here due to the inspiration of the gentleman now occupying the Chair.

Sir, they have failed to bring about progress of West Bengal in any respect except in the case ot violance. Sir, now they have asked for a larger allocation for police and while there had been a larger allocation for police in the past, they came out with a statement that it was a 'Police Raj'. May I ask Shri Benoy Krishna Chowdhury, a senior member of the Cabinet and also the honour'ble Finance Minister—you have increased the perks and other benefits for the police force, but is there any corresponding increase in their efficiency ? What is happening, Sir ? Even the senior most Police Officers are not saved from the hands of their jouniors and there is a situation that mutiny may come out—police mutiny may come out in the whole of West Bengal. Then who will be saved, Sir ? If Chief Minister is not saved in his chamber ? Of course he may be saved because he has been guarded by three thousand police men. In Congress regime, we had to supply him 300 armed guards to save his life. Now, we find, that we being MLAs are being given a security guard and every two months or six months or every weak they are changed.

(Noise and interruption)

Sir, they gave a figure of dacoities and murders. I had spoken on it in earlier occasion. They have given us a figure. I will produce two lefters before you. Sir, people being aggrieved of the oppression ran to the police station to lodge their complaints. They were refused. They came to me, 'what should we do ?" I said, "you send your complaints by registered post." I have got two registered letters with acknowledgment due duly attached. These were addressed to the O.C , Bansihari of West Dinajpur. Sir, have you seen it in any civilised country that the people......

(Noise and interruption)

Shut up, you [*]

Mr. Speaker : The word 'Rascals' will be expunged.

Note : * Expunged as ordered by the Chair

Dr. Zainal Abedin : Sir, these are the two letters. These letters have been refused by the O. C. Bansihari. Can you cite a single example underneath the earth in any civilised government that letters addressed to the police, the bearer of the law and order, the protector of law and order of the country, have been refused ? For your information, Sir, these letters have been sent back through the post office to the sender. They refused to accept these letters the contents of which were not known. Sir, I can produce these letters beforee you. Sir, to minimise the figure of crime, under the instruction of Shri Jyoti Basu—who is not here in the House—this has been done, Sir, they were instructed—"Don't record the murders, don't record the dacoities, don't record the other crimes which are on the increase in West Bengal." Can you cite a single example, have you seen in any part of the world, that the letters addressed to the government, has been refused to be received. What does it mean ? They want to minimise the incidents here. I condemn this government for this.

Sir, they say about the decentralisation of power. Sir, it is not the concept of either Lenin or Stalin—whose birthday is imminent—but it is the concept of Mahatma Gandhi whose birthday we observe with solemnity. Here is the senior Minister presiding over Panchayat administration of West Bengal. Sir, may I ask him one question which we put on a number of occasions. Sir, through Panchayat over last six years, you spent more than thousand crores of rupees in cash and kind. Can you show me that you have created any durable assets towards self-reliance ? The answer is no, Can you say that there is a smallest sense of feeling in the minds of the villagers that they are under the same government and that there is decentralisation of power ? The answer is a big no. You have utilised the instrument in the interest of your party in general, not for the people. You have ignored in the past the interest of the country. In the year 1941-42, did you manage to forget, what you did with the British to sabotage the Quit India Movement. The same role you have taken now, and, Sir, while the rest of India is progressing further, West Bengal is falling in abysmal depth of primitive poverty, darkness everywhere. That is the progress, that is the achievement. Sir, the senior member is in charge of the Land Revenue Department is sitting here. May I ask him another question ?

[1.30—1 40 P.M.]

The pattas which have been distributed in favour of the Scheduled Castes and Scheduled Tribes will be taken away because those pattas were distributed in the Congress regime. We have cited examples of cases on a number of occasions. We have given you the account. What is the remedy—not known. Sir, I am sorry that this government is a partisan government. This government does not represent the views of the majority. This government have

forfeited their rights to expend. Hence I oppose the Appropriation Bill because whatever money we give will be misappropriated. It shall be misappropriated and there are number of accounts to show that.

Last but not the least, Mr. Chowdhury have you got the courage to appoint a Lokayut ? In other states, governments have done this. Even in Andhra Pradesh, where there is a non-Congress government, it has been done. Have you got the guts to appoint a Lokayut here, where we can lodge our complaints against corruption, misuse, abuse and misappropriation of funds ? No. Sir, the Leader of the Opposition has amply justified that you only cry against the Centre. You are going to create a movement against the Centre and he has given ample examples which show that as much as Rs. 251 crores have been refunded to the Centre because this [*] creature has not been able to spend the money. Sir, this government have not been able to spend the money.

Mr. Speaker : The word 'Imbecile' will be expunged.

Dr. Zainal Abedin : The other day, the Central Irrigation Minister, Shri Ramnibas Mirdha had quoted in a public meeting in Malda that the largest allocation in terms of money for irrigation was made in favour of West Bengal. This government has not been able to spend the money because expenditure to them means diversion of funds to the party fund at the party office at Alimuddin Street. Sir, you may be aware where there was a hut, now, it is a palatial building there for these gentlemen the leaders of West Bengal.

Hence, Sir, I am painfully necessitated to contradict to what the Finance Minister has brought forward for our approval. I disapprove of this, disagree to this and with all the energy at my command, I oppose the Bill introduced by Dr. Ashok Mitra. Sir, I place the two letters before you with an appeal that these be investigated into.

পারসোন্যাল এক্সপ্ল্যানেশান

শ্রীকমলকান্তি গুহ : স্যার, আমি পারসোন্যাল এক্সপ্ল্যানেশান দেবার জন্য আপনার কাছে অনুমতি চেয়েছিলাম। আজকে বিরোধী দলের মাননীয় সদস্য আবদুস সাত্তার সাহেব, জয়নাল সাহেব উল্লেখ করেছেন আমাদের সরকারের স্বাস্থ্যমন্ত্রী এবং আমি পরস্পর বিরোধী বিবৃতি দিয়েছি—বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে। আমি আপনার মাধ্যমে হাউসের কাছে এই কথা জানাতে চাই এবং আপনাকে বলতে চাই যে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী অম্বরিশ মুখার্জি যে বিবৃতি দিয়েছেন সেটা সঠিক, আবার আমি যেটা বলেছি সেটাও সঠিক। আমি এই কথা বলেছি যে কুচবিহারে ৫৫টি

Note : * Expunged as ordered by the Chair.

গ্রাম পঞ্চায়েতের ৫০ হাজার লোকঅধ্যুষিত এলাকায় এই রোগটি ছড়িয়ে পড়েছে এবং ৫০ হাজার লোক এর সাথে জড়িয়ে গেছে—এই ছিল আমার বক্তব্য। আনন্দবাজার উদ্দেশ্যমূলক বিভ্রান্তি সৃষ্টি করেছে। সবচেয়ে মজার কথা হল, এই বিভ্রান্তিমূলক অসত্য ব্যাপারের উপর দাঁড়িয়ে ওরা একটির পর একটি বিবৃতি দিয়ে গেলেন।

শ্রীসুমন্তকুমার হীরা: মাননীয় অধ্যক্ষ মহোদয়, অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র কর্তৃক আনীত এ্যাপ্রোপ্রিয়েশন বিলের সমর্থনে আমি দু-একটি কথা বলব। পশ্চিমবঙ্গের ইতিহাসে একটা অত্যন্ত সঙ্কটজনক অবস্থার মধ্যে আমাদের এই বিল পাশ করাতে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সঙ্কট সৃষ্টি করেছেন বর্তমান কেন্দ্রীয় সরকার, শ্রীমতী ইন্দিরা গান্ধীর সরকার। আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা এই এ্যাপ্রোপ্রিয়েশন বিলের বিরোধিতা করলেন, অথচ তাঁদেরই কেন্দ্রীয় সরকার এই সঙ্কট সৃষ্টি করেছেন। সঙ্কট কেন সৃষ্টি করছেন এবং তার সুযোগ কোথায় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সেদিকে সভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সংবিধানের ১২নং অনুচ্ছেদ এবং ৬নং অনুচ্ছেদের ২০২ থেকে ২০৭ ধারার প্রতি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সংবিধানের তৃতীয় তপসিলে তিনটি তালিকা আছে—কেন্দ্রীয় তালিকা, রাজ্য তালিকা এবং যুগ্ম তালিকা। আমি সেদিকে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, যেই সংবিধানের এই ধারাগুলি পড়বে সেই বুঝতে পারবে একটা রাজ্য সরকারকে কিভাবে সীমাবদ্ধ করে রাখা হয়েছে, কিভাবে সংবিধানের গণ্ডির মধ্যে তার হাত-পা বেঁধে রাখা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাত্তার সাহেব, জয়নাল সাহেব এখন নেই, তাঁরা বক্তৃতা করেই চলে গেলেন, অবশ্য বক্তৃতা করে চলে যাওয়াটাই তাঁদের রেওয়াজ, আমি তাঁদের বলতে চাই যে, তাঁরা যে দলে আছেন সেই দল ১৯৮০ সালে যখন ক্ষমতায় আসে তখন জনসাধারণকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তাঁরা কিছু কাজ করবেন। তাঁরা এমন কি কাজ করছেন সেটা আমি আপনাদের ভেবে দেখতে বলছি। স্যার, এই প্রসঙ্গে আমি কয়েকটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ৭ম অর্থ কমিশনের রিপোর্ট অক্টোবর, ১৯৭৮ সালে বেরিয়েছিল, কিন্তু কেন্দ্রীয় সরকার এমনই কাজ করছেন যে ৮ম অর্থ কমিশনের রিপোর্ট আজ পর্যন্ত তাঁরা প্রকাশ করতে পারলেন না। স্যার, যেহেতু ৮ম অর্থ কমিশনের রিপোর্ট তাঁরা প্রকাশ করছেন না, সেইহেতু আমাদের সরকারের বাজেট এবং প্ল্যান একটা অনিশ্চিত অবস্থার মধ্যে ঝুলে আছে। আমরা কত টাকা

পাব সেটা আমাদের সরকার বুঝতে পারছেন না এবং টাকা পাবার ব্যাপারে এই কমিশনের সুপারিশ কি তা আমরা কিছুই বুঝতে পারছি না বা জানতে পারছি না, ফলে একটা সঙ্কটের মধ্যে থেকে এবং অসুবিধার মধ্যে থেকে এই সরকারকে বাজেট উপস্থাপিত করতে হয়েছে, আজকে এ্যাপ্রোপ্রিয়েশন বিল আনতে হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমাদের সরকার একটা অর্থনৈতিক শৃঙ্খলার মধ্যে দিয়ে গত কয়েক বছর ধরে কাজ করে চলেছেন এবং আগামী দিনেও তাঁরা তা করবেন। কিন্তু স্যার, উল্টো দিকে শ্রীমতী ইন্দিরা গান্ধীর দল যে-সব রাজ্যে রাজত্ব করছেন সেখানে কিভাবে অর্থনৈতিক অপচয় হচ্ছে সে সম্পর্কে কয়েকটি নজির আমি আপনার মাধ্যমে এই সভায় রাখছি। আমি ইউ. পি. সরকারের কথা বলছি, ইউ. পি.-তে ইন্দিরা গান্ধীর দল রাজত্ব করছেন। সেখানে তাঁরা এম. এল. এ. এবং মন্ত্রীদের পেছনে কি খরচ করেন এবং আমাদের এখানে এ বাবদে কি রকম খরচ হয় তারই একটি তুলনামূলক হিসাব আমি দিচ্ছি। ১৯৮২-৮৩ সালে পশ্চিমবঙ্গে এম. এল. এ.-দের মাহিনা, Compensatory Allowances, House rent and other allowances এবং ট্রাভেলিং এক্সপেনসেস ইত্যাদি সমস্ত নিয়ে খরচ হয়েছিল ৩৬ লক্ষ ৩১ হাজার টাকা এবং কাউন্সিল অব মিনিষ্টারদের জন্য—তাদের স্যালারি, হাউস রেন্ট এ্যাণ্ড আদার এক্সপেনসেস মিলিয়ে খরচ হয়েছে ২৯ লক্ষ ৮৬ হাজার টাকা। অন্যদিকে ইউ. পি. সরকার এ বাবদে কত খরচা করেছেন সেটা আমি পড়ে শুনিয়ে দিচ্ছি। এক্সপ্রেস নিউজ সার্ভিস যে রিপোর্ট দিয়েছেন সেটা আমি পড়ে শোনাচ্ছি। A legislator in U. P. gets free residence, free electricity and free water. He is also entitled to an unlimited free railway travel within U.P. 19,000 k.m. trips outside the State, two free passes for bus travel, two telephones and two first class fares as incidental. The salary paid to legislators comes to Rs. 29 lakhs only. But their travelling allowance totals Rs. 1 crore 20 lakhs.

[1.40—1.50 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর আমাদের হচ্ছে মাত্র ৩৬ লক্ষ ৩১ হাজার টাকা। সেখানে আরো বলা হয়েছে, It is estimated that the total expenditure incurred on a legislator is around Rs' 5,000/- a month per head per M. L. A. though his salary remains static at Rs. 500/-per

month. And for a five-year service of the people, he gets a monthly pension of Rs. 300/-till death. etc. etc.

আর আমাদের এখানে মাত্র ৩৬ লক্ষ ৩১ হাজার টাকা এই পারপাসে ব্যয় হয়। আজকে ওরা যেসব জায়গায় আছে, সেখানে একটা বিশৃংখল অর্থনীতির মধ্যে দিয়ে চলেছে। আমি আগেই বলেছি যে তাঁদের এমনই কর্মদক্ষতা যে, একটা অর্থ কমিশনের রিপোর্টও সময় মত তাঁরা বের করতে পারলেন না। এই হচ্ছে যে দলে ওরা আছে, সেই দলের চেহারা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলতে চাচ্ছি, তাহল একটা রাজ্য সরকারকে পঙ্গু করে দিচ্ছে কেন্দ্রীয় সরকার সেই পঙ্গুত্ব আরো বাড়াবার ষড়যন্ত্র চলছে। আপনি কাগজে দেখেছেন যে, বিভিন্ন ভাবে প্রচার করা হচ্ছে যে রাজ্য সরকারের সম্পদ সংগ্রহ কমে যাচ্ছে। সম্পদ সংগ্রহের যে জায়গা সেটা হচ্ছে সেলস ট্যাক্স। সেটাও নাকি কেন্দ্রীয় সরকার কেড়ে নেবেন। আমি জানি না, রাজ্য সরকারের হাত থেকে যদি বিক্রয় কর কেড়ে নেওয়া হয় তাহলে রাজ্য সরকার তার নিজস্ব সম্পদ আর কোন দিন সংগ্রহ করতে পারবে না। রাজ্য সরকারকে পুরোপুরি কেন্দ্রীয় সরকারের তাঁবেদার হয়ে থাকতে হবে। কাজেই আমি এর তীব্র বিরোধিতা করছি। রাজ্য সরকারের সেলস্ ট্যাক্স থেকে যে আর্নিং, সেটা বন্ধ করার যে সুপারিশ এখন পর্যন্ত আছে, সেই সুপারিশ মেনে নেওয়ার মানে হচ্ছে, আমাদের ভাগ্যে ইতিপূর্বে যা ঘটেছে—জুট, তামাক, পাট, লোহা ইত্যাদির ক্ষেত্রে যে বিক্রয় কর প্রত্যাহার করে নেওয়া হয়েছিল, সেই একই পরিণতি ঘটবে। ভবিষ্যতে আমরা আর বিক্রয় করের ক্ষেত্রে সম্পদ সংগ্রহ করতে পারবো না। একদিকে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে বারবার হুমকি দিচ্ছেন যে, নিজস্ব সম্পদ সংগ্রহ করতে হবে, তাহলে তারা ম্যাচিং গ্রান্ট-এর বরাদ্দ বাড়াবে। রাজ্য সরকার সম্পদ সংগ্রহ করতে না পারলে তারা টাকা পাবে না, প্রয়োজনীয় বরাদ্দ তারা দেবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসংগে একটা কথা আমার মনে পড়ে গেল। আমাদের বিরোধী দলের নেতা, আবদুস সাত্তার সাহেবকে আমি ধন্যবাদ জানাচ্ছি। তিনি আমাদের কাজকর্ম সম্পর্কে প্রশ্ন তুলেছেন। তিনি সত্যি কথা বলেছেন যে, রাজ্য সরকার ক্ষমতায় এসে রাজস্বের পরিমাণ বাড়িয়েছেন, বাজেটের কোয়ানটিটি বাড়িয়েছেন। এটা আমাদের গর্বের বিষয়। আপনারা ২ শত কোটি টাকা তুলতেন, আমরা হাজার কোটি টাকা তুলেছি। এটাতো গর্বের বিষয় যে আমাদের ক্ষমতা আছে। আমরা বাড়িয়েছি। রাজ্য সরকারের কর্মদক্ষতা আছে বলে তারা বাড়াতে পেরেছেন। আপনারা পারেন নি, আপনাদের বাজেট

ছোট ছিল। আমাদের রাজ্য সরকারের কৃতিত্বকে তাঁরা বিকৃত করলেন। তাঁরা বললেন যে, এত টাকা দিয়েও নাকি খরচ করা যাচ্ছে না, আমরা নাকি খরচ করতে পারছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, আমাদের প্রাক্তন মন্ত্রী ভক্তিভূষণ মণ্ডল মহাশয় বলে গেছেন যে, কেন্দ্রীয় সরকার ডেলিবারেটলি রাজ্যের বরাদ্দ ঠিক সময়ে পাঠায় না। এটা তাঁরা ডেলিবারেটলি করেন। এই যে ৮ম অর্থ কমিশনের রিপোর্ট তাঁরা দিচ্ছেন না, তার মানে এই বছরের যে প্ল্যান, সেটাও ঝুলে যাবে। প্ল্যান কখনও কমপ্লিট করা যাবে না। তার ফলে ওরা আবার আগামী বছর বাজেটের সময়ে এখানে বসে চিৎকার করবে এবং বলবে যে এইতো প্ল্যানের কিছুই হল না, কেন্দ্রের বরাদ্দকৃত টাকা খরচ করতে পারলেন না। আমি বুঝতে পারি না, বিরোধী পক্ষের নেতাদের বক্তৃতার সুযোগ করে দেবার জন্যই কি কেন্দ্রীয় সরকার ফিনান্স কমিশনের রিপোর্ট সময় মত বের করছেন না।

এই অভিযোগে যদি আজকে আমরা করি, তাহলে এটা কি আমাদের বিরোধী বন্ধুরা অস্বীকার করতে পারবেন? আজকে এঁদের সংগে যোগসাজশ করে কেন্দ্রীয় সরকার ফিনান্স কমিশনের রিপোর্ট নির্দিষ্ট সময়ে পাঠাচ্ছে না। অক্টোবর মাসে রিপোর্ট প্রকাশিত হবার কথা ছিল, এপ্রিল মাস শেষ হতে চলেছে, আজও সে রিপোর্ট প্রকাশিত হয় নি, আমাদের কাছে আসেনি। সুতরাং আমাদের অভিযোগ কি এঁরা অস্বীকার করতে পারবেন?

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এঁদের মুখে যেসব কথা শুনছি তাতে যেন মনে হচ্ছে, এঁরা বড় জনগণের দরদী হয়ে গেছেন। অবশ্য জয়নাল আবেদিন সাহেবকে আমরা অত্যন্ত দায়িত্বজ্ঞানহীন ব্যক্তি বলেই জানি। তবুও আজকে তিনি যতটা দায়িত্বজ্ঞানহীনের পরিচয় দিলেন, তাঁকে আমরা এত দিন ততটা দায়িত্ব-জ্ঞানহীন বলে জানতাম না। তিনি বললেন, 'বামফ্রন্ট সরকার শিশুদের খুন করছে, ৫০০ শিশু খুন হয়েছে। বামফ্রন্ট সরকারকে কৈফিয়ৎ দিতে হবে।' আমি এই প্রসংগে বলি যে, প্রাসংগিক ভাবেই প্রশ্ন দেখা দিয়েছে, কারা এই অবস্থার জন্য দায়ী—যাঁরা এখানে চিৎকার করছেন, তাঁরা একটু বুকে হাত দিয়ে বলুন তো এই যে মহামারী সৃষ্টি হয়েছে এটা কি প্রাকৃতিক না মনুষ্য সৃষ্ট? আজকে চারদিকে যে ব্যাসিলারি ডিসেন্ট্রি দেখা দিয়েছে, এই ব্যাসিলারি ডিসেন্ট্রির জার্মস সংক্রামিত হয়ে কি ভাবে? এটা কোন প্রাকৃতিক দুর্যোগ নয়, কারণ প্রাকৃতিক নিয়মে এটা স্প্রেড করছে না, এটা মানুষের সাহায্য ছাড়া এমনভাবে স্প্রেড করতে পারে না। আমরা জানি এতদিন পর্যন্ত যত রকমের মহামারী হয়েছে তা কয়েকটি ডিস্ট্রিক্ট বা নির্দিষ্ট কয়েকটি গ্রামের মধ্যেই সীমাবদ্ধ থাকত, সেখানে সংগে সংগে হস্তক্ষেপ করা

হত এবং তাকে কনফাইন করা হত এবং তাকে বিমুক্ত করা হত। এ্যান্টি-ডোট্ দিয়ে রিকভার করা হত। কিন্তু এবারে কি ঘটছে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য করে দেখুন পশ্চিমবঙ্গের উত্তর থেকে দক্ষিণ এবং পূর্ব থেকে পশ্চিম সর্বত্র পানীয় জলকে দূষিত করা হয়েছে। গোটা পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় পানীয় জলে ব্যাসিলারি ডিসেন্ট্রির জার্মস ছড়িয়ে মহামারী সৃষ্টি করা হচ্ছে। এর উদ্দেশ্য কি আমরা বুঝি না? আজকে দায়িত্বজ্ঞানহীনের মত গোটা পশ্চিমবঙ্গে চক্রান্ত করা হচ্ছে। আগামী লোকসভা নির্বাচনের দিকে লক্ষ্য রেখে এই কাজ করা হচ্ছে। আর এঁরা এখানে সরকারকে বলছেন দায়িত্বজ্ঞানহীন। সুতরাং আজকে এঁদের সততা সম্পর্কে আমাদের মনে সন্দেহ জাগছে। আজকে ব্যাসিলারি ডিসেন্ট্রির জার্মস বিভিন্ন জায়গায় কুয়া এবং পুকুরে ছড়িয়ে পানীয় জলের উৎসগুলিকে নষ্ট করা হচ্ছে। আমরা এই অভিযোগ করছি, এঁরা কি এই অভিযোগ অস্বীকার করতে পারবেন?

(গোলমাল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বেকার ভাতা নিয়ে মাননীয় বিরোধী সদস্যরা এখানে অনেক কথা বলে গেলেন। স্যার, আপনি জানেন সারা ভারতবর্ষে কারা বেকার সৃষ্টি করেছে। আজকে এঁদের লজ্জা করে না, এঁরা বেকার সমস্যা নিয়ে চিৎকার করছেন? ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের দায়িত্বে কারা আছেন? ভারতবর্ষের গোটা অর্থনীতিটাকেই কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণ করছেন, তাঁরাই অর্থনৈতিক সমস্যা সমাধানের রাস্তা নির্ণয় করার দায়িত্বে আছেন। কিন্তু তাঁদের কোন সুনির্দিষ্ট সুষ্ঠু পরিকল্পনা না থাকার জন্য গোটা ভারতবর্ষে বেকার সমস্যা বেড়ে চলেছে। সুতরাং আজকে বেকার সমস্যার জন্য কে কৈফিয়ত দেবেন? এই বেকার সমস্যার সমাধান কি কোন একটি রাজ্য করতে পারে? এ বিষয়ে আমি বিরোধী সদস্যদের আমাদের সংবিধানের ধারাগুলি দেখতে অনুরোধ করছি। সংবিধানের তৃতীয় তপসিল থেকে ৭ম তপসিল পর্যন্ত যে বিন্যাস আছে তাতে রাজ্য সরকার বেকার সমস্যার সমাধান করতে পারে কি? না, পারে না। এই সমস্যার সমাধান কেন্দ্রীয় সরকারকে করতে হবে। তাঁদের সেইভাবে পরিকল্পনা গ্রহণ করতে হবে। কিন্তু ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত সেভাবে কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কি? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই অবস্থায় আমাদের ভাবতেও লজ্জা লাগছে যে, বেকারদের প্রতি সহানুভূতিশীল হয়ে যখন পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার

বেকার ভাতা চালু করলেন, তখন এঁরা তার বিরোধিতা করলেন। অর্থাৎ প্রকৃত পক্ষে এঁদের বেকারদের প্রতি কোন দরদ নেই। এঁরা চান বেকাররা গোল্লায় যাক, না খেয়ে মরুক, সমাজবিরোধী হোক। তাই তো বেকার ভাতা তথা বেকার সমস্যা নিয়ে এঁরা দায়িত্বজ্ঞানহীন কথাবার্তা বলছেন।

[1.50—2.00 P.M.]

আজকে জয়নাল সাহেব চিৎকার করে বুক ফাটিয়ে বললেন ম্যানডেস লষ্ট হয়েছে, পশ্চিমবাংলায় নাকি শ্রম দিবস নষ্ট হয়েছে। চটকল ধর্মঘট হয়েছে, ইঞ্জিনিয়ারিং শিল্পে যে সমস্যা ছিল সেটার সমাধান হয়েছে। চটকল শিল্পের জন্য ম্যানডেস লষ্ট হয়েছে—এটা ঠিকই, কিন্তু এর জন্য দায়ী কে? এই ধর্মঘটে আপনারা ছিলেন না? আই. এন. টি. ইউ. সি.-র ট্রেড ইউনিয়ন ছিল না? এই ম্যানডেস লষ্টের জন্য অংশীদার আপনারা নন? এই ধর্মঘট এড়ানো যেতে পারতো যদি কেন্দ্রীয় সরকার চটকল শিল্পকে ন্যাশনালাইজ করতো। সুতরাং এর জন্য আপনারা প্রথম থেকে শেষ পর্যন্ত দায়ী। কাজেই এই দায়িত্ব আপনারা অস্বীকার করতে পারবেন না। তারপর জয়নাল সাহেব বক্তৃতা দেবার সময় বললেন, পশ্চিমবাংলার পার-ক্যাপিটা ইনক্যাম এত কম যা নাকি কোন সিভিলাইজড নেশানে নেই। উনি কাগজ পড়েন, কি রকম অর্থনীতি বোঝেন তা আমি জানি না। উনি বললেন, পশ্চিমবাংলায় এত লেস ইনক্যাম যা অন্য কোন সিভিলাইজড নেশানে নেই। তাঁর বক্তৃতা দেবার সময় স্লিপ অফ টাঙ হয়ে গিয়েছিল কিনা সেটা আমি ঠিক বুঝতে পারছি না, যাইহোক তিনি একজন দায়িত্বশীল বক্তা হয়ে এটা রেকটিফাই করতে পারতেন। সিভিলাইজড নেশানে পার-ক্যাপিটা ইনক্যাম বলতে কি বুঝছেন আমি জানি না। বাংলাদেশের পার-ক্যাপিটা ইনক্যাম উনি নিশ্চয়ই জানেন। আফ্রিকান কানট্রির ন্যাশনাল ইনক্যামের কথা জানেন না? সুতরাং রাজ্য সরকারকে বদনাম দেওয়ার জন্য ব্লাটেন্ট লাই উচ্চারণ করলেন। আমাদের রাজ্য সরকারের নিজস্ব সম্পদ সংগ্রহ করার পরিমান হচ্ছে ১১ শত কোটি ২৯ লক্ষ টাকা। কখনও ভাবতে পেরেছেন যে, একটা রাজ্য থেকে ১১ শত কোটি টাকা তুলতে পারবে? আজকে এই সব সাফল্য দেখে ওনারা স্বীকৃতি দিলেন না, উল্টে নিন্দা করলেন, অস্বীকার করলেন। সেই জন্য বিরোধী দলের সমস্ত বক্তব্যকে নস্যাৎ করে এবং আমার বক্তব্যকে প্রতিষ্ঠা করে এবং এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল মান্নান: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে এ্যাপ্রোপ্রিয়েশান বিল এনেছেন আমি সেই বিলকে বিরোধিতা করছি। আমি এই কারণে বিরোধিতা করছি, একটা পঙ্গু, অপদার্থ, অকর্মণ্য দুর্নীতিগ্রস্ত দেউলিয়া সরকারের হাতে এক পয়সাও খরচ করার অধিকার দেওয়া যেতে পারে না। যাদের দলবাজিতে রাজ্যের কোষাগর শূন্য, যাদের দুর্নীতির ফলে রাজ্যে চরম অর্থনৈতিক সংকট চলছে, কেন্দ্রের দয়া-দাক্ষিণ্যের উপর যারা পুরোপুরি নির্ভরশীল, এমনকি রাজ্যের কর্মচারীদের এবং শিক্ষকদের বেতন দিতে গেলে যাদের কেন্দ্রের দয়ার উপর নির্ভর করতে হয়, যাঁরা গরীব মাষ্টার মহাশয়দের পি. এফের টাকা আত্মসাৎ করার চেষ্টা করেন, সেই রকম দেউলিয়া সরকারের হাতে কোন পয়সা খরচ করার অধিকার দেওয়া যেতে পারে না। স্যার, ওনারা বারবার সীমিত ক্ষমতার কথা বলেন। ওনারা যদি সীমিত ক্ষমতা না বলে যদি বলতে পারতেন সীমিত বুদ্ধিতে কাজ করা যায় না, তাহলে আমরা ধরে নিতাম কথাটা সত্যি, কারণ কেন্দ্রীয় সরকার বুদ্ধি ধার দিতে পারে না। সীমিত বুদ্ধি নিয়ে যাঁরা কাজ করেন তাঁরা কি করে কাজ করবেন। এই দুর্নীতিগ্রস্ত সরকার প্রত্যেকটি জায়গায় আজকে দুর্নীতি চালিয়ে যাচ্ছে। আমি কয়েকটি দপ্তরের নমুনা দেবো। আজকে আমার আগে সরকারী দলের যেসব বক্তা বক্তব্য রাখলেন তাতে নতুন কোন কথা নেই। ছাত্রাবস্থায় দেখেছিলাম, কমিউনিষ্টদের অর্থাৎ বামপন্থীদের মুখে কয়েকটি বড় বড় শ্লোগান শুনতাম। প্রগতিশীল, মেহনতী মানুষ, বুর্জোয়া—এই সব কথা শিখলে পরে কমরেড হওয়া যেত তৎকালীন যুগে।

এখন দেখছি তার সঙ্গে আর একটি যুক্ত হয়েছে—কেন্দ্রীয় সরকারের ষড়যন্ত্রের কাল্পনিক ব্যাখ্যা দিতে পারলে ভাল কমরেড হওয়া যায়। কিন্তু একবারও বললেন না যে, তাঁদের কমরেডরা কিভাবে দুর্নীতিগ্রস্ত হয়েছেন। আমার আগে ভক্তিবাবু বলছিলেন। আমি তাঁর সঙ্গে সুর মিলিয়ে বলতে চাই যে, এই সমস্ত প্রধানরা ভাল ব্যক্তিই ছিলেন এই কথা আমরাও মানি। এই হাউসের অনেক মাননীয় সদস্য এবং মন্ত্রী মহাশয়রা অনেকেই বসে আছেন, তাঁরা দুর্নীতিগ্রস্ত হয়ে যাবেন ভাবিনি। আমি একজনকে বহু আন্দোলনের নেতৃত্ব দিতে দেখেছি, এককালে ছাত্র আন্দোলনের নেতৃত্বও দিতে দেখেছি। আজ তিনি হয়ে গেলেন সি. এস. টি. সি.'র চেয়ারম্যান। কিন্তু সি. এস. টি. সি.'র চেয়ারম্যান হবার পর ২০ বছরের উপর যেখানে গভর্নমেন্টের জে. এন. তালুকদার, এ. বি. গাঙ্গুলীর মত চেয়ারম্যানরা যে টয়লেট ব্যবহার করতেন সেই টয়লেট বর্তমানের ঐ নেতা ব্যবহার করতে পারলেন না। তার জন্য ১৫ হাজার টাকা খরচ করে নতুন টয়লেট করতে হোল, কারণ উনি হলেন সর্বহারা

দলের নেতা। যেটা আই. এ. এস., আই. সি. এস.'রা ব্যবহার করতে পেরেছিলেন, তিনি পারলেন না সেটা ব্যবহার করতে। নতুন চেয়ারম্যান এসেছেন, বোর্ডের মিটিং হচ্ছে। কিন্তু আজকে রাজ্যের অর্থনীতির যখন এই অবস্থা—হাসপাতালে রোগী মারা যাচ্ছে প্রয়োজনীয় ঔষধের অভাবে—তখন সর্বহারা দলের ঐ নেতার বোর্ড মিটিংয়ে এ্যামবার থেকে আনানো চপ্ কাটলেট ছাড়া মিটিং হয় না। আজকে সি. এস. টি. সি.'র এমন অবস্থা হয়েছে যে, প্রত্যেকটি জায়গায় দুর্নীতিতে ছেয়ে গেছে। সরকার দলবাজী করবার ফলে সেখানে মাথাভারী প্রশাসন নিয়ে চলেছে। একজন সি. আই. টি. ইউ. নেতা ছিলেন, নাম হচ্ছে অমিয় নীহার দাস—তাঁকে লেকচারার, এ্যাডমিনিষ্ট্রেশন করে বসিয়ে দেওয়া হোল। কোথায়ও স্কুল নেই, কলেজ নেই—তাঁকে বসিয়ে বসিয়ে মাইনে দেওয়া হতে লাগলো। পূর্বে তিনি যে স্কেলে ছিলেন তার থেকে ৪০০ টাকা তাঁর মাইনে বেড়ে গেল। এইভাবে ডেপুটি ট্রাফিক ম্যানেজার, এ্যাসিষ্টেন্ট ট্রাফিক ম্যানেজার, ডি. জি. এম., অডিট অফিসার, ডেপুটি চিফ্ এ্যাকাউন্টস্ অফিসার প্রভৃতি মোট ৬০ জন লোককে ১৯৭৭ সালের পর এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হোল এবং এইভাবে মাথাভারী প্রশাসন গড়ে তোলা হোল। আর একটি জায়গায় এঁরা দুর্নীতি করলেন। সি. এস. টি. সি.'র প্রতিটি ইউনিট ১৫ হাজার টাকা করে প্রতি মাসে ক্যাশ পার্চেজের জন্য খরচ করতে পারে। সেন্ট্রাল ষ্টোর্সের কাছে প্রতি মাসে ১৫ হাজার করে ভাউচার দিয়ে বিল হয়ে যাচ্ছে। অন্য দিকে সেন্ট্রাল ষ্টোর্সে সমস্ত জিনিস পড়ে পড়ে নষ্ট হচ্ছে। এব্যাপারে অডিট রিপোর্টে আপত্তিও উঠেছে, কিন্তু তা সত্ত্বেও প্রতি মাসে প্রতি ইউনিটে ১৫ হাজার টাকা খরচ হয়ে যাচ্ছে, তার হিসাবটা পর্যন্ত ওঁরা দেখছেন না। দুরপাল্লার মূল ট্রাফিক গুমটিতে একটি জেনারেটর ভাড়া নেওয়া হয় গত ২৫.৮.৮১ থেকে ১৫.৮.৮২ পর্যন্ত। এর ফলে শুধু জেনারেটরের ভাড়া বাবদ ৬২ হাজার টাকা গুনতে হোল সরকারকে। কোনরকম আপত্তি না করে গভর্নমেন্ট এই টাকাটা দিয়ে দিলেন। একজন কমরেডকে সাহায্য করবার জন্য এইভাবে ভাড়া নেওয়া হোল জেনারেটর। অডিট রিপোর্টে ইনসেনটিভের ব্যাপারেও আপত্তি করেছে। ইনসেনটিভের ২৯৮১৯৯ টাকার জায়গায় বরাদ্দ কাজ না করায় ২৪৫৬৭৯ টাকা দিতে বলা হয়, অর্থাৎ ৫২ হাজার টাকার উপর বাদ দেওয়া হয়। সঙ্গে সঙ্গে সি. আই. টি. ইউ.'র নেতা গিয়ে বলেন যে, সমস্তটাই দিতে হবে। ফলে আইনভঙ্গ করে সমস্ত টাকাটাই দিয়ে দেওয়া হয়। অডিট রিপোর্টে বলেছে যে, সমস্তটাই বেআইনীভাবে দেওয়া হয়েছে। এইভাবে আইনভঙ্গ করে সবটা দিয়ে দেওয়া হোল।

[2.00—2.10 P.M.]

সেটা দিয়ে দেওয়া হলো একজন সিটুর নেতা আছে বলে। প্রতিটি গাড়ির ক্ষেত্রে ওনারা এই জিনিস করছেন। ওনাদের একজন নেতা আছে, কমরেড সাধন সুর বলে, তিনি সেখানকার একজন ইউনিয়ন লিডার—তাঁর বাড়ির মেড সারভেন্টকে গোসাবা থেকে আনতে সি. এস. টি. সি.-র গাড়ি ব্যবহার করা হয়েছে। লগবুকে তার রেকর্ড আছে, তার জেরক্স কপি আমার কাছে আছে। সেখানে বলছে লেক মারকেট থেকে পি. জি. হসপিটল হয়ে যাদবপুরে তাঁর কাজে গিয়েছিল। স্যার, ১০৬ কিলোমিটারের রেকর্ড দেখানো হয়েছে যে এতো ঘুরেছে। স্যার, আমি অংকের লোক, আপনি অংকের লোক না হলেও আপনি ল-ইয়ার, আপনি একটু হিসাব করে দেখুন তো যাদবপুর থেকে পি. জি. হসপিটল এবং লেক মারকেটে যেতে কি করে ১০৬ কিলোমিটার হতে পারে? এটা আমি কিছুতেই বুঝতে পারছি না। এই সরকারের আমলে অংক শাস্ত্র ভুলে যেতে হবে এমন অবস্থা দাঁড়িয়েছে। স্যার এই সি. এস. টি. সি.'তে আবার টিকিট ছাপানোর মেসিন এসেছে। সেই মেসিন এর আগে কংগ্রেস আমলে বসেছিল। সেখানে বহু টিকিট ছাপার কথা ছিল। কথা ছিল সি. এস. টি. সি, ডি. এস. টি. সি., এন. বি. এস. টি. সি. এবং ক্যালকাটা ট্রাম ওয়েজের টিকিট ছাপা হবে সেখানে। এর পরে অতিরিক্ত যে সময় থাকবে সেটা রাজ্যের অন্যান্য কাজে ব্যবহার করা হবে। আমরা দেখছি সেই মেসিনে টিকিট ছাপা হচ্ছে না। কংগ্রেস আমলে লোককে ট্রেনিং দিয়ে পার মান্থ ৩০ টাকা অতিরিক্ত এ্যালাউন্স দিয়ে কাজ করানো হত। ওঁরা বললেন যে এরা সিটু ইউনিয়ন করছে না, অর্থাৎ ওদের কাজ বন্ধ করে দেওয়া হলো। বলা হলো যে বিনা পয়সায় কাজ করতে হবে। তারা সেটা করতে রাজি না হওয়ায় তাদের সংগে সংগে সাসপেণ্ড করা হলো এবং চার্জ-সীট দেওয়া হলো। ভাল কথা, বিনা পয়সায় নিজেদের লোক দিয়ে কাজ করান। কিন্তু দেখা গেল তাদের ছাঁটাই করে দেবার পর আরো দুটো লোককে তাদের মাসে ৫০ টাকা করে দেওয়া হচ্ছে। স্যার, পুলকারের আমি ৪টি গাড়ির নাম্বার আপনাকে দিচ্ছি, এই গাড়িগুলি কোন্ কাজে লাগে দয়া করে এটা যেন মন্ত্রী মহাশয় বলেন। ডবলু. বি. আই. ৪৬৪২, ডবলু. বি. আই. ৪১৭৮, ডবলু. বি. আই. ৪৭৫৩, ডবলু. বি. আই. ৪৩৩২ এই চারটি গাড়ি পুল কারে আছে। এই চারটি গাড়ি শুধু সি. পি. এম. ক্যাডারদের এবং নেতাদের নিয়ে আসতে এবং নিয়ে যাবার জন্য ব্যবহার করা হয়। তার জন্য রাজ্য সরকার খরচা বহন করবে কেন? তার জন্য পশ্চিমবাংলার মেহনতি মানুষ ট্যাক্সের মাধ্যমে টাকা দেবে কেন? তার জন্য আমরা তার খরচা করবার জন্য অধিকার

দেব কেন ? এইগুলি করার জন্য তো খরচা করবার অধিকার দেওয়া যেতে পারে না। আপনি টাকা নিয়ে নয়ছয় করবেন, এইগুলি তো আমরা বরদাস্ত করতে পারি না। এখানে জ্ঞানসিং সোহনপাল মহাশয় রয়েছেন, ওনাকে জিজ্ঞেস করলে বলতে পারবেন উনি যখন ট্রান্সপোর্ট মিনিষ্টার ছিলেন তখন তিনি কি করেছিলেন। আগে বডি বাইরে তৈরী হত। আমাদের স্টেটের মধ্যে যে কোম্পানী ছিল তারা বডি তৈরী করতে পারত না। তখন উনি বাইরের কোম্পানীকে বললেন পশ্চিমবাংলায় ইণ্ডাষ্ট্রি করতে হবে। এর ফলে পশ্চিমবাংলায় গাড়ি তৈরী হবে এবং সেই সাথে সাথে পশ্চিমবাংলার বেকার ছেলেমেয়েরা চাকুরি পাবে। সেই জন্য সেই সমস্ত কোম্পানী পশ্চিমবাংলায় এসে গাড়ি তৈরী করে রাজ্য সরকারকে ডেলিভারি দিয়েছিল। আর আপনি কি করলেন ? বডি বাইরে তৈরী করতে পাঠিয়ে দিলেন। জ্ঞানসিং সোহনপাল মহাশয় যেটা করেছিলেন সেটা করতে পারলেন না। কংগ্রেস আমলে যেটা করা হয়েছিল সেটা করতে পারলেন না। এটা যদি পশ্চিমবাংলায় করতেন তাহলে অনেক বেকার ছেলে চাকুরি পেত। পশ্চিমবাংলায় ইণ্ডাষ্ট্রী গড়ে উঠতে পারতো এবং অনেক সমস্যার সমাধান হত। তা না করে আপনি বাইরে তৈরী করার জন্য পাঠিয়ে দিলেন। এইগুলি আনার জন্য অনেক খরচ হলো এবং সেই গাড়ি ঠিকমতো হচ্ছে কিনা সেটা দেখার জন্য সিটুর নেতাকে পাঠিয়ে দিলেন। আবার সেই গাড়ি আসার পর হঠাৎ খারাপ হয়ে গেল। এই গাড়ি আনার জন্য চুংগি কর দিতে হলো। এই অতিরিক্ত টাকা কে দেবে ? এর জন্য কে মাসুল গুনবে ? এই জন্য রাজ্য সরকারকে জবাবদিহি করতে হবে। আমরা জানি প্রতিটি ক্ষেত্রে—শুধু সি. এস. টি. সি. নয়—এই জিনিস হচ্ছে। বিদ্যুৎ পরিষদের একটা লোকের কথা যদি বলি তাহলে আপনি অবাক হয়ে যাবেন স্যার। সত্যপ্রিয় ঘোষ একজন সিভিল ইঞ্জিনিয়ার, তিনি আগে ব্যাণ্ডেল থারমাল পাওয়ার স্টেশনে ছিলেন। বলতে লজ্জা লাগে—আমার জেলার লোক, ওখানকার ট্রেড ইউনিয়নের লিডার শুধু নয়, এর সংগে অনেক বামফ্রন্টের হোমরা-চোমরা যুক্ত—সিভিল ইঞ্জিনিয়ারকে সাঁওতালডিতে পাঠিয়ে দিলেন সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার করে। স্যার, যদি এই সত্যপ্রিয় ঘোষ সম্বন্ধে যে-সমস্ত অডিট রিপোর্ট আছে সেইগুলি যদি একটু দেখেন তাহলে দেখতে পাবেন কয়েক কোটি টাকা সাঁওতালডিতে তছরুপ করেছে। স্যার ভাবতে অবাক লাগে পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার দুর্নীতির বিরুদ্ধে যখন কথা বলে, কায়েমী স্বার্থের কথা বলে, যখন গলা বাজিয়ে মেহনতি মানুষের কথা বলে তখন সেই সরকার ক্ষমতায় থাকা সত্ত্বেও সত্যপ্রিয় ঘোষের মতো একটি

লোককে সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার করে দেওয়া হলো থারমাল পাওয়ার ষ্টেশনে।

মিঃ ডেপুটি স্পীকার ঃ আপনি লোকের নাম নিচ্ছেন কেন? এই নাম নেওয়া যাবে না। এই নামটা বাদ যাবে।

শ্রীআবদুল মান্নান ঃ স্যার, আমি বলতে চাই এই সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার সাঁওতালডি থারমাল পাওয়ার ষ্টেশনে ১০ কোটি টাকা তছরুপের সংগে জড়িত ছিল। তার বিরুদ্ধে চিফ এ্যাকাউন্টেন্ট অফিসার পি. সি. সরকার রিপোর্ট করেছে। অডিট রিপোর্ট তার বিরুদ্ধে। কিন্তু ভাবতে অবাক লাগে যে সেই পি. সি. সরকারকে তার জন্য রিওয়ার্ড না দিয়ে চাকুরি থেকে ছাঁটাই করা হলো। লজ্জা লাগে না আনপাদের? ভাবতে অবাক লাগে গত ফিফ্‌থ ফেব্রুয়ারী, ১৯৮৪ সেই ইঞ্জিনিয়ারের বিরুদ্ধে এ্যালিগেশন আনার জন্য সমস্ত ডকুমেন্টস দিয়েও পি. সি. সরকার ছাঁটাই হয়ে গেল এইট্‌থ এপ্রিল। অথচ সেই সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার ট্রান্সফার হলো না।

কিন্তু অবাক লাগে ৬ই ফেব্রুয়ারী ১৯৮৪ সালে তার বিরুদ্ধে এালিগেশান আনার জন্য পি. সি. সরকার ছাঁটাই হলেন এই মাসের ৮ই ফেব্রুয়ারীর তারিখে। এই সরকার ১ হাজার লোককে ট্রান্সফার করেছেন। সেখানকার ২৮ জনকে ট্রান্সফার করা হয়েছে। কিন্তু ঐ সুপারিনটেনডেন্ট একমাত্র যে ব্যক্তি যাকে ট্রান্সফার করা হোল না। এই অবস্থা সেখানে চলছে। কংগ্রেস আমলে সাঁওতালডিতে দুটো ইউনিট চালু হয়েছিল। আপনাদের আমলে আরো দুটি ইউনিট চালু হলো। চারটি ইউনিট চালু হবার কথা এবং একশো কুড়ি মেগাওয়াট চালু হলে পশ্চিমবাংলার বিদ্যুৎ সমস্যার সমাধান হবে। কিন্তু আজকে মাত্র একটি ইউনিট চলছে—সমস্ত ইউনিট নষ্ট হয়ে গেছে। একটা ইউনিট পুড়ে যাওয়ায় কোটি কোটি টাকা নষ্ট হয়ে গেছে। অথচ সেখানে দুর্নীতিকে প্রশ্রয় দেওয়া হচ্ছে। ১৯৭৬-৭৭ সালে সাঁওতালডিকে নিয়ে ভারতবর্ষে তিনটি ইউনিট চালু হয়েছে। কিন্তু ১৯৮৪ সালে সেটা একেবারে খারাপ অবস্থায় নেমে এসেছে। আজকে কিভাবে প্রশাসনিক ক্ষেত্রে দলবাজী চলছে সেটা একটু বলি। পৌরমন্ত্রীর বিরুদ্ধে সাড়ে তিন কোটি টাকার দুর্নীতির অভিযোগ ছিল। তার জন্য সলিল রায় চৌধুরীকে নিয়ে একটা কমিশন হল। সেখানে অনেক কিছু ডকুমেন্ট দেওয়া হয় নি। যখন কনট্রাকটারদের কমিশন-এ সাক্ষী হিসাবে ডাকা হল তখন মন্ত্রী মহাশয় তাদের বললেন তোমরা কোর্টে গিয়ে

কেস করো। সঞ্জীব তীর্থংকর-এর হত্যাকাণ্ড নিয়ে সি. বি. আই. তদন্ত করবে কিনা এটা নিয়ে আমাদের এ্যাডভোকেট জেনারেলকে কোর্টে পাঠালেন। গার্ডেনরীচ-এর ঘটনার পর সেখানে স্পেশাল অফিসার বসবে কিনা তার জন্য আপনারা এ্যাডভোকেট জেনারেলকে কোর্টে পাঠালেন। কিন্তু এই সলিল রায় চৌধুরী কমিশন-এর বিরুদ্ধে ইনজাংশান জারি করার জন্য আপনারা এ্যাডভোকেট জেনারেলকে কোর্টে পাঠাচ্ছেন না কেন? আপনারা অনেক জায়গায় নাগরিক কমিটি, শান্তি কমিটি করে সমাজবিরোধীদের বিরুদ্ধে কথা বলছেন। আনন্দ মার্গীদের হত্যাকাণ্ডের কথা আমরা এখনও ভুলে যাই নি। কসবায় প্রকাশ্য দিবালোকে ১৭ জনকে হত্যা করা হোল। এর জন্য সমর দেব কমিশন করা হোল। এই কমিশন যদি ঠিক মতন কাজ করতো তাহলে আমরা এই খানে অনেক কিছু প্রমাণ করতে পারতাম। এর সঙ্গে আমাদের বামফ্রন্টের একজন নেতা এবং বিধানসভার একজন সদস্য জড়িত আছেন। আজ পর্যন্ত তার একটা সিটিং হোল না। অথচ মাসে ৪ হাজার টাকা করে তাঁকে দেওয়া হচ্ছে। এই ভাবে আমরা দেখছি টাকা তছরূপ হচ্ছে। সরকারী কর্মচারীদের ক্ষেত্রে আপনারা ভাঁওতা দিয়ে আসছেন। অর্থমন্ত্রী বলেছিলেন যে পে-কমিশন-এর রিপোর্ট যাই হোক না কেন ১৯৮১ সালে ১লা এপ্রিল থেকে এটা চালু হবে। কিন্তু আমরা দেখছি রাজ্য সরকারের কেরানি যারা, তাদের একটি এপ্রিল ফুল করা হোল। চিফ সেক্রেটারী, টেকনোক্রাট, বুরোক্রাট ইত্যাদির জন্য '৮১ সালের ১লা এপ্রিল থেকে এটা চালু করলেন। কিন্তু গরীব কেরানিদের জন্য করলেন না। আপনারা মুখে মেহনতী মানুষের কথা বলেন, কাজে তাদের সঙ্গে শত্রুতা করেন। আজকের কাগজে দেখলাম আমাদের পুলিশমন্ত্রী বলেন পুলিশের দক্ষতা কমে গেছে বলে অপরাধ প্রবণতা বেড়ে গেছে। এই কথা আমরা অনেকবার এখানে বলেছি। আমরা বল্লে বলেন চক্রান্ত হচ্ছে, কিন্তু মুখ্যমন্ত্রী নিজেই স্বীকার করেছেন পুলিশের দক্ষতা কমে গেছে। কিন্তু কেন? পুলিশ নিরপেক্ষ ভাবে কেন কাজ করতে পারছে না? যে পুলিশ ইংরাজ আমলে ভাল কাজ করতো, তার দক্ষতা কেন কমে গেছে সেটা আমাদের দেখতে হবে। লালবাজারে মিটিং-এ যাবেন, সেখানে মিটিং করবেন আর বলবেন দক্ষতা কমে গেছে, তা হয় না।

[2.10—2.20 P.M.]

পুলিশমন্ত্রী লালবাজারে গিয়েছিলেন এবং তাঁরই সামনে তাঁর দলের ক্যাডাররা কমিশনারকে অপমান করেছিল। সুধাংশু সিংহের কথা কি আপনারা ভুলে গেছেন?

তিনি বলেছিলেন আপনারা এইভাবে পুলিশকে প্রশ্রয় দেবেন না, এতে পুলি প্রশাসন ভেঙে পড়বে। তাঁর কথা শুনলে আজ এইভাবে পুলিশ বিভাগ ভে পড়ত না। সাঁইবাড়ীতে আপনারা নারকীয় কাণ্ড করেছিলেন, পুলিশকে নি দলবাজী করেছিলেন। আমরা এইসব কথা বললেই আপনারা বলেন চক্রান্তকারী আমরা কিছু বললেই খারাপ হয়ে যায়। এই তো কিছুক্ষণ আগে মাননীয় সদস্য ভক্তিবাবু আপনাদের পঞ্চায়েত সিসটেম সম্বন্ধে নানা কথা বলে গেলেন। আমরা জানি এই সিসটেমের মধ্য দিয়ে ভারতবর্ষের অন্যান্য ২১টি রাজ্য ভালভাবে কাজ করছে। তারা যদি এই সিসটেমে ভালভাবে কাজ করতে পারে তাহলে আপনার কেন করতে পারবেন না? আজকে এই সিসটেমকে দোষ দিলে হবে না, গলদ হচ্ছে আপনাদের নিজেদের। আপনারা চরম দুর্নীতির মধ্যে ডুবে গেছেন। ইতিপূর্বে সুমন্ত হীরা বললেন, পশ্চিমবাংলার সর্বত্র নাকি জলে বীজাণু ছড়িয়ে দেওয়া হয়েছে গঙ্গাসাগর থেকে কুচবিহার পর্যন্ত। তাঁর একথা শুনে আমাদের দলের সদস্য সুনীতি চট্টরাজ বলেছেন এ রকম কথা যে বলে তাঁকে রাঁচীতে পাঠান দরকার, কারণ তাঁর মস্তিষ্কে বিকৃতি ঘটেছে। আমিও বলছি আপনাদের মধ্যে যাঁদের মস্তিষ্ক বিকৃতি ঘটেছে তাঁদের রাঁচীতে পাঠিয়ে দিন, আমরা চিকিৎসার ব্যবস্থা করে দেব এবং দরকার হলে কেন্দ্রীয় সরকারকে বলব চিকিৎসার ব্যবস্থা করে দেবার জন্য। আমরা যদি কোন ব্যাপারে এনকোয়ারী কমিশন বসাতে বলি তাহলেই আমরা দোষী হয়ে যাই। স্যার, আজকে পশ্চিমবাংলার মানুষ এই যে ভয়ংকর রোগে আক্রান্ত হয়েছে এই ব্যাপারে আমরা দিনের পর দিন হাউসে বলেছি, কলিং এ্যাটেনশন মোশন দিয়েছি। গ্রামাঞ্চলে পানীয় জলের ব্যবস্থা করুন একথা বলার পর মন্ত্রী মহাশয় বলেছিলেন পানীয় জলের ব্যবস্থা করবার জন্য নির্দেশ দিয়েছি। আজকে জানতে চাই কোথায় সেই পানীয় জল? ওই পানীয় জলের ব্যবস্থা করলে আজ এই শোচনীয় অবস্থার সৃষ্টি হত না। এতগুলো শিশু এই ভয়ঙ্কর রোগের মাধ্যমে মারা যেত না। আমি দেখেছি আপনারা সাংঘাতিকভাবে ব্যর্থ হয়েছেন বিভিন্ন দিকে। আমি মনে করি এই রকম একটা দুর্নীতিগ্রস্ত সরকারের হাতে এত টাকা খরচ করতে দেওয়া যায় না এবং সেদিক থেকে এই এ্যাপ্রোপ্রিয়েশন বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ইতিপূর্বে সুনীতিবাবু যে ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলেন আমিও সেই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সরকার পক্ষের একজন সদস্য বলেছেন কেন্দ্র নাকি সাগর

থেকে শুরু করে সর্বত্র পানীয় জলে বীজাণু ছড়িয়ে দিয়েছে। আমার বক্তব্য হচ্ছে এর সত্যতা প্রমাণ করার দায়িত্ব নিতে হবে ওই মাননীয় সদস্যকে, যিনি একথা বলেছেন। আপনি তাঁর কথাগুলো প্রসিডিংস্ থেকে এক্সপাঞ্জ করে দিন, আর না হয় এর সত্যতা ওই মাননীয় সদস্য প্রমাণ করুন। এরকম দায়িত্বজ্ঞানহীন কথা একজন মাননীয় সদস্য বলতে পারেন এটা আমরা কল্পনাও করতে পরিনা। আমি অনুরোধ করছি আপনি এইসব কথা এক্সপাঞ্জ করে দিন। আমি এই পয়েণ্ট অব অর্ডার আপনার কাছে রাখলাম।

মিঃ ডেপুটি স্পীকার : দিস ইজ নট এ পয়েণ্ট অব অর্ডার।

শ্রীশীশ মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ১৯৮৪-৮৫ সালের যে এ্যাপ্রোপ্রিয়েশন বিল এখানে উত্থাপন করা হয়েছে, তাকে আমি পূর্ণ সমর্থন করছি। শরীর অসুস্থতার জন্য আজকে আমার হাউসে আসতে দেরী হয়েছে। কিন্তু এসে দেখলাম এই পবিত্র বিধানসভায় মাননীয় সদস্যদের আচরণ। স্যার, নির্বাচন কথাটাকে হিন্দীতে বলে 'চুনা'। অর্থাৎ যাদের এখানে পাঠানো হয় তাদের সব দেখেশুনে ভাল লোককেই পাঠানো হয়। তারা সবাই পবিত্র লোক ভাল লোক। কিন্তু কিছু পাগল লোককেও পাঠিয়ে দেওয়া হয়েছে। আজকে সেটা বেশ ভাল করেই বুঝতে পারলাম। হাউসে এসেই দেখছি ওদিকে ঘেউ ঘেউ, এদিকে হুক্কা-হুয়া। এই দেখে মনে হোল কিছু পাগল লোকও এখানে এসেছে। যে সরকার পশ্চিমবাংলার জনগণের কল্যাণের কাজে নিয়োজিত—তাদের কোথায় ওঁরা সহযোগিতা করবেন—তা না করে দেখলাম ওঁরা পশ্চিমবাংলার জনগণের প্রকৃত সরকারকে আমূল বিরোধিতা করতে এসেছেন। এটা খুবই লজ্জার কথা। পশ্চিম-বাংলায় সত্যিকারের প্রাকৃতিক কারণে এই অসুখ হয়েছে এবং তার মোকাবিলা করবার চিকিৎসা ব্যবস্থা অতি দ্রুত গতিতে এগিয়ে চলেছে। কিন্তু দেখছি এতো হওয়া সত্ত্বেও ওরা খুশী নন। যাক খুশী না হলেও এঁরা যখন বাচ্ছা ছেলেদের সম্বন্ধে উদগ্রীব হয়ে উঠেছেন তখন দেখছি যখন বেরিয়ে যাচ্ছিলেন তখন ৩২ পাটি একেবারে উন্মোচন করে চলে গেলেন। কংগ্রেস যখন শ্লোগান দিয়ে এর আগে বেরিয়ে গিয়েছিলেন, যার ছবি আনন্দবাজার পত্রিকায় নিচ্ছিল তখন সব কি আনন্দ! এদিকে যে বাচ্ছা ছেলেরা মারা গেছে, তার কান্নার সুর তাদের মধ্যে আমি দেখতে পাই নি। হাসতে হাসতে সব চলে গেলেন। এঁরাই আবার জনগণের নির্বাচিত প্রতিনিধি—আমার দুঃখ হয়। যখন এইভাবে সব ছেলেরা

মরছে, তখন সেই সব কথা চিন্তা করে অতি সাবধানতার সংগে এই সরকার এগিয়ে যাচ্ছে, ঠিক সেই সময় ওঁরা সব হাসিমুখে উল্লাস করে বেরিয়ে গেলেন। ওঁদের লজ্জা হওয়া উচিত। মাননীয় আবদুল মান্নান সাহেব বললেন এই সরকার পঙ্গু সরকার, কোন কাজই করতে পারছেন না। তিনি বললেন তিনি নাকি অঙ্কের শিক্ষক। তিনি অঙ্ক করে বলে দিলেন ২৯ লক্ষ টাকা নাকি এই সরকারের হাত থেকে চলে গেছে। আবার সাত্তার সাহেব বল্লেন তথ্য দিয়ে গেলেন এতো টাকা ফেরত চলে গেল। গতকাল নাকি এই সংবাদ কাগজে বেরিয়েছে। আমাদের ইরিগেশন মিনিষ্টার ১২ কোটি টাকা দাবী করেছিলেন ইরিগেশনের কাজ করার জন্য। ৩১শে মার্চ তারিখে ৫ কোটি টাকা পাওয়া গেল। তাহলে এইরকম যদি শেষ সপ্তাহে শেষ দিনে টাকা পাওয়া যায়, তাহলে কি করে খরচ করা যায় ? ওঁরা যদি থাকতেন তাহলে চুরির খাতে টাকা খরচ করে দেখিয়ে দিতেন টাকা খরচ হয়েছে। ওঁরা মিটিং করে বলে দিয়েছেন, এইভাবে পশ্চিমবাংলাকে টাকা দেবেন যাতে সে টাকা খরচ করতে না পারে। তারা চেষ্টা করছে কি করে এই সরকারকে গদিছাড়া করা যায়। কিন্তু পশ্চিমবাংলার সাধারণ মানুষ, খেটে খাওয়া মানুষ, কৃষিমজুর মানুষ এবং পশ্চিমবাংলার সাধারণ মানুষ এই সরকারের পিছনে আছে। এই কথাটা ওঁদের স্মরণ করিয়ে দিই। মান্নান সাহেব বল্লেন দেশের কোন কল্যাণ হচ্ছে না।

[2.20—2 30 P. M.]

মান্নান সাহেবকে জিজ্ঞাসা করি আপনার মাধ্যমে, আপনারা তো ২৭ বছর ধরে ব্রিটিশ চলে যাবার পর পশ্চিমবঙ্গে শাসন করেছেন, আপনাদের কংগ্রেসের আমলে শিক্ষকদের বেতন কত ছিল ? আজকে মান্নান সাহেবের জানা উচিৎ বর্তমানে এম. এ. পাশ শিক্ষকদের মাইনের স্কেল একরকম এবং বি. এ. পাশ শিক্ষকদের মাইনের স্কেল আর এক রকম। আজকে পশ্চিমবাংলার ছাত্রদের ১২ ক্লাশ পর্যন্ত কোন বেতন দিতে হয় না, বিনা বেতনে তারা পড়াশুনা করতে পারে। আপনাদের আমলে মাস্টারদের মাইনে কত ছিল, আমরা দেখেছি ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে ১৯৬০ সালে গ্র্যাজুয়েটদের স্কেল ডি. এ. নিয়ে ১৬০ টাকা করেছিলেন, তারপর যা দেওয়া হয়েছিল, তা অত্যন্ত নগণ্য। তার ফলে ওঁদের আমলে হাই স্কুলের শিক্ষকদের ৫০০ টাকার বেশী মাইনে ওঠেনি। সেই জন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কংগ্রেস যুগে শিক্ষকদের স্কুলের কাউন্টারে ক্লার্কদের কাছে হাত

ব্যাগ নিয়ে দাঁড়িয়ে থাকতে হতো প্রতি সপ্তাহে বাজার করার পয়সা নেবার জন্য। কারণ কবে মাইনে পাবে তার কোন ঠিক থাকতো না। আজকে শিক্ষকদের ১লা তারিখের মধ্যে মাইনে দিয়ে দেওয়া হচ্ছে, তারা পে-প্যাকেট পেয়ে যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মারফত ওঁদের জানাই, শিক্ষার ক্ষেত্রে অত্যন্ত উন্নতি হয়েছে। মান্নান সাহেব নিজে শিক্ষক, তিনি এই বিষয়ে জানেন না কি? উনি নিজের বুকে হাত দিয়ে সেই কথা তো বলতে পারলেন না? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গ সরকার যে পলিশি নিয়েছেন, শিক্ষা প্রসারের ক্ষেত্রে যে পলিশি নিয়েছেন তা অভিনন্দনযোগ্য। তবে আমার একটা কথা হচ্ছে, আমি সেদিনও আমার বক্তৃতাতে বলেছিলাম যে, আমাদের এই শিক্ষা ব্যবস্থা অত্যন্ত উত্তম। কিন্তু এই ব্যবস্থা চালু করতে গেলে যে মানসিকতার প্রয়োজন, শিক্ষকদের, সংগে সংগে সাধারণ মানুষের যে মানসিকতা প্রয়োজন, সেইভাবে যদি মানসিকতাকে প্রস্তুত না করা যায়, সেইভাবে যতক্ষণ পর্যন্ত না গড়ে তোলা যায়, ততক্ষণ পর্যন্ত আমার অনুরোধ পরীক্ষা ব্যবস্থা চালু রাখা দরকার প্রাইমারীতে। মানসিকতা যতক্ষণ পর্যন্ত না তৈরী হয়, পলিশি অত্যন্ত ভাল, এই ব্যাপারে একটু ভেবে দেখার জন্য অনুরোধ করছি মাননীয় মন্ত্রী মহাশয়কে। আর,একটা কথা, স্বাস্থ্য দপ্তর সম্পর্কে আমি বলতে চাই, গ্রামাঞ্চলে যে-সমস্ত প্রাইমারী হেল্‌থ সেণ্টার আছে, সেখানে সাধারণতঃ গরীব গ্রামের মানুষ চিকিৎসা করান, সেখানে ছোট ছোট অপারেশনও হয়, সাধারণতঃ ডিষ্ট্রিক্টের শহরে এসে সেই সব গরীব মানুষদের অপারেশন করাবার ক্ষমতা থাকে না, সেইসব প্রাইমারী হেল্‌থ সেণ্টারগুলোতে যাতে রাত্রে অপারেশনের ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করুন, তার জন্য প্রয়োজন একমাত্র বৈদ্যুতিকরণ রাত্রে যাতে জরুরী অপারেশন করা যায়, সেই ব্যবস্থা করুন। সুতরাং সব হেল্‌থ সেণ্টারগুলোতে বৈদ্যুতিকরণ করা প্রয়োজন, এতে সাধারণ গরীব মানুষদের যথেষ্ট উপকার হবে। এই বিষয়টা ভেবে দেখার জন্য মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। আর একটি বিষয় অত্যন্ত গুরুত্বপূর্ণ, কুকুর কামড়ানোর ওষুধ গ্রামাঞ্চলে পাওয়া যায় না, ফলে সেই ওষুধের জন্য তাদের কলকাতায় আসতে হয়। আমি অনুরোধ করবো, যাতে প্রত্যেক ডিষ্ট্রিক্ট হেডকোয়ার্টারে এই কুকুর কামড়ের ওষুধ মজুত থাকে তার ব্যবস্থা মন্ত্রী মহাশয় যেন করেন, এই অনুরোধ আপনার মারফত তাঁকে জানাচ্ছি। সর্বশেষ, আর একটা কথা বলি, আমার সাজেশন হচ্ছে আজকে গ্রামাঞ্চলে চৌকিদার, দফাদার, ট্যাক্স কালেকটার, এদের কত কাজ করতে হয়।

কাজেই আপনার মাধ্যমে অনুরোধ করব এই তহসিলদারদের তৃতীয় শ্রেণী কর্মচারী হিসাবে গ্রহণ করুন। আর দফাদার, চৌকিদারদের চতুর্থ শ্রেণী এব ট্যাক্স কালেকটারদের তৃতীয় শ্রেণীর কর্মচারী হিসাবে গ্রহণ করুন। কারণ এদে অত্যন্ত কাজ করতে হয়। তাদের কাজের দিকে দৃষ্টি রেখে আপনাকে এটা বিবেচ করতে অনুরোধ করছি। আমাদের জনপ্রিয় বামফ্রন্ট সরকার জনসাধারণে কল্যাণের জন্য নিজেকে নিয়োজিত করে রেখেছে। সুতরাং সমাজের একটি শ্রেণী অত্যন্ত অবহেলিত, লাঞ্ছিত অবস্থায় থাকাটা ঠিক নয়, এটা থাকা উচিতও নয় সুতরাং আমি এটা ভেবে দেখবার জন্য অনুরোধ করছি। এই কটি কথা বলে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের এ্যাপ্রোপ্রিয়েশন বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অশোক মিত্র ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কংগ্রেস সদস্য ইমাজুদ্দিন সাহেব খুব যথার্থ কথাই বলেছেন। কারণ আমি মনে করি উনি কারেক্টই বলেছেন। কারণ বৃটিশ সাম্রাজ্যবাদের যে কটি ভূতের বোঝা আমাদের বহন করতে হচ্ছে, এ্যাপ্রোপ্রিয়েশন বিল তার একটি। সমস্ত ব্যয়বরাদ্দের দাবী মঞ্জুরী গৃহীত হয়েছে। তারপর আর এই ব্যাকরণের বিশেষ কোন প্রয়োজন ছিল না। কিন্তু সংবিধানে এটার উল্লেখ আছে। সেই জন্য সংবিধান শিরোধার্য করে আমাদের এই প্রসেসের ভিতর দিয়ে যেতে হয়। আমি সাত্তার সাহেব, জয়নাল আবেদিন সাহেবের বক্তৃতা শুনলাম। তাঁরা সেই একই কথা বললেন। ওঁদের প্রতি আমার খুব সহানুভূতি হচ্ছিল। কারণ ঐ বাজেট বিতর্কের প্রারম্ভে যে কথাগুলি বলে গিয়েছিলেন আবার সেই কথার পুনরাবৃত্তি করলেন, নতুন কিছু কথা বলবার নেই বলে। সুতরাং যেটুকু বলেছেন বাধ্য হয়েই আমাকে তার দু/একটি জবাব দিতে হচ্ছে। যেমন ওঁরা খরচের ব্যাপারে বলেছেন, কেন্দ্রীয় সাহায্য আমরা ঠিকমত খরচ করতে পারিনি। এর কিছুটা জবাব শীষ মহম্মদ সাহেব দিয়েছেন। আমি নিজেও বলেছি, এটা প্রত্যেকেরই বিচার্য বিষয় যে, আমাদের পরিকল্পনার জন্য কেন্দ্রীয় সাহায্য ৪টি কিস্তিতে দেওয়া দরকার। মাসে মাসে দেবার কথা বলেছিলাম। আর শেষ কিস্তি ১ লা জানুয়ারি দিয়ে দিন, এটা বারে বারে বলে এসেছি। কিন্তু তারা তা করেন নি। শেষ কিস্তি মার্চের শেষ সপ্তাহে দিয়ে দেন। এটা শুধু আমাদের ক্ষেত্রে নয়, সমস্ত রাজ্যের ক্ষেত্রেই তাঁরা এই কাজ করেন। তার ফলে যে ১৮ কোটি টাকা বাকি ছিল সেটা ২৯শে মার্চ দেওয়া হয়। এখন ৩১শে মার্চের মধ্যে এই টাকা খরচ করা সম্ভব নয়, এটা বোঝা দরকার। আমরা বার

বার করে কেন্দ্রীয় সরকারকে বলছি এই ব্যাপারটা পাল্টান, এতে প্রত্যেকেরই অসুবিধা হচ্ছে। কিন্তু এখানে একটি ব্যাপার বিশেষ করে উল্লেখ করতে হচ্ছে—কেন্দ্রীয় সেচমন্ত্রী অত্যন্ত সজ্জন মানুষ, আমার বন্ধু মানুষ, তাঁর সংগে আমাদের ভারতের ভবিষ্যৎ রূপরেখা নিয়ে আলোচনা হয়। কিন্তু যখনই তিনি পশ্চিমবাংলায় আসেন তখনই হয়ত তাঁর দলের কথা ভেবে দু/একটি বামফ্রন্ট বিরোধী কথা তাঁকে বলতে হয়। তিনি বলে গেলেন তিস্তা প্রকল্পের জন্য ৫ কোটি টাকা দিয়েছি, খরচ করতে পারেনি। এই তিস্তা প্রকল্পের জন্য পশ্চিমবঙ্গ সরকার ১২৫/৩০ কোটি টাকা খরচ করেছেন। ৫ বছর ধরে বারে বারে আবেদন-নিবেদন করেছি, কোন ফয়সালা হয় নি। এই বছর অনেক উপরোধ অনুরোধ করার পর ৫ কোটি টাকা মার্চ মাসের শেষে দিতে রাজি হয়েছেন। এই টাকা মার্চের শেষ সপ্তাহে এসেছে। তার ১ কোটি টাকা আমরা খরচ করেছি। এই কথা বলার দরকার ছিল না, উনিও জানেন, আমিও জানি। কেন্দ্রীয় শক্তিমন্ত্রী চমৎকার মানুষ। আমি দিল্লী গিয়ে তাঁর সংগে কথাবার্তা বলি। এখানে এসে দুম করে বলে ফেললেন পশ্চিমবঙ্গ সরকার বিদ্যুতের দিকে যথেষ্ট অগ্রাধিকার দিচ্ছে না। আমি বলি আমাদের বিদ্যুতের জন্য আনুপাতিক সব চেয়ে বেশী খরচ আমরা করেছি। এই ক্ষেত্রে আমরা ১৭০ কোটি টাকা খরচ করেছি। সুতরাং যে কথা অঙ্ক দিয়ে প্রমাণ করে দেওয়া যায় সেই কথা বলে লাভ কি? এই কথা বলে কোন লাভ নেই। সুতরাং আমরা খরচ করতে পারি না, এই সমস্ত কথা বলে কোন লাভ নেই। তারপর সাত্তার সাহেব কতকগুলি সংখ্যা পড়লেন, মহারাষ্ট্রে এত উন্নতি হয়েছে, গুজরাটে এত উন্নতি হয়েছে।

আমিও বলি, মহারাষ্ট্রের এত উন্নতি হয়েছে, গুজরাটের এত উন্নতি হয়েছে পশ্চিমবাংলায় তার অনেক কম হয়েছে, বিহারে তার অনেক কম হয়েছে, উড়িষ্যাতে অনেক কম হয়েছে, সেদিকে নজর দিন। আমাদের অন্ততঃ ১৯৭৭ সালের পর থেকে গড়ে শতকরা ৫·৬১ হারে উন্নতি হচ্ছে। আপনাদের সময় ১৯৬৫ থেকে ১৯৭৫ সালের মধ্যে উন্নতি তো হচ্ছিলই না বরং অবনতি হচ্ছিল। তখন শিল্পোৎপাদন অর্ধেক হয়ে গিয়েছিল। ১৯৬৫ সালের শিল্পোৎপাদনের তুলনায় ১৯৭৫ সালে পশ্চিমবাংলার শিল্পোৎপাদনের পরিমাণ অর্ধেক হয়ে গিয়েছিলে। সেই ধ্বংসস্তূপে থেকে তাকে আমাদের আস্তে আস্তে টেনে তুলতে হচ্ছে। কাজেই এসব কথা বলে আপনারা নিজেদের জালে নিজেরাই জড়িয়ে পড়েন।

মিঃ স্পীকার: এই বিলের আলোচনার জন্য যে সময় নির্দিষ্ট ছিল তারমধ্যে মনে হচ্ছে এই বিলের আলোচনা শেষ করা যাবে না, কাজেই আমি আরো ১৫

মিনিট সময় এই বিলের জন্য বাড়াচ্ছি। আশা করি মাননীয় সদস্যরা এতে সম্মত হবেন।

(মাননীয় সদস্যগণ সম্মতি দেবার পর)

সময় আরো ১৫ মিনিট বাড়লো।

ডঃ অশোক মিত্র ঃ তারপর ওঁরা বলেছেন, ট্যাক্সের টাকা তোলা হয় না। আমি গত সপ্তাহে এই সভাতে দাঁড়িয়ে বলেছিলাম যে, বিক্রয়কর বাবদ ১৯৪৭ থেকে ১৯৭৭ এই ৩০ বছরে যেখানে সংগৃহীত হয়েছিল ১ হাজার ৭৭ কোটি টাকা, সেখানে ১৯৭৭ থেকে ১৯৮২—এই ৬ বছরে ১৮০০ কোটি টাকা তোলা হয়েছে। কাজেই এর চেয়ে বেশী আমার বলার কিছু নেই। পরিশেষে তিনটি খবর আমি মাননীয় সদস্যদের জানিয়ে দিতে চাই। প্রথম হচ্ছে, এখন পর্যন্ত অর্থ কমিশনের রিপোর্ট বেরয় নি। আজকে এপ্রিল মাসের ২৩ তারিখ, আমি জানি না এ মাসে বেরুবে কিনা এবং জানিনা না অর্থ কমিশনের রিপোর্ট দাখিলের পর কেন্দ্রীয় সরকার কবে তাঁদের সিদ্ধান্ত ঘোষণা করবেন। কাজেই আমাদের আয়-ব্যয়ের হিসাবের যে অনিশ্চয়তার কথা আমি বাজেট বক্তৃতায় বলেছিলাম এখনও সেটা বহাল আছে। দ্বিতীয়তঃ, আমাদের পরিকল্পনার ব্যাপারে পরিকল্পনা কমিশনের সঙ্গে আমাদের মতৈক্য না হওয়ায় আমাদের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে জাতীয় উন্নয়ন পর্যদের বৈঠক ডাকার জন্য চিঠি লেখেন—প্রথমে একটি চিঠি লেখেন, আবার একটি চিঠি লেখেন, কিন্তু ঐ দুটি চিঠিরই এখনও পর্যন্ত জবাব আসে নি, সুতরাং আমাদের অর্থনৈতিক পরিকল্পনার আয়তন কি হবে তা নিয়ে প্রশ্ন চিহ্ন থেকেই যাচ্ছে। এর জন্য কিন্তু আমরা দায়ী নয়। তৃতীয়তঃ, আমরা এখানে অতিরিক্ত সম্পদ সংগ্রহের যে-সমস্ত প্রস্তাব রেখেছিলাম ৯ই মার্চ তারিখে তারমধ্যে একটি বড় প্রস্তাব ছিল, আসানসোল, দুর্গাপুর এবং জলপাইগুড়ি, শিলিগুড়ি অঞ্চলে পণ্য প্রবেশকর বসানোর প্রস্তাব, কিন্তু এর জন্য রাষ্ট্রপতির বা কেন্দ্রীয় সরকারের অনুমোদন প্রয়োজন। এই অনুমোদন ছাড়া এটা আমরা এই বিধানসভায় পর্যন্ত আনতে পারি না। আমি এখানে সে সম্পর্কে বিবৃতি পেশ করার পর রাষ্ট্রপতির সম্মতির জন্য দিল্লীতে আবেদন করেছি, কিন্তু আজ পর্যন্ত সেই আবেদনে সাড়া পাওয়া যায় নি। ওঁরা হ্যাঁও বলছেন না, নাও বলছেন না। ইতিমধ্যে ৬ সপ্তাহ চলে গিয়েছে। কাজের সরকার তো তাই ৬ সপ্তাহের মধ্যে জবাব দিতে পারলেন না। কাজেই আমাদের

হিসাব থেকে আপাততঃ ১০ কোটি টাকা বাদ করছি। এর চেয়ে বেশী এখন আমার কিছু বলার নেই, আমি আশা করি এই এ্যাপ্রোপ্রিয়েশন বিল সকলে অনুমোদন করবেন।

The Motion of Dr. Ashok Mitra that the West Bengal Appropriation (No. 2) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3, Scheduled and Preamble.

The question that Clauses 1 to 3, Scheduled and Preamble, do stand part of the Bill was then put and agreed to.

Dr. Ashok Mitra : Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1984, as settled in the Assembly be passed.

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের জবাবী ভাষণে আমরা আরো বেশী হতাশ হয়েছি। আমি স্পষ্টভাবে এটা মন্ত্রিসভার কাছে জানতে চাই, আজকে মহামারী রূপ ধারণ করেছে। (এই সময়ে সরকার পক্ষের জনৈক সদস্য বললেন : একই কথা বারে বারে)। প্রবলেমটা যদি একই হয় তাহলে একই কথা বারে বারে বলতে হবে। If the [*] are before all the time. তাহলে কি প্রশ্নটা হয় চুরি হয় নি ? এখানে প্রশ্নটা হচ্ছে মহামারী। এটাকে ওয়ার ফুটিংয়ে কমব্যাট করতে হবে। মাননীয় অর্থমন্ত্রীকে সতর্ক করে দিয়েছিলাম। আপনি যখন ভোট অন এ্যাকাউন্ট অব দি এ্যাপ্রোপিয়েশন বিল জানেন, আপনি বলেছিলেন যে, ক্লারিফিকেশান ছাড়া অন্য কিছু আর্গুমেন্ট চলে না। আজকে জিজ্ঞাসা করতে চাই যে তৎপরতা আজকে দেখা দিয়েছে, সেই তৎপরতা ৩ সপ্তাহ বা এক মাস আগে কেন দেখা দেয় নি তার জবাব কে দেবে ? আরো লজ্জার কথা হচ্ছে, লীডার অব দি অপোজিশান বলেছেন যে, কোথাও কোন ব্যবস্থা নেওয়া হয় নি। স্যার, মানুষ কুকুর, শিয়ালের মত মরছে। They are playing their tune. They are sleeping. আজকে দে আর স্লীপিং। এর থেকেও ওরা কেউ যদি সিল্কের পাঞ্জাবী পরে বীণা বাজাতে বাজাতে রাস্তায় ঘুরে বেড়ায় তাহলে আমরা আশ্চর্য হব না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলতে চাই যেটার কোন উত্তর পাইনি। কেন্দ্র টাকা দেয় না বলে বলা হচ্ছে।

Note : * Expunged as ordered by the Chair.

কিন্তু কেন্দ্রের টাকা বার বার ফিরে যাচ্ছে। Why can't you keep it in suspense Account ? আজকে অভিযোগ করা হয়েছে যে, সবচেয়ে বেশী টাকা দেওয়া হয়েছে পশ্চিমবঙ্গকে। এই টাকা পশ্চিমবাংলার কল্যাণে ব্যয়িত না হয়ে কেন ফেরত যাচ্ছে—তার কোন উত্তর আমরা পাইনি। এখানে ১০ কোটি টাকার কথা বলা হয়েছে। আমরা আপত্তি করেছিলাম। আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আপনি জবাব দেবেন। আপনার করের প্রস্তাবগুলি অবাস্তব। এগুলি আপনি রিভাইভ করুন। Before consulting the President or the Governor it should not have brought this Bill into this House. Hence I again oppose this Appropriation Bill bacause we know Rs. 2300/- will be misappropriated by this gentleman now holding Council of Ministers, Thank you.

মি: স্পীকার: 'খিস্তস' কথাটা বাদ যাবে।

ডঃ অশোক মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটাই মাত্র উত্তর দেবার আছে। সম্প্রতি জয়নাল সাহেব বোধহয় তরুণদের সংগে মিশছেন, নূতন নূতন ভাষা শিখছেন, তাঁর সেই ভাষা নিয়ে আমার কিছু বলার নেই। উনি টাকা ফেরত যাবার যে কথা বলেছেন, সে কথায় বলছি যে, কোন টাকা ফেরত যায় নি। কারণ কেন্দ্রীয় সরকারের এটুকু চক্ষুলজ্জা আছে, ওরা এটা বুঝতে পেরেছে যে, ২৯শে মার্চ টাকা দিলে সেই টাকা ৩১শে মার্চের মধ্যে খরচ করা যায় না। তখন সেই টাকাটা পরের বছরে খরচ করা হয়। আমি এর বেশী কিছু এখানে বলতে চাই না।

The Motion of Dr. Ashok Mitra that the West Bengal Appropriation (No. 2) Bill, 1984, as settled in the Assembly be passed, was then put and agreed to.

The West Bengal Panchayat (Amendment) Bill, 1984

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to introduce the West Bengal Panchayat (Amendment) Bill, 1984.

(Secretary then read the title of the Bill)

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move "that the West Bengal Panchayat (Amendment) Bill, 1984, be referred to Select Committee of the House consisting of :

1. Shri Balai Banerjee
2. Shri M. Ansaruddin
3. Shri Hrishikesh Maity
4. Shri Morazzam Hossain
5. Shri Md. Masih
6. Shri Gunadhar Chowdhury
7. Shri Dhirendra Nath Sen
8. Shri Dinesh Ch. Dakua
9. Shri Kamakshya Ghosh
10. Shri Kripa Sindhu Saha
11. Shri Subhas Goswami
12. Shri Debaprasad Sarkar
13. Shri Atish Ch. Sinha
14. Shri Kashi Nath Misra
15. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of the Deptt. of Panchayats & C.D.

that the Committee shall make a report to the house by the first week of the next session.

that in order to constitute a sitting of the Committee the quorum shall be one-third of the total number of the members of the Committee.

that in other respect the rules and procedure of this House relating to the Committee will apply with such variations and modifications as the Speaker may make."

[2.40—3.30 P. M. including adjournment]

মিঃ স্পীকার: যাঁরা সিলেক্ট কমিটির মেম্বার হবেন, তাঁরা কিন্তু পরবর্তীকালে হাউসে এই বিলের ওপর আলোচনায় অংশগ্রহণ করতে পারবেন না। For information of the Members this convention has to be followed. অতীতে ভায়লেশন হয়েছে, ভবিষ্যতে যেন না হয়।

শ্রীসুব্রত মুখার্জী: By virtue the Minister is the Chairman of the Committee. Should we consider that the Minister will not speak.

মিঃ স্পীকার: বাই কনভেনশন মিনিষ্টার সিলেক্ট কমিটিতে থাকেন এবং তিনি এখানে বিল উত্থাপন করেন এবং আলোচনার জবাব দেন। এটাই নিয়ম।

শ্রীসুব্রত মুখার্জী: আপনি এই হাউসে কনভেনশন রেখেছেন, সিলেক্ট কমিটির সদস্যকেও বিলের আলোচনার অংশ গ্রহণ করবার সুযোগ দিয়েছেন।

মিঃ স্পীকার : আমি রাখিনি। আমি বলেছি this is the violation o the convention. That will not be continued. I will not allov violation in future.

Dr. Zainal Abedin : It may happen in future also. When I was represen ting Congress (S), I was alone. I was included in the Select Committee an again I was permitted to speak on the floor of the House. If it so happens find the name of Mr. Debaprasad Sarkar here. They are representing tw Members only. If it so happens while we consider the report of the Selec Committee, Debaprasad Sarkar is alone here. Then his party's views will no be allowed to be ventilated. Certain limitations are there and you are righ to maintain convention from there. Relaxation is also possible from the Chair. You please expedite that also.

শ্রীসত্যরঞ্জন বাপুলি : স্যার, আমি আপনার কাছে একটা জিনিস জানতে চাইছি। গত কয়েক বার আপনি আমাদের, সিলেক্ট কমিটির সদস্যদেরও বিলের আলোচনায় অংশগ্রহণ করার সুযোগ দিয়েছেন। আমাদের বিভিন্ন দলের ইম্পর্টেন্ট মেম্বাররাই সিলেক্ট কমিটির সদস্য হন, তাঁরা সেখানে তাঁদের বক্তব্য রাখেন এবং পরবর্তীকালে হাউসেও বিশেষ কিছু বলার থাকলে তাঁরাই বলেন। সাধারণ ভাবে এই নিয়ম এই হাউসে চালু আছে। কিন্তু এখন আপনি বলছেন, সিলেক্ট কমিটির মেম্বাররা পরে আর হাউসে বলতে পারবেন না। আপনি যদি এ রকম উল্টোপাল্টা রুলিং দেন, তাহলে আমরা কি করব ?

মিঃ স্পীকার : আমি কোন উল্টোপাল্টা রুলিং দিচ্ছি না। আমি গতবারে বলেছি I had drawn the attention in last time. It was violation of convention. Today I am warning in advance. গতবারেই বলেছি, ভবিষ্যতে আমি বলতে দেব না।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : স্যার, আমি আপনাকে রিকোয়েষ্ট করছি, আপনি কনভেশনটি তুলে দেবেন না।

মিঃ স্পীকার : আমি কনভেশনটি তুলে দিচ্ছি না, কনভেশনটি রাখতে চাইছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : তবু আপনি বিষয়টি আর একবার চিন্তা করুন।

মিঃ স্পীকার ঃ চিন্তা করার কিছু নেই।

শ্রীসুব্রত মুখার্জী ঃ স্যার, আমাদের সদস্য সংখ্যা বেশী নয়, সেই জন্যই আমরা একই সদস্য উভয় জায়গায় আলোচনায় অংশগ্রহণ করতে চাই। তা না হলে আমাদের পক্ষে খুব অসুবিধা হবে।

মিঃ স্পীকার ঃ কনভেনশন ভায়লেট হোক, এটাই কি আপনারা চাইছেন? What is the tradition of the Parliamentary system—that has to be maintained. The tradition that those who are Members of the Select Committee do not participate in the debate.

Shri Subrata Mukherjee : At the same time the tradition is the Speaker can consider anything.

Mr. Speaker : Dr. Zainal Abedin, you told me a little while ago that precedents and everything should be followed and maintained. There is a precedent in the House. When a vote of no-confidence had been changed into a vote of confidence should we refer back the same precedent ? I think no.

Then motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Panchayat (Amendment) Bill, 1984, be referred to Select Committee of the House consisting of :

1. Shri Balai Banerjee, 2. Shri M. Ansaruddin, 3. Shri Hrishikesh Maity, 4. Shri Morazzam Hossain, 5. Shri Md. Masih, 6. Shri Gunadhar Chowdhury 7. Shri Dhirendra Nath Sen, 8. Shri Dinesh Ch. Dakua, 9. Shri Kamakshya Ghosh, 10. Shri Kripasindhu Saha, 11. Shri Subhas Goswami, 12. Shri Debaprasad Sarkar, 13. Shri Atish Ch Sinha, 14. Shri Kashinath Misra, 15. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of the Department. of Panchayats & C. D.

that the Committee shall make a report to the House by the first week of the next session,

that in order to consitute a sitting of the Committee the quorum shall be one-third of the total number of the members of the Committee,

that in other respect the rules and procedure of this House relating to the Committee will apply with such variations and modifications as the Speaker may make, was then put and agreed to.

(At this stage the House was adjourned till 3,30 p. m.)

[3.30—3.40 P. M.]

After Adjournment

মিঃ স্পীকার : সুব্রতবাবু, কি বলতে চাইছেন বলুন।

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধন্যবাদ আপনাকে। আমি আপনাকে এবং আপনার মাধ্যমে এই হাউসকে একটি মারাত্মক ডকুমেণ্ট পেশ করতে চাই। ডকুমেণ্টটি কোথা থেকে পেলাম সেই প্রশ্ন এখানে আসেনা। আপনি জানেন যে, এই সোর্স আপনাকে বা কাউকে বলতে আমরা বাধ্য নই। তবুও আপনাকে বিষয়টা পরিষ্কার করবার জন্য বলছি, যে ডকুমেণ্টটা পেশ করবো সেটা বিধানসভার ক্ষেত্রে, সমগ্র পশ্চিমবাংলার মানুষের ক্ষেত্রে অত্যন্ত প্রয়োজন এবং প্রয়োজন বোধে এর উপর ভিত্তি করে এখানে আলোচনাও হতে পারে। এই ডকুমেণ্টকে কেন্দ্র করে মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতিকেও চ্যালেঞ্জ করতে পারি এবং মাননীয় মুখ্যমন্ত্রী যে সাপ্রেশন অফ ফ্যাকটস্ করেছেন সেটাকে পর্যন্ত প্রিভিলেজের মধ্যে আনতে পারি। এ্যাজ এ মেম্বার অফ দিস্ হাউস সেটা যে কনটেম্পট্ অফ দি হাউস হয়েছে—সেভাবেও আনতে পারি। কাজেই এই ডকুমেণ্টটি আপনার কাছে পেশ করতে চাই। আমি এখানে পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি যে, এটাই হচ্ছে পোষ্ট-মর্টেম রিপোর্টের অফিসিয়াল ডকুমেণ্ট, যেটা আপনার কাছে পেশ করতে চাইছি এবং যেটা মাননীয় মুখ্যমন্ত্রী সাপ্রেশ করেছিলেন। আমি স্যার, আপনার কাছে যেটা ৩১-৩-৮৩ তারিখে—

মি: স্পীকার : এটা কার পোষ্টমর্টেম রিপোর্ট ?

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় স্পীকার স্যার, যে পোষ্টমর্টেম রিপোর্ট মাননীয় মুখ্যমন্ত্রী হাউসে রেখেছিলেন, এই পোষ্টমর্টেম রিপোর্ট নিয়ে হাউসে আলোচনাও হয়েছে এবং এই পোষ্টমর্টেম রিপোর্ট এ্যাজ সাচ্ সাব-জুডিস্ নয়।

মিঃ স্পীকার : এটা কি মহম্মদ ইদ্রিসের পোষ্ট মর্টেম রিপোর্ট? Is it related to Md. Idris ? If so, nothing will be recorded. ইদ্রিসের পোষ্টমর্টেম রিপোর্ট নিয়ে এখানে কোন আলোচনা হবে না।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আমি এই ডকুমেণ্টটা এনেছি, এটার উপর বলতে চাইছি।

মিঃ স্পীকার ঃ I wil not allow it. I have passed my ruling.

(গোলমাল)

শ্রীনীরোদ রায় চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২১ তারিখে বনগাঁ সাব-ডিভিশনের বাগদার বাজারে কিছু লোক একত্রিত হয় এবং তারা সংগঠিতভাবে থানা আক্রমণ করে। যাঁরা এই আক্রমণ চালায় তাঁরা সকলেই কংগ্রেস (আই) কর্মী। তারা থানার অফিসারদের আক্রমণ করে। এই অবস্থার কথা জানতে পেরে এস. ডি. পি. ও. এবং বনগাঁর এস. ডি. ও. ঘটনাস্থলে আসেন। তাঁরা এসে পৌছবার পর তাঁদের উপরও আক্রমণ হয়, ফলে এস. ডি. পি. ও. দারুণভাবে আহত হন এবং বর্তমানে বনগাঁ হাসপাতালে ভর্তি আছেন। তাঁর মাথা ফাটিয়ে হাত ভেঙ্গে দেওয়া হয়েছে। ঐ আক্রমণের পর তিনি ৬ ঘণ্টা সংজ্ঞাহীন হয়েছিলেন। এই আক্রমণের ফলে এস. ডি. ও. মহাশয়ও আহত হন।

এই কংগ্রেসীরা বলছে যে পশ্চিমবাংলার আইন-শৃংখলা ভেঙ্গে পড়েছে। সমস্ত আইন-শৃংখলা এই কংগ্রেসীরা ভেঙ্গে দিচ্ছে। সারা পশ্চিমবাংলায় ওঁরা অরাজকতা সৃষ্টি করার চেষ্টা করছেন। এই ব্যাপারে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন এই সব কংগ্রেস (আই) কর্মী যারা অন্যায় অত্যাচার করছে, মারধোর করছে তাঁদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেন।

(শ্রীসুব্রত মুখার্জী কিছু বলতে উঠিলেন ।)

মিঃ স্পীকার ঃ আপনি বসুন।

শ্রীসরল দেব ঃ আজকে পশ্চিমবাংলায় কংগ্রেসীরা আইন শৃংখলার প্রশ্ন তুলেছেন। ওনাদের প্রাক্তন স্পীকার অপূর্বলাল মজুমদারের নেতৃত্বে গতকাল বাগদা থানার এস. ডি. পি. ও. কে আক্রমণ করা হয়। এখানকার ১৭ জন কনস্টেবলকে আহত করা হয় এবং থানা লুটপাট করা হয়। ওনারা আবার পশ্চিমবাংলার আইন-শৃংখলার কথা বলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত মুখ্যমন্ত্রীর

কাছে আবেদন জানাচ্ছি যে, গতকাল বাগদা থানা যারা আক্রমণ করেছে তাদের গ্রেপ্তার করা হোক এবং প্রাক্তন স্পীকারকে গ্রেপ্তার করা হোক। এই আবেদন আমি জানাচ্ছি।

(গোলমাল)

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভা চলাকালীন সংবাদপত্রে আন্ত্রিক রোগ সম্পর্কে উদ্বেগজনক খবর বেরিয়েছে। আমার এলাকা থেকে সেই খবর আমি পেয়েছি। তাতে দেখতে পাচ্ছি যে রাজ্য সরকার অত্যন্ত দ্রুততার সংগে পানীয় জলের ব্যবস্থা করছেন। স্বাস্থ্য দপ্তর এই ব্যাপার তৎপর হয়ে উঠেছে এবং পঞ্চায়েত প্রশাসন দ্রুত কাজ করছে। কিন্তু বিভিন্ন ব্লকে এই আন্ত্রিক রোগ অত্যন্ত দ্রুত ছড়াচ্ছে। সেই জন্য সেখানকার স্থানীয় স্বাস্থ্য প্রশাসন তারা চেষ্টা করেও সব জায়গায় মোকাবিলা করতে পারছে না। কারণ বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রে ঔষধপত্রের ঘাটতি আছে। মেডিক্যাল অফিসাররা জানাচ্ছেন যে, যে-সমস্ত প্রাইমারী হেল্‌থ সেণ্টার আছে, সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার এবং সাব-সেণ্টার আছে সেইগুলিতে ঔষধপত্র না থাকার জন্য স্বাস্থ্য দপ্তরের আন্তরিকতা থাকা সত্ত্বেও এটা মোকাবিলা করা যাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি তিনি যেন যুদ্ধকালীন ভিত্তিতে এটা মোকাবিলা করার ব্যবস্থা করেন। এই মুর্শিদাবাদ জেলার যে-সমস্ত এলাকা আন্ত্রিক রোগাক্রান্ত সেই সব জায়গায় ঔষধপত্র পাঠানোর ব্যবস্থা করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয় বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

(সুব্রত মুখার্জী রোজ টু স্পিক)
(গোলমাল)

স্যার, আপনি সুব্রতবাবুকে বসতে বলুন। কোন কথা বলা যাচ্ছে না। তিনি অন্যান্য সদস্যের বলার অধিকার ভঙ্গ করতে পারেন না। সুব্রতবাবু যে ডকুমেণ্ট দিয়েছেন তার উপর ওনাকে আপনি বসতে বলেছেন। তাতেও তিনি বসছেন না। এর ফলে অন্য সদস্যের অধিকার ভঙ্গ করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে, যদি কোন সদস্যকে আপনি বলতে অনুমতি দেন তাহলে সেই সময় অন্য কোন সদস্য তাকে বাধা দিতে পারে না।

(গোলমাল)

Legislation

Shri Santi Ranjan Ghatak : Sir, I beg to introduce the Industrial Dispute (West Bengal Amendment) Bill, 1984.

(Secretary then read the title of the Bill)

(Shri Subrata Mukherjee rose to speak)

Mr. Speaker : এই ব্যাপারে আমি আগেই বলে দিয়েছি যে, এই ব্যাপারে কোন আলোচনা করা যাবে না। I will not allow you to speak on any other subject other than the legislation.

[3.40—3.50 P.M.]

Shri Subrata Mukherjee will now speak. Mr. Mukherjee, please confine yourself to the subject under discussion.

শ্রীসুব্রত মুখার্জী : স্যার, এটা খুবই দুর্ভাগ্যজনক যে আমি আপনাকে অনুরোধ করেছিলাম আমার বক্তব্য শোনার পর আপনি যদি মনে করেন এটা সাবজুডিস পেরিফেরির মধ্যে পড়ে You have every right to disallow me. আমি আপনার কাছ থেকে কোন ফেবার চাই না। আপনি যদি মনে করেন If it is subjudice তাহলে আপনি এ্যালাউ করবেন না।

Mr. Speaker : Mr. Mukherjee, please take your seat. When the Chief Minister originally made the statement the matter was not subjudice. Later, it became subjudice. It was discussed threadbare in the House as to what is subjudice and what is not subjudice. I repeat again that all matters pertaining to the Garden Reach incident and the death of Md. Idrish are subjudice matters. I have ruled again today and I will not allow you to read any portion of the post-mortem report in the House. No question will be allowed on this. The debate on the Bill has already started. I request you to confine your statement on the Bill.

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা অনেক ব্যাপারে সরকারের

বিরোধিতা করি এবং সরকার সেই বিরোধিতাকে অনেক সময় ষড়যন্ত্র অথবা চক্রান্ত বলে মনে করেন। এই সরকার চূড়ান্ত নৈরাজ্য আনা সত্বেও এবং যে সময় প্রতিদিন কয়েক ডজন করে শিশু মারা যাচ্ছে, চূড়ান্ত বিরোধিতা করে ওয়াক আউট করা সত্ত্বেও এই বিল আনার জন্য কোন রকম জড়তা না রেখে এই সরকারকে প্রশংসা করছি। এই বিল অনেক আগে আনলে ভাল হোত। এই সরকারের ৭ বছর হয়ে গেছে এবং প্রায় ৩০০র মত ছোট, বড় মাঝারি কারখানায় লে অফ, লক-আউট, ক্লোজার এর মধ্যে রয়েছে।

ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপুট এ্যাক্টে যে-সমস্ত ল্যু-গুলো ছিল তার এ্যাডভানটেজ নিয়ে পুঁজিপতি এবং মালিকরা শ্রমিক-কর্মচারীদের যেভাবে শোষণ করে চলেছিল আজকে মূল আইনকে রেখে কিছু কিছু ক্ষেত্রে এ্যামেণ্ডমেণ্ট করার ফলে সেই সমস্ত ফাঁকগুলো বন্ধ হয়েছে এবং তার ফলে শ্রমিক, কর্মচারীদের ক্ষেত্রে সরকার একটা উপযুক্ত কাজ করেছেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবুও আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব একে বাস্তবে রূপ দেবার জন্য পরবর্তীকালে নোটিফিকেশন করে আইনসঙ্গত দিকগুলো যেন তিনি ভাল করে দেখেন, যাতে মালিকরা আদালতের শরণাপন্ন হয়ে একে স্ট্যাগনেণ্ট না করে দেন। আমরা কিন্তু অতীতে দেখেছি শ্রমিক এবং কর্মচারীদের ক্ষেত্রে অনেক ভাল ভাল আইন থাকা সত্বেও আইনের এবং নোটিফিকেশনের ত্রুটি থাকার জন্য সেগুলো বাস্তবে রূপায়িত করা সম্ভব হয়নি। আমি প্রথমেই একটা ত্রুটির কথা বলছি। ক্যালকাটা গেজেট যেটা হাউসে ডিসট্রিবিউট করা হয়েছে তার ৪৯০ পাতায় ক্লজ থ্রি এবং ফোর বলে যেটা আছে তার ৩ নম্বরটা দেখুন লেখা আছে, In Section 25K of the Principal Act, in Sub-Section(1), for the word "fifty", the words "One hundred" shall be substituted.

আপনি যদি অরিজিন্যাল এ্যাক্ট দেখেন তাহলে দেখবেন কোন জায়গায় এই ফিফ্‌টি কথাটা লেখা নেই। তাহলে কি এ্যামেণ্ডমেণ্ট হবে? কোথা থেকে এগুলো পাবলিস্‌ড হয়? দপ্তরের সেক্রেটারী কোথা থেকে এটা পেলেন যার কোন মাথামুণ্ড নেই? আমি মনে করি এই একটা কারণে হোল পার্পাস্ অব দি আউট-লুক অব দি বিল নষ্ট হয়ে যাচ্ছে। যে এ্যামেণ্ডমেণ্ট আপনি আনছেন সেটা ভুল। আপনি একবার অরিজিন্যালটা পড়ে দেখুন। সেখানে আছে, The Provisions of the Chapter shall apply to an industrial establishment (not being an establishment of seasonal character or in which work is performed only intermittently) in which not less than three

ıundred workmen were employed on an average per working day for the preceding Twelve months. উনি বলছেন ফিফ্‌টির জায়গায় ওয়ান হানড্রেড স্থাল বি সাবস্টিটিউটেড। কোথা থেকে এসব কথা পাচ্ছেন?

দিস্‌ ইজ দি ইণ্ডাস্ট্রিয়াল ডিসপুট এ্যাক্ট অব নাইনটির ফর্টিসেভেন, অথচ সরকারের সবচেয়ে লেটেস্ট এডিসন যেটাকে ১নং এ্যামেণ্ডমেণ্ট বলে বলা হয়েছে সেখানে এ্যাটঅল এই কথাগুলো নেই। কাজেই যে পরিস্থিতির উদ্ভব হয়েছে, তাতে মন্ত্রী মহাশয় এ সম্বন্ধে বক্তব্য রাখুন, তারপর আমি বলব। যদি প্রয়োজন বোধ হয় আমি না হয় দু'মিনিট বসছি। আমি মনে করি এর সংশোধন হওয়া দরকার। আমি জোরের সঙ্গে অন্তর দিয়ে একে সমর্থন করছি। এই দুটি বই রয়েছে, গেজেট রয়েছে—আপনি এগুলো দেখুন। আমি মনে করি ওঁরা আদালতে গিয়ে আনডিউ এ্যাডভানটেজ নেবে। কাজেই আপনি এটা ঠিক করে নিন, আমি একটু বসছি। আর তা যদি না করেন তাহলে তো এই ভুল জিনিস নিয়েই আমাকে বলতে হবে। আমি আবার আপনাকে বলছি, ইউ কনসিডার দিস্‌

শ্রীশান্তিরঞ্জন ঘটক: আইনকে এ্যামেণ্ড করে আমরা ফিফ্‌টি করেছিলাম, কিন্তু কেন্দ্রীয় সরকার আইন পাশ করে বললেন ১০০ না হলে হবে না। This is not exactly, Sir, আমি বলছি এটা এ্যাক্টে নেই। আমাকে পুস্তক দেখান। লেটেষ্ট এডিসনে পাবলিসড হয়েছে ১৯৮২ সালে। এবং that is the latest ammendment. এটা আমি এখানকার লাইব্রেরীতে পেয়েছি।

মিঃ স্পীকার: ওটা ভুল আছে।

শ্রীসুব্রত মুখার্জী: এটা আমাদের লাইব্রেরীর বই। এবং আপনি নোটিফিকেশনেও দেখাতে পারবেন না। Sir, I am in favour of this Bill এবং all the ammendments are henceforth passed. মালিকরা এইটা নিয়েই কোর্টে যাবে। এবং এতে মালিকদের হাত শক্তিশালী হবে। আমরা চাই না এইভাবে এটা হোক। ম্যাটারটা পেণ্ডিং থেকে যাচ্ছে। আপনি বিলটি ভাল করে দেখুন। এটা প্রিন্টিং মিষ্টেক হয়েছে। I have not purchased this book from any seller. This book is collected from Library.

মিঃ স্পীকার: লাইব্রেরীর বুক হলেই সব ঠিক হবে, এমন তো কোন কথা নয়। There may be printing mistake.

শ্রীসুব্রত মুখার্জী ঃ আপনি গেজেট দেখুন। একটা হাতে লেখা জিনিস নিয়ে এমেণ্ডমেন্ট হয় না। বই দেখতে হবে, নোটিফিকেশন দেখতে হবে। আপনার অফিসার হাতে লিখে দিলেন, তার উপর কি করে এমেণ্ডমেন্ট হবে ?

মিঃ স্পীকার : Mr Mukherjee, have you finished you speech ?

শ্রীসুব্রত মুখার্জী ঃ নো স্যার, এটা ক্ল্যারিফাই না হলে, স্পিচটা কমপ্লিট হয় না।

মিঃ স্পীকার ঃ দিস ইজ...আমাদের এই হাউসে এ্যামেণ্ডমেন্ট হয়েছে ১৯৮১ সালে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আপনি যদি এ্যাকসেপ্ট করেন, তাহলে আমার কথাটা শুনুন, আপনি নিজে বলে দিলেন যে বইটা ভুল। কিন্তু এই বইটা আমি লাইব্রেরী থেকে এনেছি, এতে ভুল থাকে কি করে ?

মিঃ স্পীকার ঃ লাইব্রেরীর বইতে ভুল থাকতেই পারে।

শ্রীসুব্রত মুখার্জী : অল রাইট, তা সত্ত্বেও যদি একটা আইন প্রেসিডেন্টের এ্যাসেণ্ট পাবার পর যতক্ষণ পর্যন্ত না গেজেট নোটিফিকেশন হচ্ছে, ততক্ষণ পর্যন্ত সেটা আইনের পূর্ণ মর্যাদা পাবে না। গেজেট নোটিফিকেশনের পর পূর্ণ মাত্রায় যদি একটা আইন তৈরী হয়, তারপরই তাকে এ্যামেণ্ড করা যায়। তা যদি না হয় তাহলে কি করে এ্যামেণ্ডমেন্ট হবে ? বর্তমানে আপনি এটাকে ফেস শেভিং করছেন, কিন্তু এখন এটা ফুল ফ্লেজেড আইনে পরিণত হতে পারে না। আমি যদিও আগেই বলেছি, পেজেন্ট এ্যাক্টের উপর যে এ্যামেণ্ডমেন্ট হচ্ছে, এটা একটা আই ওয়াশ করা হচ্ছে, এই ক্লোজারের ব্যাপারে এই সমস্ত অফিসাররাই আমাদের সময়ে আইনে এমন সব ফাঁক রেখে দিতেন, যার ফলে মালিকরা কোর্টে গিয়ে স্টে অর্ডার পেয়ে যেত। ইট ইজ এ ক্রাইম, আই ডু ফিল, আপনারাও এটা করছেন। এই ক্রাইমে আপনারাও কিন্তু পরোক্ষ ভাবে পার্টনার হচ্ছেন। দ্যাট ইজ এ ক্রাইম। দ্যাট ইজ এ ইমমর‍্যাল এ্যাক্ট।

[4.00—4.10 P.M.]

এবং সেই ইমমর‍্যাল এ্যাক্টের পার্টনার হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের ভাল কাজের যেটুকু প্রশংসা করতে এসেছিলাম সেখানে আমাদের ক্ষতি করে দিল।

স্যার, উনি কোথায় কোথায় পরিবর্তন করেছেন সেটা একটুখানি পড়ি। ক্লজ ৪, ২৫ (ও) যদিও আমাদের জানা দরকার যে ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট ট্রেড ইউনিয়নের ক্ষেত্রে এটা আমাদের বাইবেল এবং গীতা। ২৫ (ও), ক্লজ (১)-এ একটা পরিবর্তন করা হয়েছে এবং এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় ছিল। আগে ছিল শুধু হয়ত গভর্নমেণ্টের কাছে নোটিশ দিতে হবে এবং ওয়ার্কম্যান বা ইউনিয়নের কাছে ক্লোজারের ৯০ ডেজ নোটিশ-এর কোন কপি দেবার এক্তিয়ার ছিল না। এই আইনের মধ্যে আপনি বলেছেন, Copy of such application shall also be served simultaneously on the representatives of the workmen in the prescribed manner. সুতরাং আমি মনে করি আপনি এটা ঠিক ঠিক করেই লিখেছেন, এর বিরোধিতা করছি না। পরবর্তী একটা সংযোজন করা হয়েছে ক্লজ ২৫ এফ. এফ. এফ., যেটা খানিকটা দরকার ছিল। তবে খুব বিরাট কিছু পরিবর্তন হয় নি। টাইম অব পেমেণ্ট অব কনপেনসেসান ২৫ এফ. এফ. এফ.-এ ছিল। কিন্তু তার সংগে আপনি নির্দিষ্ট করে দিয়েছেন কোয়াণ্টাম, মোড, ম্যানার এ্যাণ্ড টাইম অব পেমেণ্ট অব কমপেনসেসান সেটা দিতে হবে। আমি মনে করি এই এ্যামেণ্ড-মেণ্টটা খুব যুক্তিযুক্ত হয়েছে। পরবর্তী আর একটা এ্যামেণ্ডমেণ্ট করেছেন ক্লজ ২৫, (২)(১)-এ। সেখানে বলা হচ্ছে issue such directions as may be necessary for maintaining normalcy and continuity of work during the notice period. অর্থাৎ নোটিশ দিয়ে অনেক সময় বন্ধ করে দিত। এই ক্ষেত্রে নতুন করে বলে দিচ্ছেন নোটিশ দেবার পরেও সরকার যতক্ষণ পর্যন্ত সম্মতি না দিচ্ছেন ততক্ষণ পর্যন্ত নর্মাল ওয়ার্ক চালিয়ে যেতে হবে। এতে শ্রমিক কর্মচারীর কিছুটা সুবিধা হবে এবং আমি মনে করি এটা ঠিকই হয়েছে। এই ক্ষেত্রে ইলাবোরেটলি ২৫(ও), সাব-ক্লজ (২)-তে ডিটেলস বলা আছে। শুধু পরবর্তীকালে আর একটি এক্সপ্ল্যানেশান করে দিয়েছেন, আমাদের আপত্তির প্রশ্ন সেইখানে—পরবর্তীকালে একটা যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন ক্লজ ৪(৭) সেটাকে আমরা সমর্থন করি। সেই ক্ষেত্রে আমি শুধু একটু অনুরোধ করতে চাই, এখানে বলা হয়েছে সরকার রিভিউ করতে পারে—এটা তো সরকার সব সময়ই পারে—কিন্তু সরকার একটা প্রভিসন রাখছেন রিভিউ করার এবং সরকার মনে করলে রিভিউ করবে অথবা ট্রাইবুন্যালে পাঠিয়ে দেবে। এই ক্ষেত্রে আমরা মনে করি একেবারে সরকারের হাতে ক্ষমতা না রেখে ট্রাইবুন্যালের কাছে একটা টাইম বেঁধে পাঠিয়ে দেওয়া হোক। ট্রাইবুন্যাল অলরেডি আছে। রিভিউ করে ম্যানুপুলেশান করার একটা সুযোগ সরকারের হাতে না রেখে একেবারে সরাসরি ট্রাইবুন্যালের কাছে পাঠিয়ে দেওয়া হোক। ট্রাইবুন্যালের কিছুটা

জুডিসিয়ারি ক্যাপাসিটি আছে। সুতরাং একেবারে সরাসরি ট্রাইবুন্যালের কাছে পাঠিয়ে দেওয়া হোক একটা নির্দিষ্ট সময়সীমা বেঁধে রেখে। আমার এই সাজেশানগুলি আপনি বিচার করে দেখবেন। সেই ক্ষেত্রে ৩০ দিনের মধ্যে যেটা করান যেতে পারে অথবা তাকে বাড়ান যেতে পারে—এটা তুলে দেওয়া হোক। আমরা দাবী করছি যে, ঐ ডেট এক্সটেণ্ড করা যাবে না, একেবারে ঐ ফিক্সড ডেট ৩০ দিনের মধ্যে রিভিউ করে ইয়েস অর নো বলে দিতে হবে—এটা ফিক্সড করে দেওয়া উচিত বলে আমরা মনে করি। ক্লজ ৯-এ স্পেসিফিক্যালি লিগ্যাল ডিউজ, কনপেনসেশান এবং তার সংগে আরো কয়েকটি আনুসঙ্গিক ডিউজ সেগুলি এ্যাভারেজ ১৫ কমপ্লিটেড ইয়ার—এটা আরো পরিষ্কার হলে ভাল হত, যদিও প্রভিসনটা খুব ভাল। আমাদের শেষ আপত্তি এবং পরিবর্তন করার জন্য অনুরোধ, ২৫ (আর) মূল যে আইন আছে সেটা এ্যামেণ্ড করা দরকার। ৬নং ক্লজে বলা হচ্ছে স্যাল বি পানিসেবল্—যদি আইনটা না মানে। ক্লোজার করতে গিয়ে রুলস যদি ভায়োলেট করে তাহলে shall be punishable with imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to five thousand rupees, or with both. এই ক্ষেত্রে আমি ক্যাটিগোরিক্যালি বলতে চাই 'মে' কথাটা তুলে দেওয়া উচিত। একেবারে ৬ মাস-এর জায়গায় ২ বছর করা উচিত। এই পাঁচ থাউজ্যাণ্ড রুপিজটা কোন ব্যাপারই নয় ক্লোজারের ক্ষেত্রে। কারণ কারখানার মালিকরা ব্যাঙ্ক, অন্যান্য ফিনানসিয়াল ইন্সটিটিউশনের কাছ থেকে টাকা-পয়সা নিয়ে থাকে এবং সরকারের টাকাও থাকে। এই সমস্ত টাকা অনেক সময় মার চলে যায়। সুতরাং ৫ হাজার টাকাটা তাদের কাছে কোন একটা ব্যাপারই নয়।

অনেকেই এই সুযোগটা নেবে। কাজেই টাকার অঙ্কটা মিনিমাম ১৫ থেকে ২০ হাজার টাকা করে দেওয়া হোক। এটা কম টাকা করলে তারা টাকা দিয়ে পালাবার চেষ্টা করবে এবং তার ফলে বিলের পারপাসটাই নষ্ট হবে। তারপর জেলের ক্ষেত্রে যেটা আছে অর / বোথ না করে পরবর্তীকালে যেটা আছে ওয়ান ইয়ার জেল সেটাকে টু ইয়ার জেল কম্পালসারি করে দেওয়া হোক। ৬(২)-এ ২৫ আর-এ যেটা প্রভিসান রেখেছেন সেটা ওয়ান ইয়ার না করে টু ইয়ারস এবং কমপালসারি করে দেওয়া হোক জেলটা। দু'বছর জেলের ভয় থাকলে এটা ইমপ্লিমেণ্ট করতে ওরা বাধ্য হবে। কিন্তু সেখানে টাকার পেনাল্টি শুধু থাকলে তারা এটা ইমপ্লিমেণ্ট করবে না, সেখানে ফাঁক খুঁজে বার করে এটাকে ভায়োলেট করবে। আমি এ সম্বন্ধে আর দীর্ঘ বক্তৃতা করছি না। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি সাধুবাদ

জানাচ্ছি এবং তাঁর কাছে যে অনুরোধগুলি রাখলাম সেগুলি পার্টি লাইনে চিন্তা না করে কিছু পরিবর্তন করতে পারেন কিনা সেটা চিন্তা করতে বলছি। জেলটা কমপালসারি করার ব্যাপারে তো আপনারা অফিসিয়াল এ্যামেণ্ডমেণ্ট নিয়ে আসতে পারেন। আর ইমপ্রিসনমেণ্টের টাইমটা বাড়ানোর ক্ষেত্রে কোন অসুবিধা নেই। আমি মন্ত্রী মহাশয়কে এটা চিন্তা করতে বলব। আপনাদের সুমন্ত হীরা তো পার্মানেণ্ট এ্যামেণ্ডমেণ্ট আনার লোক রয়েছেন, উনি তো সব ডিপার্টমেণ্টের ব্যাপারে এ্যামেণ্ডমেণ্ট আনেন, কাজেই ওঁকে দিয়ে এ্যামেণ্ডমেণ্ট নিয়ে আসুন। আমরা কিছুটা অপেক্ষা করি, আপনি এ্যামেণ্ডমেণ্ট নিয়ে আসুন। এটা আনলে যে জিনিসটা করতে চাইছেন সেই পারপাসটা ফুলফিল হবে। এই বিলটা অনেক দেরিতে হলেও এনেছেন বলে আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। পরিশেষে আবার বলছি, এই বিলটা কোর্টে চালেঞ্জ হবে, কাজেই আপনারা এটা প্রেসটিজ ইস্যু না করে এটা নিয়ে একটু চিন্তা-ভাবনা করুন। আজকে এই বিলটা বন্ধ থাক, কালকে বা অন্য কোনদিন পরিষ্কার-পরিচ্ছন্ন, আইনসম্মত একটি বিল এনে এ্যামেণ্ডমেণ্ট করুন এই অনুরোধ রাখছি।

মিঃ স্পিকার ঃ মিঃ মুখার্জী, এখানে আসুন, গেজেডটা দেখে যান।

শ্রীবামাপদ মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় আজকে যে বিল এনেছেন সেটাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা জানি, পশ্চিমবাংলার শ্রমিকশ্রেণী বামফ্রন্ট সরকারকে এবং তার শ্রমমন্ত্রীকে নিশ্চয় এই বিলের জন্য অভিনন্দন জানাবে। আমরা দেখেছি, এতদিন ধরে মালিকরা তাদের যা খুশী তাই করতো। বিলের ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এ্যাণ্ড রিজিনসে লেখা আছে যে, ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট ১৯৪৭-এর সেকশান ৫(বি)-তে যে দুটি ধারা আছে ২৫(ও) ও ২৫(আর) দুটিই সুপ্রিম কোর্ট স্থালিফাই করে দিয়েছিলেন। কোর্ট তো বসে আসেন এইসব করার জন্য কাজেই সুব্রতবাবুকে বলব এ ব্যাপারে তাঁরা চেষ্টা করে দেখুন কিছু করতে পারেন কিনা। পরে ১৯৮০ সালে ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট (ওয়েষ্ট বেঙ্গল) সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট বিল আনা হয়। পার্টিকুলারলি যে এ্যামেণ্ডমেণ্ট সেকশান ২৫-এ, যা নিয়ে এত ডিসপিউট হচ্ছে—৫০ না ১০০, এখন ষ্টেটমেণ্ট অব অবজেক্ট এ্যাণ্ড রিজিনসে যা আছে, "The Government of India while communicating President's assent requested to have the Section so amended that the provisions are applicable to establish-

ments engaging not less than 100 workmen". ১০০ ওয়ার্কমেন করা হয়েছে। আমার মনে হয় এটা ভালোভাবে দেখেন নি। শুধু পশ্চিমবঙ্গেই এই আইনটা পাশ করা হয় নি, উড়িষ্যা এবং মহারাষ্ট্রেও কিছুটা আইন পাশ করা হয়েছে। মূল এ্যাক্টটা দেখলেই বোঝা যাবে যে সুব্রতবাবু যে আশঙ্কা করেছেন সেটা অমূলক। আমার মনে হয় এটা সুস্পষ্টভাবে লেখা আছে।

[4.10—4.20 P.M.]

এখন আমি বিশেষ করে পশ্চিমবাংলার কতকগুলি ছোট, বড়, মাঝারি কারখানার মালিকের কথা বলছি। যেমন বেঙ্গল পেপার মিল, যার মালিক হচ্ছে বাঙ্গুর। সেখানে ৩ হাজার লোক কাজ করেন। একটা নোটিশ দিয়ে তাঁরা বন্ধ করে দিলেন এবং নোটিশ দিয়ে বোনাস দিলেন না, পেমেণ্ট দিলেন না, যা খুশি তাই করলেন। কিন্তু এখন এই বিলের যে এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে তাতে বাঙ্গুরের মত যতই শক্তিশালী মালিক হোক না কেন, সে আর তা করতে পারবে না। এটা শ্রমিকদের পক্ষে অত্যন্ত ভাল হয়েছে। তাদের পরে আমরা দেখছি যে অনেকগুলি চটকল বন্ধ করে রাখা হয়েছে। সেখানে ই. এস. আই. এবং অন্যান্য প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা দেয় নি। তাছাড়াও অর্জিত বেতন, লিভ ওয়েজেস দেওয়া হত না। এই বিলে যে-সমস্ত ধারা সংযোজিত হয়েছে তাতে এগুলি গ্যারানটেড হল। তারপরে আর একটা হচ্ছে, হিন্দুস্থান পিলকিংটন গ্লাস ৩ মাস ধরে বেতন দিচ্ছে না, ক্লোজারের মধ্যে দিয়ে চলেছে। এই আইন সংশোধন করার ফলে সেখানকার শ্রমিকরা উপকৃত হবেন। তাছাড়া আরো মজার কথা হচ্ছে যে, রিসেণ্টলি 'আমাদের কেন্দ্রীয় সরকার বার্ন ষ্ট্যাণ্ডার্ড কোম্পানীর ২টো রিফ্যাক্টরী ইউনিটে তাঁরা নোটিশ দিয়ে ক্লোজার করছেন। সেখানে তাঁরা যেহেতু কেন্দ্রীয় সরকারে আছে, তাঁরা ক্লোজার করছেন। এই ব্যাপারে সুব্রতবাবুর কেন্দ্রীয় সরকারকে বলা উচিত যে, কেন ক্লোজার করা হচ্ছে। আর বিশেষ করে পশ্চিম বাংলায় যে ৩টি ইউনিট আছে রিফ্যাক্টরিজ, তারা আইনকানুন কি পালন করবেন আমি জানি না। তাদের যে-সমস্ত বকেয়া বেতন ইত্যাদি আছে সেগুলি এই আইনে সুরক্ষিত হবে। কিন্তু আমরা এটাও চাই না যে, কেন্দ্রীয় সরকার সেখানে লক-আউট, ক্লোজারের নোটিশ দেওয়ার ব্যাপারে আমি দাবি করছি যে সেটাকে উঠিয়ে দেওয়া হোক। কিন্তু এই আইনে শ্রমিকদের স্বার্থ যে রক্ষিত হয়েছে সেটা সুস্পষ্টভাবে বিবৃত হয়েছে। সুব্রতবাবু কতকগুলি ধারার কথা বলেছেন। যেমন ধরুন ২৫(৩) ধারা প্রিনসিপাল এ্যাক্টে যে কিভাবে

এই ক্লোজ ডাউন করার বা ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট অনুযায়ী সেটাকে সংশোধিত করা হয়েছে এবং যেটা সুব্রতবাবু বললেন যে ঐ ২৫(ও) সম্পর্কে। সেখানে আগে কি ছিল? আগে কোনরকম কারণ দেখাতে হত না, যা খুশি তাই করা হত। এখন আর তা করা যাবে না। এখন কারণ দেখাতে হবে। হিয়ারিং হবে, ওয়ার্কম্যানের কথা শোনা হবে, মালিকের কথা শোনা হবে। যদি সরকার মনে করেন যে, না মালিক অবৈধভাবে করছেন তাহলে ক্লোজার হবে না। অতীতে এটা ছিল না। তারপর সেখানে ট্রাইবুনাল-এর প্রভিসান রয়েছে এবং সেটাও এক মাসের মধ্যে ট্রিট করতে হবে। যেমন ধরুন ক্লজ ৩,৪,৭,৮,৯ সমস্তগুলিতে আগে কি হল? এ্যামেণ্ডমেন্টের আগে ক্লোজারের নোটিশ দেবার পর মালিকরা বেতন বন্ধ করে দেন, কিম্বা অন্যান্য ফেসিলিটিজ বন্ধ করে দেন। এখন আর তা হবে না। এখন যদি বৈধও হয় তাহলে টাকা-পয়সা যা কিছু আছে সমস্ত মিটিয়ে দিয়ে তারপরে করতে পারবে। আমরা দেখছি যে বেশীর ভাগ ক্ষেত্রে মালিকরা অবৈধ ভাবে এই সমস্ত ক্লোজারগুলি করেন। আমরা দেখছি যে এখানে শাস্তির কথা বলা হয়েছে। আগে যে মূল এ্যাক্ট ছিল তাতে শাস্তি কিছু ছিল? এই এ্যাক্টে যে শাস্তির কথা লিখেছেন, ৬ মাসের জেল, টার্মটা আরো বেশী দেওয়া দরকার, অন্ততঃ এক বছর হওয়া দরকার। আর 'অর'টা বাদ দিয়ে 'এ্যাণ্ড'টা করলেই ভাল হয়, তাহলে কিছুটা ভয় থাকবে। ২৫ (আর) যেভাবে আছে যে "Shall be punishable with imprisonment for a term which may extent to six months or with fine which may extent to five thousand rupees." তাদের কাছে টাকাটা কিছু নয়। এখানে যে বাঙ্গুরের কথা বলা হয়েছে তারা সব থেকে চিট করছে ওয়ারকারদের। আই. আর. সি. এ. তাকে ১৫ কোটি টাকা লোন দিয়েছে। তাদের তো গভর্নমেণ্ট লোন দেবে। সেখানে ৫ হাজার করুন, আর ২০ হাজার করুন, এতে তাদের কিছু যায় আসে না। এদের যদি জেল খাটান যায়, শুধু এস. আই. নয়, রিগরাস ইমপ্রিজনমেন্ট করতে পারেন তাহলে কিছু এফেক্ট হবে। তারপরে ছ' নং ক্লজে Any employer who contravenes any direction or order given under Section 25(0) or Section 25 (P) shall be punishable with imprisonment for a term which may extend to one year. এই ওয়ান ইয়ারটাকে আরো বেশী করতে হবে এবং এই যে অর্ আছে এই অর্ তুলে দিতে হবে। কারণ তা নাহলে এটা নিয়ে তারা কোর্টে যাবে, যদি অর্ থাকে তাহলে এই অর্-এর সুযোগ নিয়ে সমস্ত কিছু কনট্রাভেনশন করবে, টাকা মারবে, শ্রমিকদের কোটি কোটি টাকা মেরে কোর্টে গিয়ে ১০/২০ হাজার টাকা

দিয়ে দেবে। এগুলি ছাড়াও সুব্রতবাবু বললেন, অনেক ল্যাকুনা থেকে যাচ্ছে। আমি তাঁকে অনুরোধ করছি, কোর্টে যে-সমস্ত বড় বড় কংগ্রেসী উকিলরা আছেন তাঁরা যাতে কোর্টে এই সমস্ত কেসগুলি না নেন তার জন্য তিনি একটু চেষ্টা করুন না।

(বিরোধী পক্ষ থেকে একটি ধ্বনি : আপনাদের স্নেহাংশু আচার্য আছেন।)

স্নেহাংশু আচার্য এরকম কাজ করেন না। যাই হোক আমি সুব্রতবাবু সহ সমস্ত কংগ্রেসী সদস্যদের কাছে অনুরোধ করছি যে, আপনারা যখন এই বিলটিকে সমর্থন করছেন তখন এ বিষয়ে একটু চেষ্টা করুন না যাতে আপনাদের দলের সদস্য এবং সমর্থক আইনজীবীরা যাতে এই আইনের বিরুদ্ধে কোর্টে কোনরকম কেস্ না করেন। তবে এ বিষয়ে কোর্টে যাবার আশংকা ছাড়াও আমাদের আর একটা আশংকা আছে, সেটি হচ্ছে কেন্দ্রীয় সরকার শেষ পর্যন্ত এই বিলের প্রতি তাঁদের সম্মতি জানাবেন কিনা! এ বিষয়েও বিরোধী সদস্যদের আমি বলছি যে, আপনাদেরও কেন্দ্রীয় সরকারকে বলা উচিত, যাতে তাঁরা এ বিষয়ে তাড়াতাড়ি সম্মতি দেন। তারপরে শ্রমিক সংখ্যা যেখানে কম আছে সেখানেও যাতে এটা প্রয়োগ করা হয় তার জন্য বিরোধী সদস্য সংখ্যাটা কম করে উল্লেখ করার কথা বললেন। আমরা এটা কেন্দ্রীয় আইন অনুযায়ী করছি, কারণ আমরা যদি সংখ্যাটা কমিয়ে দিই, আর সেই সুযোগ নিয়ে কেন্দ্রীয় সরকার যদি সম্মতি না দেন, তার জন্যই যা আছে তাই আমরা রাখতে চাইছি। তা নাহলে উনি ১০০ জন করতে বলছেন, আমরা ৫০ জন করতেও রাজি আছি। কিন্তু রাষ্ট্রপতির সম্মতি যদি না পাওয়া যায়, দু'বছর ধরে যদি অপেক্ষা করতে হয়, তাহলে তো আমরা সেই একই জায়গায় দাঁড়িয়ে থাকব। সুতরাং আমি বিরোধী সদস্যদের উদ্দেশ্যে বলছি যে, আপনারা যখন এটাকে সমর্থন করছেন, তখন আপনাদের কর্তব্য হচ্ছে রাষ্ট্রপতি যাতে তাড়াতাড়ি এই বিলের উপর তাঁর সম্মতি দেন তার জন্য কেন্দ্রীয় সরকারের ওপর চাপ সৃষ্টি করা।

স্যার, অরিজিন্যাল এ্যাক্টের সেকশন ২৫ (ও), ২৫ (পি), ২৫ (আই), ইত্যাদি সেকশনগুলিতে অনেক ফাঁক ছিল, সেগুলির জন্যই আজকে সংশোধনী আনা হয়েছে এবং এই সংশোধনীর দ্বারা সমস্ত ফাঁকগুলি পূরণ করা হচ্ছে। শুধু পূরণ করাই হচ্ছে না, সেকশন ২৫ (ও) ক্লজ (৩)-তে একটা নতুন জিনিস করা হচ্ছে, এখানে বলা হচ্ছে—সেকশন ২৫ (সি), ক্লজ (৩)-তে Where an application for permission has been made under Sub-Section (1) or under Sub-

Section (4), the appropriate Government, after making such enquiry as it thinks fit and after giving a reasonable opportunity of being hard to the employer, the workmen and the persons interested in such closure. অর্থাৎ পাবলিককেও এখানে যুক্ত করে নেওয়া হচ্ছে। কারখানায় ক্লোজার হলে শুধু কর্মীরাই সেখানে পার্টি হবে না, এখানে ইন্টারেষ্টেড্ পাবলিকও পার্টি হচ্ছে। বামফ্রন্ট তাঁর অভিজ্ঞতার মধ্যে দিয়ে দেখেছেন যে, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। সুতরাং এ বিষয়ে এমপ্লয়ার, ওয়ার্কমেন এবং সাধারণ মানুষ—যাঁরা এই বিষয়ে ইন্টারেষ্টেড তাঁরাও সরকারকে বলতে পারবেন, ফ্যাক্টস, ফিগারস সরকারকে দিতে পারবেন। ফলে সমস্ত দিক দেখে সরকারের সিদ্ধান্তে আসতে সুবিধা হবে। কারণ আমরা জানি মালিকরা নানারকম অবৈধ ভাবে, বেআইনীভাবে ফ্যাক্টস, ফিগারস গোপন করে, আলাদা করে খাতাপত্র রেখে মালিকরা বাঁচার চেষ্টা করে। সুতরাং সাধারণ ওয়ার্কমেন এবং ইন্টারেষ্টেড পারসনদের যদি মালিকদের বিরুদ্ধে বলবার সুযোগ থাকে তাহলে সরকারের কাজ করতে সুবিধা হবে। অনেক সহজেই মালিকদের দোষী সাব্যস্ত করা যাবে। সুতরাং এই ক্লজটি অত্যন্ত ইম্পর্টেন্ট ক্লজ।

[4.20—4.30 P.M.]

তারপর দেখুন ক্লজ ৪-তে বলছে Where a notice has been served on the appropriate Government by an employer under sub-section(1) of section 25FFA and the period of notice has not expired on the date of commencement of the Industrial Disputes (West Bengal Amendment) Act, 1984, such employer shall not close down the undertaking but shall within a period of fifteen days from such commencement apply to appropriate Government for permission to close down the undertaking. আগে কি ছিল, এইসব মানতো না টানতো না, সুপ্রীম কোর্ট ঐ চ্যাপটার তুটো উঠিয়ে দিয়েছিল। আর এখন মানতে হবে, অন্ততঃপক্ষে ১৫ দিনের মধ্যে নোটিশ দিতে হবে। তারপর ধরুন, ক্লজ ৭ যেটা আগে কোনরকম ছিল না গভর্নমেন্টের লেবার দপ্তর এবং ম্যানেজমেন্ট এই তুটো ছিল। এখন কি হয়েছে The appropriate Government may, either on its own motion or on the application made by either of the parties, review its order granting or refusing to grant permission under sub-section(3) or refer the matter to a Tribunal for adjudication. অনেক সময়ে শ্রম দপ্তরের যদি কোন ভুল হয়ে

যায় কোন কিছু, সেই সমস্ত রিভিউ বোথ দি পার্টির হয়ে যায় রিভিউ করতে ট্রাই-ব্যুনালে এ্যাডজুডিকেশান হতে পারে এবং Where no application for permission under sub-section(1) is made within the period specified therein, or where the permission for closure has been refused, the closure of the undertaking shall be deemed to be illegal and void from the date of closure and the workmen shall be entitled to all the benefits under any contract, agreement, award or settlement or any law for the time being in force as if the undertaking had not been closed down. তাহলে এটা একটা বড় জিনিস যেটা আগেকার এ্যাক্টে ছিল না। যারা ওয়ার্কার তারা যদি ক্লোজারের পারমিশান না পায় তাহলে পরে ওয়ার্কারদের সমস্ত ঐ পিরিয়ডটা যদি সে বন্ধ করে রাখে সমস্ত পিরিয়ডটা লিগ্যাল ডিউসের যে প্রাপ্য সেই প্রাপ্য পাবে, যেটা আগে ছিল না। এরপর ৯ দেখুন, Where an undertaking is permitted to be closed down under sub-section(3) or where permission for closure is deemed to have been granted under sub-section(5), every workman who is employed in that undertaking immediately before the date of application for permission under this section, shall be entitled to receive, in addition to all legal dues (including gratuity), compensation which shall be equivalent to fifteen days' average pay for every completed year of continuous service or any part there of in excess of six months. আরও দেখুন, আর একটা বাড়তি সুযোগ দেওয়া হয়েছে। যেখানে বৈধভাবে টাকা-পয়সা দিচ্ছে না, সমস্ত মেরে খায় যেখানে, সেখানে তাদের বৈধ প্রাপ্য কড়ায়গণ্ডায় মিটিয়ে দিতে হবে। মিটিয়ে দেবার পর এ্যান্ড এ কমপেনসেশান প্রতি বছর কমপ্লিট ইয়ারে ১৫ দিন করে বেতন দিতে হবে এ্যান্ড এ কমপেনসেসান। এটা আগে ছিল না। এখন এইসব মালিকদের করতে হবে, মালিকদের করাতে হবে। এই যে এ্যামেণ্ডমেন্টগুলি রয়েছে এই এ্যামেণ্ডমেন্ট-এর ফলে দেখবেন এর একটা প্রভাব পড়বে সমস্ত দিক থেকে। একদিকে যেমন সাধারণ শ্রমিকশ্রেণী উল্লসিত হবেন এবং উল্লসিত হয়ে বামফ্রন্ট সরকারকে আশীর্বাদ জানাবে, তেমনি অপরদিকে মালিকপক্ষ এবং তাদের সহযোগী তারা যেমন বানচাল করার চেষ্টা করে যায় সেই চেষ্টা করতে শুরু করবে। সেইজন্য আমাদের সাধারণ শ্রমিক শ্রেণীকে তৈরী থাকতে হবে, অবশ্য এ ব্যাপারে আমরা তৈরী আছি। তাছাড়া আর একটি জিনিস বলতে চাই, সেকশন ২৫(পি) অফ দি প্রিনসিপ্যাল এ্যাক্টে বলছে, If the appropriate Government is of opinion in respect of any undertaking of an industrial establishment to which this Chapter applies and which is closed down before the commencement of the Industrial Disputes (West Bengal Amendment) Act, 1984 :

(a) that such undertaking was closed down otherwise than on account of unavidable circumstances beyond the control of the employer ;

(b) that there are possibilities of re-starting the undertaking ;

(c) that is necessary for the rehabilitation of the workmen employed in such undertaking before its closure or for the maintenance of supplies and services essential to the life of the community to re-start the undertaking or both ; and

(d) that the re-starting of the undertaking shall not result in hardship to the employer in relation to the undertaking, it may, after giving such employer and the workmen an opportunity of being heard, direct, by order published in Official Gazette, that the undertaking shall be re-started within such time (not being less than one month from the date of the order) as may be specified in the order.

তাহলে যেটা অরিজিন্যাল আছে তার থেকে এটা আরও ভাল হয়েছে। রি-ষ্টার্টের ব্যাপারে আমাদের ডেইলি নেসেসিটির স্বার্থে মালিকপক্ষ কবে থেকে রি-ষ্টার্ট করতে পারবে সেটা আমরা জানতে পারবো। আগে কি হোত ? লেবার দপ্তর মালিকদের ডেকে পাঠাতেন—কখনও কখনও আসতেন না, আবার কখনও কখনও রিপ্রেজেন্টেটিভস্ পাঠাতেন। কিন্তু এখন অফিসিয়াল গেজেট পাঠিয়ে দিলেই মানতে হবে। আমি আর কথা না বাড়িয়ে এটুকু বলতে পারি যে, আজকে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ শ্রমিক শ্রেণী বামফ্রন্ট সরকারকে আশীর্বাদ জানাবে এই যে বিল আনা হয়েছে তার জন্য। আজকে এই বিল শুধু আনলেই চলবে না, একে কার্যকরী করতে হবে এবং যাতে তাড়াতাড়ি রাষ্ট্রপতির কনসেণ্ট পাওয়া যায় তার জন্য চেষ্টা করতে হবে। এইসঙ্গে কংগ্রেসীবন্ধুদের অনুরোধ জানাবো তাঁরা যেন তাঁদের উকিলদের বলে দেন যে, কাল থেকেই তাঁরা যেন কোর্টে যেতে আরম্ভ না করেন। এই কথা বলে মাননীয় শ্রমমন্ত্রী এবং বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যে Industrial Disputes (West Bengal Amendment) Bill 1984 এনেছেন আমাদের দলের পক্ষ থেকে আমাদের চিফ হুইপ সুব্রত মুখার্জী মহাশয় তাঁর বক্তৃতার প্রথম থেকে শেষ পর্যন্ত আমরা এই বিলকে কতটা সমর্থন করছি সেটা বলেছেন। আজকে শ্রমিকদের স্বার্থে বিলের ত্রুটি-বিচ্যুতি দূর করবার জন্য

সংশোধিত আকারে যেভাবে রাজ্য সরকার বিলটা নিয়ে এসেছেন সেটা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। কিন্তু যেটা গোড়ার গলদ অর্থাৎ আইন সংশোধন করে সেটা যদি প্রয়োগ করা না হয় তাহলে শ্রমিকদের কোন কাজেই লাগবে না এই বিল। ইতিপূর্বে ভাল ভাল যেসব আইন শ্রমিকদের রক্ষা করবার জন্য এই বিধানসভা থেকে পাশ করা হয়েছিল এবং এখন পর্যন্ত যেসব আইনগুলো আছে, সেগুলো ঠিকমত কার্যকরী হলে বিভিন্ন কলকারখানা বন্ধ থেকে এইভাবে শ্রমিকরা বিপর্যস্ত হতেন না। আজকে হঠাৎ হঠাৎ বিনা নোটিশে যেভাবে মালিকপক্ষ কারখানা বন্ধ করে দেন সে বিষয়ে সরকার সুচিন্তিত বক্তব্য রেখেছেন। এখন আর শুধু সরকারকে জানালেই হবে না, সেই সংস্থার যে শ্রমিক সংগঠনগুলো আছে—সে যে কোন দলের সংগঠনই হোক না কেন—সেই রেজিষ্ট্রিভুক্ত সংগঠনগুলোকেও প্রপার ওয়েতে জানাতে হবে। আজকে মাননীয় সদস্য শ্রীসুব্রত মুখার্জী থেকে আরম্ভ করে সরকারী দলের অনেক মাননীয় সদস্য যে সম্পর্কে বলেছেন যে ক্লোজার হলে পেনালটি দিতে হবে এবং যেটা ক্লজ-৬ সাব-ক্লজ-২-এ আছে যে এক বছর জেল হবে বলছেন। আমি মনে করি এটা অন্ততঃ তিন বছর জেলের ব্যবস্থা করা হোক। এই তিন বছরের পানিশমেণ্টের ব্যবস্থা করলে একদিকে যেমন শ্রমিকরা ভরসা পাবেন, তেমনি মালিকপক্ষও ভয় পাবেন এবং সেখানে কারখানা বন্ধ করে কোনভাবে কোর্টের আশ্রয় নিতে যাবার ব্যাপারেও তাঁরা দ্বিধাগ্রস্ত হবেন। সেইজন্য পুনরায় মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো এই পেনালটির ব্যাপারে ১ বছরের জায়গায় ৩ বছর জেলের ব্যবস্থা করা হোক।

[4.30—4.40 P. M.]

আমি আর একটা কথা বলতে চাই সেটা হলো সাব-ক্লজ (১)-এ আপনি ৬ মাস জেলের কথা বলেছেন। আমি বলতে চাই আপনি এটা অন্ততঃ ২ বছর করুন। এই ক্লোজার শ্রমিকদের কাছে বিভীষিকার মত। আমি জানি না এই ক্লোজারের এই আইনটা কতটা কার্যকরী হবে। এই ক্লোজারের ভয়ে শ্রমিকরা একেবারে অতিষ্ঠ হয়ে আছে। তারা যাতে হতাশাগ্রস্ত না হয় সেটা আপনাকে দেখতে হবে। তাদের অবস্থার কথা মনের মধ্যে উপলব্ধি করতে হবে। এই ব্যাপারে শ্রম দপ্তর যেন বসে না থাকে। শ্রমিকদের জন্য যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তাদের যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে আইনের মাধ্যমে সেই ব্যবস্থা কার্যকরী করতে হবে। আইন ভঙ্গ করার ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। এটার যাতে

পরিবর্তন ঘটে সেই জন্য আমি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম। এটা যাতে মাননীয় মন্ত্রী মহাশয় উপলব্ধি করেন এবং বিবেচনা করেন তার জন্য অনুরোধ জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা ব্যাপার আমরা কাগজে লক্ষ্য করি ক্লোজারের ব্যাপারে। ক্লোজারের ব্যাপারে একটা নোটিশ দেবার ব্যবস্থা আছে। তারা যে নোটিশ দিল সেটা দেখা হলো কিনা, ৯০ দিনের যে ডিউরেশান থাকে সেটা থাকলো কিনা সেটা দেখতে হবে। এই পরিপ্রেক্ষিতে সরকারের কাছে শুধু কাগজে-কলমে মালিকরা জানিয়ে থাকে। এই ব্যাপারে শ্রমিকরা কিছু জানতে পারে না, ইউনিয়নগুলি কিছু জানতে পারে না। শ্রমিকদের এই সুযোগ পুরোপুরি কার্যকরী করার জন্য সজাগ দৃষ্টি রাখতে হবে। ১৯৮২ সালে যে এ্যামেণ্ডমেণ্ট হয়েছিল এই বিলের সেই রকমভাবে মহারাষ্ট্র উড়িষ্যা এইগুলির পরিবর্তন ঘটিয়েছে। এখানে যাতে এটা কার্যকরী করা যায় সেটা দেখতে হবে। ক্লজ ৩(২৫)-কে এখানে আপনি যে প্রপোজাল দিয়েছেন এটা ঠিকভাবে কার্যকরী করতে হবে। এই ব্যাপারে অন্যান্য রাজ্য অনেকটা এগিয়ে আছে। তাতে নিশ্চয়ই কিছুটা অসুবিধা দেখা দিতে পারে, কিন্তু এই ব্যাপারে আরো জোরদার ব্যবস্থা গ্রহণ করতে হবে। আপনি যদি এই ব্যাপারে জোরদার ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে কিছু হবে না। কারণ মালিকরা বসে নেই, তারাও চেষ্টা করবে কোথায় ফাঁক পাওয়া যায়। আইনটা যাতে কাগজ-কলমের মধ্যে সীমাবদ্ধ না থাকে সেটা যাতে কার্যকরী করা যায় সেটা দেখতে হবে। আইনের ফাঁক থাকলেই মালিকরা আইনজীবীদের আশ্রয় নেবে। তাতে কংগ্রেস কমিউনিষ্ট বিচার করলে চলবে না। তারা তাদের ব্যবসাভিত্তিক মনোভাব নিয়ে আইনের ফাঁক দেখার চেষ্টা করবে। সেই আইনের ফাঁকের মাধ্যমে তারা সরকারকে ব্যতিব্যস্ত করার চেষ্টা করবে। সেই সুযোগ যাতে না থাকে সেটা আপনাকে দেখতে হবে। এই ব্যাপারে আরো ভাল ভাবে লক্ষ্য রাখতে হবে।

এবং সেখানে আইনের আশ্রয় নিতে গেলে সরকার পক্ষের আইনজীবী যাঁরা থাকেন তাঁদের নিশ্চয় সেদিকে লক্ষ্য থাকবে। তাঁরা যদি সঙ্গে সঙ্গে এ্যাপিয়ার করেন এবং সেই মুহূর্তে যদি তাঁরা তাঁদের বক্তব্য রাখেন তাহলে ডিলেড অফ দি পলিসি হতে পারে না। অর্থাৎ সরকারের তৎপরতা যদি থাকে তাহলে ত্রুটি দূর হতে পারে। যেকোন মুহূর্তে বন্ধ কারখানা খুলতে গেলে মালিকদের যে মনোভাব দেখা দেয় সেটাকে আরো পরিষ্কার করে নিতে হবে। রাণীগঞ্জ পেপার মিল এবং আসানসোলে কয়েকটি কারখানা যেরকম ভাবে বন্ধ হয়ে আছে এবং যার ফলে সেখানে হাজার হাজার শ্রমিক বেকার হয়ে আছে সেই দিকে আপনাদের লক্ষ্য

রাখতে হবে। আপনি যে প্রভিসনগুলি দিয়েছেন ২৫ (ও) সম্বন্ধে বলেছেন, ২৫ (কে) সম্বন্ধে বলেছেন, ২৫ (পি) সম্বন্ধে বলেছেন এবং ২৫ (আর) সম্বন্ধে বলেছেন—আপনার ষ্টেটমেণ্ট অফ অবজেক্ট এ্যাণ্ড রিজিনস-এর মধ্যে যে বক্তব্য রেখেছেন সেই পরিপ্রেক্ষিতে আবেদন করবো এই যে ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এটা রাজ্য সরকারের বক্তব্য নয়, কেন্দ্রীয় সরকারও এর সঙ্গে জড়িত আছেন। শ্রম দপ্তরে আজও এই রকম জিনিস হয় নি যে, এখান থেকে আইন পাশ হয়ে গেলে কিন্তু কেন্দ্রীয় সরকার অনুমোদন দেন নি—সেটা হয় নি। এখানে যে-সমস্ত ত্রুটি আছে সেগুলি আগামী দিনে সংশোধন করবেন। বন্ধ কারখানা খোলার জন্য আপনি যে চেষ্টা করছেন সেটা নিশ্চয় অভিনন্দনযোগ্য। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

শ্রীসরল দেব: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রমমন্ত্রী যে সংশোধনী বিল এনেছেন তাকে অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে, এই সরকারই প্রথম এই ধরনের বিল উপস্থিত করলেন—যে কাজটা ওঁরা ২৮ বছর ধরে করেন নি। আপনি নিশ্চয় জানেন এর আগে আমরা ছোট ছোট কারখানার শ্রমিকদের রিলিফ দিতে চেয়েছিলাম। যে-সমস্ত ছোট ছোট ইউনিটের শ্রমিক সংখ্যা ৫০ তাদের জন্য আইন করতে চেয়েছিলাম। কিন্তু ১৯৮২ সালে লোকসভায় যে এ্যাক্ট হলো তাতে বলা হল ১০০। এর ফলে আমরা নিরুপায় হয়ে গেলাম। মহারাষ্ট্র, উড়িষ্যা যেমন করেছে বিল সংশোধন করে আমরা সেই জায়গায় নিয়ে যাচ্ছি। সুব্রতবাবু বললেন রাষ্ট্রপতির এ্যাসেণ্ট পেয়েছে, গেজেটে নোটিফিকেশন হয় নি, সুতরাং জাত গেছে। কিন্তু বিলের মূল উদ্দেশ্য হচ্ছে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ নিপীড়িত শ্রমিকদের রিলিফ দেবার জন্য। সুতরাং যে বিল আনা হয়েছে তাকে অভিনন্দন জানিয়ে কয়েকটি কথা বলে এখানে সময়ের অপচয় করে গেলেন। ২৫ (ও) অফ দি প্রিন্সিপ্যাল এ্যাক্ট-এ পরিষ্কারভাবে বলা হয়েছে The appropriate Government stating clearly the reasons for the intended closure of the undertaking and a copy of such application shall also be served simultaneously on the representatives.

[4.40—4.50 P.M.]

শুধু গভর্নমেণ্টকে দিলে হবে না, ওয়ার্কম্যানকেও দিতে হবে। এটা অতীতে ছিল না। এখানে বলা হয়েছে, "Provided that every application for permission

to close down an undertaking shall, having regard to the first proviso to Section 25FFF, contain the particulars of the quantum, mode, manner and time of payment of compensation to the workmen, in the manner prescribed, and such employer shall furnish such guarantee as may be required by the appropriate Government to discharge his liability for payment of compensation and other statutory dues to the workmen in the event of such permission being granted under sub-section". এর চেয়ে পরিষ্কার কথা আর কি হতে পারে আমি জানি না। তারপর ক্লজ ফোর, সেকশন থি্র-তে বলা হয়েছে, "by order and for reasons to be recorded in writing, grant of refuse to grant such permission and a copy of such order shall be communicated to the employer and the workmen". গভর্নমেণ্ট তাঁর সিদ্ধান্ত এমপ্লয়ার এবং ওয়ার্কমেনদের জানাবেন। এক্ষেত্রে পরিষ্কার করে বলা হয়েছে, "the appropriate Government does not communicate the order granting or refusing to grant permission to the employer within a period of sixty days from the date on which such application is made, the permission applied for shall be deemed to have been granted on the expiration of the said period of sixty days." অর্থাৎ যদি সিক্সটি ডেজ-এর মধ্যে সরকার কোন কিছু না জানান তাহলে বোঝা যাবে গভর্নমেণ্ট রাজি আছে। তারপর বলছেন, "the appropriate Government may, either on its own motion or on the application made by either of the parties, review its order granting or refusing to grant permission under sub-section(3) or refer the matter to a Tribunal for adjudication". এখানে আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি এ্যাডজুডিকেশন মানে কি? আপনি বহুবার গেছেন এবং আমিও গেছি, কাজেই আমরা জানি যদি একটা টাইম বাউণ্ড না করেন তাহলে কোন লাভ হবে না। এই জিনিস অনন্তকাল ধরে চলবে। কাজেই অনুরোধ করছি আপনাকে টাইম বাউণ্ড করতে হবে। তারপর এখানে বলা হয়েছে, "Where an undertaking is permitted to be closed down under sub-section(3) or where permission for closure is deemed to have been granted under sub-section(5), every workman who is employed in that undertaking immediately before the date of application for permission under this section, shall be entitled to receive, in addition to all legal dues (including gratuity), compensation which shall be equivalent to fifteen days' average pay for every completed year of continuous service or any part thereof in excess of six months." তাহলে অপরিষ্কার জিনিস কোথায় আছে আমি বুঝতে পারছি না। গভর্নমেণ্টের আদেশ অমান্য করার ক্ষেত্রে বলা হয়েছে, Any employer who contra-

venes any direction or order given under section 25-(C) or section 25-(P) shall be punishable with imprisonment for a term which may extend to one year, or with fine which may to five thousand rupees. সরকারের আদেশ অমান্য করলে শাস্তির কথা যেটা বলা হয়েছে সেখানে মন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন হচ্ছে টাকার অংকটা বাড়ান হোক। এখানে সুব্রতবাবু যে কথা বলেছেন তার সঙ্গে আমি একমত। আমি এটা মন্ত্রী মহাশয়কে বিবেচনা করতে বলছি এবং 'অর'-এর পরিবর্তে 'এ্যাণ্ড' করতে বলছি। সঙ্গে সঙ্গে মন্ত্রী মহাশয়কে বলবো যে সর্বপ্রথম এই রকম একটা পুঁজিবাদী রাষ্ট্র কাঠামোর মধ্যে থেকে, সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে তিনি এই বিল এনেছেন, এর জন্য আমি তাঁকে এবং বামফ্রণ্ট সরকারকে অভিনন্দন জানিয়ে এবং এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে, আমি যে সামান্য সংশোধনীটুকু রেখেছি সেগুলি গ্রহণ করবার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতীশ রায়ঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, বিরোধী দলের বন্ধুরা বল্লেন যে, তাঁরা এই বিলকে স্বাগত জানিয়েছেন এবং এই বিলকে তাঁরা সমর্থন করছেন। কিন্তু আমাদের অভিজ্ঞতা হচ্ছে কেন্দ্রীয় সরকার শ্রমিক শ্রেণীর স্বার্থে যে-সমস্ত বিল বা আইন সংশোধিত হয়েছে সেই ব্যাপার কেন্দ্রীয় সরকারের একটা বিশেষ ধ্যান-ধারণা নিয়ে চলেন। অনেকেই বলেছেন ১ বছর অতীত হয়ে গেল কেন্দ্রীয় সরকার শিল্প-বিরোধ আইনের কার্যকারিতা উপলব্ধি করেও কিছু করেন নি। তাই এই ১৭বি ধারাটা সংযোজিত হচ্ছে। তার অর্থ হচ্ছে এই যে ট্রাইবুন্যালে দেবার পর যদি কোন পক্ষ অর্থাৎ মালিক বিপক্ষে শ্রমিক শ্রেণীর পক্ষে রায় হয় তাহলে মালিকদের হাইকোর্টে কিংবা সুপ্রীম কোর্টে তাদের প্রাপ্য টাকা জমা দিয়ে তবে কেস্ করতে পারবে। রাষ্ট্রপতির অনুমোদন পাওয়া গেছে, কিন্তু কেন্দ্রীয় সরকার এই ধারাটা কার্যকরী করার ক্ষেত্রে নোটিফিকেশন করে নি। উদ্দেশ্যটা কি সেটা বেশ বোঝা যাচ্ছে। আমাদের রাজ্য সরকার বিগত বাজেট সেসনের পরে যে সংশোধনী আইন পাশ করেছিল, আমরা জানি কেন্দ্রীয় সরকার কয়েকটি ক্ষেত্রে অনুমোদন দেবার ব্যাপারে টালবাহনা করছে। হাইকোর্ট অনেকগুলি ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করে বসে আছে। আমি অনুরোধ করবো ভারতবর্ষের সংবিধান কোটি কোটি মানুষের অধিকার খর্ব করার বিধান যে আছে সেটা দেখার জন্য। ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে এই জিনিসটি দেখা দরকার। শ্রমিক শ্রেণী এবং গরীবদের এই সব ধারা পরিবর্তন করে যাতে শ্রমিক শ্রেণীর অধিকার সুরক্ষিত হয় সেই ভাবে সমস্ত কিছু সংশোধন করা উচিত। এই বিধানসভায় মাননীয় শ্রম-

মন্ত্রী যে সংশোধনী নিয়ে এসেছেন, প্রিন্সিপ্যাল এ্যাক্ট-এ যে ধারা অতীতে ছিল মালিকদের কারখানা নোটিশ দিয়ে বন্ধ করার, সে সম্বন্ধে আমার আগে মাননীয় কয়েকজন সদস্য উল্লেখ করেছেন। কিন্তু আদালত সেটা যদি নাকচ করে দেয় তাহলে শ্রমিক শ্রেণীর অধিকার কিছু খর্ব হবে। মাননীয় কংগ্রেসবন্ধুরা চায় মালিকরা লুট করুক, চুরি করুক—তাদের এই অধিকার থাকবে।

[4.50—5.00 P.M.]

শ্রমিকদের জন্য রাজ্য সরকার অথবা কেন্দ্রীয় সরকার যে আইনটি প্রণয়ন করলেন সেটা কার্যকরী করার ক্ষেত্রে শ্রমিকদের কোন অধিকার থাকবে না, রাজ্য সরকার প্রয়োগ করতে গেলে বাধা পাবে। আজকে এই আইনের সংশোধনের উদ্দেশ্যটা হচ্ছে, একটি মাত্র লক্ষ্য হচ্ছে আজকে মালিকদের কারখানা বন্ধ করার যে প্রবণতা দেখা দিয়েছে সেটা কিছুটা পরিমাণ বন্ধ করতে চাই, শ্রমিকরা যে পরিমাণ আর্থিক দিক থেকে বঞ্চিত হচ্ছে, চাকরির দিক থেকে বঞ্চিত হচ্ছে সেটাকে আমরা বন্ধ করতে চাই। তার জন্য বর্তমানে যে আইনগুলো আছে, সেই আইনের দুর্বলতার কথা আমরা জানি। সেই আইন প্রয়োগ করার ক্ষেত্রে অসুবিধার কথা আমরা জানি। তা সত্ত্বেও আমরা এই বাধা যাতে আগামী দিনে দূর করতে পারি তার জন্য আমাদের শ্রমদপ্তর, মাননীয় শ্রমমন্ত্রী এবং আমাদের রাষ্ট্র শ্রমমন্ত্রী তাঁরা যে যৌথভাবে উদ্যোগ নিয়েছেন তার জন্য আমি তাঁদের ধন্যবাদ দিচ্ছি। তার কারণ আমরা মনে করি এই আইনের যে বাধাগুলো আছে এইগুলোকে আমরা ধীরে ধীরে অপসারিত করতে পারব। শ্রমিকদের মধ্যে নূতন আশা জাগবে। রাজ্য সরকার ৩২ দফা কর্মসূচীর মধ্যে যে কথাগুলো তাঁরা বলেছিলেন, আইনের মাধ্যমে সেইগুলোকে কার্যকরী করার প্রয়াস চালাচ্ছেন এবং কার্যকরী করার জন্য আমরা আইনগত ব্যবস্থা গ্রহণ করেছি। এই সংশোধনীতে কিছু কিছু অসুবিধার কথা আছে আমরা জানি। এই যে ক্লোজারের ক্ষেত্রে আমাদের দেশের যে প্রচলিত ব্যবস্থা এবং সর্বোচ্চ আদালতের যে আইনগত সিদ্ধান্ত সেটা শ্রমিক শ্রেণীর পক্ষে সহায়ক নয়। কিন্তু তা সত্ত্বেও রাজ্য সরকার যে দৃষ্টিভঙ্গীতে এটা গ্রহণ করেছেন এটা অভিনন্দনযোগ্য এবং আমি মনে করি এটাকে যদি আমরা কার্যকরী করতে পারি, যার জন্য এই বিল বিধানসভায় আনা হয়েছে শ্রমিক শ্রেণীর লড়াই করার অধিকার আরও একধাপ এগিয়ে যাবে। কিন্তু শ্রম আদালত এই অধিকারকে সম্প্রসারিত করার জন্য রাজ্য সরকারের রুলস ফ্রেম করার যে সুযোগ আছে, আমি

মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ করব—আমি উল্লেখ করে বলছি তিনিও ব্যাপারটা জানেন, আমরা অনেকেই জানি, বহু কারখানা আজকেও মালিকরা সাময়িক-ভাবে বন্ধ করে রাখার পর ষড়যন্ত্র করে সেই কারখানাগুলোকে পরবর্তীকালে লিকুইডেশানে দিয়ে দেওয়া হচ্ছে। লিকুইডিশনে দেওয়ার ক্ষেত্রে আমরা দেখছি, আমাদের অভিজ্ঞতা হচ্ছে সেখানে কারখানার হাজার হাজার শ্রমিক-কর্মচারী তাঁদের পুর্বতন সার্ভিসের পাওনা টাকার একটা সামান্যতম অংশও তাঁরা পান না। যে দামে অকশন হয় বিভিন্ন কারখানা হাইকোর্টের মাধ্যমে, আমরা দেখছি শ্রমিকরা সর্বস্তরে তাঁদের পাওনা থেকে বঞ্চিত হচ্ছেন। এই ক্ষেত্রে আমি শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, যেখানে সুপ্রীম কোর্ট একটা জায়গায় বলে দিয়েছেন যদি ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট কোন কারখানার ক্ষেত্রে ঘটে এবং তারপর সেটা যদি লিকুইডেশন প্রসিডিংস হয় পরবর্তীকালে তাহলে সেখানে ইণ্ডাষ্ট্রীয়াল ডিসপিউটসটা বন্ধ হবে না, কোর্টের অধিকার আছে লিকুইডেটেড পার্টিকে আইনসম্মত সিদ্ধান্ত দেওয়া, সেখানে হাইকোর্ট থেকেও দিতে পারে। কোন এ্যাপ্রুভ্যাল বা প্রায়র পারমিশন নেবার দরকার নেই। সেইজন্য শ্রম-মন্ত্রীকে ওদিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি, তিনি যেন লেবার ডিপার্টমেণ্টকে বা ট্রাইবুন্যালকে এই ধরনের কতকগুলো ক্ষমতা দেন যে এই ধরনের পরিস্থিতি যদি সৃষ্টি হয় তাহলে সেই কারখানার মালিকের যে ব্যক্তিগত সম্পত্তি, কারখানার যে সম্পত্তি সেইগুলো শ্রম আদালত বা লেবার কোর্ট এ্যাটাচ করবে এবং যে আইনগত বিধান আছে দেওয়ানী আদালতে, যেটা অতীতের ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্টের এ্যামেণ্ড করে পাশাপাশি ট্রাইবুন্যালের ক্ষেত্রে সীমাবদ্ধ আকারে আপনি দিয়েছেন এই ক্ষেত্রে, সেটা আরও বেশী প্রসারিত হওয়া দরকার। এটা যদি আমরা করতে পারি তাহলে বন্ধ কারখানাগুলোর ক্ষেত্রে শ্রমিকরা যেভাবে বঞ্চিত হচ্ছিল, আমরা কিছুটা তাদের পাওনা আদায় করার পথটা সুগম করতে পারব, সুরক্ষিত করতে পারব। সেইজন্য আগামী দিনে যে রুলস তৈরী হবে এই সংশোধনীর পরিপ্রেক্ষিতে আমি শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব সেদিকে যেন তিনি সজাগ দৃষ্টি দেন। এবং এই আইনটা যেভাবে সংশোধিত হয়েছে তাতে হয়ত কিছু দুর্বলতা থাকতে পারে। কিন্তু মূল দৃষ্টিভঙ্গী হচ্ছে শ্রমিক শ্রেণীর স্বার্থ সুরক্ষিত করা এবং শ্রমিকদের পাওনা টাকা আদায় করার ব্যবস্থা করা। কারখানার মালিকরা যাতে খেয়াল-খুশী মত কারখানা বন্ধ করতে না পারে আইনগত দিক থেকে তাদের বাধা দেওয়া—এই দৃষ্টিভঙ্গী নিয়ে সংশোধনী আনা হয়েছে এবং আমরা মনে করি এর দ্বারা তাকে প্রতিরোধ করতে অনেকখানি

সক্ষম হব। সেই কারণে আমি বিলটিকে সর্বতোভাবে সমর্থন করছি এবং অভিনন্দন জানাচ্ছি।

শ্রীশান্তিরঞ্জন ঘটক : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি কয়েকটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে এই বিলটি সম্বন্ধে বলতে গিয়ে এটা রেগুলার হয়েছে কিনা, এ্যাসেণ্ট পাওয়া গেছে কিনা, নোটিফিকেশন হয়েছে কিনা ইত্যাদি নিয়ে সুব্রতবাবু আপত্তি তুললেন। এই সবগুলিই হয়েছে এবং সেটা আমরা মাননীয় স্পীকারের কাছে দাখিল করেছি, মাননীয় সদস্য সুব্রতবাবু দেখেছেন। আমি শুধু এই প্রসঙ্গে একটি কথা বলব, এই প্রশ্নে মাননীয় সদস্য সুব্রতবাবু খানিকটা ঝড় তুলেছিলেন, তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু আমাদের কর্মচারীদের প্রতি কিছু বক্রোক্তি করেছেন, সেটা বোধ হয় ঠিক নয়। এর সমালোচনা সম্বন্ধে উনি কয়েকটি কথা বলেছেন। প্রথম কথা হচ্ছে, তিনি বলেছেন সরাসরি ট্রাইবুন্যালের পারমিশন না দিয়ে রিভিউ করার ক্ষমতাটা আমরা কেন সরকারের হাতে রেখেছি—আমরা মনে করি এই রিভিউ করাটার প্রয়োজন আছে। তার সঙ্গে সঙ্গে সে সম্বন্ধে যদি কোন সন্দেহ দেখা দেয় বা যদি কেউ কিছু বলে তার জন্য সেই ক্ষেত্রে আমরা ট্রাইবুন্যালের প্রভিসন রেখেছি এবং ৩০ দিন এই জন্য ধরেছি যে প্রাকটিক্যালি ৩০ দিনের কমে কোন কিছু হয় না। কারণ ঐসব কাগজপত্র যাবে, তারপর ট্রাইবুন্যাল সেগুলি দেখে বিচার করবে এবং তাদের এ্যাওয়ার্ড জানিয়ে দেবে। কাজেই এই সব কাজ ৩০ দিনের কমে সম্ভব নয়। তবে হয়ত এ্যাক্সিডেন্টালি কোন ঘটনা ঘটতে পারে যে, ৩০ দিন পার হয়ে গেল—সেই ক্ষেত্রে গভর্নমেন্টের হাতে যদি ডেট এক্সটেণ্ড করার ক্ষমতা না থাকে তাহলে প্রসিডিওরটা নষ্ট হয়ে যাবে, কেউ হয়ত হাইকোর্টে যাবেন, সব কিছু ক্যানসেল হয়ে যাবে, সেই জন্যই এটা রেখেছি। কমপেনসেশান ইত্যাদি ক্ষেত্রে কিছু এ্যাড করেছি। আগে ১৫ দিনের রিট্রেঞ্চমেন্ট বেনিফিট দেবার ব্যবস্থা ছিল। সেখানে আমরা বলেছি অন লিগ্যাল ডিউজ ইনক্লুডিং গ্র্যাচুইটিজ, ষ্ট্যাটুটরি ডিউজ ইনক্লুডিং গ্রাচুইটিজ দিতে হবে, যেটা অরিজিন্যাল এ্যাক্টে নেই। তারপর শাস্তির ব্যাপারে মাননীয় সুব্রতবাবু এবং আমাদের বন্ধু বামাপদবাবু বলেছেন এই শাস্তিটা আরো বাড়ান দরকার। আমরা এটা নিয়ে অনেক আলোচনা করেছি। আমরা ঠিক করেছি খুব বেশী বড় করে কথা বলে লাভ নেই। আমরা সেনট্রাল এ্যাক্টের প্যাটার্ন ফলো করেছি এবং সেনট্রাল গভর্নমেন্ট যেখানে এ্যামেণ্ড করেছিলেন তাতে যে প্রভিসন আছে সেই প্রভিসনে বেশী বড় জিনিস বলে কোন লাভ নেই।

কোন একটি পার্টিকুলার কেসে যদি অল্প শাস্তি ভোগ করেন তাতেই অনেক কাজ হয়। কারণ সেনট্রাল এ্যাক্টে যা আছে তার কিছু ব্যতিক্রম হলে বা বড় কিছু করলে কেউ হয়ত হাইকোর্ট করবেন, ওখান থেকে খারিজ হয়ে যাবে, সেটা আটকে যাবে। এটা যাতে আটকে না যায় সেই সম্বন্ধে অনেকেই উদ্বেগ প্রকাশ করেছেন। এই কারণেই আমরা যে প্রভিসন রেখেছি উই ষ্টিক টু ছাট এবং ঐ প্যাটার্নেই আমরা এ্যামেণ্ডমেণ্ট এনেছি।

[5.00—5.10 P.M.]

কাশীবাবু শাস্তির কথা বলেছেন এবং সে সম্বন্ধে এ্যামেণ্ডমেণ্টও দিয়েছেন, আমি সেগুলি গ্রহণ করতে পারছি না। সুব্রতবাবু শেষের দিকে একটা কথা বললেন যে 'আলোচনার জন্য ছাড়তে হবে'—একথাটা আমি বুঝতে পারলাম না। আলোচনা মানে কার সঙ্গে আলোচনা ? মালিকদের মতামত নিতে হবে কি যে, মালিকরা রাজি কিনা ? এ কথাটা আমি বুঝতে পারলাম না। যাইহোক আমরা সেটা ছাড়তে রাজি নই। তারপর কেউ কেউ বলেছেন যে, টেকনিক্যাল কারণে খারিজ হয়ে যাচ্ছে, এ্যাসেণ্ট পাওয়া যাচ্ছে না। মতীশবাবু ঠিকই বলেছেন। এটা টেকনিক্যাল কারণ নয়, কতকগুলি বিলে যে এ্যাসেণ্ট পাওয়া যায় নি সেটা টেকনিক্যাল কারণে নয়। একটা টেকনিক্যাল কারণ ওঁরা বলেছিলেন সেটা হচ্ছে, ৫০ নয়, ১০০ করুন এবং তার উপর এ্যাসেণ্ট দিয়েছিলেন। সেখানে ছাপার অক্ষরে ৫০ করা হয়েছে, বললেন এটা তোমাদের বদলাতে হবে, এই কারণে আমরা এটা চেঞ্জ করেছি। সমস্ত দিক বিবেচনা করে মোটামুটিভাবে আমরা এই বিলটা দাঁড় করিয়েছি। এখানে যে দেরি হয়েছে সেই দেরির একটা কারণ আছে। কেন্দ্রীয় সরকার একটা এ্যামেণ্ডমেণ্ট করেছিলেন, কিন্তু তাঁরা সেটার এফেক্ট দেন নি। মাঝে একটা সভা হয়েছিল বিভিন্ন শ্রমমন্ত্রীদের। তাতে কেন্দ্রীয় শ্রমমন্ত্রী কিছু অসুবিধার কথা বলেছিলেন, আমি সেটার উল্লেখ করতে চাই না যে, কেন কেন্দ্রীয় সরকার এফেক্ট দিতে পারছেন না। তা সত্ত্বেও আমরা তাঁদের ব্রড গাইডলাইন সেটা দেখি, খানিকটা ফলো করি। ইতিমধ্যে উড়িষ্যা এবং আরো কতকগুলি সরকার তাঁরা কতকগুলি এ্যামেণ্ডমেণ্ট করেছেন। আমরা সেগুলিও খানিকটা ফলো করেছি। এইসব করে তার মধ্যে আমরা কিছুটা ইমপ্রুভমেণ্ট করবার চেষ্টা করেছি। আমরা এ ক্ষেত্রে আমাদের প্র্যাকটিক্যাল এক্সপিরিয়েন্সের উপর ভিত্তি করে বিলটা রেখেছি। এই বিলটা সম্বন্ধে মিশ্র সমালোচনা হয়েছে। আমি আবেদন করবো, সরকার পক্ষ

থেকে বিলটি যেভাবে রাখা হয়েছে মাননীয় সদস্যরা সেটা সর্বসম্মতভাবে অনুমোদন করুন। যতীশবাবু আগামী দিনের কথা বলেছেন লিটিগেশান ইত্যাদির ব্যাপারে। কেন্দ্রীয় সরকার অনেক কারখানা ছেড়ে দিচ্ছেন এবং অনেক কারখানা ঋণে জর্জরিত হয়ে লিকুইডেশানে চলে যাচ্ছে। সেখানে ওয়ার্কম্যানরা ডিউস ইত্যাদি পাচ্ছেন না। এখন কিভাবে তাঁদের রক্ষা করা যায় সেটা আমাদের ভাবতে হবে, আমরা সেটা ভাবছি, এখনও করে উঠতে পারি নি। ক্লোজার ছাড়া সাসপেণ্ড করে রাখছে, ফরম্যালি অথবা ইনফরম্যালি লক-আউট করছে, এসব সম্বন্ধে কিছু করা যায় কিনা সেটা আমরা চিন্তা করছি। বিলটা আনার আগে আমরা বিভিন্ন ট্রেড ইউনিয়ন লিডার এবং সংগঠনের সঙ্গে আলোচনা করেছি। পরিশেষে আমি আশা করছি, বিলটি যেভাবে রাখা হয়েছে মাননীয় সদস্যরা সেটা অনুমোদন করবেন।

Mr. Speaker : Shri Subrata Mukherjee has drawn my attention that Industrial Disputes Act is a Central Act. I have gone through this Act. There is no mistake in this book. This book relates only to the Central Act and has not given any reference to the State amendment. State amendments are different from the Central Act. Some Central Acts can be amended by the States and some Central Acts cannot be amended by the States. This Central Act can be amended by the State Government. It has been amended accordingly. This book does not refer to State amendments. There is no difference in it. Mr. Mukherjee, I think, you allowed yourself to be misled by reading the Central Act and not going through the State amendment. That is the difference, nothing else.

Shri Subrata Mukherjee : The Industrial Disputes Act itself is a Central Act and provisions are there also for this system.

Mr. Speaker : The amendments are not in this book. The State Government has amended it because it relates only to the Central Act—nothing else.

The motion of Shri Santi Ranjan Ghatak that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

CLAUSES 1 to 5

The question that clauses 1 to 5, do stand part of the Bill, was the put and agreed to.

CLAUSE 6

Shri Kashinath Misra : Sir, I beg to move that in clause 6, in sub-section (2, of proposed section 25R, in line 4, for the words "one yeai" the words "three years" be substituted ;

Sir, I also beg to move that in clause 6, in sub-section (1) of proposed section 25R, line 6, for the words "six months" the words "two years" be substituted.

Shri Santi Ranjan Ghatak : Sir, I oppose the amendments.

The motions of Shri Kashinath Misra were then put and lost.

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in clause 6, in sub-section (2) of proposed section 25R, in line 4, after the words "or with fine which may", the word "extend" be inserted.

Shri Santi Ranjan Ghatak : Yes, I accept the amendment.

The motion of Shri Sumanta Kumar Hira was then put and agreed to.

The question that clause 6, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Santi Ranjan Ghatak : Sir, I beg to move that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1984, as settled in the Assembly, be passed.

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে, এই বিলটা আমরা সকলেই সমর্থন করছি, আপনি এটা কনসিডার করুন। আমরা যারা ট্রেড ইউনিয়ন করি এবং সরকারী দলে যাঁরা রয়েছেন, তাঁদেরও মত জানি, তাঁরাও চান যে পানিশমেণ্টের ক্ষেত্রে যদি এত অল্প পানিশমেণ্টের ব্যবস্থা থাকে তাহলে জিনিসটা বাধাপ্রাপ্ত হয়ে যাবে। কাজেই জেল এবং জরিমানা দুটোই একসঙ্গে থাক এবং কিছুটা পরিমাণে জেলের মেয়াদ বাড়ান হোক। আমি শুধু বলার জন্যই বলছি না। উনি যদি এটা কনসিডার করেন, এখনই না হলেও যদি কনসিডার করবেন বলে আশা দেন তাহলেও হয়। এটা অত্যন্ত ভাল বিল। ছোট ছোট এ্যামেণ্ডমেণ্ট এনে কর্মচারীদের অনেক উপকার

হবে। সে ক্ষেত্রে কেন একটা প্রেসটিজ ইস্যু করছেন, আমি জানি না। এটা অফিসারদের কারসাজি হতে পারে। কারণ লেবার ডিপার্টমেন্টে ভবিষ্যতে তাঁদের ছেলেদের ঢোকাবার, মনোপলি হাউসে ঢোকাবার চেষ্টা করেন এবং কিছু ফাঁক রেখে বাঁচাবার চেষ্টা করেন। তাঁরা এমনভাবে কাজ করেন যাতে মন্ত্রীও খুশি হয়, লেবার লীডাররাও খুশি হয়, আর অপর দিকে মালিকরাও খুশি থাকেন এবং তারা রিটায়ারমেন্টের পরে চাকুরি দেবে বলে আশা দেয়। সেজন্য মাই হাম্বল সাবমিশান টু দি অনারেবল মিনিষ্টার যে, ছটোকেই—জেল এবং জরিমানা একসঙ্গে রাখুন। কারণ এদের কাছে টাকাটা ইম্মেটেরিয়াল। এরা যে পরিমাণ টাকা মেরে থাকে তাতে সব এক একটা হরিদাস মুদ্রা হয়ে যাচ্ছে। এরা একটা করে বিজনেস করছে। ফিনানসিয়াল ইন্সটিটিউশনের কাছ থেকে টাকা নিচ্ছে, সে টাকা ক্লোজার করছে। আবার অন্য জায়গায় নতুন করে বিনিয়োগ করছে। তারপরে আবার সেটাকে বন্ধ করে দিয়ে নতুন জায়গায় চলে যাচ্ছে। এই যে প্রসেস, এটা যদি বন্ধ করতে হয় তাহলে ছাট স্মল এ্যামাউন্ট অব জরিমানা ইজ নট এনাফ। এটাকে যদি করতে হয় তাহলে জেল এবং জরিমানা—ছটোকেই বৃদ্ধি করে, ছটোকেই একসঙ্গে রাখতে হবে। শ্রমিক-কর্মচারীদের স্বার্থ যাতে রক্ষিত হয় তারজন্য এটা কনসিডার করা উচিত বলে আমি মনে করি। এখন যদি এটা নাও হয়, ভবিষ্যতে করবেন বলে আশ্বাস দিন। এটাকে একেবারে উড়িয়ে না দিয়ে, কংগ্রেস, কমিউনিষ্ট না করে, এটাকে কনসিডার করবেন বলে যদি আশ্বাস দেন তাহলে আমি খুশি হব।

[5.10—5.20 P.M.]

শ্রীশান্তিরঞ্জন ঘটক: মিঃ স্পীকার স্যার, আমি আমার জবাবী ভাষণে বলেছি যে, যে আইনটিতে আমরা শাস্তির বিধান রাখছি, সেটি সেনট্রাল এ্যাক্ট। অন্যান্য জায়গায় এ বিষয়ে যা হয়েছে সে অনুযায়ী আমি আশা করি এই বিলটি রাষ্ট্রপতির সম্মতি পাবে, এতে কোন বাধা হবে না। মাননীয় সদস্য সুব্রত মুখার্জী যা বললেন, পাবলিসিটির দিক দিয়ে তা শুনতে ভাল। উনি অনেক ভাল ভাল কথা শোনালেন। কিন্তু আমরা যেভাবে এগিয়ে যাবার চেষ্টা করছি, তাতে আমি মনে করছি, একটু অল্প শাস্তি হলেও আমরা শাস্তির ব্যবস্থা করছি। তবে বিলটি রাষ্ট্রপতির সম্মতি পেলেই সঙ্গে সঙ্গে ক্লোজার বন্ধ হয়ে যাবে না, এটা আমরা জানি। এই আইনের এফেক্ট দেওয়া হলেও সঙ্গে সঙ্গে যুক্তভাবে আন্দোলনও করতে হবে। তবুও এই ক্ষেত্রে এটা একটা বড় গ্যারান্টির ব্যাপার হচ্ছে। কারণ শাস্তি অল্প হলেও মালিকরা যদি কিছু

দিন দমদম জেলের লবসী খেয়ে আসে তাহলেই যথেষ্ট হবে। সুতরাং আমি সুব্রতবাবুর প্রস্তাবটি গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Santi Ranjan Ghatak that the Industrial Dispute (Wes Bengal Amendment) Bill, 1984, as settled in the Assembly, be passed was then put and agreed to.

শ্রীশেখ ইমাজুদ্দিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকেই মুর্শিদাবাদ থেকে আসছি, আজকে এপ্রিল মাসের ২৩ তারিখ, কিন্তু আজ পর্যন্ত মুর্শিদাবাদের অনেক মাধ্যমিক স্কুলের শিক্ষকরা মার্চ মাসের বেতন পান নি। অথচ আমরা জানি বামফ্রন্ট সরকার প্রতিশ্রুতিবদ্ধ মাধ্যমিক শিক্ষকদের মাসের ১ম দিনই বেতন দিতে। এই ঘটনাটি শুধু এই প্রথম ঘটেনি, প্রতি বছরই মার্চ মাসের বেতন পেতে মাধ্যমিক শিক্ষকদের বিলম্ব হয়, অনেক সময়ে এপ্রিল মাস কেন মে মাসেও পান না। সেইজন্য আমি বিষয়টির প্রতি মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাধ্যমিক শিক্ষকরা প্রতি বছর মার্চ মাসের বেতন যাতে এপ্রিল মাসের ১লা তারিখে পান তার জন্য তিনি ব্যবস্থা গ্রহণ করুন।

Fortyforth Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the Fortyfourth Report of the Business Advisory Committee which at its meeting held today in my Chamber recommended the following revised programme of business on 25th April, 1984, and the programme of 26th April, 1984.

Wednesday, 25.4.84 ... (i) The West Bengal Government Premises (Regulation of Occupancy) Bill, 1984, (Introduction, Consideration and Passing)—2 hours.

(ii) The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)—1 hour.

(iii) The Bengal Electricity Duty (Amendment) Bill, 1984 (Introduction, Consideration and passing) —1 hour.

(iv) The West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)—1 hour.

Thursday, 26.4.84 ... (i) Motion Under Rule 185 regarding documentary T. V. film by Granada T. V.—Notice given by Shri Anil Mukherjee and others—2 hours.

(ii) Motion Under Rule 185 regarding delay in production in Haldia Fertilizer Complex—Notice given by Shri Lakshman Chandra Seth—1 hour.

(iii) Motion Under Rule 185 regarding proper measures to be undertaken by Government to prevent diarrhoea-dysentery—Notice given by Dr Zainal Abedin and others—1 hour.

There will be no Mention cases on the 25th April, 1984. Now I request Shri Sumanta Kumar Hira to move the Motion for acceptance of the House.

শ্রীসুমন্ত কুমার হীরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে কার্য উপদেষ্টা সমিতির ৪৪তম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণ করার জন্য হাউসে প্রস্তাব উত্থাপন করছি।

মিঃ স্পীকার : আমি আশা করি এই প্রস্তাবে সভার সকল সদস্যের সম্মতি আছে। সুতরাং প্রস্তাবটি গৃহীত হলো।

(প্রস্তাবটি গৃহীত হলো)

[5.10—5.20 P. M.]

শ্রীকমলাক্ষী বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২১শে এপ্রিল বিকাল তিনটের পরে বনগাঁ মহকুমার বাগদা থানায় কংগ্রেসী সমর্থক বেশ কিছু সমাজবিরোধীরা একটি মাঠে জমায়েত হয়ে বিগত কংগ্রেস সরকারের সময়ের প্রাক্তন স্পীকারের নেতৃত্বে ডেপুটেশন দেবার নাম করে বাগদা থানা আক্রমণ করে। থানার পুলিশরা তাদের বাধা দেবার সময়ে একজন পুলিশ কর্মচারীর লাঠি ছিটকে গিয়ে আক্রমণকারীদের একজনের গায়ে আঘাত করে। ফলে সমাজবিরোধীরা উত্তেজিত হয়ে থানা ভাঙচুর করে, বাইরে থেকে ইঁট-পাটকেল ছুড়তে থাকে। ফলে সেখানে কয়েকজন পুলিশ কর্মচারী আহত হন, এমন কি সে সময়ে সেখানে এস. ডি. পি. ও. উপস্থিত ছিলেন এবং তিনিও সমাজবিরোধীদের আক্রমণে আহত হয়েছেন। এই অবস্থায় আমি ঐ সমস্ত সমাজবিরোধীদের গ্রেপ্তার ও বিচার দাবী করছি।

The West Bengal Inland Fisheries Bill, 1984

Shri Kiranmoy Nanda : Sir, I beg to introduce the West Bengal Inland Fisheries Bill, 1984.

(Secretary then read the title of the Bill)

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্যমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিল কমপ্রিহেনসিভ বিল এবং এতে গভর্নমেণ্টের সামারী পাওয়ার দেখা যাচ্ছে। আমি মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই, মৎস্য দপ্তর already equipped with two legislations to acquire any fisheries from any body. তা সত্বেও যদি এই রাজ্যে মৎস্য উৎপাদন বৃদ্ধি করার জন্য কিম্বা সুপরিকল্পিতভাবে মৎস্য চাষ বাড়ানোর যদি প্রয়োজন হয়ে থাকে তাহলে এতবড় কমপ্রিহেনসিভ বিল যেটা এনেছেন সেই ব্যাপারে আমি এ্যাপিল করবো যে, এটা সিলেক্ট কমিটিতে যাওয়া দরকার। কারণ গভর্নমেণ্ট সামারী পাওয়ার......

মিঃ স্পীকার ঃ মন্ত্রী মহাশয় রাজি হলেই হবে, আপনি তাঁকে জিজ্ঞাসা করুন।

Dr. Jainal Abedin : I appeal to you, to the Hon'ble Minister-in-charge of Fisheries, and also to the entire Treasury Bench, to refer this Bill to a Select Committee and submit their report. I would again appeal that the Bill be referred to a Select Commi!tee. আমি আশা করছি আবার সর্ট সেসান হবে। সেই মনসুন সেসানে ইফ দে ডু নট ডেফার তাহলে ৬ মাসের মধ্যে ডাকতে হবে। It can be referred and adopted them because summery power যেখানে আছে—আপনারা ভারত সরকারের মতামত নিয়েছেন বলে শুনেছি, কিন্তু এই রাজ্যের সর্বশ্রেণীর মানুষের মতামত গ্রহণের প্রয়োজন আছে। এখানে ভূমি রাজস্ব সংক্রান্ত ব্যাপার আছে। আমি মনে করি এই বিলে যে পাওয়ার চাওয়া হয়েছে সেই পাওয়ার লিগ্যালি চ্যালেঞ্জ হতে পারে, কোর্টে চ্যালেঞ্জ হতে পারে। In that case if it is halted, their purpose will also be halted. Why the Government are so in hasty process ? সেইজন্য আই উইল এ্যাপিল, এখানে পারপাস টু বি সার্ভড হবে—কোর্টে যাতে না যায়, so, if it is referred to a Select Committee the formation ground of the Government enactment will be stronger. So, I again appeal to the Hon'ble Minister to refer it to a Select Committee.

মিঃ স্পীকার ঃ আপনি এই বিলটিকে সিলেকট কমিটিতে পাঠাতে রাজী আছেন ?

শ্রীকিরণময় নন্দ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত আইনগত দিক বিচার করে এবং পরামর্শ নিয়ে এই বিল তৈরী করা হয়েছে। সুতরাং এই বিল নিয়ে হাউসে

আলোচনা হবে। জয়নাল সাহেব যে প্রস্তাব দিলেন, আলোচনার সময়ে তা বলতে পারবেন। আমি এই বিলটিকে সিলেকট কমিটিতে পাঠিয়ে দেরী করতে চাই না। আমি এই বিল নিয়ে আজকে আলোচনা করতে চাই।

Sir, I beg to move that the West Bengal Inland Fisheries Bill, 1984, be taken into consideration.

Mr. **Speaker :** There is an amendment by Shri Kashinath Misra—amendment No. 2. It is out of order because the consent of the Members whose names are recommended by Mr. Misra has not been obtained.

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মৎস্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ওয়েষ্ট বেঙ্গল ইনল্যাণ্ড ফিসারীস বিল, ১৯৮৪, নিয়ে এসেছেন, আমি তাকে সার্কুলেশান এবং সিলেক্ট কমিটির কথা বলেছিলাম। আমাদের মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানিয়েছিলেন এই ব্যাপারে। যাইহোক, মন্ত্রী মহাশয় আবেদনটি গ্রহণ করতে পারবেন না বলে জানিয়ে দিলেন। তিনি বিভিন্নভাবে বিবেচনা করে, আইন দপ্তরের সাথে বিভিন্ন আলোচনা করে এই বিল নিয়ে এসেছেন।

[5.20--5.30 P.M]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যেকথা বলেছেন—কিন্তু এটা আজকের দিনে একটি বড়ং সমস্যা এবং আমি মনে করি যে মৎস্য দপ্তরের সাথে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের কিছুটা যোগাযোগ আছে। সেই পরিপ্রেক্ষিতে এই বিলের মাধ্যমে পশ্চিমবাংলার সমস্যাগুলির সঙ্গে আর একটি সমস্যা যোগ হবে মাত্র। আজকে পুকুরগুলির ক্ষেত্রে যে ব্যবস্থা গ্রহণ করা হোল—সে বিষয়ে আমি একটি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি। আমরা দেখতে পাচ্ছি যে ষ্টেট গভর্নমেণ্ট যাকে অথরাইজ করবেন, তিনিই হবেন কমপিটেণ্ট অথরিটি। এই কমপিটেণ্ট অথরিটির ক্ষেত্রে আমি একটি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম যে অন্য দপ্তরের কাউকে কমপিটেণ্ট অথরিটি করবার জন্য। মাননীয় মন্ত্রী কমপিটেণ্ট অথরিটির যে ব্যাখ্যা দিয়েছেন—সেটা তাঁর দপ্তরের উচ্চ পদস্থ অফিসারদের জেলাভিত্তিক দেওয়া উচিত এবং এক্ষেত্রে আমি মনে করি, এস. ডি. ও. যদি কমপিটেণ্ট অথরিটি হন তাহলে ব্যাপারটা ঠিকভাবে সমাধান তিনি করতে পারবেন। ক্লজ এইটে মালটি ওনার যাঁরা থাকবেন, তাঁদের যদি কিছু

জানাবার থাকে তো সেটা শুনবার চেষ্টা করুন। এ কারণেই আমি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি। এই কমপিটেণ্ট অথরিটি আজকে দলীয় প্রভাবে পড়তে পারেন, ফলে তাঁর পক্ষে ন্যায় বিচার সম্ভব নাও হতে পারে এবং এ কারণে অংশীদারের ডিপ্রাইভড হবার সম্ভাবনা থাকবে। সেইজন্য বলছি, ৫০ ভাগ অংশীদারের বক্তব্য লিখিত-ভাবে জানুন এবং সেই বক্তব্য জেনে আপনার দপ্তরের মাধ্যমে অনুসন্ধান করে সিদ্ধান্তে যদি আসেন এবং ব্যবস্থা নেন, তাহলে বলার কিছু থাকবে না। এই ব্যবস্থা না থাকার জন্যই বলছি—এই রকম দরখাস্ত যদি আসে—সেগুলো বিচার করে কমপিটেণ্ট অথরিটির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করুন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্লজ ৮, সাব-ক্লজ (২)-তে দেখতে পাচ্ছি যে-কোন কমপিটেণ্ট অথরিটিকে, যে-কোন লোককে পুকুর চাষ করতে দেওয়া যেতে পারে। সেই ব্যাপারটা আপনি একটু বিবেচনা করবেন। পুকুর দেবার সময় যেন নিরপেক্ষতা বজায় থাকে। এখানে যদি নিরপেক্ষতা বজায় না রাখেন, যদি দলীয় প্রভাবে প্রভাবিত হন তাহলে সে আইনের আশ্রয়ে চলে যেতে পারে। সেই কারণে কিছুটা বাধার সৃষ্টি হতে পারে। সেই পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই স্থানীয় অধিবাসী যারা বাস করে, যারা বেকার এই ধরনের মৎস্যজীবী যারা বাস করে, সেই সম্প্রদায়কে অগ্রাধিকার দেবার কথা চিন্তা করুন। ক্লজ ৮, সাব-ক্লজ (২)-তে যে কমপিটেণ্ট অথরিটির কথা বিবেচনা করবার জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন সেখানে যদি তাদের কথা চিন্তা করেন তাহলে কিছুটা সুফল আসতে পারে। হাজার হাজার মৎস্যজীবী আজ নিরাশ্রয়। এখনও পর্যন্ত তাদের কোন খাস দখলী পুকুর নেই। সেই পরিপ্রেক্ষিতে আপনাকে যদি এটা কার্যকরী করতে হয় তাহলে আনএমপ্লয়েড ইয়োথ, যে-সমস্ত মৎস্যজীবী সম্প্রদায় আছে, বিশেষ করে তফসিলী সম্প্রদায়ের যে-সমস্ত মৎস্যজীবী আছে তাদের কথা আগে চিন্তা করতে হবে। ক্লজ ৮, সাব-ক্লজ (৫) সেখানে দেখা যায় আপনি পুকুর নেবার পর কাউকে চাষ করতে দিতে পারেন। চাষ করতে দেবার পর মৎস্য চাষীদের কিছুটা অসুবিধা হতে পারে। তখন তাদের আরো বেশী করে ডিপ্রাইভড হবার আশংকা দেখা দিতে পারে। এই সমস্ত কিছু হলে সমস্ত দোষারোপ আপনার উপর এসে পড়বে। যে উদ্দেশ্য নিয়ে আপনি পুকুরগুলির ব্যবস্থা গ্রহণ করতে চলেছেন সেই ব্যাপারে ভাঁটা পড়বে। মৎস্য উৎপাদনের ক্ষেত্রে একটা প্রতিবন্ধকতার সৃষ্টি হতে পারে। সেইজন্য বলছি এটা আপনি বিবেচনার মধ্যে আনবেন। আরো আপনি দেখবেন মৎস্য চাষীদের যে নিয়মকানুন আছে সেই নিয়মকানুন যদি কেউ না মানেন, কেন মানছে না সেটা দেখতে হবে। আপনার বক্তব্যে আপনি বলেছেন মালটিওনার মৎস্যজীবী

থাকতে পারে এবং সেখানে যে নোটিশের প্রভিসন আছে সেই ব্যাপারে আরো সুক্ষ্ম ভাবে চিন্তা করতে হবে, সেই ব্যাপারে আপনাকে দৃষ্টি দিতে হবে।

নোটিশ দেবার প্রভিসনের ক্ষেত্রে সেখানে যাতে একপেশে না হয় এবং সকলের বক্তব্য বলার অধিকার যাতে থাকে সেটা আপনি দেখবেন। যেমন আমরা দেখতে পাই বর্গা অপারেশনের সময় জমির মালিকের বক্তব্য শোনার অধিকার দেওয়া হয়েছে। কমপিটেন্ট অথরিটি বক্তব্য শোনার পর সে যাই করুক না কেন সেটা মানতে সকলে বাধ্য। এক্ষেত্রেও সেইদিকে আপনাকে লক্ষ্য রাখতে হবে। এখানেও এভাবে অফিসার ভিত্তিক করলে হবে না। অর্থাৎ অফিসারকে যদি যুক্ত করেন তাহলে ন্যায় বিচার হবে না। আপনারা এ ক্ষেত্রে যদি পঞ্চায়েতকে অগ্রাধিকার দিতেন তাহলে প্রকৃত চিত্র আসতে পারতো। সেইদিক থেকে এই বিলে যে ত্রুটি আছে তার প্রতিকারের ব্যবস্থা করা দরকার। জমি ঠিক আইনমাফিক হলেও বিভিন্ন ভাবে আপনাদের সমালোচনার মধ্যে পড়তে হচ্ছে। আপনি বলতে পারেন পুকুর ভূমি আইনের সঙ্গে যুক্ত। পুকুরের ক্ষেত্রেও বিভিন্ন অসুবিধা সৃষ্টি হচ্ছে। সুতরাং আপনি যে সমস্যার সমাধান করতে যাচ্ছেন সেই সমস্যার সমাধান হবে না এবং মৎস্য উৎপাদনও সেখানে হবে না। আপনাদের কাছে বিভিন্নভাবে অভাব-অভিযোগ আসবে, লোকে আইনের আশ্রয় নেবে এবং তাতে আপনার প্রকৃত উদ্দেশ্য ব্যর্থ হলে পশ্চিমবাংলার মৎস্য উৎপাদনের পরিমাণ বৃদ্ধি করার ক্ষেত্রে এবং বাইরে থেকে মৎস্য আমদানী করার যে প্রয়াস তাতেও অসুবিধা সৃষ্টি হবে। আইন দপ্তর বা মৎস্য দপ্তরে অনুপ্রেরণার মাধ্যমে অনুপ্রাণিত হয়ে যদি আইনকে কার্যকরী করার চেষ্টা করেন তাহলে বিভিন্ন ভাবে বাধা সৃষ্টি হবে। সুতরাং এক্ষেত্রে আইনকে আরো পরিষ্কার করা উচিত ছিল। অর্থাৎ সিলেক্ট কমিটিতে এটা দেওয়া উচিত ছিল যাতে বিস্তারিত আলোচনা সেখানে হলে আপনি অনেক জিনিস বিলে পরিষ্কার করতে পারতেন। একটা আইন প্রণয়ন করার পর তার ত্রুটি সংশোধন করার জন্য আপনি নিশ্চয় ব্যবস্থা নেবেন। একটা এ্যামেণ্ডমেন্টের মাধ্যমে সমস্ত পরিবর্তন হয়ে যাবে বলে মনে করি না। আপনার কাছে একটা নিবেদন করবো যে, পশ্চিমবাংলার পুকুরগুলি এক একটা অলংকারের মতন।

সাধারণ মানুষ এবং মৎস্যজীবীরা যাতে ক্ষতিগ্রস্ত না হয়, আইন যাতে ঠিকভাবে প্রতিপালিত হয় তার জন্য আমি এ্যামেণ্ডমেন্ট এবং সার্কুলেশন মোশন দিয়েছি। আমি একথা বলে বক্তব্য শেষ করছি।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই যে নূতন ধরনের বিল এসেছে তাতে বিরোধী পক্ষ থেকে বিশেষ করে কাশীবাবু অনেকগুলো আশংকা প্রকাশ করলেন। আমি দেখলাম শিশু ভূমিষ্ঠ হবার আগেই তিনি ভালমন্দ নানা রকম কথা বললেন। পশ্চিমবাংলার গ্রামবাংলার সঙ্গে যাঁরা যুক্ত আছেন তাঁরা জানেন গ্রামাঞ্চলে এমন বহু পুকুর, খাল বিল রয়েছে যেখানে নানা কারণে মৎস্য চাষ হয় না। এই কারণগুলোর মধ্যে সবচেয়ে বড় কারণ হল এগুলোর মালিকানার মধ্যে নানা রকম লোক রয়েছে। বহু জায়গায় দেখা যায় পূর্বপুরুষের পুকুর এক সময় ছিল এবং সেই জায়গাটা এক একজনের ভাগে এক এক অংশ পড়েছে এবং নিজেদের মধ্যে ঝগড়াঝাটি হবার ফলে সেখানে আর মৎস্য চাষ হচ্ছে না। এর ফলে দেখা যাচ্ছে বহু পুকুর এখন মজা পুকুরে পরিণত হয়েছে। ডেরিলিক্ট ট্যাঙ্ক বলেও একটা জিনিস আছে। আমাদের মোট মৎস্য চাষের জমির পরিমাণ হচ্ছে ৩ লক্ষ ৮২ হাজার ২৭ হেক্টর, কিন্তু কালচারেবেল অবস্থায় রয়েছে ১ লক্ষ হেক্টরের মত এবং ১ লক্ষ হেক্টর রয়েছে মজা পুকুর, বিল ইত্যাদি হিসেবে। এগুলো কালচারেবেল অবস্থায় নেই। এগুলি মালিকরা নিজেদের মধ্যে ঝগড়াঝাটি করে নষ্ট করে ফেলছে। কোন জমির মালিকের জমি নষ্ট করবার অধিকার নেই, জমি ফেলে রাখার অধিকার নেই—সেই জমিতে তাকে চাষ করতে হবে। ঠিক তেমনি যেখানে মৎস্য চাষ করবার মত জলাভূমি আছে সেখানেও মৎস্য চাষ করতে হবে এটা হচ্ছে ফার্ষ্ট কণ্ডিশন। কাশীবাবু শতকরা ৫০ ভাগ, অমুক-তমুক অনেক কথা বললেন। আমি মনে করি ওসব কথা আসে না। যারা পুকুরে মৎস্য চাষ করবে সেখানে সরকার হাত দেবে না, কিন্তু যেখানে অযথা ফেলে রাখবে, দেশের সম্পদ নষ্ট করবে, অর্থাৎ মৎস্য চাষ করবে না সে সম্বন্ধে এখানে বলা হয়েছে। ডাঃ জয়নাল আবেদিন ভূমি সংস্কার আইনের কথা বললেন। ভূমি সংস্কার আইনে এটা পুরোপুরি নেবার ব্যবস্থা আছে। তাঁর বোঝা উচিত বর্তমান আইনের উদ্দেশ্য অন্য। আমরা ইতিপূর্বে ট্রাম কোম্পানীকে নিয়েছি, বিভিন্ন কোম্পানী টেকওভার করেছি, ম্যানেজমেন্ট টেকওভার করেছি, ঠিক তেমনি যার পুকুর বা বিল আছে সেগুলো সেই রকমই থাকবে, শুধু ম্যানেজমেন্ট টেকওভার করা হবে, যেহেতু তারা সেখানে মৎস্য চাষ করতে পারছে না। এই সমস্ত ক্ষেত্রে সরকার বিধি-ব্যবস্থা মত মৎস্য চাষ করবে। এই ব্যাপারে সমস্ত কিছু টেকনিক্যালি দেখেশুনে এটা করা হচ্ছে। পশ্চিমবাংলায় মৎস্যজীবীদের সংখ্যা প্রচুর রয়েছে, তবে তাদের যে কোন সমস্যা আছে সেটা কিন্তু পশ্চিমবাংলার কোন সরকার ইতিপূর্বে ভেবে দেখেনি।

[5.40—5.50 P.M]

এবং মাছচাষ যদি না হয়, নদীতে যদি মাছ না থাকে, খাল-বিলে যদি মাছ চাষ করার না ব্যবস্থা করা হয় তাহলে শুধু ড্রাই ডোল দিয়ে মৎস্যজীবীদের জীবন রক্ষা করা যাবে না। আমরা দেখেছি যেখানে আগে বেশ মাছ চাষ হোত, সেইসব নদীগুলি মজে গিয়ে আজকে একেবারে শুকিয়ে গেছে। খাল বিলগুলি বুজে গেছে, মজে গেছে। তাহলে কি করে মৎস্যজীবীরা বাঁচবে? কেন্দ্রীয় সরকারের যে এগ্রিকালচার কমিশন হয়েছিল সেখানে এইসব আলোচনা হয়েছিল এবং সেখান থেকেই একটা রিপোর্ট এখানে এসেছে। সেই ভট্টাচার্য কমিশনের রিপোর্ট অনুযায়ী এটা হচ্ছে। সেই কমিশনে মাননীয় তিনজন সদস্য ছিলেন, তাঁরা এই মৎস্য চাষ সম্বন্ধে সমস্ত রকম ষ্টাডি করেছিলেন এবং একটা বড় ধরনের রিপোর্ট তাঁরা দিয়েছিলেন। এ বিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাবো যে, তিনি সেই ভট্টাচার্য কমিশনের রিপোর্টের মোটামুটিভাবে স্যালেন্ট পয়েন্টগুলি গ্রহণ করেছেন। আকারে এই বিল ছোট হলেও এটা সুদূরপ্রসারী। পশ্চিমবাংলার মৎস্য চাষের উন্নতি ও এখানকার মৎস্যজীবীদের উন্নতির ব্যবস্থা এই বিলে আছে, তাই এটা ছোট হলেও আমি সুদূরপ্রসারী বিল বলে আখ্যা দিচ্ছি। এই বিল আনার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই। পশ্চিমবাংলায় যে-সমস্ত বিল পুকুর খাল নালা নদী ইত্যাদি রয়েছে, সেখানে যাতে মৎস্য চাষ হয় তার ব্যবস্থার কথা এই বিলে আছে। আজকে নদীগুলিতে মাছের চাষ বৃদ্ধি করতে হবে। যাতে ন্যাচারাল ফিস্ জন্মাতে পারে তার দিকে নজর দিতে হবে। আরও অনেক পয়েন্ট আছে। আমাদের অভিজ্ঞতায় দেখা যায় সময় বুঝে এর আরও পরিবর্তন দরকার হলে করতে হবে। কারণ মাছের বংশ বৃদ্ধি করতে হলে এই সমস্ত খাল বিল নদী নালায় মাছের চাষ করার কথা আজকে নূতন করে ভাবতে হবে এবং তার জন্য দরকার হলে এই বিলের আরও পরিবর্তন করতে হবে। দরকার হলে একটা কম্প্রিহেন্সিভ বিল আনতে হবে। অনেক রকমের মাছ আমাদের দেশে আসে—সি ফিস, রিভার ওয়াটার ফিস। আমরা দেখছি যে নদীর সমস্ত মাছ আজকে নষ্ট হয়ে যাচ্ছে। এই সম্বন্ধে মন্ত্রী মহাশয় একটু ভেবে দেখবেন। আজকে এই যে বিলটি এসেছে আমি তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকমলাক্ষী বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় যে ওয়েষ্ট বেঙ্গল ইনল্যাণ্ড ফিসারিজ বিল, ১৯৮৪, এমেণ্ডমেন্ট বিলটি এসেছে, তাকে

সমর্থন জানিয়ে আমি দু'-চার কথা বলতে চাই। এই বিলের উদ্দেশ্য কি? বিভিন্ন জায়গায় বিভিন্ন ধরনের যে মাছ তৈরী হয়—যেমন নদীতে মাছ হয়, খাল বিলে মাছ হয়, পুকুরে মাছ হয়। কিন্তু সেগুলি আজকে নানা কারণে মজে গেছে। তাই এর সংস্কার দরকার এবং যারা মাছ ধরে, সেই সমস্ত মৎস্যজীবী সম্প্রদায় তাদের রক্ষা করাই হচ্ছে এই বিলের মূল উদ্দেশ্য। আজকে যদি এই সমস্ত মৎস্যজীবীদের সম্পূর্ণভাবে বাঁচিয়ে না রাখা যায় তাহলে মৎস্য চাষ হবে না। নদীতে স্বাচারালভাবে মাছ তৈরী হয়। মাছ নদীতে ডিম ছাড়ে—সেগুলি বিভিন্ন কারণে নষ্ট হয়ে যাচ্ছে। এই জিনিস যাতে রক্ষা পায় তার ব্যবস্থার কথাই বিলে দেওয়া আছে। নদীর স্রোতে স্বাচারালভাবে মাছ ডিম ছাড়ে। কিন্তু আজকে দেখা যাচ্ছে সেই সমস্ত নদী মজে গেছে। অনেক সময় সংরক্ষণের অভাবে ঐ সমস্ত ডিম নষ্ট হয়ে যায়। আজকে এগুলির যদি ব্যবস্থা না করা হয় তাহলে মাছের চাষ বৃদ্ধি হবে কি করে?

সুতরাং এই আইন কার্যকরী হলে নদীতে যে-সমস্ত মাছের জন্ম এবং বৃদ্ধি হয়, তা কিছুটা সুরক্ষিত হবে এবং মৎস্য সমস্যার কিছুটা সুরাহা হবে। এই আইনকে ঠিকমত প্রয়োগ করতে হবে। আর একটি বিষয় অত্যন্ত গুরুত্বপূর্ণ। পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামে হাজার হাজার বিঘার জলাশয়, পুকুর আছে, দীঘি আছে, এইগুলোর অনেক শরিক থাকার ফলে কেউ মাছ ছাড়ে না, ভাগ-বাঁটোয়ারা নিয়ে নানা রকম গণ্ডগোল হয়, ফলে সেই সব জলাশয়ে কেউ আর মাছ চাষ করে না, এমনিই পড়ে থাকে। এই আইন যদি ঠিকমত কার্যকরী হয় তাহলে গ্রামাঞ্চলের সেই সব জলাশয়, পুকুর, দীঘিগুলোতে আধুনিক বিজ্ঞানসম্মত উপায়ে মৎস্যজীবীরা মৎস্য চাষ করতে পারবে, তার ফলে মাছের যে সমস্যা পশ্চিমবাংলায় ভয়াবহ আকার ধারণ করেছে, তার কিছুটা সমাধান হবে। নদী, বিল এর যে ব্যবস্থা আছে এই আইনে, এই আইন ১৮৯৭ সালে হয়েছিল। তারপর থেকে সারা ভারতবর্ষে এই আইনের কোন পরিবর্তন হয় নি, সর্বপ্রথম এই পশ্চিমবাংলাতেই এই আইনের পরিবর্তন হচ্ছে, ফলে পশ্চিমবাংলার মৎস্যজীবীদের জীবনে একটা অর্থনৈতিক পরিবর্তন আসবে। তাদের জীবনে একটা নিরাপত্তা আসবে, মাছ ধরার যে-সব যন্ত্রপাতি, নৌকা, জাল, দাঁড়, পাল এবং তাদের জীবনবীমার সুযোগ-সুবিধা এই আইনের আওতার মধ্যে রয়েছে। মৎস্যজীবীরা যাতে সারা জীবন বেঁচে থাকতে পারে মাছ ধরার উপর নির্ভর করে, তার ব্যবস্থা এই আইনের মধ্যে রয়েছে। বিশেষ করে বৈজ্ঞানিক প্রথায় যে-সব মাছ উৎপাদন হয়, তার পাশাপাশি কৃত্রিম উপায়ে মাছের বংশ বৃদ্ধি প্রথা, মাছের প্রজনন, উন্নয়ন এবং

মৎস্যজীবীরা যাতে মাছের ভাল দাম পায় সেই ব্যবস্থাও এই আইনের মধ্যে রয়েছে। এই আইনের মধ্যে এমন সব ব্যবস্থা আছে যে বিভিন্ন ড্রেনের জল যাতে নদীতে না পড়তে পারে তার ব্যবস্থা রয়েছে। এই আইনের মধ্যে এমন সব ব্যবস্থা রয়েছে যাতে মৎস্যজীবীরা তাদের জীবনের মানকে উন্নত করতে পারে, তাদের সমস্ত রকম সমস্যার সমাধান হতে পারে, এই রকম সব ব্যবস্থা আছে। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এখানে উপস্থিত করেছেন, তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুভাষ নস্কর ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন জানিয়ে সংক্ষেপে কয়েকটি কথা বলতে চাই। আজকে যে গুরুত্বপূর্ণ বিলটি সভায় রাখা হয়েছে, আমি প্রথমে সেদিক থেকে মাননীয় মন্ত্রী মহাশয়কে সংবর্ধনা জানাচ্ছি এই বিলটি আনার জন্য। এই বিলে কয়েকটি বিষয়ের উল্লেখ আছে এবং বলা আছে নির্দিষ্ট অঞ্চলে মৎস্য সংরক্ষণ এবং মৎস্য বংশ বৃদ্ধির বিষয়টি একটি গুরুত্বপূর্ণ বিষয় এই বিলে স্থান পেয়েছে। এটা বিশেষ করে বলতে চাই, এটা আমাদের বর্তমানে মৎস্য চাষের ক্ষেত্রে যে অসুবিধা এবং অব্যবস্থা দেখা যাচ্ছে, এই অসুবিধা এবং অব্যবস্থা দূর করতে এই বিলটার প্রয়োজন আছে। এই আইনের একান্ত দরকার। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি, কারণ আমরা লক্ষ্য করছি যে, কোন নির্দিষ্ট অঞ্চল মৎস্য চাষের জন্য সংরক্ষিত না থাকায়, কিছু অসাধু মৎস্য উৎপাদনকারী তাদের ইচ্ছামত মাছের এলাকা খুলে নিচ্ছে। সেই ক্ষেত্রে নিয়ম বহির্ভূত কাজ তারা করে চলেছে। উদাহরণস্বরূপ আমি বলতে পারি, গত কয়েক বছর যাবৎ আমরা লক্ষ্য করছি, ২৪ পরগনা জেলার বিভিন্ন অঞ্চলে, বিশেষ করে সুন্দরবন এলাকার দিকে যে-রকম অবৈধভাবে মৎস্য উৎপাদনকারীরা ফিসারী করে চলেছে, আমাদের আশংকাটা এমন জায়গায় দাঁড়াচ্ছে, আগামী কয়েক বছরের মধ্যে সারা সুন্দরবন এলাকা বোধহয় বঙ্গোপসাগরে পর্যবসিত হতে পারে।

[5.50—6.00 P. M.]

এই আইন দ্বারা যদি তাদের বন্ধ করা না যেত বা এই আইন দ্বারা একটি নির্দিষ্ট জায়গা মৎস্য উৎপাদনের জন্য নির্ধারিত করা না যেত তাহলে কিছুতেই তাদের আমরা

ঠেকাতে পারতাম না, নিষিদ্ধ করতে পারতাম না। সে দিকে দৃষ্টি রেখে তিনি মৎস্য সংরক্ষণ এবং বংশ বৃদ্ধির জন্য একটি নির্দিষ্ট জায়গার কথা উল্লেখ করেছেন, সেই জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। বিরোধী পক্ষের সদস্যদের গায়ে লাগছে বলে তাঁরা আর একটি কথা বলে গেলেন। বিলের মধ্যে বহু মালিকানাধীন পুকুরগুলির কথা উল্লেখ করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি বহু জায়গায় ক্ষমতা-সম্পন্ন জোতদারগোষ্ঠী নিজেদের মালিকানাধীনে বড় বড় পুকুর এবং জলাশয়গুলি ফেলে রেখে দিয়েছে, মাছ চাষের কাজে লাগাচ্ছে না। এর কয়েকটি কারণ আমাদের মাননীয় সদস্যরা উল্লেখ করে গেছেন। তাঁরা নিজেরাই জানেন না যে, এই জলাশয়গুলির মালিক কে বা কারা। এমন কি ঐ জলাশয়গুলি কার নামে রয়েছে তা নিয়ে নিজেদের মধ্যে দ্বন্দ্ব বা কোন্দল রয়ে গেছে। সেই জলাশয়গুলিকে তাঁরা মাছ চাষের উপযোগী করে তুলতে পারছেন না, বা এই বিষয়ে উপযুক্ত ভূমিকা গ্রহণ করছেন না। এই বিষয়ে একটি দৃঢ় পদক্ষেপ মাননীয় মন্ত্রী মহাশয় বিলের মধ্যে 'রেখেছেন। এই বহু মালিকানাধীন পুকুর, জলাশয়গুলি যদি সরকারী নিয়ন্ত্রণাধীনে এনে মাছ চাষের ব্যবস্থা করা হয় তাহলে সারা দেশে মাছের বংশ বৃদ্ধি যেমন ঘটবে, তেমনি মাছের দুষ্প্রাপ্যতাও হ্রাস পাবে। আমরা দেখতে পাই মাছের অনেক সময় কৃত্রিম বাজার সৃষ্টি করা হয়। এই ক্ষেত্রে মন্ত্রী মহাশয় একটি মৎস্য মজুত ভাণ্ডার গড়ে তোলার কথা বলেছেন এবং সেখানে বড় বড় মৎস্য ব্যবসায়ীদের কাছ থেকে লেভি তোলার কথা বলেছেন তাঁর এই বিলের মধ্য দিয়ে। আমরা অনেক সময় দেখতে পাই বাতিল মৎস্য যা খাবার উপযুক্ত নয়, সেইসব মৎস্য বাজারে বিক্রী হয়ে আমাদের শরীরের ক্ষতি সাধন করে। তার ফলে আমাদের নানারকম রোগ হয়ে থাকে। সেটাও তিনি এই বিলের মধ্যে উল্লেখ করেছেন যে, এই ধরনের বাতিল মৎস্য বাজারে বিক্রী করা যাবে না। সার্বিক দৃষ্টিভঙ্গী নিয়ে তিনি এই কথাগুলি বলেছেন। কাজেই তিনি যে বিলটি সভায় উত্থাপন করেছেন সেটার আশু প্রয়োজন ছিল। সেই জন্য আমি আবার তাঁকে ধন্যবাদ জানিয়ে বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকিরণময় নন্দ: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আজকে এই ইনল্যাণ্ড ফিসারিজ বিল হাউসে এনেছি। আপনি জানেন ১৮৯৭ সালে ভারত সরকার ফিসারিজের উপর একটা বিল পাশ করেন। তারপর থেকে আমাদের রাজ্যে আর কোন বিল ছিল না, ভারত সরকারেরও কোন আইন নেই। সেই কারণে জাতীয় কমিশন প্রত্যেকটি রাজ্যে ফিসারি বিল আনার জন্য সুপারিশ করেন। তার

পরিপ্রেক্ষিতে বামফ্রন্ট সরকার একটি কমিশন গঠন করেন। এ. পি. ভট্টাচার্য, রিটায়ার্ড জাজ, হাইকোর্ট, তাঁকে নিয়ে ৩ জন সদস্যের একটি কমিটি তৈরী করেন এবং সেই কমিটি গভর্নমেন্টের কাছে কতকগুলি রেকমেনডেশন দেন। সেই রেকমেনডেশনের ভিত্তিতে, ভারতবর্ষের অন্যান্য রাজ্যের ফিসারি বিল এনে সেগুলি ভাল করে দেখে আমরা একটি বিল তৈরী করি এবং সেই বিলটিই আজকে হাউসে পেশ করা হয়েছে। বিরোধী পক্ষের সদস্য কাশীনাথ মিশ্র কতকগুলি সংশোধনী প্রস্তাব দিয়েছেন। আমাদের দীর্ঘদিনের অভিজ্ঞতায় আমরা দেখেছি পশ্চিমবাংলায় সবচেয়ে বেশী জলা জায়গা থাকলেও এই জলা জায়গাগুলিকে মাছ চাষের কাজে লাগাতে পারা যায় নি। কিন্তু এই জলাগুলি যে সম্পদ সেই কথা সরকার পক্ষের সদস্য দীনেশ ডাকুয়া মহাশয় বলেছেন। কাজেই এই সম্পদ নষ্ট করা বা তাকে ফেলে রেখে দেওয়ার অধিকার আমাদের কারো নেই। পশ্চিমবাংলায় ১১ লক্ষ হেক্টর এই রকম জলাজমি আছে, যেখানে কোনরকম চাষাবাদ হয় না। সেগুলি সব মজে আছে। সরকারের ভূমি সংস্কার আইন পাশ হবার ফলে কয়েকটি পুকুর, বিরাট বিরাট জলাশয়ের ৯৯ ভাগ খাস হয়েছে, ১ ভাগ মালিকানাধীনে আছে। এই জলাশয়গুলিতে মাছ চাষ হয় না। বহু মালিকানাধীন থাকায় এইগুলিতে মাছ চাষ হয় না। সেই সমস্ত জমিগুলিকে মাছ চাষের অনুপোযোগী করে ফেলে রাখা হয়েছে। সেই জন্য আমরা প্রভিসন রেখেছি সেই জমিগুলির ফিসারি রাইট নিয়ে নেব।

সেটা নিয়ে যাঁরা মাছ চাষ করবেন তাঁদের দেওয়া হবে, কোথাও বা পঞ্চায়েতকে দেওয়া হবে। এমনভাবে সেগুলি বিতরণ করা হবে যাতে মাছের উৎপাদন বাড়ে। এতে যা হবে তা হচ্ছে আমাদের অব্যবহার্য সম্পদ কাজে লাগবে, মাছের উৎপাদন বাড়বে এবং গ্রামাঞ্চলে যে বিশাল বেকারবাহিনী আছে তারা সেখানে কাজ পাবে। এইসব কারণে এই বিলে এইসব প্রভিসন রেখেছি। তারপর বহু জায়গা থেকে আমরা এ অভিযোগ পাই যে, যে-সমস্ত চারা মাছ পুকুরে ছাড়া হয় সেগুলি বড় হতে দেওয়া হয় না। এক্ষেত্রে আমার বক্তব্য হল, আমাদের হাতে এমন কোন আইন নেই যাতে আমরা এব্যাপারে বাধ্যতামূলক করে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারি। যে-সমস্ত মাছ থেকে ডিম পোনা ফোটানো হবে তার সাইজ কি হবে সেটা দেখা দরকার। তা ছাড়া উন্নত জাতের মাছ থেকে যদি ডিম পোনা ফোটানো না যায় তাহলে সে মাছ কখনও বড় হতে পারে না। আমরা যে আইন করেছি তাতে এই ধারা আছে যে, কি সাইজের মাছ থেকে ডিম পোনা ফোটানো হবে সেটা আমরা ঠিক করে দেব। তা ছাড়া আপনারা জানেন যে, অধিকাংশ নদীতে মাছ চাষ বন্ধ হয়ে

গিয়েছে। এর দুটি কারণ—একটি হচ্ছে, বড় বড় নদীর ধারে কলকারখানা গ ওঠার ফলে তার দূষিত পদার্থ নদীগুলিতে পড়ে এবং তার ফলে সেখানে মাছে উৎপাদন বন্ধ হয়ে যায়। আমরা এই আইনের মধ্যে এমন ধারা রেখেছি যাতে বলা হয়েছে নদীতে দূষিত পদার্থ ফেলা যাবে না। এটা এনভায়রনমেন্টের ক্ষেত্রে অত্যন্ত উপযোগী। যদি কেউ ফেলে তাহলে সে ক্ষেত্রে জেল এবং জরিমানার ব্যবস্থা রাখা হয়েছে। এ ক্ষেত্রে বলা হয়েছে, এই সমস্ত পদার্থ ফেলতে গেলে আগে ট্রিটমেন্ট করতে হবে এবং তারপর ফেলতে পারবে। তারপর দু' নম্বর হচ্ছে, আমরা যে-সমস্ত পরিকল্পনা করি সেগুলি আমরা একপেশে পরিকল্পনা করি। যেমন ধরুন কোন নদীতে যখন বাঁধ দিই তখন সেখানে সেই জলটা কি করে ধরে রাখতে পারবো সেটাই দেখি। বাঁধ দেবার সময় এটা চিন্তা করি না যে, যদি নদীর স্রোত বন্ধ হয়ে যায় তাহলে সে নদীতে মাছ থাকতে পারে না। সেইজন্য আমরা এই আইনের মধ্যে এমন ধারা রেখেছি যাতে বলা হয়েছে যে, যদি নদীতে বাঁধ দিতে হয় বা ড্যাম করতে হয় তাহলে এমনভাবে করতে হবে যাতে নদীর ফ্লো-টা বন্ধ না হয় এবং মাছ যাতে অবাধে চলাফেরা করতে পারে। তারপর আর. এস. পি.'র মাননীয় একজন সদস্য বললেন যে, নদীতে যারা মাছ ধরে তারা ডিমপোনাগুলি মেরে দিচ্ছে। তাঁকে জানাচ্ছি, আমরা এই আইনে প্রভিসন রেখেছি যে, মাছের ডিমপোনা এইভাবে নষ্ট করা যাবে না, মেরে ফেলা যাবে না। এইভাবে সমস্ত দিক সম্বন্ধে বিবেচনা করে আমরা এই কমপ্রিহেনসিভ ফিসারি বিল এনেছি। মাননীয় সদস্য কাশীবাবু বলেছেন যে, এই বিলে কিছু কিছু অসুবিধা হবে। তিনি বলেছেন, যাঁদের পুকুর নেবেন তাঁরা যেন আপিল করতে পারেন। আমি তাঁকে অনুরোধ করছি, ক্লজ ১৮ টা দেখুন। যে-সমস্ত পুকুর টেক ওভার করা হবে তাতে যদি কেউ আপত্তি করেন তাহলে ক্লজ ১৮(১)(২)-তে প্রভিসন আছে তাঁরা আপিল করতে পারবেন। একজন ডেপুটি ডিরেকটার অব ফিসারি তাঁর কাছে তিনি হিয়ারিং নেবেন। সেটা নেবার পর তারপর ব্যবস্থা হবে। কাজেই সেখানে আমরা আপিল করার ব্যবস্থা রেখেছি। মাননীয় সদস্যদের আমি বলতে চাই যে, আমরা যদি এইসব ব্যবস্থা না নিই তাহলে আমাদের এই রাজ্যে মাছের উৎপাদন বাড়বে না এবং আমাদের সম্পদগুলিও আমরা কাজে লাগাতে পারবো না। তারপর এটা বলা হয়েছে যে, এই বিলটা সম্বন্ধে বহুল পরিমাণে প্রচারের প্রয়োজন ছিল। এটা যদি করা না হয় তাহলে জনসাধারণ জানতে পারবে না যে, সরকার কি করতে চাইছেন। মাননীয় সদস্যরা জানেন যে, কয়েক মাস ধরেই এই বিল সম্বন্ধে বিভিন্ন পত্রপত্রিকাতে আলোচনা করা হয়েছে। আমি মনে করি এতেই জনমত গঠন করা হয়েছে।

সংবাদপত্রগুলি এই বিলের ভালো এবং খারাপ দিক সম্বন্ধে বিস্তারিত আলোচনা করার পর আজকে এই বিল আনা হয়েছে, কাজেই প্রচার যথেষ্টই করা হয়েছে। কাজেই এই অবস্থায় আর দেরি না করে এই বিল আমরা পাশ করতে চাই। মৎস্য বাজেটের সময় আমি বলেছিলাম যে এই সেসানেই এইরকম একটা বিল আনবো, যার মধ্যে দিয়ে আমরা এই সমস্ত অসুবিধাগুলি দূর করতে চাই, আজকে সেই বিল আনা হয়েছে। তারপর আপনারা জানেন, যে পশ্চিমবঙ্গ যাঁরা মাছের ব্যবসা করেন তাঁদের উপর সরকারের কোন কনট্রোল নেই। এই সমস্ত ফিস মার্কেট সম্বন্ধে কোনরকম আইন নেই যাতে আমরা ব্যবস্থা নিতে পারি। এই আইনের মাধ্যমে সেখানে রেগুলেটিং মার্কেটের ব্যবস্থা রেখেছি। হাওড়াতে যে হোলসেল মার্কেট আছে মাছের সেটা তো একটা নরককুণ্ড। এমনভাবে মাছ রাখা হয় যে সেখানে মানুষজন ঢুকতে পর্যন্ত পারেন না, অথচ সেখান থেকেই কলকাতা শহরের বাজারে মাছ আসছে। যেখানে যেখানে মাছের বাজার গড়ে উঠেছে সেখানেই আমরা দেখেছি তাঁরা কেবল পয়সা নেবার কথাটাই চিন্তা করেছেন, অথচ সায়েনটিফিক ভাবে বাজারগুলি চালাতে গেলে যা করা দরকার সেটা তাঁরা করেন নি। যেখান থেকে মাছ বিভিন্ন বাজারে যাচ্ছে সেখানে যদি সেই বাজারগুলি সায়েনটিফিকভাবে এবং হাইজিনিকভাবে মেনটেন করা না হয় তাহলে মানুষের অসুখ-বিসুখ পর্যন্ত হতে পারে। সেই জন্য এই সমস্ত বাজারে আমাদের কনট্রোল যাতে থাকে সে ব্যবস্থা আইনে রেখেছি। তারপর আপনারা জানেন, কলকাতার আশেপাশে বহু স্যুয়ারেজ ফিড ফিসারিজ আছে, কলকাতার ময়লা জলে এই সমস্ত ফিসারিজ গড়ে উঠেছে। এই ময়লা জল কোন কোন ফিসারিজ কিভাবে পাবে সে সম্বন্ধে আমাদের হাতে কোন ব্যবস্থা ছিল না। আমরা দেখেছি, বড় বড় ভেড়ির মালিকরা তাঁদের নিজেদের ইচ্ছামত যে যার ফিসারিতে জল ঢুকিয়ে নিতেন, ফলে ছোট ছোট ভেড়ির মালিকরা জল পেতেন না। এবং তার ফলে তাঁদের মাছ চাষ বন্ধ হয়ে যেত। আমরা এই আইনে প্রভিসন রেখেছি যে, স্যুয়ারেজ ফিড ফিসারিজ যে-সমস্ত আছে তাতে কতটা জল কোন্‌টাতে যাবে সেটা আমাদের দপ্তরের অফিসার এবং সরকার বসে ঠিক করে দেবেন।

[6.00—6.13 P. M.]

আমরা আইনে প্রভিসন রেখেছি যে, কোন ফিসারিতে কতটা যাবে। আমাদের দপ্তরের অফিসাররা বসে এটা ঠিক করে দেবেন এবং তার উপরে

আমাদের কন্ট্রোল রেখেছি। অর্থাৎ পশ্চিমবাংলায় মৎস্য ব্যবসা বলুন, মৎস্য উৎপাদন বলুন, যখন কোন কিছুতেই সরকারের কন্ট্রোল ছিল না, এই আইনের সাহায্যে তার উপরে কিছুটা কনট্রোল আরোপিত করতে চেষ্টা করেছি। মাননীয় সদস্যদের একটি কথা বলতে চাই, আইন পাশ করলেই সব কাজ হয়ে যায়, একথা আমি মনে করি না। আইনটা যদি গণমুখী করতে না পারি এবং আইনটা যদি কার্যক্ষেত্রে বাস্তবে রূপায়িত করতে না পারি তাহলে সেই আইন কাগজে-কলমে থেকে যাবে। কাজেই আইনকে বাস্তবে রূপায়িত করতে গেলে কেবলমাত্র আমাদের অথবা কিছু অফিসারদের সাহায্যে হয় না। সেই আইনকে বাস্তবে রূপ দিতে গেলে যাঁরা জনপ্রতিনিধি আছেন, তাঁদেরও একটা বিরাট দায়িত্ব থেকে যাচ্ছে। এক্ষেত্রে বিধানসভার সদস্য, কি পঞ্চায়েতের সদস্য, সকলের দায়িত্ব থেকে যাচ্ছে। মাননীয় কাশীনাথ মিশ্র একটা পরামর্শ দিয়েছেন যে, পঞ্চায়েতকে যদি আমরা এর সঙ্গে যুক্ত করতে পারতাম। আমরা এটা মনে করছি যে, আইনগত-ভাবে কিছুটা অসুবিধা আছে। যখন রুলস ফ্রেম করবো তখন পঞ্চায়েত সম্পর্কে পরামর্শ সেখানে রাখার চেষ্টা করবো। যে-সমস্ত জলাগুলি আমরা নেব, অথবা যে-সমস্ত জলাগুলি নেওয়া হবে সেগুলি কাদের কাদের দেওয়া হবে সেই ব্যবস্থাও রাখা হয়েছে। আজকে যে-সমস্ত বেকার যুবকেরা আছেন, তাঁদের এই জলাগুলি দিলে তাঁরা চাষ করতে পারেন। আমরা ঠিক করেছি যে, কাদের আমরা দেব এবং ফিস প্রোডাকশান রুলসে সেই প্রভিসন রাখা হয়েছে। যেখানে যেখানে বেকার ছেলেরা আছে সেখানে পঞ্চায়েতের সাহায্যে তাদের নিয়ে ফিস প্রোডাকশান গ্রুপ তৈরী করা হচ্ছে এবং তাদের আমরা ট্রেনিং দিয়ে দিচ্ছি, যাতে তারা ঐ সমস্ত জলাগুলিতে মাছ চাষ করতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যদের আমি অনুরোধ করবো, তাঁরা যাতে এই বিলকে সমর্থন করেন। কারণ এই বিলটি আইনে পর্যবসিত হওয়া প্রয়োজন। এটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান হয়েছিল। এই বিলের কতকগুলি ধারা আছে, সেগুলির জন্য বিধানসভায় বিলটি আনার পূর্বে কেন্দ্রীয় সরকারের মতামত নেওয়া প্রয়োজন ছিল। কেন্দ্রীয় সরকার কিছু কিছু সংশোধনী বিষয়ে মতামত দিয়েছেন। আমরা একটা কমপ্রিহেনসিভ ফিসারি বিল আনতে চেয়েছিলাম, কেন্দ্রীয় সরকার আপনা-আপনি দিয়েছেন। আমরা পরবর্তীকালে নদী এবং সমুদ্রে যারা মাছ ধরেন তাঁদের জন্য একটা আলাদা বিল আনবো। আজকে এই ওয়েষ্ট বেঙ্গল ইনল্যাণ্ড ফিসারিজ বিল, ১৯৮৪ আনা হয়েছে, আমি আশা করবো যে, বিরোধী পক্ষের সদস্যরা এই বিলকে সমর্থন করবেন।

The motion that the Bill be circulated for the purpose of ϵ . ɔn thereon was then put and lost.

The motion of Shri Kiranmoy Nanda that the West Bengal Inland Fisheries Bill, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Kashinath Misra : Sir, I beg to move that in clause 2(ii) in line 2, after the word "authority", the words "not below the rank of Sub-divisional Fisheries Officer" be inserted.

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in clause 2, in sub-clause (xi), after the words and brackets (by whatever name called), the words "fish production group, Gram Panchayet, Panchayet Samity, Zilla Parishad", be inserted.

Shri Kiranmoy Nanda : I do not accept the amendment of Shri Kashinath Misra. I accept the amendment of Shri Sumanta Kumar Hira.

The motion of Shri Kashinath Misra that in clause 2(ii) in line 2, after the word "authority", the words "not below the rank of Sub-divisional Fisheries Officer" be inserted, was then put and lost.

The motion of Shri Sumanta Kumar Hira that in clause 2, in sub-clause (xi), after the words and brackets "(by whatever name called)", the words "fish production group, Gram Panchayet, Panchayet Samity, Zilla Parishad", be inserted, was then put and agreed to.

The question that Clause 2, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in clause 2, in sub-clause (xi) after the words and brackets "(by whatever name called)", the words

"fish production group, **Gram Panchayet, Panchayet Samity, Zilla Parishad**", be inserted.

Shri Kiranmoy Nanda : I accept it.

The motion of Shri Sumanta Kumar Hira that in clause 2, in sub-clause (xi), after the words and brackets "(by whatever name called)", the words "fish production group, **Gram Panchayet, Panchayet Samity, Zilla Parisad**" be inserted was then put and agreed to.

The question that clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 3—7

The question that clauses 3—7 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 8

Shri Kashinath Misra : Sir, I beg to move that in clause 8(1), line 2, for the words "information or on his own motion or otherwise" the words "application in writing from at least fifty per cent of co-sharers or co-owners" be substituted.

I also beg to move that in clause 8(1) in line 2 after the words "or otherwise" the words "after given an opportunity to the co-sharers or the co-owners of a tank of being heard" be inserted.

I also beg to move that in clause 8(2) in line 2 after the words "any person" the words "preferably from amongst the unemployed youths of the locality" be inserted.

I also beg to move that in clause 8(5), line 4, for the words "notice to such person", the words "an opportunity of being heard issue a notice to such person and resume" be substituted.

Shri Kiranmoy Nanda : I do not accept the amendments.

The motions of Shri Kashinath Misra (amendments no. 4—7) were then put and lost.

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in clause 8, in

sub-clause (4), for the words and figures "not exceeding 15 years" the words and figures "not exceeding 25 years" be substituted.

Shri Kiranmoy Nanda : I accept it.

The motion of Shri Sumanta Kumar Hira that in clause 8, in sub-clause (4), for words and figures "not exceeding 15 years", the words and figures "not exceeding 25 years", be substituted, was then put and agreed to.

The question that clause 8, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 9

The question that clause 9 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 10

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that to clause 10 the following proviso added : "Provided that no person who is a member of any fishermen's co-operative society, registered or deemed to be registered under the West Bengal Co-operative Societies Act, 1973, shall be a member of a fish production group".

Clause 10

Shri Kiranmoy Nanda : I accept it.

The motion of Shri Sumanta Kumar Hira that to Clause 10, the following provison be added : "Provided that no person who is a member of any fishermen's co-operative society, registered or deemed to be registered under the West Bengal Co-operative Societies Act, 1973, shall be a member of a fish production grous", was put and agreed to.

The question that Clause 10, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Shri Kiranmoy Nanda : Sir, I beg to move that the West Bengal Inland Fisheries Bill, 1984, as settled in the Assembly, be passed.

শ্রী সেখ্ ইমাজুদ্দিন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্যমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিলের উদ্দেশ্যটা ভাল ছিল এবং এই বিলে আমাদের সমর্থনও

ছিল। কিন্তু এই বিলটি এত তাড়াহুড়ো করে নিয়ে এলেন কেন? এই বিলটিরে সিলেক্ট কমিটিতে পাঠানোর জন্য আমাদের পক্ষ থেকে প্রস্তাব দেওয়া হয়েছিল, কিন্তু সেই প্রস্তাব মানলেন না। এই বিলে অনেক ভুল আছে। তার প্রমাণ হিসাবে বলতে পারি সরকার পক্ষ থেকে এ্যামেণ্ডমেন্ট দেওয়া হয়েছে। সুতরাং আমি বলতে পারি পরবর্তী সেসানে আবার এই বিলটিকে নিয়ে আসতে হবে।

The motion of Shri Kiranmoy Nanda that the West Bengal Inland Fisheries Bill, 1984, as settled in the Assembly, be passed, was put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6.13 p.m. till 1 p.m. the 25th April, 1984, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 25th April, 1984 at 1.00 p.m.

Present

Mr. Speaker (**Shri Hashim Abdul Halim**) in the Chair, 16 Ministers, 16 Ministers of State and 213 Members.

[1.00—1.10 P.M.]

Obituary

Mr. Deputy Speaker : Before I take up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Nawab K. G. M. Farooqui, former Minister of undivided Bengal who breathed his last on the 24th April, 1984 at the age of 84. Shri Farooqui come of the famous Nawab family of Ratanpur, Comilla now in Bangladesh. He was elected to the undivided Bengal Legislative Council in 1926 from Tippera North (Mohammadan) Constituency. He was a Minister of Undivided Bengal from 1927 to 1937. He was the Sheriff of Calcutta in 1969.

We have lost one of the seniormost politician at the death of Shri Farooqui.

Now, I would request the Honourable Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage the Members stood in silence for two minutes)

(**Pause**)

Thank you, ladies and gentlemen, Secretary will send the message of condolence to the family members of the deceased.

Heldover Starred Questions
(to which oral answers were given)

Mr. Deputy Speaker : Now questions. H. O. *217

শ্রীসুব্রত মুখার্জী : মিঃ ডেপুটি স্পীকার স্যার, কোন শোক প্রস্তাবের ব্যাপারে সারা বিশ্বে যেখানে পার্লামেন্টারী ডেমোক্রেসী আছে এবং এই হাউসেও দেখেছি, যেদিন শোক প্রস্তাব নেওয়া হয় সেদিন শোক প্রস্তাব নেওয়ার পর ছুটি হয়ে যায়।

মিঃ ডেপুটি স্পীকার : এখন question hour চলছে। Now H. O. *217

সিনেমা হল

*২১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬১)। **শ্রীঅনিল মুখার্জী :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭৭ সাল পর্যন্ত নির্মিত প্রেক্ষাগৃহের সংখ্যা কত এবং তন্মধ্যে কয়টি লাইসেন্সপ্রাপ্ত ছিল ;

(খ) ১৯৭৮ সাল হতে ১৯৮৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে নির্মিত ও লাইসেন্সপ্রাপ্ত সিনেমা হলের সংখ্যা কত ;

(গ) রাজ্য সরকার নূতন ও পুরানো সিনেমা হল মালিকদের কোন ভরতুকি দিয়েছেন কিনা ; এবং

(ঘ) দিয়ে থাকলে, তার পরিমাণ কত ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার : (ক) স্থায়ী ৪০৩টি, অস্থায়ী ৩৭৬টি ; (খ) স্থায়ী ৫০টি, অস্থায়ী ২৪৯টি ; (গ) না ; (ঘ) প্রশ্ন ওঠে না।

শ্রীকাশীনাথ মিশ্র : আপনি যে তথ্য দিলেন সেই তথ্য অনুযায়ী জানাবেন কি, এখন পর্যন্ত যে-সমস্ত প্রেক্ষালয়গুলি বন্ধ আছে বা লাইসেন্স নেবার জন্য আপনার কাছে দরখাস্ত করেছে তার সংখ্যা কত ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার : আমি ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত তথ্য দিয়েছি। লাইসেন্সের আবেদন করেছে কত লোক সেই সংখ্যা জানাতে হলে জেলা থেকে সেই তথ্য আনতে হবে।

শ্রীসুব্রত মুখার্জী : মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন বর্তমানে লাইসেন্স দেবার মূল ক্ষমতা পুলিশের। এটা কলকাতার ক্ষেত্রে ক্যালকাটা পুলিশের এবং কলকাতার বাইরের ক্ষেত্রে বেঙ্গল পুলিশের। এর আগে সরকারের অর্থাৎ ডিপার্টমেন্টের সুপারিশ ছিল এটা আপনার দপ্তরের আওতায় আসবে। এটা আপনার দপ্তরের আওতায় এসেছে কি ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার : লাইসেন্স দেবার দায়িত্ব আমার বিভাগেই আছে।

আমরা এটা জেলা পর্যায়ে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে এবং শহরে পুলিশ কমিশনারকে দিয়েছি।

Starred questions

(to which oral answers were given)

Sinking of Ranigungc town due to mining operations

*668. (Admitted question No. *726.) **Dr. Sukumar Roy:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has received any report indicating that Ranigunge town is sinking due to large-scale coal mining operations; and

(b) if so,—

(i) what is the position in the matter, and

(ii) the steps taken and/or is proposed to be taken in the matter ?

Shri Nirmal Kumar Bose: (i) The stability of atleast 1/5th of the total area of Ranigunj Municipality is either dangerous or is considered doubtful. There is also similar dangerous area adjacent to Municipal lands.

(ii) For controlling the surface construction and ensuring safety, the Govt. of West Bengal enacted in 1979 a Legislation named "The West Bengal Restriction on Construction in Unsafe Areas Act". The State Govt. is also in constant touch with the Govt. of India, Director General of Mines Safety, Dhanbad and the Eastern Coalfields Ltd. for stabilising the workings by sealing etc. The question of shifting of township had also been considered. It is virtually impossible to shift the inhabitants from the affected areas as there is no provision for compensation or for providing alternative land. Finally, a pilot scheme has been approved by the Central Govt. for stabilisation of the surface. Land for the scheme is being acquired by the Collector. It has been planned that if the Pilot Project be successful, the same technique would be adopted to protect Ranigunj town and the rest of coalfield area from subsidence.

[1.10—1.20 P. M.]

ডাঃ সুকুমার রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় যে উত্তর এখানে দিয়েছেন তার থেকে জানতে পারলাম—যদিও ওয়ান ফিফ্থ এরিয়া ডেঞ্জারাস অবস্থায় আছে—

কোন কার্যকরী ব্যবস্থা নেওয়া হচ্ছে না। শুধু সেনট্রাল গভর্নমেণ্টের সাথে লেখা-লেখি করা ছাড়া ভারচুয়্যালি তার জন্য কিছু করা হয় নি। তার মানে আপনার উত্তরে যেটা বললেন যে শুধু লেখালিখি হয়েছে, লেজিসলেশান কিছু হয় নি। তাহলে মানুষের জীবন যে অবস্থায় আছে তার থেকে বাঁচাবার জন্য অন্য কোন পন্থা করেছেন কি? কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

শ্রীনির্মল কুমার বোস: মাননীয় সদস্য জানেন যে এই সমস্যা নূতন নয়। রানীগঞ্জের এই কয়লা খনি অঞ্চল ২০০ বছরের পুরানো। ইতিপূর্বে এলোমেলো ভাবে এবং বেআইনী ভাবে এখানে কয়লা উত্তোলনের ফলে এই অবস্থার উদ্ভব হয়েছে। এখানে অন্য জায়গা থেকে বালি এনে কি ভাবে রক্ষা করা যায় তার চেষ্টা করা হচ্ছে। পরিকল্পনা কমিশন এবং কেন্দ্রীয় সরকার এবং খনি বিভাগের সঙ্গে যোগাযোগ করে এটা রক্ষা করার চেষ্টা করা হচ্ছে। যে পদ্ধতি নেওয়া হচ্ছে সেই পদ্ধতিতে যদি সুফল পাওয়া যায়—শুধু রাণীগঞ্জ নয়, আরো অনেক এলাকা আছে যেখানে এই অবস্থার সৃষ্টি হয়েছে—তাহলে অন্যান্য জায়গাতে এই পদ্ধতি কাজে লাগিয়ে ভালো করা যাবে বলে আশা করা যায়।

ডাঃ সুকুমার রায়: পাইলট প্রোজেক্ট যেটা করার কথা বলেছেন সেটা কতদূর কি হলো জানাবেন কি?

শ্রীনির্মল কুমার বোস: এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

শ্রীবিজয় পাল: মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, আগে যে প্রাইভেট কোল্ড মাইন ছিল সেটা শ্লাংগটারিং মাইন ছিল, তারা স্যাণ্ড ফিল করতো না। আমি বলতে চাইছি যে বর্তমানে সেইগুলি ন্যাশানালাইজড হবার পর সেই কয়লা খনিতে স্যাণ্ড ফিল্ড করা হচ্ছে না কেন? আমি জানতে চাই তার ফলেই কি এই রকম অবস্থার সৃষ্টি হয়েছে?

শ্রীনির্মল কুমার বোস: মাননীয় সদস্য যে কথা বললেন এটা তার অন্যতম কারণ। এই ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টিগোচরে আনা হয়েছে।

শ্রীবিমলানন্দ মুখার্জী: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই রানীগঞ্জ শহরকে রক্ষা করবার জন্য কেন্দ্রীয় সরকার কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা?

শ্রীনির্মল কুমার বোসঃ পাইলট প্রোজেক্ট অনুযায়ী এর ব্যবস্থা করা হচ্ছে।

জলপাইগুড়ি জেলায় প্রেক্ষাগৃহ

*৬৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬২।) **শ্রীমনোহর তিড়কী**ঃ তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে জলপাইগুড়ি জেলায় মোট কতগুলি প্রেক্ষাগৃহ আছে;

(খ) উক্ত প্রেক্ষাগৃহগুলির মধ্যে কতগুলি বর্তমানে বন্ধ আছে; এবং

(গ) নূতন প্রেক্ষাগৃহ নির্মাণের জন্য আর্থিক সহায়তা দানের কোন ব্যবস্থা আছে কি?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকারঃ (ক) ২৯টি।

(খ) ২টি।

(গ) না।

পশ্চিমবঙ্গে চৌকিদার ও দফাদারের সংখ্যা

*৬৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১১।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস**ঃ পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র পশ্চিমবঙ্গে বর্তমানে চৌকিদার ও দফাদারের সংখ্যা যথাক্রমে কত;

(খ) নতুন চৌকিদার ও দফাদার নিয়োগ করার পরিকল্পনা আছে কি; এবং

(গ) কর্তব্যরত অবস্থায় মৃত চৌকিদার-দফাদারদের সন্তান-সন্ততিকে চাকুরিতে অগ্রাধিকার দেওয়ার ব্যবস্থা আছে কি?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরীঃ (ক) সমগ্র পশ্চিমবঙ্গে বর্তমানে চৌকিদার ও দফাদারের সংখ্যা যথাক্রমে ১৯৮৮৮ ও ৩১৪৪।

(খ) না।

(গ) আছে—তবে ঐ মৃত্যুজনিত চৌকিদার/দফাদার পদে নয়; শিক্ষাগত যোগ্যতা থাকলে গ্রাম পঞ্চায়েতের সচিব পদে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে নূতন চৌকিদার ও দফাদার নেওয়ার কোন পরিকল্পনা নেই। আপনি জানেন কি যে, বহু গ্রাম পঞ্চায়েতে চৌকিদার এবং দফাদারের সংখ্যা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : একটা কথা হচ্ছে দীর্ঘদিন ধরে এই চৌকিদার এব দফাদারদের একটা দাবি ছিল। সেটা হলো যাতে তাদের ফ্যামিলি এ্যাবজরব কর যায় সেই ব্যাপারে। সেই জন্য সেখানে পে-কমিশন হয়েছিল এবং তাতে বলা হ যে, পঞ্চায়েত দপ্তর এবং হোম ডিপার্টমেন্ট উভয়ে আলোচনা করে ঠিক করুন। এই পঞ্চায়েতে এ্যাবজরব করা যায় এজ এ পিয়ন এবং হোম ডিপার্টমেন্টে এ্যাবজরব কর যায় এজ এ ভিলেজ পুলিশ। প্রশ্নের উত্তরে বলা আছে যে, চৌকিদার এবং দফা- দারের সংখ্যা হলো যথাক্রমে ১৯৮৮ এবং ৩১৪৪ জন। আবার বলা হয়েছে যে, নূতন কোন চৌকিদার এবং দফাদার নেওয়া হচ্ছে না। কিন্তু কর্তব্যরত অবস্থায় যারা মারা যাচ্ছে তাদের সন্তান-সন্ততিরে এ্যাবজরব করার ব্যবস্থা আছে। সেই জন্য পরের প্রশ্নের উত্তরে বলা আছে যে, যদি কেউ মারা যায় কর্তব্যরত অবস্থায় তাহলে তার ছেলে বা কেউ থাকলে তাকে চৌকিদার বা দফাদার হিসাবে নেওয়া হবে না, তাদের অন্য ভাবে নেওয়ার কথা ভাবা হচ্ছে।

সেইজন্য ঐ পোষ্টে যদি সেই কর্মরত কর্মীর ছেলের কোয়ালিফিকেশন থাকে, তাহলে পরে তাকে পঞ্চায়েতের সচিব পদে নিয়োগ করা হবে বা এ্যাবজরব করা হবে। এই ভাবে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহোদয় তাঁর উত্তরে জানালেন যে, কর্মরত অবস্থায় কেউ মারা গেলে তার পরিবারের কাউকে কোয়ালিফিকেশনের ভিত্তিতে চাকুরি দেওয়া হবে। মাননীয় মন্ত্রী মহোদয় গ্রাম বাংলার মানুষ এবং একজন অভিজ্ঞ মানুষ। আপনি নিশ্চয়ই জানেন, চৌকিদার ও দফাদার পদে যাঁরা কাজ করেন, তাঁরা সমাজের নিচু শ্রেণী—ডোম, বাগ্দী থেকে আসেন। তাঁদের ঘরে ঐ রকম কোয়ালিফিকেশন সম্পন্ন—স্কুল ফাইন্যাল ইত্যাদি পাশ করা ছেলে পাওয়া যায় না। এই অবস্থায় কর্মরত থাকাকালীন কেউ মারা গেলে আপনি কি করে মনে করছেন তাদের সচিব পদে নিয়োগ করা যাবে?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : না, যোগ্যতা না থাকলে কাউকে ঐ পদে এ্যাবজরব করা যাবে না। সাধারণতঃ সমাজের নিচু ঘর থেকে ঐ পদে কাজের জন্য আসেন। তবে ঐ সমস্ত মানুষের মধ্যে কোয়ালিফিকেশন সম্পন্ন কিছু কিছু ছেলের সন্ধান পাওয়া যেতে পারে। সেই ক্ষেত্রে তাদের ঐ পদে এ্যাবজরব করা হবে। আপনি নিশ্চয়ই জানেন, চৌকিদার ও দফাদাররা এনিয়ে আন্দোলন করছেন। তাঁদের প্রশ্ন হচ্ছে ফাইন্যালি এ্যাবজরব করতে হবে।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত আমার কাছে যে রেকর্ড াছে সেই ভিত্তিতে—যে-সমস্ত চৌকিদার ও দফাদার রিটায়ার করেছেন, ই জায়গায় কতজন নিয়োগ করেছেন ; সেই সমস্ত পদে আজ পর্যন্ত কেন নিয়োগ া নি জানাবেন কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : আগেই বলেছি—দুটি জিনিস আমাদের এই ক্ষেত্রে চার করতে হবে। সেটা হচ্ছে ১৯৭৭ সাল থেকে কতজন নিয়োগ হয়েছেন বলতে পারব না। তবে ১৯৭৮ সাল থেকে আমরা ডাইয়িং ক্যাডার হিসাবে নককেই চাকুরি দিয়েছি। এবারে পে-কমিশনের রেকমেণ্ডেশানে যা বলা হয়েছে হচ্ছে হোম ডিপার্টমেন্ট এবং পঞ্চায়েত দপ্তর একসঙ্গে বসে অফিসিয়ালি ঠিক বেন এখন থেকে চৌকিদার ও দফাদার পদে কিভাবে নিয়োগ করা হবে।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : আমার প্রশ্ন হচ্ছে এতদিন কেন হল না ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : ভাল হোক আর মন্দই হোক, এটা হচ্ছে একটা ন্ত। এদের চিরস্থায়ী ভাবে কিছু করা দরকার, আমরা সেইভাবেই অগ্রসর চাই। যেমন দেখুন, তহসিলদারদের বর্তমান অবস্থা। গত ৩০ বছর ধরে পনারা তাদের কি মাইনে দিয়ে এসেছেন, সে সম্বন্ধে একবারও দেখেছেন ? পনারা কিছুই করতে পারেন নি, আমরাই তাদের জন্য কিছু করতে পেরেছি।

*671. Held over.

সুন্দরবন এলাকায় আই. এফ. এ. ডি-র টাকা নিয়মবহির্ভূতভাবে খরচ

*৬৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৯১।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী :** উন্নয়ন রিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন —

(ক) ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ (ফেব্রুয়ারি মাস পর্যন্ত) সময়ে নন-আই. এফ. এ. ডি. স্কীম-এর জন্য আই. এফ. এ. ডি. থেকে মোট কত টাকা খরচ করা হয়েছে ; এবং

(খ) উক্ত সময়ে আই. এফ. এ. ডি.-র টাকা নিয়মবহির্ভূত ভাবে খরচ করা হয়েছে কিনা ?

শ্রীপ্রভাস চন্দ্র রায়: (ক) কোন খরচ হয় নাই।
(খ) না।

[1.20—1.30 P.M.]

শ্রীসত্যরঞ্জন বাপুলী: আপনি কি দেখেছেন সুন্দরবন ডেভেলপমেন্টের জন্য যে আই. এফ. ডি. ছিল সেগুলিকে নন-আই. এফ. এ. ডি. করা হবে বলে কোন সার্কুলার দিয়েছেন কি ?

শ্রীপ্রভাস চন্দ্র রায়: কতকগুলি জেটি করার পরিকল্পনা করা হয়েছে—যেগুলি করা হয় নি, কিন্তু এখন করা হবে।

শ্রীসত্যরঞ্জন বাপুলি: আই. এফ. এ. ডি.-র যে প্রজেক্ট রিপোর্ট রয়েছে তাতে নন-আই. এফ. এ. ডি. স্কীমগুলির নেবার ক্ষমতা কি ভাবে আছে ?

শ্রীপ্রভাস চন্দ্র রায়: সেগুলি করার ক্ষমতা নেই, কিন্তু করা হবে।

শ্রীসত্যরঞ্জন বাপুলি: বে-আইনী ভাবে যদি করেন তাহলে অডিট তো ধরতে পারে এটা জানেন কি ?

শ্রীপ্রভাস চন্দ্র রায়: স্পেশাল পারমিশন নিয়ে করা যায় এবং সেই ভাবেই করা হচ্ছে।

৬৭৩। স্থগিত।

Corruption by Panchayats functionaries in Midnapore

***674.** (Admitted question No. 1552.) **Shri Fazle Azim Molla :** Will the Minister-in-charge of the Panchayats and Community Development Department be pleased to state—

(a) whether the State Government has received reports of corruption or misappropriation of funds or other irregularities by some Panchayat functionaries in Midnapore district during 1982-83 and 1983-84 (up to February, 1984); and

(b) if so,—

(i) the number of such cases and the number of Panchayat functionaries involved in such cases of corruption, misappropriation of funds and other irregularities which have come to the notice of the State Government during the period mentioned above,

(ii) the political affiliations of the each Panchayat functionaries alleged to be involved in such cases, and

(iii) the steps taken in the matter by the State Government ?

Shri Benoy Krishna Chowdhury : (a) Yes.

i) 13 cases against 13 Pradhans.
1982-83......13
1983-84......Nil

ii)

CPI (M)	—	6
Independent	—	3
Jharkhand	—	1
CPI	—	1
		13

iii) 8 cases are subjudice and FIR has been lodged in 5 cases.

শ্রীফজলে আজিম মোল্লা : এই সমস্ত উপ-প্রধানরা আপনাদের দলীয় বলে তাদের বিরুদ্ধে অভিযোগগুলি কি লিপিবদ্ধ করছেন না ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : যাদের বিরুদ্ধে কেস করা হয়েছে তার ভেতরে ৮ জন সি. পি. এম.-র। আপনার প্রশ্নের জন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি, কারণ এ দ্বারাই প্রমাণিত হল আমি আমার দলের লোক হলেও স্পেয়ার করি না—সমহারে সাজা দিচ্ছি।

ইলেকট্রো-মেডিকেল অ্যাণ্ড অ্যালায়েড ইণ্ডাষ্ট্রীজ লিমিটেড

*৬৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০৬।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে ইলেকট্রো-মেডিকেল এণ্ড এলাইড ইণ্ডাষ্ট্রীজ লিমিটেড-এর লোকসান যথাক্রমে কত টাকা হয়েছিল ; এবং

(খ) এই লোকসানের কারণ কি ?

শ্রীনির্মল কুমার বোস : (ক) এই দুই বৎসরের অডিট এখনও সম্পূর্ণ হয় নাই ; সুতরাং লাভ বা লোকসানের পরিমাণ বলা সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীবীরেন সরকার : ২ বছরের অডিট রিপোর্ট এখনও অসম্পূর্ণ রয়েছে কেন জানাবেন কি ?

শ্রীনির্মল কুমার বোস : কিছু অডিট হয়েছে, কিছু বাকি আছে। ১৯৭৮-৭৯ সাল পর্যন্ত অডিট হয়েছে। সুতরাং এখনও পর্যন্ত লাভ লোকসানের হিসাব বলতে পারবো না। বর্তমান সময় পর্যন্ত কাগজপত্র তৈরী হচ্ছে এবং বলা হয়েছে অডিট তাড়াতাড়ি সম্পূর্ণ করতে।

*676. Held over.

জেলা ও মহকুমা অফিসে অচল প্রজেক্টারের সংখ্যা

*৬৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৬৭।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত তথ্য ও সংস্কৃতি বিভাগের জেলা ও মহকুমা অফিসে কতগুলি প্রজেক্টার মেশিন অচল হইয়া আছে ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার : ১৩টি প্রোজেক্টার অচল ছিল।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় : ইতিমধ্যে এগুলি সারাবার জন্য কি ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার : ইতিমধ্যে এগুলি ঠিকমত সারাবার ব্যবস্থা নেওয়া হয়েছে। আমাদের বিভাগে বিভিন্ন পর্যায়ে মেরামতের জন্য যে কারখানা আছে, সেখানে এগুলি সারাবার ব্যবস্থা নেওয়া হয়েছে।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় : যখন ঐ সব প্রোজেক্টারগুলি অচল হয়ে পড়েছে, তখন যে-সমস্ত কর্মী এর সঙ্গে জড়িত ছিল তাদের কি কোন কাজ দেওয়া হয়েছে ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার ঃ যেসব রিজার্ভ ইউনিট আছে, সেখানে তাদের রাখা য়েছে এবং তারা অফিসের কাজের সঙ্গেও সহযোগিতা করে।

*৬৭৮। স্থগিত।

আলিপুরদুয়ার ১নং ব্লকের খাস জমির বণ্টন স্থগিত

*৬৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫০।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহ রায়:** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার ১নং ব্লকে সরকারী াস জমি বণ্টন বর্তমানে বন্ধ রহিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, তাহার কারণ কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

কেন্দ্রীয় সরকার কর্তৃক পশ্চিমবঙ্গের শিল্পে অর্থলগ্নী

*৬৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯৭। **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** শিল্প ও বাণিজ্য বভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ৭ বৎসরে কেন্দ্রীয় সরকার এই রাজ্য কোন্ শিল্পে কত টাকা লগ্নী করেছেন ; এবং

(খ) ভবিষ্যতে কেন্দ্রীয় সরকার এই রাজ্যের কোন্ শিল্পে অর্থ লগ্নীর সুস্পষ্ট প্রতিশ্রুতি দিয়েছেন ?

শ্রীনির্মল কুমার বোসঃ (ক) পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় শিল্পভিত্তিক অর্থলগ্নীর বিবরণ াজ্য সরকারের জানা নাই। তবে বিগত ৭ বৎসরে পশ্চিমবঙ্গে অবস্থিত বিভিন্ন ন্দ্রীয় শিল্প সংস্থায় মোট অর্থলগ্নীর পরিমাণ (পূর্বের লগ্নীকৃত অর্থের পরিমাণসহ) নম্নে প্রদত্ত হইল :—

বছর	মোট লগ্নীকৃত টাকার পরিমাণ
৩১.৩.৭৭	৭৬৮.৩০ কোটি
৩১.৩.৭৮	১০৫৮.৮৩ কোটি
৩১.৩.৭৯	১০৮২.৮৮ কোটি
৩১.৩.৮০	১৫৪০.১৯ কোটি

বছর	মোট লগ্নীকৃত টাকার পরিমাণ
৩১.৩.৮১	১৭৩৬.৪০ কোটি
৩১.৩.৮২	১৯৯৭.৫০ কোটি
৩১.৩.৮৩	২৩৯৪.১৪ কোটি

(খ) সুস্পষ্ট প্রতিশ্রুতির খবর রাজ্য সরকারের জানা নাই।

শ্রীঅমলেন্দ্র রায়: মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—আপনি যেসব জায়গায় কেন্দ্রীয় সরকার অর্থ লগ্নী করেছেন সেটা বললেন। তার মধ্যে বিশেষ বিশেষ কোন্ শিল্পে প্রধানতঃ অর্থ লগ্নী করা হয়েছে ?

শ্রীনির্মল কুমার বোস: এই রকম কোন তথ্য আমার কাছে নাই। এই ব্যাপারে আমরা কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তর থেকে জানতে চেয়েছি। আমরা কি ব্রেক আপ সেটা কমিশনের কাছ থেকে জানতে চেয়েছি। বুরো অব পাবলিক এণ্টারপ্রাইজের কাছেও জানতে চেয়েছি। এগুলি পেলে তবে আমি এখানে সেই তথ্য পেশ করতে পারবো।

শ্রীঅমলেন্দ্র রায়: ভবিষ্যতে কেন্দ্রীয় সরকার কোন শিল্পে অর্থ লগ্নী করবেন—কি করবেন না সে সম্পর্কে আপনি কিছু বলতে পারেন নি। আমি নির্দিষ্টভাবে জানতে চাইছি পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্সে কেন্দ্রীয় সরকার টাকা দেবেন কিনা ? কারণ অনেক উল্টোপাল্টা কথা কেন্দ্রীয় মন্ত্রীর কাছ থেকে শুনতে পাচ্ছি। এ সম্পর্কে আপনার কাছে কি কোন তথ্য আছে ?

[1.30—1.40 P. M.]

শ্রীনির্মল কুমার বোস: মাননীয় সদস্য যা প্রশ্ন করেছেন তার দুটো অংশ আছে। তাঁর প্রশ্নোত্তরে আমি বলেছি যে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনের ক্ষেত্রে কি লগ্নী করবেন, তার কোন স্পষ্ট প্রতিশ্রুতি নেই। আমরা বিভিন্ন সময়ে এখানে বিভিন্ন শিল্পে লগ্নী করবার জন্য কেন্দ্রীয় সরকারকে বলেছি, যেমন পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স, ইলেকট্রনিক্স কারখানা, হলদিয়ায় জাহাজ সারাই কারখানা এবং অন্যান্য কারখানা করার কথা বলেছি বিভিন্ন সময়ে। কিন্তু এই ব্যাপারে এখনও পর্যন্ত কোন সুস্পষ্ট প্রতিশ্রুতি আমরা পাইনি। হলদিয়ার পেট্রো-

কেমিক্যালসের ব্যাপারে নানা রকম উল্টোপাল্টা খবর আমরা পাচ্ছি। গত পরশুদিন দীপকবাবু হাউসে এই ব্যাপারে একটা উল্লেখ করেছিলেন। আমি আপনার কাছ থেকে অনুমতি নিয়ে পরে এখানে একটা লিখিত বিবৃতি দেব, তার থেকেই আপনারা সব জানতে পারবেন।

*৬৮১। স্থগিত।

কলিকাতার আলোছায়া সিনেমা হলের অচলাবস্থা

*৬৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৭২।) **শ্রীনিরঞ্জন মুখার্জী:** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, কলিকাতার আলোছায়া সিনেমা হলটি দীর্ঘদিন যাবৎ বন্ধ আছে;

(খ) সত্য হইলে, উক্ত সিনেমা হলটি খোলার ব্যাপারে সরকার থেকে কোন উদ্যোগ নেওয়া হইয়াছে কি; এবং

(গ) উক্ত সিনেমা হলের কর্মচারীদের হস্তে সিনেমা হলের পরিচালনব্যবস্থা প্রত্যর্পণ করিয়া অচলাবস্থার অবসানের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার: (ক) হ্যাঁ, বন্ধ ছিল। তবে ১৭.৪.৮৪ তারিখ থেকে হল খুলেছে।

(খ) তথ্য ও সংস্কৃতি বিভাগ থেকে উদ্যোগ নেওয়ার প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

শ্রীনিরঞ্জন মুখার্জী: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কলকাতা শহরে এই ভাবে কতগুলো সিনেমা হল এখনও বন্ধ আছে?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার: আমার কাছে এই পর্যন্ত যা তথ্য আছে, কলকাতা শহরে এখন চারটি প্রেক্ষাগৃহ বন্ধ আছে।

শ্রীনিরঞ্জন মুখার্জী ঃ এই যে সিনেমা হলগুলো বন্ধ আছে, পশ্চিমবাংলায় বাংলা সিনেমা প্রদর্শনের জন্য নতুন করে সিনেমা হল তৈরী করা বা গ্রহণ করার জন্য চেষ্টা হচ্ছে বলে শুনেছি। এই বন্ধ হলগুলো নিয়ে ম্যানেজমেণ্ট টেক ওভার করে বাংলা সিনেমা প্রদর্শনের ব্যবস্থা করবেন কি ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার ঃ সিনেমা হলগুলি বন্ধের বিষয়টি যদি শ্রম সম্বন্ধীয় হয়, নিঃসন্দেহে তাহলে মালিক পক্ষ এবং শ্রমিক পক্ষ এবং সংশ্লিষ্ট দপ্তর এটি বিবেচনা করবেন।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, আপনি বললেন যে, চারটি সিনেমা হল বন্ধ হয়ে রয়েছে। এর জন্য সরকারের কত রেভিনিউ লস হচ্ছে এবং ঐ সিনেমা হলগুলি খোলার জন্য কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার ঃ আমি তো আগেই বলেছি, বিষয়টি যদি শ্রমিক-মালিক শ্রমবিরোধ সম্পর্কীয় হয় তাহলে সংশ্লিষ্ট দপ্তর আলোচনা করে কাজ করেন।

শ্রীহৃষীকেশ মাইতি ঃ কাকদ্বীপের অমরদীপ সিনেমা হলটি প্রায় দু'বছর হলো বন্ধ হয়ে আছে, এই সম্বন্ধে আপনার কাছে কোন খবর আছে কি না, যদি থাকে তাহলে তা খোলার জন্য কোন ব্যবস্থা নিচ্ছেন কি না ?

শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার ঃ ২৪ পরগনা জেলাতে তিনটি সিনেমা হল বন্ধ আছে, স্থায়ী হল এবং আগে যা উত্তর দিলাম, এখানেও সেটা প্রযোজ্য। সিনেমা হল খোলার ব্যাপারে সংশ্লিষ্ট দপ্তর আলাপ-আলোচনা, বিচার-বিবেচনা, যা বলুন সব তারাই করেন।

শ্রীদীপক সেনগুপ্ত ঃ এই যে হলগুলো বন্ধ আছে, এর জন্য এনটারটেনমেণ্ট ট্যাক্স বাবদ যে রেভিনিউ-এর ক্ষতি হচ্ছে সরকারের, কিন্তু পাশাপাশি পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় ব্যবসায়িক ভিত্তিতে যে ভি. ডি. ও. সেণ্টারগুলো খোলা হয়েছে, এর ফলে এণ্টারটেনমেণ্ট ট্যাক্স, এ্যামিউজমেণ্ট ট্যাক্স আদায়ের অসুবিধা হচ্ছে কি না এবং এর ফলে রাজ্য সরকারের রেভিনিউ-এর ক্ষতি হচ্ছে কি না ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকারঃ এই সব দেখাশুনা করার জন্য একটা দপ্তর আছে—প্রমোদ কর দপ্তর, বিষয়টি সেই দপ্তরেরই বিবেচনাধীন।

শিল্পোদ্যোগ ও ব্যবসা শিক্ষাদানের জন্য প্রতিষ্ঠান

*৬৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯১।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিল্পোদ্যোগ ও ব্যবসা শিক্ষাদানের জন্য কোনও প্রতিষ্ঠান পশ্চিমবঙ্গে আছে কিনা ;এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হাঁ' হইলে, উত্তরবঙ্গে এইরূপ কোনও প্রতিষ্ঠান স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রীনির্মল কুমার বোস ঃ (ক) বাণিজ্য ও শিল্প বিভাগের অধীনে বৃহৎ ও মাঝারি শিল্পে শিল্পোদ্যোগ ও ব্যবসা শিক্ষাদানের জন্য কোন প্রতিষ্ঠান পশ্চিমবঙ্গে নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ এই এণ্টাপ্রেনিওরশিপ কোর্স শেখার জন্য ইতিপূর্বে ব্যাঙ্কের তরফ থেকে কিছু কিছু জায়গায় ট্রেনিং দেওয়া হয়েছে। এই ট্রেনিং-এর সঙ্গে শিল্প বিভাগের কোন সম্পর্ক আছে কি ?

শ্রীনির্মল কুমার বোস ঃ মাননীয় সদস্যের প্রশ্ন যেভাবে ছিল তার উত্তর এই হবে। কিন্তু নির্দিষ্ট ভাবে বিভাগের অধীন কোন শিক্ষার ব্যাপার নেই। কিন্তু পশ্চিমবঙ্গের নানা জায়গায় শিল্পোদ্যোগের ব্যাপারে শিক্ষা দেবার ব্যবস্থা আছে। যেমন ক্যালকাটা প্রোডাকটিভিটি কাউনসিলে এণ্ট্রাপ্রেনিওরশিপ ট্রেনিং-এর ব্যবস্থা আছে, বিভিন্ন ব্যাঙ্কে ব্যবস্থা আছে। তাছাড়া ঠিক নির্দিষ্ট না হলেও ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট কোর্স-এর মধ্যে এইসবগুলি এসে পড়ে।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ উত্তরবঙ্গে যে-সমস্ত জিনিসপত্র পাওয়া যায় সেই সবের ভিত্তিতে পরিকল্পনা নিয়ে ব্যাঙ্কের সাহায্যে কিংবা অন্য কোন সাহায্যে শিল্পোদ্যোগ করার জন্য চেষ্টা হবে কি ?

শ্রীনির্মল কুমার বোস ঃ বিবেচনা করা হবে।

কোচবিহার জেলায় এন. আর. ই. পি. এবং আর. এল. ই. জি. পি. স্কীমে অর্থ মঞ্জুর

*৬৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২২২।) **শ্রীবিমলকান্তি বসু:** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ (ফেব্রুয়ারি মাস পর্যন্ত) আর্থিক বছরে কোচবিহার জেলার জন্য এন. আর. ই. পি. এবং আর. এল. ই. জি. পি. বাবদ যথাক্রমে কত টাকা মঞ্জুর করা হইয়াছে;

(খ) উক্ত সময়ে উক্ত প্রকল্প দুইটিতে যথাক্রমে কত টাকা ব্যয় হইয়াছে?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: (ক) এন. আর. ই. পি

১৯৮৩-৮৪ সলের ফেব্রুয়ারী পর্যন্ত কোচবিহার জেলার জন্য এন. আর. ই. পি. স্কিম বাবদ ৫০ লক্ষ ৪০ হাজার টাকা এবং ৯০০ মেট্রিক টন গম মঞ্জুর করা হইয়াছে।

আর. এল. ই. জি. পি.

১৯৮৩-৮৪ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কোচবিহার জেলার জন্য ১৭ লক্ষ ২১ হাজার ৭০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(খ) এন. আর. ই. পি. প্রকল্পে কুচবিহার জেলায় ১৯৮৩-৮৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত ৭৬ লক্ষ ৩২ হাজার টাকা এবং ৮১৭ মেট্রিক টন খাদ্যশস্য খরচ হয়েছে।

ভারত সরকার ১৯৮৩-৮৪ আর্থিক বছরের শেষের দিকে আর. এল. ই. জি. পি. প্রকল্পের জন্য টাকা মঞ্জুর করায় এবং সংশ্লিষ্ট প্রকল্পগুলির অনুমোদন দেরিতে পাওয়ায় কোচবিহার জেলা কর্তৃপক্ষকে ১৪ই ফেব্রুয়ারির আগে কোন অর্থ মঞ্জুর করা সম্ভব হয় নাই। সুতরাং ফেব্রুয়ারি মাসের শেষ পর্যন্ত কোন অর্থও ব্যয় করাও সম্ভব হয় নাই।

ডাঃ মানস ভুঁইয়া: আর. এল. ই. জি. পি. স্কীম-এ জেলায় জেলায় যে টাকা বরাদ্দ করা হয় তা প্রতিটি জেলার ব্লকে সমপরিমাণ টাকা বরাদ্দ করা হয় কিনা বা এই ধরনের কোন ফর্মুলা আপনাদের আছে কিনা জানাবেন?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: দুটি জিনিস ভুলে গেলে চলবে না, একটি হচ্ছে এন. আর ই. পি., আর একটি আর. এল. ই. জি. পি. স্কীম। এই আর. এল. ই. জি. পি

ীমের এগেনেষ্টে বলা আছে এমপ্লয়মেন্ট জেনারেশনের জন্য এত টাকা পর্যন্ত পাবে। াজেই কোন স্কীম পাঠানোর উপর এটা নির্ভর করছে।

শ্রীবিমলকান্তি বসুঃ আর. এল. ই. জি. পি. স্কীম আমাদের জেলার তরফ াকে রাজ্য সরকারের মাধ্যমে দিল্লীতে যে-সমস্ত পাঠান হয়েছিল তার মধ্যে কিছু কল্প বাদ দেওয়া হয়েছে—এটা ঠিক কিনা, জানাবেন ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: এই স্কীমগুলি যাঁরা স্ক্রিনিং করেন তাঁরা দেখেন যে, টা ঠিক ঠিকমত হয়েছে কিনা। তাতে অল্প কিছু বাদ যায়, বেশীর ভাগই গ্রহণ রা হয়।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস: কুচবিহারে এই আর. এল. ই. জি. পি. স্কীমের জন্য ত টাকার কথা বলেছেন এবং বর্তমান আর্থিক বছরে আমাদের এই রাজ্যে এই বদ টোটাল কত টাকা পাওয়া গেছে জানাবেন ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: আপনি আলাদা কোশ্চেন দেবেন, জবাব দিয়ে দেব। া এখানে আসে না।

৬৮৫। স্থগিত।

পলাশী সুগার মিল

*৬৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮৫।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** শিল্প ও ণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) পলাশী (রামনগর) সুগার মিল বর্তমানে চালু হইয়াছে কিনা;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে,—

(১) কত তারিখ হইতে উক্ত মিলে আখ মাড়াই-এর কাজ শুরু হইয়াছে,

(২) উক্ত মিলের শ্রমিক সংখ্যা কত, এবং

(৩) উক্ত মিলের শ্রমিকের মজুরীর হার কত;

(গ) উক্ত মিলের শ্রমিক ও আখ সরবরাহকারীগণ তাঁদের বকেয়া পাওনা পেয়েছেন কিনা; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর 'না' হইলে, উক্ত বকেয়া পাওনা কবে নাগাদ পরিশোধ হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীনির্মলকুমার বোস : (ক) হ্যাঁ,

(খ)

(১) ৫ই ফেব্রুয়ারী, ১৯৮৪ হইতে ৮ই মার্চ, ১৯৮৪ পর্যন্ত,

(২) ৮৫০ জন,

(৩) শ্রমিকদের মাসিক মজুরীর হার ৬৪৫ টাকা ৫০ পয়সা।

(গ) না,

(ঘ) মিল কর্তৃপক্ষ জানাইয়াছেন যে মিলের শ্রমিক ও আখ সরবরাহকারীদের বকেয়া পাওনা পর্যায়ক্রমে মিটাইবার চেষ্টা করা হইতেছে।

[1.40—1.50 P.M.]

শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ শ্রমিক এবং চাষীদের বকেয়া পাওনা কত—মাননীয় মন্ত্রী মহাশয় তা জানাবেন কি ?

শ্রীনির্মলকুমার বোস : আখ সরবরাহকারীরা ১৯৮২-৮৩ সাল বাবদ পাবেন ২১ লক্ষ ১৯ হাজার ২০০ টাকা এবং ১৯৮৩-৮৪ সাল বাবদ পাবেন ১ লক্ষ ৬২ হাজার ৯৯৬ টাকা। শ্রমিকদের বকেয়া পাওনা মোট ১৯৮৩ সালের সেপ্টেম্বর-অক্টোবর পর্যন্ত ৯ লক্ষ ৭৫ হাজার ৫০০ টাকা। ৮৪ সাল তো আছেই।

শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ এই কারখানার মালিকরা এই কারখানার টাকা অন্য রাজ্যে নিয়ে গিয়েছেন—এরকম কোন খবর মন্ত্রী মহাশয় জানেন কি ?

শ্রীনির্মলকুমার বোস : হ্যাঁ, এরকম তথ্য আমরা পেয়েছি। অল্প কয়েকদিন আগে একটি বৈঠক হয়েছিল রামনগর সুগার মিল কি ভাবে ভালোভাবে চালানো যায় তা দেখার জন্য। তা ছাড়া সেখানে কৃষক এবং শ্রমিক-কর্মচারীদের টাকা কি ভাবে দেওয়া যায় তা নিয়েও কথা হয়েছিল। সেখানে মিল কর্তৃপক্ষ ছিলেন, শ্রমিক কর্মচারীদের ইউনিয়ন ছিলেন স্থানীয়, এম. পি., এম. এল. এ. ছিলেন, সরকারী অফিসাররা ছিলেন, ব্যাঙ্কের প্রতিনিধিরা ছিলেন। সেখানে কর্মচারীদের পক্ষ

থকে অভিযোগ করা হয়েছে যে, প্রায় দু' কোটি টাকা তাঁরা এখান থেকে রাজস্থানে নস্পত্তির কারখানা করার জন্য পাঠিয়েছেন। সে ব্যাপারে স্টেট ব্যাংক, উনাইটেড কমারশিয়াল ব্যাংক, ওয়েষ্ট বেঙ্গল ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পো-রশনের প্রতিনিধিদের বলা হয়েছে এই অভিযোগ কতটা ঠিক সে ব্যাপারে খাতাপত্র দেখে অনুসন্ধান করে রিপোর্ট দেবার জন্য। সেই অনুসন্ধান এবং রিপোর্টের জন্য ামরা অপেক্ষা করছি।

শ্রীমাধবেন্দ্র মহান্তঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই রামনগর সুগার লটি হস্তান্তর করার কোন চেষ্টা চলছে কিনা?

শ্রীনির্মলকুমার বোসঃ এই মিল সম্পর্কে নানান অভিযোগ আছে, সেগুলি ামরা খতিয়ে দেখছি। মিলটি যেভাবে চলছে তাতে আমরা খুশী নই।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ পলাশী সুগার মিল যেভাবে ক্রমশঃ রুগ্ন হয়ে পড়ছে াতে সেই কারখানাটি সরকার অধিগ্রহণ করার কথা চিন্তা করছেন কি?

শ্রীনির্মলকুমার বোসঃ আমরা খতিয়ে দেখছি ওরা ভালোভাবে চালাতে ারবেন কিনা। দরকার হলে আবার বৈঠক করতে হবে। আমরা অনুসন্ধান পোর্টের জন্য অপেক্ষা করছি, তারপর ভাবা যাবে।

করণদীঘি থানায় খাস জমি বিতরণের পরিমাণ

*৬৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭৯।) **শ্রীসুরেশ সিন্‌হা**ঃ ভূমি ও মি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন ক—

(ক) ১৯৮৩ সালে করণদীঘি থানায় কত একর খাস জমি ভূমিহীনদের মধ্যে বিতরণ করা হয়েছে;

(খ) উক্ত প্রাপকদের মধ্যে আদিবাসী ও তফসিল জাতির সংখ্যা কত; এবং

(গ) এ পর্যন্ত উক্ত থানায় কত পরিমাণ খাস জমি মামলা জনিত কারণে বিলি করা যাচ্ছে না?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরীঃ (ক) ৪১৫ একর। (খ) ৬২০ জন।
(গ) ১,৫৭১ একর।

শ্রীস্থরেশ সিন্‌হা: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে জমিগুলি হাই-কোর্টের কেসে আটকে আছে সেগুলির নিষ্পত্তি হতে দেরি হচ্ছে কেন?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: এতদিনেও এটা বোঝেন নি। হাইকোর্টের ইনজাংশন থেকে এগুলি মুক্ত করা বড় কঠিন, সে চেষ্টা হচ্ছে। ১ হাজার ৫৭১ একর জমি ইনজাংশানে আবদ্ধ আছে। এই জমি ছাড়া ২৪৩'০১ একর পরিমাণ জমি বিলি করতে বাকি আছে। যেটা ইনজাংশানে আবদ্ধ আছে তার পরিমাণও কম নয়—১ হাজার ৫৭১ একর। আমরা সেজন্য চেষ্টা করছি ছাড়াতে, কিন্তু চেষ্টা করলেই তো আর হবে না।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, চর নয়, রিভার বেড, তার পাট্টা বিলি বণ্টন হতে পারে কি?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: সেটা কি করে হবে। আপনারা জানেন যে নদীর কোর্স মাঝে মাঝে চেঞ্জ করে। এখন যে সময়ে দেওয়া হয়েছিল তখন হয়ত জমি ছিল। তবে আমরা ইনস্ট্রাকশন দিয়েছি যে, যখন জমি দেওয়া হবে তখন সেটার ফিজিক্যালি অবস্থা দেখে সেটা করতে হবে।

মেসার্স গ্লুকোনেট কোম্পানীর উৎপাদন

*৬৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৬৭।) **শ্রীঅরুণকুমার গোস্বামী:** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮৩ সাল পর্যন্ত সময়ে মেসার্স গ্লুকোনেট কোম্পানী লিমিটেড কারখানায় ইউনিট ওয়াইজ কত উৎপাদন হয়েছে; এবং

(খ) ১৯৮২ এবং ১৯৮৩ সালে উক্ত কারখানায় কত লাভ ও লোকসান হয়েছে?

শ্রীনির্মলকুমার বোস ঃ (ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮৩ সাল পর্যন্ত সময়ে মেসার্স গ্লুকোনেট কোম্পানী লিমিটেড কারখানায় ইউনিট ওয়াইজ উৎপাদনের বিবরণ :—

ক্রমিক সংখ্যা	উৎপাদিত পণ্যের নাম	১৯৭৭	১৯৭৮	১৯৭৯	১৯৮০	১৯৮১	১৯৮২	১৯৮৩
১।	সিরাপ ও ইলিক্সারস্	১,৮১,৯৮৯ লিঃ	১,৭৬,৫৯১ লিঃ	২,২৫,৪৬৪ লিঃ	২,০৯,৬৮৬ লিঃ	২,৫৬,৬৬৪ লিঃ	২,৩০,২৯১ লিঃ	২,১২,৪০৯ লিঃ
২।	ট্যাবলেট	১,১৮,২৮,০০০টি	১,১৭,৪৮,০০০টি	১,০৭,০৯,০৭৫টি	১,৪৩,৯৬,৩০০টি	১,৭০,৯৫,৪০০টি	১,৯৭,৫৫,৬৫০টি	১,৭৯,৭৪,৬০৯টি
৩।	ক্যাপসুল	২,৬২,০০০টি	১৭,০০,৪০০টি	২৭,২৮,৭০০টি	৪১,৬৬,৩০০টি	৪৯,০৬,১০০টি	৫২,৫১,১০০টি	৪১,৩৬,৬০০টি
৪।	ইঞ্জেকসনস্	৮,৫৫৭ লিঃ	৫,৩০৫ লিঃ	৫,২৬২ লিঃ	৬,৯৫৪ লিঃ	৮,৩১০ লিঃ	৬,১৩৮ লিঃ	৪,২৮৭ লিঃ
৫।	বি. টি. বটলস	৬৮,৮০৫ লিঃ	৩৫,৮৭৪ লিঃ	৫৯,৪৪১ লিঃ	৭০,৭১৩ লিঃ	৮৭,৯১৪ লিঃ	৯২,০১৬ লিঃ	৯১,৯৮৯ লিঃ
৬।	পেথিডিন হাই-ড্রোক্লোরাইড পাউডার	৩৬৬ কেজি	৩০৯ কেজি	২২৫ কেজি	১৫৯ কেজি	৫৪ কেজি	৩০৯ কেজি	২৯৪ কেজি
৭।	ব্লাড কানেকশন সেট	৪,০১০ সেট	৬,৫৮৯ সেট	২০০ সেট	—	—	—	—

(খ) ১৯৮২ ও ১৯৮৩ সালে যথাক্রমে ১০ লক্ষ ৮৫ হাজার টাকা ও ২৭ লক্ষ ৪৪ হাজার টাকা (আনুমানিক) লোকসান হয়েছে।

শ্রীঅরুণ কুমার গোস্বামী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে, এই সংস্থাতে গভর্নমেণ্টের টেক ওভার করার আগে ১৯৮১ সাল পর্যন্ত লাভ হচ্ছিল, কিন্তু ১৯৮২-৮৩ সালে এই লোকসানে যাচ্ছে কেন ?

শ্রীনির্মল কুমার বোস ঃ কিছু সমস্যা আছে, সেগুলি আমরা দেখছি। এই টেকেন ওভার ইউনিট ১৯৮২ সালে নেওয়া হয়েছিল। তারপরে সরকার পরিচালনা করছেন। নানা কারণে হয়ত লোকসান হচ্ছে। এগুলি আমরা খতিয়ে দেখছি।

গ্রামীণ উন্নয়নে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের অর্থ ব্যয়ের পরিমাণ

*৬৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৪৭।) **শ্রীবিভূতিভূষণ দে ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রামীণ উন্নয়ন প্রকল্প) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ সালের আর্থিক বছরে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি বিভিন্ন জেলার গ্রামীণ উন্নয়নের জন্য মোট কত টাকা ব্যয় করেছে ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ ১৯৮২-৮৩ আর্থিক বছরে গ্রামীণ ব্যাঙ্ক সহ বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি বিভিন্ন জেলার সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচীর জন্য মোট ৯৯৮.৩১ লক্ষ টাকা ঋণ হিসাবে মঞ্জুর করেছেন।

১৯৮৩-৮৪ আর্থিক বছরে গত ২৯শে ফেব্রুয়ারী, ১৯৮৪ সাল পর্যন্ত গ্রামীণ ব্যাঙ্ক সহ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি বিভিন্ন জেলার সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচীর জন্য মোট ১২৭২.১২ লক্ষ টাকা ঋণ হিসাবে মঞ্জুর করেছে।

শ্রীবিভূতিভূষণ দে ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা দেখছি এই ব্যাঙ্কগুলি গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে কম টাকা লগ্নী করছেন। এই গ্রামীণ ব্যাঙ্কগুলি সরাসরি শিল্পপতিদের ক্ষেত্রে বেশী টাকা লগ্না করার জন্য গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে লগ্নী কম হচ্ছে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে, এই ব্যাঙ্কগুলিকে জাতীয়করণ করার ক্ষেত্রে কি অসুবিধা হচ্ছে সেটা জানাবেন কি ?

[1.50—2.00 P.M.]

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ ব্যাঙ্ক জাতীয়করণ করার সময়ে যে সামাজিক উদ্দেশ্যের কথা ঘোষণা করা হয়েছিল, তা ঠিক ঠিক ভাবে রক্ষা করা হচ্ছে না। তবে সম্প্রতি

অল্প অল্প রক্ষা করার চেষ্টা করা হলেও মোট আমানতের খুব স্বল্প ভাগ টাকাই গ্রামীণ উন্নয়নের জন্য ব্যবহার করা হচ্ছে, বেশীর ভাগ টাকা শিল্প বাণিজ্যে ব্যবহার করা হচ্ছে। এমন কি মানুষের নিত্যব্যবহার্য পণ্য কৃত্রিম ভাবে আটকে রেখে দর বৃদ্ধি করার কাজেও ব্যাঙ্কের টাকা-পয়সাকে ব্যবহার করা হচ্ছে। অপর দিকে গ্রামীণ ব্যাঙ্কগুলি, ময়ূরাক্ষী গ্রামীণ ব্যাঙ্ক, মল্লভূম গ্রামীণ ব্যাঙ্ক, সাগর গ্রামীণ ব্যাঙ্ক এবং গৌড় গ্রামীণ ব্যাঙ্কের এ্যাকটিভিটিস প্রধানতঃ গ্রামের মধ্যেই সীমাবদ্ধ এবং বিভিন্ন জেলার হিসাব অনুযায়ী গ্রাম উন্নয়নের ক্ষেত্রে এদের ভূমিকা, জাতীয়করণ করা হয়েছে যে-সমস্ত ব্যাঙ্কগুলিকে তাদের চেয়ে ভাল।

ডাঃ মানস ভুঁইয়া: মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, রুরাল সেক্টরে ব্যাঙ্কের ইনভেষ্টমেণ্ট সম্বন্ধে আপনি যে কথা বললেন সেই পরিপ্রেক্ষিতে আমি জানতে চাইছি, এ কথা কি ঠিক যে, সরকার এবং প্রশাসনের কাছ থেকে ঠিক ঠিক ইকনমিক্যালি ভায়েবল প্রজেক্ট ব্যাঙ্কের কাছে সাবমিট না করার জন্য ব্যাঙ্ক-গুলি রুরাল সেক্টরে ইনভেষ্ট করতে পারছে না?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: না। এটা আদৌ ঠিক নয়। আমি এখানে বেশ কয়েক বার প্রশ্নের উত্তরে বলেছি যে, ব্যাঙ্কগুলি নানারকম জিনিস দেখে কেস-গুলি রিজেক্ট করে। আমরা এ বিষয়ে ব্যাঙ্কগুলির সঙ্গে ষ্টেট লেভেলে এবং জেলা লেভেলে বেশ কয়েকটি মিটিং করে তাঁদের বলেছিলাম যে, আপনারা কি কি জানতে চান সে সম্বন্ধে একটা মডেল ঠিক করুন এবং স্পেসিফিক ভাবে জানিয়ে দিন যে, কি কি জানতে চান। সেই অনুযায়ী বর্তমানে তাঁরা আর আগের মত অতটা রিজেক্ট করতে পারছে না। তবে তাঁদেরও কাজকর্মের সুযোগ-সুবিধার ব্যাপার এর সঙ্গে একটু জড়িত আছে। কয়েকজন বড়লোকের মধ্যে ২০/২৫/৩০,০০০ টাকা লোন দেওয়া যত সহজ কাজ, কয়েক শত গ্রামের গরীব মানুষকে ৫০০, ৭০০, ১০০০ টাকা লোন দেওয়া তার চেয়ে অনেক কঠিন কাজ। এর জন্য বেশী কর্মচারীর প্রয়োজন, কারণ অনেক বেশী এ্যাকাউন্ট মেনটেইন করতে হয়। সুতরাং এ ব্যাপারে তাঁদের একটু বেশী ঝামেলা ভোগ করতে হয়। সেই জন্য তাঁরা এড়িয়ে যাবার চেষ্টা করেন। তবে বার বার আমরা তাঁদের সঙ্গে এবিষয়ে আলোচনা করার পরে তাঁরা বর্তমানে কিছুটা কো-অপারেটিভ এ্যাটিচুড নিয়েছেন। তবে আমরাও লক্ষ্য করেছি যে, এই সমস্ত কাজ করার জন্য ব্যাঙ্কের গ্রামের শাখাগুলিতে যে ইনফ্রাষ্ট্রাক-চার থাকা প্রয়োজন সে ইনফ্রাষ্ট্রাকচার এখনো গড়ে উঠেনি। সেদিক দিয়েও

তাঁদের কাজ করতে অসুবিধা হচ্ছে। আগের চেয়ে এখন কাজ খানিকটা ভাল হচ্ছে। আশা করছি আগামী দিনে আরো ভাল কাজ হবে।

বাঁকুড়া জেলায় ছেন্দাপাথর উলফ্রাম খনির লীজ

*৬৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৭১।) **শ্রীউপেন্দ্র কিস্কু ও শ্রীলালবিহারী ভট্টাচার্য:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলায় ছেন্দাপাথর উলফ্রাম খনিটি গৌরীপুর ইণ্ডাষ্ট্রিজ প্রাঃ লিঃ-কে লীজ দেওয়া হয়েছে ;

(খ) সত্য হইলে, ১৯৮০-৮১ সাল থেকে ১৯৮৩-৮৪ সাল পর্যন্ত সময়ে কোম্পানী লীজ বাবদ কত টাকা সরকারী কোষগারে জমা দিয়েছেন ; এবং

(গ) উক্ত খনি বর্তমানে বন্ধ আছে কিনা ?

শ্রীনির্মলকুমার বোস : (ক) হ্যাঁ।

(খ) ৫৬,৪৮০.৬৫ টাকা।

(গ) হ্যাঁ।

শ্রীউপেন্দ্র কিস্কু : এখন পর্যন্ত সরকারের ওদের কাছে কত পাওনা আছে ?

শ্রীনির্মলকুমার বোস : আমাদের এখনো পর্যন্ত পাওনা রয়েছে ২,২৫,৪৯১ টাকা ২৮ পয়সা।

শ্রীউপেন্দ্র কিস্কু : মাননীয় মন্ত্রী মহাশয়, এই খনিটির মালিকের নাম কি ? এবং খনির মালিক খনির শ্রমিকদের সমস্ত বকেয়া পাওনা মিটিয়ে দিয়েছে কি ?

শ্রীনির্মলকুমার বোস : আমার কাছে কোম্পানীটির নাম আছে, কিন্তু মালিকের নাম নেই। কোম্পানীটির নাম হচ্ছে, 'গৌরীপুর ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিমিটেড' এবং তারা শ্রমিকদের পাওনা মেটায় নি, সরকারকে দেয় টাকা দেয় নি। আমরা সমস্ত রকমের পাওনা টাকা তাদের কাছ থেকে আদায় করার জন্য চেষ্টা করছি।

শ্রীহাজারী বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কারখানাটি বন্ধ হয়ে আছে। আমার প্রশ্ন হচ্ছে, এই বন্ধ হওয়ার কারণটি কি তা দয়া করে জানাবেন কি ?

শ্রীনির্মলকুমার বোস : বন্ধ হওয়ার কারণটি হচ্ছে, ওদের লীজ শেষ হবার পর নতুন করে আর লীজ দেওয়া হয় নি। কারণ তাঁরা লীজের নিয়মকানুন মানেন নি। ওঁদের যে পরিমাণ জমি দেওয়া হয়েছিল তার ক্ষুদ্র ভগ্নাংশ ব্যবহার করেছেন। ওঁদের দেওয়া হয়েছিল ২ হাজার ২৮১ একর জমি, আর ওঁরা ৬০ একর জমিতে কাজ করেছেন। এছাড়া টাকা কিছুই পায়নি, প্রচুর টাকা পাওনা আছে। এই কারণে ওঁদের নতুন করে দেওয়াই হয় নি। ওঁদের কাছ থেকে টাকা আদায়ের চেষ্টা হচ্ছে, আর অন্যভাবে চালু করা যায় কিনা চিন্তা-ভাবনা করা হচ্ছে।

শ্রীকাশীনাথ মিশ্র : আপনি বললেন অন্যভাবে নেওয়ার চেষ্টা করছেন। বর্তমানে ঐ কারখানাটিতে ৪০০ শ্রমিক কর্মচ্যুত অবস্থায় আছে। আপনি কি ঐ কারখানাটিকে অধিগ্রহণ করার জন্য চিন্তা-ভাবনা করেছেন ?

শ্রীনির্মলকুমার বোস : ওঁদের লীজ পিরিওড শেষ হয়ে গেছে। যদি আর কেউ এগিয়ে আসেন—আমি শুনেছি, কেউ কেউ উৎসাহী আছেন—তাঁদের দেওয়া যায় কিনা চিন্তা-ভাবনা করা হচ্ছে।

গোঘাট থানায় ব্লকের জন্য নির্মিত বাড়ীতে পঞ্চায়েত সমিতির অফিস স্থানান্তরকরণ

*৬৯১। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৬৪।) **শ্রীশিবপ্রসাদ মালিক :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোঘাট থানার দমদমাতে কমিউনিটি ডেভেলপমেন্ট কর্তৃক ব্লকের জন্য নির্মিত বাড়ীগুলিতে গোঘাট ১নং পঞ্চায়েত সমিতির অফিস স্থানান্তর হইবে কিনা ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কবে নাগাদ উক্ত স্থানান্তরকরণ হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : (ক) এরকম কোন সিদ্ধান্ত এখনও নেওয়া হয় নি।

(খ) এ প্রশ্ন এখন উঠে না।

বেলডাঙা সুগার মিলের গুদামে আগুন

*৬৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৯৩।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৯-২-৮৪ তারিখে মুর্শিদাবাদ জেলার বেলডাঙা সুগার মিলের পাটখড়ি ভর্তি একটি গুদামে আগুন লাগিয়াছিল ; এবং

(খ) সত্য হইলে, উক্ত রক্ষিত পাটখড়ি একটি বেসরকারী মালিকাধীন প্রতিষ্ঠানের কিনা ?

শ্রীনির্মলকুমার বোস : (ক) হ্যাঁ, তবে এই গুদামে আগুন লাগিয়াছিল গত ১৮. ৩. ৮৪ তারিখে।

(খ) হ্যাঁ

শ্রীনির্মলকুমার বোস : ঐটা ১৯ তারিখ নয়, ওটা ১৮ মার্চ হবে।

শ্রীনুরুল ইসলাম চৌধুরী : মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, এটা বেসরকারী মালিকানাধীন প্রতিষ্ঠানকে ভাড়া দেওয়া হয়েছিল। এটা কতদিন আগে ভাড়া দেওয়া হয়েছে এবং কত টাকা আদায় হয়েছে ?

শ্রীনির্মলকুমার বোস : হাসানাথী জয় ইণ্ডাস্ট্রিস, বেলডাঙ্গাকে ওয়েষ্ট বেঙ্গল সুগার ইণ্ডাস্ট্রিস ডেভেলপমেন্ট কর্পোরেশ-এর পক্ষ থেকে মাসিক ৩০০ টাকা ভাড়ায় ১লা জানুয়ারি, ১৯৮৩ সাল থেকে দেওয়া হয়েছে।

শ্রীনুরুল ইসলাম চৌধুরী : ১৯৮১ সালে প্রথম সরকারী মালিকানাধীনে এই গো-ডাউনকে ভাড়া দেওয়া হয়েছিল। আমার প্রশ্ন হচ্ছে, সেই ভাড়ার কত টাকা আদায় হয়েছে এ পর্যন্ত এবং কত টাকা বাকী আছে ?

শ্রীনির্মলকুমার বোস : আমি বলেছি এই প্রতিষ্ঠানকে ১লা জানুয়ারি, ১৯৮৩ সালে ভাড়া দেওয়া হয়েছে। সুতরাং ১৯৮১ সালে কোন ভাড়া দেওয়া হয় নি।

শ্রীনুরুল ইসলাম চৌধুরী : সরকারীভাবে ভাড়া জে. সি. আই. কে দেওয়া হয়েছে কি ?

শ্রীনির্মলকুমার বোস : নোটিশ দিলে বলবো।

শ্রীহাজারী বিশ্বাস : এই পাটখড়ির গো-ডাউনে যে আগুন লেগেছিল সেটা উদ্দেশ্যমূলক কিনা মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ?

শ্রীনির্মলকুমার বোস ঃ বলতে পারবো না। তদন্ত রিপোর্ট না জানলে বলতে পারবো না।

শ্রীঅতীশচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, যেদিন থেকে ঐ প্রতিষ্ঠানটিকে ভাড়া দেওয়া হয়েছে ৩০০ টাকায়, সেই টাকা পুরোপুরি আদায় হয়েছে কিনা ?

শ্রীনির্মলকুমার বোস ঃ আদায় হয়েছে বলেই আমার কাছে খবর আছে।

আসানসোল মহকুমায় বালি, মোরাম, ফায়ার ক্লে ইত্যাদির খনি

*৬৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৯২৭।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায় ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় কতগুলি বালি, মোরাম, ফায়ার ক্লে এবং শিল্পে ব্যবহারের উপযোগী বালির খনি আছে ; এবং

(খ) উক্ত জমির মালিকগণ সরকারী লাইসেন্সপ্রাপ্ত কিনা ?

[2.00—2.20 P.M. including adjournment]

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ (ক) ১৯৮৩-৮৪ সালে মঞ্জুরীকৃত ৩টি বালি খাদ, ৩টি মোরাম এবং ৩টি মোল্ডিং শিল্পে ব্যবহারের উপযোগী বালির খনি আছে।

এছাড়া ১০টি ফায়ার ক্লে'র খাদও আছে।

(খ) উপরোক্ত খাদ ও খনির মালিকগণ সকলেই লাইসেন্স প্রাপ্ত।

Starred Question

(To which the answer was laid on the table)

সুন্দরবন এলাকায় চাষযোগ্য জমিকে দো-ফসলী জমিতে রূপান্তরকরণ

*৬৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৩৩।) **শ্রীকুমুদরঞ্জন বিশ্বাস :** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন এলাকায় চাষযোগ্য কৃষি জমিকে দো-ফসলী জমি হিসাবে রূপান্তরিত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা রূপায়ণে চাষীদের কোন সাহায্য ও প্রশিক্ষণ দেওয়া হইবে কিনা ;

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে উক্ত চাষীদের কি ধরনের সাহায্য ও প্রশিক্ষণ দেওয়া হইবে ; এবং

(ঘ) বর্তমানে উক্ত চাষীদের কি ধরনের সাহায্য দেওয়া হইতেছে ?

Minister-in-charge of Sundarban areas, Branch of Development and Planning Department.

(ক) 'হ্যাঁ'

(খ) রবি মরশুমের চাষে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সাহায্য দেওয়া হয়। চাষীদের প্রশিক্ষণের কোনও পরিকল্পনা সুন্দরবন উন্নয়ন পর্ষদের নাই।

(গ) সুন্দরবনের ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মধ্যে রবি মরশুমের চাষের জন্য বিভিন্ন ফসলের উন্নত বীজ, সার ও কীটনাশক ঔষধ দেওয়া হয়।

(ঘ) বর্তমানে উক্ত চাষীদের মধ্যে উন্নত মানের বীজ, সার ও কীটনাশক ঔষধ শতকরা ৫০ ভাগ হিসাবে অনুদান দেওয়া হয়।

Unstarred Question

(To which the written answers were laid on the table)

Persons appointed

346. (Admitted question No. 697.) **Shri LUTFAL HAQUE :** Will the Minister-in-Charge of the Excise Department be pleased to state—

(a) the number of persons appointed to Group A, B, C and D posts under the Department and Directorate of Excise during the period between July, 1977 and December, 1983.

(b) the number of them belonging to—
 (i) Scheduled Castes ;
 (ii) Scheduled Tribes ; and
 (iii) Muslim Community ; and

(c) the postwise break up of—(a) and (b) above.

Minister for Excise Department : (a) Number of persons appointed

under the Excise Department during the period between July, 1977 to December 1983 :

Group 'A'	...	...	...	...	23
Group 'B'	...	...	...	...	82
Group 'C'	...	...	...	...	560
Group 'D'	...	...	...	...	62
			Total	...	727

(b) (i) Scheduled Castes	...	...	...	117
(ii) Scheduled Tribes	...	...	...	43
(iii) Muslim Community	...	...	...	19

(c) Postwise break up is given below :

		General	S.C.	S.T.	Muslim	Total
(i) Group 'A'	...	17	3	1	2	23
(ii) Group 'B'	...	58	17	6	1	82
(iii) Group 'C'	...	423	88	34	15	560
(iv) Group 'D'	...	50	9	2	1	62
Total	...	548	117	43	19	727

মেদিনীপুর খাল খননের পরিকল্পনা

৩৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪১।) **শ্রীরবীন্দ্র ঘোষ:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলার অন্তর্গত মেদিনীপুর খালটির খনন কার্যের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত কাজ কবে নাগাদ শুরু হবে বলিয়া আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) নাই।

(গ) এ প্রশ্ন উঠে না।

গ্রামীণ গ্রন্থাগার

৩৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৩।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** শিক্ষা (গ্রন্থাগার ও প্রথাবহির্ভূত) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে কতগুলি গ্রামীণ গ্রন্থাগার আছে ; এবং

(খ) তন্মধ্যে কোন্ কোন্ জেলায় কতগুলি ঐরূপ গ্রন্থাগার আছে ?

শিক্ষা (গ্রন্থাগার ও প্রথাবহির্ভূত) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মঞ্জুরীকৃত গ্রামীণ/প্রাথমিক/আঞ্চলিক গ্রন্থাগারের সংখ্যা—২,২৭৬।

(খ) বিভিন্ন জেলায় উক্ত গ্রন্থাগারের সংখ্যা নিম্নরূপ :

(১)	বাঁকুড়া	... ১২১		(৯)	জলপাইগুড়ি	... ১০২
(২)	বীরভূম	... ... ১১৩		(১০)	মালদা	... ৯৬
(৩)	বর্ধমান	... ... ১৯৪		(১১)	মেদিনীপুর	... ২৫৭
(৪)	কলিকাতা	... ১১৫		(১২)	মুর্শিদাবাদ	... ১৪৮
(৫)	কুচবিহার	... ... ১০১		(১৩)	নদীয়া	... ১০৮
(৬)	দার্জিলিং	... ... ১১৭		(১৪)	পুরুলিয়া	... ১০৯
(৭)	হুগলী	... ... ১৩৯		(১৫)	পশ্চিম দিনাজপুর	... ১০৫
(৮)	হাওড়া	... ১৩৩		(১৬)	২৪-পরগনা	... ৩১৮

২৪-পরগনা জেলায় প্রাথমিক স্কুল স্থাপন

৩৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৬।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩ সালে ২৪-পরগনা জেলায় কতগুলি প্রাথমিক স্কুল স্থাপন করা হয়েছে ; এবং

(খ) (১) ঐ স্কুলগুলি কোথায় কোথায় স্থাপিত হয়েছে, এবং

(২) কতজন প্রাথমিক শিক্ষক ঐ স্কুলগুলিতে নিয়োগ করা হয়েছে ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৫টি।

(খ) (১) রাজপুর, সাউথ সুবার্বন, নর্থ দমদম, সাউথ দমদম, নৈহাটি, নর্থ বারাকপুর পৌরসভা এলাকাগুলিতে।

(২) ৪৫ জন।

মৈতনা উপ-স্বাস্থ্যকেন্দ্রের মেন বিল্ডিং ও স্টাফ কোয়ার্টার মেরামত

৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৯।) **শ্রীঅবন্তী মিশ্রঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার রামনগর ২ নং ব্লকের মৈতনা উপ-স্বাস্থ্য কেন্দ্রের মেন বিল্ডিং ও স্টাফ কোয়ার্টার মেরামত করা হয় নাই ;

(খ) সত্য হলে, কবে নাগাদ তা মেরামত করা হবে ; এবং

(গ) উপরোক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রে স্টাফ প্যাটার্ন অনুযায়ী স্টাফ আছে কিনা ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) সত্য নহে।

(খ) মেরামতির কাজ চলছে।

(গ) হ্যাঁ, আছে।

মাধ্যমিক বিদ্যালয় অনুমোদন ও উন্নীতকরণ

৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৩।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন ও উন্নীতকরণের জন্য পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের কোন সুপারিশ প্রয়োজন হয় কিনা;

(খ) হলে, মুর্শিদাবাদ জেলায় ১৯৮৩-৮৪ সালে কোন্ কোন্ বিদ্যালয়ের অনুমোদন ও উন্নীতকরণের জন্য মুর্শিদাবাদ জেলা পরিষদ সুপারিশ করেছে; এবং

(গ) উক্ত সুপারিশকৃত তালিকায় থেকে কতগুলি বিদ্যালয় সরকারী অনুমোদন লাভ করেছে এবং কোন্ কোন্ বিদ্যালয়ে ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

গ্রন্থাগার আধিকারিক নিয়োগ

৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯৯।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** শিক্ষা (সামাজিক অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রন্থাগার আইন অনুযায়ী রাজ্যের কোন জেলায় গ্রন্থাগার আধিকারিক (ডিস্ট্রিক্ট লাইব্রেরী অফিসার) নিযুক্ত হয়েছেন কিনা:

(খ) (১) হয়ে থাকলে, কোন্ কোন্ জেলায় হয়েছেন; এবং

(২) না হয়ে থাকলে, তার কারণ কি ?

শিক্ষা (সামাজিক অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) কোন জেলায় এখনও গ্রন্থাগার আধিকারিক নিযুক্ত হন নাই।

(খ) (১) প্রশ্ন উঠে না।

(২) জেলা গ্রন্থাগার আধিকারিকের ৪টি পদ সৃষ্টির অনুমোদন অর্থ দপ্তর থেকে পাওয়া গেছে এবং সেই পদ পূরণের প্রস্তুতি চলছে।

মুখ্যমন্ত্রীর খরাত্রাণ তহবিলে সংগৃহীত অর্থ

৩৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** মুখ্যমন্ত্রী বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুখ্যমন্ত্রীর খরাত্রাণ তহবিলে মোট কত টাকা সংগৃহীত হয়েছে (৩১শে ডিসেম্বর, ৮৩ পর্যন্ত), এবং

(খ) ১৯৮৩-৮৪ সালে এ টাকা কিভাবে ব্যয় করা হয়েছে (জেলাওয়ারী তথ্য)?

মুখ্যমন্ত্রী বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) টাকা ১,৯৭,২৭,০৫৫.২৯ পয়সা।

(খ) খরা-উপদ্রুত অঞ্চলে টিউবওয়েল খনন, সংস্কার, পাতকুয়ো স্থাপন, জলাধার নির্মাণ প্রভৃতি কাজের জন্য বিভিন্ন জেলায় বরাদ্দীকৃত অর্থের পরিমাণ নিম্নরূপ:—

		টাকা
১।	২৪-পরগনা	৮,৬৪,০০০
২।	বীরভূম	১৯,৮০,০০০
৩।	মেদিনীপুর	১২,৪৮,০০০
৪।	মুর্শিদাবাদ	৮,৯৮,০০০
৫।	বাঁকুড়া	১৫,৭৬,০০০
৬।	নদীয়া	৭,২৪,০০০
৭।	হুগলী	৯,৭২,০০০
৮।	বর্ধমান	২১,২৬,০০০
৯।	পশ্চিম দিনাজপুর	৩,০০,০০০
১০।	পুরুলিয়া	১৫,০০,০০০
১১।	কুচবিহার	৮,০০,০০০
১২।	জলপাইগুড়ি	১,০০,০০০
১৩।	দার্জিলিং	৫,০০,০০০
১৪।	মালদহ	১৮,২৬,০০০
১৫।	হাওড়া	১৭,৫২,০০০

দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণে শ্রমিক-কর্মচারীর সংখ্যা

৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩৩।) **শ্রীউপেন কিস্কুঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণে মোট শ্রমিক-কর্মচারীর সংখ্যা কত;

(খ) তন্মধ্যে তফসিলী জাতি এবং তফসিলী উপজাতির সংখ্যা কত; এবং

(গ) উক্ত সংস্থায় তফসিলী জাতি ও তফসিলী উপজাতি কর্মপ্রার্থীদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা আছে কিনা?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১,২২৩ জন।

(খ) তফসিলী জাতির সংখ্যা ৯৪ এবং তফসিলী উপজাতির সংখ্যা ৫ জন।

(গ) হ্যাঁ, আছে।

সরকার অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়

৩৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২৮।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্যঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট কতগুলি সরকার অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয় আছে;

(খ) উক্ত বিদ্যালয়সমূহে শিক্ষক এবং ছাত্রসংখ্যা কত; এবং

(গ) শিক্ষকদের মোট কত টাকা মাসিক বেতন সরকারকে দিতে হয়?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১০,১৯০টি।

(খ) শিক্ষক সংখ্যা আনুমানিক—১ লক্ষ ১৫ হাজার এবং ছাত্রসংখ্যা আনুমানিক ৩২ লক্ষ ৩৫ হাজার।

(গ) প্রায় ১৪ কোটি টাকা।

মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের নিয়মাবলী

৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১১।) **শ্রীসেখ ইমাজুদ্দিনঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এই রাজ্যের কোন এলাকায় মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠার ক্ষেত্রে কোন সরকারী নিয়মাবলী আছে কি; এবং

(খ) থাকলে, সেই নিয়মাবলী কি কি?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) আছে।

(খ) মাধ্যমিক বিদ্যালয়হীন এলাকায় নূতন মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের জন্য পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের ১৯৭৫ সনের পূর্বে বিধি অনুসারে জমা দেওয়া আবেদন-পত্রের ভিত্তিতে বিবেচনা করা হয়। অথবা পৌর কিংবা পঞ্চায়েত কর্তৃপক্ষ সরকারের নির্দিষ্ট ছকে এবং নির্দিষ্ট শর্তাদি পূরণ সাপেক্ষে সরকারের নিকট প্রস্তাব পাঠালে সরকার সেই প্রস্তাব বিবেচনা করে বিদ্যালয় স্থাপনের সম্মতি দিতে পারেন।

মাধ্যমিক বিদ্যালয়ে অতিরিক্ত শিক্ষকের পদ মঞ্জুর

৩৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮১।) **শ্রীসুভাষ গোস্বামীঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাধ্যমিক বিদ্যালয়ের ক্রমাগত ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত সময়ে কতগুলি অতিরিক্ত শিক্ষকের পদ মঞ্জুর করা হয়েছে ; এবং

(খ) ঐসব বিদ্যালয়ের নূতন শ্রেণী কক্ষ নির্মাণের জন্য কত টাকা বরাদ্দ হয়েছে?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮২-৮৩ সালে কোন পদ সৃষ্টি হয় নি। ১৯৮৩-৮৪ সালে নিম্নলিখিত পদ মঞ্জুর হয়েছে :

(১) হাই স্কুলের জন্য ৬,০০০ শিক্ষক পদ,

(২) জুনিয়র হাই স্কুলের জন্য ২,০০০ শিক্ষক পদ।

(খ) মোট ২,০৩,০০,০০০ টাকা।

অ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশনে জিনিসপত্র ক্রয় পদ্ধতি

৩৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১০২।) **শ্রীঅনিল মুখার্জীঃ** সরকারী সংস্থা (অ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ১৯৬৮-১৯৭২ ও ১৯৭১-১৯৭৭ সাল পর্যন্ত অ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশনে বিভিন্ন ক্ষেত্রে কত টাকার জিনিসপত্র কেনা হয়েছিল ;

(খ) উক্ত অ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশনে কি পদ্ধতিতে জিনিসপত্র কেনা হয়েছিল ; এবং

(গ) ১৯৮২-৮৩ সালেও কি সেই ক্রয় পদ্ধতিই চালু আছে ?

সরকারী সংস্থা (অ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশন) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ

(ক) বাণিজ্য খাতে বিভিন্ন ক্ষেত্রে অ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিজে ১৯৬৮-৭২ সাল পর্যন্ত মোট ৩ কোটি ৮৫ লক্ষ ৪৬ হাজার টাকা মূল্যের জিনিস কেনা হয়েছিল ও ১৯৭২-১৯৭৭ সাল পর্যন্ত মোট ৪২ কোটি ২৭ লক্ষ ১৬ হাজার টাকা মূল্যের জিনিস কেনা হয়েছিল।

(খ) অ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশন যে-সকল জিনিস ক্রয় করে যেমন ট্রাক্টর, পাওয়ারটিলার, কৃষি যন্ত্রপাতি, রাসায়নিক সার, বীজ ও কীটনাশক ঔষধাদি ইত্যাদি তার মধ্যে বেশীর ভাগ জিনিস সরকার কর্তৃক স্থিরীকৃত মূল্যে অথবা সরকার অনুমোদিত বিভিন্ন উৎপাদক কোম্পানীর মূল্য তালিকানুসারে কেনা হয়েছিল। বাকী জিনিস সাধারণতঃ টেণ্ডার অথবা কোটেশন করে কেনা হয়েছিল।

(গ) হ্যাঁ।

Number of persons employed in Directorates of Handloom and Textiles and Sericulture and Silk Weaving

359. (Admitted question No. 2365.) **Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) the number of persons employed in different posts under (I) the Directorate of Handloom and Textiles and (II) the Directorate of Sericulture and Silk Weaving as on 31st December, 1983 ; and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim Community ?

Minister-in-charge of the Cottage and Small Scale Industries : (a) (I) Total number of persons employed in different posts—643 in Directorate of Handloom and Textitles.

(II) total number of persons employed in different posts—1,034 in Directorate of Sericulture.

(b) In the Directorate of Handloom and Textiles—

(i) 21, (ii) Nil and (iii) 12.

In the Directorate of Sericulture and Silk Weaving—

(i) 167, (ii) 27 and (iii) 38

বন্ধ সিনেমা হল

৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১৯।) **শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি সিনেমা হল বন্ধ আছে ; এবং

(খ) বন্ধ সিনেমা হলগুলি খোলার জন্য সরকার চেষ্টা করছেন কিনা ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) জেলা শাসকদের কাছ থেকে সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী পশ্চিমবঙ্গে বন্ধ সিনেমা হলের সংখ্যা—৫০, স্থায়ী—২৯, অস্থায়ী—২১ (জেলা ভিত্তিক তালিকা নিম্নে দেওয়া হল)।

(খ) সংশ্লিষ্ট দপ্তর যথাযথ উদ্যোগ গ্রহণ করে থাকেন।

Statement referred to in reply to Clause 'Ka' of question No. 360 (Admitted question No. 2419).

বন্ধ সিনেমা হলের তালিকা

ক্রমিক সংখ্যা	জেলা	স্থায়ী	অস্থায়ী	মোট	কারণ
১।	কলিকাতা ...	৫	...	৫	শ্রমবিরোধ
২।	হাওড়া ...	৩	২	৫	ঐ
৩;	হুগলী ...	৪	...	৪	কর্মচারীদের বেতনবৃদ্ধি সংক্রান্ত ব্যাপারে।
৪।	বাঁকুড়া ...	২	...	১	মেরামতি, এবং শ্রমবিরোধ
৫।	মুর্শিদাবাদ	...	১১	১১	লাইসেন্স নবীকরণ না করার জন্য।
৬।	বর্ধমান ...	৪	...	৪	শ্রমবিরোধ
৭।	পশ্চিম দিনাজপুর	...	২	২	লাইসেন্স নবীকরণ না করার জন্য।
৮।	কুচবিহার ...	...	১	১	ঐ
৯।	পুরুলিয়া ...	...	...	...	...
১০।	দার্জিলিং ...	...	...	...	..
১১।	বীরভূম ...	...	...	...	...

ক্রমিক সংখ্যা	জেলা		স্থায়ী	অস্থায়ী	মোট	কারণ
১২।	জলপাইগুড়ি	...	২	...	২	১টি আইনসঙ্গত কারণে এবং অপরটি বৈদ্যুতিক ত্রুটির দরুন
১৩।	নদীয়া	...	৪	...	৪	শ্রমবিরোধ
১৪।	মেদিনীপুর	...	১	...	১	মেরামতি
১৫।	মালদহ	...	১	...	১	শ্রমবিরোধ
১৬।	২৪-পরগনা	...	৩	৫	৮	১টি লক আউট লাইসেন্স নবীকরণ স্থগিত ২টি।
			২৯	২১	৫০	

Provision of infrastructural facilities

361. (Admitted question No. 2437). **Shri Sk. Anwar Ali :** Will the Minister-in-charge of Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) whether it is a fact that some infrasrtuctural facilities recommended by the SSI Development Commissioner in New Delhi are not provided in the industrial estates in West Bengal ;

(b) (i) what are such amenities which are not made available to the entrepreneurs in the industrial estates in West Bengal ; and

(ii) the steps taken and / or contemplated by the State Government to provide all such facilities and recommended by the SSI Development Commissioner in New Delhi for being provided in the industrial estates ?

Minister for Cottage and Small Scale Industries Department : (a) It is not a fact.

Usual facilities like streets, sanitary arrangements, electricity and water supply are provided in all industrial estates in West Bengal. Government of India, however, have formulated a new scheme of providing assistance on infrastructural development in one or more identified growth centres in "no industry districts". In this State, the districts of Bankura, Jalpaiguri, Malda and Cooch Behar including "special region" district of Darjeeling have been categorised as "no industry district". The Government of India will provide 1/3rd of the total cost of infrastructural development in these areas up to a maximum of Rs. 2 crores per district. Details of procedures have not

yet been laid out by the Government of India and the matter is being processed.

(b) (i) Does not arise.

(ii) The State Government have formed Task Forces for each of the "no industry district" to go into details of the programme of infrastructural development so that concrete programmes may be considered by the Government.

Vigilance Commission for panchayat functionaries

362. (Admitted question No. 2444). **Shri Sk. Anwar Ali :** Will the Minister-in-charge of the Panchayats and Community Development Department be pleased to state—

(a) whether the State Government has any proposal to set np any authority to keep vigilance and/or to look into the cases of corruptions, misappropriation or abuse of powers and positions by the panchayat functionaries on the same pattern as the Vigilance Commission ;

(b) if so, what is the position in the matter ; and

(c) if no, what are the arrangements made and/or proposed to be made by the State Government to deal with such matters ?

Minister-in-charge of the Panchayat and Community Development Department : (a) No.

(b) Does not arise.

(c) The West Bengal Panchayat Act, 1973 already provides for measures to this effect. As for example, section 205 of the said Act empowers the Government to appoint officers for the purpose of inspection of work, books of records, plans, estimates, etc., of any panchayat body. Similarly, section 209 puts a curb on the excess or abuse of powers by any panchayat body. Besides, amendments are being considered in the Act providing for joint operation of the gram panchayat fund and enlarging the scope of the higher tier to examine and supervise the work undertaken by lower tiers.

গ্রামের গরীব মানুষদের জন্য গৃহ নির্মাণ

৩৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৫৬।) **শ্রীনবনী বাউরী :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ (ফেব্রুয়ারি মাস পর্যন্ত) আর্থিক বৎসরে গ্রামের গরীব মানুষদের জন্য গৃহনির্মাণ বাবদ মোট কত টাকা খরচ করা হয়েছে ;

(খ) উক্ত সময়ে মোট কতগুলি গৃহনির্মাণ করা হয়েছে ; এবং

(গ) উহাতে কতগুলি পরিবার উপকৃত হয়েছেন ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ (ফেব্রুয়ারি মাস পর্যন্ত) আর্থিক বৎসরে গ্রামের গরীব মানুষদের জন্য গৃহ নির্মাণ বাবদ যথাক্রমে ১,২০,৪৯,০০০ টাকা, ২,২০,৪৭,৫০০ টাকা এবং ১,১৭,১৯,৭৫০ টাকা খরচ করা হয়েছে। মোট খরচের পরিমাণ ৪,৫৮,১৬,২৫০ টাকা।

(খ) উপরোক্ত আর্থিক বৎসরে মোট ৪৩,০১৭টি গৃহনির্মাণ করা হয়েছে।

(গ) উপরোক্ত গৃহ নির্মাণের ফলে মোট ৪৩,০৪৭টি পরিবার উপকৃত হয়েছেন।

পাঁচগেছিয়া বুথের সন্নিকটে জনৈক গোপাল রাহাকে হত্যার ঘটনা

৩৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৭২।) **শ্রীবিজয় পাল:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিগত ৩১শে মে, ১৯৮৩ তারিখে পঞ্চায়েত নির্বাচনের দিন পাঁচগেছিয়া (বারাবনী থানা, বর্ধমান) বুথের সন্নিকটে জনৈক গোপাল রাহাকে হত্যা করা হয় ; এবং

(খ) সত্য হইলে,—

(১) এই ঘটনায় জড়িত ব্যক্তিদের নাম কি কি,

(২) নিহত ব্যক্তি ও উক্ত হত্যাকাণ্ডে জড়িত ব্যক্তিরা কোন্ কোন্ রাজনৈতিক দলভুক্ত, ও

(৩) বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে ?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ, সত্য।

(খ) (১) মাণিক উপাধ্যায়, শিশির উপাধ্যায়, প্রদীপ মিশ্র, সেখ সিদ্দিক, রঘুনাথ সিংহ, দীনবন্ধু উপাধ্যায়, অসিত উপাধ্যায়, মিহির উপাধ্যায়, সেলিম ফিটার, সুকু পাশি, প্রদীপ বিশ্বাস, বাপী ঘোষাল, বারিদ ব্যানার্জী, ছোটকা মিশ্র, সাকির খাঁ, ফারুক খাঁ, কুদ্দুস বাংগালিয়া, পৃথ্বীপাল সিং, বি কে মিশ্র এবং আরও অনেকে বলে তদন্তে প্রকাশ।

(২) নিহত ব্যক্তি সি. পি. এম. দলভুক্ত। উক্ত হত্যাকাণ্ডে জড়িত ব্যক্তিরা কংগ্রেস (ই) দলভুক্ত।

(৩) এই ঘটনার পরিপ্রেক্ষিতে বারাবনী থানায় একটি মোকদ্দমা রুজু করা

হয়েছে। এখন পর্যন্ত ২২ জন আসামীকে গ্রেপ্তার করা হয়েছে এবং ৩৪ জন আসামী আদালতে আত্মসমর্পণ করেছে। তদন্ত চলছে।

অপ্রথাগত শিক্ষণ কেন্দ্র

৩৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৬০১।) **শ্রীবিভূতিভূষণ দে:** শিক্ষা (সামাজিক, অপ্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রথাবহির্ভূত শিক্ষাকেন্দ্রগুলিতে ১৯৮৩-৮৪ সালে কত সংখ্যক ছাত্র-ছাত্রী শিক্ষা গ্রহণ করেছেন ; এবং

(খ) ১৯৮৪-৮৫ আর্থিক বছরে এই রাজ্যে কতগুলি নূতন এই জাতীয় শিক্ষাকেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের আছে ?

শিক্ষা (সামাজিক, অপ্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ৪ লক্ষ ১ হাজার জন।

(খ) রাজ্য ও কেন্দ্র সরকারের বরাদ্দ সাপেক্ষে ১,০০০টি এবং কেবলমাত্র মেয়েদের জন্য আরও ৬০০টি।

Improvement of Mohammad Bazar Public Health Centre

366. (Admitted question No. 2700). **Shri Sasanka Sekhar Mondal:** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) whether any proposal has been taken by the State Government to improve the condition of the Public Health Centre situated at Mohammad Bazar with regard to raising the strength of doctors, nurses and transportation service ; and

(b) if so, what steps have been taken so far ?

Minister-in-charge of the Health and Family Welfare Department: (a) No.

(b) Does not arise.

গ্রন্থাগারিক শিক্ষণ কেন্দ্র

৩৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৬২৭): **শ্রীনিরোদ রায়চৌধুরী:** শিক্ষা (সামাজিক, অপ্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় মোট কতগুলি গ্রন্থাগারিক শিক্ষণ কেন্দ্র (সার্টিফিকেট কোর্স) আছে ;

(খ) নূতন শিক্ষাকেন্দ্র খোলার ব্যাপারে রাজ্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ;

(গ) থাকলে, (১) কোথায় কোথায় ঐ কেন্দ্র খোলার প্রস্তাব আছে ; এবং

(২) কতদিনে তা কার্যকরী হতে পারে বলে আশা করা যায় ?

শিক্ষা (সামাজিক, অপ্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) বর্তমানে বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ ; কলকাতা এবং রামকৃষ্ণ মিশন আশ্রম, রহড়ার সহিত যুক্ত দুইটি গ্রন্থাগার বিজ্ঞান শিক্ষাকেন্দ্র (সার্টিফিকেট স্তরের) চালু আছে।

(খ) হঁ্যা। নূতন শিক্ষাকেন্দ্র খোলার পরিকল্পনা আছে।

(গ) (১) পিপলস জনতা কলেজ, কালিম্পং ও পিপলস জনতা কলেজ, বাণীপুরে দুইটি গ্রন্থাগার বিজ্ঞান শিক্ষাকেন্দ্র (সার্টিফিকেট স্তরের) চালু করার ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

(গ) (২) অদূর ভবিষ্যতে কেন্দ্র খুলিবার পরিকল্পনা কার্যকরী হইবার আশা আছে।

যুব কল্যাণ দপ্তরের অফিস

৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৯০৯।) **শ্রীবামাপদ মুখার্জী:** যুব কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতগুলি যুব কল্যাণ দপ্তরের অফিসে খোলা হইয়াছে ;

(খ) তন্মধ্যে কোন্ কোন্ ব্লকে এখনও পর্যন্ত ঐ অফিস খোলা হয় নি ; এবং

(গ) ঐ সমস্ত যুব কল্যাণ অফিসের মাধ্যমে গত দুই বৎসরে কতগুলি বেকার স্বনিযুক্তি প্রকল্পে নিয়োজিত হইয়াছে ?

যুব কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) এ পর্যন্ত মোট ৩৩৫টি ব্লক যুব অফিস খোলা হইয়াছে।

(খ) যে ছয়টি ব্লকে ব্লক যুব অফিস এখনও খোলা হয় নি সেই ব্লকগুলির নাম নিম্নে দেওয়া হইল :

	জেলা	ব্লক
১।	মেদিনীপুর	(১) পটাশপুর—২
		(২) খেজুড়ি—২
২।	হুগলী	(৩) গোঘাট—২
৩।	২৪-পরগনা	(৪) ব্যারাকপুর—২
৪।	নদীয়া	(৫) করিমপুর—২
৫।	কুচবিহার	(৬) তুফানগঞ্জ—২

(গ) গত ১৯৮১-৮২ সালে ৯৭৪ (নয় শত চুয়াত্তর) এবং ১৯৮২-৮৩ সালে ৪৪ (চার শত সাতচল্লিশ) জন বেকার স্বনিযুক্তি প্রকল্পে নিয়োজিত হয়েছে। ১৯৮৩-৮ সালের সংখ্যা জানানো সম্ভব হল না, কারণ সব জেলা অফিসগুলি হইতে এখন কোন প্রগ্রেস রিপোর্ট পাওয়া যায় নি।

উলুবেড়িয়া রবীন্দ্র ভবন

৩৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৮২।) **শ্রীরবীন্দ্র ঘোষ:** গত ১৯-৪ ৮ তারিখের প্রশ্ন নং ৩৩৩ (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭২)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে তথ ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার উলুবেড়িয়া রবীন্দ্র ভবনটির নির্মাণকার্য কতদিনে শে হইবে বলিয়া আশা করা যায়;

(খ) উক্ত নির্মাণকার্যের জন্য এ পর্যন্ত কত টাকা সরকার মঞ্জুর করিয়াছেন; এবং

(গ) এ পর্যন্ত কত টাকা উক্ত খাতে খরচ হইয়াছে?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) নির্দিষ্ট করে বলা সম্ভব নয়

(খ) সরকারের বিভিন্ন বিভাগ থেকে মোট ২,৫০,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে

(গ) প্রাপ্ত তথ্য অনুযায়ী এ পর্যন্ত উক্ত খাতে মোট ৫,০৮,১৮২.৩৭ টাকা খর হইয়াছে।

নূতন মদের দোকান খোলার অনুমোদন

৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৪৫।) **শ্রীশেখ ইমাজুদ্দিন ও শ্রীনুরুল ইসলা চৌধুরী:** আবগারী বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে পশ্চিমবঙ্গে মোট কতগুলি নতুন মদের দোকান খোলার অনুমতি সরকার কর্তৃক দেওয়া হইয়াছে; এবং

(খ) বর্তমানে নূতন মদের দোকান খোলার সরকারী নিয়ম কি?

আবগারী বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) বিলাতী মদ, দেশী মদ ও পচাই মদের দোকানের মোট সংখ্যা

১৯৮০-৮১ ... ১৯

১৯৮১-৮২ ... ৮

১৯৮২-৮৩ ... ১৬

(খ) বেআইনী মদের উৎপাদন ও ব্যবসা দমন করার উদ্দেশ্যে ও স্থানীয় ক্রেতাদের চাহিদা মিটাইবার নিমিত্ত, যদি কোন স্থানে নূতন দোকান খোলার প্রয়োজন বোধ করা হয়, তখনই বিজ্ঞাপন মারফত জনসাধারণ ও বিশেষ বিশেষ প্রতিষ্ঠানের মতামত আহ্বান করা হয়। তারপর স্থানীয় বিধানসভার সদস্যের লিখিত অনুমতি লওয়ার পর সরকারী অনুমোদন লইতে হয়। সরকারী অনুমোদন পাওয়ার পর জেলা সমাহর্তা দোকানের জন্য আবেদন আহ্বান করেন এবং উপযুক্ত প্রার্থী নির্বাচন করিয়া ঐ দোকানের লাইসেন্স প্রদান করেন।

বাঁকুড়া জেলায় দেশী ও পচাই মদের দোকান

৩৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৮১।) **শ্রীসুখেন্দু খাঁ:** আবগারী বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় থানাওয়ারী কতগুলি দেশী মদের ও পচাই মদের দোকান আছে ;

(খ) ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ সালে বাঁকুড়া জেলায় পচাই মদের দোকান হতে কত টাকা রাজস্ব আদায় হয়েছে ;

(গ) উক্ত আদায়কৃত অর্থ ১৯৮০-৮১ সালের তুলনায় কম না বেশী ; এবং

(ঘ) উপরের 'গ' প্রশ্নের উত্তর কম হলে তার কারণ কি ?

আবগারী বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) তালিকা নিম্নে দেওয়া হইল।

(খ) ১৯৮২-৮৩ সালে ৯,৬৪,২১৫ টাকা এবং ১৯৮৩-৮৪ সালে ৮,০০,৬১৪ টাকা।

(গ) ১৯৮০-৮১ সালে আদায়কৃত ৯,৮৬,৫৬৬ টাকার তুলনায় কিছু কম।

(ঘ) চালের মূল্যবৃদ্ধি ও খরার জন্য।

Statement referred to in reply to clause 'Ka' of Unstarred question No. 371
(Admitted question No. 3181)

Number of Country Spirit and Pachwai Shop in the district of Bankura

Sl. No.	P.S.				Pachwai	Country Spirit
1.	Saltora	...	...	...	17	3
2.	Mejhia	...	...	...	8	2
3.	Gangajalghati	...	...	...	9	—
4.	Barjora	...	...	...	13	5
5.	Bankura	...	...	...	10	5

Sl. No.	P.S.				Pachwai	Country Spirit
6.	Chhatna	...	...	...	6	6
7.	Onda	...	...	...	12	2
8.	Taldangra	...	...	...	8	5
9.	Simlapal	...	...	...	4	2
10.	Raipur	...	...	...	4	5
11.	Indpur	...	...	...	5	3
12.	Sonamukhi	...	...	...	13	3
13.	Patrasayar	...	...	...	10	7
14.	Indus	...	...	...	6	—
15.	Kotulpur	...	...	...	5	2
16.	Joypur	...	...	...	6	—
17.	Bishnupur	...	...	...	9	—
18.	Khatra	...	...	...	—	7
19.	Ranibandh	...	...	...	—	6
			Total	...	145	63

ঝিলমিলি এলাকায় অভ্রের মজুত ভাণ্ডার

৩৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৩২০০।) **শ্রীরামপদ মাণ্ডি:** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার ঝিলিমিলি এলাকায় অভ্রের মজুত ভাণ্ডার সম্পর্কে সরকারের কাছে কোন তথ্য আছে কিনা ;

(খ) থাকিলে, তাহার পরিমাণ কত ; এবং

(গ) উক্ত অভ্র উত্তোলনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ব্যবসায়িক ভিত্তিতে বাঁকুড়া জেলায় ছোট ছোট অভ্রের উত্তোলন সম্ভব নয়। তাই ঐরকম খনিজ পদার্থের সঞ্চয়ের পরিমাণ সাধারণতঃ নির্ধারণ করা হয় না। এক্ষেত্রেও হয় নি।

(গ) না।

গঙ্গারামপুর গ্রামে বেঙ্গল বোন মিল

৩৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩২০৮।) **শ্রীরবীন্দ্রনাথ ঘোষঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার অন্তর্গত উলুবেড়িয়া থানার গঙ্গারামপুর গ্রামে বেঙ্গল বোন মিলটি বর্তমানে চালু আছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত মিলের লাইসেন্স আছে কিনা?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ও (খ) মিলটি ক্ষুদ্র শিল্পসংস্থা হিসাবে নিবন্ধভুক্ত নয়। এর কারণ মিলটি সম্পর্কে এই দপ্তরের কোন তথ্য জানা নেই।

আই. সি ডি. প্রকল্পে শিশুখাদ্য প্রদান

৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৫০।) **শ্রীসুরেন্দ্রনাথ মাঝিঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, আই. সি. ডি. প্রকল্পে ছোট ছোট শিশুদিগকে কি প্রকার শিশু খাদ্য দেওয়া হয় এবং তাহার পরিমাণ কত?

ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ আই. সি. ডি, এস. প্রকল্পে প্রধানতঃ বুলগার, ডাল এবং বাটার অয়েল দ্বারা রান্না করা খাবার দেওয়া হয়। ৬ মাস হইতে ৬ বছরের শিশুদের এই প্রকল্পের মাধ্যমে মাথা পিছু দৈনিক ৮০ গ্রাম রান্না করা খাবার দেওয়া হয়।

শালবনী এলাকার উদ্বাস্তু পরিবার

৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩২২৭।) **শ্রীসুন্দর হাজরাঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত শালবনী থানা এলাকায় বর্তমানে মোট কতজন উদ্বাস্তু পরিবার আছে; এবং

(খ) উক্ত উদ্বাস্তু পরিবারগুলিকে মোট কত পরিমাণ জমি বসবাস করার জন্যে দেওয়া হয়েছে?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বর্তমানে মোট ১১৮টি উদ্বাস্তু পরিবার আছেন।

(খ) উক্ত উদ্বাস্তু পরিবারগুলিকে মোট ১৩ একর ৬.৬ ডেসিমেল জমি (১৩ একর ৬.৬ শতক) বসবাস করার জন্যে দেওয়া হয়েছে।

(At this stage the House adjourned for 15 minutes due to failure of electricity).

Adjournment

Mr. Deputy Speaker : To-day I have received four notices of adjournment motion.

The first one is from Shri Kashinath Misra on the subject of deprivation of the employees of Govt., non-Govt. and sponsored colleges from financial and other benefits.

The second is from Shri Asok Ghosh on the subject of death of many children from enteric disease in Howrah district.

The third is from Shri Naba Kumar Roy on the subject of death of 11 persons in Royganj Sub-division due to enteric desease.

And the last is from Shri Satya Ranjan Bapuli on the subject of alleged concealment of the fact regarding seizure of Assembly Car.

The subject matter of the first motion is not a fit subject for discussion by adjourning the business of the House

On the subject matters of second and third motion to which the concerned minister has already made statement in the House recently, a notice has been received under Rule 185 and admitted discussion on which will take place in the House on 26.4.1984. As regards the last one, the matter concerns the Assembly Secretariat which is administered by the Speaker and to which there is no ministerial responsiblity.

I, therefore, withhold my consent to all the Motions. One member of the party may, however, read out the text of any of the first three motions as amended.

শ্রীসত্যরঞ্জন বাপুলি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিধানসভার একটি গাড়ী সম্বন্ধে বলছি। আজকে বিধানসভার গাড়ীর যদি অপব্যবহার হয়।

মিঃ ডেপুটি স্পীকার : মিঃ বাপুলি, আপনি বসুন। এখানে বিধানসভার ব্যাপারে কোন আলোচনা হবে না। অশোকবাবু, আপনি বলুন।

শ্রীঅশোক ঘোষ : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতুবি রাখছে।

বিষয়টি হোল—হাওড়া জেলাতে ব্যাপকভাবে আন্ত্রিক রোগ দেখা দিয়েছে। কয়েক শত শিশুর মৃত্যুও ঘটেছে। শহরে এবং গ্রামাঞ্চলে, বিশেষতঃ শিল্প-কারখানাগুলিতে ব্যাপকভাবে পানীয় জলের অভাব দেখা দিয়েছে। আন্ত্রিক রোগের জন্য প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয় নি। ঔষুধপত্রও পাওয়া যাচ্ছে না।

Calling attention to matters of Urgent Public Importance

Mr. Deputy Speaker : I have received 5 notices of calling attention, namely—

1. Reported death of six persons from Bus-accident at Megia, Bankura on 21.4.84—Shri Kashinath Misra.
2. Outbreak of enteric disease resulting death of many children in different districts of West Bengal—Shri Asok Ghosh.
3. Non supply of medicine to the Health Centres of Islampur to check the epedemic of Bacillery dysentry—Shri Md. Abdul Karim Chowdhury.
4. Mismanagement and inhygenic condition in North Bengal Medical College and Hospital—Shri Md. Abdul Karim Chowdhury.
5. Collision between a Bus and Rail engine causing injury to many Passengers at Memari on 22.4 84—Shri Shish Mohammad.

I have selected the notice of Shri Kashinath Misra on the subject of Reported death of six persons from bus accident at Megia, Bankura on 21.4.84

The Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : Sir, on the 27th instant.

Mr. Deputy Speaker : The Minister in charge of Home (Police) Department will please make a statement on the subject of alleged attack on Bagdah Police Station on the 22nd April, 1984 by a mob and physical assault on policemen including the S.D.P.O. of Bongaon. Attention called by Shri Sachin Sen on the 23rd April, 1984.

[2 20—2.30 P.M.]

Shri Jyoti Basu : Mr. Deputy Speaker Sir, In reply to the Calling Attention Notice given by Shri Sachin Sen, M.L.A., regarding the alleged attack on Bagdah P.S. and assault on policemen including the Sub-divisional Police Officer, Bongaon on 22.4.84, I rise to make the following statement.

2. Shri Ram Chandra Bose, General Secretary, Bagdah Block Congress(I) Committee submitted a written letter to O.C. Bagdah P.S. on 19.4.84, intimating that the Congress(I) followers would give a mass deputation to the O.C. under the leadership of Shri Apurba Lal Majumder on 21.4.84 at 16.00 hrs. over alleged deterioration of law and order situation in various places of Bagdah P.S. and over alleged torture upon Congress(I) followers by the supporters of the Left Front. Earlier Shri Bimal Bagchi, a local Congress(I) leader of Bagdah had met S.D.P.O. Bongaon in his office on 18.4.84 and had informed him about their proposed deputation at Bagdah P.S. He had added that the deputation would be a peaceful one and a few Congress(I) leaders including Shri Apurba Lal Majumder would like to meet the S.D.P.O. at Bagdah P.S.

3. Accordingly S.D.P.O. Bongaon was present at Bagdah P.S. on 21.4.84 from 16.00 hrs. Police arrangements were made to prevent any untoward incident. The police personnel were, however, instructed to allow the leaders of the Congress(I) deputationists to meet the S.D.P.O. Bangaon in the chamber of O.C. Bagdah P.S.

4. The Congress(I) followers, numbering about 950 carrying festoons, microphones, etc. were parading. Helencha Bazar area at about 17.30 hrs. on 21.4.84 shouting various slogans. They assembled on the road in front of the Police Station gate at about 17.45 hrs. Shri Apurba Lal Majumder delivered a speech almost inciting the processionists. Incourse of his lecture he even threatened that they would teach the police a good lesson now for so called inaction on various issues and highhandedness upon the followers of Congress(I).

5. At this stage the demonstrators became violent and started throwing brick-bats upon the police personnel on duty. They also attempted to enter into the Police Station campus forcibly in a body.

The policemen on duty under charge of O.C. Bagdah P.S. tried to pacify them and requested the leaders to control their followers. They also urged that the leaders only should meet the S.D.P.O. in the chamber of the O.C. This had no effect. The demonstrators grew more violent and threw brick-bats from different corners aiming at the policemen. As a result, S.I. Swapan Pal, O.C. Bagdah P.S. and some other Officers and Constables sustained injuries. Some of them started bleeding from their persons. When the S.D P.O. Bongaon came out and wanted to talk to the leaders in a bid to control the situation, he was surrounded and beaten with lathis and iron rods. He fell down and his security guard who wanted to shield the S.D.P.O. got seriously beaten up. As the mob grew more voilent, the S.D.P.O. declared the assembly unlawful. Lathi-charge was made after due caution. The mob ran in various directions but re-grouped themselves once again and continued to throw brick-bats upon the police personnel. Some of them collected lathis and attacked the policemen The mob continued their violent activities and also attempted to snatch awa

the service revolver of S.I. S. N. Dev. Shri Apurba Lal Majumder had by then disappeared. Shri Bimal Bagchi, a local Congress(I) Leader tried to pacify the violent mob but nobody listened to him.

6. Finding no other alternative to save the lives of the police personnel and to protect Government property, S.D.P.O. Bongaon issued orders to open fire to disperse the riotous crowd. Three rounds were fired. The mob dispersed and started running in different.

7. The Police party chased the riotous fleeing mob and arrested a number of them. While fleeing away the mob snatched away the wrist watch of Constable 5161 Brij Kishore Singh. They also ransacked the shops at Halencha Bus-stand. The police party seized some brick-bats, lathis, remnants of bombs etc. left behind by the mob. A case has been lodged in the Bagdah P.S. So far 37 F.I.R. named accused persons have been arrested. 11 F.I.R. named accused persons including Shri Apurba Lal Majumder are yet to be arrested. It has been reported that the demonstrators included known anti-social elements and criminals of the area. Out of the 37 persons, 3 persons viz. Anil Mullick, Bikash Mullick and Nirmal Mullick are known criminals and wanted in specific murder and dacoity cases. They were carrying lethal weapons.

8. In course of the above incident, S.D.P.O. Bongaon, O.C. Bagdah P.S., two other officers, nine constables and two Home-Guards, were injured. They were given medical aid at Bagdah Primary Health Centre. Constable Gouranga Lenka's injury has been more serious. He is now undergoing treatment at Bongaon Sub-divisional Hospital. None was injured because of firing.

9. The situation is at present under control and under close watch. Strong police patrol has been introduced in the area. The Superintendent of Police, 24-Parganas and other senior officers visited the area and supervised the case locally.

Mr. Deputy Speaker : Now I call upon the Minister-in-charge of Education (Higher) Department to make a statement on the subject of reported failure of the Rabindra Bharati Society to preserve valuable arts and paintings of many scholars of Bengal including Rabindranath Tagore.

(Attention called by Shri Sumanta Kumar Hira on the 3rd April, 1984).

শ্রীশম্ভু চরণ ঘোষ : রবীন্দ্রনাথ ঠাকুর সহ বাংলার বহু পণ্ডিত ব্যক্তির শিল্প এবং চিত্রকলাসমূহ সংরক্ষণে রবীন্দ্র ভারতী সোসাইটির ব্যর্থতা সম্পর্কে বিধানসভার মাননীয় সদস্য শ্রীসুমন্ত হীরার দৃষ্টি আকর্ষণ প্রস্তাবের জবাবে নিম্নলিখিত বিবৃতি দিতে চাই :

রবীন্দ্র ভারতী সোসাইটিকে পশ্চিমবঙ্গ সরকার কোন প্রকার অনুদান দেন না এবং সরকারের এই সংস্থাটির উপর কোন নিয়ন্ত্রণও নেই। তবু সরকার অনুসন্ধান

করে দেখেছেন যে, ১৮৬০ সালের সোসাইটি এ্যাক্ট অনুযায়ী রবীন্দ্র ভারতী একটি রেজিষ্ট্রিকৃত সংস্থা। ১৯৪৭ সালের ১৫ই জানুয়ারী এই সংস্থাটি সৃষ্টি হয়। এর আওতাধীন সম্পদ হল ঃ

(১) রবীন্দ্র সাহিত্যের প্রথম সংস্করণের সমস্ত গ্রন্থ, (২) অবনীন্দ্রনাথ, গগনেন্দ্রনাথ, জ্যোতিরিন্দ্রনাথ, স্বর্ণময়ী দেবী, নন্দলাল, মুকুল দে, বিনোদ বিহারী, রাধা বাগচী, অসিত কুমার হালদার, যামিনী রায়, আব্দুল মইন, সুনীল পত্ম প্রমুখ আধুনিক ভারতীয় চিত্রকলার প্রাণপুরুষদের ঐতিহ্যমণ্ডিত প্রায় ৫০৩৬টি তেল রঙ, জল রঙ, রেখাচিত্র, গ্রাফিক চিত্র এবং কালীঘাটের দুষ্প্রাপ্য পটচিত্র, (৩) কবি ব্যবহৃত মোটর গাড়ি, (৪) ইন্দিরা দেবী ব্যবহৃত পিয়ানো, (৫) কবি কণ্ঠের ডিস্ক রেকর্ড, (৬) বিদেশ থেকে সংগৃহীত রবীন্দ্রনাথের মূল্যবান ফটো ও তথ্যপঞ্জী (৭) সত্যজিৎ রায় কৃত রবীন্দ্রনাথ সম্পর্কে দুটি তথ্য চিত্রের প্রিন্ট, (৮) মূল্যবান ছবির ব্লক।

বঙ্গ সংস্কৃতির নব জাগৃতির ঐতিহ্যপূর্ণ সৃষ্টিশীল সম্পদগুলি সংগ্রহ করা, সাধারণে প্রদর্শনের জন্য বিজ্ঞানসম্মত ব্যবস্থা করা, গবেষণার কাজে সহায়তা এবং বঙ্গ সংস্কৃতির প্রসারে কার্যকরী ভূমিকা পালন ইত্যাদি সোসাইটির ঘোষিত মূল লক্ষ্য ও উদ্দেশ্য।

বর্তমানে অনেক ছবির অবস্থা মর্মান্তিক, ফাংগাস ধরেছে, পোকায় কাটছে, রঙ ঝরে পড়ছে, মলিন হচ্ছে, কালীঘাটের চিত্রপটগুলিতে রঙ ঝরে ঝরে গভীর ক্ষত সৃষ্টি করেছে। প্রধান শিল্পী চিন্তামণি কর লিখিত প্রস্তাবে চিত্র সম্পদগুলির রক্ষণাবেক্ষণের সম্ভাব্য পন্থা সম্পর্কে সোসাইটি কর্তৃপক্ষকে অবহিত করেছেন। দিল্লীর ন্যাশনাল মিউজিয়াম কর্তৃপক্ষকে অবহিত করেছেন। দিল্লীর ন্যাশনাল মিউজিয়াম কর্তৃপক্ষ সোসাইটি পরিদর্শন করে সোসাইটির কর্মকর্তাদের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের যথার্থতা স্বীকার করে চিত্রাবলী সংরক্ষণের আধুনিক উপায় সম্পর্কে কয়েক দফা প্রস্তাব পেশ করেছিলেন। সোসাইটির কর্তৃপক্ষ যদিও সে বিষয়ে কিছু কিছু ব্যবস্থা ইতিমধ্যে গ্রহণ করেছেন, কিন্তু তা যথেষ্ট নয়।

অতঃপর দিল্লীর ন্যাশনাল মিউজিয়াম এবং কলিকাতার ভিক্টোরিয়া মেমোরিয়াল বাংলার তথা ভারতের অমূল্য সাংস্কৃতিক সম্পদগুলি রবীন্দ্র ভারতী সোসাইটির তত্ত্বাবধানে রাখার বিরুদ্ধে অভিমত ব্যক্ত করে। সোসাইটি কর্তৃপক্ষ চিত্র ও সংস্কৃতির সম্পদগুলি রক্ষণাবেক্ষণের যথাযথ উপায় উদ্ভাবনের জন্য, নিম্নবর্ণিত ব্যক্তিদের নিয়ে একটি কমিটি গঠন করেছেন ঃ

(১) ডঃ এস. সাহারে—ন্যাশনাল গ্যালারী অব আর্ট—নিউ দিল্লী

(২) ডঃ কে. জি. সুব্রমানিয়াম

(৩) ডঃ প্রথমনাথ বিশি

(৪) ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র

(৫) এস. এ. মাসুদ—ভূতপূর্ব বিচারক, কলিকাতা হাইকোর্ট।

যদিও সংস্কৃতি জগতের অমূল্য সম্পদগুলি রক্ষনাবেক্ষণের জন্য উক্ত কমিটি গঠিত হয়েছে, কিন্তু একটি বেসরকারী সংস্থা কি সত্য সত্যই এ বিষয়ে সফলকাম হবেন? রাজ্য সরকারের হাতে যদি দায়িত্ব দেওয়া হয়, তবে শিল্প জগতের মূল্যবান সম্পদগুলি নিয়ে একটি আর্ট গ্যালারী রচনার দায়িত্ব গ্রহণের কথা সরকার চিন্তা করতে পারবেন এবং তা হবে জাতীয় পর্যায়ে একটি উল্লেখযোগ্য ঘটনা।

[2.30—2·40 P.M.]

Mr. Deputy Speaker : Now I call upon the Minister-in-charge of Education Higher) Department to make a statement on the subject of reported approval of appointment of Pro-Vice-Chancellor by the Chancellor of Calcutta University.

শম্ভুচরণ ঘোষ : কলকাতা বিশ্ববিদ্যালয়ের আচার্য কর্তৃক ঐ বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলার নিয়োগ অনুমোদনের সংবাদ সম্পর্কে বিধানসভার মাননীয় দস্য শ্রীঅমলেন্দ্র রায়ের দৃষ্টি আকর্ষণীয় প্রস্তাবের জবাবে আমি নিম্নলিখিত বিবৃতি দতে চাই :

কলকাতা বিশ্ববিদ্যালয়ে দুইটি সহ-উপাচার্যের পদ আছে। একটি সহ-উপাচার্য শিক্ষা) অপরটি সহ-উপাচার্য (অর্থ ও কার্যনির্বাহ)। কলকাতা বিশ্ববিদ্যালয় াইন, ১৯৭৯, ১২ (৪) "ক" ধারায় বর্তমান সহ-উপাচার্য (শিক্ষা), সহ-উপাচার্য অর্থ ও কার্যনির্বাহ) হিসাবেও নিযুক্ত ছিলেন ৮-১১-৮৩ হইতে ৩১-৩-৮৪ পর্যন্ত।

উপাচার্য ও ভারপ্রাপ্ত মন্ত্রীর সঙ্গে পরামর্শ করে আচার্য, সহ-উপাচার্য (অর্থ ও ার্যনির্বাহ)-কে চার বৎসরের জন্য নিয়োগ করতে পারেন। [বিশ্ববিদ্যালয়ের াইনের ১২ (১) ধারা দ্রষ্টব্য] অন্তর্বর্তী ব্যবস্থা হিসাবে ১২ (৪) ধারায় আচার্য, ারপ্রাপ্ত মন্ত্রী ও উপাচার্যের সঙ্গে পরামর্শ করে বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক বা ফিসারকে ঐ পদে কাজকর্ম চালিয়ে যাবার অনুমতি দিতে পারেন। আবার (৪) 'ক' ধারায় আচার্য, মন্ত্রী ও উপাচার্যের সঙ্গে পরামর্শ করে সহ-উপাচার্য শক্ষা)-কে সহ-উপচার্য (অর্থ ও কার্যনির্বাহ)-এর যুগ্ম-দায়িত্ব দিয়ে নিয়োগ করতে

পারেন অনধিক এক বৎসরের জন্য। এই ধারা বলে সহ-উপাচার্য (শিক্ষা) সহ-উপাচার্য (অর্থ ও কার্যনির্বাহ)-এর দায়িত্ব পালন করে গেলেন ৮-১১-৮৩ থেকে ৩১-৩-৮৪ পর্যন্ত।

১৯৮৪ মার্চের শুরুতে ভারপ্রাপ্ত মন্ত্রী, শিক্ষা সচিব যিনি আচার্যেরও সচিব তাঁর মারফৎ জানতে পারেন যে, আচার্য তাঁর সঙ্গে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য (অর্থ ও কার্যনির্বাহ)-এর নিয়োগের বিষয়ে আলোচনা করতে চান। তখনও পর্যন্ত এ বিষয়ে আচার্যের নিকট হতে মন্ত্রী আলোচনা করার জন্য সরাসরি কোন চিঠি পান নি। ৩রা মার্চের চিঠিতে মন্ত্রী আচার্যকে জানান যে, এ বিষয়ে আলোচনা করার মত কোন নামের প্রস্তাব তাঁর কাছে নেই। তিনি একথা উল্লেখ করেন যে কলকাতা বিশ্ববিদ্যালয় (সংশোধনী) বিল, ১৯৮৪ বিধানসভায় প্রচারিত হয়েছে এবং ৭-৩-৮৪ তারিখে তা সভায় আলোচিত হবে। এই বিলে সহ-উপাচার্যকে নির্বাচনের ক্ষমতা দেওয়া হয়েছে সিণ্ডিকেট ও সেনেটের উপর এবং সিণ্ডিকেট ও সেনেটের নির্বাচিত ব্যক্তিকেই উপাচার্য সহ-উপাচার্য পদে নিয়োগ করবেন। এই পরিপ্রেক্ষিতে সহ-উপাচার্য (অর্থ ও কার্যনির্বাহ) পদে নূতন করে নিয়োগের কোন আশু প্রয়োজন নেই। মন্ত্রী তাঁর ৭-৩-৮৪ তারিখের চিঠিতে আচার্যকে আবার জানান যে, ঐদিন বিলটি উত্থাপিত হয়ে সিলেক্ট কমিটিতে দেওয়া হয়েছে এবং সিলেক্ট কমিটি চলাকালীন এ বিষয়ে আলোচনা করা সমীচীন হবে না। উত্তরে আচার্য ৯ই মার্চ তারিখে জানান যে উপাচার্যের একান্ত অভিমত যতশীঘ্র সম্ভব কাউকে স্থায়ীভাবে চার বৎসরের জন্য নিয়োগ করা হোক এবং আচার্য এ বিষয়ে মন্ত্রীর সঙ্গে আলোচনার ইচ্ছা প্রকাশ করেন। প্রসঙ্গতঃ উল্লেখ করা যেতে পারে শিক্ষামন্ত্রী এই প্রথম সরাসরি আচার্যের কাছ থেকে সরকারীভাবে চিঠি পেলেন। ১২-৩-৮৪ তারিখের চিঠিতে মন্ত্রী আচার্যকে জানান যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য (অর্থ ও কার্যনির্বাহ) নিয়োগ সম্পর্কে কোন আলোচনা উপাচার্যের সঙ্গে তাঁর হয় নি। উপরন্তু ১২ (৪) 'ক' ধারায় বর্তমান অস্থায়ী ব্যবস্থা ৩১-৩-৮৪ পর্যন্ত চলবে এবং যেহেতু ২৩শে মার্চ তারিখে সিলেক্ট কমিটির প্রস্তাবসহ কলকাতা বিশ্ববিদ্যালয় (সংশোধনী) বিলটি বিধানসভায় আলোচিত হবে সেই হেতু এখনই কোন ব্যবস্থা নেবার তিনি পক্ষপাতী নন। এতে বিধানসভার মর্যাদাহানি করা হবে।

১৯৮৪-র ২১শে মার্চ আলোচনার পর সংশোধনী সহ বিলটি সভায় গৃহীত হল। এরপর রাজ্যপালের সম্মতি পেলেই বিলটি আইনে পরিণত হবে। কিন্তু সহ-উপাচার্য (শিক্ষা)-র সহ-উপাচার্য (অর্থ ও কার্যনির্বাহ) হিসাবে যুগ্ম কার্যকাল আর দুইদিন পরে শেষ হয়ে যাবে। অথচ এই কার্যকাল আইনতঃ ১৯৮৪-র ৭ই নভেম্বর

পর্যন্ত অর্থাৎ পুরো এক বৎসর পর্যন্ত চলতে পারে। সেইজন্য মন্ত্রী আচার্যের নিকট নথিতে এই প্রস্তাব পাঠালেন যে বর্তমান ব্যবস্থা আরও দু' মাস চলতে পারে। ইতিমধ্যে সংশোধনী বিল পাশ হলে নতুন ব্যবস্থা অনুযায়ী সিণ্ডিকেট ও সিনেট সহ-উপাচার্য (অর্থ ও কার্যনির্বাহ) পদে কাউকে নির্বাচন করতে পারবে। উত্তরে ৩০শে মার্চ তারিখের চিঠিতে আচার্য তাঁকে আবার জানালেন যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ঐ পদে স্থায়ীভাবে নিয়োগের একান্ত প্রয়োজনীয়তা অনুভব করছেন এবং এই বিষয়ে আলোচনা করার জন্য তিনি মন্ত্রীকে আমন্ত্রণ জানান, কিন্তু সংশোধনী আইন প্রণয়নের কাজ যখন চূড়ান্ত পর্যায়ে পৌঁছেছে তখন ঐ পদে পুরানো আইন অনুযায়ী চার বৎসরের জন্য নিয়োগ নতুন আইনের কার্যকারিতাকে একান্তভাবে লঙ্ঘন করবে। এই কথা বিবেচনা করে মন্ত্রী হিসাবে আমি আর আলোচনার প্রয়োজনীয়তা অনুভব করি না। বিধানসভায় গৃহীত কলকাতা বিশ্ববিদ্যালয় (সংশোধনী) বিল, ১৯৮৪ ৩১শে মার্চ তারিখে রাজ্যপালের নিকট পেশ করা হয়। বিলটি বর্তমানে রাজ্যপালের অনুমোদনের অপেক্ষায় আছে।

Mr. Deputy Speaker : I now call upon the Minister-in-charge of Higher Education Department to make a statement on the subject of stoppage of lasses in the Berhampore College of Textile Technology following deterioraion of relation between the students and the teachers. (Attention called by hri Jayanta Kumar Biswas and Shri Shish Mohammad on the 11th April, 984).

শ্রীশম্ভুচরণ ঘোষ : বহরমপুর টেক্সটাইল কলেজে সাম্প্রতিক গোলমাল সম্পর্কে বিধানসভার মাননীয় সদস্য শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ও শ্রীশীষ মহম্মদ কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণমূলক নোটিশের জবাবে আমি নিম্নলিখিত বিবৃতি দিতে চাই :

বহরমপুর টেক্সটাইল কলেজের ছাত্ররা গত ৩০শে মার্চ '৮৪ তারিখ থেকে নিম্নলিখিত বিষয়গুলির উপর আন্দোলন শুরু করে :

(১) কলেজের টেকনিক্যাল এ্যাসিস্ট্যাণ্টদের শিক্ষকদের মর্যাদা দান সম্বন্ধে দাবী পূরণ, (২) উপযুক্ত পরিমাণ কাজ না থাকায় কতকগুলি পদ অতিরিক্ত বলে বিবেচিত হয়েছে এবং সেই পদগুলি পূরণ করা হয় নি। সেই সব শূন্য পদগুলি পূরণের দাবী, (৩) কলেজের কিছু কিছু কর্মচারীর বেতনক্রমে বৈষম্য আছে বলে অভিযোগ আছে। সেই বৈষম্য নিবারণ করার দাবী, (৪) যোগ্য শিক্ষকের অভাব নিরসন এবং (৫) কলেজ ও হস্টেল গৃহের যথাযথভাবে সংরক্ষণ।

ছাত্রদের আন্দোলনের জন্য কলেজে অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়। সেই অবস্থায় নির্ধারিত সূচী অনুযায়ী কলেজের টেষ্ট পরীক্ষা গ্রহণ সম্ভব হয় নি।

৭ই এপ্রিল তারিখে ডাইরেক্টর অব টেকনিক্যাল এডুকেশন কলেজের পরিস্থিতি পরিদর্শনের জন্য বহরমপুর যান। সেখানে তিনি কলেজের অধ্যক্ষের উপস্থিতিতে ছাত্র, শিক্ষক ও অশিক্ষক কর্মচারী প্রতিনিধিদের সঙ্গে সমস্ত বিষয়গুলি নিয়ে আলোচনা করেন। আলোচনার সময় দেখা গেল যে এই বিষয়গুলির উপর কর্তৃপক্ষের মনোভাব পরিষ্কারভাবে না জানার জন্যই শিক্ষক ও ছাত্রদের মধ্যে ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়েছে। আর তার জন্যই এই গোলমাল। ডাইরেকটর অব টেকনিক্যাল এডুকেশন-এর সঙ্গে আলোচনার পর সমস্ত ব্যাপারটা সকলের নিকট পরিষ্কার হয়েছে। শিক্ষক ও ছাত্ররা আলোচনার মাধ্যমে সমস্যাগুলির সমাধানের পথ গ্রহণ করতে স্বীকৃত হয়েছেন। ১২ই এপ্রিল '৮৪ তারিখ থেকে কলেজে স্বাভাবিক অবস্থা ফিরে এসেছে। অনতিবিলম্বে ছাত্রদের টেষ্ট পরীক্ষা শুরু হবে।

মিঃ ডেপুটি স্পীকার: হায়ার এডুকেশন মিনিষ্টারের ৩টি ষ্টেটমেন্টই সার্কুলেট করা হবে।

Motion for leave to move the Rosolution for removal of Speaker Under Rule 201 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Mr. Deputy Speaker : A Resolution Under Article 179(c) of Constitution of India read with Rule 201 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly has been received from Shri Santi Mohan Roy, Shri Abdus Sattar, Shri Subrata Mukhopadhyay, Shri Atish Chandra Sinha, Shir Abdul Mannan, Shri Asok Ghosh, Dr. Sukumar Roy, Shri Suniti Chattaraj and Dr. Sisir Kumar Bose.

Now under rule 202(2) of the Rules of Procedure I call upon any of the Members in whose names the motion stands in the List of Business to move the motion for leave of the House.

Shri Abdus Sattar : Sir, I beg to move for leave to move the following resolution, namely :

"That this House regsetfully disapproves of the conduct of Shri Hasim Abdul Halim, the Speaker and resolves that he be removed from the office on the following grounds :

(1) arbitrarily disallowing questions and supplementary questions likely

to cause acute embarrassment to the Chief Minister, other Ministers, top CPI(M) leaders and high Government officials,

(2) wilfully disallowing all types of adjournment motions intending to discuss issues of public importance and problems concerning the people of the State and affecting them seriously.

(3) creating an ugly and unprecedented record by repressing the Members of the Opposition by ordering them to be mercilessly beaten in the House, by the police in the guise of Security Staff,

(4) abusing the powers to allow privilege motion and other motions and at the same time disallowing privilege motions based on genuine and reasonably sound grounds based on documentary evidences, tabled by the Members of the Opposition.

(5) contradicting his own rulings to allow the Government to vilify the Opposition at the cost of the Public Exchequer,

(6) regulating the proceedings and abusing the discretionary powers in such manner as to prevent exposure of the Government's incompetence and misdeeds and to bring about the suppression of the Opposition.

(7) illegally usurping the privileges guaranteed by the Constitution of India to Members of the Legislative Assembly,

(8) misrepresenting and misinterpreting the Rules and Procedure of the House and certain provisions of the Constitution of India,

(9) ceasing to maintain and impartial attitude necessary to command the confidence of all sections of the House,

(10) disregarding the rights of the Members of the Opposition and making pronouncements, giving rulings calculated to affect and undermine the rights and privileges of the Members of the Opposition.

(11) openly espousing the version of the Government on all controversial matters as against information supplied by the Members of the Opposition,

(12) violating the agreement reached on the 14th March, 1984 between the Chief Minister, Leader of the Opposition,and the Speaker, whereafter the Government was allowed to publish malafide and concocted documents maligning the Opposition, though the Members of the Opposition were not allowed to make even a simple reference to the incidents which led to the impasse from 8th March, 1984,

(13) allowing the Members of the Treasury Benches to attempt to kill one of the seniormost Members of the Opposition on the floor of the House and subsequently disallowing a bonafide and genuine privilege issue on the matter,

(14) misusing and abusing the powers to enforce discipline in the House,

(15) failure to maintain the supreme interest of decency, decorum and dignity of the House,

(16) failure to apply an unbiased mind to the deliberations of the House,

(17) depriving Opposition Members of the opportunity of effectively ventilating the grievances of the people."

[2.40—2.50 P.M]

Mr. Deputy Speaker : Sir, I request you that the above resolution may kindly be taken up for discussion and decision of the House.

Shri Amalendra Roy : Sir, on a point of order.

Mr. Deputy Speaker : No point of order now.

Now, under Rule 202(3) I place the above motion before the House and I would request these members who are in favour of leave being granted to rise in their places. I would ask the Secretary to count the number of those standing.

(Noise)

এবার আপনারা বসুন। (বিরোধীপক্ষের সদস্যদের উদ্দেশ্য)

ডাঃ জয়নাল আবেদিন : রেজাল্টটা কি হল একটু বলুন।

মিঃ ডেপুটি স্পীকার : আপনারা রিকয়ার্ড যা নাম্বার তার থেকে বেশী আছেন। আপনারা ৫৩ জন আছেন।

(Noise)

I now call upon Shri Amalendra Roy to raise his point of order.

(Noise)

(Voices—এর উপর পয়েন্ট অফ অর্ডার হয় না।)

(Noise)

(Several Members rose to speak)

Mr. Deputy Speaker : Honourable Member, please take your seats. I am on my legs. There will be no point of order now. Please take your seats. Amal Babu, you please take your seat.

Now I find that the required number of Members are standing. So I declare that the leave is granted and that the Resolution will be taken up on the 27th April, 1984.

Laying of Report

Tenth Annual Report of the West Bengal Mineral Development and Trading Corporation Limited for the year 1982-83.

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to lay the Tenth Annual Report of the West Bengal Mineral Development and Trading Corporation Limited for the year 1982-83.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটা লিখিত বিবৃতি পড়ছি। পশ্চিমবঙ্গ বিধানসভার কর্মপদ্ধতি ও কার্যপরিচালনা বিধির ৩৪৬ বিধি অনুসারে আমি বিধানসভায় নিম্নরূপ বিবৃতি পেশ করছি।

গত পরশু (২৩ এপ্রিল, ১৯৮৪) মাননীয় সদস্য দীপক সেনগুপ্ত বিধানসভায় উল্লেখ প্রসঙ্গে বলেন, রাজ্যের বাণিজ্য ও শিল্পমন্ত্রী বলেছেন, কেন্দ্রীয় শক্তিমন্ত্রী শিবশংকর তাঁকে জানিয়েছেন, হলদিয়া পেট্রো-কেমিক্যাল প্রকল্প সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হবে। ২২শে এপ্রিল কলকাতার বিভিন্ন সংবাদপত্রে এই সংবাদ প্রকাশিত হয়েছে। কিন্তু একই দিনে (২২শে এপ্রিল) কেন্দ্রীয় শক্তিমন্ত্রী শিবশংকরের মন্তব্য (সাংবাদিকদের নিকট) কলকাতার বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হয়েছে যে, হলদিয়া পেট্রো-কেমিক্যালের ব্যাপারে রাজ্য সরকার কিছুই করেন নি বলে এই কাজ এগোচ্ছে না। মাননীয় সদস্য দীপক সেনগুপ্ত তাই জানতে চান, কোন্ বক্তব্য ঠিক ?

আমি বিধানসভার মাননীয় সদস্যদের অবগতির জন্য এই প্রসঙ্গে প্রকৃত তথ্য পেশ করছি।

১৯৭৭ সালের নভেম্বর মাসে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন পর্ষদকে হলদিয়া পেট্রো-কেমিক্যালস প্রকল্পের জন্য লেটার অফ ইনটেন্ট মঞ্জুর করেন। শিল্পোন্নয়ন পর্ষদের পক্ষ থেকে এরও দশ মাস আগে—লেটার অফ ইনটেন্টের জন্য আবেদন করা হয়।

সবদিক থেকে বিস্তৃতভাবে বিবেচনা করে ১১ই জুলাই, ১৯৮০ তারিখে পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন পর্ষদের পক্ষ থেকে বিস্তৃত প্রকল্প রিপোর্ট কেন্দ্রীয় সরকারের শিল্প অনুমোদন মন্ত্রণালয়ের নিকট পেশ করা হয়। বিশ্বের বিভিন্ন দেশের কয়েকটি বিখ্যাত ও সহযোগী সংস্থাকে এই প্রকল্পের জন্য টেণ্ডার দেবার প্রস্তাব করা হয়েছিল। প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছিল ৪২৮ কোটি টাকা।

১৯৮১ সালের মার্চ মাসে কেন্দ্রীয় সরকারের পেট্রোলিয়াম, রসায়ন ও সার মন্ত্রণালয় থেকে জানানো হয়, ভারত সরকার এই প্রকল্পে অংশ গ্রহণ করবেন।

পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু ও প্রয়াত বাণিজ্য ও শিল্পমন্ত্রী ডঃ কানাইলাল ভট্টাচার্য কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী ও প্রধানমন্ত্রীকে বারে বারে মৌখিক আলোচনায় ও লিখিতভাবে এই প্রকল্প অনুমোদনের জন্য অনুরোধ করেন। কিন্তু কেন্দ্রীয় সরকার দীর্ঘদিন এই ব্যাপারে সম্পূর্ণ নীরব থাকেন।

অবশেষে ১৯৮২ সালের সেপ্টেম্বর মাসে কেন্দ্রীয় সরকার বলেন, প্রকল্পের কতকগুলি সংশোধন করতে হবে এবং তাঁদের কথা মত ইঞ্জিনীয়ার্স ইণ্ডিয়া লিমিটেডকে এই প্রকল্পের জন্য সংশোধিত আর্থ-কারিগরী রিপোর্ট পেশ করতে বলা হয়।

৭ই জানুয়ারী, ১৯৮৪ তারিখে ইঞ্জিনীয়ার্স ইণ্ডিয়া লিমিটেডের সংশোধিত রিপোর্ট রাজ্য সরকারের হাতে আসে। এই রিপোর্ট বিশ্লেষণ করে এই সংক্রান্ত পরামর্শদাতা কমিটিতে তা বিবেচনা করে, ২৮শে জানুয়ারী, ১৯৮৪ তারিখে কেন্দ্রীয় সরকারের শক্তি মন্ত্রণালয়ের কাছে এই রিপোর্টটি বিবেচনা ও প্রকল্প অনুমোদনের জন্য পাঠিয়ে দেয়া হয়েছে। সংশোধিত হিসাব অনুসারে এখন এই প্রকল্পের ব্যয় দাঁড়িয়েছে ৮৪৪ কোটি টাকা।

সংশোধিত রিপোর্ট কেন্দ্রীয় শক্তি মন্ত্রণালয়ের কাছে পাঠিয়ে দেবার পর প্রায় তিন মাস হতে চলল। ইতিমধ্যে রাজ্য সরকারের পক্ষ থেকে বহুবার তাগিদ দেওয়া হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ নীরব। তাঁরা এই ব্যাপারে হ্যাঁ, না, কিছুই বলেন নি।

সুতরাং এইসব তথ্য থেকে স্পষ্ট প্রমাণ হবে, হলদিয়া পেট্রো-কেমিক্যালসের ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে কখনও কোন গাফিলতি করা হয় নি, বরং সর্বদা অতি দ্রুততার সঙ্গে সব কাজ করা হয়েছে। রাজ্য সরকার এই প্রকল্পের দ্রুত রূপায়ণে বিশেষভাবে আগ্রহী। বরং ঘটনা পরম্পর এই কথাই প্রমাণ করবে, কেন্দ্রীয় সরকার এই প্রকল্পের ব্যাপারে বরাবরই উদাসীন মনোভাবের পরিচয় দিয়েছেন এবং এখনও তাঁদের আগ্রহ দেখা যাচ্ছে না।

২৬শে মার্চ, ১৯৮৪ তারিখে লোকসভায় কেন্দ্রীয় শক্তিমন্ত্রী শিবশঙ্কর লোকসভার বিরোধী পক্ষের মাননীয় সদস্য অমর রায় প্রধানের প্রশ্নের উত্তরে বলেন, হলদিয়া পেট্রো-কেমিক্যাল প্রকল্প সপ্তম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হবে। ২০শে এপ্রিল, ১৯৮৪ তারিখে দিল্লীতে আমি যখন কেন্দ্রীয় শক্তিমন্ত্রীর সঙ্গে এই প্রসঙ্গে আলোচনা করি, তখনও তিনি একই কথা বলেন। অবশ্য তিনি এই কথাও বলেন, সপ্তম পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হলেও এর জন্য পুরো টাকা ব্যবস্থা করা শক্ত হবে।

সুতরাং রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অর্থ ছাড়াও অন্য অর্থ সংস্থানের বিষয়ে ভাবা প্রয়োজন। আমরা বলেছি, কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়া গেলে এই পরিকল্পনার অর্থসংস্থানে দেশী-বিদেশী ব্যক্তি উদ্যোগের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করতে আমরা প্রস্তুত আছি।

হলদিয়া পেট্রো-কেমিক্যালসের ব্যাপার নিয়ে ২১শে এপ্রিল মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রণব মুখোপাধ্যায়ের সঙ্গে কথা বলেন। আমিও কেন্দ্রীয় অর্থমন্ত্রীর সঙ্গে এই ব্যাপারে ৮ই মার্চ কথা বলি। অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্রের সঙ্গেও এই ব্যাপারে কেন্দ্রীয় শক্তিমন্ত্রীর কথা হয়।

আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে পুনরায় অনুরোধ করছি, আর টালবাহানা না করে পশ্চিমবঙ্গের অর্থনীতির পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ এই প্রকল্পটি অনুমোদন করুন এবং এর জন্য প্রয়োজনীয় অর্থসংস্থানের জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

[2.50—3.00 P. M.]

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যথা সময়ে আপনার অনুমতি চেয়েছিলাম এবং সে অনুমতি আপনি দিয়েছিলেন, কিন্তু দুর্ভাগ্যবশতঃ বিরোধী দলের সদস্যরা পয়েন্ট অব অর্ডারও শুনতে চান না। এতে তো আমাদের পক্ষে হাউসে কাজ চালানো মুশকিল হয়ে পড়ে। যাইহোক আপনি স্যার, আবার আমাকে অনুমতি দিয়েছেন, আমি আমার পয়েন্ট অব অর্ডার বলছি। আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে, কন্সটিটিউশানের যে পার্টিকুলার প্রভিসানকে কেন্দ্র করে এই প্রস্তাব এখানে আনা হয়েছে সেটার এনফোর্সমেন্ট সম্পর্কে।

(Noise)

Shri Satya Ranjan Bapuli : Sir, this is not the time for discussing this matter. He cannot do it now. The motion will be discussed on the 27th April, 1984.

(Noise)

শ্রীঅমলেন্দ্র রায়ঃ স্যার, আমার পয়েন্ট অব অর্ডারের মূল বিষয়বস্তু হচ্ছে, কন্সটিটিউশানের যে আর্টিকেলকে এনফোর্স করা দরকার সেই আর্টিকেল এনফোর্সড

হচ্ছে কিনা সেটা বিচার করে দেখতে হবে। আমাদের প্রসিডিওরের যে বই আছে সেই বই-এ যে রুলস আছে সেই রুলের প্রপার ইন্টারপ্রিটেশান সম্পর্কে আমার বক্তব্য। আমি প্রথমে আপনার দৃষ্টি আকর্ষণ করছি সংবিধানের ১৭৯(সি)......

(Noise)

Shri Suniti Chattaraj : Sir, You have fixed a date. He can not say any thing now.

(Noise)

মিঃ ডেপুটি স্পীকার : অমলবাবু, আপনার বক্তব্য আমি বুঝেছি। সেটা বোঝার পরও আমি মনে করি যে House generally means the opposition. যদি কোন টেকনিক্যাল ডিফেক্ট থাকেও তাহলেও For the end of Justice আমি এ্যালাউ করেছি, স্পীকারের বিরুদ্ধে এই মোশানটা। কাজেই এখন আর কোন পয়েন্ট অব অর্ডার ওঠে না। এখন ডাঃ আবেদিন, আপনি বলুন।

Dr. Zainal Abedin : I have given you a notice.

(Noise)

শ্রীঅমলেন্দ্র রায় : স্যার, যদি কেউ মনে করেন আমি আলোচনাটা বন্ধ করতে চাই, তা কিন্তু নয়। স্যার, আমি যে পয়েন্ট অব অর্ডার তুলছি সেই পয়েন্ট অব অর্ডার that must be recorded—I have every right to record my point of order.

(Noise)

মিঃ ডেপুটি স্পীকার : আমি অলরেডি ২৭ তারিখে আলোচনার দিন ঠিক করে দিয়েছি। আপনি এখন বসুন। ডাঃ আবেদিন বলুন।

Dr. Zainal Abedin : Sir, I have given you a notice to raise a privilege motion.

(Noise)

(Several Members rose in their seats)

[3.00—3.35 P.M., including adjournment]

Sir, Unless they stop how can I speak ? You have called me to speak.

(Noise)

Mr. Deputy Speaker : Please sit down. I have allowed Dr. Zainal Abedin to make his submission. Let me hear what he wants to say.

(Noise)

Dr. Zainal Abedin : Sir, I have given you a notice Under Rule 226. Under Rule 185 I have given......

(Noise)

(At this stage the House was adjourned for half an hour)

(After adjournment)

Mr. Deputy Speaker : Now I shall take up the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1984, out of turn.

(Noise)

Dr. Zainal Abedin : Sir, Under Rule 185 I have given you a motion.

Mr. Deputy Speaker : That is under consideration. Let me see whether there is any prima facie case or not.

(Noise)

Dr. Zainal Abedin : Sir, unless I can submit my submission how can you examine the matter.

Mr. Deputy Speaker : I have received your notice of privilege. That is under consideration. After examination there will be a ruling.

Dr. Zainal Abedin : Sir, you permitted me to speak. Let me make my submission first.

Mr. Deputy Speaker : Dr. Abedin, you are a senior Member of this House. You should follow the Rules of the House. After examination if I find that there is a prima facie case then only I will consider your privilege motion.

Dr. Zainal Abedin : Sir, then why you have allowed me to make my submission ?

Mr. Deputy Speaker : I only wanted to know the context of your submission. Now I have understood that you want to say on your privilege motion. So, as I told you earlier, the matter is under examination and after examination there will be a ruling. Dr. Abedin, please sit down.

Legislation

The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1984.

Shri Prabir Sengupta : Sir, I beg to introduce the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1984.

(Secretary then read the title of the Bill)

Shri Prabir Sengupta : Sir, I beg to move that the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1984, be taken into consideration.

Shri Subrata Mukherjee : Sir, I have submitted a privilege motion on the 23rd. I have not heard anything from you till now. So, I want to make my submission now.

(Noise)

Mr. Deputy Speaker : Mr. Mukherjee, the privilege motion which has been submitted by you is under examination. I am sorry, I cannot allow you to say anything on your privilege motion, at this stage. Please sit down.

[3.35—3.45 P.M.]

Shri Subrata Mukherjee : * * * * * * * * * * * * * * *

Mr. Deputy Speaker : This is under examination. Take your seat.

Shri Subrata Mukherjee : * * * * * * * * * * * * * * *

Mr. Deputy Speaker : It is not to be recorded. I have not allowed him to speak.

Shri Subrata Mukherjee : What is this ? I am entitled to this. You have allowed me to speak.

Note : *Expunged as ordered by the Chair.

Mr. Deputy Speaker : No, no. Before examination how can I allow you to speak ? I now call upon Shri Kashinath Misra to speak on the Bill.

(Shri Subrata Mukherjee rose in his seat)

Mr. Mukherjee, please take your seat. I know fully well what you have moved in this House. The motion moved by you is under consideration of the Hon'ble Speaker. Up till now the Hon'ble Speaker has not given his ruling as to whether the motion moved by you is in order or not or whether there is any prima facie case, and as such I am not in a position to allow you to speak on this subject. I now call upon Shri Kashinath Misra to speak on the Bill. Yes, Kashi Babu, please go on with your speech.

(Shri Subrata Mukherjee rose to speak)

Mr. Mukherjee, will you please take your seat. Otherwise, I will take action against you.

(Noise and interruptions)

(Shri Subrata Mukherjee rose to speak)

Mr. Deputy Speaker : Mr. Mukherjee, I have already given my ruling. Now, you are criticising my ruling. Please maintain the dignity of the House. Please take your seat.

(Noise and interruptions)

(Shri Subrata Mukherjee rose to speak)

Mr. Deputy Speaker : Mr. Mukherjee, I have not allowed you to speak. Again I call upon Shri Kashinath Mishra, to speak, Mr. Mishra you are wasting your time.

Shri Kashinath Mishra : I am not wasting my time.

(Noise and interruptions)

শ্রীসুব্রত মুখার্জী : আমার প্রিভিলেজ মোশান দেওয়া আছে, এটা সাব-জুডিস হতে পারে না। আপনি আমাকে আটকাতে পারেন না। আমি যতক্ষণ থাকবো

আমাকে এক্সপ্লেন করতে দিতে হবে। আপনি আমাকে কোন রুলিং-এ বসাতে পারেন না। আপনি নিজে রুলস দেখুন।

Mr. Deputy Speaker : Mr. Mukherjee, I have not allowed you to speak. Kashi Babu please go on.

(Noise and interruptions)

Mr. Deputy Speaker : Nothing will be recorded. Now, I understand that Shri Kashinath Mishra will not speak on this subjeet at this stage. So, I call upon Shri Gopal Krishna Bhattacharyya to speak on this Bill.

শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে মাননীয় মন্ত্রী মহাশয় দি ইণ্ডিয়ান ইলেকট্রিসিটি (ওয়েষ্ট বেঙ্গল এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৪ যেটা নিয়ে এসেছেন তার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। দীর্ঘদিন যাবৎ ১৯৭১ সাল থেকে ১৯৮১ সাল পর্যন্ত পশ্চিমবাংলার সরকার বিভিন্ন সময়ে যে-সমস্ত ছোটখাট কোম্পানীগুলিকে হাতে নিয়েছিলেন তাদের শ্রমিক-কর্মচারীদের দেনা-পাওনা, তাদের চাকরি জীবনের নানা রকম হিসাব সরকারের হাতে ছিল না। পুরানো কোম্পানীগুলি তারা কোনরকম কাগজপত্র না দিয়ে, হিসাবপত্র না দিয়ে কেটে পড়ার চেষ্টা করেন। বিগত ১৯৮০ সালে পশ্চিম-বাংলার বামফ্রন্ট সরকার আইনের একটা এ্যামেণ্ডমেণ্ট নিয়ে এসে কোম্পানীগুলিকে হিসাব দিতে বলেন এবং এর জন্য ৮৯ দিন সময় দেওয়া হয়। ৯০ দিনের মাথায় এই এ্যামেণ্ডমেণ্টের ফলে তাদের নোটিশ দেওয়া হয়। দেখা গেল ১৫টি কোম্পানীর মধ্যে—১৯৭১ সাল থেকে ১৯৮১ সালের মধ্যে—মাত্র ৩টি কোম্পানী তাদের কর্মচারীদের হিসাবপত্র এবং তাদের কাজের সময় যে-সমস্ত কাগজপত্র ছিল সেগুলির হিসাব দিয়েছেন। বাকী ১২টি কোম্পানী তাঁরা কোন হিসাবপত্র দেননি। যার ফলে সেইসব কর্মচারীদের যাঁদের সংখ্যা সর্বমোট ১,১৩০—যাঁরা ঐ ১৫টি ইউনিটের মধ্যে ব্যাপৃত ছিল, তাঁদের সম্পর্কে সরকারের পক্ষ থেকে কোন ব্যবস্থা করা সম্ভব হয় নি। এর ফলে এইসব কর্মচারীদের অবসর গ্রহণের পর তাঁদের বকেয়া বেতন, পেনশন, গ্র্যাচুইটির ব্যাপারে কোন বিধিব্যবস্থা সরকার করতে পারেন নি। এ-ব্যাপারে একটা সঙ্কট, একটা অচলাবস্থা এর ফলে সৃষ্টি হয়। যেদিন থেকে সরকার হস্তক্ষেপ করেছে, সেদিন থেকেই এইসব কর্মচারীদের পেনশন, গ্র্যাচুইটি, বকেয়া বেতন ইত্যাদি নিয়ে নানা রকম অসুবিধা দেখা দেয়। আমাদের বামফ্রন্ট

সরকারের মাননীয় বিদ্যুৎমন্ত্রী কর্মচারীদের সুবিধার্থে তাঁদের পেনশন, গ্র্যাচুইটি, বকেয়া বেতন ইত্যাদি দেবার জন্য আজকে এই নতুন এ্যামেণ্ডমেণ্ট বিলটা নিয়ে এসেছেন। সেই সমস্ত কোম্পানীগুলির পুরানো হিসেব যা দেবার কথা, নোটিশ দেবার পরও যদি তাঁরা হিসেব না দেন, তাহলে সরকার ঠিক করবেন যে এটা দেওয়া হবে এবং এই আইনে সেইভাবেই ব্যবস্থা করার চেষ্টা হচ্ছে। আমি ট্রেড ইউনিয়ন আন্দোলনের সঙ্গে যুক্ত। আমি দেখেছি এইসব সিক্ ইণ্ডাষ্ট্রিতে সরকারী হস্তক্ষেপের পর সেই সংস্থার শ্রমিক-কর্মচারীদের বকেয়া বেতন, পেনশন, গ্র্যাচুইটি ইত্যাদি দেবার ব্যবস্থা করা হয় সরকারের তরফ থেকে। সেদিক থেকে দি ইণ্ডিয়ান ইলেকট্রিসিটি এ্যামেণ্ডমেণ্ট বিল যা কেন্দ্রীয় সরকারের বিল, তাতে এই ধরনের প্রাইভেট ইণ্ডাষ্ট্রিগুলি নিয়ে নেবার পর কি বিধি-ব্যবস্থা করা উচিৎ সেই রকম কোন সংস্থান বা আইনের সুযোগ ১৯৮০ সনের এ্যামেণ্ডমেণ্টে ছিল না। বামফ্রণ্ট সরকার আজকে পুরোনো বিধি-ব্যবস্থা এবং ত্রুটি দূর করবার জন্য নতুনভাবে এই বিল নিয়ে এসেছেন। এ কারণে আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে অভিনন্দন জানাই। আমি আশা করছি অতঃপর ১,১৩০জন কর্মীর বকেয়া বেতন, গ্র্যাচুইটি, পেনশন ইত্যাদির ব্যাপারে একটা সুষ্ঠু ব্যবস্থা করা যাবে এবং পুরানো ও অন্যান্য কর্মচারীদের সরকারী কর্মচারী হিসাবে পুরোপুরি স্বীকৃতি দিয়ে তাঁদের সন্তোষ বিধান করা যাবে। সেইজন্য আমি পুনরায় বামফ্রণ্ট সরকারের বিদ্যুৎমন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানিয়ে এবং তাঁর 'দি বেঙ্গল ইলেকট্রিসিটি (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৪—যা এখানে উপস্থাপিত করেছেন তাকে আন্তরিকভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3.45—3.55 P. M.]

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী এই যে বিল উত্থাপন করেছেন, তা আমি সমর্থন করছি। এই বিল আনবার ফলে যে-সমস্ত বেসরকারী কোম্পানীগুলোকে অধিগ্রহণ করা হয়েছে সেই সমস্ত সংস্থার কর্মচারীদের ক্ষতিপূরণের জন্য তিনি একটি দৃঢ় পদক্ষেপ গ্রহণ করেছেন। মাননীয় মন্ত্রীর এই বিল আনবার মধ্যে দিয়ে আজকে বামফ্রণ্ট সরকারের জনমুখী দৃষ্টিভঙ্গীর পরিচয়ই পরিস্ফুট হয়েছে। এর আগে যে বিল ছিল সেই বিলের মধ্যে দিয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রী আজকে যে-সমস্ত কোম্পানীগুলোকে অধিগ্রহণ করা হয়েছে সেই সমস্ত কোম্পানীর কর্মচারীদের ক্ষতিপূরণ দেবার ব্যাপারে কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে পারেন নি।

(গোলমাল)

(সুব্রত মুখার্জি বলতে উঠলেন)

আজকে মন্ত্রী মহাশয় এই সংশোধনীর মধ্যে দিয়ে যে কাজ করার চেষ্টা করছেন সেটা সত্যই অভিনন্দনযোগ্য। ব্যক্তিগত মালিকানায় যে-সমস্ত কোম্পানী আছে সেই কোম্পানীগুলোতে যে-সমস্ত পুরানো কর্মচারীরা কাজ করতেন তাঁদের ক্ষতিপূরণের জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন। ১৫টি কোম্পানী গৃহীত হয়েছিল। মাননীয় মন্ত্রী মহাশয় কোম্পানীর উর্দ্ধতন কর্তৃপক্ষকে বলেছিলেন যে, পুরোনো কর্মচারীদের হিসাব-নিকাশ যেন দিয়ে দেন এবং তার পরিপ্রেক্ষিতে কর্মচারীদের বকেয়া টাকা পূরণ করা হবে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে আমরা দেখেছি এই কোম্পানীগুলোর মালিকরা কর্মচারীদের কোন হিসাব-নিকাশ দিচ্ছে না। স্বভাবতঃই কর্মচারীদের স্বার্থ রক্ষার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় যেভাবে ঠিক করেছেন সেটা হলো যে পুরোনো কর্মচারীর ব্যক্তিগত স্টেটমেণ্টস করুন এবং তার ভিত্তিতে তাঁদের দাবি-দাওয়া অনুযায়ী বকেয়া টাকা পূরণ করা হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ধরনের একটা কাজকে অভিনন্দন জানাবো না? এই ধরনের একটা বড় বিল যেটা মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন সেটা জনসমক্ষে নিশ্চয়ই সকলের অভিনন্দন লাভ করবে। সেখানে বিরোধী পক্ষের সদস্যরা একটা বাজে অজুহাত সৃষ্টি করে এখানে বাধার সৃষ্টি করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর ফলে শত শত নয়, হাজার হাজার শ্রমিক-কর্মচারী উপকৃত হবে। এটা আমার ব্যক্তিগত অভিমত। বহরমপুর ইলেকট্রিক কোম্পানী যখন ব্যক্তিগত মালিকানাধীন ছিল তখন বহরমপুর ইলেকট্রিক কোম্পানী অধিগ্রহণের জন্য মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু মহাশয় একটা সিদ্ধান্ত গ্রহণ করেন। সেই সময় আমরা দেখলাম যে বিরোধী দলের পক্ষ থেকে এই অধিগ্রহণের বিরুদ্ধে দাঁড়ানো হয়েছিল। তাঁরা মালিকপক্ষের হয়ে দাঁড়িয়েছিলেন। মাননীয় মন্ত্রী মহাশয় যে সিদ্ধান্ত গ্রহণ করলেন এই বিলের মধ্যে দিয়ে, কর্মচারীদের যে সুযোগ সৃষ্টি করে দিলেন—যে পুরোনো মালিককে আর হিসাব দিতে হবে না কর্মচারীরা তাঁদের ব্যক্তিগত স্টেটমেণ্টের ভিত্তিতে তাঁদের বকেয়া পূরণ করা হবে। এই ব্যাপারে একটা বিরাট সমস্যা তৈরি হয়েছিল। সমস্যাটা হচ্ছে এই ব্যক্তিগত মালিকানাধীন ব্যবস্থার মধ্যে দিয়ে কর্মচারীরা অল্প বেতন পেতেন। অধিগ্রহণের ফলে শ্রমিক-কর্মচারী সরকারী কর্মচারী হওয়ার ফলে সরকারী কর্মচারীদের যে বেতন কাঠামো সেই বেতনক্রম অনুযায়ী বেতন পাচ্ছে। এই ব্যবস্থার মধ্যে দিয়ে যে-সমস্ত কর্মচারী অবসর গ্রহণ করবেন সেই সমস্ত কর্মচারীও সেই সুযোগ পাবেন।

(গোলমাল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ধরনের একটি বিলের বিরোধী পক্ষ থেকে বাধার সৃষ্টি করা হচ্ছে।

(গোলমাল)

[3.55—4.05 P. M.]

(গোলমাল)

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি তো আজকের দিনে এই সভার স্পীকার Now, you are the Speaker in the House। এই সভায় সরকার পক্ষের বিভিন্ন সদস্য আপনার কথা শুনে যদি না বসেন, তাহলে আমি বুঝতে পারছি না আমি বললেও আপনি শুনবেন কি করে? আপনি ওঁদের বসতে বলুন।

মিঃ ডেপুটি স্পীকার ঃ সত্যবাবু, আপনার পয়েন্ট অব অর্ডার বলুন।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে—হাউস যেভাবে চলছে, তাতে আমার মনে হচ্ছে, হাউস ডিসঅর্ডারলি চলছে। আপনি সভার অধ্যক্ষ। মাননীয় সদস্য তাঁর বক্তব্য রাখার সময় যে কথা বলেছেন, সেই বক্তব্যের উপরে মাননীয় সুব্রত মুখার্জী একটি বিষয়ের উপরে আপনার এ্যাটেনশান ড্র করতে চেয়েছেন। আপনি যেহেতু হাউসের অধ্যক্ষ, Today you are the Speaker. You have full authority to consider, reconsider or to ask any Member. According to Rule, you are bound to allow us to make our submission.

(গোলমাল)

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ বিদ্যুৎ আইনের ৫ ও ৬ ধারা অনুযায়ী এ পর্যন্ত অনেকগুলো কোম্পানী যাঁরা বিদ্যুৎ উৎপাদন করে বা বিদ্যুৎ বণ্টন করে থাকে, তাদের অধিগ্রহণ করে জানিয়েছি—যে কোম্পানীগুলোকে নেওয়া হয়েছে, সেগুলো

তাদের কর্মচারীদের যে-সমস্ত টাকা পাওনা আছে—তাদের মাইনে, মজুরী, বোনাস, প্রভিডেণ্ট ফাণ্ড বা গ্রাচুইটি—সে সমস্ত দেয় না। ঐ সমস্ত টাকা দেয় না বলে ১৯৮০ সালে একটা সংশোধন করা হয়েছিল। মোট ১৫টি কোম্পানীর মধ্যে ৩টি কোম্পানী ছাড়া বাকী কোম্পানীগুলো কোন উত্তর দেয় নি। ভারতীয় বিদ্যুৎ আইন অনুযায়ী কর্মচারীদের যা পাওনা আছে, তা দেওয়ার কোন সুযোগ নেই। সেইজন্য এই সংশোধনী আনা হয়েছে। এখানে বলা হয়েছে, কোম্পানীগুলো যদি কোন উত্তর না দেয়, তাহলে কর্মচারীদের কাছে জিজ্ঞাসা করে এই বিদ্যুৎ পর্ষদ ঠিক করবে তাদের কত পাওনা আছে এবং সেইভাবে তাদের পাওনা মিটিয়ে দেবে। যদি কোম্পানী ঐ টাকা না দেয় তাহলে কোম্পানিটির কৃত টাকা থেকে তা পরে কেটে নেওয়া হবে। এই হচ্ছে সংক্ষেপে আমার বক্তব্য।

Mr. Deputy Speaker : There are no amendments to Clauses 1 to 3 and Preamble.

The question that Clauses 1 to 3 and the Preamble do stand part of the Bill was put and agreed to.

Shri Prabir Sengupta : Sir, I beg to move that the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1984, as settled in the Assembly, be passed.

The motion was put and agreed to.

(**Noise**)

Legislation

The Bengal Electricity Duty (Amendment) Bill, 1984

Dr. Ashok Mitra : Sir, I beg to introduce The Bengal Electricity Duty (Amendment) Bill, 1984.

(**Noise**)

(**Secretary then read the title of the Bill**)

Dr. Ashok Mitra : Sir, I beg to move that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1984, be taken into consideration,

(**Noise**)

শ্রীনীরোদ রায়চৌধুরী : এই সংশোধনী বিলে উদ্দেশ্য এবং বিধেয় খুব সরল।

ইলেকট্রিসিটি বোর্ডের কাজ অত্যন্ত বেড়ে গেছে। গ্রামাঞ্চলে এবং শহরের উপকণ্ঠে ·· ··· (ডাঃ জয়নাল আবেদিন —কি হচ্ছে ?) কি হচ্ছে আপনারা বুঝতেই পারছেন। কিছু গুণ্ডা প্রকৃতির লোক ······

(গোলমাল)

স্যার, আমি এই বিলটা সমর্থন করছি। ইলেকট্রিসিটি ডিউটি প্রতি মাসে ৬০ ইউনিট, এর বেশী হলেই কর ধার্য হোত। এই বিল পাশ হলে এতে গরীব মানুষের খুব উপকার হোত। এখন তিন মাসের গড় থেকে ধার্য হবে। এতে কনজিউমাররাও উপকৃত হবেন। এই বিল পাশ হলে গ্রামের ক্ষেত্রে লোকেরা ৭৫ ভাগ পর্যন্ত ইউনিট ছাড় পাবে। এর ফলে গ্রামের লোকেরাই উপকৃত হবে। আপনার মাধ্যমে এই বিলের উদ্দেশ্য সম্পর্কে বলতে গিয়ে দু-একটি কথা বলবো। কংগ্রেস আমলে দু'হাত কাটা লোককেও টাইপিস্ট-এ অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল। এইরকম ভাবে হাজার হাজার মানুষকে চাকরি দিয়েছিলেন, যারা কোন কাজ করতো না, রিডিং নিত না।

(নয়েজ)

মিঃ ডেপুটি স্পীকার : আপনি একটু বসুন। সুব্রতবাবু কি বলবেন বলুন।

শ্রীসুব্রত মুখার্জি : স্যার, আপনি বলছেন আপনি আজকে স্পীকার হিসাবে নেই, সেই জন্য আমার মোশান গ্রাহ্য করছেন না। আমি আমাদের রুলস অফ বিজনেসের থেকে পড়ে দিচ্ছি ······।

মিঃ ডেপুটি স্পীকার : I know the Rule. Please say what is your submission.

শ্রীসুব্রত মুখার্জি : আমি যে মোশান দিয়েছি প্রিভিলেজের উপর আপনি সেই মোশানটা নেগেটিভ করতে চান। কোন কোন সময় বলছেন এটা সাবজুডিস। আপনি ৯১৩ পাতায় কাউল এণ্ড সাকদের-এর বইয়ের ·২নং ক্লজে কি বলছেন দেখুন—এ বিল···(নয়েজ)

মিঃ ডেপুটি স্পীকার : Mr. Subrata Mukherjee, please take your seat. আপনি আপনার যে প্রিভিলেজ মোশানে নোটিশ দিয়েছেন সেটা স্পীকারের কাছে আছে।

[4.05—4.15 P. M.]

Mr. Deputy Speaker : Mr. Mukherjee, the notice of privilege which you have submitted is under the consideration of Mr. Speaker আপনি যে Notice of Privilege motion দিয়েছেন সে সম্বন্ধে বলছি—If any statement is made on the floor of the House by a Member or Minister which another Member believes to be untrue, incomplete incorrect, it does not constitute a breach of privilege —Practice and Procedure of Parliament by Kaul and Shakdher, Vol. 1, page 233-34. In reply to notice of privilege motion by Dr. Lohia, M. P. and Mr. Kishan Pattanayak the then Speaker of Lok Sabha observed on 10.3.64 as follows :

I am definately of the opinion that if any statement is made by any Member or Minister which is another Member believes to be untrue, incomplete or incorrect then there is no breach of privilege. This view has been held by my predecessor as well as by myself. (Lok Sabha debate by 10.3.64).

শ্রীনীরোদ রায়চৌধুরী : মাননীয় স্পীকার মহাশয়, আমি মন্ত্রী মহাশয়ের এই বিলকে অভিন্দন জানাচ্ছি এবং সমর্থন করছি। সমর্থন করার কারণ হচ্ছে, এতে পশ্চিমবাংলার গ্রামের সাধারণ মানুষের খুবই উপকার হবে। আমরা লক্ষ্য করেছি প্রতি মাসে এই যে ইলেকট্রিক বিল আসে তাতে দেখা যায় হঠাৎ হয়ত কয়েক শত টাকার বিল এসে গেল এবং তখন দরখাস্ত দেওয়াও অসম্ভব। আমি আপনার মাধ্যমে অভিনন্দন জানাচ্ছি, কারণ এই বিলের মাধ্যমে ওই অসুবিধার অবসান ঘটবে। জয়নাল আবেদিন সাহেবরা যে হাজার হাজার মানুষকে এ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন তারা কোন কাজকর্ম করছে না। তারা শুধু বিভিন্ন জায়গায় বসে ষড়যন্ত্র করছে, ইলেকট্রিক সাপ্লাইর অফিসের জিনিসপত্র চুরি করে বিক্রি করছে এবং এমন কি সন্ধ্যার পর ফোন করলে বলে, কেউ ডিউটিতে নেই, কেউ যেতে পারবে না। এই ডিপার্টমেন্টে এই যে অসহনীয় এবং অচল অবস্থা রয়েছে সেগুলি দূর করে মন্ত্রী মহাশয় এই ডিপার্টমেন্টকে নূতন আলোর পথে নেবেন এই আশা রেখে বক্তব্য শেষ করছি।

Dr. Zainal Abedin : Sir, I rise on a point of personal explanation as my name has been mentioned by the erstwhile Speaker. Sir, I take it as a

compliment that the regime in which Dr. Zainal Abedin was in the Cabinet tried to mitigate the unemployment problem of the State, Now there are millions of unemployed persons. During their regime there were 37 lakhs of unemployed persons registered. It is because of the faulty policy of the Government, it is because you are unable to solve the unemployment problem. We are proud that during the regime when I was in the Cabinet we gave employment to them. I take pride in it. I refuse the charges made by the honourable Member and I take it is a compliment.

श्री महम्मद रमजान आलि : मिस्टर डिप्टी स्पीकर सर, बंगाल इलेक्ट्रीसीटी ड्यूटी अमेण्डमेन्ट बिल जो हाउस के सामने पेश किया गया है, मैं उसे पूरी तरह से ताइद करता हूं। इस अमेण्डमेन्ट बिल के जरिए लोगों की बहुत बड़ी खिज़मत की गई है। इसके जरिए देहातों में ६० यूनिट एक्जेमशन करने का जो लिमिट था अब बढ़ा कर ७५ यूनिट कर दी गई है। अब इससे बहुत सारे लोगों को सहूलियते मिलेंगी। हमारे अपोजीशन के लोग—कांग्रेस के लोग इलेक्ट्रिक जेनरेट करने में जो सहूलियतें थी उसमें गड़बड़ी पैदा कराने के जिम्मेदार हैं। यहाँ पहले कांग्रेस की सरकार थी—कांग्रेस का लीडरशिप था, इनलोगों ने इलेक्ट्रीसीटी डिपार्टमेन्ट में बहुत सारे लोगों को इमप्लायमेन्ट देकर गड़बड़ी पैदा कर दी थी। वे लोग काम करने से इन्कार करके तरह-तरह की दिक्कतें पैदा करते थे। इससे इलेक्ट्रीसीटी जेनरेट नहीं हो पाता था। मगर लेफटफ्रान्ट की सरकार के आने पर जेनरेशन को बढ़ा दिया गया है। काम-काज आगे बढ़ा है। इलेक्ट्रीसीटी का काम बहुत आगे बढ़ गया है। अब इससे बहुत ज्यादा सहूलियतें हासिल की जा सकती हैं।

इसलिए मैं इस अमेण्डमेन्ट बिल को पूरी तरह से ताइद करता हूं और मिनिस्टर साहब को मुबारकबाद देता हूँ। इन्होंने बहुत बड़ी खिज़मत की है। इन बातों के साथ मैं अपनी तकरीर खत्म करता हूं।

The motion of Dr. Ashok Mitra that The Bengal Electricity Duty (Amendment) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2

Mr. Deputy Speaker : There is an amendment to clause 2 by Shri Kashi-

nath Misra. Shri Misra is not present in the House and so the amendment is not moved.

The question that Clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 3 and Preamble

The question that Clause 3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Dr Ashok Mitra : Mr. Deputy Speaker, Sir, I beg to move that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1984, as settled in the Assembly, be passed.

শ্রীসুব্রত মুখার্জি : স্যার অন এ পয়েন্ট অব অর্ডার। আপনি যদি রুলটা দেখেন তাহলে দেখবেন যে যদি কোন মিনিষ্টার ভুল ষ্টেটমেন্ট করেন তাহলে তিনি দুদিন পরে আবার সেটা কারেক্ট করে নূতন করে ষ্টেটমেন্ট দিতে পারেন। কিন্তু যদি ইন্টেনসন্যালি ভুল ষ্টেটমেন্ট দেন তাহলে তিনি আর কারেক্ট করে ষ্টেটমেন্ট কি করে দেবেন ... .. ।

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার : I have already giving my ruling on this.

শ্রীঅশোক মিত্র : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, দুজন মাননীয় সদস্য তাঁদের যে মন্তব্য রেখেছেন, আমি সেটা মনোযোগ সহকারে শুনেছি। এই ব্যাপারে আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে অবহিত হবার জন্য অনুরোধ জানাবো।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অশোক মিত্র মহাশয় এখানে কয়েকটি কথা বলেছেন এবং তিনি অশালীন, অসভ্য অভদ্র আচরণ করে কথা বলেছেন। আপনি সেগুলি এক্সপাঞ্জ করে দিন।

[4 15–4.25 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অশোক মিত্র মহাশয়,

যিনি এই বিলটা মুভ করলেন, মুভ করার সময় তিনি কিছু অশালীন কথাবার্তা বললেন। আমি এর প্রতিবাদ করতে চাই। আমি মনে করিয়ে দিতে চাই, this gentleman had to come to this House thorugh back-door. This Gentleman...

(নয়েজ)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্যার, There is no mike. You have allowed me to participate in the debate. There is no mike.

(নয়েজ)

অর্থমন্ত্রী বেঙ্গল ইলেকট্রিসিটি duty (Amemdment) Bill, 1984 মুভ করার প্রক্কালে কতকগুলি অপ্রাসঙ্গিক, অশালীন, অভদ্র কিছু মন্তব্য করেছেন। তাঁকে আমি স্মরণ করিয়ে দিতে চাই, তাঁর স্মরণ করা উচিত, তিনি এই বিধানসভায় নবাগত। তিনি পরাজিত হয়েছিলেন, পরাজিত হয়ে পর্যুদস্ত হয়ে ব্যাকডোর দিয়ে এখানে ঢুকেছিলেন। আজকে এখানে তিনি পিছনের দরজা দিয়ে ঢুকেছেন।

He has come to this House by the process of rigging in the bye-eletion. In as many as 26 such polling booths there were rigging as you know. To be an economist is one thing and to be a parliamentarian is another. He should learn many things in the parliamentary line. He should not be coward and he should not be criminal either. I object to what he has said. Sir, have you expunged those words which he has spoken beyond his competency ? Sir, I demand that those words which he has said outside the admit of this Bill should be expunged. আজ এটা ওঁর জানা উচিত।

(নয়েজ)

মিঃ ডেপুটি স্পীকার : Dr. Abedin, I will examine it. Please sit down.

ডঃ অশোক মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অশালীন ভাষার ব্যবহারে জয়নাল সাহেবের সঙ্গে আমি প্রতিযোগিতায় পারবো না। সুতরাং সেই প্রসঙ্গে আমি যাচ্ছি না। তবে যদি ভারতের জাতীয় কংগ্রেসের বর্তমান যা চেহারা,

আজকে আমাকে যদি তার বর্ণনা করতে হয়, তাহলে আমারও অশালীন ভাষ ব্যবহার করা ছাড়া উপায় নেই।

The motion of Dr. Ashok Mitra that the Bengal Electricit Duty (Amendment) Bill, 1984, as settled in the Assembly, b passed was then put and agreed to.

(Sree Subrata Mukherjee rose to speak)

Mr. Diputy Speaker : Mr Mukherjee, I have already given m ruling regarding your motion. Now, Dr. Abedin please make you submission.

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শেষ পর্যন্ত আমাকে আমার মোশনটা তুলতে দিয়েছেন বলে আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। Sir, I have given you a notice Under Rule 226 through your Secretary. It ha been agreed in the Business Advisory Committee by mutual thoughts an mutual consents that the motion tabled by the oposition Under Rule, 185, wi be accepted. The Speaker, the other day, moved a motion from the Chai that the Non-official Day Motion tabled by Dr. Zainal Abedin and othe will be accepted. Sir, I submitted the draft to you Under Rule 185.

Sir, the admissibility of the motion is governed by Rule 187. I find it fror the books—as you have admitted the motion—in the Bulletin Part II 'Informa tion' on matters relating to Business of the Assembly and other matters' o April 25, 1984, No. 680. The text of my motion has been drastically change Sir, you are not the authority to do it. Please tell me—you are occupying th Chair now—under what Rule you have cut my motion and sezed it ? You ca cut a part of it, but you have no right to change the language of the motio Do you want that we should write poetry in praise of the government who i instrumental in killing millions outside this Assembly House because of the gross negligence and failure. You have told me that you have admitted m motion. So, if it is admitted, under what Rule you have changed the languag and under what authority you have changed the context ? You have change the meaning and you have changed the contents and the substance. I challeng your authority. You are bound by the Rules, and Rules are here. Under th Constitution it is my freedom to make expression. Whatever is guaranted b the Constitution cannot be curtailed by your judgment. You quote an reference that you are the authority to alter my motion. You can disallow

part but you have no right, you are not the authority to change the language, the contents and substance of my motion. I am not here to praise the government who is responsible criminally for the killing of the mllions of children outside. I take this government as a dangerous gang of criminals. As such, I challenge your ruling. Under what authority you have changed the substance of my motion—you have changed the words. You can curtail certain part but you cannot change the language. This is my privilege motion.

Mr. Deputy Speaker : My ruling on your privilege motion was, "Editing of the text of motions, etc., is done in compliance with the provisions of the Rules, and the Rules have given that power to the Hon'ble Speaker. So, in the exercise of power and functions under the Rules there cannot arise any question of breach of privilege of any Member. If the honourable Member thinks that exercise of the aforesaid power by the Hon'ble Speaker is not being done in good faith and impartially he may bring in a motion of noconfidence against him. But this can hardly form the subject matter of a privilege motion. The notice may therefore be rejected."

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কোন ষ্টেটমেণ্ট যদি কোন মিনিষ্টার মিসলেড করেন অথবা রং ষ্টেটমেণ্ট করে থাকেন তাহলে ৩/৪ দিনের মধ্যে কারেক্ট করে ষ্টেটমেণ্ট দিলে সেটা প্রিভিলেজের আওতায় পড়ে না। আমি উদাহরণ দিই—গত হাউসে আমি হাউসিং মিনিষ্টার যতীন চক্রবর্তী সম্পর্কে একটি প্রিভিলেজ দিই তাঁর ষ্টেটমেণ্টকে কেন্দ্র করে এবং তিনি দু' দিনের মধ্যে ষ্টেটমেণ্ট কারেক্ট করে হাউসে রাখেন। আমার প্রিভিলেজ ক্যানসেল হয়ে যায়। কিন্তু মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আমি যে প্রিভিলেজ দিয়েছি ২০ দিন হয়ে গেল সেটা কারেক্ট করে দেন নি এবং তিনি যে কারেক্ট করে দেন নি, তার নথিপত্র আপনার কাছে দেবার জন্য তৈরী হয়ে এসেছিলাম। আপনি যে রুলিং দিলেন তাতে প্রমাণিত হচ্ছে কারেক্ট করে না দেবার ফলে, তিনি উইলফুলি মিসলিডিং দি হাউস করছেন। স্বয়ং ইন্দিরা গান্ধীকে এই রকম একটি ইস্যুতে পানিসমেণ্ট দেওয়া হয়েছিল। সুতরাং জ্যোতিবাবু মিসলিড করেছেন। He has made a wrong statement willfully in the House which amounts to contempt of the House. So Dr. Abedin should be allowed to give a notice of privilege. স্যার, এই ক্ষেত্রে আমি আপনার ক্ষমতা সম্পর্কে ১০নং রুল দেখিয়েছি। আপনি যেটা বলছেন, সেটা হচ্ছে ফ্রিডম of speech—সুতরাং এই ক্ষেত্রে ওটা আসে না।

মিঃ ডেপুটি স্পীকার ঃ সুব্রতবাবু, আমি অলরেডি আপনার রুলিং দিয়ে

দিয়েছি। আপনার আর কিছু বলার নেই, আপনি বসুন। I now call upon Shri Jatin Chakraborty to introduce the West Bengal Government Premises (Regulations Of Occupancy) Bill, 1984.

[4.25—4.35 P.M.]

The West Bengal Government Premises (Regulation of Occupancy) Bill, 1984

Shri Jatin Chakraborty : Sir, I beg to introduce the West Bengal Government Premises (Regulation of Occupancy) Bill, 1984.

Dr. Zainal Abedin : Sir, I beg to oppose the introduction of the Bill.

Mr Deputy Speaker : Let the Secretary read the title of the Bill.

(Secretary then read the title of the Bill)

Dr. Zainal Abedin : Sir, I beg to oppose the introduction of the Bill. I am entitled under the Rules. Please allow me to speak.

Shri Jatin Chakraborty : Sir, I beg to move that the West Bengal Government Premises (Regulation of Occupancy) Bill, 1984 be taken into consideration.

Dr. Zainal Abedin : Sir, you know that the West Bengal Government Premises (Regulation of Occupancy) Bill, 1984 is a controversial Bill. It was placed in the last Session of the Assembly. With the permission of the Chair I raised a point of order then.

Shri Jatin Chakraborty : This was not placed in the House.

Dr. Zainal Abedin : It was enlisted in the list of business. We were circulated with the same Bill and we were given the copies of the same Bill in the earlier session of the Assembly. We opposed it. Possibly some Members from the Treasury Bench went in a deputation to the Chief Minister and opposed the content of the Bill. As such I oppose the introduction of the Bill.

The motion of Dr. Zainal Abedin opposing the introduction of the West

Bengal Government Premises (Regulation of Occupancy) Bill, 1984 was then put and a division taken with the following results :

NOES

Abdul Bari, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Mansur Habibullah Shri Syed
Adak, Shri Gourhari
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Natabar
Barma, Shri Manindra Nath
Basu, Shri Ajit
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Debi Prosad
Basu, Shri Subhas
Bauri, Shri Gobinda
Bauri, Shri Madan
Bera, Shri Pulin
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharyya, Shri Gopal Krishna
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bora, Shri Badan
Bose, Shri Biren
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chakraborty, Shri Umapati
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Nimai Chandra
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sndhangshu Sekhar
Maji, Shri Swadeshranjan
Majumdar, Shri Sunil Kumar

Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Sambhunath
Ming, Shri Patras
Moazzom Hossain, Shri Syad
Mohammad Ramjan Ali, Shri
Mohanta, Shri Madhabendu
Molla, Shri Anadi
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Subhas
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Oraon, Shri Mohan Lal
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Ray, Shri Achinta Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Sk. Siraj Ali, Shri
Tudu, Shri Bikram

AYES

Abdul Mannan, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Anwar Ali Sekh, Shri
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Biswas, Shri Ananda Mohan
Chandra, Shri Anup Kumar
Chowdhary, Shri Abdul Karim
Ghosh, Shri Asok
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahaman, Shri
Kazi Hafizur Rahman, Shri

Mahbubul Haque, Shri
Mandal, Shri Jokhilal
Misra, Shri Kashinath
Molla, Shri Fazle Azim
Mukherjee, Shri Samar
Nurul Islam Chowdhury, Shri
Ray, Shri Naba Kumar
Roy, Shri Sukumar
Shaikh Imajuddin, Shri
Shamsuddin Ahmad, Shri
Sinha, Shri Atish Chandra

ABSTENTIONS

Sarkar, Shri Debaprasad
Purkait, Shri Probodh

The Ayes being 25 and the Noes 144, the motion was lost.

শ্রীযতীন চক্রবর্তী : Sir I beg to move that the West Bengal Government Premises (Regulation of occupancy) Bill, 1984, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য জয়নাল আবেদিন যে কথা বলেছেন সেটা ঠিক নয়। এই বিধানসভায় এই বিলটা আগে আনা হয় নি। অন্য একটা বিল আনবার কথা হয়েছিল। কিন্তু যে ভাবে এটা এসেছে, সেই ভাবে এটা আগে আনা হয় নি, হাউস থেকে যেটা প্রত্যাহার করে নেওয়া হয়েছিল। আবাসন বিভাগের অধীনে দুই রকম ফ্ল্যাট আছে। এক রকম ফ্ল্যাট আছে যেগুলি কেবলমাত্র কর্মরত রাজ্য সরকারী কর্মচারীদের মধ্যে বণ্টন করা হয়। যে পরিকল্পনা অনুসারে এই ধরনের ফ্ল্যাট তৈরী/বিলি হয় তা সাধারণভাবে রেণ্টাল হাউসিং স্কীম নামে পরিচিত। দ্বিতীয়, যে প্রকার ফ্ল্যাট এই বিভাগের অধীনে আছে যেগুলি আপামর জনসাধারণের মধ্যে (রাজ্য সরকারী কর্মচারী বাদে) নিম্ন আয়, মধ্য আয়, উচ্চ আয় গোষ্ঠীভুক্ত ব্যক্তিদের মধ্যে এবং শিল্প শ্রমিকদের মধ্যে বিলি করা হয়। আজ আমি যে বিলটি এই সভার অনুমোদনের জন্য উপস্থাপিত করছি সেটি কেবলমাত্র পশ্চিমবঙ্গ রাজ্য সরকারী কর্মচারীগণ, যাঁরা রেণ্টাল হাউসিং স্কীমের অন্তর্গত ফ্ল্যাটে থাকেন তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। অন্যান্য সরকারী ফ্ল্যাট যেগুলিতে নিম্ন আয় মধ্য আয়, উচ্চ আয় গোষ্ঠীভুক্ত ব্যক্তিগণ বা শিল্প শ্রমিকগণ থাকেন, সেই সব ফ্ল্যাটের ভাড়াটেগণ বর্তমান বিলের আওতায় আসবেন না। এঁদের ক্ষেত্রে বর্তমান চলতি আইনটি অর্থাৎ ১৯৭৬ সালের ১৯ নং আইন [ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেণ্ট প্রেমিসেস (টেনান্সি রেগুলেশন) এ্যাক্ট, ১৯৭৬] বলবৎ থাকিবে।

সারা পশ্চিমবঙ্গে রেণ্টাল হাউসিং স্কীমের অন্তর্ভুক্ত মোট ৮০০০ ফ্ল্যাট আছে। যতদিন রাজ্য সরকারী কর্মচারীগণ কর্মরত থাকবেন ততদিন পর্যন্ত তাঁরা এই ফ্ল্যাট-

গুলিতে বসবাসের অধিকারী। অবসর গ্রহণ, পদত্যাগ, বরখাস্ত, অপসারণ, অব্যাহতি ইত্যাদি যে-কোন একটি কারণে কারোর চাকুরি সমাপ্ত হলে অথবা যে শহর, মহকুমা, জেলাতে কোন ফ্ল্যাট অবস্থিত সেখান হতে কোন সরকারী কর্মচারী অন্যত্র বদলি হলে সেই সরকারী কর্মচারী এই স্কীমের অধীনে দখলীকৃত কোন ফ্ল্যাট ছেড়ে দিতে নিয়মানুযায়ী বাধ্য।

কিন্তু দুঃখের সংগে বলতে বাধ্য হচ্ছি যে আজকাল বেশির ভাগ সরকারী কর্মচারী এই নিয়ম মানছেন না। চাকরি সমাপ্ত হবার পরেও কিম্বা অন্যত্র বদলি হয়ে গিয়েও বেশীর ভাগ সরকারী কর্মচারী তাঁদের দখলীকৃত রেণ্টাল ফ্ল্যাটের দখল ছাড়েন না।

[4.35—4.45 P.M.]

অবস্থা এমন পর্যায় এসে গিয়েছে যে, বর্তমানে মোট ৮০০০ ফ্ল্যাটের মধ্যে প্রায় ১০০০ ফ্ল্যাট বেআইনী দখলদারদের দখলে আছে। এর মধ্যে আবার বেশ কিছু বেআইনী দখলদার রাজ্য সরকারী কর্মচারী মহামান্য হাইকোর্টে মামলা করেছে এবং হাইকোর্ট থেকে স্থগিতাদেশ নিয়ে তাঁরা বহাল তবিয়তে তাঁদের ফ্ল্যাটে আছেন। প্রায় ১৫০ জন সরকারী কর্মচারী হাইকোর্ট থেকে স্থগিতাদেশ নিয়েছেন। এর মধ্যে বেশ কিছু ভূতপূর্ব উচ্চপদস্থ অফিসার আছেন। দৃষ্টান্ত হিসাবে বলতে পারি যে যাঁরা হাইকোর্ট থেকে স্থগিতাদেশ নিয়েছেন তাঁদের মধ্যে একজন স্বরাষ্ট্র দপ্তরের সচিব হয়ে অবসর নেন। আর একজন ছিলেন কলকাতা হাইকোর্টের রেজিষ্ট্রার। তাছাড়া রয়েছেন আর একজন বন দপ্তরের উচ্চতর অফিসার, যিনি দার্জিলিং-এ দ্বিতীয় একটি সরকারী ফ্ল্যাট নিয়েও হাইকোর্টের স্থগিতাদেশ বলে তাঁর কলকাতা ফ্ল্যাটের দখল আজও ছাড়েন নি।

নাগরিকদের সরকারের বিরুদ্ধে অভিযোগ থাকতেই পারে এবং তাঁরা তাঁদের অভিযোগ দূরীকরণের জন্য হাইকোর্টের শরণাপন্ন হলে রাজ্য সরকারের আপত্তির কোন কারণ থাকতে পারে না। কিন্তু আমার দপ্তর এটা লক্ষ্য করে আশঙ্কিত যে কোন মামলায় হাইকোর্ট একবার স্থগিতাদেশ দিলে সেই মামলার চূড়ান্ত নিষ্পত্তি হতে অনেক বছর গড়িয়ে যায় এবং তার ফলে জটিল সমস্যার সৃষ্টি হয়। যাঁরা হাইকোর্টের স্থগিতাদেশ নিয়ে আমাদের ফ্ল্যাটে বাস করছেন তাঁরা নিয়মিত ফ্ল্যাটভাড়া দিচ্ছেন কিনা তাও দপ্তরের সঠিক জানা নেই। এই সমস্ত ফ্ল্যাটের ভাড়া ঠিকমত না আদায় হওয়ার জন্য সরকারের আর্থিক ক্ষতি হচ্ছে।

যেহেতু প্রায় ১০০০ (এক হাজার) ফ্ল্যাট বেআইনী দখলদারের দখলে আছে ইজন্য আমার দপ্তর কর্মরত কর্মচারীদের যাঁরা ভাড়া ফ্ল্যাট পেতে ইচ্ছুক তাঁদের হিদা অনুযায়ী ফ্ল্যাট দিতে পারছেন না। দীর্ঘদিন ফ্ল্যাট না পাওয়ার জন্য এই ব সরকারী কর্মচারীরা আমার দপ্তরের উপর প্রচণ্ড চাপ সৃষ্টি করছেন। মাননীয় দস্যগণ অবগত আছেন যে বেসরকারী ফ্ল্যাটগুলির ভাড়া, সেলামী, অগ্রিম এত বেশী । গরীব রাজ্য সরকারী কর্মচারীদের এগুলি আর্থিক সামর্থ্যের বাইরে চলে গেছে। তরাং যে-সমস্ত রাজ্য সরকারী কর্মচারী উত্তরবঙ্গ ও সুদূর জেলাগুলি থেকে লকাতায় বদলি হয়ে এসেছেন তাঁদের আমরা ঠিকমত ফ্ল্যাট দিতে পারছি না বং উপযুক্ত বাসস্থানের অভাবে এঁদের পথে দাঁড়াবার অবস্থা।

পরিস্থিতি এত গুরুতর ও ভয়াবহ হয়ে উঠেছে যে শুধুমাত্র কলকাতায় অবস্থিত াড়া ফ্ল্যাটগুলির জন্য আমার দপ্তরে ৫০০০-এর বেশী দরখাস্ত জমা হয়ে পড়ে াছে। জেলা ও মহকুমা সদরগুলিতে যেখানে আমাদের ফ্ল্যাট আছে সেখানেও ামাদের ফ্ল্যাটের চাহিদা প্রায় কলকাতারই মত। এই উদ্বেগজনক অবস্থা থেকে রিত্রাণের জন্য আমার দপ্তর বর্তমান বিলটি এই সভার অনুমোদনের জন্য এবং টিকে চূড়ান্ত আইনে পরিণত করবার জন্য পেশ করতে বাধ্য হয়েছেন।

এই বিলে বলা হয়েছে যে ভাড়াভিত্তিক সরকারি ফ্ল্যাট দখলের জন্য সরকারি র্মচারীদের 'লাইসেন্স' মঞ্জুর করা হবে। একটা নির্দিষ্ট সময়ের জন্য এই 'লাইসেন্স' ঞ্জুর করা হবে। লাইসেন্সের মেয়াদ শেষ হবার পর তার নবীকরণের ব্যবস্থা তে আছে। যদি অন্য কোন পরিবর্তন না ঘটে থাকে তবে লাইসেন্সের নবীকরণ বশ্যই করা হবে। এই বিলটি তৈরী করার সময়ে যাতে যোগ্য এবং সৎ রকারী কর্মচারীদের প্রতি সুবিচার করা যায় সেদিকে যথাযোগ্য নজর দেওয়া য়েছে, সেই সঙ্গে অযাচিত ও অযোগ্য ব্যক্তিগণ যাতে অন্যায় ভাবে ফ্ল্যাটগুলো দখল রে না রাখতে পারেন বিলে সেদিকেও সতর্ক দৃষ্টি রাখা হয়েছে।

এই বিলে আপীল কর্তৃপক্ষের সংস্থান রাখা হয়েছে। আমরা এটা নিশ্চিত রতে চাই যে এই আইনবলে কোন ব্যক্তি বিশেষের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার াগে তিনি তাঁর আবেদন, বক্তব্য আপীল কর্তৃপক্ষের কাছে পেশ করতে পারেন বং তাঁর আবেদনের শুনানি না হওয়া পর্যন্ত তাঁর বিরুদ্ধে এই আইন অনুযায়ী কান ব্যবস্থা নেওয়া হবে না।

এই প্রসঙ্গে আমি বলতে চাই যে কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য নির্মিত কন্দ্রীয় সরকারের অধীনে যে-সমস্ত ফ্ল্যাট আছে, সেই সমস্ত ফ্ল্যাটের দখল নিয়ন্ত্রণের জন্য একটি কেন্দ্রীয় আইনে আছে। কেন্দ্রীয় আইনটি যে নীতিসমূহের

উপর প্রতিষ্ঠিত বর্তমান বিলটিতে মোটামুটিভাবে সেইসব নীতি অনুসৃত হয়েছে বর্তমান বিলটি অর্ডিন্যান্স আকারে কেন্দ্রীয় সরকারের কাছে পরীক্ষা ও নিরীক্ষা জন্য পাঠান হয়েছিল। কেন্দ্রীয় সরকারের তরফ থেকে যে দু/একটি সামা সংশোধনের প্রস্তাব করা হয়েছে সেগুলি বিলে সন্নিবেশিব হয়েছে। এখানে আরও উল্লেখ্য কেন্দ্রীয় আইনটি আমাদের প্রস্তাবিত বিল থেকে কঠোরতর সেখানে অবসর গ্রহণের পর কেন্দ্রীয় সরকারের কর্মচারীকে এক মাসের মধ্যে সরকারী ফ্ল্যাটের দখল ছেড়ে দিতে হয়। ফ্ল্যাটের দখল না ছাড়া পর্যন্ত তাঁ পেনসন, গ্রাচুইটি কিছুই মঞ্জুর করা হয় না। সুতরাং মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই বিলটি আমি এই সভার সামনে উপস্থিত করছি এবং আশা করবো, মাননী সদস্যরা এই বিলে সম্মতি দেবেন।

ডা: জয়নাল আবেদিন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি ক্লারিফিকেশা চাইছি। মাননীয় মন্ত্রী মহাশয় অস্বীকার করেছেন যে, যে বিল আগের সেসা সার্কুলেট করেছিলেন এ্যামংস্ট আস এবং যার বিরুদ্ধে আমরা এ্যামেণ্ডমেণ্ট মোশা মুভ করেছিলাম—সেই বিল এই হাউসের অগোচরে উইথড্র করা হয়। সেই বি এই বিল থেকে পৃথক। কিন্তু কতিপয় সিমিলারিটি আমাদের চোখের সামনে দে যাচ্ছে। বিলটি প্রত্যাহার করেছেন বিগত সেসানে এবং সার্কুলেট করেছিলে এ্যামংস্ট দি মেম্বারস।

[4.45—4 55 P.M.]

শ্রীযতীন চক্রবর্তী : আমরা এই বিলের মধ্যে যে প্রস্তাব করেছি তা কেবলমা সরকারী কর্মচারীদের জন্য নির্দিষ্ট বাড়ীগুলির জন্য। সমস্ত বাড়ীগুলিকে নিয়ে আগে এনেছিলাম। সেই সময় আমাদের মধ্যে ঐ বিল নিয়ে অনেক আলোচ হয় এবং সেই আলোচনার পর ঠিক হয় এখন আমাদের নিম্ন আয়ভুক্ত, মধ্য এ উচ্চ আয়ভুক্ত জনসাধারণের জন্য নির্দিষ্ট বাড়ো যেগুলো আছে কিংবা ইণ্ডাষ্ট্রিয়া ওয়ার্কার অর্থাৎ শিল্পে নিযুক্ত শ্রমিকদের জন্য যে বাড়ীগুলো আছে সেগুলে এর আওতায় আসবে না। আমার এই বিলের মধ্যে কেবলমাত্র রাজ্য সরকারে অধীনে যেসব কর্মচারী. কর্তব্যরত অবস্থায় আছেন, তাঁদের জন্য যে-সমস্ত বা নির্দিষ্ট আছে সেগুলোই পড়ছে। এর আগের বিলের মধ্যে সামগ্রিকভাবে সরকারে দ্বারা নির্মিত সমস্ত বাড়ীগুলোই ছিল। সেটা আমরা প্রত্যাহার করেছি। এখ

কেবলমাত্র রাজ্য সরকারী কর্মচারীদের জন্য নির্দিষ্ট বাড়ীগুলোকেই এই আইনের মধ্যে আনা হয়েছে। কারণটাও আমরা বলে দিয়েছি যে অবসর গ্রহণের পর বা কাজ থেকে চলে যাবার পর বাড়ীগুলো তাঁরা ছাড়ছেন না। বড় বড় অফিসাররা পর্যন্ত হাইকোর্টের স্থগিতাদেশ নিয়ে এই ভাবে থেকে যাচ্ছেন।

Mr. Deputy Speaker : There is an amendment to motion by Shri Kashinath Misra—amendment No. 3 for sending the Bill to Select Committee consisting of some Members. The amendment is out of order as the Member has not obtained the permission of the Members.

There are also amendments to motion by Shri Kashinath Misra—amendment No. 1 and by Shri Abdul Mannan—amendment No. 2. Shri Kashinath Misra may please move his amendment.

শ্রীকাশীনাথ মিশ্র : Sir I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 10th July, 1984. মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে মাননীয় আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বিল নিয়ে এসেছেন সেই পরিপ্রেক্ষিতে আমার সার্কুলেশন মোশন যেটা দিয়েছি, সেই কনফিউশন সম্পর্কে আশা করেছিলাম রাজ্য সরকার, বিশেষ করে আবাসন মন্ত্রী মহাশয়, এই সার্কুলেশন বিলকে গ্রহণ করবেন বিস্তারিত আলোচনার স্বার্থে। গতবারের বিলের যে টাইটেল ছিল, এবারে সেটা আলাদা করেছেন। গতবারে ৩৭ হাজার বাড়ীর কথা বলেছিলেন, এবারে ৭ হাজারের কথা বলেছেন। কিন্তু এর আগের অধিবেশনে ঘোষণা করেছিলেন যে আগামী বিধানসভাতে সম্পূর্ণ বিলটা আনবেন। আজকে যে বিলটা যেভাবে কৌশল করে নিয়ে এলেন, সত্যিই আপনি চাণক্যের মতই কাজ করলেন। আপনি আজ যেভাবে চাণক্যের কৌশলে ওঁদের ক্ষেত্রে লাইসেন্স করবার জন্য ৩ বছরের একটা প্রভিশন দিয়ে এল. আই. জি. এবং এম. আই. জি. বাড়ীগুলোকে বাদ দিয়ে কেবলমাত্র ৭ হাজার রেণ্টাল হাউসিং-এর মানুষদের জন্য যে ব্যবস্থা গ্রহণ করতে চলেছেন, তাঁদের প্রতি যে মনোভাব এই বিলের মধ্যে দেখিয়েছেন—আমার বক্তব্যের মধ্যে আমি সেটা বলবো স্যার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আবাসন দপ্তর কোন রকম আলোচনার মধ্যে না যেয়ে আজকে যেভাবে বিলটা নিয়ে এসেছেন তাতে মাননীয় সদস্যদের মধ্যে একটা ক্ষোভ আছে। জনসাধারণের স্বার্থে মোটেও এটা করেন নি.। আপনারাই আবার গণমুখী ব্যবস্থার কথা বলেন। আজকে সেদিকে লক্ষ্য রেখে সকলের মতামত নিয়ে

এই বিলটা আনা উচিৎ ছিল। কিন্তু সেই মতামত আপনারা গ্রহণ করলেন না, আপনারা সেটা উপেক্ষা করলেন। এক্ষেত্রে কোন রকম গুরুত্ব উপলব্ধি না করে কিছু মতামত এবং যুক্তি রেখেছেন মাত্র, কিন্তু পরিষ্কার করে কোন জিনিস আমাদের সামনে তুলে ধরতে পারেন নি।

মাননীয় আবাসন দপ্তরের মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিলের মধ্যে দেখতে পাই তাতে যে-সব ব্যবস্থা গ্রহণ করেছেন সেইগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আগে এই বিল এনেছিলেন। ১৯৮৩ সালে এই ব্যাপারগুলো আপনি তুলে দিলেন। আবার যে বিলটা নিয়ে এলেন তার মধ্যে কতকগুলির ব্যাপারে বাধার সৃষ্টি হচ্ছে। সেইগুলি তিনি অন্ততঃ চিন্তা করবেন। তার জন্য আমরা বারে বারে বলেছিলাম আপনারা মতামত নিন। অনেক গুরুত্বপূর্ণ বিল তো সিলেক্ট কমিটিতে যায় সেখানে আলোচনা হবার জন্য। গুরুত্বপূর্ণ বিল হলে সেটাকে সিলেক্ট কমিটিতে পাঠানো উচিৎ। কিন্তু আপনি এটাকে গুরুত্বপূর্ণ বলে মনে করেন না। আমি মনে করি দেশের ভালো করার জন্য এই ব্যাপারে বিচার করা উচিৎ। আপনার এই আবাসন দপ্তরের মধ্যে অনেক দুরবস্থা আছে। আপনি এই আবাসন দপ্তরকে আরো দুরবস্থার মধ্যে ফেলে দিতে চাইছেন। আপনি কোনরকম মতামত কারোর থেকে নেন না। আপনি নিজে যা ভালো বোঝেন তাই করেন। কারোর কথা আপনি শোনেন না। আমরা যেমন নির্বাচিত হয়ে এসেছি, আপনিও সেই রকম নির্বাচিত হয়ে এসেছেন। আমাদের মতামত তো নেওয়া উচিৎ। আমাদের কোন কথার উত্তর দেবার প্রয়োজন আছে বলে আপনি মনে করেন না। অন্যান্য মন্ত্রী মহাশয় যেমন আমাদের কথার উত্তর দেন, তেমনি আপনি আমাদের কথার কোন উত্তর দেন না। আপনার কাছ থেকে সদুত্তর তো পেতে পারি। কোন কথার সদুত্তর আপনি দেন না। আপনি আমাদের ঘৃণা করেন। আপনি আমাদের গ্রাহ্য করেন না। আপনি তো নিজের দলের সদস্যদেরই গ্রাহ্য করেন না, আমরা তো দূরের কথা। আপনি ৬ মাসের একটা প্রভিসানের কথা বলেছেন। ৬ মাস যদি কেউ বাইরে থাকে তাহলে তার লাইসেন্স বাতিল হয়ে যাবে। আপনি জানেন যে এই ব্যাপারে বিভিন্ন রকম কারণ থাকতে পারে। এই ব্যাপারে আরো সময় দেওয়া উচিৎ ছিল। তাদের বিভিন্ন রকম ভাবে কাগজপত্র প্রোডিউস করতে হয়। সেই কাগজপত্র প্রোডিউস করার সময়টা আপনি নিজে বিবেচনা করে দেখবেন। আপনি জানেন অনেকে ছুটি কাটাতে অনেক দিন বাইরে থাকেন। এই ৬ মাসের বেশী যদি কেউ ছুটিতে থাকেন, কেউ যদি সাসপেণ্ড হয়ে থাকেন তাহলে তাঁর লাইসেন্স বাতিল হয়ে যাবে। আপনি আরো কি করলেন? অনুরূপ কর্মচারীদের বাতিলের

ক্ষেত্রে তাদের কর্মস্থল যদি তার বাড়ি থেকে ২০ কিলোমিটার দূরে হয় তাহলে তার লাইসেন্স বাতিল হবে।

[4.55—5.05 P.M.]

কাগজপত্র অফিসে জমা দিয়ে রিপোর্টিং করার পর থেকে যেগুলো হাতে পাবে—সেগুলো রিপোর্ট করার পর ৭—১৫ দিনের মত সময়সীমা নির্দিষ্ট করে দেওয়ার কাজ—তা আপনি করবেন না যাতে তারা অফিসে কাগজপত্রগুলো সময়মত জমা দিতে পারে। উল্টে দেখা গেছে, আপনি তাদের লাইসেন্স অগ্রাহ্য করে দেন। এগুলো শুনতে সামান্য, কিন্তু অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনি এ ব্যাপারে উপেক্ষা করে গেলেন। তাদের আপনি সময় দিলেন না। চাকুরিরত অবস্থায় কোন ফ্ল্যাটের বাসিন্দার কোন রিলেটিভ বা ফ্যামিলি মেম্বারস্‌কে দেখবার জন্য কিছু সময়ের জন্য—১ মাস বা ৩ মাসের জন্য—যে ফ্ল্যাট সংশ্লিষ্ট কর্মীকে এ্যালট করেছেন তা যদি বন্ধ করে বাইরে ছুটিতে যান, তাহলে আপনি তাঁর লাইসেন্স খারিজ করে দেবেন। কিন্তু কেন? সংশ্লিষ্ট ব্যক্তির নিজস্ব ফ্যামিলি ছাড়া বাবা-মা, আত্মীয়স্বজন বাইরে থাকতে পারেন, তাঁদের তিনি দেখবার জন্য বাইরে ছুটিতে যেতে পারেন। বাইরে ছুটিতে যাবার জন্য তো সরকার থেকে ছুটিছাটা ও অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা করা হয়েছে। আপনারা সরকারী কর্মীদের মধ্যে জন্য ভ্রমণে যাওয়ার জন্য ছুটির বন্দোবস্ত করেছেন। তাহলে এই ক্ষেত্রে ছুটিতে গেলে ব্যতিক্রম কেন হবে? এগুলো আপনি ক্লিয়ারলি বলবেন। এখানে যে রুলস্‌ আছে, তার মাধ্যমে আমরা নিশ্চয়ই বিচার-বিবেচনা করব বা আপনিও তাই করবেন বলে আশা করতে পারি। আপনি যা করছেন, তা আমার কাছে ক্যামোফ্লেজ থেকে যাচ্ছে। এটা আপনিই করে রাখছেন। আমাদের এই দৃষ্টিভঙ্গীর দিকে দৃষ্টি রেখে, আমাদের স্বার্থ তথা জনস্বার্থের দিকে দৃষ্টি রেখে যদি এখানে বিলটি আনতেন, তাহলে এই কথাগুলো কখনই আসতো না বা আলোচনা হতে পারতো না। আপনি ৭ হাজার সরকারী কর্মচারীকে—যারা নিরাশ্রয়ে ছিল—আশ্রয় দিয়েছেন। ভূমিহীনকে ভূমি আপনারা দিয়েছেন—আপনাদের কথাতেই না হয় তা স্বীকার করে নিলাম—সেই ক্ষেত্রে একজন যার কোন বাসস্থান নেই, তাকে চাকুরির মেয়াদ শেষ হয়ে গেলে তুলে দেবেন কেন? চাকুরি শেষে একজন সরকারী কর্মীর পেনসন, গ্রাচুইটি, প্রভিডেন্ট ফাণ্ড ইত্যাদির ব্যাপারে কাগজপত্র কত দিনের মধ্যে তার হাতে আসে? অন্ততঃ পক্ষে ২ বছর সময় তার লেগে যায়। সেই সময়সীমা পর্যন্ত সময় তো নিশ্চয়ই

দেওয়া উচিৎ। দেখা গেল মিনিমাম টাইম লাগে ২ বছর, তার বেশীও অনেক সময় লেগে যায়।

শ্রীযতীন চক্রবর্ত্তীঃ এসব কথা কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে বলুন।

শ্রীকাশীনাথ মিশ্রঃ আমরা কেন্দ্রীয় সরকার বুঝি না। আপনি রাজ্য সরকারের আবাসন দপ্তরের মন্ত্রী। সুতরাং এ দাবী আপনার কাছে নিশ্চয়ই করব। আপনার কাছে এটা হচ্ছে আমাদের দাবী। কমপক্ষে আপনাকে ৩ বছর সময় দিতেই হবে। আপনি এগুলো কেন উপেক্ষা করবেন? যদি একান্তই উপেক্ষা করেন, তাহলে অবশ্য আমাদের বলার আর কিছুই নেই। আপনার আসল স্বভাব হচ্ছে এক কান দিয়ে শোনা আর অন্য কান দিয়ে তা বের করে দেওয়া। আমরা জানি, আপনি উপেক্ষা করবেন, এটা আপনার স্বভাব। আমরা অবান্তর কিছু বলি না। আশা করব, সময়ের ক্ষেত্রে আপনি অন্ততঃ বিবেচনা করবেন। যেগুলো সম্বন্ধে আপনি বিবেচনা করতে পারতেন, সেদিকে আপনি দৃষ্টি দেন নি। আরও একটি বিষয়ের প্রতি লক্ষ্য দিতে আপনাকে অনুরোধ করি। সেটি হচ্ছে, আমরা যাঁরা এম. এল. এ, এম. পি. আছি, বা মন্ত্রী যাঁরা আছেন, তাঁদের মধ্যে যাঁরা সরকারী আবাসস্থলে আছেন, তাঁদের জন্য আপনি একটা ব্যবস্থা করেছেন। কিন্তু রেন্টাল হাউসিং স্কীমে যাঁরা আছেন, আইনের প্রভিসন অনুযায়ী তাঁদের জন্য আপনি কোন ব্যবস্থা রাখলেন না। বলতে পারি, আপনি মাথাভারী রাজনীতিতে বিশ্বাস করেন। যেদিকে মাথাভারী, সেই দিকে আপনি ব্যবস্থা করতে রাজী আছেন, কিন্তু যাদের কোন ভাবেই কোন আশ্রয় নেই, তাদের জন্য কিছু বিবেচনা করতে রাজী নন। আমরা দেখলাম আপনি সেক্ষেত্রে উপেক্ষা করছেন। তাহলে সমস্যার সমাধানের জন্য যা বলছেন—বিভিন্ন জেলা থেকে আরম্ভ করে—তা সত্য নয়। এছাড়া আবাসন দপ্তরের মাধ্যমে ব্যাংক লোন থেকে আরম্ভ করে বিভিন্ন ভাবে আপনার যে দায়িত্ব আছে—বিভিন্ন স্থানে আবাস স্থলের সমস্যা সমাধানের ব্যাপারে—তা আপনি উপেক্ষার চেষ্টা করছেন।

এদের নিরাশ্রয় করবার পর এদের জন্য কোন ফ্ল্যাট আপনি তৈরী করছেন না। অথচ আপনি আবাসনমন্ত্রী হয়ে আছেন। রেন্টাল হাউসে যাঁরা আছেন, তাঁদের জন্য কোন রকম ব্যবস্থা করেন নি। ১৯৮৩ সালে যে বিল নিয়ে এনেছিলেন তার মধ্যে রেন্টাল হাউসিং এষ্টেটের ফেসিলিটির ব্যবস্থা করেছিলেন, এবার সেখানে এল. আই. জি., এম. আই. জি. এদের বাদ দিয়ে ওদের উপর খড়্গাঘাত করলেন।

এটা আপনার একটা পলিসি ম্যাটার। সুতরাং নীতি নির্ধারণের ক্ষেত্রে আপনার দৃষ্টিভঙ্গী ত্রুটিপূর্ণ থেকে যাচ্ছে। সেই দিক থেকে আমরা যে-সমস্ত এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি তার মধ্যে যে-সমস্ত সমস্যার কথা বলেছি আশা করবো সেইদিকে আপনি দৃষ্টি দেবেন। আবাসন বিলের নামে কয়েক হাজার সরকারি কর্মচারীকে বঞ্চিত করবার জন্য আপনি একটি আঁতাত করেছেন। আপনি কিছু সংখ্যক উচ্চ পদস্থ কর্মচারীর নাম এখানে করলেন যাঁরা অবসর গ্রহণ করেছেন। অর্থাৎ বর্তমানে যাঁরা উচ্চ পদস্থ কর্মচারী আছেন তাঁদের সঙ্গে আতাঁত করে আপনি এই আইন নিয়ে এসেছেন। এটা পুরোপুরি ভাবে সঠিক আইন নয়। যত আইন আপনি নিয়ে এসেছেন তার মধ্যে এটা একটা ত্রুটিপূর্ণ আইন। আপনি এ বিষয়ে চিন্তা করে এর প্রতিকারের ব্যবস্থা করবেন। সর্বশেষে আমি আমার যে সার্কুলেশান মোশান এবং যে এ্যামেণ্ডমেন্টগুলো দিয়েছি সেগুলি মুভ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল মান্নান: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1984. আমার পূর্ববর্তী বক্তা কাশীবাবু যখন ডিবেটে অংশগ্রহণ করছিলেন তখন মন্ত্রী মহাশয় তাঁকে ইন্টারাপ করছিলেন। বৃদ্ধ লোক, সম্মান তাঁকে দেওয়া উচিত—অসম্মান করছি না, যদিও তাঁর রাজনীতির সঙ্গে আমাদের মিল নেই। কিন্তু কাশীবাবু যখন বলছিলেন তখন তিনি বললেন, আমি এই কান দিয়ে শুনছি, আমার ওই কান দিয়ে বেরিয়ে যাবে। ওই কান দিয়ে বেরিয়ে যাবে কি না জানি না, তবে তাঁকে হুঁশিয়ারি দিয়ে জানাতে চাই যে কালাকানুন, যে কালা বিল আপনি এনেছেন সেই বিল আনার ফলে আপনাকে একদিন রাইটার্স বিল্ডিংস থেকে বেরিয়ে যেতে হবে, সেদিনের জন্য আপনি প্রস্তুত হন। মন্ত্রী মহাশয়ের অনেক ইচ্ছা অনিচ্ছা আছে—লাইকিংস, আন লাইকিংস আছে—কিন্তু সরকারি কর্মচারীদের উপর এত খড়্গহস্ত হলেন কেন বুঝতে পারছি না।

[5.05—5.15 P.M.]

কেন্দ্রের উপর দোষ দেওয়া এঁদের একটা স্বভাব এবং উনিও তার ব্যতিক্রম নন। এই বিল সম্বন্ধে আমি প্রথমেই বলছি উনি একটা রং কনসেপশন থেকে এই বিল এনেছেন। উনি প্রথমেই বলেছেন, টু প্রিভেন্ট আনলফুল অকুপেশন অব সাস্

প্রেমিসেস্। আনলফুল অকুপেশন বলতে বুঝি যারা বে-আইনীভাবে দখল করে আছে। কিন্তু বর্তমানে যারা সেখানে রয়েছে তারা তো ভাড়াটে। ভাড়াটে এবং বে-আইনী দখলকার এক জিনিস নয়। মন্ত্রী মহাশয় এই ৭ হাজার সরকারী কর্মচারীকে কি অজুহাতে বেআইনী দখলকার বলছেন সেটা আমি বুঝতে পারছি না। মন্ত্রী মহাশয় বলেছেন যাঁরা রয়েছেন তাঁদের টেনানসী রাইট কোনদিন ছিল না, কাজেই তাঁদের কেড়ে নেবার কোন প্রশ্নই আসে না। কিন্তু আমরা মনে করি সরকারী কর্মচারীদের একটা রাইট আছে এবং আপনি সেটা কেড়ে নেবার চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের যে হাউস বিল্ডিং লোন দেওয়া হয় সেটা হচ্ছে তাঁদের ৭৫ মাসের বেসিক পে প্ল্যাস ডি. এ. পে। অথচ রাজ্য সরকারী কর্মচারীদের দেওয়া হয় সেক্ষেত্রে ৩৬ মাসের বেতন মাত্র। আপনি যে কেন্দ্রীয় সরকারের দোহাই দিলেন সেটা আপনি ঠিক কথা বলেন নি, আপনি এটা এনেছেন রাজনৈতিক কারণে এবং রাজনৈতিক প্রতিশোধ চরিতার্থ করবার জন্য। বামফ্রন্ট সরকারের কর্মসূচীর যে-সমস্ত ধারা আছে ওই ৩৬, ৪২ ইত্যাদি তাতে আমার মনে হয় তাঁদের কর্মসূচীর আর একটা ধারা হল যেন তেন প্রকারেণ ক্ষমতায় থাকতে হবে। উদ্বাস্তুদের জন্য তো আপনারা অনেক চোখের জল ফেলেছেন, তাহলে সরকারী কর্মচারী যারা এই সমস্ত বাড়ীতে রয়েছে তাদের কেন আপনারা উদ্বাস্তুতে পরিণত করছেন? আপনি নিয়ম করেছেন ২০ কিলোমিটার দূরে যদি বাড়ী হয় তাহলে তিনি আর হাউসিং এষ্টেট-এ থাকতে পারবেন না। অর্থাৎ দেখা যাচ্ছে একজন কর্মচারী যদি বেলঘরিয়া, শ্রীরামপুরে ট্রান্সফার হন তাহলে তিনি আর হাউসিং এষ্টেটে থাকতে পারবেন না, তাঁকে বাড়ী ছেড়ে দিতে হবে। ভবিষ্যতে আমাদের পরিবহণ ব্যবস্থার উন্নতি হবে, কারণ কেন্দ্রীয় সরকার সার্কুলার রেলওয়ের ব্যবস্থা করছেন। কিন্তু ২০ কিলোমিটার দূরে ট্রান্সফার হলে তিনি আর বাড়ী পাবেন না—এটা কি রকম কথা? তারপর লাইসেন্সিং সিষ্টেমের কথা যা বলেছেন সেটা কারা করবেন? যে এ্যাপিলেট অথরিটি হচ্ছে তাঁদের জুডিসিয়াল পাওয়ার কোথায়? আপনারা তো দেখছি এই ৭ বছরে দুর্নীতি দমন করতে পারেন নি। কাজেই এই লাইসেন্স রিনিউ করতে গিয়ে যে দুর্নীতি হবে সেটাও আপনারা দূর করতে পারবেন না। আপনি তাদের ক্ষতি করবার মনোভাব নিয়ে এই জিনিস করছেন এবং সেই সঙ্গে সঙ্গে লাইসেন্স রিনিউ করবার প্রভিসন রেখেছেন। আপনি এই সমস্ত লোকদের প্রতি একটা ভিনডিকটিভ এ্যাটিচিউড নিয়েছেন। শুধু আপনি নন, বামফ্রন্ট সরকার প্রতিটি ক্ষেত্রে একটা ভিনডিকটিভ এ্যাটিচিউড নিয়ে চলেন। যে

সমস্ত সরকারী কর্মচারীরা কো-অর্ডিনেশন কমিটির সঙ্গে যুক্ত নয়, ফেডারেশনের সঙ্গে যুক্ত, বা আপনাদের কোরাপশন ফাঁস করে দিয়েছে, তাদের উপর আপনি শাস্তিমূলক ব্যবস্থা নেবার জন্য এই লাইসেন্স রিনিউ করবার ব্যবস্থা রাখলেন। আপনারা লাইসেন্স রিনিউ করলেন না এবং আমরা জানি এই জিনিসই হবে। চাকুরীর ক্ষেত্রে কারও যদি প্রমোশন হয় তাহলে তাকে বাড়ী ছেড়ে দিতে হবে। তাহলে কি এই প্রমোশন পাওয়াটা অপরাধ? আমরা তো মনে করি প্রমোশন পাওয়াটা একজন কর্মচারীর ক্রেডিট। তারা একটা রিওয়ার্ড পাবার অধিকারী হয়। আপনি কেন্দ্রীয় সরকারকে নিন্দা করছেন। কেন্দ্রীয় সরকার বলেছেন রিটায়ার্ড হবার পর বাড়ী ছাড়তে হবে না। আগে তার পেনসন ফাইনালাইজড হলে, গ্রাচুয়িটি ফাইন্যালাইজ হলে পর তাকে বাড়ী ছাড়তে হবে। তখন যদি সে বাড়ী না ছাড়ে তাহলে তার পেনসন বন্ধ করে দেওয়া হবে। বহু সরকারী কর্মচারী রিটায়ারের পরে পেনসন পান না। মৃত্যুর আগে পেনসন পায় খুব কম সরকারী কর্মচারী। কেন্দ্রীয় সরকারী কর্মচারীর পেনসন, প্রভিডেন্ট ফাণ্ড ঠিক হবার পরে তাকে ঘর ছাড়তে হয়। আপনারা নিজেদের দোষ ঢাকবার জন্য এই ব্যবস্থা করছেন। একটা সরকারী কর্মচারী বদলী হোল, অমনি সঙ্গে সঙ্গে তাকে বাড়ী ছাড়তে হবে। তাহলে তার ছেলেমেয়েদের পড়াশুনার কি হবে? তারা যে স্কুলে পড়ছে আবার তাদেরকে অন্য স্কুলে ভর্তি হতে হবে এবং এই স্কুলে ভর্তি হবার যে অবস্থা সেটা আজ কারও অজানা নেই। আপনি বেআইনী যেসব বাড়ী বা ফ্ল্যাট রয়েছে, বেআইনীভাবে যারা সেখানে বসবাস করছে তাদের যে একজিসটিং আইন আছে, যারা সেই আইনকে ফাঁকি দিচ্ছে তাদের প্রতি ব্যবস্থা নিন, আমাদের কিছু বলার থাকবে না। এই আইন করার ব্যাপারে সবচেয়ে বেশী সাহায্য করেছে আপনার সেক্রেটারী—আই. এ. এস. অফিসার। তিনি হাউসিং এষ্টেটে থাকেন। আপনি আইন করেছেন যে যার বাড়ী আছে তাকে বাড়ী ভাড়া দেওয়া হবে না। সে বাড়ী নিতে পারবে না। কিন্তু আপনার সেক্রেটারীর তো নিজস্ব বাড়ী আছে, তাকে ঐ হাউসিং এষ্টেটের বাড়ী ছাড়বার কথা বলছেন না কেন? তাকে প্রোটেকশন দেবার ব্যবস্থা করেছেন কেন তা বুঝতে পারছি না। আপনার নিজের সেক্রেটারীই অপরাধী—তার প্রতি ব্যবস্থা নেবার সাহস আপনার নেই। এই সমস্ত আই. এ. এস., আই. পি. এস. অফিসারদের বিরুদ্ধে চোখ রাঙাবার ক্ষমতা আপনার নেই। ঐ সমস্ত নিম্ন কর্মচারীদের উপর চোখ রাঙাবার ক্ষমতা আপনার আছে। যে-সমস্ত লো ইনকাম গ্রুপের কর্মচারী তাদের উপর আপনার যত রাগ। আপনি গভর্নমেন্ট প্রেমিসেসগুলিকে পাবলিক প্রেমিসেস বলে ডিক্লেয়ার করবেন। এইটাই নাকি

জেনারেল পলিসি। আপনি তা করতে পারেন না। আজকে সেইজন্য বলছেন যখন বাসস্থানের এতো ক্রাইসিস, সমস্ত সরকারী কর্মচারী রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে তখন আরও কতকগুলি লোককে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াবার ব্যবস্থা করছেন। আপনি জানেন এই কলকাতা শহরে সারা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গা থেকে লোক এসে কাজ করে।

[5.15—5.25 P. M.]

আপনি মফস্বল এলাকার একজন প্রতিনিধি, আপনি হয়ত জানেন আপনার এলাকার বহু লোক কলকাতায় চাকরি করে, কাজ করে, কিন্তু কলকাতায় একটা ঘর ভাড়া করে থাকার মত অবস্থা তাদের নেই। শান্তিপুরের লোক—হয়ত তাঁরা ট্রেনে করে যাতায়াত করতে পারেন, কিন্তু এমন অনেক জায়গা আছে যেখান থেকে কলকাতা এসে চাকরি করা সম্ভব নয়। যেমন আমাদের আরামবাগ, বালুরঘাট, পুরুলিয়া—সেই সব এলাকার মানুষ যাতায়াত করতে পারে না, বাড়ীর আত্মীয়স্বজন সব কিছু ফেলে রেখে কলকাতা শহরে ঘুরে বেড়াবে ফ্ল্যাট পায় না বলে, আপনি তাদের সমস্যা সমাধান করতে পারছেন না, অপরদিকে আজকে যখন ঐ মধ্যবিত্ত লোকগুলো, সরকারী কর্মচারী, কেরানিগুলোর যখন বাড়ীর সমস্যার সমাধান করতে পারছেন না, যারা অন্ততঃ কিছুদিনের জন্য আছে তাদের উচ্ছেদ করার জন্য কেন এই আইন নিয়ে এসেছেন সেটা বুঝতে পারছি না। এটা আপনার নিষ্ঠুরতার জাজ্বল্য প্রমাণ হচ্ছে আপনাদের এই আইন। কাশীবাবু খুব ক্ষুব্ধ হয়ে তাঁর বক্তব্য রেখেছেন, এই ক্ষোভের কারণ ব্যক্তিগত নয়, এই ক্ষোভ হচ্ছে সেই সমস্ত ভাড়াটিয়ারা যারা আপনাদের এই আইনের বলে উদ্বাস্তু হওয়ার আশংকায় আশংকিত, তাদের চোখের জল, তাদের যন্ত্রণা আমাদের ক্ষুব্ধ করেছে—আশা করি আপনাকেও ক্ষুব্ধ করেছে। বার্ধ্যক্যের ভীমরতি নিয়ে মন্ত্রী মহাশয় এই বিল আনবার চেষ্টা করবেন না। আমি জানি এর আগেও উনি এই বিল আনতে চেয়েছিলেন ১৯৮৩ সালে, সবগুলোকে এক সংগে ধরেছিলেন, মন্ত্রী মহাশয়ের গলদ দলের লোকেরা ধরেছিলেন এবং তাঁকে নিবৃত্ত করেছিলেন। কারণ ফ্ল্যাট বিলিতে অনেক কেলেঙ্কারি হয়েছে, বহু খবর সংবাদপত্রে বেরিয়েছে, আমরা বিধানসভাতেও কিছু কিছু বলেছি যে, ফ্ল্যাট বিলির ইতিহাস কি। বামফ্রন্ট সরকারের যতগুলো দুর্নীতির ইতিহাস আছে, ফ্ল্যাট বিলি হচ্ছে তাদের একটা সবচেয়ে বড় দুর্নীতি, এটা সকলেই জানেন, যেভাবে দুর্নীতিগ্রস্ত হয়ে ফ্ল্যাট বিতরণ করেছেন, নিজেদের দলের

লোকেরা যেগুলো নিয়ে রেখে দিয়েছে তারা গলাটিপে ধরবে, মন্ত্রিত্ব যায় যায় অবস্থা, তখন দেখলেন সারেনডার করা ছাড়া উপায় নেই। দলের লোকেদের কাছে তিনি সারেনডার করলেন, তিনি তাঁদের বাদ দিয়ে দিলেন এবং সরকারী কর্মচারীদের উপর খাঁড়া তুললেন। আমি মন্ত্রী মহাশয়কে বলি যে মন্ত্রিত্ব আপনাদের চিরকাল থাকবে না, ক্ষমতায় আপনারা চিরকাল থাকবেন না, আপনাদের অন্ধকারের দিন এগিয়ে আসছে, আপনারা অন্ধকারে খুব শীঘ্র চলে যাবেন। ক্ষমতায় যখন আপনারা থাকতে পারবেন না, তখন যাবার আগে, পশ্চিমবাংলার মানুষের কাছ থেকে বিতাড়িত হবার আগে দয়া করে সরকারী কর্মচারী যাঁরা এই সমস্ত ভাড়াটিয়া আছেন তাঁদের চোখের জল আবার ফেলাবার চেষ্টা করবেন না। আর একবার পুনর্বিবেচনা করুন। আমি বিরোধী দলের সদস্য হিসাবে বলছি বলে নয়, আমরা সেই সমস্ত ভাড়াটিয়াদের হয়ে বলছি—সেই সমস্ত জর্জরিত মানুষদের পক্ষে, সেই সমস্ত যন্ত্রণাকাতর মানুষের পক্ষ থেকে আপনার কাছে আবেদন রাখছি, আপনার মানবিকতার কাছে আবেদন রাখছি, আপনার মহানুভবতার কাছে আবেদন রাখছি, আপনার বিলটি আর একবার পুনর্বিবেচনা করুন, এই বিলটা আর একবার প্রত্যাহার করুন। পশ্চিমবাংলার মানুষের কাছে আপনি ছোট হবেন না। পশ্চিমবাংলার মানুষের কাছে আপনি মহৎ হয়ে থাকবেন, যদি এই বিল প্রত্যাহার করতে পারেন। এই আবেদন রেখে এই বিলের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবামাপদ মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী আজকে যে বিল এনেছেন তাঁকে আমি সমর্থন করছি এবং সংক্ষেপে দু-একটি কথা বলছি। মন্ত্রী মহাশয় কিছুক্ষণ আগে তাঁর বিবৃতিতে যে উদ্দেশ্য এবং হেতুর কথা বলেছেন তাতে বোঝা যাচ্ছে কতকগুলো আনঅথারাইজড লোককে যাতে উচ্ছেদ করা যায় সরকারী আবাসন থেকে, যাতে সরকারী আবাসনের অপব্যবহার না হয়, অবাঞ্ছিত লোক না ঢোকে তার ব্যবস্থা করা হয়েছে এই বিলের মধ্যে। কিন্তু এটা একটা অত্যন্ত স্পর্শকাতর ব্যাপার। কারণ আমাদের সরকারী কর্মচারীবন্ধুদের সহযোগিতা নিয়ে এই আইনকে প্রয়োগ করতে হবে এবং দেখতে হবে বিভিন্ন ক্ষেত্রে যাতে তাদের উপর সুবিচার থাকে এবং আমার বিশ্বাস বাকী যে অন্যান্য ধারাগুলো আছে সেগুলো সব ঠিকই আছে, তবে একটি বিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব কোন লাইসেন্সী মারা গেলে সেখানে তাঁর যাঁরা ডিপেনডেন্ট থাকবেন তাঁদের এক মাসের মধ্যে ঘর ছেড়ে দিতে হবে—বিলের মধ্যে এই কথা বলা রয়েছে। এটা বিবেচনা করতে

হবে। কারণ আমরা দেখেছি আজকে বাসগৃহের এই সমস্যা—এটা ভয়াবহ, তাতে তাদের পক্ষে খুব অসুবিধা হবে বলে মনে হয়, এটা মন্ত্রী মহাশয় একটু বিবেচনা করে দেখবেন। এই কথা বলে এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিল মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটিকে সমর্থন করে কিছু বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ, মহাশয়, বিরোধী পক্ষের বন্ধুদের সরকারী কর্মচারীদের প্রতি হঠাৎ এত দয়া এবং কুম্ভীরাশ্রু দেখে আমাদের মনে সন্দেহ জাগছে। ওঁরা তো চিরকালই সরকারী কর্মচারীদের গালাগাল করে এসেছেন এবং সরকারী কর্মচারীদের বিরুদ্ধে কাজ করেছেন। আমরা যখন সরকারী কর্মচারীদের ডি. এ. ভাতা বাড়াই তখন ওঁরা আমাদের গালাগালি করেন। তাই হঠাৎ ওঁদের এত কুম্ভীরাশ্রু বর্ষণ কেন হচ্ছে, সেটা আমাদের বুঝতে হবে। বামফ্রন্ট সরকার যাই করুক তার একটা বিরোধিতা করতে, তার জন্য এই সব কথার অবতারণা করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কতকগুলি অসুবিধা নিশ্চয় হয়েছে, সেই জন্য এই বিলটি এনেছেন। একদল সরকারী কর্মচারী এখানকার বাসস্থানে থেকে গেলে আর একদল সরকারী কর্মচারী ট্রান্সফার হয়ে এসে এখানে থাকার জায়গা পায় না এবং এখানকার সরকারী প্রেমিসেসগুলি খালি হয় না, কর্মচারীদের দেওয়া যায় না। সেই জন্য তিনি ৩ বছরের লাইসেন্স প্রথা চালু করতে চেয়েছেন। ৩ বছর পর পর হয়ত ট্রান্সফার হবে, সেই উদ্দেশ্যেই তিনি এটা করেছেন। ট্রান্সফারেবল সার্ভিসের জন্য ৩ বছর অন্তর অন্তর রিনিউয়ালের প্রভিসন রেখেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের মধ্যে কয়েকটি ধারা আছে এবং সেই ধারার ভিতর গভর্নমেন্ট প্রেমিসেসের ডেফিনিশান দেওয়া আছে এবং পাবলিক প্রেমিসেস, ষ্টেট প্রেমিসেসের ডেফিনিশানও দেওয়া আছে। এই আইন পাশ করলে কয়েক দিনের মধ্যে হয়ত মামলা-মোকদ্দমা হতে পারে। তাই অত্যন্ত সতর্কতার সংগে মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় ড্রাফটি করেছেন। কাজেই গভর্নমেন্ট প্রেমিসেসের ডেফিনিশান যা দেওয়া আছে সেটা যদি খুব সতর্কতার সংগে ড্রাফটেড হয়ে থাকে তাহলে ভাল কাজ দেখা যাবে। মাননীয় মন্ত্রী মহাশয় এই অসুবিধার দিকটা নিশ্চয় লক্ষ্য করে এটা করেছেন। হঠাৎ একজন মারা যাবার পর তার পক্ষে অসুবিধা হবে, এই কথা বামাপদবাবু তুলেছেন—সেই ক্ষেত্রে লাইসেন্সের ব্যাপারটা একটু ভেবে দেখতে হবে। কেন না আজকাল প্রচণ্ড গৃহসংকট রয়েছে। কাজেই সেই গৃহসংকটের সময় সরকারী কর্মচারীদের প্রতি এই আইনটিকে কঠোর ভাবে প্রয়োগ না করে একটু সহানুভূতির সংগে বিবেচনা করে দেখবেন এবং যতটা

সম্ভব বিবেচনা করবেন। একদল সরকারী কর্মচারী ট্রান্সফার হয়ে এসে সরকারী বাস ভবন পায় না, তাদের রাস্তায় রাস্তায় ঘুরতে হয়, অথচ যারা রিটায়ার করে গেছে তারা বাড়ী ছাড়ছে না, বেআইনী দখল করে আছে, গভর্নমেন্টের বহু অফিসার আছে যাদের বাড়ী আছে, কিন্তু তা সত্ত্বেও তারা বেআইনীভাবে এই বাড়ী দখল করে আছে। ফলে অন্যদের বাড়ী দেওয়া যায় না। সেই জন্য এই বিলটি আনতে হয়েছে। স্বাভাবিকভাবে আমি এই বিলটিকে সমর্থন করছি এবং এই আইন প্রয়োগ করার সময় সহানুভূতির সংগে বিবেচনা করার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5.25—5.35 P M]

শ্রীপ্রবোধচন্দ্র পুরকাইত: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয় যে দি ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেমিসেস (রেগুলেশান অব অকুপেন্সী) বিল, ১৯৮৪ এনেছেন সে সম্বন্ধে সরকার পক্ষের মাননীয় দু'জন সদস্যের বক্তব্য শুনলাম। তাঁরা এই বিলটিকে সমর্থন করে যে বক্তব্য রাখলেন তাতে মনে হল তাঁরা মন্ত্রীকে একেবারে ব্ল্যাঙ্ক চেক দিয়ে দিলেন। অন্যান্য বারে মাননীয় সদস্য অনিলবাবু অনেক কথা বলেন, কিন্তু এবারে তিনি আর সে-সব কথা কিছু বললেন না, কারণ তিনি উপলব্ধি করেছেন এই বিলটি আইনে পরিণত হলে এটি একটি ক্ষতিকারক আইন হবে। তিনি একজন আইনজীবী, তিনি উপলব্ধি করেছেন এই আইনের বিরুদ্ধে অনেক লোকই আদালতে যাবেন এবং তিনি তার মধ্যে অনেককে মক্কেল রূপে পাবেন, সেইজন্য তিনি বিশেষ কিছু বললেন না। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় আজকে যে বিলটা এনেছেন ভাড়াটিয়াদের সম্পর্কে, এই বিলটা তিনি গত সেসানেই এনেছিলেন, কিন্তু পরে সেটা প্রত্যাহার করে নেন, এবারে আবার তিনি সেই বিলটা এনেছেন। এবারে বিলটি উত্থাপন করার সময় তিনি বললেন, আগের বিলের সঙ্গে এই বিলের কোন সঙ্গতি নেই। গতবারে তিনি যে বিলটি নিয়ে এসেছিলেন তাতে সমস্ত ভাড়াটিয়াদের একই নিয়মের আওতার মধ্যে নিয়ে আসার কথা বলেছিলেন, কিন্তু এবারে কেবলমাত্র সরকারী কর্মচারীরা যে-সমস্ত ফ্ল্যাটে থাকে তাদের ক্ষেত্রেই এই আইনটি প্রযোজ্য হবে—একথা তিনি বললেন। আমার জিজ্ঞাস্য, ভাড়াটিয়াদের মধ্যে এই শ্রেণীবিভাগ কেন তিনি করতে গেলেন? যদি নিয়মমাফিক তারা না ছাড়ে তাহলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার কথা তিনি বলেছেন। আমার মনে হয়, আইনের সুযোগ-সুবিধা সকলের ক্ষেত্রে একই

থাকা উচিত। তিনি কেন হটাৎ সরকারী কর্মচারীদের উপর খড়্গহস্ত হলেন ত আমি বুঝতে পারলাম না। স্যার, বামফ্রন্ট সরকার সাধারণ মানুষের কথা বলেন সরকারী কর্মচারীদের কথা বলেন, অথচ সেই সরকারী কর্মচারীদের ক্ষেত্রেই এরক একটা ব্যবস্থা করছেন। মাননীয় অনিলবাবু বললেন, সরকারী কর্মচারীদের প্রতি তাঁদের সহানুভূতি আছে, আজকে হঠাৎ বিরোধী পক্ষ থেকে কেন এইসব বিরোধিত হচ্ছে এটা নাকি তিনি বুঝতে পারলেন না এবং এর মধ্যে তিনি অন্য উদ্দেশ্য দেখলেন। স্যার, আমি মনে করি সমস্ত ভাড়াটিয়াদের ক্ষেত্রে আইনের সুযোগ সুবিধা গ্রহণের ক্ষেত্রে সমদৃষ্টিভঙ্গী থাকা উচিত, কিন্তু তাঁরা সেটা করেন নি। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, অনেকে চাকরি চলে যাবার পর, সাসপেণ্ড হবার পর এবং বদলি হবার পরও এই সমস্ত সরকারী আবাসন ছাড়েন না, ফলে তাঁদের জায়গায় যে-সমস্ত সরকারী কর্মচারীরা বদলি হয়ে আসেন বা নিযুক্ত হন তাঁরা ঘরবাড়ী পান না, সেইজন্য এই আইনের আশ্রয় নিতে হয়েছে। স্যার, আপনি জানেন, একজন সরকারী কর্মচারী সাসপেণ্ড হলে তাঁকে দীর্ঘদিন সাসপেণ্ড অবস্থায় থাকতে হয়। তিনি ৬ মাসের কথা বলেছেন। ৬ মাসে কিন্তু সাসপেনসানের ব্যাপারে কোন চূড়ান্ত নিষ্পত্তি হতে পারে না। এই সাসপেনসানের ভিত্তিতে যদি তাঁকে আবাসন ছেড়ে দিতে হয় তাহলে যে সরকারী কর্মচারীদের প্রতি আপনারা এত দরদের কথা বলেন সেই সরকারী কর্মচারীকে পথে দাঁড়াতে হবে। স্যার, আপনি জানেন, সরকারী কর্মচারীরা বদলি হলে সেখানে তাদের ছেলে-মেয়েদের স্কুল, কলেজে এ্যাডমিশানের ব্যাপার থাকে।

এখন কোন কর্মচারীর চাকুরীর স্থল পরিবর্তন হলে সঙ্গে সঙ্গে তার ভাড়াটিয়া গৃহটি আপনি কেড়ে নিচ্ছেন। এই কেড়ে নেওয়ার ফলে সেই কর্মচারীকে আপনি অসুবিধার মধ্যে ফেলে দিচ্ছেন। কারণ তার ছেলে-মেয়েরা ধারাবাহিক ভাবে সেখানে লেখাপড়ার যে সুযোগ পাচ্ছিল, সরকারী আবাসনটি ছেড়ে দেওয়ার ফলে নতুন স্থানে গিয়ে সে তার ছেলে-মেয়েদের স্কুল বা কলেজে এ্যাডমিশান করতে পারবে না, সেদিক থেকে সে খুবই অসুবিধার মধ্যে পড়বে। আমাদের বর্তমান যে শিক্ষা নীতি, সেই শিক্ষা নীতির ফলে স্কুলে বা কলেজে এ্যাডমিশন পাওয়া একটা ভয়াবহ ব্যাপার, দুঃসাধ্য ব্যাপার, এটা আপনারা সকলেই জানেন। এই ব্যবস্থার ফলে তাদের আবার নূতন করে সেই অসুবিধার মধ্যে ফেলে দেওয়া হচ্ছে। আপনি লাইসেন্স ফি-র জন্য একটা অথরিটির কথা বলেছেন। আজকে যে প্রশাসনিক ব্যবস্থা আছে, সেই প্রশাসনিক ব্যবস্থা দুর্নীতিতে ভরে গেছে এবং একথা আপনারা নিজেরাই স্বীকার করবেন। আপনারা সরকারে আসার আগে

প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, প্রশাসনকে দুর্নীতি মুক্ত করবেন। কিন্তু ৭ বছর ক্ষমতায় থাকার পরেও দেখা যাচ্ছে প্রশাসনে দুর্নীতিমুক্ত তো দূরের কথা, প্রশাসনের রন্ধ্রে রন্ধ্রে আরো দুর্নীতি ঢুকেছে। আজকে যে লাইসেন্স ফী চালু করতে যাচ্ছেন, আপনাদের যে প্রশাসনিক ব্যবস্থা আছে, সেই প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে এই লাইসেন্স ফি দেবার এবং রিনিউ করার ব্যাপার নিয়ে আবার নতুন করে আপনারা দুর্নীতি সৃষ্টি করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এখানে উত্থাপন করেছেন, এই বিলের দ্বারা তিনি কর্মচারীদের পথে বসানোর ব্যবস্থা করেছেন, নতুন করে তাদের একটা দুর্ভোগ সৃষ্টি করবেন। আপনারা সরকারী কর্মচারীদের সম্পর্কে এত কথা বলতেন, এত দরদ দেখাতেন, এই বিলের মাধ্যমে আপনাদের উদ্দেশ্য তারা জেনে ফেলেছে। 'ঝুড়ির মধ্যে থেকে বেড়াল বের হয়ে পড়েছে।' তারা আপনাদের উদ্দেশ্য বুঝতে পেরে গেছে। এই সরকারী কর্মচারীরা এখন আপনাদের ধিক্কার দেবে। কাজেই এই আইন আপনি প্রত্যাহার করে নিন। এই আইনের দ্বারা আপনি সরকারী কর্মচারীদের নতুন ভাবে উদ্বাস্তু করবেন। সরকারী কর্মচারীর চাকুরী চলে যাবার পরে অনেক সময়ে দেখা যায় যে তাদের মাথা গোঁজার জন্য একটুকরো জায়গা থাকে না, নিজস্ব গৃহ থাকে না। যদি কোন সরকারী কর্মচারী মারা যান তাহলে তাঁর স্ত্রী, ছেলে-মেয়েদের দাঁড়াবার কোন জায়গা থাকবে না। এই আইনের দ্বারা আপনি সরকারী কর্মচারীদের এবং তাদের পরিবারকে নতুন করে একটা দুরবস্থার মধ্যে ফেলে দিচ্ছেন। আপনি এই আইন আনার জন্য সরকারী কর্মচারীদের দ্বারা ধিকৃত হবেন। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো, আপনি এই বিল প্রত্যাহার করে নিন। আপনি যে ভুল পদক্ষেপ নিচ্ছেন তা থেকে সরে আসুন। এই কথা বলে এই বিলের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5.35—5.45 P.M.]

শ্রীযতীন চক্রবর্তী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের এবং আমাদের পক্ষের বেশ কয়েকজন বক্তার বক্তৃতা শুনলাম। আমাদের পক্ষের বক্তারা সকলেই এই বিলটিকে সমর্থন করেছেন। কিন্তু কয়েকজন প্রসঙ্গক্রমে এখানে উল্লেখ করেছেন যে, যদি কোন সরকারী কর্মচারীর কর্মরত অবস্থায় মৃত্যু ঘটে এবং সেই মুহূর্তেই যদি তাঁর পরিবারের লোকজনদের বাড়ি ছেড়ে দিতে বলা হয়, তাহলে তা নিশ্চয়ই তাঁদের প্রতি কঠিন এবং হৃদয়হীন ব্যবহারের পরিচয় হবে। আমার মনে হয়

যাঁরা এই কথা বললেন তাঁরা বিলটি ভাল করে পড়েন নি। যদি পড়তেন তাহলে ঐ কথা বলতেন না। আমি যে বিলটি আজকে এখানে পেশ করেছি সে বিলে পরিষ্কার ভাবে বলা আছে যে, বাড়ি ছাড়ার জন্য প্রত্যেককে এক মাসের সময় দেওয়া হবে। এটাই আমরা এখানে বিধিবদ্ধ করছি। আর কংগ্রেসী সরকারের সময়ে যে আইন ছিল, তাতে ছিল চাকরি যে দিন চলে যাবে বা কোন কর্মচারী যে দিন মারা যাবেন তার পরের দিনই বাড়ি ছেড়ে দিতে হবে। সুতরাং আজকে এখানে ঐসব কথা বলে কোন লাভ নেই। আর মাননীয় সদস্যগণ জেনে রাখুন যে, কেন্দ্রীয় কংগ্রেসী সরকারের অধীনে যে-সমস্ত কর্মচারীরা চাকরী করেন তাঁদের চাকরী যে দিন শেষ হয় তার এক মাসের মধ্যেই তাঁদের সরকারী বাড়ি ছেড়ে দিতে হয় এবং কেন্দ্রীয় কংগ্রেসী সরকারের আইন এতই হৃদয়হীন যে, যদি কেউ কোন কারণে না ছাড়েন তাহলে তাঁর পেনসন, গ্র্যাচুইটি পর্যন্ত আটকে রাখা হয়। আমরা কিন্তু কোন কর্মচারীর পেনসন, গ্র্যাচুইটি আটকে রাখছি না। এছাড়া নিম্নবিত্ত, মধ্যবিত্ত এবং উচ্চবিত্ত শ্রেণীর জন্য যে বাড়িগুলি আছে সেগুলি এই আইনের আওতার মধ্যে নেই। সে ক্ষেত্রে ১৯৭৬ সালের আইনটি প্রযোজ্য আছে। সেই আইনের মধ্যে যাঁরা পড়েন তাঁরাও অনেকে হাইকোর্ট থেকে স্থগিতাদেশ নিয়ে আসছেন। সেই আইনে আছে, কোন কারণ না দেখিয়ে যখন খুশী টেনেন্সি টারমিনেট করা যাবে। সুতরাং সেই আইনের থেকে সরকারী কর্মচারীদের জন্য আমাদের এই আইন অনেক কম কঠোর। একজন মাননীয় সদস্য সাসপেনসনের কথা উল্লেখ করলেন এবং আশঙ্কা প্রকাশ করলেন। আমি তাঁর অবগতির জন্য জানাচ্ছি যে, সাসপেনসনের ক্ষেত্রে যতক্ষণ না তা ডিসপোসড্ অফ হচ্ছে ততক্ষণ বাড়ি ছাড়ার কোন প্রশ্নই উঠছে না। এছাড়াও এ্যাপিলেট অথরিটি আছে, ষ্টেট গভর্নমেন্ট আছে, আমরা এতগুলি ধাপ রেখেছি। সুতরাং আজকে মাননীয় সদস্যদের এটা ভেবে দেখতে হবে যে, তাঁরা যখন বলছেন একজন কর্মচারীর চাকরী শেষ হলে পরে তাঁকে বাড়ি ছাড়া করা হচ্ছে, তখন তাঁদের এটাও ভেবে দেখতে হবে তাঁর জায়গায় যিনি আসবেন তাঁকেও তো জায়গা দিতে হবে। চাকরী শেষ হবার পরে যদি একজন সরকারী কর্মী বাড়ি না ছাড়েন, তাহলে তাঁর জায়গায় যিনি আসছেন তাঁকে আমি কোথায় জায়গা দেব? তাঁকেও তো আমার জায়গা দিতে হবে, তাঁর বাসস্থানের ব্যবস্থা করতে হবে। তাছাড়াও এটা মনে রাখতে হবে যে, চাকরীর শর্ত হিসাবেই সরকারী কর্মচারীদের এই বাড়ি দেওয়া হচ্ছে, যাতে তাঁরা ভাল করে কাজ করতে পারেন এবং তাঁদের বেতনের শতকরা ১০ ভাগ মাত্র টাকা ভাড়া হিসাবে তাঁদের কাছ থেকে নেওয়া হচ্ছে। অনেকে এখানে বললেন, তাঁদের

একেবারে ঘরছাড়া করার আগে তাঁদের জন্য বিকল্প ব্যবস্থা করুন। আমি তাঁদের অবগতির জন্য জানাচ্ছি যে, যে দিন আমি আবাসন দপ্তরের ব্যয়বরাদ্দের মঞ্জুরী চেয়েছিলাম সে দিন আমি বলেছিলাম যে, সরকারের পক্ষ থেকে আমরা যে বাড়ি তৈরী করছি সে বাড়ির সংখ্যা এত কম যে, তা এঁদের দেওয়া চলে না। অপর পক্ষে আমি দেখছি যে, কেন্দ্রীয় সরকারের কর্মচারীরা, তথা বড় বড় অফিসাররা আমার কাছে এসে বলছেন, আমাদের অবসর গ্রহণ করতে আর দু'মাস বাকি আছে, দু'মাস পরে আমাদের বাড়ি ছেড়ে দিতে হবে, সুতরাং আপনি একটা ব্যবস্থা করুন। এমন কি ডিফেন্স বিভাগের উচ্চ পদস্থ অফিসাররাও আমাকে এই অনুরোধ করে চিঠি লিখছেন। আমি তাঁদের চিঠির জবাবে তাঁদের লিখছি যে, আপনারা আমাকে কেন লিখছেন, কেন্দ্রীয় সরকার তো কলকাতা শহরে হাজার হাজার বাড়ি তৈরী করছেন, তাঁদের বলুন। আজকে এই তো অবস্থা। কেন্দ্রীয় সরকার তাঁদের দায়িত্বও আমাদের ঘাড়ে চাপাতে চাইছেন। রাজ্য সরকারের কর্মচারীদের জন্য আমাদের গৃহনির্মাণ করা উচিত, কর্মে যুক্ত থাকাকালীন কর্মচারীদের বাসস্থানের ব্যবস্থা করে দেওয়া আমাদের কর্তব্য, কিন্তু আমরা তা দিতে পারছি না। এছাড়াও অনেকে বললেন, অফিসাররা ছুটিতে চলে যাচ্ছে, অথচ সরকারী বাড়িতে মা, ভাই, বোন, স্ত্রীকে রেখে যাচ্ছে। এই প্রসঙ্গে আমি বলছি যে, এটা হতেই পারে, হয়ত কেউ একমাস বা দু'মাসের ছুটি নিয়ে এবং বৃত্তি নিয়ে বাইরে গেছেন, সেক্ষেত্রে তাঁকে বাড়ি ছেড়ে দিতে হবে না, তাঁকে সরিয়ে দেওয়া হবে না। তাঁকে বাড়ি ছেড়ে দিতে হবে এ কথা আমি কখনই বলিনি। আমি কাদের সরাবার কথা বলেছি? [কো]ন বিভাগের একজন উচ্চপদস্থ অফিসার দার্জিলিং-এ একটা ফ্ল্যাট নিয়ে আছেন—[কা]কে নিয়ে আছেন, জানি না—কিন্তু তিনি কলকাতাতেও একটি ফ্ল্যাট বেআইনী-ভাবে দখল করে স্ত্রী, ছেলে-মেয়েকে রেখেছেন। অথচ আমি সেই ফ্ল্যাটটি আর একজন অফিসারকে দিতে পারতাম, কিন্তু এই অবস্থায় দিতে পারছি না, তাঁকে সার্কিট হাউসে রাখতে হয়েছে। ট্রানজিটে রাখছি। এইভাবে চললে দেশের শাসন ব্যবস্থা চালানো সম্ভব নয়। তা ছাড়া দুর্নীতির কথা বলেছেন। দুর্নীতি বহু আছে। আমি সেইদিকে যাচ্ছি না। আজকে সমাজে যে অবক্ষয় এবং যে শ্রেণীবিভক্ত সমাজ সেই শ্রেণীবিভক্ত সমাজে দুর্নীতি থাকবে এবং তারই প্রতিফলন প্রত্যেকটি জায়গায় দেখছি। কি সরকারী কর্মচারীদের মধ্যে, কি রাজনৈতিক ক্ষেত্রে বহু দুর্নীতি আছে। আমি তার মধ্যে যাচ্ছি না। কিন্তু আমরা মাহিনার শতকরা ১০ ভাগ হিসাবে যে ভাড়া দিচ্ছি সেখানে দেখা যাচ্ছে সেই বাড়ী ছেড়ে দিয়ে আর একটি জায়গায় বাড়ী তৈরী করলো এবং সেই বাড়ী ভাড়া দিয়ে চলে গেল এবং সেই

বাড়ী বর্তমান বাজার দরের যে ভাড়া সেই ভাড়ায় ভাড়া দিচ্ছে। এদের এই দুর্নীতি এবং মনোবৃত্তি আমাদের বন্ধ করতেই হবে এবং সেইজন্য এই আইন এনেছি। এই আইনটি কঠোর নয়। কারণ কংগ্রেসী সরকারের যে আইন ছিল সেটা আমরা কেবলমাত্র ষ্ট্যাটুটরী করলাম, বিধিবদ্ধ করলাম। এখানে অনেকে বলেছেন কাগজ-পত্র কোথায় পাবে ৩ বছর পরে। এখানে কাগজ-পত্রের কি আছে? তিনি চাকরীতে আছেন কি নেই, চাকরী করছেন কি না? অবসর গ্রহণ করেছেন কি না? এটা দয়া করে ৩ বছরের মধ্যে জানাতে পারবেন না? এটা না জানাতে পারার কি আছে? যদি না পারে তাহলে ছেড়ে দিতে হবে। সেইজন্য ৩ বছর বাদে বাদে লাইসেন্স রিনিউ করার কথা বলেছি। তারপর এখানে এস. ইউ. সি.'র মাননীয় সদস্য বললেন, এই বিলটি এনে নাকি তাদের উপর অতি অমানুষিক ব্যবহার করা হয়েছে। আমাদের তো দয়া-মায়া নেই, আমরা জনগণের প্রতিনিধিত্ব করি না। কালকে ময়দানে তো মিটিং করে বলেছেন। সুতরাং জনসাধারণ গিয়ে আপনাদের দলে যোগ দেবেন, আপনাদের দলের সদস্য সংখ্যা বাড়বে এবং আমাদের বিরুদ্ধে বিদ্রোহ করবে, আমাদের বিরোধী হয়ে উঠবে। এটা আর এমন কি? সুতরাং তাদের এই আইনকে স্বাগত জানানো উচিৎ ছিল। যাইহোক এই বিলের উপর যে সার্কুলেশান মোশান এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5.45—5.55 P.M.]

The motions that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, were then put and a division taken with the following results :

NOES

Abdul Quiyom Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Natabar
Banerjee, Shri Amiya Bhusan
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Ajit
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Debi Prosad
Basu, Shri Subhas
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bora, Shri Badan
Bose, Shri Biren
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
De, Shri Bibhuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Kamakhya
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Jyotsna Kumar
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kujur Shri Sushil
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Gopal
Mandal, Shri Sukumar
Mandi, Shri Sambhunath
Ming, Shri Patras
Mohanta, Shrl Madhabendu
Molla, Shri Anadi
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Oraon, Shri Mohan Lal
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Mohini Mohan
Pramanik, Shri Abinash
Pramanik, Shrl Radhika Ranjan
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu

Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Sk. Siraj Ali, Shri
Tudu, Shri Bikram
Abdus Sattar. Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhattachariya, Shri Amarendranath
Mahato, Shri Shantiram
Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Nurul Islam Chowdhury, Shri
Seth, Shri Bhupendra Nath
Shaikh Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

AYES

Abdul Mannan, Shri

ABSTENTION

Purkait, Shri Prabodh

The Ayes being 15 and the Noes 125, the motions were lost.

The motion of Shri Jatin Chakraborty that the West Bengal Government Premises (Regulation of Occupancy) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

Shri Abdul Mannan : Sir, I beg to move that in clause 1(3), in line (Amendment No. 8, 9) after the words "on such date" the words "after th 31st March, 1986" be inserted.

Sir, I further beg to move that the following proviso be added to clause 1 :

"Provided that the provisions of this Act shall not apply to the Stat Government employees who have joined the State Government servic before 31st March, 1984 :

Provided further that notwithstanding anything contained in any sectio of this Act, the Competent Authority shall not, without prior permissio of any Court of law, use any force against the occupants of Governmen Premises :

Provided further that the provisions of this Act shall not apply to th Government premises which have been constructed before 31st March, 1984".

Shri Jatin Chakraborty : No, I will not accept the amendments.

The Motions (Amendment No. 8 & 9) were then put and a division taken with the following results :

NOES

Abdul Quiyom Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Banerjee, Shri Amiya Bhusan
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Ajit
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Debi Prosad
Basu, Shri Subhas
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bora, Shri Badan
Bose, Shri Biren
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Nimai Chandra
De, Shri Bibhuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Kamakhya
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sitaram
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhanshu Sekhar
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Gopal
Ming, Shri Patras
Mohanta, Shri Madhabendu
Molla, Shri Anadi
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh

Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Oraon, Shri Mohan Lal
Pal, Shri Bijoy
Panda, Shri Mohini Mohan
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Sudhir
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhn
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sayed Md. Masih, Shri
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Sk. Siraj Ali, Shri
Tudu, Shri Bikram

AYES

Abdul Mannan, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhattacharya, Shri Amarendranath
Mahato, Shri Shantiram
Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Nurul Islam Chowdhury, Shri
Seth, Shri Bupendra Nath
Shaikh Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

ABSTENTION

Purakait, Shri Probodh Chandra

The Ayes being 15 and the Noes being 119, the motions were lost.

The question that clause I do stand part of the Bill was then put and agreed to.

Clause—2

Shri Abdul Mannan : Sir, I beg to move that in Clause 2, for sub-clause (a) the following sub-clause be substituted :—

"(a) 'Appellate Authority' means a retired or sitting District Judge or a retired or sitting Judge of a High Court,"

Sir, I also beg to move that in clause 2, for sub-clause (c), the following sub-clause be substituted :—

"(c) 'Competent Authority' means an authority not below the rank of Deputy Secretary ;"

Sir, I also beg to move that clause 2 (f) be omitted.

Sir, I also beg to move that clause 2 (g) be omitted.

মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তার উদ্দেশ্যটা যদি ভাল করতে হয় তাহলে এটা গ্রহণ করা উচিৎ। এ্যাপিলিয়েট অথরিটি যদি রিটায়ার্ড অর সিটিং ডিষ্ট্রিক্ট জাজ হয় অথবা রিটায়াড´ অর সিটিং জাজ অফ হাইকোর্ট হয় তাহলে সেখানে আপত্তিটা কোথায়? মন্ত্রী মহাশয় যদি এটা ইনজাসটিস না করেন তাহলে এটা গ্রহণ করতে অনুরোধ করছি। কমপোনেণ্ট অথরিটি ডেপুটি সেক্রেটারীর নিচে যাতে না হয় তার ব্যবস্থা করুন। আমি এই এ্যামেণ্ডমেণ্টগুলি গ্রহণ করার জন্য বলছি।

শ্রীকাশীনাথ মিশ্র: Sir, I beg to move that in clause 2, for subclause (c), the following sub-clause be substituted :

"(c) 'Competent Authority' means an authority not below the rank of Deputy Secretary appointed by the Government and includes different such authorities for different Government premises ;"

Sir, I also beg to move that in clause 2, for sub-clause (d) the following sub-clause be substituted :

"(d) 'Government premises' means State premises which shall henceforward be constructed exclusively for Government employees ;"

Sir, I also beg to move that after clause 2 (m) the following new sub-clause be added :

"(mI) 'State Government' means the Government of West Bengal ;"

আমার এ্যামেণ্ডমেণ্ট যেগুলি আছে সেই এ্যামেণ্ডমেণ্টের মধ্যে কমপোনেণ্ট অথরিটির যে ব্যাখ্যা দেওয়া আছে এবং যেটা আবদুল মান্নান বলেছেন যে, কমপোনেণ্ট অথরিটি ডেপুটি সেক্রেটারীর র‍্যাংক-এর নিচে না হয় এবং অন্যান্য যে কথা বলেছি সেটা হলো কমপোনেণ্ট authority means an authority not below the rank of Deputy Secretary appointed by the Government and includes different such authorities for different Government premises. সেই রকম ভাবে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্লজ ১৩ ফর সাব-ক্লজ (ডি)-তে সেখানে বলছি Government premises means State premises which shall henceforward be constructed exclusively for Government employees এখানে আপনার মোটিভেটেড হবার চান্স আছে। সেই ক্ষেত্রে এটা বিবেচনা করা উচিৎ। আর ১৭ নং বলতে চাইছি যে ষ্টেট গভর্নমেণ্ট মিন্স দি গভর্নমেণ্ট অফ ওয়েষ্ট বেঙ্গল। আগের বারে বিলে দেখলাম

টাইটেলটা এই রকম ছিল, এবারে অন্যভাবে এনেছেন। এই বিল যাতে আরো সুন্দর হয় সেই উদ্দেশ্যে এই এ্যামেণ্ডমেন্টগুলি দিয়েছি। আমি এই এ্যামেণ্ডমেন্টগুলি মুভ করছি।

Shri Jatin Chakraborty : Sir, I do not accept the amendments moved by Shri Abdul Mannan and Shri Kashinath Misra.

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in clause 2, for sub-clause (i), the following sub-clause be substituted :

"(i) 'premises' means any buildings, shed or hut, used or intended to be used for residential purposes, and includes part of a building, shed or hut and a room or a seat in a room allotted separately and also includes—

(i) the gardens, grounds, outhouses, garages and godowns, if any, appurtenant thereto, and

(ii) any furniture suppplied or any fittings or fixtures affixed for the use of the occupancy of such building, garage, godown, shed, hut, room or seat in a room, as the case may be ;"

Shri Jatin Chakrabarty : Sir, I accept the amendments.

[5.55—6.05 P.M.]

The motions of Shri Abdul Mannan that in Clause 2, for sub-clause (a) the following sub-clause be substituted :

"(a) 'Appellate Authority' means a retired or sitting District Judge or a retired or sittiny Judge of a High Court" ;

that in clause 2, for sub-clause (c), the following sub-clause be substituied :

"(b) 'Competent Authority' means an authority not below the rank of Deputy Secretary",

the motions of Shri Kashinath Misra that in clause 2, for sub-clause (c), the following sub-clause be substituted :

"(c) 'Competent Authority' means an authority not below the rank of Deputy Secretary appointed by the Government and includes different such authorities for different Government premises ;

that in Clause 2, for sub-clause (d), the following sub-clause be substituted :

"(d) 'Government premises' means State premises which shall henceforward be constructed exclusively for Government employees ;"

the motions of Shri Abdul Mannan that Clause 2(f) be omitted, & that Clause 2(g) be omitted ;

the motion of Shri Kashinath Misra that after Clause 2(m) the following new Sub-clause be added :

"(mI) 'State Government' means the Government of West Bengal ;" were then put and a division taken with the following results :

NOES

Abdul Quiyom Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Natabar
Banerjee, Shri Amiya Bhusan
Banerji, Shri Radika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Ajit
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Debi Prosad
Basu, Shri Subhas
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bora, Shri Badan
Bose, Shri Biren
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Nimai Chandra
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Kamakhya
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Sitaram
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal

Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Gopal
Mandal, Shri Sukumar
Ming, Shri Patras
Mohanta, Shri Madhabendu
Molla, Shri Anadi
Mondal Shri Ganesh Chandra
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Oraon, Shri Mohan Lal
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Mohini Mohan
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Tudu, Shri Bikram

AYES

Abdul Mannan, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhattacharya, Shri Amarendranath
Mahato, Shri Shantiram
Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Nurul Islam Chowdhury, Shri
Seth, Shri Bhupendra Nath
Sinha, Shri Atish Chandra

The Ayes being 14 ; and the Noes 121, the motions were lost.

The motion of Shri Sumanta Kumar Hira that in Clause 2, for Sub-clause (*i*), the following Sub-clause be substituted :

"(i) 'premises' means any buildings, shed or hut, used or intended to be used for residential purposes, and includes part of a building, shed or hut and a room or a seat in a room allotted separately and also includes—

(i) the gardens, grounds, outhouses, garages and godowns, if any, appurtenant thereto, and

(ii) any furniture supplied or any fittings or fixtures affixed for the use of the occupant of such building, garage, godown, shed, hut, room or seat in a room, as the case may be ;"

was then put and agreed to.

Clause 2

The question that Clause 2, as and amended, do stand part of the Bill, was then put and agreed to,

Clause 3

Mr. Deputy Speaker : The amendment No. 18 of Shri Kashinath Misra is out of order Under Rule 321 (2).

The Question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4 to 7

The question that Clauses 4 to 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

Shri Kashinath Misra : Sir, I beg to move that the following proviso be added to clause 8 :—

"Provided that any person who has retired from the service of the State Government shall remain in occupation of a Government premises for two years from his date of retirement of that service"

also I beg to move that in Clause 8, the Explanation be omitted ;

মাননীয় মন্ত্রী মহাশয় যে সময় ধার্য করেছেন, তা আর একটু বাড়াবার জন্য আমি বলেছি। উনি এটা বিবেচনা করতে পারেন এবং যদি সেই ভাবে কৃপাদৃষ্টি দেন তাহলে মহাভারত এমন কিছু অশুদ্ধ হয়ে যাবে না।

Shri Jatin Chakraborty : I do not accept.

The motions of Shri Kashinath Misra that the following proviso be added to Clause 8 :

"Provided that any person who has retired from the service of the State Government shall remain in occupation of a Government premises for two years from his date of retirement of that service" ;

that in Clause 8, the Explanation be omitted ; were then put and lost.

The question that Clause 8 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 9

Shri Kashinath Misra : Sir, I beg to move that in Clause 9, line 1, for the words "subject to" the words "not with standing" be substituted.

Shri Jatin Chakraborty : I do not accept it.

The Motion of Shri Kashinath Misra that in clause 9, line 1, for the words "subject to" to words "not with standing" be substituted, was then put and lost.

The question that Clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Clause 10

Mr. Deputy Speaker : There is no amendment to Clause 10.

The question that Clause 10 do stand part of the Bill was then put and agreed to.

Clause 11

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in Clause 11, in sub-clause (1), in item (iii), for the word "reasons", the word "reason," be substituted.

Shri Jatin Chakraborty : I accept it.

The motion of shri Sumanta Kumar Hira that in Clause 11, in sub-clause (1), in item (iii), for the word "reasons" the word "reason," be substituted, was then put and agreed to.

The question that Clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 12

Mr. Deputy Speaker :· There is no amendment to Clause 12.

The question that Clause 12 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 13

Shri Kashinath Misra : Sir, I beg to move that in clause 13, line 4, the words "and use such force" be omitted.

Shri Jatin Chakraborty : I do not accept it.

The motion of Shri Kashinath Misra that in clause 13, line 4, the words "and use such force" be omitted, was then put and lost.

The question that Clause 13 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 14

Shri Kashinath Misra : Sir, I beg to move that clause 14 be omttied.

Shri Jatin Chakraborty : I do not accept it.

The motion of Shri Kashinath Misra that clause 14 be omitted was then put and lost.

The question that Clause 14 do stand part of the Bill was then put and agreed to.

Clause 15

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in Clause 15,—

(a) for sub-clause (1), the following sub-clause be substituted :

"(1) Where any person has occupied any Government premises in violation of any of the provisions of this Act, he shall be liable to pay as compensation such amount, not exceeding the market rental value of the premises assessed in the prescribed manner, as the Competent Authority may, by order, determine after giving such person in opportunity of being heard" ; and

(b) in sub-clause (2), after the words "such compensation" the words, "not exceeding the cost of repair," be inserted,

Shri Jatin Chakraborty : I accept it.

The motion of Shri Sumanta Kumar Hira that in clause 15, (a) for sub-clause (1), the following sub-clause be substituted :

"(1) Where any person has occupied any Government premises in violation of any of the provisions of this Act, he shall be liable to pay as compensation such amount, not exceeding the market rental value of the

premises assessed in the prescribed manner, as the Competent Authority may, by order, determine after giving such person in opportunity of being heard" ; and

(b) in sub-clause (2) after the words "such compensation" the words, "not exceeding the cost of repair," be inserted. ; was then put and agreed to.

The question that Clause 15, as amended, do stand part of the Bill was then put and agreed to.

[6.05—6.15 P.M.]

Clauses 16—21

The question that Clauses 16—21 do stand part of the Bill was then put and agreed to.

Clause 22

Mr. Deputy Speaker : There are amendments to clause 22 by Shri Kashinath Misra—amendments no. 26 and 27—but the amendment no. 26 is out of order. So, I request Shri Kashinath Misra to move his amendment no. 27.

Shri Kashinath Misra : Sir, I beg to move that in the proviso to Clause 22, line 2, for the words "two years" the words "six months" be substituted.

মন্ত্রী মহাশয় যে আইন করেছেন তাতে তিনি যেখানে বলছেন ২ বছর, আমি বলছি ওটা ৬ মাস করলে সুবিধা হবে। এই আইন হবার পর কার্যকরী করতে আপনি ২ বছর সময় নিচ্ছেন, অথচ অন্যান্য ক্ষেত্রে আপনি বলছেন ১৫ দিনের মধ্যে হবে। এখানে তাহলে দু' বছর কেন করছেন? এই কারণে আমি বলছি ওটা ৬ মাস করুন এবং আশা করি মন্ত্রী মহাশয় আমার এ্যামেণ্ডমেণ্ট বিবেচনা করবেন।

Shri Jatin Chakraborty : I do not accept the amendment.

The motion of Shri Kashinath Misra that in the proviso to Clause 22, line 2, for the words "two years" the words "six months" be substituted was then put and lost.

The question that Clause 22 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 23

The question that Clause 23 do stand part of the Bill, was then put and greed to,

Clause 24

Mr. Deputy Speaker : There is amendment to Clause 24 by Shri Kashinath [isra—amendment no. 28—but the amendment is out of order.

The question that Clause 24 do stand part of the Bill, was then put and greed to.

Clause 25

The question that Clause 25 do stand part of the Bill, was then put and greed to.

Clause 26

Shri Kashinath Misra : Sir, I beg to move that in Clause 26, in line 1, fter the words "make rules" the words "within thirty days from the date of oming into force of this Act" be inserted.

Shri Jatin Chakraborty : I do not accept.

The motion of Shri Kashinath Misra that in Clause 26, in line 1, after the words "make rules" the words "within thirty days from the date of coming nto force of this Act" be inserted was then put and lost.

The question that Clause 26 do stand part of the Bill, was then put and igreed to.

Clause 27

Mr. Deputy Speaker : There is amendment to Clause 27 by Shri Kashinath Misra—amendment no. 30—but the amendment is out of order.

The question that Clause 27 do stand part of the Bill, was the put and agreed to.

Schedule—1

Mr. Deputy Speaker : There are amendments to Schedule 1 Shri Kashinath Misra.

Shri Kashinath Misra : Sir, I beg to move that in Schedule 1, item No.

1 (i), line 2, for the words "three years" the words "twenty years", be substituted.

Shri Kashinath Misra : Sir, I beg to move that in Schedule I, item No. 4, line 3, for the words "fifteen days" the words "sixty days" be substituted.

Shri Kashinath Misra : Sir, I also beg to move that in Schedule I, in example of item 5, line 4, the words "or keeps it vacant" be omitted.

Shri Jatin Chakraborty : I don't accept.

The motions of Shri Kashinath Misra were then put and lost.

There is amendment to Schedule I by Shri Sumanta Kumar Hira.

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in Schedule 1,—

(a) in item 11, the following be added at the end :

"The licensee shall send to the Competent Authority as and when required by it a statement showing the details of the license fee paid by the licensee and such statement shall be in such form and shall be authenticated in such manner, as may be stipulated by the Competent Authority." ;

(b) in item 13, after the words "place of posting", the words "and every change in his status by reason of his going on leave or being plaeed under suspension or by any other reason" be inserted ;

(c) in item 14, in clause (a), for the word "license", the word "licensee" be substituted.

Shri Jatin Chakraborty : I accept it.

The motion of Shri Sumanta Kumar Hira was then put and agreed to.

There is amendmen to Schedule I by Shri Kashi Nath Misra.

Shri Kashinath Misra : Sir, I beg to move that in Schedule I, item 12, lines 2 and 3, for the words "one month" the words "six month" be substituted.

Shri Jatin Chakraborty : I don't accept it.

The motion of Shri Kashinath Misra was then put and lost.

The question that Schedule I as amended do stand part of the Bill was put and agreed to.

Schedule—II

Mr. Deputy Speaker : There is an amendment to Schedule II by Shri Kashinath Misra.

Shri Kashinath Misra : Sir, I beg to move that in Schedule II (i) after item No. 11 (i) the following be added :

"(iA) Flat No. 17 of Block II."

(ii) in item No. 11 (iv) for the words and figures "42, 44, 45 and 47 of Block V", the words "42 to 49 of Block V", be substituted.

(iii) in item No. 23, in lines 3 and 4, the words and figure "except those in Block No. RA and Block RZ-1" be omitted.

Shri Jatin Chakraborty : I don't accept.

The motion of Shri Kashinath Misra was then put and lost.

There is an amendment,

by Shri Sumanta Kumar Hira,

to Schedule II.

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in Schedule II,

(a) in item 23, for the words and letters "Block No. RA and," the words and letters "Block Nos. RA to RZ and" be substituted , and

(b) for item 53, the following item be substituted :

"53, All residential premises comprised in the Housing Estate for Industrial Workers at Jajodia Garden Goshala Road. Belur, Howrah."

Shri Jatin Chakraborty : I accept it.

The motion of Shri Sumanta Kumar Hira was then put and agreed to.

The question that Schedule II, as amended, do stand part of the Bill was put and agreed to.

[6.15—6.25 P. M.]

Preamble

Mr. Deputy Speaker : There are amendments to Preamble by Shri Kashinath Misra and Shri Abdul Mannan, As Abdul Mannan is not present in the House, his amendment is not moved. Shri Kashinath Misra may now move his amendmend.

Shri Kashinath Misra : Sir, I beg to move that in Preamble, lines 2 and 3 the words "meant for the employees of the State Government," be omitted.

Shri Jatin Chakraborty : I do not accept it.

The motion of Shri Kashinath Misra that in Preamble, lines 2 and 3, th words "meant for the employees of the State Government," be omitted, wa then put and lost.

The question that Preamble do stand part of the Bill was then put an agreed to.

Long Title

Mr. Deputy Speaker : There are amendments to Long Title by Shi Kashinath Misra and Shri Abdul Mannan.

As Shri Abdul Mannan is not present in the House, his amendment i not moved.

Shri Kashinath Misra may now move his amendment.

Shri Kashinath Misra : Sir, I beg to move that in Long Title, lines 2 an 3, the words "meant for the employees of the State Government," be omitted.

Shri Jatin Chakraborty : I do not accept it.

The motion of Shri Kashinath Misra that in Long Title, lines 2 and 3, th words "meant for the employees of the State Government," be omitted, wa then put and lost.

The question that Long Title do stand part of the Bill was then put an agreed to.

Shri Jatin Chakraborty : Sir, I beg to move that the West Benga Government Premises (Regulation of occupancy) Bill, 1984, as settled in the Assembly, be passed.

মিঃ ডেপুটি স্পীকার : এই বিলের জন্য যে টাইম ফিক্স করা হয়েছে, তা ৬.২০ মিনিটে শেষ হয়ে যাবে। কিন্তু দেখা যাচ্ছে এই টাইমের মধ্যে বিলটা শেষ করা যাচ্ছে না, আরও কিছু বেশী সময় লাগবে। সুতরাং আমি হাউসের কাছে অনুরোধ করছি আরও আধ ঘণ্টা সময় বাড়াবার জন্য। আশা করি আধ ঘণ্টা টাইম বাড়াবার অনুমতি মাননীয় সদস্যরা দেবেন।

(Voices : Yes, Yes,)

So, the time is extended by half an hour.

Dr. Zainal Abedin : Sir, The West Bengal Government Premises (Regulation of Occupancy) Bill, 1984 consists of as many as 50 clauses. We find that there are 37 amendment proposals. out of which five amendments have been moved from the Treasury Bench and those have been accepted by the Minister-in-charge. So what it shows by this ? It shows that the Bill has been hastily drafted.

আমার সেকেণ্ড পয়েন্ট হচ্ছে, আপনি পারপাস যেটা বলেছেন—খুব গুরুতর মনোভাব না থাকলে এই কথা জানতে চাই, যেখানে আপনারা সরকারে আছেন, এখানে বাসগৃহ-এর সমস্যা আছে, দোজ আর রিটায়ার্ড পার্সন্স, যাঁরা বাসস্থান করতে পারেন নি কালো টাকা অর্জন করে বাই করাপ্ট মিন্স, ইউ টেল মি, তারা থাকবে কোথায় ?

You do not provide any alternative accommodation for them. What is the object of this Bill. I do not understand, You are going to remove some retired persons without giving them any opportunity to find alternative accommodation.

আমাদের তরফ থেকে অনুরোধ করা হয়েছিল এ্যাপিলেট অথরিটি পার্টান, তার ৩ বছরের জায়গায় ২০ বছর করে দিন। কেননা, এ্যাকিউট বাসগৃহ সমস্যা রয়েছে। You should view it from that angle. There are financial institutions and other financial agent & both international and national. হাউসিং মিনিষ্টার হিসাবে আপনার কি এই কর্তব্যে বাধে না, যারা Homeless, those who are destitutes and have no homes you should guarantee shelters for them, a canopy over their heads. আপনি এর কি প্রতিবিধান করেছেন ? You are ready to give punishment to certain persons whom you do not like. এদের সম্পত্তি আছে, এরা যাবে কোথায় ? Those who have black money, those who have earned black money as you have earned. আপনি তাদের কথা চিন্তা করছেন কেন ? যারা হোমলেস তারা যাবে কোথায় ? তারা কোথায় যাবে ? এই কথা আমি যতীনবাবুর কাছে জানতে চাই—হেসটিলি এই বিল আনা হয়েছে। আপনি একাধারে হাউসিং মিনিষ্টার, আবার পূর্তমন্ত্রীও বটে এবং বামফ্রন্টের সিনিয়র মিনিষ্টার। আপনার গৃহসমস্যা আছে এবং আর্বান এরিয়া ক্রমশঃ বাড়ছে। gradually urbanisation is taking place in west Bengal. আগে যা আর্বান পপুলেশন ছিল ১৯৮১'তে তার চেয়ে লার্জার পপুলেশন আমরা দেখতে পাচ্ছি। তার জন্য Larger housing recommendation with financial

aids from different national and International agencies. এই গ্যারান্টি আপনাকে দিতে হবে। বের করে দিলেন—এরা দাঁড়াবে কোথায় ? গাছতলায় ? কোথায় যাবে ? সেই জন্ম বলছি অল্টারনেটিভ ব্যবস্থা রাখবেন, not in a vindictive mood, not in a mood to apply your authority. আজকে মানবিকতার দিক দিয়ে আপনার কাছে আবেদন করছি এই বিষয়টি আপনি বিবেচনা করুন। Thank you, Mr. Deputy speaker, Sir, because you have listened to me.

শ্রীযতীন চক্রবর্তী: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আর এর কি উত্তর দেব ? উনি তো ধরেই নিলেন বামফ্রন্ট সরকারের মন্ত্রীরা সব দুর্নীতিপরায়ণ এবং আমি যে কোয়ার্টারে থাকি ঐখানে ঢোকবার জন্ম উনি অনেকদিন ধরে চেষ্টা করছেন। আমার কাছে দরখাস্ত দিয়ে রেখেছেন, আমি কনসিডার করছি। ওখানে এখনো ফ্ল্যাট খালি হয় নি। আমাদের দলের মন্ত্রীরাও ওখানে চান, আবার উনিও ওখানে চান। এখন আমি কি করব ? কেস চলছে। তবে এই আবাসন সমস্যার সমাধান করা খুব মুশকিল। কারণ আমি আবাসন দপ্তরের বায় বরাদ্দ মঞ্জুরীর সময় বলেছি যে, কি নিদারুণ অবস্থার মধ্য দিয়ে আমাদের এই আবাসন সমস্যা চলেছে এবং we have not been able to touch even the fringe of the problem. কোন গভর্নমেন্টের পক্ষেই এটা সম্ভব নয়, কেন্দ্রীয় সরকারের পক্ষেও সম্ভব নয়। উনি মানবিকতার দোহাই দিয়েছেন। আমি এই মানবিকতা সম্বন্ধে একটু বলি—আমাদের মানবিকতার দোহাই না দিয়ে কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের প্রতি একটু দয়া করতে বলুন। উনি তো কংগ্রেস (ই) দলের নতুন সদস্য হয়েছেন। নতুন সদস্য হিসাবে উনি বোধহয় কিছুটা সিমপ্যাথি (ষ্ট্যাটাস) পাচ্ছেন। তিনি দয়া করে কেন্দ্রীয় সরকারকে এটা গিয়ে বোঝান যে তাদের কর্মচারীদের ১ মাস পরে বাড়ী ছাড়তে যেন বাধ্য না করা হয় এবং একটা অল্টারনেটিভ এ্যাকোমোডেশান দিয়ে যেন ছাড়া হয়। তাছাড়া তারা যদি না ছেড়ে দেয় তাহলে তাদের পেনসন, গ্রাচুইটি যেন বন্ধ করা না হয়। এই আইন হবার আগে পর্যন্ত কংগ্রেস সরকার আইন করে গেছেন, যে মুহূর্তে চাকরি থেকে রিটায়ার করবে, অবসর গ্রহণ করবে সংগে সংগে বাড়ী ছেড়ে দিতে হবে, মারা গেলেও সংগে সংগে ছেড়ে দিতে হবে। আমাদের এইটুকু মানবিকতাবোধ আছে যে, সরকারী কর্মচারীদের কেউ কাজ করতে করতে মারা গেলে তার যতক্ষণ পর্যন্ত না অন্য বিকল্প বন্দোবস্ত করা যায় ততক্ষণ পর্যন্ত তার পরিবারকে আমরা থাকতে দিই

এবং আমরা বিশেষ করে এই ব্যবস্থা করে থাকি। সুতরাং মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মানবিকতার কথা আমাদের মনে করিয়ে দিয়ে কোন লাভ হবে না। এই কথা বলে বিলটি সভার অনুমোদন লাভের আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Jatin Chakraborty that the West Bengal Government Premises (Regulation of Occupancy) Bill, 1984, as settled in the Assembly, be passed, was then put and agreed. to.

[6.25—6.35 P. M.]

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন যে গতকাল কোন নোটিশ না দিয়ে আনন্দবাজার পত্রিকা এবং টেলিগ্রাফ সংবাদপত্রে কিছু বহিরাগত মানুষ হামলা করেছে এবং সেখানকার একজন সাব-এডিটারকে পর্যন্ত আহত করেছে। স্যার, এটা আমাদের পার্ট অব দি প্রিভিলেজ এ্যাণ্ড পার্ট অব দি হাউস অলসো, কারণ প্রেস মিডিয়ার মাধ্যমের উপর আমাদের খানিকটা নির্ভর করে চলতে হয়। আজকে স্যার, আমরা দেখছি, হাউস চলাকালীন অবস্থায় পরিকল্পনা-মাফিক কোনরকম নিয়মকানুন না মেনে ঐ দুটি সংবাদপত্রের সংগে যুক্ত মানুষদের খুন করার পর্যন্ত হুমকি দিয়ে তা বন্ধ করে দেওয়া হয়েছে। স্যার, আমি জানি কেন এটা করা হয়েছে। ২৭ তারিখে আলোচনার জন্য একটি মারাত্মক বিষয়ে নোটিশ দেওয়া হয়েছে। সেই খবর যাতে বিস্তারিতভাবে সংবাদপত্রে প্রকাশিত না হয় তার জন্য বিভিন্ন সংবাদপত্রে এই ধরনের হামলার ব্যবস্থা করা হয়েছে। স্যার, আনন্দবাজার এবং টেলিগ্রাফ বিশেষ সংবাদপত্র হিসাবে একথা বলছি না—যে কয়েকটি সংবাদপত্র আমাদের দেশে প্রচলিত আছে তার মধ্যে ঐ দুটি একটা বিশেষ অংশের দাবী রাখে। এখানে শুধু রাজনৈতিক সংকীর্ণ ক্ষুদ্র স্বার্থ চরিতার্থ করার জন্য যদি এই ধরনের হামলার ব্যবস্থা করা হয় তাহলে সেক্ষেত্রে নিশ্চয় আমাদের বক্তব্য থাকবে। স্যার, আমি ট্রেড ইউনিয়নের সংগে যুক্ত আছি বলে দাবী করি। কাজেই ট্রেড ইউনিয়ন আন্দোলনের নিয়মকানুন মেনে যদি কোন জায়গায় আন্দোলন হয় সেখানে আমার কোন বক্তব্য নেই, কিন্তু এখানে দেখছি তা করা হচ্ছে না। স্পীকারের বিরুদ্ধে আমরা যে অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছি সেটা যাতে বহুল প্রচারিত একটি সংবাদপত্রে প্রকাশিত না হয় তার জন্য বিনা নোটিশে এই ধরনের হামলা চালানো হচ্ছে। স্যার, এই যদি অবস্থা হয় তাহলে আমি বলব, পশ্চিমবাংলার মানুষের তা বরদাস্ত করা উচিত হবে না। স্যার, এটা সাধারণ লক-

আউট, ক্লোজার বা ষ্ট্রাইকের ব্যাপার নয়, হাউস যখন চলছে তখন স্যার, দেখুন, এই কাজ করা হচ্ছে। আপনি দেখুন স্যার, একটা বিরাট অংশ আজকে খালি পড়ে আছে। এর ফলে কালকে সংবাদপত্রের মাধ্যমে যে-সমস্ত খবর মানুষের কাছে পৌঁছবার কথা তা অনেকাংশে ব্যাহত হবে। স্যার, এই সরকারের হাতে তো অধিক ক্ষমতা নেই, যেটুকু সীমিত ক্ষমতা আছে সেই ক্ষমতা নিয়ে এ ব্যাপারে সরকার হস্তক্ষেপ করে সংবাদপত্রগুলিকে রক্ষার ব্যবস্থা করুন এই দাবী আমি রাখছি।

শ্রীকমলাকান্ত মাহাতো ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কংগ্রেস শাসিত রাজ্য উত্তরপ্রদেশের মির্জাপুরের শক্তিনগরে কমল কনসট্রাকশান নামে একটি ফার্ম আছে। সেই ফার্মে পশ্চিমবঙ্গ থেকে ৪৯ জন শ্রমিক কাজ করতে যান। সেই ৪৯ জন শ্রমিকের মধ্যে ১৫ জন আদিবাসী মহিলা সহ ৪১ জনকে সেখানে আটক করে রাখা হয়েছে। এদেরকে সেখানে কড়া প্রহরায় রাখা হয়েছে যাতে তারা চলে আসতে না পারে। এদের কোন দৈনিক মজুরী দেওয়া হয় না, সপ্তাহে মাত্র ২. টাকা করে খোরাকি দেওয়া হয়। তারা সেখান থেকে পালিয়ে আসার চেষ্টা করেছিল, কিন্তু ষ্টেশন থেকে তাদের মারধোর করে তুলে নিয়ে গিয়েছে। কোনক্রমে ৮ জন লোক পালিয়ে আসে। বাকি শ্রমিকদের উদ্ধার করার জন্য একটি করুণ আবেদনপত্র তারা পাঠিয়েছেন, আমি সেই আবেদনপত্রটি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দপ্তরে জমা দিয়ে দিয়েছি। এখন স্যার, আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন করছি, এই শ্রমিকদের উদ্ধারের জন্য যাবতীয় ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করা হোক। এই প্রসঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বলে রাখা দরকার যে এই শ্রমিকরা বাঁকুড়া জেলার ধানারাঙ্গী, নিশ্চিন্তপুর, সাহেরডিহি, মহুলডাঙ্গা, লোয়াডী, রাঙ্গা এই সমস্ত গ্রাম থেকে গিয়েছিল। এদের দৈনিক ১৫ টাকা করে মজুরী দেওয়া হবে বলে মানবাজার থানার পেদ্দা গ্রামের সুভাষ গোস্বামী নিয়ে গিয়েছিল। আমি স্যার, এই সুভাষ গোস্বামীর বিরুদ্ধেও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

শ্রীসুভাষ বসু ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল রাত্রে একটি মারাত্মক ঘটনা ঘটতে যাচ্ছিল কল্যাণীর জওহরলাল নেহরু হাসপাতালে। সেখানে একজন দুষ্কৃতকারী একজন নার্সকে ঘরে আটকে বাতি নিভিয়ে আক্রমণ করতে যায়। ফিমেল ওয়ার্ডে জোর করে ঢুকে একটি মেয়ের গায়ে হাত দেয়। তখন চিৎকার

করতে শুরু করে সেই দুষ্কৃতকারীর জন্য। তার নাম হচ্ছে দুলু, কংগ্রেস (আই)-এর সদস্য। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে এর প্রতিকারের জন্য আবেদন জানাচ্ছি।

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুরের মধ্যে যে হাতিয়া এক্সপ্রেস হাওড়া থেকে ছাড়তো, সেটা কেন্দ্রীয় সরকার তুলে দিয়েছে। সেটা এখন খড়্গপুর থেকে ছাড়ছে। এর ফলে বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুরের লোকেদের খুবই অসুবিধা হচ্ছে, লোকেরা যাতায়াত করতে পারছে না। কাজেই আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানাচ্ছি যে যাতে এই ট্রেনটি পুনরায় হাওড়া থেকে চালু করা যায়।

The West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1984

Shri Amritendu Mukherjee : Sir, I beg to introduce the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1984

(Secretary than read the title of the Bill)

Shri Amritendu Mukherjee : I beg to move that the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1984, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গে একটি কথা বলতে চাই। এই বিলের টাইটেলে একটা ছোট্ট প্রিন্টি মিসটেক আছে, সেটা একটু সংশোধন করে নিতে বলছি। ওয়েষ্ট বেঙ্গল ক্যাটল লাইসেন্সিং-এর যেখানে 'Le' আছে, সেখানে 'Li' হবে।

Mr. Deputy Speaker : There is a circulation motion given by Shri Kashinath Misra. Now, Shri Misra please move your motion.

Shri Kashinath Misra : Shri, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th July, 1984.

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রদ্ধেয় মাননীয় মন্ত্রী অমৃতেন্দুবাবু যে ওয়েষ্ট বেঙ্গল ক্যাটল লাইসেনসিং (এ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৮৪ এখানে এনেছেন, তাতে তিনি খাটালগুলিকে অপসারণের ব্যবস্থা নিয়ে

কতকগুলি ক্ষমতা তিনি হস্তান্তর করেছেন। সেই হস্তান্তরিত ব্যাপারটা যদিও সামান্য ব্যাপার, তিনি যদি এই ব্যাপারে লক্ষ্য রাখেন তাহলে সেটা হয়ত দূর হয়ে যাবে। তবে বিভিন্ন জায়গায় সমস্যা আছে। বাইরে থেকে দুধ সংগ্রহ করতে হচ্ছে, দুধ বাড়াবার জন্য বিভিন্ন চেষ্টা করতে হচ্ছে, বৈজ্ঞানিক প্রথায় দুধগুলি রক্ষা করা এবং স্থানীয় ভাবে উৎপাদন বাড়াবার বিভিন্ন চেষ্টা হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে খাটালগুলি যে অবস্থায় আছে তাতে দেশের পরিবেশ এবং অন্যান্য রাস্তাঘাটগুলিকে অবরোধ করে তুলেছে।

[6.35—6.45 P.M.]

সে পরিপ্রেক্ষিতে এটি প্রশংসনীয় ব্যবস্থা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি এখানে এজেন্টের ব্যাখ্যা কন্ট্রাক্ট এ্যাক্ট অনুযায়ী করা হয়েছে। কিন্তু অসুবিধা হচ্ছে সকল সাধারণ মানুষ এটা লক্ষ্য করেন না। সুতরাং এই আইন কার্যকরী করার সময়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে এ বিষয়ে লক্ষ্য রাখতে হবে যে, সকলে যাতে এটা বুঝতে এবং জানতে পারেন। এই আইনের আওতার মধ্যে যাঁরা পড়বেন না, তাঁদের যাতে কোনরকম অসুবিধা না হয় সেটা দেখতে হবে। এ বিষয়ে মোটামুটি যে ব্যবস্থা করা হচ্ছে তাতে আইনটি কার্যকরী করার জন্য পুলিশের ওপর সমস্ত ক্ষমতা দেওয়া হচ্ছে। এখন ক্ষমতার অপব্যবহার যাতে না হয় তার জন্য লক্ষ্য রাখা দরকার। গোটা রাজ্যেই কিন্তু খাটাল অপসারণ হচ্ছে না, শহর থেকে খাটালগুলিকে শহরের বাইরে নিয়ে গিয়ে প্রতিষ্ঠিত করার চেষ্টা করা হচ্ছে এবং সেই সাথে যে-সমস্ত গৃহস্থদের নিজস্ব গরু-বাছুর আছে তাঁরা তা রাখতে পারবেন। পুলিশ অফিসারদের অবৈধভাবে রক্ষিত খাটালের গরু-বাছুর সিজ করার অধিকার দেওয়া হচ্ছে। আগে নিয়ম ছিল ম্যাজিস্ট্রেটের কাছে প্লেস করতে হত। এখন যা করা হচ্ছে তাতে পুলিশ অফিসার তার ক্ষমতাবলে যা করবে তাতে অনেক ক্ষেত্রেই যথাযথ ভাবে আইন প্রয়োগ করা হবে কিনা, সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। সেই জন্য আমি এই দিকটার প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু চিন্তা করতে অনুরোধ করছি। তাঁর কাছ থেকে এ বিষয়ে সুনির্দিষ্ট মন্তব্য আশা করছি। আমি ৫(এ) (II)-র ওপর একটি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি, সেটি হচ্ছে, for the words "three years" the words "one year" be substituted.

আমি এই অবস্থায় মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার এ্যামেণ্ডমেণ্টটির বিষয়ে

চিন্তা করতে অনুরোধ করছি। তারপরে in clause 5 (a) (ii) line 7, for the words "three thousand" the words two thousand, be substituted. আমার এই এ্যামেণ্ডমেণ্টটির বিষয়েও মাননীয় মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে অনুরোধ করছি। আমি এই বিলের ওপর সার্কুলেশন মোশান এই জন্য দিয়েছি যে, বর্তমানে গোটা দেশে যে অর্থ নৈতিক দুরবস্থা চলছে তাতে বিভিন্ন রাজ্য থেকে মানুষ পশ্চিমবঙ্গে এসে দুধের ব্যবসা করছে খাটালের মাধ্যমে। সুতরাং আমাদের এটা লক্ষ্য রাখতে হবে যে, তাঁরা যাতে মনে না করে, আমরা অন্য রাজ্য থেকে এসে এখানে ব্যবসা করছি বলেই, এই আইনের মাধ্যমে আমাদের উচ্ছেদ করা হচ্ছে। তাদের মনে যাতে এই দাগ না কাটে তার জন্যই আমি এই সার্কুলেশন মোশানটি দিয়েছি। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে এ বিষয়ে পরিষ্কার করে তাঁর বক্তব্য রাখবেন।

শ্রীআনন্দমোহন বিশ্বাস: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে এখানে মাননীয় মন্ত্রী মহোদয় 'দি ওয়েষ্ট বেঙ্গল ক্যাটেল লাইসেনসিং এ্যাক্ট, ১৯৫৯'-এর উপর একটি সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছেন। মূল আইনের অনেকবার সংশোধনী আনা হয়েছে এবং দলীয় সংখ্যাগরিষ্ঠতার জোরে সেই সব সংশোধনী অনেকবার পাশ হয়েছে। এবার আর একবার সংশোধনী আনা হলো। কিন্তু মূল যে সমস্যা সেই সমস্যার এর দ্বারা সমাধান হচ্ছে বলে আমি মনে করি না। প্রথমতঃ আমি মনে করি, এটা একটা ওল্ড সিসটেম, অর্থাৎ একটা পুরাতন ব্যবস্থাকে নতুনভাবে কায়েম করা হচ্ছে। দ্বিতীয়তঃ, এই এ্যামেণ্ডমেণ্টটা আমি মনে করি it is out of misconception of social needs and object, অর্থাৎ সামাজিক লক্ষ্য এবং প্রয়োজন থেকে বিচ্যুত একটি অপরিচ্ছন্ন বিভ্রান্তিমূলক চিন্তাধারা প্রসূত একটা সংশোধনী। এর এইমস্ এণ্ড অবজেকট্স এণ্ড রিজন্স যদি পড়ি আমরা নিঃসন্দেহে বুঝবো—এখানে বলা হয়েছে, Khatal in the cities of Calcutta, Howrah and their adjoining municipalities have been source of grave danger to the public health and sanitation. Public roads are increasingly being used for keeping cattle, the drainage and sewerage system are getting choked by refuse from Khatals and these have proved to be breeding grounds for various diseases among cattle and human beings. আজও আমাদের এখানে আন্ত্রিক রোগের কথা আলোচনা হয়েছে। গবাদি পশুর থেকে বিভিন্ন রোগ-জীবাণু সংক্রামিত হচ্ছে। কলকাতা করপোরেশান নিয়ে সারা পশ্চিমবাংলায় ৯৮টি মিউনিসিপ্যালিটি আছে। আমরা লক্ষ্য করছি প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে জনসংখ্যা বৃদ্ধি হচ্ছে এবং বিশেষ করে দেশ বিভাগের

পর থেকে উদ্বাস্তু সমস্যা একটা বিরাট সমস্যা হিসাবে দেখা দিয়েছে, তাতে প্রত্যেকটি মিউনিসিপ্যালিটি সহ কলকাতার আয়তন বৃদ্ধি পেয়েছে। সেক্ষেত্রে মানুষ এবং গবাদি পশুর সহাবস্থান কোনটাই অভিপ্রেত নয়। এইদিক থেকে আমাদের সরকারের নিশ্চয়ই সায়েন্টিফিক পরিকল্পনা থাকবে। মাননীয় মন্ত্রী মহাশয় এই ধরনের যে সংশোধনী নিয়ে আসবেন এটা আমি আশা করেছিলাম না। এই ধরনের বিল না এনে ক্যাটল এষ্টেট এ্যাক্ট নামে নতুন বিল আনতে পারতেন। আমরা খাটাল উচ্ছেদের কথা ভাবতে পারি না, কারণ আমাদের দুধের প্রয়োজন আছে। কিন্তু ইতস্তত: বিক্ষিপ্ত অবস্থায় যে-সমস্ত খাটাল কর্পোরেশান এবং মিউনিসিপ্যালিটিতে ছড়িয়ে আছে তার জন্য সংক্রামক ব্যাধি মানুষের ক্ষতি করতে পারে, নাগরিক জীবন বিপর্যস্ত করতে পারে। সেইজন্য গবাদি পশু উচ্ছেদের কথা না ভেবে ঐ ইনডাষ্ট্রিয়াল এষ্টেট এ্যাক্টের মতন যদি ক্যাটেল এষ্টেট এ্যাক্ট করা যেত তাহলে খুব ভাল হতো। আমি উদাহরণ দিচ্ছি—আমাদের সরকারের সময় চিন্তা করেছিলাম—গঙ্গানগর এবং বাহু কলকাতা মহানগরীর উপকণ্ঠে অবস্থিত। এখানে সমস্ত খাটালকে যদি নিয়ে যাওয়া যায় এবং ক্যাটেল এষ্টেট এ্যাক্টের মাধ্যমে যদি কনসেনট্রেটেড করা যায় তাহলে শহরে দুধ সরবরাহের কোন অসুবিধা হবে না। মাননীয় মন্ত্রী মহাশয় কৃষ্ণনগরের মানুষ। আমিও সেই জেলার মানুস। কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটির আয়তন সম্পর্কে ওনার সম্যক জ্ঞান আছে। কৃষ্ণনগর নিউনিসিপ্যালিটির আয়তন বৃদ্ধি পেয়েছে, এর ভৌগোলিক সীমা বেড়েছে। সুতরাং খাটাল অবস্থান সেখানে কল্পনা করা যায় না। কৃষ্ণনগরের উপকণ্ঠে বাহাদুরপুরে এই ধরনের খাটাল করার ক্ষেত্রে উৎসাহ দেখাতে পারতেন তাহলে ভাল হতো এবং আমি এই ধরনের আইন আশা করেছিলাম। এর সঙ্গে আমি আর একটি আইন আশা করবো যেটা এর সঙ্গে কো-রিলেটেড—ক্যাটেল রিহ্যাবিলিটেশান এ্যাক্ট, অর্থাৎ গবাদি পশুর পুনর্বাসন আইন এবং তার সাথে সাথে আর একটি আইন খাটাল রিক্লামেসান য়্যাক্ট—এই রকম আইন থাকা দরকার। কলকাতা এবং হাওড়ায় যেখানে যেখানে খাটাল আছে সেই সমস্ত জমির মালিক কারা এই সব ক্ষেত্রে ঠিকা টেনান্সি এ্যাক্ট ইজ ষ্টিল নাউ প্রিভ্যালেন্ট।

[6.45—6.55 P.M.]

ঠিকা টেনেনসি এ্যাক্টের আওতায় অনেক জমি পড়ে আছে। এই এ্যাক্টের পরিবর্তন সাধন করে এই খাটাল ল্যাণ্ড রিক্লামেশন করবার জন্য অনুরূপ আইন

আসলে ভাল হয়। আমরা দেখেছি—এই বিলের উদ্দেশ্য হচ্ছে খাটাল অপসারণ এবং নাগরিক জীবন যাতে রোগগ্রস্ত ও পরিবেশ দূষিত না হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ। কিন্তু শুধু গবাদি পশু সিজ্ করে খাটাল অপসারণ করা যায় না। প্রচলিত আইনে গবাদি পশু সিজ্ করবার পর তা বিচারালয়ের কাছে প্রেরণ ও আইনানুগ বিধি-ব্যবস্থা গ্রহণ করা হোত। বর্তমান সংশোধন ও আইনের পরিবর্তন শুধু গতানুগতিক একটা পরিবর্তন মাত্র। এই পরিবর্তনের আসল উদ্দেশ্যটা ফ্রাষ্ট্রেটেড্ হচ্ছে বলে মনে করি। এই পরিবর্তনের মধ্যে দিয়ে কোর্টের প্রক্রিয়ার নষ্ট করা হচ্ছে, যদিও কোর্টের ডিসিসন ইজ দি ফাইনাল ডিসিসন। এই সংশোধনের মধ্যে দিয়ে একটা ষ্টপ-গ্যাপ বা অন্তর্বর্তী ব্যবস্থা গৃহীত হচ্ছে, যার ফলে অফিসারদেরকে আজ কোয়াসি জুডিসিয়াল ক্ষমতা দিচ্ছেন। একজন অফিসার এ আইনে বিচারকের কাজ করবেন। তিনি সিজ্ করা গবাদি পশু বাজেয়াপ্ত করবেন এই আইন কার্যকরী হলে। অফিসাররা এখন থেকে পেনালটি ইম্পোজ ও খাটাল-সম্পত্তি বাজেয়াপ্ত করবেন। আমি অত্যন্ত দুঃখিত, এই ব্যবস্থায় নাগরিকদের জীবন দূষিত পরিবেশ থেকে মুক্ত করা যাচ্ছে না। প্রচলিত স্থায়ী বিচার-ব্যবস্থায় হস্তক্ষেপ করে এই সংশোধন আমলাদের কোয়াসি জুডিসিয়াল ক্ষমতা দেওয়া হচ্ছে, যা মারাত্মক ও ভ্রমাত্মক। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি অত্যন্ত অভিজ্ঞ মানুষ। কিন্তু আজকে যাঁদের কোয়াসি জুডিসিয়াল ক্ষমতা দেওয়া হচ্ছে—সেসব প্রশাসকদের চিন্তাধারা বুর্জোয়া চিন্তাধারার বাইরে যেতে পারে না। অনেক রকম কনসিডারেশন খাটাল সম্পর্কে করা দরকার। খাটালের মালিক কে? যারা খাটালে কাজ করে, তারা কিন্তু মালিক নয়। তারা এখনও পর্যন্ত বণ্ডেড্ লেবারার হিসাবে মালিকদের সার্ভ করে। আমি নাম করতে চাই না। প্রাক্তন মন্ত্রী থেকে শুরু করে সমাজের বহু উচ্চবিত্ত মানুষ এইসব খাটালের মালিক এবং তাঁরা উঁচুতলা বাড়ীতে বসবাস করেন। এঁরাই আজকে বেনামীতে এইসব খাটাল চালান। সমস্ত কলকাতায় এইসব খাটাল হচ্ছে এদের অর্থনৈতিক সংগঠন। বিহার থেকে যারা এসে খাটালে কাজ করছে, তারা বণ্ডেড লেবারার মাত্র। ঐসব কায়েমী স্বার্থের মানুষেরা আজ এর থেকে মুনাফা লুটছে। আপনার এই আইনের মধ্যে দিয়ে আজ কিন্তু ঐসব কায়েমী স্বার্থের মানুষদের হাতই শক্ত করা হচ্ছে। কোর্টে যাবার যে ব্যবস্থা ছিল সেই ব্যবস্থা তুলে দিয়ে আমলা পুলিশের ক্ষমতা বৃদ্ধি করছেন। এসব মানুষের কোর্ট সম্পর্কে ভিতি এবং শ্রদ্ধাভাব কিছুটা যা ছিল, এখন থেকে তাও আর থাকবে না। একজন অফিসারকে যদি কোয়াসি জুডিসিয়াল ক্ষমতা দেওয়া যায় তবে খাটাল মালিকের সাথে অফিসারদের একটা নতুন সম্পর্ক গড়ে উঠবে। আমি বলতে পারি—এটা

একটা বন্দোবস্ত সমাজ-ব্যবস্থা এবং এই ব্যবস্থায় আর একটা নতুন বন্দোবস্তের ব্যবস্থা চালু হল। এই বন্দোবস্তের মধ্যে যদি কেউ নিজেকে মানিয়ে নিতে পারে তাহলে তার কোন অসুবিধাই আর অসুবিধা থাকে না। ব্যক্তিগত জীবনে সেখানে সুখ-স্বাচ্ছন্দ্য মেলে। যদি এই বন্দোবস্ত সমাজ-ব্যবস্থার সাথে কেউ হাত মেলাতে না পারে তাহলে তার মারাত্মক প্রতিক্রিয়া ঘটতে পারে। এই ব্যাপারে চলতি বিধানসভায় ঘটনাও আছে, রুলিংও আছে। সে সম্পর্কে কথা বলতে চাই না। একজন অফিসার বন্দোবস্ত সমাজ-ব্যবস্থার সঙ্গে হাত মেলাতে পারেন নি, কনফন-ট্রেশনের মধ্যে গিয়েছিলেন। যার জন্য তাঁকে জীবন দিতে হোল, যা অবশ্যম্ভাবি তাই ঘটলো। এই ঘটনা কলকাতায় সম্প্রতি সর্বজনবিদিত। আজকে কোয়াসি জুডিসিয়াল ক্ষমতা যদি অফিসারদের দেওয়া হয় তাহলে কায়েমী স্বার্থবাহী মানুষদের হাত শক্ত হবে। গোপন বন্দোবস্ত-ব্যবস্থা এই সমাজ-ব্যবস্থার অঙ্গ হয়ে দাঁড়িয়েছে। সেই অবস্থায় এই বিলের মাধ্যমে তাদের জন্য আর একটি এভিনিউ খুলে দেওয়া হল! এই কায়েমী স্বার্থের মানুষরা গিভ্ এ্যাণ্ড টেক পলিসির মধ্যে দিয়ে এই সংশোধনের আসল উদ্দেশ্য ব্যর্থ করে দেবে, খাটাল অপসারণের ব্যাপারটা ফ্রাস্ট্রেটেড হবে বলেই মনে করি। এইজন্য এই বিলকে সমর্থন করতে পারছি না, বিরোধিতা করছি। আমি এই ক্ষেত্রে একটি কন্সট্রাকটিভ্ সাজেশন রাখছি—দেখুন, এইভাবে চিন্তা করতে পারেন কিনা। যে-সমস্ত খাটাল ল্যাণ্ড ঠিকা টেনেনসি এ্যাক্টের অধীন আছে, সেই ঠিকা টেনেনসি আইনকে খাটাল ল্যাণ্ড রিক্লামেশন এ্যাক্টে পরিবর্তন করা হউক। এ্যাট দি সেম টাইম, নতুন একটা খাটাল এষ্টেট্ এ্যাক্ট করে দুগ্ধ ব্যবসায়ীদের বিশেষ বিশেষ স্থানে লোকালাইজেশন ও কনসেনট্রেটেড্ করা যায় কিনা—সেদিকে চিন্তা করুন। বাজেট বক্তৃতায় বলেছি, মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, ওদের এইভাবে লোকালাইজেশন করে কলকাতা মহানগরীর সঙ্গে যে কম্যুনিকেশন গ্যাপ্ আছে তা যদি পূরণ করা হয়, তাহলে দুগ্ধ সরবরাহের ব্যাপারে পারপাস্ সার্ভ হবে, নাগরিক জীবন ও পরিবেশ দূষণ মুক্ত হবে। আপনার দপ্তরের নিশ্চয়ই দায়িত্ব আছে প্রত্যেক মানুষকে দুগ্ধ বিতরণ করার, বিশেষ করে শিশুদের ক্ষেত্রে সঠিকভাবে দুধের যোগান দেওয়ার। অপসারণ সম্বন্ধে বলতে চাই অর্থাৎ রিহ্যাবিলিটেশান সম্বন্ধে আমি বলতে চাই যে, সেখানে তাদের রিহ্যাবিলিটেশান্ না করে নূতন করে তাদের সম্বন্ধে কোন কিছু চিন্তা করা যায় কিনা সেটা দেখবেন। আপনি যে বন্দোবস্ত করেছেন সেই বন্দোবস্তের মধ্যে খাটাল অপসারণের ক্ষেত্রে মাঝখানে পুলিশ এবং আমলাদের হাতে ক্ষমতা দেওয়া হচ্ছে। যে ক্ষমতার দ্বারা আসল উদ্দেশ্য প্রতিফলিত হবে না। একটা পুরানো

ব্যবস্থাকে আবার নূতন করে শুধু আনা হচ্ছে মাত্র। সেই জন্য এটাকে আমি সমর্থন করছি না। আমাদের দলের তরফ থেকে যে কাট মোশান আনা হয়েছে বা যে-সমস্ত সাজেশান কাশীনাথ মিশ্র মহাশয় রেখেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনিরঞ্জন মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েষ্ট বেঙ্গল ক্যাটেল লাইসেনসিং (এ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৮৪ এটাকে আমি পরিপূর্ণ সমর্থন করছি। আজকে এই বিলটার ফল হিসাবে দেখা যাবে যে, শহরবাসীরা এই বিলকে দু'হাত তুলে আশীর্বাদ করবে। মানুষ যা চাইছেন, সেই চাওয়াটা আজকে বাস্তবে রূপ নিতে চলেছে। এই বিলটার সংশোধন যুগান্তকারী কিছু নয়। আমাদের আনন্দবাবু লাইনের লোক, তিনি এই ব্যাপারে অনেক কথা বললেন। তাঁর এই ব্যাপারে আরো জানা উচিৎ ছিল—বিশেষ করে উনি মন্ত্রী মহাশয়ের জেলার লোক—আজকে এই বিলের মধ্যে দিয়ে খাটাল উচ্ছেদ বা গয়লা এবং ব্যবসাদারদের উচ্ছেদ করার কোন ব্যাপার নেই। শহরকে বাঁচাবার উদ্দেশ্যে, শহরকে দূষণ মুক্ত করবার উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে। তার সাথে সাথে আরো বিপুল ব্যবস্থা করা হয়েছে। গঙ্গানগর, গার্ডেনরীচ এবং হাওড়ায় এর ব্যবস্থা হয়েছে। এই কলকাতা শহরে এবং অন্যান্য বিভিন্ন শহরের আজকে কি অবস্থা সেটা সকলেই ভাল করে জানেন। আপনারা এখানে আন্ত্রিক রোগ নিয়ে খুব হৈ-চৈ করে গেলেন। কিন্তু কেন এই সবগুলো হচ্ছে সেটা তো একটু খতিয়ে দেখলেন না। আজকে সবচেয়ে বড় প্রয়োজন হয়ে দাঁড়িয়েছে শহরকে দূষণ মুক্ত করা। শহরে দূষণের অন্যতম কারণ হলো খাটাল—সে বৈধ হোক আর অবৈধ হোক। আপনারা শুধু আন্ত্রিক রোগের কথা বলে ওয়াক আউট করে গেলেন। কিছু ক্যাটেল রেখে ব্যবসা করতে চায় কিছু রাজনৈতিক লোক এবং কিছু মন্ত্রী—এটা আনন্দমোহন বিশ্বাস মহাশয় বলেছেন। আমি জানিনা এই ব্যাপারে কোন মন্ত্রী কি করেছিলেন। উনি হয়ত জানেন এই ব্যাপারে যে কিভাবে বে-আইনীভাবে খাটালের ব্যবসা করেছে। আমরা অন্তত এটা জানি যে, কিছু ব্যবসাদার বেআইনীভাবে কাজকর্ম করেছে। আগে যে আইন ছিল সেই আইনের দ্বারা এটাকে প্রতিরোধ করা সম্ভব ছিল না। আজকে যদি এর প্রতিরোধ করতে হয় তাহলে সঠিকভাবে আইনের পরিবর্তন করা দরকার। এই ব্যাপারে এখানে কোয়াসি পাওয়ার দেওয়া হয়েছে অফিসারদের। অফিসারদের যদি পাওয়ার দেওয়া না হয় তাহলে তাঁরা ধরবে কি করে? ইনকাম ট্যাক্স অফিসারদের এই ধরনের কোয়াসি পাওয়ার দেওয়া আছে। এখানে তাদের

এ্যাপিলেরও ব্যবস্থা করা আছে। এই ব্যাপারে এখানে একটা সুন্দর ব্যবস্থা করা হয়েছে। জজের মর্যাদাসম্পন্ন একজন অফিসারকে এই পাওয়ার দেওয়া হয়েছে। এখানে এ্যাপিল করার অসুবিধাটা কোথায়? এই সারকুলারেশানের নাম করে এই ধরনের বড় বড় কথাবার্তা বলে এই বিলের দেরি করিয়ে দেওয়া ছাড়া আর কিছুই হবে না। শহরবাসীদের জীবন দূষিত হয়ে পড়ছে। এই রকম মুহূর্তে ওইসব কথা বলা মানে বাধার সৃষ্টি করা ছাড়া আর কি বলবো? এই বিলের ওনারা বিরোধিতা করছেন, আমি অবাক হয়ে যাচ্ছি! দেশের মানুষ আপনাদের ক্ষমা করবে না। কিছু ব্যবসাদার হয়ত আপনাদের কথায় আনন্দিত হতে পারে, কিন্তু সাধারণ মানুষ আপনাদের ক্ষমা করবে না। আমি বলতে চাই দেশের স্বার্থে, সাধারণ মানুষের স্বার্থে এই বিল যুগান্তকারী নয়, কিন্তু অত্যন্ত সময়োপযোগী দৃঢ় পদক্ষেপ আমাদের মন্ত্রী মহাশয় এই সংশোধনের মধ্যে দিয়ে এনেছেন।

[6.55—7.05 P.M]

আমি সেইজন্য এই বিলকে সমর্থন জানাচ্ছি। এই বিলের মধ্যে ৩/৪টি জায়গায় ক্যাটেল এস্টেট গড়বার বা সেইভাবে সেই জায়গাগুলোকে রাখবার ব্যবস্থা হয়েছে এবং তার জন্য ইনফ্রাস্ট্রাকচার সেইভাবে রচনা করা হয়েছে। আমাদের কলকাতা শহর যেভাবে এক্সপাণ্ড করছে এবং দুধের যেভাবে চাহিদা বেড়ে চলেছে, সেই পরিপ্রেক্ষিতে ক্যাটেল এস্টেটের জন্য জায়গার ব্যবস্থা হওয়া দরকার। এইদিকে নজর দেওয়ার জন্য মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ জানাই। এই প্রসঙ্গে আরও একটি বিষয় সম্বন্ধে বলি। সেটা হচ্ছে, খাটাল যখন শহরের বুক থেকে অপসারণ করা হয়, তখন দুধের নাম করে পাড়ায় পাড়ায় সাধারণ মানুষকে সংগঠিত করে তাদের স্বার্থ ক্ষুণ্ণ হচ্ছে বলে প্রতিরোধের ব্যবস্থা করা হয়। ব্যবসাদারদের স্বার্থের প্রতি পূর্ণমাত্রায় লক্ষ্য রেখে সাধারণ মানুষের কথা তুলে, বিভিন্ন কথাবার্তা তুলে সোচ্চার হয়ে কিছু রাজনৈতিক মুনাফা বা রাজনৈতিক ফয়দা তোলার চেষ্টা করা হয়। এইভাবে দুধের প্রকৃত ব্যবসায়ীদের দুধের নাম করে বিভিন্নভাবে সুযোগ করে দেওয়া হয়। বিলটির মধ্যে দিয়ে শহর থেকে দূরে একটা নির্দিষ্ট স্থানে খাটাল ব্যবস্থা করার কথা বলা হয়েছে। সেখান থেকে সরকারী নিয়ন্ত্রণে ব্যবসায়ীরা যাতে সঠিকভাবে পরিচালিত হয়, সেইভাবে একটা সঠিক পদক্ষেপ এই বিলের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয় গ্রহণ করেছেন। মাননীয় কাশীবাবু এবং আনন্দবাবু এগুলিকে অন্য দৃষ্টিভঙ্গী দিয়ে দেখছেন। তাঁরা যদি মানুষের কথা, নাগরিক জীবনের কথা, দেশের

ভবিষ্যৎ জীবনের কথা চিন্তা করতেন, তাহলে কিন্তু এই সংশোধনীটির বিরোধিতা করতে পারতেন না। তাঁরা তাহলে এই বিলের সপক্ষে বক্তব্য রেখে সমৃদ্ধির কথা বলতে পারতেন। আমি এই বিলটির প্রতি স্বাগত জানাচ্ছি। দেশের মানুষ, বিশেষ করে শহরবাসী যাতে সত্যিকারের সুবিধা পেতে পারেন সেই দিকে লক্ষ্য রেখে মাননীয় মন্ত্রী মহাশয় এই বিলটি এখানে এনেছেন। সেইজন্য এই বিলটিকে আমি আরও একবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরবীন্দ্র ঘোষ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে দি ওয়েস্ট বেঙ্গল ক্যাটেল লাইসেনসিং (এ্যামেণ্ডমেন্ট) বিল যেটা এসেছে, তার প্রতি আমার সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলতে চাই। আপনি জানেন, কলকাতা, হাওড়া বা তার আশপাশে যে-সমস্ত খাটাল আছে, সেগুলো থেকে এই সমস্ত জায়গায় আন্ত্রিক রোগ আরম্ভ হয়েছে। এই খাটালের ফলে শুধু শহরে নয়, গ্রামবাংলার যেখানে যেখানে আছে, সেখান থেকে দুর্গন্ধ ও নানা রকম নোংরার মধ্যে দিয়ে বিভিন্ন ধরনের সংক্রামক ব্যাধি আরম্ভ হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, হাওড়া এবং কলকাতার বিভিন্ন স্থানে জবরদখল করে খাটাল তৈরী করে বহু মানুষ গভর্নমেন্টকে কোন রেভেনিউ আদায় দেয় না। তারা গভর্নমেন্টকে লাইসেন্স-এর টাকা ফাঁকি দিচ্ছে। পি. ডব্লু. ডি.-র রোড, রেল লাইন-এর পাশে একটার পর একটা জায়গা জবরদখল করে মানুষের নানা রকম অসুবিধা সৃষ্টি করে খাটাল তৈরী করে চলেছে। এতদিন ধরে খাটাল অপসারণের যে কামনা সাধারণ মানুষের মনের মধ্যে ছিল, তা এই বিলের মধ্যে দিয়ে রূপায়িত করার প্রচেষ্টা গ্রহণ করা হচ্ছে। ঐ সমস্ত খাটাল মালিকদের কংগ্রেসী শাসনকালে আমরা দেখেছি, কংগ্রেসীবন্ধুরা সমর্থন করে এসেছেন। সেই সমর্থনপুষ্ট হয়েই তারা একটার পর একটা জায়গা দখল করে খাটাল তৈরী করে এসেছে। এই বিলের মধ্যে দিয়ে আইন তৈরী হচ্ছে, অফিসার নিয়োগ করে সাধারণ মানুষের দীর্ঘদিনের যে নানা ধরনের অসুবিধা ছিল তা নিরসনের চেষ্টা হচ্ছে। এর ফলে মানুষের দীর্ঘদিনের কামনা পূর্ণ হবে। সেজন্য এই বিলের প্রতি আমার পূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীসুভাষ গোস্বামী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহোদয় যে বিল উত্থাপন করেছেন সে বিষয়ে বিশেষ কিছু বলবার নেই। একটি কথা শুধু বলতে চাই যে, মধু খেতে গেলে যেমন মৌমাছির হুল খেতে হয়, তেমনি গরুর দুধ খেতে গেলে এর চাঁট খেতে হয়। কিন্তু এর জন্য যদি হাসপাতালে বা কেওড়াতলায় যেতে হয়

তার চেয়ে দুধ খাওয়া ছেড়ে দেওয়াই ভাল। আজকে শহরাঞ্চলে খাটাল যে অবস্থা সৃষ্টি করেছে তাতে যদি আরো কিছুদিন এই রকম অবস্থা চলতে থাকে তাহলে খুব খারাপ হবে। এনকেফেলাইটিস থেকে আরম্ভ করে নানা রকম সংক্রামক রোগের কবলে আমরা পড়েছি। এই জন্য আজকে এই বিলের প্রতি দৃষ্টি দেওয়া প্রয়োজন আছে। তাই সঙ্গতভাবে এবং যথা সময়ে মাননীয় মন্ত্রী মহোদয় এই বিল উত্থাপন করেছেন। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলতে চাই যে, ঐ সমস্ত বেআইনী খাটাল অপসারণ এর জন্য যে গরু, মহিষ এবং অন্যান্য আসবাবপত্র সিজ করার সময় যাতে করে সেগুলির যত্ন ঠিকভাবে নেওয়া যায় এই ব্যবস্থা সুনিশ্চিত করার জন্য আরো কিছু বিধি-ব্যবস্থার প্রয়োজন আছে কিনা সেটা ভেবে দেখুন। যাতে করে অবহেলিতভাবে কতকগুলি গরু, মহিষ প্রাণ না হারায় তার ব্যবস্থা থাকা দরকার। একজন কাস্টোডিয়ানের হাতে সিজের গরু, মহিষ যেগুলি পড়বে সেগুলির ভালভাবে যত্ন নেওয়া উচিৎ। যাতে করে আমাদের আসল উদ্দেশ্য নষ্ট না হয়ে যায়। এই কথা বলে আমি এই বিলকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিল এখানে উত্থাপন করেছি তার উপরে সমস্ত বিতর্কই আমি মনোযোগ দিয়ে শুনেছি এবং তার কতকগুলি পয়েন্ট আমি লিখে নিয়েছি। মাননীয় সদস্য শ্রীকাশীনাথ মিশ্র বলেছেন, খাটাল অপসারণের প্রস্তাব প্রশংসনীয়। সেজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। তাঁর সঙ্গে আমার মতভেদ থাকতে পারে, কিন্তু এই মূল দৃষ্টিভঙ্গীকে যে তিনি সমর্থন করেছেন তার জন্যই ধন্যবাদ জানাচ্ছি। আমি এই বিল রচনা করার সময় এর যে অবজেক্টস এবং রিজিনস যেটা মাননীয় সদস্য শ্রীআনন্দমোহন বিশ্বাস উল্লেখ করেছেন, সেখানে আমার কথাতেও আছে যে খাটাল কলকাতা এবং হাওড়া এবং পার্শ্ববর্তী প্রায় সমস্ত মিউনিসিপ্যালিটির এলাকাগুলিতে একটা মহা বিপদের কারণ হয়ে দাঁড়িয়েছে সুস্বাস্থ্যের পক্ষে এবং স্বাস্থ্যকর পরিবেশ রক্ষার পক্ষে। মাননীয় সদস্য আনন্দমোহন বিশ্বাসকে জিজ্ঞাসা করি আপনি কি মনে করেন যে, খাটাল জনস্বাস্থ্য হানি করে, স্বাস্থ্য, পরিবেশের ক্ষতি করে এবং পরিবেশ দূষণের একটা কারণ হয়ে দাঁড়িয়েছে। কাশীনাথবাবু বলেছেন, হ্যাঁ হচ্ছে।

[7.05—7.15 P M]

আনন্দবাবু ভালভাবে ভেবে দেখুন। আমার মনে হয় উনি ভুল কথা বলেছেন। আমাদের মূল উদ্দেশ্য হচ্ছে কলকাতা শহরকে আবর্জনা মুক্ত করা, সুন্দর এবং সুশ্রী

করা। এই ব্যাপারে আমাদের অনেক কাজ করতে হবে। ভারত সরকার থেকে আরম্ভ করে পশ্চিমবঙ্গ সরকার পর্যন্ত সকলেই আমরা একমত যে, পরিবেশ দূষণ মুক্ত করতে হবে। খাটালগুলি যে রোগের কেন্দ্র এ বিষয়ে কোন সন্দেহ নেই। যে-সমস্ত গোবর, চোনা খাটালে জমা থাকে এবং গরু, মহিষ এবং বাছুরের জন্য যে খাবার অর্থাৎ জাব দেওয়া হয় সেগুলি পচার পর সাংঘাতিক দুর্গন্ধ সৃষ্টি হয়। এগুলি আবার কর্পোরেশনের ড্রেনে পড়ে ড্রেন বন্ধ হয়ে যায় এবং মশা, মাছি এবং জীবাণুর সৃষ্টি হয়। এর জন্য এই আন্ত্রিক রোগের সৃষ্টি হয়েছে কিনা জানি না, তবে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহাশয় এবং অফিসাররা বলেছেন এটা আন্ত্রিক রোগের একটা বড় কারণ। মশা, মাছি আগেও ছিল, এখনও আছে। কাজেই এই মশা, মাছি অপসারণ করবার জন্য আমরা যদি ব্যবস্থা গ্রহণ করি তাহলে কি সেটা অন্যায় কাজ করা হচ্ছে? কাজেই আনন্দবাবুর কথা আমি বুঝতে পারলাম না। ১৯৫৯ সালে যখন প্রথম এই আইন হয় তখন এখানে বামফ্রন্ট সরকার ছিল না, এমন কি যুক্তফ্রন্ট সরকারেরও তখন সৃষ্টি হয় নি। তখন যাঁরা এই আইন করেছিলেন তাঁদের আমি ধন্যবাদ দিচ্ছি, কারণ তাঁরা অনেক ভেবেচিন্তে এই আইন করেছিলেন। অবশ্য সেই আইনে অনেক ফাঁক ছিল এবং আনন্দবাবুও বলেছেন এই আইনের অল্প মাত্রই সংশোধন করা হয়েছে। তবে যাই করা হোক না কেন, সেই আইন কিন্তু কার্যকরী হয় নি। তবে এক্ষেত্রে আমাদের কাছে সবচেয়ে বড় বাধা হচ্ছে, যে মুহূর্তে আমরা খাটাল অপসারণ করতে যাই তখনই খাটালওয়ালারা আদালতে চলে যায়। গতবার বিধানসভায় কংগ্রেস দলের সুব্রতবাবু এবং প্রফুল্লকান্তি ঘোষ মহাশয় আমাকে বলেছিলেন, খাটাল অপসারণ করবার পথে আপনার কি কি বাধা আছে? তাঁরা আমাকে একথাও বলেছিলেন এক্ষেত্রে যা যা করা প্রয়োজন সেক্ষেত্রে আপনারা আমাদের সমর্থন পাবেন। তাঁদের এ কথায় আমি উৎসাহ বোধ করেছিলাম এবং এই খাটাল অপসারণ করবার জন্য আমরা অনেক টাকাও খরচ করেছি। পুলিশ দিয়ে এই কাজ হয় না, আমরা পাড়ায় পাড়ায় সাধারণ মানুষকে এই ব্যাপারে আমাদের সাহায্য করতে বলেছি। কিন্তু বাস্তবে দেখেছি খাটাল অপসারণ করতে গেলেই খাটালের মালিকরা কোর্টে চলে যাচ্ছে। আমরা জানি যারা খাটালের ব্যবস্থা করে তারা কেউ ছোট ছোট ব্যবসায়ী নয় বা তারা ওই গরীব ঘোষেরাও নয়। এদের পেছনে বড় বড় ম্যাগনেট রয়েছে। সেই কায়েমী স্বার্থ কলকাতার জনসাধারণকে দুধ সরবরাহ করবার নামে কলকাতা, হাওড়া, সমস্ত মিউনিসিপ্যালিটিগুলি এবং উপ-নগরীর পরিবেশ বিষিয়ে দিচ্ছে এবং সেই জন্যই এই খাটাল অপসারণ করবার ব্যবস্থা হচ্ছে।

আমরা ৩.৯.৮৩ তারিখ পর্যন্ত চেক করে দেখেছি কলকাতায় ২০ হাজার ৯২৭টি গরু, মহিষ রয়েছে এবং ৭৬৬টি খাটাল রয়েছে। এর মধ্যে আরও খাটাল নিশ্চয়ই সৃষ্টি হয়েছে। এগুলি কোথায় কোথায় ছড়িয়ে আছে সেটা আপনারা একবার শুনুন। কাশীপুর খাটালের একটা মস্তবড় কেন্দ্র, বেহালা একটি বড় কেন্দ্র, গোয়াবাগান একটি মস্তবড় কেন্দ্র। আনন্দবাবুর বাড়ীর এলাকায় এখন তিনি যেখানে থাকেন সেখানে ১৫২টি খাটাল রয়েছে। আমরা দেখেছি যখনই এই খাটাল অপসারণ করতে গিয়েছি তখনই মালিকা হাইকোর্টে চলে গেছে। আমি আমাদের বিরোধী দলের আইনজীবীদের আবেদন করছি আপনারা কখনও খাটালওয়ালাদের কেস নেবেন না।

আমরা বলেছি আপনারা আইনজীবী, আপনারা অনেক কেস পাবেন, অনেক টাকা রোজগার করতে পারবেন। আপনারা দয়া করে এই খাটাল অপসারণের কেসগুলি নেবেন না। এই রকমভাবে আমরা অনেক মাননীয় উকিল এবং ব্যারিস্টারদের বলেছি। ৭৬৬টি খাটালের মধ্যে ৬১৮টি খাটাল আমরা অপসারণ করতে পারি নি, আদালতে ইনজাংশনে আটকে আছে এবং তার জন্য ১২ হাজার ক্যাটল, গরু এবং মহিষ আটকে রয়েছে। আমরা সেটা সরাতে পারছি না। আরও ৩০টি কেস কোর্টে আণ্ডার কনসিডারেশনে হাইকোর্টে আছে। এই অবস্থার মধ্যে আমরা এই ক্যাটেল লাইসেনসিং এ্যাক্টটি আনছি। বিভিন্ন আদালতে হাইকোর্টে এই সমস্ত কেসগুলি রয়েছে। আমরা চেষ্টা করছি সমস্ত কেসগুলি এক জায়গায় নিয়ে আসা যায় কিনা। সরকারের আইনজীবীরা তা দেখছেন। এই অবস্থার মধ্যেই আমি দিল্লী গিয়েছিলাম এবং সেখানে কৃষি দপ্তরের সঙ্গে পরামর্শ করেছিলাম যে, এই ব্যাপারে কি করা যায়। আগে যিনি রাজ্যপাল ছিলেন এবং বর্তমানে যিনি রাজ্যপাল আছেন আমি ওঁদের সঙ্গেও পরামর্শ করেছি যে কি করা যায়। তারপর ঠিক করা হোল যে, ১৯৫৯ সালের যে ক্যাটল লাইসেন্সিং এ্যাক্টটা রয়েছে তাকে সংশোধন করতে হবে এবং সেটা সংশোধন করে ঠিক করা হোল যে, অথরাইজড অফিসার নিযুক্ত করতে হবে। সেই অথরাইজড অফিসারের কাছে সেই সমস্ত গরু মহিষ ধরে নিয়ে হাজির করা হবে। সেই অথরাইজড অফিসার হবেন একজন সাব-ইন্সপেক্টার র‍্যাঙ্কের অফিসার—অর্থাৎ not below the rank of Sub-Inspector. যাতে সেখানে কোন অবিচার না হয়, কোন রকম জুলুম করা না হয়, যেটা নিতান্ত প্রয়োজন সেইভাবে যেন বিচার-বিবেচনা করা হয়। এই অফিসার কোর্ট ডিপার্টমেন্টের অফিসার হবেন না—কোন এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার হবেন না—ইনি পুলিশের লোক হবেন। আনন্দবাবু এবং কাশীবাবু যেটা বললেন সেরকম ভাবে

হবে না। আমাদের কাউ-ক্যাচার আছে, এই সমস্ত গরু, মহিষ ধরার জন্য আবার তার সাথে পুলিশ থাকে এবং পাড়ার লোকও থাকে। তারা আদালতে এইসব গরু, মহিষ ধরে নিয়ে আসে—তারপর বিচার হয়, বেশীর ভাগ ক্ষেত্রে বিচার সাপেক্ষে গরু, মহিষ জামিন দেওয়া হয়। সুতরাং এই যে অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি হয় এবং সেগুলি যে অবস্থায় আছে, আমরা সেগুলি চাই না। সেই জন্যই আমরা ঠিক করলাম একটা কঠোর ব্যবস্থা করতে হবে। কঠোর ব্যবস্থা মানে এই নয় যে, এই সমস্ত গরু, মহিষ মেরে ফেল। যে দুধের ব্যবসা করতে চায়, তার উপর আমরা হস্তক্ষেপ করবো না—সে দুধের ব্যবসা করবে। সে কলকাতার বাইরের থেকে দুধ নিয়ে এসে দুধের ব্যবসা করুক। শুধু কলকাতার ভিতর যাতে খাটাল না হয় তার জন্যই এই ব্যবস্থা। মাননীয় সদস্য শ্রীমুখার্জী ঠিকই বলেছেন, এতে লোকেরা আশীর্বাদ করবেন। এই রকম অনেক দরখাস্ত আমার কাছে আসে এবং এসেছে। আমি এ্যানেক্সার বি-তে দিয়েছি যে, এই অথরাইড অফিসার কে হবে। পুলিশ থেকে হবে। কোন এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার থেকে অথরাইজড অফিসার আমরা দেবো না।

[7.15—7.25 P.M.]

তাকে অধিকার দেওয়া হচ্ছে। বার বার যারা অপরাধ করছে, কিছুতেই খাটাল অপসারণ করতে রাজী নয়, তাদের খাটালে গিয়ে গরু, মোষ ধরার পর যদি সেই অথরাইজড অফিসার মনে করেন তাহলে সেইগুলো তিনি বাজেয়াপ্ত করতে পারবেন—Forfiture করতে পারবেন। আমরা আমাদের এখানকার অনেক আইনজীবীদের জিজ্ঞাসা করেছিলাম, দিল্লীতে কোন কোন আইনজীবীদের আমি জিজ্ঞাসা করেছিলাম, তাঁরা সকলেই বলেছেন এটা করা উচিত। Forfiture করার পর অন্য যে-সমস্ত জিনিসপত্রগুলো থাকে, যেমন একটা গোয়াল ঘর থাকে, গরুর খাবার নাদা থাকে, জলের বালতি থাকে, দড়িদড়া থাকে, কাটারি থাকে, সেইগুলো বাজেয়াপ্ত করবেন এবং প্রয়োজন হলে গরু-মোষ তাও বাজেয়াপ্ত করা হবে। বাজেয়াপ্ত করার পর সেইগুলো কোথায় আসবে আদালত সেটা ঠিক করে দেবে, অথরাইজড অফিসার ঠিক করে দেবে। কাশীবাবু বলেছেন অথরাইজড অফিসার কঠোর হতে পারেন—হ্যাঁ, কঠোর ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু সঙ্গে সঙ্গে আদালতের সুযোগ এবং বিচারের সুযোগ পাওয়ার যে অধিকার সেই অধিকার পুরোপুরি রাখা হচ্ছে এই বিলের মধ্যে। একজন এ্যাপিলেট অথরিটি, একজন অফিসার আমরা এ্যাপয়েন্ট করব—দিল্লীতে ভারত সরকার আমাকে এই পরামর্শ

দিয়েছিলেন। আমি সেই পরামর্শ মেনে নিয়েছি। তাঁরা লিখে পরামর্শ দিয়েছিলেন যে, তিনি যেন জুডিসিয়াল অর্থাৎ বিচার বিভাগের লোক হন, তিনি যেন প্রশাসনিক বিভাগের লোক না হন। আমরা সেটা মেনে নিয়েছি। রাষ্ট্রপতির অনুমোদন আমি পেয়েছি। রাষ্ট্রপতির অনুমোদন আমি গতবারেও পেয়েছিলাম, আমি অর্ডিন্যান্স করেছিলাম, সেই অর্ডিন্যান্স আদালতে ইনজাংশান হয়ে বাতিল হয়ে গিয়েছিল। আমরা সেটা রিডআউট করেছি আপনাদের কাছে। তারপর এই বিল আপনাদের কাছে নিয়ে এসেছি। দিল্লীতে আমাদের অফিসাররা গিয়েছিলেন এবং তাঁরা রাষ্ট্রপতির অনুমোদন নিয়ে এসেছেন। সুতরাং আপনারা যে সার্কুলেশনের কথা বলছেন, আমার মতে এর কোন প্রয়োজন নেই। এটা বিবেচনা করে দেখুন সার্কুলেশন মানে কালহরণ। সার্কুলেশন মানে আনন্দমোহন বিশ্বাস যেটা বলছেন যে, কায়েমী স্বার্থের লোকেরা খাটা'ল ব্যবসা করছে, নানাদিক থেকে ব্যবসা করছে, তাদের সমর্থন করা সার্কুলেশনের অর্থ, এছাড়া আর কিছুই নয়। আমি আশা করব আপনারা সার্কুলেশনের কথা প্রত্যাহার করুন এবং যে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন তা প্রত্যাহার করুন। আমি যে যে বিভাগের সঙ্গে আলোচনা করেছি ভারত সরকারের, আমাদের অফিসাররাও করেছেন সেটা আপনাদের বলে দিই। আমরা এগ্রিকালচার এবং কো-অপারেটিভ বিভাগের সঙ্গে আলোচনা করেছি, তারা এটা অনুমোদন করেছে। হেল্‌থ এবং ফ্যামিলি ওয়েলফেয়ারের সঙ্গে আলোচনা করেছি, তাঁরা অনুমোদন করেছেন আমার বিল। ওয়ার্ক এ্যাণ্ড হাউসিং—তাদের সঙ্গে আলোচনা করেছি, তারা অনুমোদন করেছে। ফুড এ্যাণ্ড সাপ্লাই—তাদের সঙ্গে আলোচনা করেছি, তারাও অনুমোদন করেছে এবং হোম ডিপার্টমেণ্টও অনুমোদন করেছে। এতগুলো অনুমোদন পাওয়ার পর তবে এই বিল আমি করেছি এবং তারপর দিল্লীর সমস্ত প্রশাসনিক কাজকর্মও আপনারা জানেন, তাদের অনুমোদন পাওয়ার পর আমরা রাষ্ট্রপতির অনুমোদন নিয়ে এসেছি। কারণ প্রায়ার এ্যাপ্রুভ্যাল অফ প্রেসিডেণ্ট আণ্ডার সেকশান সেটা আমি দিয়ে দিয়েছি, কারণ সেটার দরকার হয়। কারণ ঐ ২২৬-কে ভায়োলেট করতে পারি না, উনি উকিল, উনি সেটা বুঝবেন, আমি উকিল নই। সেজন্য এতগুলো জিনিস বিবেচনা করে আমি এখন বিল উপস্থিত করেছি। কাজেই সার্কুলেশনে দেবার কোন প্রয়োজন নেই। তাছাড়া এ্যামেণ্ডমেণ্টও মুভ হয় নি। এর পর দু-চারটি কথা বলি। দুধের কথা—দুধের সংগে খাটালের কি বিশেষ সম্পর্ক আছে? আমার বাজেট যখন আমি পেশ করেছিলাম তখন আমি বলেছি কলকাতায় প্রতিদিন গড়ে ১১ লক্ষ লিটার দুধ প্রতিদিন প্রয়োজন এবং তা বাজারে বিক্রি হয়। আরো চাহিদা হতে

পারে। এর মধ্যে রাজ্য সরকারের দুটো বিভাগ থেকে গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীম যেটা আনন্দবাবুরা চালাতেন—উনি রাষ্ট্রমন্ত্রী ছিলেন, উনি জানেন—আমরা দৈনিক দু' লক্ষ ১৫ হাজার লিটার দুধ দিচ্ছি। ডানকুনি মাদার ডেয়ারী সেটা আমরাই তৈরি করেছি, সেখান থেকে দৈনিক প্রায় ২ লক্ষ লিটার দুধ বিক্রয় হচ্ছে। আপনারা প্রস্তাব করেছিলেন ঠিক কথা, কিন্তু আপনারা কমপ্লিট করতে পারেন নি। কেন পারেন নি আমরা তার জন্য সমালোচনা করি না। আমরা যে এটা করেছি তার জন্য আমরা গর্ব অনুভব করি না। সেখান থেকে আমরা আরো দু' লক্ষ লিটার দুধ দিচ্ছি। এই পরিমাণ পরে আমরা আরো বাড়াতে পারব। খাটালের বেশীর ভাগ দুধ মূলতঃ যায় ছানার জন্য, সন্দেশ, রসগোল্লা ও ছানার খাবার তৈরির জন্য।

তাছাড়াও খাটালের দুধ কোথায় যায় ? খাটালের দুধে মাখন তৈরি হয়, মোষের দুধে মাখন তৈরি হয়। বনস্পতির ব্যাপার নিয়ে একটা মামলা হয়েছে। সারা ভারতবর্ষে একটা গুজব রটে গেছে। তার জন্য লোকসভায় একটা এনকোয়ারি কমিটি হয়েছে। এখানকার খাটালের দুধ থেকে মাখন তুলে সেই মাখন উত্তর ভারতের দিকে নিয়ে যাওয়া হচ্ছে। সেখানকার ঘি-ওয়ালারা নিয়ে চলে যাচ্ছে। বনস্পতির চেয়ে এর দাম বেশী হচ্ছে এবং চাহিদা বেশী হয়ে যাওয়ায় এখান থেকে সব মাখন চলে যাচ্ছে। কাজেই খাটালের সঙ্গে তরল দুধের কথা এক সঙ্গে মেলানো যায় না। আনন্দমোহন বিশ্বাস ক্যাটেল এস্টেট করার কথা বলেছেন। আমি আমার বাজেট বক্তৃতায় বলেছিলাম আমরা মিল্ক কলোনী করছি। ৭ কোটি টাকা খরচ করে ৪টি মিল্ক কলোনী করা হয়েছে। গঙ্গানগর কলোনী কমপ্লিট হয়ে গেছে। আপনারা সেই খাটালে গরু, মোষ রাখতে বলুন। ইষ্টার্ন বাইপাসে যে নতুন ডেভেলপমেণ্ট হচ্ছে সেখানে আমরা মিল্ক কলোনী তৈরী করছি, হাওড়া মিল্ক কলোনী করছি, গার্ডেনরীচে মিল্ক কলোনী করছি। বেহালায় মিল্ক কলোনী করার কথা নিরঞ্জন মুখার্জী বলেছেন। আমরা সেখানে জায়গা পেলে নিশ্চয় মিল্ক কলোনী করব। এই মিল্ক কলোনীর জন্য আমাদের ৭ কোটির বেশী টাকা খরচ হচ্ছে। রাজ্য সরকার একটা অংশ দিচ্ছে, কেন্দ্রীয় সরকার একটা অংশ দিচ্ছে, সি. এম. ডি. এ. একটা অংশ দিচ্ছে। এই টাকা নিয়ে আমরা মিল্ক কলোনী করছি। আমাদের কনট্রাক্টর আলাদা, রি-এ্যাকশনারি নয়। অনুগ্রহ করে আপনারা মাথা পরিষ্কার করুন—আমরা মিল্ক কলোনী করছি। অপারেশান ফ্লাড প্রজেক্টের মধ্য দিয়ে গ্রামে যাতে বেশী করে দুধ হতে পারে আমরা সেই চেষ্টা করছি। আমি আশা করি সারকুলেশান মোশান যেটা দিয়েছেন সেটা উইথড্র করবেন।

The motion of Shri Kashinath Misra that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Shri Amritendu Mukherjee that The West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

[7.25—7 29 P.M.]

Clause 3

Shri Kashinath Misra : Sir, I am not moving my amendment.

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in clause 4, in sub-section (1) of proposed Section 11 of the principal Act, in line 7, after the words "or article" the words "or both" be inserted.

I also move that in clause 4, in sub-section (2) of proposed section 11 of the principal Act, in line 3, after the word "article" the words "or both" be inserted.

Shri Amritendu Mukherjee : I accept the amendments.

The motions of Shri Sumanta Kumar Hira that in clause 4, in sub-section (1) of proposed Section 11 of the principal Act, in line 7, after the words "or article" the words "or both" be inserted ;

also that in clause 4, in sub-section (2) of proposed section 11 of the principal Act, in line 3, after the word "article" the words "or both" be inserted, were then put and agreed to.

The question that Clause 4, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 5

Shri Kashinath Misra : Sir, I am not moving my amendments.

Shri Sumanta Kumar Hira : Sir, I beg to move that in clause 5(a)(ii), in

line 3, before the words "for the words" the words, figures and brackets "in clause (vii)" be inserted.

Shri Amritendu Mukherjee : Sir, I accept the amendment.

The motion of Shri Sumanta Kumar Hira that in clause 5(a)(ii) in line 3, before the words "for the words" the words, figures and brackets "in clause (vii)" be inserted, was then put and agreed to.

The question that Clause 5, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 6 and Preamble

The question that Clause 6 and Preample do stand part of the Bill, was then put and agreed to.

Shri Amritendu Mukherjee : Sir, I beg to move that The West Bengal Cattle Licensing (Amendment) Bill 1984, as settled in the Assembly, be passed.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীরবীন্দ্র ঘোষ এবং সুভাষ গোস্বামী মহাশয় এই বিলকে সমর্থন করার সময় যে কথা বলেছেন আমি তার একটু জবাব দিতে চাই। তাঁরা বলেছেন, সিজ করা জিনিসপত্র—গরু-বাছুরের যেন কোন ক্ষতি না হয়। নিশ্চয় হবে না। সিজারের ব্যাপারে কথা আছে যে যদি কোন ক্ষতি হয় তাহলে খেসারত দিতে বাধ্য থাকবে। তা ছাড়া সেখানে যে এ্যাপিলেট অথরিটি থাকবেন তিনি যদি এগুলি ফেরত দিতে বলেন তাহলে দামসহ এগুলি ফেরত দেওয়া হবে, সুতরাং সে বিষয়ে কোন ক্ষতি হবে না, এ ব্যাপারে আপনারা নিশ্চিন্ত থাকতে পারেন। আর কাশীবাবু যেটা বলেছেন সে ব্যাপারে জানাচ্ছি, ডেটারেন্ট ক্লজ যেট আছে তাতে তিন বছরের জেল এবং তিন হাজার টাকা জরিমানার ব্যবস্থা আছে। কাশীবাবুকে বলব, এমন ব্যবস্থা করুন যাতে কাউকে জেলে যেতে না হয় বা জরিমানা দিতে না হয়। তাঁরা তাঁদের খাটাল সরিয়ে নিয়ে যান আমরা আমাদের মিল্ক কলোনীতে পুনর্বাসনের ব্যবস্থা করবো। এই কথা বলে মাননীয় সদস্যগণ এই বিল পাশ করে দেবেন এই অনুরোধ জানিয়ে আমি শেষ করলাম।

The motion of Shri Amritendu Mukherjee that The West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1984 as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Adjournment

The House stands adjourned at 7.29 P.M. till 1 P.M. on Thursday, the 26th April, 1984, at the Assembly House, Calcutta-1.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta on Thursday, the 26.4.1984 at 1 P.M.

Present

Mr. Speaker **(Shri Hashim Abdul Halim)** in the Chair, 11 Ministers, 9 Ministers of State and 178 Members.

Held over starred Questions
(to which oral answers were given)

বাঁকুড়া-কাস্তোড়া রাস্তা সংস্কার

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *২২১।) **শ্রীনবনী বাউরী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া হইতে কাস্তোড়া ভায়া মেজিয়া রাস্তাটি দীর্ঘদিন যাবৎ কোন সংস্কার করা হয় নাই ;

(খ) সত্য হইলে, উক্ত রাস্তাটি সংস্কার করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(গ) থাকিলে, কবে নাগাদ উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ (ক) সত্য নয়, যানবাহন চলাচলযোগ্য রাখতে যখন যেরকম প্রয়োজন রাস্তাটির মাঝে-মধ্যেই সংস্কার করা হয়।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, বাঁকুড়া জেলার কাস্তোড়া রাস্তাটি সম্পর্কে আপনি উত্তর দিলেন। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, এই রাস্তাটির যা অবস্থা, এর জন্য ১৯৮২-৮৩ সালের বাজেটে বা ১৯৮৩-৮৪ সালের বাজেটে আপনি কোন রকম অর্থ বরাদ্দ করেছিলেন কি না ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ করেছিলাম এবং আর্থিক অসঙ্গতির জন্য সম্পূর্ণ করা

যায় নি। আপনার প্রশ্ন ছিল, ইহা কি সত্য যে, রাস্তাটি দীর্ঘদিন যাবৎ সংস্কার করা হয় নি? আমি বলেছি যে, সংস্কারের কাজ মাঝে-মধ্যে করা হচ্ছে টু কীপ ইট রানিং।

ক্রেতা সমবায় উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দীকৃত অর্থ

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩২।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ১৯৮০-৮১ থেকে বর্তমান সময় পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে ক্রেতা সমবায় প্রতিষ্ঠা উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার কত টাকা বরাদ্দ করেছেন; এবং

(খ) ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ আর্থিক বছরে উক্ত উদ্দেশ্যে মোট কত টাকা ব্যয়িত হয়েছে?

শ্রীনীহার কুমার বসুঃ (ক) পশ্চিমবঙ্গে ক্রেতা সমবায় প্রতিষ্ঠা ও উন্নতিকল্পে ১৯৮০-৮১ হইতে বর্তমান সময় পর্যন্তঃ

	রাজ্য বাজেটে উক্ত উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের সম্মতি সাপেক্ষে বরাদ্দকৃত অর্থের পরিমাণ	কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ
১৯৮০-৮১	৪৭ লক্ষ টাকা	৬৪ হাজার টাকা
১৯৮১-৮২	৪০ লক্ষ টাকা	কিছুই না
১৯৮২-৮৩	২.২০ লক্ষ টাকা	৭৮ হাজার টাকা
১৯৮৩-৮৪	২.৩৫ লক্ষ টাকা	৩.২৪ লক্ষ টাকা

(খ) বিভিন্ন আর্থিক বছরে উক্ত উদ্দেশ্যে ব্যয়িত অর্থের পরিমাণ নিম্নরূপঃ

১৯৮০-৮১	৬৪ হাজার টাকা
১৯৮১-৮২	কিছুই না
১৯৮২-৮৩	৭৮ হাজার টাকা

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় সমবায়মন্ত্রী মহাশয়, কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত অর্থের পরিমাণ সামান্য হলেও যে টাকা আপনারা পেয়েছিলেন সেই টাকা কি কি কাজে ব্যয় করেছেন, সেটা জানাবেন কি?

শ্রীনীহার কুমার বসুঃ এ বিষয়ে বিভিন্ন রকম প্রকল্প আছে—শেয়ার পার্টি-

সিপেশন আছে, গুদাম ঘর তৈরীর প্রকল্প আছে এবং বিভিন্ন রকম প্রকল্পেই এই অর্থ ব্যয় করা হচ্ছে।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি যে প্রজেক্ট-গুলিতে টাকা ব্যয় করছেন, সেই প্রজেক্টগুলি কোন্ কোন্ জেলায় করেছেন ?

শ্রীনীহার কুমার বসু ঃ এই প্রশ্নের উত্তর জানতে হলে নোটিশ দিতে হবে।

শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, কেন্দ্রীয় সরকার এ ক্ষেত্রে যে নগণ্য পরিমাণ টাকা দিয়েছে, তা দিয়ে কিছুই করা সম্ভব নয়, সুতরাং আপনি এই অর্থের পরিমাণ বাড়াবার জন্য কেন্দ্রীয় সরকারকে লিখেছেন কি ?

শ্রীনীহার কুমার বসু ঃ এই প্রকল্পের নিয়ম হচ্ছে রাজ্য সরকার রাজ্য বাজেট থেকে এই বিষয়ে অর্থ বরাদ্দ করে, তারপরে সেই অর্থের অনুপাতে বিভিন্ন প্রকল্প-গুলি গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠায় এবং কেন্দ্রীয় সরকার সেগুলি অনুমোদন করেন, সেগুলির জন্য টাকা দেন। তবে এই খাতে কয়েক বছর ধরেই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কম অর্থ আসছে এবং আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে তা তাদের জানিয়েছি।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় সমবায়মন্ত্রী মহাশয়, অনুগ্রহপূর্বক জানাবেন কি, ক্রেতা সমবায়ের অন্যতম উদ্দেশ্য হচ্ছে আবশ্যিক দ্রব্যসামগ্রীর (এসেনসিয়াল কমোডিটিস) মূল্যমান নিয়ন্ত্রণ করা, সুতরাং আপনি রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের যৌথ উদ্যোগের যে কথা উল্লেখ করলেন, তার দ্বারা আবশ্যিক দ্রব্য-সামগ্রীর (এসেনসিয়াল কমোডিটিস) মূল্যমান ধরে রাখা কি সম্ভব হচ্ছে ?

শ্রীনীহার কুমার বসু ঃ আমাদের দেশে সমবায় আন্দোলনের দ্বারা দ্রব্যমূল্য ধরে রাখা যায় না।

নলহাটি পরিদর্শন ভবন

*৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২৯ ।) **শ্রীসাত্ত্বিককুমার রায় ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূমের নলহাটিস্থ পরিদর্শন ভবনটি (ইন্সপেকশান বাংলো) পূর্ত বিভাগের নিজস্ব জমিতে নির্মিত হইয়াছে কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "না" হইলে,—

(১) উক্ত ভূমি কাহার নিকট হইতে গৃহীত হইয়াছে,

(২) কি কি শর্তে ঐ জমি গ্রহণ করা হইয়াছে, ও

(৩) উক্ত শর্তগুলি কতদূর পূরণ করা হইয়াছে ?

শ্রীযতীন চক্রবর্তী : (ক) ও (খ) জেলা স্কুল বোর্ডকে বিকল্প জমি দেবার শর্তে আলোচ্য জমিটি বীরভূমের জেলা ভূমি অধিকর্তার মাধ্যমে নিয়মমাফিক অধিগ্রহণ করার পর পরিদর্শন ভবনটি তৈরি করা হয়েছে। শর্তানুযায়ী তাঁদের বাছাই করা জমিটি তাঁদের অর্পণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। কিন্তু তাঁদের দিকে আইনগত কয়েকটি বাধা থাকায় এটি তাঁদের হস্তান্তর করা যায় নি। এই ব্যাপারে জেলা স্কুল বোর্ডের সঙ্গে আলোচনা চলছে।

শ্রীসাত্ত্বিক কুমার রায় : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বীরভূম জেলার নলহাটিস্থ পরিদর্শন ভবনটি তৈরি হচ্ছে, কিন্তু এখনো পর্যন্ত রেকর্ডে ওটার সম্বন্ধে যা উল্লেখ আছে, তা হচ্ছে "বীরভূম শিক্ষা পর্ষদ (প্রাইমারি)"। ঐ জায়গাটি যিনি দান করেছিলেন তিনি হচ্ছেন প্রয়াত শিরোমণি ভগৎ। তিনি এম. এল. এ. ছিলেন এবং তাঁর ভাইপো একজন এ্যাডভোকেট। তিনি এব্যাপারে হাইকোর্টে কেস করেছেন। সুতরাং এই অবস্থায় আপনি কত দিনের মধ্যে জেলা স্কুল বোর্ডকে বিকল্প জমি দেবেন ?

[1.10—1.20 P. M.]

শ্রীযতীন চক্রবর্তী : আমি মাননীয় সদস্যকে সমস্ত বিষয়টি বলছি। নলহাটিস্থ আমাদের পরিদর্শন ভবনটি তৈরির জন্য ২·৪০ একর পরিমাণ জমি বীরভূম জেলা ভূমি অধিকর্তার মাধ্যমে ২৪-৬-৭৮ তারিখে অধিগ্রহণ করা হয়েছে। তারপর দেখা গেল তার মধ্যে ১·৮৩ একর জমি জেলা স্কুল বোর্ডের আওতায় ছিল এবং অবশিষ্ট ০·৫৭ একর জমি ছিল আমাদের রাস্তা সংলগ্ন অধিকৃত জমি।

উক্ত জমির বিনিময় ক্ষতিপূরণস্বরূপ বিকল্প একখণ্ড জমি স্কুল বোর্ডকে আমরা

অর্পণ করবো এই মর্মে একটা শর্ত আরোপ করা হয়েছিল। তদানুসারে উক্ত স্কুল বোর্ড পছন্দমাফিক জমি বাছাই করেছিলেন এবং এটি হস্তান্তরের জন্য সংশ্লিষ্ট ভূমি অধিকর্তার মাধ্যমে ২৩-৭-৫৯ তারিখে অধিগ্রহণ করা হয়। বিধিমাফিক হস্তান্তরের প্রাক্কালে আমাদের সংশ্লিষ্ট সরকারী উকিলের পরামর্শ অনুসারে জেলা স্কুল বোর্ডকে তাদের অধিকৃত জমির দলিল এল. এ. নক্সা এবং বদলী জমিটি গ্রহণে তাঁদের কোন আপত্তি নেই এই মর্মে সম্মতিপত্র প্রভৃতি আমাদের কাছে দাখিল করতে বলা হয়েছিল। কিন্তু সংশ্লিষ্ট কাগজপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে দেখা গেল যে, স্কুল বোর্ড একটা দানপত্রের মাধ্যমে জমির মালিকানা লাভ করেছিলেন এবং শ্রীশিরোমণি প্রসাদ ভগৎ এবং শ্রীশুকদেও প্রসাদ ভকৎ ঐ জমি দান করেছিলেন। এই দানপত্রের অন্যতম শর্ত ছিল যে, উক্ত জমি কেবল স্কুল বাড়ী তৈরীর জন্যই ব্যবহার করতে হবে। অন্যথায় এর মালিকানা দাতা ও তাঁদের উত্তরাধিকারীর কাছেই যথারীতি বহাল থাকবে। এছাড়া আরো কয়েকটি ত্রুটি ঐ দলিলে পরিলক্ষিত হয়। এমতাবস্থায় উক্ত ত্রুটিগুলি দূর করার জন্য আমাদের তরফে জি.পি.'র মারফত জেলা স্কুল বোর্ডকে প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হয়েছিল। এই সমস্ত ব্যাপার ১৯৬০ সালে ঘটেছিল। কিন্তু এ পর্যন্ত দ্বি-পাক্ষিক আলোচনা সত্ত্বেও বিষয়টির মীমাংসা হয় নি। এখন প্রকাশ, উক্ত জমিদাতারা জমি ফিরে পাবার দাবী জানিয়ে জেলা স্কুল বোর্ডের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করেছেন এবং বিষয়টি বিচারাধীন আছে।

শ্রীসাত্ত্বিক কুমার রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, হাইকোর্টে কেস হয়েছে। আপনি কি জানেন ঐ জায়গাটা যেটা স্কুল বোর্ডকে দেওয়া হয়েছিল সেটা তাড়াতাড়ি পি. ডব্লু. ডি. বললো জায়গা পরিবর্তন করে দেবো। এখন ৩০০ মতন ছাত্রকে নিয়ে গুদাম ঘরে স্কুল হচ্ছে। অথচ একজিকিউটিভ ইঞ্জিনীয়ার, জেলা পরিষদ এবং শিক্ষা পর্ষদের চেয়ারম্যান বারবার চিঠি লেখা সত্ত্বেও তারা আজও পর্যন্ত চিঠি দিচ্ছেন না। সুতরাং আমার একটিই প্রশ্ন, উক্ত বিষয়টি কমিটি করে ফয়সালা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করবেন কি ?

শ্রীযতীন চক্রবর্তীঃ সেই প্রস্তাব লিখিতভাবে দিলে নিশ্চয়ই আমি বিচার-বিবেচনা করে এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করবো।

শ্রীবনমালী দাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি মনে করেন যে, দীর্ঘদিন ধরে

টালবাহানা করার পর ইচ্ছাকৃতভাবে এই দপ্তর, স্কুল বোর্ডের বিরুদ্ধে কেস করে জমি আটকে রাখার চেষ্টা করা হয়েছে ?

শ্রীযতীন চক্রবর্তী : না, এটা আমি মনে করি না।

শীল-তোর্ষা নদীতে স্থায়ী সেতু

*৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭৩)। **শ্রীমনোহর তিরকী ও শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায়** : পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরে উত্তরবঙ্গের শীল-তোর্ষা নদীতে স্থায়ী সেতু নির্মাণের কোন পরিকল্পনা আছে কিনা ;

(খ) থাকিলে, উক্ত সেতুটির জন্য স্থান নির্বাচনের বিষয়ে কোন সিদ্ধান্ত হয়েছে কি ; এবং

(গ) ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮৩-৮৪ সাল পর্যন্ত ঐ নদীর উপরে ফেয়ার ওয়েদার সেতু নির্মাণের জন্য কোন্ বৎসরে কত টাকা ব্যয়িত হয়েছে (বৎসরওয়ারী হিসাব) ?

শ্রীযতীন চক্রবর্তী : (ক) না। আপাততঃ নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) বৎসরওয়ারী ব্যয়ের হিসাব নিম্নরূপ :

১৯৭৭-৭৮	...	৩,৪০,৯২৬·০০
১৯৭৮-৭৯	...	৬,৪৬,৫৬০·০০
১৯৭৯-৮০	...	৬,০৮,৬৫০·০০
১৯৮০-৮১	...	৬,৯৩,৬০৭·০০
১৯৮১-৮২	...	৫,৯২,০৫৮·০০
১৯৮২-৮৩	...	৩,৮৫,৬০০·০০
১৯৮৩-৮৪	...	৩,৮০,৩৯৪·০০

শ্রীদীপক সেনগুপ্ত : মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই হিসাব থেকে দেখেছেন যে, ৩ লক্ষ থেকে ৭ লক্ষ টাকা প্রতি বছর ফেয়ার ওয়েদার ব্রীজের জন্য খরচ হচ্ছে ঐ জায়গাটাতে। কিন্তু উত্তরবঙ্গে যোগাযোগের ক্ষেত্রে শীল-তোর্ষার উপর দ্বিতীয় সেতুটির অত্যন্ত প্রয়োজন। প্রতি বছরই ফেয়ার ওয়েদার ব্রীজের জন্য টাকাটা

দিচ্ছেন, এতে টাকার প্রচুর অপচয় হচ্ছে। সেখানে স্থায়ীভাবে ব্রীজ করবেন কিনা অনুগ্রহ করে মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রীযতীন চক্রবর্তী : ঐ সেতুটি ৩১ নম্বর জাতীয় সড়কের উপর হবে। এই টাকাটা কেন্দ্রীয় সরকারই দিয়ে থাকেন। আমরা একটি এস্টিমেট করেছি জমি অধিগ্রহণ করবার জন্য এবং সেটা কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেছেন। আমরা ঐ সেতু তৈরী করতে কত খরচ হবে—সেই ব্যাপারে একটি এস্টিমেট কেন্দ্রের কাছে পাঠিয়েছিলাম। তাতে আমরা ২ কোটি ৫৪ লক্ষ ২৩ হাজার টাকার এস্টিমেট দিয়েছিলাম। কিন্তু কেন্দ্রীয় সরকার বলেছেন যে, টাকার আগে জমি অধিগ্রহণের ব্যাপারটার নিষ্পত্তি হোক, তারপর সেতু তৈরী করবার জন্য টাকা দেওয়া যাবে। তবে নীতিগতভাবে ঐ সেতু তৈরী হোক—এটা কেন্দ্রীয় সরকার স্বীকার করেছেন এবং আমরা তো এব্যাপারে প্রস্তুতি নিয়েছিই, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পেলেই শুরু করতে পারি। ওখান থেকে অনেকেই বলেছেন যে, ঐ কাঠের সেতু, যেটাকে ফেয়ার ওয়েদার ব্রীজ বলি, সেটাকে পাকাপাকিভাবে রেখে দেওয়া হোক। কিন্তু সেটা রাখা সম্ভব নয়, কারণ বর্ষাকালে জলের তোড়ে ঐ ব্রীজ ভাসিয়ে নিয়ে যায় এবং সেই জন্যই ঐ কাঠের ব্রীজটি রেখে দেওয়া সম্ভব হচ্ছে না।

শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া : প্রস্তাবিত সেতু সম্পর্কে মন্ত্রী মহাশয় জানালেন যে, কেন্দ্রীয় সরকারের সঙ্গে এব্যাপারে আলোচনা চলছে। এই প্রস্তাবিত সেতুটি কি বছর বছর কাঠের সেতুটি যেখানে হচ্ছে সেখানেই হবে, না অন্য জায়গায় নতুন রাস্তা করে সরিয়ে নেওয়া হবে এবং যদি অন্য জায়গায় হবার কথা ঠিক হয়ে থাকে তবে সেই রাস্তাটি তৈরীর কতদূর কি হয়েছে অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রীযতীন চক্রবর্তী : এখন যেখানে ফেয়ার ওয়েদার সেতুটি হচ্ছে, মোটামুটি-ভাবে সেই অংশেই প্রস্তাবিত ব্রীজটি হবার কথা, যদি না ইতিমধ্যে নদীর অববাহিকার অদল-বদল ঘটে।

শ্রীপ্রবোধ পুরকায়েত : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আপনি বললেন জমি অধিগ্রহণের পর কেন্দ্র টাকাটা দেবেন, কাজেই এ ক্ষেত্রে এই জমি অধিগ্রহণের কাজ শেষ করেছেন কিনা এবং না করে থাকলে আপনারা কতদিনে ঐ জমি অধিগ্রহণের কাজ শেষ করতে পারবেন ?

শ্রীযতীন চক্রবর্তী : জমি অধিগ্রহণের জন্য আমরা চেষ্টা করছি এবং সেখানকার যিনি ল্যাণ্ড রেভিনিউ অধিকর্তা আছেন, তাঁকেও বলেছি এবং সেই মর্মে কেন্দ্রের কাছে টাকাও চেয়েছি।

বাঁকুড়া জেলার গিড়িয়া-রাঙ্গামাটি রাস্তার সংস্কার

*৫৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৩০১২)। **শ্রীসুখেন্দু খাঁ :** পূর্ত ও সড়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার সোনামুখী ও পাত্রসায়ের থানার অন্তর্গত ধগড়িয়া হইতে রাঙ্গামাটি পর্যন্ত রাস্তাটি সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত কাজ কবে নাগাদ শুরু ও শেষ হবে বলে আশা করা যায় ?

শ্রীযতীন চক্রবর্তী : (ক) না। (খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

[1 20—1·30 P.M.]

শ্রীমোহিনী মোহন পাণ্ডা : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই বাড়ির মালিক যে সে অনেক দিন বাড়ির ক্ষতিপূরণ পাওয়া সত্ত্বেও এই বাড়িটি ভাঙ্গা হচ্ছে না কেন ? এই বাড়িটি থাকার জন্য মানুষের অনেক অসুবিধা হচ্ছে। তা সত্ত্বেও জেলা কর্তৃপক্ষ রাস্তার উপর এই বাড়িটি ভাঙ্গছে না। এই ব্যাপারে আপনি কোন ব্যবস্থা অবলম্বন করবেন কি না জানাবেন কি ?

শ্রীযতীন চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নটা আপনি একটু দেখুন। উনি যেটা প্রশ্ন করেছেন সেটা হলো বাঁকুড়া জেলার কৃষ্ণপুর বেনাগেড়্যা রাস্তার উপর কংসাবতী সেতু সংলগ্ন একটি বাড়ির জন্য উক্ত রাস্তায় যানবাহন চলাচলে অসুবিধা হচ্ছে কিনা। আমি বলেছি, না, যানবাহন চলাচলে কোন অসুবিধা নেই। উনি যে প্রশ্নটা এখন করলেন সেই জবাবটা আমি কোথা থেকে দেব ?

শ্রীমোহিনী মোহন পাণ্ডা : মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি এই রাস্তার উপর যে বাড়িটি রয়েছে তার জন্য রাস্তাটিকে ঘুরিয়ে অন্য দিকে নিয়ে যাওয়া হচ্ছে ? মেন রোডের সঙ্গে সোজাসুজি যোগাযোগ হচ্ছে না ?

শ্রীযতীন চক্রবর্তী : আমি জানি না। আপনি যদি সেইভাবে প্রশ্ন করেন তাহলে আমি নিশ্চয়ই খবর নিয়ে আপনাকে জানাবো।

Starred Questions

(to which oral answers were given)

Supply of power to industrial consumers

*694. (Admitted question No. *455). **Shri Deokinandan Poddar** : Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether it is a fact that though the Calcutta Electric Supply Corporation (CESC) had increased its generation during 1982-83 the sales of Electricity to industrial consumers by CESC during 1982-83 was less than the sales to industrial consumers during 1981-82 ; and

(b) if so,

(i) what was the position in the matter of generation and sale of electricity to industrial consumers during 1981-82 and 1982-83 ;

(ii) whether the reduction in sales to industrial consumers during 1982-83 had the approval of the State Government, and

(iii) what is the contemplation of the State Government in the matter ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : (ক) হ্যাঁ, এই সময় কয়েকটি চটকল দীর্ঘ দিন লক-আউট থাকায় এবং কয়েকটি কলকারখানা বন্ধ হয়ে যাওয়ায় ১৯৮১-৮২ সালের তুলনায় ১৯৮২-৮৩ সালে সি. ই. এস. সি.'র বিদ্যুৎ উৎপাদন বেশী এবং শিল্প-গ্রাহকদের ক্ষেত্রে সরবরাহ ১৯৮১-৮২ সালের তুলনায় ১৯৮২-৮৩ সালে কম ছিল।

(খ) (১) ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে শিল্প গ্রাহকগণের ক্ষেত্রে উৎপাদন ও সরবরাহ নিম্ন রূপ ছিল :

সি. ই. এস. সি.	১৯৮১-৮২	১৯৮২-৮৩
উৎপাদন :	১৬৪৩ এম. ইউ.	১৬৮০ এম. ইউ.
শিল্পগ্রাহকগণকে সরবরাহ (এল. টি. এবং এইচ. টি.)	১৯৬৯ এম. ইউ.	১৬৯৮ এম. ইউ.

(২) ঐ প্রশ্ন উঠে না।

(৩) শিল্পে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহের সাথে সাথে বিদ্যুৎ ব্যবহারকারী গৃহস্থদের সন্ধেবেলা প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ সুনিশ্চিত করাই সরকারের অভিপ্রায়।

শ্রীসুনীতি চট্টরাজ : মন্ত্রী মহাশয় বললেন যে জেনারেশন যা বেরিয়েছিল তা কতকগুলি কারণে কনজামশান কম হয়েছিল। জেনারেশনের কথায় আপনি

বলেছেন ১,৬২৩ লক্ষ ইউনিট হয়েছিল। সেই অনুযায়ী কনজামশান কম হয়েছিল তাও উল্লেখ করেছেন। মোট জেনারেশানের যে পরিমাণ ইউনিট কনজামশান হয় নি, সেই ইউনিট কিভাবে কাজে লাগেনি জানাবেন কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ কয়েকটা কারণ এর পেছনে ছিল। কতকগুলো কারখানা বন্ধ থাকার জন্য সেটা গৃহস্থরা, লো টেনশন কনজুমাররা বা অন্যেরা পেয়েছেন।

Expert Committee on working of Co-operative Rice Mills

*695. (Admitted question No. *882). **Shri Asok Ghosh** : Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) what is the recommendation of the Expert Committee recently appointed by the State Government "to go into" the working of Co-operative Rice Mills ; and

(b) what steps have been taken by the State Government to put the co-operative rice mills on a sound track ?

Shri Nihar Kumar Basu : (a) The expert Committee found that out of the 41 sanctioned Coop. Rice Mills, 28 came into existance. The Committee recommended.

(i) Rehabilitation of 10 (ten) Coop. Rice Mills in the 1st phase.

(ii) Rehabilitation of 5 (five) Coop. Rice Mills in the 2nd phase.

(iii) Liquidation of the remaining other Coop. Rice Mills.

(b) Rehabilitation scheme for 10 Rice Mills has been sanctioned with prior approval of N. C. D. C. A sum of Rs. 85.01 lakhs had been sanctioned by the State Govt. and the N. C. D. C. for—

(i) Providing margin money to these 10 rice mills.

(ii) To enable these rice mills to repay their outstanding Bank loans.

(iii) To repair, renovate and modernise these rice mills.

(2) Accordingly the sum has been released.

(i) Repair, renovation and modernisation have been completed in 9 (nine) mills and the other 1 (one) is on the way of completion.

(ii) Bank Loans had been repaid.

(iii) Margin money is being utilised by these Rice Mills in purchasing paddy from the open market for processing in their own accounts. 9 (nine) Rice Mills have started purchasing and upto date around 3500 M. T. Paddy has been purchased. Bank loans for working capital have been arranged in favour of these working rice mills with the help of margin money.

(iv) *Proposals for rehabilitation of five other rice mills have been sent the N. C. D. C. for consideration and approval.*

(4) For full capacity utilisation approval for milling of paddy on behalf c W. B. Essential Commodities Supplies Corporation is under considera tion of the Directorate.

Shri Satya Ranjan Bapuli : Will the Hon'ble Minister be pleased to stat whether due to then on-supply of rice and the non-production of paddy som co-operative rice mills became idle ?

Shri Nihar Kumar Basu : It is not a fact.

Shri Satya Ranjan Bapuli : আমি বলছি, কতকগুলি কো-অপারেটিভ ব্যাঙ্ক তাঁরা হতে পারেনি। যেহেতু তারা ঠিকমত ধান কিনতে পারেনি, সেইহেতু রাইস মিলগুলো চলেনি। এটা কি ঠিক ?

Shri Nihar Kumar Basu : It is not a fact.

মুর্শিদাবাদ শহরে 'ওয়াসিফ মঞ্জিল' অধিগ্রহণ

*৬৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২১৪।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** বিচার বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ শহরে অবস্থিত নবাব বাহাদুরদের বাড়ী 'ওয়াসিফ মঞ্জিল' সরকার অধিগ্রহণ করিয়াছিলেন ;

(খ) সত্য হইলে, উহা কি কারণে অধিগ্রহণ করা হইয়াছিল ; এবং

(গ) উক্ত প্রাসাদটি পুনরায় মালিকদের ফেরত দেওয়া হইয়াছে কিনা ?

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহঃ (ক) হাঁ, ইহা সত্য।
১৯৬৩ সালের মুর্শিদাবাদ এষ্টেট (ট্রাষ্ট) এ্যাক্ট অনুযায়ী মুর্শিদাবাদের নবাবের যাবতীয় সম্পত্তি সরকারী অছির উপর বর্তায় এবং সরকারী অছির নিকট হইতে এই প্রাসাদটি ১৯৭৮ সালের নভেম্বর মাসে অধিগ্রহণ করা হয়।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন বিভাগের জন্য পর্যটন কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে অধিগ্রহণ করা হইয়াছিল।

(গ) অধিগ্রহণ মুক্ত করিয়া প্রাসাদটি পুনরায় সরকারী অছির হাতে ১৯৮১ সালের আগষ্ট মাসে ফেরৎ দেওয়া হইয়াছে। মালিকদের ফেরৎ দেওয়ার প্রশ্ন উঠে না।

[1.30—1.40 P. M.]

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ আপনি কি আবার চিন্তা করবেন এটাকে চালু করার ?

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ : সরকার সেইভাবে চিন্তা করছেন না। অন্য কোন ব্যবসায়ী প্রতিষ্ঠান ঐ ব্যাপারে কাজে লাগাতে পারেন কিনা তার জন্য আমরা অনেককে বলবার চেষ্টা করেছি। যাঁরা ট্যুরিষ্ট-এর কাজে লিপ্ত আছেন তাঁরা যদি কেউ নেন তাঁদের হাতে অর্পণ করলে আমাদের কাজের সুবিধা হবে।

শ্রীসুনীতি চট্টরাজঃ মুর্শিদাবাদ জেলার প্রাক্তন রাজা বর্তমানে সি. পি. এম.-এর এম. এ. এল. বীরেন রায়-এর বাড়ীটি অধিগ্রহণ করে সরকারী হাসপাতাল করার পরিকল্পনা আছে কিনা ?

মি: স্পীকারঃ এ প্রশ্ন ওঠে না।

শ্রীহাজারী বিশ্বাস : অছি গ্রহণ করেছেন তার মধ্যে সদস্য কারা কারা আছেন ?

শ্রীসৈয়দ মনসুর হবিবুল্লাহঃ অছি পরিষদ নয়, সরকারী অছি—অফিসিয়াল ট্রাষ্টি।

শ্রীজয়ন্ত বিশ্বাস : আপনি বললেন কোন ব্যবসায়ী প্রতিষ্ঠানকে দেবার কথা অছি পরিষদ বিবেচনা করবেন। নবাব প্যালেস বা ওয়াসিফ মঞ্জিল যে বিশাল বাড়িটি প্রায় নষ্ট হয়ে যাচ্ছে। সেই কারণে মুর্শিদাবাদ জেলায় কোন বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব অছি পরিষদ-এর মারফৎ রাখবেন কি ?

শ্রীসৈয়দ মনসুর হবিবুল্লাহ : সেটা রাখতে হলে আপনারা শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে রাখবেন।

মফঃস্বল শহরগুলিতে আবাসন সমস্যা

*৬৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২১।) **শ্রীসুভাষ গোস্বামী :** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মফঃস্বল শহরগুলিতে আবাসন সমস্যার সমাধানে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

শ্রীযতীন চক্রবর্তী : মফঃস্বল শহরগুলিতে আবাসন সমস্যার সমাধানকল্পে বিভিন্ন গৃহনির্মাণ পরিকল্পনায় বহু আবাসন প্রকল্প ইতিমধ্যে রূপায়িত হইয়াছে। এই সম্পর্কে একটি তালিকা পেশ করা হইল :

ক্রমিক সংখ্যা	শহর	প্রকল্পের নাম	ফ্ল্যাটের সংখ্যা
১।	সোদপুর	১। সরকারী কর্মচারীদের জন্য	—
		২। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	৩৬
		৩। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	৪৪০
			৪৭৬
২।	দুর্গাপুর	১। সরকারী কর্মচারীদের জন্য	৬৮৬
		২। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	১০৮
		৩। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	২৪৬
			১০৪০
৩।	পশ্চিম বরিষা ২৪ পরগনা	১। সরকারী কর্মচারীদের জন্য	৫০৪
		২। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			৫০৪
৪।	কল্যাণী	১। সরকারী কর্মচারীদের জন্য	১০০
		২। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৪। আর্থিক ভাবে দুর্বলতর শ্রেণীর লোকের জন্য	১৯২
			২৯২

ক্রমিক সংখ্যা	শহর	প্রকল্পের নাম	ফ্ল্যাটের সংখ্যা
৫।	কৃষ্ণনগর	১। সরকারী কর্মচারীদের জন্য	৮৮
		২। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			৮৮
৬।	শিলিগুড়ি	১। সরকারী কর্মচারীদের জন্য	২২৮
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	২০
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	২৪
		৪। আর্থিকভাবে দুর্বলতর শ্রেণীর লোকের জন্য	৩৬
			৩০৮
৭।	কার্শিয়াং	১। সরকারী কর্মচারীদের জন্য	২৪
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			২৪
৮।	দার্জিলিং	১। সরকারী কর্মচারীদের জন্য	২৫২
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			২৫২
৯।	মালদা	১। সরকারী কর্মচারীদের জন্য	২৭৬
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			২৭৬

ক্রমিক সংখ্যা	শহর	প্রকল্পের নাম	ফ্ল্যাটের নাম
১০।	বহরমপুর	১। সরকারী কর্মচারীদের জন্য	১৫৭
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			১৫৭
১১।	রায়গঞ্জ	১। সরকারী কর্মচারীদের জন্য	২৭
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			২৭
১২।	বালুরঘাট	১। সরকারী কর্মচারীদের জন্য	৮৮
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			৮৮
১৩।	কর্ণঝোরা	১। সরকারী কর্মচারীদের জন্য	৫০৭
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			৫০৭
১৪।	জলপাইগুড়ি	১। সরকারী কর্মচারীদের জন্য	২৬০
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			২৬০

ক্রমিক সংখ্যা	শহর	প্রকল্পের নাম	ফ্ল্যাটের সংখ্যা
১৫।	কুচবিহার	১। সরকারী কর্মচারীদের জন্য	৪৮
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			৪৮
১৬।	আলিপুরদুয়ার	১। সরকারী কর্মচারীদের জন্য	৪
		২। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			৪
১৭।	মেদিনীপুর	১। সরকারী কর্মচারীদের জন্য	৩০২
		২। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			৩০২
১৮।	মাহেশ	১। সরকারী কর্মচারীদের জন্য	৩৬
		২। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			৩৬
১৯।	হুগলী	১। সরকারী কর্মচারীদের জন্য	১৫২
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			১৫২

ক্রমিক সংখ্যা	শহর	প্রকল্পের নাম	ফ্ল্যাটের সংখ্যা
২০।	আসানসোল	১। সরকারী কর্মচারীদের জন্য	২০৪
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			২০৪
২১।	বর্ধমান	১। সরকারী কর্মচারীদের জন্য	৪৪৮
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	১৩৮
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			৫৮৬
২২।	পুরুলিয়া	১। সরকারী কর্মচারীদের জন্য	১০৫
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			১০৫
২৩।	বাঁকুড়া	১। সরকারী কর্মচারীদের জন্য	১১০
		২। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			১১০
২৪।	সিউড়ি	১। সরকারী কর্মচারীদের জন্য	১৯২
		২। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
		৩। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			১৯২

ক্রমিক সংখ্যা	শহর	প্রকল্পের নাম	ফ্ল্যাটের সংখ্যা
২৫।	ও. ডি. আর. সি. বেহালা	১। সরকারী কর্মচারীদের জন্য	২১৬
		২। নিম্নবিত্ত শ্রেণীর লোকের জন্য	২১৬
		৩। মধ্যবিত্ত শ্রেণীর লোকের জন্য	—
			৪৩২

শ্রীসুভাষ গোস্বামী: কলকাতা শহরে বাড়ী তৈরী করে মালিকানা যেমন সহজ কিস্তিতে হস্তান্তরিত করা হচ্ছে সেই রকম জেলা বা মহকুমা শহরে অনুরূপ পরিকল্পনা আছে কিনা ?

শ্রীযতীন চক্রবর্তী: হ্যাঁ, আছে। জমি যেমন পাচ্ছি তেমন ভাবে সেখানে হায়ার পারচেজ সিষ্টেমে বাড়ী তৈরী করে মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত লোকদের মধ্যে বিক্রী করি।

শ্রীকাশীনাথ মিশ্র: হায়ার পারচেজ পদ্ধতিতে বাঁকুড়া জেলায় ইতিমধ্যে কতটা পরিমাণ জায়গা সংগ্রহ করতে পেরেছেন ?

শ্রীযতীন চক্রবর্তী: বাঁকুড়ায় যে জমি পেয়েছিলাম তাতে সেখানে হায়ার সিষ্টেমে কিছু করি নি। সেখানে যেটা করেছি সেটা কর্মচারীদের জন্য এবং সেখানে যে কমিটি আছে সেই কমিটি সেগুলি কণ্ট্রোল করবে।

শ্রীসরল দেব: মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই মর্মে ভারত সরকারের প্রশাসন দপ্তর থেকে আবাসন নির্মাণের কোন প্রস্তাব পেয়েছেন কিনা ?

শ্রীযতীন চক্রবর্তী: না।

শ্রীসুনীতি চট্টরাজ: বীরভূম জেলায় এই রকম কয়টি পরিকল্পনা শেষ করেছেন, এবং কয়টি পরিকল্পনা হাতে আছে ?

শ্রীযতীন চক্রবর্তী: এখনও পর্যন্ত বীরভূমের সিউড়িতে সরকারী কর্মচারীদের জন্য ১৯২টি ফ্লাট তৈরী করেছি এবং আমি সমস্ত জেলা সমাহর্তাদের বলেছি যে,

আপনারা যদি কিছু সস্তা দরে জমি দিতে পারেন তাহলে সেই জায়গায় আমরা মধ্যবিত্ত এবং নিম্নবিত্তদের জন্য বাড়ী তৈরী করার পরিকল্পনা গ্রহণ করতে পারি।

*৬৯৮। স্থগিত।

বর্ধমান জেলায় হোমগার্ড

*৬৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৫২।) **শ্রীবামাপদ মুখার্জী:** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বর্ধমান জেলার হোমগার্ডের সংখ্যা কত;

(খ) তন্মধ্যে কতজন (১) পুরুষ, ও (২) মহিলা; এবং

(গ) এই পদে (১) তালিকাভুক্তি ও (২) কর্মে বিনিয়োগ করার পদ্ধতি কিরূপ?

শ্রীরাম চ্যাটার্জী: (ক) ১০৭০ জন।

(খ) (১) ৯৯৩ জন পুরুষ,

(২) ৭৭ জন মহিলা।

(গ) (১) পশ্চিমবঙ্গ হোমগার্ড আইন অনুসারে পশ্চিমবঙ্গের জেলাসমূহের এস. পি.-গণ ও কলকাতার পুলিশ কমিশনার কর্তৃক উপযুক্ত প্রার্থীদিগকে প্রয়োজন হিসাবে হোমগার্ডে তালিকাভুক্তি করা হয়।

(২) হোমগার্ডের ডিষ্ট্রিক্ট কম্যাণ্ডান্টের সঙ্গে পরামর্শ করে জেলার পুলিশ সুপারগণ এবং কলকাতায় পুলিশ কমিশনার হোমগার্ডদের সেবা কাজে লাগান।

শ্রীআবদুল মান্নান: আপনি বলছেন যে, কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে এই সব চাকুরি দেবেন, কিন্তু অনেক প্রমাণ আছে যে, আপনার রেকমেণ্ডেশন অনুযায়ী বা আপনি ধরে নিয়ে বসিয়ে দিয়েছেন এটা কি ঠিক?

শ্রীরাম চ্যাটার্জি: ডিপার্টমেন্টের প্রয়োজনমত লোক নেওয়া হয় এবং সেটা নিয়মমাফিকই নেওয়া হয়। এটা আপনার জানা উচিত। আমি ডিপার্টমেন্টের

অথরিটি, আমার তো রেকমেণ্ডেশন চাইই। মাননীয় সদস্য বোধহয় নিশ্চয় এটা জানেন।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস: মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তিনি দয়া করে জানাবেন কি যে আপনি গতকাল যে বিবৃতি দিয়েছেন এই সব হোমগার্ডদের স্থায়ীকরণ করার ব্যাপারে সে সম্বন্ধে আপনি কিছু বলবেন কি ?

শ্রীরাম চ্যাটার্জি: মাননীয় সদস্য যেহেতু বামফ্রন্টের এম. এল. এ.। তিনি নিশ্চয় জানেন যে, এই সরকার স্থায়ী সরকার এবং আমরা চাই যে মানুষ স্থায়ীভাবে বসবাস করুন, স্থায়ীভাবে চাকুরি করুক। বর্তমানে যে ব্যবস্থা আছে, তাতে যেহেতু পশ্চিমবাংলা সম্পূর্ণ বর্ডার এলাকা, সেই হেতু হোমগার্ডদের জন্য সেন্ট পারসেন্ট টাকা দিতে ওঁরা রাজী হয়েছেন। তাই আমরা সারা বছরই সমস্ত হোমগার্ডদের কাজ দিতে পারবো এবং তার চেষ্টাও আমরা করছি।

শ্রীঅশোক ঘোষ: আমি মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাইছি জ্যোতিবাবুর মন্ত্রিসভা স্থায়ী করার জন্যই কি এদের নিয়োগ করছেন? এদের নিয়েই কি ফ্রন্ট সরকার স্থায়ী হবে ?

মিঃ স্পীকার: এই রকম প্রশ্ন হয় না।

Arrears of revenue from bulk consumers of WBSEB

*700. (Admitted question No. *458). **Shri Abdur Rauf Ansari** : Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether it is a fact that West Bengal State Electricity Board has large arrears of revenue to be realised from bulk consumers for power supplied to them by the WBSEB ; and

(b) if so,

(i) what was the outstanding revenue arrears of WBSEB as on 31st December, 1983 ;

(ii) who are the main bulk consumers who have defaulted in paying the charges to WBSEB ; and

(iii) the steps taken and/or contemplated by the Board for realisation of its dues from the bulk consumers ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: (a) হ্যাঁ।

(i) ৫,৪৯,৬৩,৪৩৬.০০ টাকা

(ii) ১। বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী

২। কল্যাণী স্পিনিং মিলস লিঃ, কল্যাণী

৩। কল্যাণী স্পিনিং মিলস লিঃ, হাবড়া

৪। আগরওয়ালা স্টিল কমপ্লেকস্ লিঃ

৫। অন্ধ্র স্টিল কর্পোরেশন লিঃ

৬। ইণ্ডিয়া পেপার পালপ কোঃ লিঃ

৭। হোপ ইণ্ডিয়া লিঃ

৮। ওরিয়েন্ট স্টিল এণ্ড ইণ্ড্রাস্ট্রিজ লিঃ

৯। সিদ্ধার্থ ফেরো এ্যালয়স লিঃ

১০। সোমানী ফেরো এ্যালয়স লিঃ

১১। ন্যাশনাল আইরন এণ্ড স্টিল কোঃ লিঃ

১২। সুপ্রিম পেপার মিলস্ লিঃ

১৩। কোল ইণ্ডিয়া লিঃ ইত্যাদি।

(iii) প্রাক্তন লাইসেন্স গ্রহীতা ব্যতীত অন্যান্য বাল্ক কনজিউমারদের বকেয়া পাওনা অধিকাংশ ক্ষেত্রেই কোর্টে মামলা থাকার জন্য আদায় করা যাইতেছে না। মামলাগুলির ফয়সালা ত্বরান্বিত করার ব্যবস্থা লওয়া হইতেছে। প্রাক্তন লাইসেন্স গ্রহীতাদের ক্ষেত্রে বকেয়া পাওনা দেয় ক্ষতিপূরণ হইতে কাটিয়া লওয়া হইবে। হাসপাতাল হইতে বকেয়া পাওনা আদায়ের জন্য সরকারের সেই বিভাগের প্রশাসনিক দপ্তরের সাহায্য চাওয়া হইয়াছে।

সহজবোধ্য বাংলা ভাষায় আইন বই প্রকাশন

*৭০১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২১)। **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ব্যাখ্যাসহ সহজবোধ্য বাংলা ভাষায় আইন বইসমূহ প্রকাশনের বিষয়ে কোন পরিকল্পনা সরকারের আছে কি?

[1.40—1.50 P.M.]

শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লা: বর্তমানে এই রাজ্যে আমরা কিছু কিছু

কেন্দ্রের আইন বাংলা ভাষায় অনুবাদ করছি। এগুলি যথাযথভাবে বই আকারে প্রকাশের জন্য যতশীঘ্র সম্ভব ব্যবস্থা লওয়া হইবে। ব্যাখ্যাসহ বাংলা ভাষায় আইন বই প্রকাশের কোন পরিকল্পনা আমাদের নেই। ইহা ব্যক্তিগতভাবে কেউ প্রকাশ করতে পারেন, সরকারীভাবে ব্যাখ্যা অর্থাৎ ইন্টারপ্রিটেশনসহ কোনও আইন বই প্রকাশ করা হয় না।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস: এই যে অনুবাদ করার ব্যবস্থা নিয়েছেন, এটা কতদিন নাগাদ প্রকাশিত হবে?

শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লা: কতদিন নাগাদ অনুবাদ হয়ে যাচ্ছে, এই রকম কোন টাইম নেই। আপনি পার্টিকুলার বই বললে বলতে পারি। সাধারণতঃ একটা সিডিউল ধরে এটা করা হচ্ছে। আবার এই সব আইনের বই ছাপারও অনেক অসুবিধা আছে। যে-কোন প্রেসকে দিয়ে এগুলি ছাপা যায় না। এর জন্য দক্ষ প্রেস চাই। তা নাহলে অনেক ভুলত্রুটি থেকে যাবে। তবে আমরা চেষ্টা করছি এই কাজকে ত্বরান্বিত করার জন্য।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস: আপনি কিছু কিছু আইনের বই বাংলায় অনুবাদ করছেন এবং তাতে অসুবিধা হবে। কিন্তু ফৌজদারী কোর্টে জজ যে-সব রায় দেন সেগুলি যাতে বাংলায় দেওয়া হয় তার ব্যবস্থা করবেন কি?

শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লা: ফৌজদারী আইনগুলি কেন্দ্রীয় আইন, এগুলি প্রায়রিটি দিয়ে ছাপাবার ব্যবস্থা করা হচ্ছে। ক্রিমিন্যাল procedure code, penal code and evidence code এগুলি সাধারণ মানুষের কিছু কিছু অপরাধজনিত ব্যাপার। এসেনসিয়াল কমোডিটিজ এ্যাক্ট—এগুলি আগে প্রায়রিটি দেওয়া হয়েছে।

রাণাঘাট-আড়ংঘাটা পাকা রাস্তা

*৭০২। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩০)। **শ্রীসতীশচন্দ্র বিশ্বাস:** পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাণাঘাট থেকে আড়ংঘাটা পর্যন্ত পাকা রাস্তা নির্মাণের পরিকল্পনা কোন্ সালে মঞ্জুর করা হয়েছিল;

(খ) উক্ত রাস্তা নির্মাণের কাজ বর্তমানে কি পর্যায়ে আছে; এবং

(গ) কবে নাগাদ উক্ত কাজ সমাপ্ত হবে বলে আশা করা যায়?

শ্রীযতীন চক্রবর্তী: (ক) রাস্তার প্রকল্পটি প্রশাসনিক দিক থেকে এখনও মঞ্জুরীকৃত হয় নি।

(খ) বিভাগীয় বাজেট বরাদ্দ থাকায় শতকরা প্রায় ৪৬ ভাগ কাজ হয়েছে। বর্তমানে কাজ বন্ধ আছে। জমি অধিগ্রহণ সংক্রান্ত সমস্যা মিটলে কাজ এগোবে।

(গ) আপাততঃ বলা সম্ভব নয়।

শ্রীসতীশ চন্দ্র বিশ্বাস: বিভাগীয় মঞ্জুরীটা বুঝতে পারলাম না—বাজেট বরাদ্দ আছে এবং ৬৬ ভাগ কাজ হয়েছে······

শ্রীযতীন চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা অদ্ভুত ঘটনা চলছে পূর্ত দপ্তরে, শুধু আজকেই নয়, এটা দীর্ঘদিন ধরে চলে আসছে, সেই কংগ্রেসের সময় থেকে। এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাপ্রুভ্যাল, সেই মঞ্জুরী আমরা পেলাম না, অথচ মন্ত্রী, তিনি ইঞ্জিনীয়ারদের ডেকে বলে দিতেন—তখন প্রত্যেক জেলার এম. এল. এ.-রা এসে যখন ধরতেন রাস্তার জন্য, রাস্তা তৈরী শুরু হয়ে যেত। ইঞ্জিনীয়ারদের সেইভাবে টাকা বরাদ্দ করে দেওয়া হতো, অথচ এই এ্যাড-মিনিস্ট্রেটিভ এ্যাপ্রুভাল দেওয়ার কথা ফাইনান্স ডিপার্টমেন্ট থেকে। সেই রেওয়াজ এখনও চলে আসছে। যেমন আপনাদের ক্ষেত্রে দেখুন, ৯.৫০ কিলোমিটার হলো এই রাস্তা, আমরা খরচ যেটা ঠিক করেছি, যেটা খরচ হতে পারে ২৬ লক্ষ ২৭ হাজার টাকা। আমরা ইতিমধ্যে ১২ লক্ষ ৬৬ হাজার ৩৯১ টাকা খরচ করেছি, অনেকখানি কাজ এগিয়ে গেছে, প্রায় ৪৬ শতাংশ কাজ এগিয়ে গেছে। পীচ দেবার কাজ ৩.২৫ কিলোমিটার করেছি, ঝামা, মেটাল স্টেজে আছে ২.৬০ কিলোমিটার এবং মাটির কাজ আমরা করেছি ১.৯০ কিলোমিটার। মোট ৭.৭৫ কিলোমিটার কাজ আমরা করেছি এবং এখনও পর্যন্ত ১.৯৫ কিলোমিটারের কাজ বাকি আছে। অথচ আমি আগেই আপনাদের বলেছি, আমরা অর্থ দপ্তরের কাছে বারবার বলছি যে, কাজ আমরা প্রায় শেষ করেছি, ওখানে ৪৬ শতাংশ কাজ করেছি। এমন অনেক রাস্তা আছে যেখানে ৭৫ শতাংশ বা ৮০ শতাংশ আমরা কাজ শেষ করে দিয়েছি—এই রকম প্রায় আমি বলেছি, আমরা দপ্তরকে যে এটা মন্ত্রী পর্যায়ে যদি এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ না করা হয় তাহলে সমস্ত কাজ বন্ধ থেকে যাচ্ছে। বাজেটে আমরা টাকা বরাদ্দ করতে বাধ্য হচ্ছি, কারণ যখন আমরা একটা কাজ ৫০ শতাংশ শুরু করেছি এবং কাজ হয়েছে, তখন আমাকে সেই কাজটা শেষ করতেই হবে।

সেইজন্য আমরা বাজেটে অর্থ বরাদ্দ রাখি। কিন্তু অর্থ দপ্তরের কাছ থেকে—এই যে একটা অদ্ভুত ব্যাপার, এটা তারা কিছুতেই রাজি হচ্ছেন না। যাইহোক আমরা সেই লিস্ট তৈরী করেছি এবং সেই লিস্ট তৈরী করে আমরা এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাপ্রুভ্যাল করিয়ে নেব।

শ্রীসতীশচন্দ্র বিশ্বাস: মন্ত্রী মহাশয়কে অশেষ ধন্যবাদ, তিনি দীর্ঘ উত্তর দিয়েছেন, অদ্ভুত পরিস্থিতির মধ্যে পড়েও তিনি কাজ করেছেন। তাঁর কাছে আমার আবেদন, আপনি জানেন কি রাণাঘাট থেকে গেদে পর্যন্ত, এই ভগ্নদশাপ্রাপ্ত, নিত্য বিপর্যস্ত শীর্ণকায় রেল যোগাযোগ ছাড়া প্রায় ৫০ কিলোমিটার এলাকার লক্ষ লক্ষ মানুষের জন্য কলকাতার সঙ্গে যোগাযোগের জন্য বিকল্প কোন রাস্তা নেই, এই ক্ষেত্রে রাণাঘাট থেকে ২৪নং জাতীয় সড়কের সঙ্গে সংযোগের স্বার্থে আড়ংঘাটা, বগুলা, মাঝদিয়া, বার্নপুর, গেদে পর্যন্ত এই গুরুত্বপূর্ণ রাস্তাটি করার কোন পরিকল্পনা আছে কি ?

শ্রীযতীন চক্রবর্তী: এখন পর্যন্ত কোন পরিকল্পনা নেই। আমার যে আর্থিক সঙ্গতি আছে আপনি বিধায়ক হিসাবে ঐ এলাকার যদি আমার কাছে লিখে পাঠান, নিশ্চয় গুরুত্ব সহকারে আমি সেটা বিবেচনা করে দেখব।

শ্রীননী কর: মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, অর্থ বিভাগ থেকে টাকা পাচ্ছেন না বলে কাজ করতে পারছেন না এবং উনি বললেন, অর্থ বিভাগের কাছে উনি লিস্ট নিয়ে যাবেন। আমি জানতে চাই এইরকম যখন আর্থিক সঙ্কট তাহলে এতদিন অর্থ বিভাগের সঙ্গে মন্ত্রী মহাশয়ের আলোচনা করতে বাধা কোথায় ছিল ?

[1.50—2.00 P.M.]

শ্রীযতীন চক্রবর্তী: আপনি কিছুই বুঝলেন না। কথাটা হল, একটা হল প্রশাসনিক মঞ্জুরী, সেই মঞ্জুরী না পেলে—আগে যখন নির্দেশ বেরিয়েছে সেই কাজ চলে আসছে এবং সেই অনুসারে আমরা বাজেটে বরাদ্দ রাখছি কিছু কিছু যে রাস্তার কাজ হচ্ছে... ..

কিন্তু সরকারীভাবে ব্যয় বরাদ্দের মঞ্জুরী, এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাপ্রুভ্যাল

একটা দরকার হয়, সেই এ্যাপ্রুভ্যাল আসছে না। সেইজন্য বহু রাস্তার একটা দীর্ঘ তালিকা নিয়ে অর্থমন্ত্রীর সঙ্গে বসে ঠিক করা হবে কিম্বা অফিসার পর্যায়ে সম্ভব হলে ঠিক করা হবে। এতদিন পর্যন্ত বহু লেখালেখি হয়েছে। তাই আমরা সিদ্ধান্ত নিয়েছি সমস্ত লিস্ট নিয়ে মন্ত্রী পর্যায়ে বৈঠক করে শীঘ্রই ফয়সালা করব। এর জন্য কিন্তু কোন কাজ বন্ধ হচ্ছে না।

শ্রীআবদুল মান্নান : মাননীয় সদস্য সতীশ বিশ্বাসের প্রশ্নের উত্তরে বললেন, স্থানীয় বিধায়ক হিসাবে উনি কেস পাঠালে সেটা গুরুত্ব সহকারে বিচার-বিবেচনা করবেন। এই প্রসঙ্গে আমার প্রশ্ন হচ্ছে এখানে কি বিধায়কদের মধ্যে বৈষম্য আছে ? আমরা বহু কেস পাঠিয়েছি, মেনশান দিয়েছি, চিঠি দিয়েছি, দেখা করেছি, কিন্তু কোন ক্ষেত্রেই কিছু ফল হয় নি। এই ক্ষেত্রে কি বৈষম্য করা হচ্ছে না ?

শ্রীযতীন চক্রবর্তী : এর উত্তর কিছু হয় না। আপনি আমার কাছে বহুবার লিখেছেন, আমি সঙ্গে সঙ্গে জবাব দিয়েছি। আবার দেখা করেছেন তখনও জবাব দিয়েছি। আমি যখন জয়রামবাটি যাচ্ছিলাম, আপনি চায়ের দোকানে পাকড়াও করেছিলেন, তখনও জবাব দিয়েছি। আমার যেটুকু ক্ষমতা আছে আমি করছি।

চব্বিশ পরগনা জেলায় এ. আর সি. এস. অফিস স্থানান্তর

*৭০৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৬২)। **শ্রীসরল দেব :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতায় বহুবাজারে অবস্থিত উত্তর চব্বিশ পরগনার এ. আর. সি. এস. অফিসটি বারাসতে স্থানান্তরিত করার এক সরকারি সিদ্ধান্ত হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে,

(১) কোন্ তারিখে এই সিদ্ধান্ত গৃহীত হইয়াছে ; এবং

(২) বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে ?

শ্রীনীহার কুমার বসু : (ক) হ্যাঁ, নীতিগতভাবে উক্ত অফিসটি কলকাতার বহুবাজার হইতে বারাসত শহরে স্থানান্তরিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) (১) ১৯৮০ সালের মার্চ মাসে।

(২) বারাসতে সরকারী ভবনে উক্ত রেঞ্জ অফিসের জন্য কোনও জায়গা পাওয়া

যায় নেই এবং বে-সরকারী কোনও বাড়ী সুবিধাজনক ভাড়ায় এখনও পাওয়া যায় নেই, সেই কারণে উক্ত সিদ্ধান্ত এখনও কার্যকরী করা সম্ভব হয় নেই।

শ্রীসরল দেব: ওখানে কি বাড়ীর ব্যাপার আছে, নাকি কিছু কর্মচারীর স্বার্থে এটা হচ্ছে না? বিগত মন্ত্রিসভা ১৯৮২ সালে এই ধরনের একটি সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন, কিন্তু স্থানান্তরিত হচ্ছে না। এর জন্য উত্তর ২৪ পরগনার লক্ষ লক্ষ মানুষ অসুবিধা ভোগ করছেন। বাড়ী যদি সমস্যা হয়ে থাকে তাহলে এই বাড়ী জোগাড় করে দিলে অবিলম্বে অফিস স্থানান্তরিত হবে কিনা, মন্ত্রী মহাশয় জানাবেন?

শ্রীনীহার কুমার বসু: মাননীয় সদস্য যদি বাড়ী ভাড়ার প্রস্তাব সরকারের কাছে দেন তাহলে সরকার নিশ্চয় বিবেচনা করবেন।

শ্রীসরল দেব: বিগত মন্ত্রিসভায় যিনি এই দপ্তরের মন্ত্রী ছিলেন আমরা তার কাছে বাড়ী জোগাড় করে দিয়েছিলাম। কিন্তু আমি শুনেছি কয়েকজন কর্মচারী তাঁরা এই সিদ্ধান্ত কার্যকরী করতে চাচ্ছেন না, এই বিষয়ে আপনি কি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন? আর আমরা বাড়ী জোগাড় করে দিলে ঐ এলাকার লক্ষ লক্ষ জনতার স্বার্থে এই কাজ ত্বরান্বিত করবেন কি?

শ্রীনীহার কুমার বসু: মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, ২৪ পরগনার রেঞ্জ অফিস বারাসাতে করার সরকারী সিদ্ধান্ত নেওয়া হয়। কারণ এর সাথে যে ৪টি মহকুমা যুক্ত তার মধ্যে ৩টি মহকুমায় যাতায়াতের সবচেয়ে সুবিধা-জনক অবস্থায় আছে বারাসাত। ওখানে বেসরকারীভাবে বাড়ী ভাড়া পাওয়ার ব্যাপারে আমরা খুব অসুবিধাবোধ করছি। আমি আপনাকে আগেই বলেছি আপনি যদি কোন বেসরকারী বাড়ী ভাড়ার প্রস্তাব সরকারের কাছে আনেন তাহলে আমরা নিশ্চয় বিবেচনা করে দেখব।

শ্রীননী কর: মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যদি কোন প্রস্তাব দেওয়া হয় তাহলে উনি বিবেচনা করবেন। কিন্তু আমার জিজ্ঞাসা হচ্ছে এই, ইতিপূর্বে তাঁর বিভাগে যে প্রস্তাব দেওয়া হয়েছিল সেই প্রস্তাব যদি গৃহীত হয়ে না থাকে তাহলে কেন গৃহীত হল না এবং যেটা জেলা সদর অফিস হবে বলে ঠিক হয়ে আছে সেটা

কেন হচ্ছে না এবং প্রস্তাব দেবার পরেও সেটা কার্যকরী কেন হচ্ছে কেন না, এটা বলবেন ?

শ্রীনীহার কুমার বসু : কে. এন. সি. রোডের একটি বাড়ীর প্রস্তাব সরকারের কাছে ছিল এবং এ্যাডিশন্যাল ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট সেখানে ভাড়া ঠিক করেছিলেন ১ হাজার ৫৩৪ টাকা। কিন্তু এখন বউবাজারে অফিস যেখানে আছে তার ভাড়া হচ্ছে ১ হাজার ৮০ টাকা। এইসব কারণেই বোধহয় এটা হয় নি। আমি আবার বলছি, নতুন বাড়ীর প্রস্তাব থাকলে দেবেন, আমি বিবেচনা করে দেখব।

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কর্মচারীরা যেতে চায় না বলে হচ্ছে না—এটা কি সত্য ?

শ্রীনীহার কুমার বসু : এটা ঠিক নয়।

*704 **Held Over.**

Term Loan for Gas Turbine Project

*705. (Admitted question No. *497). **Shri Satya Ranjan Bapuli** : Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) if it is a fact that West Bengal State Electricity Board has obtained Term Loan from the Consortium Banks for Gas Turbine Project, and

(b) if so,

(i) the amount taken as loan by WBSEB and the amount of actual expenditure on purchase of gas turbines,

(ii) the rate at which interest is being paid by WBSEB for the said loan, and

(iii) the amount repaid so far and the outstanding loan liability as on 31st December 1983 ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : (ক) হ্যাঁ।

(খ) (১) মোট ঋণের পরিমাণ হল ১৮১৬.০০ লক্ষ টাকা (১৮ কোটি ১৬ লক্ষ টাকা)।

গ্যাস টারবাইন কেনার জন্য মোট খরচের পরিমাণ হল টাকা ২০,৭২,৮১,৪৬৬.০১ পয়সা (২০ কোটি ৭২ লক্ষ ৮১ হাজার ৪৬৬ টাকা ০১ পয়সা)।

(২) রিজার্ভ ব্যাঙ্কের নিয়মানুসারে শতকরা ১২.৫ টাকা সুদ দিতে হয়। ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক প্রচলিত সুদ দাবী করেনি। তাহাদের ক্ষেত্রে শতকরা ১১ টাকা সুদ দেওয়া হচ্ছে।

(৩) এখন পর্যন্ত ৪৫৪ লক্ষ টাকা পরিশোধ হয়েছে। ৩১শে ডিসেম্বর ১৯৮৩ তারিখে ১৫ কোটি ৮৯ লক্ষ টাকা ঋণ পরিশোধ করতে বাকী আছে।

শ্রীসত্যরঞ্জন বাপুলী: মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১৫ কোটি ৮৯ লক্ষ টাকা ঋণ পরিশোধ করতে বাকি আছে। তিনি কি জানাবেন, এই ঋণ শোধ করতে আর কতদিন সময় লাগবে?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: সেটা এখনই বলা সম্ভব নয়। এই ঋণ শোধ করার একটা পদ্ধতি আছে, নির্দিষ্ট সময় আছে। নোটিশ দিলে জানাতে পারবো।

শ্রীসত্যরঞ্জন বাপুলী: আপনি আপনার উত্তর বলেছেন যে, এত টাকা বাকি আছে। এর জন্য নোটিশ দিতে হবে কেন? যখন বলছেন এত টাকা বাকি আছে তখন নিশ্চয় আপনার জানা আছে যে এই ঋণের টার্মস এ্যাণ্ড কণ্ডিশান কি এবং কতদিনের মধ্যে শোধ করতে হবে। আপনি বোধহয় খুলেও দেখেন নি। বিকজ ইউ নো দি টার্মস এ্যাণ্ড কণ্ডিশান, সেইহেতু আপনার জানা উচিত যে কতদিনে শোধ দিতে হবে।

মিঃ স্পীকার: এটা হয় না, এর জন্য আপনাকে নোটিশ দিতে হবে।

শ্রীসত্যরঞ্জন বাপুলী: স্যার, আপনি বোধহয় আনমাইণ্ডফুল ছিলেন। মন্ত্রী মহাশয় জবাব দিয়েছেন যে, এত টাকা বাকি আছে। সেখানে যে টার্মস এ্যাণ্ড কণ্ডিশান আছে সেটা তো মন্ত্রী মহাশয়ের জানার কথা, তাহলে নোটিশ দিতে হবে কেন? আমি জানতে চাই, কতদিনের মধ্যে এটা শোধ করতে হবে?

মিঃ স্পীকার: উনি না বলতে পারলে আমি কি করবো ? উনি বলেছেন, এর জন্য নোটিশ চাই।

Appointment of Assistant Public Prosecutors

*706. (Admitted question No. *2240). **Shri Abdul Mannan:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) what are the prescribed norms for appointments of Assistant Public Prosecutors for piloting cases in the Magistrates' Courts ; and

(b) to what extent these norms have been maintained in the recent cases of appointment of Smt. Kabita Das and Shri Ashok Dinda as Assistant Public Prosecutors in Midnapore district ?

Shri Syed Abdul Mansur Habibullah: (a) Method of recruitment of the wholetime Assistant Public Prosecutors lays down that such Assistant Public Prosecutors shall be law officers borne on the Legal Remembrancer's establishment and shall be appointed by the State Government by selection from amongst practising lawyers who should be (a) Citizens of India, (b) of good health and character and must be in all respects suitable for appointment to Government service, (c) practising lawyers having to their credit at least three years' continuous practice on the date of application and must be either Advocates or Barristers-at-law and. (d) not less than 25 years of age and not more than 40 years of age on such date as may be fixed by the State Government provided that the age limit may be relaxed by Government in the case of a really suitable candidate.

(b) The norms were duly maintained in the appointment of Shrimati Kabita Sinha Mahapatra (*nee* Das) and Shri Asoke Kumar Dinda as whole-time Assistant Public Prosecutors in the district of Midnapore.

এটা প্রেসক্রাইবড ফর্মেই আছে, যদিও এ প্রশ্ন এইভাবে আসে না, তবুও আমি বলে দিচ্ছি। যদি কেউ এ. পি. পি.'র জন্য দরখাস্ত করে তাহলে তাকে ভারতীয় নাগরিক হতে হবে, চরিত্র এবং স্বাস্থ্য ভালো থাকতে হবে, ২০ থেকে ৪০-এর মধ্যে বয়স হতে হবে, তিন বছরের কন্টিনিউয়াস প্রাকটিস থাকতে হবে। আর দ্বিতীয় প্রশ্নের উত্তর হচ্ছে, হ্যাঁ, এই নর্মস দেখে বিচার করে নিয়োগপত্র দেওয়া হয়।

শ্রীসত্যরঞ্জন বাপুলী: মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে ২ জনকে দিচ্ছেন, শ্রীমতী কবিতা সিংহ মহাপাত্র আর অশোক কুমার দিণ্ডা—এদের কি ৩ বছরের স্ট্যাণ্ডিং প্রাকটিস ছিল, আপনি কি এটা দেখেছেন ?

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ : এটা নিশ্চয়ই দেখে দেওয়া হয়েছে।

মিঃ স্পীকার : এটা কি প্রশ্নের মধ্যে ছিল ?

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে নর্মের কথা বললেন, এখানে এ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে সেই নর্মটা মেনটেন হয়েছে কিনা বলবেন কি ?

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ : The norms were duely maintained in regard to appointment of Shrimati Kabita Singha Mahapatra and Shri Ashok Kumar Dinda.

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় মন্ত্রী মহাশয়, আমার প্রশ্নটা হচ্ছে, আমি যেটা জানতে চাচ্ছি সেটা হচ্ছে, ৩ বছরের এনরোলমেন্ট আছে কিনা ?

[2.00—2.10 P.M.]

Mr. Speaker : The Minister has said that in these cases norms have been maintained. Now the question hour is over. The answers of the remaining questions will be laid on the Table.

Starred Questions

(To which answers were laid on the table)

"পশ্চিম রাইপুর" আঞ্চলিক সমবায় কৃষিজ বিপণন সমিতি লিমিটেডের সরকারী প্রতিনিধির শূন্য পদ

*৭০৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৫০৬।) **শ্রীউপেন্দ্র কিস্কু :** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার অন্তর্গত "পশ্চিম রাইপুর" আঞ্চলিক সমবায় কৃষিজ বিপণন সমিতি লিমিটেড-এর সরকারী প্রতিনিধির পদ দীর্ঘদিন যাবৎ পূরণ করা হয় নাই ; এবং

(খ) সত্য হইলে, উহার কারণ কি ?

Minister-in-charge for the Co-operation Deptt. (ক) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

বিদ্যুৎ উৎপাদন

*৭০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১৫।) **শ্রীআনিসুর রহমান:** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৭ সালে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ পূর্ববর্তী ৫ বছরের তুলনায় কত মেগাওয়াট পরিমাণ অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদন করিয়াছিল ; এবং

(খ) ১৯৭৭-৮৩ সালে রাজ্য বিদ্যুৎ পর্ষদ ১৯৭২-৭৭ সালের তুলনায় কত মেগাওয়াট অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদন করিতে সক্ষম হইয়াছে ?

Minister-in-charge for the Power Department : (ক) ১৯৭২-৭৭ সালে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ পূর্ববর্তী পাঁচ বছরের তুলনায় ৩০২৪.৬৯ মিলিয়ন কিলাওয়াট হওয়ায় পরিমাণ অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদন করিয়াছিল। উক্ত সময়ে পূর্ববর্তী পাঁচ বছরের তুলনায় বিদ্যুৎ পর্ষদের ২২১ মেঃ ওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বেড়েছে।

(খ) ১৯৭৭-৮৩ সালে রাজ্য বিদ্যুৎ পর্ষদ ১৯৭২-৭৭ সালের তুলনায় ৪৬৯০.৫৯ মিলিয়ন কিলোওয়াট হওয়ায় অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদন করতে সক্ষম হয়েছে। উক্ত সময়ে পূর্ববর্তী পাঁচ বছরের তুলনায় বিদ্যুৎ পর্ষদের ৩৫০ মেঃ ওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বেড়েছে।

*৭১০। স্থগিত

বিচারাধীন মামলা নিষ্পত্তির ব্যবস্থা

*৭১১। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৬১।) **শ্রীঅমলেন্দ্র রায়:** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, জমে থাকা মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য সম্প্রতি কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

Minister-in-charge of Judicial Department : রাজ্যের হাইকোর্টের মহামান্য বিচারকগণ জমে থাকা মামলাগুলি যথাসম্ভব দ্রুত নিষ্পত্তি করিতেছেন এবং রাজ্যের নিম্ন আদালতসমূহে জমে থাকা মামলাগুলিও যাতে যথাসম্ভব দ্রুত নিষ্পত্তি করা হয় তার জন্য হাইকোর্ট জেলা জজদের প্রায়ই প্রয়োজনীয় নির্দেশ দিয়া থাকেন। এছাড়াও সম্ভাব্য ক্ষেত্রে হাইকোর্টের সুপারিশক্রমে জমে থাকা মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য বিভিন্ন স্থানে অতিরিক্ত আদালত স্থাপন করা হয়।

কাঁথি থানায় বৈদ্যুতিকরণের অগ্রগতি

*৭১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬৬।) **শ্রীশিশির অধিকারী:** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পে কাঁথি থানার কতগুলি মৌজায় এ পর্যন্ত বৈদ্যুতিকরণ করা হয়েছে ; এবং

(খ) অবশিষ্ট মৌজাগুলিতে বৈদ্যুতিকরণের বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

Minister-in-charge of Power Department : (ক) গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পে মেদিনীপুর জেলার কাঁথি থানার অন্তর্গত ৭০টি মৌজায় এ পর্যন্ত বৈদ্যুতিকরণ করা হয়েছে।

(খ) ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই থানার আরও কিছু এলাকা বৈদ্যুতি-করণ করা হবে।

কুশমণ্ডি মহীপালদীঘিতে ট্যাঙ্গন নদীর উপর সেতু

*৭১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১৪।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম দিনাজপুর জেলার কুশমণ্ডি থানার 'কুশমণ্ডি মহীপালদীঘি'তে ট্যাঙ্গন নদীর ওপর একটি নূতন সেতু নির্মাণের কাজ শুরু হয়েছে ; এবং

(খ) (১) সত্য হলে, ঐ সেতু নির্মাণের জন্য ব্যয়বরাদ্দ কত,

(২) এ পর্যন্ত কি কি বাবদ কত টাকা খরচ করা হয়েছে, ও

(৩) উক্ত কাজের দায়িত্বভার কোন্ ঠিকাদারকে দেওয়া হয়েছে (ঠিকানা সহ) ?

Minister in-charge for Public Works Department : (ক) হ্যাঁ।

(খ) (১) মূল সেতুটি নির্মাণ করতে কমপক্ষে ৪১ লক্ষ টাকা ব্যয় হবে।

(২) সেতুর প্রয়োজনীয় উপাদান সংগ্রহ এবং আনুষঙ্গিক কাজের জন্য প্রায় ২৪ লক্ষ টাকা ব্যয় হয়ে গেছে।

(৩) মেসার্স রুবী কনস্ট্রাকশান কোম্পানী, ১৩১-ডি, নেতাজী সুভাষ রোড, কলকাতা-৪০।

দাঁতন ১নং ব্লকে ফৌজদারী অদালত স্থাপন

*৭১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৫০৯।) **শ্রীবিভূতিভূষণ দে:** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় দাঁতন ১নং ব্লকে ফৌজদারী আদালত স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা কার্যকরী করা হইবে ?

Minister-in-charge of Judicial Department : (ক) দাঁতনে ফৌজদারী আদালত স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) হাইকোর্টের সম্মতি পাইলে যথাশীঘ্র সম্ভব কার্য্যকরী করা হইবে।

মুর্শিদাবাদ এস্টেট (সম্পত্তি পরিচালন) ও বিবিধ বিধান বিধেয়ক, ১৯৮০

*৭১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৮২৫।) **শ্রীমতী ছায়া ঘোষ:** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(১) মুর্শিদাবাদ এস্টেট (সম্পত্তি পরিচালন) ও বিবিধ বিধান বিধেয়ক, ১৯৮০ কার্যকরী করার কোন সিদ্ধান্ত সরকারের আছে কিনা ; এবং

(২) থাকলে, ঐ বিষয়ে কি পদক্ষেপ নেওয়া হয়েছে।

Minister-in-charge of Judicial Department : (১) এই আইনটি কার্য্যকরী করতে সরকার আগ্রহশীল।

(২) উক্ত আইনটি কার্যকরী করার ব্যাপারে মুর্শিদাবাদ এস্টেটের অধীন সম্পত্তিগুলি থেকে প্রাপ্ত আয় এবং এ সম্পর্কে সরকারের আর্থিক দায়-দায়িত্বগুলি পর্যালোচনা করে দেখা হচ্ছে।

Thermal Power Station at Bakreswar

*718. (Admitted question No. *2274). **Shri Suniti Chattaraj** : Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) if it is a fact that the Central Electricity Authority has approved the proposal of the West Bengal Government for setting up of a 630 MW thermal power station at Bakreswar in Birbhum district ; and

(b) if so,

(i) what is the estimated investment involved in this project at current prices, and

(ii) when is the work on this project likely to be taken up by the State Government ?

Minister-in-charge of Power Department : (a) কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের অনুমোদন এখনও পাওয়া যায় নি।

(b) i) ৫৫৬ কোটি টাকা।

ii) কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ ও যোজনা পর্ষদের অনুমোদন পেলে প্রকল্পটি রাজ্যের সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার ইচ্ছা আছে।

বীরভুম জেলায় নূতন রাস্তা নির্মাণে ব্যয়

*৭১৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯৩।) **শ্রীধীরেন্দ্রনাথ সেন :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে বীরভুম জেলায় নূতন রাস্তা নির্মাণে মোট কি পরিমাণ অর্থ ব্যয় করা হইয়াছে ;

(খ) উক্ত সময়ে উক্ত জেলায় পুরাতন রাস্তা সংস্কারে ব্যয়িত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত জেলায় উক্ত সময়ে (১) পূর্ত ও (২) পূর্ত (সড়ক) বিভাগের কর্মচারীদের বেতন বাবদ কত টাকা ব্যয় করা হইয়াছে ?

Minister-in-charge of Public Works Department : (ক) প্রায় ৪৩ লক্ষ টাকা।

(খ) প্রায় ৮৩ লক্ষ টাকা।

(গ) (১) প্রায় ২৪ লক্ষ টাকা।

(২) প্রায় ২৭ লক্ষ ৫০ হাজার টাকা।

Incentive for operation of pumpsets and shallow tubewell at night

*720. (Admitted question No. *2582.) **Sk. ANWAR ALI :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether it is a fact that the West Bengal State Electricity Board has decided to allow some incentive to encourage operation of pumpsets for river lift irrigation and shallow tubewells at night ; and

(b) if so, what incentive has been offered and with what result

Minister-in-charge of Power Department : (ক) বিভিন্ন কৃষক সংগঠন ও জেলা পরিষদের সভাধিপতিদের নিকট এই মতো প্রস্তাব করা হয়েছে। তাঁহারা সাধারণভাবে সম্মতি দিয়েছেন। এটা কার্যকরী করা গেলে সরকার এবং পর্ষদ কর্তৃপক্ষ একটি ইন্‌সেনটিভ-এর কথা ভাবছেন।

(খ) এখনও সুনির্দিষ্টভাবে কোনও প্রস্তাব করা হয় নি।

বীরভূম জেলার নানুর-বাসাপাড়া রাস্তার নির্মাণকার্য

*৭২১। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯৯।) **শ্রীবনমালী দাস :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার নানুর-বাসাপাড়া রাস্তা নির্মাণের কাজ কতদূর অগ্রসর হয়েছে ;

(খ) কতদিনে এই কাজ শেষ হবে ; এবং

(গ) উক্ত রাস্তাটি নির্মাণে বিলম্বের কারণ কি ?

Minister-in-charge of Public Works Department : (ক) কাজ শতকরা প্রায় ৮০ ভাগ সম্পন্ন হয়েছে।

(খ) ১৯৮৪-৮৫ আর্থিক বছরের মধ্যে কাজটি সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

(গ) নিযুক্ত ঠিকাদারদের মধ্যে কয়েকজনের ব্যর্থতা এবং তজ্জনিত আইনানুগ ব্যবস্থা গ্রহণে প্রয়োজনীয় সময়ের অপব্যয় এবং সর্বোপরি আর্থিক অসচ্ছলতার দরুন কাজে বিলম্ব ঘটছে।

ঝাড়গ্রাম এলাকায় বৈদ্যুতিক তার চুরি

*৭২২। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৯১।) **শ্রীঅবনীভূষণ সৎপথি :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ সালে ঝাড়গ্রাম থানার বিভিন্ন এলাকায় কি পরিমাণ বৈদ্যুতিক তার চুরি হয়েছে ;

(খ) তন্মধ্যে কি পরিমাণ তার পুলিশ উদ্ধার করতে সক্ষম হয়েছে ; এবং

(গ) উক্ত ঘটনাগুলিতে কতজন অপরাধীকে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে ?

Minister-in-charge of Power Department : (ক) ১৯৮৩ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত ১৫টি চুরির ঘটনায় ১৬,৯৫০ মিটার পরিমাণ তার চুরি হয়েছে। এর আর্থিক মূল্য ৯৮,৭৪৭ টাকা।

(খ) কিছুই উদ্ধার করা যায় নি।

(গ) নয়জন অপরাধীকে গ্রেপ্তার করা হয়েছে।

ডালকোলা রেল স্টেশনের নিকট উড়ালপুল

*৭২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৫১।) **শ্রীসুরেশ সিংহ** : পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় ডালকোলা রেল স্টেশনের (এন. এফ. রেলওয়ে) নিকট উড়ালপুল নির্মাণে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত ;

(খ) তন্মধ্যে কেন্দ্রীয় সরকার কর্তৃক কত টাকা প্রদত্ত হইয়াছে ; এবং

(গ) ইহার নির্মাণকার্য কবে নাগাদ (১) শুরু ও (২) শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

Minister in-charge of Public works Department : (ক) প্রকল্পটি এখনও মঞ্জুর হয় নি।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

মুরারই-আমড়াপাড়া রাস্তা

*৭২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮০০।) **ডাঃ মোতাহার হোসেন** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে (বীরভূম জেলায়) মুরারই-আমড়াপাড়া রাস্তাটি বিশেষতঃ বর্ষাকালে যানবাহনের চলাচলের সম্পূর্ণ অনুপযোগী হয়ে পড়ে ; এবং

(খ) অবগত থাকলে, উক্ত রাস্তাটি সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

Minister-in-charge of Public works Department : (ক) ও (খ) আর্থিক সামর্থ্যানুযায়ী উল্লিখিত রাস্তাটির কিছু সংস্কারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

কলকাতা-ধামাখালি বাস রাস্তা সংস্কার

*৭২৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৫৯।) **শ্রীকুমুদরঞ্জন বিশ্বাস :** পূর্ত বিভগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার অন্তর্গত কলকাতা-ধামাখালি বাস রাস্তা সংস্কার করার প্রস্তাব কতদিন পূর্বে অনুমোদন করা হয়েছে ;

খ) ঐ রাস্তা সংস্কার করার কাজ (১) বর্তমানে কি অবস্থায় আছে ও (২) কত দিনে শেষ হবে বলে আশা করা যায় ;

(গ) ইহা কি সত্য যে, ঐ রাস্তার কিছু অংশ বাস চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে ; এবং

(ঘ) সত্য হলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করছেন ?

Minister-in-charge of Public works Department : (ক) আলাদাভাবে কোন বাসরুট সংস্কারের জন্য কোন অর্থ বিভাগীয় বাজেটে বরাদ্দ করা থাকে না। তবে রাস্তা মেরামতির জন্য যে অর্থ পাওয়া যায় তার দ্বারা যে যে রাস্তার উপর দিয়ে বাসরুট গিয়েছে তার প্রয়োজনীয় সংস্কার করা হয়।

(খ) (১) ও (২) : রাস্তাটি বাস চলাচলের উপযোগী রাখার জন্য প্রয়োজনীয় সংস্কারের কাজ সবসময় চলছে। অতএব এর জন্য কোন সময় সীমার প্রশ্ন ওঠেনা।

(গ) ও (ঘ) : ধামাখালির নিকটবর্তী রাস্তাটির কিছু অংশ খারাপ হয়ে পড়ায় সেই অংশে মেরামতির ব্যবস্থা নেওয়া হয়েছে। বর্ষার আগে কাজ শেষ করা যাবে বলে আশা করা যায়।

রাইটার্স বিল্ডিংস-এর রোটাণ্ডা হলে চিত্র

*৭২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৯৩।) **শ্রীকমলাক্ষী বিশ্বাস :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাইটার্স বিল্ডিংস্-এ রোটাণ্ডা হলে কার কার চিত্র আছে ; এবং

(খ) রোটাণ্ডা হলে নেতাজীর চিত্র রাখার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

Minister-in-charge of Public Work Department : (ক) কোন চিত্র নেই।

(খ) নেই।

বুধপুর-পায়রাচালী সংযোগ রাস্তা নির্মাণ

*৭২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৫৭।) **শ্রীকমলাকান্ত মাহাতো :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, পুরুলিয়া জেলার মানবাজার পঞ্চায়েত সমিতি এলাকায় বুধপুর-পায়রাচালী সংযোগ রাস্তাটি নির্মাণের বিষয়টি কোন্ পর্যায়ে আছে ?

Minister-in-charge of Public Works Department : রাস্তাটি এই দপ্তরের পরিকল্পনার অন্তর্ভুক্ত হয়েছে, কিন্তু আর্থিক অনুমোদনের অভাবে এর কাজ শুরু করা যায় নি, এই অনুমোদন লাভের ব্যাপারে আমরা সচেষ্ট আছি।

Unstarred Questions

(to which written answers were laid on the Table)

আই টি ডি প্রকল্পে ক্যাশিয়ার পদ পূরণ

৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭।) **শ্রীকাশীনাথ মিশ্র :** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আই টি ডি প্রকল্পে ক্যাশিয়ার পদের জন্য স্থানীয় এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ হইতে ১৯৮২ সালের আগস্ট মাসে বিভাগীয় দপ্তরে প্রার্থীদের নাম পাঠানোর পর আজ পর্যন্ত কোন প্রার্থীকে নিয়োগ করা হয় নাই ;

(খ) সত্য হইলে, উক্ত পদে কবে নাগাদ লোক নিয়োগ করা হইবে ; এবং

(গ) অদ্যাবধি উক্ত পদে লোক নিয়োগ না হওয়ার কারণ কি ?

তপসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) সত্য নহে। মোট তেরটি ক্যাশিয়ার পদের মধ্যে ১৯৮২ এবং ১৯৮৩ সালে ছয়টি পদ পূরণ করা হইয়াছে। দুইটি পদের জন্য প্রার্থী নির্বাচিত হইয়াছে এবং তাদের পুলিশ রিপোর্ট এবং স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট চাহিয়া পাঠানো হইয়াছে। পাঁচটি জেলা হইতে এখনও নির্বাচিত প্রার্থীদের তালিকা পাওয়া যায় নাই। জেলা কর্তৃপক্ষের সহিত এ ব্যাপারে পত্রালাপ চলিতেছে।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতাল উন্নয়নের জন্য মাস্টার প্ল্যান

৩৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬১।) **শ্রীকাশীনাথ মিশ্র:** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালে ওষুধ, যন্ত্রপাতি ও অ্যাম্বুলেন্সের অভাব আছে,

(খ) সত্য হলে, উক্ত হাসপাতালে উক্ত অভাবগুলি দূরীকরণের কি ব্যবস্থা নেওয়া হয়েছে ; এবং

(গ) উক্ত কলেজ ও হাসপাতালটির সার্বিক উন্নয়নের জন্য মাস্টার প্ল্যান এখনও কার্যকরী না হবার কারণ কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালে ওষুধ, যন্ত্রপাতি ও অ্যাম্বুলেন্সের অভাব নেই। তবে চালু অ্যাম্বুলেন্সের সংখ্যা পর্যাপ্ত নয়।

(খ) অ্যাম্বুলেন্স সারানোর ব্যবস্থা নেওয়া হয়েছে।

(গ) মাস্টার প্ল্যান অনুযায়ী কাজ আরম্ভ হয়েছে।

সরকারী হাসপাতালে রোগীদের জন্য ঔষধ ও পথ্য বাবদ ব্যয়

৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮।) **শ্রীদেবপ্রসাদ সরকার:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা জেলা শহর ও পল্লী সরকারী হাসপাতালগুলির রোগীদের পথ্য বাবদ দৈনিক মাথাপিছু কত খরচ হয় ;

(খ) উক্ত রোগীদের ওষুধ বাবদ দৈনিক মাথাপিছু খরচের বরাদ্দ কত ; এবং

(গ) হাসপাতালের বহির্বিভাগের ওষুধ বাবদ দৈনিক মাথাপিছু গড় খরচ কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) কলকাতা জেলা শহর ও পল্লী সরকারী হাসপাতালগুলির পথ্য বাবদ দৈনিক মাথাপিছু বরাদ্দ নিম্নরূপ :—

সাধারণ শয্যার রোগী—চার টাকা।

টি বি রোগী—সাড়ে চার টাকা।

(খ) ও (গ) সরকারী হাসপাতালের অন্তর্বিভাগের (ইনডোর) রোগীদের জন্য

ঔষধ বাবদ গড়ে মাথাপিছু দৈনিক বরাদ্দ একটাকা এবং বহির্বিভাগের রোগীদের জন্য ঐ বরাদ্দ পঁচিশ পয়সা।

ক্ষেতমজুরদের কাজের গ্যারান্টি ও মজুরীর প্রতিশ্রুতি

৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫।) **শ্রীদেবপ্রসাদ সরকার:** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বামফ্রন্ট সরকারের ৩৪ দফা কর্মসূচীর অন্তর্ভুক্ত যথাক্রমে ২৫ নম্বর ও ৩৩ নম্বর কর্মসূচী মোতাবেক সারা বছরের কাজের গ্যারান্টি এবং ন্যূনতম মজুরীপ্রাপ্তি সুনিশ্চিত করার প্রতিশ্রুতি কার্যকরী করার জন্য সরকার কোন পদক্ষেপ গ্রহণ করার কথা ভাবছেন কিনা; এবং

(খ) ভেবে থাকলে, এই উদ্দেশ্যে সরকার নির্দিষ্ট কি পদক্ষেপ গ্রহণ করতে যাচ্ছেন?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ, তবে ২৫ নম্বর কর্মসূচী অনুসারে সরকার অভাবী মরসুমেই কাজ দেওয়ার কথা বিবেচনা করছেন।

(খ) ক্ষেত ও গ্রামীণ কর্মহীনদের অভাবী মরসুমে কাজ দেবার জন্য সরকার ন্যাশানাল রুরাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম এবং রুরাল ল্যাণ্ডলেস এমপ্লয়মেন্ট গ্যারান্টি প্রোগ্রাম নামে দুটি পরিকল্পনা চালু করেছেন।

ন্যূনতম মজুরী প্রাপ্তি সুনিশ্চিত করবার জন্য ৩৩৫টি ন্যূনতম মজুরী পরিদর্শকের পদ সৃষ্টি করা হয়েছে এবং তাহার মধ্যে ৩০৫ জন পরিদর্শক ইতিমধ্যেই নিয়োজিত হয়েছেন। তাদের কাজ তদারকী করবার জন্য ১১টি সহকারী শ্রম কমিশনারের পদ সৃষ্টি করা হয়েছে। সমস্ত বি ডি ও-দের এম ডব্লু অ্যাক্ট, ১৯৪৮ অনুযায়ী পরিদর্শকের অধিকার প্রদান করা হয়েছে।

সিউড়ি সদর হাসপাতাল

। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪।) **শ্রীসুনীতি চট্টোরাজ:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি বীরভূম জেলার সিউড়ি সদর হাসপাতালের ব্যয়ের জন্য ১০ লক্ষ টাকা বীরভূম জেলা পরিষদ সভাপতি জেলা পরিষদ খাতে গ্রহণ করেছেন; এবং

(খ) সত্য হলে, ঐ টাকা কোন্ কাজে খরচ করা হয়েছে;

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) মোট ৯,৩০,২৮৯ টা ৫৯ পয়সা বীরভূম জেলা পরিষদের পি. এ. এস. খাতে জমা দেওয়া হয়েছিল।

(খ) ঐ টাকা বীরভূম জেলা পরিষদের পি. এল. অ্যাকাউন্ট ফাণ্ডে জমা দে হয় এবং তা থেকে মোট ৮,৮৪,৫০৩ টাকা ২৪ পয়সা সিউড়ি সদর হাসপাতালে ও পথ্য, অস্ত্রোপচারের যন্ত্রপাতি ও কন্টিনজেন্সি বাবদ খরচ করা হয়েছে।

বাকী ৪৫,৭৮৬ টাকা ৩৫ পয়সা উক্ত ফাণ্ডে জমা আছে।

Construction of minor harbours at Sankarpur

381. (Admitted question No. 276). **Shri Somendranath Mitra** : Will Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) the present position of the proposal for construction of minor ha bours with berthing and harbouring facilities at Sankarpur ne Digha and at Freserganj in 24-Parganas district ,

(b) the investment involved in these projects and the extent to whi the Government of India is expected to share the expenditures these projects ; and

(c) steps taken by the State Government in the matter ?

Minister-in-charge of the Fisheries Department : (a) (i) Actual survey of Sankarpur Fishing Harbour complex has been completed, according to revis layout plan with demarcation by putting masonry pillers. 90 per cent of t work of construction of site office has also been completed.

(ii) Project Report on Freserganj Fishing Harbour has been prepar by the Pre-Investment Survey of Fishing Harbours, Government of India an accepted by the State Government. Administrative approval and sanction a being awaited from Government of India.

(b) (i) A sum of Rs. 168.02 lakhs has been estimated as expenditure fo the Sankarpur Ftshing Harbour Project. In addition a 5 km approach roa has also been taken up at a cost of Rs. 31.97 lakhs.

According to the existing pattern of Central assistance, Government of Ind will share 50 per cent of the fishing harbour cost of Rs. 139.34 iakhs.

(ii) Estimated expenditure for the Freserganj Fishing Harbour Rs. 223.80 lakhs.

In this case also, Government of India will share 50 per cent of th harbour cost of Rs. 130 lakhs.

(c) An agreement has been entered into with Macintosh Burn, a State Government Undertaking, for constructing the harbour and the work is expecte

to be completed by March, 1986. 2½ km of approach road in already complete and the rest is nearing completion.

(ii) In reepect of the proposed harbour at Freserganj, Government of India raised different points before taking an investment decision which were met by the State Government and Government of India's decision is being awaited.

Arsenic in tubewell water

382. (Admitted question No. 310.) **Shri Somendranath Mitra** : Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) whether the State Government has received the report of the committed set up by the Government to inquire into the presence of arsenic in tubewell waters in parts of Burdwan, Nadia and the 24-Parganas ; and

(b) if so—

(i) what are the findings and the recommendations of the Committee, and

(ii) the steps taken and / or contemplated by the State Government in the matter ?

Minister-in-charge of Health and Family Welfare Department : (a) Yes.

(b) (i) Cases of chronic arsenical toxicity were found in two villages (Gangpur and Ramnagar, 24-Parganas). Out of 114 families with a population of 648, 82 persons of 16 families were affected. Out of 19 tubewells examined at Gangpur, 11 showed water arsenic levels beyond safe limits Similarly, out of 10 tubewells at Ramnagar, 6 tubewells showed arsenic content beyond safety limits. These tubewells were at a depth of 110 to 150 ft. water drawn from a polythene tubewell to a depth of 120 ft. adjacent to one of the tubewells having an arsenic content.

Recommendations : People should be advised not to drink water of these tubewells. Existing tubewells water which was found to contain high amount not be sealed. This is necessary to find out if there is any variation in quantity of arsenic over a period. One deep tubewell should be sunk immediately in the village of Ramnagar, Baruipur P.S., district 24-Parganas. In future all public tubewells should be deep ones.

Individual family cannot afford to have deep hand tubewell. After the sinking of shallow tubewell water should be analysed as a routine. Tests for presence of arsenic should be included in the routine test.

Water samples collected from different areas will be analysed simultaneously at the Sanitary Engineering Department of All India Institute of Hygiene

and Public Health and Geology Department of Presidency College. Detailed study is needed to detect the source of arsenic in ground water. For this a collaborative study should be undertaken at the All India Institute of Hygiene and Public Health, Directorate of Health Services, Directorate of Public Health Engineering and Presidency College will be involved in it.

(ii) Some patients who were seriously ill have been admitted to the School of Tropical Medicine and Seth Sukhlall Karnani Memorial Hospital, Calcutta.

A deep tubewell has been sunk in Gangpur of Barasat subdivision of 24-Parganas. Public tubewells, water of which contained high quantity of arsenic, have been sealed.

Tubewell, water of which is free from arsenic, have been identified and people have been advised to drink water from these tubewells only.

Collapse of a portion of building of R. G. Kar Medical College

383. (Admitted question No. 487.) **Shri Satyaranjan Bapuli** : Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) whether it is a fact that the first floor balcony of the main college building of R. G. Kar Medical College, Calcutta, had collapsed on 30th January, 1984, within three months of its being repaired by the Public Works Department ; and

(b) if so,

(i) why did the balcony cave in ;

(ii) the number of persons injured in the incident ; and

(iii) the steps taken by the State Government in the matter ?

Minister-in-charge of the Health and Family Welfare Department: (a) A portion of varandah floor (not balcony) of the main college building of R. G. Kar Medical College Hospital, Calcutta, complex collapsed on 30-1-1984. The floor finish (topping) was done to prevent waterlogging on the verandah seven months prior to the incident.

(b) (i) According to the Public Works Department, due to ageing effect the web (vertical portion) of the T-Iron embedded in the lime concrete was worn out resulting in loss of structural strength.

(ii) four.

(iii) The following steps have been taken :

(a) Proper and adequate treatment of all the injured students.

(b) Immediate make-shift arrangements have been made so that teaching does not suffer.

(c) On a high priority basis further extension of the casually block

has been undertaken at an estimated cost of Rs. 97 lakhs and the work is fast progressing.

আরামবাগ মহকুমা হাসপাতাল

৩৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৮।) **শ্রীশিবপ্রসাদ মালিক**ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে,

(১) আরামবাগ মহকুমা হাসপাতালে শয্যাসংখ্যার অনুপাতে রোগীর সংখ্যা অনেক বেশী, ও

(২) উক্ত কারণে উক্ত হাসপাতালে ঔষধ ও পথ্যের অভাব হইতেছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তাহা হইলে সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) (১) হ্যাঁ।

(২) না।

(খ) হাসপাতালে গৃহ সম্প্রসারণের ব্যবস্থাদি গ্রহণ করা হয়েছিল। কিন্তু ধর্মীয় কারণে কার্যকর করা সম্ভব হয় নাই।

সুরকী মিল শ্রমিকদের ন্যূনতম মজুরী

৩৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৩।) **শ্রীসরল দেব**ঃ শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সুরকী মিল শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরী ধার্য করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়: বর্তমানে নাই।

Scarcity of life-saving drugs in the Government hospital

386. (Admitted question No. 940.) **Shri Abdul Mannan**: Will the Minister-in-charge of Health and Family Welfare Department be pleased to state—

(a) whether the State Government has enquired into the complaint of the All Bengal Junior Doctors' Federation alleging non-availability or scarcity of life-saving drugs in the Government hospitals ;

(b) if so,

(i) what are the findings,

(ii) what are the life-saving drugs which are alleged to be usually not readily available in the hospitals,

(iii) what are the suggestions of All Bengal Junior Doctors' Federation ; and

(iv) what steps have been taken by the State Government to ensure regular availability of life-saving drugs in the Government hospitals ?

Minister-in-charge of Health and Family Welfare Department : (a) The All Bengal Junior Doctor's Federation complained about alleged non-availability of scarcity of life-saving drugs in the Government hospitals. One such complaint relating to N. R. S. Medical College & Hospital was enquired into in May-June, 1983.

(b) (i) The enquiry relating to that hospital did not reveal any scarcity or non-availability of life-saving drugs.

(ii) to (iv) Do not arise.

Spoiling of blood due to defective refrigeration in the Government hospitals

387. (Admitted question No. 944.) **Shri Satyaranjan Bapuli :** Will the Minister-in-charge of Health and Family Welfare Department be pleased to state—

(a) whether the State Government has information about the public allegations that the bottles of blood purchased by the relatives of the patients and deposited with the hospital authorities getting spoiled due to defective refrigeration in the Government hospitals ;

(b) if so, the steps taken by the State Government in the matter ; and

(c) the number of wards and the number of refrigerators in working conditions in the S. S. K. M., N. R. S. and N. M. C., hospitals in Calcutta as on 31st December, 1983 ?

Minister-in-charge of Health and Family Welfare Department : (a) No such information is available.

(b) Does not arise.

(c) **S. S. K. M. Hospital**

No. of wards	...	...	22
No. of refrigerators in working condition	...	..	50

N. R. S. Medical College Hospital

No. of wards	...	...	33
No. of refrigerators in working condition	...	...	24

Calcutta National Medical College Hospital

No. of wards	...	...	9
No. of refrigerators in working condition...	...	...	12

তফসিলী জাতি ও আদিবাসীদের চাষের জন্য অর্থ প্রদান

৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭০।) **শ্রীনবনী বাউরী:** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ সালে তফসিলী জাতি ও আদিবাসীদিগকে বর্গা, পাট্টা 'স্পেশাল কম্পোনেন্ট প্ল্যান' বাবদ মোট কত টাকা খারিফ, রবি ও বোরো চাষের জন্য দেওয়া হইয়াছে; এবং

(খ) ইহাতে মোট কতজন উপকৃত হইয়াছে?

তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) 'স্পেশাল কম্পোনান্ট প্ল্যান' খাতে কোন অর্থ আদিবাসীদের দেওয়া হয় না, আদিবাসী উপ-পরিকল্পনা খাতে তাহাদের জন্য অর্থ সাহায্য করা হয়।

১৯৮৩-৮৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত নিম্নলিখিতরূপ অর্থ দেওয়া হইয়াছে:

তফসিলী জাতি

খারিফ চাষের জন্য—৯১১'৮২ লক্ষ টাকা

বোরো ও রবি চাষের জন্য—১১১'৬২ লক্ষ টাকা

আদিবাসী

খারিফ চাষের জন্য—৩১৮'০২ লক্ষ টাকা

বোরো ও রবি চাষের জন্য—২৪'০৪ লক্ষ টাকা

উক্ত টাকা সরকারী অনুদান, ব্যাঙ্ক ঋণ এবং তফসিলী জাতি ও আদিবাসী উন্নয়ন ও বিত্ত নিগমের প্রান্তিক ঋণ বাবদ দেওয়া হইয়াছে।

(খ) তফসিলী জাতি ১,৬৭,৫৭১ জন ও আদিবাসী ৫৪,৬২২ জন।

স্বাধীনতা সংগ্রামীদের চিকিৎসা বিষয়ে সাহায্য

৩৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫১।) **শ্রীশান্তিরাম মাহাতো ও শ্রীকাশীনাথ মিশ্র:** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) (১) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের স্বাধীনতা সংগ্রামীদের ২১-১০-১৯৮১ সাল হইতে চিকিৎসা বিষয়ে সাহায্য মঞ্জুর হওয়া সত্ত্বেও স্বাধীনতা সংগ্রামীরা উক্ত সাহায্য পাচ্ছেন না;

(২) বাঁকুড়া জেলার পাত্রসায়ের থানার অন্তর্গত স্বাধীনতা সংগ্রামী বিশ্বনাথ মুখার্জী বিনা চিকিৎসায় মারা গেছেন;

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, স্বাধীনতা সংগ্রামীরা উক্ত সাহায্য না পাওয়ার কারণ কি ; এবং

(গ) বাঁকুড়া সম্মিলনী কলেজ ও হাসপাতালে স্বাধীনতা সংগ্রামীদের চিকিৎসার জন্য কোন ব্যবস্থা আছে কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) (১) ২১-১০-১৯৮১ তারিখের সরকারী আদেশনামা নং হেল্থ। জি এ। ৮৮০৩। ৯ এম ৩। ৮০ পিটি ১ অনুসারে স্বাধীনতা সংগ্রামীরা বিনাব্যয়ে চিকিৎসা এবং চিকিৎসা বিষয়ে সাহায্য পাইয়া থাকেন।

(২) স্বাধীনতা সংগ্রামী শ্রীবিশ্বনাথ মুখার্জী ১২-১১-১৯৮২ হইতে ৭-১২-১৯৮২ পর্যন্ত বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। তারপর ৭-১২-১৯৮২ তারিখে প্রয়োজনীয় চিকিৎসাদির পর তাঁহার অনুরোধ মত তাঁহাকে হাসপাতাল হইতে ছাড়া হয়। অতঃপর ১৬-১২-১৯৮২ তারিখে তিনি সেরিব্রাল থ্রম্বসিস রোগে আক্রান্ত হইয়া নিজ গৃহে মৃত্যুমুখে পতিত হন।

(খ) উত্তরের প্রয়োজন নাই।

(গ) ব্যবস্থা আছে।

উপ-স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের পদ পূরণ

৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৭।) **শ্রীসুভাষ গোস্বামী:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে কতগুলি উপ-স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই ;

(খ) কতগুলি উপ-স্বাস্থ্যকেন্দ্রে শুধুমাত্র হোমিওপ্যাথি ডাক্তার আছেন ; এবং

(গ) কতদিনের মধ্যে এই সব উপ-স্বাস্থ্যকেন্দ্রে অ্যালোপ্যাথি ডাক্তার নিয়োগ সম্ভব হবে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১৩১টি।

(খ) ১৬টি।

(গ) সুনির্দিষ্টভাবে এখনই বলা সম্ভব নয়।

কৃষ্ণনগর হাসপাতালসমূহে বিভিন্ন শ্রেণীর কর্মী

৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮২।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলা সদর কৃষ্ণনগরের তিনটি হাসপাতালে মঞ্জুরীকৃত চিকিৎসক

ল্যাবোরেটরী সহায়ক, এক্স-রে সহায়ক, ফার্মা সহায়ক, রঞ্জক এবং ঝাড়ুদার প্রভৃতির সংখ্যা কত ;

(খ) মঞ্জুরীকৃত সকল পদে কর্মী নিযুক্ত আছেন কি ; এবং

(গ) না থাকিলে, খালি পদগুলি কতদিনের মধ্যে পূরণ করা হইবে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) মোট পদের সংখ্যা—৮৬

(১) চিকিৎসক—২৫

(২) ল্যাবরেটরী সহায়ক—৫

(৩) এক্স-রে সহায়ক—৩

(৪) ফার্মা সহায়ক—৮

(৫) রঞ্জক—৭

(৬) ঝাড়ুদার—৩৮

(খ) না।

(গ) শীঘ্রই পূরণের ব্যবস্থা লওয়া হইতেছে।

উত্তরবঙ্গের হাসপাতালসমূহে এ. আর. ভি. ইনজেকশন সরবরাহ

৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৫।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়াঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুকুর কামড়ানোর চিকিৎসা করার জন্য এ. আর. ভি. ইনজেকশন উত্তরবঙ্গের হাসপাতালগুলিতে নিয়মিত সরবরাহের কি ব্যবস্থা আছে ;

(খ) উক্ত ঔষধের সরবরাহকে নিয়মিত ও সহজ করিবার ক্ষেত্রে উত্তরবঙ্গের কোথাও ভাণ্ডার স্থাপন করার কি কি অসুবিধা আছে ; এবং

(গ) উক্ত ঔষধ হাসপাতালে না থাকিলে রোগীর চিকিৎসার আর কি ব্যবস্থা আছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) উত্তরোত্তর চাহিদা বৃদ্ধি ও উৎপাদন লক্ষ্যসীমা দ্বিগুণ করা সত্ত্বেও উৎপাদিত ভ্যাকসিন দৈনন্দিন প্রয়োজন মিটাইবার পর কোন উদ্বৃত্ত থাকে না।

(গ) হাসপাতালে না থাকিলে কলিকাতার পাস্তুর ইনষ্টিটিউট হইতে দ্রুত এ আর. ভি. ইনজেকশন সরবরাহ করিবার ব্যবস্থা হইয়া থাকে।

ম্যালেরিয়া দূরীকরণ

৬৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০৯।) **শ্রীসুভাষ নস্কর:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) গ্রামে ম্যালেরিয়া দূরীকরণের জন্য নিয়োজিত কর্মচারীরা কি ধরনের কাজ করে থাকেন ; এবং

(খ) ঐ কর্মচারীদের সংখ্যা কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) গ্রামে ম্যালেরিয়া দূরীকরণের জন্য নিয়োজিত কর্মচারীরা নিম্নলিখিত চার প্রকার কর্মসূচীর মাধ্যমে কাজ করে থাকেন, যথা—

(১) গ্রামাঞ্চলে বাড়ী বাড়ী গিয়ে জ্বর-রোগীর অনুসন্ধান ও রক্তের নমুনা সংগ্রহ করে প্রাথমিক পর্যায়ে ক্লোরোকুইন ওষুধ খাওয়ানো হয়।

(২) হাসপাতালে বা স্বাস্থ্যকেন্দ্রের বহির্বিভাগে আগত জ্বর-রোগীর রক্তের নমুনা সংগ্রহ ও পরে প্রাথমিক পর্যায়ে ক্লোরোকুইন ঔষধ খাওয়ানো হয়ে থাকে।

(৩) উপরোক্ত উভয় ক্ষেত্রে সংগৃহীত রক্তের নমুনা পরীক্ষার পর ম্যালেরিয়া রোগ জীবাণুর উপস্থিতি প্রতিপন্ন হলে ম্যালেরিয়া নিবারক (র‍্যাডিকেল ট্রিটমেণ্ট) ওষুধ প্রাইমা-কুইন পর পর পাঁচ দিন প্রয়োগ করে ম্যালেরিয়া রোগীকে সম্পূর্ণভাবে রোগমুক্ত করা হয়।

(৪) যেসব অঞ্চলে ম্যালেরিয়া রোগ ব্যাপকভাবে দেখা দিচ্ছে এইসব ম্যালেরিয়া অধ্যুষিত এলাকাগুলিতে নিয়মিত কীটনাশক ওষুধ ডি. ডি. টি. বা বি. এইচ. সি. ঘরে ঘরে ছড়িয়ে রোগজীবাণু বহনকারী মশা ধ্বংস করা হয়।

(৫) এ ছাড়াও দূরবর্তী বা অনধিগম্য এলাকায় ওষুধ বিতরণ কেন্দ্র ও জ্বর-রোগীর চিকিৎসা কেন্দ্র স্থাপন করে বিনামূল্যে জ্বরের রোগীকে ওষুধ দেওয়ার ব্যবস্থা আছে।

(খ) ৮,১০৬ জন (সর্বস্তর সম্বলিত)।

কোচবিহার সেণ্ট্রাল ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড

৬৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৩।) **শ্রীবিমলকান্তি বসু:** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার সেন্ট্রাল ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড-এর এন. সি. ডি. সি. প্রকল্পের দ্বিতীয় কিস্তির কত টাকা বাকী আছে ;

(খ) কবে নাগাদ এই টাকা বরাদ্দ হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) দ্বিতীয় কিস্তির টাকা পাইবার ক্ষেত্রে কি কি শর্ত আরোপ করা আছে ?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) এবং (খ) কোচবিহার সেন্ট্রাল ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড মোট ৪১ লক্ষ ৬৬ হাজার টাকা ব্যয়ের জন্য একটি প্রকল্প পেশ করে। কিন্তু এন. সি. ডি. সি. ইহা সংশোধন করিয়া মাত্র ২০ লক্ষ টাকা ব্যয়-সমন্বিত বর্তমান প্রকল্পটি অনুমোদন করেন। তদনুসারে ১০-৯-১৯৮১ তারিখের সরকারী আদেশে প্রকল্পটির জন্য ১০ লক্ষ টাকা ব্যয় মঞ্জুর করা হয় এবং ১৭-২-১৯৮২ তারিখের ভিতর এই মঞ্জুরীকৃত টাকা খরচের জন্য মৎস্য অধিকর্তা কর্তৃক সোসাইটিকে হস্তান্তর করা হয়। প্রকল্পটি এন. সি. ডি. সি. কর্তৃক দ্বিতীয় পর্যায়ে অনুমোদিত না হইলে পুনরায় সরকারী ব্যয় মঞ্জুরীর প্রশ্ন আসে না।

(গ) আপাততঃ এ প্রশ্ন ওঠে না।

Irregular supply of rapeseed oil in the ration shop

395. (Admitted question No. 1327.) **Dr. Ambika Banerjee :** Will the Minister-in-charge of Food and Supplies Department be pleased to state—

(a) whether the State Government has any information about irregular supply of rapessed oil by the ration shops in the modified and statutory rationing areas ; and

(b) if so—

(i) the reasons for such irregularities ; and

(ii) the steps taken by the State Government to improve the position in the matter ?

Minister for Food and Supplies Department : (a) Sometimes reports are received about dislocation of supply of edible oil by the ration shops.

(b) (i) Imported edible oil is supplied to West Bengal by the State Trading Corporation of the Central Government. Because of the failure of State Trading Corporation to supply the allotted quantity in time, there were occasions when supply of edible oil through ration shops becomes disrupted.

(ii) The supply position of edible oil in the Public Distribution System and checking of supply received by the ration shops under Public Distribution System are discussed in the weekly monitoring meeting held in the Food and

Supplies Department which is attended by local officers of the State Trading Corporation. These officers are requested to take remedial measures for maintaining steady supply of edible oil. Besides requests have been made to the Union Government to build up a buffer stock of edible oil in West Bengal and for issue of directions to the State Trading Corporation for taking corrective measures.

Allegation against middlemen taking undue advantage of fishermen co-operative society

396. (Admitted question No. 1332.) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) whether the State Government has enquired into the widespread believes and allegations about a few middlemen taking undue advantage of the fishermen's ignorance about the co-operative management, virtually running some of the fishermen's co-operative societies and utilising the funds of the co-operative societies for their own self-interest ; and

(b) if so,

(i) what are the findings, and

(ii) the steps taken to eliminate middlemen in the fishermen's co-operatives and with what results ?

Minister-in-charge of the Fisheries Department : (a) No specific enquiry has been made in recent years by the Fisheries Department.

(b) (i) Does not arise.

(ii) The Registrar of co-operative societies has issued instructions to expell from membership those members who are not fishermen by profession.

The Directorate of Fisheries has started imparting training to the members of co-operative socities in aquaculture and co-operative management.

হেল্‌থ গাইড স্কীমে কর্মী নিয়োগ

৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৬।) **শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কত জন লোককে হেল্‌থ গাইড স্কীমে নিয়োগ করা হয়েছে ;

(খ) হেল্‌থ গাইড স্কীমের ভলান্টিয়ারগণ মাসে কত টাকা ভাতা পেয়ে থাকেন ;

(গ) এই কাজে নিযুক্ত কর্মিগণের ভাতা বৃদ্ধির পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(ঘ) হেল্‌থ গাইড কর্মিগণকে নিয়মিত ঔষধপত্র সরবরাহ করা হয় কিনা ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ডিসেম্বর ১৯৮৩ পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট ৩২,২৭৮ জন লোককে হেল্‌থ গাইড স্কীমে নিয়োগ করা হয়েছে।

(খ) হেল্‌থ গাইড স্কীমের ভলান্টিয়ারগণ মাসে ৫০ টাকা হিসাবে ভাতা পেয়ে থাকেন।

(গ) এই স্কীমের সম্পূর্ণ ব্যয়ভার কেন্দ্রীয় সরকার বহন করেন। তাই এই কাজে নিযুক্ত কর্মিগণের ভাতা বৃদ্ধির বিষয়টি কেন্দ্রীয় সরকারের কাছে বিবেচনার জন্য সুপারিশ করা হয়েছে।

(ঘ) হ্যাঁ।

মানিকতলা ই. এস. আই. হাসপাতালের অকেজো বেড

৩৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫০।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** শ্রম-বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মানিকতলার ই. এস. আই. হাসপাতালের পাঁচশো বেডের মধ্যে আড়াইশো অকেজো হয়ে আছে ; এবং

(খ) সত্য হলে, কারণ কি ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) উক্ত হাসপাতালে ৫০০ বেডের অনুমোদন থাকা সত্ত্বেও ২২৫টির বেশী বেড আজ পর্যন্ত খোলা যায় নাই।

(খ) প্রধানতঃ প্রয়োজনীয় সংখ্যক উপযুক্ত ট্রেনিংপ্রাপ্ত নার্সের অভাবে অনুমোদিত বেডগুলি খোলা যায় নাই।

মুর্শিদাবাদ নদীয়া কো-অপারেটিভ সোসাইটিজ এমপ্লয়িজ ইউনিয়ন

৩৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫১।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ, নদীয়া প্রাইমারী মিল্ক কো-অপারেটিভ সোসাইটিজ এমপ্লয়িজ ইউনিয়ন (রেজিং নং ১৩৪৮৫, তাং ২২-২-১৯৭৮)-এর স্বীকৃতি সরকার বাতিল করিয়াছেন ;

(খ) সত্য হইলে, কারণ কি ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) না।

১৩৪৮৫ নং রেজিস্ট্রেশনধারী ইউনিয়নটির নাম মুর্শিদাবাদ নদীয়া মিঃ প্রডিউসারস কো-অপারেটিভ সোসাইটিজ এমপ্লয়িজ ইউনিয়ন।

(খ) প্রশ্ন ওঠে না।

চা-বাগানে লক-আউট ও ক্লোজার

৪০০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৮।) **শ্রীমনোহর টিরকী :** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কয়টি চা-বাগানে লক-আউট ও ক্লোজার হয়ে আছে ;

(খ) তার ফলে কতজন শ্রমিক বেকার হয়েছে ; এবং

(গ) উক্ত চা-বাগান খোলার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ও (খ) লক-আউট হয়ে আছে একটি চা-বাগানে। বেকার হয়েছেন প্রায় ৮০০ শ্রমিক।

ক্লোজার হয়ে আছে তিনটি চা-বাগানে। বেকার হয়েছেন প্রায় ১,০০০ শ্রমিক।

(গ) মীমাংসার জন্য অতীতে চেষ্টা চালানো হয়েছে। কোন মীমাংসাসূত্র পাওয়া গেলে আবার চেষ্টা করা হবে।

চা-বাগান শ্রমিক

৪০১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৯।) **শ্রীমনোহর তিরকী :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে চা-বাগানে মোট কতজন প্রাপ্তবয়স্ক, কিশোর, শিশুশ্রমিক কাজ করে ; এবং

(খ) এদের প্রত্যেকের দৈনিক মজুরী কত ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) এ রাজ্যে চা-বাগানে ২,২০,০৩৭ জন প্রাপ্তবয়স্ক, ৭,৭৩৯ জন কিশোর এবং ১০,৭৮৮ জন শিশুশ্রমিক কাজ করে।

(খ) ১৮-৭-১৯৮৩ তারিখে শিল্পভিত্তিক ত্রি-পাক্ষিক চুক্তির ফলে ১লা জুলাই ১৯৮৩ থেকে ডুয়ার্স অঞ্চলে ৫০০ একর এবং তার অধিক মাপের চা-বাগানে প্রাপ্ত-বয়স্ক ও কিশোর শ্রমিকদের দৈনিক মাথাপিছু মজুরী মহার্ঘভাতা সহ ৯.৭৫ টাকা (৯.৫৭+০.১৮) এবং প্রত্যেক শিশুশ্রমিকের দৈনিক মজুরী মহার্ঘভাতা সহ ৪.৯৭

টাকা (৪'৮৮+০'০৯), ৫০০ একরের কম চা-বাগানে ঐ মজুরীর হার যথাক্রমে ৯.৭২ টাকা (৯'৫৪+০'১৮) এবং ৪'৯৭ টাকা (৪'৮৮+০'০৯)।

দার্জিলিং ও তরাই অঞ্চলে মজুরী চা-বাগানের মাপের উপর নির্ভর করে না। তরাই অঞ্চলে প্রাপ্তবয়স্ক ও কিশোর শ্রমিকদের দৈনিক মাথাপিছু মজুরী মহার্ঘভাতা সহ ৯'৬৯ টাকা (৯'৫১+০'১৮) এবং শিশু শ্রমিকদের মহার্ঘভাতা সহ দৈনিক মাথাপিছু মজুরী ৪'৯৫ টাকা (৪'৮৬+০'০৯)। দার্জিলিং-এ ঐ হার যথাক্রমে ৯'৪৭ টাকা (৯'২৯+০'১৮) এবং ৪'৭৭ টাকা (৪'৬৮+০.০৯)।

চা-বাগান শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ড

৪০২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০১।) **শ্রীমনোহর তিরকী:** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কোন কোন চা-বাগানের মালিকগণ শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা দিচ্ছেন না ;

(খ) সত্য হলে, সংশ্লিষ্ট চা-বাগানগুলির নাম কি এবং ১৯৮৩ সাল পর্যন্ত কত টাকা প্রভিডেন্ট ফাণ্ডে জমা পড়ে নাই ; এবং

(গ) প্রভিডেন্ট ফাণ্ডের টাকা শ্রমিকরা যাহাতে অনতিবিলম্বে পায় তাহার জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) সংশ্লিষ্ট চা-বাগানগুলির নাম সংযুক্ত তালিকায় নির্দেশিত হল।

১৯৮৩ সালের ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত প্রভিডেন্ট ফাণ্ড বাবদ মোট অনাদায়ী টাকার পরিমাণ ১ কোটি ৪২ লক্ষ।

(গ) প্রভিডেন্ট ফাণ্ড আইন, ১৯৫২ অনুযায়ী এ ব্যাপারে সমুদয় ক্ষমতা রিজিওন্যাল প্রভিডেন্ট ফাণ্ড কমিশনারের উপর ন্যস্ত হয়েছে। তথাপি নির্দিষ্ট ঘটনা জানালে রাজ্য সরকারের শ্রম দপ্তর থেকে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট সেগুলি প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য পাঠান হয়।

আইনভঙ্গকারী চা-বাগানের মালিকদের বিরুদ্ধে রিজিওনাল প্রভিডেন্ট ফাণ্ড কমিশনার প্রভিডেন্ট ফাণ্ড আইনের ১৪ নং ধারা এবং আই. পি. সি.-র ৪০৬/৪০৯ ধারা অনুসারে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকেন। এছাড়া বকেয়া টাকা আদায় করার ব্যাপারে উক্ত আইনের ৮ নং ধারা অনুসারেও যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

Statement referred to in reply to clause 'Kha' of unstarred question No. 402
(Admitted question No. 1401)

T.E as on 30th September 1983 who are in default of Rs. 1 lakh and above

Code No.	Name of the estate	Amount in arrear in lakh
WB/856	Ambeti T.E.	7.10
WB/1401	Beech T.E.	2.31
WB/945	Bhatpara T.E.	3.00
WB/1025	Chandmoni T.E.	1.69
WB/1311	Ceeders T.E.	2.89
WB/823	Damdima T.E.	8.37
WB/992	Gaya Ganga T.E.	2.90
WB/978	Hilla T.E.	6.11
WB/1038	Kumai T.E.	2.01
WB/1001	Gayabari T.E.	4.37
WB/879	Looksan T.E.	6.49
WB/822	Majher Dabri T.E.	6.82
WB/871	Meachpara T.E.	4.42
WB/1350	Noorbong T.E.	1.66
WB/1352	Okaity T.E.	2.23
WB/996	Pashok T.E.	7.48
WB/1019	Pandam T.E.	2.63
WB/1173	Patong T.E.	5.44
WB/1357	Poobang T.E.	1.50
WB/4383	Ramshai T.E	2.73
WB/850	Rajabhat T.E.	3.31
WB/1365	Runghmook T.E.	3.64
WB/910	Redbank T.E.	3.99
WB/949	Satali T.E.	1.53
WB/885	Single T.E.	3.58
WB/704	Sungaon T.E.	7.99
WB/3385	Sonali T.E.	2.12
WB/1284	Vahtukrar T.E.	2.12
WB/1057	Moondakali T.E.	4.42
WB/955	Karala Valley T.E.	5.96

হিড়বাঁধ গ্রামীণ হাসপাতাল নির্মাণ

৪০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২২।) **শ্রীরামপদ মাণ্ডি:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় মঞ্জুরীকৃত হিড়বাঁধ গ্রামীণ হাসপাতাল নির্মাণের কাজ আরম্ভ হইয়াছে কি; এবং

(খ) না হইয়া থাকিলে, বিলম্বের হেতু কি?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) না।

(খ) সংশোধিত ব্যয়বরাদ্দের প্রশাসনিক অনুমোদনের প্রস্তাব পরীক্ষাধীন আছে।

ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিশ বন্ধের আদেশের উপর ইনজাংশন

৪০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩৬।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগেয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেডিক্যাল কলেজগুলির শিক্ষক ও অশিক্ষক ডাক্তারগণের প্রাইভেট প্র্যাকটিশ বন্ধ সংক্রান্ত সরকারী আদেশের উপর হাইকোর্টের মধ্যবর্তীকালীন ইনজাংশান কোন্ তারিখে জারি হয়;

(খ) ঐ ইনজাংশান এখনও বলবৎ আছে কি; এবং

(গ) বলবৎ থাকলে, তাহা ভ্যাকেট করার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ৪ঠা অক্টোবর, ১৯৮২।

(খ) হ্যাঁ।

(গ) আইনজীবীর মাধ্যমে ইনজাংশান প্রত্যাহারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। একটি মামলায় সরকারের পক্ষে একটি এফিডেবিট দাখিল করা হয়েছে। মামলাটি এখন শুনানির অপেক্ষায় আছে। ঐ মামলার চূড়ান্ত নিষ্পত্তির পর একই বিষয় সংক্রান্ত অন্যান্য মামলার ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। সমগ্র প্রশ্নটি মাননীয় আদালতের প্রক্রিয়ারভুক্ত এবং এই প্রসঙ্গে আমাদের মন্তব্য সীমাবদ্ধ।

মুর্শিদাবাদে ম্যালেরিয়া রোগ প্রতিরোধ ব্যবস্থা

৪০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩১।) **শ্রীশীশ মহম্মদ:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয় অনুপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার বিভিন্ন এলাকায় ম্যালেরিয়া রোগের প্রাদুর্ভাব দেখা দিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত জেলায় ম্যালেরিয়া রোগ প্রতিরোধের জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ, সত্য।

(খ) উক্ত জেলায় ম্যালেরিয়া রোগ প্রতিরোধের জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করেছেন :

(১) ম্যালেরিয়া অধ্যুষিত এলাকার প্রতিটি বাড়ীতে বছরে দু'বার কীটনাশক ওষুধ, যথা ডি ডি টি ছড়ানো হয়।

(২) স্বাস্থ্যকর্মীরা ঘরে ঘরে গিয়ে এবং হাসপাতালে ও স্বাস্থ্যকেন্দ্রে জ্বরাক্রান্ত রোগীর রক্তের নমুনা সংগ্রহ করে প্রাথমিক পর্যায়ে এ রোগীকে ম্যালেরিয়ার ওষুধ ক্লোরোকুইন খাওয়ান। পরে পরীক্ষায় উক্ত রোগীর রক্তের নমুনায় ম্যালেরিয়ার জীবাণু পাওয়া গেলে, পাঁচ দিনের জন্য বিশেষ চিকিৎসার (র‍্যাডিকেল কিওর) (প্রাইমাকুইন ওষুধ) দ্বারা রোগীকে সম্পূর্ণ জীবাণুমুক্ত করে নিরাময় করা হয়।

(৩) জেলার দুর্গম এলাকায় ওষুধ বিতরণ কেন্দ্র (ড্রাগ ডিষ্ট্রিবিউশান সেণ্টার) ও জ্বরের রোগীর চিকিৎসা কেন্দ্র (ফিবার ট্রিটমেণ্ট ডিপো) থেকে জ্বরের রোগীকে বিনামূল্যে ম্যালেরিয়ার ওষুধ (ক্লোরোকুইন) দেওয়া হয়। এইসব কেন্দ্র সাধারণতঃ পঞ্চায়েত বা শিক্ষক বা স্বেচ্ছাসেবকের দ্বারা পরিচালিত হয়ে থাকে।

(৪) জেলার প্রায় প্রতিটি স্বাস্থ্যকেন্দ্রে জ্বরের রোগীর রক্ত দ্রুত পরীক্ষার জন্য পরীক্ষাগার স্থাপন করা হয়েছে।

ফ্রেজারগঞ্জ ফিসারি

৪০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০০।) **শ্রীসরল দেব :** মৎস্য বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে ফ্রেজারগঞ্জ ফিসারিতে কত পরিমাণ মৎস্য উৎপাদন হইয়াছিল ; এবং

(খ) উক্ত প্রকল্পে কত লোক নিয়োজিত আছে ?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালে ফ্রেজারগঞ্জ ফিসারিতে মৎস্য উৎপাদনের পরিমাণ নিম্নরূপ :

বৎসর	মৎস্য উৎপাদনের পরিমাণ (কেজি হিসাবে)
১৯৮২-৮৩	১৩,৫৬৬
১৯৮৩-৮৪ (১৯৮৪ সালের ফেব্রুয়ারী পর্যন্ত) ...	১৭,৭০২

(খ) ২০ জন।

রঘুনাথগঞ্জ ১নং ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৫।) **শ্রীহাবিবুর রহমানঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ১নং ব্লকে কোন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে কি ? এবং

(খ) থাকিলে, উক্ত স্বাস্থ্য কেন্দ্রের শয্যা সংখ্যা ও কর্মীসংখ্যা কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ, একটি অস্থায়ী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে।

(খ) শয্যাসংখ্যা—ছয়, কর্মীসংখ্যা—পনের।

হাস্কিং মিল

৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৩।) **শ্রীগোপাল মণ্ডলঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি লাইসেন্সপ্রাপ্ত এবং লাইসেন্সবিহীন হাস্কিং মিল চলছে ; এবং

(খ) সমস্ত মিলকে লাইসেন্স দেবার পরিকল্পনা সরকারের আছে কি ?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) লাইসেন্সপ্রাপ্ত হাস্কিং মিলের সংখ্যা ৮,৭৭০টি। লাইসেন্সবিহীন মিলের কোন পরিসংখ্যান দেওয়া সম্ভব নয়।

(খ) হাস্কিং মিলের পারমিট লাইসেন্সের সমস্ত দরখাস্ত কেন্দ্রীয় সরকারের রাইস মিলিং ইণ্ডাষ্ট্রি (রেগুলেশন) অ্যাক্ট (১৯৫৮) এবং তৎসংক্রান্ত রুলস অনুযায়ী যথাশীঘ্র সম্ভব নিষ্পত্তি করতে বলা হয়েছে।

বঙ্গোদয় কটন মিলস্‌

৪০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১১।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বঙ্গোদয় কটন মিলস্‌ কতদিন ধরে লক-আউট আছে ;

(খ) এই লক-আউটের কারণ কি ; এবং

(গ) উক্ত কারখানাটি খোলার কোন ব্যবস্থা সরকার থেকে নেওয়া হচ্ছে কি ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ২১-১-১৯৮৪ থেকে 'শাট ডাউন' হয়ে আছে। এই বন্ধ অবস্থাকে মালিকপক্ষ তাঁদের নোটিশে লক-আউট বা ক্লোজার বলে উল্লেখ করেন নাই।

(খ) আর্থিক সংকট এবং মন্দা বাজার।

(গ) শ্রম আধিকারিকের অধীনে সালিশী চলছে।

জীবনদায়ী ঔষধের অভাব

৪১০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩০।) **শ্রীসরল দেব:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের বিভিন্ন হাসপাতালে জীবনদায়ী ঔষধের অভাবে চিকিৎসার অসুবিধা হইতেছে ; এবং

(খ) সত্য হলে, উক্ত ঔষধ সরবরাহের বিষয়ে রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) না, সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

ষষ্ঠ পরিকল্পনায় স্বাস্থ্য ও উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য অর্থ বরাদ্দ

৪১১। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৬।) **শ্রীঅমলেন্দ্র রায়:** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ষষ্ঠ পরিকল্পনাকালের এ পর্যন্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য কত টাকা পাওয়া গিয়েছে ; এবং

(খ) ঐ টাকায় কয়টি ঐরূপ কেন্দ্র স্থাপন করা হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ষষ্ঠ পরিকল্পনাকালের

প্রথম চার বছরে অর্থাৎ ১৯৮০-৮১ হইতে ১৯৮৩-৮৪ সাল পর্যন্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র উপ-স্বাস্থ্যকেন্দ্র এবং গ্রামীণ হাসপাতাল নির্মাণ ও খোলার জন্য মোট ১৮ কোটি ৩০ লাখ টাকা বরাদ্দ ছিল।

(খ) উক্ত সময়ের মধ্যে ২১টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ৪৩টি উপ-স্বাস্থ্যকেন্দ্র এবং ১৩টি গ্রামীণ হাসপাতাল খোলার এবং ৩টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ৭টি উপ-স্বাস্থ্য-কেন্দ্র এবং ৬টি গ্রামীণ হাসপাতাল নির্মাণের আদেশ দেওয়া হয়েছে।

পশ্চিমবঙ্গে মাথাপিছু সিমেন্টের বরাদ্দ

৪১২। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪০।) **শ্রীঅমলেন্দ্র রায়:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এই রাজ্যের জন্য মাথাপিছু সিমেন্টের বরাদ্দ সব রাজ্যের থেকে কম কিনা;

(খ) প্রত্যেক কোয়ার্টারে ফ্যাক্টরী থেকে চাহিদা মত সিমেন্ট মিলছে কি; এবং

(গ) গত বছরে বিদেশী সিমেন্ট কোথা থেকে কত এসেছে এবং ঐ সিমেন্টের সঙ্গে দেশী সিমেন্টের দামের তফাত কত ?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) কেন্দ্রীয় সরকারের ১৯৮২-৮৩ সালের বরাদ্দের হিসাব অনুযায়ী ভারতের রাজ্যগুলির মধ্যে মাথাপিছু বরাদ্দে এই রাজ্যের স্থান দশম।

(খ) না।

(গ) পশ্চিমবঙ্গ সরকারের একমাত্র প্রতিনিধি হিসাবে অত্যাবশ্যক পণ্য সরবরাহ কর্পোরেশন ১৯৮৩-৮৪ সালে মোট ৮১,১৭২ টন ৬৫ কুইন্টাল সিমেন্ট বিদেশ থেকে আমদানি করেছিল। তার মধ্যে প্রজাগণতান্ত্রিক কোরিয়া থেকে ২০,৬২৪ টন ৬৪ কুইন্টাল ও তাইওয়ান থেকে ৬০,৫৪৮ টন আমদানি করা হয়েছে। আমদানিকৃত সিমেন্টের দামের সঙ্গে দেশীয় সিমেন্টের টনপ্রতি পার্থক্য ছিল বিভিন্ন সময়ে ২৭৬ টাকা ১৬ পয়সা থেকে ৩৪৮ টাকা ৫৫ পয়সা।

মানসিক রোগ চিকিৎসা ব্যবস্থা

৪১৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭১) **শ্রীবিমলকান্তি বসু:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে শহরাঞ্চলে মানসিক রোগীর সংখ্যা কত;

(খ) সরকারী জেনারেল হাসপাতালগুলিতে মানসিক রোগ চিকিৎসার ব্যবস্থা আছে কি ;

(গ) থাকিলে, কোন্ কোন্ হাসপাতালে আছে ;

(ঘ) মানসিক রোগীদের চিকিৎসার জন্য কোন সরকারী চিকিৎসা কেন্দ্র (মেণ্টাল হাসপাতাল) আছে কি ; এবং

(ঙ) থাকিলে ঐগুলি কোথায় কোথায় আছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) এ বিষয়ে সরকারের নিকট কোন পরিসংখ্যান নাই।

(খ) আছে।

(গ) হাসপাতালগুলির একটি তালিকা নিম্নে প্রদত্ত হইল।

(ঘ) আছে।

(ঙ) (১) গোবরা মেণ্টাল হাসপাতাল, কলিকাতা।

(২) লুম্বিনী পার্ক মেণ্টাল হাসপাতাল, কলিকাতা।

(৩) মেণ্টাল অবজারভেশন ওয়ার্ড, ভবানীপুর, কলিকাতা-২৫।

(৪) মেণ্টাল হাসপাতাল, বহরমপুর, মুর্শিদাবাদ।

Statement referred to in reply to clause 'Ga' of unstarred question No. 413 (Admitted question No. 2071)

List of Psychiatric Clinics (Government)

1. Psychiatric Unit at R. G. Kar Medical College Hospital, Calcutta.
2. Psychiatric Unit at Medical College Hospital, Calcutta.
3. Psychiatric Unit at Calcutta National Medical College Hospital, Calcutta.
4. Psychiatric Unit at N. R. S. Medical College Hospital, Calcutta.
5. Psychiatric Unit at Bankura Sammilani Medical College Hospital, Bankura
6. Psychiatric Unit at Sadar Hospital, Burdwan.
7. Psychiatric Unit at Sadar Hospital, Jalpaiguri.
8. Psychiatric Unit at Sadar Hospital, Midnapore.
9. Psychiatric Unit at Sadar Hospital, Malda.
10. Psychiatric Unit at North Bengal Medical College & Hospital, Siliguri, Darjeeling.
11. Psychiatric Unit at Sadar Hospital, Krishnagar, Nadia.
12. Psychiatric Unit at Sadar Hospital, Cooch Behar.
13. Psychiatric Unit at Sadar Hospital, Darjeeling.
14. Psychiatric Unit at Sadar Hospital, Purulia.

চাউল ও গমের মাসিক বরাদ্দ

৪১৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭৮।) **শ্রীবিমলকান্তি বসু:** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্রীয় সরকারের চাউল ও গমের মাসিক বরাদ্দ কত; এবং

(খ) বর্তমানে সমগ্র পশ্চিমবঙ্গে পূর্ণ ও আংশিক রেশন এলাকায় মাসে চাউল ও গমের মোট চাহিদা কত?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) জানুয়ারী, ১৯৮৪ থেকে এই রাজ্যে বণ্টনের জন্য কেন্দ্রীয় সরকারের মাসিক বরাদ্দ হল—

চাল—১,১০,০০০ মেট্রিক টন।

গম—১,২৬,০০০ মেট্রিক টন।

ময়দাকলের জন্য গম—৪০,৫০০ মেট্রিক টন।

(খ) এই রাজ্যের রেশন ব্যবস্থা ও ময়দাকলের জন্য কেন্দ্রীয় ভাণ্ডার হতে এই রাজ্যের চাল ও গমের বর্তমান চাহিদা ৪ লক্ষ মেট্রিক টন। এই বৎসরে প্রত্যাশিত ভাল ফলনের পরিপ্রেক্ষিতে আগামী মে মাস থেকে এই চাহিদা ৩.৩০ লক্ষ মেট্রিক টন হবে বলে স্থিরীকৃত হয়েছে।

Provision of medicines and diet for patients

415. (Admitted question No. 2082). **Shri Sk. Anwar Ali** : Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) whether it is a fact that the prescribed norms for provisions of medicines and diet per patient per day in the State hospitals in West Bengal are lower than the national average ; and

(b) if so,

(i) what is the present position in the matter ; and

(ii) whether the State Government has any proposal to increase the prescribed norms for provisions of medicines and diet in the State hospitals in West Bengal ?

Minister-in-charge of Health and Family Welfare Department : (a) Nothing is known about the prescribed norms of the National average regarding provisions of diet and medicine per patient per day.

(b) (i) Does not arise.

(ii) A proposal for increase of the rate of supply of medicine to the patients is under examination.

In respect of diet the State Government have taken steps to review the existing diet chart meant for the patients in Government hospitals as well as to rationalise the supply of standard diet.

অমৃতখণ্ড অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য জমি অধিগ্রহণ

৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৬।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার বালুরঘাট থানার অমৃতখণ্ড অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য কবে জমি অধিগ্রহণ করা হয়েছে ;

(খ) যাঁদের জমি অধিগ্রহণ করা হয়েছে তাঁদের টাকা দেওয়া হয়েছে কি ;

(গ) না হয়ে থাকলে, কারণ কি ; এবং

(ঘ) কতদিনের মধ্যে এই টাকা পাওয়া সম্ভব ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ৭-১১-১৯৭৯ তারিখে।

(খ) না।

(গ) ও (ঘ) এই জেলার এল এ কালেক্টরেট অফিস হতে উক্ত জমির মূল্য সংক্রান্ত কোন ডিমাণ্ড এস্টিমেট পাওয়া যায় নি। উক্ত এস্টিমেট পেলে অধিগৃহীত জমির টাকা দেওয়া সম্ভব হবে।

বাঁকুড়া জেলার বিড়ি শ্রমিকদের গৃহনির্মাণের জন্য অর্থ বরাদ্দ

৪১৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৩৫।) **শ্রীউপেন্দ্র কিস্কু:** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিড়ি শ্রমিকের গৃহনির্মাণের জন্য ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালে কোন অর্থ বরাদ্দ করা হয়েছিল কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, (১) তাহলে কত টাকা বরাদ্দ করা হয়েছিল, (২) এতে কতজন শ্রমিক উপকৃত হয়েছেন ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) না, ঐ সময়ে কোন অর্থ বরাদ্দ করা হয় নি।

(খ) প্রশ্নই উঠে না।

সিউড়ি সদর হাসপাতাল

৪১৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৬২১।) **শ্রীঅরুণকুমার গোস্বামী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮৪ সালের ফেব্রুয়ারি মাসে সিউড়ি সদর হাসপাতালে ভুলবশতঃ রোগিণীদের প্রচুর গরুর ঔষধ চিকিৎসার্থে ব্যবহৃত হয়েছে; এবং

(খ) সত্য হলে ইহার কারণ কি?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

বৈজ্ঞানিক ভিত্তিতে মৎস্যচাষ বিষয়ে প্রশিক্ষণ ব্যবস্থা

৪১৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৪৬।) **শ্রীনীরোদ রায়চৌধুরী :** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বৈজ্ঞানিক পদ্ধতিতে মৎস্য চাষের জন্য মৎস্যজীবীদের প্রশিক্ষণ দেবার কোন ব্যবস্থা আছে কি;

(খ) এ রাজ্য থেকে বর্তমান বৎসরে বাগদা চিংড়ি রপ্তানি থেকে বৈদেশিক মুদ্রা কত পাওয়া গেছে; এবং

(গ) অধিক বাগদা চিংড়ি উৎপাদনের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ।

(খ) বাগদা চিংড়ি রপ্তানি থেকে ১৯৮৩ সালে ৪২ কোটি টাকার বৈদেশিক মুদ্রা পাওয়া গিয়েছে।

(গ) অধিক বাগদা চিংড়ি উৎপাদনের জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করেছেন—

(১) নোনা জলের চিংড়ি ও অন্যান্য মাছ অর্থাৎ পারশে, ভাঙড় ইত্যাদি চাষ সম্পর্কে মৎস্যচাষীদের প্রশিক্ষণ দান।

(২) নোনা জলে মাছ চাষের জন্য এবং মাছ ও চিংড়ির ডিম পোনা সংগ্রহ-কারীদের জন্য ব্যাঙ্ক থেকে শতকরা ৫০ ভাগ ঋণ ও শতকরা ৫০ ভাগ সরকারী অনুদানের প্রকল্প।

(৩) নোনা জলের মাছ ও চিংড়ির ডিম পোনা সংগ্রহকারী ধীবরদের গোষ্ঠী গঠন

এবং সরকারী অনুদানের মাধ্যমে তাহাদের মধ্যে ডিম পোনা সংগ্রহের জন্য জাল, হাঁড়ি, এনামেলের ডিস ইত্যাদি বিতরণ করার প্রকল্প।

(৪) ন্যাশানাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যাণ্ড রুরাল ডেভেলপমেন্ট (নাবার্ড) প্রকল্পে ব্যাঙ্ক ঋণ ও সরকারী অনুদানের মাধ্যমে জাল, যন্ত্রচালিত নৌকা ইত্যাদি মৎস্যচাষীদের দানের ব্যবস্থা।

(৫) সরকারী পরিচালনাধীনে বর্তমান খামারগুলির সম্প্রসারণ এবং নতুন খামার স্থাপন।

পুরুলিয়া জেলায় প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্র স্থাপন

৪২০। (অনুমোদিত প্রশ্ন নং ২৭১৭।) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় নূতন প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে, কয়টি এবং কোন্ কোন্ থানাতে স্বাস্থ্যকেন্দ্রগুলি স্থাপনের পরিকল্পনা আছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ।

(খ) পুরুলিয়া এক নং ব্লকে লাকরা অঞ্চলে এবং হুড়া ব্লকে লাডুরকা নামক স্থানে উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব বিবেচনাধীন আছে। এ ছাড়া আরশা ব্লকে অযোধ্যাপাহাড় এলাকায় আর একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনেরও প্রস্তাব বিবেচনাধীন আছে।

বাউরিয়া থানায় ই. এস. আই. ডাক্তারদের গরহাজিরা

৪২১। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭৫।) **শ্রীরাজকুমার মণ্ডল :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হাওড়া জেলার অন্তর্গত বাউরিয়া থানা এলাকায় যে সমস্ত ই. এস. আই. এর প্যানেল ডাক্তার আছেন তাঁরা তাঁদের ডিস্পেনসারিতে নিয়মিত আসেন না ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত বিষয়ে সরকার কর্তৃক কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ, কয়েকটি ক্ষেত্রে অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) প্রাপ্ত অভিযোগের বিষয়ে বিভাগীয় পদ্ধতিতে তদন্ত করা হয় এবং কোন কোন ক্ষেত্রে অভিযোগ প্রমাণিত হয়। সেক্ষেত্রে আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। সম্প্রতি প্রাপ্ত কয়েকটি অভিযোগের বিষয়ে তদন্ত চলিতেছে।

মুরারই গ্রামীণ হাসপাতালের যক্ষ্মা বিভাগ

৪২২। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০২।) **ডাঃ মোতাহার হোসেনঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বীরভূম জেলার মুরারই গ্রামীণ হাসপাতাল সংলগ্ন যক্ষ্মা বিভাগের নির্মাণ-কার্য আরম্ভ হয়েছে কি; এবং

(খ) না হয়ে থাকলে, কবে নাগাদ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথি ডাক্তার নিয়োগ

৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৪৯।) **শ্রীবিভূতিভূষণ দেঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রতি গ্রাম পঞ্চায়েতে একজন করে হোমিওপ্যাথি ডাক্তার নিয়োগের কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, এ বিষয়ে কি কোন উদ্যোগ নেওয়া হয়েছে; এবং

(গ) হয়ে থাকলে, মেদিনীপুর জেলায় এ পর্যন্ত কতজন ডাক্তার নিয়োগ করা হয়েছে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ। গ্রাম পঞ্চায়েতের ডিস্পেনসারিতে একজন পার্টটাইম হোমিওপ্যাথি চিকিৎসকের ব্যবস্থা করার পরিকল্পনা আছে।

(খ) হ্যাঁ।

(গ) ১০৯ জন।

মেদিনীপুর জেলা হাসপাতালে অ্যাম্বুলেন্স

৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৫০।) **শ্রীবিভুতিভূষণ দে:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার হাসপাতালগুলিতে অ্যাম্বুলেন্সের মোট সংখ্যা কত; এবং

(খ) এর মধ্যে কয়টি অকেজো হয়ে পড়ে আছে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১৯টি।

(খ) ২টি।

এফ. এফ. ডি. এ. স্কীমের জন্য বরাদ্দ অর্থ

৪২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৬০।) **শ্রীশিবপ্রসাদ মালিক:** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এফ. এফ. ডি. এ. স্কীমের জন্য পশ্চিমবঙ্গ সরকার বিশ্বব্যাঙ্ক থেকে কত টাকা ও কবে পেয়েছিলেন; এবং

(খ) ফেব্রুয়ারী, ১৯৮৪ সাল পর্যন্ত উক্ত টাকার কত পরিমাণ খরচ হয়েছে?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) এফ. এফ. ডি. এ. স্কীমের জন্য পশ্চিমবঙ্গ সরকার বিশ্বব্যাঙ্ক থেকে সরাসরি কোন টাকা পান না। উক্ত স্কীম রূপায়ণের জন্য পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকার মারফৎ টাকা পেয়ে থাকেন। কেন্দ্রীয় সরকার মারফৎ এ যাবৎ যে টাকা পাওয়া গিয়াছে তার হিসাব নিম্নরূপ:

		টাকা
১৯৮০-৮১	...	৩০,৩০,৩৭৫
১৯৮১-৮২	...	...
১৯৮২-৮৩	...	১৮,৭৫,০০০
১৯৮৩-৮৪	...	৩৭,০০,০০০
	মোট	৮৬,০৫,৩৭৫

(খ) ৪৯.১২ লক্ষ টাকা।

মেডিকেল কলেজ হাসপাতালে ভুয়া বিল প্রদর্শনপূর্বক অর্থ আদায়ের অভিযোগ

৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৭০।) **শ্রীঅরুণকুমার গোস্বামী:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেডিকেল কলেজ হাসপাতালে ভুয়া চালান ও বিল মারফৎ লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করা হচ্ছে, এ মর্মে সরকারের নিকট কোন অভিযোগ এসেছে কি ; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, এ সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) মেডিকেল কলেজ হাসপাতালে তিনশত বোতল হরলিক্স সরবরাহ বাবদ পাঁচ হাজার সত্তর টাকার একটি ভুয়া বিল পেশ করে ঐ পরিমাণ অর্থ আদায়ের একটি অভিযোগ সরকারের গোচরে এসেছে।

(খ) অভিযোগটি নিয়ে তদন্ত চলছে।

মশক বিনাশন

৪২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৭৬।) **শ্রীসরল দেব :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্রমবর্ধমান মশক বিনাশের স্কীমটি বর্তমানে চালু আছে কি ; এবং

(খ) না থাকিলে, তাহার কারণ কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) এইরূপ কোন প্রকল্প কোনদিন চালু ছিল না।

(খ) প্রশ্ন ওঠে না।

ব্লাড ব্যাঙ্ক

৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৪৮।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায় :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় কতগুলি ও কোথায় কোথায় ব্লাড ব্যাঙ্ক আছে ; এবং

(খ) আসানসোল মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক স্থাপনের কোন পরিকল্পনা আছে কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) বর্তমানে পশ্চিমবাংলায় ৩৯টি ব্লাড ব্যাঙ্ক চালু আছে ব্লাড ব্যাঙ্কগুলির একটি তালিকা দেওয়া হল।

(খ) আসানসোল মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক চালু আছে।

Statement referred to in reply to clause 'Ka' of unstarred question No. 428 (Admitted question No. 2948.)

ব্লাড ব্যাঙ্কগুলির তালিকা

জেলা			চালু ব্লাড ব্যাঙ্ক
কলিকাতা	...	(১)	কেন্দ্রীয় ব্লাড ব্যাঙ্ক।
		(২)	নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(৩)	এস. এস. কে. এম. হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(৪)	আর. জি. কর মেডিকেল কলেজ হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(৫)	চিত্তরঞ্জন হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(৬)	যাদবপুর ব্লাড ব্যাঙ্ক।
		(৭)	চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
২৪ পরগনা	...	(৮)	ডায়মণ্ডহারবার মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
হাওড়া	...	(৯)	হাওড়া জেনারেল হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
হুগলী	...	(১০)	হুগলী জেলা (চুঁচুড়া) হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(১১)	ওয়ালস হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক (শ্রীরামপুর)
		(১২)	আরামবাগ মহকুমা হাসপতাল ব্লাড ব্যাঙ্ক।
বর্ধমান	...	(১৩)	বর্ধমান জেলা হাসপাতাল (বিজয় চাঁদ হাসপাতাল) ব্লাড ব্যাঙ্ক।
		(১৪)	আসানসোল মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(১৫)	কালনা মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
বীরভূম		(১৬)	বীরভূম জেলা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
বাঁকুড়া	...	(১৭)	বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
মালদা	...	(১৮)	মালদা জেলা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
পুরুলিয়া	...	(১৯)	পুরুলিয়া জেলা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
কুচবিহার	...	(২০)	কুচবিহার জেলা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
জলপাইগুড়ি	...	(২১)	আলিপুরদুয়ার মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(২২)	জলপাইগুড়ি জেলা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।

জেলা		চালু ব্লাড ব্যাঙ্ক
দার্জিলিং	...	(২৩) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(২৪) দার্জিলিং জেলা হাসপাতাল (ভিক্টোরিয়া হাসপাতাল) ব্লাড ব্যাঙ্ক।
		(২৫) কালিম্পং মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(২৬) শিলিগুড়ি মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক;
		(২৭) কার্শিয়াং মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
নদীয়া	...	(২৮) নদীয়া জেলা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(২৯) জে. এন. এম. হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক, কল্যাণী।
		(৩০) গান্ধী মেমোরিয়াল হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক, কল্যাণী।
		(৩১) নেতাজী সুভাষ স্যানাটোরিয়াম সহায়ক ব্লাড ব্যাঙ্ক, কল্যাণী।
মুর্শিদাবাদ	...	(৩২) মুর্শিদাবাদ জেলা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(৩৩) লালবাগ মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(৩৪) কান্দি মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(৩৫) জঙ্গীপুর মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
মেদিনীপুর	...	(৩৬) মেদিনীপুর জেলা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(৩৭) দুর্গাচক (হলদিয়া) ব্লাড ব্যাঙ্ক।
পশ্চিম দিনাজপুর	...	(৩৮) পশ্চিম দিনাজপুর জেলা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(৩৯) রায়গঞ্জ মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।

জেলা		অনুমোদিত কিন্তু এ পর্যন্ত খোলা হয় নি এমন ব্লাড ব্যাঙ্কের তালিকা
২৪-পরগনা	...	(১) বসিরহাট মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(২) এম. আর. বাঙ্গুর হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(৩) বনগাঁ মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
		(৪) ব্যারাকপুর মহকুমা হাতপাতাল ব্লাড ব্যাঙ্ক।
বাঁকুড়া	...	(৫) বিষ্ণুপুর মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
নদীয়া	...	(৬) রাণাঘাট মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
মেদিনীপুর	...	(৭) কাঁথি মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।

জেলা		অনুমোদিত কিন্তু এ পর্যন্ত খোলা হয় নি এমন ব্লাড ব্যাঙ্কের তালিকা
	(৮)	ঝাড়গ্রাম মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
	(৯)	ঘাটাল মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
পশ্চিম দিনাজপুর ...	(১০)	ইসলামপুর মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
বীরভূম ...	(১১)	রামপুরহাট মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
কোচবিহার ..	(১২)	দিনহাটা মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।
হুগলী ...	(১৩)	চন্দননগর মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক।

সরকারী চাকুরীতে আদিবাসী ও তফসিলীদের প্রতিনিধিত্ব

৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৬২।) **শ্রীআনিসুর রহমান বিশ্বাস :** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ১৯৭৬-৭৭ সালে ও বর্তমান বৎসরে সরকারি চাকরীতে তফসিলী ও আদিবাসীদের প্রতিনিধিত্বের প্রকৃত অবস্থা কি ; এবং

(খ) তফসিলী জাতি ও আদিবাসীদের সরকারি চাকরীতে কোটা পূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন ?

তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ১৯৭৬-৭৭ সালে সরকারি চাকরীতে তফসিলী জাতির প্রতিনিধিত্বের হার ছিল শতকরা ৬.১৭ এবং আদিবাসীদের প্রতিনিধিত্ব ছিল শতকরা ১.৬৯ জন।

বর্ত্তমান বৎসরের পরিসংখ্যান এখনও পাওয়া যায় নি। তবে ১৯৮০ সালের ১লা এপ্রিল ঐ হার ছিল :

তফসিলীদের ক্ষেত্রে ... ১১.৪৪ পারসেন্ট

আদিবাসীদের ক্ষেত্রে ... ২.৫৪ পারসেন্ট

(খ) তফসিলী জাতি ও আদিবাসীদের সরকারি চাকরীতে কোটা পূরণের জন্য রাজ্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করেছেন :

(১) সংরক্ষিত শূন্যপদ যথার্থ প্রার্থী দ্বারা পূরণ করা না গেলে, সরাসরি নিয়োগের ক্ষেত্রে পরবর্তী দুই বৎসর পর্যন্ত উক্ত পদে ঐ সংরক্ষণের জের টানা হয়, আর পদোন্নতির ক্ষেত্রে পরবর্তী সংরক্ষিত শূন্যপদ না পাওয়া পর্যন্ত ঐ সংরক্ষণের জের টানা হয়।

(২) ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সালে সংরক্ষণ আইন চালু হওয়ার পূর্ববর্তী সময় পর্যন্ত বিভিন্ন সরকারী দপ্তরে সরাসরি নিয়োগের ক্ষেত্রে যে-সমস্ত পদে তফসিলী জাতি ও আদিবাসীদের নিয়োগ সংরক্ষিত হারের অনুপাতে কম হয়েছিল, অর্থাৎ তফসিলী জাতির ক্ষেত্রে শতকরা ১৫ ভাগ এবং আদিবাসীদের ক্ষেত্রে শতকরা ৫ ভাগের কম হয়েছিল সেইসব পদ পূরণের ক্ষেত্রে আইন চালু হওয়ার সময় থেকে বর্ধিত হারে পদ সংরক্ষণের ব্যবস্থা রয়েছে। এই বর্ধিত হার তফসিলীদের ক্ষেত্রে ২৫ পারসেন্ট এবং আদিবাসীদের ক্ষেত্রে ১০ পারসেন্ট। যতদিন পর্যন্ত তফসিলী ও আদিবাসীদের প্রতিনিধিত্বের হার যথাক্রমে ১৫ পারসেন্ট ও ৫ পারসেন্ট-এ উন্নীত না হয়, ততদিন পর্যন্ত ঐরূপ বর্ধিত হারে ঐসব পদে নিয়োগ করার ব্যবস্থা রয়েছে।

(৩) ডব্লিউ. বি. সি. এস., করনিক, টাইপিস্ট, স্টেনোগ্রাফার প্রভৃতি কৃত্যক ও পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থী নির্বাচনের জন্য যেসব প্রতিযোগিতামূলক পরীক্ষা গৃহীত হয়, ঐসব পরীক্ষাতে তফসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ের পরীক্ষার্থীরা যাতে অধিক সংখ্যায় সফল হয়, সেই উদ্দেশ্যে ঐ সকল সম্প্রদায়ের পরীক্ষার্থীদের পরীক্ষা প্রস্তুতির জন্য তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের পরিচালনাধীনে কয়েকটি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বিশেষ কোচিং এবং প্রশিক্ষণ দেবার ব্যবস্থা করা হয়েছে।

(৪) সরকারের বিভিন্ন দপ্তরে অবর বর্গীয় করণিক নিয়োগের ক্ষেত্রে তফসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ের জন্য যেসব সংরক্ষিত শূন্য পদ রয়েছে, সেগুলি ঐসব সম্প্রদায়ের প্রার্থীদের দ্বারা পূরণ করার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে কেবলমাত্র তফসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ের কর্মপ্রার্থীদের জন্য শীঘ্রই একটি পৃথক প্রতিযোগিতা-মূলক ক্লার্কশিপ পরীক্ষা গ্রহণ করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন রয়েছে।

বিষ্ণুপুর মহকুমার কর্মবিনিয়োগ কেন্দ্রে অফিসার ও কর্মী সংখ্যা

৪৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৩০১৫।) **শ্রীসুখেন্দু খাঁঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমার কর্মবিনিয়োগ কেন্দ্রে বর্তমানে কতজন অফিসার ও কর্মচারী কাজ করেন ; এবং

(খ) উক্ত অফিসার ও কর্মচারীদের সংখ্যা বৃদ্ধির কথা সরকার বর্তমানে বিবেচনা করছেন কি ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) বিষ্ণুপুর মহকুমার কর্মবিনিয়োগ কেন্দ্রে বর্তমানে একজন অফিসার ও ছয়জন কর্মচারী কাজ করেন।

(খ) উক্ত অফিসে অফিসারদের সংখ্যাবৃদ্ধির কোন প্রস্তাব এখন বিবেচনাধীন নেই। কিন্তু কর্মচারীদের সংখ্যাবৃদ্ধির কথা সরকারের বিবেচনাধীন আছে।

Adjournment Motion

Mr. Speaker: To-day I have received four notices of adjournment motion. The first is from Shri Sk. Imajuddin on the subject of outbreak of enteric disease in epidemic form in West Bengal. The second one is from Shri Haripada Jana on the subject of death of many persons from enteric disease and cholera in West Bengal particularly in Pingla Assembly Constituency. The third one is from Shri Kashinath Misra on the subject of non-payment of dearness allowance to the State Government employees and the last one is from Dr. Zainal Abedin on the subject of hunger strike by lawyers at Sealdah Civil Court.

Regarding the first and second, the concerned Minister has already made a statement in the House. Moreover, the Member will get opportunity to discuss the matter during discussion on a motion under Rule 185 on the same subject which is scheduled for discussion today. The subject matters of third and fourth motion are not such which call for adjournment of the business of the House.

I, therefore, with held my consent to the motions. One Member of the party may, however, read out the text of the motion as amended.

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এটা একটা নন-কনট্রোভার্সিয়াল সাবজেক্ট। এখানে বিচারমন্ত্রী মহাশয় আছেন। মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয়, শিয়ালদহ কোর্ট সম্পর্কে একটা দৃষ্টি আকর্ষণী প্রস্তাব দিয়েছিলেন। মাননীয় বিচারমন্ত্রী এর একটা উত্তরও দিয়েছিলেন। কিন্তু It has not satisfied the lawyers there. About 200 lawyers সম্পর্কে স্টেটসম্যানে যে সংবাদ বেরিয়েছে, আমি সেটা এখানে তুলে ধরছি:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely—

About 200 lawyers of Sealdah Civil Court went on hunger strike inside the

Court premises—but not outside, Sir—on Wednesday demanding early completion of the proposed Court building by the CMDA the foundation of which was laid in 1978. They also demanded amendment of Calcutta Municipal Corporation Act, 1980 for restoration of the Court's jurisdiction and immediate construction of five Court rooms and appointment of Judicial Officers for the speedy disposal of the cases.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা নন-কন্‌ট্রোভার্সিয়াল ব্যাপার। এই শিয়ালদহ কোর্ট বিল্ডিংটা ক্লাইভের সময়ে তৈরী। এটা এখন ভেংগে পড়েছে। আমি এ্যাপীল করবো জুডিশিয়াল মিনিস্টারের কাছে, সি. এম. ডি. এ. Minister is not here but Hon'ble P. W. D. Minister is here. তাঁরা যদি ইনসাইড দি কোর্ট প্রেমিসের হাংগার স্ট্রাইক করেন তাহলে কিভাবে জাস্টিস হতে পারে। সেজন্য To bring better environment there I would request the Hon'ble Minister to do the needful.

মিঃ স্পীকার : শিয়ালদহ কোর্ট বিল্ডিং সম্পর্কে মাননীয় সদস্য যে কথা বললেন, সে সম্পর্কে মন্ত্রী মহাশয় বিহিত ব্যবস্থা করবেন।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 9 notices of Calling Attentions namely :

1) Series of Mini-bus accident on Bagnan-Sibgunje Road and Bagnan-Kamalpur Road causing death of many passangers due to damage of the Roads from Shri Gourhari Adak and other.
2) Situation arisen out of D. B. Dutta Commission's report from Shri Sadhan Chattopadhyay.
3) Allegation against one Debaprasad Dutta, former Principal of Sreepat Singh College, Giagonj, for submission of false certificates, marksheet etc. from Shri Birendra Narayan Ray.
4) Measures to check enteric disease at Malda from Shri Shamsuddin Ahmad.
5) Terror prevailing at Border area due to firing by the Bangladesh Border Security Forces from Shri Satya Ranjan Bapuli.
6) Death of five passengers from Bus-accident near Kamarpole, Diamond Harbour on 24.4.84 from Shri Sk. Imajnddin.
7) Disruption in work of digging cannel under Teesta Project from Shri Kashinath Misra.
8) Medical examination of Calcutta University foiled on 25.4.84 due to error in question paper from Shri Satya Pada Bhattacharya,

9) Alleged death of two S.U.C. workers and injury to six others on 24.4.84 at Durganagar Sheikpara, South 24-Parganas from Shri Shish Mohammad.

I have selected the notice of Shri Birendra Narayan Ray on the subject of Allegation against one Debaprasad Dutta, former Principal of Sreepat Singh College, Giagonj, for submission of false certificates, marksheet etc.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রীপতিতপাবন পাঠক : কালকে যদি সম্ভব হয়, তাহলে কালকেই এই বিষয়ে উত্তর দেওয়া হবে। আর তা না হলে মাননীয় সদস্যের কাছে উত্তর পাঠিয়ে দেওয়া হবে।

Forty-fifth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I now present the Forty-fifth Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber and recommended the following revised programme of 26th April and programme of business of 27th April, 1984—

Thursday, 26.4.1984	...	(i) Motion under rule 185 regarding documentary T.V. film by Granada T.V.—Notice given by Shri Anil Mukherjee and others—2 hours.
		(ii) Motion under rule 185 regarding delay in production in Haldia Fertiliser Complex—Notice given by Shri Lakshman Ch. Seth—1 hour.
		(iii) Motion under rule 185 regarding proper measures to be undertaken by Government to prevent diarrhoea-dysentery—Notice given by Dr. Zainal Abedin and others—1 hour.
		(iv) Motion under rule 185 regarding Rehabilitation Industries Corporation—Notice given by Shri Nani Kar and Shri Subrata Mukhopadhyay—½ hour.
Friday, 27.4.84	...	Discussion on the Resolution under Article 179(c) of the Constitution of India regarding removal of Speaker—4 hours.

There will be no questions for oral answers and Mention cases on Friday, the 27th April, 1984.

শ্রীপতিতপাবন পাঠক: মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্যউপদেষ্টা কমিটির ৪৫-তম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় আমি প্রস্তাব উত্থাপন করছি।

মিঃ স্পীকার: আশা করছি, এই প্রস্তাবে সভার সকলের সম্মতি আছে।

(সদস্যগণ সকলে সম্মতি জ্ঞাপন করেন এবং প্রস্তাবটি গৃহীত হয়।)

(উল্লেখ)

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৪ তারিখ আমাদের দলের সভা ময়দানে সমাপ্ত হবার পর আমাদের কর্মীরা যখন মিছিল করে ফিরে যাচ্ছিলেন তখন সেই মিছিলের উপর দুর্বৃত্তরা আক্রমণ করে, বোমা নিক্ষেপ করে আমাদের দু'জন কর্মীকে নৃশংসভাবে খুন করেছে। সেই নারকীয় ঘটনাটি আমি এখানে উল্লেখ করছি এবং ঘটনাটির প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, গত ২৪শে এপ্রিল আমাদের পার্টির প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ময়দানে সমাবেশ ছিল। সমাবেশের পরে আমাদের কর্মীরা মিছিল করে—সমাবেশের একটা অংশ—বাড়ি ফিরে যাচ্ছিলেন, দক্ষিণ ২৪ পরগনা জেলার জয়নগর-মজিলপুর স্টেশনে নেমে তাঁরা বেলেদুর্গানগর যাবার বাস না পেয়ে একটা ট্রাকে করে যাচ্ছিলেন। গভীর রাত, রাত ১২টার সময়ে বেলেদুর্গা নগরের শেখ পাড়ায় হোগলা বন থেকে ৬/৭ জন অন্ধকারে বেরিয়ে এসে ট্রাকের ওপর বোমা নিক্ষেপ করে, ফলে আমাদের দু'জন কর্মী রাধাকান্ত প্রামাণিক এবং বিদ্যাধর হালদার মারা যান এবং অনেকে আহত হন, তাঁদের মধ্যে ৫ জন গুরুতর আহত হন। আমি দুষ্কৃতকারীদের নাম এখানে উল্লেখ করছি এবং স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়কে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি। তারা হচ্ছে জলিল গায়েন, হান্নান নস্কর, কালীপদ নস্কর। প্রধানতঃ এদের নেতৃত্বে ৬/৭ জন সমাজবিরোধী এই কাজ করেছে এবং এরা ইন্দিরা কংগ্রেসের মদতপুষ্ট সমাজ-বিরোধী।

[2.10—2.20 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের সম্পর্কে থানায় দীর্ঘদিন ধরে অভিযোগ আছে,

এদের সম্পর্কে আরো নানা ডায়েরী আছে, কিন্তু আজ পর্যন্ত এদের কোন শাস্তি-বিধান হয় নি। এদের সম্পর্কে ডাকাতির অভিযোগ আছে। আমি এইসমস্ত দুষ্কৃতকারীদের অবিলম্বে গ্রেপ্তারের দাবী জানাচ্ছি এবং দোষী ব্যক্তিদের গ্রেপ্তার করে শাস্তিবিধানের দাবী জানাচ্ছি। যাঁরা আহত এবং নিহত হয়েছেন তাঁদের ক্ষতিপূরণের দাবী জানাচ্ছি। এইরকম একটা নারকীয় হত্যাকাণ্ডের ঘটনার ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি নিজে ব্যক্তিগতভাবে এই ব্যাপারটি হস্তক্ষেপ করে দোষী ব্যক্তিরা যাতে শাস্তি পায় তার জন্য ব্যবস্থা নেবেন এবং দোষী ব্যক্তিদের বিরুদ্ধে তিনি কি ব্যবস্থা নিয়েছেন সেই সম্পর্কে যদি হাউসে একটি বিবৃতি দেন—আর একদিন মাত্র বাকী আছে—তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রীক্ষিতিভূষণ রায় বর্মণ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১১ এপ্রিল যুগান্তরে হেডিং দেওয়া হয়েছে "অঞ্জুদেবীর চোখের জল এখনও শুকিয়ে যায়নি"। মহেশতলার গনিপুর ১ নং গ্রাম পঞ্চায়েতের জব-এ্যাসিসটান্ট ও উপ-প্রধান এবং তারসঙ্গে আরো কয়েকটি ব্যক্তির উপর নারী ধর্ষণ, বাড়ীলুঠ এবং আক্রমণের একটা মিথ্যা অভিযোগ সেখানে করা হয় এবং এই হাউসে আমাদের কংগ্রেসী বন্ধুরাও এই অভিযোগ উত্থাপন করেন। আমি এই বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে এই কথা হাউসের সামনে বলতে চাই যে, এই ঘটনা সৈবব অসত্য এবং রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। পুলিশ রিপোর্টে এই কথা উল্লেখ আছে যে আর. এস. এস. নেতা অমল ব্যানার্জীর বাড়ীতে সেদিন আক্রমণ হয়েছিল। এটা ঠিকই। সেখানে ইঁট-পাটকেল পড়েছিল, দরজা-জানালার ক্ষতি হয়েছে এবং কাঁচ ভেঙেছে। কিন্তু এই সম্পর্কে অঞ্জুদেবীকে নিয়ে যে অভিযোগ ওঠে তাতে যে এনকোয়ারী করা হয় তাতে দেখা যাচ্ছে, অঞ্জুদেবী কোন সময়ে পুলিশের কাছে, নিজের স্বামীর কাছে কিম্বা কোন ব্যক্তির কাছে সরাসরি কোন অভিযোগ করেনি এবং এফ. আই. আর.-ও করেনি। তার কাঁচে আঘাত লেগেছিল বলে তাকে বিদ্যাসাগর হাসপাতালে পাঠানো হয়। সেখানে মেডিক্যাল অফিসারের সামনে কোন অভিযোগ করেনি। একমাত্র পরের দিন দুপুরবেলায় জব-এ্যাসিসটান্ট দীপক দাস সম্পর্কে ধর্ষণের অভিযোগ তিনি উত্থাপন করেন। তখন এনকোয়ারী করে দেখা যায় তাঁর তখন মাসিক চলছিল। যখন তাকে জিজ্ঞাসা করা হয় ঘটনাটি বলুন—তখন তার সামনে হাসপাতালের সুপারিনটেনডেণ্ট ছিলেন, আই. ও. ছিলেন এবং স্টাফ নার্সরা ছিলেন—তিনি বললেন, আমি তখন কি বলতে কি বলেছি, ঘটনাটি

মনে নেই। আমি বলতে বাধ্য হচ্ছি—হাসপাতাল থেকে তাঁর ভ্যাজিনাল সোয়াব টেষ্ট করা হয়েছে, কিন্তু তাতে ধর্ষণের কোন অভিযোগ নেই। তিনি নিজে নৃপেন বিশ্বাসের বিবাহিত স্ত্রী নন। তিনি অন্য একজনের স্ত্রী, এর সঙ্গে থাকেন। কাজেই আর. এস. এস., আনন্দমার্গী এবং কংগ্রেস-ই এদের ষড়যন্ত্রের ফলে এই ধরনের অভিযোগ করা হয়েছে। ওখানকার ব্লক যুব কংগ্রেস যে সমস্ত ইস্তাহার প্রকাশ করেছে সেগুলো উত্তেজনামূলক, সাম্প্রদায়িক বিদ্বেষপ্রসূত। আমি আপনার কাছে দুটি ইস্তাহার দিচ্ছি এবং এলাকার শান্তি রক্ষার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আবেদন জানাচ্ছি।

শ্রীআবদুল মান্নান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে এই বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ, প্রদেশ কংগ্রেস কমিটির সহ-সভাপতি, তপসিলী সম্প্রদায়ের জনপ্রিয় নেতা শ্রীঅপূর্বলাল মজুমদারকে আজকে তাঁর হাওড়ার বাসভবন থেকে সকাল ৯টা ৪০ মিনিটে ২৪-পরগনা পুলিশ গ্রেফতার করেছে। আপনি জানেন স্যার যে বাগদা হচ্ছে বর্ডার ডিষ্ট্রিকটের একটি প্লেস। সেই বাগদায় আজকে সমাজবিরোধীদের কার্যকলাপ পুলিশের সহযোগিতায় বেড়েই চলেছে। গত শনিবার দিন ঐ এলাকার আইন-শৃঙ্খলার অবনতির প্রতিবাদে বাগদা এলাকার প্রাক্তন সদস্য শ্রীঅপূর্বলাল মজুমদারের নেতৃত্বে একটি বিক্ষোভ মিছিল সংগঠিত হয়। গতকাল মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী কলিং এ্যাটেনশন মোশনের উত্তরে বলেছেন যে, অপূর্ববাবু ঐ মিছিলের নেতৃত্ব দিয়েছিলেন। সেই মিছিলের মাইক্রোফোন ছিল, ফেস্টুন ছিল। বহু লোক সেই মিছিলে জমায়েত হয়েছিলেন। কিন্তু সম্পূর্ণ একটি কাল্পনিক ঘটনার পরিপ্রেক্ষিতে, কাল্পনিক অভিযোগে কংগ্রেস কর্মীদের মারধোর করা হোল। অপূর্ববাবু নিজে ঐ ঘটনায় আহত হয়ে ডাক্তারের পরামর্শে যখন নিজ বাড়ীতে বিশ্রাম নিতে বাধ্য হচ্ছিলেন তখন তাঁকে বাড়ী থেকে গ্রেফতার করা হোল। আপনি ক্রিমিন্যাল ল-ইয়ার ছিলেন। আজকে তাঁর নামে অভিযোগ আনা হয়েছে—১৪৭/১৪৮/৩৩২ আই. পি. সি এ্যাণ্ড ৩২৫/৩৭৯/২৫/২৭ আর্মস এ্যাক্ট, আই. এম. পি. ও. এ্যাক্ট এ্যাণ্ড ৬(৩) এ. আই. ই. এ্যাক্টে। স্যার, আপনি কি বিশ্বাস করেন যে একজন প্রাক্তন স্পীকার কখনও এই আইনে গ্রেফতার হতে পারে—এটা পশ্চিমবাংলার মানুষ বিশ্বাস করবে? সম্পূর্ণভাবে প্রতিশোধ নেবার জন্য, বিরোধী শক্তি খর্ব করবার জন্য এইভাবে অপূর্ববাবুকে আজকে গ্রেফতার করা

হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন রাখতে চাই, এইভাবে বিরোধীপক্ষের উপর প্রতিশোধ নেবার জন্যই একজন প্রাক্তন স্পীকারের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন।

(গোলমাল)

শ্রীসুশীল কুজুর: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২০.৪.৮৪ তারিখে জলপাইগুড়ি জেলার মাদারীহাটে প্রচণ্ড শিলাবৃষ্টি এবং ঘূর্ণিঝড় হয়েছে। এই ঘূর্ণিঝড়ের ফলে প্রায় ৪০০ থেকে ৫০০ বাড়ী পড়ে গেছে, না হয় ধ্বংস হয়ে গেছে। ৩ হাজার একর ধানের জমির চাষ নষ্ট হয়ে গেছে। সুতরাং ঐ সমস্ত গরীব চাষীদের অবিলম্বে প্রয়োজনীয় সাহায্য দেবার জন্য আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি। ঐ ঝড়ের ফলে মাদারীহাট হাই স্কুল এবং আরও অনেক ঘরবাড়ী আর. এস. পি.-র অফিস বাড়ী সমেত দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং জলের পাইপ লাইন নষ্ট হয়ে গেছে। ফলে পানীয় জলের অভাবও দেখা দিয়েছে। কাজেই অবিলম্বে পানীয় জলের ব্যবস্থা করার জন্য আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

শ্রীহরিপদ জানা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উত্থাপন করছি। বিষয়টি হচ্ছে—কংসাবতী প্রজেক্ট থেকে যে জলটা আসে সেটা মেন ক্যানেল থেকে ৪।৬টি ক্যানেল দিয়ে প্রবাহিত হয়। সেটা সরবরাহ করে মিদনাপুর ইরিগেশন ডিভিশন-এর ওয়েষ্ট ডিভিশন। কিন্তু ওঁরা এই জল সরবরাহের ব্যাপারে একটি লোকাল কমিটি করেছেন। সেই কমিটির উপর নির্ভর করে অফিসাররা এবং ঐ অফিস বসে আছে, কিন্তু ঐ কমিটি ঐ ব্যাপারে কিছুই দেখাশুনা করছেন না।

তার জন্য আমার অনুরোধ যাতে সরকার অফিসাররা টপ টু বটম—উপরতলা থেকে নিচে তলা পর্যন্ত, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার থেকে ফিল্ড ওয়ারকার পর্যন্ত—নির্বিকার হয়ে বসে না থাকেন—তাঁরা যেন কমিটির উপর নির্ভর করে বসে না থাকেন। তা না হলে জল সুষ্ঠ ভাবে বণ্টন হবে না। সেই জন্য আমার অনুরোধ তাঁরা যেন তৎপরতার সংগে চেষ্টা করেন যাতে জল সুষ্ঠভাবে বণ্টন হয়। এখন

আবার পানীয় জল পাওয়া যাচ্ছে না। পানীয় জল যাতে ঠিকভাবে পাওয়া যায় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিচার বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি এখানে নেই, জুডিসিয়াল মিনিষ্টার এখানে থাকলে ভালো হতো। কাল শিয়ালদা আদালতের আইনজীবীরা ধর্মঘট করেছে। বিচারমন্ত্রীর কাছে তাঁরা কয়েকটি দরখাস্ত করেছেন এবং তাঁর ডিপার্টমেণ্ট সেইগুলি সই করে নিয়েছেন। সেখানে যে বিল্ডিং আছে সেটা ভেঙ্গে পড়ার মতো অবস্থা। সেটা এমন অবস্থায় আছে যে, যে-কোন মুহূর্তে মানুষ খুন হতে পারে। তাঁরা এই ব্যাপারে প্রতিবাদ করেছিলেন এবং ঘর করে দেবার জন্য বলেছিলেন। বহুদিন থেকে তাঁরা এই ব্যাপারে আপত্তি জানাচ্ছেন। কিন্তু কোর্ট বিল্ডিং-এর যে অবস্থা ছিল সেই অবস্থাতেই পড়ে আছে। যে-কোন মুহূর্তে এই বাড়ি ভেঙ্গে পড়ে যেতে পারে। এই কোর্টে বহু মামলা মোকদ্দমা পড়ে আছে। এই মামলা-মোকদ্দমা যাতে কুইক ডিসপোজাল হয় তার জন্য এডিশনাল জাজ এ্যাপয়েণ্ট করা তো দূরের কথা এখানে গৃহনির্মাণ আজ পর্যন্ত হয় নি। তাই আইনজীবীরা বাধ্য হয়ে মাননীয় বিচারমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে দরখাস্ত করেছেন। এটা ওয়েষ্ট বেঙ্গল ল-ইয়ার এ্যাসোসিয়েশন মুভ করেছেন। এই নিয়ে অনেক কিছু হয়েছে। কিন্তু আজ পর্যন্ত শিয়ালদা কোর্টের কিছু প্রতিকার হয় নি। ঐ রকম ভাঙ্গা ঘরে আইনজীবীরা আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একজন আইনজীবী, আপুনি এই ব্যাপারটার প্রতি নিশ্চই গুরুত্ব দেবেন। এই আইনজীবীরা এমন এক জায়গায় পৌঁছেছে যে তাঁরা অনশন করতে বাধ্য হয়েছেন। আপনি নিজে আইনজীবী হিসাবে এর প্রতিকারের ব্যবস্থা করুন। এখানে অনেক মামলা পড়ে আছে, শুধু তাই নয়, এখানে যদি একটা দুর্ঘটনা ঘটে যায় তাহলে সেটা শোধরাবার কোন অবকাশ থাকবে না। অবিলম্বে যাতে এই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করা যায় তার জন্য দাবি জানাচ্ছি।

[2.20—2.30 P.M]

শ্রীনীরোদ রায় চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রের রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন' স্যার, শিয়ালদার বনগাঁ লাইন আজও অবহেলিত এবং উপেক্ষিত। এই সেকসানের ট্রেন কখন ছাড়বে এবং

কখন পৌঁছাবে তার ঠিক নেই। ট্রেনের অভ্যন্তরে আলো নেই, সিট নেই, ফ্যান নেই। একে তো ট্রেনের মধ্যে দারুণ ভিড় তার উপর ট্রেনের মধ্যে পাখার কোন ব্যবস্থা নেই। এই দারুণ গরমে লোকেরা চলাফেরা করতে পারছে না। তাছাড়া জলের কোন ব্যবস্থা নেই। এই লাইনে শিয়ালদা থেকে যতগুলি স্টেশন আছে তার মধ্যে কোন স্টেশনে জলের ব্যবস্থা নেই। অনেক স্টেশনে সেডের কোন ব্যবস্থা নেই। এই রৌদ্রে যাত্রীরা দাঁড়াতে পারছে না। এখানে ট্রেন ছাড়তে বা পৌঁছতে বিলম্ব হবে এটা সকলেরই জানা আছে। কিন্তু কত বিলম্ব হবে সেটা কারোর জানা নেই। এই অবস্থার মধ্যে দিয়ে যাত্রী সাধারণ চলাফেরা করতে পারছে না। এই লাইনে প্রথমে শিয়ালদা থেকে বারাসাত পর্যন্ত এবং পরে বারাসাত থেকে বনগাঁ পর্যন্ত রেল লাইন ডবলীকরণের সিদ্ধান্ত রেল কোম্পানী নেয়। বারাসাত থেকে বনগাঁ ডবলীকরণের কথা ছিল ১৯৮৩ সালে। কিন্তু সেটা আজ পর্যন্ত হয় নি। এই জন্য আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি অকর্ষণ করছি।

শ্রীসুনীতি চট্টরাজ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি। এই সরকার পুলিশের মধ্যে নোংরা রাজনীতি ঢুকিয়ে দিয়ে একটা বিষ বৃক্ষ রোপণ করেছেন এবং এই বিষ বৃক্ষের ফল তাঁদেরই খেতে হবে। এই পুলিশের ভিতর রাজনীতি ঢোকানোর জন্য পুলিশ আজ খুন হচ্ছে, পুলিশ অত্যাচারিত হচ্ছে। মহম্মদ ইদ্রিস পুলিশের দ্বারা নির্যাতিত হয়েছে। ইসলামপুর থানার ও, সি. কে কমিউনিষ্টকে কংগ্রেস মনোভাবাপন্ন সেটা দেখছে।

এ হচ্ছে এক নোংরা ঘটনা। ও. সি. মহঃ ইদ্রিসকে কংগ্রেসীভাবাপন্ন দেখে লক-আপে সিগারেটের ছ্যাঁকা দিয়ে এবং রুলার দিয়ে প্রচণ্ড মারধোর করেন। তার এগেনেষ্ট কোন স্পেসিফিক কেস বা স্পেসিফিক চার্জ ছিল না। এই অবস্থাতে পরের দিন সকাল বেলায় তাঁর আত্মীয়স্বজন দেখা করতে গেলে, তাঁদের দেখা পর্যন্ত করতে দেওয়া হয় নি। শুধু তাই নয়, ৪৮ ঘন্টা পার হয়ে গেলেও তাঁকে আদালতে প্রোডিউস করা হয় নি। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন, পুলিশের মধ্যে শুধু ট্রেড ইউনিয়নের অধিকার দিলে হবে না, তাদের সুষ্ঠুভাবে প্রশাসনের কাজে যাতে ব্যবহার করা হয়, তার ব্যবস্থা যেন তিনি গ্রহণ করেন।

শ্রীচিত্তরঞ্জন বিশ্বাস: মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই হাউজের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে,

আমাদের নদীয়া জেলার করিমপুর ২নং ব্লকে ১নং গ্রাম পঞ্চায়েত অফিসে গত ২১শে এপ্রিল একটি অত্যন্ত ঘৃণ্য এবং দুর্ভাগ্যজনক ঘটনা ঘটেছে। ঐদিন বেলা ১০-৩০ মিঃ সময়ে অফিস তখন কেবল খুলেছে। অফিসের মধ্যে চৌকিদার, অন্যান্য কর্মচারীরা কাজ করছিলেন, সেই সময়ে ২০/২৫ জন যুবক গ্রাম পঞ্চায়েতের ঐ অফিসের ভেতরে ঢুকে সমস্ত কিছু তছনছ করে। ঐ যুবকগণ ওখান থেকে ১৫০০ রেশন কার্ড ও পঞ্চায়েতের নগদ ১২০০ টাকা ছিনতাই করে। ঐ টাকা তারা অফিস সেক্রেটারীর কাছ থেকে ছিনতাই করে নিয়ে যায়। ২০/২৫ জন যুবক ঐ ভাবে গ্রাম পঞ্চায়েতের অফিসে ঢুকে ছিনতাই করে নিয়ে চলে গেল, এ অত্যন্ত লজ্জার কথা। গ্রাম পঞ্চায়েতের সদস্য হচ্ছেন কংগ্রেস (ই) দলের একজন নেতা। তিনি ঐ গ্রামের একজন কুখ্যাত সমাজবিরোধি ব্যক্তি। তাঁর নেতৃত্বে ঐ যুবকরা এই ধরনের ন্যক্কারজনক ঘটনা ঘটিয়েছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে দুষ্কৃতকারীগণকে যাতে পুলিশ গ্রেপ্তার করে যথাযথ শাস্তির ব্যবস্থা করে সেদিকে যেন দৃষ্টি দেন।

শ্রীমাধবেন্দু মোহান্ত: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। নদীয়া জেলায় তেহট্ট এবং করিমপুরে জলঙ্গী নদীর ভাঙনে পড়ে এক বিস্তীর্ণ অঞ্চল বিপন্ন হয়ে পড়েছে। তার মধ্যে কানাইনগর ও চাঁদেরঘাট গ্রাম দুটি গুরুতর ভাবে বিপন্ন হয়ে পড়েছে। এছাড়া অভয়নগরের অবস্থাও খুবই খারাপ। নদী ভাঙ্গনের ফলে কানাইনগর ও চাঁদেরঘাট গ্রামের ৫০/৬০টি বাড়ী ইতিমধ্যেই জলমগ্ন হয়ে নদী গর্ভে চলে গেছে। অভয়নগরের অবস্থাও একই প্রকার, খুব শোচনীয় অবস্থার মধ্যে আছে। এই ভাঙন রোধের জন্য আশু ব্যবস্থা গ্রহণের জন্য আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বিষয়টি মুলতবী প্রস্তাবের আকারে আপনার অনুমতি নিয়ে তুলেছি। শিয়ালদহ কোর্টের ব্যাপারে মাননীয় জুডিসিয়াল মিনিষ্টার এখানে একটি বিবৃতি দিয়েছিলেন। স্যার, আপনার কাছে আমার আবেদন, মাননীয় জুডিসিয়াল মিনিষ্টার এখানে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন—পাবলিক ওপিনিয়ন রেখেছিলেন—সেই অনুযায়ী যেন তিনি প্রতিশ্রুতি রক্ষা করেন।

মিঃ স্পীকার : যে বিষয়ের উপরে আপনি এ্যাডজর্নমেণ্ট মোশান দিয়েছিলেন, সেই বিষয় নিয়ে কি মেনশান করা যায় ?

ডাঃ জয়নাল আবেদিন : I only submit my paper. If you allow the adjournment motion then I produce the document. But if you withhold consent I cannot submit the document.

মিঃ স্পীকার : A statement has already been made in the House in reply to a Calling Attention.

ডাঃ জয়নাল আবেদিন : Subsequently there was a hunger strike.

মিঃ স্পীকার : হাঙ্গার ষ্ট্রাইক আপনারা করতে পারতেন, সেটা অন্য ইস্যু।

[2.30—2.40 P.M.]

শ্রীসাধন চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া বাজার বলে কৃষ্ণনগরে একটি সাপ্তাহিক পত্রিকায় ১৬ এপ্রিল একটি গুরুতর অভিযোগ প্রকাশিত হয়েছে। কৃষ্ণনগরে নদীয়া জেলা হাসপাতালে ডাঃ এস. আর. দাস ১২শ টাকা ঘুষ নিয়ে জনৈক রুগীর অপারেশান করেছেন। কিন্তু এর বিরুদ্ধে তাঁর পক্ষ থেকে আজ পর্যন্ত কোন প্রতিবাদ বের হয় নি। এমন কি আমি খোঁজ নিয়ে দেখলাম স্বাস্থ্য দপ্তরের জেলা কর্তৃপক্ষ এ বিষয়ে কোন তদন্ত করেনি। এই নিয়ে শহরে উত্তেজনা রয়েছে। সরকারী ডাক্তারদের একটি অংশ জুনিয়ার ডাক্তারদের সঙ্গে হাত মিলিয়ে বামফ্রন্ট সরকারের গণমুখী কাজগুলোকে বানচাল করবার জন্য এবং সরকারকে হেয় করার জন্য নানাভাবে চেষ্টা করছেন। তাঁদের একটা অংশ দুর্নীতির সঙ্গে নিজেদের যুক্ত করেছেন। তাই আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য-মন্ত্রীর কাছে আবেদন যে অত্যন্ত শক্ত হাতে এই অভিযোগ সম্পর্কে পূর্ণ তদন্তের ব্যবস্থা করে অভিযোগ সত্য প্রমাণিত হলে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন।

শ্রীকাশীনাথ মিশ্র : স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার এবং মাননীয় সদস্যদের একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা দেখবেন পত্র-পত্রিকা থেকে

আরম্ভ করে বিভিন্ন ভাবে শিক্ষার যে দুরবস্থা এবং শিক্ষা জগতের যে একটা অস্বাস্থ্যের পরিবেশ চলছে সে সম্বন্ধে লেখা হচ্ছে। বিভিন্ন কলেজের অধ্যাপকরা ৬ মে থেকে কর্মবিরতি করবার প্রস্তাব দিয়েছেন। ৩৩২ টা কলেজে প্রায় ৯ হাজার অশিক্ষক কর্মচারী আছেন। সরকারী কলেজ, স্পনসর্ড কলেজ এবং বেসরকারী কলেজগুলো থেকে তাঁরা বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আন্দোলন করবেন। এই সমস্ত প্রতিষ্ঠানের কার্যকলাপ ক্রমাগত যে অবস্থায় চলছে তাতে অস্থিরতা দেখা দিচ্ছে। দুঃখের বিষয় সেদিকে আমাদের কারুর লক্ষ্য আসে না। সংস্কৃতের অধীনে যে-সমস্ত চতুষ্পাঠী বা টোল আছে এদের অধ্যাপকদের অবস্থা খুবই করুণ। সংস্কৃত পরিষদের অধিকাংশ কর্মীরাই ১৯৮০-৮১ সাল থেকে বেতন পাচ্ছেন না। বঙ্গীয় শিক্ষা পরিষদ একেবারে অচল হয়ে গেছে। এখানকার যাঁরা কর্মচারী আছেন তাঁদের মধ্যে বিভিন্ন সময়ে বিভিন্ন ভাবে অভিযোগ উঠেছে। সব চেয়ে বড় জিনিস সংস্কৃত পণ্ডিতরা রাস্তায় নেমে আন্দোলন করার মুখে। এই কারণে আমি বলবো শিক্ষা জগতে প্রচণ্ডভাবে একটা যে অস্থিরতা চলছে সে বিষয়ে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন এবং টোলগুলোকে রক্ষা করার ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রীবিভুতি ভুষণ দেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অন্যান্য জেলার মত আমাদের মেদিনীপুর জেলাতেও এই আন্ত্রিক রোগ দেখা দিয়েছে। আমরা লক্ষ্য করেছি, বামফ্রন্ট সরকার খুব দক্ষতার সঙ্গে এই রোগের মোকাবিলা করছেন এবং এর ভয়াবহতা কমিয়ে আনতে সক্ষম হয়েছেন। আমি অনুরোধ করছি মেদিনীপুর জেলার হাসপাতালগুলিতে এই রোগের জন্য প্রয়োজনীয় ঔষধপত্র পাঠাবার ব্যবস্থা করুন। এই প্রসঙ্গে আমার আর একটি প্রস্তাব হচ্ছে, হোমিওপ্যাথিতেও যখন এই রোগের চিকিৎসার ব্যবস্থা আছে তখন অভিজ্ঞ হোমিওপ্যাথদের নিয়ে একটি টিম গঠন করুন এবং যেখানে যেখানে এই রোগ দেখা দিয়েছে তাঁদের সেখানে পাঠাবার ব্যবস্থা করুন চিকিৎসার জন্য। এই ব্যবস্থা হলে এই রোগ কমাবার ক্ষেত্রে আমাদের আরও সুবিধা হবে।

শ্রীশেখ ইমাজুদ্দিনঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। পশ্চিমবাংলায় বিদ্যুতের খুবই ঘাটতি রয়েছে এবং আমরা দেখছি ২৪ ঘণ্টার মধ্যে ১৬/১৭ ঘণ্টা লোডশেডিং চলছে। গ্রামে যে রুরাল ইলেকট্রিফিকেশন রয়েছে তাতে দেখছি গ্রামের মানুষ অবৈধভাবে

বিদ্যুৎ চুরি করছে এবং তার ফলে বিদ্যুৎ চালিত পাম্প অচল হয়ে গেছে। অনভিজ্ঞ এবং অজ্ঞ লোকেরা বিদ্যুৎ চুরি করতে গিয়ে বিদ্যুৎপৃষ্ঠ হয়ে মারা গেছে। এটা বন্ধ করার জন্য আমরা বিদ্যুৎ দপ্তরের সঙ্গে যোগাযোগ করেছি, কিন্তু তারা কিছু করছে না এবং থানার লোকেরাও কিছু করছে না। এই প্রসঙ্গে সি, পি. এম. দলের ভূমিকা একটু বলি। তারা গ্রামের লোকদের বলছে, এই সরকার কত ভাল দেখ, কোন পয়সা লাগবে না, ইচ্ছেমত বিদ্যুৎ নিয়ে নাও। সি. পি. এম.-এর লোকেরা এইভাবে গ্রামের লোকদের বিদ্যুৎ চুরিতে প্ররোচনা দিচ্ছে এবং সাহায্য করছে।

শ্রীহিমাংশু কুনার ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ এগ্রিকালচারাল লেবার বর্তমানে বেকার হয়ে রয়েছে। এই লেবাররা এক সময় বিভিন্ন জায়গায় কাজ করতো। ১৯৮০ সাল থেকে পশ্চিমবঙ্গকে এন. আর. ই. পি.-র মাধ্যমে যে খাদ্য সরবরাহ করার কথা সেটা কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিয়েছেন। বামফ্রন্ট সরকার তাঁদের সীমাবদ্ধ আর্থিক সামর্থ্যের মধ্যে কিছু টাকা বরাদ্দ করতে চায় গ্রামীণ উন্নয়ন পরিকল্পনার জন্য। কিন্তু কেন্দ্রীয় সরকার প্রয়োজনীয় খাদ্যশস্য সরবরাহ করছে না। পশ্চিমবাংলায় ২৮ লক্ষ ৪৮ হাজার ৮৫২ জন এগ্রিকালচারাল লেবার আছে। আমি অনুরোধ করছি তাদের কাজ দেবার জন্য কেন্দ্রীয় সরকার যাতে খাদ্যশস্য সরবরাহ করেন তার ব্যবস্থা করুন।

শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি কেন্দ্রীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন গোটা ভারতবর্ষে লক্ষ লক্ষ শ্রমিক নির্মাণ শিল্পের সঙ্গে যুক্ত আছে এবং বিভিন্ন প্রতিকূল অবস্থার মধ্যে তাদের কাজ করতে হয়। তারা জলে, আকাশে এবং মাটির নীচে কাজ করে এবং বহু নগরী এবং শিল্প এলাকা গড়ে তোলে। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত তাদের জন্য কোন আইন তৈরী হল না। কাজেই আমি এই নির্মাণ শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিকদের চাকুরীর দিক থেকে নিরাপত্তা দেবার জন্য এবং অন্যান্য সুযোগ-সুবিধা দেবার জন্য যাতে আইন তৈরী হয় তার জন্য কেন্দ্রীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। আমি এই প্রসঙ্গে পশ্চিমবাংলার শ্রমমন্ত্রীকেও অনুরোধ করছি এই শ্রমিকদের জন্য কোন আইন করা যায় কিনা সেটা তিনিও ভেবে দেখুন। অবশ্য আমরা জানি এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সহযোগিতা না পেলে তিনি কিছু করতে পারবেন না।

নির্মাণ শিল্পের এই শ্রমিকরা শুধু পশ্চিমবাংলাতেই নয়, ভারতবর্ষের বিভিন্ন স্থানে শিল্প গড়ে তোলার কাজে সাহায্য করে। কাজেই মনে করি তাদের জন্য অবিলম্বে একটা সুষ্ঠু আইন তৈরী করা দরকার।

[2.40—2.50 P.M.]

শ্রীসামসুদ্দিন আমেদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই আন্ত্রিক রোগ, ডায়রিয়া এবং বেসিল্যারি ডিসেন্ট্রি রোগের আক্রমণে মালদহ জেলার কালিয়াচক থানার ৩নং ব্লকের অধীন ভগবানপুর গ্রাম পঞ্চায়েতের এলাহিটোলা গ্রামে যে শিশুরা শেষ হয়ে গেছে। আমি আপনার কাছে তাদের নামগুলো বলছি :

(১) উদ্দিন শেখ, বয়স ৬ বৎসর—পিতা সালিম শেখ।

(২) ফিরিয়া খাতুন, বয়স ৪ বৎসর—পিতা লুটু শেখ।

(৩) খরিমন খাতুন, বয়স ৪ বৎসর—পিতা লুটু শেখ।

(৪) সাহানারা খাতুন, বয়স ৫ বৎসর—পিতা সইফুদ্দিন।

(৫) এনামুল হক, বয়স ৬ বৎসর—পিতা জাবেদ আলি।

(৬) জিমুয়ারা খাতুন, বয়স ৬ বৎসর—পিতা দবেশতুল্লা, বর্তমানে বেদরাবাদ প্রাইমারী হেল্‌থ সেণ্টারে আছেন।

স্যার, মৃতের সংখ্যা এই দিলাম, এছাড়া আরও বহু লোক অসুস্থ অবস্থায় রয়েছে। এই রোগ শিশু এবং বৃদ্ধদেরই আক্রমণ করছে। যারা মাঝবয়সী লোক তারা বড় একটা আক্রান্ত হচ্ছে না। এই গ্রামের ১০০-এর বেশী লোক এখন আর গ্রামে থাকতে সাহস পাচ্ছে না। একজন মহিলাকে পাঠান হয়েছিল এইসব দেখা-শুনা করার জন্য, কিন্তু তিনি ভয়ে ওখান থেকে চলে এলেন। আমি অনুরোধ করছি সরকার অবিলম্বে এই গ্রামটির প্রতি দৃষ্টি দিন।

শ্রীশীষ মহম্মদ: মাননীয় স্পীকার মহাশয়, আমাদের বিধানসভা শেষ হতে চলেছে, কাজেই এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সামনে বর্ষা আসছে এবং জুন মাস এলেই দেখব পদ্মা নদীতে জল বাড়বে। আমাদের সুতী থানার ২২ বর্গমাইল এলাকা [* *] ডুবিয়ে রেখেছে। বাকী অংশ যেটুকু রয়েছে তাতে এই বন্যার জল একটিমাত্র জায়গা দিয়ে ঢুকে সব ভাসিয়ে দিচ্ছে এবং তার ফলে সরকারকে প্রতি বছর প্রচুর পরিমাণে সাহায্য দিতে হচ্ছে। আমি বলছি, প্রতি বছর এইভাবে সাহায্য না

* NOTE : Expunged as ordered by the chair.

দিয়ে সেই জায়গাটা যদি বাঁধিয়ে দেওয়া যায় তাহলে ওই সাহায্য দেবার প্রশ্নটি আর আসবে না। এই জায়গাটির নাম হচ্ছে গঙ্গা ব্যারেজ থেকে ধাওয়াপাড়া। আমি অনুরোধ করছি ওই জায়গাটা বাঁধাবার ব্যবস্থা করুন এবং এতে মাত্র এক / দেড় লক্ষ টাকা খরচ হবে।

মিঃ স্পীকার: [* *] নাম বাদ যাবে।

শ্রীঅবন্তী মিশ্র: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পাবলিক হেল্‌থ ইঞ্জিনীয়ারিং, রুরাল ওয়াটার সাপ্লাই এবং পাবলিক হেল্‌থ-এর উভয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার রামনগর বিধানসভা এলাকার কন্দর্পপুর গ্রামের একজন মহিলা এবং একজন পুরুষ দুষিত জল পান করে আন্ত্রিক রোগে আক্রান্ত হয়ে মারা গেছে—এই সংবাদ আমি পেয়েছি।

কিন্তু দুঃখের বিষয় গতকাল রাত্রে যে সংবাদ পেয়েছি, স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে প্রতিকার করার কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে আমার মনে হচ্ছে না। কারণ ঐ এলাকার বিভিন্ন গ্রামে সংক্রামক ব্যাধি ছড়িয়ে পড়ছে। শত শত লোক এই রোগে আক্রান্ত হচ্ছে, কিন্তু কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। তাই আমি পাবলিক হেল্‌থ ইঞ্জিনীয়ারিং, রুরাল ওয়াটার সাপ্লাই এবং পাবলিক হেল্‌থ উভয় বিভাগের মন্ত্রী মহাশয় দ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এই রোগ প্রতিরোধ এবং প্রতিষেধকের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হয় তার ব্যবস্থা যেন করেন।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি দেখেছেন কাগজে এবং রেডিওতে শুনেছেন জলপাইগুড়ি জেলার বেরুবাড়ি সংলগ্ন দুটি গ্রাম, একটি খুদিবাড়ি এবং অপরটি সিংঘিপাড়ায় যৌথ জরিপের সময় ঐ দুটি গ্রামকে বাংলাদেশের বলে দাবী করা হয় এবং সেটাকে কেন্দ্র করে সেখানকার মানুষের মধ্যে একটা আতঙ্ক এবং উত্তেজনা সৃষ্টি হয় এবং সেখানকার সেইসব উত্তেজিত জনতা সংগ্রাম করবার জন্য একটা সংগ্রাম পরিষদ গঠন করেছে। যৌথ জরিপের সময় স্থানীয় অধিবাসীরা বাধা দেন এবং জরিপের কাজ বন্ধ হয়ে যায়। খুদিপাড়া গ্রামের আয়তন হচ্ছে ২৩ একর এবং সেখানকার লোকসংখ্যা হচ্ছে ১২০ জন। সিংঘিপাড়া গ্রামের আয়তন হচ্ছে ৭৭ একর, লোক সংখ্যা হচ্ছে ১৫০। দুটি গ্রামই নগর বেরুবাড়ি গ্রাম পঞ্চায়েতের অধীন।

পঞ্চায়েত সদস্য সংখ্যা হচ্ছে ১২। দুটি গ্রামই জলপাইগুড়ি জেলার কোতওয়ালি থানার অধীন। আমি এই ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, তিনি এই ব্যাপারে হস্তক্ষেপ করুন এবং দ্ব্যর্থহীন ভাষায় এই দুটি গ্রাম যে ভারত-এর অবিচ্ছেদ্য অংশ, তা ঘোষণা করুন এবং যৌথ জরিপের কাজ বন্ধ রাখুন।

শ্রী অশোক ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সকাল ১০টার সময় হাওড়া শহরের মানুষ অবাক বিস্ময়ে লক্ষ্য করেছে, হাওড়া শহর যেন একটা যুদ্ধ-ক্ষেত্রে পরিণত হয়েছিল। সেখানে কয়েক ভ্যান পুলিশ এবং পুলিশ অফিসার উপস্থিত ছিলেন। হাওড়ার কোন পদস্থ পুলিশ অফিসার সেখানে ছিলেন না। আমার বাড়ি থেকে মাত্র দেড় কিলোমিটার / দু' কিলোমিটার রাস্তা, বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ অপূর্বলাল মজুমদারের বাড়িতে ২৪ পরগনা থেকে এ্যাডিশনাল এস. পি. কয়েক ভ্যান পুলিশ নিয়ে যেন একজন ক্রিমিন্যালকে এ্যারেস্ট করতে এসেছে, এই রকম ভাবে তারা এসেছিল। সমস্ত বাড়িটা ঘিরে ফেলা হয়েছিল। সেই অবস্থায় একজন অসুস্থ মানুষকে জোর করে টেনে-হিঁচড়ে নিয়ে গিয়ে গাড়িতে তোলা হয়। এই ঘটনা সম্পর্কে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী এই বিধান-সভায় গতকাল যে প্ররোচনামূলক বক্তৃতা দিয়েছিলেন, তারই ফলশ্রুতি হিসাবে ঐ অপূর্ব মজুমদার মহাশয়ের বিরুদ্ধে ক্রিমিন্যাল কেস দেওয়া হয়েছে। এই কাজ অত্যন্ত জঘন্য, বামফ্রন্ট সরকারের পক্ষেই এই জঘন্য কাজ করা সম্ভব। আমি আপনার মাধ্যমে এই বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে বলতে চাই, এই জঘন্য কাজ বুমেরাং হয়ে ওঁদের উপর দেখা দেবে, তখন কেউ নিস্তার পাবেন না।

ডাঃ হরমোহন সিংহ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোটা পশ্চিমবাংলার পক্ষে যে একটা উদ্বেগজনক পরিস্থিতি দেখা দিয়েছে, সেই উদ্বেগজনক পরিস্থিতি সম্পর্কে আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেল মন্ত্রকের কাছে এইটুকু বলতে চাই।

[.50—3.00 P.M.]

শ্রীসুনীতি চট্টরাজ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অশোক ঘোষ একটা গুরুতর বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করলেন। স্যার বিষয়টি খুব গুরুত্বপূর্ণ। কারণ

প্রাক্তন অধ্যক্ষের বিরুদ্ধে পুলিশ দমনপীড়ন চালিয়ে যাচ্ছে। সরকারের সমর্থনে এই জিনিস চালিয়ে যাচ্ছে। আমরা এর প্রতিবাদে সভাকক্ষ ছেড়ে চলে যাচ্ছি।

(এই সময় কংগ্রেস (ই)'র সদস্যরা সভাকক্ষ ছেড়ে চলে যান।)

ডাঃ হরমোহন সিংহঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ কথা বলার চেষ্টা করছিলাম, ঠিক সেই সময় বিরোধীপক্ষের সদস্যরা সভাকক্ষ ছেড়ে চলে যাচ্ছেন। আমি বিরোধী সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি যে, আজকে গোটা পশ্চিমবাংলায় ব্রাঞ্চ লাইনগুলি বন্ধ করে দেবার একটা চক্রান্ত চলেছে। নবদ্বীপ থেকে শান্তিপুর, বর্ধমান-কাটোয়া, আহমেদপুর-কাটোয়া, বি. বি. আর.-দামোদর রেলওয়ে ইত্যাদি লাইনগুলি বন্ধ করে দেবার একটা চক্রান্ত চলেছে। এটা কোন রাজনীতির কথা নয়। পরিবহণ ব্যবস্থার উন্নতির দিকে লক্ষ্য না রেখে রেলওয়ে মন্ত্রক থেকে এই সমস্ত লাইনগুলি তুলে দেবার জন্য চক্রান্ত করা হচ্ছে। এই মর্মে পশ্চিমবঙ্গ সরকারের কাছে চিঠি এসেছে। এখানে বলা হচ্ছে এই লাইনগুলি লোকসানে চলছে। লোকসান বন্ধ করে কিভাবে লাভ করা যায় সেটা তাঁরা চিন্তা করে দেখুন, কিন্তু লাইনগুলি তুলে দেবার চেষ্টা থেকে তাঁরা বিরত থাকুন। আমি এই বিষয়ে উপযুক্ত পদক্ষেপ নেবার জন্য আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশিবপ্রসাদ মালিকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পানীয় জল সরবরাহের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সমগ্র আরামবাগ মহকুমায় প্রচণ্ড পানীয় জলের সংকট চলেছে এবং বেশীর ভাগ নলকূপ নষ্ট হয়ে গেছে। খাল, বিল, পুকুর, নদী ইত্যাদি সব শুকিয়ে গেছে। আরামবাগ মহকুমায় প্রায় ৩০০ জন মানুষ আন্ত্রিক রোগে আক্রান্ত হয়েছে এবং তার মধ্যে ৪জন শিশু মারা গেছে। পানীয় জলের সংকট মোচন ও রোগ প্রতিরোধের উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীপ্রবোধচন্দ্র পুরকাইতঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী এবং বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন ২ বছর আগে বর্ণালী দত্তের মৃত্যু হয়েছে। পশ্চিমবঙ্গের সবাই জানেন যে, এই বর্ণালী দত্তের উপর পাশবিক

অত্যাচার করে গায়ে তারপর এ্যাসিড ঢেলে দিয়ে তাকে হত্যা করা হয়েছিল। এর বিরুদ্ধে সারা পশ্চিমবাংলার মানুষ ধিক্কার জানিয়েছিল। সেই বর্ণালী দত্ত হত্যা মামলার আসামীদের চার্জশিট দেওয়া হয়েছে। বর্ণালী দত্ত হত্যা মামলা কোর্টে উঠেছে। কিন্তু দেখা যাচ্ছে সরকার পক্ষের থেকে একজন জুনিয়র উকিল দেওয়া হয়েছে। তাঁর নাম হচ্ছে আনন্দজ্যোতি মজুমদার। কিন্তু আসামী পক্ষে বড় বড় উকিল দেওয়া হয়েছে। এই ব্যাপারে আমি মাননীয় বিচার বিভাগের মন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ প্রার্থনা করে অনুরোধ করছি, বর্ণালী দত্ত হত্যা মামলার আসামীদের যাতে উপযুক্ত শাস্তি দেওয়া যায় সেই জন্য সরকার পক্ষ থেকে একজন বড় উকিল দেবার ব্যবস্থা করা হোক।

শ্রীযামিনীভূষণ সাহা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিপাহী বিদ্রোহের মহানায়ক মঙ্গল পাণ্ডের স্মৃতি রক্ষার্থে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের কাছে আমি কয়েকটি প্রস্তাব রাখছি। শ্যামবাজার থেকে ব্যারাকপুর পর্যন্ত বি. টি. রোডের নাম পরিবর্তন করে মঙ্গল পাণ্ডে সরণী করা হোন। আর ব্যারাকপুর ষ্টেশনের নাম দেওয়া হোক মঙ্গল পাণ্ডে ষ্টেশন। আর মঙ্গল পাণ্ডের স্মৃতি রক্ষার জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ব্যারাকপুর ষ্টেশনে তার একটা মূর্তি স্থাপন করার ব্যবস্থা করা হোক। ব্যারাকপুর ক্যান্টনমেন্ট এলাকার কেন্দ্রীয় সরকারের যে জমি আছে সেখানে একটা মঙ্গল পাণ্ডে ইন্সটিটিউট করার ব্যবস্থা করা হোক এবং এটা কেন্দ্রীয় সরকারকে জানানো হোক। আমি কানপুরে দেখে এসেছি সিপাহী বিদ্রোহের মহানায়কের নামে পার্ক করা হয়েছে। অথচ এখানে এই মহানায়ক মঙ্গল পাণ্ডের স্মৃতি রক্ষার্থে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কোন উদ্যোগ নেওয়া হচ্ছে না। তাই এই বিষয়ে বিশেষ ভাবে উদ্যোগ নেবার জন্য আমি পশ্চিমবঙ্গ সরকার এবং কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছি।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই সভার এবং সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, আমরা কলকাতা বিশ্ববিদ্যালয় বিল এখানে পাশ করেছি। এই কলকাতা বিশ্ববিদ্যালয় বিল পাশ হবার পর সেখানে শেষ যে কর্তৃপক্ষ, যাঁর সই-এ এই বিলটি আইনে পরিণত হবে তাঁর কাছে এই বিলটি পাঠানো হয়েছে। সেখানে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, গণতন্ত্রীকরণের ব্যবস্থা করা হয়েছে। সেই বিলের জন্য স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী,

শিক্ষামন্ত্রী এবং আমরা বিধানসভার সদস্যরা সবাই উদগ্রীব। স্যার, কলকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা আজ এক গুরুতর অবস্থার মধ্যে পড়েছে। এই বিলে সই না হবার জন্য সেখানে অনেক কাজ আটকে পড়ে আছে। এর ফলে কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যানসেলার নিয়োগ করা যাচ্ছে না। এই প্রো-ভাইস-চ্যানসেলারের অভাবে কলকাতা বিশ্ববিদ্যালয়ে একটা নৈরাজ্যের সৃষ্টি হয়েছে। স্যার, এই বিলে সই করার যিনি শেষ অধিকারী সেই ব্যক্তিটি গণতন্ত্রের স্বার্থে, পশ্চিমবাংলার মানুষের স্বার্থে, পশ্চিমবাংলার শিক্ষার স্বার্থ যাতে এই বিলে অবিলম্বে সই করেন সেজন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর কাছে আমার অনুরোধ, সেই মানুষটি, যাঁর সই-এ বিলটি আইনে পরিণত হবে সেই মানুষটি গণতন্ত্র পরিচালনার স্বার্থে এবং পশ্চিমবঙ্গে শিক্ষাকে রক্ষা করার স্বার্থে অবিলম্বে যাতে সেই বিলে স্বাক্ষর করেন সে ব্যবস্থা করুন। এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীনবনী বাউরি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত জরুরী এবং গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ২০শে এপ্রিল দিশেরগড় থেকে বাঁকুড়া এই রুটের ডবলু. জি. সি. ১৭৬৭ এই নং-এর আগমনী নামে একটি বাস মজিয়া থানার জোরসা গ্রামে একটি চায়ের দোকানের উপর উল্টে যায়, ফলে ৬ জন মারা যায় এবং ৪৮ জন আহত হয়। স্যার, মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, এই দুর্ঘটনায় যাঁরা মারা গিয়েছেন তাদের পরিবারের লোকদের উপযুক্ত পরিমাণে সাহায্য দেওয়া হোক এবং যারা আহত হয়ে এখনও হাসপাতালে রয়েছেন তাঁদের সুচিকিৎসার ব্যবস্থা করা হোঁক।

শ্রীহাজারি বিশ্বাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মুর্শিদাবাদ জেলার বহরমপুর থানার অধীন কাশিমবাজারের মধ্যে দিয়ে কাটিগঙ্গা গিয়েছে। এই কাটিগঙ্গার পশ্চিম পাড়ে ৫ হাজার কৃষক পরিবার বাস করেন এবং পূর্ব পাড়েও অনেকে বসবাস করেন ও অনেক ব্যবসায়ী থাকেন। পশ্চিম পাড়ের অধিবাসীরা তাঁদের উৎপাদিত ফসলপাতি পূর্ব পাড়ে আনতে বাধ্য হন, কিন্তু সেখানে পারাপারের কোন উপযুক্ত ব্যবস্থা না থাকায় তাদের প্রচণ্ড অসুবিধার সম্মুখীন হতে হয়। বিগত ১৯৭৯ সালের শেষের দিকে মাননীয় মন্ত্রী মহাশয়, চিফ ইঞ্জিনীয়ার মহাশয় সেই জায়গাটি পরিদর্শন করেন। ১৯৮০ সালের প্রথমদিকে একটি পরিকল্পনা রচিত

হয়। সেখানকার মানুষরা বিশ্বাস করেন যে, বামফ্রণ্ট সরকারের সেচ দপ্তর থেকে সেখানে একটি ব্রীজ হচ্ছে, সেখানে সেরকম আশ্বাসও দেওয়া হয়, কিন্তু স্যার, দুঃখের সঙ্গে জানাচ্ছি আজ পর্যন্ত সেই ব্রীজের কাজ শুরু হল না। এই ব্রীজটি করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দপ্তর থেকে নোটিশ দেওয়া হয়েছিল। মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে বলছি ঐ এলাকায় ব্রীজের কাজটি যাতে ত্বরান্বিত হয় সেদিকে দৃষ্টি দিন। এই ব্রীজটি হলে পশ্চিম পাড়ের মানুষরা তাদের উৎপাদিত ফসল পূর্ব পাড়ে আনতে পারবে এবং বিক্রি করতে পারবে এবং এদিক থেকে লোকরা গিয়ে ওদিকে চাষাবাদও করতে পারবে। আমি এদিকে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[3.00—3.10 P.M.]

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে। মুর্শিদাবাদ জেলায় দুই দল গ্রামবাসীর মধ্যে গত শনিবার প্রচণ্ড সংঘর্ষ হয়েছে। ডোমকল থানার গরীবপুর গ্রাম এবং আমার নির্বাচনী কেন্দ্র নওদা থানার গঙ্গাধারী গ্রাম—এই দুই গ্রামের দলমতনির্বিশেষে সমস্ত লোকেদের মধ্যে গ্রাম্যভিত্তিতে এই সংঘর্ষ হয়েছে। বিবাদের বিষয় হচ্ছে, ভৈরব নদী প্রবাহিত হওয়া নিয়ে। ওখানে জে. এল. আর. ও. এবং এস. এল. আর. ও. ইত্যাদির ভুলে ভৈরব নদীর যেখানে সারা বছর জল প্রবাহিত হয় সেই নদী খাস করে দেওয়া হয় এবং সেই জমি নিয়ে এই বিরোধ। এই সংঘর্ষে ওখানে বহু মানুষ আহত হয়েছে, এটা ঠিক। কিন্তু সব থেকে মারাত্মক হচ্ছে, এই সংঘর্ষে যে-সব অস্ত্রশস্ত্র ব্যবহৃত হচ্ছে সেটা অত্যন্ত উদ্বেগজনক। আমরা ওখান থেকে জেনেছি যে, গ্রামবাসীরা যদৃচ্ছ রাইফেল ব্যবহার করছে, ষ্টেনগান ব্যবহার করছে এবং যে-সমস্ত বোমা ব্যবহার করা হচ্ছে সেটা অত্যন্ত মারাত্মক। এই বোমাগুলি একমাত্র যুদ্ধের সময়ে ব্যবহৃত হতে পারে। এটা সীমান্তবর্তী এলাকা। আমাদের আশঙ্কা হচ্ছে, ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময়ে অবাধে বহু অস্ত্রশস্ত্র সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে পড়ে। সেগুলি পরবর্তীকালে উদ্ধার করা সম্ভব হয় নি। গ্রামে যারা সমাজবিরোধী তাদের মধ্যে এই সমস্ত অস্ত্রশস্ত্র ছড়িয়ে আছে। এগুলি উদ্ধার করা একান্ত প্রয়োজন। তা যদি না করা যায় তাহলে ঐ গ্রাম বাংলার বিস্তীর্ণ এলাকাতে শান্তি-শৃঙ্খলা রক্ষা করা যাবে না। আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে, এইসব গ্রামগুলি ব্যাপক,

ভাবে তদন্ত করা হোক। এইসব আন-লাইসেন্স রাইফেল, ষ্টেনগান সাধারণ গ্রামবাসীদের হাতে কোথা থেকে আসছে এব্যাপারে তদন্ত হওয়া দরকার। বোমার যে আওয়াজ তাতে মানুষ খুবই আতঙ্কিত হয়ে পড়েছে। আমরা বর্ডার এলাকায় বাস করি, এই রকম বোমার আওয়াজ আমরা যুদ্ধের সময়ে শুনেছি। কাজেই এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার এবং এই ব্যাপারের প্রতি বিশেষ নজর দেবার জন্য আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যদিও প্রশাসন ইতিমধ্যে দ্রুততার সঙ্গে ব্যবস্থা গ্রহণ করেছেন, পুলিশ পিকেট ইত্যাদি বসানো হয়েছে, রাজ্য সরকারের মন্ত্রী ননী ভট্টাচার্য মহাশয় ওখানে আছেন, পুলিশ প্রশাসনও তৎপর আছেন, কিন্তু এই অস্ত্রশস্ত্রগুলি উদ্ধার করা বিশেষ প্রয়োজন। কাজেই এই বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীধীরেন্দ্রনাথ সেন: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তার আশু সমাধানের দাবী করছি। বিষয়টি হচ্ছে, আজ থেকে ১৮/১৯ বছর পূর্বে বীরভূম জেলার নলহাটিতে জনৈক শিরোমণি প্রসাদ বলে এক ভদ্রলোক তাঁর পিতার নামে একটা বিদ্যালয় স্থাপনের জন্য জেলা স্কুল বোর্ডকে এক একর জমি দান করেন। খুবই দুঃখজনক ব্যাপার, ঐ জমিটা ঐ জেলার পূর্ত দপ্তর জবরদখল করে নেয়। এই ব্যাপারে জনমতের চাপে ঐ জেলার পূর্ত বিভাগ বলে যে আমরা ঐ পরিমাণ জমি শহরের অন্যত্র কিনে দেব। কিন্তু ১৮ বছর হয়ে গেল আজ পর্যন্ত কিছু করা হয় নি। তাদের কাছে অনেক আবেদন-নিবেদন করা সত্ত্বেও এই ব্যাপারে তারা ভ্রূক্ষেপ করছে না। এখন কথা হচ্ছে যে সেখানে স্কুলের প্রয়োজন। ছেলেরা গাছের তলায় পড়াশুনা করছে। তাদের রোদে, জলে ভীষণ কষ্ট করতে হচ্ছে। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী এবং পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং স্কুল বোর্ডের প্রেসিডেন্টও চিঠি দিয়েছেন। এই দুটো বিভাগের মধ্যে একটা সমন্বয় হওয়া দরকার। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী এবং পূর্তমন্ত্রী মহাশয়কে বলবো যে, তিনি জেলা ম্যাজিষ্ট্রেট, স্কুল বোর্ডের প্রেসিডেন্ট এবং জেলার একজিকিউটিভ ইঞ্জিনীয়ারদের নিয়ে একটা বোর্ড গঠন করে যাতে তাড়াতাড়ি এই ব্যাপারটা মীমাংসা করা যায় তার জন্য চেষ্টা করবেন এবং সে স্কুল বোর্ডে যাতে ছেলেরা পড়তে পারে, জনমত সন্তুষ্ট হয় সেটা দেখবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনিরঞ্জন মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বেহালা এবং নিউ আলিপুরের মাঝে যে নতুন রাস্তাটি হয়েছে—জেমস লং সরণী—সেই রাস্তাটি দিয়ে দীর্ঘদিন ধরে হাইড রোড এবং তারাতলা রোডের এফ. সি. আই.-র গোডাউন থেকে চাল-গম চুরি করে চোরাকারবারীরা পাচার করছে। পুলিশের সামনে দিয়েই দীর্ঘদিন ধরে এই কাজ চলছে। আমরা বহুবার পুলিশকে এবং এফ. সি. আই. কর্তৃপক্ষকে এ বিষয়ে রিপোর্ট করেছি, কিন্তু এখনো পর্যন্ত প্রতিকারের কোন ব্যবস্থা হয় নি। ওখানে প্রকাশ্য দিবালোকে চাল-গম পাচার হচ্ছে। আরো দুর্ভাগ্যের কথা হচ্ছে এই কাজের সঙ্গে যারা যুক্ত তারা সকলেই ইন্দিরা কংগ্রেসের সঙ্গেও যুক্ত। এরা দিনের বেলা ইন্দিরা কংগ্রেস করছে, আর রাতের বেলা এবং দিনের বেলাও চাল-গম পাচার করছে। অর্থাৎ এই সমস্ত কংগ্রেসী সমাজবিরোধীরা চোরাকারবারের সঙ্গে যুক্ত থেকে জনগণের সম্পত্তি, মানুষের খাদ্য নিয়ে ছিনিমিনি খেলছে। অবিলম্বে এদের এই কাজ বন্ধ করা দরকার। তাই আমি বিষয়টির প্রতি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে তাঁকে অনুরোধ করছি যে, তিনি অবিলম্বে হস্তক্ষেপ করে এই কাজ বন্ধ করুন।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন দীর্ঘদিন বন্ধ থাকার পর হুগলী জেলার কোন্নগরের শ্রীদুর্গা কটন এ্যাণ্ড স্পিনিং মিলস ১৯৭৮ সালে চালু হয়েছিল এবং সেটি টেক্‌ওভার করে চালু করা হয়েছিল, কিন্তু এই টেক ওভারের পিরিয়ড আগামী ১২ই অক্টোবর শেষ হয়ে যাবার কথা। সেখানকার চারটি ইউনিয়ন ইতিমধ্যেই পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে এবং নিজেরা সরাসরি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করেছে। কেন্দ্রীয় সরকার স্পষ্টভাবে না বললেও আকারে-ইঙ্গিতে এটাই বোঝাতে চাইছে যে, এই কারখানাটি জাতীয়-করণের বিষয়ে বিচার-বিবেচনা করছেন। গত ২৩ তারিখ ওখানকার চারটি ইউনিয়নের প্রতিনিধিরা বিধানসভায় মুখ্যমন্ত্রীর কক্ষে উপস্থিত হয়ে মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশন দিয়ে গেছেন এবং মুখ্যমন্ত্রীকে অনুরোধ করেছেন যে, টেক্‌ওভার পিরিয়ড শেষ হবার আগেই যাতে অধিগ্রহণ করা যায়, তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁদের প্রতিশ্রুতি দিয়েছেন যে, তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলবেন। এই অবস্থায় আপনার মাধ্যমে আমি আর একবার বিষয়টির প্রতি আমাদের মন্ত্রিসভার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীবলাই বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আন্ত্রিক রোগ প্রতিরোধের জন্য এবং পানীয় জলের সংকট দূর করার জন্য পশ্চিমবঙ্গের মন্ত্রিসভা কয়েক কোটি টাকা বরাদ্দ করেছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় সরকারের রুরাল ওয়াটার সাপ্লাই ডিপার্টমেণ্ট বর্তমানে যে নীতিতে এবং রীতিতে চলছে তাতে বর্তমানের পানীয় জলের সংকট দূর হবে না। তাদের কাজকর্ম শেষ করতে হয়ত ৬ মাস সময় লেগে যাবে। যে-সমস্ত টিউবওয়েল নির্মাণের জন্য সরকারের পক্ষ থেকে টাকা বরাদ্দ করা হয়েছে সে-সমস্ত টিউবওয়েল এই বিভাগের কাজকর্মের ফলে হয়ত ৬ মাস পরে তৈরী হতে পারে। অত্যন্ত জরুরী বিষয় হিসাবে অত্যন্ত গুরুত্ব দিয়ে এরা কাজ করছে না। এদের কাজের রীতি হচ্ছে, নীচের থেকে রিপোর্ট একবার ওপরে যাচ্ছে, আবার ওপর থেকে নীচে আসছে। তারপরে সেণ্ট্রাল ষ্টোর থেকে টিউবওয়েলের পাইপ যাবে, এইভাবে কাজ হবে। এইভাবে যদি কাজ চলে তাহলে পানীয় জলের সংকট প্রতিদিন বৃদ্ধি পাচ্ছে, আর মানুষ কষ্ট পাচ্ছে, সুতরাং এর প্রতিকার করা প্রয়োজন। স্যার, এছাড়াও সেণ্ট্রাল ষ্টোর থেকে যে-সমস্ত মাল সরবরাহ করা হচ্ছে তার বিরুদ্ধেও অনেক প্রতিবাদ উঠছে। সেণ্ট্রাল ষ্টোর থেকে পুরোনো পাইপ এবং টিউবওয়েলের বডি নতুন করে রঙ করে সরবরাহ করা হচ্ছে এবং এই পুরোনো জিনিসগুলি টেণ্ডারের মাধ্যমে সেণ্ট্রাল ষ্টোর কিনছে। এই জাতীয় জিনিস দিয়ে টিউবওয়েল করার ফলে সে টিউবওয়েল দিয়ে কোনদিনই জল উঠবে না। এই অবস্থায় আমি বিষয়টির প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

[3.10—3.20 P. M.]

শ্রীরবীন্দ্র ঘোষ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল ষ্টেশনে সাউথ-ইষ্টার্ন এবং ইষ্টার্ন রেলওয়ের সমস্ত হকারদের উপর জি. আর. পি.'র অত্যাচার এবং জুলুম চলছে। আমি এই নিয়ে ৪ বার বিধানসভায় বলেছিলাম। এই সমস্ত হকাররা ১০ টাকা ৫/টাকা করে ঘুষ না দিলে তাদের ধরে নিয়ে গিয়ে লক-আপে টরচার করছে এবং নানাভাবে ক্রিমিন্যাল সাজিয়ে তাদের কোর্টে পাঠিয়ে দেওয়া হচ্ছে। আমি বারবার এই সম্পর্কে আবেদন জানিয়েছি, কিন্তু আজও পর্যন্ত জি. আর. পি.'দের অত্যাচার বন্ধ হয় নি। সাউথ-ইষ্টার্ন রেলওয়ের টি. ইউ. সি.'র সমর্থিত হকাররা আজ সকালে আমার বাড়ীতে গিয়েছিল আহত অবস্থায়। জি. আর. পি. পুলিশের টরচারে তারা আহত হয়েছে। তারা সিদ্ধান্ত নিয়েছে, এই জি. আর. পি.'র জুলুম যতক্ষণ

পর্যন্ত বন্ধ না হয় ততক্ষণ সাউথ-ইষ্টার্ন রেলওয়েতে আসানসোল দিয়ে যে ট্রেন যায় সে-সমস্ত ট্রেন বন্ধ করে দেবে। তারা দীর্ঘদিন ধরে এর বিরুদ্ধে বিক্ষোভ জানাচ্ছে। তাই আমি স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি অবিলম্বে আসানসোলের ঐ জি. আর. পি.'দের যদি ট্রান্সফারের বন্দোবস্ত না হয় তাহলে তারা বাধ্য হবে কঠোর আন্দোলনে নামতে।

শ্রীসুভাষ গোস্বামী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই অবগত আছেন, উত্তর বাংলার বিভিন্ন জায়গার ন্যায় বাঁকুড়া জেলার কয়েকটি জায়গায় আন্ত্রিক রোগ ছড়িয়ে পড়েছে। আমি গত পরশুদিন আমার নির্বাচনী কেন্দ্র হাতনাতে গিয়েছিলাম। সেখানকার গ্রামগুলি ঘুরে দেখলাম ৩১ জন মানুষ ঐ রোগে আক্রান্ত হয়েছে। তবে রোগের লক্ষণ একই রকম হলেও সেখানে যারা রোগাক্রান্ত হয়েছে তাদের মধ্যে বেশীর ভাগের বয়স হচ্ছে ১০ থেকে ৬০ বছরের মধ্যে, শিশু কেউ নেই। যে ছেলেটি ছাতনাতে মারা গেছে সে একাদশ শ্রেণীর ছাত্র। এই রোগের মোকাবিলা করার জন্য সেখানে হ্যালোজেন ট্যাবলেট সরবরাহ করা হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে এই হ্যালোজেন ট্যাবলেটের যে নমুনা দেখেছি, ট্যাবলেটগুলি কয়েক বছর আগেকার পুরানো, বন্যার সময়কার। জলে দিলেও গালা যাচ্ছে না। সুতরাং যাতে ভাল ট্যাবলেট সরবরাহ করা হয় তার জন্য আমি অনুরোধ করছি। এছাড়া ব্লিচিং পাউডার—কাগজে দেখলাম প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতকে ৪০ কেজি করে ব্লিচিং পাউডার সরবরাহ করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে, কিন্তু পরশুদিন পর্যন্ত আমার এলাকায় ঐ পরিমাণ ব্লিচিং পাউডার পৌঁছায় নি। সুতরাং সত্বর যাতে পৌঁছে যায় এবং পাশাপাশি যে এলাকাগুলি আছে সেইসব এলাকায় রোগ বিস্তার যাতে না ঘটে তার জন্য অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল লোকসভায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রীপি. সি. শেঠী একটি বিবৃতি দিয়েছেন। আমি সেই বিবৃতির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তাঁর বিবৃতির মূল কথা হচ্ছে, পশ্চিমবাংলার কুচবিহার, জলপাইগুড়ি সহ ৮টি জেলায় এ্যাবনরমাল জনসংখ্যা বৃদ্ধি হয়েছে গত ১০ বছরের মধ্যে, অর্থাৎ ১৯৭১ সাল থেকে ১৯৮১ সালের মধ্যে। সেই কারণে তিনি প্রকাশ্যে বলে দিয়েছেন যেহেতু লোকসংখ্যা বেড়েছে, সেহেতু স্পেশ্যাল সেনসাস করা দরকার। সুতরাং এটা বামফ্রন্ট সরকারের ভাবনার কথা। বিচ্ছিন্নতাবাদ শক্তি

আসামে বিদেশী খোঁজার নাম করে তুলকালাম কাণ্ড আরম্ভ করেছে। পশ্চিম বাংলায় এবং বিহারে কিছু বিচ্ছিন্নতাবাদী শক্তি আছে। তারা বিদেশী হটানো নামে যে-কোন সুযোগ ব্যবহার করতে পারে। সুতরাং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রীপি. সি. শেঠীর তরফ থেকে যে কথা বলা হলো সেটা সঠিক নয়। সঠিক নয় এই কারণে, তারা যে সেনসাস অপারেশান বই দিয়েছেন সেই বইতে পরিষ্কার এই কথা বলা আছে। এখানে সেনসাস কমিশনার অফ ইণ্ডিয়া, তাঁরা বলছেন :

It is perhaps possible to advance, it as tentative findings that the 1971-8 growth rate of 22 96% represents normal indegenous growth.

ওঁদের মিঃ পি. সি. শেঠী এ্যাবনরমাল গ্রোথ — এই কথা বলে আজকে বিচ্ছিন্নতাবাদীদের একটু মদত দেবার সুযোগ করে দিয়েছেন। আমি বামফ্রন্ট সরকারের দৃষ্টি এদিকে আকর্ষণ করে বলছি যে, মিঃ পি. সি. শেঠীর বক্তব্যের প্রতিবাদ জানান হোক এবং বিচ্ছিন্নতাবাদীরা যাতে উত্তরবঙ্গে এব্যাপারে কোন সুযোগ না নিতে পারে সে সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রীসরল দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত কংগ্রেস আমলে ওঁরা যে সিদ্ধান্ত গ্রহণ করতেন, তার সঙ্গে বাস্তবের কোন সংযোগ থাকতো না। আমরা দেখেছি ডাঃ বিধানচন্দ্র রায় ২৪ পরগনা জেলাকে দুই ভাগে ভাগ করার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন, কিন্তু আমরা তা বাস্তবে রূপ পেতে দেখিনি। বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার অবস্থার পরিপ্রেক্ষিতে এবং তাঁর সামিত ক্ষমতার মধ্যে এগোতে চাইছেন। এই সরকার আজকে ২৪ পরগনা জেলাকে দ্বিধাবিভক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং উত্তর ২৪ পরগনার হেডকোয়ার্টার বারাসাতে করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমরা বামফ্রন্ট সরকারের এই সিদ্ধান্তকে অবিলম্বে বাস্তবায়িত করবার আবেদন আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে রাখছি।

শ্রীসাত্ত্বিক কুমার রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি একটি অদ্ভুত ঘটনার প্রতি আকর্ষণ করছি। নলহাটী-ভবানন্দপুর রাস্তাটির দুই পাশের গ্রামগুলি বর্ষা এবং বন্যায় ক্ষতিগ্রস্ত হয়। এই কারণে গ্রামের ঐ রাস্তার দুই পাশে জলনিকাশী ব্যবস্থা গড়ে তোলার জন্য পি. ডব্লু. ডি. টেণ্ডার কল করে এবং পরে ওয়ার্ক অর্ডারও হয়। কিন্তু সুপারিন্টেণ্ডিং ইঞ্জিনীয়ার, বহরমপুর সার্কেল উদ্দেশ্যপ্রণোদিতভাবে টেণ্ডারের পর স্যাংশন করা কাজটি বন্ধ করে দিলেন। আমরা এর কারণ কিছুই বুঝতে পারলাম না। ঐ সমস্ত এলাকা

বন্যার ফলে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়। ওয়ার্ক ওর্ডার দেবার পর কি কারণে ঐ কাজ বন্ধ হল আমি বুঝতে পারি না। তাই মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে অতি সত্বর ঐ কাজগুলি হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীদেওকীনন্দন পোদ্দার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পৌরমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু দুঃখের কথা তিনি হাউসে উপস্থিত নেই। সেই জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কলকাতায় পানীয় জলের যে অবস্থা দাঁড়িয়েছে তাতে কোন জায়গায় জল বিতরণ করা হচ্ছে না। বস্তি এলাকায় বিশেষভাবে পানীয় জল পাওয়া যাচ্ছে না। যদিও বা কোন সময় জল আসে, সেখানে আবাল-বৃদ্ধ-বনিতা জল পাওয়ার আশায় দাঁড়িয়ে থাকে লাইন দিয়ে, কিন্তু অনেকেই জল পায় না। প্রয়োজনীয় পানীয় জল না পাওয়ার ফলে আজকে মানুষ খারাপ জল খাচ্ছে, ফলে সংক্রামক রোগ দেখা দিয়েছে। গতকাল দেখেছি ১৬ জন কলকাতায় এই রোগে মারাও গেছেন। আজকে এই রোগ যদি কলকাতায় বাড়ে তাহলে সরকার তার মোকাবিলা করতে পারবেন না। স্যার, আপনি নিশ্চয়ই শুনেছেন রোম যখন জ্বলছিল, তখন নীরো নদীর তীরে বসে বাঁশী বাজাচ্ছিলেন।

[3.20—4.00 P. M.] [including adjournment]

সেই রকম করছেন এই বামফ্রন্টের মন্ত্রীরা। পশ্চিমবাংলায় জলের জন্য সকলে হাহাকার করছে, সেখানে তাঁরা বসে আছেন।

শ্রীবিমলকান্তি বোস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর অভিযোগ উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে রাখতে চাই। কুচবিহার জেলায় নর্থ বেঙ্গল ইউনিভারসিটির পরিচালনাধীন বি. টি. ইভিনিং কলেজ আছে। সেই কলেজে এক ভদ্রলোক লেকচারারের কাজ করেন। কংগ্রেস আমলে এই ভদ্রলোকের চাকুরী হয়। পরে তিনি পোষ্ট গ্রাজুয়েট ক্লাসে অধ্যাপনা করার জন্য দরখাস্ত করেন। তাঁর ইনটারভিউ করার সময় দেখা যায় তাঁর ৪টি মার্কশিটের মধ্যে ৩টি জাল। তারপর তাঁকে ইউনিভারসিটি কাউনসিলের কাছে হাজির হতে বলা হলো। সে এখনও ফলস মার্কশিট নিয়ে চাকুরী করে যাচ্ছে। সে এখন পেপার সেটার এবং একজন পেপার একজামিনার। এটা কি ধরনের চুরি সেটা আমি চিন্তা করতে

পারছি না। এই অবস্থা আজও চলে আসছে। আগে কংগ্রেস করতেন, এখন এস. ইউ. সি করেন। আমি তাঁর নাম বলে দিচ্ছি। তাঁর নাম হলো বিমল ভূষণ চ্যাটার্জী। তাঁকে এডমিট করা হলো, তাঁর মার্কশিট জাল হওয়া সত্ত্বেও তাঁকে একজনারেট করা হলো। অবিলম্বে যাতে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হয় তার জন্য আমি উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅনন্ত সোরেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় অনেকগুলি জীবন্ত খাল আছে। সেইগুলি হলো সীতা খাল, সারিয়াখাল, মুরুলীখাল এবং সীতানলী খাল। এইগুলোতে পর্যাপ্ত পরিমাণ জল থাকা সত্ত্বেও জল উত্তোলন প্রকল্প না থাকার ফলে জলের অভাবে চাষীরা চাষ করতে পারছে না। এখানে চাষীরা চাষের উৎপাদন বাড়াতে পারছে না। এখানে জল উত্তোলন প্রকল্প করলে ১২শো একর জমি সেচের আওতায় আনা যাবে। গোপীবল্লবপুর ১ নং ব্লকে যদি বাঁধ তৈরী করা যায় তাহলে ৪শো একর জমিকে সেচের আওতায় আনা যাবে। এই ব্যাপারে আমি ক্ষুদ্র সেচ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুনীল দে: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঝাড়গ্রাম মহকুমার সাঁকরাইল, জামবনী গোপীবল্লভপুর এবং নয়াগ্রাম ইত্যাদি এই এলাকাগুলিতে গ্রামীন বৈদ্যুতিকরণ না থাকার জন্য কৃত্রিম জল সেচের কষ্ট হচ্ছে। এর জন্য এখানে সুষ্ঠুভাবে জল বন্টন করা যাচ্ছে না। এখানে পর্যাপ্ত পরিমাণ জলের ব্যবস্থা আছে। এখানে অনেক নদী আছে, খাল আছে এবং জলের উৎস আছে। এই এলাকায় কুটির শিল্প গড়ে উঠতে পারে। আমি মনে করি সরকার যদি এখানে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্প চালু করেন তাহলে একদিকে চাষীরা পর্যাপ্ত পরিমাণ ফসল উৎপাদন করতে পারবে এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসার লাভ করতে পারবে। তার ফলে এখানে গ্রামীণ অর্থনীতির বিকাশ লাভ করবে। সেই জন্য এই ব্যাপারে আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীআবদুল মান্নান: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যখন এই হাউসে বসেছিলাম তখন আমি একটা স্লিপ পেলাম। আমি বাইরে গিয়ে দেখি মালদহ

জেলার কালিয়াচক থানার এক ভদ্রলোক আমার সাথে দেখা করতে এসেছে। আমি বাইরে গিয়ে লবিতে তার সংগে দেখা করে যা শুনলাম সেটা আমি এখনও বিশ্বাস করতে পারছি না। আপনি শুনলেও অবাক হয়ে যাবেন। এই ব্যাপারে আমি কালকে বলতে পারতাম, কিন্তু কালকে মেনশান করতে পারা যাবে না বলে আজকে আমি বলতে বাধ্য হচ্ছি। ঘটনাটা হচ্ছে মালদাহ জেলায় কালিয়াচক থানায় অচিনতলা জুনিয়ার হাই মাদ্রাসা স্কুলে একটি হেড মাষ্টারের পোষ্ট খালি হয়েছিল। দাবিদার ছিল দু'জন। তাদের নাম হলো মহম্মদ আলাউদ্দিন এবং মহম্মদ গিয়াসুদ্দিন। গত ১৭।৪।৮৪ তারিখে ঐ দু'জনের মাদ্রাসা স্কুলে এ্যাপয়েন্টমেন্ট হয়ে গেছে।

শ্রীননী কর: আমি একটি জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটি হচ্ছে আপনি জানেন রাজ্যসভার সদস্য মনোরমা সিংয়ের পদত্যাগের পর আসামের গভর্নর ভীষ্মনারায়ণ সিংহ মহাশয় ঐ পদে প্রার্থী হওয়ার জন্য চেষ্টা করছেন। এতে আমাদের আপত্তির কিছু থাকতে পারে না। কিন্তু ঐ শূন্যপদে কে যাবে—বিহারের সিংহ মহাশয় এবং আমাদের রাজ্যের গভর্নর এ. পি. শর্মা—তা নিয়ে পরস্পর পরস্পরের মধ্যে কামড়া-কামড়ি শুরু করে দিয়েছেন। এই বিষয়ে খবরের কাগজে পর্যন্ত সংবাদ আকারে বেরিয়েছে। আমি দিল্লী গিয়ে শুনে এসেছি যে, আমাদের রাজ্যপাল শ্রীএ. পি. শর্মাকে আসামের গভর্নর করে পাঠাবার জন্য আলোচনা হচ্ছে। আগে এ সম্পর্কে আমাদের প্রিভিলেজ মোশান আপনি এ্যালাউ করেন নি। আমাদের রাজ্যের গভর্নর রাজ্যসভার প্রার্থী হওয়ার জন্য চেষ্টা করছেন। বাইরে সংবাদপত্রে তা নিয়ে খবর বেরোচ্ছে। এই সংবাদে হাউসের সদস্য হিসাবে আমাদের খুবই অস্বস্তিবোধ হয়। আশা করব, আপনি এই বিষয়টি একটু চিন্তা করে দেখবেন। আমাদের রাজ্যের গভর্নর রাজ্যসভার সদস্যের টিকিট পাওয়ার জন্য চেষ্টা করছেন বলে বাইরে খবর বেরোলে আমাদের খুবই অস্বস্তিবোধ হয়।

Laying of Reports

Sixteenth Annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the year 1982-83.

Shri Nirmal Kumar Bose : Mr. Deputy Speaker, Sir, with your permission, I beg to lay the Sixteenth Annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the year 1982-83.

Annual Report and Accounts of the West Bengal Electronics Industry Development Corporation Limited for the year 1982-83.

Shri Nirmal Kumar Bose : Mr. Deputy Speaker, Sir, with your permission, I beg to lay the Annual Report and Accounts of the West Bengal Electronics Industry Development Corporation Limited for the year 1982-83.

(At this stage, the House was adjourned till 4.00 p.m.)

[4.00—4.10 P.M.] [after adjournment]

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি প্রিভিলেজে নোটিশ দিয়েছি। আমি হাউসের সামনে একটি গুরুতর বিষয় উত্থাপন করছি। আমি জানিনা মাননীয় সদস্য কোথায় গেলেন ? কালকে এখানকার মেট্রোপলিটন ম্যাজিষ্ট্রেট কোর্ট থেকে তার বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা জারি হয়েছে। উনি কংগ্রেস দলের, আমরা সরকারী দলে—এর মধ্যে কোন পার্থক্য নেই। এটা হাউসের যে-কোন সদস্যের মর্যাদা এবং অধিকারের প্রশ্ন। আমি আপনার কাছে এই সাবমিশন রাখতে চাই বিধানসভার অধিবেশন যখন চলছে এবং এমন কি অধিবেশন চলার চল্লিশ দিন আগে ও চল্লিশ দিন পরে এই পিরিয়ডে গ্রেপ্তার করার কোন ব্যবস্থা করা যায় না—যদি করা হয় তাহলে সেটা ব্রীচ অফ প্রিভিলেজ এবং কনটেম্পট অফ দি হাউস হয়। কাজেই সুব্রতবাবুর বিরুদ্ধে যে পরোয়ানা জারি হয়েছে সেই পরোয়ানা জারি করার ফলে মেট্রোপলিটন ম্যাজিষ্ট্রেট কোর্ট আমাদের প্রিভিলেজ খর্ব করেছেন এবং এই সভার অবমাননা করেছেন। কাজেই আপনাকে অনুরোধ করি প্রিভিলেজের ব্যাপারটা আপনি পরীক্ষা করে এই ব্যাপার সম্পর্কে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

মি: স্পীকারঃ আমি বলেছি নো কনফিডেন্স ডিসপোজ অফ হবার পর আমি রুলিং দেব। I now call upon Shri Anil Mukherjee to move his motion Under Rule 185.

শ্রীঅনিল মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে যে মোশান আণ্ডার রুল ১৮৫ দিয়েছি সেটা উত্থাপন করছি—

যেহেতু বিশ্বের অন্যতম মহান বিপ্লবী, ভারতের স্বাধীনতা সংগ্রামের আপোষহীন সংগ্রামী নেতাজী সুভাষচন্দ্র বসুর উপর তথাকথিত এক তথ্যচিত্র 'The War of

Springing Tiger' টেলিভিশনের মাধ্যমে ইউরোপ এবং বিশ্বের অন্যান্য দেশে প্রদর্শনের জন্য গ্রেট ব্রিটেনের "গ্রানাডা টেলিভিশন কোম্পানী" তৈরী করেছে ;

যেহেতু এই তথ্যচিত্রের মাধ্যমে নেতাজী সুভাষচন্দ্র বসুকে স্বদেশের প্রতি বিশ্বাসঘাতক এবং ফ্যাসীবাদী হিসাবে চিহ্নিত করার অপচেষ্টা করা হয়েছে ;

যেহেতু নেতাজী সুভাষচন্দ্র বসুর দেশপ্রেম এবং রাজনৈতিক দূরদৃষ্টিকে ইচ্ছাকৃতভাবে বিকৃত করা হয়েছে ;

যেহেতু এই তথ্যচিত্রের মাধ্যমে ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের ঐতিহাসিক সত্যবিরোধী মনোভাব পরিস্ফুট হয়েছে ;

সেইহেতু পশ্চিমবঙ্গ বিধানসভা এই অপচেষ্টার বিরুদ্ধে তীব্র ঘৃণা ও ক্ষোভ প্রকাশ করছে এবং রাজ্য সরকারের মাধ্যমে ভারত সরকার ও অন্যান্য সকল সংস্থাকে "গ্রানাডা টেলিভিশন কোম্পানীর"র এই অপচেষ্টার বিরুদ্ধে কার্যকরী প্রচারমূলক এবং সম্ভবপর আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য দাবী জানাচ্ছে।

Mr. Speaker : There are two amendments by Dr. Zainal Abedin and Dr. Sisir Kumar Bose. Both the amendments are in order and are taken as moved. Now I call upon Dr. Zainal Abedin to move his amendment.

Dr. Zainal Abedin : Sir I beg to move শেষ অনুচ্ছেদের ২য় ও ৩য় পংক্তিগুলিতে "ভারত সরকার ও অন্যান্য সকল সংস্থাকে গ্রানাডা টেলিভিশন কোম্পানীর এই অপচেষ্টার বিরুদ্ধে" এই কথাগুলির পরে "ভারত সরকার কর্তৃক গৃহীত প্রতিবাদমূলক ব্যবস্থাদি আরো জোরদার ও" এই কথাগুলি যোগ করা হউক।

Motions Under Rule 185 tabled by—

Shri Anil Mukherjee,
Shri Subrata Mukherjee,
Shri Sachin Sen,
Shri Jayanta Kumar Biswas,
Shri Probodh Chandra Sinha,
Shri Trilochan Mal,
Shri Haripada Jana,
Shri Kamakhya Charan Ghosh, and
Shri Deba Prasad Sarkar,

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সমস্ত মেম্বাররা একযোগে যে মোশন মুভ করেছেন তাতে আমি সামান্য একটা এ্যামেণ্ডমেন্ট দিয়েছি এবং সেটা আপনার সামনে

উত্থাপন করছি রিকোয়েষ্টিং দি মুভার অব দি রিজলিউশন টু কনসিডার এ্যাণ্ড এ্যাডপ্ট ইট ইফ নট ইম্পসেবল। আমি যে এ্যামেণ্ডমেন্ট দিয়েছি সেটা হচ্ছে—শেষ অনুচ্ছেদের ২য় এবং ৩য় পংক্তিগুলিতে "ভারত সরকার ও অন্যান্য সকল সংস্থাকে গ্রানাডা টেলিভিসন কোম্পানীর এই অপচেষ্টার বিরুদ্ধে" এই কথাগুলির পরে "ভারত সরকার কর্তৃক গৃহীত প্রতিবাদকমূলক ব্যবস্থাদি আরও জোরদার" এই কথাগুলি যোগ করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব এসেছে অর্থাৎ যে মোশন এসেছে তাতে আমরা হাউসের সকলেই একমত না হলে এতগুলি সিগনেটোরিস্ ফ্রম ডিফারেণ্ট পার্টিস্ হোত না। আমি অত্যন্ত বেদনার সঙ্গে স্মরণ করছি যে, বিদেশী কোম্পানীর বিরুদ্ধে আমরা এই অভিযোগ করছি ফর প্রিপারেশন অব দি ফিল্ম "দি ওয়ার অব স্প্রিংগিং টাইগার"—সেটা দেখার সুযোগ আমার হয় নি। ডাঃ শিশির বসু মহাশয় এই ব্যাপারে বেশী করে আলোকপাত করতে পারবেন। তবে গোটা দেশে এবং বাইরে এর বিরুদ্ধে যে প্রতিবাদ উঠেছে সেটা অত্যন্ত সঙ্গত এবং এই কোম্পানী যে গর্হিত কাজ করেছে সেটা সর্বজননিন্দিত হওয়া উচিত। কাজেই যাঁরা এই প্রস্তাব এনেছেন আমি তাঁদের সাধুবাদ জানাচ্ছি। তবে অত্যন্ত বেদনার সঙ্গে একটা কথা আমাকে স্মরণ করতে হচ্ছে যে—নেতাজী তাঁর জীবিত কালে এবং ভারতবর্ষ থেকে অন্তর্ধান করবার পর বিদেশ থেকে ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে নেতৃত্ব দিয়েছিলেন, যে নেতাজী ভারতবর্ষে সৈনিকবেশে এসে বৃটিশ সিংহের বিরুদ্ধে তরবারি ধারণ করেছিলেন, বৃটিশকে পরাস্ত করবার জন্য যিনি আই. এন. এ. সংগঠিত করেছিলেন তাঁকে কিন্তু এই মোশনের যাঁরা সিগনেটোরিস্ তাঁদের মধ্যে অনেকেই অর্থাৎ তাঁরা যে পার্টিতে বিলং করেন সেই পার্টি সেদিন ধিক্কার দিয়েছিলেন। আজকে অত্যন্ত বেদনার সংগে সেই কথাগুলি আমাকে স্মরণ করতে হচ্ছে বলার সুযোগ আছে বলে। আমি আজকে তাঁদের সেই পূর্বকৃত পাপের কথা স্মরণ করিয়ে দিচ্ছি। তাঁরা নেতাজীকে বানিয়েছিলেন হিটলার, তোজো, কুইসলিং। আজকে তাঁদের দল বিভক্ত হলেও তাঁরা কিন্তু তাঁদের পূর্বকৃত পাপের জন্য অনুশোচনা করেন নি।

[4.10—4.20 P.M.]

আজকে তাদের অনুশোচনা এসেছে। আমাদের কাছে দলিল আছে, আমরা দেখতে পাচ্ছি ওয়ান আফটার ওয়ান নেতাজী, কবিগুরু রবীন্দ্রনাথ সম্বন্ধে এদের তো চীৎকার হবেই। কারণ আজকে এদের চেহারা প্রকাশ পাচ্ছে, মুখোশ খুলে যাচ্ছে।

I challenge you to produce your official document that you have renounced your earlier resolution and accusation of Nataji.

(গোলমাল)

আজকে এদের সম্বিত ফিরে এসেছে। আজকে লিডার অব দি হাউসের বক্তৃতার মাধ্যমে তা কিছু কিছু প্রকাশ পেয়েছে। আজকে লিডার অব হাউস কোথায়ও কোথায়ও বলেছেন অতীতে নেতাজীর মূল্যায়ন ভুল করা হয়েছে, আমাদের ভুল হয়েছে। People's war, you have said one after another.

স্যার, আপনার কাছে তুলে ধরছি। অতীতে দেখতে পাচ্ছি, ইলাসট্রেটেড উইকলিতে দেখতে পাচ্ছি—বলা হয়েছে অতীতের অনুশোচনা করছি, অতীত কৃত্যের জন্য আমরা দুঃখিত। Issue after issue of people's war scorn, abuse, on Gandhiji, the Congress, J. P. and Subhas Bose. They have not officially repented. I wonder whether they have expressed any official repentance over it মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু কি তাই, আপনার সামনে কিছু প্রশ্ন তুলে ধরছি। যে ছবি তারা বের করেছে তা লজ্জাকর, অপমানকর। এটা নেতাজী সম্বন্ধে বের করা হয়েছে। এবং এইরকম একাধিক ছবি বের করা হয়েছে।

(গোলমাল)

তৎকালীন ভাইসরয় কাউন্সিলেতে হোম সেক্রেটারী রেজিন্যাল্ড ম্যাক্সওয়েল-এর সাথে এই কমিউনিষ্ট পার্টি—অবিভক্ত কমিউনিষ্ট পার্টি একটা যোগাযোগ করেছিল যে Sabotage the quit India Movement. এই কমিউনিষ্ট পার্টিই করেছিল সো কল্ড বৃটিশদের কাছে। এই কমিউনিষ্ট পার্টি সেদিন চুক্তি করেছিল We support the vivisection of the country. আজকে সেই কৃতকর্মের জন্য অনুতপ্ত।

(গোলমাল)

অতীতে দেশের মধ্যে এরা হীন বলে নিন্দিত ধিকৃত হয়েছিল। সেই পাপ স্খালন করতে হবে। সেই দলিল আমাদের কাছে আছে। We support the vivisection of the country and we support the Pakistan movement. অথেনটিক ডকুমেন্টস আর হিয়ার যেভাবে চুক্তি হয়েছিল বৃটিশ সরকারের সংগে। ভারতবর্ষের

স্বাধীনতা সংগ্রাম কুইট ইণ্ডিয়া মুভমেন্টকে বিপর্যস্ত করার জন্য নেতাজীকে বিকৃত এবং ধিকৃত করার জন্য এইসব করা হয়েছিল। তার জন্য আপনাদের অনুতাপ হয় না? এদের আর কি বলবো? ভণ্ডের দল—ওরা লক্ষ্মীছাড়া, এদের সংগে বসতেও পাপ। আজকে ঘৃণাই এদের প্রাপ্য। টেলিভিসন কোম্পানীকে আর কি বলবো? শুধু কি তাই, আজকে যে রেজলিউশন এনেছেন তার সম্পর্কে দু-একটা কথা বলতে চাই। এ বিষয়ে লিডিং বেঙ্গলী ডায়েরী নামে পুস্তিকার মধ্যে একটা রিভিউ বেরিয়েছিল স্বদেশী বিদেশী কলমে নেতাজী সুভাষচন্দ্র—তাতে নেতাজীকে ধিক্কার দেওয়া হয়েছে। The Indian freedom fighter in Japan Memories of A. M. Nair, Orient Longman. ৮৫ টাকা দামের বই, আজকে কেউ কি এই হাউসে আছেন যাঁরা বলতে পারবেন যে, এর বিরুদ্ধে আপনারা সোচ্চার হয়েছিলেন, নিন্দা করেছিলেন? হাত মিলিয়েছিলেন গোপনে কিছু বখরার আশায়। আপনারা ফাদার ল্যাণ্ড বলেছিলেন। সেই রেকর্ড আমার কাছে আছে। তাই ধিক্কার গ্রানাডা কোম্পানীর প্রাপ্য—ভারত সরকারকে অভিনন্দন জানাই তাঁরা এর বিরুদ্ধে কিছু ব্যবস্থা নিয়েছেন! আমার সংশোধনী প্রস্তাবে আমি আপনার মাধ্যমে বলতে চাই ভারতের প্রতিবাদ আরও জোরদার হোক, কিন্তু এর সংগে এঁদেরও সতর্ক করে দিই Let there be an official renouncement of what you told about Netaji.

আজকে আপনাদের তরফে সেই প্রায়শ্চিত্ত কোথায়? তার নিদর্শন তো দেখতে পাচ্ছি না? আপনারা তো জ্ঞানপাপী, আপনারা জ্ঞানপাপী, ভণ্ড। আপনারা দেশের প্রতি বিশ্বাসঘাতকতা করেছেন, তার কোন শাস্তি আজ পর্যন্ত পান নি। তাই বলেছিলেন এই আজাদী ঝুটা হ্যায়। আমাদের শ্রদ্ধেয় শিশির বসু মহাশয় তাঁর বক্তব্য রাখবেন, কিন্তু আমার নিন্দার কোন ভাষা নেই, যা দিয়ে এঁদের ধিক্কার জানাতে পারি। এঁরা অতীতে যে কাজগুলো করেছিলেন তার আরো কিছু আলোকপাত করতে চাই। মহাজাতি সদন কলকাতার গৌরব এবং আমরা আরও গর্বিত যে নেতাজী সুভাষচন্দ্র বোস কবিগুরু রবীন্দ্রনাথের কাছে চেয়েছিলেন যে মহান দেশের ভিত্তিপ্রস্তর তুমি স্থাপন কর, নামকরণ কর তুমি। গুরুদেব নামকরণ করেছিলেন মহাজাতি সদন। এর উপর ডকুমেন্টারী ফিল্ম হয়েছে। তাতে নেতাজীর কোন চিহ্ন নেই, কোথাও নাম নেই। আজকে লজ্জার কথা চেয়ারে বসে আছেন, সরকারী বেঞ্চে বসে আছেন, নেতাজীকে দেশে ধিক্কার দিচ্ছেন, আজকে তার কোন প্রতিবাদ এখানে ওঠেনি। আজকে বড় মায়াকান্না, কারণ গদীটা পেয়ে গেছেন তো, তাই কণ্ঠে কণ্ঠ মিলিয়ে আজকে সদস্য বিশেষে চাইছেন—আপনাদের নেচার

হচ্ছে Yon have your fatherland elsewhere in India. India is not your motherland nor your fatherland.

অথবিটি, আপনাদের বর্তমান যাঁরা নেতৃত্বে আছেন, আজকে আপনারা তাঁদের এখনও স্বীকার করেন নি। সেই প্রমাণ The Illustrated Weekly, dt. April 8-14, 1984—But hasn't it all been acknowledged to have been an error? Haven't the Communists repudiated the lines of that period? Yes and no. Individual Communists were to say later that it was all wrong. Saroj Mukherjee, the leadr at present of the Left Front in Bengal, said recently that the line had been correct. The official—in the sense authorised by the party—Guidelines of the History of the Communist Party of India says it was part right and part wrong.

আপনাদের তাতে কি প্রায়শ্চিত্ত হবে? এমন কি ধিক্কার জানিয়েছেন? অনুশোচনা করেছেন? গঙ্গাজলেও ওদের পাপ যাবে না, আপনাদের পোড়ালেও সেই পাপ যাবে না, মাটিতে পুঁতলেও আপনাদের কেউ গ্রহণ করবে না, যে পাপ দেশের বিরুদ্ধে আপনারা করেছেন, সেই পুঞ্জীভূত কলঙ্ক, আপনারা আমাদের দেশের কলঙ্ক, কলঙ্কিত সন্তান আপনারা। you subotage the quit India movement by making conspiracy with the British.

আজকে কুম্ভীরাশ্রু বর্ষণ করছেন এই প্রস্তাব করে? আজকে ফরওয়ার্ড ব্লকের কাছে নিবেদন, মাননীয় অনিল মুখার্জীর কাছে ও শ্রদ্ধেয় নির্মলবাবু, কমলবাবুর কাছে নিবেদন, আজকে গদির লোভ কি এতই বেশী যে এই গদী পেয়ে যে নেতাজীর আদর্শ অনুসরণ করে, তাঁকে যাঁরা নিন্দিত, ধিকৃত করেছিলেন আজকে তাঁদের সঙ্গে হাত মিলিয়েছেন for a few pieces of loaves and fishes.

আজকে এই ধিক্কার আপনাদেরও প্রাপ্য। আজকে আমি নিন্দা করছি না, আপনাদের বিবেকের কাছে আবেদন করছি, ওঁদের সঙ্গে হাত মিলিয়ে দেশপ্রেম? ওঁদের সঙ্গে হাত মিলিয়ে জনসেবা? ওঁদের সঙ্গে হাত মিলিয়ে স্বাধীনতা উত্তরণ? ওঁদের সঙ্গে হাত মিলিয়ে দেশের স্বাধীনতা রক্ষা? ওঁদের সঙ্গে হাত মিলিয়ে দেশের পুনর্গঠন? এটা সম্ভব নয়, তাই আপনাদের মানবতার কাছে নিবেদন, আপনারা দেখুন কি পাপ আপনারা করেছেন। এই পাপীদের সঙ্গে আপনারা বসছেন, আমরা লজ্জা পাই, আজকে আমরা দুঃখ পাচ্ছি।

[4 20—4.30 P. M.]

আজকে দুঃখ পাচ্ছি। শ্রদ্ধেয় অধ্যাপক বন্ধুবর হায়ার সেকেণ্ডারী এডুকেশন মিনিষ্টার, শম্ভুচরণ ঘোষ মহাশয় মাথায় হাত দিয়ে ভাবছেন কি করলাম, কাদের

সঙ্গে বসেছি—এদের সঙ্গে বসাও পাপ। আজকে এদের সঙ্গে আসন ভাগাভাগি করছেন, এতে স্বাধীনতা হবে না নেতাজীর পুণ্য স্মৃতির—বৃটিশ শাসনের বিরুদ্ধে নেতাজী যে সংগ্রাম করেছিল তার কলঙ্কিত অধ্যায়ে এদের সহযোগিতা আপনার করবেন না। আজকে তাই আপনাদের কাছে অনুরোধ এদের সংশ্রব বর্জন করার প্রশ্ন এসেছে। কারণ এরা জ্ঞানপাপী, বিশ্বাসঘাতক। এরা দেশদ্রোহী। এই দেশকে এদের দেশ মনে করে না, Centre of dictate is out side India. এদিকে ep centre of power is out side India.

এদের সঙ্গে আপনারা কি আলোচনা করবেন? এইরকম ভাবে চীৎকার করলে বলা যাবে না। তাই আমি মনে করি এতে অন্যতম সিগনেটরি রেভলিউশনারি পার্টির তরুণ বন্ধুবর জয়ন্ত বিশ্বাস আছেন। তাঁকে আমি বলব দাড়ি রাখলেই মহা-মানব হওয়া যায় না, মহাশয় হওয়া যায় না। আমরা রাজা তাড়িয়েছি। রাজা তাড়িয়ে আজকে মহারাজা তৈরী হয়েছে। দাড়ি রাখলেই মহারাজা হয়ে যায়। আপনি বয়সে তরুণ, প্রাণ শক্তিতে উজ্জ্বল। দেশদ্রোহী শক্তির সঙ্গে আপনারা হাত মেলাবেন? যারা দেশের স্বাধীনতার ক্ষতি করেছিল, যারা বিদেশকে পিতৃভূমি বলেছিল, যারা বলেছিল our power centre, fatherland is outside India. তাদের সঙ্গে হাত মেলাবেন? আমাদের বন্ধু রাষ্ট্রের নাম করতে বাধা আছে— কিন্তু বিশ্বাসঘাতকদের সঙ্গে আপনারা এই তরুণ বয়সে যাবেন? তাই আপনাদের শুভবুদ্ধির কাছে অনুরোধ করি এই যে রেজলিউশন সর্বসম্মতিক্রমে এসেছে, মাননীয় সুব্রত মুখার্জি সই করেছেন, সুতরাং আমাদের আপত্তি নেই, কিন্তু আমরা গন্ধ পাচ্ছি, বসতে ঘৃণাবোধ করছি এদের সঙ্গে। যারা নেতাজীকে নিন্দিত করেছিল তাদের সাথে হাত মেলাতে হলে এর চেয়ে লজ্জা, ধিক্কারের, অগৌরবের বিষয় ভারতবাসীর আর কিছু হতে পারে না এবং ভারতবাসী হিসাবে যখন সভায় আমাদের মাথা হেঁট হয়ে যায়, যখন এই মহামানবের নিন্দায় নিন্দিত হয়ে ওঠে এই দেশদ্রোহী দল, বিশ্বাসঘাতকের দল, এই বেইমানের দল। তাই আমি আজকে আবেদন রাখব ডাঃ বোস, তিনি ফিল্মটা দেখেছেন, বেশী আলোকপাত করতে পারবেন। শুনেছি, শুনে তো আর বেশী কিছু বলা যায় না। কিন্তু 'দেশে' যেটা দেখেছি একের পর এক ইস্যু আমি তুলে ধরলাম, একটি প্রতিবাদও আসে নি। হিম্মত থাকে তো প্রতিবাদ করুন। প্রতিবাদ করেন নি। নেতাজী সুভাষ বোসকে তিরস্কৃত করেছেন, ধিক্কৃত করেছেন, লাঞ্ছিত করেছেন। গঙ্গাজলে গিয়ে ডুবে এসে তারপর হাউসে কথা বলুন, তা না হলে আপনাদের পাপের স্খালন নেই, চির নরকে আপনাদের স্থায়ী বাসস্থান হওয়া ছাড়া আর কোথাও হবে না। আপনাদের

ধিক্কার জানাই। আজ আপনাদের সঙ্গে হাত মিলিয়ে জাতে উঠতে চাইছেন। নির্মলবাবু, কমলবাবু, শম্ভুবাবু, ফরোয়ার্ড ব্লক, আর. এস. পি.-র নও-জোয়ান বন্ধুদের কাছে আবেদন করতে চাই যে, এদের অতীতের পাপ, অপরাধ, বিশ্বাস-ঘাতকতা, বেইমানি, দেশদ্রোহিতা থেকে আপনারা সতর্ক থাকুন। কারণ বন্ধুবেশে আপনাদের সঙ্গে বসে যে-কোন সময় দেশের বুকে ছুরি মারতে পারে। আজকে আন্তর্জাতিক যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে সেই পরিস্থিতিতে আমরা জানি না কতটা ওরা তৈরী হবে, যারা ম্যাক্সওয়েলের সঙ্গে আত্মীয়তা করেছিল, বন্ধুত্ব করেছিল টু স্যাবটেজ quite India movement. আপনার কাছে গেছেন, নজর রাখবেন। কারণ এদের বিশ্বাস করা যায় না, এদের সম্মান দেওয়া যায় না। এদের জন্য ভারতবাসী আজকে লজ্জিত, ধিকৃত। আজকে আত্মশোধনের দিন এসেছে। আগে পাপ শোধন করুন, তারপর রেজিলিউশান করুন, তাহলেই মানাবে, তার আগে মানাবে না। Thank you for giving me a patient hearing. The other aspect will be enlightend by Dr. Sisir Bose.

শ্রীশান্তশ্রী চ্যাটার্জী ঃ অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, ডাঃ জয়নাল আবেদিন বক্তৃতা করার সময় এমন কতকগুলি ভাষা ব্যবহার করলেন যেটা একজন রাজনৈতিক কর্মী হিসাবে আমার কাছে অসম্মানজনক বলে মনে হয়েছে। আমি স্যার, আপনার কাছে রুলিং চাই যে 'দেশদ্রোহী' কথাটা এই হাউসে এইভাবে উচ্চারণ করা যায় কিনা ? আপনি স্যার, বলুন এইরকম ডিসগ্রেসিং রিমার্ক করা যায় কিনা ? স্যার, আই ওয়ান্ট ইয়োর রুলিং 'দেশদ্রোহী' কথাটা পার্লামেন্টারী কিনা ?

(Noise)

Mr. Deputy Speaker : There is no point of order. Please take your seat.

শ্রীঅচিন্ত্যকৃষ্ণ রায় ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রীঅনিল মুখার্জী, শ্রীসুব্রত মুখার্জী, শ্রীশচীন সেন, শ্রীজয়ন্তকুমার বিশ্বাস প্রমুখ মাননীয় সদস্যগণ 'দি ওয়ার অব স্প্রিংগিং টাইগার' নামে তথ্যচিত্রের বিষয় গ্রানাডা টেলিভিসন কোম্পানী প্রসঙ্গে যে প্রস্তাবটা এখানে তুলেছেন সেই প্রস্তাব সমর্থন করে সংক্ষেপে ২/৪টি কথা বলতে চাই। স্যার, প্রস্তাবকরা তাঁদের প্রস্তাবের মধ্যে যে উদ্বেগ প্রকাশ করেছেন নেতাজী সম্পর্কে আজকে পশ্চিমবাংলা এবং ভারতের সর্বত্র সে বিষয়ে সকলের উদ্বেগ দেখা দিয়েছে এবং এই ফিল্ম যাতে না দেখানো হয় তার জন্য সকলেই তাদের মতামত প্রকাশ করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডাঃ জয়নাল

আবেদিনের মতন আমিও একথা বলতে চাই যে এই ফিল্ম দেখার সুযোগ আমার হয়নি, কিন্তু ভারতবর্ষের বিভিন্ন পত্র-পত্রিকাতে যেভাবে এ সম্পর্কে বক্তব্য প্রকাশিত হয়েছে তাতে স্বাভাবিকভাবেই সমস্ত গণতান্ত্রিক এবং বুদ্ধিজীবী মানুষ, সাধারণ সংগ্রামী মানুষ, সবাই এতে উদ্বেগ প্রকাশ না করে পারেন না। ডাঃ আবেদিন বলেছেন, আরো, তা নয়, আমরা মনে করি এ বিষয়ে গুরুত্ব উপলব্ধি করে ভারত সরকারের যে ধরনের প্রতিবাদ করা উচিত ছিল সেই ধরনের প্রতিবাদ তাঁরা আজও করেন নি। শ্রীনরসিমা রাও সংসদে একটু উল্লেখ করেছেন মাত্র এবং বৃটেনে ভারতের হাই কমিশনার একটি প্রতিবাদপত্র পাঠিয়েছেন এবং শিশির বসু মহাশয় কিছু বলেছেন। স্যার, আপনি জানেন, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি উদ্বেগ প্রকাশ করে প্রধানমন্ত্রীকে একটি চিঠি দিয়েছেন। কিন্তু স্যার, আমরা মনে করি এসব যথেষ্ট নয়, তার কারণ, এই উদ্বেগের ব্যাপারে আমরা দেখলাম যে অনেক বিদগ্ধ মানুষ, চিন্তাশীল মানুষ, ভারতের স্বাধীনতা সংগ্রাম, জাতীয় সংগ্রাম সম্বন্ধে যাঁরা চিন্তা-ভাবনা করেন স্বাভাবিকভাবে তাঁদের উদ্বেগ থাকবে, একমাত্র ডাঃ আবেদিনের উদ্বেগ নেই। তিনি কতকগুলি বস্তাপচা, পুরানো যুক্তি হাজির করেছেন। স্যার, আমি এই তথ্যচিত্র সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। আগের দিনে এই সভায় আলোচনা প্রসঙ্গে মাননীয় সদস্য শিশির বসু মহাশয় বলেছিলেন সিনৃফ্‌সিসের কথা। যে সিনৃফ্‌সিস তাঁরা পাঠিয়েছিলেন—আমরা বিভিন্ন পত্র-পত্রিকাতে পড়ে দেখেছি সিনৃফ্‌সিস সম্পর্কে যে কথা বলা হয়েছিল তাতে ভারতবর্ষের জাতীয় সংগ্রাম সম্পর্কে, ভারতবর্ষের লেফ্‌ট মুভমেন্ট সম্পর্কে এবং নেতাজীর এস্‌কেপ সম্পর্কে ফ্যাকচুয়াল ডকুমেন্টারি ডিরেক্টার ডেভিড বোল্‌ডন তুলবেন। কিন্তু প্রকৃত চিত্র আমাদের কাছে বিভিন্ন ভাষ্যের মাধ্যমে যা উপস্থাপিত হয়েছে তাতে দেখছি তার ধারেকাছে তিনি যান নি। প্রকৃতপক্ষে সেখানে যা করা হয়েছে তা হল ভারতবর্ষের সমগ্র জাতীয় আন্দোলনকে ছোট করে, হেয় করে দেখানো হয়েছে।

[4.30 P.M.—4.40 P.M.]

এটা শুধু সুভাষ বসুকেই ছোট করা হয়েছে তা নয়, ভারতবর্ষের জাতীয় আন্দোলনকেও ছোট করা হয়েছে। তাই এটাতে সকল মানুষেরই উদ্বেগ থাকা স্বাভাবিক। সে জন্য যা আমাদের কাছে হাউসে এসেছে সেটা অস্বীকৃত, বিভ্রান্তি-মূলক এবং বিকৃত। কাজেই ভারতবর্ষের কোন মানুষ যাঁদের জাতীয় সংগ্রামের

প্রতি শ্রদ্ধা আছে, আস্থা আছে, তাঁরা কখনই এটাকে সমর্থন করতে পারেন না। কেন পারেন না? কারণ ঐ ফিল্মের যে ডিরেক্টর, তিনি এটা ভুল করে করেছেন তা নয়, তাঁর এই সম্পর্কে অভিজ্ঞতা আছে। আমাদের যেটা উদ্বেগ সেটা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় পত্রে উল্লেখ করেছিলেন। এই তথ্যচিত্র প্রসঙ্গে যাদের যুক্ত করা হয়েছিল তারা ভারতবাসী। কিন্তু ভারতের সংগ্রামের প্রতি তারা আদৌ শ্রদ্ধাশীল নয়। আপনি জানেন যে ফিল্ম তৈরী করার ব্যাপারে যিনি কমেন্টেটর, তিনি হচ্ছেন নীরদ রায়চৌধুরী। তাঁকে সকলেই চেনেন। তিনি অতীতে স্বাধীনতা সংগ্রামের আগে কি পরামর্শ দিয়েছিলেন সে সম্পর্কে আপনাদের কিছু পরিচিতি আছে। আপনি জানেন যে ঐ ফিল্মের অন্য কমেন্টেটর আছেন, যাঁর নাম হচ্ছে হিউসটন। তিনি গোয়েন্দা দপ্তরের লোক ছিলেন। আই. এন. এ.-র ঐ সমস্ত ইনটারোগেশান করেছিলেন। কাজেই তিনি এই তথ্যচিত্র সম্পর্কে কি পরামর্শ দিয়েছিলেন সেটা আমরা উপলব্ধি করতে পারছি। তাছাড়া যাঁরা ইংলণ্ডে রিটায়ার্ড আর্মি অফিসার আছেন, তাঁদের পরামর্শ নিয়ে তিনি ঐ তথ্যচিত্র তৈরী করেছেন। ভারতবর্ষ থেকে যাঁরা গিয়েছিলেন—ডঃ বসু, প্রেম সায়গল, লক্ষ্মী সায়গল, আনোয়ার খান ইত্যাদি। এই তথ্যচিত্র সম্পর্কে আমরা উপলব্ধি করতে পারি যে তাঁদের পরামর্শের ধারে কাছে যাওয়া হয় নি। কাজেই ইচ্ছাকৃতভাবে ভারতবর্ষের এই স্বাধীনতা সংগ্রামকে, তার পুরোধা এবং অন্যতম ব্যক্তি যিনি ছিলেন তাঁকে হেয় করার জন্য যে এটা করা হয়েছে সে বিষয়ে কারো সন্দেহের অবকাশ থাকতে পারে না। সেই কারণে আমি বলেছি যে এর কারণ বিশ্লেষণ করে দেখতে হবে। সেই কারণ বিশ্লেষণ করার আগে মাননীয় জয়নাল আবেদিন সাহেব এখানে যে কতগুলি বস্তাপচা অভিযোগ করেছেন, সেটা যদি অস্বীকার না করি তাহলে সেটা রেকর্ড হয়ে যাবে। আমি এখানে আর একটা কথা বলতে চাই। নেতাজীর প্রতি কংগ্রেস দল কি করেছিলেন সেকথাগুলি বলার প্রয়োজন আছে। আমি সেই ব্যাপারে ২/১টি কথা এখানে উল্লেখ করবো। এটা শুধু আমার কথা নয়, আমাদের কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরও এই সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছিলেন। রবীন্দ্রনাথ ঠাকুর সুভাষ বসু সম্পর্কে মহাত্মা গান্ধী এবং জওহরলাল নেহরুকে চিঠি লিখে-ছিলেন। সেই চিঠিও আছে। ১৯৩৯ সালে মহাত্মা গান্ধীকে এবং জওহরলাল নেহরুকে সুভাষ বসু সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুর যে চিঠি লিখেছিলেন তার কোন উত্তর দেওয়া হয় নি। সেই সব কথা আপনারা এখানে উল্লেখ করেন নি। উপরন্তু ত্রিপুরা কংগ্রেসে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল সেটা শুনলে আপনারা বিস্মিত হয়ে যাবেন। আপনারা জানেন যে পন্থ প্রস্তাব নেওয়া হয়েছিল, তাতে যিনি সভাপতি

হবেন তিনি নিজের মত কাজ করতে পারবেন না, তাকে গান্ধীজীর নির্দেশে কাজ করতে হবে। আমার অবাক লাগছে যে ডঃ জয়নাল আবেদিন সাহেব এই সব কথার মধ্যে না গিয়ে অন্য কথায় চলে গেলেন। আর একটা কথা হচ্ছে, আপনি বিশ্বাসঘাতকতার কথা তুললেন বলে আমাকে দু'-একটি কথা না বললে খারাপ দেখায়। আমি স্যার, putting Lenin, Musolini and Hitler in the same group. এটা ১৯৩৯ সালে ত্রিপুরায় যে কংগ্রেস হয়েছিল সেখানে বক্তৃতা দিতে গিয়ে গোবিন্দবল্লভ পন্থ বলেছিলেন। এটা আমি বলছি না। হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড, মার্চ ১৩, ১৯৩৯ সালে এটা বেরিয়েছে।

আর একটা উল্লেখ শুনুন। সর্দার প্যাটেল কি বলেছিলেন? তিনি বলেছিলেন, "লোকে আমাকে হিটলার বলিয়া থাকে কিন্তু আমি আপনাদের বলিতেছি যে গান্ধীজী অপেক্ষা বড় হিটলার আমি দেখি নাই।"—আনন্দবাজার, ৯ই মার্চ, ১৯৩৯। এটা দেখে নেবেন। যে ৪টি পত্রিকার কথা এখানে জয়নাল সাহেব করলেন, ভারতবর্ষের একচেটিয়া পুঁজিবাদী পত্রিকা ইলাসট্রেটেড উইকলি এবং তার সাংবাদিক অরুণ শৌরির নাম করে যে কথা বলেছেন, বস্তাপচা ইনটেলিজেন্সির সেই রিপোর্টগুলি ভারতবর্ষে আরো বিভ্রান্তি করার জন্য এটা বার করছেন।

স্যার, উনি বললেন যে, এটার প্রতিবাদ করা হয় নি। আমি এ প্রসংগে ওঁকে বলতে চাই যে, উনি বোধহয় পড়াশুনা করেন না, আমাদের পার্টির কেন্দ্রীয় কমিটির পত্রিকা "পিপল'স ডেমোক্রেসি"তে বলা হয়েছে, এর প্রতিবাদ করা হবে। আমরা জানি ১৮ই মার্চ থেকে ১৫ই এপ্রিল পর্যন্ত চারটি সংখ্যায় এগুলি প্রকাশিত হয়েছে, বৃটিশ গোয়েন্দা দপ্তরের জাল দলিল ছাপিয়ে ভারতবর্ষের মানুষকে বিভ্রান্ত করা হয়েছে। স্যার, এই প্রসংগে স্টেটসম্যান পত্রিকায় ভারতের কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী)-র জেনারেল সেক্রেটারী ই. এম. এস. নাম্বুদিরিপাদ যে আর্টিকেলটি লিখেছিলেন সেটি আমি জয়নাল আবেদিন সাহেবকে পড়ে দেখবার জন্য অনুরোধ করছি। তিনি লিখেছেন, যখন ভারতবর্ষে গণসংগ্রাম এবং সমস্তরকম গণ-আন্দোলন ঐক্যবদ্ধ হবার চেষ্টা করে তখন শ্রেণীশত্রুরা, একচেটিয়া পুঁজিপতিরা, বিদেশী সাম্রাজ্যবাদীরা এই সমস্ত পথ অবলম্বন করে, যাতে মানুষের ঐক্যবদ্ধ সংগ্রাম না হয়, তার জন্য তারা গণ-আন্দোলনের বিরোধিতা শুরু করে। আমরা দেখেছি অতীতে পশ্চিমবাংলায় এই কাজ করা হয়েছিল। ন্যাসনাল ফ্রন্ট যাতে গড়ে উঠতে না পারে তার জন্য বস্তাপচা জিনিষ লেখা হয়েছিল, যা এখন অরুণ শৌরি করছে। ওখানে আমাদের পার্টির জেনারেল সেক্রেটারী বলেছেন, ইন্দিরা গান্ধীর

নেতৃত্বে ভারতবর্ষে চরম সংকট চলছে, সুতরাং এর বিরুদ্ধে গণতান্ত্রিক শক্তিগুলি জাগ্রত হতে শুরু করেছে। সেই জাগ্রত মানুষের ঐক্যবদ্ধ আন্দোলন যাতে না হতে পারে তার জন্যই এই সব অপচেষ্টা। যাই হোক এ বিষয়ে পরে উত্তর পাবেন।

স্যার, আমি আর একটা কথা বলতে চাই, উনি অভিযোগ করলেন—কিন্তু উনি পড়াশুনা না করে এসেই অভিযোগ করলেন, উনি যদি পড়াশুনা করে দেখেন তাহলে দেখতে পাবেন যে, কংগ্রেসের ওয়ার্কিং কমিটি ১৯৪৫ সালের সেপ্টেম্বর মাসে চার্জ করেছিল—সেখানে পণ্ডিত জওহরলাল নেহরু, বল্লভভাই প্যাটেল ছিলেন। এ. আই. সি. সি.-তে চার্জ করা হয়েছিল, কুৎসা করা হয়েছিল, কিন্তু তার উত্তর ১৯৪৫ সালেই দেওয়া হয়েছিল। Communist reply to Congress Working Committee's charges. সেটা উনি ন্যাশনাল লাইব্রেরীতে গিয়ে একটু পড়ে নেবেন। ঐ সমস্ত কুৎসার জবাব ন্যাসনাল লাইব্রেরীতে আছে। উনি ইচ্ছে করলে সে সব দেখে নিতে পারবেন।

স্যার, আমি এখানে একটা কথা বলতে চাই, ১৯৪২ সাল থেকে এই ন্যাশনাল ডিবেট চলছে। আপনি জানেন ১৯৫২ সালের প্রথম সাধারণ নির্বাচনে পশ্চিমবঙ্গে কমিউনিষ্ট পার্টি মাত্র ২৮টি আসনে জয়ী হয়েছিল, আর ১৯৮২ সালে দুই কমিউনিষ্ট পাটি মিলিতভাবে ১৮১টি সিট নিয়ে এসেছে। আর ওঁদের আসন ঐ জায়গায় গিয়ে পৌঁছেছে।

স্যার, আপনি জানেন ১৯৪৫ সালে সুভাষ বোস সম্পর্কে তৎকালীন কমিউনিষ্ট পার্টির সাধারণ সম্পাদক পি. সি. যোশী যে উত্তর দিয়েছিলেন, তাতে তিনি একথা বলেছিলেন যে, "Bose went out of India to seek the support of the Axis. The Indian national movement stood against the Axis, only very few had the illusion that Indian liberation could come with the aid of the Facist. Vast majority believed that Bose's path could not but lead to India's passing from the British to the Jap hands." তা সত্ত্বেও আমি বলতে চাই, তখন কমিউনিষ্ট পার্টি বলেছিল, But we are aganist a foreign government keeping them in prison. We demand and support the compaign for the release of his followers. এই সব কথা ১৯৪৫ সালে বলা হয়েছিল।

[4.40—4.50 P. M.]

স্যার, আমি সেই কারণেই বলতে চাই যে, এই সব উত্তর আজকের নয়, ৪০ বছর আগেই এই উত্তর দেওয়া হয়েছে। কিন্তু তা সত্ত্বেও আমরা এই কথা বলতে

চাই যে, নেতাজী সম্বন্ধে জলঘোলা করবার চেষ্টা যতই করা হোক না কেন ইন্দিরা গান্ধীর লোকেরা ভারতবর্ষের জনমতকে বিভ্রান্ত করতে আর সমর্থ হবেন না। আমি আরো বলতে চাই যে, নেতাজীকে নিয়ে এই তথ্যচিত্রটি কেন ইউরোপে করা হয়েছে—আপনারা নিশ্চয়ই শুনেছেন কিছু দিন আগে এ্যাটেন্‌-বরো গান্ধীকে নিয়ে এইরকম একটা তথ্যচিত্র করেছেন এবং তাতে ভারত সরকার আর্থিক সাহায্য করেছেন, কিন্তু স্যার, আপনি দেখেছেন এবং অনেকেই দেখেছেন যে সেটি জাতীয় আন্দোলনের চিত্র হয়ে ওঠেনি। সেই চিত্রটিতে সুভাষচন্দ্র বসুকে অন্তর্ভুক্ত করা হয় নি, তাতে রবীন্দ্রনাথের কোন প্রসংগ নেই, ভারতের জাতীয় আন্দোলনে শ্রমিক-কৃষকদের কোন প্রসংগ নেই। সেখানে মহাত্মা গান্ধীকে কলকাতায় দেখান হয়েছে এবং তা দেখাতে গিয়ে কলকাতাকে দাঙ্গার শহর হিসাবে দেখান হয়েছে। এইভাবে চিত্রটিকে চিত্রিত করা হয়েছে, কিন্তু ভারত সরকার তার কোনরকম প্রতিবাদ করেন নি। কেন আজকে ইউরোপে ভারতের জাতীয় আন্দোলনের নেতৃত্ব নিয়ে তথ্যচিত্র নির্মিত হচ্ছে? তার কারণ হচ্ছে আজকে সাম্রাজ্যবাদী, পুঁজিবাদী দুনিয়ায় যে সংকট দেখা দিয়েছে—অর্থনৈতিক সংকট আজকে নৈতিক এবং সংস্কৃতিক সংকট তৈরী করেছে। তাই আজকে ভারতবর্ষের মালমশলা সংগ্রহ করে, ভারতবর্ষের ইতিহাস এবং ঐতিহ্যকে তুলে ধরে ইউরোপ এবং আমেরিকায় সুস্থ সংস্কৃতির চিত্র তারা তুলে ধরতে চাইছে। এর জন্য আমরা ভারতবাসী হিসাবে গর্ব অনুভব করি, আনন্দ অনুভব করি। আমার মনে আছে প্রথম বিশ্বযুদ্ধের পর ইউরোপে অনুরূপ অবস্থার সৃষ্টি হয়েছিল। রবীন্দ্রনাথের লেখার মধ্যেই তার প্রমাণ আছে। রবীন্দ্রনাথ এবং রোমাঁ রোলাঁর মধ্যে ইউরোপে বসে আলোচনা হয়েছে, ভারতবর্ষের সংস্কৃতি এবং শিল্প নিয়ে আলোচনা হয়েছে। যখন ইউরোপে এই জাতীয় আলোচনা চলছিল তখন রবীন্দ্রনাথ ইউরোপের যেখানে গিয়েছিলেন সেখানেই তাঁকে সাদর সংবর্ধনা জানান হয়েছিল এবং তাঁকে বলা হয়েছিল যে, "আপনি প্রাচ্যের বাণী নিয়ে এসেছেন, আপনি শান্তির ললিত-বাণী আমাদের শোনান, আমরা দগ্ধ।" আজকে আমেরিকা, ইউরোপের ঐ সাম্রাজ্যবাদী এবং পুঁজিবাদী দুনিয়ায় সেই অবস্থা আবার হয়েছে, তাই আমাদের জাতীয় আন্দোলনের ইতিহাসকে নিয়ে গিয়ে এই জাতীয় চিত্র তারা দেখাতে চাইছে। এটা নিশ্চয়ই আনন্দের কথা, কিন্তু সতর্ক হবার প্রয়োজন আছে। কারণ জগতের সাম্রাজ্যবাদী শক্তিগুলি ভারতবর্ষের ভাল চায় না, তারা ভারতবর্ষকে হেয় করতে চায় এবং তারই অন্যতম নিদর্শন হচ্ছে ঐ গ্রানাডা টেলিভিসন কোম্পানীর নেতাজীর উপর নির্মিত তথ্যচিত্রটি। সেই জন্য আমি মনে করি ঐ তথ্য চিত্রটিতে নেতাজীকে

যেভাবে দেখান হয়েছে তাতে সে বিষয়ে প্রস্তাবকরা আজকে যেভাবে এই প্রস্তাবটি এনেছেন তা যথোপযুক্ত। সুতরাং আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুনীতি চট্টরাজঃ স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ভূতের মুখে রাম নাম শুনছি। ভূতের মুখে রাম নাম শোনা আর কমিউনিষ্ট মন্ত্রীর মুখে নেতাজী সুভাষচন্দ্র বসুর কথা শোনা একই জিনিস।

ডাঃ শিশিরকুমার বসুঃ স্যার, আই বেগ টু মুভ দ্যাট—২য় অনুচ্ছেদের ১ম ও ২য় লাইনে, "নেতাজী সুভাষচন্দ্র বসুকে স্বদেশের প্রতি বিশ্বাসঘাতক এবং ফ্যাসীবাদী হিসাবে চিহ্নিত করার"—এই শব্দগুলির পরিবর্তে "নেতাজী সুভাষচন্দ্র বসুর রাজনৈতিক আদর্শ, মতবাদ ও নীতিকে বিকৃতরূপ দেওয়ার" এই শব্দগুলি বসানো হউক।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার আদেশ শিরধার্য করে আমিই এখন বলছি। আমি একটি খুব সংক্ষিপ্ত সংশোধনী যা দিয়েছি সেটা প্রথমেই মুভ করেছি। এই সংশোধনীটা কেন দিয়েছি সেটা একটু বুঝিয়ে বলি। মোশনটির দ্বিতীয় প্যারাগ্রাফে আছে—"যেহেতু এই তথ্যচিত্রের মাধ্যমে" নেতাজী সুভাষচন্দ্র বসুকে স্বদেশের প্রতি বিশ্বাসঘাতক এবং ফ্যাসীবাদী হিসাবে চিহ্নিত করার" অপচেষ্টা করা হয়েছে—এটা বদলেঃ যেহেতু এই তথ্যচিত্রের মাধ্যমে "নেতাজী সুভাষচন্দ্র বসুর রাজনৈতিক আদর্শ, মতবাদ ও নীতিকে বিকৃত রূপ দেওয়ার" অপচেষ্টা করা হয়েছে—এইভাবে পড়লে ভাল হয়। এটা এইজন্য বলছি যে কথাটা ফাণ্ডামেন্টাল। আমি এই ছবিটা ভাল করে দেখেছি। একবার নয়—কয়েকবার দেখেছি এবং এ্যানালাইজ্ করে দেখেছি। আমরা এমন প্রস্তাব এখানে নেবো না যাতে পরবর্তীকালে কেউ না বিরূপ মন্তব্য করতে পারে, পত্র-পত্রিকা সমালোচনা করতে পারে। আমার বিশ্বাস, আমরা সবাই এটা চাইবো। আমাদের বিধানসভায় যেটা হবে, সেটা হবে একটা ডিগনিফায়েড্ প্রোটেষ্ট।

(গোলমাল)

আমি এটা এইজন্য বলছি যে, আমি কোন কনফ্রনটেশনের মধ্যে, পলিটিকস্-এর মধ্যে যেতে চাই না। এটা কনফ্রনট্রেশনের ব্যাপার নয়। কথাটা হচ্ছে, যাতে কেউ আমাদের বিধানসভাকে না বলতে পারে যে, আমরা এমন সব কথা এতে

ব্যবহার করেছি যেটা আসলে আক্ষরিক অর্থে ঐ ছবিটির মধ্যে নেই। এই 'ফ্যাসিষ্ট' কথাটা ওখানে ঠিক ব্যবহার করেনি। ওঁরা মুসলিনির ক্ষেত্রে এটা করেছে, তার নাম ব্যবহার করেছেন। তার সঙ্গে কিন্তু মার্কসের নামও ব্যবহার করেছেন এবং এটাই হচ্ছে ইণ্টারেষ্টেড ব্যাপার। এখানে নেতাজীকে সম্পূর্ণভাবে বিকৃত করবার অপচেষ্টা হয়েছে। তাঁর আদর্শ, তাঁর মতবাদ, তাঁর নীতিকে সামগ্রিকভাবে বিকৃত করবার চেষ্টা হয়েছে এবং সেটাই হচ্ছে আসল কথা। কিন্তু ঐ কথাটি নেতাজীর ক্ষেত্রে ব্যবহার করেনি। সেইজন্যই এই এ্যামেণ্ডমেণ্টটা দিয়েছি। অচিন্ত্যবাবু যে কথা বললেন, তার সঙ্গে এটা পারস্পরিক হবে। আপনার মনে আছে, যেদিন মাননীয় সদস্য অনিলবাবু মেনশনের মাধ্যমে ব্যাপারটা তোলেন— সেদিন মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাকে বলবার সুযোগ দিয়েছিলেন। তিনি আমাকে অনেকটা সময় দিয়েছিলেন। কাজেই সেসব কথার পুনরাবৃত্তি করে আর সময় নষ্ট করতে চাই না। তাতে আমি সংক্ষেপে কিভাবে এই ব্যাপারটা হয়েছে সেটা পরে বলে দেবো। আগে এই চিত্রটি সম্পর্কে বলে নিই। এ-ব্যাপারে বলা দরকার আছে। প্রথমে ওঁরা যে চিঠিটা আমাকে লেখেন, একেবারে প্রথম চিঠি, তার সঙ্গে থিমটা সিনপ্সিস্ আকারে আমার কাছে পেশ করেন। সেটা সবটা এখানে পড়তে গেলে সময় নষ্ট হবে।

খুব তাড়াতাড়ি আমি এটা পড়ে দিচ্ছি।

[4.50—5.00 P.M.]

Granada Television will make a one-hour documentary film on aspects of the Indian independence movement which, for one reason or another, have not been given due weight in previous film studies. In particular it will concentrate on the contributions of Subhas Chandra Bose, the Indian National Army, and the Red Fort trials.

The film will combine archive film and stills with interviews with key witnesses and participants, Among those who have agreed to be interviewed are Dr. Sisir Bose, Prem and Lakshmi Sahgal, Shah Nawaz, Abid Hasan, Mohan Singh, Hugg Toye, Philip Manson and Lord Brockway.

The film will begin with a factual account of Bose's political career in Congress in the 1920s and 1930s. His role as a leader of the Left. His travels in Europe and his 1936 meeting with De Valera, whose motto in the First World War had been "England's difficulty is Ireland's opportunity". His break with Congress in 1939. Fenner Brockway who corresponded with him in the '30s, will speak of him as the champion of the poor and oppressed in Bengal in particular and India as a whole.

We shall then deal with his escape to Germany in 1941. Sisir Bose will explain how the escape was planned and carried out. Abid Hasan will tell of his work in organising an Indian Legion from Indian prisoners-of-war. We will challenge the conventional view that Bose was simply a stooge of Hitler or a convert to Fascism. He fought for India, not for Germany. "My enemy's enemy is my friend." From a British viewpoint it was treachery, from an Indian viewpoint patriotism.

His failure to persuade Hitler to give his full backing. Hasan tells of the submarine journey to Japan. Mohan Singh tells of the formation of the first INA, Shah Nawaz and Prem Sahgal tell of Bose's arrival, the establishment of a Free India Government and the rebuilding of the INA. Lakshmi tells of the formation of the Women's Regiment. Then Implal, military defeat and the plare crash.

Toye, Shah Nawaz and Sahgal tell of the interrogations of INA prisoners. Toye's verdict on Sahgal : "If he'd have been fighting for us we'd have given him the DSO".

Philip Mason and Toye tell of the decision to hold the Red Fort trials : "a great mistake, like Ireland in 1916". Revived Congress, turned INA into heroes. Assessment of the contribution of Bose and the INA trials to independence.

Gandhi awakened the masses, but Bose motivated the young and those who were not attracted to non-violence. The contributions of Gandhi and Nehru have been recognised by the world. It is time that the part played by Bose received due attention. এটা আমাদের দেওয়া হয়েছে। আমি এটাকে আমাদের যে কাউনসিল আছে সেখানে দিয়েছিলাম। এটার মধ্যে যা আছে সেটা আমি পড়ে দিলাম, আশা করি এই ব্যাপারে বিস্তারিত ডিসকাশান করার দরকার নেই। আপনারা এটা সকলে শুনেছেন নিশ্চই। এই ব্যাপারে আমরা পুরোপুরি মনঃপুত হতে পারিনি। আমাদের কিছু রিজারভেশান ছিল, সেই রিজারভেশান আমরা তাদের জানিয়েছিলাম। তার উত্তরে তাঁরা বললেন যে তোমাদের যে রিজারভেশান আছে, we shall take into account your reservation whiling making the film—যে কথাগুলি ওনারা বলেছেন সেইগুলি সব আমরা স্বীকার করিনি। যেমন My enemy's enemy is my friend. রাজনীতি এতো সোজা নয়। আদর্শবাদের প্রশ্ন আছে। পুরোপুরি না হলেও মোটামুটি-ভাবে আমরা মেনে নিয়েছিলাম। আমরা আরো বলেছিলাম এটা রিভিনেবেল করা যেতে পারে।

একটা কথা এখানে বলি, যে-কথা মাননীয় অচিন্ত্যবাবু বলেছিলেন। তিনি

বলছিলেন কতগুলি আদর্শবাদ সম্বন্ধে। আমরা বিধানসভায় আলোচনা করছি—কিভাবে এই রকম ছবি হয়। এটা তো প্রথম নয়। বিধানসভার একজন সদস্য হিসাবে আমি বা আমরা যেভাবে বক্তৃতা করছি, সেখানে কিন্তু সম্পূর্ণ অন্য ব্যাপার। একটা রাজনৈতিক দল যে ভাবে চলে, তার গতি, নীতি, চলবার ধারা, আদর্শগত অনেক রকম কায়দাকানুন, এই সমস্ত কিছু এখান থেকে একেবারে অন্য। বিধানসভার ভেতরে আমরা রাজনীতিগত সমস্ত কিছু দেখি, সেখানে তা নয়। একটা ইতিহাস চর্চার প্রতিষ্ঠান, ইতিহাস গবেষণার প্রতিষ্ঠান—তার ধারা, নীতি, কার্যক্রম ইত্যাদি সম্পূর্ণ ভিন্ন। আমরা যাঁরা সেখানে যাই—যে প্রতিষ্ঠান কোন রাজনৈতিক প্রতিষ্ঠান নয়—সেটি হচ্ছে একটি ইতিহাসধর্মী প্রতিষ্ঠান। সেখানে অনেক রাজনৈতিক মতাবলম্বী লোক আছেন। তবে সেখানে আমাদের মধ্যে একটা বোঝাপড়া আছে। ঐ একটি বাড়ি, যার নাম 'নেতাজী ভবন', যা নিয়ে আমাদের মধ্যে একটু-আধটু কথাবার্তা হয় ঠিকই। কিন্তু আমরা যখন সেখানে প্রবেশ করি—আমরা যদি কোন দলের লোকও হই—দলের সমস্ত কথাবার্তা ইত্যাদি গেটের বাইরে পুঁটুলি করে রেখে যাই। অর্থাৎ যখন আমরা ভেতরে ঢুকি, তখন দলের লোক কেউ নই। আপনাদের একজন মাননীয় সদস্যের সঙ্গে সেখানে একসঙ্গে কাজ করি। আপনারা হয়ত বুঝতে পারছেন আমি কার সম্বন্ধে উল্লেখ করতে চাইছি। সুতরাং এ নিয়ে কোন কথা সেখানে হয় না। সেখানে নেতাজী এবং ইতিহাস নিয়েই আলোচনা হয়। এই রকম ইতিহাসধর্মী প্রতিষ্ঠান আরও আছে, সেখানে দুয়ার আমরা কখনই বন্ধ রাখতে পারি না। আমাদের কাছে ২৭-২৮ বছর হয়ে গেল, সারা ভারতের লোকজনই বিভিন্ন জায়গা থেকে আসেন। যেমন শিক্ষক, ছাত্র, গবেষক, লেখক, শিল্পী, ফিল্ম যাঁরা তৈরী করেন তাঁরা অথবা নাটক যাঁরা করেন তাঁরাও ক্রমাগত আসছেন। তাঁদের কেউ আসছেন পড়তে, কেউ বা উপাদান সংগ্রহ করতে, কেউ ছবি, কেউ কিছু ইনফরমেশান নিতে এবং তা নিয়ে আবার চলে যান। আমরাও কিন্তু সেই ভাবে দেশ-বিদেশের অনেক প্রতিষ্ঠানের সঙ্গে এই ধরনের কাজকর্ম করে থাকি। এই প্রসঙ্গে ইংল্যাণ্ডের কথা বলি। আমরা একবার ভারত সরকারের সহযোগিতায় একটা ফিল্ম করছিলাম। আমি ছিলাম তার এ্যাডভাইজার। এখন কিন্তু এ্যাডভাইজার নই বা কো-প্রডিউসরও নই। সেটা ভারত সরকার নেতাজীর উপর ফিল্ম করছিলেন। তার নাম হচ্ছে 'দি ফিল্ম বার্নস্ ব্রাইট'। সেই ছবিটা সেই বছরে প্রেসিডেন্ট'স্ ডকুমেণ্টারী ফিল্ম-এর বেষ্ট এ্যাওয়ার্ড পেয়েছিল। আমরা ইংল্যাণ্ডের কাছ থেকে—বি. বি. সি.-র—দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের একটি ফিল্ম পাই। আশ্চর্যের কথা। কোথাও পাওয়া

যায় না, এখন পর্যন্ত তো পাওয়া যায় না—আমি তো এখনও পর্যন্ত দেখি নি। দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের ফিল্ম আমি দেখিনি। কিন্তু বি. বি. সি. আমাদের দিয়েছে। জাপান, জার্মানী, আমেরিকা এবং মালয়েশিয়া থেকে এই রকম ফিল্ম অথবা ছবি সংগ্রহ করা হয়েছে। আমরা ফিল্ম করেছিলাম, কিন্তু 'দি ফিল্ম বার্নস্ রাইট'-এর জন্য আমরা দায়ী। কিংবা যিনি ডাইরেক্ট করলেন, কিংবা যিনি প্রোডিউস করলেন তিনি দায়ী। কিন্তু বি. বি. সি. তার জন্য দায়ী নয়; তবে আমি যদি সেই ফিল্ম নিয়ে, বি. বি. সি. যে ফিল্মটা নিয়েছিল কোন কুকর্ম করি নিশ্চয় বি. বি. সি. তার প্রতিবাদ করে—যেটা আজকে আমরা করছি। আমি আপনাদের কাছ থেকে একটা জিনিস চেয়েছিলাম আপনারা দিলেন বন্ধুভাবে—যেমন ফিল্ম ডিভিশন ভারত সরকারের ফিল্ম দিয়ে থাকেন সারা পৃথিবীতে। তাদের একটা পারস্পরিক ব্যবস্থা আছে, যার বদলে তারাও আবার নানান দেশ থেকে মাঝে মাঝে দেন। আপনারা যারা মাঝে মাঝে টেলিভিসন বা সিনেমা দেখেন আপনারাও নিশ্চয় এসব দেখেছেন। এর মধ্যে একটা পারস্পরিক ব্যবস্থা থাকে। ফিল্ম ডিভিশন ছবি নেন এবং ছবি দেন। কোন বিশেষ কারণ না থাকলে এটা বন্ধ করার কোন কারণ নেই। বিশেষ করে এই রকম একটা থিম হিসাবে ধরিয়ে দেন যে এই রকম একটা ছবি করবো। এর কোন কারণ নেই বলার যে আমরা দেব না। ফিল্ম ডিভিশন তাই করেছে। ব্রিটিশ মর মিউজিয়াম, ব্রিটিশ মিউজিয়াম, পাবলিক রেকর্ড লাইব্রেরী, ইণ্ডিয়া অফিস লাইব্রেরী সেখানে আমরা যাই, পড়াশুনা করি। আমাদের বহু গবেষক, ছাত্র, শিক্ষক তারা সেখানে গিয়ে অনেক কিছু নিয়ে আসেন। নেতাজী সম্বন্ধে, আমাদের স্বর্গীয় পিতৃদেব স্মরণে বহু তথ্য সেখান থেকে নিয়ে এসেছি, তাঁরা দিয়েছেন। এর অনেকগুলি তথ্য যা ব্রিটিশ সরকারের পক্ষে নয় তা দিতে তারা আপত্তি করেনি। আপত্তি করার কোন কারণ নেই। একটা রুল আছে ৩০ বছর হলে তারা সেটা দেন। আমি নভেম্বর মাসে একবার লণ্ডনে গিয়েছিলাম, জানুয়ারী মাস হয় নি এবং ৩০ বছর পড়েনি বলে তাঁরা দেন নি। কতকগুলো নিয়মকানুন তাঁরা মেনে চলেন—যেমন আমাদের সরকার করেন। এটাই হলো আদান-প্রদানের কথা। সেটাই ছিল আমাদের এ্যারেঞ্জমেন্ট-এর ভিত্তি। তারপর আমরা খবর পাই। সেই খবর পাওয়ার সূত্র আমাদের আছে। খবরের কাগজ দেখে আমরা সিদ্ধান্ত গ্রহণ করিনি। আমরা খবর পাই যে ওরা সিনপসিস বা থিম আমাদের দিয়েছেন। তার থেকে তারা বিচ্যুত হয়েছে। যখন আমরা স্থির করি, আমরা সিদ্ধান্ত নিই, তখন আর আমরা দেরী করিনি। আমি একটা বিবৃতি দিই যেটা আমার কর্তব্য বলে মনে করেছিলাম। যদিও তখন

জানিনা যে এর প্রতিক্রিয়া কি হতে পারে। আমাদের স্থির বিশ্বাস হয়েছিল যে তারা সেটা মানেনি। সুতরাং আমরা বিবৃতি দিই। সেই সঙ্গে সঙ্গে প্রধানমন্ত্রী এবং পররাষ্ট্রমন্ত্রীকে টেলিগ্রাম মারফৎ জানাই যে এই রকম তারা করেছে, আপনারা যথাযোগ্য এ্যাকশান নিন। তারপর থেকে সমস্ত কিছু বলা ঠিক হবে না। কিছু কিছুর জবাব এসেছে। অনেক রকম কথা তাঁরা বলেছেন। এক সময় বলেছেন আমরা বাধ্য নই যেটা দিয়েছিলাম সেটা বদলাবার। ডাইরেকটার, প্রডিউসার, ডাক্তার বোসের ইচ্ছামত ছবি করবে না। লক্ষ্মী সায়গলের ইচ্ছা মত আমরা ছবি করবো না। এই রকম কথা তারা বলেছিলেন।

[5.00—5.10 P. M.]

তারপর আমাদের ওখানকার হাই কমিশনার যে চিঠি লিখেছিলেন তা থেকে আমি শুধু একটা লাইন আপনাদের পড়ে শোনাব। সেখানে অনেকগুলো পয়েন্ট আছে—তবে আমি শুধু একটা লাইন আপনাদের পড়ে শোনাব। ওখানকার হাই কমিশনার সাহেব বলেছিলেন, তোমরা এই এই পয়েন্টে আমাদের স্বাধীনতা সংগ্রাম ঠিক ঠিকভাবে দেখাও, কিন্তু যেভাবে তোমরা দেখিয়েছ সেটা ইতিহাসসিদ্ধ তো নয়ই, বরং হঠকারিতা হয়েছে। তাঁর সেই জবাব আমার কাছে আছে, আপনারা ইচ্ছে করলে পড়তে পারেন। তবে একটা জায়গায় যে কথা স্বীকার করা হয়েছে তাতে আমাদের সুবিধাই হয়েছে এবং মনে হয় সেটা খুব ইম্পর্ট্যান্ট পয়েন্ট। দি কমপ্লেন অব দি নেতাজী রিসার্চ ব্যুরো ছাট দি ফিল্ম ডিপার্টস্ ম্যাটেরিয়ালি ফ্রম দি সিনপসিস্ সোন টু দেম। এটা স্বীকার করায় এক জায়গায় আমাদের সুবিধাই হয়েছে। এটা যিনি লিখছেন তিনি ডাইরেক্টর প্রডিউসার নন, ইনি হচ্ছেন চেয়ারম্যান—অর্থাৎ যিনি ওই বড় কোম্পানীর একেবারে শীর্ষে আছেন। তিনি বলেছেন এটা একটা ইম্পর্ট্যান্ট পয়েন্ট, তবে পরেই আবার বলেছেন, আই হ্যাভ সিন দি সিনপসিস এ্যাণ্ড ইন মাই জাজমেন্ট দি ফিল্ম সিমস্ টু মি হ্যাভ ফলোড ইট ফেইথফুল্লী। এই হল আসল কথা। কাজেই যেটা আপনাদের প্রস্তাবে আছে সেটা বদলাবার কোন প্রয়োজন নেই। ইতিহাস বিরোধী কথা ওখানে রয়েছে, অনেক ঐতিহাসিক অসত্য রয়েছে, ভুল কথা রয়েছে যেগুলি এক এক করে দেখিয়ে দেওয়া উচিত। তারপর আবার রয়েছে—নেতাজী বলছেন, গান্ধীজী ওয়াজ এ ইউস্‌লেস পিস্ অব ফার্নিচার। আমি তো একথা কোথাও খুঁজে পাইনি। আমি অনেক গবেষককে বলেছি, আপনারা কি এটা খুঁজে বার করতে পারেন?

আমি তো কোথাও এরকম লেখা দেখিনি। তবে গান্ধীজীকে যে নেতাজী ফাদার অব আওয়ার নেশন বলেছিলেন সেটা কিন্তু কোথাও বলা হয় নি। এই হল গ্রানাডার ওই ছবি নিয়ে আমার বক্তব্য। আপনাদের প্রস্তাবে যেটা আমি যোগ করতে বলেছি সেটা আপনারা ভেবে দেখবেন। ডাঃ আবেদিন বলেছেন এটাকে আরও জোরদার করা হোক। আমি আশা করি এই প্রস্তাব সর্বসম্মত হবে। আমি আগেই বলেছি এই ধরনের বহু প্রতিষ্ঠানের সঙ্গে আমাদের কাজ করতে হয়। এখানেও অনেক প্রতিষ্ঠান রয়েছে যাঁদের সঙ্গে আমরা কাজ করি এবং তাঁরাও আমাদের সঙ্গে কাজ করেন। বলতে পারেন এটা একটা কনটিনিউয়াস ষ্ট্রাগেল। আপনাদের একটা কথা বলি—মনে করবেন না ইংল্যাণ্ড হলেই তারা আমাদের শত্রু। ১৯৩৮ সালে নেতাজী বলেছিলেন, "ইংল্যাণ্ড দেশটির সঙ্গে আমার সংগ্রাম নয়।" ইংল্যাণ্ড দেশের সঙ্গে আমাদের সংগ্রাম নয়, একটা সাম্রাজ্যবাদের সঙ্গে আমাদের সংগ্রাম এবং স্বাধীনতার পর ইংল্যাণ্ড জনগণের সঙ্গে আমাদের একেবারে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক না হবার কোন কারণ নেই। এই সব জিনিস আমার কাছে রয়েছে—আপনারা এগুলি পড়ে নিতে পারেন। বহু দিন পরের থেকে অনেক কুৎসিত কথা ছড়ানো হচ্ছে। আমি আমার পিতৃদেব একটা ব্যক্তিগত মালিকানায় যে বাড়িটা ছিল সেই বাড়িটাকে একটা প্রতিষ্ঠানে পরিণত করেছিলেন। এবং সেটা করতে গিয়ে তাঁর শেষ জীবন পর্যন্ত, আপনারা বোধহয় জানেন না, আমার পিতৃদেবকে দুর্বিষহ যন্ত্রণা ভোগ করতে হয়েছিল।

শ্রীদীপক সেনগুপ্ত ঃ এইসব পারিবারিক কথা এখানে আমাদের শুনতে হবে? আর যদি শুনতেই হয়, তাহলে আমাদের কথাও আপনাকে শুনতে হবে।

শ্রীশিশির বসু ঃ আপনারা যখন এই সব বিচার করবেন, তখন সেইসব কার্যাবলীর ভিত্তিতেই বিচার করবেন। এই যে চলছে এতো বছর ধরে, এটাকে আমরা সেইভাবে চালিয়ে রাখবার চেষ্টা করছি। তার জন্য ক্রিটিসিজম আসবে। আগেও বহু এসেছে। যখন আমার পিতৃদেব ১৯৪৭ সালে সারা ভারতবর্ষের আই. এন. এ. অফিসারদের জড়ো করে এটা উৎসর্গ করেছিলেন, তখন বলেছিলেন I am directed to a nation—ঠিক এই কোটেশনটা দিয়েছিলেন। সুতরাং এটা মনে রাখবেন। কেন বলেছিলেন—কেন না ব্যক্তিগত মালিকানায় আমরা এটা চাইছি না। এখানে যাঁরা বসে আছেন তাঁরা সকলেই নিজেদেরকে নেতাজীর পরিবারভুক্ত বলে মনে করবেন। নেতাজীর একটা কোটেশন আমি এখানে

রাখতে চাই। তিনি বলেছিলেন, my family is co-terminus with my Country আমি আপনাদের সামনে দাঁড়িয়ে আছি—আমি নেতাজীর ভ্রাতুষ্পুত্র, শচীনবাবুও তাঁর ভ্রাতুষ্পুত্র, জয়নাল আবেদিন সাহেবও, অচিন্ত্যবাবুও। এই মানসিকতা নিয়ে আপনারা সব কিছু বিচার করুন। আপনাদের আমি অনুরোধ জানাই আমার সংশোধনী প্রস্তাবকে গ্রহণ করে এই প্রস্তাবকে সর্বসম্মতিক্রমে গ্রহণ করার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5.10—5.20 P.M]

শ্রীদীপক সেনগুপ্ত ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই যে দুটি সংশোধনী প্রস্তাব এসেছে, তার বিরোধিতা করছি। প্রথমেই আমি বলি যে ভারত সরকার এখনও পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। এই কারণে জয়নাল আবেদিন সাহেবের সংশোধনী প্রস্তাব গ্রহণ করতে পারলাম না। শিশিরবাবু তাঁর একটা শেষ প্রচেষ্টা চালিয়ে গেলেন, যাতে জনসাধারণকে বিভ্রান্ত করা যায়। ফ্যাসিবাদ হিসাবে নেতাজীকে চিহ্নিত করা হয় নি, একথা ঠিক নয়। গ্রেনেডা টেলিভিসন কোম্পানীর ছাপা ভাষা যেটা বেরিয়েছে, তার একেবারে প্রথম দিকে যেটা আছে, তাতে বলা আছে—Three years earlier Indians in the far east had mourned the violent death of another revered leader, Shri Subhas Chandra Bose. The Mahatma and Netaji, India's holy father and her lost Fuehrer.

গান্ধীজীকে বলা হচ্ছে হোলি ফাদার এবং নেতাজীকে এ্যাণ্ড হার লস্ট ফুয়েরার। ফুয়েরার শব্দের কথা আমরা জানি। ডিকশনারীগত অর্থ করে আজকে কোন লাভ নেই। এই শব্দটা হিটলারের নামের সঙ্গে সরাসরি জড়িত হয়ে গেছে। যদি উনি বলেন যে এর ইংরাজী অর্থ কি? তাহলে অন্য কথা বলা যায়। কিন্তু এই কথা ঠিক, হিটলারের নামের সঙ্গে এই শব্দটা জড়িত হয়ে গেছে। কাজেই শিশিরবাবু অত্যন্ত সুচতুর ভাবে তার সংশোধনী এনেছেন তার গোটা বক্তৃতার মধ্যে তার যে অপরাধী মন, সেই মনের প্রকাশ আমরা পেয়েছি। একটা কথা অত্যন্ত পরিষ্কার, উনি বলছেন চিঠি দিয়েছে ব্রিটিশ কোম্পানী। তাঁরা চিঠি দিয়েছেন ভারতবর্ষের স্বাধীনতার সংগ্রামে নেতাজীর যথাযথ উল্লেখ হয় নি। সেই গ্রানাডা টেলিভিসন কোম্পানী, তারা নাকি যথাযথ ভাবে নেতাজীকে বিশ্বের কাছে তুলে ধরবেন। এর দায়িত্ব দিয়েছেন গ্রানাডা কোম্পানী। চিঠি দিয়েছেন নেতাজী রিসার্চ ব্যুরোর

কাছে। শিশিরবাবুর বক্তৃতা আমি সেদিন শুনছিলাম। তিনি সেদিন বলেছিলেন এবং শেষে আজকে বক্তৃতা করলেন, আমরা যেন সকলেই নেতাজীর পরিবারভুক্ত হই। কিন্তু সেদিন আপনি কি বলেছেন? বারেবারে নেতাজী রিসার্চ ব্যুরোকে? আপনি আপনার সংগঠন বলে বারেবারে ঘোষণা করেছেন। আমার সংগঠন, আমার অর্গানাইজেশন, এই কথা আপনি বারেবারে বলেছেন। নেতাজী রিসার্চ ব্যুরো—সেই ইতিহাসের কথা একটু টেনে দেওয়া দরকার। কারণ আপনি বলেছেন এটা পারিবারিক ব্যাপার, একটু বলবার সুযোগ থাকা দরকার। আপনার লেখা থেকেই পড়েছি, এক সময়ে বসু পরিবার অর্থনৈতিক দিক থেকে একটু অসুবিধার মধ্যে পড়েছিল, এলগিন রোডের বাড়ি ইংরেজরা বাজেয়াপ্ত করে নেবার ব্যবস্থা করেছে এবং সেই সময় সুরেশ মজুমদার মহাশয় এগিয়ে এসেছেন, সেই অংশটুকু তিনি কিনেছেন এবং সেখানে নেতাজীর স্মৃতি বিজড়িত বাড়ি হিসাবে রক্ষা করবেন—ইতিহাস যা বলে, ভেতরে কোন লেনদেন হয়েছিল কি না জানিনা। তৎকালীন অবস্থা সম্পর্কে আপনার নিজের লেখাও রয়েছে, সেই সময় একটু অসুবিধা চলছিল শরৎবাবু, আপনার পিতৃদেবের এবং নিশ্চয়ই পরবর্তী কালে বামপন্থী আন্দোলনের সঙ্গে যুক্ত তিনি হয়েছেন, তাঁকে বাড়ি দেওয়া হয়েছে নেতাজীর স্মৃতি বিজড়িত এই বাড়িতে নেতাজী রিসার্চ ব্যুরো করবার জন্য। আপনি বলেছেন একটা কথা, ওখানে যখন যান, তখন রাজনীতি ছেড়ে যেতে হয়। শিশিরবাবু আপনি হয়তো ভুলে যাচ্ছেন, ভারতবর্ষের রাজনীতির যে মূল দুটি ধারা, তা একটা গান্ধীজীকে কেন্দ্র করে, আর একটা সর্বশেষ নেতাজীকে কেন্দ্র করে। ভারতবর্ষের ইতিহাসকে পুরোপুরি বিকৃত করা হয়েছে, গ্রানাডা টেলিভিসন কোম্পানী আজকে এই সাহস কোথা থেকে পায়? প্রায় সেখান থেকে যখন গান্ধীজীর ছবি করবার জন্য এ্যাটেনবরোকে ভাড়া করে নিয়ে আসা হয় এবং সেই এ্যাটেনবরো ছবির মধ্যে দিয়ে কি করেছেন? নেতাজীর নাম পর্যন্ত উল্লেখ নেই। একটি বারও তো নেতাজী রিসার্চ ব্যুরো প্রতিবাদ করেন নি? আপনি তো এই কথা দেখান নি যে ঐ গান্ধীজীর ছবির মধ্যে দিয়ে দেখানো হয়েছে বিশ্ববাসীর কাছে যে শুধু চরকা কেটে—এমন কি গান্ধীজীর সেই ছাগলটিকে পর্যন্ত দেখানো হয়েছে, যার দুধ খেয়ে গান্ধীজী চলতেন। দেখিয়েছে শুধু চরকা কেটে এবং ছাগলের দুধ খেয়ে ভারতবর্ষের স্বাধীনতা এসেছে। সিপাহী বিদ্রোহের মূল্য তারা দেন নি। দেশোদ্রোহিতার নানা কথা জয়নাল সাহেব বলেছেন, কিসের থেকে বললেন? যে আলোচনা হচ্ছে, এমন একটা বিষয়, যা নিয়ে আমরা একমত হতে পারতাম। কিন্তু জয়নাল সাহেবের এই কথা জানা দরকার, ঢিলটি মারলে

পাটকেলটি খেতে হয়। আজকে সেই পুরান দেশোদ্রোহিতার কথা, যার স্বীকৃতি এসেছে—কম্যুনিস্টরা যখন ক্ষমতায় আসেনি, কিন্তু যেদিন থেকে ক্ষমতায় এসেছে, অর্থগত ভাবে, নীতিগত ভাবে তারা সংশোধন করেছে। কিন্তু আপনারা বসে আছেন, শিশিরবাবু সেই দলভুক্ত আছেন, আজকে সারা ভারতবর্ষের মধ্যে ২৩শে জানুয়ারী ভারতবর্ষে একটা সর্বভারতীয় ছুটি বলে ঘোষণা করতে পারেন নি। এটা যদি ঘোষণা করাতে পারতেন, এই কথাটাকে যদি বলাতে পারতেন, বিশ্ববাসী জানতো ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের আপনারা মূল্য দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাদের সেই ইতিহাস তো ভুলে যাবার কথা নয়, আজাদ হিন্দ ফৌজের সেই যে মহৎ সংগ্রাম তার পরে কোন মিলিটারী ব্যারাকে নেতাজীর ছবি রাখতে দেন নি। এই কংগ্রেস করেছে, এই নেহেরু করেছে। ইতিহাস কি বলে? পার্লামেণ্ট ভবনে আজ পর্যন্ত নেতাজীর ছবি রাখতে পারলেন না। কি চুক্তি হয়েছিল? ইতিহাস এই কথা বলে, যে কথা বেরিয়েছে কারা কারা ইণ্টারভিউ দিয়েছেন, গ্রানাডা টেলিভিসন কোম্পানীতে—শিশিরবাবু সৌভাগ্যবান, তিনি দেখেছেন। আমরা দেখিনি। তবে কাগজ পড়ে বুঝতে হবে, যেমন করে বুঝি খবরের কাগজ পড়ে, যে এক সময় হিলারী নাকি এভারেস্ট জয় করেছিলেন, সেটা তো অস্বীকার করতে পারি না।

[5.20—5.30 P.M.]

সেই কথা লেখা হয়েছে। আপনি বললেন যারা ইণ্টারভিউ দেবে তাদের মধ্যে নীরোদ চৌধুরীর নাম নেই, এটা খুব সুকৌশলে পেশ করতে চেয়েছেন। নীরোদ চৌধুরীর নাম থাকলে নিশ্চয় দেশবাসী আপনাকে ছেড়ে দিত না। কারণ এই নীরোদ চৌধুরী সুভাষচন্দ্র নিষ্ক্রমণের আগেও আপনাদের পরিবারের কথা বলেছেন। আপনাদের পরিবারের আত্মীয়ের মধ্যে এমন লোকও আছেন যাঁরা বৃটিশের স্পাই, নেতাজীর কথার মধ্যে এটা রয়েছে। নীরোদ চৌধুরী আপনার বাবার প্রাইভেট সেক্রেটারি, এই কথা ঠিক। কিন্তু নেতাজী চলে যাবার পরে শরৎবাবু গ্রেপ্তার হয়েছেন। আর এই নীরোদ চৌধুরী অল ইণ্ডিয়া রেডিও, যেটা নাকি বৃটিশ সাম্রাজ্যবাদের সাম্রাজ্যবাদী ব্যবস্থাকে ধরে রাখবার একটা বড় প্রচার সংস্থা, সেখানকার একটি ভাল পদে নিযুক্ত হয়ে গেলেন। সেই নীরোদ চৌধুরী, যিনি কিনা ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রাম সম্পর্কে অনেক বাজে বাজে কথা বলেছেন, আপনার সঙ্গে মিলে আছেন। আমি উল্লেখ করে দিতে চাই—

আপনি তার সঙ্গে যুক্ত হয়েছেন কেন ? কেননা, তিনি আপনার সম্পর্কে খুড়-শ্বশুর। পারিবারিক ভাবে আপনারা নেতাজীকে ব্যবহার করার চেষ্টা করছেন এবং সেইখানেই আমাদের আপত্তি। গ্রানাডায় যে ছবি তৈরী হয়েছে আপনি এর সঙ্গে যুক্ত হয়েছেন, তার মধ্য দিয়েই প্রামাণ্যতা এসেছে। যে প্রামাণ্যতা ব্যবহার করা হয়েছে, ভারত সরকার শুধু প্রতিবাদ করেছেন। সেদিন একটি কথা বলেছিলেন একেবারে উপরে ভারত সরকারের নাম আছে, আর তার নীচে নেতাজী রিসার্চ ব্যুরো—এই কথা বুঝতে আমাদের অসুবিধা হয় না যে, ভারত সরকার বলতে আজকে যে মানুষগুলি সরকার চালাচ্ছে তারা, কিন্তু নেতাজী বিরোধী। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, দেশদ্রোহী, দেশদ্রোহী বলে বহু চিৎকার হয়েছে। নিশ্চয় ইতিহাস পুরুষকে ভবিষ্যৎ ইতিহাসবিদ বিচার বিশ্লেষণ করবে। সুভাষচন্দ্রের যথাযথ মূল্যায়ন সারা পৃথিবীতে শুরু হয়েছে। সেই পরিপ্রেক্ষিতে নানান উদ্দেশ্যমূলক ছবি ইত্যাদি প্রচার চলেছে। দেশদ্রোহী বলছেন কমুনিস্টদের ঠিকই —সারা ভারতবর্ষের লোক জানে যে, কি পরিপ্রেক্ষিতে ওরা একথা বলেছিলেন। অত্যন্ত সাময়িক একটি অবস্থা short span of time এটা বিশ্লেষণের ঘটনা—কিন্তু আপনাদের চেহারা কি ? আমি লোকসভার একটি প্রসিডিংস থেকে পড়ে শোনাচ্ছি—"The Nawab of Bhupal Chartered a plane taking Jawaharlal Nehru to Singapore where Lord Wavell was ; he was then Viceroy ; Gen. Auchinleck, Commander-in-Chief of the war was also there ..Jawaharlal went there. He was hesitant there also. Lord Mountbatten who was at the head of the Southeast Asia Command at that time was summoned to Singapore base and Jawaharlal Nehru was given certain questions by Lord Mountbatten. He said : Look here, Scotland Yard has not yet written off Subhas as dead or gone or disappeared never to come. If that is so, if Subhas comes back to India will you be the Prime Minister or Subhas will be ? Question no. 2 was, supposing the country is not partitioned will Bengal contribute the Prime Ministership or will U. P contribute the Prime Ministership ? The hint was very clear and the vacillating great leader agreed to partition." এই তো নেহরুর চেহারা। তাকে বোঝান হল যে, সুভাষ মারা গেছে, এই কথা পরিষ্কার নয়। আজ যদি বাংলাদেশ ভাগ করা না যায় তাহলে তুমি ইউ. পি.-র লোক ভারতবর্ষের প্রধানমন্ত্রী হবে, না বাংলাদেশের লোক হবে—কে হবে ? যারা পার্টিশান করে দেশকে ভাগ করেছে, দেশপ্রেমের নামে যারা দেশমাতৃকার দেহ খণ্ডিত করে তারাই হল বড় দেশদ্রোহী এবং ইতিহাসে তারা চিরকাল দেশদ্রোহী বলে চিহ্নিত

হয়ে থাকবে। তাই আজকে প্রশ্ন এসেছে দেশদ্রোহী কারা? শিশিরবাব পারিবারিক ধারা থেকে বিচ্যুত। আপনি আপনার পরিবার থেকে কংগ্রেস দলে গেছেন। যদি কোন নীতিগতভাবে গিয়ে থাকেন তাহলে আমাদের বলবার কিছু নেই। কিন্তু আপনি নেতাজী পরিবারকে, নেতাজীর নামকে রাজনীতির ক্ষেত্রে জড়িত করে ব্যবসায় পরিণত করবেন না, এই একটি জায়গায় আমাদের আপত্তি এই কথা আপনাকে বুঝতে হবে। আপনার পিতৃদেব শরৎবাবু পশ্চিমবাংলার বামপন্থী ঐক্য আন্দোলনে নিশ্চয় এক উজ্জ্বল জ্যোতিষ্ক। তাঁকে কেন্দ্র করে ১৯৪৮ সালে দক্ষিণ কলকাতা কেন্দ্রে আমরা বামপন্থীরা একত্রিত হয়েছিলাম। কিন্তু এটা একটা আপনাদের পারিবারিক ব্যাপার নয়। আমাদের আপত্তি কি জন্য? নেতাজীকে অন্যভাবে বিশ্লেষণ করা হবে বলে তারা ছবি তুলতে চেয়েছিলেন? আপত্তি করেছেন কেন্দ্রীয় সরকার, উপায় নেই। হাজার হলেও ওরা ইংরেজ তো, সবটা খারাপ তুলে দিলে হবে না, তাই কিছু কিছু ভাল কথা তুলেছেন। ভারত সরকারের আপত্তি করবার কারণ আছে।

স্যারেটার একটা জায়গায় বলছেন, Nehru used the I. N. A. as a stepping stone to power but banned its members from the new Indian army. একথা তো অজানা নয় যে, আজাদ হিন্দ ফৌজের সৈনিকদের ভারতবর্ষের মূল সেনাবাহিনীতে নেওয়া হল না। সেদিন নেহরু তাঁর কালো হয়ে যাওয়া, ময়লা হয়ে যাওয়া গাউন শুধুমাত্র রাজনীতিতে ফিরে আসার জন্য ভুলাভাই দেশাই-এর সঙ্গে পরেছিলেন। সেদিন উপায় ছিল না, কারণ ইতিহাস একথা বলে যে আই. এন. এ.-র এই লড়াই ভারতবর্ষে একটা বিদ্রোহের অবস্থার সৃষ্টি করেছে—পুলিশ বিদ্রোহ হচ্ছে, নৌ-বিদ্রোহ হয়েছে। ভারতবর্ষে যে দ্বিজাতি তত্ত্ব কংগ্রেস এবং মুসলিম লীগ চালাচ্ছে তার পাল্টা একটা বিকল্প তৈরী হয়েছে ভারতবর্ষের বাইরে আজাদ হিন্দ ফৌজের মধ্যে দিয়ে। সেখানে হিন্দু, মুসলমানের মিলিত শক্তি ভারতবর্ষের মুক্তি ঘটাবার চেষ্টা করছে। সেই ইতিহাসের দিকে লক্ষ্য রেখে গ্রানাডা চিত্র কোম্পানী তারা কি ছবি তৈরী করবে? নেতাজীকে নিয়ে বহু কথা বলা হয়েছে। যাঁরা যখন যেমন পেরেছেন তাঁরা সেইভাবে তাঁকে ব্যবহার করেছেন। গান্ধীজী এক সময় বলেছিলেন, নেতাজীর জয় তাঁর পরাজয়। পট্টভি সিতারামাইয়ার পরাজয় তাঁর পরাজয়। আবার সেই গান্ধীজী তাঁকে বলেছিলেন, প্যাট্রিয়ট অব প্যাট্রিয়টস দো মিস-গাইডেড। শেষ পর্যন্ত একথা এসেছে। স্যার, ভারতবর্ষে সুভাষচন্দ্রের স্থান কোন দল, কোন পরিবার, কোন রাজনীতি করে দেয় নি। তিনি তাঁর নিজের কাজের মধ্যে দিয়ে তাঁর স্থান করে

নিয়েছেন। কিন্তু আপনারা কি করছেন? আপনারা তাঁকে মুছে ফেলবার চেষ্টা করছেন। এই ইংরাজ কোম্পানী বলুন বা সাম্রাজ্যবাদী শক্তিগুলি বলুন সুভাষচন্দ্র বিরোধী রাজনীতির যে শক্তি তাঁরা কেন সাহস পায় এই ধরনের ছবি করবার? তাঁরা কেন ফুয়েরারের সঙ্গে তাঁকে তুলনা করতে পারে? তাঁরা সেই ছবির মধ্যে সুভাষচন্দ্রকে জাপানের পাপেট বলবার সাহস কোথায় পায়? তাঁরা এই সাহস পায় যখন তাঁরা ভারত সরকারের কাছ থেকে প্রশ্রয় পায় এবং শিশিরবাবুর মতন লোকরা গিয়ে তাঁদের সঙ্গে সহযোগিতা করে, নতুবা সারা ভারতবর্ষের মানুষের সঙ্গে এঁরাও তার প্রতিবাদ করতেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিশিরবাবুকে বলি, আইন খুব বেশী বুঝি না, কিন্তু এটা জানি যে, চুক্তির ক্ষেত্রে সেখানে সামান্যতম বিচ্যুতি ঘটলেও মামলা করা যায়। আপনার কাছে যাদের ইন্টারভিউ নেওয়া হবে বলে চিঠি দিয়েছিল সেই গ্রানাডা কোম্পানী—আপনি সেই চিঠি পড়েছেন এবং তাতে বলেছেন সেখানে নীরোদ সি চৌধুরীর নাম নেই। আমি আপনাকে একথা বলি, নীরোদ চৌধুরী আপনার পরিবারের শত্রু, ভারতবর্ষের স্বাধীনতার শত্রু, সেই নীরোদ চৌধুরীর নাম আগে আপনার কাছে প্রকাশ করে নি, কিন্তু ছবির ভাষ্যের বিভিন্ন জায়গায় নীরোদ চৌধুরীর বক্তব্য রাখা হয়েছে। সেখানে কি অদ্ভুত ধরনের বক্তব্য রাখা হয়েছে আপনি জানেন।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

স্যার, আপনার কাছে আমি একটু সময় চেয়ে নিচ্ছি। নীরোদবাবু সুভাষচন্দ্রের মূল্যায়ন করছেন। তিনি কি বলছেন? বাঙ্গালীদের চরিত্র সম্পর্কে তিনি বলছেন: 'Here are my tenants who are showing signes of insubordination. I will sent to my armed retainers and bring them down, bring them to heel. And this attitude in the Bengal gentry was always there. And Subhas Bose came from that class." বলছেন সুভাষচন্দ্র সেই বাঙ্গালী পরিবার থেকে এসেছেন যারা লেঠেল রেখে প্রজাদের শাসন করে। এই হচ্ছে নীরোদ চৌধুরীর ভাষ্য।

(এই সময় আবার লাল বাতি জ্বলে ওঠে)

স্যার, এই ইস্যুটি এমন একটা জায়গায় এসেছে যে আমাকে কয়েকটি কথা

বলতেই হচ্ছে। স্যার, শিশিরবাবু যেমন নিজেকে নেতাজীর পরিবারভুক্ত বলে মনে করেন তেমনি আমিও মনে করি আমি নেতাজীর ক্ষেত্রে সেই পরিবারের কুসন্তান অন্ততঃ নই। আমাকে স্যার, একটু সময় দিন।

মিঃ ডেপুটি স্পীকার : আপনার জন্য যে সময় নির্দিষ্ট ছিল তার উপর আরো ৭ মিনিট সময় আমি বেশী দিয়েছি, কাজেই আপনি এবারে বসুন।

শ্রীদীপক সেনগুপ্ত : স্যার, জয়নাল সাহেব এই ইস্যুটাকে যে জায়গায় টেনে নিয়ে গিয়েছেন সেখানে আমাকে কিছু বলতেই হচ্ছে। আমি স্যার, এই মুহূর্তে বসে যেতে রাজি আছি যদি আপনি জয়নাল সাহেবের সমস্ত বক্তব্যটা এক্সপাঞ্জ করে দেন। কারণ স্যার, ওঁর বক্তব্যের সঙ্গে এই রেজলিউশানের কোন সম্পর্কই নেই।

ডাঃ জয়নাল আবেদিন : Under what rule, that will be expunged.

শ্রীদীপক সেনগুপ্ত : Under that rule, it does not permit an insane person to speak.

[5.30—5.40 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মূল কথা হচ্ছে, এই ছবির বিরোধিতা আমরা কেন করছি? পৃথিবীর যে-কোন জায়গায় নেতাজীকে জঘন্য চরিত্রে চিত্রিত করে কেউ যদি ছবি করে, সেখানে খুব বেশী হলে আমরা তার প্রতিবাদ করতে পারি। কিন্তু এই ছবির বিরোধিতা কেন করছি? এই ছবির সঙ্গে ভারত সরকারের নাম জড়িত হয়ে পড়েছে। কৃতজ্ঞতা স্বীকারে ভারত সরকারের নাম প্রথম, কৃতজ্ঞতা স্বীকারে নেতাজী রিসার্চ ব্যুরোর নাম রয়েছে, কৃতজ্ঞতা স্বীকারে এই ছবিতে অংশ গ্রহণ করেছেন শিশিরবাবু, তাঁর নাম রয়েছে এবং এর মধ্যে দিয়ে যে ছবি তৈরী হয়েছে তাতে বিশ্ববাসী জানবে, ইউরোপ জানবে যে নিশ্চিত ভাবে ভারত সরকার এবং বসু পরিবার, তারা নেতাজীর এই চেহারাকে গ্রহণ করে নিয়েছে। কাজেই এইখানে আমরা আপত্তি জানাচ্ছি। যেহেতু প্রস্তাবটি যাতে সর্ববাদীসম্মত হতে পারে সে জন্য আমরা সমস্ত পরিবর্তনকে গ্রহণ করে একটা সাধারণ প্রস্তাব এনেছিলাম এবং এই প্রস্তাবে সকল দলের সব মাননীয় সদস্য সই করেছেন। সেই

কারণে যে-কোন সংশোধনী আসুক, সেই সংশোধনিগুলির আমরা বিরোধিতা করছি এবং আশা করি খোলা মন নিয়ে, রাজনৈতিক উদ্দেশ্য না নিয়ে, কাদা ছোড়াছুড়ি না করে, একটা সর্বসম্মত প্রস্তাব নেওয়া যাবে। একথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে, সর্বদলীয় প্রস্তাব, সেই প্রস্তাব সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই প্রস্তাবের উপরে আলোচনা করতে গিয়ে প্রথমেই ভাবতে হচ্ছে যে, আজকের এই ভারতবর্ষ এটা স্বাধীন রাষ্ট্র, না কি একটা কলোনিয়াল ষ্টেট। এটা অত্যন্ত দুর্ভাগ্যের কথা যে, স্বাধীনতা অর্জনের ৩৭ বছর পরে ভারতবর্ষের এমন শ্রদ্ধেয় নেতা নেতাজী সুভাষ চন্দ্র বসু, তাঁকে স্বদেশের প্রতি বিশ্বাসঘাতক এবং ফ্যাসিষ্ট বলে আজকে প্রচার করা হচ্ছে। ব্রিটিশ সরকারের অধীনে যে গ্রানাডা টেলিভিশন কোম্পানী, তারা আজকে সেই প্রচার করছে বিশ্বের মানুষের কাছে। এই কারণে আজকে ভাবতে হচ্ছে যে, আমরা কি স্বাধীন হয়েছি? তা যদি হয় তাহলে এর তাৎপর্য কি? এটা সকলে জানেন যে, ভারতবর্ষ একটা ইনডিপেনডেন্ট সভারিন। তার ইনডিপেনডেন্ট ন্যাশান্যাল পলিসি আছে, তার একটা বৈদেশিক নীতি আছে। অথচ নেতাজীর ক্ষেত্রে যেখানে ম্যালিন করা হয়েছে, সেখানে ভারত সরকার হেল্পলেস এই প্রচারের ব্যাপারে। তাহলে এর পিছনে যে প্রচ্ছন্ন সমর্থন আছে—একথা কি প্রমাণ করে না? আজকে প্রাইম মিনিষ্টারকে চিঠি দিয়েছেন আমাদের মুখ্যমন্ত্রী। এই চিঠির অর্থ কি? আজকে যদি তারা না শোনে তাহলে কেন কমনওয়েল্থ-এর সঙ্গে সমস্ত সম্পর্ক ছিন্ন করে দেওয়া হচ্ছেনা—এই প্রশ্ন রাখতে পারি? আজকে মাননীয় সদস্য শিশিরবাবু যে সংশোধনী এখানে এনেছেন, যে এ্যামেণ্ডমেন্ট এনেছেন, আমি মনে করি এই এ্যামেণ্ডমেন্ট আনার উদ্দেশ্য হচ্ছে, যেভাবে এই টেলিভিশন কোম্পানী নেতাজীকে ম্যালিন করেছে, সেটাকে হাল্কা করে দেখানোর জন্য। কাজেই আমি এই সংশোধনীর বিরোধিতা করছি। আমি আর একটা গুরুত্বপূর্ণ কথা এখানে বলতে চাই। সেটা হচ্ছে, নেতাজীর মত এই রকম ষ্টলওয়ার্ট, যাঁরা ভারতবর্ষের এই রকম শ্রদ্ধেয় জাতীয় আন্দোলনের নেতা, এঁরা কখনও ফ্যামিলি প্রপারটি হতে পারেন না। ইট ইজ দি প্রপারটি অব দি পিপল। সুতরাং এঁদের সম্পর্কে কি ছবি হবে, এঁদের জীবনী কিভাবে চিত্রিত হবে, সেটা ডিসাইড করবে দেশ। এটা কোন ফ্যামিলি প্রপারটির ব্যাপার নয়।

এটা একটা গুরুত্বপূর্ণ বিষয় এবং এই বিষয়ের উপরে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিশেষে এই কথা বলতে চাই যে, নেতাজী রিসার্চ ব্যুরোর পক্ষ থেকে বা সরকারের পক্ষ থেকে যে helplessness এবং শিশিরবাবু সেদিন বক্তৃতা দিয়ে বলেছেন যে, নেতাজীর নতুন ভাবে পাশ্চাত্যে মূল্যায়ন হোক। তিনি কি জানেন না যে, নেতাজীর জীবনকে যদি যথার্থ ভাবে চিত্রিত করতে হয় তাহলে ঐ ছবি সঠিক ভাবে তোলা উচিৎ ছিল।

(এই সময়ে লালবাতি জ্বলে উঠলো)

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে তথ্যচিত্রটিকে কেন্দ্র করে আমরা আজকে এখানে প্রস্তাব উত্থাপন করেছি সে তথ্যচিত্রটির সম্বন্ধে ভারতবর্ষের মানুষের মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়েছে। ইতিপূর্বে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতি বসু মহাশয় এ বিষয়ে প্রতিবাদ করেছেন এবং আমরা সংবাদপত্রে দেখেছি যে, প্রধানমন্ত্রীও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রতিবাদ জানিয়েছেন। আজকে বিধান-সভায় এই প্রস্তাব উত্থাপনের প্রয়োজন এই কারণে, পশ্চিমবাংলার জনসাধারণের গ্রানাডা টেলিভিশন কোম্পানীর বিরুদ্ধে এবং তাদের তৈরী করা তথ্যচিত্রের বিরুদ্ধে যে ক্রোধ, ক্ষোভ এবং ঘৃণা সৃষ্টি হয়েছে তা আজকে এই সভার মনোভাবের মধ্যে দিয়ে প্রকাশিত হচ্ছে। এই প্রস্তাব উত্থাপনের সঙ্গে সঙ্গে আমরা আনন্দিত এই কারণে যে, আমরা অন্ততঃ একটা ক্ষেত্রে দলমত নির্বিশেষে সবাই ঐকমত্য হতে পেরেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রানাডা টেলিভিশন কোম্পানীর নির্মিত নেতাজী সুভাষচন্দ্র বসুকে নিয়ে যে তথ্যচিত্র, সে তথ্যচিত্রের বিষয়বস্তু সম্পর্কে আমরা জানতে পেরেছি যে, নেতাজী সম্পর্কে অবমাননাকর মন্তব্য ঐ তথ্যচিত্রে করা হয়েছে। বিশেষ করে ঐ তথ্যচিত্রের ভাষ্যকার নীরোদ সি. চৌধুরী যে-সব মন্তব্য করেছেন, সে-সব মন্তব্য আমাদের জাতীয় মর্যাদায় আঘাত করেছে। তা ভারত-বর্ষের লক্ষ কোটি মানুষের হৃদয়ে আঘাত করেছে। এ ব্যাপারে কোন সন্দেহ নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতীতে নেতাজী সম্পর্কে বিতর্ক ছিল, ভারতবর্ষের ভেতরে ছিল, ভারতবর্ষের বাইরেও ছিল। কিন্তু আমরা এ কথা জানি যে, সমকালের বহু ক্ষেত্রেরই বিচার-বিশ্লেষণ সঠিক ভাবে হয় না। আমরা এটাও জানি যে, সমকালের বহু বিরাট বিরাট ব্যক্তিত্বের যথাযথভাবে মর্যাদা রক্ষিত হয় না।

কিন্তু সময় অতিবাহিত হয়ে কালের নিরিখে প্রকৃত সত্য উজ্জ্বল হয়ে ওঠে এবং নেতাজী সম্পর্কে সে কথাই প্রযোজ্য। সময় যখন অতিক্রান্ত হয়েছে তখন ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে নেতাজীর যে ভূমিকা সে ভূমিকা হীরক উজ্জ্বল হয়ে উঠছে। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে নেতাজীর ভূমিকা এবং দেশপ্রেমিক হিসাবে নেতাজী সমস্ত পৃথিবীতে উজ্জ্বল নক্ষত্রের মত ক্রমশঃ দেদীপ্যমান হয়ে উঠছেন। এটা হওয়া স্বাভাবিক। কারণ কালের নিরিখে, কালের বিচারে—মুহূর্তের ঘোরে নয়—কালের বিচারে নেতাজী দেশপ্রেমিক, সংগ্রামী নেতাজী, নেতাজী আপোষহীন এবং এই হিসাবেই তিনি প্রতিভাত হচ্ছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিরোধী পক্ষ থেকে জয়নাল আবেদিন সাহেব বক্তব্য রাখবার সময়ে অতীত ইতিহাস থেকে তিনি উদ্ধৃতি দিতে চেয়েছেন। কিন্তু উত্থাপিত প্রস্তাবের মধ্যে দিয়ে আমাদের যে প্রত্যাশা, তা হচ্ছে অতীতের স্মৃতিচারণ না করে, অতীতের পৃষ্ঠা থেকে ঘটনাগুলিকে তুলে নিয়ে না এসে, এই মুহূর্তে যে ভাবে নেতাজীকে বিচার-বিশ্লেষণ করছি সেই ভাবে সমবেত দৃষ্টিভঙ্গির মধ্যে দিয়ে সমবেত কণ্ঠে নেতাজীর মূল্যায়ন করব। এই প্রত্যাশা আমরা করেছিলাম।

[5.40—5.50 P.M.]

এবং বৃটিশ তথ্য চিত্রটি আমাদের জাতীয় মর্যাদায় যে আঘাত করেছে সে আঘাতের আমরা প্রতিবাদ করব। বিধানসভায় সর্বসম্মত প্রস্তাবের ক্ষেত্রে যে রীতি সাধারণতঃ মানা হয় সেই রীতি মাননীয় সদস্য লঙ্ঘন করেছেন এবং লঙ্ঘন করে বিধানসভাকে তিনি তাঁর রাজনৈতিক বক্তব্য উপস্থাপনের মঞ্চ করে তুলতে চেয়েছেন। আমাদের বন্ধু অচিন্ত্যকৃষ্ণ রায় মহাশয় ইতিহাসের পৃষ্ঠা থেকে বিভিন্ন তথ্য তুলে নিয়ে এসে এখানে সঠিকভাবে সেগুলি উল্লেখ করে নেতাজী সম্পর্কে সঠিক মূল্যায়ন করেছেন। এবং তিনি সঠিক দৃষ্টিভঙ্গীর কথাও উল্লেখ করেছেন। সমকালে নেতাজীর সঠিক মূল্যায়ন একমাত্র রবীন্দ্রনাথ ছাড়া আর কেই বা করতে পেরেছিলেন? রবীন্দ্রনাথ যথাযথ ভাবে নেতাজী সুভাষচন্দ্র বসুকে 'দেশ-নায়ক' হিসাবে বরণ করেছিলেন। অতীতে রবীন্দ্রনাথকে বাদ দিয়ে বিভিন্ন দার্শনিক তথ্যের নিরিখে নেতাজীকে বিচার-বিশ্লেষণ করতে গিয়ে বহু বিভ্রান্তি ঘটেছে। কিন্তু নেতাজীর স্বাধীনতা সংগ্রামের ভূমিকা এবং দেশপ্রেমিক চরিত্র আজকে উজ্জ্বল হয়ে উঠেছে। নেতাজী আজও তরুণের স্বপ্ন, নেতাজী আজও ভারতবর্ষে যৌবনের স্বপ্ন। জনগণের প্রতি নেতাজীর যে তত্ত্ব তা আমরা জানি আজকে

সর্বত্র প্রচার করতে হবে। নেতাজী সমাজবাদে বিশ্বাস করতেন। নেতাজী ভারতবর্ষের কৃষ্টি, সংস্কৃতি, ঐতিহ্যের প্রতি আস্থাশীল ছিলেন। নেতাজীর মতবাদ ছিল সহ-মনোভাবের সমন্বয়ে সমাজবাদ প্রতিষ্ঠা করা। প্রকৃতপক্ষে আমরা যাঁরা মার্কসবাদ এবং লেনিনবাদে বিশ্বাসী তাঁরা একথা বিশ্বাস করি যে, অতীতের উত্তরাধিকারকে কখনই অবিশ্বাস করা যায় না, সুতরাং নেতাজী প্রকৃতপক্ষে কি ছিলেন তা মূল্যায়ন করা প্রয়োজন। সেই পরিপ্রেক্ষিতে আজকে আমাদের এটা মেনে নিতে হবে যে, নেতাজী ভারতবর্ষের কৃষ্টি, সংস্কৃতি এবং ঐতিহ্যের প্রতি আস্থাশীল এবং শ্রদ্ধাশীল ছিলেন। নেতাজীর মতবাদ ছিল সমাজবাদ—যা আধুনিক পৃথিবীর কোটি কোটি শ্রমজীবী মানুষের, শোষিত মানুষের আদর্শ। খুব স্বাভাবিকভাবেই আমরা নেতাজী সম্পর্কে আলোচনা করার সময়ে, নেতাজীকে শ্রদ্ধা জানানোর সময়ে যদি দেখতে পাই যে, পৃথিবীর কোথাও কোন প্রান্তে নেতাজী সম্পর্কে বিকৃত চিত্র তুলে ধরা হচ্ছে তাহলে নিশ্চয়ই আমরা তার বিরুদ্ধে সোচ্চার হব। আমাদের আরো গর্বের বিষয় হচ্ছে নেতাজী বাঙ্গালী ছিলেন, কিন্তু এটা কোন প্রাদেশিকতার প্রশ্ন নয়—নেতাজী বাঙ্গালী ছিলেন—সুতরাং বাঙ্গালী হিসাবে এটা আমাদের গর্বের বিষয় এবং আমরা বলিষ্ঠ কণ্ঠে এই গর্বের কথা উচ্চারণ করতে চাই। মাননীয় সদস্য ডাঃ শিশির বসু মহাশয় শ্রদ্ধাভাজন ব্যক্তি। তাঁর যদিও শিশু রোগ বিশেষজ্ঞ ছাড়া আর অন্য কোন পরিচয় আমার জানা নেই। কিন্তু তিনি শুধু শিশুরোগ বিশেষজ্ঞ এবং বয়স্ক মানুষ হিসাবেই আমাদের কাছে শ্রদ্ধাশীল নন, তিনি দেশের মানুষের কাছে প্রধানতঃ শ্রদ্ধা পান বসু পরিবারের একজন হিসাবেই। সুতরাং তাঁর সেটা মনে রাখা প্রয়োজন। তিনি এখানে আজকে উল্লেখ করেছেন, 'আমরা সবাই নিজেদের নেতাজী পরিবারের মানুষ হিসাবে ভাবব, কারণ নেতাজী বলেছিলেন আমরা দেশের মানুষ সবাই এক পরিবার ভুক্ত।' অথচ আজকে নেতাজী রিসার্চ ব্যুরোর মধ্যে দিয়ে এবং তাদের কাজকর্মের মধ্য দিয়ে নেতাজী সম্পর্কে যে-সব কথা উচ্চারিত হচ্ছে তাতে দেখছি মাননীয় সদস্য পারিবারিক উত্তরাধিকারকে নিজস্ব করে নিতে চাইছেন। এই প্রসঙ্গে আজকে যে-সব প্রশ্ন উঠেছে তাতে আমরা দেখছি যে, ঐ তথ্যচিত্র নির্মাণের ক্ষেত্রে আর্থিক লেন-দেনের প্রশ্নও জড়িত আছে। সুতরাং গ্রানাডা টেলিভিশন কোম্পানীর নেতাজী সম্পর্কিত তথ্যচিত্রটি নির্মাণের ব্যাপারে তাঁদের সঙ্গে যে চুক্তি হয়েছিল সে চুক্তির বিষয়বস্তু আজকে আমাদের উদ্ধার করা দরকার। সমস্ত বিশ্বে আজকে নেতাজীকে ঐ চিত্রটিতে যেভাবে চিত্রিত করে প্রদর্শন করা হচ্ছে তাতে আমাদের পরিষ্কারভাবে জানতে হবে যে, ঐ চুক্তির বিষয়বস্তু কি ছিল।

(এই সময়ে লাল আলো জ্বলে ওঠে। মিঃ ডেপুটি স্পীকার শ্রীবিশ্বাসকে বসতে ইঙ্গিত করেন এবং পরবর্তী বক্তা শ্রীশচীন সেনকে বক্তব্য রাখার জন্য নির্দেশ দেন। ফলে শ্রীবিশ্বাসের মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়)।

শ্রীশচীন সেন: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাকে মাত্র তিন মিনিট সময় দেওয়া হয়েছে, কিন্তু তিন মিনিটে সমস্ত বিষয়বস্তু নিয়ে আলোচনা করা যায় না। তবুও আমাকে দু'-একটি বিষয়ে বলতেই হবে। ডাঃ জয়নাল আবেদিন সমস্ত আলোচনাটাকেই ডিসিপেটেড করেছেন। যে দৃষ্টিভঙ্গী নিয়ে আলোচনা করার জন্যই এই প্রস্তাব এখানে আনা হয়েছিল তিনি এখানে সেই দৃষ্টিভঙ্গীর পরিচয় দিতে পারেন নি।

একটা বিশেষ দৃষ্টিভঙ্গী নিয়ে আলোচনা করবার জন্য প্রস্তাবটি এসেছিল। মাননীয় সদস্য দীপকবাবু একটি কথা বললেন যে, যদি জয়নাল সাহেবের বক্তৃতা আপনি কেটে দিতে পারতেন, এক্সপাঞ্জ করতে পারতেন তাহলে বলার কোন দরকার ছিল না। তাই বলি, এঁরা লুটেরা কংগ্রেস। আমরা দক্ষিণপন্থী কংগ্রেসের বিরুদ্ধে ছিলাম। নেতাজী সুভাষের সংগ্রামের ঐতিহ্য এই কংগ্রেস স্বীকার করতে পারেনি, তাঁর অংশীদার হতে পারেনি। চিরকাল তাঁকে দাবিয়ে রাখার চেষ্টা করেছিলেন। মনে নেই হরিপুরা কংগ্রেসের কথা? দক্ষিণপন্থী কংগ্রেস হলেও একটা কথা ছিল, কিন্তু আপনারাতো তাও নন্, আপনারা হচ্ছেন লুটেরা কংগ্রেস দল—একথা বলতে পারি। যখন নেতাজী লড়াই করে দক্ষিণপন্থী কংগ্রেসকে হারিয়ে কংগ্রেস সভাপতি নির্বাচিত হয়েছিলেন, গান্ধীজী তখন কি বলেছিলেন? তিনি বলেছিলেন—পট্টভি সীতারামাইয়ার পরাজয় আমার পরাজয়। সেদিনই গান্ধীজীর চরিত্র সম্পর্কে বোঝা গিয়েছিল। এই হচ্ছে ওঁদের শ্রেণী-চরিত্র! তবুও সে-সময় একটা আদর্শের লড়াই ছিল। আপনারা হচ্ছেন লুটেরা কংগ্রেস, চোর কংগ্রেস।

শ্রীনির্মল কুমার বোস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অনিল মুখার্জী এবং আরও কয়েকজন যে প্রস্তাব উত্থাপন করেছেন, তাকে সমর্থন করে কয়েকটি কথা বলবো। প্রস্তাবটি রচনা হয়েছে এই আশা নিয়ে যাতে সভার সব পক্ষের সম্মতি, ঐকমত্য নিয়ে প্রস্তাবটি গৃহীত হয়। তা না হয়ে যদি এ পক্ষের প্রস্তাব হোত, তাহলে প্রস্তাবের বয়ান একটু অন্য রকম হোত। সেখানে থাকতো —ভারত সরকার কেন কঠোর ব্যবস্থা নিচ্ছেন না, মাননীয় সদস্য শিশির বোসের

আচরণ সম্পর্কে নিন্দাসূচক মন্তব্য থাকতো। কিন্তু সেগুলো বাদ দেওয়া হয়েছে। কিন্তু ও-পক্ষের ওপেনিং ব্যাটস্‌ম্যান জয়নাল সাহেব সেটাকে নষ্ট করে দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কয়েকদিন ধরে কাগজে পড়ছি, কংগ্রেসের মধ্যে অন্তর্দ্বন্দ্বের কথা। শুনছি, জয়নাল আবেদিন সাহেবের সঙ্গে সুব্রতবাবুর নাকি লড়াই চলছে। আজকের সভায় ওঁদের উভয়ের আচরণ দেখে সেটা স্পষ্ট হয়ে গেল। জয়নাল সাহেব দীর্ঘ ২৫ মিনিট ধান ভানতে শিবের গীত গেয়ে গেলেন। মাননীয় সদস্য দীপকবাবু বলেছেন—কংগ্রেসের কি অধিকার আছে নেতাজীর নাম উচ্চারণ করার? অনেক দৃষ্টান্তই তিনি দিয়েছেন। আজকে ইন্দিরা কংগ্রেস কি করছে? পশ্চিমবাংলায় এলে নেতাজীর ছবিতে মালা দিচ্ছেন, কিন্তু পশ্চিমবাংলার বাইরে গেলে তাঁর নামও উচ্চারণ করেন না। কখনও কোন কাগজে সেই রকম কোন নিদর্শন দেখিনি। তাঁরা নেতাজীকে বর্জন করেছেন। কয়েকদিন আগে সর্ব ভারতীয় কংগ্রেসের অধিবেশন হয়ে গেল। সেখানে দেয়ালে সর্বত্র দেখলাম—ওঁরা লিখেছিলেন ইন্দিরা গান্ধীর নাম, রাজীব গান্ধীর নাম। কিন্তু নেতাজীর নাম কোথায়ও দেখলাম না। ওঁদের বলার সাধ্য নেই যে নেতাজীর নাম যোগ করুন। বলার ওঁদের ক্ষমতা নেই। তাঁরাই এখানে নেতাজীর কথা বলছেন। নেতাজীর শত্রু ওঁরা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একথা জানি, ইংরেজের সঙ্গে আমাদের কোন বিরোধ নেই। ব্রিটেনের অধিবাসীরা আমাদের বন্ধু। কিন্তু ব্রিটেনের কিছু মানুষ এখনও ভুলতে পারেনি ভারতীয় সাম্রাজ্যের কথাটা। তারা জানে, দীর্ঘ দিনের স্বাধীনতা আন্দোলন হোল। শেষ পর্যায়ে নেতাজীর আই. এন. এ.-র লড়াই-এর মধ্যে দিয়ে সারা ভারতের বিদ্রোহীরা—ছাত্র, যুবক, শ্রমিক, কৃষকদের লড়াইয়ের ফলে ভারত ছেড়ে চলে যেতে হোল। সেই জ্বালাটা এখনও মাঝে মাঝে প্রকাশ পায় এবং গ্রানাডা টেলিভিশনে নেতাজী এবং ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনকে বিকৃত করা তারই একটি দৃষ্টান্ত।

[5.50—6.00 P.M.]

এই মন্তব্য করা হয়েছে। অনেক সদস্যই এই ব্যাপারে বলেছেন। কি অসম্মানজনক উক্তি করা হয়েছে নেতাজী সম্পর্কে! এ্যাণ্ড হার লষ্ট ফিউরার বলা হচ্ছে। ১৯২৮ সালে কলকাতায় কংগ্রেস সম্মেলনকে উপলক্ষ করে বোস, frozen at attention in his high leather boots, looked a clown to the old guard. কোথায় কোন ওল্ড গার্ড কবে তাকে ক্লাউন বলেছেন? আর কি আছে?

The disciple of Marx and Mussolini, Bose remained loyal to his Natsi hosts. লয়াল? আজাদ হিন্দ ফৌজ, ভারতবর্ষের মুক্তি সেনানী তার সম্পর্কে বলা হয়েছে আই. এন. এ. ইজ এ পাপেট আরমি। লজ্জা হয়। আই. এন. এ. ইজ এ পাপেট আরমি? যখন দেখছি সানওয়াজ গত হয়েছে—লজ্জা হয় না? শিশিরবাবুকে স্ক্রিপ্ট দিয়ে গিয়েছিলেন, তিনি তো প্রোটেস্ট করেন নি। তাঁর স্ক্রিপটে ওরা অংশগ্রহণ করেছেন। লজ্জা হয়। কতখানি আদর্শভ্রষ্ট হলে এই রকম কথা বলতে পারেন! এইভাবে তাঁরা এইসব করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু তাই নয়, নিরোদ সি চৌধুরী, মাতৃ জঠরের কঙ্ক, শরৎবাবুর প্রাইভেট সেক্রেটারী ছিলেন। ইংরেজদের গোয়েন্দাগিরি করার জন্য অল ইণ্ডিয়া রেডিওতে চাকুরি পেয়েছিলেন। বিলেতে বসে তাঁর একমাত্র কাজ হলো ভারতের বিরুদ্ধে বিষোদ্‌গার করা। তিনি কি উচ্চারণ করেছেন? তিনি এখানে অসম্মানজনক কথা বলেছেন। সেখানে নিরোদ সি চৌধুরীর নাম আছে। সেখানে আছে Germany was at war with Great Britain. This has enough for him—for Netaji and inspite of his military posture they have not the slightest military fair, any knowldge of military realities and possibilities in warfare. সারা পৃথিবী স্বীকার করেছে যে তাঁর কি দারুণ সামরিক দৃষ্টিভঙ্গী ছিল। He did not have anything at all, he was all about searching, drilling about that sort of thing He fanatically believed that Germany would win. So, he went over. কবে তিনি বিশ্বাস করেছেন? যুদ্ধের সময় জার্মানীতে বসে তিনি বলেছেন—এইসব তথ্য বেরিয়েছে—জার্মানীর জয়ের বিন্দুমাত্র সম্ভাবনা নেই। সেখানে এডমিরাল ক্যানারিস বলেছেন You know as well as I do that Germany can not win this war. But this time victorious Britain will lose India. যুদ্ধের সময় জার্মানীতে বসে তিনি জানতেন যে, জার্মানী জয়লাভ করতে পারবে না। এটা জেনেও তিনি জার্মানীর সাহায্য নিয়েছিলেন ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের জন্য। যখন তিনি জার্মানী ছেড়ে চলে যান তখন তিনি ভারতীয় সৈন্যদের নির্দেশ দিয়ে গিয়েছিলেন ইটালীর বিরুদ্ধে যুদ্ধ করলে তোমরা করবে, সোভিয়েত-এর বিরুদ্ধে যুদ্ধ করতে বললে অস্বীকার করবে। জার্মানী চেষ্টা করেছিল সোভিয়েতের বিরুদ্ধে যুদ্ধ করাতে। কিন্তু তারা অস্বীকার করেছিল। তার জন্য তাদের গুলি করে মেরে ফেলা হয়েছিল। তার স্মৃতিস্তম্ভ এখনও রয়েছে সেখানে। এইভাবে সমস্ত কিছু করেছিল নিরোদ সি চৌধুরী। শিশিরবাবু তাঁর বক্তব্যে বলেছেন যে, তিনি ডিরেক্টারও নন,

প্রোডিউসারও নন। তিনি তো এটা অস্বীকার করতে পারবেন না যে, তিনি অংশগ্রহণ করেন নি। হি ইজ এ পার্টিসিপেন্ট ইন ইট। তিনি তো অংশ গ্রহণ করেছেন। যেটা টি. ভি.-তে দেখানো হচ্ছে তার মধ্যে তিনি তো অংশগ্রহণকারী, তিনি তো এক্টর। তিনি তো বাদ যেতে পারেন না। তার জন্য তিনি কি প্রতিবাদ করেছেন সেটা আমাদের জানা দরকার। এখানে অধিকাংশ সদস্য এই কথা জিজ্ঞাসা করেছেন। তিনি কি জানতেন না যে ডিভিয়েশান হয়েছে ? তিনি মামলা করছেন না কেন ? এই কথা আজকে নয়, অনেক দিন আগেই কাগজে বেরিয়েছে। ২৯শে জানুয়ারী ১৯৮৪ তারিখে টেলিগ্রাফ পত্রিকায় বেরিয়েছে ডেভিড বোলটন তার যে ডাইরেক্টর তিনি তাঁর বক্তব্যে বলেছেন We made appropriate commercial arrangement and for the use of photographs, I. N. A. music tapes and films. তিনি বলেছেন নেতাজী রিসার্চ ব্যুরোর সঙ্গে কমার্শিয়াল এ্যারেঞ্জমেন্ট হয়েছিল, হাতে টাকা পেয়েছে। এর প্রতিবাদ করছেন না কেন ? মামলা করুন, মানহানির মামলা করুন, খেসারত দাবি করুন। এইসব করছেন না কেন ? এই কথাগুলি তিনি বলতে পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের পক্ষ থেকে এই চিত্র বন্ধ করবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর কাছে চিঠি লিখেছেন। তিনি বলেছেন—You must have been aware by this time about the reaction of the people of all walks of life in West Bengal and outside about the denigration of our national leader Netaji Subhas Bose. সেখানে শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন—But even if the Government is willing I am told that the B. B. C. does not always oblige. কেন ? যখন সেই প্রিন্সদের নিয়ে সৌদি আরবের বিরুদ্ধে বৃটেনে ছবি নেওয়া হলো তখন সৌদি আরব আপত্তি করেছিল। এবং তাতে সেই ছবি বন্ধ হয়েছিল। আর ভারতের স্বাধীনতা সংগ্রামীদের আন্দোলনকে বিকৃত করে, নেতাজীকে অসম্মান করে যে ছবি তোলা হয়েছে সেই ছবি কি চলবে ? ভারত সরকার এই ছবির দৃঢ় প্রতিবাদ করুক এই দাবি আমরা করি। তাঁরা তা পারেন নি। ভারতবর্ষের মধ্যে বি. বি. সি.'র কোন ফিল্ম চলবে না, বৃটিশের কোন টি. ভি. প্রদর্শনী চলবে না বলে ভারত সরকার আরও দৃঢ়তার সঙ্গে তাঁদের কাছে প্রতিবাদ করুন। এই কথা বলে বিধানসভার সদস্যদের কাছ থেকে এই যে প্রস্তাব এসেছে, তাকে পাশ করা হোক এবং সঙ্গে সঙ্গে ভারত সরকার যেন চুপ করে বসে না থাকেন তাব দাবী আমি জানাই। ভারত সরকারকে চুপ

করে বসে থাকলে চলবে না। এতে শুধুমাত্র ভারতের অসম্মান নয়, নেতাজীর সম্মানও সমানভাবে বিপন্ন। ভারত এবং সেই সঙ্গে নেতাজীর সম্মান আজ বিপন্ন, এই কথা যেন তাঁরা সেখানে রাখেন। ভারত সরকারের কাছে এই দাবী জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিল মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সমস্ত সদস্যের বক্তব্য শুনলাম। আমি আশা করেছিলাম এই হাউসে এমন একটা পরিবেশ হবে, যেখানে নেতাজীর আদর্শ এবং তাঁর চিন্তাধারা সম্বন্ধে মাননীয় কংগ্রেসী সদস্যেরা তুলে ধরবেন। নেতাজীর আদর্শ এবং চিন্তাধারাকে যেভাবে বিকৃত করার চেষ্টা হয়েছে, সে সম্পর্কে তাঁরা বক্তব্য রাখবেন আমি আশা করেছিলাম। কিন্তু কংগ্রেসীরা সম্পূর্ণ পরিকল্পিতভাবে আলোচনার ধারা অন্য দিকে ঘুরিয়ে দিয়েছেন এই জন্য যাতে নেতাজী সম্পর্কে আসল তথ্য বেরিয়ে না পড়ে। তার জন্য পরিকল্পিতভাবে আলোচনা অন্যদিকে ঘুরিয়ে দিয়েছেন। ভেতরের রহস্যটা হচ্ছে নেতাজী রিসার্চ ব্যুরোর সঙ্গে কমার্শিয়াল এ্যারেঞ্জমেণ্ট হয়েছে, অর্থাৎ একটা চুক্তি হয়েছে। তাদের সঙ্গে এগ্রিমেণ্ট হয়েছে, যে কথা উনি নিজেও স্বীকার করেছেন। নেতাজী রিসার্চ ব্যুরোর একজিকিউটিভ ডাইরেক্টরের সঙ্গে কি ভাবে এগ্রিমেণ্ট হয়েছে, যেকথা আগের দিন হাউসে রেখেছেন, সেই অনুসারে আজকে এখানে বলেছেন, তাঁদের সঙ্গে একটা এগ্রিমেণ্ট হয়েছিল। কিন্তু সেই চুক্তির মধ্যে লণ্ডনে বসে কত টাকা বা স্টারলিং গ্রহণ করেছেন—অর্থনৈতিক এই দিক সম্বন্ধে কিছুই বলেন নি। সেখানে কোথায় কত টাকা নেওয়া হয়েছে, কোন ছেলের কাছে কত টাকা রাখা হবে, কোন মেয়ের কাছে কত টাকা রাখা হবে—এসব কিছুই বলেন নি। ছবিটির প্রডিউসার মিঃ ডেভিড বোল্ডেনের সঙ্গে কমার্শিয়াল এ্যারেঞ্জমেণ্টের খবর সংবাদপত্রে বেরিয়েছে। কাগজে বেরিয়েছে যে, নেতাজী রিসার্চ ব্যুরোর একজিকিউটিভের সঙ্গে একটা চুক্তি হয়েছে। কিন্তু এ ব্যাপারে কোন প্রতিবাদ করা হয় নি। আরও একটা কথা উনি নিজেও স্বীকার করেছেন—সেটি হচ্ছে চুক্তিভঙ্গ। ব্রিচ অব কণ্ট্রাক্ট হলে মামলা করা যায়। অথচ উনি মামলা পর্যন্ত করলেন না। উনি নিজেও জানেন যে, আনরেষ্ট ইণ্ডিয়াতে তদানীন্তনকালে মহামান্য তিলক মামলা করেছিলেন। সেই মামলাতে স্যার জন সিমান এ্যাপিয়ার হয়েছিলেন এবং ডিফেমেশানের জন্য কিভাবে ইনজাংশন-জারি হয়েছিল, তা উনি নিজে জানেন। ভারতবর্ষের সামনে আজকে একটা পথ খোলা আছে, তা হচ্ছে ব্রিটিশ টেলিভিশন বা গ্রেনাডা টেলিভিশনকে যদি বন্ধ করতে হয়, তাহলে তাদের বিরুদ্ধে ডিফেমেটারি স্যুট ফাইল করা এবং ঐ প্রদর্শনীর

বিরুদ্ধে ইনজাংশন জারি করা। এ উনি করছেন না ইচ্ছা করে। কারণ যদি সে অর্ডার বের হয় ফ্রম দি ব্রিটিশ কোর্ট, তাহলে অনেক অসুবিধার সম্মুখীন তাঁকে হবে হবে। উনি কমার্শিয়াল এগ্রিমেন্টে তাঁদের কাছে বাঁধা পড়ে আছেন। উনি টাকা নিয়েছেন তাঁদের কাছ থেকে। ইংল্যাণ্ডের সঙ্গে যেমন নেতাজী ব্যুরো অফ রিসার্চের যোগসাজশ আছে, তেমনি ভারত সরকারের সঙ্গেও যোগসাজশ আছে। সেণ্ট্রাল গভর্নমেন্ট এবং ওঁরা এগুলো ডেলিবারেটলি করছেন। একটা ইম্পিরিয়ালিস্ট পাওয়ারের কাছে নেতাজীকে কেবলমাত্র ডেনিগ্রেড করার চেষ্টা করছেন এবং তাঁদের সঙ্গে সেইভাবেই চুক্তি করা হয়েছে। যে বিষয়ের উপরে আমরা এবং কংগ্রেসী বন্ধুরা এখানে রেজোলিউশান দিয়েছেন—শ্রদ্ধেয় নির্মলবাবু এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের কথা উল্লেখ করে গেছেন—সেই অনুসারে ওঁরা বক্তব্য রাখেন নি। সেই সঙ্গে নেতাজী রিসার্চ ব্যুরো তাঁদের বিরুদ্ধে কোন /আইনানুগ ব্যবস্থাও গ্রহণ করতে পারেন নি। আইনানুগ ব্যবস্থা নেওয়ার কোন কথাই শুনলাম না।

The motion of Dr. Zainal Abedin that শেষ অনুচ্ছেদের ২য় ও ৩য় পংক্তিগুলিতে "ভারত সরকার ও অন্যান্য সকল সংস্থাকে গ্রানাডা টেলিভিশন কোম্পানীর এই অপচেষ্টার বিরুদ্ধে" এই কথাগুলির পরে "ভারত সরকার কর্তৃক গৃহীত প্রতিবাদমূলক ব্যবস্থাদি আরো জোরদার" ও এই কথাগুলি যোগ করা হউক was then put and lost.

The motion of Dr. Sisir Kumar Bose that ২য় অনুচ্ছেদের ১ম ও ২য় লাইনে "নেতাজী সুভাষচন্দ্র বসুকে স্বদেশের প্রতি বিশ্বাসঘাতক এবং ফ্যাসীবাদী হিসাবে চিহ্নিত করার" এই শব্দগুলির পরিবর্তে "নেতাজী সুভাষচন্দ্র বসুর রাজনৈতিক আদর্শ, মতবাদ ও নীতিকে বিকৃতরূপ দেওয়ার" এই শব্দগুলি বসানো হউক was then put and lost.

[6.00—6.10 P.M.]

The motion of Shri Anil Mukherjee that যেহেতু বিশ্বের অন্যতম মহান বিপ্লবী, ভারতের স্বাধীনতা সংগ্রামের আপোষহীন সংগ্রামী নেতাজী সুভাষচন্দ্র বসুর উপর তথাকথিত এক তথ্যচিত্র 'The War of Springing Tiger' টেলিভিশনের মাধ্যমে ইউরোপ এবং বিশ্বের অন্যান্য দেশে প্রদর্শনের জন্য গ্রেট ব্রিটেনের 'গ্রানাডা টেলিভিশন কোম্পানী' তৈরি করেছে ;

যেহেতু এই তথ্যচিত্রের মাধ্যমে নেতাজী সুভাষচন্দ্র বসুকে স্বদেশের প্রতি বিশ্বাস-ঘাতক এবং ফ্যাসীবাদী হিসাবে চিহ্নিত করার অপচেষ্টা করা হয়েছে ;

যেহেতু নেতাজী সুভাষচন্দ্র বসুর দেশপ্রেম এবং রাজনৈতিক দূরদৃষ্টিকে ইচ্ছাকৃত-ভাবে বিকৃত করা হয়েছে ;

যেহেতু এই তথ্যচিত্রের মাধ্যমে ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের ঐতিহাসিক সত্যবিরোধী মনোভাব পরিস্ফুট হয়েছে ;

সেইহেতু পশ্চিমবঙ্গ বিধানসভা এই অপচেষ্টার বিরুদ্ধে তীব্র ঘৃণা ও ক্ষোভ প্রকাশ করছে এবং রাজ্য সরকারের মাধ্যমে ভারত সরকার ও অন্যান্য সব সংস্থাকে 'গ্রানাডা টেলিভিশন কোম্পানী'র এই অপচেষ্টার বিরুদ্ধে কার্যকরী প্রচারমূলক এবং সম্ভবপর আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য দাবী জানাচ্ছে।

Was then put and agreed to.

Shri Lakshman Chandra Seth : Sir, I beg to move that

যেহেতু ১৯৭২ সালে হলদিয়া সার কারখানা নির্মাণ কাজ শুরু হয় ;

যেহেতু ১৯৭৯ সালে নির্মাণ কাজ শেষ হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত উৎপাদন শুরু হয় নাই ;

যেহেতু হলদিয়া সার কারখানা চালু হলে গোটা পূর্বাঞ্চলে সারের সমস্যা অনেকাংশে সমাধান হবে এবং কোটি কোটি বিদেশী মুদ্রার সাশ্রয় হবে ;

যেহেতু সার কারখানার প্রয়োজনীয় জল ও বিদ্যুৎ সরবরাহ করতে রাজ্য সরকার তৎপর ও বদ্ধপরিকর ;

যেহেতু সার কারখানা চালু হলে বহু তীব্র বেকার-সমস্যার অনেকাংশে সমাধান হবে এবং হলদিয়া শিল্পায়নের অগ্রগতি হবে ;

সেইহেতু এই সভা অবিলম্বে হলদিয়া সার কারখানা চালু করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে।

মাননীয় সদস্যরা বলবার পর আমি আমার জবাবী ভাষণে বক্তব্য রাখব।

Mr. Deputy Speaker : There are 3 amendments by Shri Kashi Nath Misra. Amendments are in order. As the mover is not present in the House, the amendments are not moved.

শ্রীআবদুল মান্নান : মিঃ ডেপুটি স্পীকার স্যার, সরকার পক্ষের মাননীয় সদস্য লক্ষ্মণ শেঠ মহাশয় একটা কাল্পনিক অভিযোগ নিয়ে ১৮৫ মোশান অনুযায়ী একটা

প্রস্তাব এনেছেন। আমি তাঁকে দোষ দিচ্ছি না। কারণ গ্রাম বাংলায় একটা কথ আছে—সব শিয়ালের এক রা। ওদেরও সেই অবস্থা হয়েছে। চুনোপুঁটি থেকে আরম্ভ করে রাঘব বোয়াল মুখ্যমন্ত্রী পর্যন্ত সকলের একই অবস্থা—সমস্ত কিছুতে ওরা কেন্দ্রীয় সরকারের দোষ দেখেন। এটা ঠিক যে ১৯৭২ সালে হলদিয়ায় সা কারখানা নির্মাণকার্য শুরু হয়েছিল, ১৯৭৯ সালে নির্মাণকার্য শেষ হয়েছে। কি সেই কারখানা কেন চলছে না, কেন সেখানে সার উৎপাদন হচ্ছে না সে কথা যদি বলতেন তাহলে হোত। একটা অসত্য বক্তব্য দিয়ে উদ্দেশ্যমূলকভাবে এই প্রস্তা তিনি নিয়ে এলেন। তিনি যে এলাকার সেই এলাকার লোককে ভাঁওতা দেওয়ার জন্য, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে মানুষকে বিভ্রান্ত করবার জন্য এবং যাতে আগামী নির্বাচনে তাঁর সুবিধা হয় সেই জন্য এই প্রস্তাব তিনি নিয়ে এসেছেন। আমরা সকলেই চাই হলদিয়াতে সার কারখানা হোক এবং তার উৎপাদন চালু হোক।

এই নির্মাণকার্য শেষ করবার জন্য আমরা চেষ্টা করেছিলাম। আমরা চাই ওখানে সার উৎপাদন হোক, কিন্তু দেখা যাচ্ছে সেটা হচ্ছে না। আমি কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে কথা বলবার সুযোগ পেয়েছিলাম। গত নভেম্বর মাসে যখন কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী ওখানে এসেছিলেন তখন এই প্রশ্ন উঠেছিল ১৯৭৯ সালে যে কারখানার উদ্বোধন হয়েছে সেখানে কেন আজ পর্যন্ত সার উৎপাদন হচ্ছে না। সৌগত রায় আমাদের বিদ্যুৎ মন্ত্রীর কাছে আবেদন করেছিলেন তাড়াতাড়ি বিদ্যুতের কানেকশন দিন। কিন্তু এঁরা বললেন, আমরা বিদ্যুৎ দিতে অপারগ—গ্যাস টারবাইনে যদি হয় তাহলে সেটা দিতে পারি। স্যার, ডিফেকটিভ গ্যাস টারবাইন যদি কেনা হয় তাহলে তার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন হবে না এটা আমরা সকলেই জানি এবং সেই ঘটনাই ওখানে ঘটল। ডিফেক্টিভ গ্যাস টারবাইন দেওয়া হল এবং তার ফলে দেখা গেল বিদ্যুৎ উৎপাদন হল না এবং হলদিয়ার সার কারখানায় বিদ্যুৎ দিতে পারল না। আমাদের মুখ্যমন্ত্রী বৃটিশদের সম্বন্ধে খুব ভাল ভাল কথা বলেন এবং দেখা যাচ্ছে তাঁর সঙ্গে তাঁদের খুব হব-নবিং আছে। তিনি ইউনিয়ন কার্বাইড এবং হিন্দুস্থান লিভারের মত বহুজাতিক কারখানাকে বিদ্যুৎ দিতে পারেন অথচ হলদিয়ার সার কারখানায় বিদ্যুৎ দিতে পারেন না। ওখানে সারের কারখানা হলে পশ্চিমবাংলার চাষীরা সুযোগ পেত, তারা সার পেত, উৎপাদন বাড়াতে পারত এবং তার ফলে দেশের বেকার সমস্যার সমাধান হোত। ওখানকার উন্নতির জন্য কেন্দ্রীয় সরকার বার বার চেষ্টা করেছেন, কিন্তু দেখছি এই ব্যাপারে রাজ্য সরকার একটা বাধা হয়ে রয়েছে। হলদিয়া পোর্ট ট্রাস্টের নেতা সিটুর সদস্য। আমরা দেখেছি এক শ্রেণীর কর্মচারী ওখানকার ক্ষতি করছে, যেটা করা

উচিত নয়। আমি মনে করি এটা পার্লামেন্টারী এথিক্সের মধ্যে পড়ে না। কিন্তু সেই কাজ তাঁরা করছেন এবং তার ফলে হলদিয়ার ডেভেলপমেন্ট হচ্ছে না। উনি আমাদের বললেন কেন্দ্রীয় সরকারকে বলুন। কেন্দ্রীয় সরকারকে বলে হবে কি? কেন্দ্রীয় সরকারকে বললে তাঁরা বলবেন আপনারা বিদ্যুৎ দিচ্ছেন না কেন? তারপর সেখানে পানীয় জলের দারুণ সঙ্কট চলছে, অথচ আপনারা বড় বড় কথা বলছেন এবং কেন্দ্র কেন্দ্র কেন্দ্র বলে শুধু চীৎকার করছেন। গত ১৪ই এপ্রিল কেন্দ্রীয় সার মন্ত্রী বসন্ত শাঠে যখন ওখানে এসেছিলেন তখন তাঁকে আপনারা বলতে পারতেন যে এই এই কারণের জন্য ওটা হচ্ছে না। কিন্তু দেখলাম আপনারা সেই কাজ করেন নি। কেন্দ্রীয় মন্ত্রী দিল্লী থেকে ছুটে এলেন, অথচ এঁরা পার্টির আগামী নির্বাচন নিয়ে ব্যস্ত রইলেন, কিভাবে পার্টি ফাণ্ডে টাকা আসবে তা নিয়ে ব্যস্ত রইলেন, ক্যাডার ট্রেনিং নিয়ে ব্যস্ত রইলেন। কাজেই দেখা যাচ্ছে হলদিয়ার এই সার কারখানা নিয়ে এঁরা খুবই নীরব। লক্ষ্মণবাবু এই রেজলিউশনের আরও কপি ছাপিয়ে ওখানে গিয়ে বিলি করবেন এবং তাঁর এলাকার লোককে বলবেন, দেখ, পশ্চিমবাংলার স্বার্থে, হলদিয়ার স্বার্থে আমরা এই এই কাজ করেছি এবং এইভাবে ভোট কেনার চেষ্টা করবেন।

[6.10—6.20 P.M.]

যদি প্রস্তাব নিয়ে এসে সত্যি সত্যিই বলতে এবং রাজ্য সরকারকে বাধ্য করাতেন যে এইসব জিনিস করতে হবে, রাজ্য সরকারের যা ভূমিকা সেটা তাকে পালন করতে হবে, যদি এই সরকারের কাছে চাপ সৃষ্টি করতে পারতেন, তাহলে বুঝতাম। কিন্তু লক্ষ্মণবাবু যে প্রস্তাব এখানে এনেছেন আমরা তাকে সমর্থন করতে পারি না। এটা খুবই দুঃখের কথা যে তিনি তা করেন নি। সেইজন্য মাননীয় সদস্য লক্ষ্মণবাবুকে বলবো যে তিনি সম্পূর্ণ ভ্রান্ত ধারণা নিয়ে ইচ্ছাকৃতভাবে হাউসের সদস্যদের উদ্‌ভ্রান্ত করার জন্য এই প্রস্তাব নিয়ে এসেছেন। উনি চার নম্বর অনুচ্ছেদে বলেছেন "যেহেতু সার কারখানার প্রয়োজনীয় জল ও বিদ্যুৎ সরবরাহ করতে রাজ্য সরকার তৎপর ও বদ্ধপরিকর"—এই ব্যাপারে আমি তাঁকে একটি কথা জিজ্ঞাসা করবো এবং আশা করবো তিনি জবাবী ভাষণে তার উত্তর আমাকে দেবেন। প্রয়োজনীয় জল সরবরাহের ব্যবস্থা কি এই হলদিয়ায় এই সরকার করেছেন? হলদিয়ায় কি পানীয় জলের সংকট নেই? তিনি আমার সঙ্গে চলুন, সেখানে গিয়ে ঐ এলাকার মানুষদের সামনে এই কথা বলুন। তাহলে বুঝতাম যে

ঠিক কথা। তিনি তা বলতে পারবেন না। সেই সাহস তাঁর নেই। তিনি যদি বলতে পারেন তাহলে আমি রাজনীতি আর করবো না। এই প্রস্তাবে তিনি বলেছেন যে, বিদ্যুৎ সরবরাহ করতে রাজ্য সরকার বদ্ধপরিকর। আমি জিজ্ঞাসা করি হলদিয়ার সার কারখানার জন্য কত মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করেছেন এবং কত মেগাওয়াট বিদ্যুৎ হলদিয়ার জন্য সরবরাহ করেছেন? কতগুলি ট্রান্সফরমার বসিয়েছেন? এই সার কারখানা চালু হলে হলদিয়ার অনেক উন্নতি হবে, অনেক বেকার সমস্যার সমাধান হবে এবং অনেক বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে। একথা অবশ্যই ঠিক যে এতে আমাদের কৃষি ক্ষেত্রের অনেক উপকার হবে। কিন্তু কেন সেখানে সামান্য একটু জল পর্যন্ত ঠিকমত সরবরাহ করতে পারছেন না? আজকে যদি এই সার কারখানা চালু হোত তাহলে অনেক ফসল উৎপাদন করতে পারতাম এবং অনেক ক্ষেতমজুর কাজ পেতো। কিন্তু কেন তা করতে পারেন নি—কোথায় তার অসুবিধা? শুধু একটা প্রস্তাব নিয়ে এলেই সমস্যার সমাধান হয়ে যাবে! একথা তো ঠিক যে এই বামফ্রন্ট সরকার যদি সঠিকভাবে কাজ করতেন তাহলে পশ্চিমবাংলার অনেক সমস্যার সমাধান হয়ে যেতো। কিন্তু ভাল কাজ তো দূরের কথা—সেই রকম কাজ করার কোন ইচ্ছাই এই সরকারের নেই। কোন নূতনত্ব নেই, শুধু ভাঁওতা ছাড়া আর কিছুই এদের নেই। আর ভারত সরকারকে দোষারোপ করা ছাড়া আর কোন কথা এদের নেই। কোটি কোটি টাকা ভারত সরকার দিচ্ছে কিন্তু তাতেও এদের মন ভরছে না। যখন অন্যান্য রাজ্য সার কারখানার ব্যাপারে অগ্রগতি লাভ করছে, তখন আমরা পারছি না। এদের মূল উদ্দেশ্য হচ্ছে যেন-তেন-প্রকারেণ কেন্দ্রীয় সরকারকে কাঠগড়ায় দাঁড় করাতেই হবে। কেন্দ্রীয় সরকারের উপর সমস্ত দায়-দায়িত্ব চাপিয়ে দাও। কিন্তু এই কথা বার বার বলে নিজেদের দোষ কি ঢাকা যাবে! কেন রাজ্য সরকার জল সরবরাহ করতে পারে নি, জলের ব্যবস্থা করতে পারে নি, বিদ্যুৎ সরবরাহ করতে পারে নি—এটা আমরা জানতে চাই। আপনারা কেন রাজ্য সরকারের উপর চাপ সৃষ্টি করতে পারেন নি। জানি সে সাহস ওঁদের নেই। কেন আজকে কেন্দ্রীয় সরকারের পরিচালনায় এই সার কারখানা পশ্চিমবাংলায় চালু হচ্ছে না? আপনারা তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন। কেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে আপনারা সহযোগিতা করছেন না? এই ব্যাপারে আপনারা মন্ত্রিসভার উপর চাপ সৃষ্টি করুন। কিন্তু সে সাহস এঁদের নেই। এই সমস্ত কিছু হচ্ছে শুধু রাজনৈতিক উদ্দেশ্যকে চরিতার্থ করার জন্য এবং তার জন্য কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করার চেষ্টা করছেন। এই জিনিস আপনারা করছেন, আপনাদের মন্ত্রীরা করছেন, আপনাদের বিধানসভার সদস্যরা করছেন

অলিতে-গলিতে আপনাদের কর্মীরা বিভিন্ন এলাকায় করছে—সেই একই কথা বলে যাচ্ছে। সেইজন্য উনি যে প্রস্তাবটা এনেছেন, শুধু কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করার জন্যই এটা এনেছেন। তাই এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য লক্ষ্মণচন্দ্র শেঠ মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। আশা করেছিলাম সর্ববাদীসম্মত ভাবে এই প্রস্তাব এই সভায় গৃহীত হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় বিরোধী পক্ষের যে মাননীয় সদস্য এখানে বক্তৃতা করলেন সম্ভবতঃ তিনি এই প্রস্তাবের মর্মার্থ হৃদয় দিয়ে অনুভব করেন নি এবং অত্যন্ত অপ্রস্তুত অবস্থায়, কংগ্রেসের যা কালচার দায়িত্বজ্ঞানহীন মন্তব্য করে তাঁর বক্তব্য শেষ করলেন। পশ্চিমবাংলার অর্থনৈতিক মানচিত্রে হলদিয়ার গুরুত্বের কথা এই সভায় নতুন করে আলোচনার কোন অবকাশ নেই। যে সার্বিক উন্নয়ন হলদিয়ায় হতে পারত, আরও ত্বরান্বিত করলে গোটা পশ্চিমবাংলায় এবং পূর্বাঞ্চলে অর্থনীতি প্রাণ পাবে, সেই দৃষ্টিভঙ্গীকে সামনে নিয়ে ১৯৭২ সালে যে কারখানার নির্মাণ কাজ শুরু হল, ১৯৭৯ সালে যার নির্মাণ কাল সমাপ্ত হল, যার জন্য ৩৭০ কোটি টাকা খরচ হল এবং ভারতবর্ষের মধ্যে একটা জায়েন্ট ফার্টিলাইজার ইউনিট, গোটা এশিয়ার মধ্যে বললেও ভুল হবে না, যেখান থেকে ৩২৫ কোটি টাকা বিদেশী মুদ্রা বাঁচবে, ২০০০ মানুষ কাজ করছে, আরও অনেক মানুষের কর্মসংস্থান হবে, সেখানে কেন এটা চালু হল না এই প্রশ্ন উনি করেছেন। উনি জেনে রাখুন যে প্ল্যান এবং ডিজাইনে সেখানে গলদ আছে, পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে দোষারোপ করে কোন লাভ নেই, ঐ মালটিন্যাশনালের কথা মাঝে মাঝে ওঁদের কণ্ঠ থেকেও শুনি এখানে মালটিন্যাশনালের কিছু স্বার্থ জড়িত আছে, আমি নাম করতে চাই না, যাঁরা ওঁদের ভজনা করেন তাঁদের পরিবারের এমন কারো স্বার্থ জড়িত রয়েছে যার জন্য ভারতবর্ষের এতবড় একটা গুরুত্বপূর্ণ শিল্প, তার উৎপাদন শুরু হচ্ছে না। আমাদের পশ্চিমবাংলায়, পূর্বাঞ্চলে এবং ভারতবর্ষে সারের চাহিদা বাড়ছে। এই পশ্চিমবাংলায় ১৯৮১-৮২, ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪ এই ৩ বছরের হিসাব যদি দেখা যায় সেখানে ১ লক্ষ ৭ হাজার ৩৩৪ টন থেকে ১ লক্ষ ২৮ হাজার টন পর্যন্ত সার ব্যবহৃত হয়েছে। বর্ষার মরশুমে, এই কয়েক মাস আগে আমাদের জেলার একটা সার কারখানা দীর্ঘদিন লক-আউট ছিল, সারের অভাবে হুগলীর বর্ধমানের চাষীরা অত্যন্ত অসুবিধার মধ্যে পড়েছিলেন। আজকে তার প্রয়োজনেও বটে, আমরা

মনে করি কেন্দ্রীয় সরকারের উদ্যোগ নিয়ে এই কাজটা করা উচিত। যা দিয়ে আমি শুরু করেছিলাম, পূর্বাঞ্চলের অর্থনৈতিক দিক থেকেও বিরাট সহায়ক যে বাই প্রোডাক্ট—এখানে কেমিকেল ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্টের সুযোগ থাকলে অন্য এ্যানসিলিয়ারী ইন্ডাস্ট্রির ডেভেলপমেন্টের সুযোগ থাকবে। একদিন পশ্চিমবাংলায়—ঠিক এর সঙ্গে সম্পর্কিত না হলেও বলতে হয় পেট্রোলিয়াম বেস্ড যে ইন্ডাস্ট্রি, প্লাসটিক শিল্পে একদিন সর্বোচ্চ স্থানে ছিল পশ্চিমবাংলা, আজকে তা চলে গেছে চতুর্থ স্থানে। গুজরাট তার স্থান দখল করে নিয়েছে। যদি এখানে দ্রুত উৎপাদন চালু হয় তাহলে সবদিক দিয়ে আমাদের পশ্চিমবাংলার এই কাজটা ত্বরান্বিত হবে। ভারতবর্ষের মধ্যে থেকে ৮৪ ভাগ সমস্ত ইকুইপমেণ্ট সংগ্রহ করা গেছে। ১৬ ভাগ বাইরের। তাই যদি হয় তাহলে বাধা কোথায়? বাধা অন্য জায়গায়, কেন্দ্রীয় সরকারের রাজনীতি। বাধাটা কেন্দ্রীয় সরকারের অর্থনীতি। পশ্চিমবঙ্গ সরকার বার বার বলেছেন যে বিদ্যুতের অভাব হবে না, জলের অভাব হবে না, কোন সহযোগিতার অভাব হবে না। আমি আশা করব বিরোধী পক্ষ এই সম্পর্কে বিরোধিতা না করে এই প্রস্তাবকে সমর্থন করবেন এবং সমবেতভাবে এই দাবীকে পাঠাবেন কেন্দ্রীয় সরকারের কাছে।

[6 20—6 30 P. M.]

শ্রীসরল দেব: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য লক্ষ্মণ শেঠ মহাশয় যে রেজলিউশন এখানে এনেছেন আমি তাকে সমর্থন করে ২/৪টি কথা বলতে চাই। মাননীয় সদস্য মান্নান সাহেব প্রস্তাবটা পড়েন নি। পড়লে তিনি এই কথা বলতেন না। উনি বললেন রাজ্য সরকার সহযোগিতা করছেন না বলেই সার প্রকল্পটি রূপায়িত হচ্ছে না। একটি সার প্রকল্প রূপায়িত করতে গেলে, কমিশন করতে গেলে ৪ বছর যথেষ্ট সময়—১৯৭২ সালে ওঁরা শুরু করে গিয়েছিলেন ১৯৭৭ সালেও শেষ করে গেলেন না। সেই সময় নাকি পশ্চিমবাংলায় বিদ্যুতের বন্যা বয়ে গিয়েছিল! সেই সময় বিদ্যুৎ দিলেন না কেন? কিন্তু স্যার, ঘটনা তা নয়। আপনি জানেন জয়শ্রী কেমিক্যালস নামে বিড়লাদের এখানে সারের কারখানা আছে। আপনি জানেন সারা ভারতবর্ষে বিড়লা মালিকদের এমন অনেক সারের কারখানা আছে। কাজেই এই সব জায়গায় সারের কারখানা হলে ওদের স্বার্থ ক্ষুণ্ণ হবে। তাই স্বাভাবিকভাবেই ওঁরা কেবল করতে হয় করেছেন—তা না হলে কেন্দ্রীয় সরকারের পাবলিকেশনে যেখানে বলা হয়েছে ১৯৭৪-৭৫ সালে এই

প্রকল্পটি কমিশন হবার কথা সেই সময়ে হল না কেন? আমাদের বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এলেন সেই সময় ওঁরা বললেন হলদিয়া ফার্টিলাইজার It will be commissioned in July, 1983. ইউরিয়ার ক্যাপাসিটি হচ্ছে ১ লক্ষ ৬৭ হাজার মেট্রিক টন এবং নাইট্রোজেন ফসফেট হবে ৩ লক্ষ ৭৫ হাজার মেট্রিক টন। অক্টোবর, ৮৩-তে কমিশণ্ড হবার কথা বলেছিলেন। ওঁরা বলছেন বিদ্যুৎ নেই। বিদ্যুৎ যদি নাই থাকে তো ট্রায়াল রান হল কি করে? ট্রায়াল রান হয়ে গেছে। ওঁরা যেসব মেশিনারি ইম্পোর্ট করেছেন সে কথা শান্তশ্রীবাবু বললেন। ১৬%, ২০% মেশিনারি ইমপোর্ট করেছেন, সেগুলি সব বিলো-সাব ষ্ট্যাণ্ডার্ড। সেখানে কি কমার্শিয়াল লেনদেন হয়েছে জানি না। তবে চালাবার আগেই কমপ্রেসার ব্রেক ডাউন হয়ে গেছে। যত দোষ নন্দ ঘোষ—ওঁরা বলে বেড়াচ্ছেন আমরা শিল্প প্রসার ঘটাতে চাই, অথচ পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এখানে শিল্প প্রসার ঘটাতে দিতে চাইছেন না। কমপ্রেসার ব্রেক ডাউন হল কি করে? এখানে কি জ্যোতিবাবুর ভূত গিয়ে ঢুকেছে? বিদেশ থেকে প্যাকআপ করে নিয়ে এলেন, সেখানে কি করে তেলা-পোকা ঢুকবে? কমপ্রেসার ব্রেক ডাউন হয়ে গেল কি করে? ঘটনাটা কিন্তু তা নয়। ঘটনা হচ্ছে বেসরকারী মালিকানাধীনে যেসব সার কারখানা আছে তাদের সঙ্গে প্রতিযোগিতা হবে এবং প্রতিযোগিতা হলে ওদের অসুবিধা হবে। কারণ ১৯৭০-৭৫ সালে কমিশণ্ড করতে পারলেন না। তারপর আবার ১৯৭৯ সালের মার্চ মাসে বললেন ১৯৮২-৮৩ সালে কমিশণ্ড করব, কিন্তু আজ পর্যন্ত কমিশণ্ড হল না। এই ক্যাপাসিটি হচ্ছে—নাইট্রোজেন ফসফেটের ৩ লক্ষ ৭৫ হাজার মেট্রিক টন এবং দুর্গাপুর ফার্টিলাইজারের ক্যাপাসিটি ধরলে সর্ব সাকুল্যে ৬/৭ লক্ষ মেট্রিক টনের মত হবে। আপনারা গুজরাট, মহারাষ্ট্রের দিকে একবার তাকিয়ে দেখুন, সেখানকার অবস্থাটা কি—তাদের সঙ্গে আমাদের প্রকল্পটা একটু মিলিয়ে প্রাইভেট এ্যাণ্ড কো-অপারেটিভ দেখুন এবং কেন্দ্রীয় সরকারের যে-সমস্ত প্রকল্পগুলি আছে, তার সঙ্গে একটু মিলিয়ে দেখুন। সেখানে ১৫/২০ লক্ষ মেট্রিক টনে গিয়ে দাঁড়িয়েছে। অদ্ভুত ব্যাপার—আমবা কেন্দ্র-রাজ্য সম্পর্ক পুনর্বিন্যাসের কথা বললেই আপনারা চীৎকার করবেন। কিন্তু পূর্ব ভারতের প্রতি কি রকম উপেক্ষা করা হচ্ছে সেটা একটু দেখুন। সত্য কথা বললেই আপনাদের গাত্রদাহ শুরু হয়ে যাবে, চীৎকার করতে শুরু করে দেবেন। আপনারা বলছেন কেন্দ্রীয় সরকার চাইছে পশ্চিমবাংলায় ইনভেস্টমেন্ট করতে, আমরা বাধা দিচ্ছি। আমরা কেন বাধা দেব? পশ্চিমবাংলাকে যে বঞ্চিত করা হচ্ছে, আমরা আমাদের ডিস্ট্রিবিউশন দিতে চাই। ওঁরা বললেন এখানে বিদ্যুৎ দেওয়া হচ্ছে না, তাই জন্য

হচ্ছে না। অসত্য কথা। বিদ্যুৎ দেওয়া হচ্ছে এবং আমরা অঙ্গীকারবদ্ধ—রাজ্য সরকার বলেছেন বিদ্যুৎ দেওয়া হবে, জল দেওয়া হবে।

কেন্দ্রীয় সরকার বলুন তাহলে যে বিদ্যুতের জন্য, জলের জন্য ঐ সার প্রকল্প করতে পারছেন না। স্যার, ঐ সার প্রকল্প হলে ডাইরেক্ট এমপ্লয়মেণ্ট হবে দু' হাজারের এবং তা ছাড়া অনেক ইনডাইরেক্ট এমপ্লয়মেণ্ট হবে। সেখানে আশে-পাশে যে-সমস্ত এ্যানসিলিয়ারী ইণ্ডাষ্ট্রিজ গড়ে উঠবে তাতে বহু বেকারের কর্মসংস্থান হবে। সেখানে কেন্দ্রীয় বিশেষজ্ঞরা কি বলে গিয়েছেন বিরোধীদলের সদস্যরা তা জানেন, কিন্তু তা সত্ত্বেও তাঁরা দায়িত্বজ্ঞানহীনের মতন কথাবার্তা বলছেন। ওঁরা [বুর্জোয়া পার্লামেণ্টারী ডেমোক্রাসীর প্রবক্তা অথচ তাকে ওরা] ধ্বংস করছেন। পার্লামেণ্টারী ডেমোক্রাসীতে আমাদের বিশ্বাস কম আছে, কিন্তু ওঁরা দেখছি তাকে ধ্বংস করছেন। হলদিয়াতে জাহাজ নির্মাণ কারখানা হবে কিনা সে প্রশ্নে ওঁদের নিয়োজিত বিশেষজ্ঞরা বলেছিলেন ভারতের সমস্ত পোর্ট ঘুরে এসে যে এটাই উপযুক্ত জায়গা, কিন্তু তা সত্ত্বেও ওঁরা সেটা করলেন না। তাঁরা এটা করলেন না তার কারণ, সেখানে ঐ পশ্চিমবঙ্গ বিরোধী মনোভাব কাজ করছে। সেই কারণেই আমরা দেখছি বারবার বিশেষজ্ঞদের যুক্তিকে নাকচ করা হচ্ছে। সেইজন্য স্যার, আমি বলছি, শ্রীলক্ষ্মণ শেঠ মহাশয় ১৮৫ ধারা বলে যে প্রস্তাব নিয়ে এসেছেন তাকে শুধু সমর্থন করছি তাই নয়, আমি চাই হলদিয়াতে সার কারখানার কাজ অবিলম্বে শুরু করার জন্য আমাদের রাজ্য বিধানসভা থেকে একটি প্রতিনিধি দল কেন্দ্রীয় রসায়ন মন্ত্রীর সংগে অবিলম্বে দেখা করুন। পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ চাষী এবং হাজার হাজার বেকার যুবকের স্বার্থে এই সার কারখানার গুরুত্ব কেন্দ্রীয় রসায়ন মন্ত্রীকে বোঝানোর জন্য অবিলম্বে বিধানসভার সর্বদলীয় প্রতিনিধি পাঠানোর জন্য আমি অনুরোধ জানিয়ে এই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীসত্যরঞ্জন বাপুলী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীসরল দেব বললেন যে, পার্লামেণ্টারী ডেমোক্রাসীতে তাঁর বিশ্বাস নেই। স্যার, আমি বলছি, either he should resign or what he has said should be expunged.

শ্রীদীপক সেনগুপ্ত: উনি বলেছেন, পার্লামেণ্টারী ডেমোক্রাসীতে আমাদের কম বিশ্বাস আছে।

শ্রীসুভাষ গোস্বামী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীলক্ষ্মণ শেঠ মহাশয় হলদিয়া সার কারখানা চালু করার দাবীতে যে বেসরকারী প্রস্তাব নিয়ে এসেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, এই প্রস্তাব সম্পর্কে বিরোধীদলের মাননীয় সদস্য মান্নান সাহেবের জ্বালা ধরার কারণ আমি বুঝলাম না। আমার মনে হয় যেহেতু এই প্রস্তাব রূপায়ণের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের উপর ন্যস্ত, সেইহেতু কেন্দ্রীয় সরকারকে আড়াল করার জন্য তিনি কেন্দ্রীয় সরকারের হয়ে সাফাই গেয়ে ঐ রকম বক্তৃতা করলেন। তিনি এই প্রস্তাবের মধ্যে এই জায়গা খুঁজে নিয়ে যাতে রাজ্য সরকারের ঘাড়ে দোষ চাপানো যায় সেই চেষ্টা করেছেন। তিনি বললেন, রাজ্য সরকার বিদ্যুতের ব্যবস্থা না করার জন্য, জলসরবরাহ না করার জন্য এই সার কারখানা চালু করা যাচ্ছে না। ওই প্রসঙ্গে স্যার, মান্নান সাহেবের কাছে আমি একটি প্রশ্ন রাখছি। তাঁকে তো দেখি প্রায়ই তিনি বিধানসভায় নানান ব্যাপারে মেনশান করেন কিন্তু রাজ্য সরকার বিদ্যুৎ দিতে পারছেন না বা জলসরবরাহ করতে পারছেন না বলে এই সার কারখানা চালু করা যাচ্ছে না, একথা তিনি কি কোনদিন মেনশান করেছেন ? আমরা জানি, তা তিনি করেন নি। তা না করে তিনি কেন্দ্রীয় সরকারের হয়ে সাফাই গাইবার জন্য আজকে এই সব কথা বললেন। স্যার, আমরা জানি, এই সার কারখানার দিকে পশ্চিমবঙ্গের হাজার হাজার চাষী এবং হাজার হাজার বেকার যুবক তাকিয়ে আছে। আমরা জানি, এই সার কারখানার উপর তাদের ভবিষ্যৎ অনেকখানি নির্ভর করছে। ১০/১৫ বছর ধরে আমরা শুনে আসছি এই সার কারখানা শীঘ্রই চালু হবে কিন্তু আজ পর্যন্ত সেটা চালু হবার কোন লক্ষণ দেখছি না।

[6·30—6. 0 P.M.]

আজকে মান্নান সাহেব রাজ্য সরকারের উপরে দোষ চাপাতে চাচ্ছেন। কিন্তু আজকে রাজ্যের বেশীর ভাগ মানুষের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে যে, হলদিয়ায় সার কারখানা চালু না হবার পিছনে কোন কালো হাত কাজ করছে। এই দেশের সার ব্যবসায়ের সঙ্গে যারা যুক্ত আছে, দেশী এবং বিদেশী, তাদের কালো হাত এর পিছনে কাজ করছে যাতে হলদিয়ায় সার কারখানা চালু করা না যায়। ১৯৭৯ সালে যে কারখানার কাজ শেষ হয়ে গেছে, আজকে ১৯৮৪ সালে এসেও সেই কারখানা চালু হওয়ার নামগন্ধ দেখছি না। আজকে রাজ্য সরকারের পক্ষ থেকে এই কারখানা চালু করা সম্ভব নয়। এর জন্য যাদের দায়িত্ব আছে, তারা চোখ বুজে

বসে আছে। যেহেতু কারখানা পশ্চিমবঙ্গের হলদিয়ায় হচ্ছে, সে জন্য ইচ্ছা করেই তারা এই জিনিস করছে। এই ভাবে রাজ্যের প্রতি তাঁরা অবিচার করে চলেছেন। আজকে ন্যায়সঙ্গতভাবে যে প্রস্তাব এখানে এসেছে, সেই প্রস্তাবকে আমি সমর্থন জানাচ্ছি এবং আশা করছি যে পশ্চিমবঙ্গের সমস্ত স্তরের মানুষ এগিয়ে আসবেন যাতে এই সার কারখানা চালু করতে কেন্দ্রীয় সরকারকে বাধ্য করা যায়। আমি আশা করবো যে বিরোধী পক্ষের সদস্যগণ এই প্রস্তাবের পক্ষে সাড়া দেবেন এবং তাদের যে ভূমিকা আছে কেন্দ্রীয় সরকারকে দিয়ে এই কারখানা চালু করার, সেই ভূমিকা তাঁরা পালন করবেন। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভূপাল পাণ্ডা : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে হলদিয়া ফার্টিলাইজার প্ল্যান্ট সম্পর্কে যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে, আমি তাকে সমর্থন করে দু'-একটি কথা বলতে চাই। আমাদের বিরোধী পক্ষ থেকে প্রথমেই 'ঠাকুর ঘরে কে ? না, আমি কলা খাই না'—এই ভাবে তাঁদের বক্তব্য এই প্রস্তাবের বিরুদ্ধে বললেন। তাঁরা কি বললেন ? তাঁরা বললেন, রাজ্য সরকার বিদ্যুৎ এবং জল সরবরাহ না করার জন্য এই ফার্টিলাইজার প্ল্যান্ট চালু হতে পারছে না। আর কম্প্রেসার ফেটে যাওয়াটা কিছু নয়। আসলে ওদের কথা হচ্ছে বিদ্যুৎ এবং জল সরবরাহ না করতে পারার জন্য হলদিয়া ফার্টিলাইজার প্ল্যান্ট কারখানা চলছে না। কিন্তু ঘটনাটা সম্পূর্ণ বিপরীত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ঐ প্রকল্প নির্মাণকালে আমি হলদিয়ায় কিছুটা জড়িত ছিলাম। আমি জানি, এই প্রকল্প নির্মাণের সময় থেকে কেন্দ্রীয় সরকারের যাঁরা এই প্রকল্পের দায়িত্বে ছিলেন, তাঁদের যে আমলাতান্ত্রিক মানসিকতা, সরকারী সম্পদের প্রতি যে ঔদাসীন্য এবং প্রকল্প নির্মাণের ক্ষেত্রে এক একটা ডিপার্টমেন্ট অনুযায়ী যেভাবে এক একজন কনট্রাক্টরকে দায়িত্ব দেওয়া হয়েছে, তাতে প্রকল্প নির্মাণের ক্ষেত্রে প্রচণ্ড গাফিলতি দেখা গিয়েছে। আজকে কম্প্রেসার ভেঙ্গে যাওয়াটাই শুধু ঘটনা নয়। ঘটনা হচ্ছে, আমাদের দেশেই এর ৮৫ ভাগ যন্ত্রপাতি তৈরি করা হয়। আর ১৬ ভাগ যন্ত্রপাতি আনা হয় ১৯টি দেশ থেকে। কাজেই আমাদের আগে দেখা দরকার যে হলদিয়া ফার্টিলাইজার কারখানা থেকে যে সম্পদ সৃষ্টি হবে, সেখানে যদি ইউরিয়া সার বা কৃষিজাত ফার্টিলাইজার উৎপন্ন করা যায়, তাহলে পূর্বাঞ্চলের ক্ষেত্রে তা কৃষিতে অনেক বেশী শক্তি যোগাবে এবং তারা উন্নতির পথে এগিয়ে যেতে পারবে। আজকে একথা বাস্তব সত্য। কিন্তু একথা জানা সত্ত্বেও কংগ্রেস তরফ থেকে বারবার বলা হচ্ছে যে, বিদ্যুৎ এবং

জল সরবরাহের অভাবে কারখানা চলছে না। কাজেই এর পিছনে যে-সমস্ত বড় বড় আমলাবর্গ আছে, তাদের সঙ্গে যোগসাজশ-এর ফলে এই প্রকল্প নির্মাণের কাজে অনেকটা গাফিলতির সৃষ্টি করেছে।

আমার মনে হয় আমলাদের সঙ্গে সেই যোগসাজশের জন্য প্রকল্প নির্মাণের কাজের মধ্যে অনেক গলদ সৃষ্টি হয়। সেই কারণেই আমি বলতে চাইছি, কেন্দ্রীয় সরকারের ওপর আমাদের পূর্ণ চাপ সৃষ্টি করতে হবে অবিলম্বে এই কারখানাটিকে চালু করবার জন্য। এর পরেও যদি দেখা যায় তাঁরা গড়িমসি করছেন, তাহলে আমাদের এই নিয়ে আন্দোলন সৃষ্টি করতে হবে। প্রকল্পটির মূল ডিজাইন অনুযায়ী প্রকৃতপক্ষে সেখানে মেশিনপত্র বসান হয়েছে কিনা, সেটা তদন্ত করে দেখা প্রয়োজন। বিদেশ থেকে যে-সমস্ত মেশিনপত্র আমদানী করা হয়েছিল সে-সমস্ত ঠিক ঠিক ভাবে পরীক্ষা করে, প্রকল্পের ডিজাইনের সঙ্গে ফিট্ করছে কিনা তা দেখে নেওয়া হয়েছিল কিনা, তাও তদন্ত করা প্রয়োজন। আমার মনে হয় মেশিনপত্রে ডিফেক্ট আছে জেনেই অফিসাররা আজকে গড়িমসি করছে এবং জল সরবরাহ, বিদ্যুৎ সরবরাহ ও লেবার ট্রাবলের অজুহাত তুলছে। অথচ আমরা চোখের সামনে দেখছি দুর্গাপুর ফার্টিলাইজার পুরোনো ঘাটতি পূরণ করে উন্নতির দিকে আরো বেশী করে অগ্রসর হচ্ছে। অথচ হলদিয়া কারখানা সেভাবে চালু করা হচ্ছে না। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমার নিজের ধারণা এটা নিয়ে একটা ষড়যন্ত্র চলছে। আমরা কিছু দিন আগে দেখেছি কংগ্রেসের পক্ষ থেকে ২০ দফা কর্মসূচী ঘোষণা করা হয়েছে এবং সেখানে বলা হয়েছে শ্রমিকদের উৎপাদনের স্বার্থে ম্যানেজমেন্টে নেওয়া হবে। গত ডিসেম্বর মাসে ইন্দিরা দেবী ঘোষণা করেছেন, পরিচালনার ক্ষেত্রে শ্রমিকদের যুক্ত করা দরকার। অপরদিকে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর অর্থমন্ত্রী প্রণববাবু কয়েক দিন আগে ঘোষণা করেছেন, 'কোন সরকারী কারখানা যদি লসে চলে তাহলে তাকে ডি-ন্যাশনালাইজড করা হবে।' সুতরাং আমাদের সন্দেহ হচ্ছে, এ ক্ষেত্রেও তাঁদের সেই মতলব আছে কিনা / সুতরাং তাঁদের মতলব কি আছে তা বুঝে দেখা দরকার। সিন্ত্রির পুরোনো কারখানাটি বিড়লা গোষ্ঠীর অন্যতম একজন মালিকের হাতে জলের দামে বিক্রি করে তুলে দেওয়া হয়েছে। সে রকম ষড়যন্ত্র এ ক্ষেত্রেও করা হচ্ছে বলে আমাদের সন্দেহ হচ্ছে। এই বলে আমি এই প্রস্তাবটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপতিত পাবন পাঠক : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য লক্ষ্মণচন্দ্র শেঠ যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন তাকে আমি পরিপূর্ণ সমর্থন করছি।

বিরোধী দলের সদস্য, আমার অত্যন্ত স্নেহভাজন মাননীয় শ্রীআবদুল মান্নান এই প্রস্তাবের বিরোধিতা করার সময়ে যে আচরণ এখানে করলেন তাতে আমার মনে হচ্ছে উনি খুব তাড়াতাড়ি বিধানসভার বিরোধী নেতা হবার মত জায়গায় পৌঁছবার চেষ্টা করছেন। আমি তাঁকে বলি, অত তাড়াহুড়া করবেন না।

এটি একটি ৪/৫ লাইনের প্রস্তাব, আমি ২/১টি লাইন এখানে একটু পড়ছি এবং সেই লাইনগুলিতে যা বলা হয়েছে সে সম্বন্ধে মাননীয় সদস্য শ্রীমান্নানের মতামত জিজ্ঞাসা করছি। প্রথমেই বলা হয়েছে, "যেহেতু ১৯৭২ সালে হলদিয়া সার কারখানা নির্মাণকাজ শুরু হয়"—এখন আমি ওঁকে জিজ্ঞাসা করছি, এই কথাটি ঠিক তো? না ঠিক নয়? তারপরে, "যেহেতু ১৯৭৯ সালে নির্মাণকাজ শেষ হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত উৎপাদন শুরু হয় নাই"—এটাও ঠিক তো? আবার বলা হচ্ছে, "যেহেতু হলদিয়া সার কারখানা চালু হলে গোটা পূর্বাঞ্চলে সারের সমস্যা অনেকাংশে সমাধান হবে এবং কোটি কোটি বিদেশী মুদ্রার সাশ্রয় হবে"—এই কথায় কি ওঁর আপত্তি আছে? অবশ্য এখানে যেটা বলা হচ্ছে, "যেহেতু সার কারখানার প্রয়োজনীয় জল ও বিদ্যুৎ সরবরাহ করতে রাজ্য সরকার তৎপর ও বদ্ধপরিকর"—এইখানে ওঁর আপত্তি আছে। কিন্তু এটাই বাস্তব। তারপরে বলা হচ্ছে, "যেহেতু সার কারখানা চালু হলে বহু তীব্র বেকার সমস্যার অনেকাংশে সমাধান হবে এবং হলদিয়া শিল্পায়নের অগ্রগতি হবে"—নিশ্চয়ই এ কথায় ওঁর আপত্তি নেই? এবং পরিশেষে বলা হচ্ছে, "সেইহেতু এই সভা অবিলম্বে হলদিয়া সার কারখানা চালু করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে।"

[6.40—6.50 P. M.]

মনে করুন, সবই পশ্চিমবাংলার দোষ, কিন্তু এই কারখানাটি চালু করছে তো কেন্দ্রীয় সরকার। সুতরাং ওদের আপত্তিটা হচ্ছে অন্য জায়গায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটি কথা মনে পড়ে গেল। প্রাচীনকালে একটি যন্ত্র দিয়ে ধান ভানা হতো। সেই যন্ত্রটির উপর হাত বোলালে কাজ করতো না, কিছু জিনিস দিয়ে আঘাত করলে সে কাজ করতো। এক্ষেত্রে মাননীয় বিরোধীদলের সদস্যদের বোঝাবার জন্য অন্য জিনিসের প্রয়োগের প্রয়োজন। সেই জন্য বলছি, বোঝবার চেষ্টা করুন। যেই দেখলো কেন্দ্রীয় সরকার অমনি বিরোধিতা করতে আরম্ভ করলো। সুতরাং আমার কথা হচ্ছে তথ্য সংগ্রহ করুন এবং আপনাদের অনুরোধ করছি, পশ্চিমবঙ্গের হলদিয়ায় সার কারখানার যে প্রস্তাব সেই প্রস্তাবকে সমর্থন করুন।

এই কথা বলে যে প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল মান্নান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটি পারসোন্যাল এক্সপ্লানেশান আছে। আমার বক্তব্যের মাধ্যমে যদি কোথাও এইটুকু ধারণা হয়ে থাকে যে আমি মূল প্রস্তাবের বিরোধিতা করেছি তাহলে আমি দুঃখিত। আপনি যদি প্রসিডিংস মিলিয়ে দেখেন তাহলে দেখবেন আমি কোন জায়গায় মূল প্রস্তাবের বিরোধিতা করিনি। আমি এই প্রস্তাবে এই কথা বলেছি যে কোথাও কোথাও দেখা যাচ্ছে রাজ্য সরকার দায়িত্ব এড়িয়ে কেন্দ্রীয় সরকারের উপর দোষ চাপাচ্ছেন। সুতরাং এক্ষেত্রে যদি আমার ভুল হয়ে থাকে আমি দুঃখিত।

শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় বিরোধী দলের সদস্য আবদুল মান্নান সাহেব যে কথা বললেন সেই কথা সম্পূর্ণ অসত্য। কারণ সার কারখানাটি ভারত সরকারের সংস্থা, সুতরাং সেটা চালু করার দায়িত্ব রাজ্য সরকারের নয়। দ্বিতীয়তঃ আপনার জলের ব্যাপারে যা বললেন তা সম্পূর্ণ অসত্য। কংগ্রেস সরকার যখন ক্ষমতায় ছিলেন তখন পশ্চিমবাংলায় ওরা জল সরবরাহের ব্যাপারে কোন প্রকল্প নির্মাণ করে যায় নি। কিন্তু বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে ক্ষমতায় আসবার ৩২ কোটি টাকা খরচা করে গেঁওখালিতে জল সরবরাহের প্রকল্প চালু করেছে এবং উলুবেড়িয়াতে ১০০ কোটি টাকা দিয়ে জল সরবরাহ পরিকল্পনার ব্যবস্থা করা হচ্ছে। বিদ্যুতের ব্যাপারে কোন সমস্যা নেই। মাননীয় সদস্য যদি প্রমাণ করে দিতে পারেন যে জল এবং বিদ্যুতের জন্য এবং শ্রমিক অশান্তির জন্য সার কারখানার উৎপাদন শুরু হয় নি, তাহলে আমি দোষ স্বীকার করে নেবো। কিন্তু তিনি প্রমাণ করতে পারবেন না। সেখানে ১১ মেগাওয়াট বিদ্যুৎ দেওয়া হয়েছে। নির্মাণ কাজের সময় কোন বিদ্যুতের অভাব ঘটেনি। উৎপাদন চালু হচ্ছে না মূলতঃ যন্ত্রাংশ বিকল হয়ে পড়ছে, ভেঙ্গে পড়ছে। ১৯৮৩ সাল থেকে দুটো এয়ার কম্প্রেসার ভেঙ্গে নষ্ট হয়ে গেছে, উৎপাদন চালু হতে পারছে না। যেমনি চালু করা হচ্ছে অমনি যন্ত্রাংশ ভেঙ্গে পড়ছে। তার কারণ হলো, ফার্টি-লাইজার কারখানার যে ডিজাইন এবং তার যে প্ল্যান সেটা সম্পূর্ণ অবৈজ্ঞানিক। বেশীর ভাগ যন্ত্রাংশ দেশী আর ১৬ ভাগ যন্ত্রাংশ বিদেশী। এই দুই ধরনের যন্ত্রাংশের মিলনের ফলে বিকল হয়ে পড়ছে। এতকাল ভারতবর্ষের যে-কোন জায়গায় সার

কারখানা তৈরি হয়েছে তার বেশীর ভাগ যন্ত্রাংশ টার্ন-কি প্রজেক্ট হিসাবে বিদেশী সাহায্যে তৈরি করা হয়েছে।

আমাদের হলদিয়া সার কারখানাকে ভারতের প্রযুক্তিবিদ্যার গবেষণার গিনিপিক হিসাবে ব্যবহার করা হচ্ছে। একটা পরীক্ষা-নিরীক্ষা করার কেন্দ্র করে তুলেছেন। সেইজন্যই এই কারখানা চালু হচ্ছে না। হলদিয়ায় কোটি কোটি টাকা বিনিয়োগ করে যে সার কারখানা গড়ে তোলা হলো তাতে বিদেশী যন্ত্রাংশ আংশিকভাবে ব্যবহার করা হলো, বিদেশী প্রযুক্তিবিদ্যা আংশিক ব্যবহার করা হলো। ভারতে গুজরাট, মহারাষ্ট্র, উত্তরপ্রদেশের ফুলপুরে এবং আরও অন্যান্য জায়গায় ৬ হাজার কোটি টাকা বিনিয়োগ করে বিভিন্ন সার কারখানা গড়ে তোলা হয়েছে। সেই সমস্ত জায়গায় কিন্তু ডেনমার্ক, ইটালি থেকে প্রযুক্তিবিদ্যা আমদানী করা হয়েছে। কেন্দ্রের কংগ্রেস সরকার বরাবর এইভাবে বহুজাতিক সংস্থার কাছে আত্মসমর্পণ করে ভারতের অর্থনীতিকে ধ্বংস করেছে। আমরা কিছু কিছু ঘটনার কথা জানি; কেন্দ্রের কিছু কিছু মন্ত্রী বা ওঁদের দলনেতা আছেন যাঁদের সঙ্গে ঐ বহুজাতিক সংস্থাগুলির একটা যোগসূত্র আছে। সেইসব পারিবারিক কারণে বহুজাতিক সংস্থাগুলিকে এখানে জায়গা করে দেওয়া হচ্ছে। আজকে এর ফলে এই হলদিয়া সার কারখানা চালু হচ্ছে না। হলদিয়ায় যে প্রযুক্তিবিদ্যা গড়ে তোলা হলো, তা কিন্তু অন্য জায়গায় ব্যবহার করা হলো না। আজকে হলদিয়া সার কারখানা চালু হলে এর উৎপাদিত সার ইউরিয়া দিয়ে পশ্চিমবঙ্গসহ পূর্বাঞ্চলের চাহিদা মেটানো সম্ভব হোত। আজকে পশ্চিমবাংলায় যে সারের চাহিদা রয়েছে তা কেবলমাত্র জৈবিক সার দিয়ে মেটে না। এই হলদিয়া সার কারখানা চালু হলে পশ্চিম বাংলার এই সারের চাহিদা মেটানো সম্ভব হোত এবং এর দ্বারা বছরে ৩২০ কোটি বৈদেশিক মুদ্রার সাশ্রয় হোত। আর এই কারখানা যদি ৪ বছর আগেই চালু হোত, তাহলে ১৫০০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা সাশ্রয় হোত এবং পশ্চিমবাংলার কৃষকদের অবস্থার উন্নতি ঘটতো। তাই আমি বিরোধীদের সংশোধনী প্রস্তাব নাকচ করতে চাই এবং যেভাবে আমি প্রস্তাবটি উত্থাপন করেছি সেইভাবে সমর্থন করবার জন্য মাননীয় সদস্যদের অনুরোধ করছি।

The motion of Shri Lakshman Chandra Seth

যেহেতু ১৯৭২ সালে হলদিয়া সার কারখানার নির্মাণকাজ শুরু হয়;

যেহেতু ১৯৭৯ সালে নির্মাণকাজ শেষ হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত উৎপাদন শুরু

হয় নাই ; যেহেতু হলদিয়া সার কারখানা চালু হলে গোটা পূর্বাঞ্চলে, সারের সমস্যা অনেকাংশে সমাধান হবে এবং কোটি কোটি বিদেশী মুদ্রার সাশ্রয় হবে , যেহেতু সার কারখানার প্রয়োজনীয় জল ও বিদ্যুৎ সরবরাহ করতে রাজ্য সরকার তৎপর ও বদ্ধপরিকর ; যেহেতু সার কারখানা চালু হলে বহু তীব্র বেকার সমস্যার অনেকাংশে সমাধান হবে এবং হলদিয়া শিল্পায়নের অগ্রগতি হবে ; সেইহেতু এই সভা অবিলম্বে হলদিয়া সার কারখানা চালু করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে। was then put and agreed to.

Mr. Speaker : I now call upon Dr. Zainal Abedin to move his motion.

Dr. Zainal Abedin : Sir, I beg to move under Rule 185 as edited by you. যেহেতু রাজ্যে জনস্বাস্থ্য ও পানীয় জল সরবরাহ এবং অন্যান্য সংশ্লিষ্ট দায়িত্ব পালনে পশ্চিমবঙ্গ সরকার চরম অবহেলা করেছেন ;

যেহেতু বিভিন্ন দায়িত্বশীল কর্মচারী এবং বিভিন্ন দায়িত্বশীল প্রতিষ্ঠানের হুঁশিয়ারীকে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর যথাযথভাবে গুরুত্ব দেয় নি ;

যেহেতু মহামারী রোগ প্রতিরোধ এবং অন্যান্য আনুষঙ্গিক ব্যবস্থাদি গ্রহণ করতে স্বাস্থ্য দপ্তর বিফল হয়েছে ;

যেহেতু এই রাজ্যে আন্ত্রিক রোগ মহামারী আকারে লক্ষ লক্ষ মানুষকে এবং বিশেষভাবে শিশুদের আক্রমণ করছে এবং ফলে শত শত শিশুসহ বহু মানুষ মারা যাচ্ছে ;

যেহেতু রাজ্য সরকারের এই মহামারী প্রতিরোধে এ পর্যন্ত গৃহীত ব্যবস্থাদি অতিশয় অপ্রতুল ;

সেইহেতু এই বিধানসভা জরুরী ভিত্তিতে এই মহামারী রোগ প্রতিরোধে নিম্নলিখিত ব্যবস্থাদি গ্রহণের জন্য রাজ্য সরকারকে অনুরোধ জানাচ্ছে :

(১) জনসাধারণকে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ, প্রয়োজনীয় চিকিৎসা এবং রোগ-প্রতিরোধমূলক ব্যবস্থাসমূহ গ্রহণ করা ;

(২) গণপ্রচার মাধ্যমগুলির সাহায্যে রাজ্যের জনসাধারণকে সতর্কতা অবলম্বন করার জন্য প্রচার অভিযান চালানো ;

(৩) প্রয়োজনবোধে জনহিতকর এবং বিভিন্ন সেবা প্রতিষ্ঠানগুলির সাহায্য গ্রহণ করা ;

(৪) প্রয়োজনে কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য দপ্তরের সহযোগিতা গ্রহণ করা ; ও

(৫) কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত বিশুদ্ধ পানীয় জল সরবরাহ ও জনস্বাস্থ্য রক্ষার জন্য বরাদ্দকৃত অর্থ সার্বিকভাবে এবং সম্পূর্ণভাবে ব্যয় করা ; এবং উপরোক্ত সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এই মহামারী রোগ প্রতিরোধ করার জন্য রাজ্য সরকারের আরও বেশী সচেতন এবং দায়িত্বশীল হওয়ার দাবী জানাচ্ছে।

[6.50—7.00 P. M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যখন আমি এই প্রস্তাব পড়ছিলাম তখন ওনারা কাক, শিয়ালের মতো ডাক ছাড়ছিল। ওনারা যে অপরাধ করেছেন এই অপরাধ অমার্জনীয় অপরাধ। ওনারা যে অপরাধ করেছেন সেই অপরাধ ইতিহাস কলঙ্কিত অপরাধ। ওনারা যে অপরাধ করেছেন সেই অপরাধ হলো শিশুঘাতী অপরাধ। ওনারা যে অপরাধ করেছেন সেই অপরাধ হলো গণ-হত্যাকারী অপরাধ। এই অপরাধের ফলে ইতিহাসে কালিমা লেপন করা হয়েছে। এই বলে ওনাদের আমি হুঁশিয়ার করে দিতে চাই। আপনারা দেওয়ালে লিখন দেখুন। আপনারা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি আপনারা পালন করতে পারেন নি। They are killers. With these words I commend my motion.

Mr. Deputy Speaker : All the amendments are in order. I now request Shri Sumanta Kumar Hira to move his amendments.

শ্রীসুমন্তকুমার হীরা : Sir, I beg to move that,

(১) প্রথম লাইন থেকে ষষ্ঠ লাইনে, "যেহেতু রাজ্যে" এই শব্দগুলি হইতে আরম্ভ "দপ্তর বিফল হয়েছে" এই শব্দগুলি পর্যন্ত বাদ দেওয়া হউক ;

(২) সপ্তম লাইনে, "মহামারী আকারে লক্ষ লক্ষ" এই শব্দগুলির পরিবর্তে "কয়েক হাজার" এই শব্দগুলি বসানো হউক।

(৩) অষ্টম লাইনে, "শত শত" এই শব্দগুলির পরিবর্তে "কয়েক শত" এই শব্দগুলি বসানো হউক।

(৪) নবম লাইনে, "মহামারী" এই শব্দটির পরিবর্তে "রোগ" এই শব্দটি বসানো হউক এবং "অতিশয়" এই শব্দটি বাদ দেওয়া হউক।

(৫) দশম লাইনে, "অপ্রতুল" এই শব্দটির পরিবর্তে "সন্তোষজনক" শব্দটি বসানো হউক।

(৬) একাদশ লাইনে, "মহামারী" এই শব্দগুলি বাদ দেওয়া হউক।

(৭) দ্বাদশ লাইনে, "গ্রহণের জন্য" এই শব্দগুলির পরিবর্তে "চালু রাখা"র জন্য এই শব্দগুলি বসানো হউক।

(৮) চতুর্দশ লাইনে, "গ্রহণ করা" এই শব্দগুলির পরিবর্তে "চালু রাখা" এই শব্দগুলি বসানো হউক।

(৯) ষোড়শ লাইনে, "চালানো" এই শব্দটির পরিবর্তে "অব্যাহত রাখা" এই শব্দগুলি বসানো হউক।

(১০) বিংশ লাইনে, "সার্বিকভাবে এবং সম্পূর্ণভাবে ব্যয় করা" এই শব্দগুলির পরিবর্তে "বৃদ্ধির জন্য দাবী পেশ করা" এই শব্দগুলি বসানো হউক।

(১১) একবিংশ লাইনে, "মহামারী" এই শব্দটি বাদ দেওয়া হউক।

(১২) দ্বাবিংশ লাইনে, "সরকারকে আরও বেশী সচেতন এবং দায়িত্বশীল হওয়ার দাবী জানাচ্ছে।" এই শব্দগুলির পরিবর্তে "সরকারের সঙ্গে দলমত নির্বিশেষে সর্বশ্রেণীর জনসাধারণকে সামিল হবার আহ্বান জানাচ্ছে।" এই শব্দগুলি বসানো হউক।

(১৩) অষ্টম লাইনে "মারা যাচ্ছে" এই শব্দগুলির পরিবর্তে "মারা গেছে" এই শব্দগুলি বসান হউক।

ডাঃ অম্বরীশ মুখার্জী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি অত্যন্ত ব্যথিত যে ডাঃ জয়নাল আবেদিন যে প্রস্তাব এনেছেন সেটা দেখে। এই প্রস্তাবের উপর মাননীয় সদস্য সুমন্তকুমার হীরা মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেটা গ্রহণ করবার জন্য আমি তাঁকে অনুরোধ করছি। আমার ব্যথা কিন্তু সেখানে নয়। আমার দুঃখ হচ্ছে যে ডাঃ জয়নাল আবেদিন মহাশয় এই প্রস্তাব এনেছেন বলে। কারণ তিনি একজন চিকিৎসক, তিনি সব বোঝেন। এই রেজলিউশান অন্যান্য যাঁরা মুভ করেছেন যেমন সুব্রত মুখার্জী মহাশয়, সত্য বাপুলী মহাশয়, এনাদের সম্বন্ধে আমার কিছু বলার নেই। শুধু আবেদিন সাহেবকে বলি তাঁর অন্ততঃ বাস্তব অবস্থাটা বোঝা উচিৎ ছিল। আমি সময় বেশী পাবো না, তাই আমি ২-৩ লাইন আমি এখানে পড়ে দিচ্ছি। ন্যাশনাল হেল্থ পলিসি আপনাদের পার্টির নেতাই ঠিক করেছেন। পার্লামেন্টে এটা আলোচনা না হলেও হেল্থ পলিসির যে স্টেটমেন্ট দিয়েছেন দি একজিসটিং পিকচার সম্বন্ধে এখান থেকে আমি পড়ে শোনাচ্ছি। The mortality rates for women and children are still distressingly

high ; almost one third of the total deaths occur among childre below the age of 5 years.

এবারে শেষ করে দেই—Only 31% of the rural population ha access to potable water supply and 5% enjoys basic sanitatior এ হচ্ছে আপনাদের। আমি তাই মনে করেছিলাম যে, সিগেলা সিগা ডিসেন্ট্রি যে এখন হচ্ছে, তা আপনি উপলব্ধি করবেন। আমি মনে করেছিলাম আপনি এ উপলব্ধি করবেন যে, সারা ভারতবর্ষে কত মানুষ পরিশ্রুত পানীয় জল পাচ্ছে কত মানুষের বেসিক স্যানিটেশান আছে এবং ভারতবর্ষের কোথায় নিউট্রিশা লেভেল আছে। সময় নষ্ট না করে আমি নিউট্রিশান সম্বন্ধে একটু তথ্য দিয়ে বলি ১৯৭৯-৮৪ সাল পর্যন্ত চালের মাথাপিছু যোগানের হিসাব দিচ্ছি। ১৯৮০ সালে ৩৮০ গ্রাম, ১৯৮১তে ৪১৬ গ্রাম, ১৯৮২তে ৪১৮ গ্রাম, ১৯৮৩তে ৪০৫ গ্রাম ছিল এব ১৯৮৪ সালে আছে ৪৩০ গ্রাম। ১৯৭৯ সালে যেখানে ছিল ৪৩০ গ্রাম, ১৯৮৪তে সেই ৪৩০ গ্রাম। এবারে ডালের হিসাবে আসুন। ১৯৮০, ১৯৮১ সালে ছি ৩৭ গ্রাম, ১৯৮২তে ৩৯ গ্রাম, ১৯৮৩তে ৪০ গ্রাম ছিল এবং ১৯৮৪তে আছে ৪১ গ্রাম এই হচ্ছে নিউট্রিশানের অবস্থা। আপনারা পরিশ্রুত পানীয় জলের সাপ্লাই করতে পারেন নি, স্যানিটেশান কোথাও করতে পারেন নি। নিউট্রিশান তে একেবারেই করতে পারেন নি। এই অবস্থায় দাঁড়িয়ে আপনি যদি আমাকে বলেন—যেখানে ভারতবর্ষে কোথাও নিউট্রিশান লেভেল নেই, যেখানে এপিডেমিক সমস্যা গুরুত্বপূর্ণ হয়ে পড়েছে, তাকে সম্পূর্ণ নির্মূল করতে হবে—তাহলে বলার কিছুই থাকে না। শিশু মৃত্যু যেখানে ছিল না, বর্তমানে হঠাৎ হতে শুরু করল কেন, আমি নিন্দা করব, যদি প্রস্তাব আনেন এবং বিবৃতি দেন, তা খুবই দুঃখজনক। বরং উচিত ছিল, এই ক্ষেত্রে পশ্চিমবাংলাব্যাপী আমরা সর্বাত্মক যে প্রচেষ্টা করছি সমস্ত ডিপার্টমেন্টকে নামিয়েছি, সাইড বাই সাইড পঞ্চায়েতকে নামিয়েছি, গ্রামে গ্রামে আমরা উদ্যোগ শুরু করে দিয়েছি এই রোগকে রুখতে, তার সাথে সামিল হওয়া। কংগ্রেস দল থেকে বা আপনাদের মধ্যে থেকে কোন সদস্য যদি আমাদের সাথে এই উদ্যোগে সামিল না হয়ে শুধু তিরস্কার ও ভর্ৎসনা করেন, তাহলে কিছুই হবে না। আপনারা এতদিন ধরে এখানে ইদ্রিস মিঞা করলেন। একদিন তে বললেন না রোগ প্রতিকারের উপায় নিয়ে বা আপনাদের গণসংগঠনকে ডাক দিয়ে এই কাজে সাহায্যের জন্য ? আপনারা নিশ্চয়ই জানেন, এই রোগ দেখা দেওয়ার সঙ্গে সঙ্গেই আমরা বিশেষজ্ঞ দলকে পাঠিয়েছি। ইনস্টিটিউট অফ গ্যাস্ট্রো- এন্টারিক এ্যাণ্ড কলেরা—তাঁরা গেছেন পরীক্ষা করে দেখার জন্য। গত

১৬ তারিখে তাঁরা আমাদের খবর দিয়েছেন। আমরা ট্রপিকাল থেকে দল পাঠিয়েছি, তাঁরা আমাদের কাছে তাঁদের স্টাডি দিয়েছেন। আপনাদের এটা জানা উচিত ছিল যে, এই রোগ প্রথমে বাংলাদেশে হয়েছিল এবং অনেকদিন ধরে তা সেখানে ছিল। ১৯৭২-১৯৭৮ সাল পর্যন্ত সেখানে এই রোগ ছিল। আবেদিন সাহেব, আপনি আমার কথাগুলো অনুগ্রহ করে একটু অনুধাবন করুন। বাংলাদেশে ইন্টার-ন্যাশনাল ইনস্টিটিউট অফ ডায়োরিয়াল ডিজিজের অধিকর্তা ডাঃ মুজিবর রহমানের সঙ্গে সিগেলা সিগা ডিসেন্ট্রি নিয়ে আলোচনা করেছি। ১৯৭২-১৯৭৮ সাল পর্যন্ত তাঁরা ঐ রোগকে কন্ট্রোল করতে পারেন নি। তাঁদের সঙ্গে আমাদের সমস্ত তথ্য আদান-প্রদান হয়েছে, তাঁদের সঙ্গে আমরা বিশদভাবে আলোচনা করেছি এবং আরও করব। আমরা এই ডিজিজ্‌কে মোকাবিলা নিশ্চয়ই করব। ইণ্ডিয়ান ইনস্টিটিউট অফ কলেরা এ্যাণ্ড গ্যাস্ট্রোএন্টারিক disease-এর বিশেষজ্ঞ দলের সঙ্গে আমরা আলোচনা করেছি। তাঁরা এই রোগ রেসিস্ট করার জন্য কাজ করছেন। আগে এই রোগ সম্বন্ধে কেউ কোন ভাবে আমাদের হুঁশিয়ার করেন নি। তবে তাঁরা বলেছেন, এই রোগ হচ্ছে সিগেলা সিগা ডিসেন্ট্রি। হুঁশিয়ারি কেউ আমাদের দেন নি।

[7.00—7.10 P. M.]

ট্রান্সমিশন কি ভাবে হয় সেটা জানা দরকার, আগে অনেকগুলো ইন্টার-ন্যাশনাল স্টাডি এ বিষয়ে হয়েছে। আমার হাতে সময় নেই তা না হলে আমি দেখিয়ে দিতাম।' এই স্টাডি থেকে বলা হয়েছে যা তার রিপোর্ট আমার কাছে আছে। জলের স্যাম্পল আমরা নিয়েছি সেখানে সিগেলা পাওয়া যায় নি। আমরা কিন্তু বলেছি পার্সন টু পার্সন এটা তফাৎ হয়। কিন্তু এটা ফুড এ্যাণ্ড ওয়াটার বোর্ন ডিসিস। অবশ্য এর জন্য ফ্লাই রেসপনসিবল ওয়াটার রেসপনসিবল, আমরা দেখিনি এতবড় ব্যবস্থা কোন সময় নেওয়া হয়েছিল। আমরা প্রত্যেকটি কোণায় কোণায় লোক পাঠিয়েছি, আমাদের গণসংগঠনগুলি সরকারী কর্মচারীদের সঙ্গে মিলে কাজ করছে। আপনারা কখনও কোন সময় একটা রোগের মোকাবিলা করেছেন? ড্রাগ রেসপনসিবল হলে আমরা ফ্লুরা জেরিডিন একটা স্টাডি থেকে পেয়েছি। সেটা আমরা বাজার থেকে বাল্ক পারচেজ করেছি। আমরা এটা ডেসপ্যাচ করেছি এবং কিভাবে ট্রিটমেণ্ট করতে হবে তাও বলে দিয়েছি। একটা কথা জেনে রাখা দরকার যে, যেখানে অপুষ্টি আছে সেখানে মৃত্যুর আশংকা বেশি। ট্রিটমেণ্টের ব্যাপার,

এটা একটা বেসিক ফ্যাক্ট, একটা গাইড লাইনও তৈরী করে দিয়েছি। সমস্ত মাস মিডিয়া—সংবাদপত্র, রেডিও, টেলিভিসন, হ্যাণ্ড বিল, লিফলেট মিটিং মিছিল করে সারা পশ্চিমবাংলায় প্রচার করবার চেষ্টা করেছি যে, এটার রাস্তা কি? এই ট্রিটমেন্টের ব্যাপারে সারা বিশ্ব একমত হতে পারেনি, তবে সারা বিশ্বে যে তিনটি মাত্র কাজ হয়েছে তার দুটি রিপোর্ট আমাদের কাছে আছে। তারা বলছেন ওরাল রিহাইড্রেশান খেলে ৪০ থেকে ৫০ পারসেণ্ট কার্যকরী হতে পারে। কিন্তু পুরা জেলিডিং সব সময় এতো বেশী হয় না। তবে তারা বলছেন ওরাল রিহাইড্রেশান যদি চালাতে পারেন তাহলে আপনারা ঐ ফ্লুরাডা জেরিডিনে কনটেণ্ড করুন। এটা কনটেন করার শক্তি বাংলাদেশের অভিজ্ঞতায় শুধু নয় ডাবলু. এইচ. ও. এবং অন্যান্য সমস্ত যারা কাজ করেন তারাও ভয় করেন। এটা কনটেন করা মুশকিল, এর সম্প্রসারণ রোধ করা মুশকিল। কাজেই আমার মনে হয় সিগেলার এর সঙ্গে সহবাস করতে হবে। বিজ্ঞানসম্মত এটা একটা ব্যবস্থা। জলের স্রোতগুলো আমরা ডিসইনফেক্ট করার ব্যবস্থা করেছি। আমরা ব্লিচিং পাউডার দিয়েছি, কিছু কিছু জায়গায় থ্যালাজল ডিস্ট্রিবিউট করেছি। আজকে আমরা শুনলাম পুকুরে যে ধরনের জীবাণু থাকে তা এই জীবাণু নয়, অন্যান্য জীবাণু। তাতে পুকুরগুলিকে ব্লিচিং পাউডার দিয়ে দোষ মুক্ত করতে পারবো না সেইজন্য আমরা বলেছি পুকুরগুলি ব্যবহার করা বন্ধ করতে হবে। আমরা দরকার হলে ট্যাংকার পাঠাব। আজকে আমরা রাজারহাট স্টাডি করেছি এবং এটা একটা কোলাবোরেটিভ স্টাডি। এখানে দেখা গেছে ৫০ পারসেণ্ট বাড়ীতে তৈরী করা ফ্লুয়িড রুগী সামলাতে পারে আর ৫০ পারসেণ্ট আমাদের করতে হবে। ওরাল ফ্লুয়িডে আমাদের ফাইনডিংস কি? আমাদের যেখানে যেখানে ড্রিংকিং ওয়াটার আছে সেগুলি আমাদের পরিশ্রুত করতে হবে। আমরা ৪৩ লক্ষ টাকার মতন মেডিসিন সাপ্লাই করেছি। আমরা ওষুধের একটা বাফার স্টক করেছি। এইগুলি স্টাডি করবার জন্য আমরা যেখানে যেখানে দরকার সেখানে স্টাডি টিম পাঠিয়ে মনিটারিং করছি। আমাদের কষ্ট শুধু নয়, আমাদের এফেক্টিটিভলি স্টাডি করবার জন্য টিম পাঠিয়েছি।

আমি আপনাদের কাছে এটুকু বলতে পারি এবং আপনারাও লক্ষ্য করে দেখবেন আমরা বর্ডারগুলো পর্যন্ত প্রোটেক্ট করবার চেষ্টা করেছি। আমরা বিহারের বর্ডার প্রোটেক্ট করবার চেষ্টা করেছি এবং সেখানে আমরা বিভিন্ন রকম ঔষধ এবং টি এ বি সি সট দেবার ব্যবস্থা করেছি যাতে ওখানকার মানুষ এদিকে আসতে সংকুচিত হয়। আমরা সর্বাত্মক প্রচেষ্টা শুরু করেছি যাতে এই সিগেলা সিগা কনটেণ্ড হয়। আমরা আশা করছি আমাদের এই সমস্ত ব্যবস্থার ফলে আমরা এই

আন্ত্রিক রোগ কমিয়ে দিতে পারব। এইমাত্র শিবেন চৌধুরীর নামে লেখা একটা মেসেজ আমার কাছে এল যেটা অত্যন্ত ভয়ঙ্কারজনক ব্যাপার। হাসপাতালে কোথাও কোথাও লিখে টাঙ্গিয়ে দিয়েছে, "এখানে ঔষধ নেই, রোগী আনবেন না, ডাক্তারও নেই"। আমি আপনাদের বলছি এগুলি ভুল জিনিস টাঙ্গিয়েছে। তবে পশ্চিম বাংলায় হয়ত এই অবস্থা আরও কিছুদিন চলবে। আমি আপনাদের কাছে আহ্বান জানাচ্ছি, আসুন আমরা সকলে মিলে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করি। রাজনীতি করার জায়গা অনেক আছে। স্বাস্থ্যের ক্ষেত্রে দাঁড়িয়ে রাজনীতি করাকে আমি তীব্র নিন্দা করছি। কাজেই যে প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে এ্যামেণ্ডমেন্ট যেটা এসেছে তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ডাঃ জয়নাল আবেদিন, সুব্রত মুখার্জী এবং আমি যে প্রস্তাব হাউসে এনেছি তাতে আমরা আশা করেছিলাম আমাদের বক্তব্য শুনে সর্বশেষে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বক্তব্য রাখবেন। তবে তিনি প্রথমে বলে আমাদের একটু সুবিধা করে দিয়েছেন। স্যার, যখন আমরা সংবাদপত্রের মাধ্যমে প্রথমে এই আন্ত্রিক রোগ সম্বন্ধে জানতে পারি তখনই আমরা বিধানসভায় এসে বলেছি এই এই জায়গায় আন্ত্রিক রোগ হয়েছে। আমি রামনারায়ণবাবুকে খুঁজছিলাম, কারণ তিনি বলেছিলেন আমরা কমিউনিস্ট-এর বাচ্চা। আমি আপনাকে আঘাত করতে চাচ্ছিলাম না, কিন্তু আপনি সেই আঘাত নিজে গায়ে তুলে নিলেন। আমরা প্রথমে আনন্দবাজার, যুগান্তর এবং স্টেটস্‌ম্যান পত্রিকার মাধ্যমে জানতে পারলাম পশ্চিমবাংলায় আন্ত্রিক রোগ মহামারির আকার ধারণ করেছে। আমি প্রসিডিংস্‌ এনে আপনাকে দেখাতে পারি বিধানসভায় প্রথমে আমরাই এ্যাডজোর্নমেন্ট মোশনের মাধ্যমে এই বিষয়টি তুলেছিলাম। আমি সুব্রতবাবু, আবদুল মান্নান, কাশীনাথ মিশ্র এবং সুনীতি চট্টরাজ রাজ্য সরকারকে বলতে চেয়েছিলাম যে আপনারা বোধহয় জানেন না পশ্চিমবাংলায় কি দারুণ অবস্থার সৃষ্টি হয়েছে এই আন্ত্রিক রোগের জন্য। আজকে শিশুসহ ৫৫০ জন লোক মারা গেছে এই রোগে। আমরা এই ব্যাপারটা নিয়ে কোন রকম রাজনীতি করতে চাই না। আমরা জানি যে-সমস্ত মানুষ মরেছে তারা আমাদের এই রেজলিউশনের জন্য বেঁচে উঠবে না। যত বড় বড় কথাই বলা হোক না কেন যারা মরেছে তাদের পরিবারের লোকদের আমরা কোন সান্ত্বনা দিতে পারব না। We expected a statement from the Health Minister. He should have alerted and he should have informed the people of West Bengal about

this menace through this Assembly. পশ্চিমবাংলার লোক জানে আপনাদের ঔষধ ছিল কি না, পশ্চিমবাংলার মানুষ জানে আপনারা চিকিৎসার ব্যবস্থা করেছিলেন কি না, পশ্চিমবাংলার মানুষ জানে আপনারা তাদেব জন্য পানীয় জলের ব্যবস্থা করতে পেরেছিলেন কি না। আমি আশা করি মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে এইসব কথায় উত্তর দেবেন। বিধানসভা যখন চলছে তখন আপনি কি সদস্যদের বলেছিলেন আপনারা সাবধান হন কুচবিহারে আন্ত্রিক রোগ শুরু হয়েছে ? আপনি কি বলেছিলেন পশ্চিমবাংলায় একটা করাল ভয়াবহ অবস্থা দেখা দিয়েছে, আপনারা সাবধান হন ?

[7.10—7.20 P. M.]

আমরা আশা করেছিলাম, আপনারা করেছেন ? আজকে হাত নেড়ে নেড়ে বক্তৃতা করে বলছেন এই রোগ বাংলাদেশ থেকে এসেছে। যেখান থেকেই আসুক না কেন, এই রোগ বন্ধ করার জন্য আপনারা কি চেষ্টা করেছেন ? ৫৭৬ জন লোক মারা গেল, এর জন্য দায়ী কারা ? এই দায়িত্ব পালন করবে কে ? আপনারা সরকারে বসে আছেন, পশ্চিমবাংলার স্বাস্থ্য, পশ্চিমবাংলার চিকিৎসার দায়দায়িত্ব আপনারা গ্রহণ করেছেন। আমরা বিরোধী দল থেকে চীৎকার করেছি, তখন আপনারা সজাগ হয়েছেন। আপনাদের সজাগ হবার জন্য বিরোধী দল থেকে আপনাদের সজাগ করে দিয়েছে। তবে আপনারা সাবধানতা অবলম্বন করছেন। কমল গুহ মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি—তিনি বললেন আমি চলে যাচ্ছি—কেন এবং কোথায় জলের অভাব, আমি তার ব্যবস্থা করবো। আমি রামনারায়ণ গোস্বামীকে আঙুল দেখিয়ে বলেছিলাম চিকিৎসক নেই, ঔষধপত্র নেই, আপনি ব্যবস্থা করুন, শুধু স্টেটমেণ্ট দেবেন না। তিনি বলেছিলেন চিকিৎসার অভাব আছে, ঔষধপত্রের অভাব আছে, আমরা ব্যবস্থা অলরেডি করেছি। আপনারা আমাদের কাছে সংবাদ পেয়ে ব্যবস্থা গ্রহণ করেছিলেন। আপনিই বলুন আপনি সত্যবাদী, কি হাওড়ার ডি এম সত্যবাদী, who is liar ? তাহলে কি হাওড়ার ডি এম মিথ্যাবাদী—তিনি তো বলছেন যে কোন ঔষধপত্র নেই, শুধু ব্লিচিং পাউডার আছে। তাহলে তাঁকে প্রসিকিউট করুন। এই সব শিশুর মৃত্যু হচ্ছে, তা নিয়ে আমাদের এখানে বক্তৃতা দেবার কথা নয় এবং আমরা বক্তৃতা দিতে চাই না। আপনারা আমাদের প্ররোচনা দিয়েছেন এই সব কথা বলবার জন্য। আপনি নিজে সাধু সাজবার চেষ্টা করেছেন। কলেরা হোক, বসন্ত হোক, আর আন্ত্রিক রোগই হোক—লোক মারা গেছে—এই অবস্থায় কোন্‌টা আগে দরকার ? পোষ্ট-মর্টম রিপোর্ট কি বলছে ?

Prevention is better than cure. Did you take any measure to prevent the disease ? Did you take any measure to save the lives of the people ? Did you take any measure to save the lives of hundreds and thousands of children ? No. So, what should I say ? I should term them as first class criminals. The Health Department is the criminal number one.

আপনারা অস্বীকার করতে পারেন না। আজকে যদি আদালতে আসামীর কাটগড়ায় আপনার বিচার হয় তাহলে কি হবে ? শুধু বক্তৃতা দিয়ে কি আপনি ধন্যবাদ কুড়োতে পারবেন ? আপনি যাই বলুন না কেন, লোকে আপনাকে বিশ্বাস করবেন না। আজকে বিধানসভায় প্রথম এই প্রশ্ন ওঠে। সংবাদপত্র আপনাদের সহযোগিতা করেছে, সংবাদপত্রের কাছে আপনারা কৃতজ্ঞ থাকবেন। আজকে আপনারা এই সব কথা মুখ দিয়ে পাশ করছেন। কোন জায়গায় কোন প্রান্তে কি হচ্ছে, কোন রোগ দেখা দিয়েছে You have no communication. There is communication gap between you and your department. There is communication gap between your department and actual suply of medicine. There is communication gap between department of Health and that of drinking water. অস্বীকার করতে পারেন ? আমরা বক্তৃতা দিয়ে বললাম, আপনি বললেন অসত্য কথা। আপনি বুকে হাত দিয়ে বলুন এই সংবাদ কারা দিয়েছে ? কারা এই প্রস্তাব এখানে এনেছে ? আমরা পশ্চিমবাংলার মানুষদের বলে দিতে এসেছি যে আজকে যাদের হাতে ক্ষমতা তুলে দিয়েছেন, যাদের হাতে চিকিৎসা ব্যবস্থা তুলে দিয়েছেন তারা আজকে কি রকম অবস্থা করেছে। আমরা মানুষকে জানিয়ে দিতে এসেছি যে আজকে কাদের হাতে ক্ষমতা তুলে দিয়েছেন। আজকে পানীয় জলের ব্যবস্থা করা দরকার—কিন্তু আপনারা তা করেন নি। ১৯৭২-৭৭ সালে আমরা প্রতিটি ব্লকে ২০/৩০টি টিউবওয়েল বসিয়েছি এবং ১০টা টিউবওয়েল রিসিংকিং করেছি। জানি না বামফ্রন্ট সরকারের স্বাস্থ্য দপ্তরের সংগে অন্যান্য দপ্তরের বৈষম্যমূলক ব্যবহার আছে কিনা। আপনারা প্রতিটি ব্লকে মাত্র ২/৩টি টিউবওয়েল রিসিংকিং করেছেন।

বছরের পর বছর ধরে ১৯৭৭ সাল থেকে চলে আসছে, জল এবং স্বাস্থ্য সম্পর্কে কোন ব্যবস্থা নেওয়া হয় নি। আপনি কি অস্বীকার করতে পারেন, অধিকাংশ স্বাস্থ্য দপ্তরে আপনারা ব্লিচিং পাউডার পর্যন্ত দিতে পারেন না, ফিনাইল পর্যন্ত নেই। আপনি সব জানেন চরম ব্যর্থতার কথা। সব আপনারা জানেন। ব্যর্থতা

ঢাকার জন্য আজকে আপনি বক্তৃতা দিলেন। আপনি ডেকে আমুন রাষ্ট্রমন্ত্রী রামনারায়ণ গোস্বামীকে, এখানে হলফ করে বলুন—তিনি বলেছিলেন সব ব্যবস্থা আছে, কিন্তু কোথাও কোনও ব্যবস্থা নেই। আপনাদের মন্ত্রীরা স্বীকার করেছেন আপনি যে ডাক্তারের টিম পাঠিয়েছিলেন, সেই ডাক্তারের টিম রিপোর্ট দিয়েছে ওষুধ-এর ব্যবস্থা নেই, চিকিৎসার ব্যবস্থা নেই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদীপক কুমার সেনগুপ্ত ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা ক্লারিফিকেশন চাইছি, এই আলোচনাতে মন্ত্রী মহাশয় বলেছেন যে, এই রোগটা বাংলাদেশ থেকে এসেছে। বাংলাদেশ থেকে তো মানুষ বাহিত হয়ে এই রোগটা এসেছে, বিশেষ করে কুচবিহার, জলপাইগুড়ির দিকে। এটা প্রথম শুরু হয়েছে—আমি এটা ইনফর্মেশনের জন্য বলছি, ওখানকার পানীয় জলগুলো—বাংলাদেশটা হলো ওখানকার নদী নালার ভাটিতে, কাজেই জল দিয়ে যাবার কোন সম্ভাবনা থাকে না। কিন্তু বাংলাদেশ থেকে যে লোকগুলো পশ্চিমবাংলার মধ্যে ঢুকেছে, তাদের আটকাবার দায়িত্ব হচ্ছে বি. এস. এফ.-এর। সেই বি. এস. এফ. না আটকানোর ফলে এই সব রোগ ছড়িয়ে পড়েছে।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে মাননীয় সদস্য জয়নাল আবেদিন এবং সুব্রত মুখার্জী যে প্রস্তাবগুলো নিয়ে এসেছেন, আমি পড়ে দেখেছি, আমি খুব দুঃখিত, আমি আশা করেছিলাল, যে আজকে সারা পশ্চিমবাংলায় যে ঘটনা ঘটতে চলেছে, যার জন্য আমরা সবাই উৎকণ্ঠিত—আমি ভেবেছিলাম যে রাজনীতির ঊর্ধ্বে থেকে তারা এই জিনিসটা দেখবেন এবং দলমত নির্বিশেষে·যে কাজটি করা উচিত, সেটাই তাঁরা আহ্বান রাখবেন, এটাই আমরা আশা করেছিলাম। যাই হোক, এই সম্পর্কে আমি এইটুকু বলবো, আজকে যে ভাবে যে ঘটনা ঘটেছে তার জন্য আমরা সবাই উৎকণ্ঠিত এবং নিশ্চয়ই আজকে বামফ্রন্ট সরকার এবং অতীতের কংগ্রেস সরকারের মধ্যে কিছুটা পার্থক্য আছে কাজের মধ্যে এখানে উনারা বললেন। কিন্তু বারবার আমার এই কথাটা মনে হচ্ছে বলে আমি বাধ্য হচ্ছি বলতে, যে দেশ স্বাধীন হওয়ার ৩৭ বছর পরে যে দেশের মানুষকে জলের অভাবে দূষিত জল পান করে মৃত্যুর যন্ত্রণায় সভ্যতাকে ব্যঙ্গ করতে হয়, আজও স্বাধীনতার ৩৭ বছর পরে যে দেশ নিরক্ষতার অভিশাপে, অজ্ঞানতার অন্ধকারে নিমজ্জিত এবং যে দেশ অর্থনৈতিক অবক্ষয়ের যন্ত্রণা প্রতিদিন

মানুষের মূল্যবোধ ধ্বংসের পথে যাচ্ছে, সেই দেশের মধ্যে দাঁড়িয়ে আজকের ঘটনাকে কি ভাবে মোকাবিলা করতে হয়, সেই কথা আমরা ভুলে যাই নি। আমাদের দেশে মহামারী, বন্যা আছে, প্রাকৃতিক বিপর্যয় আছে, অতীতে বহু বিপর্যয়ের সম্মুখীন আমরা হয়েছি। তখন তাঁরা কি করেছিলেন? আমরা বারবার বলছি যে মানুষের মৃত্যু, মানুষের যন্ত্রণা, নিয়ে রাজনীতি করা উচিত নয়। রাজনীতির উর্ধ্বে থেকে মানুষের পাশে দাঁড়িয়ে তাদের হয়ে কাজ করা দরকার। এই সমস্ত আর্ত মানুষের পাশে এসে দাঁড়ানো দরকার এবং সেদিন যখন আমরা এই কথা এই বিধানসভার চত্বরে দাঁড়িয়ে বলেছিলাম—আমি অভিনন্দন জানাই যে আমাদের মন্ত্রী সেই বিষয়ে সতর্ক হয়ে সেদিন আমাদের আশ্বাস দিয়েছিলেন এবং তাঁরা ছুটে গিয়েছিলেন বিভিন্ন জায়গায় এবং সেই জন্য আমি তাঁদের অভিনন্দন জানাচ্ছি যে আজকে এই বিষয়ে গুরুত্ব উপলব্ধি করে তাঁরা বসেছিলেন না, তাঁরা কাজে নেমে পড়েছিলেন। আমরা বলেছিলাম যে যুদ্ধকালীন অবস্থার মত এই ঘটনাকে মোকাবিলা করার জন্য আজকে ঝাঁপিয়ে পড়তে হবে এই সমস্ত আর্ত মানুষের পাশে এবং সরকার ঝাঁপিয়ে পড়েছে। যেমন কুচবিহারের কথা আমি বলতে পারি যে ৫৫টি গ্রাম পঞ্চায়েতের প্রত্যেকটি জায়গায় আজকে টিউবওয়েল বসানোর ব্যবস্থা হয়েছে। কুচবিহার, দিনহাটা, এবং তুফানগঞ্জ মিউনিসিপ্যালিটিতে ৫০টা টিউবওয়েল বসানো হয়েছে।

[7.20—7.30 P.M.]

শুধু তাই নয়, সেখানকার হাসপাতালের সমস্ত রোগীদের সেপারেট শয্যার ব্যবস্থা করা হয়েছে। আলাদা জেনারেটর বসানোর ব্যবস্থা করা হয়েছে। ওষুধের জন্য ৫০ হাজার টাকা দেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই যে, এই সব আর্ত মানুষদের পাশে অত্যন্ত ক্ষিপ্রতার সঙ্গে গিয়ে তিনি দাঁড়িয়েছেন। আজকে দেখা যাচ্ছে কুচবিহার উন্নয়ন তহবিল থেকে ২৫ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে, নতুন নলকূপ বসানোর জন্য ৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে। কুচবিহার সহ উত্তরবঙ্গের বিভিন্ন জায়গায় ৭ জন ডাক্তারের টিম পাঠানো হয়েছে। ৯টি জেলার টিউবওয়েল, কুয়ো খুঁড়বার জন্য ৫ কোটি ৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। স্বাধীনতার ৩৭ বছর পরেও ভারতবর্ষের গ্রাম বাংলার মানুষদের দূষিত জল পান করে বেঁচে থাকার জন্য সংগ্রাম করতে হয়। বামফ্রন্ট সরকার যখন অনুরোধ করেছে সঙ্গে সঙ্গে তারা এই ব্যাপারে সতর্ক হয়ে ঝাঁপিয়ে পড়েছে। শুধু তাই নয় ৫ হাজার ২৮০টি টিউবওয়েল এবং ৭৭৭টি কুয়ো খুঁড়বার

ব্যবস্থা করা হয়েছে। আমরা দেখছি জলপাইগুড়ি জেলায় এই রোগ ছড়িয়ে পড়েছে। সেখানে নতুন নলকূপ বসানোর জন্য ৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে, পুরানোগুলি মেরামতের জন্য ৭০ হাজার টাকা দেওয়া হয়েছে। আর কুয়োর জন্য ২ লক্ষ টাকা দেওয়া হয়েছে। ২০ হাজার টাকা ওষুধ কেনার জন্য দেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, শুধু তাই নয়, ৪৩ লক্ষ ৩৭ হাজার ১০ টাকার ওষুধ সমস্ত জেলায় পাঠান হয়েছে। ভারতবর্ষের মাটিতে দাঁড়িয়ে পশ্চিমবাংলা যখন এই দুর্যোগের মধ্যে পড়েছে সেই সময় বারে বারে কেন্দ্রীয় সরকারের কাছে ওষুধের জন্য আহ্বান জানানো হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার তার কোন উত্তর দেন নি এবং কোন ওষুধ এসে পৌঁছয় নি। সেই জন্য আমরা বারে বারে আবেদন করছি. আপনারা এই নিয়ে রাজনীতি করবেন না, মানুষের মৃত্যু যন্ত্রণা নিয়ে রাজনীতি করবেন না। আমরা যেমন এর মোকাবিলা করার জন্য দ্রুত ঝাঁপিয়ে পড়েছি, তেমনি আপনারাও প্রতিনিধি হিসাবে সেই প্রতিনিধিত্বের দায়িত্ব নিয়ে সেই আর্ত মানুষগুলির পাশে গিয়ে দাঁড়ান এবং সরকার যে-সমস্ত সাহায্য দিয়েছেন সেই সাহায্য যাতে মানুষের কাছে গিয়ে পৌঁছায় তার ব্যবস্থা গ্রহণ করুন। এই কথা বলে মাননীয় সদস্য সুমন্ত হীরা যে সংশোধনী প্রস্তাবগুলি এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসেখ ইমাজুদ্দিন: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য জয়নাল সাহেব, সুব্রত মুখার্জি, সত্য বাপুলী যে রেজলিউশান এই সভায় এনেছেন সেই রেজলিউশান আমি সমর্থন করছি এবং সুমন্ত হীরা যেসব এ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন তার বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় রোজই এই আন্ত্রিক রোগ সম্পর্কে কাগজে বিবৃতি দিচ্ছেন। আমি সেই বিবৃতির কয়েকটি অংশ পড়ে শোনাচ্ছি। তিনি নিজেই বলছেন ৪৪৮ জন মারা গেছে। উনি বলছেন ২৪. ৪. ৮৪ তারিখ পর্যন্ত ৮ হাজার ১১৭ জন আক্রান্ত হয়েছিল এবং তার পরের দিন ২৫. ৪. ৮৪ তারিখে বলছেন ৯ হাজার ১৫৭ জন আক্রান্ত হয়েছে। তাহলে দেখা যাচ্ছে ২৪ ঘণ্টার মধ্যে ১ হাজার ৪০ জন ব্যক্তি আক্রান্ত হয়ে পড়েছে। এর থেকেই বোঝা যাচ্ছে এই রোগ মহামারী আকার ধারণ করেছে। মাননীয় সদস্য সুমন্ত হীরা এই মহামারী শব্দটা বাদ দেবার জন্য এ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন। এটা বাদ দেওয়া চলে না। ওঁর নিজের কথা থেকেই এই রোগের ব্যাপকতা প্রমাণ পাওয়া যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই আমলে পশ্চিমবঙ্গের প্রায় ১০টি জেলায় এই রোগের প্রাদুর্ভাব দেখা যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন এই বিষয়ে

উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছেন। আমরা গ্রাম বাংলায় বাস করি। আমরা দেখতে পাচ্ছি এই রোগ প্রতিরোধের জন্য আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি। ওঁরা বলছেন হ্যালোজেন ট্যাবলেট, ব্লিচিং পাউডার দেওয়া হয়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি কোন ট্যাবলেট যাচ্ছে না। আমরা দেখতে পাচ্ছি মুর্শিদাবাদ জেলার বিভিন্ন জায়গায় এই রোগের প্রাদুর্ভাব ঘটেছে।

এই রোগের কোন চিকিৎসা হচ্ছে না। হাসপাতালগুলির অবস্থা কি সেটা আপনারা সকলেই জানেন। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, তিনি তাঁদের দলের গণ-সংগঠনগুলিকে এই রোগ প্রতিরোধের কাজে লাগিয়েছেন। স্যার, এই গণ-সংগঠ-গুলি কিভাবে কাজ করছে তার একটি নমুনা আমি আপনার মাধ্যমে এই হাউসে রাখছি। মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা দু নং ব্লকের অধীন নসীপুরে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। সেখানে ৫ জন নার্সের থাকার কথা, কিন্তু ছিলেন মাত্র দুজন। এই দুজন নার্সকেও অন্যত্র বদলি করার নির্দেশ দেওয়া হল। এই নির্দেশ পাবার পর সেখানকার ডাক্তারবাবু বললেন, নার্সদের ছাড়লে এখানে রোগী ভর্তি করা যাবে না কিন্তু স্যার, সেখানে দেখা গেল মাননীয় মন্ত্রী মহাশয় যে দলে আছেন তাঁদের দলের গণ-সংগঠনগুলি সেই ডাক্তারবাবুর উপর চাপ সৃষ্টি করে বললেন, নার্সদের রিলিজ করতে হবে। ডাক্তারবাবু তাঁদের বললেন, নার্সদের ছাড়লে হাসপাতালে রোগী ভর্তি করা যাবে না, কিন্তু তাঁরা সেকথা শুনলেন না। সেখানে ডাক্তারবাবুকে বাধ্য করা হল নার্সদের রিলিজ করতে। তারপর থেকে স্যার, নসীপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কোন রোগী ভর্তি হতে পারছে না। এখন সেখানে ব্যাপকভাবে আন্ত্রিক রোগ দেখা দেওয়া সত্বেও সেখানে রোগী ভর্তি হতে পারছে না, লোকজন চিকিৎসা পাচ্ছে না। এইভাবে স্যার, ওঁদের দলের গণ-সংগঠনগুলি জনস্বার্থবিরোধী কাজ করে চলেছেন। তারপর স্যার, সুমন্তবাবু বলেছেন, কংগ্রেস নাকি এই আন্ত্রিক রোগের জীবাণু ছড়াচ্ছে। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে ইন্দ্রিসের লক-আপে মৃত্যু নিয়ে যে বিবৃতি রেখেছিলেন তাতে লোকে যেমন বলেছিল মুখ্যমন্ত্রীর মাথা খারাপ হয়ে গিয়েছে, তিনি আবোল-তাবোল বকছেন, ঠিক তেমনি সুমন্ত হীরার এই হাস্যকর কথা শুনে লোকে বলছে, শুধু মুখ্যমন্ত্রীর নয়, বামফ্রন্টের এম. এল. এ.-দেরও মাথা খারাপ হয়ে গিয়েছে, তাঁরাও আবোল-তাবোল বকছেন। স্যার, এই কথা বলে ডাঃ জয়নাল আবেদিনের প্রস্তাবকে সমর্থন করে সুমন্ত হীরার সংশোধনীর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীদেবপ্রসাদ সরকার: অন এ পয়েন্ট অব ইনফরমেশান, স্যার, আপনি জানেন,

এই হাউসে আজকে আমি উল্লেখ করেছিলাম যে আমাদের দলের দুজন কর্মী কংগ্রেসী দুর্বৃত্তদের হাতে নিহত হয়েছেন। তাদের ডেড বডি মোমিনপুর মর্গ থেকে নেবার জন্য আমাদের দলের কর্মীরা সারাদিন সেখানে বসেছিলেন। আমাদের দলের কর্মীদের সেই ডেড বডি নিয়ে মিছিল করে বিধানসভায় আসার কথা ছিল কিন্তু স্যার, আশ্চর্যের কথা, সেই ডেড বডি এখনও ছাড়া হয় নি। স্যর, শয়ে শয়ে মানুষ সেখানে অপেক্ষা করে আছেন, অথচ ডেড বডি ছাড়া হচ্ছে না। আমি এ বিষয়ে স্যার, মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে যাতে ডেড বডি ছাড়া হয় তার ব্যবস্থা করুন।

(নয়েজ)

(এ্যাট দিস স্টেজ মেম্বারস অব এস. ইউ. সি. আই. ওয়াকড আউট অব দি চেম্বার।)

শ্রীসত্যপদ ভট্টাচার্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আন্ত্রিক রোগ বা কলেরায় মানুষের মৃত্যুকে মূলধন করে কংগ্রেস উদ্দেশ্যপ্রণোদিত হয়ে সরকারের বিরুদ্ধে একটা প্রস্তাব আনার চেষ্টা করছেন। শুধু তাই নয়, কংগ্রেসের মধ্যে যে বিরোধ আছে সেটাকে বন্ধ করার জন্য সুব্রত মুখার্জীর নাম এবং ডাঃ জানাল আবেদিনের নাম একসঙ্গে ঢুকিয়ে দেখানোর চেষ্টা করা হচ্ছে যে কংগ্রেসের মধ্যে কোন গণ্ডগোল নেই। কিন্তু স্যার, কিছুক্ষণ আগেই দেখলাম সুব্রত মুখার্জীর প্রস্তাবের প্রায় বিরোধিতা করলেন ডাঃ জয়নাল আবেদিন। যাইহোক এই গ্যাসট্রোএনট্রাইটিস রোগে বেশ কিছু লোকের জীবনহানি হয়েছে সেটা সত্য। স্যার, এই গ্যাসট্রো-এনট্রাইটিস রোগের ব্যাপারে আমি প্রথম এই বিধানসভায় মেনশান করি ১০.৪ তারিখে। সেই চিঠি মুর্শিদাবাদ জেলার সি. এম. ও. এইচের কাছে যায় এবং তিনি কিছু ব্যবস্থা করেন। স্যার, আমি ডাক্তার নই, আমি লেম্যান, আমার যেটা সন্দেহ হচ্ছে সেটা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, এটা যা হচ্ছে তাতে আমাশা রোগ আমি দেখছি না। আমাদের ভরতপুরের ২৫/৩০ জন এই রোগে মারা গিয়েছেন। সেখানে আমাশয় রোগে রক্ত আমি দেখছি না, এটা একেবারে ডাইরিয়া এবং কলেরা টাইপের রোগ। এই রোগের প্রতিরোধের জন্য আমার মেনশানে আমি কলেরার ইনজেকশানের ব্যবস্থা করার কথা বলেছিলাম, কিন্তু সেই কলেরার ইনজেকশান যায়নি। আমি যা দেখছি তাতে বলতে পারি এই রোগটা

ষ্টুং ডাইরিয়া, কলেরার মতন ব্যাপার। ওঁরা যাই বলুন, আপনি দ্রুত ব্যবস্থা গ্রহণ করেছেন ঠিকই, কিন্তু আগে সে ব্যবস্থাটা ছিল না। আপনার স্বাস্থ্য বিভাগের কর্মীরা ঠিকমত কাজকর্ম করছে না, যার ফলে বামফ্রন্টের দুর্নাম হচ্ছে।

[7.30—7.40 P M]

এদিকে আপনাকে লক্ষ্য রাখতে হবে। যাঁরা হেলথ সার্ভিসে আছেন, যাঁরা হেলথ এ্যাসিস্ট্যাণ্ট আছেন, তাঁরা প্রতি শনিবার ঠিক সময়ে রিপোর্ট করেছিলেন কিনা সেটা দেখতে হবে। কতকগুলি কর্মীর জন্য যদি লোক মারা যায় তাহলে সেটা সহ্য করা যায় না। কাজেই কোন্ তারিখে রোগ আরম্ভ হয়েছিল এবং কোন্ তারিখে তাঁরা রিপোর্ট করেছিলেন সেটা দেখতে হবে। তবে এটা ঠিক যে জেলান্তরে অনেকে নেমে গেছেন। যে-সমস্ত লোক মারা গেছে, তারা পুকুরের জল খেয়ে মারা যায় নি। তারা টিউবওয়েলের জল খেয়েই মারা গেছে। যে-সমস্ত লোক হাসপাতালে এসেছে তাদের বাঁচাবার জন্য হাসপাতালে চেষ্টা করা হচ্ছে। অনেক রুগীকে ১৪/১৫ টা স্যালাইন দিয়ে প্রস্রাব করান হয়েছে। আমার এলাকায় দেখেছি যে সরকারের তরফ থেকে যে প্রচেষ্টা নেওয়া হয়েছে সেটা প্রশংসাযোগ্য। ব্লিচিং পাউডার, হ্যালোজেন ট্যাবলেট যেগুলি গ্রামে গেছে। কিন্তু আমার মনে হয়েছে এগুলি কোয়ালিটির দিক থেকে খুব ভাল নয়। কাজেই ভাল কোয়ালিটির হ্যালোজেন ট্যাবলেট সেখানে সরবরাহ করা দরকার। এগুলি বাড়ীতে বাড়ীতে আরো পৌঁছে দেওয়া দরকার এবং সেই ব্যবস্থা করতে হবে। এই সব জায়গায় খাবার জলের সুব্যবস্থা করতে হবে। আজকে এটা সত্যি কথা যে সরকার আছে রাইটার্স বিল্ডিং-এ আর হেলথ এ্যাসিস্ট্যাণ্টরা আছেন গ্রামে। কাজেই সব ক্ষেত্রে হয়ত যোগাযোগ করা সম্ভব হয় না। অফিসাররা মন্ত্রী মহাশয়কে জানাবেন। কিন্তু কাজ করিয়ে নেবার দায়িত্ব আমাদের। মন্ত্রী মহাশয়রা সব কিছু করতে পারেন না। ৩৭ বছর কংগ্রেস রাজত্ব করে গেছে, তারা কোন টিউবওয়েলের ব্যবস্থা করে নি। আজকে জলের স্তর নেমে যাচ্ছে, কাজেই সিলিণ্ডার টিউবওয়েল বসিয়ে জলের ব্যবস্থা করা দরকার। এই কথা বলে মূল প্রস্তাবের বিরোধিতা করে এবং সুমন্ত হীরা মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকামাক্ষ্যা চরণ ঘোষ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য জয়নাল আবেদিন, সুব্রত মুখার্জী এবং সত্যরঞ্জন বাপুলী মহাশয় যে বেসরকারী

প্রস্তাব এখানে এনেছেন, আমি তার বিরোধিতা করছি এবং মাননীয় সদস্য সুমন্ত হীরা মহাশয় যে সংশোধনী এনেছেন, তাকে সমর্থন করছি। এই প্রস্তাবের কেন বিরোধিতা করছি? ডুবন্ত মানুষ যেমন খড়কুটাকে অবলম্বন করে বাঁচবার চেষ্টা করে, বিরোধী পক্ষের বন্ধুদের ভূমিকাটাও ঠিক সেই রকম হয়েছে। তাঁরা মহামারী নামক খড়কুটাকে অবলম্বন করে বাঁচবার চেষ্টা করে চলেছেন। সেই কারণে এই প্রস্তাবের বিরোধিতা করছি। তাঁরা বলছেন যে লক্ষ লক্ষ, হাজার হাজার মানুষ আক্রান্ত হচ্ছে এবং প্রচুর পরিমাণে মানুষ মারা যাচ্ছে। হিসাব সামনে রয়েছে। আমরা সকলেই এই ব্যাপারে উদ্বিগ্ন। আমাদের মাননীয়া সদস্যা এই ব্যাপারে বলেছেন। তবে এটা ঠিক যে তাদের বাঁচাবার ব্যবস্থা আমাদের করতে হবে। একথাও ঠিক যে বাংলাদেশ থেকে এই রোগ এসেছে এবং ছড়িয়ে পড়ছে। তবে ব্যাপক হয় নি, মহামারীর আকার ধারণ করেনি। এইরকম ভাবে চিৎকার করে মানুষের মধ্যে একটা আতঙ্ক ছড়িয়ে তাদের বিভ্রান্ত করা যায় না। এই প্রস্তাব মানুষের মঙ্গলের জন্য নয়, এই প্রস্তাব আনা হয়েছে একটা নির্দিষ্ট স্বার্থসিদ্ধি করার জন্য। কাজেই এর আমি বিরোধিতা করছি। সঙ্গে সঙ্গে একথাও বলতে চাই যে আমাদের হুঁশিয়ার হতে হবে। আমাদের প্রিভেনশনের ব্যবস্থা করতে হবে। এই প্রিভেনশনের জন্য জেলায় জেলায় স্বাস্থ্য দপ্তর থেকে চিফ মেডিক্যাল অফিসার, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, রুরাল ওয়াটার সাপ্লাই, কো-অর্ডিনেশান কমিটি ইত্যাদি এদের নিয়ে একটা কমিটি করতে হবে যাতে নিয়মিত যোগাযোগ রাখা এবং রিপোর্ট দেওয়া যায়। আমি নিজে গিয়ে দেখেছি যে মেদিনীপুর জেলার স্বাস্থ্য দপ্তরে সি. এম. ও. এইচ. এবং ডি. এম. কাউকে পাই নি। এখন গরম কিন্তু এর পরে বর্ষা আরম্ভ হবে। এই সময়েই টাইফায়েড, কলেরা আরম্ভ হয়। কাজেই এখন থেকে যদি টি. এ. বি. সি. ইনজেকশান দেওয়ার ব্যবস্থা এবং অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা যায় তাহলে অনেকটা প্রতিরোধ করার সম্ভাবনা থাকবে। যদিও এই ব্যবস্থা সরকার থেকে অলরেডি গ্রহণ করা হয়েছে। আমি সে জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। এই দিকে লক্ষ্য রেখে আমাদের এগিয়ে যেতে হবে, তা না হলে আমরা এর মোকাবিলা করতে পারবো না। এই কথা বলে মাননীয় সদস্য সুমন্ত হীরা মহাশয় যে সংশোধনী এনেছেন, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি যে প্রস্তাব তুলেছি, সে প্রস্তাবের পরিপ্রেক্ষিতে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর উত্তর আনার পর আমি যে প্রস্তাবটি

এনে ঠিকই করেছি তা দ্বিগুণভাবে প্রমাণিত হল। উনি একই প্রফেশনে মানুষ বলে personal accusation নয়, But I hold you responsible for the murder of hundreds of children due to epidemic.

My first accusation is why your intelligence has failed, why your workers in the field have failed to report about it earlier. My second accusation is why so long you have not been able to provide drinking water to the millions of people while there is a provision of Rs. 61 crores. When the Vote on Account was presented we sought for a larger allocation for supply of drinking water as we thought that the time was the opportune time to give water to the people, but we were told that within 15 days the entire budget would be passed. My third accusation is that you have not been able to send adequate medicine uptil now. My fourth accusation is that the Central team and also the team of experts here, reported to the Health Department and warned the Health Department that such epidemic may break out. But you did not pay any attention to that. My fifth accusation is that still you are concealing the facts. Shri Satya Ranjan Bapuli mentioned that yesterday on Television the District Magistrate of Howrah said "We have not received any medicine except some bleeching powder." Why is it so ? How far is Howrah from here ?

(noise)

You are responsible for this criminal negligence. During the congress regime, there was also an outbreak of epidemic and I take pride to say that it was controlled within a week. It was possible due to our alertness and sincerity of purpose. You are all goondas.

(noise)

You have given Rs. 131 crores and out of this figure you have not been able to spend Rs. 10 crores upto now and for this reason there is epidemic. You have failed miserably.

Sir, this is a gang of criminals.

(noise)

This whole Left Front Government is gang of criminals.

44 Ministers have failed miserably to tackle this desease. In 14 or 15 districts it has spread over and now it has entered into the metropolitan city of Calcutta. What preventive measeure you have taken ? What your officers are doing ? You are all guilty. You are all criminals. You are all murderes.

(noise)

Sir, I could have extended my hand, if he sought our cooperation. But

he did not seek our cooperation. For this criminal negligence, you have no right to sit here. You should resign forthwith.

(noise)

Let us have the public opinion, if we cannot win we will retire from politics and if you cannot win, you will retire from politics. You should be hanged. I challenge you. You are all criminals for your negligence.

(noise)

Hence I oppose all the amendments and support the main resolution.

[7.40—7.50 P.M.]

The motions of Shri Sumanta Kumar Hira that

শ্রীসুমন্তকুমার হীরা ঃ (১) প্রথম লাইন থেকে ষষ্ঠ লাইনে "যেহেতু রাজ্যো" এই শব্দগুলি হইতে আরম্ভ করে "দপ্তর বিফল হয়েছে" এই শব্দগুলি পর্যন্ত বাদ দেওয়া হউক।

(২) সপ্তম লাইনে, "মহামারী আকারে লক্ষ লক্ষ" এই শব্দগুলির পরিবর্তে "কয়েক হাজার" এই শব্দগুলি বসানো হউক।

(৩) অষ্টম লাইনে, "শত শত" এই শব্দগুলির পরিবর্তে "কয়েক শত" এই শব্দগুলি বসানো হউক।

(৪) নবম লাইনে, "মহামারী" এই শব্দটির পরিবর্তে "রোগ" এই শব্দটি বসানো হউক এবং "অতিশয়" এই শব্দটি বাদ দেওয়া হউক।

(৫) দশম লাইনে, "অপ্রতুল" এই শব্দটির পরিবর্তে "সন্তোষজনক" শব্দটি বসানো হউক।

(৬) একাদশ লাইনে, "মহামারী" এই শব্দগুলি বাদ দেওয়া হউক।

(৭) দ্বাদশ লাইনে, "গ্রহণের জন্য" এই শব্দগুলির পরিবর্তে "চালু রাখা"র জন্য এই শব্দগুলি বসানো হউক।

(৮) চতুর্দশ লাইনে, "গ্রহণ করা" এই শব্দগুলির পরিবর্তে "চালু রাখা" এই শব্দগুলি বসানো হউক।

(৯) ষোড়শ লাইনে, "চালানো" এই শব্দটির পরিবর্তে "অব্যাহত রাখা" এই শব্দগুলি বসানো হউক।

(১০) বিংশ লাইনে, "সার্বিকভাবে এবং সম্পূর্ণভাবে ব্যয় করা" এই শব্দগুলির পরিবর্তে "বৃদ্ধির জন্য দাবী পেশ করা" এই শব্দগুলি বসানো হউক।

(১) একবিংশ লাইনে, "মহামারী" এই শব্দটি বাদ দেওয়া হউক।

(১২) দ্বাবিংশ লাইনে, "সরকারকে আরও বেশী সচেতন এবং দায়িত্বশীল হওয়ার দাবী জানাচ্ছে।" এই শব্দগুলির পরিবর্তে "সরকারের সঙ্গে দলমত নির্বিশেষে সর্বশ্রেণীর জনসাধারণকে সামিল হবার আহ্বান জানাচ্ছে।" এই শব্দগুলি বসানো হউক।

(১৩) অষ্টম লাইনে "মারা যাচ্ছে" এই শব্দগুলির পরিবর্তে "মারা গেছে" এই শব্দগুলি বসানো হউক।

was then put and a division taken place with the following result.

AYES

Abdus Sobhan Gazi, Shri
Anisur Rahman Biswas, Shri
Bagdi, Shri Natabar
Basu, Shri Ajit
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Debi Prosad
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bora, Shri Badan
Bose, Shri Biren
Bouri, Shri Nabani
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Santasri
Choudhury Shri Gunadhar
Chowdhury, Shri Bikash
Das, Shri Banamali
Daud Khan, Shri
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Ghosh, Shri Kamakhya
Ghosh Shri Malin
Goppi, Shrimati Aparajita
Guha, Shri Kamal Kanti
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Konar, Shrimati Maharani
Kumar, Shri Himansu
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Gunadhar
Majhi, Shri Raicharan
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandi, Shri Rampada
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal Shri Sudhansu Sekhar
Mridha Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bamapada

Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Niranjan
Mukhopadhyay, Dr. Ambarish
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Murmu. Shri Sufal
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Oraon, Shri Mohan Lal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Pravas Chandra
Roy, Shri Sada Kanta
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Sar, Shri Nikhilananda
Sarkar, Shri Kamal
Sayed Md. Masih, Shri
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Sk. Siraj Ali, Shri
Uraon, Shri Subodh

NOES

Abdul Mannan, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Chattaraj, Shri Suniti
Moslehuiddin Ahmed, Shri
Shaikh Imajuddin, Shri

The Ayes being 96, and the Noes 06, the motion was carried.

The motion of Dr, Zainal Abedin as amended

যেহেতু এই রাজ্যে আন্ত্রিক রোগ কয়েক হাজার মানুষকে এবং বিশেষভাবে শিশুদের আক্রমণ করছে এবং ফলে কয়েক শত শিশু সহ মানুষ মারা গেছে ;

যেহেতু রাজ্য সরকারের এই রোগ প্রতিরোধে এ পর্যন্ত গৃহীত ব্যবস্থাদি সন্তোষজনক ;

সেই হেতু এই বিধানসভা জরুরী ভিত্তিতে এই রোগ প্রতিরোধে নিম্নলিখিত ব্যবস্থাদি চালু রাখার জন্য রাজ্য সরকারকে অনুরোধ জানাচ্ছে :

(১) জনসাধারণকে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ, প্রয়োজনীয় চিকিৎসা এবং রোগপ্রতিরোধমূলক ব্যবস্থাসমূহ চালু রাখা ;

(২) গণ-প্রচার মাধ্যমগুলির সাহায্যে রাজ্যের জনসাধারণকে সতর্কতা অবলম্বন করার জন্য প্রচার অভিযান অব্যাহত রাখা ;

(৩) প্রয়োজনবোধে জনহিতকর এবং বিভিন্ন সেবা প্রতিষ্ঠানগুলির সাহায্য গ্রহণ করা ;

(৪) প্রয়োজনে কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য দপ্তরের সহযোগিতা গ্রহণ করা ; ও

(৫) কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত বিশুদ্ধ পানীয় জল সরবরাহ ও জনস্বাস্থ্য রক্ষার জন্য বরাদ্দকৃত অর্থ বৃদ্ধির জন্য দাবি পেশ করা ;

এবং উপরোক্ত সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এই রোগ প্রতিরোধ করার জন্য রাজ্য সরকারের সঙ্গে দলমতনির্বিশেষে সর্বশ্রেণীর জনসাধারণকে সামিল হওয়ার আহ্বান জানাচ্ছে।" was put and carried.

Mr. Deputy Speaker : Now, I request Shri Nani Kar to move his motion.

শ্রীননী কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ১৮৫ রুলস অনুযায়ী আমার এই প্রস্তাব উত্থাপন করছি। প্রস্তাবটি হচ্ছে,

"যেহেতু দেশ বিভাগের অব্যবহিত পরে পশ্চিমবাংলার উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সরকার নানা ধরনের শিল্প সমন্বয়ে রিহ্যাবিলিটেশন ইণ্ডাষ্ট্রিজ কর্পোরেশন (আর আই সি) প্রতিষ্ঠা করেন,

যেহেতু বর্তমানে উক্ত সংস্থায় প্রায় ৩,০০০ উদ্বাস্তু (স্ত্রী-পুরুষ) কর্মরত আছেন,

যেহেতু কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক কারণে উক্ত সংস্থাটি বন্ধ করার কথা চিন্তা করছেন,

যেহেতু উক্ত সংস্থাটি বন্ধ হলে উক্ত ৩,০০০ উদ্বাস্তু কর্মহীন হয়ে চরম দুরবস্থার সম্মুখীন হবেন,

সেইহেতু এই সভা গভীর উদ্বেগের সঙ্গে প্রতিষ্ঠানটি চালু রাখার এবং প্রয়োজনীয় অর্থ সাহায্য ও অন্যান্য ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে।"

অন্যান্য ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য সরকারের মাধ্যমে অনুরোধ জানাই। পশ্চিমবঙ্গে ১৯৫৯ সালে প্রথম এই আর. আই. সি. প্রতিষ্ঠিত হয়। সেই সময় কেবলমাত্র ইণ্ডাষ্ট্রি যে-সমস্ত ছিল, তাদের ঋণ দিতো আর. আই. সি. এবং ঋণ দেবার মধ্যে দিয়ে সেই সব শিল্প-প্রতিষ্ঠানে উদ্বাস্তুদের চাকরির সুযোগ করে দেওয়া হোত। অর্থাৎ এই ঋণ দিয়েই পশ্চিমবঙ্গে আর. আই. সি. প্রথম তার কাজ শুরু করে। কিন্তু তাতে যথেষ্ট কাজ হয় নি, উদ্বাস্তুদের চাকরি হয় নি। তারপর ১৯৬১ সালে কেন্দ্রীয় সরকার এর একটু পরিবর্তন করলেন, বললেন—কতগুলি ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট তৈরী করুন। তবে সেই সময় কতগুলো নতুন কলকারখানার মধ্যে দিয়ে ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট তৈরী

হয়। ফলে উদ্বাস্তুদের চাকরির দেবার একটা পথ সৃষ্টি হয়। তারপর ১৯৬২ সালে আর. আই. সি. সিদ্ধান্ত নেয় যে নিজেরাই শিল্প স্থাপন করবেন। ফলে নানা ধরনের ৩২টি শিল্প ইউনিট প্রতিষ্ঠিত হয়। তার মধ্যে ট্যাকসি কো-অপারেটিভ থেকে আরম্ভ করে আরও নানা রকম শিল্প ইউনিট প্রতিষ্ঠিত হয়। তখন প্রত্যক্ষ-ভাবে ৩,৫০০ উদ্বাস্তু চাকরি পান এবং অপ্রত্যক্ষভাবে আরও ৩,০০০ মানুষ কাজ করবার সুযোগ পান। এটা কমতে কমতে আজকে ইউনিটের সংখ্যা দাঁড়িয়েছে হ্যাণ্ডলুম ৫টি, সিল্ক ইউনিট ১টি, ফ্রুট ক্যানিং ১টি, ইঞ্জিনিয়ারিং ৩টি, লেদার ইউনিট ১টি, গারমেন্টস ১টি, ট্যাকসি প্রসেসিং ১টি, প্রজেক্ট ১টি, উড ওয়ার্কস ১টি। এছাড়া পাওয়ারলুমের ৩টি ইউনিট ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটে আছে। মোটের উপর ১৪/১৫টি ইউনিট বর্তমানে এর আওতায় আছে এবং ৩,০০০ লোক কাজ করছেন। এঁদের সঙ্কট আর. আই. সি.-র শুরু থেকেই শুরু হয়েছিল। আর. আই. সি. তৈরী হয়েছিল উদ্বাস্তুদের কাজের সুযোগ দেবার জন্য। কিন্তু এটা এখন উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসনের কাজ করতে পারছে না ঠিকই, তবুও একটা অন্ততঃ ব্যবস্থা ছিল। কিন্তু আজকে আমরা শুনছি যে সেটাও বন্ধ করে দেওয়া হবে। সে কারণে এ-পক্ষ ও-পক্ষের সকলেই আমরা স্বাভাবিকভাবে আজ মর্মাহত—এ-বিষয়ে সন্দেহ নেই। যখন সমস্ত শিল্পে শ্লোগান দেওয়া হয় নানা রকম সুযোগ-সুবিধা দেবার জন্য, তখন আর. আই. সি.-র কাছে শ্লোগান দিতে হচ্ছে—আমাদের পুরো কাজ দাও, কারণ সেটা তাঁরা পাচ্ছেন না। কখনও ম্যানেজমেন্টের পক্ষ থেকে পুরো কাজ দেওয়া হচ্ছে না। সেজন্য সেখানে শিল্পের যে সুযোগ ছিল সেটা হচ্ছে না। এই ম্যানেজমেন্টের একজিসটিং যে শিল্প আছে তার এক্‌সটেনশনেরও কোন ব্যবস্থা নেই। যে লোক এখানে মারা যান বা অবসর গ্রহণ করেন সেই জায়গায় আর নতুন লোক নেওয়া হয় না। তা সত্ত্বেও শ্রমিকরা কিন্তু অনেক নতুন নতুন জিনিস তৈরী করছেন। ওখানে ৪টি তাঁতের ইউনিট আছে যেগুলিতে স্টেবল্ ফাইবারে চালান হচ্ছে। এবার পূজার সময় সুটিং-সার্টিং যা তৈরী হয়েছে, তা খুব বিক্রি হয়েছে। আজ মালদা সিল্কের এবং ফ্রুট ক্যানিং-এরও খুব চাহিদা রয়েছে বাজারে। সেখানকার অন্যান্য ইউনিটে যেসব জিনিস উৎপাদন করা হয় তার চাহিদাও বাজারে রয়েছে। আজকে এইসব শিল্প কেন গুটিয়ে আনবার কথা চিন্তা করা হচ্ছে সেটা বুঝতে পারছি না। কিন্তু এই শিল্পগুলিকে যদি রক্ষা করা যায়, একে যদি সম্প্রসারিত করা যায় তাহলে উদ্বাস্তুদের স্বার্থ রক্ষিত হবে এবং পশ্চিমবাংলার অর্থনীতিরও যথেষ্ট উন্নতি হবে। সেই জন্যই, এই প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গ্রহণ করার জন্য বলছি। আজকে কেন্দ্রীয় সরকারকে এ-ব্যাপারে

চাপ দেওয়া দরকার এবং আজকে আশা করবো, রাজ্য সরকার অতীতের মত এখানেও তাঁর সাহায্যের হাত বাড়িয়ে দেবেন এবং কেন্দ্রীয় সরকার যাতে এটা গ্রহণ করেন তার জন্য এই প্রস্তাব রাখছি।

[7.50—8.00 P.M.]

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে আর. সি. আই. সম্বন্ধে যে প্রস্তাব মাননীয় সদস্য ননী কর এবং সুব্রত মুখার্জী এনেছেন সেটাকে আমি সমর্থন করছি। এই ৩ হাজার উদ্বাস্তুদের মুখের দিকে তাকিয়ে এখানে যে প্রস্তাব মাননীয় সদস্য ননী কর মহাশয় এনেছেন, সেটাকে আমি সমর্থন করছি। কিন্তু এই সম্বন্ধে যে-সব অসত্য কথাগুলি বললেন, সেইগুলোকে আমি সমর্থন করি না। আপনারা উদ্বাস্তুদের নিয়ে রাজনীতি করা ছাড়া আর কিছুই করেন নি। উদ্বাস্তুদের কাছ থেকে আপনারা ম্যাকসিমাম ভোট পেয়েছেন। কিন্তু উদ্বাস্তুভাইদের জন্য আপনারা কিছু করেন নি। আর. সি. আই.-এর ব্যাপারে আমরা যেটা শুনেছি সেটা আমি দৃষ্টান্ত দিয়ে বোঝাতে চেষ্টা করছি। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আর. সি. আই. শিল্প সংস্থায় লোন দেওয়া হয় এবং উদ্বাস্তুভাইরা সেখানে প্রোডাকশান করে। তারা যে প্রোকাকশান করে সেটা মারকেটিং করা তো দূরের কথা রাজ্য সরকারের দায়িত্ব হচ্ছে কো-অপারেটিভ সোসাইটি করে বা অন্যান্য অরগানাইজেশানের মাধ্যমে তাদের মার্কেট তৈরী করে দেওয়া। আর. সি. আই.-এর ডিফারেণ্ট অফিসারদের কাছ থেকে খবর পাই এই সরকার সেটা করেন নি। এই সরকার উদ্বাস্তু ভাইদের নিয়ে রাজনীতি করা ছাড়া আর কিছুই করেন নি। এই সমস্ত প্রডাকশান যেগুলি উদ্বাস্তুভাইরা করছে সেইগুলো মার্কেটে চালু করার জন্য এই সরকার কিছু চিন্তা করেন নি। এই ব্যাপারে তাঁদের কোন উদ্যোগ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তার একটা এক্সাম্পেল দিচ্ছি। আর. সি. আই. উদ্বাস্তু ভাইদের জন্য এ স্টক কোম্পানী যেটা চলছে যাতে অর্ডার দিচ্ছে কেন্দ্রের রেল বিভাগ। এই ব্যাপারে আমরা কমার্স মিনিস্টারের কাছে রিপিটেডলি গিয়েছিলাম। তা ছাড়া আই. এন. টি. ইউ. সি., সি. আই. টি. ইউ. এবং এন. এল. সি. সি.'র তরফ থেকে কমার্স মিনিস্টারের কাছে বারে বারে ধর্না দেওয়া হয়েছে। এই বামফ্রণ্ট সরকার উদ্বাস্তুদের নিয়ে রাজনীতি করে তার সমস্যার সমাধান কিছু করতে পারেন নি। আর. সি. আই. সংস্থাকে যাতে লোন দেয় কমার্স ডিপার্টমেণ্ট সেই রেকমেনডেশানের জন্য আমরা গিয়েছিলাম। কিন্তু এই ব্যাপারে এই সরকার সম্পুর্ণ অবহেলা করেছে।

এদের নিয়ে রাজনীতি করা ছাড়া আর কিছু জানেন না আপনারা। উদ্বাস্তু সমস্যার সমাধান আপনারা যে করতে চান না সেই ব্যাপারে আগের একটা কথা বলি। যখন বিধানচন্দ্র রায় উদ্বাস্তু সমস্যার সমাধান করার জন্য দণ্ডকারণ্য প্রকল্পের কথা বলেছিলেন তখন উদ্বাস্তুদের নিয়ে রাজনীতি করবার জন্য মাননীয় জ্যোতিবাবু কি বলেছিলেন জানেন? তিনি বলেছিলেন, উদ্বাস্তুদের বাইরে পাঠাবার দরকার নেই, পশ্চিমবাংলায় উদ্বাস্তুদের সমস্যা সমাধান করা যায়। দায়িত্বজ্ঞানহীন একটা উক্তি তিনি করেছিলেন। উদ্বাস্তুদের ব্যাপার নিয়ে আমরা কি দেখলাম? মুখমন্ত্রী হয়ে তিনি যখন ক্ষমতায় এলেন তারপর মরিচঝাঁপিতে কি অবস্থা হলো সেটা আমরা দেখেছি। সেই উদ্বাস্তুদের আবার উদ্বাস্তু করে দেওয়া হলো। তাদের বাঁচার অধিকার এই সরকার দিল না। তাদের সাহায্য করা তো দূরের কথা, তাদের খাদ্যের পরিবর্তে, তাদের বাসস্থানের পরিবর্তে উপহার দিল গুলি। গুলি করে তাদের মারা হয়েছে। এই কথা নিশ্চই ওনারা জানেন। এখানে যে রেজলিউশান আনা হয়েছে আমাদের পার্টির তরফ থেকে অলরেডি একটা রেজলিউ-শান কেন্দ্রীয় সরকারকে পাঠিয়ে দিয়েছি। পার্লামেন্টারী পার্টি হিসাবে আমরা একটা রেজলিউশান পাঠিয়ে দিয়েছি। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই রেজলিউ-সান নিয়ে যারা রাজনীতি করে তাদের আর কিছু বলার থাকে না। আমি ননীবাবুকে বলতে চাই সি. আর. গুহ মজুমদারকে নিয়ে যে তদন্ত কমিশন বসেছিল সেটার কি হলো? কাশিপুরের রিফিউজিদের নিয়ে কি করা হয়েছিল? কাশিপুরের রিফিউজিদের উপর আপনারা গুলি চালিয়েছেন। সেই তদন্ত কমিশনের রিপোর্ট কোথায়? হোয়াইট ইজ দি রিপোর্ট? হয়ার ইজ দি রিপোর্ট? সেই তদন্ত কমিশন কেন বন্ধ হয়ে গেল? উদ্বাস্তুদের উপর গুলি চালানো হয়েছিল বলে? সেখানে বহু উদ্বাস্তু মারা গিয়েছিল। যাদের রক্তে পশ্চিমবাংলা লাল হয়ে গিয়েছিল, তার জন্য কোন প্রতিকার করা হলো না। আপনারা উদ্বাস্তু ভাইদের ভোটে নির্বাচিত হয়ে আসেন, কিন্তু উদ্বাস্তুদের সমস্যা সমাধানে আপনারা সচেষ্ট নয়। সেইজন্য ননী কর মহাশয় যে রেজলিউশান এখানে এনেছেন তার সঙ্গে আর এক লাইন এ্যাড করে দিতে চাই, সেটা হলো কেন্দ্রীয় সরকারকে এইজন্য অনুরোধ জানাচ্ছি, যেহেতু পশ্চিমবাংলায় উদ্বাস্তুদের সমস্যা সমাধান করতে এই সরকার একদম ব্যর্থ হয়েছে, এর সমস্যা সমাধানে কোন চেষ্টা করেনি।

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আমার জেলার কথা জানি, যেখানে কেন্দ্রীয় সরকার থেকে রিহ্যাবিলিটেশানের জন্য হাউজিং করে দেওয়া হয়েছে। আর. আই. সি.'র জন্য লোন দিয়ে ইণ্ডাস্ট্রি করে দিয়েছে। সি. আই. টি. ইউ.

সমর্থক সেখানে উদ্বাস্তুভাইদের কথা চিন্তা করে রাজনীতি করার নাম করে সেই প্রকল্পকে বন্ধ করে দেবার চেষ্টা করছেন। মাননীয় ননীবাবু অন্তর থেকে যদি এই প্রস্তাব এনে থাকেন, তাহলে আর. আই. সি.-র জন্য কো-অপারেশান ডিপার্টমেন্টের মিনিস্টার এবং কমার্স ডিপার্টমেন্টের মিনিস্টারকে বলুন যে, আর. আই. সি.'র সঙ্গে জড়িয়ে আছে কমার্স ডিপার্টমেন্টের সম্পর্ক, তার কো-অপারেশন নিয়ে ছোট ছোট ইণ্ডাস্ট্রি মাথা উঁচু করে বেঁচে আছে। এর সাথে ৩০০০ নয়, ইণ্ডাইরেক্টলি ৩ লক্ষ পরিবার বেঁচে আছে। এ ব্যাপারে রাজ্য সরকারের দায়িত্ব আছে। রাজ্য সরকার সেই দায়িত্ব উড়িয়ে দিয়ে কেন্দ্রীয় সরকারের উপর রেস্‌পনসিবিলিটি চাপিয়ে দিচ্ছেন। কিন্তু কেন্দ্রীয় সরকার এখনও বন্ধ করে দেন নি প্রকল্পটি। বন্ধ করার পরিকল্পনা আছে আপনাদের, তা আপনারা জানেন। আমি অলরেডি বলেছি—আমি হাউসের মাধ্যমে তা জানিয়ে দিতে চাই—সামনে কেন্দ্রের ২টি নির্বাচন আছে। উদ্বাস্তু ভাইয়ের উপরে এখানে এই রেজলিউশান নিয়ে ননীবাবু সেখানে চলে যাবেন ভোট করতে। সেখানে তাদের কাছে গিয়ে বলবেন, 'আমি তোমাদের জন্য বলেছি।' আমি আমার বক্তব্য দীর্ঘয়িত করতে চাই না। আমি এখানে দাঁড়িয়ে বলছি যে, এই রেজলিউশানকে আমি অন্তর দিয়ে সমর্থন করছি। কারণ এখানে ডিরেক্টলি তিন হাজার ইণ্ডাইরেক্টলি তিনলক্ষ পরিবারের বেকারত্বের সমস্যা জড়িয়ে আছে। রাজনীতি করার জন্য নয়, এই রেজলিউশানকে অন্তর দিয়ে আমি সমর্থন করছি। পশ্চিমবাংলা সরকারের পক্ষ থেকে যতটুকু মদত দেওয়া হয়েছে, সেই অবস্থায় কমার্স ডিপার্টমেন্টের একটা রেকমেণ্ডেশান গেলে আর. আই. সি.'র স্টক বেঁচে যাবে। কারণ তা ধুঁকধুঁক করছে শুধুমাত্র রেকমেণ্ডেশানের অভাবে। উদ্বাস্তুভাইদের ব্যাপারে নয়, অন্য ব্যাপারেও আমি এখানে রাজনীতি ছড়াতে চাই না। এই রেজলিউশানে উদ্বাস্তুভাইদের কথা চিন্তা করে, ডিরেক্টলি ৩ হাজার এবং ইণ্ডাইরেক্টলি ৩ লক্ষ বেকারদের কথা চিন্তা করে আমি একে সমর্থন করছি। এই সব কথা চিন্তা করে একটা রেজলিউশান আমাদের পার্টি থেকে অলরেডি পাঠিয়ে দিয়েছি। এই রেজলিউশান হাউস থেকে যাবে, এর প্রতি আমার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসতীশ রায়: আর. আই. সি. একটা সুস্থ পরিবেশের মধ্যে দিয়ে গড়ে উঠবে এবং তা যাতে সম্ভব হয়, সেই রকম ইঙ্গিত এই প্রস্তাবটি পড়ে মনে হয়েছে। আর. আই. সি.'র দুর্দশার জন্য কেন্দ্রীয় সরকারের যে দেউলে শিল্পনীতি ও অর্থনীতি, সেটাই মূলতঃ দায়ী। মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ মহাশয় আর. আই. সি. প্রকল্পে

সাহায্য করার ক্ষেত্রে রাজ্য সরকার দায়িত্ব পালন করতে পারেন নি বলে উল্লেখ করেছেন। মাননীয় সদস্য বোধহয় বাস্তব অবস্থা কি, সে সম্বন্ধে ওয়াকিবহাল নন ? প্রতি বছর আর. আই. সি'র. কাছ থেকে—বিশেষ করে পোশাক তৈরীর কারখানা থেকে—রাজ্য সরকার স্টেট ট্রান্সপোর্ট ও পুলিশ কর্মীদের জন্য প্রয়োজনীয় পোশাক—যেখানে আর. আই. সি.'র গারমেন্ট ফ্যাক্টরী আছে, সেখান থেকে সংগ্রহ করে থাকেন। এছাড়া পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের হাসপাতালগুলির জন্য আর. আই. সি.'র কাছ থেকে তাদের উৎপাদিত চাদর স্বাস্থ্য দপ্তরের মাধ্যমে ক্রয় করে থাকেন। উপরন্তু বিভিন্ন সময়ে আর. আই. সি.'র কাছ থেকে তাদের উৎপাদিত দ্রব্য কিনে থাকেন। সুনীতিবাবুকে অবগতির জন্য জানাচ্ছি, এই ব্যবস্থা রাজ্য সরকারের মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশেই গ্রহণ করা হয়েছে।

[8.00—8.10. P.M.]

যাতে কম্পিটিটিভ মার্কেটে শতকরা ১৫ পারসেন্ট উপরি দিয়ে আর. আই. সি. থেকে মাল কেনা হয় রাজ্য সরকার সেই ব্যবস্থা করেছেন। সুনীতিবাবু যে কথাটা বললেন, সেই জিনিসটা হচ্ছে ওরা অতীতে যে পাপগুলি করেছেন আমাদের রাজ্য সরকার দায়িত্বে আসার পর আর. আই. সি. এখন যেভাবে চলছে তাতে রাজ্য সরকারের ভূমিকা উল্লেখযোগ্য। আমি আরো বলছি, ৩ বছর আগে দিল্লীতে কেন্দ্রীয় সরকার একটি উচ্চ পর্যায়ের কমিটি করেছিলেন, আর. আই. সি.-র ব্যাপারে তদন্ত করবার জন্য। আমি এবং মাননীয় সদস্য ননী কর সেই কমিটির সদস্য ছিলাম। আমরা যে রিপোর্ট দিয়েছি সেই রিপোর্ট গ্রহণ করার পর আজো কার্যকরী করেন নি। সেখানে আমরা বলেছিলাম যে, আর. আই. সি.-কে সুষ্ঠুভাবে বাড়িয়ে তুলতে গেলে অন্তত ১৫ কোটি টাকা নতুনভাবে লগ্নী করা দরকার। কিন্তু সেটা কেন্দ্রীয় সরকার করেন নি। কেন্দ্রীয় মন্ত্রিসভা ৬ই এপ্রিল যে সিদ্ধান্ত নিয়েছেন গতকাল আর. আই. সি.-র ম্যানেজিং কমিটির ডিরেক্টার সে কথা বলেছেন যে, কেন্দ্রীয় সরকার আর. আই. সি.-কে তুলে দেবার সিদ্ধান্ত নিয়েছেন। আমরা তার প্রতিবাদ করছি। বিধানসভায় আজকে যে প্রস্তাব এসেছে ওদের সাথে বিরোধ থাকলেও ওরা আজকে আমাদের প্রস্তাবে যে মত দিয়েছেন তার জন্য ওদেরকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আজকে সুব্রতবাবু প্রস্তাবের সঙ্গে একযোগে আছেন এবং আমি অনুরোধ করবো ওরা সত্যিকারের যদি উদ্বাস্তু পুনর্বাসন চান তাহলে আর. আই. সি.-কে নতুন টাকা দেবার ব্যবস্থা করুন। কোল ইণ্ডিয়া, স্টীল ইণ্ডিয়া

যেখানে প্রতি বছর শ শ কোটি টাকা লোকসান দিচ্ছে, তারপরেও নতুনভাবে সেখানে লগ্নী হচ্ছে উন্নতি করবার জন্য। সেইজন্য দাবি করছি অবিলম্বে অন্তত ১৫ কোটি টাকা ৩ বছরের মধ্যে দেওয়া হোক। এবং বর্তমান বছরে ৩ কোটি টাকা আর. আই. সি.-কে দেয়া হোক। আজকে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সমর্থন করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅমৃতেন্দু মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীননী কর এবং মাননীয় সদস্য শ্রীসুব্রত মুখোপাধ্যায় আর. আই. সি.-র শ্রমিক-কর্মচারীর পক্ষে এবং শিল্পের পক্ষে যে প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাব সরকারের পক্ষ থেকে সমর্থন করছি। আমি এখানে খুব বেশী বলবো না। উদ্বাস্তু পুনর্বাসন সম্বন্ধে কথা উঠেছে। গেলো বছরে উদ্বাস্তু পুনর্বাসন সম্পর্কে আর. আই. সি.-র কমিটিতে রাজ্য সরকার যে প্রতিবেদন রচনা করেছিলেন সেটা আমরা কেন্দ্রের কাছে দিয়েছি, পার্লামেন্টে দিয়েছি। আপনারা যে বই লিখেছেন তার ১২ চ্যাপ্টারেতে ইকনমিক রিহ্যাবিলিটেশান অফ ডি. পি. ইন ওয়েষ্ট বেঙ্গল, আর তাতে আর. আই. সি.-র সম্পর্কেই আছে। এখন প্রশ্ন আর. আই. সি.-কে কি বন্ধ করে দেওয়া হবে? মাননীয় সদস্য শ্রীসুনীতি চট্টরাজ যে বক্তব্য রেখেছেন তাতে বলেছেন রাজ্য সরকারের দোষ। তাই ওনাকে সরাসরি বলি ওনার জেলার লোক মাননীয় অর্থমন্ত্রী প্রণব মুখোপাধ্যায়কে দয়া করে বলুন না আর. আই.সি.-র টাকা যেন বন্ধ করে না দেন। এটুকু ওনাকে বলতে হবে। কেন না উনি প্রস্তাব সমর্থন করেছেন। মাননীয় সদস্য সতীশ রায় যা বলেছেন তার পুনরুক্তি করতে চাই না। আর. আই. সি.-র 'জিনিসপত্র সরকারী দপ্তরগুলিতে সরবরাহ করার জন্য রাজ্য সরকার পূর্ণ সহযোগিতা করেন। এই ৭ বছরে আর. আই. সি.-র তরফ থেকে পশ্চিমবঙ্গের রাজ্য সরকার স্বাস্থ্য দপ্তর, পুলিশ দপ্তর এবং অন্যান্য দপ্তরে কত কি সরবরাহ করে তার হিসাব অনুমতি দান করলে আমি আর একদিন তা দেব।

আমাদের সকলেরই জানা উচিত বিধানসভা ভুল তথ্য দেবার জায়গা নয়। যদি কেউ সমর্থন করতে চান করবেন, কেউ যদি বিরোধিতা করতে চান করবেন—কিন্তু ভুল তথ্য কেউ দেবেন না। আমি বামফ্রন্ট সরকারের তরফ থেকে বলতে পারি কেন্দ্রীয় সরকার যদি আমাদের সহযোগিতা চান তাহলে আমরা পূর্ণ সহযোগিতা করতে প্রস্তুত আছি। তবে আপনারা এ কথা মনে রাখবেন অনেক সময় দেখেছি কেন্দ্রীয় সরকার আমাদের সাহায্য করেন না। ইন্দিরা গান্ধী যখন দণ্ডকারণ্য প্রকল্প বন্ধ করতে চেয়েছিলেন আমরা তার জন্য প্রতিবাদ করেছিলাম। আজ তাঁরা

আবার আর. আই. সি. বন্ধ করতে চাচ্ছেন। আমরা মনে করি, এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের একটা মূল দায়িত্ব এবং আর্থিক দায়িত্ব রয়েছে। কিন্তু দেখছি আজ তাঁরা হাত গুটিয়ে নিতে চাচ্ছেন। আমরা বলেছি, রিহ্যাবিলিটেশন ইণ্ডাস্ট্রিস কর্পোরেশন যেটা ভারত সরকারের একটা সংস্থা সেটাকে ভালভাবে স্টাডি করুন এবং দেখুন কোথায় কি অসুবিধা আছে। এই কাজটা করলে পশ্চিমবঙ্গ সরকার তাঁদের সাহায্য করতে প্রস্তুত। আমরা বলেছি পশ্চিমবাংলায় বহু ক্ষুদ্র শিল্প রয়েছে যাতে এই সমস্ত উদ্বাস্তু ভাই-বোনদের আমরা কাজ দিতে পারব এবং পশ্চিমবাংলার অন্যান্য মানুষদেরও আমরা কাজ দিতে পারব। কিন্তু আমরা দেখছি ৫৬ লক্ষ উদ্বাস্তু যারা দারিদ্র্যসীমার নীচে বাস করে তাদের পুনর্বাসনের জন্য যে টাকা দেবার কথা সেটা তাঁরা দিচ্ছেন না এবং তদুপরি এই আর. আই. সি. গুটিয়ে নেবার চেষ্টা করছেন। কাজেই যে প্রস্তাব আনা হয়েছে তাকে আমি সমর্থন করি। আমি আবার বলছি কেন্দ্রীয় সরকার যদি এই ব্যাপারে আমাদের সহযোগিতা চান তাহলে আমরা সাহায্য দিতে প্রস্তুত আছি। এ কথা বলে আমি বক্তব্য শেষ করছি।

শ্রীননী কর : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার এই প্রস্তাব সকলেই সমর্থন করেছেন, তবে সুনীতিবাবু বোধহয় বলবার সময় ভুলে গিয়েছিলেন সুব্রতবাবু তাঁদের চিফ হুইপ। যাহোক, শেষ পর্যন্ত তিনিও যে সমর্থন করেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আর. আই. সি -র যে-সমস্ত ইউনিয়ন আছে—সিটু, আই. এন. টি. ইউ. সি.-র তারা সকলেই সম্মিলিতভাবে দাবী করেছে এই আর. আই. সি.-কে রক্ষা করতে হবে এবং তাকে প্রসারিত করতে হবে। সম্প্রতি দিল্লীতে এই বিভাগের মন্ত্রী বীরেন্দ্র পাতিল মহাশয় বলেছেন, তিনি একে সমর্থন করবেন, তবে আবার প্রণববাবুকে দেখিয়ে দিয়েছেন। আমি, সমর মুখার্জী, মহম্মদ ইলিয়াস এবং কালীবাবু এই ব্যাপার নিয়ে যখন প্রণববাবুর সংগে দেখা করি তখন তিনি বলেছেন আমি চেষ্টা করব। এটা খুবই সুখের কথা। আমরা জানি কেন্দ্রীয় সরকারের ২২০টি প্রতিষ্ঠানের মধ্যে ২০০টি প্রতিষ্ঠানেই লোকসান হয়। কাজেই আপনারা মনে করবেন না শুধু এই রিফিউজী প্রতিষ্ঠানেই লোকসান হচ্ছে। এ কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of **Shri Nani Kar** that—

যেহেতু দেশবিভাগের অব্যবহিত পরে পশ্চিমবাংলার উদ্বাস্তুদের অর্থনৈতিক

পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সরকার নানা ধরনের শিল্প সমন্বয়ে রিহ্যাবিলিটেশন ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশন (আর. আই. সি.) প্রতিষ্ঠা করেন ;

যেহেতু বর্তমানে উক্ত সংস্থায় প্রায় ৩,০০০ উদ্বাস্তু (স্ত্রী-পুরুষ) কর্মরত আছেন ;

যেহেতু কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক কারণে উক্ত সংস্থাটি বন্ধ করার কথা চিন্তা করছেন ;

যেহেতু উক্ত সংস্থাটি বন্ধ হলে উক্ত ৩,০০০ উদ্বাস্তু কর্মহীন হয়ে চরম দুরবস্থার সম্মুখীন হবেন ;

সেইহেতু, এই সভা গভীর উদ্বেগের সঙ্গে উক্ত প্রতিষ্ঠানটি চালু রাখার এবং প্রয়োজনীয় অর্থ সাহায্য ও অন্যান্য ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে ।

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 8.10 P.M. till 1 P.M. on Friday the 27th April, 1984, at Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly Hous Calcutta, on Friday, the 27th April, 1984 at 1 p.m.

Present

Mr. Deputy Speaker (**Shri Kalimuddin Shams**) in the Chair, 19 Minister 19 Ministers of State and 219 Members.

Unstarred Questions

(to which written answers were laid on the table)

[1.00—1.10 P.M.]

ভরতুকি দিয়ে রেশন সামগ্রী সরবরাহ

৪৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭।) **শ্রীদেবপ্রসাদ সরকার:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি?

(ক) ক্ষেতমজুর এবং অন্যান্য গ্রামীণ গরীবদের জন্য ভরতুকি দিয়ে রেশনসামগ্রী সরবরাহ করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, কত দিনে তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) বর্তমানে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

নিমপীঠ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অচল এক্স-রে মেসিন

৪৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৯০।) **শ্রীদেবপ্রসাদ সরকার:** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত জয়নগর ২নং ব্লকের অধীন নিমপীঠ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের এক্স-রে মেসিন দুইটি গত ছয় মাস যাবৎ অচল হয়ে পড়ে রয়েছে;

(খ) সত্য হলে, এই এক্স-রে মেসিন দুইটি কত দিনের মধ্যে মেরামত হবে ; এবং

(গ) এই রাজ্যের বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে ও হাসপাতালে এইরূপ অচল এক্স-রে মেসিনের সংখ্যা কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ও (খ) হ্যাঁ, একটি প্রায় ৬ মাস অচল অবস্থায় আছে। অপরটি প্রায় ৩ মাস অচল থাকার পর সম্প্রতি মেরামত করা হয়েছে এবং সেটি বর্তমানে পরীক্ষামূলকভাবে চালু আছে। অপর মেশিনটিও মেরামত করার ব্যবস্থা নেওয়া হয়েছে

(গ) এখনই সঠিক বলা সম্ভব নয়।

দার্জিলিং জেলায় ঝোরা ফিশারী

৪৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪।) **শ্রীঅমলেন্দ্র রায় :** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ? দার্জিলিং জেলার কোন্ মহকুমার কোথায় ঝোরা ফিশারী চালু হয়েছে ?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় : দার্জিলিং জেলার নিম্নবর্ণিত স্থানগুলিতে ঝোরা ফিশারী চালু হয়েছে—

মহকুমা	ব্লক	গ্রাম
১। দার্জিলিং সদর	দার্জিলিং পুলবাজার	রেলিং, সামসু, লামাগাও, ডাংগিয়া।
২। কালিম্পং .	কালিম্পং-১	ভাসিডিং, বঙ, সিঙিপং, পশিয়ন, ভানেক, পুডুং, ডুরাং, সামালবং, চিব্বো।
	কালিম্পং-২	সাকিভান, লাদাম, লালিগাও, পেডং।
	গরুবাথান	নিম বস্তি, গরুবাথান, পোটেন গোদক, কুমাই।
৩। কার্শিয়াং	খুখিয়া পোকরী	নাগরী টি এস্টেট, শিয়ক টি এস্টেট।
	মিরিক	মিরিক বস্তি, ভাকলং, কৃষ্ণনগর, সৌরেনী বস্তি।

Steps taken by the State Government to prevent transportation

434. (Admitted question No. 184.) **Shri Suniti Chattaraj :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the State Government has taken steps to prevent transportation of notified goods in violation of the provisions of section 4(B) of the Bengal Finance (Sales Tax) Act, 1941 or of section 6 of the West Bengal Sales Tax Act, 1954 ; and

(b) if so—

(i) the steps taken during 1982 and 1983 and with what results, and

(ii) the proposal, if any, of the State Government to streamline its machinery for detecting such offences ?

Minister-in-charge of the Finance Department : (a) Yes. Necessary steps have been taken.

(b) (i) In 1982, one checkpost was set up at Chasmore on Purulia-Dhanbad via Bokaro Road. In 1983, one checkpost was set up at 10, Madan Street, Calcutta-72, for checking movement of goods at the delivery office of the Indian Airlines situated in Calcutta.

During 1982 and 1983 Commercial Tax Officers were posted at Chinchira, Dumurdhi, Phanshidewa and Shalimar Railway Yard Checkposts. The number of Inspectors was suitably increased.

A Wireless set was installed at the Chinchira Checkpost.

Telephone was installed at the Phansidewa Checkpost.

Sales Tax Laws were amended to empower Officers to inspect records of Transport Companies.

Periodical checkings were made at important Railway Stations. Railway authorities were also requested from time to time for insisting on sales permits before giving delivery of the notified goods and commodities.

The above measures yielded good results and the amount of tax collected went up considerably.

Composition money amounting to Rs. 9.48 lakhs and Rs. 10.67 lakhs was collected in 1982 and 1983 respectively as a result of the aforesaid measures taken.

(ii) There is a proposal to set up some more road checkposts along the Assam, Sikkim and Bhutan borders.

এফ. সি. আই.-এর মাধ্যমে ধান সংগ্রহ

৪৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১-১১-১৯৮৩ তারিখ থেকে ১৫-১-১৯৮৪ পর্যন্ত পশ্চিমবঙ্গে এফ. সি. আই.-এর মাধ্যমে ধান সংগ্রহের পরিমাণ কত?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়: ১-১১-১৯৮৩ হইতে ১৬-১-১৯৮৪ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গে এফ. সি. আই.-এর মাধ্যমে সংগ্রহের পরিমাণ হল ৪০,৮৬৪ মেঃ টন (ধানের হিসাবে)।

জুনিয়র ডাক্তারদের আন্দোলন

৪৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১-১-১৯৮৩ তারিখ থেকে ৩১-১২-১৯৮৩ তারিখ পর্যন্ত জুনিয়র ডাক্তারদের কতবার আন্দোলন সংঘটিত হয়েছে এবং এর ফলে বিনা চিকিৎসায় কোন রোগীর মৃত্যু হয়েছে বলে সরকারের কাছে কোন তথ্য আছে কিনা; এবং

(খ) উত্তর "হ্যাঁ" হলে ঐরূপ মৃত্যুর সংখ্যা কত?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ও (খ) বিভিন্ন সরকারী হাসপাতালে মোট ২৩ বার আন্দোলন সংঘটিত হয়েছে, যথা:

(১) ন্যাশন্যাল মেডিকেল কলেজ হাসপাতালে—২ বার

(২) মেডিকেল কলেজ হাসপাতালে—৩ বার

(৩) শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে—২ বার

(৪) আর. জি. কর মেডিকেল কলেজ হাসপাতালে—৮ বার

(৫) এন. আর. এস. মেডিকেল কলেজ হাসপাতালে—৬ বার

(৬) এস. এস. কে. এম. হাসপাতালে—২ বার

এই আন্দোলনের সময় কয়েকটি রোগীর মৃত্যু সম্পর্কে চিকিৎসার অবহেলার অভিযোগ আছে।

Ghost ration cards

437. (Admitted question No. 568.) **Shri Satyaranjan Bapuli:** Will the Minister-in-charge of Food and Supplies Department be pleased to state—

(a) whether it is a fact that large number of 'Ghost' ration cards are in circulation in Howrah, Calcutta and 24-Parganas ; and

(b) if so, the steps taken by the State Government to detect such 'Ghost' ration cards and with what result ?

Minister-in-charge of the Food and Supplies Department: (a) No, there is no such information.

(b) Does not arise.

Appointments to non-P.S.C. posts

438. (Admitted question No. 579.) **Shri Jokhilal Mondal:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of appointments to non-P.S.C. posts made during the tenure of the Left-Front Government through the Employment Exchanges in—

(i) State Government Offices,
(ii) State Undertakings,
(iii) Local bodies, and
(iv) Quasi-Government establishment. and

(b) the number of appointments to non-P.S.C. posts made during the above period in the above establishments without any reference to the Employment Exchanges ?

Minister-in-charge of the Labour Department: (a) The position regarding vacancies filled through / placements obtained by the Employment Exchanges in West Bengal during the period from 1-1-1977 to 31-12-1983 is as follows :—

(i) State Government Offices—36,271
(ii) State Undertakings and
(iv) Quasi-Government establishments—5,616
(iii) Local Bodies—7,230,
Total—49,117

*Provisional Figures

(b) Not known.

সিনেমা কর্মচারীর সংখ্যা

৪৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৭।) **শ্রীঅনিল মুখার্জী:** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে সারা পশ্চিমবঙ্গে মোট কতজন সিনেমা কর্মচারী আছেন ; এবং

(খ) ঐ সব কর্মচারীদের মাসিক বেতন ও ভাতা কত ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) প্রায় দশ হাজার।

(খ) বিভিন্ন ধরনের কর্মচারিগণ বিভিন্ন প্রকার বেতন ও ভাতা পেয়ে থাকেন। এ বিষয়ে বিস্তারিত তথ্য দেওয়ার জন্য সময়ের প্রয়োজন।

মাধ্যমিক বিদ্যালয়গুলির গৃহনির্মাণের জন্য ক্যাপিটাল গ্রাণ্ট বাবদ অর্থ বরাদ্দ

৪৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৯।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়গুলির গৃহনির্মাণের জন্য ১৯৮৩-৮৪ সালে ক্যাপিটাল গ্রাণ্ট (ক্যাপিটাল গ্রাণ্ট) বাবদ কত টাকা বরাদ্দ আছে ;

(খ) এর মধ্যে মুর্শিদাবাদ জেলার কোন্ বিদ্যালয়কে কত টাকা দেওয়া হয়েছে/হবে ; এবং

(গ) এই ক্যাপিটাল গ্রাণ্ট দেওয়ার সরকারী নীতি কি ?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে নূতন গৃহনির্মাণ বাবদ দুই কোটি টাকা এবং পুরাতন গৃহ মেরামতের জন্য চল্লিশ লক্ষ টাকা বরাদ্দ ছিল।

(খ) এর মধ্যে মুর্শিদাবাদ জেলায় নতুন গৃহনির্মাণ বাবদ ১৮টি মাধ্যমিক বিদ্যালয়কে মোট ৬,৬০,০০০ টাকা এবং ১০টি জুনিয়ার হাই স্কুলকে মোট ২,০০,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে। গৃহ মেরামতের জন্যও এই জেলার ২০টি মাধ্যমিক বিদ্যালয়কে এবং ১০টি জুনিয়ার হাই স্কুলকে যথাক্রমে মোট ২,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে। (তালিকাটি নিম্নে দেওয়া হইল।)

(গ) ১৯৭৮-৭৯ সালে শিক্ষাবিভাগ কর্তৃক বিদ্যালয়গুলিকে গ্রাণ্ট দেবার জন্য এক নীতি নির্ধারণ করা হয়। মাধ্যমিক বিদ্যালয়গুলিকে গৃহনির্মাণ বাবদ অর্থ বরাদ্দ করিবার জন্য প্রতি জেলায় একটি করিয়া কমিটি গঠন করা হয়—

(১) জেলা শাসক বা তাঁর মনোনীত ব্যক্তি—সভাপতি
(কলিকাতার ক্ষেত্রে শিক্ষা আধিকারিক, মাধ্যমিক)

(২) জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক)—সম্পাদক

(৩) সরকার মনোনীত সভ্য—সভ্য

(৪) জিলা পরিষদ মনোনীত সভ্য—সভ্য

উপরিলিখিত কমিটি বিদ্যালয়ের নাম ও অর্থ অনুমোদন সাপেক্ষ, বিদ্যালয় শিক্ষা অধিকারের নিকট জেলা পরিদর্শকের মাধ্যমে পাঠাইয়া থাকে। শিক্ষা অধিকার জেলাভিত্তিক বিবেচিত তালিকাটি শিক্ষা বিভাগে পাঠানোর পর শিক্ষা বিভাগ ঐ বিদ্যালয়গুলিকে বিভাগীয় বিবেচনার পর বরাদ্দ সাপেক্ষ প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করেন।

Statement referred in reply to clause "kha" of question No. 440 (Admitted question No. 679).

CAPITAL GRANT

District : Murshidabad

Year : 1983-84

	Name of the Schools (High Schools)	Amount sonctioned Rs.
1.	Gobindatala Bholanath Panda High School	20,000
2.	Bagmora Vidyalaya	20,000
3.	Gargaria Nirupama Vidyamandir	20,000
4.	Jemo N. N. High School	40,000
5.	Berhampore Girls' High School	40,000
6.	Berhampore J. N. Academy	40,000
7.	Bhakuri High School	40,000
8.	Harisankarpur High School	40,000
9.	Singer High School	40,000
10.	Kundal High School	40,000
11.	Goaljan Refugee Girls' Hlgh School	(0,000
12.	Bharatpur Alia High School	40,000
13.	Lakshminarayanpur High School	40,000
14.	Aurangabad High Madrasah	40,000
15.	Sitanagar High School	40,000
16.	Malihati Kandra High School	40,000
17.	Gokarna Nityagopal Girls' High School	40,000
18.	Bahutali High School	20,000
	Total ...	6,60,000

(Jupior High Schools)

1.	Srikrishnapur Jr. High School	20,000
2.	Paikmari Suryya Sen Vidyapith	20,000

3.	Talgram Junior High School	20,000
4.	Mirzapur Balika Vidyalaya	20,000
5.	Balarampur Junior High School	20,000
6.	Sagarpara Balika Vidyalaya	20,000
7.	Kumitola Junior High School	20,000
8.	Somepara Girls' Junior High School	20,000
9.	Chanak Taritananda Junior High School	20,000
10.	Saptagram Utsahi Dharanidhar Junior High School ...	20,000
	Total ...	2,00,000

REPAIR GRANT

District : Murshidabad

Year : 1983-84

(High Schools)

1.	Jibantala High School	10,000
2.	Bagore High School	10,000
3.	Andulia S. S. High School	10,000
4.	Gorabazar Silpamandir Girls' High School	10,000
5.	Berhampore Maharani Kasiswari Girls' High School ...	10,000
6.	Banyeswar B. C. High School	10,000
7.	Hariharpara High Schooll	10,000
8.	Parulia Union Sadharan Vidyapith	10,000
9.	Beldanga Harimati Girls' High School	10,000
10.	Mandra A. K. High School	10,000
11.	Nimtala High School	10,000
12.	Simulia T. P. High School	10,000
13.	Lalbag M. M. C. Girls' High School	10,000
	(High School)	Rs.
14.	Talibpur High School	10,000
15.	Anantapur High School	10,000
16.	Madhupur Raja Sasanka Vidyapith	10,000
17.	Kanks Rahimia High Madrasah	10,000
18.	Mahismara Ghoramara High School	10,000
19.	Gudhia High School	10,000
20.	Jiaganj S. N. Girls' High School	10,000
	Total	2,00,000

(Junior High Schools)

1.	Bagdanga Purna Chandra Girls' Junior High School	...	5,000
2.	Jalangi Balika Vidyalaya	...	5,000
3.	Moregram Junior High School	...	5,000
4.	Choapara Durlaberpara Vidyaniketan	...	5,000
5.	Dhulauri Rabindra Vidyaniketan (Junior High) ...	...	5,000
6.	Nowda Junior High School	...	5,000
7.	Chhamugram Junior High School	...	5,000
8.	Ghoshpara Sarbapalli Vidyoniketan Junior (High)...	...	5,000
9.	Rajnagar Pragatisil Adarsha Vidyapith (Junior High)	...	5,000
10.	Kutubpur Naba Adarsha Junior High School ...	...	5,000
		Total	50,000

Dissolution of selection Committee for Bengali Professors of the Calcutta University

441. (Admitted Question No. 682.) **Shri Habibur Rahman :** Will the Minister-in-Charge of the Education (Higher) Depratment be pleased to state that :—

(a) Whether the Government has any information that in September, 1983 the Calcutta University Syndicate decided to dissolve the Selection Committee for appointment of three Professors of Bengali ;

(b) If so :—

(i) whether the recommendations of the Selection Committee prior to dissolution were accepted ;

(ii) the reasons as to why it was decided to dissolve the Committee ;

(iii) and whether prior approval of the Chancellor and/or the Minister was obtained by the Syndicate ?

Minister-in-Charge of the Education (Higher) Department : (ক) সরকারের কাছে এই মর্মে কোন খবর নাই। তবে আচার্যের দপ্তরে এই বিষয়ে কয়েকজন অধ্যাপক একটি যুক্ত আবেদনপত্র পেশ করেন বলে জানা যায়।

(খ) প্রশ্ন উঠে না।

ডাক্তারবিহীন স্বাস্থ্যকেন্দ্র

৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৭।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্যে বর্তমানে কতগুলি প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার নাই ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ সব প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রেই ডাক্তার আছেন। ১৩১টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে বর্তমানে কোন ডাক্তার নাই।

Appointment of medical officers on ad hoc basis

443. (Admitted question No. 949.) **Shri Sk. Imajuddin and Shri Somendranath Mitra**: Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether it is a fact that, during and after the Junior Doctors' agitation in 1983, some medical officers were appointed by the State Government on ad hoc basis in urban areas; and

(b) if so—

(i) the number of such doctors appointed on ad hoc basis in urban areas during and after the Junior Doctors' agitation in 1983;

(ii) whether the prescribed norms for appointments was followed by the State Government; and

(iii) when is the State Government likely to send these new medical officers to rural areas?

Minister for Health and Family Welfare Department: (a) Yes.

(b) (i) 46.

(ii) There are no prescribed norms as such for ad hoc appointment.

(iii) Very soon.

বন্ধ বেকারভাতা দেওয়ার সুযোগ

৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭১।) **শ্রীনবনী বাউরীঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিস হইতে যে-সমস্ত বেকার ভাতা পেতেন, কিন্তু যারা মধ্যবর্তী নির্দিষ্ট সময়ের মধ্যে অজ্ঞতাবশতঃ ইনকাম সার্টিফিকেট জমা দিতে পারেন নাই বলে বেকারভাতা দেওয়া বন্ধ করে দেওয়া হয়েছে, তাঁদেরকে পুনরায় সুযোগ দেওয়ার কথা বিবেচনা করবেন কি?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ না।

Promotion of Urdu since 1980-81

445. (Admitted question No. 992.) **Shri Abdur Rauf Ansari**: Will the Minister-in-charge of the Education (Primary and Secondary) Dapartment be pleased to state—

(a) the steps taken by the State Government for promotion of Urdu i this State since 1980-81 and with what results; and

(b) steps proposed to be taken during the remaining period of the Sixt Plan ?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) রাজ্য সরকার উর্দু ভাষার উন্নতি ও প্রসারের জন্য পশ্চিমবঙ্গ উর্দু একাডেমি স্থাপন করেছেন সুষ্ঠুভাবে একাডেমির প্রকল্প রূপায়ণের জন্য একাডেমিকে স্বয়ংশাসিত সংস্থার মর্যাদা ১৯৮১ সাল থেকে দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ মাধ্যমিক বিদ্যালয় সমূহে উর্দু ভাষাকে অন্যতম প্রথম ভাষা হিসাবে নির্ধারণ করেছেন। এ ছাড়া উর্দু ভাষাকে অতিরিক্ত ভাষা হিসাবে শিক্ষা দেওয়ার ব্যবস্থা আছে। ভাষা শিক্ষার বাহিরে অন্যান্য বিষয়ের শিক্ষাদান উর্দু ভাষাকে শিক্ষার মাধ্যম হিসেবে ব্যবহার করার সুযোগ আছে। জেলার উর্দু প্রাইমারি বিদ্যালয়সমূহে উর্দু ভাষা শিক্ষার মাধ্যম।

সরকারী কাজে উর্দু ভাষার ব্যবহার প্রকল্পে প্রশাসনিক স্তরেও কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই ব্যবস্থায় কলিকাতা, আসানসোল, ইসলামপুর মহকুমা এবং ২৪-পরগনা জেলার গার্ডেনরিচ ও মেটিয়াবুরুজ থানা প্রভৃতি ব্যাপক উর্দু ভাষাভাষী অঞ্চলে সরকারী কাজে উর্দু ভাষাকে অধিক মাত্রায় ব্যবহারের নির্দেশ দেওয়া হয়েছে।

এছাড়া তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধীনে মহাকরণে একটি "উর্দু করেসপণ্ডেন্স সেল" গঠন করা হয়েছে। এই সেলে উর্দু থেকে ইংরাজী, বাংলায় এবং ইংরাজী/ বাংলা থেকে উর্দুতে অনুবাদ করা হবে।

(খ) নতুন কোন ব্যবস্থা এখনো গ্রহণ করা হয় নি।

সরকারী ও বে-সরকারী কলেজে লেকচারারের পদে নিয়োগের যোগ্যতা

৪৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৪।) **শ্রীসুব্রত মুখার্জীঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সরকারী এবং বে-সরকারী কলেজগুলিতে লেকচারারের পদে নিয়োগের যোগ্যতাবলী কি ; এবং

(খ) উপরি উক্ত দুই ধরনের কলেজে উক্ত একই পদে নিয়োগের যোগ্যতাবলীর মধ্যে কোন পার্থক্য আছে কি না ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) তালিকা নিম্নে দেওয়া হইল।

(খ) বিশেষ কোন পার্থক্য নাই।

Statement referred to clause 'ka' of unstarred question No. 446 (Admitted question No. 1004)

কলেজে লেকচারার পদে নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাবলীর তালিকা।

সরকারী কলেজের ক্ষেত্রে :

সংশ্লিষ্ট বিষয়ে উচ্চ ২য় (বি+) বা মাষ্টার ডিগ্রীতে শতকরা ৫৫ ভাগ নম্বর এবং ২য় শ্রেণীতে অনার্স ডিগ্রী বা সমতুল বিদেশী ডিগ্রী সহ বরাবরের উত্তম শিক্ষাগত যোগ্যতা অর্থাৎ মাধ্যমিক বা সমতুল পরীক্ষা হইতে মাষ্টার ডিগ্রীর পূর্ব পর্যন্ত প্রতি পরীক্ষায় অন্তত: শতকরা ৫০ ভাগ নম্বর প্রাপ্তি।

উপরোক্ত যোগ্যতা অনুযায়ী প্রার্থী পাওয়া না গেলে এ ব্যাপারে কিছু ছাড় দেওয়া যাইতে পারে। যেমন :

(১) সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণী (বি) বা মাষ্টার ডিগ্রীতে শতকরা ৫০ ভাগ নম্বর এবং ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী বা সমতুল বিদেশী ডিগ্রী সহ বরাবরের উত্তম শিক্ষাগত যোগ্যতা, অর্থাৎ মাধ্যমিক বা সমতুল পরীক্ষা হইতে মাষ্টার ডিগ্রীর পূর্ব পর্যন্ত প্রত্যেক পরীক্ষায় অন্তত: শতকরা ৫০ ভাগ নম্বর বা বি গ্রেড প্রাপ্তি।

(২) এম. ফিল ডিগ্রী অথবা মাষ্টার ডিগ্রী পর্যায়ের পরবর্তী কোন স্বীকৃত ডিগ্রী যাহা বিশেষ ক্ষেত্রে পি. এস. সি. দ্বারা শর্ত সাপেক্ষে শিথিলযোগ্য।

(৩) বাংলা ভাষায় ভাব প্রকাশের (মৌখিক এবং লিখিত) ভাল ক্ষমতা।

বয়সসীমা : অনূর্ধ্ব ৩৫ বৎসর (উচ্চ শিক্ষাগত যোগ্যতা এবং শিক্ষকতার অভিজ্ঞতার ক্ষেত্রে এবং শিক্ষা বিভাগের অধীনে শিক্ষকতায় স্থায়ীভাবে নিযুক্ত ব্যক্তিদের ক্ষেত্রে শিথিলযোগ্য)।

বে-সরকারী কলেজের ক্ষেত্রে :

(ক) (১) ম্যাট্রিক / হাঃ সেঃ / স্কুল ফাইনাল।

প্রি-ইউ / ইউ. ই. ইত্যাদি—	গড়ে ৪৫ শতাংশ নম্বর
বি. এ. / বি. এস-সি. / বি. কম. অনার্স—	,, ৪০ শতাংশ নম্বর
এম. এ. / এম. এস-সি. / এম. কম.—	,, ৫০ শতাংশ নম্বর

(২) বাঞ্ছনীয় এম. ফিল./ডক্টর ডিগ্রী বা উচ্চমানের গবেষণামূলক কাজের প্রকাশনার প্রামাণ্য পরিচয় বা

(খ) (১) ম্যাট্রিক / হাঃ সেঃ / স্কুল ফাইনাল।

প্রি-ইউ. / ইউ. ই. ইত্যাদি— গড়ে ৪৫ শতাংশ নম্বর

বি. এ. / বি. এস-সি. / বি. কম. (পাশ কোর্স)—

এম. এ. / এম. এস-সি. / এম. কম.— ১ম শ্রেণী

(২) বাঞ্ছনীয় এম. ফিল. / ডক্টর ডিগ্রী বা উচ্চমানের গবেষণামূলক কাজের প্রকাশনার প্রামাণ্য পরিচয়।

বা (গ) ম্যাট্রিক/হাঃ সেঃ/স্কুল ফাইনাল/প্রি-ইউ./ইউ. ই. ইত্যাদি—গড়ে ৪৫ শতাংশ নম্বর

বি. এ. / বি. কম. / বি. এস-সি. (পাশ কোর্স)—

এম. এ. / এম. কম. / এম. এস-সি.—৫০ শতাংশ নম্বর এবং ডক্টরেট ডিগ্রী।

ডি. লিট. বা ডি. এস-সি. ডিগ্রীধারী প্রার্থীর ক্ষেত্রে উপরোক্ত যোগ্যতা শিথিলযোগ্য। বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বৎসর (উচ্চ শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে শিথিলযোগ্য)।

Realisation of Sales Tax and Agricultural income Tax

447. (Admitted question No. 1007.) **Dr. Ambica Banerjee :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the position of outstanding arrears of revenue in respect of Sales Tax and Agricultural Income Tax as on 31st March, 1983 ; and

(b) the steps taken and/or contemplated by the State Government to realise these dues ?

Minister-in-charge of the Finance Department : (a) Sales Tax—Rs. 164.5 crores (Provisional) and Agricultural Income Tax—Rs. 8.39 crores.

(b) The Sales Tax Authorities are scrutinising the demands, collecting information about the assets and whereabouts of the defaulting assessees and wherever possible, attaching the money from the debtors or banks of the concerned assessees. Changes have been made in the Sales Tax Laws whereby non-submission of returns by the dealers in time has been made a cognizable offence and the defaulters are also required to pay an interest for default. In the end of arrears agricultural income tax, Certificate Officers have been requested to take steps to attach compensation money payable to the certificate debtors under the West Bengal Estate Aquisition Act, 1953.

The collectors have also been requested to expedite settlement of compensation cases so as to facilitate adjustment of arrear demand both covered by the certificate and also where agreement under sections 7 and 9 of the said

Act have been executed by the Ex-intermediaries against compensation money.

The Bengal Agricultural Income Tax Act has been amended vesting the Agricultural Income Tax Officer with the power which is to be exercised concurrently with the certificate officer to recover by attachment outstanding dues of the assessees from third parties from whom money is due to the defaulting assessees.

Open University in West Bengal

448. (Admitted question No. 1012.) **Shri Satyaranjan Bapuli :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) whether the State Government has placed any plan for an Open University in West Bengal before the University Grants Commission and/or the Government of India ; and

(b) if so—

(i) the salient features of this plan,

(ii) the response of U.G.C. and/or the Government of India to the plan, and

(iii) the steps taken by the State Government in the matter ?

Minister-in charge of the Education (Higher) Department : (a) সরকারীভাবে কোন পরিকল্পনা পেশ করা হয় নি, তবে ১৯৮২ সালে এ বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সঙ্গে আলোচনা হয়েছে।

(b) মুক্ত বিশ্ববিদ্যালয় সম্পর্কে সরকার সমস্ত দিক চিন্তাভাবনা করছেন। এ ব্যাপারে শীঘ্র আইন প্রণয়নের কথাও ভাবা হচ্ছে।

রাজ্য সরকার কর্তৃক উত্তরপাড়ায় শ্রীঅরবিন্দের স্মৃতিরক্ষার জন্য আর্থিক অনুদান

৪৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৪ ।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গ সরকার উত্তরপাড়ায় শ্রীঅরবিন্দের স্মৃতি রক্ষার জন্য কিছু আর্থিক অনুদান মঞ্জুর করিয়াছিলেন ;

(খ) সত্য হইলে ঐ অনুদানের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত অনুদানের জন্য রাজ্য সরকারের পক্ষ হইতে কোন শর্ত আরোপ করা হইয়াছিল কিনা ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ, বহু পূর্বে শ্রীঅরবিন্দের স্মৃতিরক্ষার জন্য সরকারের পক্ষ থেকে কিছু আর্থিক অনুদান মঞ্জুর করা হইয়াছিল।

(খ) পশ্চিমবঙ্গ সরকার ২রা মার্চ ১৯৭৩ সালে উক্ত কারণে ৩০,০০০ টাকা অনাবর্তক অনুদান মঞ্জুর করিয়াছিলেন।

(গ) অনুদান মঞ্জুর করার সময় বলা হইয়াছিল যে সমগ্র পরিকল্পনা রাজ্য সরকারের নিকট অনুমোদনের জন্য উপস্থাপিত করিতে হইবে। আরও বলা ছিল যে অডিটোরিয়াম, আন্তর্জাতিক ছাত্রাবাস-এর নির্মাণের কাজ সম্পূর্ণ হইলে উক্ত সম্পত্তি সম্পূর্ণভাবে রাজ্য সরকারের সম্পত্তি বলিয়া গণ্য হইবে।

ইনকাম সার্টিফিকেট জমা না দেওয়ায় বেকারভাতা বন্ধ

৪৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৭।) **শ্রীসুভাষ গোস্বামী :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি নির্দিষ্ট সময়ে ইনকাম সার্টিফিকেট জমা না দেওয়ার জন্য এ পর্যন্ত কতজনের বেকারভাতা বন্ধ হয়ে আছে?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ চুয়াল্লিশ হাজার চব্বিশজনের (প্রভিশনাল)।

মুর্শিদাবাদে চাউলের পাইকারী বিক্রয়ের লাইসেন্স প্রদান

৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬২।) **শ্রীশিশ মহম্মদঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৮৩ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত কতজনকে চাউলের পাইকারী বিক্রয়ের লাইসেন্স দেওয়া হয়েছে,

(খ) কোন্ নীতির ভিত্তিতে উক্ত লাইসেন্স দেওয়া হয় ; এবং

(গ) ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায় কত কিলোমিটারের মধ্যে লাইসেন্স দেওয়া হয় না?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) মুর্শিদাবাদ জেলায় উক্ত সময়ের মধ্যে মোট ১৬টি চালের পাইকারী লাইসেন্স দেওয়া হয়েছে।

(খ) মহকুমা নিয়ামকগণ দরখাস্তকারীদের অভিজ্ঞতা, আর্থিক সঙ্গতি এবং আনুষঙ্গিক বিষয় বিবেচনার পর প্রত্যেক দরখাস্তকারীর নিকট হতে এই মর্মে লিখিত প্রতিশ্রুতি গ্রহণ করেন যে তাঁহারা বৎসরে অন্ততঃপক্ষে ১৫০ মেট্রিক টন চাল বাইরের রাজ্য থেকে আমদানি করবেন।

(গ) রাজ্যের সীমান্ত এলাকায় ৫ কিলোমিটারের মধ্যে এইরূপ লাইসেন্স না দেওয়ার জন্য সরকারী নির্দেশ আছে।

ঝাঁটি পাহাড়ী স্বাস্থ্য কেন্দ্র

৪৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৬।) **শ্রীশান্তিরাম মাহাতো** এবং **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার ছাতনা থানার অন্তর্গত ঝাঁটি পাহাড়ী স্বাস্থ্য কেন্দ্রটি আজ পর্যন্ত চালু হয় নাই;

(খ) উক্ত হাসপাতালটি চালু না হওয়ার জন্য কতগুলি দরজা, জানালা ও অন্যান্য জিনিসপত্র চুরি হয়েছে; এবং

(গ) উক্ত স্বাস্থ্য কেন্দ্রটি নির্মাণ করতে কত টাকা ব্যয় হয়েছে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এরূপ কোন তথ্য জানা নাই।

(গ) ১০,৫৮,৪০০ টাকা ব্যয় হয়েছে।

খাদ্যশস্য, কেরোসিন ও সিমেন্টের আবশ্যিক পরিমাণ

৪৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৮।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী**ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় প্রতিমাসে খাদ্যশস্য, কেরোসিন ও সিমেন্ট কি পরিমাণ আবশ্যক;

(খ) সরকার কিভাবে উক্ত দ্রব্যগুলি কোথা হইতে পাইয়া জনগণকে দিয়া থাকেন; এবং

(গ) অন্য রাজ্য সরকার উক্ত দ্রব্যগুলি যে হারে প্রাপ্ত হন পশ্চিমবঙ্গ সরকার কি সেই হারে প্রাপ্ত হন?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) পশ্চিমবাংলায় বর্তমানে প্রতিমাসে তিন লক্ষ ত্রিশ হাজার টন খাদ্যশস্য, সত্তর হাজার টন কেরোসিন এবং এক লক্ষ ছেষট্টি হাজার টন সিমেন্ট আবশ্যক।

(খ) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে ১৯৮৩ সালে প্রতিমাসে দুই লক্ষ পঞ্চাশ হাজার টন এবং ১৯৮৪ সালের জানুয়ারি মাস হইতে দুই লক্ষ ছিয়াত্তর হাজার মেট্রিক টন খাদ্যশস্য এবং চল্লিশ হাজার টন হইতে বিয়াল্লিশ হাজার টন কেরোসিন তেল এবং ত্রৈমাসিক ভিত্তিতে এক লক্ষ ছাপান্ন হাজার টন লেভী সিমেন্ট বরাদ্দ করেন, কিন্তু সরবরাহ করেন গড়ে শতকরা ৬৯ ভাগ। এই মাসিক বরাদ্দকৃত খাদ্যশস্য ভারতীয় খাদ্য নিগমের মাধ্যমে সরবরাহ করা হয়ে থাকে এবং তাহা সরকারী বণ্টন ব্যবস্থায় রেশন দোকান মারফত জনসাধারণের নিকট সরবরাহ করা হয়। মাসিক বরাদ্দকৃত কেরোসিন তেল ইণ্ডিয়ান অয়েল করপোরেশন এবং আরও তিনটি তৈল সরবরাহ সংস্থা যথা হিন্দুস্থান পেট্রোলিয়াম করপোরেশন, ভারত পেট্রোলিয়াম করপোরেশন ও ইন্দো-বার্মা পেট্রোলিয়াম করপোরেশন মাধ্যমে সরবরাহ করে থাকে। এই কেরোসিন ডিলারের দোকানের মাধ্যমে জনসাধারণের কাছে ন্যায্যমূল্যে বিক্রয় করা হয়ে থাকে। বরাদ্দকৃত লেভী সিমেন্ট নির্দিষ্ট সিমেন্ট ফ্যাক্টরী হইতে সরবরাহ করা হয়। পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগম রাজ্য সরকারের একমাত্র প্রতিনিধি হিসাবে এই সিমেন্ট রাজ্যে আমদানী করেন। লেভী সিমেন্টের কিছু অংশ রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ, সরকারী সংস্থা, জেলা পরিষদ ও মিউনিসিপ্যালিটিকে উন্নয়নমূলক কাজের জন্য সরবরাহ করা হয়ে থাকে; বাকী অংশ জনসাধারণের নিকট পারমিটের মাধ্যমে বিতরণ করা হয়ে থাকে।

(গ) খাদ্যশস্যের ক্ষেত্রে পশ্চিমবঙ্গে মাসিক বরাদ্দ অন্যান্য রাজ্য থেকে বেশী হলেও চাহিদার তুলনায় নেহাতই অপ্রতুল। পশ্চিমবঙ্গ কেরোসিনের ক্ষেত্রে মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ ও গুজরাট থেকে কম পায়। সিমেন্টের ক্ষেত্রে উত্তরপ্রদেশ, বিহার, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, গুজরাট, অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু এবং কর্ণাটকের বরাদ্দ পশ্চিমবঙ্গ থেকে বেশী।

ক্ষেতমজুর ও দরিদ্র শ্রেণীর জনসাধারণের জন্য ভরতুকি দিয়ে রেশন সরবরাহ

৪৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০৩।) **শ্রীশিবপ্রসাদ মালিকঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামের ক্ষেতমজুর ও দরিদ্র শ্রেণী জনসাধারণের জন্য ভরতুকি দিয়ে রেশন দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কতদিনে উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বর্ত্তমানে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

বসন্তরোগ নির্মূলীকরণ

৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০৮।) **শ্রীসুভাষ নস্কর :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ত্তমানে বসন্ত রোগের কোন টিকা দেওয়া হচ্ছে না; এবং

(খ) পশ্চিমবঙ্গে বসন্ত রোগ নির্মূল হয়েছে কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ, সত্য।

(খ) হ্যাঁ।

Proposal to ban strikes by Doctors, Nurses and others

456. (Admitted question No. 1323) **Shri SUNITI CHATTARAJ :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state —

(a) whether it is a fact that the State Government has a proposal to ban strikes and cease work movements by Doctors, Nurses and other Para Medical Staff in the Hospitals ;

(b) if so, what is the proposal and the policy of the Government in the matter ?

Minister-in-charge of the Health and Famil Welfare Department : (a) There is no proposal for revision of the existing rules in the matter.

(b) Does not arise.

Termination of Services of House Staffs of National Medical College

457. (Admitted question No. 1329.) **Dr. AMBIKA BANERJEE :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) whether it is a fact that the services of some House Staff attached to the Anaesthesiology Department of Calcutta National Medical College were terminated in October-November, 1983 ; and

(b) if so, the reasons for termination of such services ?

Minister for Health and Family Welfare Department : (a) No.

(b) Does not arise.

Taking over of wholesale trade in grains

458. (Admitted question No. **1333.**) **Shri ABDUL MANNAN :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be please to state—

(a) whether the State Government has any proposal for taking over the wholesale trade in grains for extending the rationing system to cover the entire State ; and

(b) if so,—

(i) the steps taken by the Government and with what results ,

(ii) what is the present position ?

Minister-in-charge of the Food and Supplies Department : (a) The entire State is covered by rationing system. There is no proposal for taking over the wholesale trade in grains. The Central Government can take this decision.

(b) (i) and (ii) Do not arise.

ভিলেজ হেল্‌থ গাইড স্কীমের জন্য কেন্দ্রীয় অর্থ আদায়ের পরিমাণ

৪৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩৯।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৪ সময়কালে ভিলেজ হেল্‌থ গাইড স্কীম অনুসারে কেন্দ্রীয় সরকারের নিকট থেকে প্রত্যেক বছর কত টাকা পাওয়া গিয়াছে ; এবং

(খ) প্রাপ্ত টাকায় মোট কতজন ভি. এইচ. জি. নিযুক্ত করা হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ১৯৮২-৮৩ সালে ভিলেজ হেল্‌থ গাইড স্কীমে কেন্দ্রীয় সরকারের নিকট থেকে পাওয়া গিয়াছে ৩২৯ লক্ষ টাকা এবং ১৯৮৩-৮৪ সালে পাওয়া গিয়াছে ৪২৩ লক্ষ টাকা।

(খ) ১৯৮৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মোট ভি. এইচ. জি. নিযুক্ত করা হয়েছে ৩২,২৭৮ জন।

Steps taken for prevention of hooliganism and to demolish unauthorised structures in the hospitals

460. (Admitted question No. 1340.) **Shri HUMAYOUN CHOWDHURY :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) What steps have been taken by the State Government to prevent hooliganism in Hospitals, to deal with the hoodlums and to demolish unauthorised structures in the Hospitals ; and

(b) the results thereof ?

Minister for Health and Family Welfare : (a) The Government of West Bengal set up a Sub-committee to go into the problems of vandalism in hospitals. The Sub-committee submitted 12 point recommendatiods on this issue. Hon'ble Chief Minister also promised some actions in the wake of vandalism in S. S. K. M. Hospital some time past. In the light of the two above, Government have taken the following measures to combat the problem of vandalism in addition to steps already taken :

(i) Armed Police Picket in addition to police posted in Medical Colleges and Hospitals supported by R. P. F. Vans will be placed at the Emergency Department of the Medical Colleges and Hospitals and S. S. K. M. Hospital, Calcutta. The existing police picket is being adequately augmented,

(ii) The police will take appropriate action to keep under check anti-socials operating in the peripherial area of the hospitals,

(iii) A blue-print is being drawn up in collaboration with the P. W. D. authorities for taking actions for removal of unauthorised structures in hospital campus,

(iv) For proper maintenance of law and orders in the hospital campus liaison meeting between the local police and hospital authorities are being arranged daily, and

(v) Gherao and Slogan Shouting in the hospital campus have been prohibited.

In addition to the above, attempts are being made for over-all improvement of the hospital functions. To achieve the above objective the people are being involved more and more.

(b) Vandalism is already on the wane and further results awaited.

Enumeration of rationees in M. R. areas

461. (Admitted question No. 1341.) **Shri HUMAYOUN CHOWDHURY** Will the Minister-in-charge of Food and Supplies Department be pleased to state—

(a) whether the State Government has taken steps for enumeration of rationees from house to house under supervision of Gram Panchayats and Municipalities ; and

(b) if so,

(i) what is the progress in the matter so far, and

(ii) the reasons for slow progress, if any ?

Minister-in-charge of the Food and Supplies Department : (a) Yes, in the M. R. areas in the State.

(b) (i) The enumeration work is in progress and on the basis of such

enumeration till 26-3-84, 3,47,67,489 individual ration cards have already been issued in replacement of family identity cards.

(ii) Does not arise.

জনস্বাস্থ্য বিভাগের নির্বাহী বাস্তুকারের অফিস বারাসাতে স্থানান্তরকরণ

৪৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৮।) **শ্রীসরল দেব:** জনস্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য পাবলিক হেল্থ ডিপার্টমেন্ট এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ারের অফিস কল্যাণী হইতে বারাসাতে স্থানান্তরিত করার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, রাজ্য সরকার উক্ত সিদ্ধান্ত কার্যকরী করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

জনস্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) কিছু কর্মচারীর গাফিলতির জন্য স্থানান্তরিত করতে দেরী হয়ে গেল। এখন আমি ব্যাপারটি দেখছি যাতে অনতিবিলম্বে স্থানান্তরিত করা যায়।

কালচিনি ব্লকে স্বাস্থ্য কেন্দ্র

৪৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮২।) **শ্রীমনোহর তিরকী:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার কালচিনি ব্লকে মোট কয়টি স্বাস্থ্য কেন্দ্র আছে;

(খ) উক্ত ব্লকে নতুন স্বাস্থ্য কেন্দ্র নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) থাকিলে, কোথায় উহা নির্মাণ করা হবে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) মোট ২টি স্বাস্থ্য কেন্দ্র আছে—একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং একটি উপ-স্বাস্থ্য কেন্দ্র।

(খ) বর্তমানে নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

তফসিলী জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান নীতি

৪৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২৮।) **শ্রীরামপদ মাণ্ডি:** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তফসিলী জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাস বৃত্তি প্রদানের ক্ষেত্রে দূরত্বসীমার বিষয়ে কোন গুরুত্ব দেওয়া হয় কি ; এবং

(খ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত বিষয়ে কোন নির্দেশ সংশ্লিষ্ট জেলা কর্তৃপক্ষের নিকট জানানো হইয়াছে কি ?

তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ, তবে সরকারী অনুদানের সাহায্যে নির্মিত ছাত্রাবাসে বসবাসকারী ছাত্রদের বাসস্থান ৩ কিলোমিটারের মধ্যে হলেও ছাত্রাবাস বৃত্তি দেওয়া হয়। অবশ্য এসব ক্ষেত্রে দরিদ্রতর ছাত্রদের অগ্রাধিকার দেওয়া হয়।

(খ) এই মর্মে নির্দেশ সমস্ত জেলায় পাঠানো হয়েছে।

চটকল জাতীয়করণ সম্পর্কে কেন্দ্রীয় অভিমত

৪৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্যের চটকলগুলিকে জাতীয়-করণের জন্য রাজ্য বিধানসভায় যে প্রস্তাব গৃহীত হয়েছিল সে সম্পর্কে কেন্দ্রীয় সরকারের অভিমত জানা গেছে কি ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ না।

নিম্ন আয়ভুক্ত ব্যক্তি ও ক্ষুদ্র শিল্পীদের আর্থিক সাহায্য

৪৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯৯।) **শ্রীভুপেন্দ্রনাথ শেঠঃ** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৭০/৭৫ হাজার লোকের বসতিযুক্ত পৌর এলাকায় তফসিলী জাতি ও আদিবাসী ছাড়া অন্যান্য জাতির নিম্ন আয়ভুক্ত ব্যক্তি/ক্ষুদ্র শিল্পীদের স্পেশাল কম্পোনেন্ট স্কীম-এ আর্থিক সাহায্য দেওয়া হয় কিনা ; এবং

(খ) দেওয়া হইলে, সেই আর্থিক সাহায্য কি হারে দেওয়া হয় ?

তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ন্যায্য মূল্যের দোকান

৪৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪১।) **শ্রীউপেন্দ্র কিস্কুঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গণবণ্টন ব্যবস্থায় ন্যায্যমূল্যের দোকানের সংখ্যা কত, এবং
(খ) তফসিলী ও আদিবাসী এলাকার জন্য ন্যায্যমূল্যের দোকানের বিশেষ ব্যবস্থা আছে কি ?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৮,৮৯৩টি।

(খ) তফসিলী জাতি ও উপজাতিদের জন্য বিধানসভার সংরক্ষিত নির্বাচনী ক্ষেত্রে ন্যূনতম শর্তাবলী পূরণ সাপেক্ষে তফসিলী জাতি ও উপজাতি প্রার্থীদের ন্যায্য মূল্যের দোকান দেওয়ার ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হয়। এছাড়া দুর্গম এলাকাতে প্রয়োজনবোধে অনেক কম ইউনিটেও রেশন দোকান দেওয়া হয়। এতে এইসব এলাকার আদিবাসী ও তফসিলী জাতিরা উপকৃত হন।

মেদিনীপুর জেলায় প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের সংখ্যা

৪৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬১।) **শ্রীশিশির অধিকারীঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মেদিনীপুর জেলায় প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের সংখ্যা কত;
(খ) ঐ সকল বিদ্যালয়ে ছাত্র সংখ্যানুযায়ী প্রয়োজনীয় শিক্ষক আছেন কিনা;
(গ) না থাকিলে নিয়োগের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং
(ঘ) পরিকল্পনা থাকিলে কবে নাগাদ উক্ত শিক্ষক নিযুক্ত হইবে ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ২২,৭৫৫ জন।
(খ) প্রয়োজনের তুলনায় কম শিক্ষক আছেন।
(গ) আছে।
(ঘ) এ'বিষয়ে নির্দিষ্ট করে বলা সম্ভব নয়।

কাঁথি থানার অন্তর্গত স্বাস্থ্য কেন্দ্র বৈদ্যুতীকরণ

৪৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬৪।) **শ্রীশিশির অধিকারীঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার মাজনা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, নয়াপুট স্বাস্থ্য কেন্দ্র ও দৌলতপুর স্বাস্থ্য কেন্দ্রের বৈদ্যুতীকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং
(খ) থাকিলে, কবে নাগাদ বৈদ্যুতীকরণ হবে বলে আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

চালের উপর বিক্রয় কর

৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮০।) **শ্রীলালবিহারী ভট্টাচার্য:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, ভারতের অন্যান্য রাজ্যের ন্যায় পশ্চিমবঙ্গে চালের উপর বিক্রয় কর ধার্য হয়েছে কিনা?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়: হ্যাঁ। পশ্চিমবঙ্গে চালের উপর বিক্রয় কর ধার্য করা হয়েছে। পূর্বে চালকলগুলি যে ধান কিনত তার উপর শতকরা ২ টাকা হারে কর আদায় করা হোত। রাজ্য সরকারের পক্ষ থেকে এই কর তুলে দিয়ে ১-৬-১৯৮৩ তারিখ থেকে চালকলগুলিকে যে চাল তারা এস. সি আই. বা হোল সেলারদের বিক্রয় করবে তার উপর কর ধার্য করা হয়েছে। এছাড়া যে চাল এফ. সি. আই. রাজ্যের বাইরে থেকে এনে সরকারী বণ্টন ব্যবস্থার মাধ্যমে বিক্রয় করে বা রাজ্যের চালের পাইকারী ব্যবসায়ীরা যে চাল রাজ্যের ভিতরে কেনে বা বাইরে থেকে আনে তার উপরেও বিক্রয় কর ধার্য করা হয়েছে। বিক্রয় করের হার হল শতকরা ১ টাকা। চালের পাইকারী ব্যবসায়ীরা যে চালকলগুলি থেকে কেনে তার বিক্রয়ের ওপর কোন কর ধার্য হবে না।

ব্যক্তিগত রেশন কার্ড

৪৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১১।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পারিবারিক রেশন কার্ডের পরিবর্তে ব্যক্তিগত রেশন কার্ড চালু করার সিদ্ধান্ত রাজ্য সরকার কবে নিয়েছিলেন; এবং

(খ) ঐ সিদ্ধান্ত অনুযায়ী কাজ বর্তমানে সম্পূর্ণ হয়েছে কিনা?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ও (খ) ১৯৭৮ সালের ৯ই অক্টোবরের এক নির্দেশনামায় সংশোধিত রেশন এলাকার জন্য এই সিদ্ধান্ত নেওয়া হয়। কিন্তু মহামান্য হাইকোর্টের নির্দেশে এই কাজ বারে বারে স্থগিত হয়। মহামান্য হাইকোর্টের স্থগিতাদেশ উঠে যাওয়ার পরে ১৯৮৩ সালের জানুয়ারী মাসে এই কাজ চালু করার জন্য নূতন করে নির্দেশ দেওয়া হয় এবং ২৬-৩-১৯৮৪ পর্যন্ত ৩,৪৭,৬৭,৪৮৯টি ব্যক্তিগত রেশন কার্ড চালু করা হয়েছে।

শালবনী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র

৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭২৫।) **শ্রীসুন্দর হাজরা:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শালবনী থানায় শালবনী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ৫০টি শয্যা অনুমোদন করার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উক্ত প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে শয্যাসংখ্যা বাড়ানো হবে বলে আশা করা যায়?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

রঘুনাথগঞ্জ ২নং ব্লকে মহম্মদপুর সহায়ক স্বাস্থ্য কেন্দ্রের জন্য জমি অধিগ্রহণ

৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৪।) **শ্রীহবিবুর রহমান:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় রঘুনাথগঞ্জ ২নং ব্লকে মহম্মদপুর সহায়ক স্বাস্থ্য কেন্দ্রের জন্য কোন জমি অধিগ্রহণ করা হইয়াছে কি;

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে অধিগৃহীত জমির ক্ষতিপূরণের পরিমাণ কত; এবং

(গ) উক্ত স্বাস্থ্য কেন্দ্রটি কোন্ বৎসর চালু করা হইয়াছে এবং উহার কর্মী সংখ্যা কত?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) ক্ষতিপূরণের পরিমাণ ৪,৬০৮ টাকা।

(গ) ৬-১-১৯৭৮ তারিখে, ৭ (সাত) জন।

চটকল জাতীয়করণ

৪৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮০।) **শ্রীতারাপদ সাধুখাঁ** এবং **শ্রীকাশীনাথ মিশ্র:** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চটকলগুলিকে জাতীয়করণ করার পথে প্রধান প্রতিবন্ধকতা কি; এবং

(খ) চটকলগুলি বন্ধ থাকাতে বর্তমানে কতজন শ্রমিক ক্ষতিগ্রস্ত এবং কত শ্রম দিবস নষ্ট হয়েছে?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বিধানসভায় চটকল জাতীয়করণের জন্য এক সর্বসম্মত প্রস্তাব নিয়ে বিধানসভার সর্বদলীয় প্রতিনিধিবৃন্দ প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করে উহা গ্রহণের জন্য আবেদন করেন। কিন্তু তাহা গৃহীত হয় নাই। এ বিষয়ে প্রতিবন্ধকতা কি তাহা জানা নাই।

(খ) আনুমানিক ১,৮১,০০০ শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং ১৫ই মার্চ, ১৯৮৪ পর্যন্ত আনুমানিক ৯২,৩১,০০০ শ্রম দিবস নষ্ট হয়েছে।

সংস্কৃত ভাষা ও সাহিত্য শিক্ষা

৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০৬।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সংস্কৃত ভাষা ও সাহিত্য শিক্ষা বিষয়ে সরকারের কর্মসূচী কি ;

(খ) সংস্কৃত চতুষ্পাঠীগুলির বর্তমান দুরবস্থা সম্পর্কে সরকার অবহিত আছেন কিনা ; এবং

(গ) থাকিলে, সরকার ঐ বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় স্তরে অতি উচ্চ শ্রেণী ও উচ্চ মানের সাম্মানিক বিষয়ে সংস্কৃক পঠনপাঠন, স্নাতকোত্তর শ্রেণীতে উন্নত মানের গবেষণা, গবেষণাজনিত গ্রন্থ মুদ্রণ, অত্যুচ্চ মানের গবেষণা পত্রিকা প্রকাশন, অবসরপ্রাপ্ত অধ্যাপকদের জন্য মহাচার্য বিভাগ স্থাপনা।

(খ) অবস্থা সম্পর্কে সরকার সচেতন।

(গ) উক্ত অবস্থা সম্পর্কে পুঙ্খানুপুঙ্খভাবে অবহিত হতে সরকার চেষ্টা করছেন এবং সময়মত প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বিত হবে।

পশ্চিমবঙ্গে অনুমোদনপ্রাপ্ত নতুন ডিগ্রী কলেজ

৪৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৯।) **শ্রীপ্রশান্ত কুমার প্রধান ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ১৯৭৭-৭৮ থেকে ১৯৮৩-৮৪ আর্থিক বছরের প্রতি বছরে পশ্চিমবঙ্গ অনুমোদনপ্রাপ্ত নতুন ডিগ্রী কলেজের সংখ্যা কত ; এবং

(খ) ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালে অনুমোদনপ্রাপ্ত ডিগ্রী কলেজের জন্য রাজ্য সরকারের কত টাকা বাড়তি খরচ হয়েছে/হবে ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় :

(ক)	১৯৭৭-৭৮	...	...	..	...	৩টি
	১৯৭৮-৭৯	...	...	...	...	৩টি
	১৯৭৯-৮০	...	...	...	...	২টি
	১৯৮০-৮১	...	...	...	...	২টি
	১৯৮১-৮২	...	...	...	...	১৩টি
	১৯৮২-৮৩	...	...	...	...	২টি
	১৯৮৩-৮৪	...	...	...	...	—

(খ) ১৯৮৩-৮৪ সালে কোন নতুন কলেজকে অনুমোদন দেওয়া হয় নাই।

১৯৮২-৮৩ সালে অনুমোদনপ্রাপ্ত ২টি কলেজের মধ্যে একটি ক্ষেত্রে রাজ্য সরকারের ৮৫,৫০০.০০ টাকা খরচ হয়েছে। ভবিষ্যতে এই কলেজটির জন্য শিক্ষক ও শিক্ষাকর্মীদের বেতন বাবদ আনুমানিক ৪৬,০০০ টাকা প্রতি বছর খরচ হইবে বলিয়া মনে হয়।

অন্য কলেজটি আপাততঃ সরকার হইতে কোন অনুদান পায় নাই।

পশ্চিমবঙ্গে নতুন জুনিয়র হাই স্কুলের অনুমোদন

৪৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮৫।) **শ্রীসরল দেব :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ সালে পশ্চিমবঙ্গে কতগুলি নূতন জুনিয়র হাই স্কুল অনুমোদন পাইয়াছে ; এবং

(খ) কতগুলি জুনিয়র হাইস্কুলকে উন্নীতকরণ (আপগ্রেডেশন) করা হইয়াছে ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ১-১-৮৪ হতে রাজ্যে ৫০০টি জুনিয়র হাই স্কুল অনুমোদন অথবা উন্নীতকরণের ব্যবস্থা করা হয়েছে।

(খ) ১-১-৮৪ হতে ৩০০টি জুনিয়র হাই স্কুলকে হাই স্কুল-এ উন্নীতকরণের ব্যবস্থা করা হচ্ছে।

কয়লা ও সিমেণ্টে সম দর নীতি চালু

৪৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯২।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ :** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কয়লা ও সিমেণ্টে সম দর নীতি চালু থাকায় গত ৫ বছর থেকে এ পর্যন্ত রাজ্য সরকারের কত টাকা আর্থিক ক্ষতি হয়েছে ; এবং

(খ) ঐ নীতি প্রত্যাহারের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কোন প্রস্তাব করেছেন কি ?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) কয়লা ও সিমেন্টের বিক্রয়ের উপর নিয়মমাফিক কর ধার্য করা হচ্ছে। কিন্তু ১৯৫৬ সালের কেন্দ্রীয় বিক্রয়কর আইনের অধীনে কয়লাকে একটি 'ঘোষিত দ্রব্য' হিসাবে গণ্য করায় এই দ্রব্যের উপর বিক্রয় কর শতকরা ৪ ভাগের বেশী আরোপ করা চলে না। ফলে রাজ্য সরকারের প্রভূত আর্থিক ক্ষতি হয়েছে।

(খ) রাজ্য সরকার জাতীয় উন্নয়ন পরিষদ, পরিকল্পনা কমিশন, অর্থ কমিশন তথা কেন্দ্রীয় সরকারের কাছে এই নীতি পরিবর্তনের জন্য অহরহ দাবি জানিয়ে আসছেন।

২৪-পরগণা জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ স্থগিত

৪৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮৫।) **শ্রীসুভাষ নস্কর:** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে ২৪-পরগণা জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ স্থগিত আছে ;

(খ) সত্য হলে,—

(১) কারণ কি, এবং

(২) না হলে কবে নাগাদ নিয়োগ হতে পারে ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ২৪-পরগণা জেলায় প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগের উপর কলিকাতা হাইকোর্টে অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা থাকায় এবং বোর্ডের কোন প্যানেল না থাকায় বর্তমানে শিক্ষক নিয়োগ বন্ধ আছে।

(২) প্রশ্ন ওঠে না।

ঝাড়গ্রাম মহকুমার সেবায়াতন মহাবিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য বাস

৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৫।) **শ্রীঅবনীভূষণ সৎপথি :**—শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) ঝাড়গ্রাম মহকুমার সেবায়তন শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য কোন বাস দেওয়া হয়েছিল কিনা ;

(খ) দেওয়া হয়ে থাকলে তা কতদিন ধরে অচল অবস্থায় আছে ;

(গ) ঐ বাসটিকে সচল করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে কবে নাগাদ বাসটি চালু হবে বলে আশা করা যায় ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ১৯৬৭ সাল হইতে।

(গ) আপাতত নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

রবীন্দ্র রচনাবলীর সুলভ সংস্করণ

৪৮১। (অনুমোদিত প্রশ্ন নং ২০১৪।) **শ্রীবিমলাকান্তি বসুঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রবীন্দ্র রচনাবলীর সুলভ সংস্করণ এ পর্যন্ত কত ছাপা হইয়াছে এবং ছাপার খরচই বা কি পরিমাণ হইয়াছে ; এবং

(খ) এই ছাপা বাবদ বিশ্বভারতীকে কত টাকা রয়্যালটি দেওয়া হইয়াছে ?

শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) এ পর্যন্ত তিনটি খণ্ড ছাপা হয়েছে। ছাপার জন্য তিনটি খণ্ডের মোট খরচ ৬২,৮১,৬৮৭.৭৪ টাকা।

(খ) এই ছাপা বাবদ বিশ্বভারতীকে ১০,৬২,৫০০ টাকা রয়্যালটি দেওয়া হয়েছে।

সরকারী হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার নিয়োগ

৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪৩।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২ সালের জানুয়ারী হতে ১৯৮৪ সালের ফেব্রুয়ারী পর্যন্ত সরকারী বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রের জন্য ডাক্তার নিয়োগের সংখ্যা কত ;

(খ) উক্ত সময়ে অ্যাড হক বেসিস-এ কতজন ডাক্তার নিয়োগ করা হয়েছে ; এবং

(গ) বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ সহ সিনিয়র ডাক্তারদের বদলী করা হয়েছে কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ২,৩১৯ জন।

(খ) ৮২ জন।

(গ) হ্যাঁ।

Declination of Hilsa Fish in Hooghly estuary

483. (Admitted question No. 2049.) **Shri ABDUL MANNAN :** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) whether it is a fact that availability of Hilsa fiish in the Hooghly estuary has declined during the past two years ; and

(b) if so,

(i) the factors responsible for such decline,

(ii) the quantity of Hilsa fish netted in the Hooghly estuary during 1981, 1982 and 1983, and

(iii) the steps taken by the State Government in the matter ?

Minister-in-charge of the Fisheries Department : (a) No, there is no such report.

(b) Does not arise.

(ii) Figures not available as the same are not collected.

(iii) Does not arise.

আর জি. কর মেডিক্যাল কলেজ ছাত্রাবাস

৪৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫৮।) **শ্রীসত্যরঞ্জন বাপুলি:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আর. জি. কর মেডিক্যাল কলেজের ছাত্রাবাসগুলি সংস্কারের দায়িত্ব কাহার উপর দেওয়া হয়েছে ;

(খ) উক্ত ছাত্রাবাসগুলির জরাজীর্ণ অবস্থা সম্পর্কে সরকার কি পূর্ব থেকে অবহিত ছিলেন ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) সরকারী ছাত্রাবাসগুলির সংস্কারের দায়িত্ব রাজ্য সরকারের পূর্ত বিভাগের আর ভাড়া-করা বেসরকারী বাড়ীতে যেসব ছাত্রাবাস আছে সে বাড়ীগুলির সংস্কারের দায়িত্ব সংশ্লিষ্ট বাড়ীর মালিকদের।

(খ) সরকারী ছাত্রাবাসগুলি জরাজীর্ণ নয়। বেসরকারী ছাত্রাবাসের সংস্কারের দায়িত্ব বাড়ির মালিকের। তাঁরা সংস্কার না করায় আবাসিক ছাত্রদের স্বার্থে মাঝে মাঝে সরকারী খরচে এগুলির মেরামতির কাজ চলে আসছে।

কোচবিহারে হোমিওপ্যাথি কলেজ স্থাপন পরিকল্পনা

৪৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬৮।) **শ্রীবিমলকান্তি বসু:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় পশ্চিমবঙ্গ সরকার একটি হোমিওপ্যাথি কলেজ স্থাপনের যে পরিকল্পনা গ্রহণ করিয়াছেন তাহা কার্যকরী করিবার জন্য এই দপ্তর কতদুর অগ্রসর হইয়াছেন; এবং

(খ) এই প্রকল্পটি বাস্তবায়িত করিতে কত সময় লাগিতে পারে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ও (খ) সরকারের আর্থিক সঙ্গতি সাপেক্ষে কোচবিহার জেলায় হোমিওপ্যাথিক কলেজ নির্মাণের প্রকল্পটি সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছিল। আশা করা যায় বর্তমান আর্থিক বছরে (১৯৮৪-৮৫) প্রকল্পটি নিয়ে অগ্রসর হওয়া সম্ভব হবে।

সেন্ট্রাল স্টোর্স কর্তৃক ঔষধ সরবরাহ

৪৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭২।) **শ্রীবিমলকান্তি বসু:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হাসপাতালগুলিতে সেন্ট্রাল স্টোর্সের সরবরাহ করা ঔষধের পরিমাণ প্রয়োজনের তুলনায় কম হইলে উক্ত প্রয়োজন মিটাইবার জন্য কোন সরকারী নির্দেশনামা (জি. ও.) আছে কি; এবং

(খ) উত্তর হ্যাঁ হইলে, কি জাতীয় ঔষধ এই নির্দেশনামাবলে স্থানীয়ভাবে ক্রয় করা যায়?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ, আছে।

(খ) কেবলমাত্র জরুরীভিত্তিক জীবনদায়ী ঔষধই এই আদেশবলে ক্রয় করা যায়।

Right of strikes by Doctors

487. (Admitted question No. 2083.) **Shri Sk. Anwar Ali:** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) whether the State Government has examined the suggestion of the Indian Medical Association suggesting that the Doctors in the State Health Services should have the right to strike under extreme circumstances; and

(b) if so, decision taken by the State Government in the matter ?

Minister-in-charge of the Health and Family Welfare Department: (a) Yes.

(b) The State Government do not consider it necessary to modify the existing rules in the matter.

সুন্দরবনে নোনা ফিসারী অনুমোদন

৪৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৫।) **শ্রীসুভাষ নস্কর:** মৎস্য বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সুন্দরবন থানা এলাকায় বহু স্থানে কৃষিযোগ্য জমিতে নোনা ফিসারী করার অনুমোদন দেওয়া হয়েছে ; এবং

(খ) সত্য হলে কতগুলি ও কোন্ কোন্ থানা এলাকায় ঐরূপ অনুমতি দেওয়া হয়েছে ?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) থানাওয়ারী মোট অনুমোদিত নোনা ফিসারীর হিসাব নিম্নে দেওয়া হইল :

	থানার নাম	অনুমোদিত নোনা ফিসারীর সংখ্যা
১।	ডায়মণ্ডহারবার	১৪
২।	ক্যানিং	১৮
৩।	বাসন্তী	৯
৪।	কুলতলী	১০
৫।	হাড়োয়া	১৭০
৬।	সন্দেশখালি	১১৬
৭।	বসিরহাট	৫৪
৮।	মিনাখাঁ	৪৮
৯।	হাসনাবাদ	৪৩
১০।	হিঙ্গলগঞ্জ	৪
১১।	গোসাবা	৭
	মোট	৪৯৩টি

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও কমিউনিটি হেল্‌থ সার্ভিস উন্নয়নের জন্য অর্থবরাদ্দ

৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৩৪।) **শ্রীউপেন্দ্র কিস্‌কু:** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অষ্টম অর্থ কমিশনে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলির উন্নতি এবং কমিউনিটি হেল্‌থ সার্ভিসের জন্য কোন অর্থ বরাদ্দ চাওয়া হয়েছিল কিনা; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে,—

(১) কত অর্থ চাওয়া হয়েছিল, ও

(২) এ সম্পর্কে অষ্টম অর্থ কমিশনের রিপোর্টে কোন উল্লেখ আছে কি?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) রাজ্য সরকারের স্বাস্থ্য দপ্তর এ বিষয়ে কিছু জানেন না।

(খ) প্রশ্ন উঠে না।

কেন্দ্রীয় সরকারের অধীন প্রতিষ্ঠানগুলি থেকে আর্থিক সাহায্য

৪৯০। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৬৫।) **শ্রীঅমলেন্দ্র রায়:** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকারের অধীন আর্থিক প্রতিষ্ঠানগুলি থেকে বিগত পাঁচ বছর পশ্চিমবঙ্গ সরকার কি পরিমাণ আর্থিক সহায়তা পেয়েছে; এবং

(খ) ঐ সময়ে উক্ত প্রতিষ্ঠানগুলির সামগ্রিক আর্থিক সহায়তা দানের পরিমাণ কি ছিল?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) নিম্নে তালিকা দেওয়া হইল।

(খ) কেন্দ্রীয় সরকারের অধীন কয়েকটি আর্থিক প্রতিষ্ঠানের সামগ্রিক সহায়তা দানের পরিমাণ নিচে দেওয়া হল। (রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া কর্তৃক প্রকাশিত—'রিপোর্ট অন কারেন্সি এণ্ড ফিনান্স' এর-তথ্যানুযায়ী:

(কোটি টাকার হিসাবে)

	১৯৭৮-৭৯	১৯৭৯-৮০	১৯৮০-৮১	১৯৮১-৮২	১৯৮২-৮৩
১। লাইফ ইন্‌সিওরেন্স কর্পোরেশন অব ইণ্ডিয়া (LIC)	৩১.৭	৬৫.৫	১৬৯.৩	২০১.২	১৪৫.৩

(কোটি টাকার হিসাবে)

	১৯৭৮-৭৯	১৯৭৯-৮০	১৯৮০-৮১	১৯৮১-৮২	১৯৮২-৮৩
২। ন্যাশনাল কো-অপারেটিভ ডেভে-লপমেন্ট কর্পোরেশন (NCDC)	৪৭.৫০	৫৫.০০	৬৫.০০	৯২.০০	৯৬.০০
৩। জেনারেল ইন-সিওরেন্স কর্পোরেশন অব ইণ্ডিয়া এবং অধীন সংস্থাসমূহ (GIC & its subsidiaries)	(ক)	৫২.০০	৪৪.০৪	৩৩.৭০	৪৪.৭০
৪। ন্যাশন্যাল ব্যাংক ফর এগ্রিকালচার এণ্ড রুরাল ডেভেলপমেন্ট (NABARD)	২৮৪.৮৭	৪১২.২৩	৪৯৮.৭৯	৬০০.২৩	৭০২.৬৯

(ক) তথ্য পাওয়া যায় নাই।

Statement referred to in reply to clause 'Ka' of Q. No. 490 (Admitted Q. No. 2565)

কেন্দ্রীয় সরকারের অধীনস্থ আর্থিক প্রতিষ্ঠানগুলি থেকে বিগত পাঁচ বছরে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রাপ্ত আর্থিক সহায়তার হিসাব

(কোটি টাকার হিসাবে)

	১৯৭৯-৮০ (প্রকৃত)	১৯৮০-৮১ (প্রকৃত)	১৯৮১-৮২ (প্রকৃত)	১৯৮২-৮৩ (প্রকৃত)	১৯৮৩-৮৪ সংশোধিত	১৯৭৯-৮০ থেকে ১৯৮৩-৮৪
১। লাইফ ইন্সিওরেন্স কর্পোরেশন অফ ইণ্ডিয়া (LIC)	২.০৩	৫.১৮	...	৭.০১	৫.৭০	১৯.৯২
২। ন্যাশনাল কো-অপারেটিভ ডেভে-লপমেন্ট কর্পোরেশন (NCDC)	২.১৬	১.৮৮	৩.৯৫	২.৭২	৫.০৯	১৫.৮০

(কোটি টাকার হিসাবে)

	১৯৭৯-৮০ (প্রকৃত)	১৯৮০-৮১ (প্রকৃত)	১৯৮১-৮২ (প্রকৃত)	১৯৮২-৮৩ (প্রকৃত)	১৯৮৩-৮৪ সংশোধনী	১৯৭৯-৮০ থেকে ১৯৮৩-৮৪
৩। জেনারেল ইন্সিওরেন্স কর্পোরেশন (GIC)	...	...	৩.০৪	২.৬৯	৪.৫৭	১০.৩০
৪। রিজার্ভ ব্যাংক NAC (Ltd) Fund of RBI	...	২.৪২	০.৫৪	০.৪০	...	৩.৩৬
৫। কৃষি ও গ্রামীণ উন্নয়নের জন্য জাতীয় ব্যাংক [NRC (Ltd) Fund of NABARD]	...	...	...	...	১.০০	১.০০

অঞ্জনা নদীতে মৎস্য উৎপাদন কেন্দ্র

৪৯১। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৭৭।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর অঞ্জনা নদীতে অবস্থিত মৎস্য উৎপাদন কেন্দ্রে গত তিন বছরে মৎস্য উৎপাদনের পরিমাণ কত ?

(খ) উক্ত উৎপাদনের কত পরিমাণ মৎস্য বিক্রয় করা হইয়াছে ও তাহার মূল্য কত ;

(গ) উহাতে কত টাকা লাভ বা লোকসান হইয়াছে ; এবং

(ঘ) লোকসান হইয়া থাকিলে তাহার কারণ কি ?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) মৎস্য—২৪,৫৮১ কেজি, মৎস্যবীজ—২৭,৪৪,০০০।

(খ) মৎস্য—২৪,৫৮১ কেজি, মৎস্যবীজ—২৭,৪৪,০০০। মূল্য ৩,৫৪,৫৪৬ টাকা ৪৪ পয়সা।

(গ) ১৩,০৯০ টাকা ৪৮ পয়সা লাভ হইয়াছে।

(ঘ) প্রশ্নই ওঠে না।

পার্বত্য এলাকায় মৎস্যচাষ

৪৯২। (অনুমোদিত প্রশ্ন নং ২৬২৩।) **শ্রীনীরোদ রায়চৌধুরী:** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পার্বত্য এলাকায় মৎস্যচাষের জন্য কি কি প্রকল্প বর্তমানে সরকার হাতে নিয়েছেন ; এবং

(খ) মিরিক সরকারী জলাধারে বছরে কি পরিমাণ মাছ উৎপাদিত হয় ?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) পার্বত্য এলাকায় ঝোরাতে মৎস্যচাষের জন্য বর্তমানে সরকার একটি সুসংহত প্রকল্পের অধীনে পাঁচটি উপ-প্রকল্প গ্রহণ করেছেন। এগুলি হল :

(১) কার্শিয়াং মহকুমার মিরিক জলাধারে মৎস্যচাষ ও মিরিকে একটি গবেষণা কেন্দ্র স্থাপনের প্রকল্প ;

(২) কালিম্পঙে ঝোরার জলপুষ্ট পুকুরে মৎস্যচাষ পদ্ধতি হাতেকলমে শেখাবার উদ্দেশ্যে প্রশিক্ষণ তথা প্রদর্শন ক্ষেত্র স্থাপন প্রকল্প ;

(৩) মৎস্যচাষ প্রযুক্তি বিষয়ে মৎস্যচাষী/মৎস্যজীবীদের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের প্রকল্প ;

(৪) ঝোরার জলপুষ্ট পুকুরে মালিকগণকে বিনামূল্যে মৎস্যবীজ বিতরণ প্রকল্প ; এবং

(৫) দার্জিলিং জেলার পাহাড়ী এলাকায় ঝোরার জলপুষ্ট পুকুর তৈরি, পুরানো পুকুর সংস্কার এবং তাতে মৎস্যচাষ প্রকল্প।

(খ) মিরিক জলাধার থেকে কোনও মাছ ধরা হয় না। শুধুমাত্র মৎস্য শিকারী-দের ছিপে মাছ ধরার জন্য পারমিট দেওয়ার পরিকল্পনা আছে। এ কারণে বছরে উৎপাদিত মাছের পরিমাণ নির্ণয় করা হয় নি।

রাজ্যে মাছের চাহিদা

৪৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৪৫।) **শ্রীনীরোদ রায়চৌধুরী:** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে এ রাজ্যে মাছের চাহিদা কত ;

(খ) চাহিদার ও যোগানের মধ্যে কতখানি পার্থক্য রয়েছে ;

(গ) এই ঘাটতি মেটাবার ব্যাপারে বাইরের রাজ্য থেকে মাছ আমদানি করার পরিকল্পনা আছে কিনা ;

(ঘ) থাকলে, কোন্ কোন্ সংস্থার মাধ্যমে মৎস্য আমদানি করা হবে ; এবং

(ঙ) এ ব্যাপারে মৎস্য সমবায় সমিতিগুলির কোন ভূমিকা আছে কি ?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ন্যাশনাল কমিশন অন এগ্রিকালচার-এর হিসাব অনুসারে পুষ্টির প্রয়োজনে পশ্চিমবঙ্গে মাছের বার্ষিক চাহিদা ৫ লক্ষ ৩৭ হাজার মেট্রিক টন। তবে পশ্চিমবঙ্গের অধিবাসীদের খাদ্যাভ্যাসের ভিত্তিতে মাছের বার্ষিক চাহিদা ৮ লক্ষ ৮০ হাজার মেট্রিক টন।

(খ) বর্তমানে বার্ষিক যোগানের পরিমাণ ৩ লক্ষ ৩৭ হাজার মেট্রিক টন। সুতরাং ঘাটতি যথাক্রমে ২ লক্ষ মেট্রিক টন এবং ৫ লক্ষ ৪৩ হাজার মেট্রিক টন।

(গ) হ্যাঁ, আছে।

(ঘ) রাজ্য সরকারী সংস্থা স্টেট ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিঃ মারফত মাছ আমদানি করা হচ্ছে।

(ঙ) বাইরের রাজ্য থেকে মাছ আমদানির ব্যাপারে সমবায় সমিতিগুলির সরাসরি কোন ভূমিকা নেই।

মিনার, ছবিঘর ও প্রাচী সিনেমায় ধর্মঘট

৪৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৬:৪।) **শ্রীনিরঞ্জন মুখার্জী:** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলকাতার মিনার, ছবিঘর ও প্রাচী সিনেমায় শ্রম দপ্তর কৃত বেতনক্রম ইত্যাদি চালুর দাবিতে ধর্মঘট চলছে ;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে কতদিন যাবৎ ধর্মঘট চলছে এবং কতজন শ্রমিক-কর্মচারী এই ধর্মঘটের সাথে যুক্ত ;

(গ) ধর্মঘট চলাকালীন সময়ে মিনার সিনেমায় তিনজন কর্মচারীর মৃত্যু হয়েছে এই মর্মে কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি ; এবং

(ঘ) উক্ত ধর্মঘট মীমাংসার বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) মিনার সিনেমায় ১৮ই মার্চ, ১৯৮৩ থেকে ধর্মঘট চলছে। ৩৫ জন কর্মচারী জড়িত।

(২) ছবিঘর সিনেমায় ১১ই জুন, ১৯৮৩ থেকে ধর্মঘট চলছে। ৩১ জন কর্মচারী জড়িত।

(ঙ) প্রাচী সিনেমায় ১১ই জানুয়ারি, ১৯৮৩ থেকে ধর্মঘট চলছে। ২৮ জন কর্মচারী জড়িত।

(গ) না।

(ঘ) মীমাংসার জন্য চেষ্টা চালানো হচ্ছে।

নরসিংহপুর "গণেশ ফ্লাওয়ার মিল"

৪৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৫১।) **শ্রীসরল দেব:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য বারাসাত ১ নম্বর ব্লকের অধীনে নরসিংহপুরে সরকারের পরিচালনায় "গণেশ ফ্লাওয়ার মিল" তৈয়ারি হইতেছে; এবং

(খ) সত্য হইলে উক্ত প্রকল্পে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ হইতে লোক নিয়োগ করা হইবে কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

কেন্দ্রীয় সরকার সরবরাহকৃত চিনির পরিমাণ

৪৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭৩) **শ্রীধীরেন্দ্রনাথ সেন:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ডিসেম্বর '৮৩ এবং জানুয়ারী ও ফেব্রুয়ারী '৮৪ সময়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট হইতে রেশন বণ্টনের জন্য কত পরিমাণ চিনি পাইয়াছেন; এবং

(খ) উক্ত সময়ে এফ. সি. আই. কত পরিমাণ চিনি সরবরাহ করেছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) এবং (খ) গত ডিসেম্বর '৮৩ এবং জানুয়ারী ও ফেব্রুয়ারী '৮৪-তে কেন্দ্রীয় সরকার হইতে এই রাজ্যে বণ্টন ব্যবস্থার জন্য লেভী চিনির বরাদ্দ ও এফ. সি. আই. কর্তৃক সরবরাহের পরিমাণ ছিল নিম্নরূপ:

(এম. টি.-তে)

মাস	কেন্দ্রীয় বরাদ্দ	এফ. সি. আই. কর্তৃক সরবরাহ
ডিসেম্বর '৮৩	২১,৯৬১	১৫,৫৬৫
জানুয়ারী '৮৪	২১,৯৬১	২০,৬৮৭
ফেব্রুয়ারী '৮৪	২৪,৪৬১.৭	২৫,৫৮০
মোট —	৬৮,৩৮৩.৭	৬১,৮৩২

রামপুরহাট কলেজের অধ্যক্ষের শিক্ষাগত যোগ্যতা

৪৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০৫) **ডাঃ মোতাহার হোসেনঃ** ১৯৮২ সালের ৮ই অক্টোবর তারিখের প্রশ্ন নং ১৬৯ (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭৭)-এর উত্তর উল্লেখপূর্বক শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলেজের অধ্যক্ষ নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা রামপুরহাট কলেজের বর্তমান অধ্যক্ষের আছে কি ;

(খ) থাকিলে, ম্যাট্রিক/মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক/আই. এ., বি. এ. (অনার্স), এম. এ.-তে তাঁর শতকরা হিসাবে প্রাপ্ত নম্বর কত ছিল ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) এবং (খ) রামপুরহাট কলেজের বর্তমান অধ্যক্ষের শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ :

(১) মাধ্যমিক—৫২.৮%

(২) আই. এ.—৪৭.২%

(৩) বি. এ. (পাসকোর্স)

(৪) বি. এ. (বাংলায় বিশেষ অনার্স)—৫০.৩%

(৫) এম. এ. (বাংলা)—৪৯.৬%

(৬) কলেজে শিক্ষকতার অভিজ্ঞতা পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন কর্তৃক অধ্যক্ষ পদের জন্য নির্বাচিত হইবার সময় তাঁর কলেজে শিক্ষকতার অভিজ্ঞতা ১৫ বৎসরের বেশী ছিল। উক্ত অধ্যক্ষের এম. এ.-তে প্রাপ্ত ৪৯.৬% নম্বর পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন গাণিতিক নিয়ম অনুসারে ৫০%-এর তুলনীয় ধরিয়া তাঁহাকে অধ্যক্ষ পদে যোগ্য বলিয়া নির্বাচিত করিয়াছেন।

মুরারই গ্রামীণ হাসপাতাল

৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০৯।) **ডাঃ মোতাহার হোসেনঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার মুরারই গ্রামীণ হাসপাতালটির নির্মাণকার্য কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) কবে নাগাদ উক্ত হাসপাতালটি চালু হবে বলে আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বলা যায় শতকরা ৯০ ভাগ নির্মাণকার্য সম্পন্ন হয়েছে।

(খ) এখনই সঠিক বলা সম্ভব নয়।

নদীয়া জেলার শ্যামনগর সহায়ক স্বাস্থ্যকেন্দ্র

৪৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৮।) **শ্রীমাধবেন্দু মোহান্ত:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার শ্যামনগর সহায়ক স্বাস্থ্য কেন্দ্রে কয়টি শয্যার ব্যবস্থা আছে ; এবং

(খ) ঐ স্বাস্থ্যকেন্দ্রে নিয়মিত রোগী ভর্তি করা হয় কিনা ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) দুইটি।

(খ) হ্যাঁ।

আসানসোল মহকুমায় নতুন কলেজ স্থাপন

৫০০। (অনুমোদিত প্রশ্ন নং ২৯০৫।) **শ্রীবামাপদ মুখার্জী:** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোল মহকুমায় ক্রমবর্ধমান ছাত্র-ছাত্রীর সংখ্যানুপাতে নতুন কোন কলেজ স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকলে, কতগুলি এবং কোথায় কোথায় কলেজগুলি স্থাপন করা হবে ; এবং

(গ) উপরের "ক" প্রশ্নের উত্তর "না" হলে, বর্তমান কলেজগুলির আসন সংখ্যা বাড়ানোর কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) আপাতত: নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) বর্তমানে নাই।

আসানসোলে প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্র

৫০১। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৫৯।) **শ্রীবামাপদ মুখার্জী:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় কতগুলি প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে ; এবং

(খ) উক্ত সেবাকেন্দ্রে ডাক্তার ও ফার্মাসিস্ট আছে কি না ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) উক্ত মহকুমায় বর্তমানে সাতটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং আঠারটি উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে।

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলির মধ্যে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং দুইটি উপ-স্বাস্থ্যকেন্দ্রে কোন ডাক্তার নাই। এছাড়া পাঁচটি উপ-স্বাস্থ্যকেন্দ্রে কোন ফার্মাসিস্ট নেই।

টি ডি সি সি মারফত আদিবাসীদের ভোগ্যসামগ্রী ন্যায্যমূল্যে বণ্টন

৫০২। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৬৩।) **শ্রীআনিসুর রহমান বিশ্বাস :** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) টি ডি সি সি মারফত ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ সালে কত টাকার অত্যাবশ্যকীয় ভোগ্যসামগ্রী ন্যায্যমূল্যে আদিবাসীদের দেওয়া হয়েছে ;

(খ) সরকার কর্তৃক উক্ত সংস্থার আওতায় সমস্ত আদিবাসী অঞ্চলকে আনা হয়েছে কি ; এবং

(গ) না হলে, এ সম্বন্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ১৯৮২-৮৩ সমবায় বছরে (১-৭-১৯৮২ থেকে ৩০-৬-১৯৮৩) ২৫ লক্ষ ৬৮ হাজার ৭৩৪ টাকার এবং ১৯৮৩-৮৪ সমবায় বছরের ৩১-১২-১৯৮৩ পর্যন্ত ১৮ লক্ষ ৬৯ হাজার ৬৩০ টাকার।

(খ) না। পশ্চিমবঙ্গের যেসব জায়গায় ল্যাম্প সমিতি গঠিত হয়েছে টি ডি সি সি কেবল সেইসব এলাকাতেই কাজ করছে।

(গ) প্রস্তাবিত আরও বেশ কিছু ল্যাম্পস্ সমিতির জন্য এলাকা চিহ্নিত করা হয়েছে।

পুরুলিয়া জেলার কাশীপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

৫০৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৯১।) **শ্রীসুরেন্দ্রনাথ মাঝি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার কাশীপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অপারেশন থিয়েটার খোলার কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কবে নাগাদ উক্ত কাজ আরম্ভ হইবে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

মেদিনীপুর জেলায় হোমিওপ্যাথিক হাসপাতাল

৫০৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৯৯।) **শ্রীবিভূতিভূষণ দে:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ১৯৮৪-৮৫ আর্থিক বছরে মেদিনীপুর জেলায় হোমিওপ্যাথিক হাসপাতাল নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হলে কবে নাগাদ তা কার্যকরী করা হবে ; এবং

(গ) কোথায় কোথায় হবে ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

খড়িকামাথানী স্বাস্থ্যকেন্দ্রের জন্য ইউনিসেফ-এর গাড়ি

৫০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৩২।) **শ্রীঅনন্ত সরেন:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ঝাড়গ্রাম মহকুমার নয়াগ্রাম থানার খড়িকামাথানী স্বাস্থ্যকেন্দ্রের জন্য ইউনিসেফ-এর কোনও গাড়ি মঞ্জুর করা হয়েছিল কি ;

(খ) করা হয়ে থাকলে উক্ত গাড়ি স্বাস্থ্যকেন্দ্রকে দেওয়া হয়েছে কি ; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর না হলে উক্ত স্বাস্থ্যকেন্দ্রে গাড়ি দেবার কোনও পরিকল্পনা আছে কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ হয়েছে।

(খ) সাময়িক প্রয়োজনে গাড়িটি এখনও চন্দ্রকোণা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে দেওয়া আছে।

(গ) সাময়িক প্রয়োজন মিটে গেলেই উক্ত গাড়িটি আবার খড়িকামাথানী স্বাস্থ্য-কেন্দ্রে ফিরে যাবে। এমতাবস্থায় নতুন কোনও গাড়ি দেবার প্রশ্ন ওঠে না।

তপসিয়া স্বাস্থ্যকেন্দ্রের শয্যা-সংখ্যা

৫০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৪৯।) **শ্রীসুনীল দে:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার তপসিয়া স্বাস্থ্যকেন্দ্রটির শয্যা-সংখ্যা বাড়ানোর ব্যাপারে সরকারের কোন পরিকল্পনা আছে কি ;

(খ) থাকলে, কয়টি শয্যা বাড়ানো হবে ;

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রটি বৈদ্যুতীকরণের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(ঘ) "গ" প্রশ্নের উত্তর হ্যাঁ হলে কবে নাগাদ উহা বাস্তবায়িত হবে ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) না।

(খ) ও (ঘ) প্রশ্ন ওঠে না।

(গ) বর্তমানে নেই।

খ্রীস্টীয় সেবানিকেতনে আর্থিক অনুদান

৫০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৮০।) **শ্রীমোহিনী মোহন পাণ্ডা :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার সারেঙ্গাস্থিত খ্রীস্টীয় সেবানিকেতনকে রাজ্য সরকার কোন আর্থিক অনুদান দিয়ে থাকেন কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হলে ১৯৮০-৮১, ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে উক্ত প্রতিষ্ঠানকে কত টাকা দেওয়া হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ।

(খ) ১৯৮০-৮১—২,৩৮,০০০ টাকা, ১৯৮১-৮২—১,৯০,০০০ টাকা, ১৯৮২-৮৩—৩,১৫,০০০ টাকা, ১৯৮৩-৮৪—২,৪৮,০০০ টাকা।

বি. সি. রায় স্যানাটোরিয়ামে বিভিন্ন শূন্য পদ

৫০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৮৮।) **শ্রীঅরুণকুমার গোস্বামী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ধুবুলিয়াতে ডাঃ বি. সি. রায় চেস্ট স্যানাটোরিয়ামে ১২ জন ডাক্তার, ৫৬ জন নার্স ও ৫০ জন চতুর্থ শ্রেণী কর্মী—রেডিওলজিস্ট, প্যাথোলজিস্ট-এর পদ খালি আছে ; এবং

(খ) সত্য হলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ। তবে চতুর্থ শ্রেণীর কোন পদ খালি নাই।

(খ) শূন্য পদগুলি যথাসম্ভব শীঘ্রই পূরণ করা হইবে।

ময়না প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের শয্যা

৫০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩১০৮।) **শ্রীপুলিন বেরা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কতগুলি শয্যা অনুমোদিত হয়েছে ;

(খ) উক্ত শয্যা স্থাপন করা হয়েছে কি ;

(গ) না হলে, তার কারণ কি ; এবং

(ঘ) কতদিনের মধ্যে শয্যা স্থাপন করা হবে বলে আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) দশটি।

(খ) না।

(গ) প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী কাজে যোগ না দেওয়ার জন্য হয় নাই।

(ঘ) শীঘ্রই।

শালবনী থানার ফডার ফার্মে গভীর নলকূপ

৫১০। (অনুমোদিত প্রশ্ন নং ৩২২৮।) **শ্রীসুন্দর হাজরা ঃ** পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় শালবনী থানার ফডার ফার্মে কতগুলি গভীর নলকূপ আছে ; এবং

(খ) উক্ত গভীর নলকূপের মধ্যে বর্তমানে কতগুলি চালু আছে ?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) মেদিনীপুর জেলায় শালবনী থানার ফডার ফার্মে মোট ছয়টি গভীর নলকূপ আছে।

(খ) বর্তমানে মোট তিনটি গভীর নলকূপ চালু আছে।

শ্রীসরল দেব ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ঐ কংগ্রেস (ই)-রা আইন-শৃঙ্খলার কথা বলেন। আজকে দেখতে পাচ্ছি ওঁরাই আইন শৃঙ্খলা ভঙ্গ করছেন। একজন কুখ্যাত গুণ্ডা হমেন মণ্ডলকে ছাড়াবার জন্য ওরা গেছে। ওরাই গুণ্ডা, ওরাই সমাজবিরোধী।

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার : Please take your seat.

(গোলমাল)

শ্রীকৃপাসিন্ধু সাহা : স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, হেমেন মণ্ডলকে একজন সমাজবিরোধী, একজন হত্যাকারী, একজন গুণ্ডা, তাকে ছাড়াবার জন্য ওরা গিয়েছে।

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার : Please take your seat. I am on my legs.

শ্রীসরল দেব : স্যার, ওরাই সমাজবিরোধীদের প্রশ্রয় দেয়। হেমেন মণ্ডলকে ছাড়াবার জন্য সুনীতি চট্টরাজ এবং প্রফুল্লকান্তি ঘোষ গিয়েছিলেন।

(গোলমাল)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল হেমেন মণ্ডল জেলখানা থেকে ছাড়া পেয়েছে। একজন কুখ্যাত গুণ্ডা, সমাজবিরোধী, হত্যাকারী এই হেমেন মণ্ডলের সম্বন্ধে ওদেরই দলের অজিত পাঁজা অনেক কথা বলেছিলেন···

(গোলমাল)

ঐ সুনীতি চট্টরাজ এবং আরও অনেকে তাকে জেলখানা থেকে ফুলের মালা গলায় দিয়ে ব্যাণ্ড ব্যাকপাইপ বাজিয়ে নিয়ে এসেছে।

(গোলমাল)

এতে আমি মনে করি সভার মর্যাদা হানি হয়েছে। আমি এ সম্বন্ধে আপনার রুলিং চাই।

(গোলমাল)

শ্রীআবদুল মান্নান : আমি একটা পয়েন্ট অব অর্ডার তুলতে চাই। রুল ২৪-এ আছে—আমি পড়ে শোনাচ্ছি—

নয়েজ এ্যাণ্ড ইণ্টারাপশন

শ্রীসরল দেব : আমার পয়েন্ট অব অর্ডারের কি হলো ? যাঁরা বলছেন, রাজ্যে আইন-শৃংখলা নেই, সেই দলের দু'জন সদস্য সুনীতি চট্টরাজ এবং প্রফুল্ল কান্তি ঘোষ ফুলের মালা নিয়ে ব্যাণ্ড পার্টি নিয়ে তাকে অভ্যর্থনা করতে গেছেন—

(গোলমাল)

শ্রীসুনীতি চট্টরাজ : অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় সদস্যরা কাগজে দেখে একটা কথা এখানে বলেছেন। কাগজে যা কিছু বেরোয়, সব কি সত্য হয় ? সেটা পয়েন্ট অব অর্ডার আসে না, প্রথম কথা। দ্বিতীয় কথা হচ্ছে আমার নামে যা বেরিয়েছে তা অসত্য।

(গোলমাল)

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনাকে জানাতে চাই, বারবার আমরা দেখেছি, আমাদের দমদমের লাগোয়া এলাকাতে দমদমের যারা কুখ্যাত সমাজবিরোধী, যেমন গোরা রায়, নান্টু বোস, তাদের লিডার ছিলেন শত ঘোষ। কিছুদিন আগে গোরা রায় একটা খুন করলো, তাকে শেলটার দেওয়া হলো শত ঘোষের বাড়িতে। হেমেন মণ্ডল সারা পশ্চিমবংগের মধ্যে একজন কুখ্যাত গুণ্ডা, গতকাল জেলখানা থেকে কয়েকজন কংগ্রেসের সদস্য ফুলের মালা দিয়ে নিয়ে এলেন বীরের সম্মান দিয়ে। সামনে ইলেকশন, সুতরাং এরা সমস্ত মস্তানদের অর্গানাইজ করছে। এর বিরুদ্ধে সমস্ত মানুষের ঐক্যবদ্ধ হতে হবে। আজকে ভোটের আগে এই ধরনের মস্তানদের অর্গানাইজ করে গণতন্ত্রকে নষ্ট করবার চেষ্টা করা হচ্ছে এবং পশ্চিমবংগের শান্তিপূর্ণ পরিবেশকে ধ্বংস করার চেষ্টা হচ্ছে। এর রিং লিডার হচ্ছেন শত ঘোষ। এই ঘৃণ্য চক্রান্ত কংগ্রেসীরা করছে। আমি এর তীব্র প্রতিবাদ করছি।

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার : প্লিজ টেক ইয়োর সিট।

শ্রীদীপক সেনগুপ্ত : একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করছি এই হাউসে। বিভিন্ন সময়ে ওরা এমন কি আপনার চরিত্র পর্যন্ত হনন করবার চেষ্টা করেছে এবং সেই সংবাদ বেরিয়েছে যে কলকাতার উত্তর অংশের একনং গুণ্ডা, তাকে

বিধানসভার সদস্যদের মধ্যে কেউ কেউ বীরের সম্মান দিয়ে জেলখানা থেকে নি
এসেছেন। এই বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। বিধানসভাকে আজকে
স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এসেছে তা আলোচনা করার আগে এই বিষ
একটা প্রস্তাব গ্রহণ করা হোক এবং সেটা আলোচনায় আসুক। স্পীকার মহাশয়ে
বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এসেছে তার আগে এই ঘৃণ্য কাজ—এই বিষয়ে আলোচ
হোক এবং একটা নিন্দাসূচক প্রস্তাব আলোচনা হোক, তারপর অন্য কাজ হোক।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমরা একট
গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনা করব বলে এখানে এসেছি।

(গোলমাল)

[1.10—1.20 P.M.]

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, সুনীতি চট্টরাজের নামে কোথায় কে বি
বলেছে সুনীতি চট্টরাজ অস্বীকার করেছে। আমি আপনাকে বলি—আজকে
প্রথম দিক থেকে আমরা স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচন
করার মানসিকতা নিয়ে এখানে এসেছি। আজকে আমরা যাতে এই আলোচনায়
অংশ গ্রহণ করতে না পারি, আলোচনা যাতে বন্ধ হয়ে যায় তারই জন্য ওরা এই
ভাবে গণ্ডগোল করে হাউস বন্ধ করার মত পরিস্থিতি সৃষ্টি করতে চাইছে কি না,
আমি জানতে চাইছি। স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনা করার
আগে যেন অকারণ গণ্ডগোল না হয় সেটা আপনি দেখুন।

(গোলমাল)

শ্রীভূপেন্দ্রনাথ শেঠ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে
স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২১-৪-৮৪ তারিখে বাগদায় যে ঘটনা ঘটেছিল
সেই ঘটনার পরিপ্রেক্ষিতে এই হাউসে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় একটি
ষ্টেটমেন্ট করেছেন। তিনি ফলস ষ্টেটমেণ্ট করেছেন অসত্য বলেছেন। কেননা
ষ্টেটসম্যান পত্রিকায় যে-সমস্ত কথা বলেছেন তার সাথে মাননীয় মুখ্যমন্ত্রীর কথার
কোনরকম মিল নেই।

(তুমুল গোলমাল)

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই ঘটনায় প্রমাণিত হচ্ছে যে কান টানলেই মাথা চলে আসে। হেমেন মণ্ডল একজন কুখ্যাত সমাজবিরোধী। তার পিছনে কারা আছে? এই ঘটনায় আরো স্পষ্ট হয়ে গেল, কলকাতা তথা সমস্ত পশ্চিমবাংলার মানুষ জানল যে, কংগ্রেস দল হিসাবে সমাজবিরোধীদের মদত দিয়ে থাকে এবং হেমেন মণ্ডলসহ পশ্চিমবাংলার সমস্ত নামকরা সমাজবিরোধীদের পিছনে কংগ্রেস দল হিসাবে কাজ করছে জনসাধারণ থেকে বিচ্ছিন্ন হয়ে গিয়ে কিম্বা সমাজবিরোধী আশ্রয়কে কেন্দ্র করে গোটা পশ্চিমবাংলায় মানুষের মধ্যে সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এটা আজকে স্পষ্ট হয়ে গেল যে কান টানলেই মাথা আসে। হেমেন মণ্ডলের কান টানা হয়েছে শত ঘোষ, সুনীতি চট্টরাজ চলে এসেছে। তাই দীপক সেনগুপ্ত মহাশয় যে প্রস্তাব করেছেন সেই প্রস্তাব সমর্থন করে বলছি এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক।

(গোলমাল)

শ্রীকামাক্ষা চরণ ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এটা প্রমাণ হয়ে গেল যে, Hemen Mondal is the saviour of Congress (I), কাজেই আমাদের মাননীয় সদস্য দীপকবাবু যে প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাব সমর্থন করে বলছি যে, এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

(গোলমাল)

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, দীপক সেনগুপ্ত যে বিষয়টি এখানে আনলেন—আমি অত্যন্ত দুঃখের সংগে জানাচ্ছি যে, কোন্ কাগজে বেরিয়েছে জানি না। সেই কাগজের বিরুদ্ধে আমি প্রিভিলেজ আনব, এই ঘটনা অসত্য। যে রিপোর্টার লিখেছেন তার মাথার কিছু গোলমাল, ছিট আছে। আমি দায়িত্ব নিয়ে বলছি এই রকম কোন ঘটনা জ্ঞানত আমার ঘটেনি। যে কাগজে ঘটনাটি বেরিয়েছে, আমি সেই কাগজটি দেখব এবং সেই কাগজের বিরুদ্ধে প্রিভিলেজ আনব। আর যে-সমস্ত মেম্বার আমার চরিত্র হননের চেষ্টা করছেন তাদের বিকৃত রুচির জন্য আমি সর্বতোভাবে নিন্দা করছি।

(গোলমাল)

শ্রীকৃপাসিন্ধু সাহা : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এখানে মাননীয় মুখ্যমন্ত্রী রয়েছেন। আপনারা সকলেই জানেন যে, হেমেন মণ্ডলকে নিয়ে সারা

পশ্চিমবাংলায় আজ তোলপাড় হচ্ছে। সম্প্রতি যে বাই-ইলেকশান হতে চলেছে সেখানে একত্রিত করার জন্য হেমেন মণ্ডল মুক্তি পেল। তাতে দেখা গেল সুনীতি চট্টরাজ এবং শত ঘোষ সেখানে গেছে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব হেমেন মণ্ডলের সাথে ওরা যুক্ত কিনা তদন্ত করে দেখা হোক এব অবিলম্বে গ্রেপ্তার করার ব্যবস্থা করা হোক।

Calling Attention Notices to Matters of Urgent Public Importance

Mr. Deputy Speaker : I have received two notices of Calling Attention namely :

1. Delay in opening sanctioned beds in different Health Centre o Howrah : Shri Gourhari Adak.
2. Outbreak of enteric disease resulting death of many children everywher in West Bengal : Shri Kashi Nath Mishra and Shri Ashok Ghosh

I have selected the notice of Shri Gourhari Adak on the subject of Delay in opening sanctioned beds in different Health Centre of Howrah.

আমি জানি না হেল্‌থ মিনিস্টার আজকে উত্তর দিতে পারবেন কিনা। যদি না পারেন, করণীয় কিছু নেই। হেল্‌থ মিনিস্টার তা হলে পরে লিখে পাঠিয়ে দেবেন।

Now I call upon the Minister-in-Charge of Home (Transport) Department to make a statement on the subject of death of six persons and serious injury to many others due to bus accident near Mejia Police Station in Bankura district on the 21st April, 1984.

(Attention called by Shri Kashi Nath Misra on the 25th April, 1984.)

Shri Rabin Mukherjee : On 20.4.84 at about 08.00 hrs. while Passenger Bus No. WGC 1767 was coming from Disergarh (Burdwan) to Bankura Via Saltora, it dashed one cyclist at Jorsha, P. S. Mejhia. The driver of the Bus failed to control the speed of the Bus and damaged a way-side Tea-Stall and then over-turned. As a result, 3 persons succumbed to their injuries at the spot—2 persons died at Mejhia Primary Health Centre and 1 person on way to Bankura Sammilani Medical College Hospital. Five injured persons were sent to Mejhia Primary Health Centre, of those 4 were admitted and 1 discharged after first aid. 24 persons including the injured driver were shifted to B. S. M. C. Hospital. This refers to Mejhia P. S. Case No. 3 dated 20.4.84 u/s 279/338/304A IPC. The driver has been arrested. The accident took place as a result of reckless driving by the driver.

The names of the deceased persons are given below :

1. Achinta Chakraborty s/o Bhudeb Chakraborty of Ramgamati, P. S. Saltora...passenger.
2. Rezzak Khan s/o L. Ali Rewaj of Lalbazar, P. S. Mejhia...passenger.
3. Benoy Modak s/o Umapada Modak of Jorsha, P. S. Mejhia, an employee of the tea-stall.
4. Chandra Majhi s/o Dwijapada Majhi of Kankardange, P.S. Raniganj, Dist. Burdwan...cyclist.
5. Kiriti Ghosal s/o Tinkari Ghosal of Santaldihi, P. S. Santuri, Dist. Purulia.
6. Kshetra Nath Modak s/o Beharinath Modak of Bakuli, P. S. Santuri, Dist. Purulia.

The Motor Vehicle Inspector's report indicates that cause of accident is not due to any sort of mechanical failure of the vehicle. From the spot inspection of the accident it is noted that after dashing a cyclist on road the driver drove his vehicle ahead and for some sort of perplexity and sudden jerk due to high road hump, he lost control of the vehicle and the vehicle crossed diagonally the road on its right and it collided with a road side tea shop and turned left side down causing damages to shop, vehicle and life of passenger.

The Bus involved in the accident operates on the route Bankura to Tiluri Via Gangajalghati, Mejhia extended up to Madhukunda and has a valid permit till 31.12.84. The name of the operator is M/s. Agamani Transport Co., Mejhia, Dist. Bankura. The certificate of fitness is valid upto 12.9.84.

No complaint has been received regarding the treatment of those admitted in the Hospital.

[1.20—1.30 P.M.]

Mr. Deputy Speaker : The Hon'ble Chief Minister will now make a statement on the Calling Attention Notice of Shri Birendra Narayan Roy.

Shri Jyoti Basu : Mr. Deputy Speaker Sir, with reference to the Calling Attention Notice of Shri Birendra Narayan Roy, M. L. A. regarding an ex-Principal of Sripat Singh College, I rise to make the following statement.

On the complaint of the acting President of the Sripat Singh College, Jiaganj, a case has been started under different sections of the Indian Penal Code including cheating, false personification and forgery against Shri Amal Kumar Chaudhury son of Shri B. Chaudhury of village Sihigram, Manteswar, Burdwan and now of 3, Sarat Ghose Street, Calcutta. The accused was appointed as Principal Sripat Singh College in 1973 where from he retired in 1982. The allegation against him has been that he had secured the appoinment

under the name of Shri Debaprosad Datta and for this the accused had fraudulently obtained copies of the academic records of Shri Debaprosad Dutta on submission that the originals of the certificate had been lost.

Relevant documents have been seized in course of the investigation which bear out the fraud and forgery, amongst other offences, committed by Shri Amal Kumar Chaudhury while passing off as Shri Debaprasad Datta. Shri Amal Kumar Chaudhury surrendered in court and was enlarged on bail. He has submitted a written statement confessing his guilt. It also appears that Shri Chaudhury had previously served as Professor of Physics in Asansol Girls' College and as Lecturer in Physics in Gurudas College, Calcutta—all under the name of Shri Debaprasad Datta.

The investigation of the case is almost complete and charge-sheet is likely to be submitted soon.

Shri Birendra Narayan Roy : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এটা যদি আমাদের সার্কুলেট করে দেন, তা হলে ভাল হয়।

Mr. Deputy Speaker : এটা সার্কুলেট হয়ে যাবে।

(এ ভয়েস ফ্রম অপোজিশান : কার লোক)

Shri Jyoti Basu : কার লোক জানি না। তবে ১৯৭০ সালে আমাদের কোন সরকার ছিল না।

Resolution Under Article 179(c) of the Constitution of India

Mr. Deputy Speaker : Now, discussion on resolution Under Article 179(c) of the Constitution of India. I now call upon Shri Abdus Sattar to speak. আপনি ২৫ মিনিট সময় পাবেন। ১০ মিনিট রিপ্লাই দেওয়ার জন্য দেওয়া হবে। অর্থাৎ সব সমেত ৩৫ মিনিট সময় পাবেন।

Shri Abdus Sattar : I beg to move that this House regretfully disapproves of the conduct of Shri Hashim Abdul Halim, the Speaker and resolves that he be removed from the office on the following grounds :—

(1) arbitrarily disallowing questions and supplementary questions likely to cause acute embarrassment to the Chief Minister, other Ministers, top C. P. I. (M) leaders and high Government officials,

(2) wilfully disallowing all types of adjournment motions intending to discuss issues of public importance and problems concerning the people of the State and affecting them seriously,

(3) creating an ugly and unprecedented record by repressing the Members of the Opposition by ordering them to be mercilessly beaten in the House, by the police in the guise of Security Staff,

(4) abusing the powers to allow privilege motion and other motions and at the same time disallowing privilege motions based on genuine and reasonably sound grounds based on documentary evidences, tabled by the Members of the Opposition,

(5) contradicting his own rulings to allow the Government to vilify the Opposition at the cost of the Public Exchequer,

(6) regulating the proceedings and abusing the discretionary powers in such manner as to prevent exposure of the Government's incompetence and misdeeds and to bring about the suppression of the the Opposition,

(7) illegally usurping the privilegs guaranteed by the Constitution of India to Members of the Legislative Assembly,

(8) misrepresenting and misinterpreting the Rules and Procedure of the House and certain provisions of the Constitution of India,

(9) ceasing to maintain an impartial attitude necessary to command the confidence of all sections of the House,

(10) disregarding the rights of the Members of the Opposition and making pronouncements, giving rulings calculated to affect and undermine the rights and privileges of the Members of the Opposition,

(11) openly espousing the version of the Government on all controversial matters as against informations supplied by the Members of the Opposition,

(12) violating the agreement reached on the 14th March, 1984 between the Chief Minister, Leader of the Opposition and the Speaker, whereafter the Government was allowed to publish malafide and concocted documents maligning the Opposition, though the Members of the Opposition were not allowed to, make even a simple reference to the incidents which led to the impasse from 8th March, 1984,

(13) allowing the Members of the treasury benches to attempt to kill one of the seniormost Members of the Opposition on the floor of the House and subsequently disallowing a bonafide and genuine privilege issue on the matter,

(14) misusing and abusing the powers to enforce discipline in the House,

(15) failure to maintain the supreme interest to decency, decorum and dignity of the House,

(16) failure to apply an unbiased mind of the deliberations of the House,

(17) depriving Oppostion Members of the opportunity of effectively ventilating the grievances of the people.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সংগে বিরোধী দলের নেতা হিসাবে আজকে বিধানসভার অধ্যক্ষকে অপসারণের জন্য আমি প্রস্তাব রাখছি বা আমরা প্রস্তাব রাখছি। আমি জানি যে যদিও এটা দুঃখের সংগে রাখা হয়েছে, তবুও জানি যে এই প্রস্তাবের মাধ্যমে আমরা একটা ঐতিহাসিক দৃষ্টান্ত স্থাপন করতে চলেছি। আপনারা জানেন যে স্বাধীনোত্তর যুগে একবারই মাত্র অধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এসেছিল। সেটা হয়েছিল তদানীন্তন শ্রীশংকর দাস ব্যানার্জীর বিরুদ্ধে এবং আমার মনে হয় আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী তখন বিরোধী দলে ছিলেন। তিনি তাঁর বক্তব্য এই বিষয়ে রেখেছিলেন। সেই সময়ে শংকরদাস ব্যানার্জীর বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছিল, সেটা হচ্ছে আমেদপুর সুগার মিল বিষয়ে। তিনি স্বীকার করে নিয়ে দৃষ্টান্ত স্থাপন করেছিলেন, তিনি পদত্যাগ করেছিলেন। আমি আশা করবো যে আমরা যে-সব অভিযোগ বর্তমান অধ্যক্ষের বিরুদ্ধে এনেছি কিম্বা নিয়ে এসেছি, তিনি সেই দৃষ্টান্ত এই হাউসের সামনে রাখবেন। কেননা যিনি স্পীকার তিনি হচ্ছেন এই হাউসের গার্জেন। তিনি কোন দলের নন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ আমাদের বর্তমান স্পীকার আমাদের সংগে যে ব্যবহার করেছেন তাতে অপোজিশনের সভ্য হয়ে আমরা দেখেছি যে আমরা বঞ্চিত হয়েছি আমাদের বক্তব্য রাখবার ক্ষেত্রে।

বিভিন্নভাবে আমাদের গ্যাগ্ করার চেষ্টা হচ্ছে। স্যার, আপনি জানেন, আমরা জানি এবং বিশেষ করে আমাদের মুখ্যমন্ত্রী জানেন যে, কনষ্টিটিউয়েণ্ট এ্যাসেম্বলীতে পণ্ডিত জওহরলাল নেহরু বলেছিলেন, There is always that danger —even from a National Government—that it may choose to ride roughshod over others that there is always a danger from a majority that it may choose to ride roughshod over the opinions of a minority, and it is there that the Speaker comes in to protect each single Member.

সুতরাং বিশেষ করে অপোজিশনকে স্পীকার প্রোটেকশন দেবেন, এটাই আশা করা হয়। কিন্তু এখানে বর্তমান স্পীকারের কাছে আমরা সেটা পাচ্ছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন স্বাধীনতার আগে এবং পরে অবিভক্ত বাংলার এবং পশ্চিমবাংলার অনেক নামকরা স্পীকাররা এখানে ছিলেন। দেশ স্বাধীন হওয়ার আগে স্যার আজিজুল হক্, সৈয়দ নৌসুর আলি, নুরুল আমীন প্রভৃতি এখানে স্পীকার ছিলেন এবং দেশ স্বাধীন হবার পরে ঈশ্বরদাস জালান, শৈল কুমার মুখার্জী, কেশব চন্দ্র বসু, অপূর্বলাল মজুমদার, সৈয়দ মনসুর হবিবুল্লাহর মত মানুষরা এখানে স্পীকার ছিলেন এবং Those are the Speakers who are non-controversial.

সৈয়দ মনসুর হবিবুল্লাহ সি. পি. আই. (এম) দলের লোক, তাঁকে যখন স্পীকার এ্যাপয়েন্ট করা হয় কিম্বা ইলেকট্ করা হয় তখন আমরা তা সমর্থন করেছিলাম, তাঁকে ইউনানিমাসলি স্পীকার নির্বাচিত করেছিলাম। তাঁর বিরুদ্ধে আমাদের কোন অভিযোগ ছিল না। আমরা তাঁর কাছ থেকে সব সময় সুবিচার পেয়েছি, তা বলছি না, কিন্তু আমাদের মনে হয়েছে তিনি তাঁর জ্ঞান অনুযায়ী যত দূর যা করতে পেরেছেন করেছেন। আজকের স্পীকার কনট্রোভারসিয়াল ফিগার হিসাবে দেখা দিয়েছেন। প্রথমে শংকরদাস ব্যানার্জী সম্বন্ধে প্রশ্ন উঠেছিল এবং সে কথা আমি আগেই বলেছি যে, তিনি পদত্যাগ করেছিলেন। তারপরে প্রথম কনট্রোভারসিয়াল ফিগার হিসাবে দেখা দিয়েছিলেন বিজয় ব্যানার্জী এবং তাঁর সম্বন্ধে অনেকের অনেক উক্তি আছে, অনেক বড় বড় জুরিষ্ট বলেছেন, "বিজয় ব্যানার্জী যে কাজ করেছিলেন, সে কাজ নিরপেক্ষ স্পীকার হিসাবে ঠিক হয় নি।" তারপরে আজকে স্পীকার হাসিম আব্দুল হালিম কনট্রোভারসিয়াল ফিগার হিসাবে দেখা দিয়েছেন। স্যার, আপনি যে চেয়ার অকুপাই করে আছেন সেই চেয়ারের প্রতি সম্পূর্ণ শ্রদ্ধা রেখে বলছি যে, গণতন্ত্রে বিরোধী পক্ষের যে অধিকার সে অধিকার এখানে আজকে আর রক্ষিত হচ্ছে না বলেই আমরা আজকে এই প্রস্তাব নিয়ে এসেছি। স্যার সংবিধান বিশেষজ্ঞদের ভাষায় একটা কথা আছে: The opposition ventilates public grievances through various Parliamentary methods such as questions, adjournment motions etc. and secures discussion particularly on questions that agitate the public mind and tries to press the Government to solve them. Ventilation of Public grievances is one of the main tasks of the Parliamentary opposition.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা ১৭ দফা অভিযোগের ভিত্তিতে আজকে এই প্রস্তাব নিয়ে এসেছি। বিধানসভায় বিরোধী দলের প্রধান দায়িত্ব হচ্ছে ভেনটিলেট্ পাবলিক্ গ্রিভানসেস। কিন্তু বর্তমানে আমাদের এখানে সে দায়িত্ব পালন করতে দেওয়া হচ্ছে না। যখনই দেখা যাচ্ছে সরকার বিপাকে পড়বে, সরকার একটা হ্যারাসমেন্টে পড়বে, সরকার বিপর্যস্ত হবে তখনই বর্তমান স্পীকার আমাদের বাঁধা দিচ্ছেন। ইতিপূর্বে এখানে আমরা যখনই কোন পাবলিক গ্রিভান্স্ ভেনুটিলেট্ করতে গেছি তখনই স্পীকার আমাদের বাঁধা দিয়েছেন।

[1.30—1.40 P. M.]

কিন্তু আমি বলছি মনসুর হবিবুল্লাহ সাহেবের বিরুদ্ধে আমাদের এই অভিযোগ কখনও ছিল না। তাঁর বিরুদ্ধে এই অভিযোগ আমরা কখনও করিনি। কিন্তু আজ

কেন এই অভিযোগ করতে আমরা বাধ্য হলাম? মনসুর হবিবুল্লাহ সাহেব তো কমিউনিষ্ট পার্টির লোক ছিলেন, কমিউনিষ্ট পার্টির লোক হলেই তা অপরাধ সেটা আমরা মনে করি না। কিন্তু স্পীকারের আসন যখন গ্রহণ করবেন তখন তিনি যদি নিজেকে কমিউনিষ্ট পার্টির লোক বলে যদি ভুলতে না পারেন তাহলে আসনের মর্যাদা রক্ষা করতে পারবেন না। আরোও বিশেষজ্ঞদের মতে "Impartiality has been regarded as an indispensable condition of the office of the Speaker because the Speaker is to be guardian of the powers and privileges of the House as a whole and not of the political party who might have nominated him for the office".

সুতরাং বিভিন্ন জ্যুরিষ্টরা স্পীকার সম্পর্কে এই কথা বলেছেন। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছ থেকে এই জিনিস আমরা পাইনি। একজন সংবিধান বিশেষজ্ঞ যার নাম হচ্ছে কে. ভি. রাও, তিনি পার্লামেন্টারী ডেমোক্রাসি সম্পর্কে লিখেছিলেন "Some of the rulings of the Speaker are not beyond a reasonable suspicion of the Opposition that the office is being used to protect the interest of the party in power". Here he has used his office to protect the interest of the party in power.

"Their impartiality is questioned and we may repeat here the old adage with the necessary changes that the Speaker should not only be impartial but also appear to be so. Bad and biased Speakers are a nuisance to democracy." I charge this Speaker that he is a nuisance to democracy.

সেই ডেমোক্রাসি তিনি হত্যা করেছেন। আমার মনে হয় তিনি যখন বইটি লিখেছিলেন, তখন ভাবতে পারেন নি যে আজকে বর্তমান অধ্যক্ষের আচরণ ঠিক এই ভাবে চিত্রন করবেন। এই একই জিনিস আমি বলছি বর্তমান স্পীকারের বিরুদ্ধে। আমার এই প্রস্তাবের উপর ভোটের কি ফলাফল হবে আমি জানি না কিন্তু একটা জিনিস অপোজিশানের যে বিশ্বাস থাকা দরকার স্পীকারের উপর সেই বিশ্বাস আমরা হারিয়ে ফেলেছি, সুতরাং তখনই অধ্যক্ষের নৈতিক দায়িত্ব হচ্ছে পদত্যাগ করা। আমি এই জন্য বলছি, তিনি যে দল থেকে এসেছেন—আসনে বসবার পর তিনি আর সেই দলের লোক হয়ে থাকতে পারবেন না। সেক্ষেত্রে তিনি নৈতিক দায়িত্ব পালন করতে পারেন নি। ১৯৫৪ সালে পার্লামেন্টে মবলঙকরের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনা হয়েছিল, রিমুভ্যালের প্রস্তাব আনা হয়েছিল। এখানে মিষ্টার এস. এস. মোরে বলেছিলেন: "But when a motion for the removal of a particular Speaker, however respectable, is moved

by a large section of the Members of the Opposition, simply defeating it by large majority will not be enough because you have to see that confidence is developed not only in the Opposition members but in the world outside. I need not Repeat the truism that justice has to be done but justice must also appear to be done."

সুতরাং বিরোধী দলের আস্থা তার প্রতি যে থাকবে সেটা দেখাই হচ্ছে তাঁর নৈতিক দায়িত্ব। সেই দিক থেকে তিনি আমাদের কনফিডেন্স হারিয়ে ফেলেছেন। আমার মনে হয় সেক্ষেত্রে ভোটের জোরে থাকার কোন অধিকার থাকতে পারে না।

স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয় ডেমোক্রাসির কথা বলেন। কিন্তু তাঁর কার্যকলাপ দেখলে দেখা যাবে তিনি ডেসপটের মত কাজ করেন অন দি ফ্লোর অফ দি হাউস। সুতরাং তাঁর মুখে ডেমোক্র্যাসির কথা সাজেনা এবং তাঁর উচিৎ হচ্ছে ি আপ হোল্ড দি কনষ্টিটিউশন। কিন্তু তিনি এখানে সাবোটার হিসাবে কাজ করছেন। আজকে আমি আমাদের বর্তমান স্পীকারকে আমেরিকার স্পীকারের সঙ্গে তুলনা করতে পারি। আমেরিকায় কিন্তু স্পীকার দলের হয়ে কাজ করেন। কন্তু ভারতবর্ষের যে ঐতিহ্য এবং যেটা বৃটিশ থেকে নেওয়া হয়েছে—সেখানে স্পীকার হবেন নিউট্রাল। কিন্তু আমেরিকাতে In America it is difficult for the peaker to be non-controversial as he is the Political Leader of his Party nd continues to remain so even after his election as Speaker. But here Mr. lasim Abdul Halim has failed to behave in such manner as to inculcate steem and respect from one and all by discharging his duties with integrity.

এখানে এটা মনে রাখতে হবে যে স্পীকার যিনি হবেন তিনি নট এ্যাবাভ দি াউস এবং এখানে হি ইজ দি সার্ভেন্ট এ্যাণ্ড নট এ মাস্টার অফ দি হাউস। এখানে ি ইজ দি গার্জিয়ান, দেয়ার ইজ নো ডাউট এ্যাবাউট ছাট। কিন্তু আমরা কি দখেছি? তিনি ঐ চেয়ারে বসে পারসিয়ালিটি করেছেন। স্যার, আমি কতগুলো ্যাপার আপনার সামনে তুলে ধরতে চাই, যেখান থেকে দেখা যাবে যে ডিউরিং দি ারেন্ট সেসন আপটু টুয়েন্টি-সেভেনথ্ অর্থাৎ আজ পর্যন্ত এ্যাসেম্বলী মিটিং হয়েছে ৬ ডেজ্। এই ৩৬ দিনের মধ্যে ওরাল কোয়েশ্চেনস্ অয়্যার নট আনসার্ড ১৪ ডেজ্। সেখানে আমরা বঞ্চিত হয়েছি। মেনশন কেসেস্ অয়্যার নট্ ইনক্লুডেড ন দি প্রোগ্রাম ১৬ ডেজ্, অর্থাৎ ৪৪ পারসেন্ট ডেজ্ আমরা কোন উল্লেখের সুযোগ াইনি এবং দেয়ার ওয়াজ নো অপারচুনিটি টু আস্ক্ কোয়েশ্চেনস্ কর ৩৮ পারসেন্ট ফ ডেজ। সুতরাং দেখতে পাচ্ছেন যে কিভাবে আমরা বঞ্চিত হয়েছি। স্যার,

সাব-জুডিস-এর ব্যাপারে এখানে অনেক আলোচনা হয়েছে। তাতে মাননীয় মুখ্যমন্ত্রীও অংশ গ্রহণ করেছিলেন। স্পীকার একটি রুলিং দিয়েছেন যে, এই ব্যাপারটা এখানে আলোচনা হবে না। আমি হাউজ্ অফ কমনস্-এর কতগুলো রুলিং দেখাবো। এই রুলিং থেকে দেখা যাবে যে ম্যাটার ইন দি স্টেজ্ অফ ইনভেষ্টিগেশন এ্যাণ্ড এনকোয়ারী, অর্থাৎ যে ম্যাটার ইন দি স্টেজ অফ ইনভেষ্টিগেশন এ্যাণ্ড এনকোয়ারী বাই দি এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার—সেটা কখনও সাব-জুডিস্ হতে পারে না। আপনি দেখবেন স্যার, এখানে তিনি ৬-৪-১৯৮৪ তারিখে রুলিং দিলেন। তারপর নোটিশ দিলাম, তারপর আলোচনাও হোল, কিন্তু তিনি আগেকার রুলিংই বহাল রাখলেন। আমি হাউজ অফ কমনস্-এর পেজ ৪১৪ দেখাবো, এটা ১৯৫৩ সালের। এতে মিঃ স্পীকার বলেছেন,

[1 .40—1.50 P.M.]

এখানে মিষ্টার ডাডলে উইলিয়ামস বলেছেন: I think the honourable Member for Exeter (Mr. Dudley Willims) may be confusing matters which are subject to judicial inquiry and those which are the subject matter of administrative inquiry. The question on a matter which is the subject of an administrative inquiry is in order or at least is not forbidden by the rules of order. সুতরাং that can be discussed. এই House of Commons-এ আপনি পরে আসুন। Legislative Assembly on 15.2.43. সেখানে Mr. J. D. Tyson, Secretary, Deparment of Education, Health and Lands. বলছেন—On a point of order, Sir, I am afraid, I must ask that the Honourable Member should not refer to the case of sulphathiazol, which has been referred by the Government to the Calcutta High Court. I think, that the issues which my honourable friend is bound to raise here are exactly the issues which are under discussion in the Calcutta High Court. "The matter is sub-judice in the High Court and I submit you ought not to allow it to be discussed. তখন Sectetary, Department of Education. বললেন—Then Mr. Chairman, Syed Ghulam Bhik Nairang said, "There can be no objection to a matter sub-judice being referred to in course of a speech. All that the rules require is that there should be no resolution or adjournment motion about a sub-judice matter. It can be referred to in course of a speech. We are not bound to give any finding of decision over that sub-judice matter. So this can be discussed.

এটা ১৫-২-৪৩ তারিখে লেজিসলেটিভ এ্যাসেম্বলিতে আলোচনা হয়েছে। তখন সেক্রেটারী, ডিপার্টমেন্ট অফ এডুকেশন যে সাহেব ছিলেন তিনি প্রশ্ন তুলেছিলেন এবং তখন চেয়ারম্যান সৈয়দ গুলাম ভিক নারাং তিনি উত্তর দিয়েছিলেন দিস যে

ধি রেফারেন্স। সাহেবটির নাম হলো জে. ভি. টাইসন। যেটা আমি বার বার বলেছি এবং এখনও বলছি সাব-জুডিস করে গার্ডেনরীচের ঘটনা সম্বন্ধে আমাদের কিছু বলতে দেওয়া হয় নি। এইভাবে বিরোধী দলের কণ্ঠরোধ করা হয়েছে। আজকে সমস্ত ব্যাপার পেপারে পাবলিশ হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী ইলেকশনের বক্তব্যে এই গার্ডেনরীচ ঘটনার কথা বলেছেন। গার্ডেনরীচের ঘটনাকে সাব-জুডিস করাতে সেখানে যে পুলিশের অত্যাচার চলছিল সেই জিনিস আমরা আপনাদের সামনে রাখতে পারিনি। আপনারা সাব-জুডিস বলে এইসব জিনিস চালিয়েছেন। এখানে আমরা বার বার বোঝাতে চেষ্টা করেছি যে এডমিনিসট্রেটিভ এনকুয়ারী চললে সাব-জুডিস হয় না যতক্ষণ না পর্যন্ত চার্জ-সীটেড না হয়। মিঃ এম. এন. কাউল এ্যাণ্ড শাকধর বলেছেন: It is absolutely the privilege of the Legislators and Members there of to discuss and deliver upon all matters pertaining to the government and the country and its people. The freedom of speech on the Floor of the House is the essence of parliamentary democracy. Thus we have been depirved of the freedom of speech on the Floor of House by Mr. Speaker, Shri Hashim Abdul Halim. মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি নিশ্চয়ই জানেন A Committee of Presiding Officers has considered the scope of the rule of sub-judice, and recommended the following guide lines. Freedom of speech is the primary right whereas rule of sub-judice is a self imposed restrictions. So, where need be, the latter must give way to the former. The rule of sub-judice applies only in regard to the specific issues before a Court. The entire gamut of the matter is not precluded. In case of linked matters, part of which is sub judice and part not sub-judice debate can be allowed on the matters which are not sub-judice.

তিনি একটা ব্ল্যাংকেট সাব-জুডিস্ দিলেন। পোস্টমর্টেম নিয়ে অধ্যক্ষ মহাশয়ের কাছে একটা চিঠি দিয়েছিলাম। কিন্তু অধ্যক্ষ মহাশয় রুল ৩৪৩ রেফার করে তা তুলতে দিলেন না। কিন্তু আমরা জানি, রুল ৩৪৩-তে বলা হয়েছে If a Minister quotes in the House a despatch or other state paper which has not been presented to the House, he shall lay the relevant paper on the table. এখানে ১৬ই এপ্রিল, ১৯৮৪-তে একটা চিঠি দিয়ে স্পীকার মহাশয়কে রিকোয়েষ্ট করেছিলাম। সেখানে লিখেছিলেন by a latter Speaker was requested to ask the Chief Minister to comply with the requirements of the said rule 343 to lay a copy of the postmortem

report. কিন্তু এপ্রিলের ১৯ তারিখে Chief Minister referred partly quoting the postmortem report. সেই ষ্টেটমেন্ট ওয়াজ চ্যালেঞ্জড। কিন্তু স্পীকার তা এ্যালাউড্ করেন নি। তার কারণ, যদি পোষ্টমর্টেম রিপোর্ট হাউজে প্লেস হয়, তাহলে সরকারের আসল চেহারা ধরা পড়ে যাবে। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে বিভিন্ন সময়ে বিভিন্ন উক্তি করেছেন। কখনও বলেছেন, ইভ্রিস্কে কয়েদিরা মেরেছে, কখনও বক্তৃতা করে বলেছেন, তাদের হাতে তো লাঠি থাকে না, তাহলে পুলিশ মেরেছে। এই ভাবে হাউসকে তিনি মিসলিড্ করেছেন। অথচ কোন প্রোটেকশন আমরা ফ্রম দি স্পীকার পাইনি, তিনি আমাদের গ্যাগ করে রেখেছিলেন। আমাদের পয়েন্ট অফ অর্ডার সাব-জুডিস আছে বলে তুলতে দেন নি। সাব-জুডিস্ আছে বলে তিনি রুলিং দিয়েছেন। সেই রুলিং হচ্ছে পারভার্টেড্ রুলিং। এরপরে আর একটি জিনিস আপনার সামনে তুলে ধরছি। মাননীয় মুখ্যমন্ত্রী সেদিন ডিবেটে অংশ গ্রহণ করেছিলেন। তিনি সেদিন কয়েকজন জাজের কনডাকট্ নিয়ে আলোচনা করেছিলেন। তিনি ২১১ ধারা তুলে বলেছিলেন কনডাকট্ নিয়ে আলোচনা করতে পারেন। একথা অধ্যক্ষ মহাশয় বলেছিলেন। মুখ্যমন্ত্রী সেদিন বলেছিলেন, এই কথা এক্সপাঞ্জ হবে না। শেষ পর্যন্ত দেখা যায়— মুখ্যমন্ত্রী মহাশয় যেহেতু বলেছেন এক্সপাঞ্জ করবেন না—মুখ্যমন্ত্রীর কথা অনুসারে অধ্যক্ষ মহাশয় সেই বক্তব্য এক্সপাঞ্জ করেন নি। ২১১ ধারা সেখানে ভায়োলেট হয়েছে। স্যার, আমি মাত্র কয়েক দফা পয়েন্ট তুলেছি, আরও বিভিন্ন পয়েন্ট আছে। ১৭ দফা পয়েন্ট আছে। আমাদের মাননীয় সদস্যরা এক এক করে তা আপনার সামনে তুলে ধরবেন। তাতে আপনি দেখবেন, অধ্যক্ষ মহাশয় যেখানে নিরপেক্ষ থেকে আমাদের—বিরোধী দলের সদস্যদের প্রটেকশন দেবেন, তা দেন নি। সুতরাং আমি এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপতিতপাবন পাঠক: বিরোধী দলের পক্ষ থেকে আনীত এই অনাস্থা প্রস্তাবের আমি বিরোধিতা করছি। অধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনবার যে নীতি ও বিধি আছে—একটা নোটিশ অবশ্য দেওয়া হয়েছিল—তা পালন করা হয় নি। তবে আপনি যখন অনুমতি দিয়েছেন তখন এই ব্যাপারে আমি কোন বক্তব্য রাখছি না। প্রথমেই বলে রাখি ১৭ দফার যে অভিযোগ প্রস্তাবের মধ্যে রাখা হয়েছে, তার প্রত্যেকটিই অসত্য এবং উদ্দেশ্যপ্রণোদিত। আমার সময় কম। অন্য বক্তারা আছেন বলে আমি মাত্র কয়েকটি অভিযোগের উত্তর দিতে চাই। বাকী-

গুলি অন্যেরা দেবেন। প্রথমে ১ নং অভিযোগের উল্লেখ করি। এর মধ্যে আছে—arbitrarily disallowing questions and supplementary questions likely to cause acute embarrassment to the Chief Minister, other Ministers, top C. P. I (M) leaders and high Government officials. প্রশ্ন এবং অতিরিক্ত প্রশ্ন করার ব্যাপারে আমাদের এই বিধানসভায় একটি স্বীকৃত নিয়ম এবং পদ্ধতি আছে। আমি বিরোধী নেতাকে এবং সদস্যদের চ্যালেঞ্জ করছি যে, ১৯৮২ সাল থেকে ১৯৮৪ সালের আজ পর্যন্ত এমন একটি উদাহরণ দেখাতে পারবেন না, যেখানে এই স্বীকৃত বিধি-নিষেধ ভঙ্গ করা হয়েছে।

[1.50—2.00 P. M.]

ওরা তা পারবেন না। তবুও আমি বলছি অনেক ব্যক্তি আছেন যদি পারেন আমার চ্যালেঞ্জের উত্তর দেবেন। এই প্রসঙ্গে আমি কয়েকটা প্রশ্ন পরিবেশন করবো এবং তথ্য যখন বিবেচনা করবেন তখন বিরোধী পক্ষের সংখ্যা কত এবং সরকার পক্ষের সংখ্যা কত সেটা যদি বিচার করেন তাহলে বুঝবেন কত উদ্দেশ্য-প্রণোদিত ভাবে এই প্রশ্ন তাঁরা করেছেন। আমি প্রথম প্রশ্ন বলি সেপ্টেম্বর, অক্টোবর '৮২ কোয়েশ্চেন এ্যাডমিটেড হয়েছে ১০৫৫, অপোজিশন ৬০৫। তার মানে মোট প্রশ্নের ৩৬.৪ ভাগ। কোয়েশ্চেন রিপ্লাইড ৫৬০ তার মধ্যে ৩০৫ অপোজিশন, পারসেন্টটেজ হচ্ছে ৪২'৫ কোয়েশ্চেন ডিস-অ্যালাউড হয়েছে সরকার পক্ষের বেশী। ওদের ৪৭ পারসেণ্ট করছেন ডিস-অ্যালাউড। ফেব্রুয়ারী, এপ্রিল'৮৩ কোয়েশ্চেন অ্যাডমিটেড ১৩০৪—অপোজিশনে ৫৫৮। কোয়েশ্চেন রিপ্লাইড ৯০৬, অপোজিশন ৩৬৩ কোয়েশ্চেন ডিস-অ্যালাউড অপোজিশনে মাত্র ৮৪। আগস্ট, সেপ্টেম্বর ১৯৮৩ কোয়েশ্চেন এ্যাডমিটেড ৩৮৩, অপোজিশন ৩১০। কোয়েশ্চেন রিপ্লাইড ২৫৪, ২০০টি অপোজিশনে কোয়েশ্চেন রিপ্লাইড। কোয়েশ্চেন ডিস-অ্যালাউড সরকারী পক্ষের ৫১, ওদের ৪৮। ফেব্রুয়ারী, এপ্রিল ১৯৮৪ কোয়েশ্চেন এ্যাডমিটেড ১২৪৪, অপোজিশন ১০৪১। কোয়েশ্চেন রিপ্লাইড ৪২৬, অপোজিশন ৫০৪। কোয়েশ্চেন ডিস-অ্যালাউড ৯০। এর সঙ্গে ১৯৬২ সালে ওরা যখন ছিলেন তার ফিগার একটু দিই। বাজেট সেসনে ১৯৬২ সালে নাম্বার অফ কোয়েশ্চেনস, নোটিশ অফ কোয়েশ্চেনস রিসিভড ১৩২, এ্যাডমিটেড কোয়েশ্চেন ২৫, কোয়েশ্চেন এ্যানসার্ড ৬২, কোয়েশ্চেন ডিস-এ্যালাউড ৩০। অর্থাৎ তখন কি পরিমাণে কোয়েশ্চেনস আপনারা এ্যালাউ করতেন সেটা দেখা দরকার। এরপর উল্লেখ

সম্বন্ধে বলবো। উল্লেখের বিষয় হচ্ছে জুন, জুলাই ১৯৮২ সালে টোটাল নাম্বার অফ মেনশন কেসেস ২৮১, শেয়ার অফ কংগ্রেস মেম্বার ১১৪। সেপ্টেম্বর, অক্টোবর ১৯৮২-তে টোটাল নাম্বার অফ মেনশন কেসেস ৪১৩, শেয়ার অফ কংগ্রেস মেম্বার ১৮৪। বাজেট সেসন ১৯৮৩-তে নাম্বার অফ মেনশন কেসেস ৬৩৬, অপোজিশন ২২৮। আগষ্ট, সেপ্টেম্বর ১৯৮৩ টোটাল নাম্বার অফ মেনশন কেসেস ১৬৬, ৬৮ অপোজিশন। ১৯৮৪ সালের এখন পর্যন্ত যে হিসাব আছে তাতে ৪৫৪টা মেনশন হয়েছে, তার মধ্যে ২০০টি অপোজিশনে। অতএব এই যে সংখ্যা দেওয়া হচ্ছে তা থেকেই বোঝা যাবে স্পীকার মহাশয় কত বেশী সহানুভূতিশীল ছিলেন।

বিরোধীপক্ষের সদস্যরা প্রায়ই মনে করেন আমরা যে-সমস্ত প্রশ্ন করেছি সেগুলি সবচেয়ে জরুরী। প্রত্যেক প্রশ্নের প্রশ্নকর্তার কাছে একটা দাম আছে, কিন্তু বিরোধীপক্ষ সেটা ভুলে গিয়ে আমাদের অসুবিধা ঘটান এবং নানা কথা বলেন আমি মনে করি তাঁদের ওই ধারণাটা ভুল। বিরোধীপক্ষের তৃতীয় অভিযোগ হচ্ছে "Wilfully disallowing all types of adjournment motions intending to discuss issues of public importance and problems concerning the people of the state and affecting them seriously,"

এ্যাডজোর্নমেণ্ট মোশন গ্রহণ করা বা না করার যে বিধি বা নিয়ম আমাদের সংবিধানে আছে তাতে দেখা যায় এটা মাননীয় স্পীকারের ইচ্ছার উপর নির্ভর করে। তিনি যদি মনে করেন এটা আলোচনা করতে দেওয়া হবে তবেই আলোচনা করা যায়, না হলে হবে না। এটা নিয়ে কোন প্রশ্ন করা যায় না। আসলে দেখা যায় এ্যাডজোর্নমেণ্ট মোশন তোলার যে কারণ সেটা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। রুল ৫৮ অনুযায়ী তাঁরা সর্ট ডিউরেশনের আলোচনা চাইতে পারেন। কিন্তু তাঁরা সেদিকে না গিয়ে এ্যাডজোর্নমেণ্ট মোশন তুলে বাজীমাৎ করবার চেষ্টা করেন। আমার তো মনে হয় এছাড়া তাঁদের আর কোন উদ্দেশ্য নেই। এ্যাডজোর্নমেণ্ট সম্বন্ধে আমি আপনাদের কাছে একটা জিনিস তুলে ধরতে চাই, আপনারা সেটা শুনুন। এ. আর. মুখার্জির পার্লামেন্টারী প্রসিডিওর ইন ইণ্ডিয়া-র থার্ড এডিশন পেইজ ১২৪-এ দেখুন লেখা আছে, "উই স্যাল নাউ এ্যানালাইজ দি জেনারেল এলিমেণ্টস অব দি রুল"। ভারতবর্ষের বিভিন্ন বিধানসভায় এবং লোকসভায় যে রুলস হয়েছে সেটাকে এ্যানালাইজ করে বলা হয়েছে: "The matter must be definite. It must relate to a specific issue and not raise wide and general issues. A motion to discuss repressive measures taken against the student community was disallowed. Similarly, a motion to discuss

the food situation or famine condition in the country would be inadmissible. On the other hand, motions on individual cases, although definite, e.g. an order under section 144 served against a person, or a strike in a particular concern, would not be admissible unless some question of principle was involved.

এরপর আমি বিরোধপক্ষের কাছে অনুরোধ রাখব তাঁরা যে-সব এ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছিলেন সেগুলি যদি দয়া করে দেখেন তাহলে দেখবেন মাননীয় স্পীকার যে সিদ্ধান্ত দিয়েছেন সেটা ঠিক। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের এখানে যে রুলস এ্যাণ্ড প্রসিডিওর আছে তার ৩২৫ থেকে ৩২৮ ধারায় বলা হয়েছে মেম্বাররা এখানে কিভাবে আচরণ করবেন, কিভাবে চলবেন। কিন্তু বিরোধীপক্ষের সদস্যরা যে ধরনের ব্যবহার এখানে করেন সেটা আমি আপনার কাছে বলতে চাই। সংসদীয় গণতন্ত্রে অনাস্থা প্রস্তাব আসতে পারে এটা আমরা জানি। ভারতবর্ষের সমস্ত রাজ্যে কংগ্রেস (আই)-র রাজত্ব নেই, কাজেই যেখানে তাঁরা নেই সেখানেই এই ধরনের হামলা করবার চেষ্টা করেন। আমাদের এই বিধানসভায় গত ৮ই মার্চ কি ঘটনা ঘটলো সেটা আমরা সকলেই জানি এবং ত্রিপুরা বিধানসভায় কি ঘটনা ঘটেছে সেটাও আমরা সকলে জানি। আমাদের এখানে মাইক ইত্যাদি সব ভেঙ্গে ফেলা হয়েছে। স্যার, গতকাল দেখলাম একজন নামকরা গুণ্ডাকে বিরোধীপক্ষের নেতারা গলায় মালা দিয়ে সংবর্ধনা জানালেন। একথা বলে আমি বিরোধীপক্ষের তরফ থেকে যে প্রস্তাব দেওয়া হয়েছে তার বিরোধীতা করে বক্তব্য শেষ করছি।

[2.00—2.10 P. M.]

শ্রীসুব্রত মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গণতন্ত্রের এই পবিত্র মন্দিরে আমরা গণতন্ত্রকে রক্ষা করার জন্য আজকে এই সংগ্রাম করছি। এটা নিছক স্পীকারের বিরুদ্ধে নো-কনফিডেন্স আনা হচ্ছে, তা নয়। এই সভার ভিতরে এবং বাইরে আজ এই সংগ্রাম চালিয়ে যাচ্ছি। সংসদীয় গণতন্ত্র আজকে যেভাবে চলছে এটা কার্যতঃ তারই অংশ, এই স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব একটা উপলক্ষ মাত্র। গণতন্ত্রের সব চেয়ে মূল কথা ফ্রীডম অব স্পীচ এবং ফাণ্ডামেন্টাল রাইট। আজকে রুলসের ভিতরে সেই ফাণ্ডামেন্টাল রাইট কোন্ স্তরে আঘাত পেয়েছে, সেইটাই আজকে আলোচনা। এই হাউসের ভিতরে নির্বাচিত সদস্যদের রাইট যেভাবে কেড়ে নেওয়া হয়েছে তা সকল সদস্যই জানেন। এটা রুলসের ব্যাপার, স্পীকার কখনই এটা করতে পারেন না। সংবিধানে যে গাইডলাইন আছে সেটা

কখনই তিনি চ্যালেঞ্জ করতে পারেন না। এতে সংবিধানকে থেট করা হয়েছে। কারণ সংবিধানে যে অধিকার দেওয়া আছে সেটা কখনই ওভার রুল করতে পারেন না। এই কারণে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় স্পীকারের রুলিং সংক্রান্ত ব্যাপারে মামলা চলছে। ফাণ্ডামেণ্টাল রাইট সম্পর্কে বর্তমানে যিনি—লোক-সভার স্পীকার তিনি কি বলেছেন এবং আমাদের যে স্পীকার, যাঁর বিরুদ্ধে এই অনাস্থা প্রস্তাব, তাঁর কার্যবিবরণী—এই দুটি পাশাপাশি রাখা দরকার। People, Parliament, Administration—By Bal Ram Jhakar. ফ্রীডম অব স্পীচ সম্পর্কে এই কথা বলা হয়েছে। তারপর বলছে—"The most important privilege of Members of Parliament is freedom of speech in Parliament. This privilege embodied in clauses (1) and (2) of Article 105 of the Constitution is based on Article 9 of the Bill of Rights, 1689 of the United Kingdom whereby it was declared :

That the freedom of speech, and debate in proceedings in Parliamant, ought not to be impeached or questioned in any court or place out of Parliament". শুধু তাই নয়, আরও মারাত্মক কথা বলেছেন ১৩১ পাতায়। বলা হচ্ছে, "Members were completely protected from any proceedings in any court even though the words uttered by them in the House might be false and malicious".

এত বড় কথা আজকের দিনে এই স্পীকার বলেছেন। এবং তার উল্টো কাজ করছেন আমাদের স্পীকার। আমি নজির দিচ্ছি। বিভিন্ন মানুষের স্বার্থসংক্রান্ত প্রিভিলেজ ইস্যু নিয়ে কিছু বলতে গেলে, তা কিছুতেই বলতে দেওয়া হয় নি। একটা প্রশ্নের উত্তর দেবেন মুখ্যমন্ত্রী—এটা কয়েক সপ্তাহের আগের ব্যাপার—একটা প্রশ্ন করেছিলেন আমাদের পক্ষের সদস্য সুনীতি চট্টরাজ মহাশয়। এখানে বলা হোল তিনটির বেশী প্রশ্ন করা চলবে না। এই অবস্থায় বিরোধীতা করেছিলেন বলে তাঁকে হাউস থেকে ৩৪৭ রুলে বের করে দেওয়া হোল। তাঁকে উইথড্র করতে বলা হোল। তারপর ৩৪৮ করেছেন। It is all right, কিন্তু তার চেয়ে আরও গুরুত্বপূর্ণ ব্যাপার হচ্ছে ৩৪৮-এ তাকে বের না করে আরও ৬/৭ জনকে বের করার আদেশ দেওয়া হোল। উনি হয়তো বা কোন কারণে বেরোতে পারেন নি। একজন এক্সপেল্ড মেম্বার—

(গোলমাল)

একজন এক্সপেল্ড মেম্বারকে হাউস থেকে বের না করে দেওয়া পর্যন্ত হাউসের কারদার প্রসিডিংস হতে পারে না। এই বিষয়টা আমি মে'জ প্র্যাকটিশ থেকে

দেখাচ্ছি এবং তার আগে তাঁর রুলিংটা আমি অবজারব করতে বলছি। যখন আমি এক্সপেল্ড হলাম ধরে নিয়েছিলেন, তারপর এখানে আমি ঢুকেছিলাম, উনি সঙ্গে সঙ্গে হাউস এ্যাডজোন করেছিলেন এবং প্রেস কনফারেন্স করে বলেছিলেন যে, আমি হাউস এ্যাডজোর্ন করতে বাধ্য হলাম—আমি গতকাল মার্শাল ডাকতে বাধ্য হয়েছিলাম, তার কারণ যদি এক্সপেল্ড মেম্বার হাউসে থাকে তাহলে হাউস চলতে পারে না। তাহলে উনি উত্তর দিন যে সুনীতি চট্টরাজ এক্সপেল্ড হবার পর সেই একই হাউসে তাঁকে বার না করে আমাদের সম্পর্কে আলাদা মোশন এনে প্রসিডিংস করে হাউস থেকে আমাদের বের করে দিতে বললেন। শুধু তাই নয়, আপনি অবাক হয়ে যাবেন ৩৪৭ এ্যাপ্লাই না করে—কনভেনশন বলে ৩৪৭ এ্যাপ্লাই না করলে—

(গোলমাল)

বলতে না দিলে জ্যোতি বসুও বলতে পারবেন না। ৩৪৭ এ্যাপ্লাই না করে ৩৪৮ এ্যাপ্লাই হবে না। আমাদের ক্ষেত্রে সুনীতি চট্টরাজ ছাড়া বাকী ৭ জনের ক্ষেত্রে তিনি ৩৪৮ এ্যাপ্লাই করে দিলেন। আমি মে'জ প্র্যাকটিশের কোশ্চেন দিচ্ছি এই কারণে যে, উনি কতবড় ইল্‌লিগ্যাল কাজ করেছেন—মে'জ, ২০ এডিশন পেজ ৪৪৯ এতে বলছে—"Where the Speaker has directed the Sergeant to cause the Member who had been suspended but refused to leave the House to be removed from the House, he has suspended the sitting until the Member had been removed."

সুতরাং সাসপেণ্ডেড মেম্বারকে রিমুভ করা ছাড়া ফারদার প্রসিডিংস হতে পারে না। তা সত্ত্বেও এই স্পীকার মহাশয় সেখানে আমাদের বিরুদ্ধে মোশন নিয়ে এসেছেন। প্রসিডিংসের একটা গুরুত্বপূর্ণ পার্ট হল মোশন। এক্সপেল করতে গেলে মোশন নিয়ে আসতে হয়। সেই মোশন ৩৪৭-এ না নিয়ে এসে ৩৪৮ সরাসরি নিয়ে এসে এর চেয়ে বড় ফ্যাসিস্ট কায়দা আর কিছু আছে বলে আমার মনে হয় না। সংসদীয় গণতন্ত্রে এই রকম আরো নজির আছে বলে আমি বিশ্বাস করি না। স্যার, আজকে This is the beauty and most important part of the privilege of parliamentary democracy.

উনি আমাদের বে-আইনীভাবে তাড়িয়ে দিয়েছিলেন, আমরাও আজকে রীতি-নীতি মেনে রুলস মেনে আজকে পেরেছি ওনাকে ওনার চেয়ার থেকে কয়েক ঘণ্টার জন্য নামাতে। This is the worst record so far, worst

record so far. এই পার্লামেন্টারী ডেমোক্রেসী দেখবেন কংগ্রেসের তৈরী, জাতীয় কংগ্রেসের তৈরী এই সংবিধান, তাঁদের অবদানই আজকে আমরা মেনে নিয়েছি এখানে।

আজকে আমরা সংখ্যালঘু, আমরা সংসদীয় রীতিকে মেনে তাঁকে চেয়ার থেকে নামাতে পেরেছি। সুতরাং আমি শুধু এইটুকু বলছি স্পীকার হয়ত এখানকার সংখ্যাধিক্যের জোরে আবার কয়েক ঘণ্টা পরে এসে বসবেন, কিন্তু আমাদের গ্রাম বাংলায় একটা কথা আছে যে 'লোকে বলল ছি, তো তার জীবনে রইল কি?' তেমনি এই হাউসের ক্ষেত্রে বলতে চাই স্পীকারকে যদি অপোজিশন বলে ছি, তাহলে স্পীকারের জীবনে আর কিছু থাকে না। সুতরাং হাউসে সংখ্যাধিক্যের জোরে কে জিতল, কে হারল বড় কথা নয়, অপোজিশনকে যদি হেট করে, অপোজিশনকে যদি ডিপ্রাইভ করে তাহলে স্পীকারের পক্ষে সেটা ওয়ারস রেকর্ড এবং আপনাদের পক্ষে সেই স্পীকারকে চয়েস করা দ্যাট ইজ এ ব্যাড টেষ্ট অলসো, আই ডু ফিল। সেই জিনিস আজকে হতে চলেছে, উনি বলেন নি আমি সরাসরি চার্জ করছি কেশববাবু যখন স্পীকার ছিলেন তখন এই জ্যোতিবাবু দি দেন লীডার অফ দি অপোজিশন—কেশববাবু ব্রীফ দেখতেন অবসর সময়ে, হাউসের বাইরে নিজের চেম্বারে, বলে অভিযোগ করেছিলেন। ডিগনিটি অফ দি হাউস, এটাই যখন প্রিভেল করতে পারেন নি, এমন কি হাউসের বাইরে নিজের চেম্বারে পর্যন্ত ডিসঅনড় হয়েছেন—আমরা বহু ক্ষেত্রে সংবাদপত্রে পড়েছি এবং নিজে চোখেও দেখেছি, উনি নিজে মুসলিম লীগ এবং অন্যান্য পার্টির নীতি তাঁর চেম্বারে করেছেন এ্যানাউনস করে ডেকে নিয়ে এসে। আজকে মিলিয়ে নিন দুটো। হোয়াট ইজ দিস? জ্যোতিবাবু উত্তর দেবেন কেশববাবুকে তিনি কি বলেছিলেন। আমি জানি আমাদের গলা টিপে ধরলে উনি ওনার পার্টি থেকে অর্ডার অফ লেনিন পাবেন। হয়তো পেয়েও গেছেন, যার জন্য আজকে আমাদের গলা আরও বেশী জোরে টিপে ধরেছেন। কিন্তু উনি অর্ডার অফ লেনিন পেয়েছেন পার্টি থেকে, ট্রেজারী বেঞ্চ আর আমাদের কাছ থেকে আজকে নিয়ে যান অর্ডার অফ হিটলার, আজকে তাঁকে দিয়ে দিলাম। হি ইজ দি অর্ডার অফ হিটলার। দুটো পাশাপাশি রইল, দুটো পদক ঝুলবে বুকের ওপর, একদিকে কম্যুনিষ্ট পার্টি লেফট ফ্রন্ট দিয়েছে অর্ডার অফ লেনিন, আর একদিকে আমরা দিয়ে দিলাম অর্ডার অফ হিটলার, যিনি নাৎসী বাহিনীর মত আমাদের গলা টিপে মারবার চেষ্টা করেছেন। স্যার, স্পীকারশিপের ডিগনিটি এবং কনসেপ্ট সম্পর্কে আমাদের ভাবার দরকার আছে।

[2.10—2.20 P.M.]

স্যার, স্পীকারশিপের ডিগনিটি এবং কনসেপ্ট আমাদের ভাবা দরকার আছে। যেখান থেকে উৎপত্তি, এই ফাদারের সেই ১৬ দশক থেকে এই কনসেপ্ট আমরা দেখতে পাব—সেখানে আমরা কি দেখছি ? সেখানে স্পীকারকে বলা হয়েছে, He is not only the Speaker or the custodian. ১৯২০ সালে এক সময় এই স্পীকার সম্পর্কে বলা হচ্ছে, The Commons censored him more than once , "Mr. Speaker is but a servant to the House, not a master, nor a master's mate" কিন্তু আমরা দেখেছি হি ইজ নট অনলি মাষ্টার বাট সামটাইমস মাষ্টারস মেট অলসো। আমরা বহুবার দেখেছি পাশ থেকে আজেবাজে লোক এসে ডিকটেট করেছেন সংকীর্ণ রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য এবং এইভাবে ডিকটেট করে তাঁরাই হাউস মুভ করিয়েছেন। আমি একটি উদাহরণ দিচ্ছি। ১৬৪২ 'এ রাজা চার্লস পর্যন্ত হাউসের মধ্যে ঢুকে গিয়ে স্পীকারকে ডিকটেট করেছেন এই ৫ জনকে এ্যারেষ্ট করুন—এই জায়গাটা খুব ইণ্টারেষ্টিং—স্পীকার তখন চার্লস-১' কে বলেছিলেন, "May please your majesty, I have neither eyes to see nor tongue to speak in this place, but what the House is pleased to direct me, whose servent I am here". When the king was leaving, Members cried aloud, "privilege, privilege". আমরাও প্রিভিলেজ প্রিভিলেজ বলে চীৎকার করছি, যা আমাদের কনসটিটিউশন এবং রুলসে আছে, আপনি সময় দিলে আমি একটি একটি করে দেখিয়ে দেব এ টু জেড আমাদের প্রত্যেকটি প্রিভিলেজ কাটা হয়েছে এ্যাজ এ্যান ইনডিভিজুয়্যাল এ্যাণ্ড এ্যাজ এ হোল অব দি অপোজিশন এবং আমাদের সেই সব প্রিভিলেজ কেটেছেন। আমরা প্রিভিলেজ এনেছিলাম উনি (মিথ্যা) অসত্য রুলিং দিয়েছেন। 'চুরি' পর্যন্ত পার্লামেণ্টারী ওয়ার্ডস বলে দিয়েছেন। আমাদের সকলের ভাবতে লজ্জা হয় লেবাননে যখন কোন মানুষ মারা যায় তখন জ্যোতিবাবুর নেতৃত্বে হাউসে দু'ঘণ্টার জন্য আলোচনা হয়, অথচ ১২৫০ সালের পর বাংলার বুকে ১২০০ শিশু মারা গেল আমরা এ্যাডজোর্নমেণ্ট মোশন আনতে চেয়েছিলাম সেটাকে পর্যন্ত ক্যানসেল করেছেন। আপনাদের পক্ষ থেকে তো এটা আসতে পারত—এ্যাডজোর্নমেণ্ট মোশনের কথা ছেড়ে দিন, হাউসে একটা আলোচনা করার সুযোগ পর্যন্ত দেওয়া হল না, বিবৃতি দিয়ে বলে দেওয়া হল যে এই বিবৃতিই যথেষ্ট। এটা স্পীকারশিপের দায়িত্ব পালন করা হল ? স্পীকার ইমপার্সিয়্যাল ?. ইট ইজ এ ট্রাডিশন অব দি হাউস যে, জ্যোতিবাবুও জানেন মার্শাল ঢোকার সাথে সাথে বো করা হয়। ছাট

ইজ মাই সাবমিশান, আমার অভিযোগ হচ্ছে যখন বো করা হয় তখন উনি প্রথমে ট্রেজারি বেঞ্চের দিকে বো করেন, তারপর অপোজিশনের দিকে করেন। জ্যোতিবাবু যখন এদিকে বসতেন তখন নিশ্চয় দেখেছেন এই হাউসের কনভেনশান হচ্ছে আগে অপোজিশনের দিকে বো করা হত, তারপর ট্রেজারি বেঞ্চের দিকে করা হত। এটাতেই Dignity and impartiality of the Speaker in the House বজায় থাকে। এর মধ্য দিয়েই নিরপেক্ষতা প্রোটেক্ট হয় এবং নিরপেক্ষতা প্রোটেক্ট হয় হাউসের মধ্য দিয়ে। হোল হাউস ইনফেকটেড হয়ে যায়। আমরা হাউসের সম্মান বৃদ্ধি করবার জন্য আপ্রাণ চেষ্টা করি। কিন্তু উনি কিভাবে আমাদের মেরেছেন ? আমরা কত প্রিভিলেজের কথা বলেছি—আমি একটি প্রিভিলেজের কথা বলি—জ্যোতিবাবু একটা ষ্টেটমেণ্ট করেছিলেন। আমি সেই ষ্টেটমেণ্ট সংক্রান্ত ব্যাপারে একটা প্রিভিলেজ নিয়ে এসেছিলাম। উনি কথায় কথায় বলে দিলেন ইট ইজ সাব-জুডিস, পড়তে পর্যন্ত দেন নি। আমি এ. আর. মুখার্জী কোট করছি। সেখানে দেখা যাচ্ছে ষ্টেটমেণ্ট ইনকারেক্ট হলে কারেক্ট করে দিতে পারেন, এর জন্য সময় পাওয়া যায়, সেই প্রিভিলেজ নাও উঠতে পারে। লিফ্‌ট সংক্রান্ত ব্যাপারে যতীন চক্রবর্তী সম্পর্কে আমি একটি প্রিভিলেজ এনেছিলাম। দু'দিন পরে উনি কারেক্ট করে দিয়েছিলেন। আমরা ধরে নিয়েছিলাম এটা উইলফুলি নয়, সুতরাং প্রিভিলেজে যায় না। কিন্তু জ্যোতিবাবু কি করেছেন ? মিসলিডিং দি হাউস করেছেন, সেই ক্ষেত্রে আমরা প্রশ্ন করেছি। ইন্দিরা গান্ধী মিসলিড্‌ করছেন এই রকম একটা কোশ্চেন তোলা হয়েছিল, সেদিন মোরারজী দেশাই সমর্থন করে তাকে হাউস থেকে এক্সপেল্ড করে দিয়েছিলেন। আজকে জ্যোতিবাবুও মিসলিডিং দি হাউস করেছেন। পাশাপাশি পোষ্ট মর্টেম রিপোর্ট রেখে দেওয়া হয়েছিল লাইন টু লাইন এবং উনি উইলফুলি মিসলিড্‌ মিসগাইড করেছেন, কারেক্ট করেন নি, তারপর সাব-জুডিস বলে একে উড়িয়ে দেওয়া হয়েছে। এই সাব-জুডিস সম্পর্কে এ. আর. মুখার্জি, পেজ ১৮৪-তে বলা হয়েছে, A Committe of presiding officers has recommended the following principles, among others.

(a) the rule of sub-judice does not apply to matters of privilege.

আমাদের প্রিভিলেজের জন্য যে নোটিশ সেখানে কোন সাব-জুডিস আসে না। কিন্তু তা সত্বেও আজকে বারে বারে সাব-জুডিসের নাম করে প্রিভিলেজ নোটিশ উড়িয়ে দিচ্ছেন। আমি একই কারণে কাউল এ্যাণ্ড সাখদার-এর পেজ ৯১৩টা একটু দেখতে অনুরোধ করছি। সেখানেও এই একই কথা উল্লেখ করা হয়েছে।

সুতরাং এটা সাব-জুডিস হতে পারে না। এটায় আমাদের প্রিভিলেজের প্রশ্ন জড়িত রয়েছে এবং আমরা মনে করি উনি দলীয় স্বার্থে কাজ করেছেন। এই কথা বলে প্রস্তাবের পক্ষে মত জানিয়ে আমার বক্তব্য শেষ করার আগে বলতে চাই যে, এই সমস্ত অভিযোগ প্রমাণ করার জন্য আমরা যে-সমস্ত তথ্য চেয়েছিলাম সেগুলি পর্যন্ত সরবরাহ করতে দেন নি।

(At this stage the red light was lit)

মিঃ ডেপুটি স্পীকার: Mr. Mukherjee, I cannot allow you any time. Please take your seat. I call upon Shri Bhakti Bhusan Mandal.

শ্রীভক্তিভূষণ মণ্ডল: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা এই সভায় রাখছি। এখানে ইংল্যাণ্ডের স্পীকার সম্বন্ধে সুব্রতবাবু বললেন, কিন্তু status of the Speaker of England—সেটা তিনি বোধহয় জানেন না। ইংল্যাণ্ডে স্পীকার যিনি হন রিটায়ারমেন্টের পর তাঁর ৪ হাজার পাউণ্ড পেনসন হয় এবং ৫০০০ টাকা তাঁর মাসিক বেতন হয় এবং ৭॥ হাজার টাকা তাঁকে দেওয়া হয়। তাছাড়া ইলেকশানে তিনি দাঁড়ান না। অর্থাৎ তাঁকে কেউ কনটেষ্ট করেন না। তিনি সেখানে অটোমেটিক্যালি ইলেকশানে ইলেকটেড হয়ে যান। কাজেই তিনি যেটা বলেছেন তার মধ্যে সিমিট্রি থাকা দরকার, সেটা কিন্তু নেই। তাঁকে বলব, এইভাবে কম্প্যারিজন করে লাভ নেই। আমি তাঁকে বলছি, ইন্ডিয়ান কনস্টিটিউশানের আর্টিকেল ২০৮-এ পরিষ্কার ভাবে বলে দিয়েছে যে, রুলস অব প্রসিডিওর কি ভাবে হবে। আর্টিকেল ২০৮ অনুযায়ী যে প্রসিডিওরের বইটা আমাদের কাছে We are guided by this book not by others. Parliamentary politics—একথাটা সব সময় মনে রাখতে হবে। সেটা যাঁরা মনে রাখবেন না আমি বলব তাঁরা পার্লামেন্টারি পলিটিক্সের কিছুই বোঝেন না। সংবিধানের ২০৮-এ যে ক্ষমতা দিয়েছে সেটা আমাদের সর্বাগ্রে মনে রাখা দরকার। সেখানে কয়েকটি কথা পরিষ্কার ভাবে বলে দিয়েছে। এখানে ওঁরা যে বক্তৃতা দিলেন তা শুনে আমার মনে হচ্ছে ওঁরা স্পীকারের পজিশানটা কি সেটাই ভুলে গিয়েছিলেন। স্পীকারের পজিশানটা হচ্ছে equal to Chief Justice of the High Court. এটা ছেলেখেলার কোন ব্যাপার নয়। মন্ত্রিসভার বিরুদ্ধে অনাস্থা

প্রস্তাব আনতেন সেটা বুঝতাম, কিন্তু তা না করে ছেলেখেলা করার জন্য স্পীকারের এগেনেষ্টে নো কনফিডেন্স এনেছেন। ওঁরা ১৭টি চার্জ এনেছেন, কিন্তু কোন জায়গায় লিডার অব দি অপোজিশান এখনও পর্যন্ত বলেন নি যে, এই ব্যাপারে তিনি ম্যানলাফাইডি একসারসাইজ করেছেন তাঁর ডিসক্রিশান। আপনি স্যার, দেখুন ১৭টি চার্জ যা দেওয়া হয়েছে এগুলি উইদিন হিস জুরিসডিকশান। তাঁর যদি জুরিসডিকশানের মধ্যে হয় এবং সেই পাওয়ার এবং সেই ডিসক্রিশান যদি একসারসাইজ করেন—ভুল কোন কোন জায়গায় হতে পারে, বোনাফাইডি মিসটেক হতে পারে—কিন্তু কোন জায়গায় তাঁরা বলেন নি এটা ম্যালাফাইডি তিনি ইউজ করেছেন। কাজেই যেটা উইদিন হিস জুরিসডিকশান সেই পাওয়ারটা একসারসাইজ করেছেন। সেইজন্য স্পীকারের কোন জায়গাতেই দোষ হতে পারে না এটা পরিষ্কার ভাবে আপনাদের জানাচ্ছি। এই ১৭টিই হচ্ছে তাঁর ডিসক্রিসানারি পাওয়ারের মধ্যে।

[2.20—2.30 P.M.]

যে বইটার দ্বারা আমরা এখানে চলছি তার ৩৬৪ ধারায় দেখবেন সেখানে বলছে, যেগুলি লিখিত ব্যাপার আছে সেগুলি স্পীকারকে মানতে হবে এবং যেটা লিখিত নয় সেখানে রেসিডিউয়ারী পাওয়ার একসারসাইজ করবেন। এমন কি এই যে ১৭টি দেওয়া হয়েছে, এই সম্বন্ধে আমি একটি কথা বলতে চাই। এই যে ৩৬৪-তে বলা হয়েছে যে, রেসিডিউয়ারী পাওয়ারস তিনি একসারসাইজ করেছেন, যেটা একসারসাইজ করলে ম্যালাফায়েড প্রমাণিত হয়। আজ পর্যন্ত লীডার অব দি অপোজিশানও যে কথা বলে গেলেন তাতে তিনিও সেটা বলেন নি। কাজেই যে কথাগুলি বলেছেন যে উইদিন দি জুরিসডিকশান যদি হয় তাহলে সেটা ভুলেও হতে পারে, আবার ঠিকও হতে পারে। তবে এই ক্ষেত্রে একটা স্পীকারের বিরুদ্ধে এই ফ্রিম্‌জি গ্রাউণ্ডে, এই যে ১৭টা ফ্লিম্‌জি গ্রাউণ্ডে এনে যে নো-কনফিডেন্স আনা হয়েছে, এটা কনডেমএবেল এবং এটা শুধু কনডেমএবেলই নয়, এর চেয়ে ঘৃণ্য ব্যাপার আর হতে পারে না। এবারে আমি আরো কয়েকটি কথা বলতে চাই। সেটা হচ্ছে আমাদের office for the protection of the interest of the Government. আমি অবাক হয়ে গেলাম যে লীডার অব দি অপোজিশান, হি ইজ অলসো এন এ্যাডভোকেট, তিনি কোন জায়গায় স্পেসিফিক্যালি মেনশান করেন নি। কতকগুলি ভেগ এবং ইনডেফিনিট কথা বলে গেলেন। আমরা দেখছি, সাব-জুডিস হচ্ছে উইদিন দি

ডিসক্রিয়েশান। আমরা যদি রুলস দেখি, তাহলে দেখবো যে, সাব-জুডিস সম্পর্কে পরিষ্কার বলে দেওয়া আছে এবং শুধু কোর্ট নয়, সেখানে বলা আছে যে, ট্রাইবুনালও হতে পারে, ইনকোয়ারীও হতে পারে এবং আরো অনেক জায়গায় সাব-জুডিস হলে সেটা এখানের সাবজেক্ট ম্যাটার হতে পারে না। এটা যদি উনি দেখেন তাহলে আমার মনে হয় এই কথাটার উপরে তিনি রাখতে পারেন না। রুল ৪৩-তে যে কথা বারবার বলা হচ্ছে সেটাকে একজামিন করে দেখুন। রুল ৪৩, সাব-ক্লজ ২১শে ঐ সাবজুডিস কথাটা পরিষ্কারভাবে বলা হয়েছে। কাজেই সেই কথাটা যদি বলা থাকে রুলের বইতে এবং এমন কি হাইকোর্টের রুলিং যদি থাকে তাহলে সেটাওএখানে এ্যাপলিকেবল হবে না। কারণ এই বইটা আণ্ডার দি কনস্টিটিউশান, আর্টিকেল ২১৮-তে করা হয়েছে। কাজেই উইদিন দি ফোর কর্ণারস অব দিস হাউস যদি হাইকোর্টের কোন রুলিং থাকে তাহলে সেটা এখানে এ্যাপলিকেবল হবে না। এই কথাটা বুঝে আমার মনে হয় বলা উচিত ছিল। আর পারভার্স এবং ম্যালাফায়েড এই দুটো জিনিস এক নয়। এটা জানা উচিত যে পারভার্স এবং ম্যালাফায়েড ইজ নট দি সেম থিং তারপরে চেম্বার সম্পর্কে কি বলা হয়েছে, যেটা ওরা করেছেন? সাসপেনডেড মেম্বার সম্পর্কে কি বলা আছে? এই সমস্তগুলি পরিষ্কারভাবে আমাদের দেখা দরকার। সাসপেণ্ড সম্পর্কে বলা আছে ২৬২-তে। আর চেম্বার অব দি হাউস সম্পর্কে ৩৫৮-তে বলা আছে। রিমুভাল এ্যাণ্ড টগিং ইনটু কাস্টোডি অব স্ট্রেনজার—সে সম্পর্কেও পরিষ্কার ভাবে বলা আছে। যদি সাসপেণ্ড হয়ে যায় তাহলে সেই মেম্বার আর within the precincts of the Assembly Buildings থাকতে পারে না। সেটা তাঁরা ভায়োলেট করেছেন। আজকে এখানে যে-সব কথা বলতে এসেছেন, আমার মনে হয় মুর্খামি করতে এসেছেন। এটা আপনারা বিচার করে দেখবেন। কারণ আপনারা আজকে নো-কনফিডেন্স এনেছেন, রিমুভালের জন্য রেজলিউশান আনছেন, এটা মনে রাখতে হবে যে it is in the nature of impeachment of the Chief Justice of the High Court. কাজেই কোন্ সময়ে হয়, আণ্ডার হোয়াট সারকমসট্যানস্, সেটা মনে রেখে যদি আজকে আপনারা এটা আনতেন, তাহলে আমি বলতাম ঠিকই করেছেন। কিন্তু বর্তমানে আপনারা যে ছেলে-খেলা করছেন, এই ছেলে-খেলা আপনাদের করা উচিত হচ্ছে না। সেই জন্য আমি মনে করি এই হাউসে ওঁদের কনডেম্ করা উচিত এবং বলা উচিত ওঁরা ঘৃণ্য। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদীপক সেনগুপ্ত : স্যার, প্রফুল্লবাবু এসেছেন, উনি হেমেন মণ্ডলকে ফুলের মালা দিতে গিয়েছিলেন কিনা বলুন। যদি না গিয়ে থাকেন, তাহলে সেটা অস্বীকার করুন।

(গোলমাল)

শ্রীসত্যরঞ্জন বাপুলি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি বসে আছেন, আপনার দলের লোকেরা, যে-সব কথা বললেন, সে-সব সম্বন্ধে শক্তিবাবু এসেছেন, তিনি জবাব দেবেন।

(গোলমাল)

শ্রীদীপক সেনগুপ্ত : মিঃ ডেপুটি স্পীকার স্যার, অন এ পয়েন্ট অফ্ অর্ডার, স্যার, মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় তাঁর বক্তৃতার মধ্যে বলেছেন, "আপনার দলের সদস্যরা"—কিন্তু আপনি যখন ঐ চেয়ারে বসে আছেন তখন আপনি 'নিরপেক্ষ' আপনার কোন দল নেই। অথচ মাননীয় সদস্য বললেন, "আপনার দলের সদস্যরা"। সুতরাং আমি বলছি, আপনি এই কথাটি এক্সপাঞ্জ করুন।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই মাননীয় সদস্যদের একটু স্মৃতিচারণ করার জন্য একটা জিনিস উল্লেখ করছি। ১৯৮২ সালের যে দিন প্রথম এই বিধানসভার স্পীকার বসেছিলেন সেদিন সরকারী দলের নেতা তথা বিধানসভার নেতা কি বলেছিলেন? সেটা আমি আপনাদের একটু স্মরণ করিয়ে দিতে চাই। সে দিন তিনি দ্ব্যর্থহীন ভাষায় দুটি কথা বলেছিলেন, "এই সঙ্গে আমার মনে পড়ছে, আমরা যখন বিরোধী দলে ছিলাম, সে সময়ে আমরা বিরোধী হিসাবে দাবী করতাম যে, সংখ্যায় আমরা যাই হই না কেন, স্পীকার যেন আমাদের একটু বেশী সময় ও সুযোগ দেন। আমি আশা করি আপনি অনেক দিন এখানে ছিলেন, সদস্য হিসাবে, এখনো আছেন, সেই হিসাবে আপনি সেই সুযোগ-সুবিধা বিরোধী পক্ষকে দেবেন। সর্বোপরি আমি মনে করি আমরা এখানে যে-সমস্ত সদস্য এসেছি তাঁদের মর্যাদা, বিধানসভার মর্যাদা আপনি রক্ষা করবেন। অগণিত মানুষ আমাদের দিকে তাকিয়ে আছেন।" সে দিন সে সময়ে আমাদের দলের নেতা বলেছিলেন, "আপনি এই হাউসে এর আগে বিচারমন্ত্রী হিসাবে ছিলেন, আপনি একটি বিশিষ্ট দলের লোক, অর্থাৎ সি. পি. এম. পার্টির বিশিষ্ট কর্মী। সেইজন্য বোধহয় সে সময়ে বিচারমন্ত্রী হিসাবে আপনাকে আমরা

নিরপেক্ষভাবে দেখতে পাইনি এবং আপনি নিরপেক্ষ ছিলেনও না। তবুও আপনার বিরুদ্ধে আজকে আমাদের তরফ থেকে কোন প্রার্থী দিই নি। আমরা আপনাকে স্পীকার হিসাবে সমর্থন করছি।" প্রথম দিনই, ১৪-৬-৮২ তারিখে আমাদের দলের নেতা তথা সভার বিরোধী দলের নেতা সাত্তার সাহেব এই কথাগুলি বলেছিলেন। সেদিন স্পীকার বলেছিলেন, "আমি নিরপেক্ষ হব।" কিন্তু সে কথা তিনি রাখতে পারেন নি, তিনি নিরপেক্ষ হতে পারেন নি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় সদস্য ভক্তিবাবু বললেন, আমরা নাকি ছেলেখেলা করছি! আমি তাঁকে জিজ্ঞাসা করি, জ্যোতিবাবু তো একদিন বিরোধী দলে ছিলেন, তখন কি বিরোধীদের কণ্ঠ রোধ করা হত? আজকে যদি সে অবস্থা থাকত এবং আমরা যদি পশ্চিমবাংলার মানুষের কাছে গিয়ে আজকে যে-সব কথা বলছি এই সব কথা বলতাম, তাহলে তিনি ছেলেখেলা হচ্ছে বলতে পারতেন। কিন্তু আজকে যখন পশ্চিমবাংলা জ্বলছে, যখন গার্ডেনরিচে মুসলমানদের ওপর অত্যাচার হচ্ছে, আমরা সে কথা এখানে উল্লেখ করতে চাইলাম, তখন কিন্তু সাব-জুডিসের অজুহাত দেখিয়ে আমাদের আটকে দেওয়া হল।

[2.30—2.40 P. M.]

ইদ্রিসকে জেলে খুন করেছে এটা যেমনি বলতে গেলাম সাব-জুডিসে আটকে দেওয়া হলো। মেহেতাকে খুন করেছে, সেখানে দুইজন পুলিশ দুই রকমের মত দিয়েছেন এটা যেমনি বলতে গেলাম অমনি সাব-জুডিসে আটকে দেওয়া হলো। আমি একদিন যেমনি গার্ডেনরিচ বলেছি অমনি সঙ্গে সঙ্গে স্পীকার বললেন এটা সাব-জুডিস। সুতরাং এটাই কি নিরপেক্ষতার চিহ্ন? সেই জন্য স্পীকারের বিরুদ্ধে বিধানসভায় নো-কনফিডেন্স এনে কি অন্যায় করেছি? স্পীকার মহাশয় নিরপেক্ষতা দেখাতে পারেন নি। আমাদের সদস্য সুব্রত মুখার্জী মহাশয় বললেন আমি আপনাদেরই কথা তুলে ধরছি, আমি যার কথা তুলে ধরছি তিনি আপনাদেরই লোক, হীরেন মুখার্জী, পার্লামেন্টে যিনি সাসপেনডেড মেম্বার ছিলেন, তারিখটি হচ্ছে ফেব্রুয়ারী ১০, ১৯৬০ সাল। তিনি কি বলেছেন সেটা আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই। সুনীতি চট্টরাজ সাসপেনডেড মেম্বার হাউসে ছিলেন, আমরা ৭ জন সাসপেনডেড মেম্বার ছিলাম এই হাউসে। এর জন্য রেজোলিউশান করতে হয়, ইয়েস, নো যুক্ত করতে হয়। কিন্তু এই স্পীকার তা করেন নি। এই জিনিস লোকসভায় না করার জন্য হীরেন মুখার্জী মহাশয় বলেছেন, Besides

this, we have seen that the Constitution has given us the power to speak correctly before the House, and if the provisions of rule are not maintained—that is an illegal order. Members are not bound to maintain this illegal order. The Oppositions are the minority party. The duty of the Speaker is to see that the minority party should be protected. The duty of the Speaker is to see that the interest of the minority party to focus the public opinion It is to be considered. Hiren Mukherjee has said this. তিনি বললেন, সাসপেনডেড মেম্বারের জন্য কোন মোশান মুভ করেন নি, ইয়েস নো বলা হয় নি। এখানে বিধানসভায় সাসপেনডেড থাকাকালীন যদি স্পীকার কোন বে-আইনী আদেশ দিয়ে থাকেন We are not bound to abide by the illegal decision of the Speaker. Hiren Mukherjee uttered these words in the Lok Sabha and that was carried. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনাকে একটি কথা স্মরণ করিতে দিতে চাই, সেই সময় পণ্ডিত জওহরলাল নেহরু প্রাইম মিনিষ্টার ছিলেন। তিনি কি বলেছিলেন I have only heard and I have said that many irregularities may have been done. But for the sake of Parliamentary democracy may I request that the suspended Member be allowed to come in and take part in the proceedings of the House. He was Jawharlal Nehru and not Jyoti Basu. He did not come on that day and he did not appear before us. He did not say it before the Speaker.

এইকথা বলার সৎ সাহস এঁদের ছিল না এবং একথা তাঁরা বলেন নি যে, এই বিধানসভার মধ্যে এটা করা উচিৎ। আরো লজ্জার কথা, আমরা নেগোসিয়েট করেছিলাম থ্রু মারশাল—ঐদিন রাত্রি ১০টার সময়ে স্পীকারের সঙ্গে কথা বলতে চেয়েছিলাম, কিন্তু তিনি কথাবার্তা বলতে অস্বীকার করেছিলেন। আরো লজ্জার কথা, আমি নিজে যোগাযোগ করতে মুখ্যমন্ত্রীর ঘরে গিয়েছিলাম। সেখানে দেখলাম, মুখ্যমন্ত্রীর ঘরে বসে আছে D.C.D.D., Bajpayee was using the telephone of the Chief Minister to some where else. সুতরাং লজ্জা করে না—কংগ্রেস সদস্যদের বিধানসভায় লাঠি মেরে তাড়িয়ে দিলেন। বড় বড় বক্তৃতা দিয়ে বই ছাপালেন—একথা তো বললেন না? বিরোধী দলের এতগুলি সদস্যদের প্রতি তিনি এই আচরণ করলেন। এর একটিই কারণ আছে, স্পীকার হচ্ছেন সি. পি. এমের লোক। তিনি পার্লামেন্টারী ডেমোক্রাসিতে বিশ্বাস করেন না। পার্লামেন্টারী ডেমোক্রাসিতে বিশ্বাস তাঁর নেই। এটা গণতন্ত্রের সবচেয়ে বড় মন্দির। গণতন্ত্রের মন্দিরে পার্লামেন্টারী ডেমোক্রাসিতে বিশ্বাস যদি

না থাকে—আজকে যদি পুরোহিত কোন অন্যায় করে তাহলে তার প্রধান কাজ হচ্ছে তাঁকে চেয়ার থেকে নামিয়ে দিয়ে অন্য জায়গায় বসিয়ে বিচার করা।

আপনারা আজকে সরকারী পক্ষে বসেছেন। মাননীয় স্পীকার অন্যায়ভাবে আপনাদের সুযোগ করে দিচ্ছেন বলবার। উনি মাঝে মাঝে ঐ বইটা ধরে বলছেন, This is the holy Bible, Rules of Procedure can not be a Bible. কিন্তু আমি বলি, মন্দিরের পুরোহিত যদি অন্যায় করেন—তাঁকে বিতাড়িত করা ছাড়া উপায় নেই। মসজিদের ইমাম যদি অন্যায় করেন, তাঁকে তাড়িয়ে দেওয়া ছাড়া অন্য পথ নেই। গির্জার ফাদার যদি অন্যায় করেন, তাঁকেও তাড়িয়ে দেওয়া ছাড়া গত্যন্তর নেই। ঠিক সেইরকম ভাবে হাউসের স্পীকারও এখানে অন্যায় করেছেন বলে আমাদের এই অনাস্থা প্রস্তাব to maintain the dignity and prestige and to hold democracy, আপনি জানেন যে বেসিক প্রিন্সিপল অফ দি ডেমোক্র্যাসী হচ্ছে—of the people, by the people. This is general basis. কিন্তু মাননীয় স্পীকার কি মনে করতেন? তিনি মনে করতেন I am not for the C.P.M., of the C.P.M., by the C.P.M. এবং সেইজন্য এই গণতন্ত্রের মন্দিরে বসে বসে তিনি গণতন্ত্রকে ধ্বংস করেছেন। কাজেই আজকে আমরা এই অনাস্থা প্রস্তাব আনতে বাধ্য হলাম। আমাদের এছাড়া উপায় ছিল না। আমি যদি তাঁর আচরণের গুটিকয়েক দৃষ্টান্ত এখানে তুলে ধরি, লজ্জা পাবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিনি এখানে দাঁড়িয়ে হেড মাষ্টারের মতো চোখ রাঙিয়ে আমাদের সঙ্গে কথা বলতেন। এই গণতন্ত্রের মন্দিরে তিনি রক্তচক্ষু দেখিয়ে, মাঝে মাঝে ঐ বইটি দেখিয়ে আমাদের থ্রেট করতেন। বলুন তো, ঐ চেয়ারে বসে থ্রেট করা যায় কি না? কারণ ঐ চেয়ারে বসলেও During threat he is not aware of the duties and responsibilities, prestige and dignity of the particular Chair. যদি জানতেন, তিনি ঐ রকম আচরণ করতেন না; কিন্তু করেছেন দিনের পর দিন। আজকে ওঁরা বলছেন যে আমাদের এটা নাকি ছেলেখেলা। এক সময় এই হাউসের স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনে জ্যোতিবাবুও বক্তব্য রেখেছিলেন। শ্রীযতীন চক্রবর্তী এখন হাউসে নেই, তিনিও বক্তৃতা রেখেছিলেন। দুর্ভাগ্যের বিষয়, সেই সময়কার অনেকেই বর্তমানে হাউসে নেই। সেদিন শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ও বক্তৃতা করেছিলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে গণতন্ত্রের মন্দিরে যদি অপবিত্র কাজ হয়, অপোজিশান হিসাবে আমরা মাত্র ৫৪জন সদস্য তার বিরুদ্ধে কি করতে পারি বলুন। জনসাধারণ যে দায়িত্ব দিয়ে আমাদের এখানে পাঠিয়েছেন তা পূরণ করবার জন্য আমরা

কি করতে পারছি? কাজেই আমাদের শেষ অস্ত্র—নো কনফিডেন্স মোশন আনা ছাড়া উপায় ছিল না, বাধ্য হয়েই এনেছি। দিনের পর দিন পশ্চিমবাংলার মানুষ অবহেলিত, উপেক্ষিত হয়েছেন এখানে। যতবার আমরা আইন-শৃঙ্খলা অবনতির প্রশ্নে এ্যাডজোর্নমেণ্ট মোশন দিয়েছি, একটিও তিনি এ্যাকসেপ্ট করেন নি। বিদ্যুতের বেহাল পরিস্থিতির বিরুদ্ধে, বিদ্যুৎমন্ত্রীর বিরুদ্ধে বলেছি, এ্যাডজোর্নমেণ্ট মোশন দিয়েছি—এ্যাকসেপ্ট করেন নি। খরা চলছে, এ-সম্পর্কে এ্যাডজোর্নমেণ্ট মোশন দিয়েছি—এ্যাকসেপ্টেড হয় নি। বিরোধীপক্ষ যাই দিয়েছেন তাই বস্তাপচা জিনিসের মত ছুড়ে ফেলে দিয়েছেন। শেষে মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ মহাশয়কে সাসপেণ্ড করলেন। তিনি বলতে গেলেন, কর্ণপাত করলেন না। আমাদের পক্ষের মাননীয় সদস্যরা মোট ৩৫০টি পয়েণ্ট অফ অর্ডার তুলতে চেয়েছিলেন, ৩৫০টি বিষয়ে বলতে চেয়েছিলেন—কিন্তু বলতে দেন নি। অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার সাড়ে পাঁচ কোটি মানুষ আজ এই বিধানসভার দিকে তাকিয়ে আছেন। আপনারা এখানে মেজরিটি। গতকাল বক্তব্য রাখবার সময় মেনশন করেছি যে, আপনারা আজকে পশ্চিমবাংলায় শিশু-হত্যা করছেন। পশ্চিমবাংলার সর্বত্র আন্ত্রিক রোগ মহামারী আকারে দেখা দিয়েছে। এর উপর এ্যাডজোর্নমেণ্ট মোশন এনেছিলাম, এ্যাকসেপ্ট করলেন না। দিনের পর দিন আমরা এই জিনিস সহ্য করেছি। মাননীয় স্পীকারের ঔদ্ধত্য, রক্তচক্ষু, তাঁর কেসচার এ্যাণ্ড মেনার-এর যে পরিচয় আমরা এখানে পেয়েছি তাতে আমি বিশ্বাস করি—বিধানসভার সদস্য হিসাবে শুধুমাত্র আমাদেরই তিনি অপমান করেন নি, সমগ্র পশ্চিমবাংলাকে অপমান করেছেন; পশ্চিমবাংলার সমস্ত মানুষকে অপমান করেছেন, ডেমোক্রাসীর মূল উপড়ে দিয়েছেন। তাই বিধানসভার এই অধিবেশনের শেষ দিনে আমরা কি করতে পারি? আমাদের যে কণ্ঠরোধ করা হয়েছে, তার প্রতিবাদ করে যাচ্ছি।

[2.40—2.50 P. M.]

তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি মাননীয় সরকার পক্ষের সদস্যদের এই কথা গায়ে লাগবে। কিন্তু এটা অকাট্য সত্য কথা।

But at the last, I must request the Leader of the Opposition to consider and reconsider the motion which has been moved by him to excuse the * * who molested the dignity and prestige of the House and practically he has send the Parliamentary democracy into the burial ground.

(গোলমাল)

Note ;—* Expunged as ordered by the Chair

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে একটা কথা বলি এই বিধানসভায় যেদিন মুখ্যমন্ত্রী কলকাতা হাইকোর্টের জজের বিরুদ্ধে বলেছিলেন—যদিও সংসদীয় গণতন্ত্রে তাঁর ক্ষমতা নেই এই কথা বলার, তবুও তিনি সেই ক্ষমতা প্রয়োগ করেছিলেন। তখন স্পীকার কিছু বলেন নি। সেই সময় তিনি সৎসাহস দেখাতে পারেন নি। তাঁর নিরপেক্ষতা নেই এই কথা সেই দিন প্রমাণ হয়ে গেছে। তিনি নিজে নিরপেক্ষতা বজায় রাখতে পারেন নি। তাই আমরা এই স্পীকারের বিরুদ্ধে নো কনফিডেন্স মোশান আনতে বাধ্য হয়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে, সমস্ত কথা আমরা বলেছি ওনাদের যদি বুদ্ধি জ্ঞান থাকে তাহলে সেটা বিবেচনা করে দেখবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজ্যোতি বসু: সত্য বাপুলি মহাশয়, স্পীকারকে ক্রিমিন্যাল স্পীকার বলেছেন, এটা বাদ দেওয়া উচিত। অবশ্য যদি কোন ক্রিমিন্যাল এই কথা বলেন তাহলে বাদ না দিলেও চলে।

মি: ডেপুটি স্পীকার: ক্রিমিন্যাল স্পীকার কথাটা বাদ যাবে।

শ্রীশ্যামল চক্রবর্তী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রথমেই সাত্তার সাহেবকে অভিনন্দন জানাচ্ছি। বিরোধী দলের নেতা হিসাবে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। সাত্তার সাহেবের বক্তব্য শুনতে আমি বরাবরের ভক্ত। আজকে তাঁর বক্তব্য শুনে তাঁকে কিছুটা বোঝা গেল। তাঁকে আজকে আমি নূতন রূপে দেখলাম যে, তিনি খুব দূরদর্শী মানুষ এবং রাজনৈতিক নেতাও বটে। তিনি আজকে যে কথা বলেন সেটা শুধু আজকের জন্যই নয়, আগামী পাঁচ বছরে কি পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে সেটাও বলতে পারেন। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মনে আছে—যে কথা একজন বিরোধী দলের সদস্য উল্লেখ করেছেন, সম্ভবতঃ সত্য বাপুলি মহাশয়—যেদিন স্পীকার নির্বাচিত হলো ১৯৮২ সালের ১৪ই জুনের কথা। হাউসের পরিষদীয় নীতি অনুযায়ী নূতন স্পীকারে তিনি অভিষিক্ত হলেন। সেই দিন তিনি তাঁর বক্তব্যের মধ্যে বলেছিলেন—যে কথা সত্য বাপুলি মহাশয় বলেছেন—যে আপনি সি. পি. এম. দলের লোক, আপনার নিরপেক্ষতা থাকা সম্ভব নয়। তিনি এই অর্ধেক কথাটা বললেন। কথাটা সম্পূর্ণ করলেন না। বাকি অর্ধেক কথা তিনি বললেন তিন দিন বাদে। পরিষদীয় রীতি-নীতিতে এই রকম হয় কিনা আমার জানা নেই, কারণ আমার জ্ঞান অত্যন্ত সীমিত।

আমি জানিনা পৃথিবীর ইতিহাসে এমন কোন ঘটনা আছে কিনা, থাকলে আমাকে জানিয়ে দেবেন। একজন নির্বাচিত প্রতিনিধি যাকে স্পীকার করা হয়েছে তিন দিন পার হলো না, তিন দিনের মধ্যেই তাঁর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব উত্থাপিত করা হলো। তিনি নূতন স্পীকার নির্বাচিত হয়েছেন, তাঁর কাজকর্ম কিছু দেখা হলো না, তাঁকে কোন সুযোগ দেওয়া হলো না এবং তাঁকে বোঝবার চেষ্টা করা হলো না, তিন দিনের মধ্যেই অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়ে গেল।

যদিও সেই অনাস্থা প্রস্তাব পরে প্রত্যাহার করা হয়েছিল। অর্থাৎ তখনকার মত আলমারীর মধ্যে বন্ধ করে রাখা হয়েছিল। এই কথা আমি এই জন্যই বলছি যে, যেহেতু এখানে এই অনাস্থা প্রস্তাব আনা হয়েছে এবং তা উত্থাপিত হয়েছে এই বলে যে, তিনি বিরোধী দলকে সুযোগ-সুবিধা কম দিয়েছেন, নিরপেক্ষ ভাবে এই সভা পরিচালনা করতে পারেন নি। প্রথম দিন থেকেই সাত্তার সাহেব তাঁর রণকৌশল স্থির করে নিয়েছিলেন। তিনি স্থির করে নিয়েছিলেন বর্তমান স্পীকার যেহেতু সি. পি. এম. সমর্থক, প্রতি মুহূর্তে তাঁকে বিড়ম্বনার মধ্যে রাখবেন। প্রতি মুহূর্তে তাঁকে অস্বস্তির মধ্যে ফেলবেন, যেহেতু তিনি সি. পি. এম. দল থেকে একজন মনোনীত ও নির্বাচিত প্রার্থী। এটা সত্যই দুর্ভাগ্যজনক যে মাননীয় স্পীকার কংগ্রেস দলের মনোনীত কোন প্রার্থী নন। অনাস্থা প্রস্তাব এখানে উত্থাপিত হওয়ার একমাত্র কারণই হচ্ছে যেহেতু তিনি সি. পি. এম. দলের মনোনীত প্রার্থী, অন্য কোন কারণ নেই। ১৭ দফা অভিযোগপত্র মাননীয় স্পীকারের বিরুদ্ধে তাঁরা এনেছেন, সেখানে তাঁরা বলেছেন—"Allowing the Members of the treasury benches to attempt to kill one of the seniormost Members of the opposition on the floor of the House". এটা কি পরিষদীয় রাজনীতিতে চলে বা এই ধরনের প্রস্তাব উঠতে পারে? মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি রুলস্-এর ১৭০ (III) ধারার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেখানে বলা হয়েছে "It shall not contain arguments, inferences, ironical expressions, imputation of defamatory statements". এটা কি ডিফামেটরী স্টেটমেণ্ট নয়? সাত্তার সাহেব একজন দক্ষ উকিল বলে আমরা জানি। কিন্তু কোথাকার, বটতলার, না বার লাইব্রেরীর? এটা কি একটা অনাস্থা প্রস্তাব, এর মধ্যে কোথায় আছে ওয়াণ্ট অফ কনফিডেন্স? স্পীকারের প্রতি আস্থা নেই, এমন কোন কথার উল্লেখ এর মধ্যে নেই, যেখানে কোথাও নেই যে স্পীকার পক্ষপাতপূর্ণ ছিলেন। এত ত্রুটিপূর্ণ একটি অনাস্থা প্রস্তাব বিধানসভাতে কখনও উত্থাপিত হতে পারে না। তবুও আপনি উত্থাপন করবার জন্য অনুমতি

দিয়েছেন। সুব্রতবাবু তাঁর বক্তৃতার সময় উল্লেখ করেছেন যে, স্পীকার মহাশয় এ্যাডজোর্নমেন্ট মোশান তুলতে দেন নি। এ্যাডজোর্নমেন্ট মোশান নিয়ে আমাদের সরকার পক্ষের অন্যান্য মাননীয় সদস্যরা বলবেন। তবে আমি এই প্রসঙ্গে ১৯৫২-৫৭ সালের একটি দৃষ্টান্তের কথা উল্লেখ করতে চাই। সেই সময়ে বিধানসভার স্পীকার ছিলেন শৈল মুখার্জী, তিনি সি. পি. এম. দলের কেউ ছিলেন না। তাঁর আমলে একটি এ্যাডজোর্নমেন্ট মোশানও বিধানসভায় উত্থাপিত হয় নি। তাঁর রেকর্ড খুব ভাল। কিন্তু রেকর্ড খারাপ হচ্ছে বর্তমান স্পীকারের, কারণ তিনি সি. পি. এম. দলের একজন সদস্য। আমি অন্য কোন বিশেষ পয়েন্টের মধ্যে না গিয়ে দুটি বিষয়ের মধ্যে আমার বক্তব্য সীমায়িত রাখতে চাই, যে কথা মাননীয় সত্য বাপুলী মহাশয় বলেছেন, যে কথা অনাস্থা প্রস্তাবের মধ্যেও আছে। তিনি বলেছেন—যে কথা মাননীয় স্পীকার এ্যালাউ করেছেন—যে, একজন সিনিয়র মেম্বারকে মারধোর করা হয়েছে এবং তাঁর যে ক্ষমতা আছে, তার মিস্ইউজ করেছেন। অভিযোগপত্রের মধ্যে একথা উল্লেখ করা হয়েছে। অভিযোগপত্রটি রচনা করার সময়ে যে কথাগুলি সত্যবাবু উল্লেখ করেছেন, আমার মনে হয় তাঁর সম্পর্কে রবীন্দ্রনাথের সেই বিখ্যাত উক্তিটি প্রযোজ্য—চিত্ত দুয়ার মুক্ত করে সাধু আজ দুর্বৃত্ত। তাঁদের প্রতিজ্ঞা—কোন মতেই বলব না সত্য কথা। সেদিন ঘটনাটা কি ঘটেছিল? স্পীকার এ্যালাউ করেছিলেন। পাটনীলের উপরে সুনীতিবাবুর প্রশ্ন সেটা ছিল না, সেটি পরে করা হয়। শাসকদলের প্রতি এই হচ্ছে অভিযোগ।

[2.50—3.00 P.M.]

এই বিষয় নিয়ে গোলমাল শুরু হল এবং দেখা গেল যে সেই গোলমাল গড়াতে গড়াতে এমন একটা জায়গায় এলো যখন সাসপেনডেড সদস্য কয়েকজন বিধানসভার ভেতরে ঢুকে গিয়ে স্পীকারের উপর হামলা করলেন। মাননীয় সদস্য মান্নান সাহেব স্পীকারকে তাড়া করলেন, স্পীকারকে মারতে উদ্যত হলেন। এমন অবস্থা হলে অর্থাৎ সাসপেনডেড সদস্য ঢুকে যাবার পর স্পীকার বেরিয়ে যান। কিন্তু তাঁকে বেরুতে দেওয়া হলো না। তাঁর উপর আক্রমণ হলো। এমন কি এই রকম আশঙ্কা প্রকাশ করা হলো যে তাঁকে খুন পর্যন্ত করা হবে। খুনের ঘটনা আইনসভার মধ্যে যে নেই তা নয়। আমাদের পাশের দেশে বাংলাদেশের ডেপুটি স্পীকার আবদুল হালিমকে খুন করা হয়েছিল মাইক্রোফোনের ডাণ্ডা দিয়ে। আমাদের স্পীকার আশংকিত হলেন যে তাঁকে খুন করা হবে। স্পীকারকে ঘিরে অশালীন উক্তি করা

হয়, অশালীন অঙ্গভঙ্গী করা হয়। তখন সভাকে শান্ত করার জন্য কো ব্যবস্থাই অবলম্বন করা যেত না। আইনসভার স্পীকার থাকবেন আহত অবস্থায় এটা কি সম্ভব? এটা সম্ভব হয় না। যে ঘটনা নিয়ে আমি শুরু করে ছিলাম সেদিনের ঘটনায় তাঁরা বলছেন তাঁদের অভিযোগ পত্রে—সেদিনের ঘটনায় সুনীতিবাবু এবং অন্যান্য কয়েকজন সদস্য সাসপেণ্ড হলেন—misusing and abusing the powers to enforce discipline in the house. ওদের অভিযোগ পত্রে রয়েছে হাউসকে ডিসিপ্লিন করবার জন্য আপনি কিছু অধিকার প্রয়োগ করেছিলেন। স্যার, থলে থেকে কালো বিড়ালটি এখন বেরিয়েছে, অর্থাৎ আমাদের বলতে হয় নি হাউসকে ওরাই ইনডিসিপ্লিনড করে রেখেছিলেন। নিজেরাই বলছেন ইনডিসিপ্লিনড হাউসকে ডিসিপ্লিনড করার জন্য স্পীকারকে ক্ষমতা প্রয়োগ করতে হয়েছে। কোথায় হয়েছে? ৭ জন এই সভাকক্ষে আছেন। মার্শাল এসে হাতজোড় করে বললেন আপনারা চলে যান কিন্তু তাকে মাইক্রোফোনের ডাণ্ডা দিয়ে থ্রেট করে বললেন যে আমরা যাব না। পুলিশ কেন এলো এটাই ওদের বড় অভিযোগ। পুলিশকে সাময়িক ভাবে বিধানসভা ভবনে নিয়োগ করবার জন্য পশ্চিমবাংলার বিধানসভার স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব উত্থাপন করতে পারে—তাহলে আমি জিজ্ঞাসা করছি পার্লামেন্টের মার্শাল কে? তিনি তো একজন আই. পি. এস. ক্যাডার-এর লোক—তিনি সেখানে ডেপুটেশনে আছেন। আপনাদের নেত্রীকে বলুন যে সেখানে পার্লামেন্টের স্পীকারের বিরুদ্ধে সেখানে অনাস্থা প্রস্তাব নিয়ে আসুন। এখানে ৭ জন বসে আছেন, বাইরের লোকজন এসেছে, খানাপিনা হচ্ছে, বিধানসভার কক্ষকে খেলার মাঠে পরিণত করা হয়েছে, কফি হাউস, বারে পরিণত তাঁরা করলেন। তার পরে স্পীকারের পাওয়ার আছে কিনা এই প্রসঙ্গে আমি আমার বক্তব্য বলবো না। আমরা সকলেই মেড পার্লামেন্টারী প্রাকটিশ সম্পর্কে জানি। হাউস অফ কমন্সের রীতিনীতি সাধারণ-ভাবে অনুসরণ যে করা হয় সেটা আমরা কেউ অস্বীকার করবো না। আমাদের পূর্বতন স্পীকার শঙ্করদাস ব্যানার্জী একবার বলেছিলেন আমাদের হাউস অফ কমন্সের রীতিনীতি অনুসরণ করা উচিত। সেখানে স্পীকারের ক্ষমতা কি বলা হয়েছে। হাউস অফ কমন্স শুধু যে বিধানসভার রক্ষী বাহিনী ব্যবহার করবে তা নয়, তারা বলছেন দরকার হলে এমন কি বাইরে থেকেও সিভিল শক্তি ব্যবহার করতে পারবে—"and all the Mayors, Baliffs, Sheriffs, under Sheriffs, constables, headboroughs and every other person or persons are hereby required to be aiding and assisting to you or your Deputy in the executive thereof".

তারপর বলছেন এমন কি মিলিটারীকেও দরকার হলে হাউস যখন ইন ডিসিপ্লিনড থাকবে আপনাদের মত আচরণ করবে তখন স্পীকারের পাওয়ারের মধ্যে আছে যে তিনি তাদের ব্যবহার করতে পারবেন। এমনকি এও উদাহরণ আছে মেড পার্লামেন্টারী প্রাকটিসে ১৯৩১ সালে হাউস অফ কমন্সে এই রকম ধরনের ঘটনা ঘটেছিল। সেখানে একজন সদস্য প্রধানমন্ত্রী আনীত প্রস্তাবে সাসপেণ্ড হন।

সভাকক্ষ পরিত্যাগ না করার জন্য তখন সার্জেন্টকে পাঠান হয়। সেদিন আমাদের এখানে যে রকম ঘটনা ঘটেছিল ওখানেও ঠিক সেই রকম ঘটনা ঘটল—সার্জেন্টের পাশে অন্যান্য সদস্যরা এসে দাঁড়িয়ে পড়লেন এবং তাঁকে বাধা দিলেন। তখন সার্জেন্ট বললেন, আমাকে ফোর্স নিতে হবে, সাহায্য নিতে হবে। মাননীয় স্পীকার তখন তাঁকে এ্যালাউ করলেন সশস্ত্র শক্তি ব্যবহার করার জন্য এবং এইভাবে সেই দুর্বিনীত সদস্যদের সভাকক্ষ থেকে বার করে দেওয়া হল। আমি আপনাদের কাছে বলব কেন তাঁরা এই বিধানসভাকে ওই ধরণের আইন-সভাতে পরিণত করতে চাচ্ছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনি জানেন একদিন জার্মানীর Reichstag-এ ফ্যাসিস্টরা আগুন ধরিয়ে দিয়েছিল এবং তার সমস্ত দায়-দায়িত্ব সেখানকার কমিউনিস্ট এবং বামপন্থীদের উপর চাপিয়ে দেবার চেষ্টা করা হয়েছিল। তারা ভেবেছিল আইনসভাতে আগুন ধরিয়ে দিতে পারলে সেই ধ্বংসস্তূপের উপর স্বৈরাচারের বিরাট স্তম্ভ প্রতিষ্ঠা করতে পারব। কিন্তু ইতিহাস তাদের উপর প্রতিশোধ নিয়েছিল। দেখা গেল আইনসভার সেই ধ্বংসস্তূপের মধ্য দিয়ে বুর্জোয়া গণতন্ত্রের বদলে জার্মানীর একটা বিরাট অংশে জন্ম নিল একটা নূতন ধরনের গণতন্ত্র, সর্বহারার গণতন্ত্র। বুর্জোয়ারা প্রথমতঃ আইন-সভাকে বাইরে থেকে ভাঙ্গবার চেষ্টা করে, কিন্তু যখন তা পারে না তখন আইনসভার মধ্যে এরকম ধরনের ব্যবহার সুরু করে। এরা চায় আইনসভা যেন লোকচক্ষুর সম্মুখে হেয় প্রতিপন্ন হয়, এরা চায় আইনসভার এই চেহারা দেখে মানুষের একটা বিরাট অংশ যেন বিভ্রান্ত হয় এবং আইনসভা সম্পর্কে মানুষের মোহ যেন ধীরে ধীরে মুক্ত হয়। এঁরা সেই জিনিস তৈরী করতে চান এবং সেইজন্যই মাঝে মাঝে দেখি পূর্বপুরুষদের মত পুচ্ছটি উচ্চে তুলে আইনসভার মধ্যে লম্পঝম্প শুরু করেন, সমস্ত রকম নিয়মকানুন ভঙ্গ করে বিধানসভার মধ্যে একটা হট্টগোল সৃষ্টি করেন এবং তার ফলে বিধানসভার প্রতি মানুষের মন ভেঙে যায়, বিধানসভার প্রতি মানুষের শ্রদ্ধা আর থাকে না। এঁরা ভাবছেন এইভাবে সংসদীয় গণতন্ত্রের কবর রচনা করে তার উপর স্বৈরাচারের সৌধ রচনা করবেন এবং এক্ষেত্রে তাঁরা তাঁদের মেত্রীর পদাঙ্ক অনুসরণ করবার চেষ্টা করেন। তাঁরা সংসদীয় গণতন্ত্রের রীতি নীতে লঙ্ঘন

করেন। কিন্তু পশ্চিমবাংলার মানুষ জানে বাংলার মাটিতে জন্ম নিয়েছে সচেতনতার দান। এখানে যদি সংসদীয় রীতিনীতি লঙ্ঘন করা হয়, সংসদীয় রীতিনীতির কবর দেওয়া হয় তাহলে সেই সংসদীয় গণতন্ত্রের ধ্বংসস্তূপের উপর স্বৈরাচারের বিরাট স্তম্ভ উঠবে না, সেই ধ্বংসস্তূপের উপর গড়ে উঠবে নূতন ধরনের গণতন্ত্র, সর্বহারার গণতন্ত্র। পশ্চিমবাংলার মানুষ আজ সেইজন্য তৈরী হচ্ছে এবং তাঁরা বলছেন, বাংলার মাটি দুর্জয় ঘাঁটি—বুঝে নে রে দুর্বৃত্ত।

শ্রীঅতীশ চন্দ্র সিন্‌হা: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সাধারণত: মাননীয় স্পীকারের বিরুদ্ধে চট করে অনাস্থা প্রস্তাব আসে না। কিন্তু অত্যন্ত দুঃখ এবং বেদনার সংগে সেই অনাস্থা প্রস্তাব আমাদের হাউসে উত্থাপন করতে হয়েছে এবং কিছু কিছু সরকারী দলের সদস্য একে ছেলেখেলা বলে চিহ্নিত করবার চেষ্টা করেছেন। এটা যদি ছেলেখেলাই হোত তাহলে গত ৭ বছরের মধ্যে এই ধরনের অনাস্থা প্রস্তাব অনেকবারই আসত। কিন্তু আজ পর্যন্ত এই ধরনের অনাস্থা প্রস্তাব আসেনি—৭ বছর পর বামফ্রন্ট সরকারের রাজত্বে এই প্রথম এই ধরনের অনাস্থা প্রস্তাব এল। কাজেই অত্যন্ত চিন্তা করে এবং বেদনার সংগে আজকে আমাদের এই জিনিস আনতে হয়েছে এবং এর মধ্যে অত্যন্ত সংগত কারণ আছে। বিরোধী দলের সদস্য হিসেবে আমরা মাননীয় স্পীকারের কাছ থেকে ঠিকমত ব্যবহার পাই না, বরং নির্মম ব্যবহারই পেয়েছি বলে আমাদের ধারণা এবং সেই জন্যই এই অনাস্থা প্রস্তাব আনতে হয়েছে।

[3.00—3.40 P.M. Including adjournment]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি চিন্তা করে দেখুন যে স্পীকারের হুকুমে বিরোধী দলের সদস্যদের উপর এই পবিত্র বিধানসভার কক্ষে যে পুলিশী নির্যাতন হোল, লাঠি নিয়ে এসে আমাদের উপর হামলা করলো, রক্তপাত করলো এবং শেষ পর্যন্ত হাউস থেকে বিতাড়িত করে দিলো, সেই স্পীকারের বিরুদ্ধে এই রকম অনাস্থা প্রস্তাব আনা ছাড়া আমাদের কি উপায় থাকতে পারে? আজকে নানা রকম ভাবে জিনিসটাকে চিহ্নিত করা হচ্ছে। কিন্তু একটা বিষয় হচ্ছে যে যে ঘটনার পরিপ্রেক্ষিতে সেদিন এটা হয়েছিল সে সম্বন্ধে কিছু কথা এখানে উল্লেখ করতে চাই। সেটা হচ্ছে পাটনীলের ঘটনা। যদিও বলছেন যে সেখানে কিছু ঘটেনি, তবুও আমাদের দলের পক্ষ থেকে আমি মনে করি অবর্ণনীয় অকথ্য অত্যাচার সেখানে হয়েছিল এবং সেই গ্রামে যাকে খুন করা হয়েছিল সে মোটেই সমাজ-

বিরোধী নয়। কিন্তু প্রশ্নোত্তরের দিন যখন মুখ্যমন্ত্রী যিনি খুন হয়েছে যাঁকে সমাজ-বিরোধী বলে চিহ্নিত করলেন এবং তিনি বলতে চাইলেন যে সে সমাজবিরোধী, খুন হয়েছে। অতএব সাত খুন মাপ। যদিও উত্তর দেবার সময় তিনি বলেছেন সমাজ-বিরোধী হলেও খুন করা উচিত নয়। কিন্তু সমাজবিরোধী বলে খুনটাকে সমর্থন করার চেষ্টা করা হয়েছে। এটা নিশ্চয় গর্হিত কাজ এবং তার কোন প্রমাণ নেই যে সে সমাজবিরোধী এবং স্বাভাবিক কারণে এই রকম প্রশ্নোত্তরের সময় যদি এই রকম উত্তর আসে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছ থেকে তাহলে প্রশ্নকর্তার উষ্ণ হবার সংগত যথেষ্ট কারণ আছে। এই কারণে সুনীতি চট্টরাজ সেদিন বলেছিলেন আপনি প্রমাণ না দিয়ে তাকে সমাজবিরোধী যদি বলেন তাহলে আপনিও সমাজবিরোধী— এই কথা বলেছিলেন। তার ফলে উত্তেজনার সৃষ্টি হয়। সরকারী পক্ষের সদস্যরা চীৎকার করতে থাকেন এবং বিরোধী দলের সদস্যরাও চীৎকার করতে থাকেন। সেই ঘটনার পরিপ্রেক্ষিতে স্পীকার মহাশয় বলেন সুনীতি চট্টরাজকে যে, আপনি হাউস থেকে বেরিয়ে যান। তিনি যান নি। এই রকম নজীর বহু আছে। আগে যখন কাউকে নেম করা হয়েছে তখন সংগে সংগে সুবোধ বালকের মত অপমান ঘাড়ে করে বেরিয়ে যান সেটা আলাদা কথা। কিন্তু এই রকম একটা ব্যাপারে স্পীকার যদি বলেন বেরিয়ে যাও হাউস থেকে, অমনি সংগে সংগে সে বেরিয়ে যাবে —এই জিনিস আশা করতে পারেন না। কাজেই সে হাউসে বসে থাকে এবং পরে স্পীকার আসার পর খুব অন্যায়ভাবে সে হাউসে থাকাকালীন তিনি আরও ৭ জন সদস্যকে ইররেগুলারাল সাসপেণ্ড করে, সমস্ত সেসনে অংশগ্রহণ করতে পারবে না বলে তিনি রুল জারি করে দিলেন। অন্যায়ভাবে আট জন সদস্যের উপর বহিষ্কারের যে অর্ডার দেওয়া হোল এটা কি করে হয়? বিরোধী দলের সদস্য যা করে তা একটা ঘটনার পরিপ্রেক্ষিতেই করেছে। তার জন্য এই অর্ডার এই রুলিং হোল। এটাকে মাথা পেতে নিয়ে এই হাউস থেকে সুড় সুড় করে বেরিয়ে যাবে কি করে এটা আপনারা আশা করেন। খুব স্বাভাবিক কারণে এই রুলিংয়ের প্রতিবাদ করবার জন্য আমাদের অবস্থান করা। এবং রাত্রি ১০/১১ টার সময় তার আগে বহুবার আমরা চেষ্টা করি স্পীকারের সংগে যোগাযোগ করবার জন্য। আমাদের কোন ইচ্ছা ছিল না যে তার পরের দিন বাজেট ছিল তাকে বানচাল করা। আমরা বার বার স্পীকারের কাছে লোক পাঠিয়ে বলতে চেয়েছি যে, আমাদের বিরোধী দলের নেতা যে সাত্তার সাহেব আছে তার সংগে ডেকে যদি একটা/দুটি কথা বলেন তাহলে নিশ্চয় এই যে জিনিস সৃষ্টি হয়েছে তা সমাধান করা সম্ভব। কিন্তু স্পীকার সেই মনোভাব গ্রহণ করেন নি। স্পীকারের নিরপেক্ষ হওয়া উচিত। সাধারণভাবে

এটা আমরা আশা করি। তিনি সব সময় বিরোধী দলের সদস্যদের, বিরোধী দলের যে-সমস্ত সমস্যা আছে সেগুলি গুরুত্ব সহকারে বিবেচনা করবেন এটা নিশ্চ সকলে আশা করে। সেদিন এই ঘটনাকে একটা প্রেসটিজ ইস্যু বলে তিনি গ্রহ করেছিলেন এবং তিনি দেখাতে চেয়েছিলেন যে আমার কি ক্ষমতা—আমি কি করতে পারি। আমি বিরোধীদের শায়েস্তা করে দেবো এমনভাবে যাতে ভবিষ্যতে তার আর মাথা তুলে দাঁড়াতে না পারে বা চেষ্টা না করে। এই মনোভাব গ্রহণ করা ফলে আমরা সেদিন স্পীকারের বিরুদ্ধে ক্ষুব্ধ হয়েছিলাম। তাই স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনতে আমরা বাধ্য হয়েছি। এর আগে মনসুর হাবিবুল্লা সাহে যখন স্পীকার ছিলেন তখন, আজকে যাদের বিরুদ্ধে এত রাগ সেই সুনীতি চট্টরা এবং আর যেসব সরব সদস্য আমাদের ছিলেন তাঁরা প্রত্যেকে ১৯৭৭ থেকে ১৯৮ সাল পর্যন্ত ছিলেন এবং প্রসিডিংস পড়ে দেখুন এমন ঘটনা বহু ঘটেছে—হাবিবুল্ল সাহেব এখানে আছেন—এই পাঁচ বছরে বহু চেঁচামেচি, হট্টগোল হয়েছে কিন্তু ত সত্বেও সেই হাবিবুল্লা সাহেব যখন স্পীকার ছিলেন আপনাদেরই দলের এবং আজকে যে স্পীকার তার যে মনোভাব বিরোধী দলের প্রতি সেই রকম মনোভাব তাঁর কা থেকে পাইনি।

আমরা সব সময় দেখেছি, যে চেঁচামেচি করছে, তাঁকে ডেকেছেন এবং তাঁর সঙ্গে কথা বলেছেন, তাঁকে অনুরোধ করেছেন এবং বলেছেন যে চেঁচামেচি করে এই বিধানসভার অধিবেশনকে ভঙ্গ করে দিও না, অধিবেশন চালাতে অসুবিধার সৃষ্টি করো না। যার ফলে গত পাঁচ বছরে এই রকম অনাস্থা প্রস্তাবের কোন চিন্তা আমাদের মাথার মধ্যে আসেনি। কিন্তু আজকে এই চিন্তা করে আমরা এনেছি, এটা ছেলেখেলা নয়. এটা কোন ছেলেখেলা ভাববেন না, আমরা তাঁকে এমনভাবে বুঝতে পেরেছি যে তিনি বিরোধী দলকে শায়েস্তা করবার জন্য এই পদে আসীন হয়েছেন এবং সেটা বুঝে আমরা আজকে অনাস্থা প্রস্তাব এনেছি। আপনারা বলছেন, মাইক ভাঙ্গা—আপনারা চিন্তা করুন ২০০ জন পুলিশ লাঠি ডাণ্ডা নিয়ে আমাদের ৩৫/৩৬ জনকে মারতে এসেছে, সেখানে মাত্র ৫/১০টা মাইক ভেঙ্গেছে, ভেঙ্গে থাকতে পারে। কারণ ঐ রকম একটা যুদ্ধক্ষেত্রে, এটা একটা যুদ্ধক্ষেত্রে পরিণত হয়েছিল। সেখানে যে আরও বিরাট বড় কোন ঘটনা বিধানসভায় ঘটেনি, এখনও যে চেয়ার টেবিলগুলো সুস্থ অবস্থায়, না ভাঙ্গা অবস্থায় আছে, এটাই বুঝতে হবে যে আমরা সেদিন অত্যন্ত ধৈর্য সহকারে এই অবস্থার মোকাবিলা করেছিলাম। আজকে আপনারা বলছেন মাইক ভাঙ্গা? আপনারা চিন্তা করুন তো? যদি আপনারা এখানে ৩০ জন থাকেন এবং ২০০ জন পুলিশ যদি আপনাদের মারতে

আসে তাহলে আপনারা কি করবেন ? সুতরাং এই যে বিকৃত করে আপনারা যে ঘটানাটা উপস্থিত করবার চেষ্টা করছেন, এই চেষ্টা অপচেষ্টা মাত্র। এর ফলে বিরোধী দলের প্রতি যে অসম্মান এবং শায়েস্তা করবার যে মনোভাব আমরা বর্তমান স্পীকারের কাছ থেকে লক্ষ্য করছি, এর বিরুদ্ধে প্রতিবাদ করে আমরা স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছি। যেটা আনতে আমাদের হয় নি গত পাঁচ বছর যিনি স্পীকার ছিলেন তাঁর বিরুদ্ধে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্পীকারের কি গুণ থাকা উচিত, সেই সম্পর্কে আমি কয়েকটি উল্লেখ করতে চাই। এই বইটা হচ্ছে A Comparative Study of the Speaker by Dr. B. Siva Dharma Sastry—Page 92—In 1890, Speaker Read, though an authoritarian, possessed ample patience in maintaining the disturbed House over his ruling. The new York Tribune admiringly reported :

"The large man in the Speaker's Chair remained calm and outwardly unmoved throughout the pandemonium, not for an instant losing his presenec of mind. His patience seemed without limit. আমরা এই স্পীকারের কাছ থেকে সেই রকম কোন জিনিস লক্ষ্য করিনি। He rose above insult and abuse, making his rulings in an unemotional voice somewhat higher and more nasal than usual. It was an exhibition of outstanding personal courage and iron self-control."

স্পীকারের কাছ থেকে এই রকম ব্যবহার আমরা আশা করিনি। সময় সময় এমন হবে যেখানে গণতন্ত্রে বিরোধী দলের সদস্য আছে, সেখানে নিশ্চয়ই আপনারা আশা করেন না যে সুবোধ বালকের মত কেবল আপনাদের সরকারের প্রশংসা এবং সকলের প্রশংসা আপনারা বিরোধী দলের কাছ থেকে সব সময় শুনবেন। উত্তেজনা আসবে, সেখানে চেঁচামেচি হতে বাধ্য। এই অবস্থার মধ্যে আজকে স্পীকারকে ঠাণ্ডা মাথায় হাউস চালাতে হবে, বিরোধীদের প্রতি সম্পূর্ণ সহানুভূতি সহকারে। যে ফিলিংস আমরা এই স্পীকারের কাছ থেকে পাইনি এবং তার জন্য আমরা অনাস্থা প্রস্তাব এনেছি এবং অত্যন্ত দুঃখের সঙ্গে আমাদের আনতে হয়েছে, এতে আমাদের আনন্দের কিছু নেই। আমরা জানি যে আপনাদের বিরাট সংখ্যাধিক্য আছে, আপনারা এই প্রস্তাবকে নাকচ করে দেবেন। কিন্তু আমাদের হৃদয়ের যে বেদনা সেটা আমরা আপনাদের বলতে চাই, কোন পার্সোন্যাল রাগ নেই। কিন্তু এই স্পীকারের কাছ থেকে যে সহানুভূতি আশা করেছিলাম, তা পাইনি। তাই এই অনাস্থা প্রস্তাব এনেছি। আশা করি আপনারা সমর্থন করবেন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 3.40 P M.)

- [3.40—3.50 P.M. After adjournment]

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সম্প্রতি মুর্শিদাবাদ জেলার ফরাক্কায় আমাদের কমরেড রামকৃষ্ণ ভগত এন. টি. পি. সি. থেকে সাইকেলে করে ফিরছিলেন। তখন কিছু দুষ্কৃতকারী পিছন থেকে তাঁকে ক্রমাগত ছুরি মারতে থাকে। ফলে তাঁর লাংসের ক্ষতি হয়েছে। মালদহে সে ভর্তি হয়েছিল। বর্তমানে সে কলকাতার এন. আর. এস. হাসপাতালে ভর্তি হয়ে মৃত্যুর সংগে পাঞ্জা লড়ছে। যারা মেরেছে তারা কংগ্রেস (ই)-র দুষ্কৃতকারী লোক বলে জানা গেছে। আমি পুলিশ মন্ত্রীকে অনুরোধ করব ইমিডিয়েটলি ঐসব দুষ্কৃতকারীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করুন। তাদের চিহ্নিত করা গেছে।

ডা: মানস ভুঁইয়া : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ যে, আপনি আমাদের বলবার জন্য একটু সময় দিয়েছেন। আমরা সবাই এখানে বিধানসভার প্রতিনিধি হিসাবে উপস্থিত আছি। এখানে অনেকেই গ্রাম বাংলার প্রতিনিধি, জেলার প্রতিনিধি আছেন। সেখানকার মানুষ জানতে চাইছেন আজকেই বিধানসভা যখন শেষ হতে চলেছে তখন এই যে শয়ে শয়ে শিশুর মৃত্যু হচ্ছে, সরকার চিকিৎসার ব্যবস্থা করতে পারছেন না, পানীয় জলের ব্যবস্থা করতে পারছেন না কেন? গ্রাম বাংলার মানুষরা বিধানসভার সদস্যদের কাছ থেকে কি প্রতিশ্রুতি নিয়ে যাচ্ছে? আপনি মুখ্যমন্ত্রীকে এই বিষয়ে আজকেই একটা ষ্টেটমেন্ট এক্ষুণি করতে বলুন।

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আসার আগে এই পবিত্র বিধানসভায় হেমেন মণ্ডল নিয়ে কিছু আলোচনা হয়েছিল এবং সেখানে আমার নাম এসেছিল। যে অভিযোগ এসেছে সেই সম্বন্ধে হাউসের প্রতিটি সভ্যকে আমার জানানো উচিত এবং এটা আমার কর্তব্য বলে মনে করি। আমার দুঃখ যে, আমি জানতাম না হেমেন মণ্ডল সেদিন সেই সময় জেল থেকে বেরুচ্ছে। আমি যদি জানতাম নিশ্চয় যেতাম। কারণ, এই সরকারের যারা ধারক-বাহক তারা হেমেন মণ্ডলের অন্তঃসত্ত্বা স্ত্রীর উপর দিনের পর দিন অত্যাচার করে চলেছেন। গণতন্ত্রে বিশ্বাসী যে-কোন মানুষের তার পাশে দাঁড়ান কর্তব্য। আমার দুঃখ হচ্ছে আমি জানতাম না যে, হেমেন মণ্ডল সেদিন জেল থেকে বেরুচ্ছে, তা হলে নিশ্চয়

যেতাম জেল থেকে বেরনোর সময় মালা পরানোর জন্য এবং বলতাম আমি এসেছি আপনাকে নিয়ে যাবার জন্য।

(গোলমাল)

শ্রীসরল দেব: স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, আজকেই সংবাদপত্রে প্রকাশিত হয়েছে যে কোর্টের অর্ডার আছে যে হেমেন মণ্ডল গৌরীবাড়ি এলাকায় যেতে পারবে না। সে একজন স্বতঃসিদ্ধ সমাজবিরোধী বলে বাংলাদেশের ইতিহাসে চিহ্নিত হয়ে গিয়েছে। তাকে উনি মালা পরাতে গিয়েছিলেন। হেমেন মণ্ডলের স্ত্রী অন্তঃসত্ত্বা উনি জানলেন কি করে? স্যার, সমাজবিরোধীদের কারা আশ্রয় দিচ্ছে সেটা একটু বুঝুন।

(গোলমাল)

শ্রীতারাপদ সাঁধুখা: স্যার, বর্তমান অধিবেশনের আজকেই শেষ দিন। আজকের এই শেষ দিনে আপনার মাধ্যমে একটি আবেদন আমি এই সভায় রাখতে চাই। ডি. ভি. সি. থেকে যে জল আসে আমার কেন্দ্রের সিঙ্গুর থানা তার শেষ স্তরে অবস্থিত। আমি কংগ্রেসের এম. এল. এ. বলে সেখানে জল দেবার ব্যবস্থা করা হয় নি। আমি স্যার, এ দিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই।

(গোলমাল)

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, বিষয়টা এতক্ষণে পরিষ্কার হল। মাননীয় সদস্য শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ, যিনি গ্রেট শতদা নামে পরিচিত তাঁর সেল্‌ফ এক্সপ্লানেশান আমরা শুনলাম। আমি আগেও বলেছি, এখনও বলছি, আমি ওঁকে চ্যালেঞ্জ জানিয়ে যে কথাগুলি বলেছিলাম উনি তাঁর জবাব দিন। দমদমের যে-সমস্ত কুখ্যাত সমাজবিরোধী, গুণ্ডা, যারা ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত রাজত্ব চালিয়েছে সেই গোরা, নান্নু, যাদের পিঠ চাপড়ে চাপড়ে ভাইটি ভাইটি করে কতজনকে তাদের দিয়ে অর্গানাইজ করে মার্ডার করানো হয়েছে, ঘর ছাড়ানো হয়েছে তাদের আবার অর্গানাইজ করা হচ্ছে। আজকে ইলেকশানকে সামনে রেখে ঐ হেমেন মণ্ডল সহ তাদের আবার নিয়ে এসে সেই সব কাজ করার চেষ্টা হচ্ছে। এইভাবে গণতন্ত্রকে হত্যা করার এখানে চেষ্টা চলছে। আমি ওঁকে চ্যালেঞ্জ জানিয়ে বলছি, উনি এর জবাব দিন।

(গোলমাল)

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ : এসব আপনারা বলা সত্বেও আপনারা জেনে রাখুন প্রফুল্লকান্তি ঘোষ একটি সিট থেকেই কনটেষ্ট করে এবং দাঁড়ায় এবং আপনাদের মন্ত্রীকে হারায়। আপনাদের হাতে পুলিশ, প্রশাসন আছে, কো-অর্ডিনেশান কমিটি আছে, হাজার হাজার ফল্স্ ভোটার আছে, এসব নিয়েও দেখুন, প্রফুল্লকান্তি ঘোষকে হারাতে পারেন কিনা।

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার : Mr. Ghosh, please take your seat.

(Noise and interruptions)

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আপনি হাউসে একটা শান্ত পরিবেশের সৃষ্টি করেছিলেন, কিন্তু ওঁরা উত্তেজনা বাড়াচ্ছেন। মাননীয় সদস্য শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ দ্ব্যর্থহীন ভাষায় তাঁর কথা জানিয়েছেন, কিন্তু তারপর দেখছি ওঁরা গোলমাল করছেন। আমি তাই সি. পি. এম.-এর মাননীয় সদস্যদের বলব, এইভাবে চিৎকার করে কোন লাভ নেই।

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার : Now I call upon Shri Kamakhya Charan Ghosh to speak.

[3.50—4.00 P. M.]

শ্রীকামাক্ষ্যা চরণ ঘোষ : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে বিরোধীপক্ষ মাননীয় স্পীকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন, তাকে আমি সমর্থন করি না। আমি মাননীয় স্পীকারের পক্ষে এবং তাঁর সমস্ত কাজ যা তিনি করেছেন এই বিধানসভা পরিচালনার ক্ষেত্রে তা সমস্তই সমর্থন করছি। আমি মনে করি It is a sinister political game of the Opposition to do away with the democracy. এই হচ্ছে ওদের অনাস্থা প্রস্তাব। মাননীয় সদস্য অতীশ সিন্হা

মহাশয় বলেছেন যে, তাঁরা কেন স্পীকারের বিরোধিতা করলেন, কিন্তু সরকারের বিরোধিতা করলেন না। কি করে সেটা করবেন? সেটা করলে পশ্চিমবাংলার লোকেরা হাসবেন। বামফ্রন্ট সরকার বিপুল জনগণের স্বার্থের দিকে লক্ষ্য রেখে যে-সব কাজ করছেন তার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব যদি আনেন তাহলে সেটা দেখে লোকে হাসবে এবং তাতে আপনারা পার পাবেন না। কাজেই আপনি দেখুন: Total notice received 225. Notice admitted-5, Notice of the Opposition admitted-3, September, 1982. Total Notice received-317, Notice admitted 18, Notice of Opposition admitted-15, Budget, 1983=Total notice received-391, Notice admitted-36. Notice of the Opposition admitted 22, August-September, 1983=Total Notice received 51, Notice admitted-10, Notice of Opposition admitted-7.

কাজেই ৯ নম্বরে যে অভিযোগ আনা হয়েছে, He will be an impartial Speaker of all sections of the House. তাদের পুরো কনফিডেন্স আছে স্পীকারের সম্পর্কে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন যে দীর্ঘদিন ধরে ভারতবর্ষে একটা ষড়যন্ত্র হচ্ছে। কি সেই ষড়যন্ত্র? সেটা হচ্ছে যে রাজ্যসভায় যদি কোনমতে ২/৩ মেজরিটি করা যায়—মেম্বার কম হলে টাকা দিয়ে যদি মেম্বার কেনা যায়—পার্লামেন্টে সেই ২/৩ মেজরিটি ব্যবহার করে ভারতবর্ষে রাষ্ট্রপতি শাসন কায়েম করা যায়। আগামী নির্বাচনে যে ভরাডুবি হবে সে সম্পর্কে তাঁরা সচেতন হয়েছেন এবং তারই দৃষ্টান্ত এনে তাঁরা এই অনাস্থা প্রস্তাব এনেছেন, সিঙ্গল আউট করছেন স্পীকারকে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন যে ভারতবর্ষে দুটো প্রতিবেশী দেশ আছে। একদিকে পাকিস্তান, আর অন্যদিকে বাংলাদেশ। •সেখানে জনসাধারণ এই বুর্জোয়া শাসনযন্ত্র অপসারণ-এর জন্য জীবন-মরণ সংগ্রাম করছে, বহু রক্তক্ষয় করছে। আজকে পশ্চিমবাংলায় যে আকস্মিক ঘটনাগুলি ঘটছে তার উদ্দেশ্য হচ্ছে যে পশ্চিমবাংলায় যে গণতান্ত্রিক শাসন ব্যবস্থা চলছে তাকে বানচাল করে দাও। এই যে নির্দেশ, এই নির্দেশ পশ্চিমবাংলায় তৈরী হয় নি। এই নির্দেশ বাইরে থেকে এসেছে এবং যা কার্যকরী করা হচ্ছে বিধানসভাতে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, স্পীকারের বিরুদ্ধে তাঁরা অনাস্থা প্রস্তাব এনেছেন। তিনি কি চিন্তা করেন? সম্প্রতি লেজিসলেচারস জুডিশিয়্যাসি ও তার জুডিসিয়ারী সম্পর্কে একটা সেমিনার হয়ে গেছে। সেখানে মিঃ হালিম সাহেব কি বলেছেন? "Mr. Deputy Speaker, Sir, Mr. Halim said he had told the conference that its decision had been taken 'in haste'. He thought it was an act of indiscretion on the part of the Kerala Speaker to

have debarred the Deshabhimani reporter from the House. According to him, the right of the Press to report the proceedings of the House was ultimately linked to the right of the people to know about the assembly proceedings. The right of the people should be supreme over the right of the legislators", he told the conference. তিনি পশ্চিমবাংলার স্পীকার এবং সারা ভারতের সামনে পশ্চিমবাংলার সম্মানকে অক্ষুণ্ণ রেখে এসেছেন। তিনি আমাদের বিধানসভা পরিচালনা করেছেন এবং আপনারা সকলে জানেন যে তিনি খুব দক্ষতার সঙ্গে শান্তিপূর্ণভাবে এই বিধানসভা পরিচালনা করেছেন। এই অবস্থায় তাঁর বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে, এটা দূরভিসন্ধিমূলক। কাজেই এই অনাস্থা প্রস্তাবকে নাকচ করে দেওয়া হোক। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুনীতি চট্টরাজ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিরোধী দলের নেতা আর্টিকেল ১৭৯ অফ্ দি কনসটিটিউশন অফ ইণ্ডিয়া অনুযায়ী যে রেজলিউশন মুভ করেছেন আমি সে রেজলিউশনকে সমর্থন করে কয়েকটি কথা বলছি।

স্যার, আমি দীর্ঘদিন আগেকার স্পীকারদের আচরণ সম্বন্ধে কোন কথার অবতারণা করছি না। ১৯৭৭ সালে যিনি এই হাউসে স্পীকার হয়েছিলেন, সেই মাননীয় সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ সাহেবের আচরণ সম্বন্ধে কয়েকটি কথা এখানে উল্লেখ করছি। তিনি ১৯৭৭ সালে ঐ চেয়ারে (স্পীকারের চেয়ারে) বসেছিলেন এবং তাঁর আচরণ আমার দেখার সৌভাগ্য হয়েছিল। তিনি আমাদের সংগে পিতা-পুত্রের মত আচরণ করতেন। তিনি অপোজিশন মেম্বারদের শুধুমাত্র অপোজিশন মেম্বার হিসাবেই দেখতেন না বা সে রকম আচরণ করতেন না। আমরা অপোজিসন থেকে কখনো কোন ভুল করলে তিনি আমাদের কারেকশন করে দিতেন।

স্যার, একটা কথা আছে 'শাসন করা তারই সাজে, সোহাগ করে যে।' মাননীয় মনসুর হবিবুল্লাহ সাহেবের আমলে আমরা সেই জিনিস দেখেছি।

(গোলমাল)

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, সরকার পক্ষের সদস্যরা এখন আমাকে যেভাবে ডিসটারব করছে, এভাবে মাননীয় হবিবুল্লাহ সাহেব সরকার পক্ষের সদস্যদের বিরোধী সদস্যদের বক্তৃতা দান কালে ডিসটারব করতে দিতেন না। বর্তমানে যেভাবে হাউস চলছে, তাতে আমরা কখনই কোন কথা

রিষ্কার ভাবে বলতে পারছি না। বিশেষ করে আমি যখনই বক্তৃতা রাখি তখনই কার পক্ষের সদস্যরা এমন ভাবে ডিসটারব করেন, যে তাতে তাঁরা গণতন্ত্রকেই ত্যা করেন। আজকে আপনি স্পীকারের চেয়ারে বসে আছেন, কিন্তু আমি লক্ষ্য রছি আপনারা দু'জনে একই দোষে দুষ্ট। আপনারা দু'জনেই আমাদের গ্যাগ্ রার চেষ্টা করছেন। সরকার পক্ষের সদস্যরা এইভাবে যদি আমাকে বক্তব্য খতে বাধা দেন, তাহলে মাননীয় জ্যোতি বসু যখন বক্তৃতা রাখবেন তখন মরাও ডিসটারব করব। অবশ্য আমি দেখছি, আমরাও ডিসটারব করলে স্পীকার মাদের নেমড্ করে দেন, সাসপেণ্ড করে দেন। গণতন্ত্রকে ধ্বংস করার জন্য পোজিশনের প্রতি এই রকম আচরণের নজির ভারতবর্ষে কেন, পৃথিবীর কোথাও ওয়া যাবে না।

স্যার, একটু আগে কমিউনিষ্ট বন্ধুরা যে-সব বক্তব্য রাখলেন তা শুনে আমার সি পাচ্ছিল। আমি তাঁদের জিজ্ঞাসা করি, কমিউনিজমের কোথায় পার্লামেণ্টারি মোক্রেসীর কথা আছে? মাননীয় কমিউনিষ্ট সদস্যরা যদি তা আমাকে একটু নিয়ে দেন, তাহলে আমি খুব উপকৃত হব। আমি যত দূর জানি কোন জায়গায় ই। আজকে ওঁরা বলছেন, আমরা নাকি গণতন্ত্র ধ্বংস করতে চাইছি। আমি দের স্মরণ করিয়ে দিতে চাই এই পার্লামেণ্টারি ডেমোক্রেসির স্রষ্টা আমরা। তবুও মি এখানে হার্বার্ট মরিসনের বক্তব্য থেকে একজাম্পেল দিয়ে ওঁদের মনে করিয়ে তে চাই যে, হার্বার্ট মরিসন গর্ভর্ণমেণ্ট এ্যাণ্ড দি পার্লামেণ্ট প্রসংগে একটা কথা রিষ্কার করে বলে গেছেন, তিনি বলেছেন, The majority must rule but the pposition have some rights and duties. হার্বার্ট মরিসন এই কথা লে গেছেন।

(গোলমাল)

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এই ভাবে যদি এঁরা আমাকে ডিসটারব রেন, তাহলে আমি আপনাকে জানিয়ে দিচ্ছি যে, মাননীয় মুখ্যমন্ত্রী যখন ভায় বক্তৃতা রাখবেন, তখন তিনি তা রাখতে পারবেন না। এঁরা ণতন্ত্রকে ধ্বংস করতে চাইছেন। এঁরা কি চাইছেন, আমরা কোন কথা বলব া, এখানে এসে সেজে বসে থাকব? এটা কখনোই হতে পারে না। এঁরা ভাবে ডিসটারব করছেন, তাতে কি আমি ধরে নেব এটাই এদের গণতন্ত্রের নমুনা? বশ্য বিধানসভা বা গণতন্ত্র সম্বন্ধে এঁদের কি ধারণা আমি জানি না। তবে আমি ানি আমরা এখানে মাইনরিটি, কিন্তু যে-সব মানুষরা আমাদের নির্বাচিত করে

পাঠিয়েছেন সে-সব মানুষদের কথা, তাঁদের সুখ-দুঃখের কথা বলবার জন্যই আমরা এখানে এসেছি। আমরা কি তা রাখতে পারব না? এঁরা মেজরিটি বলে আমাদের কণ্ঠকে চেপে রাখবেন, এই কি গণতন্ত্রের নমুনা?

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনাকে মনে করিয়ে দিচ্ছি যে, যে স্পীকারের বিরুদ্ধে আমরা নো-কনফিডেন্স এনেছি সে স্পীকারের আচরণ সম্বন্ধে আমাদের দলের বিভিন্ন বক্তা তাঁদের বক্তব্য রেখে গেছেন। আমি সেসব কথার পুনরাবৃত্তি করতে চাই না। আমি শুধু আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে, যে চেয়ারে আপনি বসে আছেন, অর্থাৎ যেটি বর্তমান স্পীকারের চেয়ার সেই চেয়ারে একদিন শ্রদ্ধেয় মনসুর হবিবুল্লাহ বসেছিলেন। আমি এই কথাটি আপনার মাধ্যমে বর্তমান স্পীকারকেও স্মরণ করিয়ে দিতে চাই। আমি আরো স্মরণ করিয়ে দিতে চাই—যে স্পীকারের বিরুদ্ধে আমরা নো কনফিডেন্স এনেছি, তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই লোকসভার সেক্রেটারী জেনারেল ডাঃ কাশ্যপের একটি উক্তি। তিনি বলে গেছেন, Speaker is the servant of the House. কিন্তু আমাদের বর্তমান স্পীকার মনে করেন, sovereign. He is supreme He is the matter of the House. He knows only how to rule out the opposition. বর্তমান স্পীকার কিভাবে বিভিন্ন সময়ে অপোজিশনকে গ্যাগ্ করেছেন তা আমি বিভিন্ন উদাহরণ সহ এখানে উল্লেখ করতে পারি, কিন্তু মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি আমাকে সে সময় দেবেন না, সেই জন্য আমি আর সেগুলি উল্লেখ করছি না। আমরা স্পীকারের বিরুদ্ধে নো কনফিডেন্স এনেছি অনেক তিক্ত অভিজ্ঞতার মধ্যে দিয়ে। আমরা অনেক সময়ে পয়েন্ট অফ্ অর্ডার তুলতে চেয়েছি, তিনি আমাদের সে সুযোগ পর্যন্ত দেন নি। আমি এখানে শুধু একটা ঘটনা উল্লেখ করছি, সে দিন মাননীয় সদস্য সত্য বাপুলী একটি প্রশ্ন তুলেছিলেন। স্পীকার একটা বিষয়ে এখানে আমাদের বলতে বাধা দিয়ে বলেছিলেন, ব্যাপারটা সাব-জুডিস্, আপনারা বলতে পারবেন না। অথচ যে বিচারক সেই ব্যাপারটার বিচার করছেন, আমরা তাঁর কাছে আদালতে গিয়েছিলাম (আমরা এম. এল. এ.-রা) এবং আমরা তাঁকে জিজ্ঞাসা করেছিলাম যে, "আপনি রায় দিন, ব্যাপারটা সাব-জুডিস কিনা?" বিচারক আমাদের বলেছিলেন, "না, এটা সাব-জুডিস নয়।"

[4.00—4.10 P.M.]

আর তিনি স্পীকার হয়ে বলছেন সাব-জুডিস। বিধানসভার বাইরে আম গাছে আম হয়েছে। আমরা যদি বলি আম হয়েছে, স্পীকার যদি সেক্ষেত্রে বলেন আই

াম দি সুগ্রীম, আমি বলছি না, আম গাছে আম হয় নি, আম গাছে লিচু হয়েছে—
ামরা সেটা মেনে নিতে পারবো ? আমরা আপত্তি জানাবো, প্রতিবাদ জানাবো,
খানেই হয়েছে সংঘাত, সেখানেই হয়েছে সংঘর্ষ। সত্য বাপুলী মহাশয় মেনশান
লেন রুলস ৩৫১-তে, স্পেসিফিক মেনশান দিলেন মেনশান ফরমে। স্পীকার
ফটার রিডিং দি মেনশান কনসেণ্ট দিলেন। তিনি বক্তব্য রাখতে যেমনি গেলেন
মনি স্পীকার বললেন আই উইল নট অ্যালাউ। হোয়াট ইজ দিজ ? উনি কি
ডকটেটর, উনি কি আরবিট্রেটর ? হি থিঙ্কস ছাট হি ইজ এ্যাবোভ দি রুলস এণ্ড
সেনেস অফ দি হাউস। তিনি বলতে দিলেন না। আমরা কি বলতে চেয়েছিলাম,
ামরা বলতে চেয়েছিলাম, পয়েণ্ট অফ অর্ডার আছে, রুলস ৩৫০ অনুযায়ী আমরা
য়েণ্ট অফ অর্ডার তুলতে চেয়েছিলাম। আপনি নিজে বললেন দেয়ার ইজ
া পয়েণ্ট অফ অর্ডার। সত্যরঞ্জন বাপুলী মহাশয় মেনশান করতে চেয়েছিলেন
ধ্যক্ষ মহাশয় তা এ্যালাউ করলেন ফরম দেখে। উনি তখনই রিজেক্ট করে দিতে
ারতেন গার্ডেনরীচের ব্যাপারটা দেখে। হোয়েন ইউ হ্যাড অ্যালাউড তখন
লতে দিতে পারতেন, তা না করে আপনি সাসপেণ্ড করে দিলেন। সুতরাং পয়েণ্ট
ফ অর্ডারটা ১ মিনিট টাইম লাগতো। সেটা স্পীকার মহাশয় তুলতে দিলেন না।
তরাং আমি বলতে চাই, স্পীকার নিজেই হাউসকে ডিসটারব করেছেন নট অনলি
 অপোজিশান বাট, সরকার পক্ষকেও। যে বক্তব্য বলতে ১ মিনিট সময় লাগতো
সই জায়গায় ১৫ মিনিট ডিসটারব করেছিলেন বলতে না দিয়ে। হি ইজ দি ওনলি
্যান, হি ইজ ডেসট্রাকটিং দি পার্লামেণ্টারী ডেমোক্রাসি ইন দি হাউস। মাননীয়
উপাধ্যক্ষ মহাশয়, সমস্ত কথা বলার অবকাশ আমি পাবো না, তবুও আমি দু-একটি
কথা বলতে চাই। এখানে এ্যাডজোর্নমেণ্ট মোশানের কথা বললেন। আমি
বিনয়ের সাথে সরকারপক্ষকে স্মরণ করিয়ে দিতে চাই—এখানে পতিতপাবন
পাঠক মহাশয় দৃষ্টান্ত দিয়ে গেলেন—১১ ফেব্রুয়ারী, ১৯৬৪ সালে বর্তমান মাননীয়
মুখ্যমন্ত্রী মহাশয় তখন অপোজিশানে ছিলেন, তখন তিনি অপোজিশান লিডার
ছিলেন। তখন এঁদের এ্যাডজোর্নমেণ্ট মোশান অ্যালাউ হয়েছিল। কিন্তু এই
স্পীকার চীপ হুইপ এবং প্রত্যেকটি মেম্বার যারা এ্যাডজোর্নমেণ্ট মোশান দিয়েছি
তাদের এ্যাডজোর্নমেণ্ট মোশান এ্যালাউ করলেন না। স্পেসিফিক কেস আমরা
দিয়েছি, পাবলিক আরজেন্সি, পাবলিক ইমপর্টান্স আছে। কিন্তু তিনি সেই
এ্যাডজোর্নমেণ্ট মোশান এ্যালাউ করলেন না। তিনি কেবল ১৯৮৩ সালে দেব
প্রসাদ সরকারের এ্যাডজোর্নমেণ্ট মোশান এ্যালাউ করেছিলেন। কিন্তু আমরা
যে মেজোরিটি অপোজিশান আমাদের দিকটা বিবেচনা করুন, আমাদের কেন উনি

এ্যালাউ করলেন না ? আমি আগেকার স্পীকারের কথা বলি। ১৭ই মার্চ, ১৯৬৪ সালে হাউস ওয়াজ পোষ্টপণ্ড এ্যাজ মোষ্ট অফ দি অপোজিশান ওয়্যার এ্যাবসেন্ট।

স্পীকার হাউস পোষ্টপণ্ড করে দিলেন। কে. সি. বাসু ডিসাইডেড নট টু কন্টিনিউ দি এ্যাসেম্বলী সেসান উইদাউট দি অপোজিশন। এটা প্রসিডিংস-এ আছে। কিন্তু বর্তমান স্পীকার কি করলেন, এ্যালাউ করলেন না। জয়নাল সাহেব সেদিন হাম্বেল সাবমিশান জানালো, কিন্তু স্পীকার কি বললেন, আই এ্যাম ওয়েলকামিং দি ওয়াক আউট। পৃথিবীর ইতিহাসে এই রকম কোন নজির আছে যে অপোজিশানের ওয়াক আউটকে স্পীকারের ওয়েলকাম করার ? পার্লামেন্টারী ডেমোক্রাসি বলে যদি কোন জিনিস থেকে থাকে তাহলে এইরকম কথা বলতে পারেন না। আমি আর পুরানো কথায় যাচ্ছি না, যেতে গেলে অনেক সময় লাগবে। ২৯শে মার্চ ক্যালকাটা ইউনিভারসিটি বিল পাশ হলো কখন যখন দি হোল অপোজিশন ওয়াজ এ্যাবসেন্ট বাট দি ডিসকাশন ওয়েন্ট অন। ১১ই এপ্রিল, যেদিন আমরা ওয়াক আউট করলাম সেদিন এই স্পীকারের সাহায্যে এই হাউস ফাংশান করলো ইন এ্যাবসেন্স অফ দি অপোজিশন। আবার লক্ষ্য করুন, ২৩শে এপ্রিল আমরা তো ওয়াক আউট করেছিলাম, কিন্তু স্পীকার মহাশয় বিল চালিয়ে গেলেন। তিনি মনে করলেন অপোজিশন ইজ নট রিকয়ার্ড। আমি মাননীয় সদস্যদের একটি কথা নিবেদন করছি—একটি শিশুর হাতে একটি সোনার মুকুট তুলে দেওয়া হয়েছিল, কিন্তু শিশুটি মুকুটটি ধ্বংস করে ফেলেছিল। আজকে যদি মনে করে থাকেন যে অপোজিশনের কোন দরকার নেই তাহলে একদিন আপনারাও অপোজিশনে আসবেন। সেদিন…

(এই সময় লালবাতি জ্বলে ওঠার কারণে মিঃ ডেপুটি স্পীকারের নির্দেশে পরবর্তী বক্তা বলতে ওঠেন)।

শ্রীশম্ভু চরণ ঘোষ: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবের সুযোগ করে দেবার জন্য আমি মাননীয় স্পীকার শ্রীহাসিম আবদুল হালিম মহাশয়কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। ধন্যবাদ জ্ঞাপন করছি এই জন্য, আমরা লক্ষ্য করেছি ১৯৬৮ সালে পাঞ্জাব বিধানসভার স্পীকারের বিরুদ্ধে যখন অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়—পাঞ্জাব বিধানসভার অধ্যক্ষ মহাশয় সেদিন হাউসকে এ্যাডজোর্ন করে অনাস্থা প্রস্তাবের হাত থেকে বাঁচবার চেষ্টা করেছিলেন। ১৯৭২ সালের ডিসেম্বর মাসে তামিলনাড়ু বিধানসভার অধ্যক্ষের বিরুদ্ধে যে অনাস্থা

স্তাব আসে তার হাত থেকে তামিলনাড়ু বিধানসভার অধ্যক্ষ মহাশয় হাইকোর্টে রীট পিটিশন করে বাঁচবার চেষ্টা করেছিলেন। কিন্তু পশ্চিমবাংলার বিধানসভার অধ্যক্ষ মাননীয় শ্রীহাসিম আবদুল হালিম হাইকোর্টে রীট পিটিশন করেন নি, হাউসকে এ্যাডজোর্ন করেন নি, সংসদীয় গণতন্ত্রের প্রতি সম্পূর্ণ শ্রদ্ধা জ্ঞাপন করবার উদ্দেশ্যে প্রত্যেককে আলোচনার সুযোগ করে দিয়েছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা লক্ষ্য করি অত্যন্ত গুরুত্বপূর্ণ দৃষ্টিকোণ দিয়ে সাধারণতঃ স্পীকারের বিরুদ্ধে প্রস্তাবের আলোচনা হয়। এখানে দুটি ঘটনার কথা উল্লেখ করি। একটি ঘটনা বিকৃতভাবে উল্লেখ করেছেন ওঁরা। পশ্চিমবঙ্গ বিধানসভায় ১৯৫৯ সালের ..শে মার্চ তদানীন্তন স্পীকার শ্রীশঙ্করদাস ব্যানার্জীর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়। মাননীয় বিরোধী দলের সদস্যরা বিকৃতভাবে বলবার চেষ্টা করেছেন যে প্রস্তাব উত্থাপিত হবার পর তিনি পদত্যাগ করেন। তাঁর বিরুদ্ধে অভিযোগ ছিল আমেদপুর সুগার মিলের তিনি অন্যতম ডিরেকটর ছিলেন। আমেদপুর সুগার মিল ভারত সরকার এবং পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে ৫৩ লক্ষ টাকা অনুদান নেয়, ফলে স্পীকার হিসাবে নিরপেক্ষতা বজায় রেখে বিধানসভা পরিচালনা করতে তিনি সক্ষম নন—এই অভিযোগ তাঁর বিরুদ্ধে ছিল। শেষ পর্যন্ত স্পীকার শঙ্করদাস ব্যানার্জী আমেদপুর সুগার মিলের ডিরেকটারের পদ থেকে পদত্যাগ করেন, স্পীকারের পদ থেকে নয়। ১৯৫৪ সালের ১৮ই ডিসেম্বর লোকসভার তদানীন্তন স্পীকার মবলঙ্কারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আসে। তাঁর বিরুদ্ধে অন্যতম অভিযোগ ছিল—তিনি বিরোধীদের ৯০টি মুলতুবি প্রস্তাব উত্থাপনের অনুমতি দেন নি। সেই সময় তা নিয়ে আলোচনাও হয়, কিন্তু শেষ পর্যন্ত ভোট হয় নি। তৃতীয়টি হচ্ছে হাউস অফ কমন্সের একটি ঘটনা। ১৯২৫ সালের ২৫শে মার্চ হাউস অফ কমন্সের স্পীকারকে সেনসার করা হয়। সেনসার করা হয় এই জন্য যে তিনি একটি ফিনান্স বিলের ফার্ষ্ট রিডিংয়ের পর এ্যাবরাপট্‌লি ক্লোজ করে দেন ২৫শে মার্চ রাত ১১.৪৫ মিনিটে সেকেণ্ড রিডিং কল না করেই এবং সেই জন্যই তাঁকে সেনসার করা হয়। এই তিনটি গুরুত্বপূর্ণ নজীর আমাদের সামনে আছে।

[4.10—4.20 P. M.]

পশ্চিমবাংলার বিধানসভা, দিল্লীর লোকসভা এবং হাউস অফ কমন্স। আমি বিস্ময়ে হতবাক হচ্ছি পশ্চিমবাংলার বিধানসভায় এমন কি ঘটনা ঘটলো যে এই ধরনের অনাস্থা প্রস্তাব অনার কথা অনুভব করলেন? বিরোধী পক্ষের সদস্যরা

কোন্ সংসদীয় গণতান্ত্রের স্বার্থে অথবা কোন্ রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে বিচার করে এই অনাস্থা প্রস্তাব আনলেন ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিরোধী পক্ষের সদস্যদের কাছে প্রশ্ন রাখতে চাই, কই তাঁরা তো বললেন না খুব সম্প্রতি—একপক্ষ কালও যায় নি—মহারাষ্ট্র বিধানসভায় কি ঘটনা ঘটেছে ? সেখানকার উপমুখ্যমন্ত্রী রাম রাও আদিককে নিয়ে ওয়াটারগেট স্কানডেল এর ব্যাপারে তাঁর বিরুদ্ধে যখন মারাত্মক অভিযোগ উঠেছিল তখন বিধানসভার সদস্যারা বার বার স্পীকারের কাছে আবেদন করেছিল যে রাম রাও আদিক এই বিধানসভায় হাজির হয়ে একটা বিবৃতি দিক। তাঁর সম্পর্কে যে কেলেঙ্কারির ঘটনা উদ্‌ঘাটিত হয়েছে সেই সম্পর্কে বিধানসভায় উপমুখ্যমন্ত্রীর একটা বিবৃতি দাবি করেছিল বিরোধী পক্ষ। কিন্তু তা না করে তিনি বাড়িতে সাংবাদিক সম্মেলন করে সেখানে বিবৃতি দিলেন। বিরোধী দলের সদস্যরা বার বার দাবি করা সত্ত্বেও বিধানসভায় স্পীকার বিরোধী পক্ষের সদস্যদের কথার আমল দেন নি। কিন্তু তাতেও একটা ইস্যু করে বিরোধী পক্ষের সদস্যরা অধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনার চেষ্টা করেন নি। কারণ বিরোধী দলের সদস্যরা হলো বামপন্থী গণতান্ত্রিক দলের সদস্য। তাঁরা সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে একটা ছোট ঘটনা, এমন কি রাম রাও আধিক-এর ওয়াটারগেট স্ক্যানডেল-এর মতো ঘটনাকে ইস্যু করে অধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনার চেষ্টা করেন নি। আর পশ্চিমবাংলার বিধানসভা শুধুমাত্র একটা পবিত্র বিধানসভা নয়, সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সকল সদস্যদের অবগতির জন্য জানাতে চাই সংসদীয় গণতন্ত্রে এর স্থান বিকশিত এবং পরিস্ফুট হয়েছে। ইণ্ডিয়ান কাউনসিল এ্যাক্টে আগে বিধানসভায় কোশ্চেন আওয়ার ছিল না। ইণ্ডিয়ান কাউনসিল এ্যাক্ট, ১৯৮২ সালে পাশ হয়। পরে স্বীকার করে নেওয়া হয় কোশ্চেন আওয়ার বিধানসভায় ইনট্রিডিউস হবে। এই বাংলাদেশের বিধানসভায় প্রথম কোশ্চেন আওয়ার ইনট্রিডিউস হয়। প্রথম কোশ্চেন করেন মৌলবী সৈয়দ ফজলে ইমাম। তাঁর প্রশ্ন ছিল সাহাবাদ জেলার ম্যালেরিয়া সম্পর্কে। মাননীয় মন্ত্রী এইচ. জি. এস. কটন তার উত্তর দিয়েছিলেন। এর জন্য আমরা গর্ব অনুভব করি। যে বিধানসভায় প্রথম কোশ্চেন উত্থাপিত হয় সেই বিধানসভায় দাঁড়িয়ে অজেকে এই ধরনের একটা অনাস্থা প্রস্তাব আনা হয়েছে। এই বিধানসভায় কোশ্চেন আওয়ার ইনট্রিডিউস হয়েছে তাই নয়, কোশ্চেনের সাপ্লিমেণ্টারী কোশ্চেন এখানে চালু হয়। সাপ্লিমেণ্টারী সিস্টেম এই বিধানসভায় আরম্ভ হয় ১৯০৯ সালে। এর জন্য আমরা অত্যন্ত গর্বিত এবং সেই সংগে সংগে

বলেছি যে এই সংসদীয় গণতন্ত্রের মধ্যে দাঁড়িয়ে ভাষা ভাষা কতকগুলি অভিযোগ নিয়ে, অসত্য এবং কাল্পনিক বিচারের উপর দাঁড়িয়ে আজকে মাননীয় অধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব উত্থাপন করা হয়েছে। এই অনাস্থা প্রস্তাব হাসিম আবদুল হালিমের বিরুদ্ধে নয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ পদের বিরুদ্ধে, ঐতিহাসিক চেয়ারের বিরুদ্ধে এবং ঐতিহ্যসম্পন্ন বিধানসভার বিরুদ্ধে।

সেজন্য এর বিরুদ্ধে আমি তীব্র ক্ষোভ প্রকাশ করছি। এঁরা স্পীকারের বিরুদ্ধে ১৭ দফা অভিযোগ এনেছেন। সেগুলি যদি আমরা বিশ্লেষণ করি, তাহলে দেখব যে, প্রত্যেকটি অভিযোগের মধ্যে সারবত্তা কিছু নেই। একটার মধ্যে আপাত-দৃষ্টিতে কিছু যথার্থতা আছে বলে মনে হতে পারে। তিন নম্বরে যে অভিযোগ করেছেন সেখানে বলা হয়েছে, সিকিউরিটি স্টাফ নাকি মাননীয় বিরোধী সদস্যদের ওপর নির্যাতন করেছিলেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সবিনয়ে তাঁদের বলি, আপনারা একবার কল্পনা করুন যে আমরা বিরোধী দলে আছি এবং আপনারা শাসক দলে আছেন। মুহুর্তের জন্য একবার এই কল্পনা করে ভাবুন বিধানসভার অভ্যন্তরে মাইক-এর রড হাতে নিয়ে বসে আছি এবং সমস্ত আসবাবপত্র নষ্ট করেছি। সেই অবস্থায় শাসক দল হিসাবে আপনারা কি ব্যবস্থা গ্রহণ করবেন ? সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে এই নজীর আছে। ১৯০৫ সালের মার্চ মাসে হাউস অফ কমনস্-এ এই ঘটনা ঘটেছিল। তখন স্পীকার ছিলেন উইলিয়াম গ্যালি। ১২ জন আইরিশ সদস্য সেখানে গুণ্ডাবাজী করে সংসদীয় ঐতিহ্যকে নষ্ট করার চেষ্টা করেছিল। স্পীকার উইলিয়াম গ্যালি সেদিন বাধ্য হয়েছিলেন কঠোর ব্যবস্থা গ্রহণ করতে। এটা আমাদের কাছে গ্রহণযোগ্য নয়। আমাদের কাছে এটা ভাল জিনিস নয়। কিন্তু সংসদীয় গণতন্ত্রের প্রতি শ্রদ্ধাবশতঃ আমরা বাধ্য হয়েছিলাম ঐ ধরনের ব্যবস্থা গ্রহণ করতে। আমি এখানে পরিষ্কার করে বলতে চাই, আপনারা সেদিন যে ধরনের আচরণ করেছিলেন, তাতে আপনারা সংসদীয় গণতন্ত্রকে অপমান করেছেন। সংসদীয় গণতন্ত্রের ঐতিহ্যকে আপনারা মলিন করবার চেষ্টা করেছেন। আমরা আশংকা করছি, শেষ পর্যন্ত সংসদীয় গণতন্ত্র কি ভাবে রক্ষা করা সম্ভব হবে ? জিরো আওয়ারকে আপনারা স্ল্যাণ্ডারিংয়ে পরিণত করেন। সেই জিরো আওয়ারে ব্যক্তিগত কুৎসা প্রচার করে, ব্যক্তিগত পর্যায়ে নিয়ে যাবার চেষ্টা করেন। এই প্রসঙ্গে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, জি. এস ধীলন ১৯৬৯ সালে গোয়া, প্রিসাইডিং অফিসার্স কনফারেন্সে একটি গুরুত্বপূর্ণ মন্তব্য করেছিলেন। সেখানে তিনি বলেছিলেন, It is not possible for any Presiding Officer to discharge his respon-

sibility in the House if his Rulings are challenged and defied. আজকে আমি মাননীয় বিরোধীদলের সদস্যদের সেই কথা স্মরণ করিয়ে দিতে চাই। ১৯৫৪ সালে মবলংকরের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এসেছিল। তখন পণ্ডিত জওহরলাল নেহরু ক্ষোভের সঙ্গে বলেছিলেন, It is completely different thing to a challenge the bonafide of the very person in whose keeping is the honour of thc House. এ কথা তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই। আমরা জানি শ্রীমতী ইন্দিরা গান্ধীর প্রতি এঁদের আস্থা নেই। এরা বামপন্থী-দের প্রতি বক্তব্য রেখে যদি সংসদীয় গণতন্ত্রের প্রতি শ্রদ্ধা নেই বলে উল্লেখ করতে পারেন, তাহলে আমার মনে হয়—কয়েক বছর আগে ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যে ঘোষণা করেছিলেন, প্রেসিডেন্ট টাইপ করতে চেয়েছিলেন সংসদীয় গণতন্ত্রকে উড়িয়ে দিয়ে,—তার সমালোচনা আগে করা দরকার। তিনি সংসদীয় গণতন্ত্র বিপন্ন করে এখানে রাষ্ট্রপতি ধাঁচের ব্যবস্থা চালু করার জন্য উৎসাহিত হয়েছিলেন। সেইজন্য সংসদীয় গণতন্ত্র সম্পর্কে সাধারণ মানুষের একটা অনাস্থা, বীতশ্রদ্ধা সৃষ্টির চেষ্টা করে চলেছেন। আমরা মনে করি, আমরা যাঁরা সংসদীয় গণতন্ত্রের প্রতি আস্থা রাখি, তাদের পবিত্র দায়িত্ব হচ্ছে ওঁদের সমস্তরকম প্ররোচনা সম্পর্কে সাধারণ মানুষকে ভালভাবে সচেতন করে তোলা। সংসদীয় গণতন্ত্র ও তার ঐতিহ্যকে আরও ভাল ভাবে প্রতিষ্ঠা করার জন্য সচেষ্ট হতে হবে।

[4.20—4.30 P. M.]

ডাঃ মানস ভুঁইয়া : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিরোধী দলের নেতা মাননীয় সাত্তার সাহেব সহ অনেকে স্পীকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি। ভারতীয় সংবিধানের অনেক ধারা অনেক মতামত অনেক কোটেশন সরকার পক্ষ এবং আমাদের দলের পক্ষ থেকে অনেকে উত্থাপন করেছেন। কিন্তু সভার একজন সভ্য হিসাবে হাসিম আবদুল হালিম, আমাদের যিনি স্পীকার, তাঁর একটি বিশেষ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি—সেটা হচ্ছে রাইট অফ প্রিভিলেজ অফ ওয়ান মেম্বারস। আমাদের ভাবতে অবাক লাগে আমাদের যে ল মিথ এ্যাণ্ড অফ পার্লামেন্টারী প্রিভিলেজ, হরদোয়াল লাল, তার বইয়ের মুখবন্ধে মডার্ন ডেমোক্রাসির যিনি আর্কিটেক্ট চার্চিল সাহেবের একটি কোটেশন আছে যাতে তিনি বলেছেন, This law and custom of Parliament is sought by all is ignored by many and is known by few. আমার মনে হচ্ছে ইগনোর বাই

য়নি এর মধ্যে হাসিম আবদুল হালিম সাহেব পড়েন। আর একটি জায়গায় র্চিল সাহেব বলেছেন Houses are built of bricks, mortar and good vill and not of politics, prejudices and spite. আজকে দু' বছর ধরে াউস চলছে, আমার অভিজ্ঞতা দিয়ে বলছি not of politics prejudices and pite. সেটাই সবচেয়ে বেশী করে হাউসের মধ্যে তিনি আমদানী করেছেন। াপনি জানেন এই হাউসের আমাদের কয়েকজন মাননীয় সদস্য হাইকোর্টে গয়েছিলেন for the clarification of the subjudice matter regarding ;arden Reach. তখন তিনি বলেছিলেন এটা কি কথা, এটা খুব জঘন্য ব্যাপার য়েছে। লিডার অফ দি হাউস জ্যোতিবাবু তিনিও আমাদের ধিক্কার জানিয়ে-ছলেন। কিন্তু এখানে এই হরদোয়াল লালের বইয়ের ১১৮ পাতায় যে একটি ন্তব্য আছে সেটা পড়ে সোনাই। Privilege of members of the House. ামি লাইনটি পড়ে শোনাচ্ছি—regarding clarification of 226 of the ;onstitution. সেকেণ্ড পয়েন্টে কি আছে The provisions of Article 266 of the onstitution give to the High Courts the power to examine grievances of the etitioners, even though the grievances may relate to the action taken by the louse of a legislature, under its privilege jurisdiction. The superior judiciary as the power to interpret Article 105 and 194, which related to parliamentary ivileges. আমাদের ভাবতে অবাক লাগে সেদিন হালিম সাহেব যিনি চেয়ারে ছিলেন াবং মুখ্যমন্ত্রী লিডার অফ দি হাউস, উঠে দাঁড়িয়ে বললেন এটা কি কথা, হাউস থকে দৌড়ে হাইকোর্টে চলে গেলেন ক্লারিফিকেশনের জন্য। আমি একটি জিনিস রিষ্কার ভাবে জানতে চাই যে আমি যখন ছাত্র ছিলাম ৬০-এর দশকের শেষের দকে এবং ৭০-এর দশকের প্রথম ভাগে তখন দেয়ালের লিখনে তারা কি লিখে-ছলেন? শম্ভুবাবু বললেন পার্লামেন্টারী ডেমোক্রাসীতে আমরা বিশ্বাস করি না, প্রসিডেন্সিয়াল সিস্টেম ইনট্রোডিউস করতে চাই। কিন্তু ৬০ দশকের শেষ দিকে বং সত্তর দশকের প্রথম ভাগে ওরা লিখেছিলেন দেয়ালে যে, লোকসভা এবং বধানসভা হচ্ছে শূয়রের খোঁয়াড়। আজকে সৌভাগ্যবশতঃ হোক বা দুর্ভাগ্যবশতঃই হাক ওরা ট্রেজারী বেঞ্চ আলো করে বসে আছে। আজকে এরা কি তারা যারা পার্লামেন্টারী ডেমোক্রাসীতে বিশ্বাস করে না। ৮ই মার্চ রাত্রি সাড়ে ১১টার ময় পুলিশ ঢুকিয়ে বিধানসভার সদস্যদের পেটালেন আজকের এরা কি তারা? াজকে কি এরাই তাঁরা যাঁরা শ্লোগান দিয়েছিলেন এ আজাদী ঝুটা হ্যায়? এঁরা ক সেই দল যাঁরা বলেছিলেন ভারতীয় সংবিধান পুড়িয়ে দাও? আজকে যে দল

আকালী দলের নিন্দা করেন তাঁরা এখানে একদিন বলেছিলেন যে ভারতীয় সংবিধান পুড়িয়ে দাও, এ আজাদী ঝুটা হায়। Commitment to the politics, commitment to the prejudices, commitment to the spite. আজকে তার মূর্ত প্রতীক হিসাবে হাসিম আবদুল হালিম সাহেব পার্টি'কে সার্ভ করে যাচ্ছেন।

আমরা এই সভায় বসে লক্ষ্য করেছি মুখ্যমন্ত্রী এখানে প্রতি বৃহস্পতিবার হপ্তা খাটেন। আমরা দেখেছি বৃহস্পতিবার এলেই হালিম সাহেব মুখ্যমন্ত্রীর দিকে তাকিয়ে থাকেন এবং আমরা সাপ্লিমেন্টারী কোশ্চেন করলেই তিনি মুখ্যমন্ত্রীর দিকে তাকিয়ে তাঁর ভ্রুকুঞ্চন এবং হাত নাড়া লক্ষ্য করেন এবং সেই অনুসারে কাজ করেন। অর্থাৎ ট্রেজারী বেঞ্চের নির্দেশে মাননীয় স্পীকার চলছেন। আমরা দেখেছি একজন মন্ত্রী হয়ত প্রশ্নের জবাব দিতে উঠেছেন, কিন্তু স্পীকার তাঁকে আননেসেসারী প্রোটেক্ট করছেন এবং বলছেন উত্তর দিতে হবে না। হোয়াট ইজ দিস্—ইজ ইট দি প্র্যাকটিস্ অব দি পার্লামেন্টারী ডেমোক্রাসী? আমার মূল কথা হচ্ছে, এরা হচ্ছে কোন দল, যে দলের জন্ম হয়েছে দেশদ্রোহিতার মধ্য দিয়ে? এই কি সেই দল যারা * * ? এই কি সেই দল যারা ভারতবর্ষের সংবিধানকে পোড়াবার কথা বলে? এই কি সেই দল যার প্রতিনিধি হচ্ছেন আবদুল হালিম এবং মুখ্যমন্ত্রী জ্যোতি বসু? এই কি সেই দল যারা দুর্ভাগ্যবশত: হোক বা সৌভাগ্যবশত: হোক ট্রেজারী বেঞ্চ আলোকিত করে বসে আছে? আমরা বিভিন্ন ব্যাপারে যখন পয়েন্ট অব অর্ডার তুলেছি তখন দেখেছি স্পীকার হেড মাস্টারের মত আমাদের ধমকে বসিয়ে দিয়েছেন, যখনই পয়েন্ট অফ প্রিভিলেজ তখনই আমাদের ধমকে বসিয়ে দিয়েছেন। এঁরা বলছেন জিরো আওয়ার মানে স্ক্যাণ্ডাল আওয়ার। স্পীকার বলেছেন যদি কারো বিরুদ্ধে কোন অভিযোগ থাকে তাহলে সেটা আমার কাছে প্রথমেই জমা দিতে হইবে এবং আমি হাসিম আবদুল হালিম, আমার দলের একজন সাংঘাতিক প্রতিনিধি, কাজেই আমি যতক্ষণ পর্যন্ত না বুঝিব ততক্ষণ পর্যন্ত কারো বিরুদ্ধে কোন অভিযোগ আমি তুলিতে দোব না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতা শ্রীজ্যোতির্ময় বসু সেদিন পার্লামেণ্টে মারুতি কোম্পানীর ব্যাপারে সঞ্জয় গান্ধীর বিরুদ্ধে অভিযোগ তুলে হৈচৈ সৃষ্টি করেছিলেন, তখন কি তিনি পার্লামেণ্টের স্পীকারের পারমিশন নিয়ে তুলেছিলেন? শ্রীসুব্রত মুখার্জী প্রশান্ত শূরের মাটি কাটা কেলেঙ্কারি এবং যতীন চক্রবর্তীর লিফ্‌ট কেলেঙ্কারির সম্বন্ধে একের পর এক জেরক্স কপি, ফটোস্টাট কপি সমেত যে-সমস্ত অভিযোগ তুলেছিলেন তখন দেখলাম শম্ভুবাবুদের গায়ে জ্বালা ধরল, পাগল

Note : *Expunged as ordered by the Chair.

অর্থমন্ত্রীর গায়ে জ্বালা ধরল। স্যার, পার্লামেন্টারী ডেমোক্রাসীতে এই কনভেনশন কোথাও নেই যে বিরোধীপক্ষের ফ্রিডম অফ স্পীচ এবং কনসটিটিউশন্যাল রাইট কার্টেল করেছে।

কিন্তু আমরা দেখলাম যে, The Speaker has applied his residual power and his discretionary power to curtail our freedom of speech. মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি নিজে দেখেছেন এবং সুব্রতবাবু বলেছেন মুখ্যমন্ত্রী এই সভার মধ্যে একটা কনককটেড এ্যাণ্ড সাবপ্রেসিভ পোষ্টমর্টেম রিপোর্ট সাবমিট করলেন। মুখ্যমন্ত্রী বললেন পোস্টমর্টেম রিপোর্ট ইজ নট এ ডকুমেন্ট এ্যাণ্ড ইট ক্যান নট বি টেকন এ্যাজ এ লিগ্যাল ডকুমেন্ট বিকজ ইট ইজ এগেনস্ট দি নর্মস্ অফ দি হাউস। আমি জানতে চাই কেন মুখ্যমন্ত্রী হাউসকে মিসলিড করলেন, তথ্য সাবপ্রেস করলেন? কেন তিনি দীর্ঘ এক মাস পর তাঁর স্টেটমেন্ট জাসটিফাই করলেন না? আমি জানতে চাই কেন আমাদের অধিকার খর্ব করা হবে, কেন সে ঘটনা আমাদের তুলতে দেওয়া হবে না? আজকের দিন তারিখ দিয়েই প্রমাণ করা যায় এই দুর্নীতিগ্রস্ত সরকারকে সাহায্য করবার জন্য একজন দুর্নীতিগ্রস্ত স্পীকারকে এখানে রাখা হয়েছে। একথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ ডেপুটি স্পীকার: চীনের এজেন্ট এ কথাটা বাদ যাবে। আই ফিল দ্যাট দি ওয়ার্ড ইজ আনপার্লামেন্টারী এ্যাণ্ড ইট স্যুড বি এক্সপাঞ্জড। দি ওয়ার্ড "এজেন্ট" স্যুড বি এক্সপাঞ্জাড ফ্রম দি প্রসিডিংস।

[4.30—4.40 P.M]

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত ব্যথিত চিত্তে এবং বেদনাহত অবস্থাতে সভায় আমি দাঁড়িয়েছি। এই বেদনা এই জন্য যে আমি যে আসন পাঁচ বছর অলঙ্কৃত করেছিলাম, এই অনাস্থা প্রস্তাবের দ্বারা সেই আসনকে মর্যাদার স্থান থেকে টেনে নামাবার চেষ্টা করা হচ্ছে। সেই কারণে আমার নীতিগত আপত্তি সত্বেও এই কথাগুলি বলবার জন্য উঠে দাঁড়িয়েছি। একটা কথা বিরোধী পক্ষ এখানে বলেছেন, তার জবাব দেবার চেষ্টা করবো। তাঁরা বলেছেন যে আমার দীর্ঘ পাঁচ বছরে আমার বিরুদ্ধে কোন অনাস্থা প্রস্তাব তাঁরা আনেন নি। ঘটনাটি সত্য নয়। অনাস্থা প্রস্তাব আনবার মত ক্ষমতাই তাদের ছিল না।

অনাস্থা প্রস্তাব আনতে গেলে যে সংখ্যার দরকার সেই প্রয়োজনমত সভ্য সংখ্যা তাদের ছিল না। যা হোক আমি আর এই বিতর্কের মধ্যে যেতে চাইছি না। আমি যে জিনিসের উপর জোর দিতে চাইছি সেটা হচ্ছে এই যে সংসদীয় গণতন্ত্রকে আমাদের নিজেদের প্রয়োজন, আমরা বিশ্বাস করি। এবং তারই মাধ্যমে আমরা ক্ষমতায় এসেছি। আমরা চেষ্টা করবো আরও বৃহত্তর গণতন্ত্র যাতে প্রতিষ্ঠা করতে পারি। সুতরাং এখানে সংসদীয় গণতন্ত্র আছে—কিন্তু তার বিরুদ্ধে যে আঘাত আসে সেটা তাদেরই কাছ থেকে আসে, যারা ইমারজেন্সি ডিক্লেয়ার করে। যারা প্রেসিডেন্টস রুল জারি করে। আজকে তাদেরই কাছ থেকে এই সংসদীয় গণতন্ত্রের উপর আঘাত আসবে না? আমরা সংসদীয় গণতন্ত্রের মধ্য দিয়ে বিকাশলাভ করতে পারছি। আর একটা ঐতিহাসিক কথা তাদের স্মরণ করিয়ে দিই। আমি এই হাউস থেকেই একদিন বিতাড়িত হয়েছিলাম। আমি কিন্তু স্পীকারের অবমাননা করি নি এবং হাইকোর্টে তা নিয়ে যাই নি। এই কথাটি আমি স্পষ্ট করে বলে দিতে চাই। আমি কি পরিস্থিতিতে সেদিন বহিষ্কার হয়েছিলাম সেটা মনে রাখা দরকার। এই বিধানসভায় ঐভাবে বিরোধীদের আসন শূন্য করা হয়েছিল নির্বাচনের ভোটে নয় অপোজিশন অন এ্যারেষ্ট—তাদের জেলে পুরে দেওয়া হয়েছিল, এ্যারেষ্ট করা হয়েছিল। সেইজন্য তার প্রতিবাদে উঠেছিলাম। আমি প্রতিবাদ করেছিলাম যে এই বিরোধীশূন্য হাউসে এইভাবে আলোচনা চলতে পারে না। স্পীকার আমাকে এবং কাশীকান্ত মৈত্র মহাশয়কে হাউস থেকে বিতাড়িত করেছিলেন। তার জন্য আমি কোন প্রতিবাদ করিনি। তাই আমি এখানে দেখতে পাচ্ছি সংসদীয় গণতন্ত্রে সবচেয়ে বেশী প্রয়োজন হচ্ছে স্পীকার যা আদেশ দেন সে ভুল হতে পারে—তবুও সে আদেশ মান্য করাটা হচ্ছে সংসদীয় গণতন্ত্রের প্রধান নীতি। প্রতিবাদ জানাতে পারেন—কিন্তু আদেশ মান্য করে—এই হচ্ছে সংসদীয় গণতন্ত্রের নীতি। এখানে আমি পরিষ্কার'করে বলতে চাই গত পাঁচ বছরের মধ্যে আমার আদেশ লঙ্ঘন করার আপ্রাণ চেষ্টা করা হয়েছে। আপনি জানেন রেণুলীনা সুব্বার ঘটনা এই হাউসেই ঘটেছিল এবং সেটা সমর্থিত হয়েছিল অনেক বিরোধী সদস্যদের দ্বারা। যা হোক আজকে আমি কতকগুলি জিনিস এখানে তুলে ধরছি। আমার আগের বক্তা শম্ভুবাবু বল্লেন, কোশ্চেন আওয়ার আমাদের কাছে আশ্চর্য লেগেছে। ওনারা যে বলছেন ওনারা কি দেখাতে পারবেন ভারতবর্ষের কোন হাউসে আমাদের চেয়ে বেশী প্রশ্নোত্তর হয়ে থাকে। এখানে বিরোধী সদস্য অন্যান্য জায়গার চেয়ে অনেক বেশী সুযোগ-সুবিধা পেয়ে থাকে। তাহলে আমি নিশ্চয় বলতে পারি যে, হ্যাঁ একথা সত্য। একটা কথা বলবো যে, যে প্রশ্নটা এনেছেন সেই প্রশ্ন arbitrarily

disallowing questions and supplementary questions. এখানে সেটা এলাউ করা হয়েছে এবং সেটা স্পীকারের ক্ষমতা আছে।

এখানে আরবিট্রারিলি প্রশ্ন আসে স্পীকারের ক্ষমতা আছে, কিন্তু মাননীয় সদস্যদের অবগতির জন্য এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনিও জানেন—আমি একটা রীতির কথা এখানে বলবো, সাধারণতঃ স্পীকারের পক্ষে সমস্ত প্রশ্ন পড়ে দেখা সম্ভব নয়, হাউসের রীতিনীতি অনুযায়ী রাখা আছে, সেই অনুযায়ী সাধারণতঃ আমাদের যারা স্পীকার্স সেক্রেটারিয়েটে কাজ করেন, তাঁরা নির্দিষ্ট করে দেন। আমরা দেখে সেটা ডিসএ্যালাও করি বা এ্যালাও করি। কিন্তু সাধারণতঃ নির্দিষ্ট নিয়মের মধ্যে ম্যাক্সিমাম কোশ্চেন এ্যালাও আমাদের এই রাজ্য করে থাকে এবং এই হাউসেই সেটা হয়ে থাকে। সুতরাং আমি মনে করি ফার্স্ট কোশ্চেন যেটা দিয়েছেন কোশ্চেনের কথা, সেটা সম্পূর্ণ ফ্রিবুলাস একটা নেচারের প্রশ্ন। গতকালই আমি যে প্রশ্নের উত্তর দিয়েছি, সেটা ডিসএ্যালাও করা উচিত ছিল। মিঃ মান্নান প্রশ্ন করেছিলেন, প্রেসক্রাইবড রুলসে কি আছে এ. পি. পি. এ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে। আমাদের নিয়ম দেখুন, এই কোশ্চেন ডিসএ্যালাও করা উচিত ছিল। কারণ যে রুলস পাবলিশ হয়েছে, যা নিয়ম আছে, যা প্রেসক্রাইব আছে, তার উপর কোশ্চেন করা চলে না। তবুও সেই কোশ্চেনটা এ্যালাউড হয়েছে। এই রকম আরও দেখাতে পারি, এই হাউসে এমন অনেক কোশ্চেন এ্যালাও হয়ে থাকে যেগুলো এ্যালাও হওয়া উচিত নয়। যাই হোক, আমি এখন দ্বিতীয় প্রশ্ন, এ্যাডজোর্নমেন্ট মোশনে আসি। আপনারা অবাক হয়ে যাবেন, আমাদের এই রাজ্যে এ্যাডজোর্নমেন্ট মোশন কিরকম হয়, যদি অভিযোগ করা যায় তাহলে বিরোধী পক্ষকে এই অভিযোগ শুনতে হবে। একটি বিধানসভার পরিষদীয় আইনে এমন অপব্যবহার বোধহয় অন্য কোন রাজ্যে করা হয় না। প্রতিদিন এমনভাবে এ্যাডজোর্নমেন্ট মোশন দেওয়া হয় তাতে শুধু এই যে বিধানসভার সময় নষ্ট হয় এটা বড় কথা নয়, ঐ যে বিধান ব্যবস্থাটা আছে এ্যাডজোর্নমেন্ট মোশানের, সেই এ্যাডজোর্নমেন্ট মোশনের বিধান ব্যবস্থাটাকে গুরুত্ব লঘু করে দেওয়া হয়। কারণ এ্যাডজোর্নমেন্ট মোশনের যে গুরুত্ব, সেই গুরুত্ব যদি দেওয়া হয় তাহলে হাউসের অত্যন্ত চিন্তিত ভাবে, অত্যন্ত চিন্তা-ভাবনা করে এই হাউসে এক আধদিন এ্যাডজোর্নমেন্ট মোশন আনা উচিত। তার বেশী আনা উচিত নয় বলে আমি মনে করি। আনার কথা আমি বলেছি, এ্যালাও করার কথা আমি বলিনি। যাই হোক, দ্বিতীয় কথা, আমি বলছি এই হাউসে বরাবর কথা হয়েছে

এ্যাডজোর্নমেন্ট মোশন ল এ্যাণ্ড অর্ডার সম্বন্ধে এই হাউসে ডিসএ্যালাও হচ্ছে—

(গোলমাল)

বাজেট আলোচনার সময় ল এ্যাণ্ড অর্ডারের উপর কোন এ্যাডজোর্নমেন্ট মোশন এ্যালাও করা উচিত নয় বলে আমি মনে করি।

কারণ বাজেট অধিবেশনে ল এ্যাণ্ড অর্ডার, পুলিশ বাজেটের সময়, হোম বাজেটের সময় আলোচনা করার স্কোপ আছে। আপনি আইনটা পড়ে দেখুন, লেখা আছে যা বাজেট অধিবেশনে আলোচনা করার সুযোগ থাকবে তার উপর কোন এ্যাডজোর্নমেন্ট মোশন চলতে পারে না। সুতরাং আমি তিনের পয়েন্টের উত্তর দিয়ে আমার বক্তব্য এখানে শেষ করবো।

(গোলমাল)

আর একটা প্রশ্ন ওঁরা তুলেছেন—"Creating an ugly and unprecedented record by repressing the Members of the Opposition by ordering them to be mercilessly beaten in the House, by the Police in the guise of Security Staff".

এই তিন নং প্রশ্নটি পড়ে দেখুন। এটা ভারী মজার কথা, কি করে এই রকম একটা পরিস্থিতির উদ্ভাবন হলো? হাসিম আবদুল হালিমের কি মাথা খারাপ হয়ে গেল? যে তিনি হঠাৎ অপোজিশন মেম্বারদের তাড়াতে আরম্ভ করলেন? তার আগে কোন্ ঘটনা ঘটেছিল। স্পীকারের আদেশকে লঙ্ঘন করার যে প্রবৃত্তি সেই প্রবৃত্তি চলতে থাকলে অবস্থা ক্রমান্বয়ে অবনতির দিকে যাবে। সেটার থেকে বিরোধী পক্ষকে বলবো যে অনুগ্রহ করে তার থেকে বিরত হওয়ার চেষ্টা করুন। যা রেণু লিনা সুব্বাকে দিয়ে করিয়েছিলেন।

[4.40—4.50 P.M.]

তার থেকে বিরত হোন, তবেই এখানে সংসদীয় গণতন্ত্র জীবিত থাকবে, দৃঢ়ভাবে এগুবে। তার থেকে যদি আপনারা আরো আরো করে দূরে চলে যাবার চেষ্টা করেন তাহলে আরো ক্ষতি হবে। কারণ, আপনারা নিজেরাই ঐ যে রেজোলিউশন করেছেন, যে প্রস্তাব দিয়েছেন সেই প্রস্তাবে তার আগের ঘটনা পর্যন্ত উল্লেখ করেন

নি। তার থেকেই বোঝা যায় আপনাদের দুর্বলতা কোনখানে রয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলব, আমাদের মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা আমার সময়কার পরিচালনার অত্যন্ত সুখ্যাতি করেছেন। আমি একটি কথা বলে শেষ করি—ফজলুল হক সাহেব একটি কথা এক সময় বলেছিলেন কতকগুলি সংবাদপত্র সম্বন্ধে—তিনি অবশ্য তখন হিন্দু, মুসলিম এই দুটি শব্দ ব্যবহার করেছিলেন—তিনি তখন বলেছিলেন এতগুলি সংবাদপত্র যখন আমার প্রশংসা করছে আমি বুঝি জনসাধারণের বিরুদ্ধাচরণ করছি। বিরোধীপক্ষের বন্ধুরা যখন আমার প্রশংসায় এত লিপ্ত হয়ে পড়ছেন তখন আমি বড় এমব্যারাস হয়ে পড়ছি এবং আমার মনে হয় জনসাধারণকে বিট্রে করে ৫ বছর চালিয়েছিলাম। ধন্যবাদ।

শ্রী মহঃ নিজামুদ্দিন : স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া বক্তৃতা করবার সময় দুর্নীতিগ্রস্ত স্পীকার বললেন এবং আর একবার পাগলা অর্থমন্ত্রী বললেন। আমি আপনাকে অনুরোধ করছি এই দুর্নীতিগ্রস্ত এবং পাগলা শব্দ দুটি এক্সপাঞ্জ করা হোক।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্তমান বিচারমন্ত্রী তিনি বক্তৃতা রাখবার সময় বলেছেন আমার সম্বন্ধে বিরোধী পক্ষ খুব সুখ্যাতি করেছেন, আমি বোধহয় ঠিক জনসাধারণের কাজ করতে পারছি না। তাহলে তিনি যতদিন ওখানে বসেছিলেন, যে কাজ করতে পারেন নি, স্বীকার করুন তিনি অপরাধ করেছেন।

শ্রীআবদুল মান্নান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে সংসদীয় গণতন্ত্রের প্রতি নিজেদের দায়িত্ব ও কর্তব্য পালন করতে আজকে অধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনতে হয়েছে। স্যার, পশ্চিমবাংলা বিধানসভার একটা উল্লেখযোগ্য ভূমিকা আছে। এই হাউসের ১১ জন স্পীকার হয়েছিলেন। তার মধ্যে দু'জন বাদ দিয়ে বাকি সকলের নিরপেক্ষতা সম্বন্ধে প্রায় কোন সন্দেহই ছিল না। স্পীকারের যে মূল গুণ সেই গুণ তাঁদের মধ্যে ছিল, যার ফলে আমাদের এই হাউসের একটা মর্যাদা ছিল। স্পীকারের নিরপেক্ষতা সম্বন্ধে বি. শিব ধর্মশাস্ত্রী তাঁর একটি বইতে তিনি বলছেন, One of the greatest assets of any Presiding Officer in his ability to show no favouritism. He has to create a climate that is favourable to a free, frank and thoughtful discussion in which members

will find every encouragement to express their opinions. স্যার, মেম্বারদের বলার অধিকার, বিশেষ করে অপোজিশন মেম্বারদের বলার অধিকার স্পীকার মেনে নেবেন, এটাই গণতন্ত্রের মূল কথা। আজকে যখন স্পীকারের বিরুদ্ধে নো কনফিডেন্স মোশান এনেছি, রেজলিউশান এনেছি তখন কিন্তু এটাকে পার্টি ম্যাটার হিসাবে নিতে চাই না। কিন্তু সরকার পক্ষের অনেক সদস্যের বক্তব্য শুনে মনে হল সরকারের প্রতি নো-কনফিডেন্স মোশান, রেজলিউশান আনলে যে বক্তব্য রাখা উচিত স্পীকারের প্রতি নো কনফিডেন্স মোশান, রেজলিউশানে সেই একই ধরনের বক্তব্য রেখে গেলেন। কিন্তু আমরা এটাকে এইভাবে নিতে চাই না। মাননীয় শম্ভু ঘোষ মহাশয় একটি কথা বললেন। ১৯৫৪ সালে লোকসভার স্পীকার মভলংকারের বিরুদ্ধে যখন এই রকম একটা রেজলিউশান এসেছিল তৎকালীন লিডার অব দি হাউস জওহরলাল নেহরু বলেছিলেন অপোজিশনদের বেশী টাইম দেওয়া হোক। মেজরিটি পার্টির লিডার হিসাবে তিনি বলেছিলেন আমি কোন গার্ড দেব না, হুইপ পর্যন্ত দেব না। এই কথা বলার গাটস্ তাঁর ছিল। কিন্তু আজকে আমরা দেখলাম স্পীকারকে গার্ড করে সম্পূর্ণ দলীয় মনোভাব নিয়ে কথাগুলি বললেন।

স্যার, আমরা যে প্রাক্তন স্পীকারের প্রশংসা করতাম এখানে দেখলাম তিনি মন্ত্রিসভায় গিয়ে একটা দলীয় দৃষ্টিভঙ্গী নিয়ে কথাবার্তা বলতে শুরু করলেন। আমার স্যার, তাঁর ইম্পারসিয়ালিটি সম্পর্কে কোন ধারণা ছিল না, আমি শুনেছিলাম এবং তা শুনে আমি আশা করেছিলাম উনি কতকগুলি সত্য কথা বলবেন, কিন্তু তা করতে দেখলাম না। আমাদের এ্যাডজোর্নমেন্ট মোশান সম্পর্কে উনি বললেন, গুরুত্বহীন সব এ্যাডজোর্নমেন্ট মোশান। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি রেফারেন্স দিয়ে দেখিয়ে দিতে চাই যে, কোন কোন দিন কি কি এ্যাডজোর্নমেন্ট মোশান আমরা এনেছিলাম। ২৮.২.৮৪ তারিখে মাননীয় সদস্য শ্রীসুব্রত মুখার্জী একটা এ্যাডজোর্নমেন্ট মোশান এনেছিলেন। সেটা হচ্ছে, (1) Shri Subrata Mukherjee's adjournment motion sought to discuss unprovoked Police Firing on innocent people at Watgunj in which two people were killed. (2) The Adjournment Motion of Sk. Anwar Ali sought to raise discussion on continuous Jute Strike in West Bengal involving about two and half lakhs Jute workers. (3) My Adjournment Motion dated 19.3.84 seeking to discuss the serious developments at Garden Reach resulting in the murder of DC (Port), his bodyguard, and two others was disallowed. (4) Shri Somen Mitra and I gave notice of adjournment motion seeking to discuss the mysterious death

of Md. Idris the principal accused in the case of murder of DC (Port). দু'জন লোক মারা গিয়েছেন ওয়াটগঞ্জে পুলিশের গুলিতে। সে সম্পর্কে তিনি এ্যাডজোর্নমেন্ট মোশান এনেছিলেন। সেটা কি অন্যায় হয়েছে? তা যদি হয় তাহলে ১৯৬৬ সালে নুরুল ইসলাম মারা যাবার সময় এই হাউসে যে এ্যাডজোর্নমেন্ট মোশান এ্যালাউ করা হয়েছিল এবং ডিসকাস করা হয়েছিল তাও ওঁদের মতে কি অন্যায় হয়েছিল? তারপর লালবাজারে লক-আপে পুলিশ পিটিয়ে ইদ্রিসকে মেরে দিল, সে ব্যাপারে যে এ্যাডজোর্নমেন্ট মোশান আনা হয়েছিল সেটাও কি গুরুত্বপুর্ণ নয়? আমি মাননীয় মনসুর সাহেবকে জিজ্ঞাসা করতে চাই এইসব এ্যাডজোর্নমেন্ট মোশান যদি গুরুত্বপূর্ণ না হয় তাহলে গুরুত্বপূর্ণ কোন্‌গুলি? ৪১ দিন ধরে বাস স্ট্রাইক হয়েছিল বীরভূমে, তার জন্য রেকর্ডে দেখবেন এডজোর্নমেন্ট মোশান এ্যালাউ করা হয়েছিল এবং তা ডিসকাস করা হয়েছিল, কিন্তু অপর দিকে আমরা দেখলাম ২/৩ মাস ধরে যে চটকলগুলিতে ধর্মঘট হল সে ব্যাপারে আমি এবং সেখ আনোয়ার আলি সাহেব এডজোর্নমেন্ট মোশান দিলেও তা এ্যালাউ করা হল না। অথচ স্যার, আপনি জানেন, এই চটকল ধর্মঘটের জন্য তার শ্রমিকরা না খেয়ে মারা যেতে বসেছিল এবং কয়েকজন মারা গিয়েছিল। যে স্পীকারের বিরুদ্ধে আমাদের অভিযোগ যে তিনি সরকারী দলকে প্রোটেকশান দিচ্ছেন সেই স্পীকার এবং সরকারী দলের পক্ষে বলতে হবে বলে আমি মনে করি, তিনি এইসব কথা বলে গেলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিষদীয় মন্ত্রী পতিতবাবু প্রশ্নের উত্তরের ব্যাপারে আমাদের বক্তব্যকে কাউণ্টার করে কিছু তথ্য এখানে দিলেন। সেই তথ্যগুলি ভুল এ কথা আমি বলছি না, কিন্তু আমি বলছি তা তঞ্চকতায় ভরা। তঞ্চকতা করতে পতিতবাবু ভালোই জানেন। তার আগে তিনি যদি একটি কথা বলতেন যে, ১৯৬২ সালে ১৩২টি প্রশ্নের মধ্যে যে ৯০টির উত্তর হয়েছিল তার মধ্যে ১৫টি ছিল রুলিং পার্টির এবং বাকি ৭৫টি ছিল অপোজিশানের, তাহলে বলতাম তিনি ঠিকই বলেছেন, কিন্তু তা তিনি বলেন নি। এখনকার হিসাব যদি তিনি এইভাবে দিতেন তাহলে আমাদের যে অভিযোগ আছে পারসিয়ালিটির স্পাকারের বিরুদ্ধে সেটা প্রমাণ হয়ে যেত। সেটা না করে উনি তঞ্চকতা করে ওঁনার বক্তব্য রাখলেন। আমরা এবারে মন্ত্রিসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনি নি, আমরা স্পীকারের বিরুদ্ধে এনেছি, তার কারণ আমরা দেখছি, স্পীকারের পাওয়ার মিসইউজ করা হচ্ছে এবং হাউসের মেম্বারদের রাইটকে এবং প্রিভিলেজকে কারটেল করা হচ্ছে। স্যার, আমরা দেখছি, ভবিষ্যতে যাঁরা এই হাউসের সদস্য হয়ে আসবেন তাঁদের জন্য ভুল তথ্যে ভরা রেকর্ড রেখে দেবার জন্য এই হাউসের

প্রসিডিংসকে ট্যাম্প্যার্ড করা হচ্ছে। এই হাউসে বহু কথা এক্সপাঞ্জ করা হয়েছে চিফ মিনিস্টার অসংসদীয় কথাবার্তা বলেছেন, তাঁর সেইসব কথা এক্সপাঞ্জ করা হয়েছে, কিন্তু প্রসিডিংসকে এমনভাবে ট্যাম্পার্ড করা হয়েছে এবং তা করে এমনভাবে রাখা হয়েছে যে ২০/২৫ বছর পরে যখন সংবাদপত্র থাকবে না, এই হাউসে কি হয়েছিল তা সকলের মনে থাকবে না, তখন প্রসিডিংস দেখলে মনে হবে যে কংগ্রেস দলই দায়ী ছিল সংসদীয় গণতন্ত্রকে হত্যা করার জন্য এবং ওঁদের কোন দোষই ছিল না। স্যার, এইভাবে হাউসের প্রসিডিংসকে ট্যাম্পার্ড করছেন, যে স্পীকার সেই স্পীকারের কাছ থেকে এই হাউসের মর্যাদা রক্ষার আশ্বাস কি করে আমরা পেতে পারি? তারপর স্যার, ওঁরা বলেছেন, আমরা নাকি আমাদের অভিযোগগুলি প্রমাণ করতে পারছি না। আমি আমার নিজের অভিজ্ঞতা থেকে কয়েকটি কথা বলছি। আমি বছর দুয়েকের মতন এই হাউসের মেম্বার হয়ে আছি, কিন্তু আমি যখনই কোন পয়েন্ট অব অর্ডার তুলতে চেয়েছি আমি দেখেছি সে অনুমতি আমি পাই নি। আমি আশা করি, স্পীকার মহাশয় যখন উত্তর দেবেন তখন তিনি বলবেন আমি চাইলে কবে তিনি আমাকে পয়েন্ট অব অর্ডার তুলতে দিয়েছেন সেটা বলবেন। পয়েন্ট অব অর্ডার তোলার অধিকার আমার আছে, কিন্তু সেই অধিকার থেকে আমাকে বঞ্চিত করা হয়েছে। স্যার, আমরা এই বিধানসভায় এসেছি জনসাধারণের দুঃখ-দুর্দশার কথা বলার জন্য, কিন্তু সেখানে যদি দেখি, স্পীকার সরকারকে খালি প্রোটেকশান দেবার কথা চিন্তা করছেন, আমরা তাহলে বলব কি করে? হাউস তো মেনলি অপোজিশানের জন্যই অপোজিশান তো হাউসের সুযোগ নিয়ে সরকারের ভুলত্রুটিগুলি জনসাধারণের সামনে তুলে ধরবে এবং সরকারকে সতর্ক করবে, এটাই তো পার্লামেন্টারি ডেমোক্রাসী, কিন্তু সে সুযোগ আমরা পাচ্ছি না। এই প্রসঙ্গে আমি একটি উদাহরণ তুলে ধরতে চাই। কালকেই মাননীয় সদস্য ডাঃ মানস ভূইয়া বলছিলেন, সপ্তাহে একদিন বৃহস্পতিবার স্বরাষ্ট্র দপ্তরের প্রশ্নের উত্তর দেবার দিন, কিন্তু কালকে একটি প্রশ্নের উত্তরও চিফ মিনিষ্টার দিলেন না।

[4.50—5.00 P. M.]

কোন উত্তর দিলেন না। এগুলি চীফ মিনিষ্টারকে প্রোটেকশান দেবার জন্য। কারণ পশ্চিমবংগে আইন-শৃংখলার অবনতি ঘটছে, আইন-শৃংখলার পরিস্থিতি নেই, সেই সম্পর্কে উত্তর দিতে গিয়ে তিনি উত্তেজিত হয়ে যান। আমাদের স্পীকার চীফ

মিনিষ্টারকে ভয় করেন। আগে ডঃ বিধানচন্দ্র রায় চীফ মিনিষ্টার থাকাকালীন জ্যোতিবাবুকে একবার স্পীকার এখানে থাকার জন্য লীডার অব দি হাউসের সম্মতি ব্যতিরেকেই প্রোটেকশান দিয়েছিলেন। আর আমাদের চীফ মিনিষ্টার স্পীকারকে দাবাড় কথা বলেন। সে জন্য স্পীকারের এই ভীতি মনোভাবের জন্য, পার্সিয়াল মনোভাবের জন্য আমরা অনাস্থা প্রস্তাব এনেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। মাননীয় সদস্য শ্যামল চক্রবর্তী মহাশয় এখানে আমার সম্পর্কে একটা কথা বলেছেন যে, আমি নাকি স্পীকারকে মারতে গিয়েছিলাম এবং সেই রকম ভাবে তিনি ব্যাখ্যা দেবার চেষ্টা করেছেন। স্যার, আমি যখন আপনার কাছে বলতে গিয়েছিলাম, তখন আমি সাসপেণ্ডেড সদস্য ছিলাম না। আমার প্রতি ৩৪৭ বা ৩৪৮ প্রয়োগ করা হয় নি। আমাকে পুলিশ গেটে আটকে দিয়েছিল আমি সেই কথা স্পীকারকে বলতে গিয়েছিলাম যেহেতু স্পীকার ইজ দি কাষ্টোডিয়ান অব দি হাউস। কিন্তু স্পীকার তখন আমার কথা শুনলেন না। এঁরা আমাকে মারতে এলেন। তবে শ্যামল চক্রবর্তী মহাশয়ের একথা বলার কারণ কি সেটা আমি জানি। কয়েকদিন আগে আমি এ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপরে বলতে গিয়ে এদের চুরি দুর্নীতির কথা ফাঁস করে দিয়েছিলাম। বাথরুম করার নাম করে কিভাবে টাকা চুরি করা হয়েছে সেই সব কথা বলে দিয়েছিলাম বলে আজকে আমার বিরুদ্ধে এই রকম অভিযোগ আনা হয়েছে। আমি জানি যে ওদের আজকে বলার কিছু নেই। যে স্পীকারকে ওদের দলের স্বার্থে কাজ করতে গিয়ে অপোজিশানের কাছে নিন্দার ভাগী হতে হয়েছে, আজকে গণতন্ত্রকে ক্ষুণ্ণ করতে বাধ্য হয়েছেন, দলের স্বার্থকে রক্ষা করতে গিয়ে পশ্চিমবংগের গণতন্ত্রকে ধ্বংস করেছেন, সেই স্পীকারকে প্রোটেকশান দেবার রাজনৈতিক কর্তব্য হচ্ছে ওঁদের এবং ওঁরা সেই কাজ করেছেন। আমি এই রেজলিউশানকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅমলেন্দ্র রায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হাউসের সামনে রেজলিউশানের যে দলিল এসেছে, আমার মতে সেটা একটা ভিসিয়াস ডকুমেন্ট এবং তাকে সমর্থন করার কোন প্রশ্ন উঠতে পারে না। আমি তীব্রভাবে এর বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা আলোচনা করার সময়ে কিছু তুলনামূলক কথাবার্তা এখানে আনা দরকার। এখানে বিরোধী দলের নেতা শংকরদাস বন্দ্যোপাধ্যায়

মহাশয়ের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছিল, সেই সম্পর্কে বলতে গিয়ে বলেছেন যে, তিনি নাকি পদত্যাগ করেছিলেন। তার জবাব অবশ্য আমাদের তরফ থেকে দেওয়া হয়েছে। তিনি স্পীকারের পদ থেকে পদত্যাগ করেন নি, তিনি ডাইরেক্টরের পদ থেকে পদত্যাগ করেছিলেন। সেদিন কলংকজনক যে অধ্যায় বিধানসভায় রচিত হয়েছিল অনাস্থা প্রস্তাবকে কেন্দ্র করে সেটা তাঁরা চেপে গেছেন সেটা হচ্ছে, শংকরদাস বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছিলেন বিরোধী দল। বিধানসভার যে নিয়মাবলী আছে সেই নিয়মাবলী অনুযায়ী কোন সংশোধনী আনা যেতে পারে না, যেটা নেগেটিভ করে দেবে সেই পজেটিভ রেজলিউশানকে। সেদিন সেই কলংকজনক অধ্যায় রচিত হল। বিধানসভায় ওদের তরফ থেকে আনা প্রস্তাবকে আস্থা প্রস্তাবে পর্যবসিত করে এবং সেটা ওরা পাশ করিয়ে নিয়েছিলেন। এই হচ্ছে ওদের গণতন্ত্রের নমুনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরো কিছু তুলনামূলক আলোচনা হওয়া দরকার। সেই আলোচনা যদি হয় তাহলে আমাদের স্পীকার, জনাব হাসিম হালিম সাহেব যে কত মহত্বের পরিচয় দিয়েছেন, কত উদারতার পরিচয় দিয়েছেন সেটা প্রমাণিত হয়ে যাবে। লীডার অব দি অপোজিশান যে যে মোশান এনেছেন, সেই মোশানের মূল যে বক্তব্য সেই সম্পর্কে যে বই উনি এনেছেন, সেই বইটি অনেকদিন আগে লাইব্রেরী থেকে হাফিস হয়ে গিয়েছিল। আমরা দেখছি যে সেই বইটি উনি এনেছেন এবং তুলনামূলক ভাবে মূল যে বিষয়গুলি এই মোশানে আছে, সেই বিষয়গুলি সেখান থেকে নেওয়া হয়েছে। সেটা হচ্ছে, ১৯৫৪ সালের মভলংকারের বিরুদ্ধে তদানীন্তন বিরোধী দল, যে বিরোধী দলে এস. এস. মোরে. এ. কে. গোপালন, শ্রীকান্ত নায়ার ছিলেন, সেই বিরোধী দল যে মোশান এনেছিলেন, তার মূল পয়েন্ট থেকে ধার করে নেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেদিন লোকসভায় যে কলংকজনক ইতিহাস রচিত হয়েছিল তার কথা এখানে বলতে চাই। সেদিন যখন আলোচনার সূত্রপাত হয় মভলংকরের বিরুদ্ধে তখন আসনে বসেছিলেন ডেপুটি স্পীকার অনন্ত স্বয়নম আয়েঙ্গার। এটা এ্যাডমিট করা হয়েছে, মোশানে আলোচনা হচ্ছে লিভের জন্য। যখন লিভের জন্য আলোচনা আরম্ভ হল তখন ডেপুটি স্পীকার অনন্ত স্বয়নম আয়েঙ্গার তিনি আসনে বসেছিলেন এবং এটা ইনিসিয়েট করছিলেন ডিসকাসানের জন্য এবং পয়েন্ট অব অর্ডার-এর এ্যাডমিসিবিলিটি আছে কি না আমি পরীক্ষা করবো। সেদিন তিনি যে কাজ করেছিলেন, আমাদের হালিম সাহেব সে কাজ করেন নি। তিনি সেই প্রশ্ন তোলেন নি। ইট ইজ এ্যাবসোলিউটলি আউট অব অর্ডার, কোন সাবসট্যান্স নেই এবং এই যে ১৭টি দফা আজকে এখানে ওঁরা

উল্লেখ করেছেন, সে সম্পর্কে আমাদের পরিষদীয় মন্ত্রী মহাশয় গোড়াতেই চ্যালেঞ্জ করেছিলেন। একটা প্রশ্নের কথাই বলুন, একটা এ্যাডজোর্নমেন্ট মোশানের কথাই বলুন, একটা কল এ্যাটেনশানের কথাই বলুন যেটা ম্যালিসিয়াস, ম্যালাফায়েডি তা খারিজ করা হয়েছে।

ওঁরা এখনো পর্যন্ত একটাও কি সাইট্ করতে পেরেছেন, বক্তা তো সব শেষ হয়ে গেল? সবই জেনারেল ডিনানসিয়েসন, যত ক্ষোভ এবং ক্রোধ উজাড় করে দেওয়া হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওঁদের যদি একটা কথা স্মরণ করিয়ে দিই, তাহলে ওঁরা নিজেরাই লজ্জা পাবেন। সেটা হচ্ছে, দয়া করে ওঁরা যদি একটু লোকসভার ডিবেট্‌টা দেখতেন, ১৯৫৪ সালের লোকসভার ডিবেট্ যদি বের করে দেখেন তাহলে দেখতে পাবেন যে, কিভাবে সে দিন স্পীকার অনন্ত স্বয়নম্ আয়েঙ্গার বিরোধী দলকে গ্যাগ্ করেছিলেন। তিনি সেদিন বিরোধী দলের এ. কে গোপালনকে, এস. এস. মোরেকে, শ্রীকান্ত নায়ারকে, কমল বসুকে বলতে দেন নি। এমন কি আজকে এখানে যেভাবে জেনারেল ডিনানসিয়েসন করা হচ্ছে সেভাবে সেদিন জেনারেল ডিনানসিয়েসন পর্যন্ত করতে দেন নি। সর্বক্ষেত্রে তিনি বলেছিলেন, 'না'। পয়েন্ট বাই পয়েন্ট সেখানে বলা হয়েছিল, এক, দুই, তিন, চার করে চার্জ করা হয়েছিল, সো দ্যাট স্পীকার যাতে সেগুলির রিপ্লাই দিতে পারেন এবং অপর তরফ থেকেও যাতে রিপ্লাই তাঁরা দিতে পারেন। কিন্তু আজকে এখানে একটাও চার্জ কি করা হয়েছে? কোন চার্জ করা হয়েছে, কোন স্পেসিফিক্ চার্জ করা হয়েছে? এখানে যে-সমস্ত চার্জ করা হয়েছে তা নিয়ম অনুযায়ী করা যায় না। নিয়ম হচ্ছে আর্গুমেন্ট করা যাবে না, আর্গুমেন্টও এখানে আনা হয়েছে, ইনফারেন্স ইমপুটেশন আনা হয়েছে, হাইপোথেটিক্ প্রিজামশন আনা হয়েছে, ডাইলেক্ট ডিফামেটরি ওয়ার্ডস-এ এই প্রস্তাব আনা হয়েছে, যা থাকলে মোশান এ্যাডমিট করা যায় না, আইনতঃ যে মোশান এ্যাডমিট হয় না, আজকে এই স্পীকার সেই মোশানকে এ্যাডমিট করে দেখিয়ে দিয়েছেন গণতন্ত্র কাকে বলে। ওঁরা আজকে এই স্পীকারেরই ঔদার্য, মহানুভবতায় এই মোশানের ওপর আলোচনার সুযোগ পাচ্ছেন এবং র‍্যাম্বলিং ডিসকাসন করছেন। এমন কি ওঁরা '৫৪ সালের প্রসিডিংস খুলে পাঠ পর্যন্ত করে গেলেন। তা শুনে আমাদের 'ভূতের মুখে রাম নাম' শুনছি মনে হলো। আজকে জনাব আবদুস সাত্তারের মুখে এস. এস. মোরের বক্তৃতা শুনতে হলো, আজকে সত্য বাপুলি মহাশয়ের মুখে হীরেন মুখার্জীর কথা শুনতে হলো! আমরা অত দূরে যাচ্ছি কেন? অত দূরে যাবার কোন দরকার নেই। আমি ওঁদের দু'-একটা মিষ্টি মিষ্টি কথা বলি, আমি এবারে সাম

আপ করি এবং সাম আপ করার সময়ে বলি যে, ১৯৫৪ সালের ডিবেটের সময়ে—লোকসভার আলোচনাকালে—আমাদের দেশের একজন মস্তবড় নেতা ঐ মোশান সম্বন্ধে কি বলেছিলেন, সেটা আজকে এখানে বলা দরকার। তিনি বলেছিলেন, I want to say no harsh words, but I was amazed at this extraordinary exhibition from the other side. It was an exhibition of incompetence, frivolity and lack of substance. It is astounding. I would beg to the honourable members sitting opposite—those who in duty bound have supported it, to read that thing which they have signed. It is a vicious thing. They have signed. I doubt, whether the persons have read it before they signed it. If they had read it, they would have hesitated a hundred times before they signed the document. Seeing the manner in which this has been brought forward and wording used here, I say—it is a gross abuse of one's intelligence and to ask anybody in this House to support this is to consider that man utterly lacking in intelligence.

[5.00—5.10 P. M.]

মিষ্টি কথা বলেছিলেন তিনি। পণ্ডিত জওহরলাল নেহরুর কথা তো কোট্ করলেন না? সুতরাং যে মোশানের সাব্‌স্টান্স নেই, সেই মোশান নিয়ে এসেছেন। সাত্তার সাহেব একজন এ্যাডভোকেট এবং তিনি বিরোধী দলের নেতা। তিনি যে ১৭ দফা চার্জ এনেছেন সেই ১৭ দফার মধ্যে একটি দফাও প্রমাণ করতে পারলেন না। শুধু দু-একটি কথা শুনলাম। কি শুনলাম? আমাদের মেরেছে, খুব অন্যায় করেছে। ভারতবর্ষের সংসদীয় ব্যবস্থা থাকবে কি থাকবে না, এটা আগে বিচার করুন বুকে হাত দিয়ে। ২৯৪ জন মেম্বার এখানে আছি। ১৯৬৭ সালে প্রিসাইডিং অফিসারর্স কনফারেন্স হয়েছিল। সেখানে বিধানসভাগুলি এবং পার্লামেন্ট চালানোর জন্য বেগে কমিটি তৈরী হয়েছিল এবং বলা হয়েছিল আপনারা রিপোর্ট দিন কি করে এফেকটিভ্‌লি ফাংশান করবে বিধানসভাগুলি। কারণ সবচেয়ে বড় কাজ হচ্ছে দি হাউস মাষ্ট ফাংশান এবং সেই রিপোর্ট ১৯৬৮ সালে গৃহীত হয়েছিল ত্রিবান্দ্রামে। সঞ্জীব রেড্ডি যখন পার্লামেন্টের স্পীকার ছিলেন তখন অল ইণ্ডিয়া প্রিসাইডিং অফিসারস কনফারেন্সে তিনি বলেছিলেন, The first duty of the Speaker is to see that the House functions এই যে গুরুদায়িত্ব স্পীকারের উপর ন্যস্ত হয়েছে, এই গুরুদায়িত্ব যদি কেউ চ্যালেঞ্জ করেন—তিনি যেই হোন না কেন—রুলস্ আছে থাক, আমি রুলস্ মানবো না, এই

মনোভাব নিয়ে তিনি যদি চান যে বিধানসভা অচল করে দেবেন—তাহলে স্পীকার কি করবেন? অলটারনেটিভ যখন সামনে আসবে—২৯৪ জনের এই হাউসের প্রতিনিধি হিসাবে—যদি মাননীয় অধ্যক্ষ মহাশয় তাঁর ক্ষমতা প্রয়োগ না করেন এবং বিধানসভাকে যদি ফাংশান করাতে না পারেন তাহলে বিধানসভায় তাঁর থাকা না থাকার মধ্যে কোন পার্থক্য আছে? দেশের স্বার্থে আমরা এখানে এসেছি। এখানে আমরা ঠাট্টা-ইয়ার্কি করতে আসিনি। দেশের মানুষ আমাদের এখানে পাঠিয়েছে দেশের কাজ করবার জন্য। দেশের মানুষ তাদের রক্ত জল করা পয়সা আমাদের গুনে-গুনে দেয়। সুতরাং সেদিক থেকে এই হাউস যাতে চলে সঠিকভাবে, সেটা দেখার দায়িত্ব আমাদের। সুতরাং কারও ক্ষমতা নেই—যদি কোন সদস্য বলেন যে, কোন ম্যানডেটরী ব্যবস্থা যদি থাকে তাহলে সেটা মানবো না—এই যদি তাঁর কথা হয় তাহলে হি উইল হ্যাভ টু বি পানিশ্‌ড্। পেনাল পানিসমেন্টের ব্যবস্থা সারা দেশের বিধানসভাগুলিতে, পার্লামেন্টে এবং হাউস অফ কমন্স-এ সর্বত্র আছে। সুব্রতবাবু এখানে হাউস অফ কমন্স-এর একটা নজির কোট্ করলেন। এটা মে'স পার্লামেন্টারী প্রাকটিসে আছে। আমি গোটাটা হয়তো এখানে পড়ে শোনাতে পারবো না। সুব্রতবাবু কংগ্রেস (আই) লেজিসলেচার পার্টির চীফ্ হুইপ।

আমি তাঁকে জিজ্ঞাসা করি, আপনি এটা কি পড়ে দেখেছেন যা মে'স্ পার্লামেন্টারী প্র্যাকটিসের পেজ ৪৪৯-য়ে রয়েছে? যার খানিকটা কোট্ করলেন মাত্র, অনলি ফার্ষ্ট প্যারাগ্রাফ। তিন পৃষ্ঠা নোট্ আমার কাছে আছে—ভাল করে পড়ে নেবেন বইটা।' সেদিন ৮ মার্চ এই বিধানসভায় আপনারা কি বিহেবিয়ার করেছিলেন? সেদিনের সেই ব্যবস্থা গ্রহণকে বলছেন আগলি, আনপ্রিসিডেন্টাল। কোন্‌টা আগলি? কোন্‌টা আনপ্রিসিডেন্টাল? আগলি কাজ যদি করা হয়, তার পরিণতিটা যদি আগলি, আনপ্রিসিডেন্টেড্ হয়ে দাঁড়ায় তাহলে কাকে দোষ দেবেন? কজ্‌টা যদি আগলি হয়, তার এফেকটাও আগলি হবেই। কজের ব্যাপারটা ভুলা যায়? পৃথিবীর ইতিহাসে হয়েছে কখনও? প্রাক্তন স্পীকার বলছিলেন যে, উনি আদেশ মান্য করেন নি। কিন্তু যাঁরা কনষ্টিটিউশন-এর নাম করে শপথ নিয়েছেন, তাঁদের মাথা পেতে নিতে হবে, যতই খারাপ হোক না কেন স্পীকারের আদেশ। এই সভা থেকে হাইকোর্টে যাওয়া যায় না। উনি জানেন না যে বিধানসভার কার্য-বিবরণী নিয়ে, বিধানসভা সংক্রান্ত কোন ব্যাপার নিয়ে হাইকোর্টে যাওয়া যায় না। হাইকোর্টে গেছেন ওঁরা। ভুল করেছেন। ওঁরা

জানেন না যে এখানকার প্রসিডিংস্ সম্পর্কে অন্যত্র যদি কোন মামলা হয় তাহলে সেই প্রসিডিংস্ নিয়ে সেই মামলায় সাক্ষ্য পর্যন্ত দিতে পারবেন না উইদাউট দি পারমিশন অফ দি হাউস। যদি দেন, তাহলে পর কনটেম্পট্ অফ দি হাউস হবে। পার্লামেন্টে এর নজীর আছে। একজন বলেছিলেন যে আমি আদালতে যাবো, তখন লোকসভার স্পীকার বলেছিলেন—দেন ইউ উইল হ্যাভ্ টু ফেস্ কনটেম্পট অফ দি হাউস এবং এটা লোকসভার প্রসিডিংসয়ে লিপিবদ্ধ আছে। অতএব মনে রাখা দরকার, যে অন্যায় করা হয়েছিল সেদিন—সেই অন্যায়ের আর কোন চাড়া ছিল না। ম্যাণ্ডেটারী প্রভিশন হচ্ছে—স্পীকারের ঐ আদেশের পর ইউ মাষ্ট গো-আউট, ইউ মাষ্ট উইথড্র। দেয়ার ইজ নো অলটারনেটিভ্, সেগেণ্ড অলটারনেটিভ। তাহলে কি আমরা সবাই অসহায়ের মত বসে থাকবো? তাহলে কি ওঁরা বিধানসভা কক্ষ থেকে বেরোবেন না? ২৪০ জন সদস্য এবং বিধানসভার সকলেই অসহায় হয়ে বসে থাকবেন? বিধানসভা ডেড লক হয়ে থাকবে? কোথায় থাকলো প্রিসাইডিং অফিসার্স কনফারেন্সের সুপারিশ, কোথায়ই বা থাকলো বেগে কমিটির সুপারিশ! সব নস্যাৎ হয়ে গেল। ওঁরা যা বললেন, 'সেটা' সঠিক হয় নি। এটা জানা কথা; বিধানসভায় স্পীকার একা। তাঁর একজন মার্শাল আছেন, ওয়াচ এ্যাণ্ড ওয়াড´ স্টাফ কিছু আছেন। হাউস অফ কমনস্ থেকে শুরু করে প্রতি বিধানসভার অর্ডারে বলা আছে এবং লোকসভার স্ট্যাণ্ডিং অর্ডারে বলা আছে, রুল ১২৪(এ)-তে, যে কোন ওয়াচ এ্যাণ্ড ওয়ার্ড অফিসার প্রয়োজন বোধে স্পীকারের ইন্সট্রাকশন এবং পারমিশন নিয়ে তিনি পুলিশ ডাকতে পারবেন ইন্ অর্ডার টু মেনটেন অর্ডার এবং ছাট ইজ দি স্ট্যাণ্ডিং অর্ডার প্রিভেলিং ইন পার্লামেণ্ট। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে ওঁরা পুলিশের কথা বলছেন! ভুলে গিয়েছেন ১৯৫৯ সালে উত্তরপ্রদেশ বিধানসভায় কি হয়েছিল? এখানে পুলিশ ঢোকেনি। এখানে ঢুকেছে ওয়াচ এ্যাণ্ড ওয়াড´ স্টাফ। সিকিউরিটি স্টাফ বলে যা বলা হচ্ছে—এটা অপপ্রচার ছাড়া কিছু নয়। ১৯৫৯ সালে ইউ. পি. বিধানসভায় পুলিশ ঢুকিয়ে আপনারা বিরোধী মেম্বারদের ফোসিবিলি এভিক্ট করেছিলেন। এম. কে. ব্যাস বলে একজন মেম্বারকে রাজস্থান বিধানসভা থেকে বের করে দেবার জন্য ৫ জনকে লাগিয়েছিলেন। কাজেই এখানে আপনাদের ৩৫ জনকে বের করার জন্য কতজন দরকার ছিল বলুন তো? ঐভাবে বসে থাকবার যদি চেষ্টা করেন তাহলে তা মোকাবিলা করবার ব্যবস্থাও সংবিধানে আছে। এই কথা বলে যে ডকুমেণ্ট হাউসের সামনে আছে এবং এই যে ব্রাংক্রোপসির পরিচয় ওঁরা দিলেন—তার তীব্র প্রতিবাদ করে আমার বক্তব্য শেষ করছি।

[5.10—5.20 P.M.]

মিঃ ডেপুটি স্পীকার : এই মোশানের জন্য যে টাইম ফিক্সড করা আছে সেই টাইমের মধ্যে সব বক্তার স্পিচ কভার করা যাচ্ছে না। সেই জন্য আমি এই হাউসের কাছে অনুমতি চাইছি ১ ঘণ্টা টাইম বাড়িয়ে দেবার জন্য।

(ভয়েস : ইয়েস)

সো, দি টাইম ইজ এক্সটেনডেড বাই ওয়ান আওয়ার।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় বিরোধী দলের নেতা যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, আমি অত্যন্ত বেদনাহতচিত্তে এই প্রস্তাবের প্রতিটি অংগ এবং প্রতিটি শব্দ সমর্থন করছি। মাননীয় হাসিম আবদুল হালিমের সংগে এই হাউসের বাইরে এবং ভিতরে আমি ব্যক্তিগত ভাবে পরিচিত। কিন্তু তথাপিও he failed in his duties as speaker of this House, Sir, he believes in the ideology of one party system.

(গোলমাল)

আপনারা যদি চিৎকার করেন তাহলে জ্যোতিবাবুকেও বলতে দেব না, বি কেয়ারফুল।

(গোলমাল)

We are compelled to bring this motion for the sake of democracy which they do not believe in. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সতর্ক করে দিই, বাধা দিলে জ্যোতিবাবুকে বলতে দেব না। আই থ্রেট ইউ। এটা আপনাদের জানা উচিৎ। আজকে প্রশ্ন উঠেছে যে এই চার্জ স্পেসিফিক নয়।

(গোলমাল)

মাননীয় অমলেন্দ্র রায় মহাশয় যে পার্লামেন্টের প্রশ্ন তুলেছেন, হাউস অফ কমন্স-এর নজীর তুলেছেন, সেখানে কি পরের দিন বের করেনি? হাউস কি এডজোর্ন ছিল না?

Was the Speaker tactful here? Was the resolution under 348 in order? I say, 'no'. If you have got the guts come forward to satisfy rule 348. You cannot apply that in the present moment. Sir, I vilify the genesis of the case. Is there any such occurrence in the world—in any Parliament? You recruited police to beat the Opposition here. It happened here. It happened in England—and it was denounced by the whole world. আমরা জানি, আমাদের যা শক্তি, সেই শক্তি দিয়ে এই স্পীকারকে বহিষ্কৃত করতে পারবো না। But I will appeal to the world, to the democracy, to the whole world—what they behaved, how they behaved with the Opposition. Taking advantage of their brutality, taking advantage of the police force they established a perpetuated reign of tyrany. এই প্রতিবাদ আমরা জানাতে চাই। এই কথা বলতে চাই He has misused the office of the Speaker। স্পীকারের দোষ কি? স্পীকারের টিকি যাঁর কাছে বাঁধা, যাঁর অঙ্গুলি হেলনে তিনি চলেন সেইই এর জন্য দায়ী। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীজ্যোতি বসুকে এই সমস্ত অপকর্মের জন্য অভিযুক্ত করছি। পারসিয়ালিটি ইজ এ পার্ট অফ দি স্পীকার। আজকে জ্যোতিবাবু কি অস্বীকার করতে পারেন যে, তিনি এই বিধানসভায় আশ্রয় নেন নি? কমল গুহ কি অস্বীকার করতে পারবেন যে তিনি পচা ডিম মহিলা শ্রীমতী মধুরানী দত্তের গায়ে ছুঁড়ে মারেন নি? জ্যোতিবাবু কি অস্বীকার করতে পারেন আপনাদের মণিকুন্তলা সেন, অতীশ সিন্‌হার বাবা বিমলচন্দ্র সিন্‌হাকে জুতা ছুড়ে মারেন নি? এর কি প্রতিবিধান করেছিলেন আপনারা?

আমরা কোন প্রতিশোধ নিই নি। আছে কোন নজীর ভারতবর্ষের বুকে বিধানসভায় যেখানে রক্ষীর ছদ্মবেশে ১০০ জন পুলিশ নিযুক্ত হয়েছে? আমি অন্ততঃ জানি না। আজকে অভিযোগ করি, ডাবল্ স্ট্যাণ্ডার্ড রুলিং Introduce করেছেন হাসিম আবদুল হালিম। এই হাউসে আপনি একথা অস্বীকার করুন দেখি?

Mr. Speaker, With the permission of the Honourable members, I like to make a statement before the question hour.

Honourable members faced unprecedented situation which developed during the course of proceedings on 8th and 9th March, 1984 which has considerably brought down the image of this August House. We all feel

sorry for that. As a Speaker, my task was arduous and while restoring peace and normally in the House, I was compelled to take certain steps. I take it that none of us intended to bring about the situation in which we are all caught. Some members were also inconvenienced. We should all join together and start working for smooth functioning of our August House. While doing so we have to forgive and forget everything. I appeal to all sections of the House to eschew bitterness and demonstrate goodwill and mutual respect in discharging of our Constitutronal obligations towards the people of our State through this August House. I hope similar situations will not arise in future. I am thankful to the Leader of the House and Leader of the Opposition for having arrived at an amicable solution in solving the problem. I have been assured that all sttempts will be made to observe the rules of the House and maintain decorum in the House and uphold its dignity and high traditions. On this happy note I now propose to revoke the Suspension Order.

There will be no further debate on this suject. No other mention and point of privilege will be allowed on this subject. The matter is finally closed.

Government of West Bengal under the hypocrite leadership of Jyoti Basu brought out a publication 'Unsemingly incident in the Assembly House—The Fact'. I challenge this question. Let them come and deny that I have not tabled the privilege motion. What is this ruling ? He has deferred the ruling has not the Government violated the agreement ? I tabled a motion of privilege. The turbulent members wanted to kill me and I tabled a notice in the House raising privilege in that regard under rule 226 of our rules of procedure for the total and absolute insecurity of the members of the Opposition even inside the Chamber of the House. Sir, the incident, in short, is as follows :•

On the 9.3.84 as soon as I entered in the Assembly Chamber to attend the budget speech of Hon'ble Finance Minister. I was immediatly surrounded by C. P. I. (M) members, Shri Sumanta Kumar Hira, Sri Dilip Majumdar and others just behind the seat of the Hon'ble Deputy Speaker and they started delivering blows, fists and kicks on my body, face and head and more pointedly over my chest injuring me in many areas and grivously over the sternum in an attempt to kill me on the spot. Shri Prafulla Kanti Ghosh, Shri Mahabubul Haque and some other Forward Bloc M.L.As. came to my rescue otherwise I would have been killed on the spot. They used vulgar language abusing me.

I like to mention here that I was obstructed to enter the Assmly precincts

মিঃ ডেপুটি স্পীকার : ডঃ আবেদিন, আমি একটা জিনিস আপনার কাছে

জিজ্ঞাসা করি, আপনি যে প্রিভিলেজ মোশান দিয়েছিলেন, তার রুলিং কি দেওয় হয়েছে? বোধ হয় হয় নি? রুলিং যেখানে হয় নি, সেখানে আপনি কি করে তা তোলেন?

Dr, Zainal Abedin : It is a part of the document.

Mr. Deputy Speaker : Dr. Abedin, you are referring the privilege motio which has not been dispose of by the Hon'ble Speaker. Hon'ble Speaker i yet to give his ruling.

[5.20—5.30 P M.]

Dr. Zainal Abedin : এই bench-এ একজন senior member আছে। I wa elected to the House several times একজনও বলুন, I have been elected b the people several times from my constituency. Is there anyone here They have attempted to kill me. I have every right to sign and I hav signed the Privilege Motion. Again in 1984 your Government hav violated your agreement. Government have violated your Ruling কোথায় টিকিটি বাধা? জ্যোতিবাবু যদি হুকুম দেন তাহলে হালিম সাহেব কলি দেবেন। কি অপরাধ? এরা এক পার্ট সিস্টেমে বিশ্বাস করে। সি. পি. এম কোন সময় বিশ্বাস করে না অপোজিশান থাক। নোটিশ তুলে দেখিয়েছেন, কিন্তু আমি বলছি আপনারা আসেন নি নুতন ভাবে আবার ডিসকাসান হয়েছিল। আজকে Halim the other day you lodged your protest. Millions have been affecte by the epidemic 'gastritis'. I want to raise a point. I was denied. Is there anything? The Speaker himself has broken the tradition. Has it no been minimum legislative norm? I say no. May I quote here from the House of Commons in the 20th Century. "The Speakership calls fo personal sacrifice and a deed sense of dedication. The Speakers of this century have sacrificed their leisure, social freedom and family life to a very great extent. Some may have renounced alternative ambitions. Several have sacrificed their health, and one or two perhaps even life itself. In their own way they have been men of stature, certainly not mediocrities. Each has made his contribution to the evolution of the office, and its evolution during the twentieth century has further strengthened the foundation on which the British parliamentary system rests." Mr. Abdul Halim you have been an M.L A. You hold highest office.

আমি জিজ্ঞাসা করতে পারি আজকে এর প্রবর্তন হালিম সাহেব কিংবা

আপনাদের আমলে স্বর্গীয় Bejoy Banerjee was also holding highest Office. Now we have another despot in the same sphere—a despot who is creating horrors of the House sitting behind—not as a servant of the House. May ask what is the common intention of the speaker's office ? I can quote many from Kaul & Shakdher. What is the responsibility ? 'The principal duty of the Speaker is to regulate the proceedings of the House and to enable it to deliberate on and decide the various matters coming betore it'. Has the leader any teadition ? I challenge anyone to cite any incident that happened on the floor of any House. I again quote from Kaul and Shakdher as follow : 'The Speaker is a part of the House, drawing his powers from the House for the better functiong of the House, and in the ultimate analysis, a servant of the House, not its master'. I think this conception is lacking in the man who is occupying the position. The opposition is a model of democracy. In the British House of Commons there is a tradition that the authority is to be certified. As you know here, it is the authority of the Speaker who is gagging and throttling the opposition. Have you not abused the authority of the Chair ? As you know, it is authority of the Speaker who is gagging and throttling the Opposition. অমলবাবু বলেছেন মাথায় কিছু থাকলে বুঝতে পারবেন

(Noise)

This should be an adjournment motion. Budget is over. We have expressed our views to disagree with you. We levelled many charges. They were thrown by our leader, the leader of the Opposition as the Government is being conducted by a rule of tyranny.

Sir, it is the Government which has estanlished a rule of tyranny. I quote from K. R. Popper's 'The Open Society and its Enemies', Volume-2. "There is only one further use of violence in political quarrels which I should consider justified. I mean the resistance, once democracy has been attained, to any attack (whether from within or without the state) against the democratic constitution and the use of democratic methods, Any such attack, especially if it comes from the government in power, or if it is tolerated by it, should be resisted by all loyal citizens, even to the use of violence. In fact, the working of democracy rests largely upon the understanding that a government which attempts to misuse its powers and to establish itself as a tyranny (or which tolerates the establishment of a tyranny by anybody else) outlaws itself and that the citizens have not only a right but also a duty to consider the action of such a government as a crime, and its members as a dangerous gang of criminals. But I hold that such violent resistance to attempts to overthrow democracy should be

unambiguously defensive. No shadow of doubt must be left that the onl aim of the resistance is to save democracy."

Sir, as there is no other alternative we have to bring about a resolutio and we have done a correct thing in this regard. We know that b having a brute majority you will defeat the resolution. We know that. Bu we will show to the world what is happing here.

With these words, I support the resolution brought about by the Leade of the Opposition.

শ্রীসুমন্ত কুমার হীরা : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় স্পীকারের বিরুদ্ধে যে-সমস্ত অভিযোগ রয়েছে তার ১৩ নম্বর অভিযোগ সম্বন্ধে বলতে গিয়ে ডাঃ জয়নাল আবেদিন আমার নাম উচ্চারণ করেছেন। আমি এ কথার ব্যক্তিগত কৈফিয়ত দিতে চাই। আমি ডাঃ আবেদিনকে অনেকদিন থেকেই জানি। তিনি সমস্ত বিষয়টি অতিরঞ্জিত করে বলেন এবং এটা তাঁর স্বভাবসিদ্ধ একটি চরিত্র। গত ৮ই এবং ৯ই মার্চ এখানে যে ঘটনা ঘটেছিল আমি তার নিজে সাক্ষী। আপনি নিজেও জানেন এবং বিধানসভার সদস্যরাও জানেন ৯ই মার্চ আমাদের অর্থমন্ত্রী যখন বাজেট এখানে রাখলেন তখন সভা বেশ শান্ত ছিল, কিন্তু হঠাৎ দেখা গেল বিরোধী পক্ষের কয়েকজন সদস্য মদ খেয়ে উত্তেজিতভাবে পেছনের দরজা ভেঙ্গে হাউসের মধ্যে ঢোকার চেষ্টা করেন এবং ঘরে ঢুকে কংগ্রেসের আব্দুল মান্নান স্পীকারের গায়ে হাত দিলেন এবং জয়নাল আবেদিন দৌড়ে চেয়ারের দিকে গেলেন, কাজেই উনি যেটা বলেছেন সেটা সম্পূর্ণ অসত্য ভাষণ।

শ্রীদিলীপ কুমার মজুমদার : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ৯ই মার্চ যখন বিধানসভায় বাজেট আলোচনা চলছিল তখন দেখা গেল কয়েকজন সাসপেণ্ড সদস্যকে নিয়ে ডাঃ জয়নাল আবেদিন এবং আরও কয়েকজন কংগ্রেস সদস্য হাউসের মধ্যে ঢুকে স্পীকারকে আঘাত করবার চেষ্টা করলেন এবং ভাঙচুর শুরু করলেন। জয়নাল আবেদিন যখন স্পীকারকে খুন করতে গেলেন তখন আমরা কয়েকজন সেখানে গিয়ে স্পীকারকে বাঁচাবার চেষ্টা করি। যে অবস্থার সৃষ্টি করেছিল তাতে আমরা না গেলে ওরা সেদিন স্পীকারকে খুন করে ফেলত। কিন্তু আনন্দবাজার এবং স্টেটসম্যান আমার নামে মিথ্যে কথা লিখেছে যে, আমি নাকি ডাঃ জয়নাল আবেদিনকে মারতে গিয়েছিলাম। কাজেই ডাঃ আবেদিন যে-সমস্ত কথা বলেছেন সমস্ত অসত্য।

[5.30—5.40 P.M.]

শ্রীশেখ ইমাজুদ্দিনঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্পীকার মহাশয় সম্পর্কে যে নো-কনফিডেন্স মোশন আমাদের দলের পক্ষ থেকে দেওয়া হয়েছে তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমি খুব বেশী দিন এই বিধানসভার সদস্য হয়ে আসি নি। তবে পুরানো সদস্য এ কথা বলতে পারি—একেবারে নূতন সদস্য নই। ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত আমি একজন স্পীকারকে দেখেছি এবং ১৯৮২ সালের নির্বাচনের পর অন্য একজন সদস্য স্পীকার হয়ে এলেন। এবং তাঁকেই আমরা বর্তমানে স্পীকার হিসাবে দেখছি। এই দুইজন স্পীকারের মধ্যে আমরা একটা বিশেষ পার্থক্য লক্ষ্য করেছি। এবং সেই পার্থক্যের কথা বলাটাই হবে আমার বক্তব্য। ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত যিনি স্পীকার ছিলেন, সেই স্পীকার ছিলেন খুব ভাল। কারণ তিনি আমাদের অর্থাৎ বিরোধী দলকে বিশেষ সুযোগ-সুবিধা দিতেন এবং বিরোধীদের অধিকার রক্ষা করার চেষ্টা করতেন। তাঁর কাজকর্ম সম্পর্কে আমাদের নিজেদের মধ্যে আলোচনা হোত। তাঁর কাজকর্ম এবং বর্তমান স্পীকারের কাজকর্ম যা তার সঙ্গে অনেক পার্থক্য আছে। সেদিনের স্পীকার আমাদের বিরোধীদের সঙ্গে অনেক সময় আলোচনা করতেন এটা আমরা কেউই অস্বীকার করি না। কিন্তু বর্তমান যিনি স্পীকার আছেন তাঁর মধ্যে আমরা সে জিনিস দেখতে পাচ্ছি না। ইনি আমাদের সর্বদা ত্যাগ করার চেষ্টা করছেন। আমাদের কনস্টিটিউয়েন্সির অনেক কথা বলার থাকে। আমাদের নিজের কথা এখানে বলতে চাই না এবং কোনদিন বলিও নি এবং প্রয়োজনও নেই। কিন্তু যেখানকার জনপ্রতিনিধি হয়ে এসেছি এবং যাদের কথা এখানে বলার জন্য আমাদের এখানে প্রতিনিধি করে পাঠিয়েছে যদি তাদের কথা বলতে দেওয়া না হয় তাহলে আমাদের এখানে এসে লাভ কি? আমাদের কেন্দ্রের মানুষদের অভাব-অভিযোগ জানাবার জন্যই তারা আমাদের পাঠিয়েছে। কিন্তু এই স্পীকার সেইসব কথা আমাদের বলতে দেয় না। বিরোধীদের একটা সম্মান আছে এবং তাদের একটা বিশেষ প্রিভিলেজ আছে। কিন্তু এই স্পীকারের আমলে দেখছি সেই প্রিভিলেজ মোটেই থাকছে না। সেদিন আমরা দেখলাম আমাদের বিরোধী দলের সদস্য শ্রীসুনীতি চট্টরাজকে বিনা কারণে সাসপেণ্ড করা হোল। তার প্রশ্নের ঠিকমত জবাব দেওয়া হোল না, তার জন্য সে প্রতিবাদ জানিয়েছিল বলে তাকে সাসপেণ্ড করা হোল। তারপর আবার ৭ জনকে অবৈধভাবে সাসপেণ্ড করলেন এই স্পীকার এবং শুধু এখানেই শেষ নয়, এর প্রতিবাদ জানাবার ফলে আমাদের

সকলের উপর হাউসের ভিতর জুলুম করা হোল, পুলিশ দিয়ে লাঠিপেটা করা হোল, রক্তাক্ত করা হোল। এ জিনিস কখনও ঘটে নি, আমরা কখনও শুনি নি এবং দেখিও নি। বিরোধী পক্ষের এম. এল. এ.-রা অহিংসা পথে বিক্ষোভ জানিয়েছিল। তার জন্য তাদের এইভাবে লাঞ্ছনা করা হোল এবং সেটা এই স্পীকারের নির্দেশেই ঘটেছিল। এর আগে কখনও এ জিনিস্ ঘটে নি যেটা বর্তমানে ঘটলো। আমাদের কোনই পয়েন্ট অব অর্ডার, পয়েন্ট অব প্রিভিলেজ তুলতে দেন না এবং তার যদি প্রতিবাদ করা হয়, অমনি তাকে সাসপেণ্ড করে দেওয়া হয়। পূর্বেকার স্পীকার অত্যন্ত ধৈর্যসহকারে সহানুভূতির সঙ্গে এই হাউস চালিয়েছিলেন এবং আমাদের বিরোধী পক্ষের সদস্যদের তার সুনাম করতে শুনেছি। কিন্তু বর্তমানের স্পীকারের আমলে বিরোধী পক্ষের সদস্যদের স্পীকারের সম্পর্কে কোন ভাল মন্তব্য করতে শুনি নি। নিশ্চয় তাঁর কাজের মধ্যে বেশ কিছু তারতম্য আছে। আমরা প্রত্যক্ষভাবে দেখতে পাচ্ছি নিরপেক্ষতা ঠিক ঠিক মত রক্ষা করা হচ্ছে না। আমি এখানে কোন রকম অধৈর্যের কাজ বা কোন রকম অসম্মানজনক কাজ কিম্বা কোন রকম অসম্মানজনক বক্তৃতা কখনও কোন দিন করি নি। কিন্তু তা সত্ত্বেও সেদিন এই স্পীকারের আদেশে পুলিশ আমার গলা চেপে ধরেছিল। এটা কোন গণতান্ত্রিক দেশে ঘটেছে কিনা আমার জানা নেই। কিন্তু এই স্পীকারের আমলে এই জিনিস ঘটলো। এ্যাডজোর্নমেণ্ট মোশন কোন দিনই এ্যালাউ করা হয় নি। কিন্তু আমরা জানি এর আগে এ্যাডজোর্নমেণ্ট মোশন এ্যালাউ করা হয়েছে। কেন এই রকম হচ্ছে তা আমার জানা নেই। তবে আমাদের মনে হচ্ছে এই সব যে করা হচ্ছে একেবারে উদ্দেশ্যপ্রণোদিত ভাবে করা হচ্ছে। তবুও আমরা ধৈর্য সহকারে কোন প্রতিবাদ বা বক্তব্য কিম্বা কিছুই করি নি। আমাদের এই অনাস্থা প্রস্তাব আনার কোন ইচ্ছা ছিল না। কিন্তু এই সমস্ত ব্যাপার দেখে আমরা বাধ্য হয়েছি এই প্রস্তাব আনতে। আমাদের এই প্রস্তাব আনার মূল উদ্দেশ্য হচ্ছে এই যে-সব অবৈধ এবং অগণতান্ত্রিক কাজ করা হচ্ছে, তাঁর প্রতিবাদ করা। তাঁর যদি বিবেচনা বলে কিছু থাকে তাহলে যখন আমরা তার প্রতি অনাস্থা প্রস্তাব এনেছি তখন তাঁর পদত্যাগ করা উচিত। স্পীকারের পদ থেকে স্বেচ্ছায় সরে যাওয়া উচিত। এই বলে আমি এই অনাস্থা প্রস্তাবকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, হাসিম আব্দুল হালিম সম্পর্কে বিরোধী সদস্যরা যে অনাস্থা প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, আমি সেই অনাস্থা প্রস্তাব সম্পর্কে আমার দলের প্রতিক্রিয়া রাখতে গিয়ে বলতে চাই যে,

মাননীয় স্পীকার মহাশয় তাঁর এই হাউস পরিচালনা কার্যে আমাদের কাছেও প্রশ্নাতীত নন এবং তাঁর হাউস পরিচালনার ক্ষেত্রে আমরা বিরোধী সদস্যরা সব সময় সুবিচার পেয়েছি, আমাদের কোন অধিকার খর্ব হয় নি, এই কথা বলা চলে না। এই সম্পর্কে আমাদের গুরুতর অভিযোগ আছে, সেই আলোচনা আমরা নিশ্চয়ই করবো। কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা আমি বলবো, এই অনাস্থা প্রস্তাব সমর্থন করার প্রশ্নে আমাদের দ্বিমত আছে। তার মূল কারণ হচ্ছে যে রাজনৈতিক দলের পক্ষ থেকে এই প্রস্তাবটা উত্থাপন করা হয়েছে, নীতিগতভাবে, দলগত বিচারে, তাদের এই প্রস্তাব উত্থাপনে নৈতিক অধিকার সম্পর্কে আমাদের মৌলিক প্রশ্ন রয়েছে। ফলে আজকে শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে সারা ভারতবর্ষে যেভাবে গণতন্ত্র, গণতান্ত্রিক মূল্যবোধ, আচার-আচরণ, এইগুলো পদদলিত হয়েছে, আজকে তাদের পক্ষ থেকে এই অনাস্থা প্রস্তাব উত্থাপনে বিধিসম্মত অধিকার থাকলেও, নৈতিক অধিকার আছে বলে আমরা মনে করি না। আজকে গণতান্ত্রিক মূল্য পুনরুদ্ধার করার বৃহত্তর কোন সামাজিক দায়িত্ববোধ, এমন কোন উদ্বিগ্নবোধ থেকে এই প্রস্তাব উত্থাপন করা হয়েছে বলে মনে করি না। সংসদীয় গণতন্ত্রে ফায়দা তোলার জন্য সঙ্কীর্ণ দলীয় স্বার্থে এই প্রস্তাব তোলা হয়েছে। তাই আমরা পরিষ্কার-ভাবে বলতে চাই যে এই প্রস্তাবের উদ্দেশ্য যাই থাকুক এই প্রস্তাবের মধ্যে যে অভিযোগগুলো আনা হয়েছে, তার মধ্যে সত্যতা আছে এবং এই ধরনের অভিযোগ আমাদেরও আছে, সেই অর্থে এই প্রস্তাবের বিরোধিতা করার প্রশ্ন আমাদের মধ্যে থেকে আসেনা। আবার সঙ্গে সঙ্গে এই প্রস্তাব সমর্থন করে যাঁরা আজকে নিজেদের গণতন্ত্রের ধ্বজাধারী হিসাবে জনসমক্ষে তুলে ধরার চেষ্টা করছেন, তাঁদের এই প্রস্তাবকে সমর্থন করা আমাদের পক্ষে হবে মিথ্যাচার।

[5.40—5.50 P.M.]

এই প্রস্তাব সম্পর্কে আমাদের দলের দৃষ্টিভঙ্গী অত্যন্ত পরিষ্কার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজকে হাউসে স্পীকারের সভার কার্য পরিচালনা সম্পর্কে আমার বক্তব্য রাখতে চাই। এই কথা আমি পরিষ্কার করে বলতে চাই, ঐ চেয়ারের কাছ থেকে বিরোধী সদস্য হিসাবে যে জাষ্টিস পাওয়া উচিত সেই জাষ্টিস আমরা সব সময় পাই না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ট্রাডিশন্যাল পার্লামেন্টারি ডেমোক্রোসির একটা নর্মস থাকে এবং পার্লামেন্টারি ডেমোক্রোসির কনসেপ্ট থেকে একটা নর্মস দাঁড়িয়ে গেছে এবং সেই নর্মসের ভিত্তিতে আইনসভাগুলিকে বলা হয় হাউস অব দি অপোজিশন। এই হাউস অব দি

অপোজিশন কথাটা প্রথমেই কেন আসছে? কি এর তাৎপর্য আছে? তাৎপর্য হচ্ছে এই, আইনসভার অভ্যন্তরে যারা বিরোধী পক্ষ, যারা সংখ্যালঘু তাদের মতামত ব্যক্ত করার, সমালোচনা করার পূর্ণাঙ্গ স্বাধীনতা থাকে এবং সেখানে তারা অগ্রাধিকার পায়। এখন এই দৃষ্টিভঙ্গীর ভিত্তিতে চেয়ার কার্য পরিচালনা করবে, এটাই হচ্ছে চিরাচরিত রীতি। কিন্তু আজকে কি হচ্ছে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বলতে চাই বিরোধীদের এই অধিকার, ইট ইজ নট মার্সি, এটা সরকার পক্ষের বদান্যতা বা করুণার ব্যাপার নয়, ইট ইজ এ ম্যাটার অব রাইট অব দি অপোজিশন। সুদীর্ঘ সংগ্রামের মধ্য দিয়ে অপোজিশনের এই অধিকার অর্জিত হয়েছে। নির্বাচনের মধ্য দিয়ে অপোজিশন বিরোধী পক্ষের সদস্য হিসাবে যাঁরা নির্বাচিত হন তাঁদের এই অর্জিত অধিকারকে খর্ব করা কোন দিক থেকেই যুক্তিসঙ্গত নয়। কিন্তু আজকে আমরা দেখছি লোকসভা থেকে শুরু করে ভারতবর্ষের সমস্ত আইনসভাগুলির অপোজিশন সদস্যরা এই রাইট পায় না। কারা এই রাইট পায়? এই চিত্র আমরা আজকে দেখতে পাচ্ছি। শুধু তাই নয়, সরকার পক্ষে ব্রুট মেজরিটির দ্বারা সমস্ত কাজ পরিচালনা করা হচ্ছে। মাইনরিটি অপোজিশনের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে, অথচ বুর্জোয়া ডেমোক্রাসির মধ্যে তাদের কথার মেরিট থাকলে তার মূল্য দেওয়া ইত্যাদি এই সব জিনিস আজকে উঠে গেছে। আজকে সারা ভারতবর্ষের আইনসভাগুলির কম বেশী চিত্র হচ্ছে এই। আজকে অত্যন্ত দুর্ভাগ্যের কথা যে, পশ্চিমবাংলায় বামফ্রন্টের আমলেও পশ্চিমবাংলা বিধানসভার সেই একই চিত্র আমরা দেখতে পাচ্ছি, তারা সেখানে কোন উন্নততর নজির সংস্থাপন করতে পারেন নি। এখানেও অপোজিশনদের অধিকার খর্ব করা হচ্ছে। আপনি জানেন, এ্যাডজোর্নমেণ্ট মোশান জনস্বার্থে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। বিগত ৭ বছরে একটি মুলতুবি প্রস্তাব এই হাউসে আলোচিত হয়েছে? আমি জানি, কংগ্রেস আমলে এই মুলতবি প্রস্তাব উত্থাপন করতে দেওয়া হত না। ওদের থেকে বেটার রেকর্ড আপনারা করলেন। কিন্তু এটা আপনাদের কাছে একটা আইডিয়্যাল দৃষ্টান্ত হতে পারে না। গভর্নমেণ্টের উপর আপনারা একটা সেনসার বসাতে শুরু করলেন। অথচ আমরা দেখতে পাচ্ছি এই আন্ত্রিক রোগে এ পর্যন্ত ৫০০ লোক মারা গেছে। তার উপর এ্যাডজোর্নমেণ্ট মোশান আনতে চেয়েছিলাম, সেটা ডিসএ্যালাউড হলো। কোশ্চেনের ক্ষেত্রে আমরা দেখেছি যে-সমস্ত কোশ্চেন সরকার পক্ষকে মন্ত্রীকে বিব্রত করে সেই সমস্ত কোশ্চেন তোলার ক্ষেত্রে আমি ব্যক্তিগতভাবে বলতে পারি মাননীয় স্পীকারের নোটিশে এনেছিলাম, তার উত্তর পাই নি। স্কুললেস ভিলেজ

সম্পর্কে আমি কোশ্চেন দিয়েছিলাম, তার উত্তর পাই নি, হেল্ড ওভার হয়ে যাচ্ছে। এই বিধানসভার অভ্যন্তরে দেখলাম একটা নজিরবিহীন ঘটনা ঘটে গেল। এই বিধানসভার অভ্যন্তরে বিধায়কদের উপর লাঠি চার্জ করা হল। তাদের ত্রুটি-বিচ্যুতি যাই থাকুক, কিন্তু এইভাবে লাঠি চার্জ করে তাদের বহিষ্কার করার কোন যুক্তি ছিল না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ব্যক্তিগতভাবে কারুর বিরুদ্ধে বা কোন ইণ্ডিভিজুয়ালের বিরুদ্ধে আমাদের বক্তব্য নয়, আমাদের বক্তব্য এই ট্রেনডের বিরুদ্ধে। আজকে যে জিনিস হচ্ছে, ট্রাডিশন্যাল বুর্জোয়া ডেমোক্রাসীর যে অধিকারগুলি পাওয়া যেত সেগুলিও খর্ব করা হচ্ছে। সেটা সর্ব ক্ষেত্রে করা হচ্ছে। সেখানে পার্লামেন্টারি ডেমোক্রাসীর রাইটগুলিকে ক্যার্টেল করা হচ্ছে। সেখানে প্রশাসনিক আপেক্ষিক নিরপেক্ষতাকে খর্ব করা হচ্ছে, সংবাদপত্রের স্বাধীনতাকে খর্ব করা হচ্ছে। আজকে এইভাবে অল আউট এাটাক অন ডেমোক্রাসী হচ্ছে, কাজেই এটাকে বিচ্ছিন্নভাবে দেখার ব্যাপার নয়, এটাকে ফ্যাটালিষ্টিক আউটলুক নিয়ে দেখা চলে না। এখন সেই বিশেষ ব্যক্তি বা বিশেষ পার্টি যারা নিজেদের প্রো-পিপল বলে ক্লেম করে সেখানে অন্তত: পশ্চিমবঙ্গ বিধানসভায় আমরা চেয়ারের কাছ থেকে আশা করেছিলাম যে কংগ্রেসী বিধানসভা থেকে বেটার দৃষ্টিভঙ্গী পাওয়া যাবে, উন্নত কিছু নজির তাঁরা সেখানে স্থাপন করবেন, কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় সে জিনিস আমরা দেখলাম না। সেখানে অনেক ক্ষেত্রে সে মাত্রাও তারা ছাড়িয়ে গিয়েছেন। একথা বলে আমি আবার রিইটারেট করছি বিরোধিতা বা সমর্থনের প্রশ্ন নয়, যে যুক্তিগুলি আমি দেখালাম সেগুলি অনুধাবন করুন। এই কথা বলে আমি জানাচ্ছি ভোটাভুটি হলে আমরা এ্যাবসটেন থাকবো।

শ্রীজ্যোতি বসু: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের স্পীকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে তার বিরুদ্ধে বলতে গিয়ে আমি সংক্ষেপে কয়েকটি কথা বলছি। বিরোধী দলের নেতা বললেন যে, স্পীকারের পদত্যাগ করা উচিত, কারণ বিরোধী দল স্পীকারের বিরুদ্ধে। এটা কি কোন যুক্তি হল? আমরা যে পক্ষে আছি। আমার ডান দিক থেকে একেবারে চারিধার পর্যন্ত আমরা যে পক্ষে আছি। কাজেই এটা হয় না। আবার তিনি একটা উদাহরণ দিয়ে বললেন যে, শ্রীশংকর দাস ব্যানার্জীর বিরুদ্ধে যখন একটা অনাস্থা প্রস্তাব আসে তখন তিনি পদত্যাগ করেছিলেন স্পীকারশিপ থেকে। আমার অতোটা মনে নেই, অনেক দিনের ব্যাপার তো, তবে আমার যা মনে পড়ছে তাতে বলতে পারি

সেখানে এই রকম একটা ব্যাপার ঘটেছিল যে উনি একটা সুগার মিলের, না, মিলের ডাইরেকটার ছিলেন। সেইজন্য আমরা অনেকে প্রশ্নটা তুলেছিলাম, তারপর তিনি ঐ সুগার মিলের ডাইরেকটারশিপ থেকে পদত্যাগ করেন। এই রকম একটা ব্যাপার হয়েছিল। আর উনি একটা উল্টোপাল্টা কথা বলে গেলেন। বিরোধী দলের নেতা হলে আর একটু দায়িত্বশীল হতে হয়, এইভাবে কথা বলা ঠিক নয়। তারপর ওঁরা অনেকে বললেন যে, 'আমরা গ্যাগড হয়েছি।' আপনারাই তো কথা বলেন, আমরা তো বলতেই পারি না। আমরা যখন বলতে উঠি তখন তো আপনারা ১০ জন একসঙ্গে দাঁড়িয়ে উঠে চীৎকার করেন। এই চিত্র তো প্রথম থেকেই আমি দেখছি। কথা বলার নিয়ম হল একজন একজন করে বলবেন। আপনারা বলছেন আমরা শুনছি, আবার আমরা বলবো আপনারা শুনবেন—এই তো হওয়া উচিত, কিন্তু আপনারা তা না করে একসঙ্গে ৮/১০ জন দাঁড়িয়ে ওঠেন। রোজই এই জিনিস হচ্ছে আমরা দেখছি। কাজেই গ্যাগ-ট্যাগের ব্যাপার কিছু নেই। আপনাদের যা সময় দেওয়া হয়েছে সেটা পরিষদীয় মন্ত্রী হিসাব-টিসাব করে দেখিয়েছেন যে আপনারা অনেক সময় পেয়েছেন। যা আপনাদের প্রাপ্য নয় তাও আপনারা পেয়েছেন, স্পীকার আপনাদের দিয়েছেন।

[5.50—6.00 P.M.]

এখন কথা হচ্ছে, আপনারা সংসদীয় গণতন্ত্রের কথা বলছেন। আপনারা মানেন নাকি? বিরোধী দল, আপনারা তো সংসদীয় গণতন্ত্র মানেন না। মানবেন কি করে? সংসদীয় গণতন্ত্রে একসঙ্গে ৮ জন দাঁড়িয়ে কথা বলা যায় না। সংসদীয় গণতন্ত্রে আপনারা কি করলেন? একজনকে বলা হল—অনেক তর্ক-বিতর্কের পরে যখন আর কাজ চলছে না—একজনকে বলা হল যে, আপনি বাইরে যান। তাঁর নেম করা হল এবং বলা হল যে আপনি বাইরে যান। সংসদীয় গণতন্ত্রের নিয়ম কি? নিয়ম হচ্ছে তাঁকে বাইরে যেতে হবে। আপনি গেলেন না। আবার সেটার একটা যুক্তি এনে বলা হল—উনি যে বাইরে গেলেন না—তারপরে আপনি যা করলেন সব বেআইনী। আবার বলা হয়েছে, যখন উনি বাইরে গেলেন না তখন বিরোধী দলের নেতা উঠে কি একটা পয়েন্ট অব অর্ডার করতে চাচ্ছিলেন, আপনি দিলেন না। তখন স্পীকারকে বলা হল যে, তাহলে আপনিও তো বে-আইনী কাজ করলেন। কি বলছেন, না বলছেন, অদ্ভুত রকম লজিক। আপনি বাইরে গেলেন না কেন? আপনারা বাইরে গেলেন না

কেন, এর উত্তর কে দেবে? আবার একজন সদস্য বললেন যে, যে-কোন কারণে হোক উনি গেলেন না। এটা কি ছেলেখেলা যে উনি গেলেন না, স্পীকারের কথা শোনা হবে না? কাজেই সেটা যখন করলেন তখন তো আর সংসদীয় গণতন্ত্র থাকছে না। নিয়মকানুন মানছেন না। তাহলে কি হবে? কি করা যাবে এর উত্তর আপনারা কেউ ওখান থেকে দিলেন না। তারপরে নানা রকম অভিযোগ আনা হয়েছে এবং বলা হয়েছে যে আমাদের প্রশ্ন করতে দেওয়া হয় নি, পয়েন্ট অব অর্ডার তুলতে দেওয়া হয় নি। আবার সাবজুডিস কাকে বলে ইত্যাদি এই সব কথা উঠেছে। এখন স্পীকারের রুলিং তো মানতে হবে সাবজুডিস সম্পর্কে। আপনাদের আপত্তি থাকতে পারে, আপনারা বলতে পারেন।

(গোলমাল)

এটা কি সংসদীয় গণতন্ত্র হচ্ছে? এই যে চিৎকার করছেন—এটা কি সংসদীয় গণতন্ত্র? এই রকম করলে কি হবে? আপনারা অসভ্যতা করলে এখান থেকেও চেঁচাবে। তাহলে তো সংসদীয় গণতন্ত্র হয় না। আমি এখানে প্রমাণ করবো যে কংগ্রেসীরা সংসদীয় গণতন্ত্র মানেন না। এটা বারে বারে প্রমাণিত হয়েছে এবং আজও প্রমাণিত হবে। সেখানে সংসদীয় গণতন্ত্রে কি হল? সংসদীয় গণতন্ত্র হল, ওঁরা বললেন যে যাঁকে বার করা হচ্ছে, তিনি যাবেন না এবং অন্যরাও এসে হল্লা আরম্ভ করলেন। এ্যাডজোর্নমেন্টের পরে তাঁদেরও নাম করা হল, কিন্তু তাঁরাও বের হলেন না। তখন একটা কাপুরুষোচিত ব্যবহার করা হল। কারণ ওঁরা জানেন যে আমাদের এই হাউসে ১৯৫২ সাল থেকে বিরোধীরাও আছেন এবং সরকারও আছেন, কিন্তু কোন দিন এই রকম কাণ্ড হয় নি। এখন স্পীকারের সুন্দর জামা-কাপড় পরা একজন মার্শাল আছেন। তিনি নামেই মার্শাল, আর্মির লোক নন। কাজেই কি করবেন তিনি? এটা জেনে আপনারা বললেন যে, আমরা বের হব না। তাঁকে কাছে পর্যন্ত যেতে দিলেন না। যাঁদের নাম করা হয়েছিল, তাঁরা এটা করলেন। কাপুরুষতা কেন বলছি? এই কারণে বলছি যে একজন আছে জেনে তাঁরা এটা করলেন। পরে যখন আরো লোকজন এল তখন বের হলেন। সেজন্য এটাকে কাপুরুষতা বলেছি। এরপরে স্পীকারের উপরে আমাদের সমর্থন, শ্রদ্ধা আরো বেড়ে গেল। কারণ যেদিন ঘটনা ঘটেছে তার পরের দিন আমাদের বাজেট রাখবার কথা। আমরা যদি বাজেট রাখতে না পারি তাহলে স্পীকার সুদ্ধ আমাদের সকলকে চলে যেতে হবে। বাজেট পাশ না করলে কি করে আমরা

সরকার চালাবো ? সরকার চালাতে পারি না। সংসদীয় গণতন্ত্র মানে হচ্ছে তাই। রুলস ইত্যাদি বড় বড় বই, Mays Parliamentary practice. এসবের কথা হচ্ছে যে বাজেট পেশ করতে হবে এবং পাশ করতে হবে। সেখানে কংগ্রেস সদস্যরা ঠিক করলেন যে তাঁরা এখানে থাকবেন। শুধু তাই নয়, তার আগেও অনেক ঘটনা ঘটেছে, কিন্তু এটা কখনও হয়নি পশ্চিমবংগের বিধানসভায় যে স্পীকারকে এসে ধাক্কা মারা হয়েছে। সেই জিনিসও আমরা দেখলাম। তারপরে আলো এবং মাইক্রোফোনগুলিকে দুমড়ে মুচড়ে দেওয়া হয়েছে। এগুলি এখন রিপেয়ার করতে হচ্ছে। এটা কখনও হয় নি। (গোলমাল এবং বক্তৃতায় বাধাদান) এই হচ্ছে সংসদীয় গণতন্ত্র ? মানুষ, দেখুন সংসদীয় গণতন্ত্র চলছে। তারপরে ১৭টা মাইক্রোফোন ভাঙ্গা হল। আমি নিজে পরে এসে গুণে দেখেছি। তারপরে ঐ যে স্ট্রীট আর্চিনরা যা করে, ট্রেনে উঠে গদিগুলোলকে কেটে দেয়। এখানেও গদি কাটা হল এবং বাইরেও গদি কাটা হল। জিনিসপত্র ভাংগা হল। এটা করলেন কারা ? মাননীয় সদস্যরা, বিরোধী দলের। এই হচ্ছে ওঁদের গণতন্ত্রের নমুনা এবং এই গণতন্ত্র ওঁদের কাছ থেকে আমাদের শিখতে হবে !

সেদিন আমি হাউস থেকে গেছি বোধ হয় সন্ধ্যা ৬টা হবে, তারপরেও ৫ ঘণ্টা স্পীকার ওঁদের সময় দিয়েছিলেন। রাত ১১ টা পর্যন্ত স্পীকার বার বার ওঁদের কাছে খবর পাঠিয়েছেন। তিনি ওঁদের কাছে বলে পাঠিয়েছেন যে, "আপনারা হাউস ছেড়ে চলে যান, আমি হাউস বন্ধ করে দেব।" তিনি বার বার লোক পাঠিয়ে ওঁদের এই কথা বলেছিলেন, কিন্তু ওঁরা বার বার কি বলেছিলেন, ওঁরা বলেছিলেন, "আমরা যাব না, আমরা কাল পর্যন্ত এখানে থাকব।" অর্থাৎ ওঁরা চেয়েছিলেন, আমাদের বাজেট পেশ করতে দেবেন না। তাহলে স্পীকার কি করবেন ? আর তো কোন উপায় নেই, তাহলে ? স্পীকারের একজন মার্শাল, ফিল্ড মার্শাল আছেন। তাহলে উনি কি করবেন ? তখন উনি আমাকে বলেছিলেন, "কিছু লোককে আমার নিয়োগ করতে হবে, আমার সিকিউরিটি হিসাবে নিয়োগ করতে হবে।" পার্লামেন্টে এরকম হলে কি হয় ? সেখানে অনেক লোক আছে, চ্যাংদোলা করে বাইরে ফেলে দেয়। সেখানে তো কংগ্রেসী সরকার আছে। আমাদের এখানে সেরকম কোন ব্যবস্থা নেই। এটা লজ্জার কথা, ক্ষোভের কথা যে সেই জন্য এখানে আমাদের পশ্চিমবাংলার স্পীকারকে বলতে হলো, "আমি অপারগ, আমি যদি না লোক নিয়োগ করি, তাহলে ওঁদের বের করতে পারব না। ওঁরা ১৭টি মাইকের ডাণ্ডা ভেঙ্গে হাতে নিয়ে বসে আছেন, হিংসাত্মক কার্যকলাপ

ধৈর্যের সংগে বসে কাজ করেছেন, অপেক্ষা করেছেন। একটা সংবাদপত্র ছাড়া আর কেউ এ বিষয়ে কোন অহিংস পথের কথা বলতে পারেননি। শুধুমাত্র একটা সংবাদপত্রে একজন লিখেছেন, ঐ ইঁদুর বেড়াল যেভাবে মারা হয়—তবে ঐ ইঁদুর কথাটা ব্যবহার করেনি—সেভাবে দরজা বন্ধ করে দিয়ে, এয়ার কন্‌ডিশান বন্ধ করে দিয়ে, আলো নিভিয়ে দিলেই নাকি অহিংস পথে ওঁদের বের করা যেত! ওঁদেরই পক্ষের কাগজ, 'আনন্দবাজার' এই কথা লিখেছে। কিন্তু তা স্পীকার পারেন নি। কি করে পারবেন ?

যাই হোক, ১৭টি ডাণ্ডা হাতে নিয়ে (মাইক স্ট্যাণ্ড ধরিয়া এবং সেটি দেখাইয়া) এগুলি ভারি, মাথায় লাগলে যে-কোন মানুষ জখম হতে পারে, এগুলি নিয়ে ওঁরা ৩৫/৪০ জন বসেছিলেন, সেইজন্যই লোক ঢুকেছিল। (একটি ধ্বনি : লাঠি হাতে) হ্যাঁ, লাঠি হাতে ঢুকেছিল। লাঠি নিয়ে ঢুকলেও লাঠি কাউকে মারতে হয় নি, কারণ সবাই পালিয়ে গিয়েছিলেন এবং সবাই অক্ষতই আছেন, কেউ আহত হন নি। ওঁদের কাপুরুষের দল এইজন্যই বলছিলাম, স্পীকার একা বসে থাকেন, স্পীকারকে মারবার জন্য তেড়ে গেছিলেন। তাঁকে ধাক্কা দেওয়া হয়েছিল, তাঁর মাইক ভেঙে দেওয়া হয়েছিল। ঐ কাপুরুষের দল (বিরোধীপক্ষকে দেখাইয়া) এই কাজ করেছিলেন। আর ওঁদের কাছ থেকে আমাদের গণতন্ত্রের কথা শুনতে হবে!

তবে ওঁদের কাছ থেকে আমরা এসব নতুন কিছু শুনছি বা দেখছি না। আগে এখানে ওঁরা কি করেছিলেন ? হঠাৎ একদিন আমি এখানে শুনি যে, আমার ঘরের সামনে এখানকার বিরোধী সদস্যরা বসে আছেন, আমাকে ঘরে ঢুকতে দেবেন না। আমি তখন বলেছিলাম, "ওঁদের সাধ্য কি আমাকে আটকাবার, আমাকে ঘরে ঢুকতে না দেবার, আমি ঘরে ঢুকবই।" আমি তখন স্পীকারকে বলেছিলাম, "আমার ঘরে আমাকে ঢুকতেই হবে, আমার ঘরে লোকজনরা আসবেন, ভদ্রলোকেরা আসবেন, আমি ঐ ঘরে বসে ডেপুটেশন রিসিভ্ করি, ফাইল দেখি, কিন্তু আমি এখন কি করব, আমি ঘরে ঢুকতে পারছি না।" তবে আমি এ কথাও বলেছিলাম, "আপনি আমাকে ছেড়ে দিন, আমি যাবই, কে আমাকে আটকায় দেখব।" আমি আরো বলেছিলাম, "ঐ কাপুরুষের দল আমাকে আটকাতে পারবে না।" আমি গিয়েছিলাম। কারণ আমার ঘরে ভদ্রলোকেরা আসেন, ওঁদের দলের লোকজনও আসেন, বিভিন্ন ব্যাপার নিয়ে তাঁরা আসেন। আমি যখন ঘরে ঢুকি তখন ওঁরা আমাকে আটকাতে পারেন নি, কিন্তু চিৎকার করছিলেন, অসভ্যতা করছিলেন।

১৯৫২ সাল থেকে বিধানসভা চলছে, এই জিনিস কখনো কোন দিন হয় নি। আমি এখানে মুসলিম লীগের আমল থেকে আছি, মুসলিম লীগের আমলেও এই রকম ঘটনা ঘটেনি, যা সেদিন দেখেছিলাম। কি হলো? তার পরে কি হলো? স্পীকারকে এখানে ওঁরা বলেছেন এবং গভর্নরকে চিঠি লিখেছেন, "চীফ্ মিনিষ্টার জ্যোতি বসু আমাদের গালিগালাজ করেছে।" না, ওঁদের রসগোল্লা খেতে দেবার ব্যবস্থা করবে। সংসদীয় গণতন্ত্রে এই জিনিস চলতে পারে? ইন্দিরা গান্ধীর ঘরের সামনে গিয়ে কেউ এই জিনিস করতে পারে? কেউ পারে না।

[6.00—6.10 P. M.]

সবচেয়ে বড় কথা হচ্ছে, কংগ্রেস নাকি আবিষ্কার করেছেন দুনিয়াতে ফ্রিডম অফ স্পীচ আছে। বাক্যের স্বাধীনতা। কিন্তু এটা বাক্য তো হলো না—এগুলি 'ভাঙ্গা' তো বাক্য না, তারপর স্পীকারকে মারা তো বাক্য না, ভাষা তো অন্য কিছু হবে। কাজেই এইসব জিনিস করা হলো। যখন এটা করা হলো তখন স্পীকার যদি এটা না করতেন, ধরুন উনি যদি বাড়ী চলে যেতেন তাহলে আমরা বাজেটই পাশ করাতে পারতাম না। তখন সরকারের পতন ঘটে যেত। সেটাই তো আপনারা চেয়েছিলেন। কাজেই স্পীকার ভাল কাজই করেছেন। আপনাদের এটা উঠিয়ে নিয়ে, প্রত্যাহার করে স্পীকারের উপর আস্থাসুচক একটা প্রস্তাব আনুন, আমাদের সবার সঙ্গে প্রশংসা করুন যে স্পীকার অন্ততঃ তাঁর কর্তব্য পালন করেছেন এবং তাঁর কর্তব্যই হচ্ছে যে হাউস যাতে চলে সেটা দেখা। এখন যারা অসভ্যতা করবে, বর্বরতা করবে তাদের প্রশ্রয় দেওয়া স্পীকারের কাজ নয়, কোন জায়গায় সেই জিনিস হয় না। তারপর আমি শেষ কথা বলছি, আমার বেশী কিছু বলার নেই। এখানে ওঁনার দু-একটি রুলিং-এর কথা বলেছেন। উনি যা ভাল বুঝেছেন করেছেন। এখানে আপনার মতপার্থক্য থাকতে পারে। যেমন এখানে একটা কথা বলা হয়েছে যে, ঐ পোষ্ট মর্টেম রিপোর্ট—ওটা সরকারের একটা ডকুমেন্ট—সেটা এখানে প্লেস করুন, কেন করলেন না? এটা সাপপ্রেসের কোন ব্যাপারই না, আপনারা মূর্খের মতন কথা বললে কি করে হবে? ওটা তো পাবলিক ডকুমেন্ট, ওটা তো কোর্টে যাবে। ওখানে ক্রস এগজামিনেশান হবে। পোষ্ট মর্টেম রিপোর্ট ইজ নট এ্যান এভিডেন্স। পোষ্ট মর্টেম রিপোর্ট কোর্টে যায়। সেখানে গিয়ে ঐ ডাক্তার যা লিখেছেন—ঠিক লিখেছেন কি ভুল লিখেছেন এইসব নিয়ে ক্রস এগজামিনেশান হয়, বিশেষ করে মার্ডার কেসে—এটা আপনাদের জানা

আছে। কিন্তু ইট ইজ সার্টেনলি নট যে পোষ্ট মর্টেম রিপোর্ট ইজ নট এ্যান অফিসিয়াল ডকুমেন্ট এবং যেটা কোট্ করে লেখা হয়েছিল সেটা বলা হয়েছিল যে, অফিসিয়াল ডকুমেন্ট থেকে কোট্ করলে সেটা টেবিলে রেখে দিতে হবে, ঠিক কথাই, কিন্তু ওটা তো ইজ নট এ্যান অফিসিয়াল ডকুমেন্ট। যাই হোক, সেদিন আমি ছিলাম না, কিন্তু ওনার রুলিং উনি দিয়েছিলেন সেই সম্বন্ধে। আর সমস্ত কিছু শীঘ্রই সব বেরুবে। কারণ বেরনো ভাল এই হিসাবে ঐ সাত্তার সাহেব তাঁর লেখার মধ্যে কতকগুলি ইনভার্টেট কমার মধ্যে লিখেছেন যে রিপোর্টে নাকি এইসব আছে যে নাড়ি-ভুড়ি বেরিয়ে গেছে—এইসব লেখা ছিল। এটা যে কতবড় অসত্য সেটা মানুষ জানতে পারবে। আমরা অপেক্ষা করছি কিছুদিন পর চার্জশীট হবে আর এটা কোর্টে দাখিল করা হবে। আর একটা কথা, এখান থেকে আপনারা মার্চ করে চলে গেলেন হাইকোর্টে, গিয়ে জজকে জিজ্ঞাসা করলেন— মনে করলেন ওদের দিকেরই জজ হবে হয়তো—এটা কি সাব-জুডিস আপনি বলুন? লিখে দিন। উনি বললেন, না, লিখে দেব না। তাহলে আপনারা জজের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনুন? আপনারা তো সব সাব-জুডিস বুঝতে পারছেন—কেন জজ সাহস করে লিখলেন না? আমরা সেটা মানতাম এমন কোন কথা নেই। মানবার কোন কথা নেই জজের কথা, আমরা এখানে যা্ করছি না করছি। কিন্তু কথা হচ্ছে, উনি তো লিখলেন না, নিশ্চয়ই কোন কারণ ছিল যার জন্য লিখলেন না। তাঁর যা বক্তব্য তিনি রেখেছেন। তারপর স্পীকার— অবশ্য আমি মানেটা ঠিক বুঝলাম না—তাঁর নিজের ঘরে রাজনৈতিক মিটিং করেন। কি রাজনৈতিক মিটিং করেন আমি তা জানি না। আপনারাও তো রাজনৈতিক মিটিং করেন? আমরাও তো রাজনৈতিক মিটিং করি। স্পীকারের সঙ্গে কেউ যদি দেখা করতে আসেন—সে সি. পি. আই. এমের লোক হোক, সে কংগ্রেসের লোক হোক—তাঁর তো দেখা করতেই হবে তাঁদের সঙ্গে। মিটিং করবার তো অন্য জায়গা আছে। মিটিং যাকে বলে এটা তো সেই জায়গা না, সেটার জন্য রুম দেওয়া হয়েছে, লিডার অফ দি অপোজিশানকে মানা হয়েছে, সবই হয়েছে, সেও আপনারা করছেন। অতএব ব্যাপারটা আমি বুঝতে পারলাম না। এখানে একজন সদস্য বলেছেন যে, আমরা প্রথমেই বলেছিলাম যে আপনার উপর আস্থা নেই। অন্য ভাষায় আমরা বলেছিলাম যেদিন আপনি হলেন। তাহলে আপনার কাছে কি আস্থা চাইবে আর সে আস্থা পাবেন সেটা মনে করবেনই বা কি করে? কারণ আপনি যখন একটা দলের লোক, আপনি আগেও নিউট্রাল ছিলেন না, দলে থাকলে নিউট্রাল থাকা যায় না, অবশ্য কংগ্রেসের লোক হলে তাতে দলে থাকলেও

নিউট্রাল থাকা যায়—এটাই তো তার মানে দাঁড়াচ্ছে। অদ্ভুত, অদ্ভুত, তাহলে নো লজিক, নাথিং, নো আরগুমেন্ট। খালি চিৎকার করে একটা দিন নষ্ট করলেন, কিছু টাকা-পয়সা নষ্ট করলেন। যাই হোক, স্পীকারের উপর পূর্ণ আস্থা আমাদের আছে। স্পীকার যদি ঐভাবে ব্যবস্থা না করতেন তাহলে আমরা বাজেট পেশ করতে পারতাম না। দিল্লীতে কান্নাকাটি করে প্রধানমন্ত্রী এবং হোম মিনিষ্টারের কাছে ওঁরা জানিয়েছিলেন যে আমরা নাকি এখানে ছ'জনকে মেরে ফেলেছি। দিল্লী থেকে টেলিফোনে ওঁরা বলেছিলেন যে আমরা কাউকে পাঠাবো এবং জিজ্ঞাসা করেছিলেন নিউট্রাল কাউকে পাঠাবো কিনা? আমি হোম মিনিষ্টার এবং প্রধান-মন্ত্রীকে বলেছিলাম যে আপনাদের নিউট্রাল লোক পাঠাবার দরকার নেই; আপনাদের কোন মন্ত্রীকে, লিডারকে পাঠান—তাঁরা এসে দেখে যান। যিনি এসেছিলেন, তাঁকে জিজ্ঞাসা করেছিলাম—৩?/৩৬জন এম.এল.এ. ডাণ্ডা নিয়ে বিধানসভা কক্ষের ভিতর বসেছিলেন, ওঁদের বের করবো কি করে? পরদিন বাজেট পেশ করতে হবে—বাজেট পেশ করবো কি করে? ঐ যে কোথায় ধোঁয়া দিয়ে বের করে, সেইভাবে বের করতে পারতাম—সেইজন্য স্পীকারকে দুই-একদিনের জন্য কিছু লোককে রিক্রুট করতে হয়েছিল। স্পীকার বিধানসভায় একা, তিনি এছাড়া কি করতে পারতেন? ওঁরা হিংসাত্মক পথ নিয়েছেন, বাইরে এবং ভেতরে; অসভ্য পথ নিয়েছেন, বাইরে এবং ভেতরে। সংসদীয় গণতন্ত্র ওঁদের কাছে একটা কথার কথা মাত্র। সেইজন্য আজকে কিছু আর না পেয়ে স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছেন, যিনি চমৎকারভাবে এই হাউস চালাচ্ছিলেন। ওঁদের কত সুযোগ দিয়েছেন। অনেক সময় মনে হয়েছে—ঐ কয়েকটি তো মাত্র লোক, ওঁদের এত সময় কেন দিচ্ছেন উনি। কিন্তু স্পীকার ঠিকই করেছিলেন; দু'পক্ষকেই সমান চোখে দেখছিলেন। ওঁদের একজন সদস্য সত্যি কথা, আংশিক সত্যি কথা বলে ফেলেছেন। তিনি বলেছেন—৫টি মাইক্রোফোন ভাঙ্গলে কি আসে যায়? এই হচ্ছে কংগ্রেসের সদস্য! ওঁরা থাকলে এসব তো হবেই। ওঁরা এসব মানবেন কেন? যখন ভারতের ফিল্ম্ ফেষ্টিভ্যাল হচ্ছে রবীন্দ্রসদনে এবং কেন্দ্রীয় সরকার যার উদ্যোক্তা—সেখানে কংগ্রেসী গুণ্ডারা এক লিডারসহ ভেতরে ঢুকে অতগুলো বিদেশী অতিথির উপস্থিতিতে ভাঙ্গচুর করে দিয়ে এলেন। ওঁরা আমাদের জিজ্ঞাসা করেছিলেন—এরা কারা? আমরা বলেছিলাম—এই হচ্ছে কংগ্রেস দল, ভাল করে দেখে যান।

মিঃ ডেপুটি স্পীকার: I request Shri Hasim Abdul Halim (Mr. Speaker) to deliver his speech.

Shri Hashim Abdul Halim (Mr. Speaker) : Mr. Deputy Speaker, Sir, and honourable members, I am thankful to the honourable members sitting on the left side of podium who have given me this opportunity to address this House as an ordinary member. I had been a Minister in the House of the last Assembly and this time I was elected unanimously as Speaker. I am choosing to reply in English because the motion is in English. There is a convention in the House that the language in which the motion is moved that language should be used in the debate. But this convention is not followed now-a-days. I have been listening with patience and attention to the honourable members of the Opposition like Janab Abdus Sattar inside the House, and to all the Opposition members, from my chamber. There are certain vital questions which arise today. What is the privilege ? What do we mean by privilege ? Everybody in the Opposition were shouting and speaking hoarse—Privilege, Privilege, Privilege. Whose privilege ? What privilege ? We must keep in mind that we represent the people of this State—five and half crores of people. They have elected us—they have voted us to come here. It is their 'privilege'.

[6.10—6 20 P.M.]

It is their privilege first and foremost. That has to be protected and in protecting their privilege the first duty of the Speaker is to see that the House can conduct its normal business in a normal course without disturbance. I hope all the honourable members will keep that in mind. By just coming here you don't become a special class of citizen. That special class of citizen is the man in the street whom we all represent here. We don't get any wings, we don't get any feathers by being elected. That common men most of whom are unemployed. underfed, under privileged—they have voted us here to discuss their problems, to help to sort out their problems and to see that the Assembly runs, that the Government can carry on its normal business. Yes, within this ambit comes the right of members to ask questions of government, to point out the mistakes of the government, to assist the government in various forms. These forms are codified in the Constitutton, in our Rules of Procedure and by convention. So what does Parliamentary procedure demand of the members ? It demands voluntary submission—a voluntary submission to norms. It does not demand anarchy. It does not require violence. It does not expect chaos. Can I ask one question ? Have the honourable member, sitting on the left side of the podium, willingly submitted themselves to the voluntary compliance of norms ? Have they ? The answer will be no. Rather they have violated those more. Certain members of the ruling side have also done it. That

has become the order of the day in our country. But that is unfortunat Parliamentary norms are falling.

(Noise)

[Please, I have not disturbed anyone. I expect a patient hearing. W are all gentlemen, honourable members. That should be kept in mind.]

Then lots of questions have been raised. There are seventeen grounds I think they have given seventeen grounds raising various issues. Th honourable members have gone into the details. I will not go into th details. Question is raised abou the impartiality. Now, what is impartiality To what extent a Speaker sitting on the podium is expected to be impartial Lots of reference have been made to Commons, Great Britain and othe countries. We forget that in Great Britain, there is no written Constitution The entire law has been developed in ihat country by lot of customs, conven tions and practices. In our country, we have a written Constitution. There is a difference. In our case, there are limitations. In their case, there is nc limitation, The entire horizon is wide. We are circumscribed by the Constitution. We cannot go beyond that. Someone has said that Speaker should be impartial. He should be a non-partyman. It is a very healthy practice. If it can be brought about, I would be the most happiest person because I would not have to contest in the next election. I would be returned uncontested. Who is responsible today for Speaker being a party man? May I ask the honourable members sitting on the left side of the podium, who is responsible ? You are responsible, your party is responsible, your government at the centre is responsible. As early as in 1959, in this very House, when a no-confidence motion against the Speaker Shri Sankar Das Banerjee was being moved, do you know what no less a person than Dr. Bidhan Chandra Roy had said ? Let us see. You talk of impartiality, you talk of non-partisan, you talk of being non-partyman.

I am referring to the proceedings of 1959, February-March issue, page 291. "We have heard a great deal of lecture on what happened to the Speaker of the Assembly and of the House of Commons unlike the Speaker of the Assemblies in the Commonwealth countries is never contested. If the Speaker has to contest his seat he has to do it on the basis of a certain organisation and if he is a member of the PSP then he has naturally got to look to the interests of the organisation of which he is a member.,"

That was what Dr. B. C. Roy had said. It is your party that says—that the Speaker has to look to the interest of his party. I do not support this

contention. But that has been said on the floor of the House by no less a person than Dr. B. C. Roy. I hope you will keep that in mind when you cry hoarse about privileges. What the great Speaker Mr. Mavlankar said ? He was a very great and learned man. He is one of the memorable Speakers of the country. As early as in 1954, what has he said ? I am referring from the proceedings of the Lok Sabha debates. He was quoted by Shri A. K. Gopalan, then one of the signatories to the No-confidence Motion. What has Mavlankar said ? "On his election as Speaker, Mavalankar referring from his predecessors declared himself still a party man and during the Speakers' conference what engrossed him was the Congress nomination in the next election as a party man." Do you have any right to claim that the present Speaker in 1982 will be a non-party man ? I am sorry, gentlemen, you do not have that right. You cannot claim it. Yes, if you want that Speaker should be a non-party man, go to your Government at the Centre, get the Constitution amended and call upon our Speakers to be non-party men in future so that they do not have to contest the election and they can come back as non-party men. If you have the guts you move it at the Centre, go to your Government, demand it. You have not demanded it so long. Demand it today to change the Constitution. But without changing the Constitution, without demanding that, you come and say, you Speaker in West Bengal, you become a non-party man. You leave your party, you forget your ideology because you are now in the Opposition belonging to the Congress members of the party—you are no longer in the ruling front. That is not the way. If you expect impartiality, you should be impartial first. You have not been impartial all these years.

(Noise)

(Please don't disturb. If you do not hear me, I will sit down. Give me the decorum at least. I have not disturbed any of you.)

Shri Suniti Chattaraj : You are exposed.

Mr. Speaker : The exposure is to the people not to some honourable members. I hope you will keep that in mind.

The honourable members, Shri Abdus Sattar and Shri Subrata Mukherjee have cried hoarse on sub-judice. I do not want to take a law class. I have given my ruling. He gave me a long letter regarding a point of order. I conceded it. I heard him. I passed a ruling. That is my view on sub-judice. I based it on my own findings on the knowledge of law that I have—

I had a very small limited practice as a criminal lawyer. Something about sub-judice is known to me. I have allowed the question on Garden Reach to be raised till a point of time when the matter came to the High Court because in a criminal matter, a matter does not become sub-judice until a charge sheet is filed. I have allowed the discussions. I have never debarred anybody from discussing it. There were discussions everyday. Mentions were there. Point of orders were there. Lot of Calling Attentions were also there. I asked the Chief Minister to make a statement on the issue. All happened but when the High Court became seized of the matter, when the High Court directed issue of a show cause on seven points to the State of West Bengal, I thought the matter was now sub-judice because High Court was adjudicating on the point of law and I had to stop it. You may not agree with me. That is unfortunate. If you do not know the meaning of sub-judice, I am not going to teach it to you all. But I passed my ruling. Rules require, the Constitution requires that when the Speaker passes his ruling, you are to obey it.

Now regarding Freedom of Speech, Somebody had raised the Patnil question. That question was not to be called that day. It would have just gone. It was to have been laid on the Table. There was no time left. Honourable member, Dr. Zainal Abedin, proposed that it was a very important question and he requested me to take it up out of turn. I conceded that request. I was partial because I conceded the request. I could not have conceded it—then what could you have done ? In order of seriality, it was not to be taken up. If I were to protect the Chief Minister, I could have disallowed the question. He also could not have answered this because it was not in the serial. Now as a matter of right, you cannot claim that it should be taken up, out of turn. I accommodated you because I thought it was a very important question and as the Opposition member has given that question, he has a right to get the reply. The reply was given, number of supplementaries that were to have been asked were asked. One member personally asked something more, when I could not allow. So when I allowed the question out of turn—nobody said anything about that. One member from the ruling party said but nobody from the Opposition said anything. When I allowed all the supplementaries on that question, nobody said anything but when some more supplementaries were asked and I could not allow those, then I became partial. That is the attitude. You are being unfair not to me but to your self.

[6.20—6.30 P.M.]

Someone has spoken of the servant of the House. Do they know the meaning of the servant of the House, Mr. Deputy Speaker ? We are all servants of the people. I have said it at the very beginning. All of us—not

only myself—are servants of the people. That is why I say that it requires voluntary submissions on certain actions. All of us have to voluntarily submit which we are not willing to do. It is unfortunate. The day, you will be willing to do it, the problem will be solved. In all the debates on this motion I have so far heard there is one point—only one point which the honourable member Mr. Subrata Mukherjee has raised. That is, while there was a suspended member in the House how the seven other members could be suspended ? He has quoted May's Parliamentary Practice that when one member is suspended the House is suspended. I ask a question to all the Honourable members here through the Deputy Speaker ? What do the members expect ? If a suspended member does not leave the House and if some other members support him—there was one Marshall—what do we do ? We abdicate, we leave the House. We go to the Maidan and sit over there and tell the members sitting on the left side of the podium—now we are vacating the House and we are sitting on the Maidan and to-morrow the Assembly will be held in Maidan and the Budget will be placed at the Maidan. Have they given any suggestion as to what should have been done ? They have not given any suggestion. I would like to remind the honourable members of a precedent that occurred in the year 1901—it is reported in Hansard book. If somebody has the time to go through it he may learn something from it. All of you have said a lot about the House of Commons. We all follow them. Take a note of the precedent also. William Galley was then the Speaker. He asked one member to withdraw and suspended him. The member said, 'I beg to disoblige'. That member refused to withdraw. One after another he suspended 12 members. That is a precedent which I would request the members to note. You have spent a lot of time in reading books in preparing yourselves for the debate. It is encouraging. It is encouraging that members are trying to enlighten themselves. I hope this process will continue and I think myself to be a contributor to this process because the no confidence motion against me has caused all of you to go through some books. You copied something from earlier Assembly proceedings. It is a good sign and I hope it will continue and it becomes better in the near future. You have spoken about manhandling done to honourable members. The question has been raised that I assisted somebody to murder somebody. Has anybody spoken about manhandling done to me by Mr. Subrata Mukherjee some days back—not one. Why? Did not they see what had happened ? I am giving you the answer—if you understand the answer. But nobody said anything about that. Where is the precedent in the country where the Speaker has been manhandled ? Don't you feel ashamed for that ? What happened on the 9th ? Murderous assault on me has been done by honourable member Shri Abdul Mannan. If I would not have moved out—by then the microphone before me was broken—I do not know what would have happened? One member has referred to the death of a Deputy Speaker in the erstwhile East

Pakistan. It is not that it has not happened, it has happened. It could have happened here also. I can not be a contributing factor to somebody's alleged attempt to murder when I was not in the House. I adjourned the House and I left the House. It is not on the floor of the House. The honourable member is a very old parliamentarian. Does he know the meaning of the 'floor' of the House. When the House is adjourned, there is no floor of the House ? It is a Chamber. I hope he will take note of it. But what has been written in the motion ? It has been said that in the floor of the House an attempt to murder has been done. But the House was adjourned, there was no floor of the House at that time. There was Chamber. But you have written that an attempt to murder was made on the floor of the House making me a party. What happens outside after I left the House is no part of my business. Every action has a reaction. If you throw a stone at a glass window the glass will break. The result will be that the window will break.

(Noise)

[Please, Mr. Chattaraj, I have heard you. Don't do it. I have not done it. I have heard you patiently. When Mr. Deputy Speaker will put on the light I will take my seat. I am not in the habit of violating rules as such. You speak everyday. Please give me a chance to speak. Let me have this opportunity to speak today.]

If you throw a stone at a glass window the window will break. Parliamentary democracy is also like a glass window. It is very fragile. Please keep that in mind. Please do not break it. The edifice is crumbling. Don't be a contributor to it. Please try to prop it up. Please do not help in its crumbling down, in its demolition.

Mr. Deputy Speaker, Sir, many members have conveniently forgotten some facts. Those members sitting on the left side of the Podium have thumped their tables on many a Rulings of mine. But they never referred to any one of those Rulings in their debate—not any one of them. Barely a few days ago, I stopped the Ruling Party members from discussing the non-parliamentary activities of one of the honourable members of this House. They have forgotten conveniently to mention about this. Then, in this very type of motion of no-confidence against the Speaker in 1959, it was allowed to be amended by the Deputy Speaker in the Chair to turn it into a vote of confidence. What does it prove ? The Ruling party then used the Chair for their own purpose. 'Don't you feel ashamed for that ? Would you not hang your heads down in shame for that ? But I reversed that Ruling.

I said, 'No, it cannot be done'. You have never mentioned about that. And I am partial ; You have never mentioned about any of my Rulings. It is unfortunate. There are hundreds of such other incidents when you have thumped your tables and you have thanked me from the very seats in which you are sitting now. But you chose not to refer to any of them ! Why ? In my opinion, you want to cover up your own wrongs, your own lapses by slandering the Chair through the excuse of a no-confidence motion.

Mr. Deputy Speaker, Sir, I have nothing more to say. Today, is the last day of the present Budget Session. I will appeal to all the honourable members one thing. This Session has been a very acrimonious one. Much heat has been generated in this House. Let us meet in the next Session in a better atmosphere, with a better mind, a better view to serve those that are supreme—not ourselves.

Thank you.

Mr. Deputy Speaker : Now I would request the Leader of the Opposition to give this reply.

শ্রীআবদুস সাত্তার : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সরকার পক্ষ এবং আমাদের দলের পক্ষ থেকে যে-সব বক্তব্য এখানে রাখা হয়েছে আমি তা শুনেছি। স্পীকারের বিরুদ্ধে আমরা যে ১৮ দফা অভিযোগ এনেছি সেটা স্পীকার মহাশয় ডিনাই করেন নি বা সে সম্বন্ধে কোন কথা বলেন নি। তিনি পার্টির কথা বলেছেন। আমরা একটা জিনিস লক্ষ্য করেছি মুখ্যমন্ত্রী সব সময় সার্কাস্টিক্যালি কথা বলেন এবং অশালীন ভাষা ব্যবহার করেন এবং আমরা যে-সব কথা এখানে তুলি তার উত্তর পর্যন্ত দেন না। যা হোক আমরা স্পীকার সম্বন্ধে যে-সব কথা এখানে বলেছি তাতে তিনি বলেছেন, তিনি পার্টিম্যান হবেন। স্পীকার পার্টিম্যান হলেও সংবিধানে বলা হয়েছে যখন তিনি স্পীকারের চেয়ারে বসবেন তখন He ceased to be a party man. সমস্ত জুরিস্ট যাঁরা আমাদের সংবিধান সম্বন্ধে বিশেষজ্ঞ তাঁরা বারবার বলেছেন স্পীকার পার্টিম্যান হবেন ঠিকই, কিন্তু যখন তিনি ওই চেয়ারে গিয়ে বসবেন তখন তিনি আর পার্টিম্যান হিসেবে চিহ্নিত হবেন না। তিনি তখন হাউসের গার্জিয়ান হিসেবে চিহ্নিত হবেন এবং যাঁরা অপজিশনে রয়েছেন তাঁদের বেশী করে অপরচুনিটি দেবেন। স্যার, আপনি যদি গোপালনের বক্তৃতা দেখেন তাহলে দেখবেন ওই একই কথা। তিনি বলেছেন, A. K. Gopalan CPI (M) drew

the attention of the Speaker towards the discontenment and dissatisfaction of the Opposition inside and outside the House. He also warned the Speaker "If the Opposition is not allowed to represent the grievances of the people, and sufferings of the people outside, and bring before this House, with your permission, the things that are happening outside, then such a thing would again happen." সি. পি. এম -এর নেতা গোপালন এই কথা বলেছেন। আমরা মনে করি স্পীকারের খুব ধৈর্যের দরকার।

[6.30—6.40 P. M.]

আমরা দেখলাম ৮ তারিখের ঘটনার পর তিনি রুল ৩৪৮ এ্যাপলাই করলেন। নিয়ম হল প্রথমে নেম করবেন তারপর সদস্যকে বের করবেন। কিন্তু আমরা দেখলাম তিনি নাম করার সংগে সংগে মোশন পুট করলেন। অর্থাৎ তিনি বেআইনীভাবে ৩৪৮ এ্যাপলাই করেছেন। আমরা যখন এখানে বসেছিলাম তখন লিডার অব দি হাউস এবং স্পীকারের উচিত ছিল আমাদের ডেকে একটা মীমাংসা করা। উই ওয়্যার ওয়েটিং ফর দ্যাট। কিন্তু আমাদের সংগে কোন কথা না বলে তিনি বাইরে থেকে পুলিশ রিকুইজিশন করলেন। তিনি বললেন, আই রিকোয়েস্টেড দি চিফ মিনিস্টার টু সেণ্ড এ ডেপুটেশন অব ১০০ সিকিউরিটি পুলিশ উইথ আর্মস্। আমি জানতে চাই উইথ আর্মস ১০০ জন সিকিউরিটিকে তিনি কেন পাঠাবার জন্য বললেন? হাউসে মুখ্যমন্ত্রী ছিলেন, তিনি অপোজিশন লিডারকে এবং অন্যান্য মেম্বারদের ডেকে কথা বলতে পারতেন। কিন্তু তিনি সে-সব কিছুই করলেন না। তিনি অত্যন্ত এ্যাডামেণ্ট এবং এ্যারোগেণ্ট ছিলেন এবং তাঁর এই এ্যারোগেনসীর জন্য এই জিনিস এখানে ঘটল। আপনি যদি পুরান ইতিহাস দেখেন তাহলে দেখবেন এই জ্যোতিবাবুকে হাউসে আশ্রয় দেওয়া হয়েছিল পুলিশ এ্যারেস্ট করবে সেই জন্য। অথচ সেই বিধানসভাতেই তিনি পুলিশ ঢুকিয়ে হাউসকে কলুষিত করলেন এবং এই কলুষিত করার ব্যাপারে রয়েছেন বর্তমান স্পীকার। তিনি তো আমাদের ডেকে আলোচনা করতে পারতেন। আমাদের সংগে ১৪ তারিখে সেই আলোচনা করে একটা মিটমাট করলেন, কিন্তু সেদিন কেন করলেন না? তিনি আপসেই এটা মিটিয়ে ফেলতে পারতেন, কিন্তু তিনি সে-সব না করে পুলিশ রিক্রুট করলেন। আমরা মনে করি স্পীকারের পেসেন্স-এর অভাবের জন্য এই ঘটনা ঘটেছে। এই প্রসংগে আমি শিব ভার্মা শাস্ত্রীর উক্তিটি আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি:

'The next essential quality of an able Speaker is patience. He is to preside over the proceedings of the House firmly and patiently. In Britain in 1930 when a member in a fit of anger seized the mace and lifted it from the Table, there was a talk of the Speaker using his power, as the offence was very grave according to parliamentary standard But he did not use it.'

প্রত্যেক জায়গায় এরকম ঘটনা ঘটেছে। ১৯৬৮ সালে যখন পি. সি. ঘোষ এখানকার মুখ্যমন্ত্রী ছিলেন তখন এই হাউসের মাইক ভেঙ্গে তাঁর দিকে ছুড়ে দেওয়া হয়েছিল এবং সেই মাইকটা যদি ওই স্ট্যাণ্ডে গিয়ে না লাগত তাহলে সেদিন পি. সি. ঘোষের মৃত্যু হোত। শুধু তাই নয়, কালিপদ মুখার্জী, তখনকার পুলিশমন্ত্রী, তাঁকে লক্ষ্য করে শ্রীমতী মণিকুন্তলা সেন জুতো ছুড়ে মেরেছিলেন। আপনারা সারা জীবন এধারে বসে শুধু লোককে হেকেল করেছেন। আজকে আপনারা পার্লামেণ্টারী ডেমোক্রেসীর কথা বলছেন। পার্লামেণ্টারী ডেমোক্রেসীর কথা আপনাদের কাছে শুনতে হবে এটা দুর্ভোগ্যের কথা।

আমরা যখনই কোন পয়েণ্ট অব অর্ডার তুলেছি, তখনই স্পীকার আমাদের বারবার বাধা দিয়েছেন। এমনকি আমিও বাধা পেয়েছি। তারপর সেদিন জয়নাল আবেদিন সাহেব পয়েণ্ট অব অর্ডার তুলতে চেয়েছিলেন, যখন সুনীতি চট্টরাজকে বার করে দেওয়া হলো, তাঁকে এ্যালাও করা হলো না। কিন্তু পয়েণ্ট অব অর্ডার হচ্ছে, that is the right of the member, পয়েণ্ট অব অর্ডারের ব্যাপারে আমি বলছি the right to raise and formulate a point of Order is a valuable right of a member and can be exercised by him at any time on a matter or any business then under discussion এটা পারে। সেই ভ্যালুয়েবল রাইট থেকে আমাদের বঞ্চিত করা হয়েছে, বারবার করা হয়েছে। কেবল আজকে নয়, আপনি দেখবেন State of Punjab Vrs. Sat Pal Dang & Ors. এটা কমপারেটিভ স্টাডি, এটা শাস্ত্রীর বইতে আছে, সেখানে দেখবেন—The Supreme Court decisively rejetcd the Speaker's claim. The Court observed :

"Reference was made to Rule 112 which says that a Point of Order once raised must be decided by the Speaker and his decision thereon is final. It is thus urged that whatever be the merits of the Speaker's ruling, it must be treated as final. This is a claim which is unfounded." "The Supreme Court felt that the ruling of the Speaker was based on an wrong assumption and can, therefore, be called in question." C. A. No. 1427 of 1968—30th July, 1968.

সুতরাং সব কিছু চ্যালেঞ্জ করা যায় না, এটা ঠিক নয়। এটা পাবেন সি. এ. নং ১৪২৭ অব ১৯৬৮, ৩০শে জুলাই। এই জাজমেন্ট দেওয়া হয়েছিল। সুতরাং প্রত্যেকটি জিনিস যদি দেখা যায়, আপনারা যে-সব কথা বলেছেন, তার উত্তর নেই। আপনি এ্যাডজোর্নমেন্ট মোশন একটাও এ্যালাও করেন নি। কিন্তু আমি ১১ই ফেব্রুয়ারী ১৯৬৪ সালে, জ্যোতি বাবু তিনি এ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছিলেন, regarding the situation arising out of the influx of Refugees from then East Pakistan. সেই সময় আলোচনা হয়েছিল। শুধু তাই নয়, কংগ্রেসের আমলে এ্যাডজোর্নমেন্ট মোশন আলোচনা হয়েছিল। আপনি দেখবেন এ্যাডজোর্নমেন্ট মোশন বাই শ্রীনারায়ণ চৌবে, M. L. A. regarding police firing on a peaceful students procession on the 17th February, 1966, in front of Swarupnagar Police Station in 24 prgs. Killing a student of Class VI Nurul Islam and injuring several others. নুরুল ইসলাম মারা গিয়েছিল, সেখানেও আলোচনা হয়েছিল। আজকে ওয়াটগঞ্জে মারা গেল দুটো ছেলে পুলিশ ফায়ারিং-এ, এ্যাডজোর্নমেন্ট মোশন ডিজএ্যালাও হলো। তারপর গার্ডেনরীচের ব্যাপারে এ্যাডজোর্নমেন্ট মোশন এলো, এ্যালাও করলেন না। শুধু তাই নয়, এর পরে আমাদের ২৯শে জুন ১৯৬৭ The adjournment motion of Smt. Purabi Mukhopadhyay regarding anti-people food policy and inadequate relief, which have caused famine in Bankura district was discussed in the House. আমাদের পণ্ডিতবাবু বললেন যে ফেমিনের ব্যাপারে কোন এ্যাডজোর্নমেন্ট মোশন আনা যায় না। এটা আনা হয়েছিল 29th June, 1967. তখন জ্যোতিবাবুরা পাওয়ারে ছিলেন। এইরকম হয়েছে, তবুও পণ্ডিতবাবু বললেন যে, এটা হয় না।

[6.40—6.50 P. M.]

সুতরাং আমরা স্পীকারের বিরুদ্ধে যে অভিযোগ নিয়ে এসেছি—স্পীকারের কাছে আমরা কোনরকম ফেসিলিটিজ চাইছি না। we are in the opposition—we want protection from him. আমি যে বললাম স্পীকার পক্ষপাতিত্ব করেন—অনেক সময় আমরা যখন মিঃ স্পীকার বলি তখন তিনি এদিকে তাকিয়ে থাকেন, আমাদের দিকে কান দেন না। অর্থাৎ তিনি যে পার্টিম্যান এটাই প্রমাণিত হয়ে যাচ্ছে। তিনি পার্টিম্যান আছেন, আমরা জানি,

কিন্তু যখন চেয়ারে বসবেন তখন চেয়ারের মর্যাদা রাখবেন, দেন ইউ আর নট এ পার্টিম্যান। পার্টিম্যান হিসাবে আমরা কনসটিটিউশন ফলো করছি। পার্টিম্যান স্পীকার হলেও তাকে নিউট্রাল হতে হবে। পার্টিম্যান স্পীকার হলেও তাকে দেখতে হবে opposition can ventilate their grievances. কাজেই আমরা যে অভিযোগগুলি এনেছি তার কোন উত্তর পাই নি। আমাদের প্রত্যেকটি অভিযোগই সত্য। আমি আশা করছি ভবিষ্যতে স্পীকার অপোজিশনদের এই ন্যায্য দাবী ঠিক ঠিকভাবে প্রোটেকশান দেবার ব্যবস্থা করবেন। এই কটি কথা বলে আমি আমার মোশান মুভ করে বক্তব্য শেষ করছি।

শ্রীশচীন সেন : [* * * * *
* * * * * * *
* * * * * * *
* * * * * * *
* * * * * * *
* * * * *]

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ : আপনি সাধারণ ভদ্রতাটুকুও কি হারিয়ে ফেলেছেন, বাড়ীর মেয়েদের সংগে কি করে কথা বলতে হয় সেটাও জানেন না? এখানে গিয়ে সেটাও যে হারিয়েছেন এটা অত্যন্ত লজ্জার কথা।

ডাঃ জয়নাল আবেদিন : স্যার, আই রাইজ অন এ পয়েন্ট অব অর্ডার। আমাকে পয়েন্ট অব অর্ডার তুলতে দেবেন না?

মিঃ ডেপুটি স্পীকার : I have not allowed you to raise any point of order. Please take your seat. Let me follow the business of the House. শচীনবাবু যে বক্তব্য রাখলেন সেটা এক্সপাঞ্জ হবে।

The motion of Shri Abdus Sattar—

"That this House regretfully disapproves of the conduct of Shri Hashim Abdul Halim, the Speaker and resolves that he be removed from the office on the following grounds :

(1) arbitrarily disallowing questions and supplementary questions likely

*NOTE : Expunged as ordered by the Chair.

to cause acute embarrassment to the Chief Minister, other Ministers, top C.P.I. (M) leaders and high Government officials,

(2) wilfully disallowing all types of adjournment motions intending to discuss issues of public importance and problems concerning the people of the State and affecting them seriously,

(3) creating an ugly and unprecedented record by repressing the Members of the Opposition by ordering them to be mercilessly beaten in the House, by the police in the guise of Security Staff,

(4) abusing the powers to allow privilege motion and other motions and at the same time disallowing privilege motions based on genuine and resonably sound grounds based on documentary evidences, tabled by the Members of the Opposition,

(5) contradicting his own rulings to allow the Government to vilify the Opposition at the cost of the Public Exchequer,

(6) regulating the proceedings and abusing the discretionary powers in such manner as to prevent exposure of the Government's incompetence and misdeeds and to bring about the suppression of the Opposition,

(7) illegally usurping the privileges guaranteed by the Constitution of India to Members of the Legislative Assembly,

(8) misrepresenting and misinterpreting the Rules and Procedure of the House and certain provisions of the Constitution of India,

(9) ceasing to maintain an impartial attitude necessary to command the confidence of all sections of the House,

(10) disregarding the rights of the Members of the Opposition and making pronouncements, giving rulings calculated to affect and undermine the rights and privileges of the Members of the Opposition,

(11) openly espousing the version of the Government on all controversial matters as against informations supplied by the Members of the Opposition,

(12) violating the agreement reached on the 14th March, 1984 between the Chief Minister, Leader of the Opposition and the Speaker, whereafter the Government was allowed to publish malafide and concocted documents maligning the Opposition, though the Members of the Opposition were not allowed to make even a simple reference to the incidents which led to the impasse from 8th March, 1984,

(13) allowing the Members of the treasury benches to attempt to kill one of the seniormost Members of the Opposition on the floor of the House and subsequently disallowing a bonafide and genuine privilege issue on the matter,

(14) misusing and abusing the powers to enforce discipline in the House,

(15) failure to maintain the supreme interest of decency, decorum and dignity of the House,

(16) failure to apply an unbiased mind to the deliberations of the House,

(17) depriving Opposition Members of lhe opportunity of effectively ventilating the grievances of the people,"

was then put and a division taken with the following resutls :

Noes

Abdul Bari, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Gourhari
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Banerjee, Shri Amiya Bhusan
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Banu, Shri Ajit
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Basu, Shri Subhas
Bauri, Shri Gobinda
Bauri, Shri Madan
Bera, Shrimati Chhaya
Bera, Shri Pulin
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satpa Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kanti Chandra
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bora, Shri Badan
Bose, Shri Biren
Bose, Shri Nirmal Kumar
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakraborti, Shri Subhas
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Shyamal
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Sudhan
Chattopadhyay, Shri Santasri
Chowdhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
Daud Khan, Shri
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghose, Shri Samhhu Charan
Ghosh, Shrimati Chhaya
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya

Ghosh, Shri Krishna Pada
Ghosh, Shri Malin
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kumar, Shri Himansu
Kundu, Shri Gour Chandra
Lama, Shri Dawa
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Maji, Shri Swadeshranjan
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochon
Malakar, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shrl Gopal
Mandal, Shri Prabhajan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Mitra, Dr. Ashok
Mitra, Shri Parimal
Moazzam Hossain, Shri Syad
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shsi Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Subhas
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Omar Ali, Dr.
Oraon, Shri Mohan Lal

Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Rai, Shri H. B.
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Haradhan
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Pravas Chandra
Roy, Shri Sattik Kumar
Roy, Shri Sada Kanta
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Santra, Shri Sunil
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Sk. Siraj Ali, Shri
Talukdar, Shri Pralay
Tirkey, Shri Manohar
Tudu, Shri Bikram
Uraon, Shri Subodh

Ayes

Abdul Mannan, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Anwar Ali Sekh, Shri
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chandra, Shri Anup Kumar
Chattaraj, Shri Suniti
Chaudhuri, Dr. Kiran
Chowdhary, Shri Abdul Karim
Ghosh, Shri Prafulla Kanti
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahaman, Shri
Kazi Hafizur Rahman, Shri
Lutfal Haque, Shri
Mahato, Shri Shantiram
Maity, Shri Mukul Bikash
Mishra, Shri Abanti
Misra, Shri Kashinath
Molla, Shri Fazle Azim
Moslehuiddin Ahmed, Shri
Motahar Hossian, Dr.
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Nurul Islam Chowdhury, Shri
Poddar, Shri Deokinandan
Quazi Abdul Gaffar, Shri
Roy, Shri Santi Mohan
Sadhukhan, Shri Tarapada
Sha, Shri Ganga Prosad
Shaik, Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

Abstentions

Sarkar, Shri Deb Prasad
Purkait, Shri Prabodh

The Ayes being 34, and the Noes 196, the motion was lost.

(At this stage Hon'ble Speaker took the Chair)

Mr. Speaker : I am thankful to all the members in the House those who have voted for and against in this debate of no-confidence motion. I am sure that this debate has made us richer in knowledge of parliamentary procedure and practice and I hope that the next session will be less acrimonious and in a more accommodating spirirt.

শ্রীজ্যোতি বসু : স্পীকার মহাশয়, আপনাকে অভিনন্দন জানাচ্ছি এবং জানিয়ে কয়েকটি কথা বলছি। আপনি যে বক্তৃতা দিয়েছেন ওখান থেকে এবং এখন স্পীকার হিসাবে যে বক্তৃতা দিলেন তা আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি। প্রথমদিন যখন আপনি স্পীকার হিসাবে নির্বাচিত হয়েছিলেন তখন আমরা একমত হয়েই আপনাকে নির্বাচিত করেছিলাম। সেদিন আপনার বিরুদ্ধে কোন প্রার্থী ছিলেন না, সেদিনও আপনাকে আমরা অভিনন্দন জানিয়েছিলাম এবং আমার যতদূর মনে আছে, আশ্বাস দিয়েছিলাম উভয় পক্ষ থেকে যে—যাই কিছু সমালোচনা থাক—আশ্বাস দিয়েছিলাম আপনাকে আমরা সাহায্য করবো যাতে করে এই বিধানসভা ঠিক পথে চলতে পারে এবং সম্মান অর্জন করতে পারে। এই সম্মান শুধু পশ্চিমবাংলার মানুষের কাছ থেকেই নয়, সারা ভারতের মানুষের কাছ থেকে যাতে পাওয়া যায় সেজন্য আমরা সাহায্য করবো বলেছিলাম। কিছু ভুলত্রুটি হয়ত হয়েছে কখনও কিন্তু আমরা চেষ্টা করেছি কি করে সেই অবস্থাটাকে কাটিয়ে আমরা বিধানসভাকে ঠিকভাবে চালাতে পারি। আপনার গুরুদায়িত্বের কথাটা আমরা বুঝি। আপনি কখনও, সেই গুরুদায়িত্ব পালন করতে পারবেন না, কোন স্পীকারই পারবেন না কোনদিন যদি না উভয়পক্ষ থেকে আপনাকে সাহায্য করে। এই কথা বলে আমি শেষ করার আগে শুধু এইটুকুই বলব যে, আগামীদিনে যখন আবার অধিবেশন হবে, এর থেকে আমরা আরো শিক্ষাগ্রহণ করে এই বিধানসভা যাতে আরো ভালোভাবে চলে এবং সম্মান অর্জন করে সে দিকে আমাদের সকলের লক্ষ্য রাখা উচিত। আশা করি সে ব্যবস্থা আমরা করতে পারবো।

শ্রীভক্তিভূষণ মণ্ডল : মাননীয় স্পীকার মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং অল্প কয়েকটি কথা বলছি আমাদের পার্টি ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে। নিশ্চয় ইম্‌পার্শিয়ালিটিটা সবচেয়ে বড় কথা এবং অথরিটেটিভ—দুটোই থাকবে। হাউস যাতে সুষ্ঠুভাবে চলে সে চেষ্টা করবেন এই অনুরোধ জানিয়ে শেষ করছি।

[6.50—7.00 P. M.]

শ্রীআবদুস সাত্তার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই আলোচনার পরে নিশ্চয়ই আপনার মনে খানিকটা দাগ পড়েছে, সেই সম্পর্কে আর তিক্ততা বাড়াতে চাই না। প্রথম দিন যখন আপনি নির্বাচিত হন তখন আমরা কোন কনটেষ্ট করিনি। আমরা আশা করেছিলাম যে আপনি নিশ্চয়ই ইম্‌পার্শিয়াল ভাবে কাজ করবেন। কিন্তু এই ইমপার্শিয়াল কাজের ব্যাপারে আমাদের মনে খানিকটা সন্দেহ দেখা দিয়েছে। কাজেই আমরা সন্তুষ্ট হতে পারিনি। তাছাড়া বিশেষ করে এই সেসানে আমরা হাউসে যেভাবে লাঞ্ছিত হয়েছিলাম যার জন্য আমরা আপনার বিরুদ্ধে অনাস্থা এনেছিলাম অপসারণের জন্য। আপনি পার্টির লোক হলেও স্পীকার হিসাবে যখন চেয়ারে বসেন, তখন চেয়ারের মর্যাদা অক্ষুন্ন রাখবেন বলে আশা করেছিলাম। যাই হোক, যাঁরা অপোজিশানে আছেন, তাঁরা যে-সমস্ত পাবলিক ইন্টারেস্ট ভেন্টিলেট করতে চাইবেন সেটা আপনি দেখবেন। আমরা আশা করবো যে আপনি স্পীকার হিসাবে ভবিষ্যতে ইমপার্শিয়াল জাজমেন্ট দেবেন এবং ইমপার্শিয়াল কাজ করলে নিশ্চয়ই আপনার প্রতি আমাদের সমর্থন থাকবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : থ্যাংক ইউ।

শ্রীসত্যপদ ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দীর্ঘদিন ধরে এই সেসান অত্যন্ত ধৈর্যের সঙ্গে পরিচালনা করেছেন। বিরোধী দলের সভ্যরা যে ব্যবহার করেছেন আপনি ধৈর্যের সঙ্গে তার মোকাবিলা করেছেন। আপনি পক্ষপাতহীন ভাবে এই সভা পরিচালনা করেছেন। আপনি বিরোধী দলকে অনেক সুযোগ দিয়েছেন। এমন কি আমাদের থেকেও তাদের অনেক বেশী সুযোগ দিয়েছেন। সে ব্যাপারে আমাদের কোন ক্ষোভ নেই। আপনি যে ধৈর্যের পরিচয় দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। সঙ্গে সঙ্গে আপনার অবর্তমানে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে কাজ করেছেন তার জন্য তাঁকেও আমি ধন্যবাদ জানাচ্ছি এবং যে-সমস্ত সরকারী কর্মচারী এই সেসান চালাবার জন্য সাহায্য করেছেন তাঁদেরও ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকামাক্ষ্যাচরণ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি যে আপনি প্রথম থেকেই অত্যন্ত বিবেচনার সঙ্গে এই হাউস পরিচালনা করেছেন এবং সম্পূর্ণ ইমপার্শিয়ালভাবে কাজ করেছেন। বিরোধীপক্ষ থেকে এই রকম অনাস্থা প্রস্তাব আনা হয়েছে বলে আমি খুবই দুঃখিত। আপনি যেভাবে এই সভা পরিচালনা করেছেন এবং যেভাবে কাজ করেছেন সেটা আমাদের একটা অমূল্য সম্পদ হয়ে থাকবে। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে এবং অন্যান্য সকলকে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি।

শ্রীবঙ্কিমবিহারী মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভার শেষ দিনে একটা ইতিহাস সৃষ্টি হল আপনাকে নিয়ে। এই অধিবেশন পরিচালনার সময়ে আমরা পুরোপুরি আপনার সহযোগিতা পেয়েছি এবং বিরোধীপক্ষও পুরোপুরি সহযোগিতা পেয়েছে। সে জন্য বিরোধীপক্ষের আজকে আপনাকে ধন্যবাদ জানান উচিত। আপনি যে আবেদন করেছেন আগামীদিনে নিশ্চয়ই আমরা এবং বিরোধীপক্ষ সকলে মিলে আপনাকে সহযোগিতা করবো। আশা করবো যে বিরোধীপক্ষ নিশ্চয়ই হাউসের মর্যাদা রক্ষা করবে। আপনি ধৈর্যসহকারে যেভাবে হাউস পরিচালনা করেছেন সে জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনার অবর্তমানে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ও সুষ্ঠুভাবে এই হাউস পরিচালনা করেছেন সে জন্য তাঁকেও আমাদের তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি। আর যে-সমস্ত সরকারী কর্মচারী আমাদের এই বিধানসভার অধিবেশন পরিচালনার ক্ষেত্রে সহযোগিতা করেছেন তাঁদেরও ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মধ্যে মতাদর্শগত পার্থক্য যাই থাকুক না কেন, আমি আশা করবো যে সকলের সহযোগিতা নিয়ে আগামীদিনে এই হাউসের ডিগনিটি রক্ষা করার জন্য আপনি চেষ্টা চালিয়ে যাবেন এবং সেই সঙ্গে এটাও আশা করবো একস্ট্রা পার্লামেন্টারী প্রেসার থেকে মুক্ত হয়ে আপনি এই প্রচেষ্টা চালাবেন এবং সেইভাবে বিরোধীদের যে বক্তব্য সেগুলি আপনি ধৈর্যসহকারে শুনবেন। এই আশা রেখে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Laying of Reports

4th, 5th and 6th Annual Reports and Accounts of the West Bengal Handloom and Powerloom Development Corporation for the years 1976-'77, 1977-'78 and 1978-'79.

Shri Pralay Talukdar : Sir, I beg to lay the 4th, 5th and 6th Annual Reports and Accounts of West Bengal Handloom and Powerloom Corporation for the years 1976-'77, 1977-'78 and 1978-'79.

Mr. Speaker : Now ruling on the petition of Mr. Amalendra Roy as regards his allegation that his name was not mentioned in the speech he made but the name of some other member was mentioned.

I have received a letter from the Ananda Bazar Patrika which runs as follows : "Sir, With reference to your above letter I have to submit that the omission of the name of Mr. Amalendra Roy as one of the participants in the debate on the Calcutta University Bill in the report published in the Ananda Bazar Patrika of 30th March, 1984 and the publication of the name of Janab Shish Mohammad instead was due to inadvertance of the reporter concerned and was not 'malafide, deliberate and equated by malice' as alleged by the Hon'ble member. In a newspaper report the debates have necessarily to be summarised and it is not always possible to report speeches or even the names of all the participants in the debate. As will appear from the impugned report itself the speeches of all the participants in the debate could not be reported nor even the names of all the participants could be included and it was reported that others also spoke. In fact there was no intention of omitting the name of Mr. Amalendra Roy as will appear from the fact that the name of a participant from the R S P. to which he belonged was mentioned but by a mistake he was confused with another member of the same party. We, however, regret the error and hope our explanation will be found "satisfactory."

The lapse complained of by Shri Amalendra Roy, MLA on the part of Ananda Bazar Patrika in reporting the proceedings of the House on the 30th March, 1984 is serious enough and the Editor should be cautioned by a letter that such lapses must not happen in future, although the Editor has expressed his regret for the lapse as having been due to inadvertance on the part of the Reporter concerned, the matter may be treated as dropped. But the letter of caution should be sent to him.

Now, ruling on privilege notice given by Shri Satya Ranjan Bapuli, MLA and Shri Abdul Mannan, MLA regarding mis-supply of proceedings.

In this notice of privilege they attempt to move a privilege against the Speaker. The Speaker cannot be the subject of any breach of privilege motion since he is the protector of privileges. (P.D. (1963) Vol VIII, Pages 11-12, Kaul and Shakdher, 3rd Edition, page-237). Accordingly, the instant notice of privilege may be disallowed.

Now, ruling on privilege notice given by Shri Deba Prasad Sarkar, MLA, dated 12.4.84 regarding a news items published in the Jugantar Patrika.

The notice of privilege given by Shri Deba Prasad Sarkar, MLA, dated 12.4.84 refers to a news item published in the issue of the Bengali Daily Jugantar, dated 11.4.84 concerning the Hon'ble Deputy Speaker of the House which in his opinion constitutes a breach of privilege.

On going into the body of the news item, I find that it does not refer or relate to the activities of the Hon'ble Deputy Speaker which concern this House in any way.

I, therefore, hold that there is no prima facie case of breach of privilege and the notice is rejected.

Now, ruling on the privilege notice under rule 226 given by Shri Satya Ranjan Bapuli, MLA, Shri Abdul Mannan, MLA and Shri Deoki Nandan Poddar, MLA on 9.4.84 regarding publication "Unseemly Incidents inside the Assembly House—The Facts", published by the Government of West Bengal.

The notice dated 9.4.84 given by Shri Satya Ranjan Bapuli, MLA, Shri Abdul Mannan, MLA, and Shri Deoki Nandan Poddar, MLA, under section 226 refers to the publication of the pamphlet "Unseemly incidents inside the Assembly Housa—The Facts" by the Director of Information, Government of West Bengal, which they maintain, constitutes a breach of privilege. I will deal it with the privilege notice of Dr. Zainal Abedin.

Mr. Speaker : Now, Ruling on the notice of question of privilege raised by Dr. Zainal Abedin regarding the publication of a booklet namely "Unseemly incidents inside the Assembly House—The Facts" criticising the conduct of the Congress (I) MLAs in the House on the 8th March, 1984.

The question of breach of privilege sought to be raised by Dr. Zainal Abedin relates to the booklet entitled "Unseemly Incidents inside the Assembly House—The Facts" published by the Director of Information, Information & Cultural Affairs Department, Government of West Bengal.

Dr. Abedin's contention is that by publishing the said booklet "the treasury bench has committed an act of gross libelous contempt of the whole House and violated the ruling of the Chair and thus brought down the dignity and decorum of the House."

His contention rests on the assumption that the decision and direction given by the Chair on the 14th March, 1984 relating to the incidents in the Assembly on the 8th and 9th March, 1984 is a bar to the narration of or reference to these incidents by all and sundry. This assumption is, on the face of it, wrong.

The authority of the Chair of this House does not run beyond this House and any decision or direction given by the Chair are binding only on the Members of this House and that also in respect of their activities within this House.

The decision and direction given from the Chair on the 14th March, 1984 could not be binding on the Government of West Bengal and for the matter of that on anybody else. There is therefore, no question of the Director of Information having acted in violation of the direction of the Chair.

News Agencies and agencies or institutions diseminating information were not also debarred by the aforesaid ruling from Conveying or Circulating information on the incidents in the House provided that such information was materially correct. In fact, many newspapers and periodicals have already published accounts of the said matters.

[7.00—7.10 P.M.]

Secondly, another point sought to be made by Dr. Abedin is that the publication in question gives a distorted version of the incidents that took place in the Assembly on the 8th and 9th March, 1984. I cannot agree with his view on this point. The recital of the incidents on the aforesaid days is factually correct and therefore the House has not been brought into contempt and no breach of privilege has been committed by the aforesaid publication.

I therefore reject the notice for breach of privilege given by Dr. Zainal Abedin.

As regards the privilege notice given by Shri Satya Ranjan Bapuli regarding the word 'anti-social', I have already passed my ruling that it should be expunged. But I find from the records that my expunction order has not been recorded. It should have been done. But, possibly in the turmoil, it could not be recorded. So I again order that the word 'anti-social' should be expunged as it has not been expunged in the record, as I find. So no question of privilege arises in that case. But it should be expunged and I further order that the booklet will not be distributed among the members of the House. The privilege is totally rejected.

Shri Subrata Mukherjee in his letter dated 9.4.84 has mentioned several points which in his view constitute a breach of privilege.

He has referred to two news items published in the Paschim Banga dated 30.3.84.

(i) the letter of the Chief Minister to the Union Home Minister regarding the incidents of the West Bengal Legislative Assembly.

(ii) Bengali version of the ruling from the Chair withdrawing the suspension order dt. 8.3.84 upon eight Congress (I) MLAs.

Shri Mukherjee has also referred to the booklet entitled "Unseemly incidents in the Assembly House—The Facts" published by the Director of Information, Govt. of West Bengal which according to Shri Subrata Mukherjee also forms the basis of a question of privilege. On this point, I have alreedy given my ruling on a similar point raised by Dr. Zainal Abedin and that ruling applies in this case.

As regards the news items published in the Paschim Banga referred to by Shri Subrata Mukherjee, I find nothing wrong or materially incorrect in the letter of the Chief Minister to the Union Home Minister which may be considered to constitute a breach of privilege of the House. Everybody including the Chief Minister has a right to convey news of the incidents in the Assembly provided that these are materially correct and do not contain any distortion of facts. About Shri Mukherjee's pushing me, the Chief Minister reported what he himself saw as he was present in the House and I find nothing in his version which can be contradicted.

As regards the publication of my ruling of the 14th March, 1984, it was given to the Press for publication and the Paschim Banga was free to publish it verbatim or its faithful translation.

I therefore hold that no breach of privilege has been committed by the publication of the said news items in the Paschim Banga Patrika.

Privilege notice given by Shri Deokinandan Poddar, MLA and Shri Abdul Mannan, MLA on 16.4.84, regarding violation of Article 211 of the Constitution of India by Shri Jyoti Basu, Hon'ble Chief Minister, West Bengal.

In the notice of privilege datad 16th April, 1984, given by Shri Deoki Nandan Poddar, MLA, and Shri Abdul Mannan, MLA, the Hon'ble members have alleged that the Chief Minister has committed a breach of privilege and contempt of this House by discussing the conduct of two judges of the Calcutta High Court on the floor of the House on 12th April, 1984.

I have since gone through the debates and find that the Chief Minister did not make any observation which could be considered to be derogatory to the Hon'ble Judges of the High Court or which could be taken to have contravened any of the Rules of this House or any provision of the Constitution. Thus there being no prima facie case of breach of privilege in this matter, I cannot allow the members to raise this matter in this House.

I have received a Privilege Notice dt. 6.4.84 by Shri Amal Roy, MLA. u/r. 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The member alleges that the Budget and the Annual Report of the DVC have not yet been placed before this State Assembly as required under Section 40 and 45 of the DVC Act 1948 and as such the privilege of this House has been breached. The member suggests that the Chairman of the DVC be brought before the House and reprimanded.

Now, it is ascertained from the Irrigation department that the Budget books and the Annual Reports of the DVC have been made ready for presentation of the same to this House during the current session.

I think, it has already been distributed. So question of breach of privilege does not arise here.

Now, privilege motion by Shri Amalendra Roy dated 16.4.84 regarding Shri Abdus Sattar's comments on Speaker's ruling.

This relates to distribution to the Press of certain statement by Shri Abdus Sattar. The letter which has been given to me was distributed to the Press inspite of the fact that the same was pending my ruling. It is most improper to distribute it to the Press as the matter contained in the letter was awaiting judgement and decision of the Speaker. Matters pending Speaker's ruling should not be circulated or distributed to the Press. I find it is apprehensive and as such I do not allow any privilege to be raised on this because there were lots of discussion on this and issues connected with this were discussed threadbare. It is not proper to distribute it to the Press pending Speaker's ruling and it is not a good sign. It should be avoided in future. I do not allow any privilege to be raised on this.

Now, privilege motion raised by Shri Amalendra Roy relating to reported news item in the Ananda Bazar Patrika as regards Governor's statement in relation to some incidents in the House. I have received a letter in this connection from the Editor, Ananda Bazar Patrika which is as follows :

"In reply to your letter No. 93/L.A./PVC dated the 28th March, 1984, I have to state as follows :

The news item complained of was received by us in the evening of 10th March, 1984 from our Special Correspondent who had met the Hon'ble the Governor of West Bengal, Mr. A.P. Sharma, who had arrived in Delhi in the morning on that date. The said news item was published in the city edition of the Anandabazar Patrika in the morning of the 11th March, 1984.

The excerpts of the news item attached to, the notices of the Hon'ble member are garbled versions of the news item as published. Reading the report of our Special Correspondent as a whole we had no reason to doubt

the correctness of the report coming and as the evenfs of the 8th March which occurred in the House were unprecedented and had created quite a stir in the public mind we thought it to be our duty as purveyor of news to the public to publish the statement attributed to the Hon'ble the Governor believing it to be true. The news was published bonafide in good faith and in the public interest. We had no intention of affecting nor did we by publishing the news affect the privilege or dignity of the House or in any way cast any reflection on the Hon'ble the Speaker.

On the 16th March, 1984, we came to learn that the Hon'ble the Speaker had written a letter to the Hon'ble the Governor requesting him for his comments about the said news item. That news item about the writing of the letter by the Hon'ble the Speaker was published in the Anandabazar Patrika on the next day, the 17th March, 1984. (Paper cutting of the said news item is annexed herewith for your ready reference.)

From the above conspectus of the publication of the news item, of the doubt about its correctness and of the subsequent denial by the Hon'ble the Governor, it will be clear that the Anandabazar Patrika had always acted bonafide and could never have intended to cast any reflection on the Hon'ble Speaker or to commit any breach of privilege of the House.

We, however, sincerely regret that the Hon'ble the Governor has since chosen to deny statement attributed to him. We hope that any offence that might have been committed by us unintentionally may be excused.

The Anandabazar Patrika has always stood for upholding the dignity and prestige of the House and the Chair and would always endeavour to do so in future."

I do not find the explanation satisfactory because he repeats that the Governor has chosen to deny the statement and he says that the news item was received. So he supports the contention that the news as reported was correct.

I, therefore, recommend the case to be sent to the Privilege Committee and I hope the House has consent in it.

(voices—yes. yes)

So the proposal is accepted,

Now, privilege motion of Shri Sumanta Kumar Hira regarding publication of photograph of inside portion of the Assembly Chamber in the daily The Telegraph. সুমন্তবাবু, এটা আপনি হাউসে মুভ করেছেন তো ?

শ্রীসুমন্ত কুমার হীরা ঃ হ্যাঁ, এটা আমি মুভ করেছি স্যার।

মিঃ স্পীকার ঃ এটা আমি প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে দিচ্ছি কারণ এখানে টাইম অত্যন্ত শর্ট। এক্সপ্লানেশন কল্ করা সম্ভব হচ্ছে না। আশা করি সভার অনুমতি এতে আছে।

(Voices—Yes, Yes)

এটা প্রিভিলেজ কমিটিতে পাঠাবার সিদ্ধান্ত গৃহীত হোল।

Similar is the case in regard to Aajkal Patrika. Privilege Motion has been raised by Shri Amalendra Roy in regard to publication of photograph of inside portion of the Assembly Chamber in the daily Aajkal. 'আজকাল' বিধানসভা-কক্ষের ছবি ছাপিয়েছিল। এই অল্প সময়ের মধ্যে তাঁদের কাছ থেকে এক্সপ্লানেশন কল্ করতে পারছি না, সেইজন্য আপনাদের অনুমতি নিয়ে বিষয়টা প্রিভিলেজ কমিটিতে পাঠাচ্ছি। আশা করি আপনাদের সকলের অনুমতি এতে আছে।

(ধ্বনি ঃ আছে, আছে)

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমাদের নেই।

মিঃ স্পীকার ঃ প্রস্তাবটি গৃহীত হোল।

Now, Privilege notice dated 26.4.84 by Shri Amlendra Roy, MLA.

Shri Amal Roy alleges that a breach of privilege and contempt of the House has been caused by Janab Nasim Dad Khan, Metropolitan Magistrate, Calcutta, as he (the Magistrate) had issued a warrant of arrest against Shri Subrata Mukherjee, MLA, during the continuance of this current session.

Now, the privilege of freedom from arrest during the session is enjoyed by a member only in respect of civil cases. This privilege does not extend to criminal offences. In the Dasratha Deb Case (1952) the Committee of Privileges of Lok Sabha, inter alia, held that the arrest of a member of Parliament in the course of administrntion of criminal justice did not constitute a breace of privilege of the House. It is also clear from May's Parliamentary Practice (15th Edn. p. 78) that the privilege of freedom from arrest is not claimed in respect of criminal offences or statutory detention. It appears from the newspaper report cited by Shri Amal Roy that the

aforesaid warrant of arrest has been issued by the Calcutta Metropolitan Megistrate against Shri Subrata Mukherjee in connection with some offences under I.P.C. So, in this case the member (Shri Mukherjee) cannot claim any immunity from being arrested and as such no question of breach of privileges arises in the present case.

Now, I give my ruling on the question of privilege raised by Dr. Zainal Abedin. This privilege relates to an allegation of Dr. Abedin on the incident on the 9th March, 1984. We have already discussed that thing. This matter has already been disposed of by my ruling dated 14.3.1984 wherein I ordered that any matter arising out of the incident will not be allowed to be raised in the House. This is rejected. Now, Mention Cases, if any.

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অধিবেশনের শেষ দিন। আপনি যখন চেয়ারে ছিলেন না তখন মাননীয় ডেপুটি স্পীকার চেয়ারে ছিলেন। সেই সময় আমি একটি পয়েন্ট অফ প্রিভিলেজ তুলেছিলাম। গতকাল একজন কুখ্যাত গুণ্ডা জেল থেকে ছাড়া পেয়েছে। তার নানা রকম অপরাধমূলক কাজকর্মের কথা এখানে সকলেই বলেছেন। মাননীয় সদস্য অজিত পাঁজা মহাশয় তার কুকীর্তির কথা এখানে বলেছেন। এছাড়া কংগ্রেসের অন্যান্য সদস্যও সেই গুণ্ডার সম্বন্ধে বলেছেন। আপনি রেকর্ড খুললে দেখতে পাবেন তার নানা রকম কুকীর্তির কথা এখানে বলা হয়েছে। সে একজন কুখ্যাত গুণ্ডা। সে যখন জেল থেকে ছাড়া পায় সেই সময় এখানকার দু'জন সদস্য ফুলের মালা নিয়ে জেল গেটে তাকে অভ্যর্থনা জানায় এবং ব্যাণ্ড বাঁকপাই নিয়ে শোভাযাত্রা বার করেন। আমার বক্তব্য হচ্ছে এর ফলে সভার মর্যাদাহানি করা হয়েছে।

Mr. Speaker : It is no breach of privilege. Please take your seat. Now, Dr. Abedin, what is your point of order ?

Dr. Zainal Abedin : Sir, I rise on a point of order. Whether the House is in Session or not, within the pricincts of the House whatever happens—I repeat whether the House is in Session or not—the Speaker is the only custodian and the judge here. This is to be treated as the High Court of the Legislature.

Mr. Speaker : Why not Supreme Court ?

Dr. Zainal Abedin : No. High Court, I say because Supreme Court is for the whole nation. High Court means for the State only. Your powers do not confer on other States.

Mr. Speaker : Supreme Court of the State you can say.

Dr. Zainal Abedin : The highest court of the State is the High Court. The authority of the Speaker is like the judiciary here and for whatever happens in the precincts of this House it is the Speaker who can take cognizance of. No civil court or criminal court will take cognizance of the matter. In that case for whatever happened on the 9th March, 1984 you are the proper guardian or custodian and you are the proper judge.

Mr. Speaker : I have already given my ruling on that. Please take your seat. Now, I will give you the resume of business which were transacted in this Session.

[7 10—7.17 P. M.]

No. of sittings of the House—38
No. of notices of Calling Attentiion received—218
No. of notices admitted—33
No. of statement made—30
No. of Adjourment Motion received—115
No. of Adjournment Motion admitted—Nil
No. of Laying of Report—14
No of Motin u/r 185 received—19
No. of Motions u/r 185 admitted—9
No of Motions u/r 185 discussed—4 in the House.
No of Motions u/r 185 adopted—4
No. of Resolutions received—3
No. of Resolutions admitted—3
No. of Resolutions discussed—Nil
No. of Motion in respect of Bills—34
No. of Bills introduced—34
No. of Bills passed—33
No. of Bills referred to Select Committee—2
No. of Bills as reported by the Select Committee Passed—1
No. of Bills Pending—1
No. of Bills passed during the current session and assented to by the Governor—13
No. of Ordinances—7
No. of Ordinances laid—6
No. of Ordinance lapsed—1

No. of notices on Privilege received—23
No. of notices referred to the Committee of Privilege—3
Total No. of notices of question received in the current session—3270
Total No. of questions admitted—2317
Reply to starred questions—678
Unstarred—510
Total No. of questions disallowed—225

Honourable Members, today is the last day of the Session. It is customary that we have a lunch or a dinner on the last day every year. But this year, due to severe water scarcity throughout the State and enteric diseases in our State, when manypeople are suffering, I have thought it fit not to host such conventional lunch or dinner. I think the honourable members will pardon me. I would request the Chief Minister that the money that was to be spent for this lunch or dinner should be used for the purpose of treatment of the people suffering in enteric diseases in our State.

Now Dr. Sisir Kumar Bose will speake something.

Dr. Sisir Kumar Bose : Mr. Speaker, Sir, now that you are back in your seat, I wish to rise on a point of personal explanation. Sir, in complete violation of the ruling that you delivered only four days ago and to which you referred in course of your speech in today's debate, in yesterday's debate on the motion of Granada Television Film certain totally false allegations and insinuations were made, and politically motivated allegations and insinuations were made against me and the members of my family by some speakers viz., Shri Anil Mukherjee, Shri Dipak Sen Gupta and the Hon'ble Minister Shri Nirmal Kumar Bose.

Shri Nirmal Kamar Bose : What did I say ? I did not say anything. I only wanted you to reply to their charges.

Dr. Sisir Kumar Bose : Sir, I would request you to kindly examine the proceedings in the light of your ruling and expunge the proceeding which run counter to your ruling.

Mr. Speaker : I will go through the proceedings and if I find anything worth expunging I will expunge it.

Honourable Members, we depart to day and I hope to see that each and every one of you will reassemble in the next Session. With these few words, I wish you all a very pleasant interval, pleasent summer, good health and better participation in our next Session Thank you.

The House stands adjourned Sine Die.

Adjournment

* The House was accordingly adjourned sine die at 7. 17 P. M.

The Assembly was subsequently prorogued with effect from the 4th May, 1984, under Notification No. 170/1-P. A. dt. 30.4. 84 the Home (P.A.) Deptt. Govt. of West Bengal.

Index to the

West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol. 81, No. 4, Eighty-first Session (April), 1984

(The 16th, 17th, 18th, 19th, 23rd, 25th, 26th, 27th April, 1984)

[(M) : Stands for Mention Cases
(Q) : Stands for Questions]